বাঙ্গালা ভাষা

দ্বিতীয় ভাগ

বাঙ্গালাশব্দ-কোষ

(প্রথম খণ্ড)

শ্রীযোগেশচন্দ্র রায়, এম. এ. বিদ্যানিধির
সঙ্কলিত

কলিকাতা
অপার সারকুলার রোডের ২৪৩।১ নং বাড়ীতে, বঙ্গীয়-সাহিত্য-পরিষৎ হইতে
শ্রীরামকমল সিংহ কর্ত্তৃক
প্রকাশিত
ও
কলিকাতায় রায়বাগান ষ্ট্রীটের ২৫ নম্বর বাড়ীতে, ভারতমিহির যন্ত্রে,
শ্রীমহেশ্বর ভট্টাচার্য্য দ্বারা মুদ্রিত

সন ১৩২০

সূচনা।

একবারে সমগ্র বাঙ্গালাশব্দ-কোষ-প্রকাশে কালবিলম্ব দেখিয়া চারি খণ্ডে প্রচার ...া যাইতেছে। ইহাতে কোষ-সমালোচনার অবসর হইবে, এবং সমালোচক-মহাশয়ের অনুগ্রহে ...ষ-পরিশিষ্টে দোষ-প্রতিকারের চেষ্টা হইতে পারিবে। শব্দ-সংগ্রহ, অর্থান্তর-প্রকাশ, কিংবা ...ৎপত্তি-নির্ণয় একজনের পক্ষে দুরূহ। আশা আছে, দশজনের ভার স্কন্ধে লইয়া কোষকার ...াপ্তি-স্থানে যাহাতে উপস্থিত হইতে পারেন, তদ্বিষয়ে তাঁহারা আনুকূল্য-দানে পরাঙ্মুখ ...বেন না।

কোষের শব্দ। বাঙ্গালা ভাষায় বহু বহু সংস্কৃত শব্দ চলিতেছে। বস্তুতঃ বিভক্তিহীন ...বতীয় সংস্কৃত শব্দ বাঙ্গালা সাহিত্যে চলে। যে সকল শব্দ স্পষ্ট সংস্কৃত, উচ্চারণে না হইলেও ...নানে সংস্কৃত, সে সকল শব্দের নিমিত্ত সংস্কৃতশব্দ কোষ আছে। কিন্তু বাঙ্গালা প্রয়োগে ...সকল সংস্কৃত শব্দের অর্থান্তর ঘটিয়াছে, সে সকল শব্দ এই কোষে পাওয়া চাই। তদ্ব্যতীত ...ঙ্গালা ভাষায় প্রচলিত যাবতীয় শব্দের ব্যুৎপত্তি-অর্থ-প্রয়োগ-প্রদর্শন এই শব্দকোষের ...দ্দেশ্য। অতএব আবশ্যক শব্দ প্রথমে এই কোষে অন্বেষণ করিবেন; ইহাতে না পাইলে ...কংবা ইহাতে প্রাপ্ত অর্থ সুসঙ্গত বোধ না হইলে সংস্কৃতশব্দ-কোষে অন্বেষণ করিবেন। ...চারিত অধিকাংশ বাঙ্গালা অভিধান মুখ্যতঃ সংস্কৃত-অভিধান বলা যাইতে পারে।

বর্ণবিন্যাস-রীতি। এই কোষে অ-আ-বর্ণানুক্রমে শব্দ বিন্যস্ত হইয়াছে। অ বর্ণের পর ...ং অঃ; এই রূপ, আ বর্ণের পর আং আঃ; ইত্যাদি। চন্দ্রবিন্দুযোগে স্বর অনুনাসিক হয়। ...য স্বর অনুনাসিক হয়, সে স্বরের পরে চন্দ্রবিন্দুযুক্ত শব্দ নিবিষ্ট হইয়াছে। যেমন কাক শব্দের ...রে কাঁক। কারণ, চন্দ্রবিন্দুযোগে স্বর দীর্ঘ হয়; অপিচ শব্দবিশেষে চন্দ্রবিন্দুর যোগাযোগ ...দ্যাপি বিচার্য হইয়া আছে।

প্রচলিত বানানে অনেক শব্দের ব্যঞ্জনে অসংযুক্ত স্বর স্থানে য় হইতেছে, যেন য় উচ্চারণে ...ষৎ অকার মাত্র। যেমন, সং শৃগাল বাঙ্গালায় শিআল না হইয়া শিয়াল হইয়াছে। তথাপি, যে শব্দে অ দিলে উচ্চারণ ঠিক আসে, অপিচ শব্দ বুঝিতে কষ্ট হয় না, সে শব্দে য় না দিয়া অ দেওয়া গিয়াছে। যেমন সং দেবর বাং দেয়র না লিখিয়া দেঅর লেখা হইয়াছে। কিন্তু য় ফলা উচ্চারণে সংস্কৃত য়-কারের উচ্চারণ লুপ্ত হয় নাই। র্য উচ্চারণও সংস্কৃতের তুল্য আছে। সত্য শব্দ বাঙ্গালা উচ্চারণে সত্ত নহে; অর্ঘ্য মহার্ঘ শব্দের র্ঘ্য র্ঘ উচ্চারণে ভেদ আছে। কাশীদাসী মহাভারত প্রভৃতি পুরাতন গ্রন্থে হল্য পাল্য প্রভৃতি ক্রিয়া-পদে য়-ফলার উচ্চারণ সংস্কৃত-তুল্য। এই সাদৃশ্যে, কাটা হইতে কাটিয়া শব্দ সংক্ষেপে কেট্যে, পাহাড়িয়া ...ংক্ষেপে পাহাড়্যে বানান করা গিয়াছে।

শব্দে ই ঈ, উ ঊ, জ য, ণ ন, শ ষ স সম্বন্ধে বানান ভেদ আছে। অতএব ই ঈ, ঈ না পাইলে ই দেখিবেন। এই রূপ, অন্য স্বর ও ব্যঞ্জনে। কেহ কেহ অ উ করে। এখানে ও উ ত্যাগ করিয়া অ গ্রহণ করিতে হইবে। যেমন, চাকরি স্থানে গণা স্থানে গুণা গ্রাম্য রূপ আছে।

ক-কারের শেষে ক্ষ-কারের স্থান যুক্তি-সিদ্ধ। অন্তঃস্থ ব-কার বাঙ্গালায় ব-কারের অক্ষরও নাই। এ কারণে, যাবতীয় বাদি শব্দ এক বর্গ্য-ব-বর্ণের অন্তর্গত হ

নূতন অক্ষর। ৲—এই অক্ষরের উচ্চারণ লুপ্তপ্রায় ইকার। যেমন, সং খলি সংক্ষেপে খ৲ল; সং কল্য বা· কালি সংক্ষেপে কা৲ল। অ ই, আ ই বর্ণের মাঝে স্থান হইয়াছে। ৱ—এই অক্ষর অন্তঃস্থ বকার-জ্ঞাপক। সংস্কৃত হিন্দী মরাঠি ফার্সী প্রভৃ ৱ-কার আছে। ळ—এই অক্ষর হলন্ত শব্দের ল, উচ্চারণে ল-ড এর মধ্যবর্তী। মরাঠি প্রভৃতি ভাষায় এই বর্ণ আছে। শব্দের উচ্চারণ জানাইবার অভিপ্রায়ে অন্য আবশ্যক হইয়াছে। কাল শব্দ উচ্চারণ ভেদে সময় ও কৃষ্ণবর্ণ বুঝায়। সময় অর্থে কা কৃষ্ণ বর্ণ অর্থে অকারান্ত। এই অকারান্ত উচ্চারণ জানাইতে ল-অক্ষরের নীচে কা কাল্, দেওয়া গিয়াছে। এইরূপ, অন্যত্র। কদাচিৎ একারের বিকৃত উচ্চারণ জ কদাচিৎ বিদেশী-শব্দের একারের তির্যক উচ্চারণ জানাইতে (উলুটাইয়া) লেখা গিয়াছে

শব্দ-বিন্যাস। যাবতীয় শব্দ বিশেষ্য, বিশেষণ, ক্রিয়া, সর্বনাম, অব্যয়—এই পাঁ বিভক্ত হইয়াছে। এতদ্-ব্যতীত, বিভক্তি ও প্রত্যয়ও কিছু আছে। অর্থ ও প্রয়োগ করিবার অভিপ্রায়ে এই ভাগের উৎপত্তি। ক্রিয়াপদ না দিয়া ধাতু দেওয়া গিয়াছে। কালে উত্তম পুরুষের ক্রিয়াপদও প্রদর্শিত হইয়াছে। যেমন, গড় ··ধাতু. গড়ি—নির্মা প্রত্যেক ধাতু হইতে স্বল্পাধিক শব্দ উৎপন্ন হইয়াছে; যেমন, গড় ধাতু হইতে গড়ন॥ এই রূপ যাবতীয় শব্দ ও তৎসমুদয়ের অর্থ অনাবশ্যক বিবেচনায় লিখিত হয় অধিকাংশ আন্ত ধাতু (সং ণিজন্ত) সামান্য ধাতুর শেষে, কদাচিৎ পৃথক্ পঙ্ক্তিতে হইয়াছে। যেমন, খেল ধাতুর শেষে খেলা ধাতু পাওয়া যাইবে। ধাতুর আদে থাকিলে আন্তরূপে ই স্থানে এ, উ স্থানে ও হয়। এই সাধারণ সূত্র মনে রাখিলে আ পাইতে ভুল হইবে না (ব্যাকরণ দেখুন)।

গ্রন্থলাঘর নিমিত্ত এক এক প্রধান শব্দের নীচে তৎসম্পর্কীয় শব্দ যোজিত হইয়াছে দেখ। অতএব আবশ্যক শব্দ প্রথমে যথাস্থানে অন্বেষণ করিবেন; সেখানে না ধাতুর নীচে দেখিবেন। সমাসবদ্ধ শব্দ প্রধান শব্দের নীচে দেখিবেন। যেখানে এক নানা রূপ প্রদত্ত হইয়াছে, সেখানে প্রথম রূপ শিষ্টসাহিত্যে গণ্য, পরবর্তী রূপ সংক্ষিপ্ত গ্রাম্য।

ব্যুৎপত্তি। গ্রন্থ-সমাপ্তির পর ব্যুৎপত্তি-নির্ণয়ের রীতি বলা যাইবে। বা ভাষায় সংস্কৃত ফার্সী আর্বী ইংরেজী প্রভৃতি শব্দ ও তত্তৎ ভাষার শব্দ হইতে বহু

আছে। এতদ্ব্যতীত বোধ হয় "দেশজ" শব্দও আছে। কিন্তু কোনটা দেশজ, তাহা নির্ণয়ের পথ পাই নাই। এই শব্দ সংস্কৃত কিংবা অন্যান্য ভাষা হইতে আসে নাই, ইহা দেশজ, বঙ্গদেশজ, ভারতদেশজ—এই সিদ্ধান্ত করিতে বিদ্যা-বুদ্ধি-সাহসে কুলায় নাই। এ কারণে 'দেশজ' ব্যুৎপত্তি কোথাও দেখা যাইবে না। যেখানে প্রদত্ত ব্যুৎপত্তিতে পাঠকের সন্দেহ হইতে পারে সেখানে ভ্রংশের ধারা-প্রকাশে প্রয়াস করিয়াছি। সন্দেহ না থাকিলেও ওড়িয়া হিন্দী মরাঠী প্রভৃতি ভাষা হইতে অনুরূপ শব্দ তুলিয়াছি। সে সে ভাষায় কি বলে, তাহাও জানিবার প্রয়োজন হইতে পারে। যেখানে ব্যুৎপত্তি নির্ণীত হইতে পারে নাই, সেখানে প্রশ্নার্থক চিহ্ন (?), কিংবা অন্য ভাষার শব্দের সহিত প্রশ্নার্থক চিহ্ন দেওয়া গিয়াছে।

অর্থ। সমুদায় শব্দের মুখ্য অর্থ এবং অনেকের গৌণ অর্থও দেওয়া গিয়াছে। প্রয়োগে, কথায়, দৃষ্টান্তে অর্থ পরিস্ফুট হইয়া থাকিবে। প্রয়োগ দ্বারা কোথাও অর্থ-, কোথাও বানান-, কোথাও প্রচার-কাল-, প্রকাশের প্রয়াস হইয়াছে। অব্যয় শব্দের ভাবার্থ অধিকরণ কারকে লিখিত হইয়াছে। যে সকল গাছের ও জন্তুর বাঙ্গালা নাম আছে, সে সকল বিনিশ্চয় নিমিত্ত দুই একটা লক্ষণ দেওয়া হইয়াছে। পরে Flora of British India, Fauna of British India নামক আদরনীয় প্রামাণিক গ্রন্থ হইতে বৈজ্ঞানিক লেটিন নাম, কদাচিৎ ইংরেজী নাম উদ্ধৃত হইয়াছে।

কটক।
সন ১৩১৯। চৈত্র।

শ্রীযোগেশচন্দ্র রায়।

সাঙ্কেতিক অক্ষর।

অঃ অমর-কোষ।
অঃটীঃ অমরকোষের টীকা (চন্দ্রমোহন ভট্টাচার্য্য পরিশোধিত)।
অপ্রচলঃ অপ্রচলিত।
অশিষ্ট ভদ্রসমাজে অপ্রচলিত।
আং আর্বী।
আদাঃ আদালতের ভাষায়।
আপ্তে বামনদাস আপ্তে কৃত সংস্কৃত কোষ।
আসাং আসামী।
ইং ইংরেজী।
উং উচ্চারণ।
উর্দ্দূ উর্দ্দূ।
ওং ওড়িয়া।
কবিকঃ কবিকঙ্কণ চণ্ডী।
কৃত্তিঃ কৃত্তিবাস (লং লঙ্কাকাণ্ড, ইত্যাদি)।
গ্রাং গ্রাম্য, অশিক্ষিত নরনারীর ভাষায়।
চণ্ডীঃ চণ্ডীদাস।
চৈঃ চঃ চৈতন্য-চরিতামৃত।
জমিঃ জমিদারী ভাষায়।
তুং তুলনা কর, বি[illegible]ে আন।
নিঃ নিদেশার্থ শব্দ।
ণ. বিশেষণ।
পর্তুং পর্তুগীজ-ভাষায়।
পুং পুংলিঙ্গ রূপ।

প্রঃ প্রয়োগ।
প্রচলঃ প্রচলিত।
প্রাং প্রাকৃত।
ফাং ফার্সী।
বাং বাঙ্গালা।
বাং প্রাং বাঙ্গালা প্রাকৃত (কথাভাষা)।
বিঃ বিপরীতার্থক শব্দ।
বৈদ্যকঃ বৈদ্যকশব্দসিন্ধু (উমেশচন্দ্র গুপ্ত সঙ্কলিত)।
ব্য. অব্যয়।
ভাঃ ভারতচন্দ্র।
মং মরাঠী।
মাঃ মাণিকরাম গাঙ্গুলীর ধর্ম্মমঙ্গল।
মেঃ মেদিনীকোষ।
যাং যাবনিক (আর্বী ফার্সী)।
শব্দকল্পঃ শব্দকল্পদ্রুম।
শব্দসার শব্দসার অভিধান (গিরিশ বিদ্যারত্নের)
শূঃপুঃ শূন্যপুরাণ।
ষ্য. বিশেষ্য।
সং সংস্কৃত।
সং প্রাং সংস্কৃত-প্রাকৃত।
স্ত্রীং স্ত্রীলিঙ্গরূপ।
হিং হিন্দী।
হেমঃ হেমচন্দ্রকোষ।

বাঙ্গালা শব্দকোষ।

অ

অ···ষ্য. (সং)। আদ্যস্বরবর্ণ, আদ্য অক্ষর (শব্দশিক্ষা দেখ)। বা. (সং-তে অ অব্যয়-যোগে তৎসাদৃশ্য, অভাব, তৎ-অন্যতা, তৎ-অল্পতা, অপ্রাশস্ত্য, বিরোধ এই ছয় অর্থ প্রকাশিত হয়)। ষ্যের পূর্বে বসিলে, অভাব,—অ-ভাব অ-নিয়ম; বিরোধ;—অনীতি, অ-খ্যাতি; হীন, শূন্য,—অ-গতি, অ-কূল, অ-রাবণ; অপ্রশস্ত, নিন্দিত,—অ-সময়, অ-কাজ; ণের পূর্বে বসিলে, না,—অ-জানা, অ-চেনা; সদৃশ (সং অর্থ) হইতে স্বার্থে,—অ-মন্দ (মন্দসদৃশ—মন্দ)। সম্বোধনে,—অ-রে, অ-মা, অ-হে; প্রায়ই ও, প্রঃ—ওমা ওমা বলি উমা কথা কন ছলে (ভাঃ)।

ংশ ··ষ্য. (সং)। ভাগ। বৃত্তপরিধির ৩৬০ ভাগের এক ভাগ (a degree)। উষ্মার এক ভাগ (a degree of temperature).

ঃ ·ব্য. খেদে, বিস্ময়ে, ক্রোধে, যাতনায়, প্রঃ—অঃ কি কাল পড়িয়াছে!

ই ··ণ. (সং অদস্—অঅ—অয়—অই; তুং সং চটক—চটঅ—চড়য়—চড়ই। হিং রহ)। উহা, পূরোবর্ত্তী, নির্দিষ্ট। (ঐ দেখ)

ইল তলা, অ'ল-তলা ··অলি-তলা দেখ।

-ঋণী ··ণ. (সং)। ঋণহীন।

অ-কথ্য ··ণ. (সং—) অনির্বচনীয়, প্রঃ—অকথ্য কথন (চৈঃ চঃ); এত নিন্দিত যে উচ্চারণ অযোগ্য, প্রঃ—অকথ্য ভাষায় গালি।

অ-কর্ম্মা (গ্রাং অকম্মা) ··ণ. (সং অ-কর্ম্ম+বাং আ)। অকর্ম্মণ্য (লোক)।

অ-কষ্টবদ্ধ (গ্রাং) ··ষ্য. (অ—স্বার্থে+কষ্ট-বদ্ধ)। কষ্টের বন্ধন, বিষম সঙ্কট।

অ কাজ ··ষ্য. (সং অ-কার্য)। অকর্তব্য কাজ, বৃথা কাজ। অ-কাজুয়া, অকেজো···ণ. (অকাজ+উয়া)। কাজের অযোগ্য।

অ-কাট্য ·ণ. (সং কৃত—সংপ্রাং কট্ট ধাতু হইতে বাং কাট ধাতু+সং য-প্রত্যয়)। অখণ্ডনীয়, প্রঃ—অকাট্য প্রমাণ।

অ-কাল ··ষ্য. (সং)। স্মৃতিশাস্ত্রের অশুভ কাল। হিং—দুর্ভিক্ষ (আকাল দেখ)।

অকাল-কুষ্মাণ্ড···ষ্য. (সং)। অ-সময়ে জাত কুষ্মাণ্ড যেমন কদাকার ও বিস্বাদ হয়, তেমন অস্বাভাবিকধর্ম্মা মানুষ।

অকু ··ষ্য. (আং ৱাকা, ৱকূ)। ঘটনা, দাঙ্গা-হাঙ্গামা; মৃত্যু (আদাঃ)।

অ-কুলান (গ্রাং অ-কুলন) ··ষ্য. (কুলা ধাতু দেখ)। অল্পতা, ন্যূনতা, অভাব; প্রঃ—খাদ্যসামগ্রীর অকুলান। বিপঃ—সঙ্কুলান।

অ-কুল ··ণ. (সং)। নীচ কুলোদ্ভব। ষ্য. নীচ কুল।

অ-কূল ··ণ. (সং)। অপার, কূলহীন।

অ-কৃতী···ণ. (সং)। অ-পণ্ডিত, অ-পুণ্যবান্, অকুশল।

অক্কা···ষ্য. (সং—মাতা,—শব্দকল্পঃ; তুং সং অত্তা। মং অকা, অক্কা—জ্যেষ্ঠানারী সম্বোধনে, জ্যেষ্ঠা ভগিনী; মং অকা-বাঈ —ভাগ্যলক্ষ্মী। কিংবা আং ব্রাকা, বাং অকু)। মা গঙ্গা (?)। অক্কা পাওয়া— (উপহাসে) গঙ্গাপ্রাপ্তি, সুতরাং মৃত্যু।

অক্‌টোবর···ষ্য. (ইং)। খ্রীষ্টাব্দের দশম মাস (১৪।১৫ আশ্বিন হইতে ১৪।১৫ কার্ত্তিক)।

অক্ষ ··ষ্য. (সং)। আবর্ত্তন-রেখা,-যষ্টি (axis); রথ ও গাড়ীর চাকার ভিতরে যে ঈষ থাকে (axle)। অক্ষ-রেখা (parallel of latitude)। অক্ষাংশ ·· ··অক্ষ-রেখাংশ (degrees of latitude)।

অ-ক্ষর···ষ্য. (সং)। অ-কারাদি বর্ণের মূর্ত্তি। প্রঃ—ক-অক্ষর গোমাংস,—ক—এই ধ্বনি নহে,ক—এই আকৃতি গোমাংসবৎ পরিত্যাজ্য (হইয়াছে যাহার), অর্থাৎ যে ক-অক্ষরও লিখিতে জানে না। গোটা গোটা অঃ ··পৃথক পৃথক, একটি একটি; জড়ানা অঃ ··পরস্পর জড়িত, অস্পষ্ট। দেবাক্ষর··· দেবতার লিখিত অক্ষর, দিবা অক্ষর (উপহাসে)। (এ সকল প্রয়োগে বর্ণ শব্দ কখন শোনা যায় না। বর্ণ দেখ।)

অ-ক্লান্ত ··ণ. (সং)। ক্লান্তি-রহিত, প্রঃ —অঃ পরিশ্রম।

অ-খাত ··ণ. (খাত দেখ)। মানুষের দ্বারা খনিত নহে।

অ-খেশি ··ষ্য (সং অ+ফাং খুয়াইশ; খেশ দেখ)। অনিচ্ছা, অমনোযোগ।

অ-গচ্ছিত ··ণ (গচ্ছিত দেখ)। গচ্ছিত— ন্যস্ত—নহে যাহা।

অ-গণতি···ণ. (সং অগণিত; বাং গণতি— গণনার—বহির্ভূত; ও অগণতি)। অগণিত, অগণ্য; প্রঃ—অঃ লোক।

অ-গণন ··ণ. (সং অগণনীয়, বাং অ—বহির্ভূত; গণন—সঙ্খ্যাকরণ)। অসঙ্খ্য।

অ-গতি ·ণ. (সং)। গতিহীন, উপায়শূন্য।

অগত্যা···বা. (সং অ-গতি শব্দের তৃতীয়া)। গতিহীনতা-হেতু,উপায়ের অভাব-হেতু।

অগম (গ্রাং) ··ণ. (সং অগম্য)। দুর্গম, অগাধ; প্রঃ—পুকুরে অগম জল।

অগর ··ষ্য. (ইং auger)। ভ্রমর অপেক্ষা বড় ছিদ্র করিবার ভ্রমর-বিশেষ। (প্রায়ই আগর)।

অগস্ত্য, অগস্তি ··ষ্য. (সং)। মুনিবিশেষ; দক্ষিণ আকাশের তারাবিশেষ (canopus)। বকফুল (দেখ)। অগস্ত্য-যাত্রা ··অগস্ত্য-মুনির দক্ষিণ-যাত্রা।

অগা, অঘা ··ণ. (সং অজ্ঞ)। অজ্ঞ, আনাড়ী, প্রঃ—অঃ কারিগর।

অ-গাধ ·ণ. (সং)। অতলস্পর্শ, অপরিমেয়।

অ-গুণ···ষ্য. (সং)। দোষ।

অগুরু (গ্রাং অগোর অগৌর)···ষ্য. (সং)। সুগন্ধি কাষ্ঠ-বিশেষ (Aloe-wood or Eagle-wood)। ভোট-দেশের হিমালয়ে এবং আসাম প্রদেশের পাহাড়ে অগুরু নামক দীর্ঘতরু (Aquilaria Agallocha) জন্মে। এই তরুর কাষ্ঠ প্রায়ই আপীত (এই হেতু অগুরু-চন্দনও বলে), লঘু

(অগুরু; অগুরুত্বাদগুরুঃ, লঘুনাম চেতি রত্নকোষঃ—অঃ-টীকা), এবং গন্ধহীন। কিন্তু কালগতিকে এই তরুর কাণ্ডে কৃষ্ণবর্ণ সুগন্ধ নির্যাস জন্মে এবং তাহাতে কাষ্ঠ গুরু—ভারী—হয়। (এই হেতু নাম কালীয়ক° কালানুসার্য°চ—কালী বর্ণভেদো দৃশ্যতেঽত্র কালীয়ঃ ততঃ স্বার্থে কঃ; কালে কৃষ্ণবর্ণেনানুস্রিয়তে সদৃশীক্রিয়তে কালানুসার্য°—অঃ-টীকা।) এই নির্যাসকে গুগ্গুল ও (দেখ) বলে। কালক্রমে অগুরু এবং কালাগুরু একার্থবাচী হইয়াছে (কালাগুরুর্গুরুঃ সাংতু মংগল্যা মল্লিগন্ধি যৎ—কালাগুরুশ্চাগুরুরুচ্যতে—অঃ-টীকা)। পূর্বকালে অগুরু-কাষ্ঠ চোয়াইয়া চুয়া (দেখ) হইত। আজিকালি অগুরু চোয়াইয়া অগুরু আতর, এবং চন্দনাদি কাষ্ঠের সহিত অগুরু-কাষ্ঠের অগুরু-ধূপ (বর্তিকা) হইতেছে) আসামে অগুরুর ছাল—অগ্রা-ছাল নামে বহুকাল ভূর্জপত্রের স্থানে কাগজ-স্বরূপ চলিত আছে। (কেহ কেহ মনে করেন, অগুরুর সং নাম লোহ এবং লঘু হইতে ই° aloe নাম)।

অগেয়ান (গ্রা°)……ণ. (সং অজ্ঞান)। অজ্ঞান। (চৈঃ চঃ)। (অপ্রঃ)

অ-গৌণ, অগউণ……ণ. (সং গৌণ হইতে, গৌণ দেখ)। শীঘ্র, অনতিবিলম্ব।

অগ্নিকুমার ··ষ্য. (সং)। নারঙ্গাদিবর্গের কণ্টকময় বন্য ক্ষুপবিশেষ (Toddalia aculeata)। পাতা ত্রিপর্ণ, কটু-গন্ধী (এই হেতু ও°নাম তুণ্ড-পোড়া)। ফুল একলিঙ্গা, ছোট, আপীত। ফল গোলপ্রায়, আধইঞ্চি।

অগ্নি-প্রস্তর··ষ্য. (সং)। চকমকির পাথর (flint)।

অগ্নি-মন্থ ··ষ্য. (সং)। ঘর্ষণ দ্বারা অগ্নি-উৎপাদনের বৃক্ষ (ও° অগ্নিবথু)। গণিয়ারি দেখ।

অগ্নি-মূল্য……ণ. (সং)। অগ্নিবৎ চণ্ড মূল্য-বিশিষ্ট; চড়াদামী।

অগ্নি-শর্মা……ণ. (সং)। অগ্নিবৎ চণ্ড ব্রাহ্মণ, অতিকোপন।

অগ্য-ঘাস (গ্রা°) ··ষ্য অর্ঘ-ঘাস দেখ।

অগ্র-গোড়া···ষ্য. (অগ্র—সম্মুখ দিকে গোড়া—আরম্ভ বৃদ্ধি যার?)। অগ্রমাংস, বুকের সম্মুখের বুকাস্থির বৃদ্ধি।

অগ্র-দানী ··ষ্য. (সং)। অগ্রে—প্রেতকার্যে অগ্রে দান-গ্রহণকারী। হিন্দু জাতি-বিশেষ।

অঘটন ·ষ্য ণ. (সং)। ঘটেনা যাহা, অসম্ভব।

অ-ঘর ·· ··ণ. (অ—বিরুদ্ধ+ঘর)। অযোগ্য ঘর বা বংশ।

অ-ঘোর ·····ণ. (সং—শান্ত)। অজ্ঞান, সংজ্ঞা-হীন, প্রঃ—প্রবল জ্বরে অঘোর; ভয়ঙ্কর, (অ স্বার্থে) প্রঃ—অঘোর বাদল (মাঃ)।

অঘোর পন্থী ··ষ্য (সং)। শৈব-ধর্মসম্প্রদায়-বিশেষ।

অঘ্রাণ (গ্রা° অগ্‌ঘান)……ষ্য. (সং অগ্রহায়ণ; হিং অগহন, অগ্রহণ)। মাস-বিশেষ।

অঙ্ক……ষ্য. (সং)। গণিত, সংখ্যা।

অঙ্কুর ·· ··ষ্য. (সং)। বীজ হইতে প্রথমজাত শিশুবৃক্ষ; আরম্ভ, প্রঃ—রোগের অঙ্কুরে বিনাশ কর্তব্য।

অঙ্কুশ ··ষ্য. (সং—হস্তী-তাড়ন দণ্ড)। বিদ্ধ বস্তুর বহিঃস্থিত অংশ, সূচনা, প্রঃ—কথার অঙ্কুশ।

অঙ্গ-প্রত্যঙ্গ ··ষ্য. (সং)। অঙ্গ এবং প্রত্যঙ্গ (প্রায় সহচর শব্দ)। যাবতীয় অঙ্গ।

অঙ্গ-ভঙ্গ, অঙ্গ-ভঙ্গি···ষ্য. (সং)। দেহের ভঙ্গি, মনের ভাব জানাইবার চেষ্টা।

অঙ্গাঙ্গি··যা. (সং অঙ্গ+অঙ্গি)। এক অঙ্গের সহিত অন্য অঙ্গের সম্পর্ক (co-ordination)।

অ-চল·····ণ. (সং)। দৃঢ়; অকেজো, নিয়ম-বাহ্য, প্রঃ—অঃ টাকা। 'সংসার অচল—চলে বলিয়া নাম সংসার (সং স্থ ধাতু গতি); সে সংসার গতিহীন হইলে জীবন-যাত্রা অসম্ভব।

অ-চেনা, অ-চিনা·····ণ. (চিন ধাতু)। অচিহ্নিত, অজ্ঞাত।

অছি·····ষ্য. (আং ৱসী)। কর্ম্মনির্ব্বাহক (আদাঃ)। অলি-অছি—(সহচর শব্দ) অভিভাবক।

অছিলা···ষ্য. (আং ৱসিলা; সং ছল)। ছল।

অজগর, অজাগর·····ষ্য. (সং অজগর)। সর্ব্বাপেক্ষা বৃহৎ সর্পবিশেষ (Python molurus)। পাহাড়ে থাকে, এবং অজ—ছাগকেও গিলিতে পারে। ১০।১২ হাত লম্বা হয়। গুহ্যের দুই পাশে পায়ের চিহ্ন দেখা যায়।

অজচ্ছল (গ্রাং)·····ণ (সং অজস্র—অজচ্ছর—অজচ্ছল—অজচ্ছল, শব্দে বল-ন্যাসে ছ দ্বিত্ব)। নিরন্তর।

অ-জন্মা (গ্রাং অ-জম্মা)·····ষ্য. (সং অ-জন্মন্ হইতে)। শস্যোৎপত্তির অভাব বা ন্যূনতা।

অজবুক, অজবোজ···ণ. (তুর্কী উজবক—মূর্খ)। মূর্খ, অজ-তুল্য বোকা (বোকা দেখ)। প্রঃ—হীরা পরধন-হরা, বুঝিল এ মেনে আজবোজ (ভাঃ)।

অজ-মোদা··ষ্য. (সং অজ—ছাগ তুল্য মোদ গন্ধ' বলিয়া—অঃ-টীঃ। হিং আমুদ)। ধন্যাকাদি বর্গের শাক-বিশেষের ফল (Carum Roxburghianum)। রাঁধনী নামে খ্যাত। ফল খর-লোমশ।

অ-জাতি, অ-জাত··ণ. (সং)। জাতিচ্যুত, জাতিহীন।

অ-জানা··ণ. (জান ধাতু)। অজ্ঞাত।

অ-জানিত··ণ (জান ধাতু)। অজ্ঞাত, অপরিচিত।

অ-জান্তে,···ণ..(জান ধাতু)। অজ্ঞানতঃ, না জানাতে, প্রঃ—অজান্তে ভাঙ্গা—না জানাতে।

অজুহাৎ··ওজুহাৎ দেখ)।

অঝরু, অঝোর··ষ্য. (সং অশ্রু, অস্র)। অশ্রু। কৃত্তিঃ চণ্ডীঃ প্রভৃতি প্রাচীন কবির প্রিয় শব্দ। 'অঝরু ঝরয়ে আঁখি', 'অঝোর নয়ন' ইত্যাদি প্রয়োগ পাওয়া যায়। অঝোর নয়নে সবে করেন ক্রন্দন (চৈঃ চঃ)। সুরগণ সকলের অঝোর নয়ন (মাঃ)।

অঞ্চল··ষ্য. (সং)। শাড়ীর প্রান্ত, আঁচল, প্রদেশ, স্থান।

অঞ্জুমান··ষ্য. (ফাং)। সমিতি।

অ-টল ·ণ. (টল ধাতু)। স্থির, দৃঢ়।

অ-টুট··ণ. (সং অত্রুটি)। অ-ক্ষীণ, অ-বিকল, অ-ন্যূন; প্রঃ—ধন যৌবন সকলই অটুট।

অডিকোলন ·ওডিকলোন দেখ।

অড়ং বড়ং··ষ্য. (হিং অড়বড়ঙ্গা, অড়বড়)। মিথ্যা প্রলাপ।

অড়র, অড়হর··ষ্য. (সং আঢকী—শব্দকল্পে; অমরে ও মেদিনীতে, আঢকী সৌরাষ্ট্রদেশজ মৃত্তিকাবিশেষ, তুৱরী (তোবড়া ধাতু দেখ);

হেমচন্দ্রে, আঢকী মৃত্তিকাবিশেষ এবং শস্য-বিশেষ; অমর-টীকায় ভরত, অড়র কলায়ের নাম। রাঢ়ে অড়রের জাতিবিশেষের নাম টুমুর (সং তুবরী হইতে; টুমুর দেখ)। হিং অড়্হর, ওং হরড়, মং তূর, তুবর; সুতরাং আঢকী ও তুবরী যে কলায়েরও নাম, তাহাতে সন্দেহ থাকিতেছে না। আঢকী—আঢ়ক—আড়্হক,—ক লুপ্ত হইয়া তৎস্থানে র, আড়্হর—অড়্হর নাম হিং হইতে আসিয়া থাকিবে, নতুবা আ হইতে বাং-তে অ আসা বুঝিতে পারা যায় না)। শিম্বাদিবর্গের কৃষিজাত কলায়-বিশেষ (Cajanus Indicus)। অড়র এবং টুমুর এক গাছ নহে, কিন্তু কেহ কেহ অভিন্ন মনে করিয়া ভুল করে। অড়র (Cajanus flavus) ছোট ক্ষুপ; টুমুর (Cajanus bicolor,) মানুষ অপেক্ষাও উচ্চ হয়, এবং প্রায়ই ক্ষেতের বেড়া নির্মিত করা হয়। অড়র-ফুল সম্পূর্ণ পীতবর্ণ, টুমুর-ফুলে পীতবর্ণে রক্তের দাগ থাকে। টুমুর-শুঁটীতে রেখা এবং বীজেও চিহ্ন থাকে (তুং আঢকী তুবরী বর্ণা—হেমঃ)। শুঁটীতে ৪।৫টা বীজ থাকে। অড়র-শুঁটীতে ২।৩টা থাকে। অড়র শীতের, টুমুর বর্ষার গাছ বলা যাইতে পারে। প্রচুর ফলে বলিয়া হয়ত আঢ়ক-(সং—পরিমাণ-বিশেষ) নাম, এবং কলাই তোবড়ানা বলিয়া (সং-) তুবরী নাম।

অড়শ-পড়শ ··ষ্য. (সং অধিবাসী-প্রতিবাসী? ওং অড়িশা-পড়িশা, হিং অড়োসপড়োস; পড়শী দেখ; সং প্রতিবেশী শব্দ এবং উচ্চারণ দেখিয়া শ লেখা গেল)। বাড়ীর এ-পাশ ও-পাশ।

অণি ··ষ্য. (সং)। সূচ, শর প্রভৃতির অগ্র।

অণু-জীব ··ষ্য. (সং)। অণু-সদৃশ জীব (microbe)। (জীবাণু দেখ)

অণু-বীক্ষণ ·ষ্য. (সং)। অণু-সদৃশ সূক্ষ্ম বস্তু দেখিবার যন্ত্র (microscope)।

অণ্ড ··ষ্য. (সং)। ডিম্ব, মুষ্ক। অণ্ড দ্রব হওয়া—ভয়ে পুরুষত্ব লোপ। তুং—জার ডরে দর্বএ (দ্রবয়ে) পাসান (পাষাণ) (শূংপুঃ)।

অণ্ড-কোষ ··ষ্য. (সং)। মুষ্ক।

অত ··ণ. (সং ইয়ৎ)। তৎপরিমিত (দূরস্থিত দ্রব্য সঙ্খ্যা ও পরিমাণে, এত দেখ)।

অত-শত ··ণ. (শত—বহু?)। বহু (ব্যাপার)।

অ-তদ্‌বীর··ষ্য. (অ+যাং তদ্‌বীর) উদ্যোগের অভাব।

অ-তল, ··ণ. (সং)। অগাধ, প্রঃ—অঃ জল।

অতি··ব্য. (সং)। অতিশয়, অতিশয় বুদ্ধি, প্রঃ, প্রবাদে,—অতিবুদ্ধির গলায় দোড়ী (দড়ী)—অতিবুদ্ধি হেতু শেষে প্রাণনাশ। প্রবাদে, অতিভক্তি চোরের লক্ষণ—অতিশয় ভক্তি সাধুতার লক্ষণ নহে।

অতিথ ·ষ্য. (সং অতিথি)। ভিক্ষুক, সন্ন্যাসী।

অতিথ-অভ্যাগত ··ষ্য. (সহচর শব্দ)। ভিক্ষুক ও আগন্তুক। অতিথ-ফকীর ··ষ্য. (সহচর শব্দ)। হিন্দু ও মুসলমান ভিক্ষুক।

অ-তুল ··ণ. (সং)। অনুপম।

অতেব (গ্রাং) ·ব্য. (সং অতঃ+এব—অতএব)। এই হেতু; প্রঃ—একথার অতেব সন্দেহ আছে কি (মাঃ, ৬৭)।

অত্র ··ব্য. (সং)। এই স্থানে।

অত্রত্য··ণ. (সং)। এই স্থানীয়।

অত্রস্থ ··ণ. (সং)। এই খানে স্থিত; প্রঃ—অঃ মঙ্গল—এখানে যাহা আছে তাহার মঙ্গল।

অথচ···ব্য. (সং—এবং, আরও)। তৎসত্ত্বে, তাহা হইলেও (পালি-তেও এই অর্থ)

অথর্ব (গ্রা° অথব্ব) ··ষ্য.(সং অথর্ব্‌ন্—অথর্ব্বা ব্রাহ্মণে পুংসি বেদে তু স্যাৎ—মেঃ নচতুষ্কম্; অমরে শব্দটি নাই! হেমচন্দ্রে—ঋগ্‌যজুঃ সামবেদাঃ স্যুরথর্ব্বা তু তদুক্তিঃ। অথর্ব বেদমধ্যে গণ্য হইতে বিলম্ব হইয়াছিল; মনু দেখ। অথর্ব—চতুর্থবেদ—হইতে ব্রাহ্মণ অর্থ আসে কি হেতু ?)। মানুষের চতুর্থদশায় যে জরা হয় তাহাতে আক্রান্ত, জরাতুর; প্রঃ—একে সে অবলা তায় অষ্টমাস গর্ভ। উঠিতে অবশ অঙ্গ বসিতে অথর্ব (মাঃ)।

অ-থল···ণ. (সং অস্থল)। তলশূন্য (অ-তল দেখ); প্রঃ—দহে অথল জল—নীচে স্থল পাওয়া যায় না। 'আথল পলিএ দাত্ত বিড়া বঅ লাত্ত (শূং পুঃ)—অথল পলিতে (পাঁকে) দা—কাস্তিয়া—দিয়া কাট (দা দাম-ধাতু হইয়াছে), এবং লাএ—নৌকাতে (ধানের) বীড়া (আটি) বহ। অথল পলি—যে পাঁকের নীচে দৃঢ় স্থল পাওয়া যায় না।

অ-দরকারী···ণ. (সং অ+ফা° দরকারী)। অনাবশ্যক।

অদল-বদল···ষ্য. (সহচর শব্দ। হিং উথল-পুথল। বদল দেখ)। পরিবর্তিত, বিপর্যস্ত।

অ-দিন ··ষ্য (সং)। অশুভ দিন।

অদ্যকার ··ণ. (সং অদ্য+বাং কার)। অদ্য-ভব, অদ্যকৃত।

অদ্যাপি···ব্য. (সং)। আজিও, এখনও।

অদ্যাপিহ···ব্য. (সং অদ্যাপি+হ পাদপূরণে) অদ্যাপিও। (অপ্রচঃ)।

অ-ধর্ম (প্রা° অধম্ম)···ষ্য. (সং)। ধর্মবিরোধ, পাপ। অধর্মিয়া, অধর্ম্যে···ণ. (অধর্ম+ ইয়া)। অধার্মিক।

অধঃপাত···ষ্য. (সং)। অধঃপতন, নীচে স্খলন, বিনাশ; প্রঃ—অতঃপাতে যাওয়া। অধঃ-পাতিয়া, অধঃপেত্যে···ণ. (অধঃপাত+ ইয়া)। অধঃপতিত, নীচে স্খলিত।

অধিকারী ··ষ্য. (সং)। প্রভু, কর্তা, গান-সম্প্রদায়ের প্রধান গায়ক। উপাধি বিশেষ।

অধিত্যকা···ষ্য. (সং) পর্বতের উপরি ভূমি (tableland)।

অধিবাস···ষ্য. (সং)। গন্ধমাল্যাদি দ্বারা সংস্কার।

অধিবেশন ··ষ্য. (সং)। সভাদির ঘটন।

অধীন ··ণ. (সং)। বশবর্তী, আশ্রিত। স্ত্রী°—অধিনী (বাং), অধীনা (সং)।

অ-ধৈর্য্য ·ণ. (সং)। অধীর।

অনন্ত ··ষ. (সং)। অনন্ত-সর্পাকারে স্বর্ণবলয়, বাহুর স্বর্ণ-অলঙ্কার বিশেষ।

অনন্ত-মূল···ষ্য. (সং অনন্তা—শব্দকল্পে; কেহ কেহ মনে করিয়াছেন, গোপী শ্যামা শারিবা আদনস্তোৎপলশারিবা (অং) অনন্তমূলের নাম; কিন্তু শ্যামলতা (বা শ্যামালতা) বলিয়া সন্দেহ থাকে)। অর্কাদি বর্গের প্রসিদ্ধ ঔষধলতা (Indian Sarsaparilla, Hemidesmus Indicus) ছায়াবৃত স্থানে লতাইয়া যায়। পাতা ছোট, ডগা সবু। বহুস্থান ব্যাপিয়া গ্রন্থি হইতে মূল বিস্তার করে বলিয়া নাম।

অনর্গল···ণ (সং)। অবাধ।

অনা ··ব্য (স্বরবর্ণ পরে থাকিলে সং অ-অব্যয় অন্ হয়; যথা, অ+আগত=অনাগত। অ স্থানে অনা)। বিরুদ্ধ,—অনাসৃষ্টি, অনাটন

অনাচার···ষ্য. (সং) গর্হিত আচার। **অনা-চারী**··ণ. গর্হিত আচার যার।

অনাটন ··ষ্য. (আঁট ধাতু)। অভাব, ন্যূনতা।

অনাদাগ···ষ্য. (দাগ—চিহ্ন) চিহ্ন-রাহিত্য; **প্রঃ**—নির্ম্মল সে অনুরাগে না লুকায় অনা-দাগে, শুক্লবস্ত্রে যৈছে মসীবিন্দু (চৈঃ চঃ)।

অ-নাথ···ণ. (সং)। প্রভুহীন। স্ত্রী°-অনাথা (সং), অনাথী (বাং) অনাথিনী (পদ্যে)।

অনামুকা···ণ (সং অনেড়-মূক—বাক-শ্রুতি-বর্জ্জিত)। হাবা-বোবা, নির্ব্বোধ।

অনায়াস ·ষ্য. (সং)। অক্লেশ।

অনাসে (গ্রাং) ··ষ্য. (সং অনায়াস+এ)। অনায়াসে; **প্রঃ**—অনাসে প্রবাসে গেল সে গুণমণি (রাম বসুর গানে)।

অনাস্মৃষ্টি (গ্রাং অনাছিষ্টি) ··ষ্য. (অন-আস্মৃষ্টি, তুং অনাবৃষ্টি; কিংবা অন্যস্মৃষ্টি হইতে)। সৃষ্টিবাহ্য, সৃষ্টিছাড়া (কথা, কাজ)।

অনাস্থা ··ষ্য. (সং)। অনাদর।

অনিমিখ ··ণ. (সং অ-নিমিষ—হিংতে ষ স্থানে খ)। নিমেষশূন্য স্থিরদৃষ্টি (পদ্যে)

অনীত ··ষ্য. (সং অ-নীতি)। দুর্নীতি।

অনুকার ··ষ্য. (সং)। পশুপক্ষ্যাদির ধ্বনির তুল্য শব্দ; যথা, কাক করে কাকা।

অনুদ্দেশ ··ণ. (সং)। যার অন্বেষণ বা সংবাদ পাওয়া যায় নাই।

অনুপগার (গ্রাং) ··ষ্য (উপগার দেখ)। অহিত।

অনুগৃহীত ··ণ. (সং)। অনুগ্রহ-প্রাপ্ত।

অনুনয়-বিনয় ··ষ্য. (সং , সহচর শব্দ)। বিনয়।

অনুপাত ··ষ্য. (সং)। পূর্ব অঙ্কপাত অনুসারে পর অঙ্কপাত (proportion)।

অনুপান ··ষ. (সং—পশ্চাৎপেয়; তুং সহ-পান)। ঔষধের সহিত কিংবা পরে পেয়।

অনুপাম ··ণ. (সং অনুপম)। উপমাশূন্য, **প্রঃ**—রূপেগুণে যৌবনে ভুবনে অনুপাম (জ্ঞানদাস); কপালে কনক পাটা কিবা অনুপাম (মাঃ)। (প্রাচীন কবিতায় এবং আধুনিক গ্রাম্য কবিতায়)।

অনুবাদ··ষ্য. (সং—)। পশ্চাৎ কথন, **প্রঃ**—মধ্যলীলার ক্রম এবে করি অনুবাদ (চৈঃ)। ভাষান্তর। অনুবাদিত···ণ. (বাদিত শব্দ-সাদৃশ্যে)। ভাষান্তরীকৃত।

অনুবাদী···ণ. (সং—অনুবাদক, সদৃশ)। সুর দেখ।

অনুযোগ ··ষ্য. (সং)। দোষকথন।

অনুসন্ধানী ··ষ্য. (সং)। অনুসন্ধানে রত বা দক্ষ।

অনেক···ণ. (সং—একের অধিক)। সংখ্যা ও পরিমাণে অতিশয়, বহু, **প্রঃ**—অনেক মানুষ, অনেক জল, অনেক ভারী। অনেকে ···বহুজন।

অন্ততঃ ··ব্য. (সং)। ন্যূনকল্পে, শেষে।

অন্তমূল ··ষ্য. (হিং, বাং) অর্কাদি বর্গের লতা বিশেষ (Tylophora asthmatica)। পাতা ও শিকড় বমন-কারক। ফুল ছোট, ভিতরে আরক্ত, গ্রীষ্মকালে ফুটে। ফল সরু, প্রত্যেক ফুল হইতে এক জোড়া।

অন্তর (গ্রাং আন্তর)···ষ্য. (সং)। ব্যবধান, অবকাশ, প্রভেদ।

অন্তরঙ্গ ··ষ্য. (সং)। আত্মীয়।

অন্তরা···ণ. (সং—মধ্যে)। কবিগানের মহড়া ও চিতান পরে যে অংশ; ধুয়ার পরবর্তী পদ; গানের ধুয়া ও আভোগের মধ্যভাগ (গান দেখ)।

অন্তর্জলী ··ণ. (সং অন্তর্—মধ্যে, সং জল+ ঈ)। মৃত্যুর পূর্বে (জীবনের মধ্যে) গঙ্গাজল পান কিংবা স্পর্শ করানা।

অন্তষ্করণ (গ্রাং)···ষ্য. (সং অন্তঃকরণ ; হিং অন্তশকরণ)। অন্তঃকরণ।

অন্তস্পুর (গ্রাং)···ষ্য. (সং অন্তঃপুর)। অন্তঃপুর।

অন্দর··ষ্য. (ফাং ; সং অন্তর—মধ্য)। ভিতরের অংশ ; প্রঃ—শালের বাহার অন্দর —বহির্ভাগ ও অন্তর্ভাগ। অন্তঃপুর।

অন্ধ ··ণ. (সং)। চক্ষুহীন। অন্ধের লড়ী ·· অন্ধের যষ্টি, যদ্দ্বারা অন্ধ দিক-দর্শন করে। প্রবাদে,—অন্ধ জাগ, না, কিবা রাত্রি কিবা দিন—অন্ধের যেমন দিবারাত্র-ভেদ এক, তেমন মত-অমত নাই যার, ক্লেশ অক্লেশ বুঝিতে দেওয়া হয় নাই যাহাকে।

অন্ধকার ··ষ্য. ণ. (সং)। আঁধার। অঃ দেখা—মতিভ্রমে, বিষম বিপদে দৃষ্টিহীন হওয়া।

অন্ধা ··ষ্য (সং অন্ধকার)। প্রঃ,—গর্ব্ব অন্ধা গেল (চৈঃ চঃ)। (অপ্রচঃ)।

অন্ধি-সন্ধি···ষ্য. (সং রন্ধ্র+সন্ধি—রন্ধ্র শব্দের র লুপ্ত। হিং অন্ধি-সন্ধি। সহচর শব্দ)। যাবতীয় ছিদ্র, দোষ, ত্রুটি।

অন্ন···ষ্য. (সং—ভক্ষ্য দ্রব্য)। ভাত। অন্ন-জল··ভাত জল। অন্নজল মাপা ··বিধাতা দ্বারা ভোজন-নির্বাহের ব্যবস্থা ; অন্ন-জলের বরাত ··ভোজন-নির্বাহ। অন্ন-প্রাশন (সং) দুগ্ধপোষ্য শিশুর প্রথম অন্নভোজন ; অন্ন-ব্যঞ্জন···ভাত ও ব্যঞ্জন। অন্ন-বস্ত্র ·· গ্রাসাচ্ছাদন।

অন্বেষ··ধাতু. (সং অন্বেষ ধাতু)। অন্বেষি—অন্বেষণ করি। অন্বেষা। (প্রাচীন পদ্যে)।

অ-পক্ক ··ণ. (সং)। অপক্ক।

অ-পয়া ··ণ. (পয় দেখ)। ভাগ্যহীন।

অপ্-রং···ষ্য. (হিং নাম)। বেত্র-সদৃশ গাছের (Calamus species) বেত ও ফলের রক্ত-বর্ণ রঞ্জন রঙ্গ-বিশেষ (a red resin—East Indian Dragon's Blood)। আসল অপ্রং অন্য গাছ (Dracœna) হইতে পাওয়া যায়। সে গাছ এদেশে নাই।

অপরম্বা ··(সং শ্লোকবিশেষের অংশ)। অপর বা (কি হয়)।

অ-পরশ···ণ. (সং অ-স্পর্শ)। প্রঃ—অপরশ যান প্রভু মনুষ্যগহনে (চৈঃ চঃ)। (অপ্রচঃ)।

অপরাজিতা···ষ্য. (সং)। প্রসিদ্ধ পুষ্প ও লতা (Clitoria ternatea)। নীল-ফুল ও শাদা-ফুল, দুই জাতের গাছ আছে।

অ-পরিচ্ছন্ন ··ণ. (পরিচ্ছন্ন দেখ)। অপরিষ্কৃত।

অ-পরিষ্কার ··ণ. (পরিষ্কার দেখ)। অপরিষ্কৃত, সমল।

অপ-রূপ···ণ. (সং)। আশ্চর্য, কুরূপ।

অ-পাক ··ষ্য. (সং)। অজীর্ণ-রোগ।

অ-পাজ্জি ··ণ. (সং অপার্যমান)। অপারগ, না পারিয়া।

অপেরা ··ষ্য. (ইং Opera)। নৃত্যগীত-আবৃত্তি-পূর্ণ ক্ষুদ্র নাটক।

অপেক্ষা·· ষ্য. (সং)। প্রতীক্ষা, আকাঙ্ক্ষা। বা. (অপেক্ষায়) সম্বন্ধে, বিবেচনায় ; প্রঃ—রাম অপেক্ষা (অপেক্ষায়) শ্যাম বড়।

অপেক্ষাকৃত ·· ··অন্যের অপেক্ষায়।

অ-প্রতিভ ··ণ. (সং)। দীপ্তিহীন ; অপ্রত্যুৎপন্নমতি, লজ্জিত।

অপ্রতুল ··ণ. (সং)। প্রকৃষ্টপরিমাণাভাব।

অ-প্রত্যয় (গ্রাং অপিত্তি)···ণ. (সং)। নিশ্চয় জ্ঞানাভাব, অহেতুক।

অ-প্রস্তুত ··ণ. (সং)। প্রস্তুত—উপস্থিত বিষয়ে অনুপস্থিত, সুতরাং লজ্জিত।

অপ্সরা (গ্রাং অপ্সরী) ··ষ্য. (সং অপ্সরা)। স্বর্গকামিনী।

অ-ফলা···ণ. (সং অফল)। বাঁঝা।

অ-ফুরন্ত ··ণ. (ফুরা ধাতু)। ব্যয় হইলেও যাহা ফুরায় না ; প্রঃ—অঃ ভাঁড়ার—যাহা শেষ হয় না।

অবগুণ (গ্রাং)··ষ্য. (সং অপগুণ। হিং ঔগুন)। অনিষ্ট।

অবচয় ··ষ্য. (সং)। অপচয়।

অবজান ·ষ্য. (সং অবজ্ঞা)। অবজ্ঞা। (প্রাচীন পদ্যে)।

অবধান···ষ্য. (সং—মনোযোগ)। মনোযোগ, প্রঃ—অবধান হৌক, বলি নমস্কার করে (ভাঃ)। নমস্কার। (ওং-তে নিম্নশ্রেণীর লোকে উচ্চশ্রেণীকে অবধান বলিয়া নমস্কার করে)।

অবধি ··ষ্য. (সং)। সীমা, অন্ত, আরম্ভ (স্থান ও কালের)। প্রঃ—দুঃখের অবধি নাই—সীমা ; হাট অবধি যাও—হাটের আরম্ভ ; আজি অবধি দেখা নাই—আরম্ভ। যদবধি, তদবধি ··যে সময়, সে সময় পর্যন্ত।

অ-বনিবনাও···ষ্য. (বনিবনাও দেখ)। অ-মেল।

অ-বস্তি···ষ্য. (বস্তি দেখ)। অমেল।

অবমান···ষ্য. (সং)। অপমান।

অ-বল ··ণ. (সং)। বলহীন ; এত বলহীন যে কথা কহিতেও অশক্ত (অ-বোল দেখ)।

অবলম্ব ··ষ্য. (সং)। আশ্রয়-স্থান।...ধাতু. (অপূর্ণ ধাতু ; সং অব-লম্ব ধাতু স্খলনে)। আশ্রয় করা, ঝোলা ; পদ্যে, অবলম্বি, অবলম্বিয়া।

অ-বলা···ষ্য. (সং—যোষিৎ)। নারী ; গোরু (গ্রাং) ; ছেলে গোরু বাছুর ছাগল প্রভৃতি (পালকী-বাহকদের ভাষায়)।

অবস্থা ··ষ্য. (সং)। স্থিতি, দশা ; আর্থিক অবস্থা ; দুর্দশা, প্রঃ—জীবে দুঃখ দিছ তোমার হইবে অবস্থা (চৈঃ চঃ) ; ভাটের অবস্থা করে এত ধরে বল (মাঃ)। অবস্থাপন্ন ··অর্থবান (তুং সঙ্গতিপন্ন)।

অ-বাচ্য (গ্রাং অবাচ্চি) ষ্য. (সং)। কথনের অযোগ্য ; কু-কথা।

অ-বাধ · ণ. (সং)। বাধাহীন।

অ-বিচার ·ষ্য. (সং)। বিচারহীনতা। অবিচারী ··ণ. বিচারহীন।

অ-বিদ্যা ··ষ্য. (সং)। অজ্ঞানতা, মায়া; রক্ষিতা স্ত্রী।

অ-বীরা ·ণ. (সং)। বীরহীনা, পতিপুত্রহীনা।

অবু-তবু ··(সং উদ্ভট কবিতায়, অবতু বো গিরিসুতা শশিভৃতঃ প্রিয়তমা। বসতু বো হৃদি সদা ভর্গবতঃ পদযুগম্॥)। ছেলে-ভুলানা ছড়ায়,—অবু তবু গিরি সুতা, মায়ে বলে পড় পুতা। পড়িলে শুনিলে দুধি ভাতি, না পড়িলে ঠেঙ্গা লাঠি।

অ-বুঝ ··ণ. (সং অ-বোধ, অবুধ ; বুঝ দেখ ; ওং অবুঝা)। বোধশূন্য, প্রঃ—অবুঝে বোঝাব কত বোধ নাহি মানে (ভাঃ)।

অ-বুধ ··ণ. (সং অবোধ ; হিং অবুধ)। অবুঝ, প্রঃ—না যাহ অশুচিস্থানে অবুধ নিমাই (নবদ্বীপ পরিক্রমা)। (অপ্রচঃ)।

অবের-সবের ··ষ্য. (হিং অব্বের—কালবিলম্ব, সব্বের—শীঘ্র; অবেলা-সবেলা ; সহচর শব্দ)। সময় সময়। অবেরে-সবেরে (গ্রাং অবুরে সবুরে) ··কদাচিৎ, কালেভদ্রে।

অ-বেলা ··ষ্য. (সং)। অসময় ; অপরাহ্ণ বা সায়ংকাল।

অবোধখোজ ··ণ. (অজবোজ দেখ)। নির্বোধ (কবিকঃ)।

অ-বোল ··ণ. (বোল দেখ)। বাক্যরহিত, বাক্‌শক্তি-রহিত (অবল দেখ)।

অভব্য ··ণ. (সং)। অশোভন, প্রঃ—অভব্য নৃপতি বড় অসম্ভব রীত (মাঃ)।

অভরণ (গ্রাং) ··ষ্য. (সং আভরণ, হিং অভরণ) আভরণ।

অ-ভাগা···ণ, (সং অ-ভাগ্য ; কিংবা সং অ-ভাগ (ভাগ্য)+বাং আ)। ভাগ্যহীন। স্ত্রীং—অভাগী, অভাগিনী (পদ্যে)। অভাগিয়া, অভাগ্যে···ণ (সং অভাগ+ইয়া)। অভাগা।

অ-ভাজন ··ষ্য. (সং)। অপাত্র, অযোগ্য পাত্র।

অ-ভিন্ন ··ষ্য. (ভিন্ন দেখ)। এক, তুল্য।

অভিমান ··ষ্য (সং) অহঙ্কার, মর্যাদা-লঙ্ঘন-হেতু ক্রোধ। অভিমানী ··ণ. অল্পত্রুটিতে বিষন্ন।

অভিসন্ধি ··ষ্য. (সং)। উদ্দেশ, বঞ্চনার অভিপ্রায়।

অভ্যাপাত ··ষ্য, (সং)। বিপৎপাত, বিঘ্ন; শস্যাদির বিঘ্ন (ধান দেখ)।

অ-মত···ষ্য. (মত দেখ)। অস্বীকার, অসম্মতি, অনিচ্ছা।

অমন···ণ. বা. (এমন হইতে, তুং অত, এত ; এমন দেখ)। অই মতন। অমন-ই··· ব্য. (সং অমুস্মিন্ কালে)। তৎক্ষণাৎ। অমনি · ব্য. বিনা কারণে, বিনা মূল্যে।

অ-মনোযোগ ··ষ্য. (সং)। মন না দেওয়া।

অ-মনোযোগী ··ণ. (সং)। অনবধান।

অমন্দ (গ্রাং) ··ণ. (অ—স্বার্থে)। মন্দ।

অমর্ত্ত (গ্রাং) ··ষ্য. (সং অমৃত)। অমৃত, প্রঃ—অমর্ত্ত কুণ্ডের পানি (শূং পুঃ)।

অমিয় ·ষ্য. (সং অমৃত)। অমৃত। স্ত্রীং—অ-মিয়া।

অমুক ··ণ. (সং)। অনির্দিষ্টনামা। উদ্দিষ্টনামা। অমুক-তুসুক ··(তুসুকা, তুসুক দেখ ; সহচর শব্দ ; তুং ফলনা-তুসুক)। উহা-ইহা, এটা-ওটা-সেটা, প্রঃ—অমুক-তুসুক বার-সতর করিতে পারি না।

অমৃত-গুটিকা···ষ্য. (সং অমৃত-গুটিকা—গুলি। ওং অমৃত-গোটিকা)। ঘনাবর্ত্ত ব পিণ্ডীকৃত দুগ্ধ (চৈঃ চঃ, ওং তে)। (অপ্রচঃ

অমৃতী (গ্রাং অমির্তি) ··ষ্য. (সং অমৃত হইতে হিং)। এক প্রকার কুণ্ডলীকৃত জিলাপী পিকদানী, প্রঃ—মাধী যদি ঝারি বা অমৃতী লইল (ভাঃ) (তুং ওং অমৃতী-জলপানের ছোট ঘটী)।

অমেল, অ-মিল ·ষ্য. (মেল, মিল দেখ) অনৈক্য, অসদ্ভাব।

অম্বরী ··ণ. (সং অম্বর+ঈ—অম্বর-বিশিষ্ট অম্বরং ব্যোম্নি বাসসি—অম্বরে আকাশ বস্ত্র—অঃ ; কিন্তু অম্বরং ন দ্বয়োর্ব্যোম্নি গন্ধ্যন্তর বস্ত্রয়োঃ—মেঃ ; সং অম্বর না সুগন্ধ দ্রব্য-যোগে সুবাসিত বস্ত্র (বাসীব দেখ)। অম্বর—স্বনামখ্যাত সুগন্ধি দ্র —বিশ্বঃ—শব্দকল্পে। আং অম্বর, অম্ব

Amber gris (Fr. amber gris—grey amber)a concretion formed in the intestine of the sperm whale—*Physeter macrocephalus*) । সমুদ্রের তিমি বিশেষের অন্ত্রে অম্বর জাত হইয়া থাকে। (আর এক অম্বর (fossil resin) খনিতে পাওয়া যায়)। ভারতবর্ষের ও আফ্রিকার নিকটস্থ সমুদ্রে সেই অম্বর ভাসিয়া আসে। অম্বর পাংশুবর্ণ লঘু, অতি দাহ্য পদার্থ; সুগন্ধি বাষ্প উদ্‌গত করিয়া অদৃশ্য হয়। পূর্বকাল হইতে এদেশে অম্বর প্রসিদ্ধ আছে। (অম্বর দ্বারা) সুগন্ধীকৃত। সুগন্ধীকৃত (তামুক)।

অম্লবেল ··ষ্য. (সং অম্লবল্লী ?—তুং বল্লী—খাং বেল-ফুল)। কচুআদি বর্গের বন্য শাক-বিশেষ (Amorphophallus bulbifera)। গাছ বাগানের ছায়াবৃত স্থানে বর্ষাকালে দেখা যায়। ওল গাছের যেমন একটি পাতা হয়, অম্লবেলেরও তেমন, কিন্তু পাতা তিন অঙ্গুলে বিভক্ত।

অম্লান ··ষ্য. (সং)। মারিষাদি বর্গের পুষ্প-শাক (Gomphrena globosa)। পাতা একোত্তর। 'ফুল' শীঘ্র ম্লান বা শুষ্ক হয় না। বস্তুতঃ অনেক ফুল একত্র জন্মিয়া দেখিতে কদম ফুলের মতন হয়। শাদাফুল ও লালফুল দুই জাত আছে। ফুল গন্ধহীন।

অ-ম্লান···ণ. (সং)। প্রফুল্ল।

অম্বল ··ষ্য. (সং অম্ল)। অম্ল। অজীর্ণ-রোগ-বিশেষ (acidity)।

অ-যশ···ষ্য. (সং অ-যশস্)। যশের অভাব, অপযশ।

অয়ি···ব্য. (সং)। নারী সম্বোধনে, অনুনয়ে, প্রশ্নে।

অযুত···ণ. ষা. (সং)। দশ সহস্র, দশ সহস্রসঙ্খ্যা (শতকিয়া দেখ)।

অরগুণ নাই বরগুণ আছে···(হরগুণ দেখ)।

অরশ ··ষ্য. (সং অশ্ব হইতে ?)। বঙ্গানাদি বর্গের বন্য বড় ক্ষুপ বা ছোট তরু (Solanum verbascifolium)। পাতায় ঘোড়ার গন্ধ বলিয়া অনেকে অশ্বগন্ধা বলিয়া ভুল করে (অশ্বগন্ধা দেখ)। গাছে কাঁটা নাই, পাতা বাদামিয়া লম্বা, রোমশ; ফুল শাদা, বেগুন ফুলের মত।

অরে···ব্য. (সং)। নীচ সম্বোধনে। অরে রে, আরে রে···ব্য. (সং, অরেরে)। অধম-সম্বোধনে, সক্রোধে আহ্বানে।

অর্ক ··ষ্য. (সং, অর্কয়তিতাপয়তি অর্কঃ, এই হেতু সূর্য। আতসী পাথর সূর্য-মুখে ধরিলে অগ্নি বমন করে, বোধ হয় এই হেতু অর্ক শব্দে স্ফটিক (নির্মল স্বচ্ছ প্রস্তর বিশেষ, rock crystal. রত্নপরীক্ষা দেখ) অমরে—অর্কঃ স্ফটিকসূর্যয়োঃ। তাপ দেয় বলিয়া অর্বাচীন সংস্কৃতে অর্ক—আরক (অর্কপ্রকাশ দেখ)। সূর্যকিরণ যেমন চারিদিকে বিকীর্ণ হয়, অর্ক-বৃক্ষের—আকন্দ-গাছের—ফুল (পাঁচদিকে) ফুটিয়া পড়ে। এই হেতু আকন্দ-গাছের এক নাম আস্ফোত, (তুং আস্ফোতা = অপরাজিতা) এবং বিকিরণ। আকন্দ-গাছের অন্যান্য সং নাম,—ক্ষীরী (ক্ষীর আছে বলিয়া), পুচ্ছী (বীজে তুল থাকে বলিয়া, অন্য নাম তুল-ফল) ইত্যাদি। আকন্দ দেখ।

অর্ঘ-ঘাস (গ্রাং অগ্যঘাস) ··ষ্য. (সং)। সুগন্ধ

পত্র বেণাতুল্য ঘাস বিশেষ (Andropogon schœnanthus)। পাতা হইতে গন্ধ-তৃণের তৈলের মতন তৈল বাহির করা হয়।
অর্কিড ··ষ্য (ই° Orchid)। রাস্নাদিবর্গের গাছ। রাস্না দেখ।
অর্জুন ··ষ্য. (স°)। তৃতীয় পাণ্ডব। হরীতক্যাদি বর্গের তরুবিশেষ (Terminalia arjuna)। আসন গাছ তুল্য। কিন্তু তাহার তুল্য কাষ্ঠ খদিরবর্ণ না হইয়া শ্বেতবর্ণ হয়। এই হেতু নাম অর্জুন (শ্বেত)। অর্জুন ছালে চূণের কণা দেখা যায়। প্রায়ই নদী ও জলের ধারে জন্মে। (এই হেতু এক স° নাম নদীসর্জাঃ—প্রায়েণ নদীকচ্ছজত্বাৎ—অঃ টীঃ)। ফলে পাঁচটা পাখা থাকে (এই হেতু এক স° নাম ককুভ, ককুভ—দিক্, পক্ষভেদ)। অর্জুন কাঠ শক্ত কিন্তু পাটা ফাটিয়া যায়।
অর্ণা ··ণ. (স° আরণ্যক। হি° অরনা)। আরণ্য, আরণ্য মহিষ।
অর্র্ ··ব্য. (স° ব্বর্কর হইতে। ব্বর্কর—অর্রর)। ছাগলের ডাক, ছাগলকে ডাকিবার শব্দ।
অর্প··ধাতু. (স° অর্পণ)। অর্পি—দি-ই, স্থাপন করি। (পদ্যে)।
অলকা ··ষ্য. (স° অলক—পুং—চূর্ণ-কুন্তল; অলকাশ্চূর্ণকুন্তলা—অঃ; বক্র, ভঙ্গাযুক্ত চুল—অলক; অলন্তি-ভূষয়ন্তি মুখং- অঃ টীঃ, মুখের শোভা করে বলিয়া অলক; এই কোঁকড়া কোঁকড়া চুল ললাটে ঝুলিয়া পড়িলে—ভ্রমরের ন্যায় লম্বমান হইলে—ভ্রমরক। কেহ কেহ বলেন, কর্পূরাদি ক্ষোদ (খুদ) চূর্ণ; কুন্তলে সেই চূর্ণ থাকিত বলিয়া চূর্ণ-কুন্তল—অঃ টীঃ)। তরঙ্গ-ভঙ্গাযুক্ত চুল; মাথার সমুখের চুল ভঙ্গিযুক্ত করিয়া—বাঁকাইয়া তাহাতে কর্পূর, মেথী প্রভৃতি সুগন্ধ দ্রব্যচূর্ণ-প্রক্ষেপ করিলে পূর্বকালে অলক—কেশ-বেশ—হইত।
অলকা-তিলকা ··অলক ও তিলক রচনা। কুটিল কুন্তলের নীচে ললাটে কুঙ্কুম গোরোচনা কিংবা চন্দনের বিন্দুর অলঙ্কার। মুখের আকার, বর্ণ, চুলের স্বাভাবিক ভঙ্গি দেখিয়া অলকা-তিলকা রচনায় সেকালের কলাবতীর গুণীপনা প্রকাশ পাইত। কোন কোন স্থানে চুল না ভাঙ্গিয়া—মোম্ দিয়া পাটি পাড়িয়া—অলকা রচিত হইত। এখন বিবাহের সময় বর ও কন্যার অলকা-তিলক রচিত হয়। ওড়িশায় অলকা-পাটি (অলক পঙক্তি) এখনও লুপ্ত হয় নাই। অলকা অনুকরণে সোনার সিঁথীর সৃষ্টি হইয়াছে।
অলক্ষণ ··ষ্য. (স°)। কুলক্ষণ। ণ কুলক্ষণযুক্ত। স্ত্রী° অলক্ষণা। অলক্ষণিয় অলক্ষণ্যে ··ণ. (অলক্ষণ+ইয়া)। কু লক্ষণ-যুক্ত।
অ-লাড়, অনাড় ··ণ. (লাড় ধাতু দেখ) যাহা লাড়িতে (বা নাড়িতে) পারা য না। অতি বৃহৎ, অধিক কিংবা ভারী।
অলি-তলা, অইল-তলা··ষ্য. (স° ব্বলী বলীক; ব্বলীক নীধ্রে পটল-প্রান্তে (অঃ) পটলপ্রান্ত—চালের ছাঁইচ অর্থে বলীক; ব্বলীনি সম্বলিতানি কানি জলানি অত্র— টীঃ। ও° উঠী, হি° ওলতী)। চা ছাঁইচের তল। ছাঁইচ-তলা, প্রঃ—সন্ধ সময় অইলতলা দিয়া যাইতে নাই (ক তখন সর্পভয় করিতে হয়)। অইল-ত

বেল-তলা, অইল-তলা দিয়া বেল-তলা... (বেলতলা—বিল্ববৃক্ষের তল বোধ হয় না। বোধ হয় সং বলীক এবং বলভী (হেমঃ) শব্দ হইতে বেল মনে হইয়াছে; ফলে, অলিতলা-বলিতলা সহচর শব্দ হইয়াছে)। ঘোর পথ; সোজা পথের পরিবর্তে বাঁকা বা ঘোর পথ। তুং ইল্লী দিয়া দিল্লী যাওয়া।

অলি-গলি ··ষ্য. (সহচর শব্দ। দুই ঘরের বলীক—ছাঁইচ—অলি; দুই পাশে ঘর থাকাতে—গলি (গলি দেখ)। অতএব, অলি-গলি স্থান একই)। দুই পাশে বাড়ী এবং উপরে ছাঁইচ থাকাতে অপ্রসর দুর্গম পথ।

অলী ··ণ. (সং অলীক)। তুচ্ছ, অসার, প্রঃ—কাপড়খানা সকলের অলী।

অলি, অলী ··ষ্য. (আং ৱালী, ৱলী)। অভিভাবক, প্রভু (আদাঃ)। অলি-অছি —ষ্য. (অছি দেখ; সহচর শব্দ)। অলি-ওয়ারীশ ··(সহচর শব্দ)। অধ্যক্ষ।

অলো, ওলো ··ষ্য. (সং অলে—বোধ হয় অরে শব্দের রূপান্তরে)। নারীকে নারী সম্বোধনে। (ব্যাকরণ দেখ)।

অল্প (গ্রাং অপ্প) ··ণ. (সং)। ক্ষুদ্র, ঈষৎ, কিঞ্চিৎ। অল্প-স্বল্প ··ণ. (অল্প এবং সু+অল্প=স্বল্প; হয়ত অল্প-সল্প প্রচর শব্দ; তুং গল্প-সল্প)। অল্পপরিমিত।

অলপেয়ে, অপ্‌পেয়ে···ণ. (সং অল্পায়ুঃ; কিংবা অল্পায়ু+ইয়া=অল্পায়ুয়া—অল্পায়া-অল্পেয়ে)। মৃত্যুকামনার গালি-বিশেষ।

অংশ ··ষ্য. (সং)। ভাগ। অংশাঅংশি ··ষ্য. পরস্পরের নিমিত্ত অংশ। অংশী ··ণ. (সং)। ভাগী। অংশদার ··ষ্য. (সং অংশ+ফাং দার, তুং সং অংশহর)। ভাগী অংশভাক্। অংশীদার (গ্রাং)···ষ্য. (অংশী কিংবা অংশদার ঠিক হইত; ভুল করিয়া অংশীদার)। ভাগী। অংশদারি, অংশীদারি ··ষ্য. (অংশদার+ই)। ভাগীর বৃত্তি। ভাগ। অংশদারী, অংশীদারী ··ণ. (অংশদার+ঈ)। অংশদার-সম্বন্ধী।

অ-শিষ্ট ··ণ. (সং)। অশান্ত, দুঃশীল; শিষ্ট-সভা—সমাজে অপ্রযোজ্য, প্রঃ—অশিষ্ট বাক্য।

অশুচ (গ্রাং) ·ষ্য. (সং অশৌচ)। (প্রায়ই) জনন ও মরণহেতু অশৌচ।

অশুদ (গ্রাং)···ষ্য. (সং অশুদ্ধি)। অশৌচ।

অ-শেষ ··ণ (সং)। শেষহীন, সমুদয়। অশেষ-বিশেষ ··ণ. (সং; সহচর শব্দ)। সমুদয় এবং বিশেষ—বৈলক্ষণ্য—সহিত, অতএব সাবতীয়, প্রঃ—অঃ করিয়া বুঝাইলাম।

অশোক ·ষ্য. (সং)। শিম্বাদি বর্গের ছোটপুষ্পতরু (Saraca Indica)। পাতা ঝরিয়া পড়ে না বলিয়া অশোক (?)। পাতা শ্যামল, নূতন পাতা তাম্রবর্ণ (তুং সং নাম তাম্রপল্লব)। ফুল দাড়িম্ববর্ণ, অনেক একত্রে জন্মে (তুং সং নাম পিণ্ডীপুষ্প)। পুংকেশর ৭টা। বর্ষাকালে ফোটে। গাছ প্রায় বাঁকা হয়। (তুং সং--অমরে—নাম বকুল, বঞ্জুল—বাঁকা)।

অশোত ··ষ্য. (সং অশ্বত্থ শব্দ দেখ)। অশ্বত্থাদি বর্গের প্রসিদ্ধ তরু (Ficus religiosus)। পাতার লেজ লম্বা, কলির খোল ছোট। বোঁটার কাছে পাতা পানের

মতন। অট্টালিকা ও বৃক্ষস্কন্ধে ইহার বীজ অঙ্কুরিত হইয়া শিশুকাল সেই খানেই কাটে। গয়া অশোত, গয়া অশ্বত্থ ··ষ্য. (সং অশ্বত্থিকা, গঙ্গাশ্বত্থিকা,—গঙ্গা—গঙ্গা—গয়া অশোত)। অশ্বত্থতুল্য বৃক্ষ (Ficus Rumphii)। কিন্তু পাতার লেজ লম্বা নহে, এবং বোঁটার কাছে পানের মত নহে। কলির খোল বড়।

অশ্বগন্ধা ··ষ্য. (সং)। বঙ্গানাদি বর্গের বন্য ক্ষুপ (Withania somnifera)। প্রায় মানুষের সমান উচা হয়। গায়ে কাঁটা নাই। পাতা এক এক জোড়া হয়। পাতায় ঘোড়ার গন্ধ বলিয়া নাম। শিকড়ে অশ্বমূত্রের গন্ধ আছে। ফুল আপীত, থোবা থোবা। ফল অপেক্ষা ছদি (ফুলের বহিরাবরণ) বড় হইয়া ফলকে আবৃত করে। এই হেতু এক সং নাম কম্বুকা (কম্বু—শম্বুক; শম্বুকের খোলার ভিতরে যেমন প্রাণী থাকে)।

অশ্বত্থ ··ষ্য. (সং অশ্বত্থ শব্দের নানা ব্যুৎপত্তি হইয়াছে; গাছের তলে অশ্ব থাকিত বলিয়া অশ্বত্থ; অশ্বত্থ অর্থে—জল, ইহার মূলে জল থাকে বলিয়া নাম অশ্বত্থ; গ্রীষ্মকালে ধর্মার্থে লোকে জলসেক করে বলিয়া অশ্বত্থ।' অল্প বাতাসেই পাতা নড়িতে থাকে বলিয়া নাম পিপ্পল, এবং চল-দল। পিপ্পল, অর্থে জলও আছে। হিং পীপল, মং পিঁপল, ওং অশস্ত)। অশোত গাছ (দেখ)।

অ-শ্রীল ··ণ. (সং)। শ্রীল বা শ্রীযুক্ত যাহা নহে, অতএব লজ্জাজনক (বাক্য), অকথ্য (ভাষা)।

অষ্ট··ষ্য. ণ. (সং)। আট, আট সঙ্খ্যা। অষ্টধাতু···(সং)। সোনা রুপা তামা সীসা রাঙ্গা লোহা কান্তলোহা খরলোহা (লোহা দেখ)। কেহ কেহ ত্রিবিধ লোহার পরিবর্তে লোহা দস্তা পারা গণনা করেন। অষ্টপৃষ্ঠ ···আটপিট দেখ।

অষ্টম ··ই· ১৮১৯ সালের অষ্টম আইন। এই আইন অনুসারে পত্তনি নিলাম হয়। বৈশাখ ও কার্তিক মাসে দুইবার নিলাম হয়।

অষ্ট মঙ্গলা···ষা. (সং)। অষ্টাহ দেবীর মঙ্গলগীত।

অষ্টম প্রহর (গ্রাং অষ্টম পহর)··ষ্য. (সং)। অষ্ট-প্রহর—অহোরাত্র—ব্যাপী হরিসংকীর্তন। হরি ব্যতীত অন্য দেবতারও অষ্টম প্রহর হইতে পারে।

অষ্ট-রম্ভা···(অষ্ট রম্ভা কেন?)। প্রবাদে, ঘরে নাই অষ্ট-রম্ভা, বাহিরেতে কোঁচা লম্বা—দরিদ্রের বাহ্যবিলাস সাজে না।

অষ্টা-কোষ্ঠী (গ্রাং অষ্টা-কষ্টি)···ষ্য. খেলা-বিশেষ। অষ্ট কোষ্ঠ—ঘর—চালাইয়া কড়ী কিংবা গুটী খেলা। দুই জনে চারিটা কড়ী ফেলিয়া 'উপর' ও 'চিৎ' দেখিয়া খেলে। যতটা কড়ী চিৎ পড়ে, গুটী একবারে তত ঘর যাইতে পারে। চারিটাই উপর পড়িলে একবারে আট ঘর যাইতে পারে। ছকে পঁচিশটা ঘর থাকে। মধ্যস্থিত ঘরকে গদী অপভ্রংশে গাদী বলে।

অ-সম্ভব ··ণ. (সং)। সম্ভব—উৎপত্তি—বিরোধী, যাহা হইতে পারে না।

অ-সাজন্ত ··ণ. (সাজন্ত দেখ)। অশোভন।

অ-সাড়···ণ. (সাড়, শাড় দেখ) সংজ্ঞাহীন।

অ-সাদ, অ-সাধ···ষ্য. (সাদ, সাধ দেখ)। অনিচ্ছা।

অ-সান ··ণ. (সান, শান দেখ)। অসাড়।

অসার (গ্রা° ওসার) ··ষ্য. (স°)। বিস্তার। অসার-আলা ··ণ. (আলা দেখ)। বিস্তারযুক্ত।

অ-সার ··ণ. (স°)। সার-শূন্য, নিরর্থক।

অ-সুখ···ষ্য. (স°)। ক্লেশ, পীড়া। অসুখ-বিসুখ ··ষ্য. (বিসুখ—সুখ-হীনতা ; অনুচর-শব্দ)। অসুখ।

অ-সুমার ··ণ. (অ+ফা° সুমার) অসঙ্খ্য, অসীম।

অসৈরণ ··ষ্য. (স° অসহন)। অসহ্য, প্রাঃ— অসৈরন সইতে নারি। (নারী ভাষায়)।

অস্ত-ব্যস্ত ··ণ. (স°। অস্ত—নিক্ষিপ্ত, ব্যস্ত —নিক্ষিপ্ত ; অতএব সহচর শব্দ)। অতি ব্যগ্র, অতি ব্যস্ত। (ভাঃ আথি-বিথি)।

অস্তর···ষ্য. (ফা°। স° বস্ত্র)। প্রথম রঙ্গা ; কাপড়ের ভিতরের কাপড়, অর্থাৎ গায়ে প্রথমে যে কাপড় লাগে।

অস্তান ··ষ্য. (ফা° ; স° স্থান। ফকীরের ও পীরের স্থান।

অ-স্তান্ত (গ্রা°) ··ণ. (স° অস্নাত)। অস্নাত।

অস্ত্র-শস্ত্র ··ষ্য. (স° ; অস্ত্র—নিক্ষেপযোগ্য, শস্ত্র—(স° শস্ বধে) বধহেতু আয়ুধ। অস্ত্র অর্থে সামান্য শস্ত্রও বুঝায় ; অতএব সহচর শব্দ)। অস্ত্র।

অস্থল···ষ্য. (স° স্থল)। মহন্তের স্থান বা আশ্রম।

অ-স্থান ··ষ্য. (স°)। অযোগ্য স্থান, কুস্থান। অণ্ডকোষ।

অস্থি···ষ্য. (স°)। হাড় ; শবাস্থি ; প্রাঃ— গঙ্গায় অস্থি দেওয়া। অস্থি-মজ্জা ··অস্থি এবং অস্থির ভিতরের মজ্জা (প্রায় সহচর শব্দ)। প্রধান অঙ্গ। অস্থিচর্ম-সার ··ণ. (স°)। দুশ্চিন্তায়, রোগে, অনশনে শরীরের চর্ম ও হাড় অবশিষ্ট (পেশী ও মেদ গত), প্রাঃ — অন্নবিনা অন্নদার অস্থিচর্ম্মসার (ভাঃ)।

অ-স্থিত ··ণ. (স°)। অভাব। অস্থিত পঞ্চক—পাটীগণিতের জ্ঞাতব্য পঞ্চম রাশি। অঃ পড়া—উপায় চিন্তায় পড়া।

অহি-রাজ···ষ্য (স° নাম অলিগর্দ ; দীর্ঘ- ও ভীষণ বলিয়া বা° ও° নাম অহিরাজ)। গোখুরার নিকট জ্ঞাতি শঙ্খচূড় নামক বিষধর সর্প বিশেষ (Naia bungarus)। হলুদা-মেটে রঙ্গের দেহে শাঁখা বা চূড়ীর ন্যায় রেখা আছে। গোখুরা অপেক্ষা বৃহৎ ও ভীষণ, কিন্তু তত সাধারণ নহে। ৮।১০ হাত দীর্ঘ হয়; কিন্তু ফণা তদনুরূপ বড় হয় না।

অহে, ওহে ··ব্য.। সমান কিংবা কনিষ্ঠকে আহ্বানে।

অহো ··ব্য. (স°)। ধিক অর্থে, শোকে, বিস্ময়ে।

আ।

আ ··ষ্য. (স°)। স্বরবর্ণ ; অক্ষর। ব্য. (স°)। বাক্যে সম্মতি, প্রায়ই, হাঁ ; অনুকম্পা, প্রাঃ—আ মরি, আ হা ; স্মৃতি, প্রাঃ—আ এতক্ষণে মনে হইল ; সম্বোধনে, প্রাঃ—আলো, আগো। উপসর্গ (স°)। গত্যর্থক ধাতুর পূর্বে বসিলে বৈপরীত্য, যথা, আ-গমন, আ-দান। ব্য. ষ্যের পূর্বে সীমা, ব্যাপ্তি, প্রাঃ—আ-জন্ম, আ-মরণ, আ-কণ্ঠ ; সাদৃশ্য, প্রাঃ—আখন্বা—স্তম্ভ-সদৃশ ; গেরু

পূর্বে, ঈষৎ; প্রঃ—আ-লোণা—ঈষৎলবণ, আ-তিতা—ঈষৎ তিক্ত; (বাংতে) অভাব, নিষেধ, প্রঃ—আ-কাচা, আ-ধোয়া, আ-ভাঙ্গা।

আ ··ধাতু. (সং আ-য়া ধাতু আগমনে। ওং হিং আ ধাতু, মং য়ে ধাতু। সং আ+য়া উচ্চারণ দোষে আ। সং আয়াত—বাং আইল, প্রাচীন বাং আইলা, ওং আইলা, হিং আয়া,মং য়েলা)। 'আমি আই' না হইয়া আ-হি—আসি (আস ধাতু দেখ); আই-আছি—আইয়াছি—এয়েছি; আইলাম—এলাম, আইল—এল। আ-না (আয়ান) -গনা (গমন)—আগমন ও গমন। (প্রাচীন বাং, সে আয়—আএ অর্থাৎ আসে।)

আঁ ··ব্য. (সং আ)। জ্ঞানে, ক্রোধে—প্রায়ই এঁ; স্বীকারে—প্রায়ই হাঁ; প্রশ্নে, প্রঃ—আঁ কি বলিতেছ?

আঃ ··ব্য. (সং)। কোপ; স্পর্ধা; পীড়া। আঃ মর—কোপে; আঃ মরণ ভর্ৎসনা; আঃ জ্বলন—বিরক্তি; আঃ পোড়া, আঃ দগ্ধন; ইত্যাদি।

আই, আউ (গ্রাং) ··ষ্য. (সং আয়ুস্; ওং আইস)। আয়ুঃ, প্রঃ—আউ মিত্যু নহি ছিল জমের তাড়ন (শূং পুঃ)। খনা বলে ফুরাল আই। (তুং পরমাই, প্রমাই)।

আই··ষ্য. (সং আর্যা)। (প্রাচীন বৈষ্ণব-সাহিত্যে) মাতা। (মং আঈ, আসাং আই—মাতা)।

আই আই··ব্য. (সং অয়ি—সম্বোধনে, প্রশ্নে—বাং আয়ি—আই)। বিস্ময়ে, প্রঃ—নাকে হাত এয়োগণ বলে আই আই (ভাঃ); নিন্দায়, প্রঃ—আই আই পড়েছে মুখে কাজরের শোভা (চণ্ডীঃ)। আই মা ··ব্য. (সং অয়ি মাতঃ)। বিস্ময়ে (নারী-ভাষায়), প্রঃ—আই মা কি হবে!

আই ··প্রত্যয়. (সং আয়ু হইতে? তুং জীব, জীবন, জীউ—যেমন বাবাজীবন)। আদরে মানুষের নামের শেষে বসে, প্রঃ—ছিরাই—শ্রী—ছিরা,+আই; দনাই—দনা—জনার্দন+আই। ব্যাকরণ দেখ।

আইজ, আজ ··আজি দেখ।

আইড়, আড় ··আড়ি দেখ।

আই-ঢাই ··ণ. (আই—আসি (আ ধাতু দেখ),ঢাই—ধাই ধাবিত হই)। আসি-যাই বা গমনোদ্যত,প্রঃ—প্রাণ আই-ঢাই করে।

আইদ, আদ ··ষ্য. ণ (সং আদি, আদ্য)। প্রথম, আদ্য, প্রঃ—আদগঙ্গা ভোগবতী।

আইন ··ষ্য. (আং)। রাজবিধি। আইন-কানুন ··(আং; সহচর শব্দ)। রাজবিধি-ব্যবস্থা। পাঁচ আইন ··খ্রীঃ ১৮৬১ সালের পঞ্চম আইন—পুলিশের কর্তব্য বিষয়ক আইন। সাত আইন ··খ্রীঃ ১৮৭৬ সালের সপ্তম আইন—জমিদার ও লাখেরাজদারের নাম রেজিষ্টারি করার আইন। চৌদ্দ আইন ··বেশ্যাদের পরীক্ষা ও নাম রেজেষ্টারি করার আইন। (আইনটা উঠিয়াগিয়াছে)।

আইবুড়া ··ণ. (সং অব্যূঢ়-অয়বুঢ়-অইবুড়-আইবুড়া। য় স্থানে ই হয়। ওং অবিহড়া)। অবিবাহিত। অবিবাহিতা। আইবুড়া ভাত···অব্যূঢ়া কন্যা পিতৃগৃহে যে শেষ ভাত খায়। বিবাহের পর কন্যার গোত্রান্তর হয়। (অবিবাহিত বালক ও যুবকেরও আইবুড়া ভাত হয়।

আইয়ো ··এয়ো দেখ।

আইল, আল ··ষ্য. (সং আলি)। ক্ষেতের আলি বা নিম্ন বন্ধ। আইল পথ ··ক্ষেত্রের আলি-রূপ পথ।

আইলপনা, আলপনা··ষ্য. (সং আলিম্পন, আলেপন)। (প্রায়ই শাদা রঙ্গের) পিটালীর জল দিয়া চিত্র করণ।

আইষ, আঁষ ··ষ্য. (সং আমিষ—মাংস)। বাংতে (প্রায়ই) মৎসের শল্ক, মৎস মাংস, প্রঃ—আইষ বোঁটি, আঁষ হাঁড়ী। (মাছের শল্ক। এই অর্থে ও-ংতে কাতি—সং কাত =শল্ক; হিং চোয়া, ছিলকা; মং খবল। চারি ভাষায় চারি শব্দ থাকাতে সিদ্ধ হইতেছে, সং আমিষ শব্দের অর্থ-সম্প্রসারণে বাং অর্থ)। আইষ ফল, আঁষ ফল ··ষ্য.। ফল তরু (Nephelium longan)। লিচু গাছের জাতি। লিচুর ফুলদল নাই, আইষ ফলের আছে। উভয়েই পুং ও স্ত্রী পুষ্প পৃথক, কিন্তু একই বৃক্ষে। ফল গোলাকার মসৃণ, আপীতরক্ত, এক আঙ্গুল, বীজ আমিষ-গন্ধ শাঁসে আচ্ছাদিত।

আইঁষ্টিয়া, আঁষ্টে ··ণ. (সং আমিষতা+বাং-ইয়া)। আমিষ—মাছের গন্ধ-যুক্ত।

আঈ, আয়ী··ষ্য. (সং আর্য্যা, আর্য্যিকা)। পিতামহী, মাতামহী (আজা দেখ)

আঈ-শাশ ··ষ্য. (শ্বশ্রূ—শাশূ-শাশ)। শ্বাশুড়ীর মা।

আউছ, আঁছ··ষ্য. (সং আচ্ছুক; ওং আছু)। আচ্ছুকাদি বর্গের ছোট তরু বা ক্ষুপ (Morinda citrifolia)। ফুল শাদা সুগন্ধ; অনেক একত্র হয়, অনেক ফল একত্রে জুড়িয়া যায়। শিকড়ের ছালে (প্রায়) পাকা হলুদা ও লাল রঙ্গা হয়। হিন্দুস্থানের আল রঙ্গের স-জাতি।

আঁউ মাঁউ ··ব্য.। ব্যাকুলতায় আঁ মাঁ শব্দ। তুং কাঁউ মাঁউ, প্রঃ—আও মাও করএ জম দাঁতে করএ খড় (শূং পুঃ)।

আউদড় ··ণ. (সং উদগ্র। আদুড় দেখ)। অবদ্ধ, উদ্ধৃত (কৃত্তিঃ, কবিকঃ)।

আউন্‌স ··ওজন দেখ।

আউরা ··ধাতু. (সং আরু পিঙ্গলবর্ণ; সং আরু—ব্রণ)। আউরাই—পিঙ্গলবর্ণ হই। ফোড়া আউরাইয়াছে, আউরেছে,—লাল হয়েছে, সুতরাং ব্যথা দিতেছে॥ আউরানা। (inflammation)।

আউল ··ষ্য (সং আকুল, বাতুল)। বাউল, আকুল, প্রঃ—বাউলকে কহিও লোক হইল আউল (চৈঃ চঃ)। আউলিয়া, আউলো ··বাতুল-প্রায়।

আউল, আউলা ··ধাতু. (আলা ধাতু দেখ)। আউলাই—মোচন করি, প্রঃ—আউলিয়া কবরী—জ্ঞানদাস। প্রঃ—আউলাইল মাথার কেশ—চৈতন্যমঙ্গল।

আউশ ··ষ্য. (সং আশু—শীঘ্র)। ধান দেখ।

আএন্দা ··ণ. (ফাং। তুং সং আয়ান্ত)। আগামী, প্রঃ—আএন্দা সন; তুং আসছে বছর।

আএব ··আয়েব দেখ।

আওজ ··ধাতু. (সং আ-বৃজ—আ-বর্জন, ঈষৎ মোচন, দান)। আওজি—ঈষৎ ত্যাগ বা মোচন করি॥ আওজা॥ (কপাট আওজিয়া—আওজে—শোনা যায়; সুতরাং আওজ ধাতু স্বীকার করিতে হইতেছে।)

আওজা ··ধাতু. (সং আবর্জিত হইতে)। আওজাই—ঈষৎ মুক্ত বা ত্যক্ত করি॥ আওজানা॥

আওট··ধাতু (সং আ-বৃত—আ-বর্তন)। আওটি—দুগ্ধাদি আলোড়ি; পিত্তলাদি ধাতু দ্রব করি; প্রঃ—দুগ্ধ আওটি দধি মথে তোমার গোপী (চৈঃ চঃ)॥ আওটা, আওট॥

আওটা ·ধাতু. (সং আবর্তিত)। আওটাই—আলোড়িত, দ্রবীভূত করি॥ আওটানা॥ প্রঃ—কেহ বা আছিল দুগ্ধ আবর্ত্তনে চুলাতে রাখি বেসালি (চণ্ডীঃ)।

আওড় ··ধাতু. (সং আ-বৃত-আবৃত্তি)। আওড়ি—পাঠ করি। (কবিতা আওড়িয়া, আওড়ে-শোনা যায়।) আওড়া॥

আওড়া ··ধাতু. (সং আবৃত্ত হইতে)। আওড়াই—আবৃত্ত করি॥ আওড়ানা॥

আওতা ··ষ্য. (সং আবৃত)। আবৃত স্থান; ছায়া; প্রঃ—আওতার গাছ।

আঁওদ ·ষ্য. (সং বন্ধ, বধ্রী—চর্মরজ্জু। শূং পুঃ আঙদ)। লাঙ্গল দেখ।

আঁও-মাঁও, আঁউ-মাঁউ ··ব্য. (আঁ-হাঁ, আঁ-মা)। ভয়ে বিহ্বলতায় হা মা ধ্বনি। তুং কাঁও মাঁও।

আওয়া ··ষ্য. (সং অর্শ)। নাকের অর্শ (polypus of the nose)। গোর্ দেখ।

আওয়াজ ··ষ্য. (ফাং আবাজ; তুং সং আ-বাদ্য—আ-শব্দ)। বাদ্যযন্ত্রের শব্দ (তুং পাখোয়াজ); গলার শব্দ।

আওয়ারী··ষ্য. (সং আবরী)। মধ্য-স্থিত আবৃতি বা আবরক। বাড়ী, প্রঃ—সাথে ফিরে আওয়ারি আওয়ারি (কবিকঃ)। (অপ্রচঃ)। আচীর দেখ।

আওয়াস ··ষ্য. (সং আবাস)। প্রাচীন বাং (বর্তমান ওং) -তে রাজপ্রাসাদ।

আওরৎ ··ষ্য. (আং)। স্ত্রীলোক।

আওর্দা ··ষ্য. ··(সং আবর্ত)। গানের ছন্দের পূর্ণ আবৃত্তি বা ফের।

আওল ··ণ (অং অব্বল)। শ্রেষ্ঠ, প্রথম, প্রঃ—আওল জমি,-দই।

আওলাত ··ষ্য (আং অউলাদ—সন্ততি)। ভূসম্পত্তি।

আওসা ··গোর্ দেখ।

আঁক ··ষ্য. (সং অঙ্ক)। সঙ্খ্যা-সন্নিবেশ; গণিত। আঁক কষা—গণিতের ফল নিষ্কাশন। আঁক-ছরা, আঁক-চরা ··ষ্য. (সং অঙ্ক-ছটা—চিহ্ন-সমূহ বা চিহ্ন-রেখা)। চিহ্নশ্রেণী, দাগ; প্রঃ—আঁকছরা পাড়া, কাটা। আঁক কাটা ·দাগকরা।

আঁক ··ধাতু. (সং অনক ধাতু -চিহ্নীকরণ) আঁকি—চিত্র লিখি, চিহ্ন করি॥ আঁকা॥ ভাত আঁকা ··পুড়িয়া চিহ্নিত হওয়া।

আকনাদি ··ষ্য. (সং বিদ্ধকর্ণী, অবিদ্ধকর্ণী। হিং আকনাদি; ওং অকান-বিধি)। গুড়ুচীর মতন লম্বা লতা (Stephania hernandifolia) কিন্তু সরু। বেড়ায় ও গাছে চড়িয়া ঝোপ করিয়া থাকে। ফুল অত্যন্ত ছোট। পাতার মাঝে বোঁটা, এই হেতু সং নাম, কর্ণ—পাতা—বেঁধা যায়। (অন্য চলিত নাম নিমুকা)।

আঁকনি, আকনি ··ষ্য. (আঁকা+পানি= আঁকানি, আঁকা-জল। ফাং আখনী, য়াখনী—মাংসর কাথ)। পলাও বাঁধিবার নিমিত্ত মাংসাদির প্রস্তুত রস।

আকন্দ ··ষ্য. (সং অর্ক, মন্দার,—মন্দারশ্চা-

হর্কপর্ণে—অঃ। অর্ক ও মন্দার, দুই নাম মিশিয়া বা° নাম আক-ন্দ; অর্ক দেখ; অর্ক হইতে ও° অরখ নাম; হি° আক এবং মদার, দুই-নামই আছে, বিশেষতঃ মদার)। অর্কাদি বর্গের ক্ষীরী ক্ষুপ (Calotropis gigantea)। শ্বেতআকন্দ··ষ্য. (স° শ্বেতার্ক)। যে আকন্দের ফুল শাদা। ছোট ক্ষুপ (Calotropis procera)। পাপড়ী ঊর্ধ্বমুখী,। (অধিক দেখা যায় না)। প্রবাদে—শুখনা ঘায়ে আকন্দের আঠা-আকন্দের ক্ষীর-আঠা ঘা-ক্ষতের না কি ঔষধ; কিন্তু যে ক্ষত শুখাইয়াছে তাহাতে এই ক্ষীর-প্রয়োগ অনাবশ্যক এবং ক্ষতের উত্তেজক। অনাবশ্যক কলহ কিংবা বিঘ্ন উৎপাদন; যে কলহ মিটিয়া গিয়াছে, তাহার পুনঃ উত্থাপন।

আকরকরা··ষ্য. (স° অকর, অকরকরর; এই নাম অমর হেমচন্দ্রাদি কোশে নাই; ভাবপ্রকাশে আছে,—উদয় চাঁদ)। সোম-রাজী-আদি বর্গের শাক (Anacyclus pyrethrum)। মূল (pellitory) ঔষধে লাগে।

আকল··ষ্য (স° কলি হইতে?)। মাংস-পিণ্ড, কড়া,—পায়ে আকল হয়। (ও° বিণ্ড, হি° ঘট্টা)।

আকড়ষী, আঁকুড়ষী···ষ্য. (স° আকর্ষী)। ফল-পুষ্পাদি পাড়িবার অঙ্কুশ; প্রঃ—রূপার আঁকুড়সি হাথে রূপার পুষ্পসাজি (শূং পুঃ)।

আকর্ষ··ধাতু. (স° আ-কৃষ-আকর্ষণে)। আকর্ষি—টানি। (পদ্যে)।

আঁকশলী··ষ্য. (স° অক্ষ-শলাকা)। ঢেঁকী দেখ।

আঁকশী···আঁকুশী দেখ।

আকসার··ব্য. (আ°)। সর্বদা।

আঁকা··ধাতু. (আঁক ধাতু আস্তে)। আঁকা-ই—অঙ্কিত করাই॥ আঁকানা॥

আঁকা··ণ. অঙ্কিত, চিহ্নিত; জলাভাবে দগ্ধ। আঁকা-জোখা—(জোখা দেখ)। আঁকা এবং মাপা। আঁকা-বাঁকা··ণ. (স° অনক ধাতু—গতি, অক ধাতু বক্রগতি; বনক ধাতু গতি, কুটিল গতি; অতএব আঁকা-বাকা সহচর শব্দ)। এদিকে ওদিকে বাঁকা।

আ-কাচা···ণ. (কাচা দেখ)। কাচা বা ধোয়া নয়।

আ-কাটা··ণ (কাট ধাতু)। কাটা হয় নাই যাহা; প্রঃ—ধান আ-কাটা পড়িয়া আছে।

আ-কাঠ··ণ (আ সাদৃশ্যার্থে)। কাষ্ঠ-সদৃশ কঠিন, নীরস, শুষ্ক। প্রঃ—আকাঠ মূর্খ,—নিরেট মূর্খ; আকাশের আকাঠ ধরণ—আকাশের কাষ্ঠবৎ শুষ্ক ভাব।

আ-কাঁড়া···ণ. (কাঁড় ধাতু)। কাঁড়া হয় নাই যাহা; প্রঃ—আকাঁড়া চাউল।

আঁকাড়··ধাতু. (স° আক্রোড় হইতে? তু° এক আঁকাড় ধান—দুই হাতে বেষ্টন করিয়া ধরিলে যত ধান গাছ-ধরা যায়। অঙ্কীকৃত, অঙ্কধৃত হইতে আকড়ানা? বা° আঁকাড়, ও° আকোটি, শূং পুঃ আকড়। হি° অকবার, অঁকবাব; হি° কৌলী (কোল হইতে)। আঁকাড়ি—বাহু দ্বারা বেষ্টন করি। প্রঃ—আঁকাড়ি করিয়া দানা পুরিছে বদন (কবিকঃ)॥ আঁকাড়া॥ আঁকাড়·· ষ্য. দুই বাহু দ্বারা বৃত্ত করিলে যে পরিমাণ,

হয়। আঁকড়া-আঁকড়ি, বস্তুতঃ আঁকাড়া-আঁকাড়ি ··দুই জনে পরস্পর ধরা।

আঁকাড়া ··ধাতু. (আঁকাড় দেখ)। আঁকাড়াই, আঁকড়াই—অঙ্কে ধারণ করি॥ আঁকাড়ানা, আঁকড়ানা॥

আ-কামানা ··ণ. (কামা ধাতু দেখ)। কামানা হয় নাই যাহা।

আকার ··ষ্য. (সং)। মূর্তি, দেহ।

আকার-ঈঙ্গিত ··ষ্য. (সং; সহচর শব্দ)।

আকার-প্রকার ··ষ্য. (সং; সহচর শব্দ)।

আকাল ··ষ্য. (সং অকাল। হিং অকাল, আকাল, ওং অকাঠ। সং নিষেধার্থ অ বাংতে আ হইয়া থাকে)। দুঃসময়, দুর্ভিক্ষ, অভাব।

আকাশ (গ্রাং আগাশ) ··ষ্য (সং)। নভঃ। আকাশের গতিক ··বায়ুর অবস্থা (weather)। আঃ ঘোর করা···মেঘাবৃত হওয়া। আঃ কাটাল করা ··নির্মল হওয়া। আঃ চকশা করা ··মেঘ বৃষ্টির পর দীপ্ত হওয়া। আঃ ধরণ করা ··বৃষ্টি ধরিয়া যাওয়া,না হওয়া। আকাশ-পাতাল অন্তর ··বহু প্রভেদ। আকাশ-পাতাল ভাবা···একবার উর্ধ্বে বহু উর্ধ্বে একবার নিম্নে বহু নিম্নে দৃষ্টি করিয়া চিন্তা। হাতে আকাশ পাওয়া ··যাহা আকাশের তুল্য শূন্য বোধ হইতে ছিল, তাহার মূর্তিমান হওয়া, দুরাশা সিদ্ধ হওয়া। আকাশ ভাঙ্গিয়া পড়া ··অতিশয় বর্ষা। আকাশ ভাঙ্গিয়া মাথায় পড়া ··বিষম বিপদে, শোকে পড়া; প্রাং—শুনে রঞ্জাবতী শোকে করেন হায় হায়। আকাশ ভাঙ্গিয়া যেন পড়িল মাথায়॥ (মাঃ)। আকাশ-প্রদীপ ··কার্তিক মাসে আকাশে প্রদীপ জ্বালা। আকাশ-গঙ্গা ··আকাশের তারাময় নদী (milky way)।

আকাশ-বালি ··ষ্য. (সং আকাশবল্লী। হিং অমর বেল)। পররক্ষজীবী, সরু, পত্রহীন, হরিদ্বর্ণ লতা (Cassytha filiformis)। ফুল ছোট ছোট। ফুল দল ৬, পুংকেশর ৯ কিংবা ৬। বাহিরের দুই সারির কেশরের পরাগাশয় ভিতর দিকে, অন্য সারির পরাগাশয় বাহির দিকে খোলে। (আলগা লতা দেখ)।

আকিঞ্চন ··ষ্য. (সং)। দীনতা; অনুনয় বিনয়।

আঁকু-বাঁকু (করা) ··ষ্য. (আঁকা-বাঁকা দেখ)। ব্যাকুল ভাবে চেষ্টা, একবার আগানা পরবার পাছানা। (রূপান্তর, আঁকু-পাঁকু, হাঁকু-পাকু)।

আঁকুড় ··ষ্য. (সং) অঙ্কুর; অঙ্কুরোহভিনবোদ্ভিদি—অঃ; অঙ্কাতে লক্ষ্যতেহনেন—অঃটীঃ; অতএব অঙ্কুর অর্থে অভিনব উদ্ভিদের কেবল উর্ধ্বগামী অঙ্গ বুঝায় না; কিন্তু প্ররোহাহঙ্কুরঃ—হেঃ)। বীজ হইতে নবজাত উদ্ভিদ।

আঁকুড়া ··ষ্য. বড় আঁকুড়ী (লাঙ্গল দেখ)।

আঁকুড়ী আঁকড়ী···ষ্য. বীজের অঙ্কুর প্রায়ই বাঁকিয়া বাহির হয়; ইহা হইতে অঙ্কুশ; অঙ্কুশাকার চিহ্ন, প্রাঃ—ক-এ আঁকড়ী; লতাদির প্রতান (tendril)।

আকুল-ব্যাকুল ··ষ্য. (সং; সহচর শব্দ)। অতিব্যাকুল, বিহ্বল। আকুলি-ব্যাকুলি (গ্রাং হাকুলি বিকুলি) ··ষ্য. আকুলতা, ব্যাকুলতা।

আকুতি-ব্যাকুতি···ষ্য. (সং আকূত, ব্যাকুত ; সহচর শব্দ)। আকূত—অভিপ্রায়, মনের ভাব, ব্যাকুত-ভঙ্গি ; মনের ভাব জানাইতে অঙ্গভঙ্গি।

আঁকুশী···ষ্য. (সং অঙ্কুশ, অঙ্কুষ ; ওং আঙ্কুশি)। অঙ্কুশ, আঁকুড়ী। (সং আকর্ষী, আকর্ষণী হইতে বোধ হয় না ; কারণ তাহা হইলে আঁ-(কুশী) হইত না ; চণ্ডীদাস আঁকৃষি—সং অঙ্কুষ ; কৃত্তিবাসে আঁকড়ি অন্য শব্দ)।

আকৃতি-প্রকৃতি···ষ্য. (সং সহচর শব্দ)। প্রঃ—আকৃতে প্রকৃতে তোমার ঈশ্বর লক্ষণ (চৈঃ চঃ)।

আঁকোড়···ষ্য. (সং অঙ্কোট, অঙ্কোল ; ওং ধলাঙ্কু—শ্বেত অঙ্কোল)। ক্ষুপ বা ছোট তরু বিশেষ (Alangium Lamarckii)। পাতা একোত্তর। সরু ডাল পরে কাঁটা (শল্য) হয়। ফুল শাদা ফল প্রায় জামের মতন। কাঠ শক্ত, শাদা, ছড়ী হয়। কোথাও কোথাও বাঘ-আঁচড়া বলে)।

আক্কেল···ষ্য. (আং আকল্)। বুদ্ধি, বিবেচনা, সংসারবুদ্ধি। আঃ দেওয়া··· শেখানা, ঠেকাইয়া শেখানা, প্রতিশোধ দেওয়া। অঃ গুড়ুম···বুদ্ধিলোপ। বুদ্ধিতে তোপ দাগা (?)। আঃ সেলামি···বুদ্ধিদোষের দণ্ড। প্রবাদে—পাগল কি গাছে ফলে, আক্কেলেতে পাগল বলে। আক্কেলমন্ত···ণ. (আকল্+ফাং মন্দ), বুদ্ধিমান্, সংসারজ্ঞানবান্। বে-আক্কেল···ণ. অজ্ঞান। বে-আক্কেলী···ণ অজ্ঞানের যোগ্য।

আক্রা···ণ. (সং অক্রেয় ; হিং অকরা, ওং অকরা)। দুর্মূল্য।

আক্ষেপ···ষ্য. (সং)। (সং-) আকর্ষণ ; রোগবিশেষে দেহের আক্ষেপ (convulsion) হয় ; (সং-) ভর্ৎসনা—মনের আক্ষেপ ; (বাং) মনস্তাপ, খেদ।

আখ (গ্রাং আক)···ষ্য. (সং ইক্ষু ইষ্যতে ভোক্তুং বাঞ্ছাতে—অঃটীঃ ; ওং আখু ; হিং ঊঁখ, ঈখ ; মং উস ; ঢাকায় আউখ, কুষইর (দেখ)। মিষ্ট-রস প্রসিদ্ধ তৃণজাত ওষধি (Saccharum officinarum)। আখের ভেদ,(১) দেশী···সরু সোজা শ্যামবর্ণ, ছোটপাব, সহজে ত্বক্ ছাড়ান যায় না। এই আখের চাষ বঙ্গদেশ হইতে প্রায় উঠিয়া গিয়াছে। (২) পুঁড়ী···সং পুণ্ড্র পৌণ্ড্রক (প্রাচীন গৌড়ের নিকটবর্তী পৌণ্ড্রবর্ধন নামক নগর ছিল ; উত্তম গুড় হইত বলিয়া গৌড় নাম (?), তেমনই পুণ্ড্র-ইক্ষুর জন্য পৌণ্ড্র-বর্ধন নাম (?)। রাঢ়ে এই আখের চাষ নাই কিন্তু ভারতের উত্তর পশ্চিম ও দক্ষিণে (হিং) পৌঁড়া নামে এই আখের চাষ আছে। এই আখ ছাড়াইয়া খাইবার যোগ্য। (৩) কান্তারী ···(সং কান্তার, ওং কান্তারী)। ওড়িশায় চাষ আছে। (৪) খড়ী···ত্বক্ শাদা, খড়ীর মতন ; এই কষ্টসহ এবং মিষ্টরসপ্রদ আখের চাষও কম হইয়াছে। (৫) কাজলা, কাজলী···(সং কজ্জল হইতে)। ত্বক্ আরক্তকৃষ্ণবর্ণ ; আখ রসপূর্ণ কোমল সরু কিন্তু সহজে রোগগ্রস্ত হয় ; চাষও কদাচিৎ হয়। (৬) বোম্বাই···(বোম্বাই নগরের নাম হইতে) স্থূল দীর্ঘ কোমল ত্বক্ আনীলরক্তবর্ণ; প্রায়ই রোগগ্রস্ত হয়। (৭) শ্যামসাড়া···(শ্যাম-পীতবর্ণ সার-ত্বক্ বলিয়া নাম ?)। এই আখ

যেমন রসাল তেমনই দীর্ঘ ও স্থূল হয়, ত্বক্ স্থূল কঠিন। বম্বে এই আখ এক্ষণে শ্রেষ্ঠ। আখের ডগা ··আখের অগ্রভাগ যাহা পুতিয়া নূতন গাছ করা হয়। আখ-মাড়া ·· আখ পিষিয়া রস বাহির করা। আখ-মাড়া গুঁড়ী ··রস বাহির করিবার কাঠের দেশীয় যন্ত্র (গুঁড়ী দেখ)। আখ মাড়া কল ··রস বাহির করিবার আধুনিক লোহার যন্ত্র। আখ-শাল ··(সং ইক্ষু-শালা)। আখের রস হইতে গুড় করিবার যন্ত্রাদি সহিত চালা। আখুয়া, এখো ··ণ. (আখ+উয়া)। ইক্ষু-জাত।

আখজ ··ষ্য. (আং)। আক্রমণ, বলপূর্ব্বক গ্রহণ (আখেজ দেখ।)

আখটি, আখুটি ·ষ্য. (সং অশ্বটি—অসদ্ ব্যবহার—শব্দকল্পঃ)। নির্ব্বন্ধ, প্রঃ— আখুটি করিল বেণে তাহার কারণ (কবিকঃ); বাল্যকালে নিমাই চঞ্চল অতিশয়। যে আখুটি করে তা ঈশান সমাধয়॥ (চৈঃ চঃ)। আখটিয়া, আখুট্যে ·· ণ (আখটি+ইয়া)। আখটি করে যে।

আখ্ড়া-বাখ্ড়া (গ্রাং এখ্ড়ো-বেখ্ড়ো) ··ণ (সং আখণ্ডিত বিখণ্ডিত)। ফাটা, ভাঙ্গা।

আখ্তা ··ণ. (ফাং)। ছেদিত মুষ্ক, প্রঃ —ঘোড়া আখ্তা করা।

আখ্থূ, হাখ্-থূ ষ্য। হোয়াক-হোয়াক থূ থূ, হুঙ্কার প্রকাশ; ঘৃণা। (হিং আখ্থূ)।

আখনি ··আকনি দেখ।

আ-খম্বা ··ণ. (সং স্তম্ভ—বাং থাম, ওং হিং —খম্বা। আ-সাদৃশ্যে)। স্তম্ভতুল্য দৃঢ়, প্রঃ —আখম্বা জোয়ান।

আঁখর ··ষ্য. (সং অক্ষর)। হাতের লেখা অক্ষর, অক্ষর। আঁখর কাটা, পাড়া ·· লেখা, দাগ কাটা। আঁখরিয়া, আঁখ্রে ··ণ (সং অক্ষরিক; বাং আঁখর+ইয়া)। লিপিদক্ষ। খুঁট-আঁখরিয়া, খুঁট-আঁখ্রে ··কদাকার অক্ষর যার, অল্পবিদ্যা যার। (খুঁট দেখ)

আখরোট ··ষ্য. (সং অক্ষোড়—অং, গিরিসম্ভবে পীলুবৃক্ষে-অঃ টীঃ; অন্য নাম কর্পরাল (অঃ), অক্ষোট, আক্ষোট)। আফগান স্থান হইতে ভুটান পর্য্যন্ত হিমালয়ে এই গাছ (Walnut. Juglans regia) আছে। ফল তৈলাক্ত। কাবুলী এই গাছের ফল (আখরোট) বিক্রয় করে। কিন্তু ফল অপেক্ষা কাষ্ঠ মূল্যবান। এই গাছে যে বৃহদাকার 'কর্পর'-খাপরা জন্মে, তাহা কাষ্ঠ অপেক্ষাও মূল্যবান। দেশী আখরোট ·· এরণ্ডাদি বর্গের তরু (Aleuritss triloba —Indian walnut, the candle-nut)। এদেশের গাছ, কিন্তু কোথাও প্রচুর নহে। ফল কাবুলী আখরোটের মতন তৈলাক্ত। আঁঠির মধ্যে ১-৫ বীজ থাকে। বীজের শাঁসে তেল আছে।

আখা ··ষ্য. (সং উখা)। উনান (দেখ)।

আখাড়া, আখড়া ··ষ্য. (সং অক্ষবাট; হিং আখড়া, ওং অখড়া, মং অখাড়া)। মল্ল-ভূমি; গীতবাদ্যাদি শিক্ষাস্থান, বৈষ্ণবদের কীর্ত্তনস্থান। আখাড়া-ধারী··আখাড়ার কর্ত্তা। আখড়া দেওয়া ··গীতবাদ্যাদির অনুশীলন।

আঁখি, আঁখ··ষ্য. (সং অক্ষি; ওং আখি; হিং আঁখি। আং আইন)। চোখ (পদ্যে)।

আঁখি-ঠার ··চোখ দিয়া ইঙ্গিত (ঠার দেখ)।

আখুঞ্জি ··ষ্য. (ফা°)। মুসলমানী ভাষায় মুসলমানী পাঠশালার শিক্ষক।

আখের ··ষ. (আ° আখীর)। অন্ত, ভবিষ্যৎ, শেষকাল। আখেরি ··ষ্য. শেষ। আখেরী ··ণ. শেষসম্বন্ধী। আখেরী কিস্তি ·· বৎসরের শেষের কিস্তি।

আখোজ, আখেজ ··ষ্য.. (সং আক্রোশ, আ° আখজ—গ্রহণ ?)। আক্রোশ, দ্বেষ।

আগ ··ণ. (সং অগ্র)। উচ্চতম, প্রঃ—আগ ডাল; আদ্য, প্রথম, প্রঃ—আগে চলা, আগে বলা (স্থান ও কাল—দুইএরই প্রথম)। আগে-পাছে ··ব্য. অগ্রে ও পশ্চাতে।

আগড় ··ষ্য. (সং অর্গল)। বাঁশের কপাট; পাতলা পাটার কপাট; যে কপাট কব্জায় ঝোলানা না থাকিয়া মাটির উপর চলে।

আগড়-বাগড়
আগড়ম্-বাগড়ম্ } ··ষ্য। আডম্বর; ইহা-উহা নানা কাজ। ছেলে-ভোলানা ছড়ায়, 'আগডম বাগডম ঘোড়াডম সাজে'—সমর-সজ্জা; যথা, আগর ডাগর ঘণ্টা ঘুমুরের ঘটা (মাঃ)। ডম—ডোম? যে ডোম আগে যায়, বাগ-বল্‌গা ধরে, যে ঘোড়ার সেবা করে (?)। পূর্বকালে ডোমেরা এই সব কাজ করিত এবং সৈনিক হইত।

আগড়া ··ষ্য. (সং অগ্রবর্তী-হইতে?; বা° আগ+ড়া; হিং অগড়া; ও° অগাড়ি)। চা'ল-শূন্য ধান, আগে-শীষের আগায় প্রায়ই জন্মে বলিয়া আগড়া।

আগত
আগত্রা } ··ণ. (সং অগ্রতঃ। ও° আসা° আগত; ও° আগত্রা, আগতুরা)। অগ্রতঃ, অগ্রিম। প্রঃ—আগত কল্য আসিবে—আগামী কল্য; আগত্রা একটাকা লও—অগ্রিম।

আগবাড়া ··ধাতু (সং অগ্রবর্তী)। আগ-বাড়াই—অগ্রবর্তী হই। আগবাড়াইয়া—আগ্‌বাড়িয়ে কাজ করা। প্রঃ—আগুবাড়ি পাঠাইল শচীর নন্দন (চৈঃ চঃ)॥ আগ-বাড়ানা॥

আগম ··ণ. (সং অগম্য)। অগাধ, প্রঃ—আগম জল। ষ্য. (সং)। বেদ-তন্ত্রাদি শাস্ত্র, (প্রায়ই) তন্ত্র। নিগম—বেদ; প্রঃ—আগমে আছে নিগমে নাই—অর্থাৎ তন্ত্রে আছে, বেদে নাই।

আগমনী ··ষ্য. (সং) মেনকার কন্যা গৌরীর পিতৃগৃহে অগমন বিষয়ক-গীত।

আগর ··ষ্য. (ই° auger)। কাঠে বড় ছিদ্র করিবার ভ্রমর-বিশেষ।

আগর-আলা ··ষ্য. (হিং আগরৱালা)। দিল্লীর পশ্চিমাংশের বৈশ্য-জাতি-বিশেষ। (অগ্রহা হইতে)

আগরি, আগুরি ··ষ্য. (সং উগ্রক্ষত্রিয়; উগ্রক্ষত্রি—আগরি)। হিন্দু জাতি বিশেষ।

আগল ··ষ্য. (সং অর্গল)। প্রতিবন্ধক, রোধ, রক্ষা। আগল-দার ষ্য. (সং অর্গল, +ফা° দার)। রক্ষক। আগলদারি ··ষ্য. রক্ষণের বেতন, রক্ষা-কার্য।

আগল, আগলা ··ধাতু (সং অর্গল হইতে ধাতু আগলা হইবার কথা; কিন্তু আগল,আগলা দুই রূপ আছে)। আগলি, আগলাই—

রোধ করি, রক্ষা করি ॥ আগলা। আগলানা। আগলানি ॥ দুয়ার-আগলানি ··বিবাহে বাসর গৃহদ্বার রক্ষার পারিতোষিক। আগলা ··ণ. অগ্রবর্তী; অগ্রে দত্ত, প্রাপ্ত, প্রঃ—আঃ টাকা।

আগা ··ষ্য. (সং অগ্র)। অগ্র। আগা-গোড়া —(অগ্র-মস্তক, গোড় (দেখ)-পদ-আরম্ভ)। আদ্যন্ত। আগা-পাস্তলা—আগা এবং পাস্তল (পাস্তলা দেখ)। অগ্র-মস্তক ও পদ—আদ্যন্ত; প্রঃ—কাজের আগা-পাস্তলা নাই। আগা-পাছা ··অগ্র ও পশ্চাৎ ভাগ। প্রবাদে—গোড়া কেটে আগায় জল—সর্বনাশ করিয়া শেষে উপায়-চিন্তা।

আগা (গ্রাং এগ) ··ধাতু. (সং অগ্র হইতে)। আগাই এগই—অগ্রে যাই ॥ আগানা এগনা ॥

আগাছা ··ষ্য. (সং অগচ্ছ=অগম—বৃক্ষ; কিন্তু, বাং অর্থ দেখিলে আ -(নিষেধে) +গাছা (গাছ+আ, অনাদরে আ;) তুং আ-ঘাসা)। ঘাস তৃণ এবং যাবতীয় ছোট বড় অ-কেজো গাছ।

আগাড়ী ··ণ. (সং অগ্রবর্তী)। অগ্রবর্তী, অগ্রগামী, আগামী। আগাড়ী-পিছাড়ী··অগ্রবর্তী ও পশ্চাৎবর্তী।

আগাদ ··ধাতু. (সং আঘাত হইতে। আঘাতা আগাদা ধাতু হইবার ছিল)। আগাদি—দুই খণ্ড লোহা পোড়াইয়া একত্র আঘাত করি, দুই খণ্ড লোহা পোড়াইয়া জুড়ি॥ আগাদা (to weld)।

আ-গাঁথা ··ণ. (গাঁথ ধাতু)। গাঁথা হয় নাই যাহা, প্রঃ—আ-গাঁথা মালা।

আগামি ··ণ (সং অগ্রিম)। অগ্রিম।

আগালী ··ণ (আগা+আলী; কিংবা আগাড়ী শব্দের রূপান্তর)। সম্মুখবর্তী। আঃ কাহার ··পালকীর আগে যে কাহার থাকে। আঃ পা ··চতুষ্পদ জন্তুর সমুখের পা। আগালী-পিছালী ··অগ্রবর্তী ও পশ্চাৎবর্তী।

আগু ··ব্য. (সং অগ্র)। অগ্রে। আগুপাছু, আগু-পেছু ··অগ্রপশ্চাৎ। ষ্য. অগ্র, প্রঃ—আগুতে বলা। আগু-বাড়া ··ধাতু. আগবাড়া দেখ। আগুয়ান ··ণ. (সং অগ্রবান্)। অগ্রবান্, প্রঃ—ইন্দ্র হৈলা আগুয়ান (ভাঃ)। আগুয়া,এগো ··ণ. (আগ+উয়া)। অগ্রবর্তী।

আগেমাগে, আগে-ভাগে ··অগ্র মার্গে, অগ্রভাগে, প্রঃ—আগে ভাগে হবি, বিধি সঙ্গে করি গেলা হেমন্তের ঘরে (ভাঃ); অন্যত্র, আগেভাগে উত্তরেন গিয়া (ভাঃ)। (অগ্রে এবং মার্গে কিংবা অগ্রমার্গে হইতে আগে-ভাগে,আগে-বাগে হইয়াছে। ম স্থানে ভ হয়, যথা, মহিষা—ভইষা (ঘি) ।)

আগুন ··ষ্য. (সং অগ্নি, ই-লোপে অগন্—আগন্—আগুন (গুণ শব্দ সাদৃশ্যে; তুং বেগুন); হিং মং আগ; ওং নিআঁ (গ্নিঅ —নিঅ, গ-লোপে); আসাং জুই=সং দ্যুতি)। অগ্নি। ক্রোধ। দুর্মূল্য। আঃ—ফোঁকা ··জ্বালাইতে ফুৎকার। আঃ দেওয়া ··অগ্নিদান, মৃত্যুর পর মৃতদেহে অগ্নিসংযোজন। আঃ লাগা ··অগ্নিসংযোগ, পোড়া, নষ্ট হওয়া। আঃ লাগানা··অগ্নিপ্রদান। আঃ হওয়া ··কাষ্ঠাদি জ্বালা, অগ্নিবৎ উত্তপ্ত হওয়া, ক্রুদ্ধ হওয়া। বাজার আঃ ··বাজারের পণ্য দুর্মূল্য। আঃ খাওয়া—পতির সহিত সহমরণ। আগুন-খাগী ··ষ্য. সহমৃতা সতী।

আগুয়ান ··ণ. (সং অগ্রবান)। আগ দেখ।

আগুসর ··ধাতু. (আগু+সর ধাতু)। আগুসরি—অগ্রসর হই, প্রঃ—শিবের হইল ক্রোধ নন্দী আগুসরে (ভাঃ)। (প্রাচীন পদ্যে)

আগুসার ··ণ. (সং অগ্রসর)। অগ্রসর (প্রাচীন পদ্যে)। ··ধাতু. আগুসারি—অগ্রসর হই (পদ্যে)।

আগোর ··ধাতু. (সং অর্গল হইতে, আগল ধাতু.)। প্রঃ—মন্মথ মন্ত্রী আগোরল বাট (জ্ঞানদাস)—আগলিল। (অপ্রচঃ)

আ-ঘাট ··ষ্য. (বাং আ-নিষেধে)। ঘাট নহে যাহা।

আঘাত ··ষ্য. (সং)। প্রহার। ঘা, ক্ষত। আঘাতা ··ধাতু.। আঘাতাই—নির্দয় হইয়া প্রহার করি॥ আঘাতা॥ আঘাতি মারি ··আঘাতিয়া—নিষ্ঠুর প্রহার। আ-ঘাতি · ণ (আ-ঘাটি ; কিংবা আঘাতী—হননশীল ?)। ন্যূন নয়, পরিপূর্ণ, প্রঃ—এবার আঘাতি ধান জন্মিয়াছে। আঘাত ··ধাতু. আঘাতি—প্রহার করি, প্রঃ—আঘাতিল শূল (কবিকঃ)। (অপ্রচঃ).

আ-ঘাসা··ষ্য. (সং ঘাস হইতে)। (১) ঘাসতুল্য গাছ, কিন্তু পরিচিত নহে। (২) ছাগের উদরে যে প্রথম কোষ্ঠে ঘাস থাকে (প্রায়ই ঘাসুয়া-ঘেসো)।

আঙ ··ণ. (সং আম)। আধ-পোড়া বা কাঁচা পোড়া, প্রঃ—আঙ হাঁড়ী, আঙ উনান—যে উনান সম্পূর্ণ শুখায় নাই। প্রঃ—গলে গেল আঙ হাঁড়ী উনান সহিত (মাঃ)।

আঙলা···অমলকী দেখ।

আঙ্ক···ষ্য. (সং ঙক)। ককারাদি বর্ণের সহিত ঙাদি অনুনাসিক বর্ণের যোগ-শ্রেণী। যথা, ঙক ঞ্জ ঙ্গা ঞ্চ ঞ্ছ ণ্ট ন্ঠ ম্প ম্ফ ইত্যাদি। প্রথম যুক্ত-বর্ণ ঙক হইতে শ্রেণীর নাম আঙ্ক হইয়াছে। আঙ্ক-ফলা···অনুনাসিক যুক্তবর্ণ-শ্রেণী। (আঙ্কফলার মধ্যে ঙ্য ঙ্র ঙ্শ ঙ্ষ ঙ্স ঙ্হ ধরা হয়, কিন্তু ভাষায় এরূপ বর্ণ পাওয়া যায় না।)

আঙ্গাট ··ণ. (সং অখণ্ড)। অখণ্ড (entire), প্রঃ—আখণ্ড কলার পাতে অষ্ট উপহার (মাঃ); বত্রিশা-আঠিয়া কলার আঙ্গটিয়া পাত (চৈঃ চঃ) – (যে কলাগাছের বত্রিশটা আঠিয়া আছে এমন গাছের অখণ্ড পাত)।

আঙ্গাটা, আংটা ··ষ্য. (সং অঙ্গুরীয়)। অঙ্গুরী-আকারে বাঁকা ধাতু-খণ্ড, প্রঃ—কড়াইর আঙ্গাটা।

আঙ্গা-রাখা ··ষ্য. (সং অঙ্গা-রক্ষক,-রক্ষণী)। (সং—) কবচ; সাঁজোয়া। (৩) গলার ডাঁন কিংবা বাঁ পাশে কাটা ঢিলা লম্বা জামা।

আঙ্গার, আঙ্গাবা···ষ্য. (সং অঙ্গার; সং আঙ্গার—অঙ্গার-সমূহ—শব্দকল্পঃ)। কয়লা, জ্বলন্ত কয়লা।

আঙ্গিনা···ষ্য. (সং অঙ্গন)। উঠান, প্রঃ—আঙ্গিনায় বান্ধিল ছান্দলা (কবিকঃ)। (প্রায়ই পদ্যে)

আঙ্গিয়া ··ষ্য. (সং অঙ্গ+ইয়া)। টান ছোট জামা।

আঙ্গুটী, আঙ্গাটী, আংটী···ষ্য. (সং অঙ্গুরীয়, অঙ্গুলীয়, অঙ্গুটীয়, সুতরাং আঙ্গুটী শব্দ সম্পূর্ণ, আঙ্গাটী সংক্ষিপ্ত। ওং আঙ্গুটি; হিং অঙ্গূঠী)। আঙ্গুলের বলয়। আঙ্গুট, আঙ্গাট···পায়ের আঙ্গুলের বলয়।

আঙ্গুঠী ··ষ্য. (সং অঙ্গুলীত্র)। স্থচ হইতে অঙ্গুলীত্রাণ।

আঙ্গুর ··ষ্য. (ফা° অঙ্গুর)। দ্রাক্ষা-লতার ফল (দ্রাক্ষা-লতা-Vitis vinefera, ফল-grapes)। কাশ্মীর এবং উত্তর পশ্চিমাঞ্চলে আঙ্গুর-গাছের প্রচুর কৃষি হইয়া থাকে। গ্রীষ্ম-কালে ফল পাকে। ইহার নানা জাত আছে। এক জাত কিস্‌মিস। ইহার শুখান ফল কিস্‌মিস। আর এক জাত মনক্কা।

আঙ্গুল, আঁগুল ··ষ্য. (সং অঙ্গাল)। আঁগুল। বুড়া আঃ ··প্রথম অঙ্গুলী; কড়ি, কড়িয়া আঃ ··কনিষ্ঠ; মাঝের আঃ···মধ্যম। গাঁঠ (দেখ)···সং গ্রন্থি। পাব (দেখ) দুই গাঁইঠের মধ্যভাগ। গলুই (দেখ)·· দুই আঁগুলের মাঝের গলি। আঙ্গুল দেওয়া ···বাধা দেওয়া। প্রবাদে, আঙ্গুল ফুলে কলা গাছ—গর্বে স্ফীত। (২) আঙ্গুলের বিস্তার, পরিমাণ। প্রঃ -চব্বিশ আঙ্গালে একহাত। আঙ্গাল-হাড়া ··ষ্য. (সং নাম নখ-ব্রণ; ওং নারগুণি; হিং ঘিনহী; মং নখরুড)। আঙ্গুলের নখের কষ্টকর ব্রণ-বিশেষ (whitlow)। আঁগুলের হাড়ের রোগ বলিয়া নাম।

আঙ্গুলা, আঁগুলা··ধাতু (সং অঙ্গাল হইতে)। আঁগুলাই—আঁগুল দিয়া স্পর্শ কিংবা উল্লেখন করি॥ আঙ্গুলানা, আঁগলানা॥

আঙ্গোঠ ··ষ্য. (সং অঙ্গুষ্ঠ)। পায়ের বুড়া আঙ্গালের আঙ্গাটী।

আঁচ···ষ্য. (সং অর্চি)। আগুনের তাপমাত্রা। আঁচ লাগা···ঈষৎ তাপ লাগা।

আঁচ··ধাতু. (সং অনচ ধাতু—অস্পষ্ট উক্তি)। আঁচি—অনুমান করি॥ আঁচা॥ আঁচা-আঁচি। আঁচ···অনুমান॥

আচ্‌কা···ব্য. (সং আচমৎকৃত)। চমৎকৃত করিয়া; অকস্মাৎ। (আচম্‌কা দেখ)। আচ্‌কা বর—কথাবার্তা নাই, অকস্মাৎ যে বর বিবাহার্থে আসে।

আচ্‌কান···ষ্য. (হিং অচকন)। সমুখে বোতাম দেওয়া লম্বা কোর্তা।

আঁচড়···ধাতু. (সং আ-চির ধাতু—বিদারণ, বধ)। আঁচড়ি—বিদীর্ণ করি॥ আঁচড়া॥

আঁচড়···ষ্য. (ওং রাঞ্চুড়ি, আঁপুড়ি)। রেখা বা উল্লেখন, প্রঃ—গায়ে আঁচড় লাগা। আঁচড়-কামড়···(সহচর শব্দ)।

আঁচ্‌ড়া···ষ্য. অ-কৃষ্ট ভূমিতে ঈষৎ হল-কর্ষণ। ছুতারের যে যন্ত্র দ্বারা আঁচড়-রেখা কাটা যায় (প্রায়ই ভাঙ্গা বাটালীর বারাং)।

আঁচড়া ··ধাতু. (সং আচীর্ণ হইতে)। আঁচড়াই —বিদীর্ণ, বিভিন্ন করি॥ আঁচড়ানা, আঁচড়ানি॥ (চুল আঁচড়া, আঁচড়ানা, দুই-ই বলা যায়)।

আচম্‌কা···ব্য. (সং আচমৎকৃত)। অকস্মাৎ।

আচমনী···ষ্য. (সং আচমনীয়)। আচমনীয় জল।

আচম্বিত···ণ. ব্য. (ওং আচম্বিত—চমৎকার; হিং আচম্ভিত; মং আচম্বর্ণে চমৎকৃত হওয়া। অতএব বোধ হয় সং আ-চম্ব ধাতু গতি হইতে)। চমৎকার, প্রঃ—আঃ কথা। অকস্মাৎ। (অব্যয় হইলে প্রায়ই আচম্বিতে (চৈঃ চঃ)।

আঁচল···ষ্য. (সং অঞ্চল)। শাড়ীর সম্মুখ ভাগ। প্রবাদে, বাহিরে সোনা আঁচলে গের - প্রার্থনীয় বস্তুর অনাদর। আঁচল

…স্ত্রী. (আঁচল+আ স্বার্থে)। আঁচলের চিত্রিত অংশ।

া-চষা…ণ. (চষ ধাতু)। অকৃষ্ট।

াঁচা ‥ধাতু. (আঁচ ধাতু আন্তে) ॥ আঁচানা ॥

াঁচা ‥ধাতু. (সং আচমন হইতে)। আঁচাই —ভোজনের পর মুখ প্রক্ষালন করি ॥ আঁচানা ॥

াচানক…ব্য. (হিং অচানক, অচানচক ; সং অজ্ঞানাৎ ?)। অকস্মাৎ, আচম্বিত।

াচাভুয়া (গ্রাং) ‥ণ. (সং আশ্চর্যভূত)। আশ্চর্য্যজনক ব্যাপার। প্রঃ—নাহি দেখি আয়তি কেবল আচাভুয়া (ভাঃ)।

াচার ‥ষ্য. (সং)। আচরণ, রীতি। আচার-ব্যবহার, আচার-বিচার ‥(সং) (সহচর শব্দ)। স্ত্রী-আচার ‥বিবাহকালে এয়ো নারীর দ্বারা বরের বরণ। আচারী… ণ. (সং)। সদাচারী।

াচার…ষ্য. (ফাং)। তেল-সরিসা-নুনযোগে রক্ষিত ফল। প্রঃ—লেম্বু কুলি আদি নানা প্রকার আচার (চৈঃ চঃ)।

াচার্য (গ্রাং আচাজ্জি)…ষ্য. (সং)। বেদাধ্যাপক, শিক্ষাগুরু (সং) ; গ্রহবিপ্র ; হিন্দু জাতি-বিশেষ। ভট্টাচার্য…ভট্ট—পণ্ডিত আচার্য।

া-চালা…ণ. (চাল ধাতু দেখ)। চালা হয় নাই যাহা।

াচীর…ষ্য. (সং ; তুং প্রাচীর) গৃহমধ্যস্থিত আবৃতি বা প্রাচীর, প্রঃ—ফুলের আচীর ফুলের প্রাচীর ফুলেতে ছাইল ঘর (চণ্ডীঃ)।

াচী…ষ্য.। আচীর।

চীল…ষ্য. (সং চর্মকীল, ক স্থানে চ ; ওং কন্ঠাজাই)। দেহের কীলবৎ চর্ম (mole)।

আ-চোট ‥ণ. (চোট দেখ)। যাহাতে কোদালের চোট পড়ে নাই, প্রঃ—আ-চোট মাটি ; পতিত বা অকৃষ্ট।

আচ্ছা…ণ. (সং অচ্ছ—নির্মল)। উত্তম, প্রঃ—আচ্ছা মানুষ, আচ্ছা কাজ। বহুত আচ্ছা—অতি উত্তম।

আচ্ছা ‥ব্য. (সং অস্তু-আচ্ছু-আইচ্ছা (ঢাকায়)—আচ্ছা ; ওং আছা)। সম্মতি-জ্ঞাপনে তথাস্তু, তাহা হউক।

আছ, আঁছ…আছু দেখ।

আছ…ধাতু. (সং অস ধাতু—বাং আছ, ওং অছ, মং আহ ধাতু। হিংতে এই ধাতু নাই, তৎপরিবর্তে সং ভূ ধাতু হইতে হ ধাতু)। ধাতু অসম্পূর্ণ, কেবল বর্তমান ও ভূতকালে বিভক্তি পায়। আমি আছি, ছিলাম। অন্য ক্রিয়া-যোগে, আছিলাম। প্রাচীন বাং আছিলোঁ, আছিনু, আছিলাম। আসাং আছিলোঁ। বর্তমান পদ্যে (কদাচিৎ) আছিলাম, আছিনু। যথা, করি-আছিলাম —করিয়া-ছিলাম (ব্যাকরণ দেখ)। ভবিষ্যৎ কালে থাক ধাতু বসে ; যথা, আমি থাকিব। এইরূপ, ভাব-অর্থে থাকা। চণ্ডীদাসে, আছিতে—থাকা অবস্থায়।

আছড়া…ষ্য. (ছড়া দেখ)। ছটা-ছড়া-জলকণা-শ্রেণী।…ষ্য. (সং আসার)। বৃষ্টি-পাত, পসলা।

আ-ছাঁকা…ণ. (ছাঁক দেখ)। ছাঁকা নয় যাহা।

আ-ছাঁটা…ণ. (ছাঁট দেখ)। কাটা, কাঁড়া নহে যাহা, প্রঃ—আঃ চুল, আঃ চাউল।

আছাড়…ধাতু. (সং অপ-স্থ-গতি, বিস্তারণ।

সং উৎকার—প্রসারণ, বিক্ষেপ)। আছাড়ি —অপসারি, দূরীভূত করি, বিস্তারি। ধান আছড়া—ধান পৃথক করিতে পাটার উপরে গাছ বেগে প্রহার করা। আছাড় ··ষ্য. বিস্তৃত বা লম্বা হইয়া পতন; (আছাড় খা)। আছাড়-কাছাড় (করা)··ষ্য. (আছাড় হইতে কাছাড় ?)। ব্যাকুলতায় বেগে উত্থান ও পতন। (কাছাড় দেখ)। আছাড় মারা ··বেগে নিক্ষেপ করা। আছাড় খাওয়া ··হঠাৎ পতন। আছাড় ··ষ্য. যে ছোট ধনুক দিয়া কাপাস-তুলা আছাড়িয়া ফোড়া—ফোটানা—হয় (সং নাম স্থূল-চাপ)। প্রঃ—বীর বলে বটে ভাল ধনুক আমার। আই আই লক্ষ্যা বলে আছাড় আবার॥ এমন ধনুক বীর ধরি নাই আমি। যায় তুলা ফুড়ে তিন বেলা তেলীর রমণী॥ (মাঃ)—অর্থাৎ তোমার ধনুক এত ছোট ও শীর্ণ-দেহ যে তাহাতে শর-নিক্ষেপ চলে না, কাপাস-তুলা ফোড়া চলে।

আছাড়া, আছড়া ··ধাতু. (সং অপসারিত)। আছাড়াই, আছড়াই—অপসারিত, বিস্তারিত করি॥ আছড়ানা॥

আ-ছানা···ণ. (ছানা দেখ) আছাঁকা।

আ-ছোলা···ণ. (ছুল দেখ)। ছুলিয়া মসৃণ করা হয় নাই যাহা, প্রঃ—আছোলা বাখারি।

আ-ছোঁয়া···ণ. (ছুঁ দেখ)। স্পর্শহীন, না ছুঁইয়া।

আজগবি···ণ. (হিং অজগুত; সং অতি-উদ্গত—অপূর্ব। আং আজনবী—অজ্ঞাত)। বিশ্বাস-অযোগ্য।

আজড়া···ধাতু. (সং জড়-জল ধাতু আচ্ছাদনে। আ-জড়া—আচ্ছাদন-হীন করা, খোলা। জড়া ধাতু দেখ)। আজড়াই—খুলি। কাপড় আজড়াই—বস্ত্রত্যাগ করি॥ আজড়ানা॥

আজব ··ণ. (আং)। চমৎকার, অদ্ভুত, প্রঃ —আজব শহর।

আঁজলা ··ষ্য. (সং অঞ্জলি)) অঞ্জলি, প্রঃ— এক আঃ জল, ফুল, খড়।

আজা ··ষ্য. (সং আর্যক; ও° অজা)। মাতামহ (রাঢ়ে অপ্রচঃ)। স্ত্রী°—আজী। (হিং-তে আজা—পিতামহ)।

আজাড় ··ধাতু. (সং জড়—পিণ্ড; আ-নিষেধে। ও° অজাড়। তু° উজাড়)। আজাড়ি—শূন্য করি, প্রঃ—বাটী আজাড়িয়া, শূন্য করিয়া, বাটীতে যে বস্তু আছে, তাহা অন্য পাত্রে রাখিয়া॥ আজড়া। আজাড় ··মুক্তি, অবসর; প্রঃ—'আজাড় পাইলে অন্য কাজে হাত দিবে। শূন্য, প্রঃ—হাত আজাড়। প্রঃ—পূর্ব্ব বৎসরের ঝালি আজাড় করিয়া (চৈঃ চঃ), ঝালি—ঝোল বা ছালা। অনাজাড়া ··ণ যাহা আজাড়া হয় নাই।

আজান ··ষ্য. (আং)। মসজিদে নমাজ করিতে আহ্বান।

আজি, আইজ, আজ···ব্য. (সং অদ্য সংপ্রাং অজ্জ। সং অদ্য—অইদ—আইজ —আইজ আসিয়াছে, সংপ্রাং অজ্জ হইতে নহে। অজ্জ হইতে আসিলে উচ্চারণ আজ হইত, আজি, আজি হইত না। তু° সং কল্য—বাং কালি, কাল। আজি স্থানে আজি, আজ্ পদ্যে)। অদ্য। আজি কালি ··অধুনা; আজি কিংবা কালি অল্প দিনের মধ্যে। আজি-কালি করা অনিশ্চিত সময় গ্রহণ, প্রঃ—আজি কা

করিতেছে ; আজি কিংবা কালি পরলোকে যাইবে এইরূপ লক্ষণ দেখাইতেছে।

আঁজি ··ষ্য. (সং অনূজ ধাতু প্রকাশে, ব্যক্ত-করণে ; তুং হিং এঞ্চনা -রেখা টানা)। সীমা-চিহ্ন, সীমা-রেখা।

আঁজি ··ষ্য. (আঁজি-সীমারেখা হইতে ; কিংবা সং রন্ধ্র-রাঁঝি-আঁজি)। পাকা গাঁথনির দুই ইঁটের মাঝের সন্ধি। আঁজি ধরানা ·· ইঁটের সন্ধিস্থলে চুণ শুরকি লাগানা।

আজ্ ··ব্য. (সং অদ্য)। অদ্য (প্রাচীন পদ্যে, গীতে)।

আ-জ্বালা ··ণ. (জ্বালা দেখ)। জ্বালা হয় নাই যাহা।

আজ্ঞাকারী ··ণ. (সং)। আজ্ঞানুবর্ত্তী।

আজ্ঞে ··ব্য. (সং আজ্ঞা)। মানার্হ ব্যক্তির প্রশ্নের উত্তরে। আজ্ঞা করুন। যে আজ্ঞে ··যে আজ্ঞা করিতেছেন, তাহা প্রতিপালিত হইবে। যে আজ্ঞে করা ··আজ্ঞানুবর্ত্তী থাকা।

আ-ঝালা ··ণ. (ঝাল দেখ)। ঝালা, জোড়া হয় নাই যাহা।

আ-ঝোড়া ··ণ (ঝুড় দেখ)। ডাল ঝোড়া —কাটা—হয় নাই যাহার, প্রঃ—আ-ঝোড়া বাঁশ—যে বাঁশের কঞ্চি কাটা হয় নাই।

আঞ্জনী··ষ্য. (সং অঞ্জন)। (১) চিক্কণ-দেহ ইষ্টকবর্ণ জেঠী-বিশেষ। (২) চোখের পাতার ধারে কষ্টকর ব্রণ (stye)। (৩) কৃষ্ণবর্ণ লৌহবৎ খনিজ বিশেষ (manganese ores such as braunite, pyrolusite and psilomelane)। মধ্য ভারতে ও দক্ষিণ ভারতে পাওয়া যায়।

আঞ্জা···ষ্য. (সং অন্তর জন্ম)। যত যত বৎসর অন্তরে নারীর সন্তান জন্মে। (নারী ভাষায় নদীয়ায়)

আঞ্জাম ··ষ্য. (আং ইন্তেজাম ; ফাং অঞ্জাম-শেষ। তুং সং অন্তম্)। নির্বাহ, সংগ্রহ।

আঞ্জীর ··ষ্য. (ফাং অঞ্জীর)। পেয়ারা ফল। (২) (সং অঞ্জীর)। ডুমুর বিশেষ (Ficus carica)।

আট, আঠ ··ণ. ষ্য. (সং অষ্ট—আঠ)। অষ্ট-সঙ্খ্যক, অষ্ট সঙ্খ্যা (৮)। আটই ··ণ. (ব্যাকরণ দেখ)। অষ্টম দিবস। আট-কলাইয়া ··(আট কলাই+ইয়া) অষ্টবিধ কলাই যোগে নব্য প্রসূতির তৃপ্তি সাধন রূপ কৃত্য, প্রঃ—অষ্টদিনে অষ্ট কলাই কৈল ধর্ম্মকেতু (কবিকঃ)। (কলাই শব্দ স্থানে কড়াই উচ্চারিত হইয়া আট-কলাইয়া শব্দ আটকুড়া-ইয়া-অপভ্রংশে আট-কৌড়ি হইয়াছে)। আট-কপালিয়া ··আঁটকুড়া দেখ। আট-খানা ··অষ্টখণ্ডে বিভক্ত, প্রঃ—আহ্লাদে আটখানা, হেসে আটখানা ; তুং একা লক্ষ্যা সমরে হইল আটখানা (মাঃ)—একা যেন আটজনের সমান সমর করিতে লাগিল। আহ্লাদে আটখান—যেন আটজনের আহ্লাদ একা ভোগ করিতেছে, কিংবা আহ্লাদে দেহ এত নুইয়া হেলিয়া বাঁকিয়া পড়িতেছে যেন আটখণ্ডে ভাঙ্গিয়া গিয়াছে ; তুং হেসে গ'লে যাওয়া, হেসে কুটি কুটি হওয়া। আট ঘাট বাঁধা ·সেতারে সা রি গা মা পা ধা নি সা—এই আট পর্দা বাঁধা ; লক্ষণায় সব দিক রক্ষা করা। (আট-পিঠা দেখ।) আট-চল্লিশ, আট চালিশ··ণ. ষ্য. (সং অষ্টচত্বারিংশৎ)। ৪০+৮ সঙ্খ্যক, ৪০+৮ সঙ্খ্যা। আট-চালা···চাল দেখ।

আটত্রিশ ··ষ্য. ণ. (সং অষ্ট-ত্রিংশৎ)। ৩০+৮ সঙ্খ্যক, ৩০+৮ সঙ্খ্যা। আটপলিয়া ·:·পল দেখ। আট-পহরিয়া, আট পহর্যে, আঁট-প'রে ··ণ (আট প্রহর+ইয়া)। অষ্টপ্রহর—দিন রাত ব্যবহার-যোগ্য, ঘরুয়া কাজের যোগ্য। আট-পিঠা আট-পিটা, আট-পিটিয়া, আটপিট্যে—ণ: (অষ্ট পৃষ্ঠ+আ, অষ্ট পৃষ্ঠ+ইয়া)। আট-দিকে—চারি-দিক+চারি বিদিক—পিঠ দিতে পারে যে, সব দিকের ঠেলা যে সহিতে পারে, সকল কর্মে পটু। প্রঃ—আটে-পিঠে দড় ত ঘোড়ার পিঠে চড়,—ঘোড়ায় চড়িতে হইলে সর্বাঙ্গ দৃঢ় হওয়া চাই। আট ভাজা···অষ্ট প্রকার খাদ্য ভাজা (গর্ভিণীর নিমিত্ত)। আট মঙ্গালা · ষ্য (অষ্ট-মঙ্গাল্য)। আট প্রকার মঙ্গাল দ্রব্য যোগে কৃত্য ; এই আট দ্রব্য নানাস্থানে নানাবিধ হইয়া থাকে। (২) বিবাহের প্রথম শুভ অষ্ট দিবসের কৃত্য ; ইহাও প্রত্যহ না হইয়া অষ্টম দিবসে হইয়া থাকে। ফলে, বিবাহের পর আট দিন শুভ গণ্য হইয়া থাকে। আট-ষট্টি ··ণ. ষ্য. (সং অষ্টাষষ্টি) ৬০+৮ সঙ্খ্যক, ৬০+৮ সঙ্খ্যা। 18।20ৎ

আট-সাট ··ষ্য. (হিং আটসাট, অরসট্টা—অনুমান, আনুমানিক মূল্য নির্ধারণ ; সং অড্ড ধাতু যোগ নির্বাহ, সদ ধাতু শরণ গতি ?)। আনুমানিক ব্যয়, ব্যয়ের আনুমানিক স্থূল বিবরণ ; প্রঃ—আট-সাট বাঁধিয়া কাজ করা (ইং এষ্টিমেট)।

আটক··ষ্য. (ওং হিং মং অটক ; সুতরাং সং মূল অনুমিত হয়। সং অট্ট-ধাতু (হিংসা) হইতে অট্টক করিয়া পরে অটক, 'আটক ? সং অ-টিক (গতি)-গতি-শূন্যতা ?)। গতি-রোধ, বিঘ্ন।

আটকা ··ধাতু. (আটক দেখ)। আটকাই —গতিরোধ করি॥ আটকানা॥

আটকাল···ষ্য. (ওং অটকল, মং অটকল, হিং অটকল ; বোধ হয় সং অট ধাতু ভ্রমণ, এবং কল ধাতু গতি, সঙ্খ্যান হইতে সহচর শব্দ)। অনুমান, নিশ্চয়, প্রঃ—রাত্রে দূরের জিনিষ আটকাল হয় না, অচেতন রোগীর আটকাল থাকে না।

আঁট ··ধাতু. (বাং আঁটা ; ওং আণ্টুআ—টান ; হিং অটনা, আঁটনা ; মং অটর্ণে—ভ্রমণ, আবর্তন, শুখানা। সং অট্ট ধাতু অতিক্রম, হিংসা, এবং অট্ট-আটা, ভাত, ক্ষৌম বস্ত্র ; যথা অট্টং ভক্তে চ শুষ্কে না ক্ষৌমেঽত্যর্থে গৃহান্তরে—মেঃ। সুতরাং সং অট্ট ধাতু বলিয়া বোধ হয়। মরাঠীতে অটর্ণে পদে সং অট (ভ্রমণ), আবৃত, এবং অট্ট এই তিন ধাতু মিলিয়াছে)। আঁটি—বন্ধন করি, রোধ করি, সমান হই ; প্রঃ,—কার সাধ্য আঁটে বিক্রমে এ দানবীরে (মেঘনাদ বধঃ)। আঠা ভাত কিংবা সূত্র দিয়া বাঁধি, প্রঃ—চিঠি-আঁটা ; টানি, প্রঃ—আঁটিয়া বাঁধা॥ আঁটা, আঁটনি॥ আঁটা-আটি॥ অনা-টন ··আঁটনের অভাব। (এই এক ধাতু হইতে আঁটা, আটা বা আঠা, ধানের আটি, অনাটন আটক প্রভৃতি শব্দে কোথাও ৺ আছে, কোথাও নাই)। আঁট, আঁট···ণ. অশিথিল, দৃঢ়-বদ্ধ ; প্রঃ—কথায় আঁট কাজে ছোট। আঁটাল ··ণ. দৃঢ়। আঁট-সাঁট, আঁটি-সাঁটি ··(আঁট ধাতু ও সাঁট ধাতু হিং—কুমন্ত্রণা, অংশদারি)। আঁটিয়া বাঁধা এবং

আত্মসাৎ করা; দৃঢ় বন্ধন; চাতুরী। প্রবাদে—নিজের বেলা আঁটি-সাঁটি পরের বেলা দাঁত কপাটি—পরের বেলা বাক্‌রোধ, নিরুত্তর হওয়া। আঁটা-সাঁটা···ণ. টান।

আঁট-কুড়া ··ণ. (সং আত্ত—হত কুল; ওং আণ্ঠু-কুড়া; সং কুল হইতে বাং কুড় দেখ)। পুত্রহীন, নির্বংশ; প্রঃ—ওরে বুড়া আঁট-কুড়া নারদা অল্পেয়ে (ভাঃ); হেরে বেটা আঁটকুড়া লজ্জা নাহি তোর (মাঃ)। স্ত্রীং—আঁটকুড়ী। আট-কপালিয়া আট-কপাল্যে ···ণ. অত্ত—হত কপাল—ভাগ্য যার (যশোরে)।

আঁটলী ··এঁটেলী দেখ।

আটা (উং আটা) ··ষ্য. (সং অট্ট; আঁট দেখ; ওং অটা, হিং মং আটা। বাং ভাত-জল, হিং দানা-পানী, মং আটা-পানী—এই তিন ভাষার ত্রিবিধ শব্দ হইতে লোকের সাধারণ খাদ্য বুঝা যাইতেছে)। গমের মোটা ময়দা। (২)বাবলার নির্যাস, ভাতের মণ্ড ইত্যাদি চট্‌চটা দ্রব্য, প্রায়ই আঠা। আটাল্ ··চট্‌চটা, প্রঃ—আটাল্ ভাত, মাটি; মাটির সঙ্গে প্রায়ই আঁটাল, গ্রাং এঁটেল। আটা-কাটি, আটা-কাঠি··· পাখী ধরিবার নিমিত্ত বটের ক্ষীর-মাখানা কাঠী ও সূতা।

আটা, আট্টা ··ষ্য. (আট+আ)। আট বিন্দুযুক্ত তাশের কাগজ।

আঁটা ··ধাতু. (আঁট ধাতুর আন্তে)। আঁটাই—দৃঢ়বদ্ধ করাই॥ আঁটানা॥

আটাইশ, আঠাইশ ··ণ. ষ্য. (সং অষ্টাবিংশ)। ২০+৮ সঙ্খ্যক, ২০+৮ সঙ্খ্যা। আটাশিয়া, আটাশ্যে ···(আটাইশ+ইয়া)। আটাইশ দিবস-সম্বন্ধী; আটাইশ দিবস। আটাত্তর ··ণ. ষ্য. (সং অষ্টাসপ্ততি)। ৭০+৮ সঙ্খ্যক, ৭০+৮ সঙ্খ্যা। আটানবই, আটানব্বই···ণ. ষ্য. (সং অষ্টানবতি)। ৯০+৮ সঙ্খ্যক; ৯০+৮ সঙ্খ্যা। আটান্ন ···ণ. ষ্য. (অষ্টা-পঞ্চাশৎ)। ৫০+৮ সঙ্খ্যক, ৫০+৮সঙ্খ্যা। আটাশি, অষ্টাশি ··ণ. ষ্য. (সং অষ্টাশীতি)। ৮০+৮ সঙ্খ্যক; ৮০+৮ সঙ্খ্যা।

আটাসিয়া ··ণ (আট-মাসিয়া—আট মাস+ইয়া)। অষ্টম মাসজাত। প্রঃ—আটাসিয়া, আটাস্যে ছেলে।

আটি ··ষ্য. (আঁট ধাতু দেখ; হিং আঁটী; ওং অটা, অটঙ্গা)। আঁটিয়া বাঁধা শস্য গুচ্ছ; প্রঃ—ধানের (আঁটি নহে) চারি হালায় এক আটি হয়। প্রবাদে, বোঝার উপর শাগের আটি—ভারী বোঝার উপরে এক আঁটি শাগ চাপাইলে ভার বৃদ্ধি হয় না; লক্ষণায়,দুরূহ কাজের সঙ্গে যৎসামান্য কাজ ধর্তব্য নয়।

আটিকা ··ষ্য. (ওং একাটিয়া শব্দের বর্ণ বিপর্যয়ে আটিকাএ—আটিকা)। এক জনের যোগ্য অন্নপাকের হাঁড়ী। জগন্নাথে আটিকা বাঁধা, আটিকা বন্ধানি করা—এক জনের ভোজন নিমিত্তঅর্থদান। প্রবাদে, বলরামের আটিকা খাওয়া—জগন্নাথদেবের আটিকা হইয়া থাকে বলিয়া তাঁহার সহিত বলরামদেবেরও হয়। লক্ষণায়, এক জনের নামে সাহায্য পাওয়া, অন্যের আশ্রয়ভাগী হওয়া।

আঁটিকা কলাই ··ষ্য. (সং—? হিং আঙকড়ী)। শিম্বাদিবর্গের বন্য কলাই বিশেষ (Vicia

sativa)। (ঠিকরা, খেঁড়ী ও আঁটিকা,—এই তিন দরিদ্রের বন্য কলাই।) পাতার ডাঁটার শেষভাগে আঁকড়ী থাকে। গাছ লতানিয়া।

আটিয়া, এট্যে ··আঁঠিয়া দেখ। (অস্থি হইতে আঁঠি, এবং অস্থির সদৃশ বলিয়া আঁঠিয়া। সং অট ধাতু হইতে আট, এবং আট+ইয়া (স্বার্থে)=আটিয়া মনে করাও যাইতে পারে। তুং অমরে করহাটঃ শিখাকন্দঃ। করহং পদ্মং ততোঽটতি বহির্গচ্ছতি—রায়ভরত।)

আট্ট ··ষ্য. (সং অষ্ট)। আট, প্রঃ—তিন আট্টে চোব্বিশ। আট্টা ··ষ্য. আট ফোঁটা-যুক্ত তাশ।

আঠা···ষ্য. (আঁট দেখ)। দ্রব্যাদি জুড়িবার চট্‌চটা রস, প্রঃ—আম্র আঠা (চৈঃ চঃ)। আঠাল ··ণ. (আঠা+ল)। আঠা-বিশিষ্ট।

আঠাইশ ··ণ. ষ্য. (সং অষ্টাবিংশ)। ২০+৮ সঙ্খ্যাক, ২০+৮ সঙ্খ্যা।

আঠার ··ণ. ষ্য. (সং অষ্টাদশ; শব্দ-শিক্ষা দেখ)। ১০+৮ সঙ্খ্যক, ১০+৮ সঙ্খ্যা। আঠারই, আঠারই···মাসের আঠার দিবস।

আঠা-কাঠী···আটা-কাটি দেখ।

আঠা-বট ··বট দেখ।

আঁঠি···ষ্য. (সং অস্থি, অষ্টি; সং অঠ্‌ঠী)। আম তাল কুল প্রভৃতি ফলের কঠিন খোলা-যুক্ত বীজ (stone)। (আঁটি নহে)।

আঁঠিয়া, এঁঠ্যে ··ষ্য. কলা শালুক পদ্ম প্রভৃতির মূলবৎ কন্দ (rhizome)।

আঁঠু, হাঁঠু ···ষ্য. (সং অষ্ঠীবান্ হইতে অষ্ঠী শব্দের বিকারে; জানু-অস্থি—অষ্ঠি; ওং আষ্ঠু)। উরুসন্ধি, জানু। (বাং-তে সং জানু শব্দও চলিত আছে)।

আড্ডা···ষ্য. (সং অট্ট—প্রাসাদের উপরের গৃহ)। মিলন-স্থান, আশ্রয়। আড্ডা করা···অল্প সময়ের নিমিত্ত বাসস্থান করা। আড্ডা গাড়া···বাসের নিমিত্ত গৃহের বংশাদি পোতা, (নিন্দার্থে) বাসস্থান করা। তুং গুলীখোরের আড্ডা, বদ্‌মায়সের আড্ডা।

আড় ··ণ. (সং অর্ধ)। আধ, ঈষৎ, অপূর্ণ। প্রঃ—আড়-পাকা—অর্ধপক্ক, আড়-পাগলা—ঈষৎ পাগল, আড়-বাঁকা—অর্ধ-বক্র, আড়ময়লা—ঈষৎ মলিন, আড়-চোখে—অর্ধনেত্রে, আড়খেমটা—অর্ধখেমটা তাল (আড়া দেখ)। আড়-ফাবড়া···ছোট বংশখণ্ড, ঠেঙ্গাড়ার নিক্ষেপ্য-প্রহরণ।

আড় ··ষ্য. (সং অন্তরাল)। অন্তরাল, প্রঃ—চোখের আড় করা—দূরে রাখা, ইন্দ্রজিৎ মেঘের আড়ে থাকিয়া যুদ্ধ করিত। (প্রাচীন রূপ, আয়ড় (য় আগম, কিংবা আলি-আড়ি হইতে; তুং আড়ি পাতা)—চক্ষের আয়ড় (মাঃ)।

আড় ··ষ্য. (সং অরাল)। কুটিলতা, তির্যক ভাব, প্রঃ—শিশুর কথার আড় ভাঙ্গে নাই অস্পষ্টতা যায় নাই।

আড়···ষ্য. (সং আয়তি-দৈর্ঘ)। দিক, প্রস্থ, বিস্তার, পাশ; প্রঃ— নেহালে পর্ব্বত আড়ে—দিকে, পাশে (এই অর্থে ওং-তে আড় শব্দ বহু প্রচলিত); প্রঃ—আড়ে চারি হাত, আড়ে দীর্ঘে সমান—বিস্তারে। আড় পার হওয়া—বিস্তার পার হওয়া। আড়ে গেলা—না চিবাইয়া গালের পাশ দিয়া গেলা। আড়-কাঠ···ঘরের আড়া (দেখ)।

আড়-কাটি···ষ্য. (ইং রিক্রুটার হইতে; Cooly recruiter)। কুলী মজুরসংগ্রাহক।

আড়-গড়া…ষ্য. (সং কাষ্ঠ-গৃহ, কাষ্ঠাগার হইতে কাঠ-গড়া—কাড-গড়া—আড়-গড়া)। (প্রায়ই) ঘোড়া রাখিবার নিমিত্ত কাঠ দিয়া ঘেরা ঘর।

আড়-চাল…লাঙ্গাল দেখ।

আঁড়ং…ষ্য. (হিং অড়ঙ্গা)। গঞ্জ।

আড়ং বাড়ং…ণ. (হিং অড়ঙ্গা বড়ঙ্গা)। বাঁকা, মোড়া।

আড়ত…ষ্য. (হিং ; আড় হইতে ? আড়—অন্তরালে থাকিয়া কাজ ? সং সার্থবাহ শব্দের সার্থ হইতে ?)। পরের নিমিত্ত পণ্য বিক্রয় ; পণ্য-বিক্রয়-স্থান। আড়তদার…ঐ কর্মে নিযুক্ত লোক। আড়তদারি…ষ্য. আড়তদারের কর্ম, বেতন। আড়তদারী…ণ. আড়তদার-সম্বন্ধী।

আড়ষ্ট, আড়…ণ. (সং আকৃষ্ট—আ-করষ্ট—আরষ্ট—আড়ষ্ট। সং অডস)। শীতভয়াদিতে আকৃষ্ট—কুঞ্চিত।

আড়া…ষ্য. (সং আলি। ওং আড়ি)। পুষ্করিণী আদি জলাশয়ের পাড়, প্রঃ—পোখরি আড়ে (কবিকঃ)।

আড়া…ণ. (সং অর্ধ। আঁড় দেখ)। অর্ধ-পরিমিত, প্রঃ—আড়া-ঠেকা তাল…ঠেকা বা কাওয়ালী তালের এক পদ দুই অর্ধে বিভক্ত বলিয়া (তাল দেখ)। আড়া-খেমটা…খেমটা তালের এক পদ দুই অসম মাত্রায় বিভক্ত বলিয়া। প্রবাদে—আড়া পাঁটকে বাড়া করা—যে কর্ম অর্ধ ছিল তাহাকে বর্ধিত করা।

আড়া…ষ্য. (সং আয়তি, আয়ত)। বিস্তার, আড়, প্রঃ—কাপড়ের আড়া। মাটির ঘরের তির্যক দিগের শাঙ্গা বা আড়-কাঠ।

আড়া, আড়ি…ষ্য. (সং আঢ়ক)। আঢ়া, ধান্যের মাপ বিশেষ (মাপ দেখ)। মাপ। বেআড়া, বেয়াড়া…বে-মাপ।

আড়া…ষ্য. (সং অর্গল)। মাছ ধরিবার বাড় (দেখ)।

আড়া, আরা, আলা }
আড়ী, আরী, আলী } …সং কার অর্থে বাং প্রত্যয় (ব্যাকরণ দেখ)।

আড়াই, আঢ়াই…ণ. (সং সার্ধদ্বয়। ইহা হইতে অর্ধদ্বয় ; ধ স্থানে ঢ হইয়া ওং অঢ়ই, হিং অঢ়াই)। দুই আর আধ। আড়াইয়া, আড়ায়ে…(আড়াই+ইয়া)। আড়াই সম্বন্ধী (নামতা) ; আড়াই গুণ।

আঁড়া কাটা…ণ. (কর্তিত-অণ্ড। সং অণ্ড—আঁড়, আঁড়া ; হিং আঁড়—অণ্ডকোষ)। নির্বোধ, জাল্ম।

আড়ানা…রাগ রাগিণী দেখ।

আড়াণী…ষ্য. (সং আবরণ ; ওং আঢ়ণি)। ঠাকুর ও রাজার পাশের বৃহৎ আবরণ, প্রঃ—এক ময়ূরপুচ্ছের আড়ানি (চৈঃ চঃ)।

আড়াল…ষ্য (সং অন্তরাল)। অন্তরাল, মধ্যবর্তী স্থান, আবরণের পশ্চাদ্‌বর্তী স্থান।

আড়ি, আঁড়…ষ্য. (সং আলি—ক্ষেত্রের আইল)। প্রতিযোগিতা, বিরোধ যেন দুইএর মধ্যে আলি স্থাপিত হইয়াছে ; তোমাতে আমাতে আড়ি, আড়া-আড়ি—তুমি ও আমির মধ্যে আলি, কাজেই মিলনের সম্ভাবনা নাই। আড়ি পাতা…প্রতিযোগিতা স্থাপন। আড়ি পাতিয়া শোনা…যেন মাঝে আলি বা অন্তরাল আছে। আড়ি তোলা…আলি অপসারণ সুতরাং মিলনের সম্ভাবনা, অন্যথায় প্রতিশোধ লওয়া। আড়ি মারা…

ছদ্ম করা, প্রঃ—আড়ি মারিয়া পড়িয়া থাকা, শুইয়া থাকা—যেন ঘুমাইতেছে, নির্জীব আলির মতন পড়িয়া আছে, এই ভাব প্রদর্শন। আড়া-আড়ি ··ষ্য. পরস্পর স্পর্ধা, প্রতিযোগিতা।

আড়ি ··পাশা দেখ।

আড়ি ··ষ্য. (সং আলি হইতে ?)। অ-শকলী মৎস্য বিশেষ (Macrones aor)। বড় টেঙ্গারার মতন। ৩।৪ হাত লম্বা হয়। পিঠের ও কাঁধের পাখনায় কাঁটা আছে। গোঁফ আটটা।

আঁড়িয়া ··এঁড়ে দেখ।

আড়ুয়া, এড়ো ··ষ্য. (আড়+উয়া)। ঘরের আড়—বিস্তার দিকে যে কাঠ বা বাঁশ চাল ধরিয়া থাকে।

আড়ী··ষ্য (আড়-তির্যক হইতে)। সেতারের কানের নিকটস্থ তির্যক অবস্থিত অস্থিখণ্ড।

আড়ে হাত ··(অণ্ডকোষে হাত ? চিন্তাতুর হইলে গ্রাম্যজন অণ্ডকোষে হাত দেয় ? গাড়ীর অরা—আরায় হাত দিয়া চাকা চালনা ?)। বুদ্ধির মূলে হাত, চিন্তায় কাতর। আড়ে হাতে লাগা···চেষ্টান্বিত হওয়া।

আঢ়া ··ষ্য. (সং আঢ়ক)। ধান্যের মাপ বিশেষ। মাপ শব্দ দেখ।

আ-ঢাকা ··ণ. (ঢাক দেখ)। অনাচ্ছাদিত।

আণ্ডা···ষ্য. (সং অণ্ড)। ডিম (মুসলমানী শব্দ)। আণ্ডা-বাচ্চা···ষ্য. (সং অণ্ড, বৎস—সহচর শব্দ)। শিশু-সন্ততি। তুং ছেলে পিলা।

আণ্ডীল ··ণ. (সং অণ্ডীর বলবান্ পুরুষ; অণ্ডীরঃ পুরুষেশক্তে—মেঃ ; বহু অণ্ড-যুক্ত ; সং অণ্ডীল—অণ্ডকোষ-যুক্ত)। ধনাঢ্য।

আৎ ··(সং অপাদান কারকের বিভক্তি)। হইতে, প্রঃ—প্রসাদাৎ, প্রমুখাৎ।

আঁত ··ষ্য. (সং অন্ত্র)। অন্ত্র, উদর। আঁত উঠা ··ঘৃণায় দুর্গন্ধে পেটের নাড়ী পর্যন্ত বমি হওয়া, প্রঃ—আঁত উঠে গন্ধে (ভাঃ)। আঁত-মরা ··শীর্ণঅন্ত্র। আঁত শুখানা ··অন্ত্রের শুষ্কতা। আঁত পড়া ··অন্ত্রের শীর্ণতায় পেট পিঠে লাগা (না খাইয়া)। আঁতের টান··· রক্তের আকর্ষণ, অতি স্নেহের আকর্ষণ। আঁতে ঘা পড়া, লাগা···উদরে আঘাত, কাজেই মর্মে। আঁতড়ী—ষ্য. (সং অন্ত্রী হইতে, কিংবা আঁত+ড়ী স্বার্থে)। পশ্বাদির অন্ত্র। আঁতমোড়া ··ষ্য. (সং আবর্তনী—অজ-শৃঙ্গী বৃক্ষ)। বন্ধুকাদি বর্গের বৃহৎ ক্ষুপ-বিশেষ (Helictares isora)। পাত দাঁতাল; ফুল ইষ্টকবর্ণ। ফল ২।৩ আঙ্গুল লম্বা, লোমশ এবং বাঁকা। ঘুরনা ফল হইতে গাছের নাম হইয়াছে।

আঁতকা ··ধাতু. (সং আতঙ্কিত)। আঁতকাই —আতঙ্কিত হই॥ আঁতকানা॥

আতপ ··ষ্য. (সং)। সূর্যের তেজ, রৌদ্র আতপ চাউল (শুংপুঃ আতপ তাঁডুল) সূর্যপক্ক তণ্ডুল (অগ্নিপক্ক নহে ; তুং সূর্য পক্ক ও অগ্নিপক্ক লবণ)।

আতর ··ষ্য. (আং ইতর)। সুগন্ধি দ্রব্য চোয়াইয়া যে তৈল-সদৃশ পদার্থ পাওয় যায়, প্রায়ই সুগন্ধ তৈল। আতরী···ষ্য. যে আতর করে। আতর-দান আতর-দানী··· আতর-ধানী, আতর দিবার পাত্র।

আতস বাজি···ষ্য. (ফাং আতিষ—অগ্নি

সং আতপস্ত-(ঊর্মি) হইতে বাং আতস (দেখ) ; আতস—আগুন)। অগ্নি-ক্রীড়া ; অগ্নিবাণ (ওং বাণ, মং বাণ)। পুরী জেলার প্রাচীন রাজ-শাসনের ব্রাহ্মণে বহু-কাল হইতে অগ্নিবাণ নির্মাণ করিয়া আসি-তেছেন। এই হেতু তাহাঁরা বাণুআ (বাণুয়া) ব্রাহ্মণ নামে খ্যাত আছেন। ব্রাহ্মণ হইয়াও দ্রোণাচার্য ক্ষত্রিয়ের ধনুর্বি-দ্যার আচার্য ছিলেন। বঙ্গদেশে হিন্দু মালাকার এবং মুসলমান জাতি আতস-বাজি করে ; পুরীতে বিশেষ বিশেষ পর্বে ব্রাহ্মণে করেন। যে পুথীতে বাণ-নির্মাণের উপদেশ এবং বারুদের ভাগ লেখা থাকে, তাহার নাম 'খেদা' (ক্ষুদ্র পুস্তিকা)। এক এক বংশের এক এক খেদা আছে, এবং এক এক বংশ এক এক বাণের জন্য বিখ্যাত আছেন। পরস্পর প্রতিদ্বন্দ্বিতা হেতু যে-সে এই 'খেদা' দেখিতে পায় না। এখানে 'খেদা' হইতে কয়েকটি বাণের নাম করা যাইতেছে। হাবেলি বাণ (বাং হাউই), জগন্নাথ-প্রসাদ, কালিকা-প্রসাদ, বলভদ্র প্রসাদ, কপিল-প্রসাদ, নন্দীঘোষ-বিষয়, বৈরী-গঞ্জন, মেঘ-নাদ, ইত্যাদি। জগন্নাথ-প্রসাদের ভাগ এই,—ক্ষার (যবক্ষার, চলিত অর্থ সোরা) ৬৷৹, গন্ধক ১৴৹, কঠা (অঙ্গার চূর্ণ) ৸৴৹। এই তিন চূর্ণ করিয়া মিশাইলে 'দারু'—বারুদ (দেখ) হইবে। চন্দ্রোদয় (বাং রণ-মশাল) করিতে ক্ষার ৬, গন্ধক ২, হরিতাল ১। ইত্যাদি।

আতসী···ষ্য. ণ. (আতস-অগ্নি+ঈ)। অগ্নি সম্বন্ধী, অগ্নি-উদগীরক (আতসী পাথর, কাঁচ)

আতা···ষ্য. (সং আতৃপ্য, প্রাচীন নাম নহে ; ওং আত ; হিং আতা, সীতাফল ; ফাং আতা)। ফল-তরু, (ইং custard apple. Anona squamosa.)। লোমহীন, পাতায় এক প্রকার গন্ধ আছে, ফুলদল প্রতি সারিতে ৩টা, পুংকেশর বহু, ফলের গা উচা নিচা। ফল গাছপাকা করা যায় না। কারণ পাকিলে ফাটিয়া পড়িয়া যায়। (পণ্ডিতেরা বলেন এই আতা কিংবা অন্য আতা এদেশের নহে)। নোনা আতা ···(Bullocks heart ; Anona reticulata)। পাতার অগ্র ক্রমশঃ সরু ; ফল অণ্ডাকার পাঁচ-আঁসিয়া ; বিস্বাদ।

আতাই···ষ্য. (হিং অতত্তাহী ; সং আততায়ী)। বিভিষিকা। প্রঃ—আতাই দেখা।

আতালিক···ষ্য. (আং অতালীক)। শিক্ষক।

আতাস···ষ্য. (হিং আতাস ; ফাং আতিষ ; সং আতপঃ—প লুপ্ত, ঃ স্থানে স্ ; বিসর্গ স্থানে স্ কিংবা র কদাচিৎ হইয়াছে ; তুং সং বহিস্-বাং বাহির)। উষ্ণতা, আত-পের ঊর্মি, প্রঃ—আগুনের আতাস, গ্রাং ধাস।

আঁতি, আঁতী ··ষ্য. (সং অন্ত্র)। তাল বাঁশ প্রভৃতি গাছের মাঝখানকার অসার অংশ। কুমড়া লাউ প্রভৃতির বীজ সহিত কোমল অংশ।

আ-তিতা ··ণ. (সং আ-সিক্ত, আ-তিক্ত)। ঈষৎ আদ্র। ঈষৎ তিক্ত।

আতিষ ··ষ্য. (সং অতিবিষ। অমরকোষে, —বিশ্বা, বিষা, প্রতিবিষা, অতিবিষা, উপ-বিষা, অরুণা, শৃঙ্গী, মহৌষধ,—এই আট নাম ; মেদিনীতে বিষ, অতিবিষ। অমরে

আট নাম একত্র থাকিলেও একই বৃক্ষের নাম বোধ হয় না। কারণ, বিষ, উপবিষ, অতিবিষ, প্রতিবিষ নামের অর্থ এক নহে। বস্তুতঃ অনেক গাছের মূল এই সকল নামে কবিরাজ-মহাশয়েরা প্রয়োগ করিয়া থাকেন। হেমচন্দ্রে,—হলাহল, বৎসনাভ, কালকূট প্রভৃতি বহুবিধ বিষোক্ত বৃক্ষের নাম একত্র প্রদত্ত হইয়াছে। ডাঃ উদয়চাঁদ মিঠাবিষ বা শৃঙ্গী-বিষ এবং অতিবিষ বা আতিষ এই দুই নামে আয়ুর্বেদের প্রয়োগ দিয়াছেন। কিন্তু এই সকল গাছের অনুসন্ধান-ফলে এখন জানা গিয়াছে যে সকল গাছে সমান পরিমাণে কিংবা একই প্রকার বিষ নাই। এখানে সংস্কৃত নামের সহিত মিলাইয়া বৃক্ষের নাম এবং মূলের লক্ষণ দেওয়া যাইতেছে। বিষমতিক্রান্তা অতিবিষা—অমরটীকা হইতে প্রকাশ যে ইহা অতিশয় বিষ; কিন্তু উদয়চাঁদ এবং অন্যে যে গাছের নাম অতিবিষ দিয়াছেন, তাহা নির্বিষ বা মৃদুবিষ বলিয়া প্রতিপন্ন হইয়াছে। যাহা হউক, ইহাকে প্রতিবিষ বলা যাইতে পারে। আতিষ (Aconitum heterophyllum) মূল ভাঙ্গিলে ভিতরে দুধের মতন শাদা দেখায়, ১ ইঞ্চি ১৷৹ ইঞ্চি লম্বা, উপর দিকে প্রায় আধ ইঞ্চি মোটা। নির্বিষ বা উপবিষ (Aconitum palmatum), সিকিম প্রদেশে নাম 'শেতো-বিখুম' (শ্বেতবিষ) বাহির ঈষৎ-খদিরবর্ণ; ভিতরে শাদা, এক ইঞ্চ হইতে তিন ইঞ্চ লম্বা হয়, সোজা লম্বা, উপর দিক মোটা নহে। বিষ, অতিবিষ, শৃঙ্গী-বিষ, মিঠাবিষ, বৎসনাভ (Aconitum spicatum)-মূল বড়; কাঁচা অবস্থায় কোমল নমনীয়, শুষ্ক অবস্থায় কঠিন, উপরে কাল, ভিতরে অরুণ বর্ণ (অমরের অরুণা)। অর্ধশুষ্ক মূল কাটিতে শিঙ্গের তুল্য (শৃঙ্গী)। নেপাল ও সিকিম হইতে কলিকাতায় আসে। উত্তর-পশ্চিমাঞ্চলে 'সফেদ বিখ' (শ্বেতবিষ) নামে অন্য জাতি বিক্রয় হয়। "ত্রিবিধাতিবিষা জ্ঞেয়া শুক্লা কৃষ্ণা তথারুণা," শুক্ল কৃষ্ণ অরুণ এই ভাগে অতিবিষ বিভক্ত হইয়াছে। এখানে সকলের সামান্য নাম, অতিবিষ হইয়াছে। এইরূপ, আফগানস্থান, কাশ্মীর, নেপাল, সিকিম, ভূটান, আসাম, মণিপুর প্রভৃতি হিমালয়ে নানাজাতি 'বিষ' আছে।

আ-তীত··ণ. (সং আতিক্ত)। ঈষৎ তিক্ত।

আ-তু ··ব্য. (তু দেখ)। আয় তু কুকুর, কুকুরকে ডাকিতে।

আঁতুড় ··ষা. (৺ সং অন্তুড়ি; হিং অন্তড়ী—বাং আঁতড়ী, মং বাঠন্তপণ। ৺ হিং শব্দ দেখিলে মূল শব্দ অন্ত্র বোধ হয়। ইহার সহিত অন্তর্বত্নী, অন্তঃসত্ত্বা শব্দের 'অন্তর' মিশিয়া থাকিতে পারে। আতুর-রোগী হইতে বোধ হয় না। সং অরিষ্ট)। সূতিকা; সূতিকার অশৌচ। আঁতুড় ঘর ··সূতিকা-গৃহ। আঁতুড়িয়া, আঁতুড়ো ··আঁতুড়ঘর-সম্বন্ধীয়। আঁতুড়ো ছেলে··যে শিশু আঁতুড় ঘরে আছে, সে ঘর হইতে বাহিরে আসিবার যোগ্য হয় নাই।

আ-তেলা ··ণ. তেলা নহে।

আত্তি ··ণ. (সং আয়ত্ত)। বশীভূত; ষা. অধীনতা; সামর্থ্য (আয়ত্তি), প্রঃ—আমার আত্তি নাই, ছেলেকে আত্তি করা।

আত্ম-পর ··ষা. (সং)। স্বয়ং এবং অন্য।

আত্ম-কুটুম্ব···ষ্য. (সং আত্মীয়-কুটুম্ব, সহচর শব্দ)। আত্মীয়-স্বজন···ষ্য. (সং; সহচর শব্দ)। আত্মতা ··ষ্য. (সং)। আত্মীয়তা, সদ্ভাব। আত্ম-বন্ধু···ষ্য. (সং আত্মীয় বন্ধু সহচর শব্দ; কিংবা সং আত্ম-বন্ধু ত্রিবিধ বন্ধুর এক বিধ)। আত্মীয়-কুটুম্ব। আত্ম-বর্গ (গ্রাং আপ্তবর্গ) ···(সং) আত্মীয়জন।

আত্মা ··ষ্য. (সং আত্মন্)। ব্রহ্ম, জীবাত্মা। (বাংতে আত্ম, আত্মা দুই পৃথক অর্থ পাইয়াছে)। আত্মারাম ··ষ্য. (সং আত্মা+আরাম; আত্মার আনন্দ)। জীবাত্মা, অন্তরাত্মা; আত্মায় বিরাজিত রাম। প্রঃ—পাখীকে আত্মারাম বলিতে শেখানা, 'বল বল আত্মারাম'। (২) আত্মারাম-সরকার··বিখ্যাত ঐন্দ্রজালিক। বোধ হয় ইনি ঈর্ষাপরায়ণ ছিলেন, এই হেতু আধুনিক বঙ্গীয় ভানুমতী বাজিকর আত্মারাম-সরকারকে গালি না দিয়া খেলা দেখাইত না। প্রায় একশত বৎসর পূর্বে আত্মারাম সরকার হুগলী-নৈহাটির নিকটবর্তী স্থানে ছিলেন।

আথান্তর ··ষ্য. (সং অর্থান্তর)। যাহা অনুমিত হইয়াছিল, তাহা নয়; সুতরাং চিন্তা-সঙ্কট, কষ্ট। আথান্তরে পড়া ··কিংকর্তব্য-বিমূঢ় হওয়া।

আথালি-পাথালি ··(অ-স্থল পশ্চাৎ স্থল)। আঃ মারা—যেখানে সেখানে প্রহার। আঃ খোজা—যেখানে সেখানে অন্বেষণ।

আথি-বিথি ··ব্য. (সং অস্তে-ব্যস্তে)। অস্তে-ব্যস্তে, প্রঃ—আথিবিথি সুন্দরে দেখিতে ধনী ধায় (ভাঃ)। (অপ্রচঃ)

আদ্ (গ্রাং) ··ণ. (সং অর্ধ)। আধ (দেখ)।

আদ্‌খোরা, আদ্‌খুরী···ষ্য. (খোরার অর্ধ—ছোট খোরা। (তুং ফাং আব্‌খোরা—জল রাখিবার মাটির কিংবা ধাতুর পাত্র।)

আদতে ··ব্য. (সং আদিতঃ)। আদ্য-তে, আদি-তে।

আদবে, আদপে··ব্য. (সং আদিমে—ম স্থানে ব, প)। মূলে, গোড়ায়।

আদব ··ষ্য. (আং আদাব, অদব)। রীতি, শিষ্টাচার। আঃ কায়দা ··(সহচর শব্দ) রীতি-নীতি। বে-আদব ··ণ. অশিষ্ট। বেআদবি ··ষ্য. অশিষ্টতা। বেআদবী···ণ. অশিষ্টের যোগ্য; অশিষ্টসম্বন্ধী।

আদম-সুমারী ··ষ্য. (যাং)। মানুষগণনা।

আদমী ··ষ্য (আং আদমী—মানুষ; তুং সং আদিম—প্রথমজাত মানুষ)। মানুষ; পুরুষ।

আদর ··ষ্য (সং)। সম্মান, যত্ন। আদর-যত্ন, আদর-অপেক্ষা ··(সং; সহচর শব্দ)। আদরিয়া, আদরো ·ণ. (আদর+ইয়া)। আদর-প্রাপ্ত, আদরের যোগ্য। স্ত্রীং,—আদরিণী, আদরী ··আদর-প্রাপ্তা, আদরের যোগ্যা।

আদরা ··ষ্য (সং আদর্শ—শ লোপে); স্থূল প্রতিমূর্তি, নমুনা, চেহারা। (Sketch, model)

আদল ··ষ্য. (সং আদর্শ)। আদরা। প্রঃ—লোকটির আদল ভাল—দেহ-সৌষ্ঠব।

আদা ··ষ্য. (সং আর্দ্রক—আর্দ্র রসময় বলিয়া আর্দ্রক; অন্য নাম শৃঙ্গাবের-(শৃঙ্গাযুক্ত বৈর—শরীর) হইতে ইং ginger)। হরিদ্রাদি বর্গের কৃষিজাত প্রসিদ্ধ মূল-শাক (Zingi-

ber officinale)। ঐ গাছের কন্দ। শুষ্ক হইলে শুঁট (দেখ)। বন-আদা ঐ প্রকার (Zingiber casumunar); কিন্তু পাতার নীচের পৃষ্ঠ রোমশ এবং গাছ অপেক্ষাকৃত মোটা। আদা-জল খাইয়া লাগা ...অগ্নিদীপন ক্ষুধাবর্ধক বলিয়া আদার প্রসিদ্ধি। প্রাতে লবণ-সহ আদা ও জল খাইলে ক্ষুধা-বৃদ্ধি হয়। তার পর অন্নভোজন প্রচুর করিতে পারা যায়। লক্ষণায়, বাধা বিঘ্ন না মানিয়া কর্মে রত থাকা। আদায় কাঁচকলায় ভাব...আদা কোষ্ঠ পরিষ্কার করে, কাঁচকলা কোষ্ঠ বদ্ধ করে। লক্ষণায়, দুই বিপরীত ধর্ম বা স্বভাবের যোগ; সুতরাং সর্বদা বিরোধ।

অ-দাগা ..ণ. (দাগ দেখ)। অচিহ্নিত, অ-দগ্ধ।

আদাঙ্গা ..ণ. (সং অর্ধাংগ)। অর্ধকৃত, অসম্পূর্ণ, প্রঃ—কাজ আদাঙ্গা হইয়া পড়িয়া আছে।

আদাড়িয়া, আদাড়্যে ..ণ. (সং অর্ধ+বাং ড়া +ইয়া)। অর্ধ-কৃত, অসমাপ্ত, প্রঃ—কাজ আদাড়্যে রেখে পালিয়াছে।

আঁদাড় ..ষ্য. (সং অধ্বন্—পথ; কিংবা অন্ধ-আড়—অন্ধকার দিকে)। কুপথ, কু-স্থান। প্রায়ই, আঁদাড়-পাঁদাড়—(সহচর শব্দ; পাঁদাড় দেখ)। প্রঃ—আঁদাড়ে-পাঁদাড়ে বেড়ানা—যে পথে লোক যাতায়াত করে না, বাড়ীর পশ্চাৎ দিকের স্থান। (এই শব্দ হইতে পূর্বকালের গৃহ-স্থাপনের রীতি পাওয়া যায়। সম্মুখ-দিকে লোক-গমনাগমনের পথ, এবং পশ্চাৎ দিকে বন-জঙ্গল, এবং পতিত স্থান থাকিত। এইরূপ, ওড়িশায় গৃহ-সন্নিবেশ হইয়া থাকে। পশ্চাৎদিকে—'বাড়ি' (সং বাটিকা)।

আদান-প্রদান ..ষ্য. (সং)। গ্রহণ ও দান; (প্রায়ই) কন্যা-গ্রহণ ও কন্যা-সম্প্রদান।

আদা-মাদা...আধা-মাধা দেখ।

আদায় ..ষ্য. (সং আদায়িন্—আদানং, আপ্তে। আং আদা—ঋণ-পরিশোধ)। আনান, গ্রহণ। টাকা আদায় করা ..গ্রহণ; টাকা আদায় দেওয়া ..অন্যকে গ্রহণ করিতে দেওয়া, প্রদান। আদায়ী ..ণ. আদায়ের যোগ্য, আদায় করা, প্রঃ—আদায়ী টাকা আদায় করা হইয়াছে। অনাদায় ..ষ্য. (সং অন্—মা)। আদায় না হওয়া। অনাদায়ী ..ণ. যাহা আদায় করা হয় নাই। আদায়-ওয়াশীল ..ষ্য. (ওয়াশীল দেখ; সহচর শব্দ)। আদায়। আদায় ..ষ্য. অবস্থা, প্রঃ—রোগে দেহের আদায় নাই,—এমন দশা যে দেহ হইতে কাজের আশা নাই।

আদালত ..ষ্য. (আং)। বিচারালয়। আঃ করা ..মকদ্দমা করা। আদালতী ..ণ. আদালত-সম্বন্ধী, প্রঃ—আদালতী পর-আনা। ফৌজদারী আঃ ..শারীরিক অত্যাচারের বিচারালয়। দেওয়ানী আঃ—আর্থিক কিংবা মানসিক অত্যাচারের বিচারালয়।

আদুড় ..ণ. (সং অর্ধাবৃত? উদ্ধৃত—উত্তোলিত, মোচিত)। আদুড় মাথা—অনাবৃত মস্তক। কৃত্তিবাস (ও মণিকেও) আউদড় চুল—উন্মোচিত—অবদ্ধ। (সে-কালে পুরুষেও দীর্ঘ চুল রাখিত। আসামে ও ওড়িশায় অদ্যাপি পুরুষে দীর্ঘকেশ রাখে।)

আদেক (গ্রাং) ..আধেক দেখ।

আদেশ ··ধাতু. (সং)। আদেশি—আদেশ করি (পদ্যে)।

আদৌ ··ষ্য. (সং)। আদিতে, প্রথমে, মূলে, কিছু মাত্র।

আদ্দাশ ··ষ্য. (হিং অর্দাস, সং অর্দ ধাতু যাচনা+সং আশ হইতে ?)। নিবেদন, প্রার্থনা। (অপ্রচঃ)

আদ্ধা ··ষ্য. (সং অর্দ্ধ)। অর্ধ-প্রমাণের সূক্ষ্ম বস্ত্র বিশেষ। বাদ্যের অর্ধ-পরিমিত তাল-বিশেষ। আদ্দি ··সূক্ষ্ম কার্পাস সূত্রের বস্ত্র-বিশেষ।

আধ, আদ (গ্রাং) ··ণ. (সং অর্ধ)। অর্ধ। ভয়ে, রোগে, শোকে, আধখানা হওয়া ·· শীর্ণ হওয়া। আধেক ··ণ. (সং অর্ধ—আধ+এক ; অর্ধেক শব্দ সং নহে)। একার্ধ, প্রায় অর্ধ (এক দেখ)। আধা ··ণ (আধ+আ স্বার্থে)। অর্ধ-পরিমিত, প্রঃ আধা নদী—অর্ধপূর্ণ। আধা-আধি ·· দুই অর্ধে। আধ-কপালিয়া, আধ-কপাল্যে ··কপালের অর্ধাংশে শিরঃপীড়া। আধ-কামারিয়া, আধ-কামার্যে ··অর্ধজ্ঞান কর্মকার, অদক্ষ। আধখোরী, আধ-খুরী··· (ফাং আবখোরা—জল রাখিবার মাটির কিংবা ধাতুর পাত্র)। মাঝারি খোরা (দেখ)। আধশিরা···ষ্য. (সং অর্ধ-শিরস্)। আধকপালিয়া। আধা-খেচাড়া ···ণ. (সং অর্ধ-খচিত)। অর্ধ-রচিত, অসমাপ্ত। আধ-পেটা···অর্ধাশন। আধ-মণী ···অর্ধমণ ধরে যাহাতে, অর্ধমণ ভার যার। আধা-মাধা···ণ. (সং অর্ধ+মধ্য—সহচর শব্দ)। অর্ধ ও মধ্য, অর্ধকৃত। আধা মুল ··ষ্য (অর্ধ-মূল্য)। অর্ধমূল্য, প্রঃ— আধামূলে কেনা।

আঁধল ··ণ. (সং অন্ধ)। অন্ধ, প্রঃ— আঁধলের লড়ি (কবিকঃ)। আঁধনি দেখ।

আধলা···ণ (সং অর্ধল, কিংবা বাং আধ+লা স্বার্থে)। অর্ধাংশ। আঃ ইঁট—ইঁটের অর্ধাংশ, প্রমাণ ইঁট অপেক্ষা ছোট। আধলী ··টাকার অর্ধাংশ মুদ্রা। আধলা পয়সা ·· পয়সার অর্ধাংশ মুদ্রা।

আঁধা···(সং অন্ধক ; হিং ওং অন্ধা)। অন্ধ, প্রঃ—আঁধা বাঁঝা রোগী কুড়ী চান করেন জলে (শূংপুঃ)। (অপ্রচঃ)। স্ত্রীং—আঁধী (অপ্রচঃ) ; আঁধনী, প্রঃ—অথর্ব্বা জনার আত্মা আঁধুনির নড়ি (মাঃ)।

আধানিক (গ্রাং) ··ণ. (সং আধুনিক)। হঠাৎ ধনপ্রাপ্ত ; কুলগত-প্রথাত্যাগকারী।

আধার ··ষ্য. (সং আহার, হা স্থানে ধা। ওং, হিং)। পাখী, সাপ, মাছ প্রভৃতির খাদ্য।

আঁধার ··ষ্য. (সং অন্ধকার)। অন্ধকার। আঁঃ মাণিক···যে মাণিক আঁধারে দীপ্তি বিকাশ করে ; লক্ষণায়, দিবসে, সাধারণ কর্মে, যাহার গুণ অপ্রকাশিত, কিন্তু রাত্রে, সময়-বিশেষে প্রকাশিত ; অন্ধকারে দীপ-তুল্য। আঁধারী ··ষ্য. (আঁধার+ঈ)। দুই দিকে মুখ-বিশিষ্ট লোহার কাঁটা বা পেরেক। দুইখান পাটা পাশে পাশে জুড়িতে আঁধারী লাগে। আঁধারে লুকানো থাকে বলিয়া নাম।

আঁধি-সাঁধি ··ষ্য. (সং রন্ধ্র হইতে আঁধি, সং সন্ধি হইতে সাঁধি, সহচর শব্দের অনুপ্রাস নিমিত্ত বিকার। আঁধি গাঁথা—ইঁটের মাঝের রন্ধ্র। অন্ধি-সন্ধি (দেখ)। ধারা, শ্রেণী, নিয়ম, প্রঃ—ঝাঁকড় মাকড় চুল নাহি আঁদি-সাঁদি (ভাঃ)। এমন জটিল যে

কোথাও ফাঁক পাওয়া যায় না; প্রঃ—কাজের আঁধি-সাঁধি নাই।

আঁধী ··ষ্য. (সং অন্ধ)। কানা-মাছি খেলায় যে অন্ধ সাজে। চোরা মালের ভাঁড়ারী।

আঁধুয়া ··এধোঁ দেখ।

আ-ধোয়া ··ণ. (সং অধৌত)। ধোয়া নয় যাহা।

আন্ ··ষ্য. (সং অন্য)। অন্য, প্রঃ—আনের কি কথা ব্রহ্মাদির অগোচর। (অপ্রচঃ)। ভিন্নতা, প্রঃ—কথার আন হবে না।

আন্-কোরা ··ণ. (অন্য এবং কোরা? তুং মং লোণকচা—নূতন কাড়া, নূতন বহিস্কৃত। সং নাম অনাহত, যথা নবংবাসেহ নাহতং —হেমঃ)। নূতন কোরা (বস্ত্র); নূতন।

আন্-চান ··ষ্য. (অন্য; চা—চাওয়া, দৃষ্টি ?)। চাঞ্চল্য বা ব্যাকুলতা প্রকাশ, প্রঃ—প্রাণ আন্চান করে। আন্মনা·· ণ (সং অন্য-মনা)। অন্যমনস্ক।

আন ··ধাতু. (সং আ-নী ধাতু স্থানান্তর প্রাপণ)। আনি—স্থানান্তর হইতে আনয়ন করি॥ আনা॥ আনা ··ধাতু. (ঐ আন্তে)। আনাই—লোকদ্বারা আনীত করি॥ আনানা॥ আনানি॥

আন··প্রত্যয়. (হিং ৰান, ফাং ৰান; সং ৰান —ৰৎ হইতে)। রক্ষক, স্বামী; প্রঃ—দ্বার-আন, গাড়ী-আন—গাড়-আন। আনা, আনি ··প্রত্যয়. (ঐ, ভাবে, কর্মে-আ, ই)। প্রঃ—দ্বার-আনি—দ্বারৰানের কর্ম; হিন্দু-আনি—হিন্দুর আচরণ; মুন্সী-আনা—মুন্সী-লেখকের যোগ্য কর্ম।

আনকুটি··ষ্য. (সং অন্নকুট, হিং অনকুট—দেয়ালীর পরদিন বিষ্ণুমন্দিরে দেয় রান্ধা অন্নব্যঞ্জন; কিংবা উনকোটি—কোটি সঙ্খ্যক ?)। নানা আয়োজন।

আনখা ··ণ. (সং অনিরীক্ষিত)। অ-দেখা, প্রঃ—আনখা পথ, লোক।

আনন্দ-লহরী ··ষ্য. (সং)। তন্ত্র-বাদ্যযন্ত্র-বিশেষ, গাব-গুবা-গুব দেখ।

আনন্দ-লাড়ু ··ষ্য (লাড়ু দেখ)। ঘি কিংবা তেলে ভাজা চাউল-গুঁড়া নারিকেল-কোরা ও গুড়ের লাড়ু।

আন-পুড়ি··ষ্য. (অন্য, পোড়া-জ্বালা; কিংবা হিং অনপঢ়-যে পাঠ পড়ে নাই, মূর্খ; অন-পঢ়ি—আনপড়ি—মূর্খের স্বভাব)। নির্বন্ধ, প্রঃ—লোকের আনপুড়িতে সুস্থির হইতে পারা যায় না; জ্বালা; প্রঃ—সংসারের নানা আনপুড়ি।

আনল ··ষ্য. (সং অনল)। অনল (প্রাচীন পদ্যে); প্রঃ—নিভাওল আনল (চণ্ডীঃ)।

আনলা ··ষ্য. (সং নল্ হইতে)। পাখী ধরিবার নিমিত্ত ব্যাধের নল; সাত নলা; প্রঃ—আনলা চালায় দেখি (চণ্ডীঃ)।

আনহি ·ণ. (সং অন্য, হি)। অন্য (প্রাচীন পদ্যে)।

আনা ·ষ্য. (টাকা দেখ)। টাকার, ভরির ষোল ভাগের ভাগ। আনী ··(আনা+ঈ)। আনা-সম্বন্ধী। আনা-মাষা···ষ্য. (আনা ও মাষা)। সোণা রুপার ওজন আনা হইতে মাষা, এবং মাষা হইতে আনা করা (শুভঙ্করীর গণনা বিশেষ)।

আনা-গনা ··ষ্য. (আ ধাতু দেখ; হিং আনা-জানা)। আয়ান ও গমন, যাতায়াত, আসা-যাওয়া।

আনাচ-কানাচ ··ষ্য. (কানাচ দেখ; কানাচ-

ক লোপে আনাচ ? তু° আছাড়-কাছাড়)। ঘরের চালের প্রান্তভাগ।

আনাজ ··ষ্য. (ও°, হি° অনাজ ; হি°—ধান্য, অন্ন। স° অন্নাদ্য—দ্য স্থানে জ হইতে পারে)। শাক-পাতা। আঃ পাতি ··শাক-পাতা।

আনাড়ী ··ণ. (হি° অনাড়ী—জড়, মূর্খ; ম° অডাণী। স° অনেড—মূর্খ ; যথা, জড়োঽজ্ঞ এড়মূকস্তু, বক্তুং শ্রোতুমশিক্ষিতে-(অঃ)-এড়ো-বধিরঃ মূকোঽ বাক্ ; অনেড়-মূকঃ-স্যাচ্ছঠে বাক্‌শ্রুতি-বর্জিতে। কিংবা স° অনার্য হইতে অনাড়ী)। জড়বুদ্ধি, অদক্ষ। আনাড়ী-পনা ··ষ্য. (পন, পনা—ব্যবহার ; হি° অনড়পন)। মূর্খতা।

আনামত (গ্রা°) ··ণ (আ° অমানৎ ; আমানৎ দেখ)। উপস্থিত, গচ্ছিত। আনামতী ··আনামত করা হইয়াছে যাহা।

আনার ··ষ্য. (ফা° অনার)। ডালিম।

আনারস ··ষ্য. (আমেরিকার ব্রেজিল দেশীয় নাম ননস (Nanas), পর্তুগীজ ভাষায় রূপান্তর অনানস (Ananas) ; ইহা হইতে বাংতে প্রথম প্রথম আনানস, পরে আনারস, —যেন বিদেশ হইতে আনীত রসাল ফল ! ও° নাম সপুরী—ফা° সফর+ঈ—বিদেশাগত ; হি° অনন্নাস , ম° অননস। ই° pine-apple পাইন-(pine) গাছের ফলের সাদৃশ্যে। লাটিন, Ananas sativus)। বিদেশাগত বহুপুষ্পজাত অম্লমধুর রসাল ফল-বিশেষ। আসামে ব্রহ্ম দেশে বন্য হইয়া পড়িয়াছে।

আনি ··প্রত্যয়. (পানী (জল) শব্দের প লোপে-আনি)। জল, প্রঃ—আমানি—অম্ল-পানি, চোঁয়ানি—চোঁয়া-পানি ; তু° ও° নিত্যানি—নিত্য যে পানীয় আবশ্যক হয়—দুগ্ধ ; ও° তোরানি—যে পানীয় তুলিয়া রাখা হয়, বা° আমানি।

আনুষঙ্গ ··ণ. (স° আনুষঙ্গিক)। সংলগ্ন, অপ্রধান, প্রঃ—আনুসঙ্গ ফল করে সংসারের ক্ষয় (চৈঃ চঃ)। (প্রচলঃ, গ্রা°)।

আন্তর (গ্রা°)··ষ্য. (স° অন্তর; তু° মনান্তর)। অন্তর, দূরস্থান।

আন্তরিক ··ণ. (স°)। মনোগত। অন্তর্গত।

আন্ত্রিক··ণ. (স°)। অন্ত্রসম্বন্ধীয়। আঃ জ্বর ··অন্ত্র-সম্বন্ধীয় কঠিন রোগ-বিশেষ (enteric fever)।

আন্দাজ ··ষ্য. (ফা° অন্দাজ)। অনুমান। আন্দাজী ··ণ. অনুমান-সিদ্ধ, আনুমানিক। বে-আন্দাজী ··ণ. অযোগ্য, অসম্ভব, প্রঃ—বেআন্দাজী খরচ—অতিরিক্ত।

আন্দু ··ষ্য. (স° অন্দু ; হি° আন্দূ)। হস্তী-পদরজ্জু।

আন্দোলন ··ষ্য. (স°)। স°—কম্পন, চলন ; বা°—উদ্বেগ, বিচারণা, বাদানুবাদ।

আন্ধার, আঁধার··ষ্য. (স° অন্ধকার)। আঁধার। জল (রাঢ়ের পালকী-বাহক কাহারদের ভাষায়, কারণ জল অন্ধকারক)। আন্ধারিয়া··ণ্য. অন্ধকার, প্রঃ—আন্ধারিয়া ঘর (কবিকঃ); প্রায় অন্ধকার।

আ-পড়া··ণ. (পড় ধাতু দেখ)। অ-শিক্ষিত ; পাঠ পড়ে নাই যে।

আপত্ত (গ্রা°)··ষ্য. (স° আপত্তি—অন্তস্বর লোপ)। আপত্তি। তর্কদোষ।

আপদ্··ষ্য. (স°। তু° আ° আফৎ)। বিপদ্। আপদ-বিপদ ··ষ্য. (স°, সহচর শব্দ)।

আপন ··ষ্য. (সং আত্মন্। তুং আত্ম—গ্রাং আপ্ত; আত্মন্—আপ্তন্, ত লোপে আপন্)। নিজ। বিভক্তি বসিলে আপনা হয়, যথা, আপনাকে আপনার। আপন-পর···আত্ম-পর। আপনই, আপনি ··স্বয়ং, বিনা বাহ্য কারণে। আপনা-আপনি—নিজে-নিজে; জ্ঞাতিবন্ধু; আপনি স্বয়ং; বিনা কারণে। আপনি ··(আপন+ই নিশ্চয়ে)। সম্মানিত স্ত্রী কিংবা পুরুষ-নির্দেশে। আপনারা ? ·· (প্রশ্নে) আপনারা—আপনার সম্প্রদায় কি জাতিভুক্ত ?

আপশোস ··ষ্য. (ফাং অফসোস। তুং সং অব-শুচ ধাতু অবশোচনা)। অনুশোচনা।

আপস ··ষ্য. (হিং—পরস্পর; আপসব,—আপনারা সকলে)। আপনারা (আপোষ দেখ)।

আ-পাকা···ণ. (সং অপক্ক)। কাঁচা, ঈষৎ-পাকা।

আপাং···ষ্য. (সং অপামার্গ—অপমৃজস্তি অনেন বস্ত্রাদিকং (অঃ টীঃ)—এই গাছের ক্ষারে বস্ত্র ধৌত করিতে পারা যায়। অন্য নাম শেখরিক, শিখরী—পুষ্পাগ্র—পুষ্প-মঞ্জরী শিখর-সদৃশ; খরমঞ্জরী—পুষ্পে খর-লোম হেতু, ইত্যাদি; ওং অপামারঙ্গা)। মারিষাদি বর্গের বন্য শাক (Achyranthes aspera)। ফুলের শীষ দীর্ঘ, ফুলে হুল আছে, সে হেতু কাপড়ে জড়াইয়া যায়।

আপাদ-মস্তক ··ষ্য. (সং)। পা হইতে মাথা।

আপামর সাধারণ ··ষ্য. (সং)। নীচ, মূর্খ হইতে সকলেই।

আপেল···ষ্য. (ইং apple. Pyrus malus)। বিলাতি ফল। উত্তর-পশ্চিমাঞ্চলে কাঙ্গরা উপত্যকায়, এবং কুমায়ুনে প্রচুর গাছ হইয়াছে। ফল বৈশাখ মাসে পাকে। কাবুলীরা বঙ্গে আনিয়া বিক্রয় করে। খাসিয়া পাহাড়ে দেশী আপেল জন্মে। কিন্তু ফল অখাদ্য। আপেলের অন্য নাম সেব।

আপিস, অপিস ··ষ্য. (ইং অফিস, office)। কর্ম্মস্থান, কাছারি। অপিসার···ষ্য. (ইং অফিসর-officer)। কর্মচারী, কেরাণি।

আপিল ··ষ্য. (ইং appeal)। পুনর্বিচার প্রার্থনা। আপিলী ··ণ. (আপিল+ঈ) আপিল-সম্বন্ধী, আপিলকরা হইয়াছে যাহা। আপিল-আদালত ··ষ্য. পুনর্বিচারের কাছারি। আপিলাণ্ট ··ষ্য. (ইং)। আপিল-কারী।

আ-পোড়া ··ণ. (পুড় ধাতু দেখ)। ঈষৎ দগ্ধ, অদগ্ধ।

আপোষ ··ষ্য. (সং-আপুষ ধাতু)। মধ্যস্থ অবলম্বন। প্রঃ—আপোষে নিষ্পত্তি।

আপ্ত (গ্রাং) ··ণ. (সং আত্মন্)। আত্মীয়, প্রঃ—আপ্ত বন্ধু—আত্মীয় বন্ধু, আপ্ত-লোক—আপনার লোক। 'গন্ধমালা দেই আপ্তগণে'—আত্মীয়গণে। আপ্ত (সং) · বিশ্বস্ত, সত্য। আপ্ত বাক্য—ঋষিবাক্য।

আ-ফাটা ··ণ. (ফাট ধাতু দেখ)। অস্ফাটা, ফাট-হীন বা রন্ধ্র-হীন।

আফিং, আফিম···ষ্য. (সং অফেন, অহিফেন এই নাম অপেক্ষাকৃত আধুনিক। পূর্বকালে অফেন এদেশে জানা ছিল না। গ্রীকের অফেনের আবিষ্কর্তা। তাহারা বলিত অপিওন; গ্রীক ওপোস্, সং আপস্—রস, কিন্তু অফেন অজ্ঞাত ছিল বলিয়া (অফেন গাছ কিংবা গাছের বীজ (পোস্ত

সং খসতিল) অজ্ঞাত ছিল, এমন নাও হইতে পারে)। একবর্ষী (আং মাসের) শাক-বিশেষ (Papaver somniferum), ফুল-দল ৪, কোন জাতের লাল, কোন জাতের শাদা। বিহারে সাদা ফুলের জাতের চাষ হইয়া থাকে। ফলের (ঢেঁড়ী ; সং খস্‌খস) রস শুকাইয়া আফিম হয়। আফিমী ···ণ. (আফিম+ঈ)। আফিমের নেশা-সম্বন্ধী। আফিম-খোর···যে বেশী আফিং খায়।

আ-ফুলা···ণ. (ফুল দেখ)। ফুল ধরে নাই যাহাতে, প্রঃ—আঃ ধান।

আ-ফোটা···ণ. (ফুট ধাতু দেখ), অপ্রস্ফুটিত।

আ-ফোলা ··ণ. (ফুল ধাতু দেখ) অ-স্ফীত।

আব···ষ্য. (সং অর্বুদ)। মাংসকীল (tumour)।

আব ··ষ্য. (ফাং ; সং আপ—জলরাশি, অপ্‌—জল)। জল, প্রঃ—আব-হাওয়া—স্থানীয় জলবায়ু ; গুলাব (গুল্+আব)—ফুলের—গোলাপ ফুলের জল ; পঞ্জাব—(পঞ্চ+আব) পঞ্চনদ প্রদেশ। (২) আভা, হীরকাদির দীপ্তি বা 'জল'। আব-কার···(ফাং)। যে মদ চোয়ায় কিংবা বিক্রয় করে। আবকারী, আবগারী ··ষ্য. মদ চোয়াইবার কাজ, ব্যবসায় ; মদ্যাদি-মাদক দ্রব্য-সম্বন্ধীয় ; তৎসম্বন্ধীয় শুল্ক।

আব-ওয়াব ··ষ্য. (ফাং আবৱাব)। রাজস্ব ব্যতীত অন্য কর।

আব্‌ছায়া · ষ্য. (সং অপচ্ছায়া)। ভূত-যোনির আভাষ (ছায়ার তুল্য বলিয়া)। অস্পষ্ট দর্শন।

আবদার···ষ্য. (ফাং আব—সং অপ-জল—দীপ্তি ; দার—আছে যার ; আবদার—নির্মল, চিক্কণ ; ইহা হইতে বাং অর্থ আসে না)। আবেদন, অভিলাষ। আবদারিয়া, আবদেরে ··ণ. (আবদার+ইয়া)। যে সর্বদা অভিলাষ পূর্ণ করিতে চায় ; আহ্লাদিয়া।

আবরা···ষ্য. (সং আৱর) বালাপোষ ইত্যাদির বাহিরের কাপড়।

আবরু···ষ্য. (ফাং—মান ; সং আৱর)। লজ্জা-নিবারক বস্ত্রাদি, লজ্জা। বে-আবরু ···ণ. নষ্ট-লজ্জা, মানহানি।

আবলুস···ষ্য (ফাং আবনুস ; হিং আবনুস ; ইং এবনি (ebony)। সং তিন্দুক হিং তেন্দু, এবং সং কাকেন্দু বাং ওং কেন্দু (দেখ) গাছের কৃষ্ণবর্ণ কাঠ। এই কাঠ জল অপেক্ষা ১·২ গুণ ভারী।

আবশ্যকীয়···ণ. (সং আবশ্যক ; সুতরাং আবশ্যকীয় সং-ব্যাকরণে অশুদ্ধ)। প্রয়োজনীয়।

আব-হাওয়া ··আব দেখ।

আবা··ষ্য. (আং)। গলা হইতে কোমর পর্যন্ত খোলা লম্বা কোর্তা।

আবাগা (গ্রাং) ··অভাগা (দেখ)।

আ-বাছা···ণ. (বাছা দেখ)। বাছা—নির্বাচিত হয় নাই যাহা।

আ-বাটা···ষ্য. (সং উদ্‌ৱর্তন ; উদ্‌ৱর্তন-মৃৎ-পতনে বিলেপনে ঘর্ষণে ক্লীৱম্—মেঃ। হিং উবটন)। বাটা হরিদ্রা আমলকী প্রভৃতি মলাপকর্ষক দ্রব্য। স্নানের পূর্বে গাত্রে ঘষিয়া মলা তুলিবার, দেহ সুগন্ধ করিবার, কেশ কৃষ্ণবর্ণ এবং মস্তক শীতল রাখিবার

উদ্দেশ্যে আ-বাটার প্রয়োজন। চণ্ডীদাসে, চুয়া যে চন্দন আমলকী বর্ত্তন। কবিকঃ,—শিরে দিয়া আমলকী তোলা জলে স্নান। হরিদ্রার সহিত আমলকী-বাটা মলাপকর্ষক বলিয়া প্রসিদ্ধ আছে। পূর্বকালে মাথায় জটা বাঁধিলে—চুলে চুলে জড়াইয়া গেলে—হরিদ্রা আমলকী প্রধান প্রতিকার ছিল। তিলের খইল ও কলায়ের বেসনও ছিল। এখন আবাটার পরিবর্তে সাবান প্রচলিত হইতেছে। দরিদ্রে কাঠের পাঁশ, এঁটেল মাটি (এই মাটি পিঙ্গলবর্ণ; ইহাতে ক্ষার-পদার্থ আছে), কদাচিৎ সাজিমাটি দিয়া মাথা ঘষে। ওড়িশায় চালতা ফলের, ধেঁড়শ গাছের পাতার, কিংবা গামার পাতার রস (লালা—নাল) দিয়া ঘষিয়া চট্‌চটা চুল পরিষ্কার করিবার রীতি আছে।

আবাদ ··ষ্য. (ফা°। স° আবাস)। আবাস, গ্রাম, প্রঃ,—জাহানাবাদ—জাঁহান পৃথিবী, আবাদ আবাস, পৃথিবীর লোকের আবাস যেখানে (?); ফা°তে অন্য অর্থ সমৃদ্ধ, সুখময়, প্রঃ—আবাদ রহো—মুসলমান ফকীরের আশীর্বাদ। এই অর্থে জাহানাবাদ সৌভাগ্যশালী পৃথিবী—গ্রাম। বা°তে-নূতন জমীতে চাষ, নূতন চাষ, চাষ, প্রঃ,—এমন মানব জমীন্ রইল পতিত আবাদ কর্‌লে ফ'লত সোনা (রামপ্রসাদ)। চাষ-আবাদ··ষ্য. (সহচর শব্দ; চাষাবাদ সন্ধি অশুদ্ধ)। চাষ-আবাদী ··ণ. আবাদ সম্বন্ধীয়; যাহার আবাদ হইয়াছে।

আবার···ব্য. (অপরবার, আর বার=আবার)। আর বার, পুনর্বার, প্রঃ—একবার বলিয়া-ছিলে, আবার বল। প্রঃ—আজি বাঁসা যাহ কালি মিলিব আরবার (চৈঃ চঃ)। (বাঁসা—বাসা)।

আবীর ··ষ্য. (স°—শব্দসারে; স° অভ্র হইতে; তু° আ° আবীর—জাফ্রান অম্বরী, রঙ্গ-বিশেষ। হি° অবীর)। হোলি-খেলার রঞ্জক চূর্ণ-বিশেষ। এই চূর্ণে অভ্রচূর্ণ যোগ করা হইত।

আঁবুই···ষ্য. (স° আবুকী; অথাবুকঃ জনকো-অঃ; স্ত্রী° আবুকী-আবুঈ—আঁবুই; ঢাকা ও নদীয়ায় মাঅই স° আবুকী কিংবা মামকী (মামী) হইতে)। ভাই কিংবা বোনের শাশুড়ী।

আবুড়া-খাবুড়া···ণ (স° অর্বুদ-আবড়া, খর্পর-খাপরা-খাবড়া; ও° আবুড়া-খাবুড়া; হি° উবড়-খাবড়, অবড়-ধবড়)। অর্বুদ-খর্পরাদি তুল্য উচানীচা অংশযুক্ত, প্রঃ—মাটির ছাঁচ চিকণ না হইলে ঢালা পিতল কাঁসার গা আবুড়া-খাবুড়া (গ্রা° এবড়া-খেবড়া) হয়।

আবেশ···ষ্য. (স°)। প্রবেশ, অধিষ্ঠান চাঞ্চল্য, অল্পজ্বর-প্রবেশ, প্রঃ—বৈকালে শরীর আবেশ রাখে। প্রেমাবেশ, প্রঃ—প্রভুর আবেশ না যায়, না রহে কীর্ত্তন (চৈ চঃ)। স্নেহহেতুক চিত্তচাঞ্চল্য, (প্রায়ই হাবেশ (দেখ)।

আ-বোল তা-বোল ··ষ্য. আ-তা বোল; ইহা তাহা বোল; অসঙ্গত বাক্য। আঃ বক—প্রলাপ বকা।

আব্বর ··ষ্য (সং অভ্রক)। স্বচ্ছ অধা পত্রবৎ খনিজ-বিশেষ (mica))

আভাঙ্গা, আভাং···ষ্য. (স° অভ্যঙ্গ) তৈলাদি মর্দন। আঃ করিয়া তেল মাখা-প্রচুর তেল ঘষিয়া ঘষিয়া মাখা।

আ-ভাঙ্গা ··ণ. (**ভাঙ্গা ধাতু দেখ**)। অভগ্ন, **প্রঃ**—অঃ সাপ ··সে সাপের দাঁত ভাঁগা হয় নাই। আঃ দোড়ী ··যে দোড়ী খিলাইয়া পাক দেওয়া হয় নাই।

আভোগ ··গান **দেখ**।

আভ্যুতি ··ষ্য. (সং আভ্যুদয়িক)। আভ্যুদয়িক—মাঙ্গালিক শ্রাদ্ধ।

আম ··ষ্য. (সং আম্র ; হিং আম ; ওং আম্ব ; মং আম্বা, আঁবা। সং আম্র তাম্র সংপ্রাকৃতে আম্ব তাম্ব হইতে ওং আম্ব, তাম্ব। নদীয়ায় আঁব ; তুং তাম্র—তাঁবা ; এই নিয়মে আঁবা (যেমন মং-তে) ঠিক হইত)। প্রসিদ্ধ ফল, অপক্ক অবস্থায় হরিত, পক্ক অবস্থায় পীতবর্ণ। উপমায়, বর্ণ-চোরা আম—এক এক জাত আম পাকিলেও সবুজ থাকে; বর্ণ দেখিয়া সে আম পাকা কি কাঁচা বুঝিতে পারা যায় না। লক্ষণায়, বুদ্ধি বাহিরে প্রকাশিত না হইলে লোককে বর্ণ-চোরা আম বলা যায়। কথায়, পাকা আম দাঁড়কাকে খায়—দুঃখের বিষয়। আমচূর ··ষ্য. (সং আম্র-চূর্ণ, কুট্টিত অপক্ক আম্র)। কাঁচা আম ফালি ফালি করিয়া কাটিয়া শুখানা, আমশী। আমট···ষ্য. (সং আম্রাবর্ত ; হিং অমাবট)। পাকা আমের শুখানা রস, **প্রঃ**—আমসি আম্রখণ্ড তৈলাম্র আমতা (চৈঃ চঃ) (আমতা—আমট)। আমশী ··ষ্য. (সং আম্র-পেশী)। কাটা ও শুখানা কাঁচা আমের পেশী। আম-সত্ত্ব··ষ্য. (সং আম্র-সত্ত্ব) পাকা আমের পিষ্টকাকারে শুখানা রস। উপমায় কাঁঠালের আমসত্ত্ব ··অসঙ্গত বাক্য ; তুং সোনার পাথরবাটী। আম গাছ···আম্রফল-তরু (Mangifera indica)। পঞ্জাবের উত্তরাংশ ব্যতীত ভারতবর্ষের সর্বত্র, ব্রহ্মদেশে এই গাছ স্বভাবতঃ কিংবা মানুষের যত্নে জন্মে। বোম্বাই, মালদহ, সুন্দরসা, গোপালভোগ, বৃন্দাবনী, মোহনভোগ, লেঙ্গড়া প্রভৃতি আমের নানা জাত আছে। লতা আম··· নেপাল সিকিম খাসিয়া চট্টগ্রামের পাহাড়ের আরণ্য আম্র-বিশেষ (Mangifera sylvatica)। আমের তুল্য ফল, পাকিলে পীতবর্ণ, কিন্তু চেপটা। গাছের আগ-ডাল সরু বলিয়া নুইয়া পড়ে। এইহেতু নাম। আমুয়া, এমো···ণ. (আম+উয়া)। আম্রবৎ, **প্রঃ**—এমো গন্ধ।

আম···ণ. (আং)। সাধারণ। আম-মোক্তার ···সাধারণ কাজের নিমিত্ত নিযুক্ত কর্মচারী।

আম···ষ্য. (সং)। সং—অপক্ক, কাঁচা ; অজীর্ণ রোগ, আম-রস—অজীর্ণ-রোগজ লালাবৎ রস (mucus)। আমবাত ··ষ্য. (সং,—বাত, rheumatism)। শীতপিত্ত রোগ ; গায়ে বিছটি লাগিলে যেমন ফুলিয়া উঠে সেইরূপ শরীরের স্থানে স্থানে চক্রাকারে ফোলা রোগ-বিশেষ (nettle-rash, urticaria)। আম-রক্ত···ষ্য. (সং)। অন্ত্রের রোগ-বিশেষ যাহাতে আম রস ও রক্ত নির্গত হয় (dysentery), আমাসা (**দেখ**)।

আম-আদা ··ষ্য. (সং আম্র-হরিদ্রা। অন্য নাম কর্পূর-হরিদ্রা ; হিং আম-হলদী)। হরিদ্রাদি বর্গের মূল-শাক (Curcuma amada)। হলুদ গাছের মতন গাছ, কিন্তু বড় এবং হলুদ বা আদা আপীত, এবং অপক্ক আম্রগন্ধী।

আমড়া ··ষ্য. (সং আম্রাতক,—আম্রং আম্র-ফলং অততি গচ্ছতি অনুকরোতি—অঃ টীঃ—আম্রের তুল্য ফল বলিয়া। ওং আম্বড়া)। প্রসিদ্ধ অম্ল ফল (Indian hog-plum)। গাছ (Spondias mangifera) পত্রত্যাগী; পাতায় ৪-৬ জোড়া পর্ণ, আঁঠিতে-১-৫ কোষ। আমড়া-গাছিয়া, আমড়া-গেঁছো ··ণ. নিষ্ফল (আমড়া গাছের কাঠ অসার বলিয়া ?)। বিলাতী আমড়া ··ষ্য. (পলিনেশিয়ায় গাছ; hog-plum, or Otaheite apple)। ফল আমড়ার তুল্য, অম্ল মধুর; গাছের (Spondias dulcis) পাতায় ৬-৮ জোড়া পর্ণ, পাতার ধার কাটা-কাটা।

আমতা-আমতা ··ষ্য. আঁ আঁ—হাঁ-হাঁ, তা-তা বোল, অনিশ্চিত বাক্য। আঃ করা।

আমদানি ··ষ্য. (ফাং আমদনী)। আয, লভ্য; আগমন, আনয়ন, দ্রব্যাদি আনয়ন। আঃ রপ্তানি (রফ্‌তানি)—দেশে আগমন এবং দেশ হইতে প্রত্যাগমন।

আমন ··ণ. (সং হৈমন্তিক)। হৈমন্তিক। আঃ ধান—হেমন্তকালে পাকশীল ধান্য।

আ-ময়দা ··ণ (আং আমদন স্বেচ্ছাপূর্বক ? সং আমোদী—হর্ষযুক্ত ?)। উন্মুক্ত, স্বাধীন, স্বেচ্ছাপূর্বক, প্রঃ—গোরু আময়দা চরে—বিনা বাধায়। (অপ্রচঃ হইতেছে)।

আমরুল ··ষ্য. (সং অম্ল-লোণী; সং অম্লবতী হইতে হিং আমবোতি, ওং আম্লিতি)। অম্লরসযুক্ত (acid oxalate of potassium) ছোট শাক (Oxalis corniculata)। পাতায় তিনটি করিয়া পর্ণ, ফুল পীতবর্ণ। রাত্রে পাতা মুদিয়া যায়।

আমল ··ষ্য. (আং)। অধিকার; সময়; কর্ম; প্রঃ—মান্ধাতার আমল··মান্ধাতা রাজার সময়; প্রঃ—সে আমল দেয় না। আমল-নামা ··ষ্য. (যাং)। অধিকার-পত্র।

আমলকী···আমলা দেখ। মন্দিরের চূড়ার আমলকী-ফল তুল্য-কলশ।

আমলা ··ষ্য. (আং আমিল)। কর্মচারী। আঃ ফয়লা—(ফাং ফেয়েলা—আমলা; সহচর শব্দ) আমলা ও তৎসদৃশ কর্মচারী। আঃ মোক্তার, আঃ মোহরী···(সহচর শব্দ)।

আমলা, আমলকী···ষ্য. (সং আমলকী—আমল্যতে ভৈষজ্যায় ধ্রিয়তে—অঃটীঃ—ঔষধে লাগে বলিয়া নাম ? না দেহের মল—দোষ হরণ করে বলিয়া নাম ? অন্য নাম তিষ্যফলা—তিষ্য-পৌষমাসে ফল পাকে বলিয়া; অমৃতা বয়স্থা—শরীরের সর্বদোষ হরণ করে বলিয়া নাম। ওং অওঁঠা, হিং আঁবলা, মং আঁবলা; ইং myrobalan—Gr. *myron* unguent, *balanos* nut—যে ফল গাত্রে মাখা হয় (আ-বাটা শব্দ দেখ)—হরিতকীবয়ড়া প্রভৃতির সামান্য নাম। আমলকী—Emblic myrobalan)। পত্রত্যাগী আরণ্যতরু (Phyllanthus emblica), কদাচিৎ গ্রামে ও বাগানে রোপিত হয়। ফল মাংসল, প্রায় গোল, ষট্‌নালী, অম্লকষায়, ত্রিকোষ। কাঁচা ফলে কষায় রস (tannin) হরীতকীর তুল্য, প্রায়ই কিছু অধিক পরিমাণে, কিছু পাকা ফলে ঈষৎ থাকে। পাতা ও ছালেও কষায়রস আছে। আমলা-সার···গন্ধক দেখ। ভুঁই-আমলা······ষ্য. (সং ভূম্যামলকী। ওং বাড়ী অঁঠা)। বর্ষায়ু ক্ষুদ্র শাক-বিশেষ

(Phyllanthus niruri)। পাতা ফুল ফলে আমলকীর সদৃশ গাছ।

আমা···ণ. (সং আম)। অপক্ব, আপোড়া বা কাঁচা, প্রঃ—আঃ সরা (কবিকঃ)। আঙ দেখ।

আ-মাড়, অ-মাড়···ণ. (মাড় ধাতু দেখ)। যাহা মাড়িয়া শেষ করিতে পারা যায় না, প্রঃ—আঃ ধান। অসুমার।

আমানৎ···ষ্য. (আং অমানৎ; অপভ্রংশে অনামৎ)। ন্যাস, অর্পণ। আঃ রাখা; করা। আমানতী···ণ. ন্যস্ত, গচ্ছিত।

আমানি ··ষ্য. (সং অম্ল পানীয়—অম্লপানি-প লোপে অম্লানি-আমানি; ওং নাম তোরাণি; আনি দেখ)। জলে ভাত ভিজাইয়া রাখিলে যে অম্ল-জল হয়, কাঁজি। প্রঃ—পাথরে আমানি ভরি দিল সঞ্জয়ের নারী। একশ্বাসে সাত হাঁড়ী আমানি উজাড়ে (কবিকঃ)।

আমারী ··ষ্য. (আং)। চাল-বিশিষ্ট হাওদা, প্রঃ—হাতীর আমারী ঘরে বসিয়া আমীর (ভাঃ)। (চাল না থাকিলে হাওদা নাম)।

আমাশয় ··ষ্য. (সং)। উদরের যে আশয়ে অর্থাৎ কোষ্ঠে অপক্ব খাদ্য সঞ্চিত হয় (stomach)। উপর-পেট।

আমাসা ··ষ্য. (সং আমাতিসার—acute diarrhœa)। ছয় প্রকার অতিসার রোগের মধ্যে এক প্রকার (Dysentery)। শাদা আমাসা—আমযুক্ত অতিসার। রক্ত আমাসা—রক্তযুক্ত অতিসার।

মি···সর্বনাম (সং অহম্; প্রচীন বাং আহ্মি; পুর্ববঙ্গে প্রাং মুই; ওং মু, আম্ভে (সম্মানে), হিং মৈ, হম্; মং মী)। বিভক্তি যোগ হইলে আমি স্থানে আমা হয়। যথা, আমা-কে, আমা দ্বারা, আমার; আমা-রা—আমরা। প্রাচীন বাং ও পদ্যে অ-মরা—মোরা, মুরা। আমার—প্রাচীন বাং ও পদ্যে মোর।

আমিনী, আমিন্না ··ষ্য. (সাং কামিনী)। ধর্মঠাকুরের সেবা-কারিণী কামিনী, কামিন্যা (দেখ)। শূন্য-পুরাণে ধর্মঠাকুরের ষোল শ আমিনী। প্রঃ,—দ্বাদশ আমিনী আর ভক্ত বার জন। আদ্য কালের আমিনি ধর্ম্মের ব্রতদাসী। (মাঃ)।

আমীন ··ষ্য. (আং—পরিদর্শক)। জমি মাপ জোঁখে দক্ষ ব্যক্তি। সদর-আমীন—প্রায় ৫০ বৎসর পুর্বে সদর-আলা—এখন ইং সব্‌জজ। আমীনী ··ণ আমীন-সম্বন্ধী। আমীনি ··ষ্য. আমীনের কর্ম।

আমীর ··ষ্য.(আং)। সদ্‌বংশজাত, কুলীন (মুসলমান জাতির)। আমীরি··ষ্য. আমীর+ই)। আমীরের ব্যবহার, ভাব। আমীরী ··ণ. (আমীর+ঈ)। আমীর সম্বন্ধী, আমীরের যোগ্য, প্রঃ—আঃ চাল (চালি)।

আমেজ ··ষ্য. (ফাং। সং আমোদ), গন্ধ, ঈষৎগন্ধ; আভাস।

আমোদ···ষ্য. (সং; স আমোদো বিদুরগঃ —হেমঃ)। দূরগামী সুগন্ধ; হর্ষ। আঃ প্রমোদ ··(সং, সহচর শব্দ)। আঃ আহ্লাদ ···(সং, সহচর শব্দ)। আমোদিয়া, আমোদ্যে, আমোদী ··ণ. আমোদ-হর্ষ-শীল। (আমোদী—তুং আলাপী—আলাপে দক্ষ)।

আম্বর···ষ্য. (সং অম্বর। আং অম্বর। অম্বর দেখ)। খনিজ রঞ্জন-দ্রব্য-বিশেষ (amber,

a fossil resin)। উত্তর ব্রহ্মে কিছু কিছু পাওয়া যায়। বার্ণিস করিতে এবং অলঙ্কারে বদ্ধ করিতে লাগে, ঔষধেও লাগে।

আম্বা···ষ্যা. (সং অহম্পূর্বিকা)। আমিই পূর্বে আমিই পূর্বে এইরূপ কথা, ব্যগ্রতা; প্রঃ—আম্বা করিয়া যায় কিন্তু কিছু করিতে পারে না। কাজে আম্বা না থাকিলে কাজও হয় না।

আয়ড়···ণ. (সং অন্তরাল)। আড়, প্রঃ—চক্ষের আয়ড় তিলি না করেন যায় (মাঃ)। (অপ্রলচঃ)।

আয়ত··ণ. (সং)। দীর্ঘ। সমচতুষ্কোণ ক্ষেত্র (oblong)।

আয়তন···ষ্যা. (সং চৈত্যমায়তনং—বুদ্ধ-জিন-দেব-মন্দির (অঃ)। দেবালয় (এই অর্থ গ্রামে আছে); আলয়, প্রঃ—আয়তন ভুমি বাড়ি (কবিকঃ)। বিস্তার। (ঘন ফল—volume—অর্থে আয়তন শব্দের অপ-প্রয়োগ হইতেছে)।

আয়তি, আয়ত···ষ্যা. (সং আয়তি, আয়ত্তি; আয়তিস্তু স্ত্রিয়াং দৈর্ঘ্যে প্রভাবাগামি কালয়োঃ। আয়ত্তিস্তু স্ত্রিয়াং স্নেহে বশিষ্কে বাসরে বলে—মেঃ; শেষের ই-লোপে আয়ত)। স্বামীর প্রভাব স্নেহ, বশিত্ব। প্রঃ—আইয়োতে যাউক কাল ঘুচুক দুর্গতি (কবিকঃ)। (আইয়োতে—আয়তিতে)। আয়তের চিহ্ন হাতে লোহা এক গাছি (ভাঃ); জন্মায়তি হয়ে বাছা জিয়া থাক সুখে। আশিষ দিলেক চণ্ডী বাড়ুক আয়ত (মাঃ)। এয়ো দেখ।

আয়ত্তাধীন··ণ. (সং আয়ত্ত+অধীন—সহচর শব্দ। আয়ত্তের অধীন এমন অর্থ নহে)। অধীন, আয়ত্ত।

আয়না··ষ্যা. (ফাং আইনা)। আরশি, কাঁচ।

আয়ন্দা··ণ. (ফাং)। আগামী।

আয়মা···ষ্যা. (আং)। দান উদ্দেশে দত্ত জমি।

আয়মাদার··আয়মার অধিকারী। আয়মা-দারি···আয়মাদারের বৃত্তি, আয়মা ভোগ।

আয়া··ষ্যা. (পর্তুগীজ Aia)। ইংরেজ, ফিরিঙ্গী ও দেশী খৃষ্টান রমণীর পরিচারিকা বা দাসী।

আয়াপান···ষ্যা. (আমেরিকা-দেশীয় নাম)। সোমরাজ্যাদি বর্গের বিদেশী শাক (Eupatorium ayapana)। পাতা অভিমুখী, মৎস্যাকার, ক্রমশঃ সরু হইয়া বোঁটায় মিশিয়াছে। সব ফুল এক রকম, গেঁদার মতন দুই রকম নহে। ফুলের মাঝে মাঝে উপপত্র নাই। পাঁচ-কোণা বা পাঁচশিরাল, ফলের মাথায় এক সারি কিন্তু বহু খরলোম আছে। (কাটার প্রসিদ্ধ ঔষধ। কেহ কেহ বিশল্যকরণী বলিয়া ভুল করে।)

আয়াস···ষ্য (সং)। শ্রম, অতি যত্ন।

আয়ী···ষ্যা. (সং আর্যিকা)। মায়ের মা।

আয়েব···ষ্যা. (আং আইব)। দোষ। বে-আয়েব···নির্দোষ। আয়েবী···দোষী, প্রঃ—ঘোড়ার আয়েব।

আয়েষ···ষ্যা. (আং)। ইন্দ্রিয় সেবা। আয়েষী···বিলাসী।

আয়ো···ণ. এয়ো দেখ।

আর···ব্য. (সং অপর;—অঅর=আর ও° আহুরি আর; হিং ঔর; মং অন্য হইতে আনি; উর্দু ব)। এবং, একের পর, পুনর্বার, প্রঃ—এমন কর্ম আর করি°

না। (এই অর্থ, আবার শব্দের সংক্ষেপে আর)।

আর, আরী···প্রত্যয়. (সং কার, হিং হার। ব্যাকরণ দেখ)। সং কর্মকার—কর্মার—কামার ইত্যাদি।

আরক··ষ্য. (সং অর্ক তাপে; ও° অর্ক, হিং অরক; অর্ক-শব্দ সং-তে পুরাতন নহে। বোধ হয়, আং অরক্—শরাব হইতে অর্ক সংস্কৃত হইয়া অর্ক-পাতন প্রভৃতি শব্দ হইয়াছে)। চোয়ানো মদ; চোয়ানো নির্যাস। ডাক্তারী জলীয় ঔষধ।

আরজ, আরজি··ষ্য. (আং আর্জ, আরজি)। আবেদন (আদাঃ)। আরজবেগী··ষ্য. পেশকার, প্রাঃ—(ভাঃ)। (অপ্রচঃ)। আরজি-নবিস··বাদীর প্রার্থনা-লেখক।

আরতি··ষ্য. (সং আরাত্রিক—নীরাজন নিমিত্ত দীপ (শব্দকল্পঃ); সং আরতি—বিরতি (অং হেমঃ); কিন্তু শব্দসারে এবং আপ্তেতে আরতি—প্রতিমার সমক্ষে দীপাবর্ত্তন। চৈতন্য-চরিতামৃতে আরাত্রিক, আরতি দুই শব্দই আছে। ও° হিং আরতি, সং আরতী)। দেব-প্রতিমার সমক্ষে দীপাবর্ত্তন। রতি, প্রেম, প্রাঃ—আদর আরতি (জ্ঞানদান)। নিয়োগ (কবিকঃ)।

আরম্ভ··ধাতু. (সং)। আরম্ভি—পদ্যে।

আরশী··ষ্য. (সং আদর্শ—আরশা, এবং ক্ষুদ্র অর্থে ঈ-যোগে আরশী)। দর্পণ। পূর্ব্বকালে মণ্ডলাকার দর্পণ অধিক ছিল। কৃত্তিবাসে (লং) সর্বাঙ্গদর্পণ—এত বড় যে সর্বাঙ্গ দেখা যায় (এই সকল দর্পণ চিক্কণ ধাতুর ছিল।)

আরসলা···ষ্য. (বরিশালে তৈলাপোকা—সং তৈল-পায়িকা—তেল খায় বলিয়া। ঢাকায় তেল-চোরা। ও° অসর-পা—সং অস্রপা, অস্র রক্ত পান করে এই বিশ্বাসে। (ঢাকায় উরস ছারপোকা।) কিন্তু সং অস্রপা—জলৌকা। সং অস্রলা—অসরলা—আরসলা? সং পরোষ্ণী—পলোপে অরষণী—আরষড়া—আরসুলা?)। তৈল-পায়িকা (Cockroach. Blatta)। উপমায়, আরসলা আবার পাখী—আরসলা পতঙ্গবিশেষ, পাখী কখন নয়, তেমনই।

আ-রসা··ণ. (আ+রস+আ)। রসহীন, ঈষৎরসযুক্ত।

আরা··ষ্য. (সং অর। ও° অর)। চাকার নেমী-ধারণের ব্যাসাকার কাষ্ঠ (spokes)।

আরাণ্ডী···ষ্য. (সং এরণ্ড হইতে; এরণ্ড+ঈ—এরণ্ড বৃক্ষে জাত; অন্য নাম এণ্ডী দেখ)। এক প্রকার তসর।

আরাঁধ-পালা···ষ্য. (সং অরন্ধন-পালন)। না রাঁধা; না রাঁধিয়া পূর্ব্বদিনের রাঁধা অন্নাদি ভোজন (মনসা দেবীর প্রীত্যর্থে)।

আরাম··ষ্য. (সং আরাম—উপবন উদ্যান—অং, হেমঃ। শব্দসারে অন্য অর্থ বিশ্রাম; আপ্তেতে আনন্দ, প্রীতি, তুং ইন্দ্রিয়ারামঃ আত্মারামঃ। ফাং আরাম—বিশ্রাম, শান্তি। বাং-তে সং ও ফাং অর্থ মিশিয়া গিয়াছে)। বিশ্রাম; উপশান্তি, প্রাঃ—রোগ আরাম হওয়া; আরামবাগ—বিশ্রামের উদ্যান। বি-আরাম, ব্যারাম··অসুখ, রোগ।

আরারুট, এরারুট··ষ্য. (ইং আরোরুট—arrowroot)। হরিদ্রাদি-বর্গের মূল-শাক-বিশেষ। মূলবৎ কাণ্ডের শ্বেতসার বা পালু। দেশে দুই জাতীয় গাছ হইতে আরারুট হইতেছে।

(১)—দেশী, ছোট হলুদ গাছের কিংবা শঠী-গাছের মতন গাছ (Curcuma angustifolia); হিং নাম টিখুড় (তিখুড় দেখ)। এই গাছ বঙ্গদেশে নাই কিন্তু মধ্য-প্রদেশে, দক্ষিণে, বোম্বাইতে, বিহারে অনেক আছে। ইহার পাল্ বা আরারুট (Indian arrow-root) বিদেশী আরারুটের মতন শাদা হয় না এবং জলে ফুটাইলে তেমন ফোলে না। দানা কিছু চেপটা। (২) বিদেশী—ইহার চাষ হইয়া থাকে। হিং নাম টিখুড়। সর্বজয়া নামক ফুলগাছের মতন গাছ (Maranta arundinacea)। ইহার পাল্ (West Indian arrow-root) শাদা ও স্বাদহীন।

আরাধ ··ধাতু. (সং আ-রাধ ধাতু)। আরাধি—আরাধন করি। (পদ্যে)

আরিষা ··ষ্য. (ওং)। গুড়-পিঠা-বিশেষ (প্রাচীন পদ্যে)।

আরী ··ষ্য. (সং আরা—চর্মপ্রভেদিকা-অঃ)। চর্মকার মুচীর লৌহ-সূচী (awl)।

আরিন্দা···ষ্য. (ফাং)। পত্রবাহক (চৈঃ চঃ)। (অপ্রচঃ)।

আরে···ব্য. (সং অ রে)। নিকৃষ্টকে, উপহাস্যকে সম্বোধনে। শোকে।

আরোপ···ধাতু. (সং)। আরোপি—রোপণ করি (পদ্যে)।

আরোয়া ··ণ. (হিং অরবা; ওং অরুআ; বাং আলো বা আতপ; আলো+উয়া= আলোয়া-আরোয়া)। সূর্যপক্ক; প্রঃ—আঃ চিড়া (চৈঃ চঃ),—সূর্যপক্ক চাউলের চিড়া।

আরোহ ··ষ্য. (সং)। আরোহি—উপরে উঠি (পদ্যে)।

আর্চা···ষ্য. (সং অর্চা)। প্রতিকৃতি, আদরা (model)।

আর্চা (গ্রাং আচ্চা)···ষ্য. (সং অর্চনা)। অর্চনা (সহচর শব্দে পূজা-আর্চা)।

আর্জি ··ষ্য. (আং আর্জ, আরিজা)। আবেদন পত্র, আবেদন (আদাঃ)।

আর্ণা ··ণ. (সং আরণ্যক। হিং অর্ণা)। বন্য-মহিষ।

আর্দালী ··ষ্য. (ইং অর্ডার্লী—orderly)। (সৈনিক) কর্মচারীর অনুচর।

আর্বী···ষ্য. ণ. (আং আরবী; তুং আরব্য)। আরবদেশের ভাষা, লোক। আরবদেশীয় ঘোড়া।

আর্মাণী আর্মেণী···ষ্য. (ইং আর্মেণিয়ন Armenian)। আর্মাণী-দেশের লোক, ভাষা।

আর্যা···ষ্য. (সং—ছন্দ-বিশেষ) শ্লোকবদ্ধ সূত্র, প্রঃ—শুভঙ্করীর আর্যা।

আল ··ষ্য. (সং অল; ওং অল, হিং আর)। হুল; সরু মুখ বা অগ্র, যেমন স্থূল কাষ্ঠের অগ্র কাটিয়া চাঁচিয়া আল (tenon) করিয়া ছিদ্রে (mortise) প্রবেশ করাইতে হয়। আল-বিঁধ···আল এবং আলের নিমিত্ত বিঁধ বা ছিদ্র।

আল ··ষ্য. (হিং)। আছু (দেখ)।

আল· প্রত্যয়. (ব্যাকরণ দেখ)। কর্তা, স্বামী, বৃত্তি, শীলাদি অর্থে; যথা. রাখাল, দয়াল, লাঠী-আল।

আল্ ··প্রত্যয়. (ব্যাকরণ দেখ)। ঈষৎ বা সদৃশ অর্থে, বিশিষ্ট অর্থে; যথা, গোলাল, মোটাল, মাথাল, জোরাল।

আল···ধাতু. (সং অল ধাতু বারণে, ভূষণে,

পর্যাপ্তৌ—এই পর্যাপ্তি অর্থে বাং আলধাতু। ইহা হইতে পূর্ণতা, ক্লান্তি)। আলিয়াছি এলেছি—ক্লান্ত হইয়াছি। গঙ্গা মড়া আলেন না—মড়া পাইয়া ক্লান্তি বোধ করেন না, মড়া বারণ করেন না॥ আলা॥ আলা হওয়া--(ওং হালিআ) ক্লান্ত হওয়া।

আলগ ··ণ. (সং অলগ্ন। হিং অলগ্)। ভিন্ন, পৃথক।

আলত-পালত···ষ্য (সং লালিত-পালিত ?)। লালিত পালিত শিশু. পোষ্য।

আলস···ষ্য. (সং আলস্য)। আলস্য (প্রাং, প্রাচীন বৈষ্ণব পদে)।

আলা ··ণ. (আলি ধাতু দেখ; তুং আং আরী ক্লান্ত)। ক্লান্ত।

আলা···প্রত্যয়. (ব্যাকরণ দেখ। হিং ৱালা, ওং বালা; সং কার; ফাং ৱার প্রাচীন হিং হার, হারা)। স্বামী, কর্তা, বিশিষ্ট ইত্যাদি অর্থে; যথা, কড়ী-আলা—ধনবান্, মেঠাই-আলা—মিষ্টান্ন-বিক্রেতা, পাড়-আলা কাপড় —পাড়যুক্ত কাপড়।

আলা ··ষ্য. (সং আলোক)। আলোক, আলোকময় (প্রাচীন পদ্যে)।

আলা ··ষ্য. (আং)। সর্বপ্রধান, সর্বোচ্চ, প্রঃ—সদর আলা—সদরের প্রধান দেশীয় কর্মচারী।

আলা ··ধাতু. (আল ধাতুর আন্তে)। আলাই—ক্লান্ত করি। আলানা॥ আলানিয়া, আলান্তে ···যাহা আলায়, প্রঃ—আলান্তে কথা, কাজ। আলা-কাড়ি দেওয়া···(কাড়া-বহিষ্কার করা) ক্লান্ত হইয়া ফেলিয়া রাখা। আলা-ঝালা—(ঝালা-জ্বালাতন)-পরিক্লান্ত। (আলাধাতু এবং এলাধাতু (দেখ) এক হইতে পারে।)

আলাই···ষ্য. (বালাই হইতে; বালাই দেখ)। বিপদ্। আলাই-বালাই ··(সহচর শব্দ)। আপদ্-বিপদ।

আলাইয়া ··রাগরাগিণী দেখ।

আলাদা, আলাহিদা···ণ. (আং অলাদা, আলাহ্‌দা)। পৃথক, ভিন্ন, স্বতন্ত্র।

আলাপ···ষ্য. (সং)। কথোপকথন। রাগ-রাগিণীর স্বরসাধন দ্বারা বিশেষত্ব-প্রকাশ। পরিচয়, জানা-শোনা। আলাপ-সালাপ··· ষ্য. (আলাপ সদালাপ—সালাপ, কিংবা সংলাপ—সালাপ; সানুচর শব্দ)। আলাপ। আলাপ-পরিচয় ··(সহচর শব্দ)। আলাপী ···ণ. পরিচিত, আলাপনে পটু।

আলা-ভোলা ··ণ. (সং হর-ভোলা)। যে কথা বা কাজ ভোলে।

আলাল ··ষ্য. (সং আলী হইতে! বাং আলা পর্যাপ্ত হইতে ?)। বড়লোক, অতিশয় ধনী। আলালের ঘরের দুলাল···অতিশয় ধনবানের আদরিয়া ছেলে (দুলাল দেখ)।

আলি, আলী···ষ্য. (সং)। সখী, শ্রেণী, ক্ষেত্রের সীমাবন্ধ। আলিসা···ষ্য. (আলি সদৃশ) ছাতের আলি-সদৃশ বেষ্টন প্রাচীর।

আলী···ণ. (আং)। উদার, উচ্চ; প্রঃ—আঃ মেজাজ, আঃ হুকুম।

আলু ··ষ্য. (সং আলু—গলন্তিকা (ছোট ঘটী বা গাড়ু)—অঃ; গলন্তিকা, মূল ও ভেলা —মেঃ। ঘটাকার বলিয়া মূল-বিশেষের নাম আলু হইয়াছে। কিন্তু সংস্কৃত নামের আলু বিলাতী গোল-আলু নহে। ওড়িশায় আঠু, (আলু) অর্থে এখনও খাম-আলু বুঝায়)। স্থূল মাংসল মূল কিংবা মূলবৎ

কাণ্ডের নাম আলু। (১) সংস্কৃত ভাষায় আলু। এই আলু (yam) নানাজাতীয় আছে। সরু লতা, পাতা একোত্তর (একের পর আর এক), ফুল হয় পুং না হয় স্ত্রী, অনেক জাতির পুং স্ত্রীলতা পৃথক। ফুল-দল ৬, পরাগকেশর ৩ কিংবা ৬, ফলে ৩ কোষ। সকল জাতির সং নাম নাই, এবং এক এক জাতি ভিন্ন ভিন্ন স্থানে ভিন্ন ভিন্ন নাম পাইয়াছে। তন্মধ্যে দুই একটার নাম ও সংক্ষিপ্ত লক্ষণ এই;—খাম আলু ··(সং দণ্ডালু; ওং খম্ব আলু—স্তম্ভাকার আলু; Dioscorea alata)। দীর্ঘ রোহিণী লতা, ডাঁটা চারি কোণা, চারি পাখা। লতা বামা-বর্ত্তে আরোহণ করে। পাতা শরের তুল্য। আলু বৃহৎ, ভিতর শাদা। ইহার এক জাত চুপড়ী আলু···(সং পিণ্ডালু)। আলু চুপড়ী বা পিণ্ডাকার, প্রায় গোল বলিয়া এই নাম (Dioscorea alata, var. globosa; ওং হাণ্ডিআ আলু)। আর এক জাত, গরানিয়া আলু—(Dioscorea alata. var. rubella)। গরাণ কাঠের মতন বাহিরে লাল। আলু লম্বা। লাল গরানিয়া আলু (Dioscorea alata, var. purpurea) · ভিতর ও বাহির লাল, আলু লম্বা। কুকুর আলু··আসাম ও পূর্ব ও উত্তর বঙ্গের বন্য আলু (Dioscorea anguina)। ইহারও পাতা একটি, ডাঁটা বামাবর্ত্তে চড়ে। পাতা কোমল রোমশ। অপর কয়েক জাতির ডাঁটা দক্ষিণাবর্ত্তে চড়ে। ইহাদের মধ্যে বুনো আলু (Dioscorea bulbifera) ···বৃহৎ লতা, বেড়ায় ও গাছে চড়ে। পাতা উজ্জ্বল হরিত বর্ণ। আলু গোল; মানুষের মুঠার মত ছোট। ফল লম্বা। ইহার এবং খাম-আলুর ডাঁটাতেও আলু হয়। কাটা আলু (Dioscorea pentaphylla)·· বৃহৎ বন্য কণ্টকময় লতা। আলুও বড়। পাতায় ৫টা পর্ণ। মউ আলু ··(সং মধ্বালু) (Dioscorea spinosa)। বৃহৎ লতা। ইহার উপর দিকের মূলেও কাটা হয়। আলু একের অধিক, অসমান। আর এক জাতি, ছোট কাটা আলুর গাছ (Dioscorea fasciculata) ছোট, পাতা রোমশ। এক সঙ্গে অনেক আলু জন্মে। এই হেতু কোন কোন স্থানে ইহাকে সুষনি আলু (সুষনি শাকের পাতায় যেমন ৩টা পর্ণ) বলে। ইহার চাষ হইয়া থাকে। (২) মিঠা আলু, রাঙ্গা আলু, শকরকন্দ আলু · কলম্বাদি বর্গের লতা (Ipomœa batatas)। ইহার মূল স্থূল ও মিষ্ট হয়। এইহেতু নামে মিঠা আলু (sweet potato), শকরকন্দ (শর্করা-খণ্ড) আলু। বস্তুতঃ শত ভাগে শর্করা ১০।১২ ভাগ এবং ১৬ ভাগ শ্বেতসার আছে। লালবর্ণ বলিয়া নাম রক্ত আলু, রাঙ্গা আলু, লাল আলু; কিন্তু এক জাতের আলু শাদা হয়। এই শাদা আলু তেমন মিষ্ট নয়। (৩) শাঁখ আলু ·শাঁখের আকারের এবং বর্ণের আলু। শিম্বাদিবর্গের রোহিণী লতা (Pachyrhizus angulatus)। পাতায় ৩টা পর্ণ, পর্ণে উপপর্ণ, ফুলে ৯+১ পুংকেশর। ইহার চাষ হয়। আলু মিষ্ট, এবং কাঁচায় খাদ্য। (৪) গোল আলু বা বিলাতী আলু ···বঙ্গানাদিবর্গের প্রসিদ্ধ আলু (potato) (Solanum tuberosum)। চারি শত

বৎসর এই আলু এদেশে আসিয়াছে, কিন্তু এই সময়ের মধ্যে হিন্দুরও প্রধান খাদ্য হইয়া দাঁড়াইয়াছে। তথাপি জগন্নাথ দেবে মন্দিরে অপ্রবেশ্য রহিয়াছে। আদি স্থান আমেরিকা; কিন্তু য়ুরোপ হইতে এদেশে আসিয়াছে। (৫) গয়া আলু ··য়ুহি-আদি বর্গের ক্ষুপ (Manihot utilissima)। গাছের পাতা কতকটা শিমুল পাতার মতন সপ্তচ্ছিন্ন বলিয়া কোন কোন স্থানের নাম শিমুলী আলু। শিকড় মোটা হয়। ইহাই আলু। এই আলু ধুইয়া কাটিয়া কুটিয়া পালু (cassaya, tapioca) তৈয়ারিও হয়। আসাম উত্তর-বঙ্গ এবং ওড়িশায় বন্য দেখা যায়। গজা-আলু হইতে গয়া-আলু নাম নিকৃষ্ট আলু। তুং গয়া-অশ্বত্থ। আলু-দোষ ··ষ্য. (আলু—অণ্ডকোষ)। লাম্পট্য। আলু-ভাতে ··ষ্য. (আলু-ভাতিয়া)। ভাতের ভিতরে গোল-আলু-সিদ্ধ।

আলুই ··ষ্য. (সং এলাদি)। এলাচি, লবঙ্গ, দারুচিনি গুঁড়া করিয়া কালমেঘ গাছের রসে মিশাইয়া শুখাইয়া বড়ী করিলে শিশুদের নিমিত্ত যে ঔষধ হয়।

আলু-থালু, এল-থেল ··ণ. (সং আলুলায়িত-স্থিত হইতে অনুপ্রাসের নিমিত্ত আলু-থালু)। এল-মেল, প্রঃ—আলু-থালু কেশ-বাস (ভাঃ)। আলু থালু হায় এবে কবরী-বন্ধন (মেঘনাদবধঃ)।

আলু-বোখারা···ষ্য. (সং আলুক— বৈদ্যকঃ)। কাশ্মীর এবং আফগানস্থানের মধ্যমাকৃতি তরু-বিশেষের (Prunus communis) বদরীবৎ মাংসল মিষ্ট ফল (plum, prune)। কাবুলীরা এদেশে আনে বলিয়া বোখারা দেশীয় বদরীর আলু-বোখারা নাম। পঞ্জাবেও ফলে।

আলুয় ··ধাতু. (সং আলুলায়)। আলুয়াই —শিথিল হই, প্রঃ—কবিকঃ আলুয়ায়, আলাইল; জ্ঞানদাসে, গৃহকর্ম্ম করিতে আল্যায় সব দেহ। (আল, এল ধাতু দেখ।) অন্ন পচা, প্রঃ—ভাত আলুয়াছে —আলাইয়াছে।

আলেকম · ব্য. (আং আলেকুম)। মুসল-মানদের প্রতি-নমস্কার শব্দ। সেলাম — শান্তি (হউক); আলেকম—আপনারও (হউক)।

আলেপনা, আলপনা···ষ্য. (সং আলিম্পন, আলেপন)। শাদা রঙ্গের, প্রায় পিঠালীর চিত্র-করণ (ওং চিতা—সং চিত্র)। আঃ দেওয়া।

আলো ··ষ্য. (সং আলোক)। আলোক, দীপ। (ভারতে আল্যা, আলা, আল; প্রঃ—আল্যা করি কোলে বসি ছেঁদে ধরি গলা—কোলে বসিয়া আলো করিয়া। আলো স্থানে আল লেখা গ্রাম্যতা। মাণিকেও আল, আল চাউল। ফরিদপুরে আল-পাতা, আলা-পাতা—অলোক-পক্ক তামুক-পাতা—দোক্তা তামুক।) আলো-আঁধারে লাগা ··আলোক হইতে অন্ধকারে গেলে চক্ষু ক্ষণকাল অন্ধ হয়। চোখের উপর প্রখর আলো পড়িলেও ঐরূপ হয়। আলো-চাউল ·····সূর্যালোকপক্ক চাউল, আগুনে সিদ্ধ করা নহে। আরোয়া দেখ।

আ-লোনা···ণ. (সং আ-লবণ)। লবণ-হীন, ঈষৎ লবণযুক্ত।

আলোয়ান ··ষ্য. (হিং আলৱান ;) সং উর্ণায়ু লোম সূত্রজাত শীতবস্ত্র বিশেষ। শাল।

আল্-কাতরা···ষ্য. (পর্তুং alcatrao ; কিংবা সং অরাল—সাল বৃক্ষের নির্যাস, ওং রাল, হিং রাল ; অরাল শব্দের র লোপে আল। কাতরা—কৃষ্ণবর্ণ ; তুং (কাতরা (দেখ) কুত্সিত্ অংশ)। পাথরিয়া কয়লা চোয়াইলে যে কৃষ্ণবর্ণ নির্যাস বাহির হয় (coal-tar)।

আল্-কেশী, অল-কেশী, আলকুশী ··ষ্য. (সং অলী—কাঁটা বা হুলযুক্ত, কেশী—কেশ বা লোমযুক্ত ; কেশী নাম বৈদ্যকে। আত্ম-গুপ্তা জড়া ইত্যাদি অঃ। ওং বাই-ডঙ্ক ; হিং কোঁচ—সং কপিকচ্ছু)। শিম্বাদিবর্গের বন্য রোহিণী (cow-itch ; Mucuna pruriens)। বর্ষে বর্ষে হয়। পাতায় শিমের মতন তিনটা পর্ণ। ফুল বড় বড়, বেগুনিয়া রঙ্গের। ফল বা শুঁটী পতনশীল লোম আবৃত ; এই লোম ভয়ানক যন্ত্রণাদায়ক। কচ্ছু—কণ্ডুয়ন জন্মায় বলিয়া এক সং নাম কচ্ছুরা এবং ফল দুঃস্পর্শ বলিয়া আত্মগুপ্তা (শত্রু হইতে রক্ষিতা) নাম।

আল্থাল্লা ··ষ্য. (তুর্কী অল্থালক)। হাতা-বিশিষ্ট লম্বা কোর্তা।

আল্গচা, আল্গোচা, আল্গোছা···ণ (সং অলগ্ন—আল্গা, গতি—গঁচ, গোচ্ (দেখ) —অবস্থা। তুং ফাং আলগ্ সে)। অলগ্ন অবস্থা, না লাগাইয়া, না ছোঁয়াইয়া, শূন্য হইতে।

আল্গা···ণ. (সং অ-লগ্ন। হিং অলগ্)। না-লাগা, পৃথক, ভিন্ন।

আল্গা লতা ··ষ্য (সং অলগ্ন হইতে, সং নাম অমরবল্লী ?)। কলম্ব্যাদি বর্গের পত্র-হীন, পীতবর্ণ, পরবৃক্ষজীবী লতা (Cuscuta reflexa)। ফুল ছোট, শাদা। ফুলদল ৪।৫, পরাগ কেশর ৪।৫, ফল প্রায় গোল। মাটিতে মূল থাকে না বলিয়া আল্গা লতা নাম (ওং নির্মূলী—মূলহীনা)। কোন কোন স্থানে এই লতাকে আলগুশী লতা বলে। কিন্তু আকাশবালী শব্দের অপভ্রংশে আলগুশী লতা এবং সে লতা স্বতন্ত্র। আকাশবালী দেখ)।

আল্জিভ···ষ্য. (সং অলি-জিহ্বা)। জিহ্বার পশ্চাৎ ও ঊর্ধ্বে লম্বিত ক্ষুদ্র মাংস (uvula) ; নুড়-নুড়ি।

আল্তা···ষ্য. (সং অলক্ত, অরক্ত। ওং অলক্তা, হিং অলতা, মং অলিতা)। লাক্ষা নামক ক্ষুদ্র কীটের (Tachardia lacca) গৃহ হইতে জতু (জউ দেখ) এবং অলক্ত উৎপন্ন হয়। লাক্ষাগৃহ জলে ধৌত করিলে রক্তবর্ণ রঙ্গ হয়। তাহাই আল্তা (lac-dye)। প্রয়োগের সুবিধার নিমিত্ত কার্পাসতুলা সেই রঙ্গের জলে সিক্ত করিয়া শুখাইয়া রাখা হয় (আলতা-পাতা)। পট্টবস্ত্র রঞ্জনে এবং কুমারী ও সধবাদিগের পদপার্শ্ব রক্তবর্ণে চিত্রিত করণে আলতা লাগে।

আল্না ··ষ্য. (সং আলম্বনী। ওং অলগুণি ; হিং অর্গনী ; মং অলগণেঁ—ঝোলানা—সং অবলগ ধাতু হইতে)। বস্ত্রাদি লম্বিত করিবার আধার-দণ্ড বা রজ্জু।

আল্পাকা···ষ্য. (ইং alpaca)। আমেরিকা দেশের উষ্ট্রাদি-বর্গের আলপাকা নামক প্রাণী বিশেষের লোমসূত্রজাত বস্ত্র।

আল্-পিন্···ষ্য. (আং আল্—ঐ, ইং পিন—

কাঁটা)। কাগজ, কাপড় আঁটিবার পিতলের ছোট কাঁটা।

আল্‌বাটী ··ষ্য. আল্‌তা গোলার বাটী; প্রঃ—গোপীর মুখ করে আলবাটী (চৈঃ চঃ)। পিকদানী (কবিকঃ)।

আল্‌বাত ··ষ্য. (আ° অল্‌বত্তা)। নিশ্চয়।

আল্‌বোলা ··ষ্য. (ফা°)। দীর্ঘনল-যুক্ত হুঁকা।

আল্‌মারী ··ষ্য. (পর্তু° almario; ফরাসী armoire)। কপাটযুক্ত কাঠের উচ্চ আধার।

আল্লা ··ষ্য. (ফা°। সং অল্লা—পরম দেবতা)। মুসলমানী ভাষায় পরমেশ্বর। আল্লা তোবা ···ঈশ্বর রক্ষা করুন।

আলুস্যা, আল্‌স্যে ··ণ. (সং আলস্য+আ, +ইয়া)। অলস। আল্‌স্যামি ··(আলস্য +আমি)। অলসতা। আলস্যা পনা··· আলস্যের ব্যবহার।

আবা-আবা ·বা. (হিং আব্‌-আব্‌—বাং আয় আয়)। আহ্বান-ধ্বনি। প্রঃ—আনন্দে ঐছনে কবে আবা আবা ধ্বনি (মাঃ)। (ঐছনে—ঐক্ষণে)। কৃষ্ণযাত্রাগানে গোপবালক আবা আবা ধ্বনি দ্বারা ধেনু আহ্বান করে।

আশ, আশয়, আশা ··ষ্য. (সং আশা, আশয়)। আকাঙ্ক্ষা, অভিপ্রায়। আশ মেটা ·· আশা তৃপ্তি। আশা-ভরসা···(সহচর শব্দ, ভরসা দেখ)। আশয়, তুং কি ছার আশার আশে আইনু তোমার পাশে (ভাঃ) —কি আশার—আকাঙ্ক্ষার—আশয়ে—ইচ্ছায়।

আশ, আস···ষ্য. (সং আশা, আসক্তি)। গানের একটি বর্ণে পরে পরে দুই তিন সুরের যোগ। সুরে পরে পরে বিরাম না দিয়া একত্র ধ্বনি উৎপাদন। তন্মধ্যে প্রথমটি প্রবল হয়।

আশ-পাশ ··ষ্য. (সং আশ—দিক, পার্শ্ব—দিক্; সহচর শব্দ)। দিক ও পার্শ্ব; চারিদিক। (অষ্ট হইতে আশ নহে; দিক আট নহে, দশ)।

আঁশ ··ষ্য. (সং অংশু)। সূত্র, সূত্রবৎ অংশ প্রঃ—শণের আঁশ, কাপড়ে আঁশ উঠে। আঁশাল···ণ. (সং অংশুল)। আঁশযুক্ত। আঁশুয়া, এঁশো···ণ. (আঁশ+উয়া)। আঁশযুক্ত।

আঁশা···ধাতু. (সং অংশু হইতে)। আঁশাই —অংশু বাহির করি॥ আঁশানা॥

আশাবরী···রাগরাগিণী দেখ।

আশি, আশী ··ণ. ষ্য. (সং অশীতি)। ৮০ সঙ্খ্যা, আশি সঙ্খ্যক।

আশোত, আশুত ··ষ্য. (সং অশ্বত্থ। ওং অশ্বস্ত; হিং পিপল—সং পিপ্পল)। প্রসিদ্ধ তরু (Ficus religiosa)। পাতার লেজ লম্বা, কলির খোল ছোট। মৃদু বাতাসেও পাতা নড়ে বলিয়া সং নাম চল-দল, পিপ্পল। গয়া আশোত ··(সং অশ্বত্থিকা, গজাশ্বত্থিকা)। অশ্বত্থ-তুল্য তরু (Ficus rumphii)। পাতার লেজ লম্বা নহে, কলির খোল বড়।

আশোয়স···ষ্য. (সং আশ্বাস)। আশ্বাস (জ্ঞানদাস)।

আশ্‌কা, আশুকা···পিঠা দেখ।

আশ্চর্য···ষ্য. (সং)। বিস্ময়। ণ. (সং)। বিস্ময়াপন্ন।

আশ্‌নাই···ষ্য. (ফা°)। আসুরক্তি, অবৈধ প্রেম।

আশ্বস্ত ··ণ. (সং)। প্রবুদ্ধ, প্রবোধিত।

আশ্বাস ··ষ্য. (সং)। প্রবোধ।

আশ্বিন ··ষ্য. (সং)। মাস নাম। আশ্বিনিয়া, আশ্বিন্যে···(আশ্বিন+ইয়া)। আশ্বিন মাসে জাত।

আশ্‌রা ·ষ্য. (সং আশ্রয়)। আশ্রয়।

আশ্‌শ্বশুর··ষ্য. (সং আর্য-শ্বশুর। আর্য—আর—আশ্; পরে শ্ব আছে বলিয়া র স্থানে শ্। তুং আরটা—আষ্‌টা)। শ্বশুরের পিতা।

আঁষ ফল···ষ্য. (সং আমিষ হইতে)। লিচুর তুল্য মাংসল ফল, কিন্তু আমিষ-গন্ধী ও প্রায় অখাদ্য ফল (Longan ; Nephelium longanum)। আঁষ-ফলের গাছ বড় ক্ষুপ।

আষ্‌রফী···ষ্য. (ফা°)। মোহর (১৬ টাকা)।

আষাঢ় (গ্রা° আষাড়) ··ষ্য. (সং)। তৃতীয় মাস নাম। আষাঢ়িয়া, আষাঢ়ে গল্প ·· আষাঢ় মাসের বর্ষাদিনের যোগ্য বৃথা অসম্ভব গল্প।

আষু···বিভক্তি. (সংস্কৃত অধিকরণ কারকের বহুবচনের বিভক্তি)। মান্যা, আদরনীয়া নারী সমীপে—এই অর্থে ; প্রঃ—কল্যাণীয়াষু, মহাশয়াষু।

আষ্ট ··ষ্য. (সং অষ্ট)। আট। নামতায় তিন আষ্টে, চারি আষ্টে ইত্যাদি। (কেহ কেহ বলে আট্টে।)

আষ্টা ··ষ্য. (আরটা=ইত্যাদি)। প্রঃ—ঘটীটা আষ্টা—ঘটী ইত্যাদি। (ব্যাকরণ দেখ)

আঁষ্টিয়া, আঁষ্টে,···ণ. (আমিষ+তা+ইয়া ; আমিষের ভাব—আমিষটা (তুং বোকাটা) +ইয়া=আমিষটিয়া—আমিষট্যে—আঁইষ্টে্য আঁষ্ট্যে বা আঁষ্টে। ওং আইঁসিআ)। মৎস্য মাংস তুল্য, প্রঃ—আঃ গন্ধ।

আস ··ধাতু. (সং আ-য়া ধাতু=আ ধাতু (দেখ)—আহ—আস। হ আগম এবং তৎস্থানে স। আসামীতে আহ ধাতু। লিখিত ভাষায় আস ধাতু, এবং কথিত ভাষায় দুই চারিটা পদ ব্যতীত আ ধাতু)। আসি আই—আহি—আসি (আগমন করি)। আহ, আইব, আইতে, আইব পদ নাই। এয়েছি—এসেছি ; এয়েছিলাম বা এয়েছিনু —এসেছিলাম বা এসেছিনু ; এলাম বা আইনু বা এনু—আসিলাম—আসলাম বা আসনু ; আয় (অনাদরে এবং নিকৃষ্টকে আদরে)—আইস বা এস (আদরে); আসিতেছি, আসতেছি—এস্তেছি (গ্রা°)। অনুজ্ঞায় ক্রিয়াপদের সহিত যোগে সে, যথা, দেখ সে=দেখ এসে, শোন সে= শোন এসে। (২) আগমন অর্থ হইতে অভ্যাস, প্রঃ—এ কাজ তাহাকে আসে না, হাত আসিয়াছে ; অল্প অন্ন নাহি আইসে দিতে প্রভুর হাতে (চৈঃ চঃ)। ছিটা ফোটা তন্ত্র মন্ত্র আসে কতগুলি (ভাঃ)। (ওড়িয়াতেও আসে—'অভ্যাস আছে' আছে)। আসে যায় না, এসে যায় না—কাজের ক্ষতি হয় না। কথা কহিতে আসে না—কথা কহিতে শব্দ কিংবা ভাব আসে না—উপস্থিত হয় না। (৩) মুখে লালাস্রাব (সং আস্যাস্রব); প্রঃ—মুখ আসিয়াছে, এসেছে—লালাস্রাবের মুখ খুলিয়াছে, (তুং মুখ আনানা—ঔষধ দ্বারা লালাস্রাব

উৎপাদন) ॥৮ আসা ॥ আসা-যাওয়া—আনাগনা। আসা…ধাতু. (আস • ধাতু আস্তে)। তাহাকে আসাইব, আসানা, (কখন কখন) আসা-করানা, আসানা-করানা। (প্রয়োগ অল্প)।

আঁস…ষ্য. (সং অস্র)। কোণ। আঁসা, আঁসিয়া…ণ. (আঁস+আ ; আঁস+ইয়া)। কোণযুক্ত; প্রঃ—তে-আঁসা—ত্র্যস্র বা তে-কোণা, আট-আঁসা—আটকোণা।

আসক…ষ্য. (সং আসক্তি। তু° আ° আষক, ইষ্ক—প্রেম)। অনুরাগ (নিন্দিতার্থে), পিরীত।

আসন…ষ্য. (সং)। কম্বলাদি বসিবার স্থান; সন্ন্যাসীর উপবেশন, অবস্থান। আসনা-ঙ্গুরী…রূপার আসন ও অঙ্গুরী (পূজায়)। ভদ্রাসন…(সং-তে—সিংহাসন)। বসতি-বাটী। আসন করিয়া বসা…নিতম্বের উপর ভর দিয়া উপবেশন। আসন-পীড়ী করিয়া বসা…নিতম্বে ভর দিয়া পীঠে উপ-বেশন। আসন গাড়া…(সন্ন্যাসীর) স্থান করা। আসন তোলা…(সন্ন্যাসীর) স্থানা-ন্তর গমন। আসন টলা, নড়া…স্থানান্তর গমনের উপক্রম।

আসন…ষ্য. (সং আসনো জীবকদ্রুমে—মেঃ; পীতসালকে সর্জকাহসন বন্ধূকপুষ্প প্রিয়ক জীবকাঃ—পীতসাল—অঃ। সুতরাং আজি-কালি যাহাকে আসন-গাছ বলা হইতেছে, সং কোষের আসন সে গাছ নহে। উদয়-চাঁদ বা° আসন কাঠকে পীতসাল মনে করিয়াছেন। সং কোষের আসনের কাঠ পীতবর্ণ, প্রিয়দর্শন, গাছের ফুল রক্তবর্ণ, গাছ হইতে নির্যাস বাহির হয়, এবং গাছ বহুকাল জীবিত থাকে (জীবক—অঃ টীঃ)। ছোট-নাগপুরে যে গাছকে হিন্দীতে পিয়াল (Buchanania latifolia) বলে, সে গাছ হইতে পারে না। সং অসন, আসন=বা° পীতসাল—পিয়াসাল (দেখ)। বা° আসন, ও° অসন, হিং অসৈন। কোন কোন স্থানে হিং তে সজ্ এবং পিয়াসালও বলে)। হরীতক্যাদি বর্গের পত্রত্যাগী আরণ্য তরু (Terminalia tomentosa)। দেখিতে অনেকটা অর্জুন গাছের তুল্য। ফুল পীত-বর্ণ, ফল পঞ্চপক্ষ। কাঠ শক্ত, খদিরবর্ণ, প্রায়ই কৃষ্ণবর্ণ। গাছ হইতে নির্যাস বাহি-রায়। ছাল ও ফলে কষায়ীন (tannin) আছে। আসনের দুই জাত; (১) কালী আসন (ও° মহিষা অসন)—কাঠ খয়র বা প্রায় কৃষ্ণবর্ণ; (২) ভুঁড়ী আসন (ও° আম্বুয়া আসন)—কাঠ ঈষৎ খয়র বর্ণ।

আসন্ন…ণ. (সং)। নিকটস্থ। প্রবাদে, আসন্ন কালে বিপরীত বুদ্ধি—কাল—মৃত্যু-কাল নিকটস্থ হইলে বুদ্ধি-ভ্রংশ হয়।

আসর…ষ্য. (সং অবসর—অবকাশ। হিং ঔসর।)° সভা, মজলিশ, প্রঃ—আসর সহিত মাতা হইবে সানন্দ (কবিকঃ)। আসরে নামা…কবি-গান করিতে অগ্রসর হওয়া, বিবাদে প্রবৃত্ত হওয়া। আসর গরম করা …সভাস্থ লোকের চিত্ত আকৃষ্ট করা।

আসল…ণ. (আ° অসল)। মূল, প্রধান, সত্য বা সাঁচ্চা (নকলের বিপরীত)। আসল-নকল—অকৃত্রিম ও কৃত্রিম। আসল লভ্য—শুভঙ্করী অঙ্কবিশেষ (capital and profit)। সুদ আসল—বৃদ্ধি ও মূল টাকা।

আসা···ষ্য. (আ°)। রাজদণ্ড, যষ্টি। আসা-বরদার···ষ্য. রাজদণ্ড-বাহক। আসা-বাড়ী···ষ্য. (আসা+বা° বাড়ী-যষ্টি ; সহচর শব্দ)। যষ্টি। আসা-নড়ী···(নড়ী (দেখ) —হি° লকড়ী—লাঠী ; সহচর শব্দ)। যষ্টি ; লক্ষণায় আশ্রয়। আসা-সোটা··· (সোটা, সোঁটা দেখ ; সহচর শব্দ)। রাজদণ্ড।

আ-সাঁতোলা ··ণ. (সাঁতোল ধাতু দেখ)। সাঁতোলা নহে যাহা।

আসান···ণ. (ফা°। তু° স° অবসান)। লঘু, সোজা, মুক্ত। প্রঃ—মুস্কিল আসান—বিপদের লাঘব; বেদনা আসান হওয়া—লঘু।

আসামী···ণ-ষ্য. (অহম জাতি নাম হইতে আসাম—প্রাচীন কামরূপ রাজ্যের পূর্বভাগ। আসাম+ঈ)। আসাম প্রদেশজাত,-সম্বন্ধী। ঐ প্রদেশের লোক, ঐ লোকের ভাষা।

আসামী ··ষ্য (আ°)। নাম বা বিষয় সমূহ ; প্রজা (জমীদারের খাতায়); ক্রেতা (দোকানের খাতায়) ; ঋণী, দোষী, বিবাদী (আদাঃ); ব্যক্তি, প্রঃ—ভারী আসামী —গুরুতর ব্যক্তি।

আ-সিঝা···ণ. (আ-সিদ্ধ)। সিঝা—সিদ্ধ নহে যাহা।

আসিষ্টাণ্ট ··ষ্য. (ই°)। সহকারী।

আসেসর···ষ্য. (ই°)। জজের সহিত বিচারক।

আসোবার···ষ্য. (স° অশ্বৱার)। অশ্বারোহী (কবিকঃ)। (অপ্রচঃ)।

আস্ক ··ষ্য. স্ক—এই বর্ণ ও অক্ষর ; ক-কারাদি বর্ণের সহিত ঙাদি পঞ্চ অনুনাসিক বর্ণ ব্যতীত শ ষ স হ দ ধ ব র ইত্যাদি বর্ণ যুক্ত হইলে যে বর্ণ ও অক্ষর-শ্রেণী হয়। এই শ্রেণীর প্রথম বর্ণ ও অক্ষর স্ক। এই শ্রেণীর নাম আস্ক-ফলা।

আস্কারা···ষ্য. (যা° ? আ° আষক হইতে ? ফা° আশ্‌কারা—প্রকাশিত হইতে ?)। অত্যাদর, নেই (স্নেহ)।

আস্ত ··ণ. (স° অস্থি ; ঢাকায় আস্থা)। অস্থি-সমেত, প্রঃ—আঃ আম ; অখণ্ডিত গোটা ; প্রঃ—আস্ত তাল গেলা অসম্ভব।

আস্তর···ষ্য. (স°—আবরণ ; হি° অস্তর)। হস্তীর পৃষ্ঠদেশের আস্তরণ বস্ত্র ; জামা প্রভৃতির ভিতরের আবরণ (আবরা—উপরের); প্রথম রঙ্গ (priming)।

আস্তান···ষ্য. (ফা° ; তু° স° স্থান)। স্থান, প্রঃ—পীরের আস্তান, মহন্তের আস্তান ; প্রদেশ,—হিন্দুস্তান, আফগান-স্তান, তুর্কীস্তান।

আস্তানা ··পীরের আস্তান।

আস্তাবল ··ষ্য. (আ° অস্তাবল ; ই° ষ্টেবল stable)। অশ্বাদি পশু রক্ষার আলয়।

আঁস্তা-কুড় ··ষ্য. (স° উচ্ছিষ্ট হইতে আঁষ্টা (এঁঠা দেখ); ট স্থানে ত হইয়া আঁস্তা (আমিষ হইতে নহে)। স° কূল—কুড় ; স° কুণ্ড (গর্ত) হইতে কুঁড় নহে। আঁষ্টা-কুড় এঁঠা কুড়ও শোনা যায়। ঢাকায় ছিটাল—উচ্ছিষ্ট হইতে ছিট; এবং কূল কিংবা আলী হইতে আল—স্তূপ)। উচ্ছিষ্ট দ্রব্যাদির স্তূপ।

আস্তীন ··ষ্য. (ফা° ; তু° স° হস্ত)। জামার হাতা (স° পিপ্পল)।

আস্তে ··ব্য. (ফা° আহিস্তা)। ধীরে, মৃদুভাবে।

আস্তে-ব্যস্তে···ব্য. (স° অস্ত-ব্যস্ত)। ব্যাকুল

ভাবে, প্রঃ—আস্তে ব্যস্তে পিতা মাতা মুখে দিল পালী (চৈঃ চঃ)।

আস্‌নাই···ষ্য. (ফা° আষনাই)। অবৈধ প্রসক্তি।

আস্ফালন···ষ্য. (স°)। তাড়ন, গর্ব্বপ্রকাশ, কোপপ্রকাশ।

আস্‌বাব···ষ্য. (আ°)। উপকরণ, সজ্জা। আস্‌বাব-পত্র···সজ্জা-সমূহ। (পত্র দেখ)।

আস্‌মান···ষ্য. (ফা°)। আকাশ; আসমান জমীন ফরক···আকাশ পাতাল অন্তর। আসমানী···আসমানে জাত, আসমান হইতে আগত, অকস্মাৎ। আকাশবর্ণ। আকাশ বর্ণ বস্ত্রবিশেষ (নীল টানা, লাল পাড়ন)।

আস্‌-শাওড়া···ষ্য. (স° আস্তশাখোট—বৈদ্যকঃ। ও° সাহাড়া। শাওড়া দেখ)। নিম্বুকাদি বর্গের বন্য ক্ষুপ (Glycosmis pentaphylla)। পাঁচ পর্ণে পাতা। ফুল ফল ছোট। দন্তধাবন কাষ্ঠ হয় বলিয়া আস্ত।

আহড়···ষ্য. (স° অন্তরাল)। আড়াল (কবিকঃ)। (অপ্রচঃ)। আহড়-বিহড়···(অন্তরাল, বিরল)। অন্তরাল, প্রঃ—আহড়ে বিহড়ে থাকি মারয়ে ভাবকী (কবিকঃ)। (অপ্রচঃ)

আহর···ধাতু. (স° আহর)। আহরি—পদ্যে।

আহরণ···ষ্য. (স°)। সংগ্রহ, আয়োজন, ভক্ষ্যাদির আয়োজন।

আহল-বিহল···৵৹ (স° আহ্বল-বিহ্বল—সহচর শব্দ)। বিহ্বল, প্রঃ—নিকুঞ্জ ভাঙ্গিয়া দণ্ডে আহল বিহল চুণ্ডে, ঝিঁটী ঝাউ ঝরণা গহন (কবিকঃ)।

আ-হলুদিয়া, আ-হলুদ্যে···ণ. (হরিদ্রা হইতে)। হরিদ্রাশূন্য, প্রঃ—আঃ ব্যঞ্জন।

আহলে বিলাত···(আ°)। আ° অহল—জাতি বা স্থানের একজন; আঃ বিলাত—বিলাতের একজন; প্রঃ—কেমনে জানিবে সে ত আহলে বিলাত—বিলাতের লোক। তু° জাহাজ হইতে নামিতেছে। আহলী-বিলাতী···বিলাতের লোকের একজন।

আহা ··ব্য. (স° অহহ)। অদ্ভুত, খেদে। আহা-হা···আহা। আহা মরি···অদ্ভুত ব্যাপারে প্রশংসা। আহা ম'রে যাই··· বাৎসল্যে খেদে। আহা উহু···বা. যাতনায়।

আহাম্মক···ণ. (আ° আহ্‌মক। তু° স° অহমিকা) নির্বোধ। আহাম্মকি···ষ্য. নিবুর্দ্ধিতা।

আহীর ··ষ্য. (স° আভীর। হি° অহীর)। গোপ জাতি বিশেষ। স্ত্রী° আহীরিণী।

আহুড় ··ধাতু. (স° আবৃত হইতে)। আহুড়ি—আবর্তি, প্রঃ—উর্দ্ধমুখে ধাও যেন ফিরয়ে আহুড়ি (কবিকঃ)। তু° বাহুড়া। (অপ্রচঃ)।

আহোয়াল·· ষ্য. (আ° আহ্বাল)। দশা।

আহ্লাদ···ষ্য. (স°)। আনন্দ, হর্ষ। আহ্লাদে আটখানা—অষ্টখণ্ডে বিভক্ত, সুতরাং সংজ্ঞা-লোপ। তু° আহ্লাদে গল্যে যাওয়া—দ্রবীভূত। আহ্লাদিয়া, আহ্লাদ্যে··· আহ্লাদ-প্রাপ্ত, আনন্দে লালিত। স্ত্রী°, আহ্লাদী, আহ্লাদিনী।

ই

ই···(স°)। স্বরবর্ণ, স্বর-অক্ষর বিশেষ।

ই··ব্য. (স° হি; ও° হিঁ; হি° ম° হী;

ব্যাকরণ দেখ)। নিশ্চয়ে, প্রঃ—তোমাকেই করিতে হইবে। ই, ইঁ…ব্য. মাসের দিন-সন্ধ্যা, প্রঃ—আজ পাঁচই (ব্যাকরণ দেখ)।

ই (গ্রা°)…এই।

ইঃ…ব্য. (স° ইস্, ই)। খেদে, কোপে, বিস্ময়ে।

ইকুন…উকুন দেখ।

ইঙ্গুদী…ষ্য. (স° ইঙ্গুদী—তাপস-তরু। হি° হিঙ্গান, ম° হিঙ্গানবেট)। কাঁটা গাছ, ১৫।১৬ হাত উচা হয় (Balanites roxburghii)। পাতায় ২টা পর্ণ। ফুলদল ৫, পুংকেশর ১০। ফল বড়, মাংসল (আমের মতন) কিন্তু পঞ্চনালী ও তিক্ত। বীজ তৈলময়। শিকড় হইতে দূরে দূরে নূতন গাছ হয়। এই জন্য স° নাম ইঙ্গুদী (ইঙ্গো: গতি, তং দদাতি—অঃ টীঃ)। বিহার ও ভারতের অন্য শুষ্ক প্রদেশে জন্মে। উত্তরাঞ্চলে ও বঙ্গাদেশে নাই।

ইঁজল-পিঁজল ··ষ্য. (ইন্ধন-পুঞ্জ ? অঞ্জলি-পুঞ্জ হইতে পারে না)। কার্তিক অমাবস্যায় পিতৃলোকের উদ্দেশে প্রজ্বলিত ইন্ধন-প্রদর্শন। এই সময়ে একটা মন্ত্র বা ছড়া পঠিত হয়। তাহার মধ্যে আছে, "আঁধারে এস, আলোয় যাও,"। (দিয়ালী দেখ।)

ইচড়…ষ্য. (স° ইৎকট—শব্দকল্পঃ, ইৎকট—ওকড়া—বৈদ্যকঃ; উৎকট-বিষম। ওকড়া ফলের গাত্র যেমন বিষম, কাঁচা কাঁঠালেরও তেমন। সাদৃশ্যে কিংবা বিষম গাত্র দেখিয়া ইৎকট—ইচড়)। কাঁচা কাঁঠাল। ইচড়ে পাকা…কাঁচা কাঁঠাল পাকিলে যেমন তাহার স্বাভাবিক স্বাদ পায় না, তেমন অকাল-পক্ব। তু° কীলাইয়া কাঁঠাল পাকানা।

ইচলা…ষ্য. (স° চিলিচিম, ইঞ্চাক; নীল-মীনশ্চিলিচিমঃ—অঃ। ঢাকায় ইচা)। বড় চিংড়ি মাছ বিশেষ (কিন্তু চিংড়ি নহে)। দাড়া বড় ও কাল হয়। প্রঃ—খোড় ডুমুর ইচলা মাছে (কবিকঃ)।

ইছ…ধাতু. (স° ইষ ধাতু ইচ্ছা)। ইছি—ইচ্ছা করি, প্রঃ—সো পুন ইছিয়া নিছিয়া লইমু (জ্ঞানদাস)। (অপ্রচঃ)।

ইচ্ছ…ধাতু. (স° ইচ্ছা) ইচ্ছি—পদ্যে।

ইচ্ছা ··ষ্য. (স°)। বাঞ্ছা। যা-ইচ্ছা-তাই—যদৃচ্ছা, নিজের ইচ্ছামতন; অসুন্দর-কর্মণ্য।

ইজার, ইজের…ষ্য. (ফা° ইজার)। পায়ের জামা, পায়-জামা।

ইজারা ··ষ্য. (আ°)। নিয়ম-বিশেষে নির্দিষ্ট করে সম্পত্তিতে অধিকার। ইজারাদার…ইজারা-অধিকারী।

ইজ্জত ··ষ্য. (আ°)। মান। ইঃ রাখা…মান-রক্ষা; ইঃখাওয়া…মান নাশ। মান-ইজ্জত …(সহচর শব্দ)। মান। বে-ইজ্জত ·· অপমানিত, ধর্ম-নষ্ট। বে-ইজ্জতি…অপ-মানজনক কাজ।

ইজ্‌মাল ··ষ্য. (আ°)। মিলিত অধিকার। এজমাল দেখ।

ইঞ্চি, ইঞ্চ ··ষ্য. (ই° Inch)। বুরুল। (মাপ দেখ)

ইঞ্জিন…ষ্য. (ই° Engine)। উত্তপ্ত বাষ্পাদি দ্বারা চালন-কল। ইঞ্জিনিয়ার…ষ্য. (ই° Engineer)। কল-নির্মাতা, কলচালক। ইঞ্জিনিয়ারি…ষ্য. ইঞ্জিনিয়ারের কর্ম।

ইট, ইঁট ··ষ্য. (সং° ইষ্টক। ও° ইটা, ঢাকায়

ইটা)। গৃহনির্মাণার্থে দগ্ধ চতুষ্কোণ মৃৎ-খণ্ড। ইট-পাটকেল ··(পাটকেল দেখ, সহচর শব্দ)। ইঁট। কাঁচা ইট ··আপোড়া। আমা ইঁট···আধপোড়া। ইঁট-খোলা···ইট নির্মাণের স্থান (নিম্নস্থান)।

ইঁটা··ধাতু (ইঁট হইতে)। ইঁটাই—ইঁট দিয়া আঘাত করি। ইঁটানা॥

ইটাল··ষ্য. (ইট ডেলা)। ভাঙ্গা ইট, প্রঃ—ইটাল পাথাল মারে যে দেখে ডাগর (কৃত্তিঃ সুং ও ভাঃ)। (অপ্রচঃ)।

ইত···প্রত্যয়. (সং)। যুক্ত, প্রাপ্ত, প্রঃ—কুসুমিত। বাং-তে. ভ্রমে বিশেষণেও লাগে, প্রঃ—হেন কালে বসুন্ধরা ব্যাকুলিত-রূপে (ভাঃ)। এইরূপ, প্রফুল্লিত।

ইতর ··ণ. (সং; ইতরোঽন্যত্র পামরে—মেঃ)। নীচ, পামর। ইতরামি···(ইতর+আমি)। ইতরের ধর্ম। ইতরিয়া, ইতরো ··ইতরের যোগ্য। ইতর-বিশেষ··(সং, সহচর শব্দ)। প্রভেদ, তারতম্য।

ইতি···ষ্য. (সং)। সং-তে উদ্ধৃত শব্দ ও বাক্যের শেষে ইতি বসিয়া সমাপ্তি বুঝায়; ইহা হইতে সমাপ্তি। ইতিমধ্যে···এই সময়ে, এই সময়ের মধ্যে। (ইতোমধ্যে —সং)।

ইতি-উতি···ব্য. (সং ইতস্ততঃ; হিং ইত-উত)। এখানে ওখানে, প্রঃ—উন্মত্ত হইয়া নাচে ইতি উতি ধায় (চৈঃ চঃ)। (অপ্রচঃ)

ইতু···ষ্য. (সং মিত্র—সূর্য হইতে)। অগ্রহায়ণ-মাসে প্রতি রবিবারে গ্রাম্য বালিকার পূজ-নীয় সূর্য-ঠাকুর।

ইত্তেলা···এত্তেলা দেখ।

ইত্যাদি···ণ. (সং ইত্যাদি—প্রভৃতি)। বাংতে সামান্য, ছোট-খাট, প্রঃ—ইঃ কর্ম, (ওং তেও এই অর্থ আছে।)

ইথে···ইহাতে। (প্রাচীন ও নবীন পদ্যে)।

ইদানী···ব্য. (সং ইদানীং)। আজি-কালি।

ইঁদারা···ষ্য. (সং অন্ধু—কূপ; হিং ওং ইন্দারা,—বৃহৎ কূপ। কিন্তু অন্ধু হইতে ইন্দা আসিতে পারে, রা কোথা হইতে? বোধ হয় অন্ধুপ্রহি (অন্ধু এবং প্রহি, অমরে, হেমচন্দ্রে) একত্র দুই নাম থাকাতে অন্ধুপ্রহি হইতে ইন্দারা; তুং আকন্দ)। ইঁট-পাথর দিয়া বাঁধান বৃহৎ কূপ।

ইঁদুর ··ষ্য. (সং উন্দুর, ইন্দুর। ওং হিং ইন্দুর; মং উন্দীর। কোথাও কোথাও উঁদুর বলে। আশ্চর্য এই, উঁদুর শুনিলে কেহ কেহ হাসে, এবং ইঁদুর শুদ্ধ মনে করে।) প্রসিদ্ধ ক্ষুদ্র চতুষ্পদ প্রাণী (Mus)। ইন্দু-রের নানা জাতি আছে। যথা, (১) গাছুয়া ইঁদুর—আকারে বড়, ৫-৮ ইঞ্চি লম্বা, লেজ দেহের প্রায় সমান লম্বা, সমুখের পায়ে ৫টা, পেছুর পায়ে ৬টা মাংসপিণ্ড থাকে (Mus rattus)। এই ইঁদুর তাল নারিকেল গাছে বাসা করে, চালেও করে। (২) ধুমসা ইঁদুর —ধূমবর্ণ (brown), পিঠের উপর, নীচে ঈষৎ খয়রা,দেহ অপেক্ষা লেজ ছোট (Mus decumanus)। এক একটা বৃহৎ হয়। মাটিতে গর্ত করিয়া থাকে। (৩) নেংটি ইঁদুর—ছোট,দেহ ৩।৪ আঙ্গুল, কিন্তু লেজও তত লম্বা কিংবা কিছু অধিক লম্বা। লেজ লোম-শূন্য,ঘরে থাকে (Mus musculus—the common house-mouse)। (নেং নেং দেখ)। মাঠুয়া, মেঠো ইঁদুর—ধুমসা

ইঁদুর (Mus buduga. Field-mouse) মাঠেও থাকে। এক জাতি নেংটি ইঁদুরের মতন ছোট, কিন্তু মাটিতে গর্ত্ত করিয়া বাস করে।

ইঁদুর-কানী···ষ্য. (স° উন্দুরকর্ণী)। জলের বর্ষায়ু পানাবিশেষ (Salvinia cucullata)। পাতা বাঁকা যেন ইঁদুরের কান।

ইনাম, ইলাম···ষ্য. (আ° ইনআম)। পুরস্কার। (কবিকঃ ইনাম; অধুনা প্রায়ই ইলাম)।

ইনি ··সর্বনাম. ইহাঁ শব্দের কর্ত্তাকারকে। ইহাঁ দেখ।

ইঙ্কার···ষ্য. (আ° ইন্‌কার)। অস্বীকার।

ইস্তেহাম ··ষ্য. (আ° ইম্‌তেহান)। পরীক্ষা।

ইস্তেজারি···ষ্য. (আ° ইস্তেজার)। প্রতীক্ষা; অন্যের আজ্ঞাপালন, মন যোগানা।

ইন্দ (গ্রা°) · ষ্য. (স° ইন্দ্র)। ইন্দ্র। তু° ইন্দ-চন্দ দেবতা।

ইন্দ্রনীল···ষ্য. (স°)। সুনীল মণি বিশেষ (blue sapphire)। নীলা দেখ।

ইন্দ্র-বারুণী··ষ্য. (স°। হি° ইন্দ্রায়ন)। মাকাল দেখ। (colocynth)।

ইন্দ্রযব ··ষ্য. (স°)। কূটজ—কুড়চি (দেখ) গাছের বীজ, যবাকার বলিয়া যব। যবের উপর দিকে এক গোছা মৃদু রোম থাকে। কলিঙ্গ দেশে প্রচুর জন্মে বলিয়া এক স° নাম কলিঙ্গ। কিন্তু ভারতবর্ষের প্রায় সর্বত্র কুড়চি গাছ জন্মে।

ইন্দ্রিয়-দোষ····ষ্য. (স°)। বা° তে (প্রায়ই) লাম্পট্য।

ইন্‌সাফ···ষ্য. (আ°)। ন্যায্য-বিচার।

ইবারৎ···ষ্য. (আ°)। ভাষা, রচনা-ভঙ্গি।

ইমন, ইমন-কল্যাণ ··রাগরাগিনী দেখ।

ইমান···ষ্য. (আ°)। ধর্ম্ম-বিশ্বাস।

ইমাম···ষ্য. (আ°)। মুসলমানদের গুরু। ইঃ বাড়া···যে বাড়ীতে মহরমের কৃত্য নির্বাহ হয়।

ইমারৎ···ষ্য. (আ°)। অট্টালিকা। ইমারতী ···গু. ইমারৎ সম্বন্ধীয়।

ইয়া ··সর্বনাম. (ইহা)। আবশ্যক শব্দ মনে না আসিলে তৎবোধক শব্দ।

ইয়াদ···ষ্য. (ফা° য়াদ)। স্মরণ। ইয়াদ-দস্ত···ষ্য. (ফা°)। স্মারক-লিপি (memo)।

ইয়ার···ণ. (ফা° য়ার,—সঙ্গী। হি° ইতরানা—মিথ্যা গৌরব, আটোপ, হাব প্রকাশ করা; এই অর্থের সহিত বা° ইয়ার শব্দের অর্থের সাদৃশ্য আছে। অতএব স° ইতর শব্দও মূল বোধ হয়। স° ইতর কিংবা ইত্বর—ইঅর—ইআর)। নীচ, ভ্রষ্টশীল, তরল-স্বভাব। ষ্য. রসিকতার বয়স্য। ইয়ার-বন্ধু ···নীচ জনোচিত হাবভাব প্রকাশের বন্ধু। ইয়ার-বক্সী···(বক্সী দেখ) হাস্য পরিহাসের বন্ধু। ইয়ারকি দেওয়া···(ফা° য়ারী—বন্ধুতা—স্থানে ইয়ারকি ?)। নীচজনোচিত হাস্য-পরিহাসাদি-কৌতুক করা।

ইয়ারিং···ষ্য. (ই° ear-ring)। কানের বালা ও দুল একত্র অলঙ্কার-বিশেষ।

ইয়ুনানী···(আ° য়ুনানী। স° যবন)। গ্রীক-জাতীয়।

ইরাকী···ণ. (আ°)। ইরাণ দেশীয়। (ইরাণ দেশের এক প্রদেশের নাম ইরাক।)

ইরাণ ··ষ্য. (ফা°। স° আর্য)। পারস্য দেশ। ইরাণী···ণ. পারস্য দেশীয়।

ইরাদা…ষ্য.(আ°। তু° স°. অর্থ, হি° অরথ)। অভিপ্রায়, সঙ্কল্প।

ইর্সাল…ষ্য. (আ°)। টাকা-প্রেরণ। (জমীদারির ভাষায়)।

ইংরেজ…ষ্য. (ফরাশী Anglaise। ও° হি° অংরেজ, ম° ইংগ্রজ। রাজশব্দ প্রচলিত বলিয়া ইংরেজ স্থানে প্রায়ই ভ্রমে ইংরাজ হইয়া পড়ে)। ইংলণ্ড দেশের লোক। ইংরেজী ··ণ. (ইংরেজ+ঈ)। ইংরেজ-সম্বন্ধী; ইংরেজের ভাষা। ইংরেজী-নবিস্ …ইংরেজী ভাষা লেখে যে। নবিস দেখ।

ইল্‌-বিল…ষ্য. (কিল-বিল, কিল-কিল দেখ)। এদিকে ওদিকে বাঁকিয়া খেলা। (ইলি-মিলি—ভাঃ)।

ইলম ··ষ্য. (আ°)। বিদ্যা।

ইলাহী ··ণ. (আ°) মহান্, শ্রেষ্ঠ। (এলাহী দেখ)। ইঃ সন ··আকবর-শাহ প্রবর্তিত সাল। ইঃ গজ ··আকবর-শাহ প্রবর্তিত গজ (৪১ ইঞ্চির)।

ইলীশ…ষ্য. (স° ; অন্যরূপ ইল্লীশ—শব্দকল্পঃ)। সমুদ্রচর শকলী মৎস্য-বিশেষ (Herring. Clupea ilisha)। উদর চেপটা, নিম্নে দন্তুর। বর্ষাকালে উজান ঠেলিয়া নদীতে প্রবেশ করে।

ইলেক…ষ্য. (ই—ˋ রেখা ? হি° উঙ্কারী—বামদিকে বক্ররেখা)। গণ্ডার অঙ্ক বুঝাইতে অঙ্কের বামে ও নিম্নের বক্র-রেখা ; যথা ৻৫। প্রঃ—যতেক তঙ্কার কড়ি বামে ইলেক দিবে (শুভঙ্কর)।

ইল্লত্…ষ্য. (আ°)। কদভ্যাস ; মল, অশুচি দ্রব্য; যে অশুচি দ্রব্য স্পর্শ করে। প্রবাদে, ইল্লত্ যায় ধু'লে, স্বভাব যায় ম'লে। ইল্লতি …অশুচিতা। ইল্লত-পনা…ইল্লত মানুষের কাজ। ইল্লতিয়া…ণ. (ইল্লত+ইয়া)। কদাচারী, অশুচি-দ্রব্য-স্পর্শ-কারী।

ইল্লী…ষ্য. (দিল্লী হইতে)। অজ্ঞাত নগরের নাম। প্রবাদে, ইল্লী দিয়া দিল্লী—দিল্লী যাইবার জানা সোজা পথ ছাড়িয়া অজ্ঞাত ঘোর পথ ; লক্ষণায়, কাজের ঘোর পথ।

ইশের মূল…ইষু দেখ।

ইশাদী ··ষ্য. (আ° ইষাদৎ—সংবাদ-দান)। সাক্ষী।

ইস্কুল ··ষ্য. (ই° school)। ইংরেজী ভাষার বিদ্যালয়, বিদ্যালয়।

ইস্কুরুপ ··ষ্য. (ই° screw)। কাষ্ঠাদি আঁটিবার বেড়াপাক গজাল।

ইষ্টাট…ষ্য. (ই° state, estate)। পরিমিত ভূসম্পত্তি ; বিষয়-সম্পত্তি।

ইষ্টাকিন…ষ্য. (ই° stocking)। মোজা।

ইষু ··ষ্য. (স° নাম অর্কমূলা—শব্দকল্পঃ)। (ইশের মূলও বলে)। বল্লীলতা (Aristolochia indica)। পাতা একোত্তর, বাণের আকার। ফুল বিচিত্র, নিম্নভাগ ঘটাকার, উর্ধ্বভাগ বিস্তৃত শরাকার। পুংকেশর ৬টা, ফলের উপরে। ফল প্রায় ষট্‌কোষ। লোকে বলে মূল সাপে কাঁটার ঔষধ। প্রঃ—ইষুর মূলের গন্ধে পলায় ভুজঙ্গ (কবিকঃ)। (এইরূপ ভারত-চন্দ্রে।) ইষুর নানাজাতি পাখীলতা নামে মালীরা বিক্রয় করে।

ইষু ··ষ্য. (ই° issue)। বিবাদ বস্তু, বিচার্য বিষয় (আদাঃ)। ইষু ধার্য করা—বিচার্য বিষয় অবধারণ।

ইষ্টাম্প···ষ্য. (ই॰ stamp)। মুদ্রণ, (ইঃ করা); মুদ্রণ করিবার যন্ত্র, (ইঃ দেওয়া, মারা), যেমন রবরই-ষ্টাম্প—রবরের মুদ্রা ; শুল্ক আদায়ের চিহ্ন-পত্র, যেমন ডাক-ইষ্টাম্প, রশীদ-ইষ্টাম্প। ইষ্টাম্প-ভেণ্ডর···ষ্য. (ই॰ stamp-vendor)। ইষ্টাম্প-বিক্রেতা।

ইষ্টিসেন···ষ্য. (ই॰ station)। স্থান, আড্ডা। রেল-ইষ্টিসেন··রেল গাড়ী থামিবার স্থান।

ইষ্টিমার···ষ্য. (ই॰ steamer)। উত্তপ্ত বাষ্পে চালিত নৌকা।

ইষ্টীল···ষ্য. (ই॰ steel) ইস্পাত। ইষ্টীল-পেন···ষ্য. (ই॰)। ইস্পাতের কলম।

ইষ্ট্রীট···ষ্য. (ই॰ street)। পার্শ্বে গৃহ-বিশিষ্ট রাজপথ। (স॰ উপনিষ্কর।)

ইস্···ব্য. (স॰)। খেদ, ক্রোধ, বিস্ময়ে।

ইস্-তিস্···ষ্য. (স॰ ইতস্ততস্ ?)। ইহা উহা।

ইস্-পিস···লিস্-পিস দেখ।

ইস্পগুল, ইসবগুল···ষ্য. (ফা॰ অসপা-স॰ অশ্ব, আ॰ গুল—কর্ণ ; অশ্বকর্ণের ন্যায় পাতা বলিয়া)। পারস্যদেশের ছোট শাকবিশেষের (Plantago ovata) বীজ। বীজ ছোট ছোট অশ্বকর্ণ কিংবা নৌকার মতন।

ইসারা···ষ্য. (আ॰ ইষারহ্)। ইঙ্গিত।

ইসুর মূল···ইষু দেখ।

ইস্কাপন···তাশ দেখ।

ইস্তক···ব্য. (হি॰ ইস—ইহা, হি॰ তক-পর্যন্ত)। অবধি। তাশ দেখ।

ইস্তফা···ষ্য. (আ॰ ইস্তেফা)। কর্ম-পরিত্যাগ। (ইঃ দেওয়া)

ইস্তিমারী···ণ (আ॰ ইস্তিমরার)। চিরস্থায়ী, চিরস্থায়ী বন্দবস্ত। ইস্তিমারী পাট্টা··নির্দিষ্ট করে জমি-বিলি।

ইস্তেমাল···ষ্য. (আ॰)। ব্যবহার, রীতি (জমীদারীঃ)।

ইস্তেহার, ইস্তাহার···ষ্য. (আ॰ ইষ্‌তেহার)। বিজ্ঞাপন। ইস্তেহারী···বিজ্ঞাপনের, বিজ্ঞাপিত।

ইস্ত্রী···ষ্য. (হি॰ ইস্তরী, ইস্ত্রী। স॰ অস্ত্র, আস্তর ?)। কাপড়ে মাঁড় লাগাইয়া চিক্কণ করিবার লৌহ-যন্ত্র (ধোবার)। ইস্ত্রী দিয়া কাজ, প্রঃ—ইস্ত্রী-করা কাপড়।

ইস্পন্দ··ষ্য. (ফা॰। স॰ সদাপহ ; হি॰ সদাব)। নারঙ্গাদি বর্গের শীতকালের ছোট ক্ষুপ-বিশেষ (Ruta graveolens)। পাতা উৎকট-গন্ধী। পারস্য ও পঞ্জাবে জন্মে।

ইস্পাত···ষ্য. (স॰ অয়স্পত্র ? স॰ নাম খর লোহ। গ্রামে চলিত নাম শক্ত বা টান লোহা ; ও॰ টান লোহা ; হি॰ কড়াই (লোহা) ইস্পাত ; ম॰ তিখেঁ ; উর্দু খেরী, ফুলাদ ; ফা॰ ফৌলাদ। শক্ত, টান, কড়াই (কঠোর), তিখেঁ (তীক্ষ্ণ), খেরী (খর) ইত্যাদি নাম সংস্কৃত-মূলক ; বোধ হয় ই॰ ইষ্টীল-প্লেট steel-plate হইতে ইস্পাত)। টান লোহ-বিশেষ (steel)।

ইস্প্রিং···ষ্য. (ই॰ spring)। কামানি। স্থিতি-স্থাপক লৌহ।

ইস্লাম··ষ্য. (আ॰)। মহম্মদের ধর্ম।

ইহকাল··(স॰)। ইহ এই স্থানে, এই সময়ে, কাল—সময় ; ইহকাল—এই পৃথিবীতে জীবনকাল। ইহকাল-পরকাল···(স॰)। এই লোকে এবং পর লোকে স্থিতি-কাল।

ইহা···সর্বনাম. (স॰ ইদম্, অদস্। ও॰ এহা ;

হিং য়হ, য়িহ ; (বিভক্তি যোগ হইলে ইস্) মং হা (পুংলিঙ্গ))। উপস্থিত নিকৃষ্ট মনুষ্য ও যাবতীয় প্রাণীবাচক। কথিত ভাষায় সংক্ষেপে এ হয়। ইহাঁ · সর্বনাম (সং অদস্। চৈঃ চঃ ইহঁ ; ওং এহা, হিং য়ে (বহুবচনে), বিভক্তি যোগ হইলে ইন ; মং হে (বহুবচনে) বিভক্তি যোগ হইলে হ্যাঁ যাঁ। অর্থাৎ মান্যে বহুবচন এবং সানুনাসিক হয়। ব্যাকরণ দেখ। ইঁহা বানান অশুদ্ধ)। উপস্থিত মান্য স্ত্রী পুরুষ এবং দেবতা-বাচী। কথিত ভাষায় সংক্ষেপে, এঁ হয়। কর্তাকারকে ইনি হয়।

ইহুদী ··ণ. (হিব্রু ভাষায় ইহুদী ; ইং হিব্রু, জু—Hebrew, Jew ; হিবরু হইতে ইহু ; জু হইতে দী)। জু জাতীয় লোক ; জু নামক জাতির ভাষা। স্ত্রীং, ইহুদিনী।

ঈ

ঈ ··(সং)। ইকারের দীর্ঘ স্বরবর্ণ, অক্ষর।

ঈগল ··ষ্য. (ইং Eagle)। দিবাচর শ্রেসহ বর্গের পক্ষী। প্রায় ১॥০ হাত হয়। নখর ধারাল। (গরুড় দেখ)।

ঈদ ··ষ্য. (আং)। মুসলমানী পর্ব। ঈদ্‌গা ···ঈদের জায়গা। ঈদুল-ফতর···(আঃ)। একমাস রোজা (উপবাস) পরে পারণা-পর্ব। ঈদুজ্ জোহা···(আং)। পশুবলিদান-পর্ব।

ঈশ্বর···ষ্য. (সং)। শিব ; যথা, ভুবনেশ্বর, জল্পেশ্বর, বালেশ্বর। স্ত্রীং ঈশ্বরী—দুর্গা, শক্তি ; যথা বিশাখেশ্বরী—বিশাখাপত্তনের ঈশ্বরী, ঢক্কেশ্বরী—ঢক্কার ঈশ্বরী। (২) দেব, পুণ্যতীর্থ এবং মৃত পুরুষ-জ্ঞাপক। তখন লিখনে ৺ চন্দ্রবিন্দু-চিহ্নের আকার পায় ; যথা, ৺শ্রীক্ষেত্র ধামের ৺ গোবর্ধন-সিংহ,—গোবর্ধন-সিংহ মৃত। ৺ চিহ্ন শিবের কপালের চন্দ্র-চিহ্ন দ্বারা শিবলোক-প্রাপ্ত বুঝায়। ৭ঁ শ্রীশ্রীদুর্গা,—৭-চিহ্ন শুণ্ড-চিহ্ন, অভীষ্ট-দাতা গণেশের শুণ্ড। (৩) স্বামী, যথা, প্রাণেশ্বর—প্রাণের স্বামী। (৪) প্রধান, যথা, বক্কেশ্বর,—বোকার প্রধান (অশিষ্ট, বোকা+ঈশ্বর=বোকেশ্বর হইবার কথা। অশিষ্ট ভাষায় শব্দ বিকৃত হয়)।

ঈষ ··ষ্য. (সং ঈষা)। লাঙ্গল-দণ্ড, (লাঙ্গল দেখ)।

ঈষ-লাঙ্গালা···ষ্য. (সং লাঙ্গলকী—অঃ ; অন্য নাম অগ্নিশিখা। ওং আঙ্গালিয়া)। রজনী-গন্ধাদি বর্গের বন্য রোহিণী (Gloriosa superba)। বর্ষাকালে তেউড় হইতে জন্মে, কিন্তু শরৎকালে ফল পাকিলে শুকাইয়া মরিয়া যায়। তখন গাছের চিহ্নও থাকে না। পাতা একোত্তর, মৎস্যাকার, অগ্রভাগে অঙ্কুশযুক্ত। ফুল বড় বড়, অগ্নিবর্ণ (সং নাম অগ্নিশিখা)। দল ৬ টি, ধার তরঙ্গিত। পুংকেশর ৬। গর্ভকেশর বাঁকিয়া পুংকেশরের উপরে পড়ে, দেখিতে যেন লাঙ্গালের ঈষ। ফুলের বোঁটা অধোমুখ, কাজেই ফুলও অধোমুখ। ফল পাকিলে ফাটিয়া যায়। (বৈদিক কাল হইতে গর্ভপাতের ঔষধ বলিয়া খ্যাত ; এই হেতু এক নাম গর্ভ-ঘাতিনী)। কেহ কেহ বিষ-লাঙ্গালাও বলে। মহীশূর প্রদেশে প্রচুর আছে। বঙ্গদেশেও দেখা যায়।

ঈসা···ষ্য. (আং। হিব্রু ঈযু। তুং সং ঈশ)। খ্রীষ্টানদিগের যিশু-নামক অবতার।

উ

উ…ষ্য. (সং)। পঞ্চম স্বরবর্ণ, অক্ষর।

উঁ…ব্য. (সং উম্, উ)। সম্বোধনে, প্রশ্নে, রোষে, নিয়োগে (প্রায়ই হুঁ)। উকুন মারিবার সময় (স্ত্রীলোকের) উঁ-(সং উক্কুণ) ধ্বনি।

উঃ…ব্য.। ক্রোধে, বেদনায়।

উই…ষ্য. (সং পুত্তী, পুত্তিকা—প ত লুপ্ত; ওং উই ; হিং দীমক ; ম, বাঠবী)। মৃত্তিকা-গৃহকারী পতঙ্গ-বিশেষ (white ant ; Termite)। উই-ধরা, উই-এ ধরা…উই দ্বারা আক্রান্ত বা নষ্ট। উইএর ধাড়ী…(সং ধাত্রী)। বৃহদাকার স্ত্রী-উই। উই-ঢিপি…উই দ্বারা নির্মিত মৃৎস্তূপ বা স্তূপ (ঢিপি দেখ)। উই-লাদনা…উইএর বিষ্ঠারূপ মাটি (লাদ দেখ)।

উইল…ষ্য. (ইং will)। বিষয়-সম্পত্তির উত্তরাধিকার-সম্বন্ধীয় ইচ্ছা-প্রকাশ-পত্র। (আদাঃ)।

উকট…ধাতু. উটক ধাতু দেখ।

উকি (ওঠা)…ষ্য. (সং হিক্কা)। হেচকি।

উকি (ওড়া)…ষ্য. (সং উল্কা ; উল্মুক—অঙ্গার)। জ্বলন্ত তৃণ, প্রঃ—খড়ের চাল পুড়িবার সময় চারিদিকে উকি উড়িতে থাকে (ফিন্‌কি দেখ)। চণ্ডীঃ 'অন্তরে জ্বালায় উকি'—তৃণ যেমন দাউ দাউ করিয়া পোড়ে।

উকি (মারা)…ঊর্ধ্বমুখী (হওয়া) ; প্রঃ—উপর করিয়া মুখ উকি দিয়া চায় (মাঃ)। (ঊুকি দেওয়া—শোনা যায় না)। উকি-ঝুকি…ঊর্ধ্বমুখী—উকি ; অধোমুখী—ঝুকি (ধ স্থানে ঝ ; হিং উঝকনা—উকি-ঝুকি মারা) প্রঃ—আড়ালে থাকিয়া কপি মারে উকি-ঝুকি (কবিকঃ)।

উকীল…ষ্য. (আং বকীল ; ব স্থানে উ, ও (ওকালৎ দেখ)। যিনি অন্যের বিবরণ দেন (ভাঃ) ; আদালতে যিনি অন্যের বাদ সমর্থন করেন। উকীলী…ণ. উকীলের যোগ্য।

উকুণ ..ষ্য. (সং উৎকুণ)। কেশ-কীট (সামান্য নাম)। বড় হইলে ডেঙ্গার (দেখ)।

উক্তি…ষ্য. (সং)। কথন, বাক্য। (উঃ করা)।

উখড়া…ষ্য (হিং উখড়া, ওং উখুড়া—ইক্ষু+ড়া ; ঢাকায় উফরা)। মুড়কী ; প্রঃ—চিনি পাকে উখড়া কৈল কর্পূরাদি দিয়া (চৈঃ চঃ)। (অপ্রচঃ)

উখড়া…ধাতু. (সং উৎ-ক্ষিপ্ত ধাতু হইতে উখড়া হয় ; কিন্তু প্রাচীন গ্রন্থে উখড় ধাতু পাওয়া যায়। এরূপ ব্যতিক্রমের দৃষ্টান্ত অনেক আছে)। উখড়াই—উৎক্ষিপ্ত হই। প্রঃ—শূলে ঠেকিয়া বাণ উখড়িয়া পড়ি (কৃত্তিঃ অং) ; ঠেকিয়া দানা গায় উখড়িয়া যায়, পুষ্পের যেমত মালা (কবিকঃ)। (অপ্রচঃ)

উখড়া-খুকড়া…ণ. কর্কশ-গাত্র, উৎক্ষিপ্ত-বিক্ষিপ্ত। প্রঃ—তৈল ও স্নান বিনা মাথার চুল উখড়া-খুকড়া। (খুকড়া হয়ত নিরর্থক। উষ্ক-খুষ্ক দেখ)।

উখলী…ষ্য. (সং উদূখল)। ধান্যাদি কণ্ডনার্থ কাঠের আধার বা গড়।

উখা…উগা দেখ।

উখাড়া…ধাতু. (সং উৎ-খাত হইতে ; বাং

উখাড়া সংক্ষেপে উখ্ড়া ; উখ্ড়ানা ; ও° উখারিবা ; হি° উখড়ানা ; ম° উখ্ড়ণেঁ)। উখাড়াই—উৎপাটিত, উন্মূলিত করি। প্রঃ—তরু উপাড়িয়া গিরি উখাড়িয়া কৈল প্রলয়ের ঝড় (ভাঃ)। (অপ্রচঃ) (প্রায়ই উপড়া ধাতু)।

উগ···ধাতু. (স° উৎগম ধাতু ; বা° উঁগনা ; হি° উগনা ; ও° উগাইবা ; ম° উগবণেঁ)। উগিল—উদগত হইল; প্রঃ—সে সময়ে কথাটা উগিল না—মনে আসিল না। উগনা ॥

উগর···ধাতু. (স° উৎ-গৃ ধাতু, উদ্গীরণ)। উগরি—বমন করি ॥ উগরা ॥

উগরা···ধাতু. (স° উদ্গীর্ণ হইতে)। উগরাই—উদ্গীর্ণ করি ॥ উগরানা ॥

উগা···ধাতু. (উগ ধাতু আন্তে)। উগাইয়া দেও—মনে করাইয়া দেও ॥ উগানা ॥

উগা, উখা···ষ্য. (রাঢ়ে সকলেই উগো (উগা) বলে, কেহ উখো (উখা) বলে না। মূল শব্দ, উগ্র (উগ্রঃ উৎকটে মেঃ), কি রুক্ষ —(রুক্ষস্ত্বপ্রেম্ন্যচিক্কণে—মেঃ)? আরও একটি শব্দ, আখু-পাষাণ আছে। আখু-পাষাণ অর্থে কেহ বলেন চুম্বক-প্রস্তর, কেহ বলেন লোহ-সঙ্করকারক,—রাজ-নির্ঘণ্ট হইতে শব্দকল্পঃ। আখু-পাষাণ শব্দ অর্বাচীন বোধ হয়; অথচ উগা বা উখা বহুকাল হইতে এদেশে ছিল, নতুবা চিক্কণ ধাতু-কর্ম হইতে পারিত না। ও° উহা ; ও° উহা-জ্বর—উগ্রজ্বর বা রুক্ষজ্বর—(পিনাশ) দুইই বলা যাইতে পারে। এই জ্বরকে তিখ-জ্বর—তীক্ষ্ণ জ্বরও বলে। হি° রেতী ; রেত রেতা, রেতী—বালুকা। (স° রেণু ?) বালুকার মতন কর্কশ-গাত্র—রেতী। ম° কানস,—কর্কশ ? রুক্ষ হইতে উখা, না উগ্র হইতে উগা ? উগা শব্দ সহজে উখা হইয়া পড়ে। আখু—মুষিক ; মুষিক দন্তের ন্যায় দন্ত-বিশিষ্ট আখু-পাষাণ ? পাষাণ পূর্বকালে উগাসরূপ কাজে লাগিতে পারিত। দ্রব্য-বিশেষে বৃক্ষ-বিশেষের কর্কশ পত্রও লাগে)। ধাতুর গাত্র মসৃণ করিবার খর-গাত্র ইস্পাত (file)। তেশিরা উগা, উখা—তিন শির-বিশিষ্ট। গোল উঃ—গোলাকার লম্বা। কাত উঃ—অর্ধগোল। উগা চেতানা—ঘর্ষণে ক্ষয় পাইলে ছেনী দিয়া দাঁত বা পুড়ী (দেখ) বাহির করা।

উগ্র-খেত্রি···ষ্য. (স° উগ্র-ক্ষত্রিয়)। হিন্দু জাতি-বিশেষ।

উঘাড়···ধাতু. (স° উৎ-ঘাটি ধাতু উদ্ঘাটন)। উঘাড়ি—উৎঘাটিত, উন্মোচিত হই। প্রঃ—এই শ্লোকে উঘাড়িল প্রেমের কপাট (চৈঃ চঃ)। অন্যত্র, গোফা উঘারিয়া—গোফা—গুম্ফ—গুহা। কলসে কলসে জনু অমিয়া উঘারি (জ্ঞানদাস)। (অপ্রচঃ)।

উচল···ণ. (স° উচ্চ)। উচ্চ, প্রঃ—উচল বলিয়া অচলে চড়িনু (চণ্ডীঃ)।

উচা, উঁচা, উঁচু···ণ. (স° উচ্চ)। উন্নত। উচা-নীচা···(প্রতিচর শব্দ)। উন্নতাবনত। অসমান-পৃষ্ঠ। উচা-কপালিয়া···উচ্চললাট-বিশিষ্ট (স° উচ্চললাটিকা)। উঁচা···ধাতু.। উঁচাই—উচ্চ করি, উত্তোলন করি ; প্রঃ—লাঠী ওঁচানা।

উচাটন···ষ্য. (স° উচ্চাটন—চঞ্চল করণ)। চঞ্চল, প্রঃ—মন উচাটন হয়।

উচিত···ণ. (স°—উচিতস্তু ভবেন্ ন্যস্তে মিতে

জ্ঞাতে সমঞ্জসে—মেঃ)। বা°-তে ন্যায্য। (অন্য তিন ভাষাতেও এই অর্থ)।

উচস্তি ··ষ্য. (সং উষ্ট্রকাণ্ডী ; অন্য নাম রক্ত-পুষ্পী, কর্ণ-পুষ্পী ; উষ্ট্র-(বৎ দীর্ঘ) কাণ্ডী)। সোমরাজ্যাদি বর্গের শাক-বিশেষ (Ageratum conyzoides)। গাছ সোজা, বর্ষে বর্ষে হয়। পাতা অভিমুখী, পুষ্পমঞ্জরীতে (যাহাকে লোকে ফুল বলে) ফুল একবিধ। মঞ্জরীর নীচে দুই তিন সারি উপচ্ছদ।

উচুর···উছর দেখ।

উচ্চ-বাচ্য···ষ্য. (সং উচ্চাবচ—উন্নতাবনত, ভালমন্দ। দুইটি শব্দ সমার্থ কিংবা বিরুদ্ধার্থ হইবার কথা। উচ্চ—উন্নত, দীর্ঘ ; বাচ্য—বক্তব্য, কথা ; এরূপ অর্থ বা°তে নহে। সং ৰচ ধাতু হইতে ভুল করিয়া উচ্য, এমনও মনে করিতে পারা যায় না। ও° উচাবাচা—কলহ ; অতএব সং উচ্চাবচ অপভ্রংশে উচ্চবাচ্য)। ভালমন্দ উক্তি।

উচ্চার··· ধাতু. (সং উচ্চার)। উচ্চারি—উচ্চারণ করি। পদ্যে।

উচ্চিমড়া, উই-চিমড়া···ষ্য. (সং উচ্চিঙ্গট, উচ্চিটিঙ্গ)। ঋজুপত্রী ষট্‌পদী পতঙ্গ। মাঠে ঘাসের মধ্যে থাকে এবং লাফাইয়া লাফাইয়া যায় (grass-hoppers)। এক এক জাতি বর্ষাকালে রাত্রে কট্‌কট কিট্‌কিট ইত্যাদি ঘোর নিনাদ অবিরাম করিতে থাকে।

উচ্ছন্ন ··ণ. (সং)। নষ্ট। প্রাঃ—বংশ উচ্ছন্ন ; টাকা পাবার তরে লোকে অন্যকে উচ্ছন্ন—বিরক্ত করে।

উচ্ছব (গ্রা°)···ষ্য. (সং উৎসব)। আনন্দ-জনক ব্যাপার। (মচ্ছব—সং মহোৎসব)

উচ্ছে ··ষ্য. (সং কডুহুচ্ছী—বৈদ্যঃ ; বোধ হয় 'দেশজ' শব্দ সংস্কৃত আকার পাইয়াছে। মূলশব্দ উচ্ছী ? ও° উছাঁ, করলা)। কুষ্মাণ্ডাদি-বর্গের প্রতানী (Momordica charantia)। ফল তিক্ত, ছোট, অর্বুদ-ময়। (করেলা দেখ)

উছঁ ··ধাতু. (সং উঞ্ছধাতু পতিত কণা উপাদান বা গ্রহণ)। উঁছি—অসার ত্যাগ করিয়া সার উচ্চয়ন করি। প্রাঃ—ধূলা ফেলিয়া চাল উঁছিয়া লও—ধূলার উপরে আনিয়া পৃথক করিয়া লও। খুঁটিয়া, কুড়াইয়া অর্থ নহে। (রূপান্তরে, চুনিয়া চুন ধাতু দেখ)॥ ওঁছা॥ ওঁছা জিনিষ···তুচ্ছ, অসার (এই অর্থে হিংতেও)। ওঁছলা, ওঁচলা · ষ্য. ওঁছা ধূলা, আবর্জনা (সং উৎকর)।

উছট ··উছোট দেখ।

উছর···ণ. (সং উচ্ছ্রায়, উচ্ছ্র—উছর)। উন্নত, অধিক, প্রাঃ—বেলা হৈল উচুর প্রচুর ভয় মনে (ভাঃ); উছর হয়েছে বেলা খেলা কর পাছু (মাঃ)। (প্রায় অপ্রচঃ)

উছল···ধাতু. (সং উদ্-শল ধাতু উচ্ছলন ; উথল ধাতু দেখ)। উছলি—উদ্গত হই। প্রাঃ—বাটীতে দুধ উছলিয়া পড়িল। উছলিত হয় যবে তার এক বিন্দু (চৈঃ চঃ), উছলিত—উচ্ছলিত॥ উছলা॥

উছোট, উছট ··ষ্য. (সং উচ্চাটন-(উৎখাত) ; উচ্চাট—উচোট—হুছোট দেখ ; হিং উচোট)। পায়ে উছোট খাওয়া, লাগা—পায়ের আঘাতে মাটি উৎখাত করা সুতরাং পায়ের অগ্রভাগ বাঁকিয়া আঘাত পাওয়া।

প্রঃ—পথে যাইতে সদাগর লাগিল উছট। (কবিকঃ); কপালে টনক নড়ে হাত হৈতে হাতা পড়ে, উছট লাগিয়া পদ টলে (ভাঃ)। মন উচাটন হইলে পায়ে উছোট লাগে।

উজবক···ষ্য. (তুর্কী)। মুসলমান সেনা (কবিকঃ)।

উজর, উজোর, উজল···ণ. (সং উজ্জ্বল)। (পদ্যে)।

উজা···ধাতু. (সং ঊর্ধ্ব হইতে ঊর্ধান-উঝান-উজান। তুং ওং উজাণি, অন্যশব্দ উর্দা। সং উদ্‌ধান—উদ্‌গমন—শব্দসারঃ; উদ্‌ধান হইতে সহজে উজান আসে; তুং মং উধান,বাং উজান, জোআর। আরও একটা সং শব্দ উদ্ধ্য উধ্য (সং উজ্ঝ ধাতু ত্যাগে) আছে। উধ্যঃ সরস্বাংশ্চ—হেমঃ। উদ্ধ্য জলোৎক্ষেপক নদ—শব্দসারঃ; অর্থাৎ যে নদীতে জোয়ার আসে। ঊর্ধ্ব নামধাতু হইতে এবং সং উদ্ধান শব্দ হইতেও উজান মনে করা যাইতে পারে। উৎ-যা ধাতু উযান হইত; হিং-তে জা ধাতু)। উজাই—ঊর্ধ্বদিকে যাই। উজানা॥ উজান। উজানিয়া,উজান্যে ··উজান বহিয়া যায় যে; প্রঃ—উজানিয়া মাছ (কবিকঃ)। উজান-ভাটি (ভাঁটি নহে) ··(প্রতিচর শব্দ)। প্রঃ—ধর্ম্মে নৌকা বাহে উজানি ভাটাল শূং পুঃ); ভ্রমেন উজান ভাটী চৌদিকে কোঁচের বাটী (কবিকঃ)—ঊর্ধ্বদিকে এবং নিম্নদিকে; কোশা চড়ি বেড়াবে উজান আর ভাটি (ভাঃ)—(কোশা—ছোট ডিঙ্গী)।

উজাগর ··ষ্য. (হিং। সং কোজাগর)। আশ্বিনী পূর্ণিমা (কবিকঃ)। (অপ্রচঃ)।

উজাড়···ধাতু. (সং উৎ-জড়; বা উৎজট সংহতি-নাশে; উৎ-জীর্ণ—বিনষ্ট। ওং উজড়, হিং মং উজাড়)। উজাড়ি—দ্রব্য শূন্য করি। প্রঃ—মালেরিয়া গ্রামকে গ্রাম উজাড়িয়া চলিতেছে—জনশূন্য করিয়া॥ উজাড়া॥ উজাড় ··ণ. শূন্য, প্রঃ এই পাপে নবদ্বীপ হইবে উজাড় (চৈঃ চঃ)—জনশূন্য। পুকুর উজাড়—মৎস্যশূন্য।

উজালা ··ণ. (হিং; সং উজ্জ্বল)। (পদ্যে)

উজীর···ষ্য. (আং ৱজীর)। মন্ত্রী। রাজা-উজীর মারা ··রাজা মন্ত্রীর মিথ্যা গল্প শোনা, মিথ্যা কল্পনা করা। উজীরী···ণ. উজীর সম্বন্ধী। উজীরি ··ষ্য. উজীরের কর্ম। উজীরালি ··ষ্য. (উজীর+আলি)। উজীরি।

উজু ··ষ্য. (আং ৱজু)। নমাজের পূর্বে মুসলমানের হস্তপদাদি প্রক্ষালন শৌচ-কর্ম।

উজ্জাপন (গ্রাং)···ষ্য. (সং উদ্‌যাপন)। ব্রতাদি সমাপন।

উজ্জোগ (গ্রাং)···ষ্য. (সং উদ্‌যোগ)। চেষ্টা, আরম্ভ।

উঝাল···ধাতু. (সং উদ্-ধৃ—উদ্‌ধার। ওং উঝাল; ঝাল ধাতু দেখ)। উঝালি—উত্তোলন করি, প্রঃ—শৃঙ্গে উঝালিয়া পর্ব্বত করে খান ২ (কৃত্তিঃ কিং); এত বলি এক গ্রাস অন্ন হাতে লঞা। উঝালি ফেলিল আগে যেন ক্রুদ্ধ হঞা॥ (চৈঃ চঃ)। (অপ্রচঃ)

উট, উঁট···ষ্য. (সং উষ্ট্র। ওং উট, ট অকারান্ত বলিয়া উ; হিং উট উঁট; মং উঁট। উট-বানান উচ্চারণ-সঞ্জাত)। উষ্ট্রে ক্রমেলকঃ—অঃ; ক্রমেল (ক স্বার্থে)—ইং camel)। খুরী রোমন্থী কুব্জপৃষ্ঠ পশু

(Camelus dromedarius)। স্ত্রী°, উটিনী (প্রয়োগ নাই বটে, কিন্তু ব্যাকরণে শুদ্ধ; ম°তে উ"টীণ অর্থাৎ বা° উটিনী; হি°তে উ"টনী।)

উটক…ধাতু. (স° উৎ কৃ—বিক্ষেপে। উটক, না উকট ধাতু? কৃত্তিবাসে উকটিল, বঙ্গবাসীর ছাপা কবিকঙ্কণেও তাই। কিন্তু বটতলার কবিকঙ্কণে উটক ধাতু। ও° উথার বা° উখাড় ধাতুর অর্থ। হি° উকট ধাতু খনন করা অর্থাৎ উখাড়; উচট পৃথক করা। ম° উকর উকল ধাতুর অর্থ বাঙ্গালার মতন)। উটকি—উৎক্ষিপ্ত করিয়া অন্বেষণ করি; প্রঃ—দশবিশ মাঝি মেলি উটকে ইন্দুর ধুলি। উটকিয়া ঝোড়ে ঝাড়ে নেহালে পর্ব্বত আড়ে (কবিকঃ)। বনে বনে উকটিয়া তোর লাগি না পাইয়া (জ্ঞানদাস)। (প্রায়ই, উটুকা ধাতু)।

উটকা…ধাতু. (স° উৎকীর্ণ হইতে)। উটকাই—খুঁড়িয়া উঠাইয়া নাড়িয়া দেখি। উটকানা॥ উটকানা-পাটকানা…ণ. উৎকীর্ণ ও প্রকীর্ণ (বা প্রতিকীর্ণ)।

উট্‌কা…ণ. (স° উৎকু—উন্মনা; উৎকা—উৎকণ্ঠিত নায়িকা। তু° হি° উচক্কা—ঠগ, চোর)। স্বামীগৃহ হইতে যে নারী পিতৃগৃহে পলাইয়া যায়।

উঠ…ধাতু. (স° উৎ-স্থা-ধাতু, উত্থান, থ স্থানে ঠ হয়)। উঠি—উত্থিত, উন্নত, বর্ধিত হই; আরোহণ করি; উদিত হই; উৎপন্ন হই; দুরীভূত, অদৃশ্য, নষ্ট হই; খাই। প্রঃ—আসন হইতে, ব্যবসায়ে, গাছে, সূর্য, হাটে কথা, আম ওঠা°; দোকান ওঠা। ভাত ওঠা—ভাত খাওয়া। হইয়া ওঠা—উৎপাদন ক্রিয়া-নিষ্পত্তি (ব্যাকরণ দেখ; হ ধাতু দেখ)। উঠিয়া যাওয়া—লোপ প্রাপ্তি। ওঠা-বসা, ওঠা-পড়া (প্রতিচর শব্দ)। উঠ্‌তি (বাস্তবিক উঠতি)…যাহা উঠিতেছে, বাড়িতেছে, প্রঃ—উঠ্‌তি বয়স। উঠন্তি…যাহা বাড়িতেছে, প্রঃ—উঠন্তি রোদে বেড়াইলে মাথা ধরে। উঠ্‌না…ষ্য. প্রত্যহ কিংবা নির্দিষ্ট দিবসে জোগাইবার পণ্য, পণ্যব্যয়! উঠ ধাতু বৃদ্ধি হইতে উঠনা (হিং উঠান—ব্যয়)। ব্যয় না বলিয়া বৃদ্ধি; তু° চাল বাড়ন্ত। উঠা-উঠি…পরে পরে আরোহণ, উত্থান; পরে পরে, প্রঃ—উঠা-উঠি দুই ছেলে জন্মিয়াছে।

উঠ…ষ্য. (ই° ostrich হইতে)। সর্বাপেক্ষা বৃহৎ পক্ষী-বিশেষ। মাথা ছোট, গলা দীর্ঘ, দেহ পুষ্ট, কিন্তু পাখী উড়িতে পারে না। আফ্রিকা দেশে আছে।

উঠা…ধাতু. (উৎ-স্থাপি ধাতু উত্থাপন; উঠ ধাতুর আন্তে) উঠাই—উত্থিত করাই॥ উঠানা, ওঠানা॥

উঠান…ষ্য. (স° উত্থান প্রাঙ্গণে—মেঃ)। অঙ্গণ; আঙ্গিনা। লোকের উঠান চষা—ভিটামাটি উচ্ছন্ন করা, অত্যাচার করা। প্রবাদে, নাচিতে জানে না উঠান বাঁকা—অবান্তর দোষ দেখাইয়া দক্ষতার অভাব ঢাকা।

উড়…ধাতু. (স° আবর হইতে)। উড়ি—আবরণ করি, প্র—উড়িতে খোসলা (কবিকঃ)—খোসলা ছালের কাপড় আবরণ করিতে। (উড়নী দেখ) (অপ্রচঃ)।

উড়…ধাতু. (স° উৎ-ডী ধাতু উড্ডয়ন)। উড়ি—পক্ষ দ্বারা শূন্যে গমন করি; বায়ুতে

গমন করি ; অদৃশ্য, ব্যয়িত, অপব্যয়িত হই। প্রঃ—পাখী, ধূলা উড়ে, লক্ষ্মীছাড়ার টাকা উড়িয়া যায়॥ ওড়া, উড়া॥ উড়ো এস্তে জুড়ো বসা—অনধিকারীর প্রবেশ, অধিকার-গ্রহণ। উড়া-উড়া—চঞ্চল, অস্থির ; দুর্ভাবনায় মন উড়া-উড়া (উড়-উড়) করে। প্রঃ—নিরবধি উড়ু উড়ু চিত (জ্ঞানদাস) উড়া-ভাসা…(সহচর শব্দ)। অস্থির, অনিশ্চিত। উড়া খবর…অনিশ্চিত সংবাদ ; জনশ্রুতি। উড়া খই গোবিন্দায় নমঃ—একটা খই বাতাসে উড়িয়া পড়িতেছিল। বৃথা নষ্ট হইতেছে দেখিয়া একজন গোবিন্দ হরিকে অর্পণ করিয়াছিল। অবশ্য হরি-ভক্তির লক্ষণ নহে, চাতুরী মাত্র। তেমনই, লক্ষ্য না রাখিয়া অভীষ্ট না ভাবিয়া কাজ করিলে চাতুরী মাত্র প্রকাশিত হয়, অভীষ্ট-সিদ্ধি হয় না। উড়ন চণ্ডী…যে চণ্ডী অর্থ-বিভব অদৃশ্য করান ; লক্ষণায়, অপয়া নারী।

ড়া…ধাতু. (উড় ধাতু আস্তে)। উড়াই, ওড়াই॥ উড়ানা, ওড়ানা॥ উড়াইয়া-পুড়াইয়া দেওয়া—বৃথা নষ্ট করা।

ড়কী…ষ্য. (সং দর্বিকা—অরিকা (ওং অণক)—অড়কী—উড়কী ; মং ডবল্ঠী, হিং ডোঙ্গি,—দর্বিকার দ স্থানে ড প্রথমে আছে লুপ্ত হয় নাই। ওং ডঙ্কো শব্দও আছে। সং তে দর্বী দর্বি দর্বিকা—লৌহাদি ধাতুর হাতা বুঝায় ; কাঠের হইলে তদুঁ বাং তাড়ু দেখ)। নারিকেল-মালার দর্বি বা হাতা (ডাবা দেখ)।

ড়নী…ষ্য. (ওং ওঢ়ণা—আবরণী ; আবরণী দ্বারা অবগুণ্ঠন ; হিং ওঢ়না, ওঢ়নী (ছোট) ; হিং উপর্না ; মং উপরণী। উপর্না, উপরণী শব্দ হইতে সং আবরণী আসিতেছে। (আ-) বরণ শব্দ সচ্ছন্দে ওরণ ওড়ণ ওড়না হইতে পারে। উড় ধাতু দেখ। কিন্তু কেহ কেহ মনে করেন সং উর্ণু ধাতু আচ্ছাদনে হইতে উড়না, হিং ওঢ়না (ফালোন)। বঙ্গদেশেও পূর্বকালে ছিল (কবিকঙ্কণ দেখ)। গাত্রাবরণ, সূক্ষ্মবস্ত্রের গাত্রাচ্ছাদন (কাঁধে ফেলিবার উত্তরীয়, উড়নী নহে)।

উড়ান…ষ্য. (ওড়ে যাহা ?)। শ্রীকৃষ্ণের শিখী পুচ্ছ ; মুকুটের মধ্যস্থলে ময়ূর পুচ্ছের অবতংস (চৈঃ চঃ)।

উড়া-পাক (খাওয়া, দেওয়া)…ষ্য. (উড় ধাতু ; পাক দেখ)। শূন্যে উড়িয়া, মাথা উলটাইয়া লাফাইয়া পড়া। প্রঃ—পাইকে দেয় উড়া-পাক, (কবিকঃ)। পতঙ্গ সমান শূন্যে দেয় উড়াপাক (মাঃ)।

উড়ি-ধান…ষ্য (সং নীবার ; তৃণ-ধান্যানি নীবারাঃ—অঃ)। যে ধান পাকিয়া ঝরিয়া পড়ে, সুতরাং বন্য ; সেই বন্য ধান্য হইতে গাছ হইয়া যে ধান জন্মে।

উড়িয়া, উড়ে…ষ্য. (সং ওড্র+ইয়া—ওড়িয়া—উড়িয়া। ওং ওড়িআ। 'উড়ে' বানান অশুদ্ধ)। ওড্র-দেশ-বাসী, তদ্দেশবাসীর ভাষা ; তদ্দেশ সম্বন্ধী।

উড়িষ্যা…ষ্য. (সং ওড্রদেশ—ওডএশ—ওড়েশ—ওড়িশা। ই পরে থাকাতে পূর্বস্থিত ও সহজে উ হইয়া পড়ে। এইরূপে উড়িশা। শকারের প্রকৃত উচ্চারণে শ্য-এর মতন ধ্বনি হয়। এই কারণে উড়িশ্যা। ভুলে উড়িষ্যা। প্রকৃত বানান ওড়িশা)। ওড়দেশ।

উড়ুম্ব…ছারপোকা দেখ।

উত্তর···ষ্য. (সং উত্তর)। প্রশ্নের উত্তর, প্রতিবচন (যেমন কবিগানের)। উত্তর কাটাকাটি ··বচন ও প্রতিবচন কথন।

উতরা···ধাতু. (সং উত্তর, উত্তরণ হইতে)। উতরাই—ফল দিই, প্রঃ—এবার ফশল ভাল উতরাইবে না, এই সূতায় কাপড় ভাল উতরাইবে ; উত্তীর্ণ হইয়া উপস্থিত হই, প্রঃ—গ্রামে উতরাইবে। উতরিলা সৈন্যদল সাগরের তীরে (মেঘনাদবধঃ)। উতরানা ॥

উতরোল···ষ্য. (সং উচ্চরোল—চ স্থানে ত ; সং রু ধাতু শব্দে হইতে রোল)। উচ্চ শব্দ ; প্রঃ—কোলাহল হৈল উতুরোল (শূং পুঃ)। প্রাচীন পদ্যে, চঞ্চল, প্রঃ—সখীর বচন শুনি হিয়া উতরোল (জ্ঞানদাস)।

উতলা···ণ. (সং উত্তাল—উন্নত ; কিংবা উত্তোলিত—উন্নমিত ; তুং উৎকণ্ঠিত)। উদ্বিগ্ন, উৎসুক। প্রঃ—উতলা হইনু কত, কত যে কাঁদিনু (মেঘনাদবধঃ)।

উতার-চড়াই···ষ্য. (হিং উতার চঢ়াও)। নামা ওঠা, উচা-নীচা।

উৎখাত···ণ. (সং—বিদারিত)। গ্রাং—পুরাতন প্রসঙ্গ উত্থাপন।

উত্তম-মধ্যম···ণ. (সং ; সহচর শব্দ)। উত্তম (প্রহার, বাক্যযাতনা)। তুং নরম-গরম।

উত্তর ··ণ. (সং—উত্তর দিক ; উচ্চদিক বলিয়া উত্তর দিক। উত্তর শব্দের ইহাই প্রাচীন অর্থ। বহু প্রাচীন কালে আর্যগণ ভারতবর্ষের বহু উত্তরদেশে বাস করিতেন। সেখান হইতে আকাশের ধ্রুব যাহা প্রকৃত উত্তর —পৃথিবী হইতে উচ্চে দেখা যাইত। এই কারণে সেই উচ্চ দিকের নাম উত্তর হইয়াছে। উত্তর অর্থে ঊর্ধ্ব—মেঃ; বিপরীত অধর। উত্তর দিকের এক নাম উদীচী, সে নামেরও অর্থ উচ্চদিক)। উত্তর দিক। উত্তরা···ণ. (সং) উত্তরদিক-সম্বন্ধীয়। উত্তরিয়া, উত্তুরে ··ণ. (উত্তর+ইয়া)। উত্তর-দিকৃভব। উত্তর···ষ্য. (সং)। সং —উচ্চ বা ঊর্ধ্ব ; সুতরাং পরবর্তী, পূর্বের বিপরীত ; প্রঃ—উত্তরার্ধ, উত্তরাধিকারী, উত্তরকাল, দশের উত্তর আট অষ্টাদশ ; বাক্যের পরবর্তী প্রতিবাক্য—প্রশ্নোত্তর ; সিদ্ধান্ত, অবশিষ্ট গণিত ফল। উত্তর-উত্তর, উত্তরোত্তর···পরপর কৃমিক বর্ধিত। উত্তর-প্রত্যুত্তর···বাদ-বিসম্বাদ। উত্তর-সাধক···বাদের সাহায্যকারী। উত্তরীয়···ষ্য. ঊর্ধ্ব-দেহে ধারণীয় বস্ত্র।

উত্রী (গ্রাং)···ষ্য. (সং উত্তরীয় ; সং পবিত্র)। পিতামাতার পরলোক-প্রাপ্তি জন্য গলে উত্তরীয় (দীনতা-সূচক)। গাজনের সন্ন্যাসীর গলে পইতা ; প্রঃ—বর করায়ে দেন ভক্তগলে উত্রী (মাঃ)।

উৎপাত···ষ্য. (সং)। অন্য নাম অজন্য—আকস্মিক, উপসর্গ, উপপ্লব। উৎপাতিয়া উৎপেতে···ণ. উৎপাত-জনক।

উৎসর্গ (গ্রাং উচ্ছগ্‌গু)···ষ্য. (সং) ত্যাগ, দান। দানোৎসর্গ ··(সং দান এব উৎসর্গ, সহচর শব্দ)। দান। উৎসর্গীকৃত ··ণ. (আকারে সংস্কৃত, কিন্তু ব্যাকরণে অশুদ্ধ)। নামোল্লেখ-পূর্বক দত্ত।

উথল···ধাতু. (সং উৎ-স্থল ধাতু গতি ; হিং উথলনা—উলটাইয়া ফেলা)। উথলি—উৎচলিত হই, ফুলিয়া উঠি ; প্রঃ—দুগ্ধ উথলিলে তুমি নাহি দেও পানি (কবিকঃ) ; সোল জোজন জুড়িআ অগ্নিপ্রভা উথল

তৎপর (শূং পুঃ)—উথল উঠিল। কহিতে উথলে মোর হিয়া (জ্ঞানদাস) ॥ উথলা ॥

উথলা···ধাতু. (সং উত্থিত হইতে)। উথলাই —উত্থিত, স্ফীত হই ॥ উথলানা ॥

উদড়···ধাতু. (সং উৎ-ধৃ ধাতু উত্তোলন। বোধ হয় উদ্ধার হইতে গ্রাং উদড়। হিং উধেড়না খুলিয়া ফেলা)। উদড়ি—উন্মোচন, উত্তোলন করি; প্রঃ—চাল উদড়িয়া ছাইতে হইবে —সমস্ত খড় তুলিয়া ফেলিয়া,নূতন করিয়া ॥ উদড়া ॥

উদড়া···ধাতু. (সং উদ্‌ধৃত হইতে)। উদড়াই —উন্মোচিত করি॥ উদড়ানা ॥

উদন্ত ··ষ্য. (সং। বার্ত্তা প্রবৃত্তি বৃত্তান্ত উদন্তঃ সাং—অঃ)। বৃত্তান্ত (গ্রাম্য লোকেও বলে)।

উদম (গ্রাং)···ষ্য. (সং উদ্যম। হিং উদ্দিম)। উৎসাহ, অধ্যবসায়, উদ্যোগ।

উদয়কাল ··ষ্য. সর্প-বিশেষ (কাল্পনিক ?)।

উদরী···ষ্য. (সং)। উদর-স্ফীততা রোগ, জলোদর (dropsy of the belly)।

উদামাদা ··ণ. (সং উন্মাদ। হিং উদ্‌মাদ, গ্রাং বাং উল্‌মাদ)। উন্মাদ। উদ্‌ভ্রান্ত, নির্বোধ।

উদারা ··ণ. (সং উদর হইতে)। (যেন) উদর হইতে উচ্চার্য; মন্দ্র। (স্বর দেখ)।

উদাস ··ণ. (সং—শব্দকল্পঃ)। ঔদাস্য-যুক্ত। উদাসী··ণ. (উদাসিন্‌)। উদাসীন (উদাসীন শব্দের সং অর্থ যে রাজা বলশালী হইয়াও নির্বিকার)। উদাসীন ··ষ্য। নিঃসম্বন্ধ, বিরাগী।

উদিন (গ্রাং) ··ষ্য. (সং উত্তর-দিন। মং উদ্যাঁ)। আগামী দিবস।

উদ্‌গীম···ণ. (সং উদ্‌গ্রীব)। উদ্‌গ্রীব (জ্ঞানদাস)।

উদ্দেশ ··ষ্য. (সং)। অন্বেষণ, অনুসন্ধান।

উদো (গ্রাং) ··ষ্য. (সং উদ্ধব—মানুষের নাম-বিশেষ)। উদ্ধব-নামা ব্যক্তি। প্রবাদে, উদোর বোঝা বুদোর ঘাড়ে— যে বোঝা উদ্ধবের বহিবার ছিল, তাহা বুধ নামা ব্যক্তিকে বহিতে হইল। (বোঝা স্থানে পিণ্ডী শব্দও হয়; পিণ্ডী—পিণ্ড— পুঞ্জ—দ্রব্যপুঞ্জ—বোঝা)।

উদ্ধুক···ষ্য. (সং ঊর্দ্ধগ)। দেহের রক্তের ঊর্ধ্বগতি; প্রঃ—ঊর্দ্ধগ বিকারে মোর পড়িয়াছে দাঁত (ভাঃ)।

উদ্‌বাস্ত···ষ্য. (সং উদ্‌বসিত গৃহ—হেমঃ)। বাস্ত-সংলগ্ন ভূমি। ণ. (সং উৎ-বাস্ত ?) বাস্ত হইতে বহিষ্কৃত, প্রঃ—লোককে উদ্‌বাস্ত করা।

উদ্‌বিড়াল···ষ্য. (সং উদ্র; উদ্রস্তু জলমার্জ্জারঃ—হেমঃ)। কিন্তু উদ্‌বিড়াল নাম হইলেও এই জন্তুর সহিত বিড়ালের সাদৃশ্য নাই। উদ্‌বিড়ালের মাথা চেপটা, লেজ লম্বা ও চেপটা, পা ছোট, আঁগুল জোড়া। এ কারণ জলে সাঁতারাইতে পারে এবং জলে ডুবিয়া মাছ ধরে (otter. Lutra nair)। (কেহ কেহ ভুলিয়া ভোঁদড় (দেখ) বলে। ভোঁদড় শব্দও উদ্র হইতে)।

উদ্‌ভট্টী ··ণ. (সং উদ্‌ভট—মহাশয়, হেমঃ; উদ্‌ভট কবিতা—শ্রেষ্ঠ কবিতা। বাংতে প্রসিদ্ধ কবি ব্যতীত অন্য কবিরচিত শ্লোক)। গ্রন্থ-বহির্ভূত, শাস্ত্র-বহির্ভূত।

উদ্রেক···ষ্য. (সং—বৃদ্ধি)। বাং-তে উপক্রম, আরম্ভ।

উদ্‌বর্ত্ত ··ণ. (সং)। অতিরিক্ত।

উধাও ··ষ্য. ণ. (সং উৎ-ধাবন, ধাবিত; অ-ভূত। হিং অভাও)। উৎধাবন; প্রঃ —উধাও করিয়া সরমা চলিল সত্বরে (কৃত্তিঃ-লং); উধাও করিল ঘোড়া অন্তরীক্ষ বাটে (মাঃ)। অভিধাবন; প্রঃ—অমনি আক্রোশে বাঘ উধাউ করিল (মাঃ)। ধাবিত, নিরুদ্দেশ; প্রঃ—উধাউ হইয়া চলিয়া গেল।

উধার ··ষ্য. (সং উদ্ধার)। ধার। ধার-উধার ··(সহচর শব্দ)। ধার। (প্রাচীন বাং, এবং বর্ত্তমান হিং ওং)।

উনআশি, উনআশী ··(সং একোনাশীতি)। এক-উন আশি সঙ্খ্যা,-সঙ্খ্যক। ৭৯।

উনইশ. উনিশ ··(সং একোনবিংশতি)। এক-উন বিশ সঙ্খ্যা,-সঙ্খ্যক। ১৯।

উনচালিশ, উনচল্লিশ ··(সং একোনচত্বা-রিংশৎ)। এক-উন চালিশ-সঙ্খ্যা,-সঙ্খ্যক। ৩৯।

উনত্রিশ ··(সং একোনত্রিংশৎ)। একউন ত্রিশ সঙ্খ্যা,-সঙ্খ্যক। ২৯।

উন-নবই, উন-নব্বই, উন-নই···(সং একোন নবতি)। এক-উন নবই-সঙ্খ্যা,-সঙ্খ্যক। ৮৯।

উনপঞ্চাশ ··(সং একোনপঞ্চাশৎ)। এক-উন পঞ্চাশ-সঙ্খ্যা,-সঙ্খ্যক। ৪৯।

উনশত ··(সং একোনশত)। এক-উন শত সঙ্খ্যা,-সঙ্খ্যক। ৯৯। নিরানবই।

উনষাটি ··(সং একোনষষ্টি)। এক-উন ষাটি-সঙ্খ্যা,-সঙ্খ্যক। ৫৯।

উনসত্তরি, উনসত্তর ··(সং একোনসপ্ততি)। এক-উন সত্তরি-সঙ্খ্যা,-সঙ্খ্যক। ৬৯।

উন ··ণ. (সং উন)। হীন, ন্যূন। উন-পাঁজরিয়া, উন-পাঁজরো···ন্যূন-পঞ্জরাস্থি যার, দুর্ভাগা (অশিষ্ট)। উনাবুকে···অল্প সাহসে।

উনা ··ণ. (সং উন)। ন্যূন। প্রবাদে—উনা-বর্ষা দুনা শীত—বৃষ্টি ন্যূন হইলে শীত দ্বিগুণ হয়।

উনান ··ষ্য. (সং উদ্ধ্মান—চুল্লী—অঃ মেঃ; উধ্মান—চুল্লী-হেমঃ। রূপান্তর, উধ্মান, উদ্দান)। চুল্লী; প্রঃ—বরিষা বাদলে উনানে পাড় ফুক (কবিকঃ)। (উনন নহে)। এক-পাথা, দু-পাথা, চারি-পাথা উনান··· (সং পক্ষ চুল্লীরন্ধ্,—মেঃ)। অগ্নি উঠিবার এক দুই চারি রন্ধ্র। উনানের মুখ ··দ্বার, কাষ্ঠ-প্রয়োগ দ্বার।

উনি···সর্বনাম. (সং অদস্; উহা দেখ)। দূরবর্ত্তী সম্মানিত স্ত্রী কিংবা পুরুষ। স্বামী (হিন্দু নারী স্বামীর নাম না করিয়া স্বামী বুঝাইতে উনি বলে)। বিভক্তি যোগ হইলে উনি স্থানে ওঁ; যথা, ওঁ-কে ওঁ-র।

উন্মনা···ণ. (সং)। উৎকণ্ঠিত, অন্যমনস্ক।

উপকথা···ষ্য. (সং; সং উপ—হীনতা, সাদৃশ্য। কথা দেখ)। কল্পিত গল্প।

উপগার ··ষ্য. (সং উপকার)। উপকার। উপগারী···ণ. উপকারক।

উপচ ··ধাতু. (সং উপ-চি ধাতু—বৃদ্ধি)। উপচি···বাড়ি, বর্ধিত হই। প্রঃ—বাঁধ উপচিয়া জল আসিয়াছে॥ উপচা॥ (প্রায়ই উপচা ধাতু)

উপচা···ধাতু. (সং উপচিত হইতে)। উপ-চাই—উপচিত, বর্ধিত হই॥ উপচানা॥

উপজ···ধাতু. (সং উপ-জন ধাতু)। উপজি ···উৎপন্ন হই, বর্ধিত হই। প্রঃ—উপজিয়া

বাড়ে লতা (চৈঃ চঃ); দৈবদোষে ব্যাস-দেবে উপজিল ক্রোধ (ভাঃ)॥ উপজা॥

উপড়…ধাতু (সং উৎ-পট-ধাতু বিদার)। উপড়ি - উৎপাটিত হই। প্রঃ—ঝড়ে গাছ উপড়িয়া পড়িয়াছে॥ উপড়া॥

উপড়া…ধাতু (সং উৎ-পাটি ধাতু)। উপ-ড়াই—উৎপাটন করি॥ উপড়ানা॥ (উপাড়া ধাতু সংক্ষেপে)।

উপড়…ণ. (সং অবর—অশ্রেষ্ঠ; বাং উপর? ওং উবড়; মং উফরাটা—সং উপরি-বর্ত্তী?)। অধোমুখ।

উপন্যাস…ষ্য (সং উপন্যাসস্তু বাঙ্‌মুখম্‌—উপন্যাস বচনের উপক্রম—অঃ, হেমঃ। সমীপে স্থাপন—উপন্যাস; ইহা হইতে মুখবন্ধ, ভূমিকা; উল্লেখ, উদাহরণ, প্রস্তাব। বাংতে অর্থ সম্পূর্ণ ভিন্ন হইতে বসিয়াছে)। কল্পিত আখ্যান, উপকথা। আরব্যোপ-ন্যাস…আরব দেশের কল্পিত উপকথা। (এখানে বরং উপন্যাস শব্দ চলে, কিন্তু ইং নবেল অর্থে উপন্যাস ঠিক নয়।)

উপ-যাচক…ণ. (সং)। স্বয়ং যাচক;—প্রঃ—উপযাচক হইয়া চায়, কথা বলে।

উপর…ব্য. (সং উপরি—ঊর্দ্ধ)। অধঃ এর বিপরীত; প্রঃ—গাছের উপর, উপরে পাখী, মাথার উপর বৃষ্টি। শেষ, অতিরিক্ত; প্রঃ—সবার উপর আশ্চর্য এই। প্রতি; প্রঃ—কাহার উপর রাগ? ষ্য. উপরিভাগ, প্রঃ—বিছানার উপরের চাদর) উপরআলা …(উপর+আলা, হিং উপরালা)। উচ্চ (কর্ম্মচারী)। উপরি-উপরি…(সং) ক্রমশঃ, পরে পরে, একের উর্দ্ধে অন্যে। উপর-চাপ…ঊর্দ্ধ স্থিত বস্তুর চাপ, উপর-আলার আদেশ। উপর-চড়া…ঊর্দ্ধ হইতে, বাহির হইতে আক্রমণ। উপর চাল (চালি দেখ)…শতরঞ্জ খেলাতে খেলাড়ের অতিরিক্ত চাল—চলন। উপর ছাপ…রাঢ়ের পালকী-বাহক কাহারদের ভাষায় গাছের ডাল—পালকীর ছাতে যাহার ঠেকিবার আশঙ্কা থাকে। উপর-নজর …(যাং নজর)…ঊর্দ্ধ হইতে, দিকে দৃষ্টি; কুদৃষ্টি। উপর-নজরিয়া, উপর নজরে…ঊর্দ্ধে দৃষ্টি যার, নারীর মুখের দিকে দৃষ্টি যার (কাজেই শিষ্টাচার-বিরুদ্ধ)। উপর-নীচা …(প্রতিচর শব্দ)। একবার উপরে পরে নীচে থাকা, বা আনাগনা। উপর-নীচে… উপরে এবং নীচে। উপরাস্ত—(সং উপ-রস্তু। হিং উপরান্ত)। অতিরিক্ত, অধিক। উপরোক্ত…(সং উপরি-উক্ত)। উপরে কথিত। উপরি…ণ. অতিরিক্ত, বেতন বহির্ভূত, প্রঃ—উপরি পাওনা (প্রাপ্তি)। উপরৃতি…ষ্য. (উপরি-প্রাপ্তি)। অতিরিক্ত প্রাপ্তি। বাহির হইতে আগত, প্রঃ—উপরতি লোক।

উপল ভোগ…ষ্য. (সং উপায়ন। ওং উপন)। অন্যের প্রদত্ত ভোগ; প্রঃ—উপল ভোগ লাগিলে করে বাহিরে বিজয় (লাগিলে—আরম্ভ হইলে); উপল-ভোগ দেখি প্রতিদিন আইসেন প্রভু (চৈঃ চঃ)। (ওং উপন হইতে উপণ-উপঠ—উপল?)। (অপ্রচঃ)

উপরোধ…ষ্য. (সং—প্রতিবন্ধ)। পীড়া, অনু-রোধ। উপরোধ-অনুরোধ…(সহচর শব্দ)। উপরোধ।

উপস্থিত…ণ. (সং)। সমীপে স্থিত, আগত, জাত, প্রাপ্ত।

উপস্বত্ব ··ষ্য. (সং)। লাভ, আয়।

উপহাস্য ··ণ. (সং)। উপহাস্যাস্পদ। যাহার সহিত উপহাস করা যাইতে পারে; (কবিকঃ)।

উপাংশু (গ্রাং উপাংশি) ··ণ. (সং—নির্জন, গোপন)। অনিমন্ত্রিত, আগন্তুক।

উপাখ্যান ··ষ্য. (সং)। পূর্ববৃত্তান্ত-কথন; ক্ষুদ্র আখ্যান।

উপায়···ষ্য. (সং)। সাধন, উদ্যম; প্রতিকার; জীবিকোপায়, সুতরাং অর্থ-উপার্জন।

উপুড় ··উপড় দেখ।

উপোষ ··ষ্য. (সং—শব্দসারঃ। হিং উপাস)। উপবাস। উপোষী ··ণ. (সং উপোষিত। মং উপাসী)। অভুক্ত।

উবগার (গ্রাং) ··ষ্য. (সং উপকার)। উপকার। উবগারী···ণ. উপকারক।

উবর···ধাতু. (সং উদ্‌বৃত ধাতু। হিং উব্বর, ওং মং ওহল ধাতু)। উবরি—উদবৃত্ত হই; প্রঃ—প্রসাদ উবরিল খায় সহস্রেক জন (চৈঃ চঃ)। (অপ্রচঃ)। উবারা। ওয়ারা ··ণ সুলভ।

উব ··ধাতু. (সং উৎ-বা ধাতু গতি)। উবি —বাষ্পীভূত হই। প্রঃ—কর্পূর উবিয়া যায়। ওবা, উবা।

উবু, উভু ··ণ. (সং ঊর্ধ্ব; সং প্রাং উভ)। ঊর্ধ্ব; প্রঃ—বৈতরণী আড়ে দীর্ঘে উবু সোল কোস (শূং পুঃ)—ষোল ক্রোশের ঊর্ধ্ব-অধিক। উভু করি পাণি (কবিকঃ) —হাত ঊর্ধ্ব করিয়া। উবু হইয়া বসা ·· (সং ঊর্ধ্বজানু; হিং উকড়ঁ বৈঠনা)। আসন না করিয়া বসা। উবুদল ··ষ্য. ঊর্ধ্ব উচ্চরোলকারী মানুষের দল; প্রঃ—উবুদলে এসে গোউড়ে দিবেক হানা (মাঃ)। (হানা—আক্রমণ)। উবুদলে ডাকাতি ·· বহুলোকে দল করিয়া। উবু-ডুবু, হাবু-ডুবু···ঊর্ধ্বদিকে উঠিতেছে ও ডুবিতেছে।

উভ ··ণ. (সং ঊর্ধ্ব, সং প্রাং উভ। হিং উভ)। উচ্চ। প্রঃ—শিঙ্গা দিয়া চাঁদমুখে উভ করি দিল ফুকে (জ্ঞানদাস)। উভ-রায়··· ঊর্ধ্বরাবে, উচ্চশব্দে; প্রঃ—কান্দে উভ-রায় (কৃত্তিঃ); উভরায় কান্দে লোক প্রাণ যায় যায় (ভাঃ)। উভরড়···উচ্চ-বেগে পলায়ন।

উভচর ··ণ (সং উভয়চর)। জল ও স্থলে চরে যে (বিদ্যাসাগর মহাশয়ের রচিত শব্দ amphibious)।

উভার···ষ্য. (সং উদ্ধার)। মোচন, প্র— পুষ্পবৃষ্টি নীলাচলে গন্ধের উভার (চৈতন্য মঙ্গল)। (অপ্রচঃ)। ধাতু. প্রঃ—মুগের স্থপ উভারে ডাবরে (কবিকঃ)। উভারে— ঢালে। (অপ্রচঃ)

উভয় ··সর্বনাম, (সং)। দুই (জন), দুই (বস্তু); প্রঃ—উভয় স্থলে, উভয় দিন উভয়ে কথা কহিতেছিল।

উমড় ··ধাতু (সং উৎমুণ্ড হইতে? হিং উমণ্ডনা; হুমড় ধাতু দেখ)। 'অধিব আনন্দে উমড়ে হিয়া'—বৈষ্ণবপদে (অপ্রচঃ)

উমর ··ষ্য. (আং)। বয়স। উমর ভর· জন্ম কাল হইতে।

উমরা···ষ্য. (আং)। শ্রেষ্ঠজন; আমীর সমূহ। আমীর-উমরা···(সহচর শব্দ আমীর সমূহ। (ওমরা দেখ)

উমান···ধাতু. (সং উৎ-মন ধাতু, উন্মান তৌলে)। উমানি—তৌল করি ; প্রঃ—তৈল কিনে উমানিয়া ঘটী (কবিকঃ)॥ উমানা॥ (অপ্রচঃ)

উমেদ···ষ্য. (ফা°)। আশা। উমেদার ··ষ্য. (উমেদৱার)। যাচক, প্রার্থী। উমেদারি···ষ্য. প্রার্থনা, যাচনা।

উম্‌দা ··ণ. (আ°)। উৎকৃষ্ট।

উর ··ধাতু. (উৎ-তৃ ধাতু ; তু° হিং উত্তার-অবতরণ, উত্তার চঢ়াও)। উরি—অবতীর্ণ বা° উত্তীর্ণ হই (পদ্যে)। প্রঃ—উরিলেন ধর্ম্ম জুগপতি (শূঃ পুঃ); আপনি আসরে উর, নায়কের আশা পূর, (ভাঃ)। উর তবে উর দয়াময়ি (মেঘনাদবধঃ, কিন্তু উর না হইয়া উর কেন ? উতরিল সৈন্যদল সাগরের তীরে—উরিলা।)॥ উরা॥

উরৎ (গ্রা°) ··ষ্য. (সং উরু। উরুতে—উরুৎ ? ঢাকায় উরাৎ)। উরু।

উয়াঁ ··ধাতু. (সং উষ্ম, ধূম হইতে। ঢাকায় ওমা—উষ্ম)। উয়াঁই—উষ্ম করি, প্রঃ—দুধের বেসালি উয়াঁইতে হয়, ঘিএর ভাঁড় না উয়াঁইলে ঘি পচিয়া যায়। আগুনের শিখা হাঁড়ীর ভিতরে করিয়া গোপে হাঁড়ী উয়াঁয় (ধূমায় ?)॥ উয়াঁনা॥

উয়াঁ উয়াঁ···ব্য. (তু° সং উমা)। সদ্যজাত শিশুর ক্রন্দন শব্দে (কবিকঃ)।

উয়াড় ··ধাতু. (সং উৎ-বৃত ধাতু ; উদ্‌ৱর্তন আবাটা ; সং উৎ-হৃ বা ধৃ ধাতু উদ্ধার শব্দের সহিত বা° অর্থের মিল আছে। কিন্তু উদ্ধার হইতে উঝালা, উঝাড়া, ঝালা হইয়াছে)। উয়াড়ি ··উপরিভাগ কাটিয়া ফেলি। প্রঃ—গাছের গুঁড়ি ওয়াড়া—বাকল এবং অসার ভাগ কাটিয়া ফেলা॥ ওয়াড়া॥

উরু···ষ্য. (সং উরু)। জানু।

উরুমাল ··ষ্য. ঘোড়ার উরুর মাল্য ? (কবিকঃ)।

উর্দু···ষ্য. (তুর্কী—সৈন্যশিবির)। মুসলমান সৈন্যের ভাষা, মুসলমানী ভাষা। এই ভাষার মূল শব্দ হিন্দী অর্থাৎ সংস্কৃত-মূলক। ইহার সহিত আর্বী ও ফার্সী শব্দের সমাবেশ আছে। উর্দু-বাজার (উরুদু বাজার—ভাঃ)···সেনানিবেশের বাজার।

উর্বরা ··ণ. (সং উর্বর, স্ত্রী° উর্বরা)। সর্ব-শস্যোৎপাদক। উর্বরা শক্তি ··(সং ব্যাকরণে অশুদ্ধ)। উর্বরতা-শক্তি।

উলঙ্গা···ণ. (ও° উল্‌লগ্ন ; হিং উলঙ্গা ; মংতে নাই। উলঙ্গা শব্দ সংস্কৃত নহে। উৎ-নগ্ন উন্নগ্ন—উললগ্ন—উলঙ্গা। উ—উদ্‌গত, লঙ্গা—(ও° লুগা, চাটিগাঁয়ে লুঙ্গী—সং লাঙ্গুল হইতে) বস্ত্র এইরূপ ব্যুৎপত্তিও করা যাইতে পারে। কিন্তু লঙ্গা শব্দ সংস্কৃত নহে। নাঙ্গাটা বা নেঙ্গাটা শব্দ দেখ)। নগ্ন। স্ত্রী°,—উলঙ্গিনী (পদ্যে রাম-প্রসাদ)।

উলট ··ধাতু. (সং উৎ-লুট, লুঠ বা লুণ্ঠ-ধাতু ঊর্ধ্বদিকে পরিবর্তন। উলট ধাতু, উল্ট ধাতু নহে। প্রাচীনরূপ উলুটা, চৈঃ অমৃতে উলটা। ও° উলুটা উলটা ; হিং উলটা, উলট্‌না ; মং উলটনেঁ। তু° উলট-পালট। উলটা শব্দের শেষে আ থাকাতে পূর্ববর্তী অ কিংবা প্রাচীন কালের উ সহজে গ্রস্ত হয়। এইরূপে প্রায়ই উল্‌টা)। উলটি·· পরিবর্তিত হই, বিপর্যস্ত হই॥ উলটা, উলটনা॥ উলট-পালট, উলটা-পালটা

…ণ. (সহচর শব্দ; পালটা দেখ)। উলটা। ইহার স্থানে উহা, উহার স্থানে ইহা।

উলটা…ধাতু (সকর্মক; উৎলুণ্ঠিত হইতে)। উলটাই—বিপর্যস্ত করি॥ উলটানা, ওলটানা॥ (ও° ওলটেইবা)।

উলটা কমল (গ্রা° উলট কম্বল°) ‥ষ্য. বধ্বকাদি বর্গের ছোট তরু (Abroma augusta)। সরুডাল লোমশ; পাতা বড়, লোমশ। বর্ষাকালে ফুল ফোটে। ফুলে পাঁচটি দল, প্রত্যেক গোড়ার দিকে ছোট কটোরার মতন। ফুল কৃষ্ণরক্ত; পাপড়ী অধোমুখে ঝুলিতে থাকে। এইহেতু নাম উলটা কমল। ফল পাঁচ-কোণা। ছালের আঁশে দোড়ী হইতে পারে ((Perennial Hemp plant)। শিকড়ের ছাল স্ত্রীলোকের রোগবিশেষের ঔষধ বলিয়া খ্যাত।

উলা…ধাতু. (স° অব-তারি ধাতু, অবতারণ। ও° ওহলাইবা, হি° উলরনা উললনা, বা° ওলানা। তু° উর ধাতু)। উলাই, ওলাই —নামাই; প্রঃ— সুন্দর ওলান বোঝা (ভাঃ); অল্প অল্প লবণ দিয়া উলাইবে হাঁড়ী (মাঃ)॥ (কৃত্তিবাসে উলানা)। ওলানা॥ ওলা-ওঠা বা ওলা-উঠা…ষ্য. (ওলা—নামানা বা নামানি, ওঠা—উঠানি। অন্য নাম নামানি-ওঠানি)। ভেদবমি।

উলু‥ষ্য. (স° উলুপ, উলুক)। ধান্যাদি বর্গের দীর্ঘায়ু তৃণ-বিশেষ (Imperata arundinacea)। ডাঁটা ফাঁপা নহে; পাতা সবুজ, খরস্পর্শ; মঞ্জরী মৃদুরোমা। উলুঘাস, কোন কোন স্থানে উলুখড় বলে। উলুটি…ষ্য. (উলু+মাটি)। কাঁথের পিঠ সমান করিবার নিমিত্ত কাদা লেপা। শুধু কাদা শুকাইয়া ফাটিয়া যায়; এই হেতু কাদার সঙ্গে কাটা ঘাস, খড় মিশাইয়া কাঁথে লেপা হয়। (তু° খড়টি)। (পশ্চিম রাঢ়ে উলু প্রায় নাই; কিন্তু উলটি শব্দ প্রচলিত আছে। অতএব বোধ হয়, উলু শব্দে তৃণমাত্র বুঝিতে হইবে। তু° স° উলপ —কোমল তৃণ।) উলু-বোড়া…বোড়া (সাপ) দেখ।

উলু…ষ্য. (স° উলুলু)। মাঙ্গালিক উলু ধ্বনি। উলু দেওয়া। (অন্য স° রূপ হুলু-হুলী বা° হুলু দেখ)। উলুই…উলু ধ্বনি।

উলুক…ষ্য. (স°)। পেচক; ধর্মঠাকুরের বাহন (মুনি কল্পিত হইয়াছে)।

উল্কা ‥ষ্য. (স°)। আকাশে ভ্রাম্যমান লোষ্ট্র। ভূমিতে পতিত হইবার সময় অগ্নিশিখার ন্যায় দীপ্তিশালী হইয়া ভস্মীভূত হয় (meteors)। অগ্নিশিখা, মশাল (এই অর্থে অপ্রচঃ)

উল্‌কি…ষ্য. (স° অলঙ্কৃতি ? ও° চিতা (কাটা) —স° চিত্র; হি° গোদনা—উল্কি; গোদনা —বেঁধা; ম° গোঁদণেঁ, গোঁধণেঁ (উল্‌কি কাটা)। ঢাকায় গোদোম গোদানি। চারি ভাষায় চারি শব্দ হইতে বোধ হইতেছে, উল্‌কি শব্দের সংস্কৃত মূলের অর্থ-সম্প্রসারণ কিংবা বর্ণবিন্যাস-পরিবর্তন হইয়াছে)। দেহে রঙ্গ প্রবেশ করাইয়া স্থায়ী অলঙ্কার বা চিত্র। প্রঃ—উল্‌কি পরা।

উল্‌টা…উলট-ধাতু দেখ।

উল্‌মাদ (গ্রা°)…ণ. (স° উন্মাদ। হি° উদমাদ)। উন্মাদ।

উল্লু ··ষ্য. (সং উলূক—পেঁচা। হিং উল্লূ—পেঁচা, মূর্খ)। পেঁচার মতন মুখ-বিশিষ্ট ; পেঁচামুখা। নির্বোধ (উল্লুক দেখ)।

উল্লুক ··ষ্য. (সং উলূক হইতে হিং উলুক)। পুচ্ছহীন বানর-বিশেষ (Gibbon Hylobates hoolock)। প্রায়ই কৃষ্ণ বর্ণ, প্রায় এক হাত লম্বা। আসাম মণিপুর প্রভৃতি বনে আছে। উ-উ শব্দ করে। উলুক—পেঁচার মুখের সহিত সাদৃশ্য আছে বলিয়া। ইহা হইতে বাঁদর (গালি)।

উশুল (গ্রাং) ··ষ্য. (আং ৱাসিল)। আদায়। উশুলী ··ওয়াশীল-সম্বন্ধী, ওয়াশীল দেওয়া হইয়াছে যাহা।

উশ্বাস ··ষ্য. (সং উদ্‌-শ্বাস)। উচ্ছ্বাস, আশ্বাস।

উসাস ··ণ (সং উদ্‌শ্বাস—স্ফীত)। আলগা, হালকা, প্রঃ—কাপড় উসাস করে যেন মরাযের বড় (কবিকঃ)।' (অপ্রচঃ, ওংতে প্রচলঃ)।

উসু-মুসু ··ব্য. (সং অপসর হইতে উসু ? তুং হিং উসরনা—পলায়ন চেষ্টা করা ; হিং উসল-পসল—চাঞ্চল্য। অপসরি—অৱসি-উসি ; প্রবেশি—পশি-মসি ?)। পলায়নের অবসর অন্বেষণ। চৈঃ অমৃতে, উষি-পষি,—'রাত্রি শেষ হৈল বেশ্যা উষি-পষি করে'—আসি-যাই করে, একবার যায় একবার প্রবেশ করে। (নদীয়ায় উসিপসি, উসপিস)।

উস্‌কা · ধাতু. (হিং উস্‌কানা, উক্‌সানা, উস্তানা ; ওংতে নাই। সং উৎসুক হইতে ? সং উল্লকসন (হেমঃ, রোমাঞ্চ) হইতে ?)। উস্‌কাই—শলিতা বাড়াইয়া প্রদীপ্ত করি, কর্মে উৎসাহিত করি॥ উস্‌কানা॥

উষ্‌-খুষ্‌, উষু-খুষু ··ব্য. (উষ্ক-খুষ্ক দেখ)। রুক্ষ ও শুষ্ক ভাবে। প্রঃ—গলা উষু খুষু করে—কাশির উপক্রম হয়। অস্বাস্থ্য বোধ। (কেহ কেহ ভুল করিয়া বলে, হাত উষু-খুষু করিতেছে। ঠিক শব্দ লিস-পিস ; দেখ)।

উষ্কা-খুষ্কা ··ণ. (সং রুক্ষ,শুষ্ক। রুক্ষ—রুক্‌ষা-উক্‌ষা-উষ্‌কা ; শুষ্ক—খুষ্ক-খুষ্কা ; তুং খুষ্কী পথ শুষ্ক পথ, জল-পথ নহে। শু স্থানে খু)। রুক্ষ অচিক্কণ এবং শুষ্ক (সহচর শব্দ)। প্রঃ—তেল না মাখিলে গা উষ্কা খুষ্কা হয়।

উষ্মা ··ষ. (সং)। তাপ, ক্রোধ।

উহা ··সর্বনাম. (সং অদস্‌—সং প্রাং অহ। ওং সেহি ; হিং ৱহ, ৱুহ, বহুবচনে বিভক্তি যোগের পূর্বে উন্‌, উনহোঁ ; মং হা, (বাং ইহা)। দূরবর্তী বস্তুবাচী। সংক্ষেপে, ও। মান্যে কর্তাকারকে উনি, বিভক্তিযোগে উহাঁ, সংক্ষেপে ওঁ।

উহুঁ ··ব্য. (সং উম্‌, উ—প্রশ্নে, হুম্‌ ··স্মৃতি, বিতর্ক, নিষেধে)। বিতর্কে, নিষেধে।

উহুঃ ··ব্য. (সং হু হু)। যাতনায়।

ঊ।

ঊ ··ষ্য. (সং)। উ-স্বরের দীর্ঘস্বর ; অক্ষর-বিশেষ।

ঊঁ ··ব্য. (সং ঊম্‌)। ভর্ৎসনা, ক্রোধ, গর্ব, প্রশ্ন, উত্তরদানে।

ঊঃ ··ব্য. (সং হু হু)। যাতনায়।

ঊড়-কূড় ··ষ্য. (সং আলী (শ্রেণী) হইতে উল (দেখ)—ঊড় ; সং কূল (নদ্যাদির তীর)—কূড় ; কিংবা কূল—কূড়-ঊড়। সানুচর শব্দ)। ব্যবস্থা, ধারা, সীমা, হালা-

গোছা। প্রঃ—কাজের উড়-কুড় নাই—শৃঙ্খলা ও সীমা।

উন···ষ্য. (সং উর্ণা। হিং উণ উন ; তেং উন্নি)। মেষাদির সূত্রকর্তনোপযোগী কোমল লোম (wool)। উনী ··ণ. উনের নির্মিত।

উন···ণ. (সং)। হীন, ন্যূন। উন কোটি···ণ. (সং)। এক কোটি হইতে এক ন্যূন।

উপ, হুপ ··ব্য.। হনুমানের রবে।

উরু ··ষ্য. (সং)। জানুর উপরিভাগ (thigh)। উরু-স্তম্ভ···ষ্য. (সং)। উরুতে বিস্ফোটক জাত অবশতা ও বেদনা (abscess in the thigh)।

উল ··ষ্য. (সং আলী; সং প্রাং উলী—শ্রেণী)। শ্রেণী, ধারা, ব্যবস্থা। কাজের উল থাকেনা, দ্রব্যাদি উল করা—গোছানা।

উল ··ষ্য. (ইং wool)। উন্।

ঋ।

ঋতু ··ষ্য. (সং)। বৎসরের গ্রীষ্মাদি ছয়ভাগ। ছয় অঙ্ক। স্ত্রীরজঃ।

ঋষ্যাণী···ষ্য. (সং ঋষী পত্নী—ঋষি-আনী); ঋষিপত্নী (শূং পুঃ)। (অপ্রচঃ)

এ।

এ ··ষ্য. (সং)। স্বর-বর্ণ, অক্ষর-বিশেষ। ব্য. (সং)। স্মৃতি, দয়া, অসূয়া, আহ্বানে। সর্বনাম. ইহা (দেখ)। সর্বনাম বিশেষণ. এই। প্রঃ—এখন-এইক্ষণ। এ ও তা—ইহা ও তাহা—নানা বিষয়। এই সংক্ষেপে এ ; যথা, এমুখ, এদিক, ঐ পর্যন্ত, এজন্য, এরূপ, এপার।

এঁ···ব্য. (সং এ)। বিতর্কে, আহ্বানের উত্তরে। সর্বনাম ইহাঁ (দেখ)।

এঁ ওঁ···সর্বনাম. ইহা উহা। এঁ ওঁ করে—স্পষ্ট উত্তর না দিয়া বৃথা বাক্য বলে।

এঃ···ব্য. (সং এ)। স্মৃতি বিতর্ক বিস্ময়ে।

এই···সর্বনাম বিশেষণ. (সং এতদ্। ওং এহি ; হিং য়হ, য়িহ ; মং হা হী হেঁ)। সম্মুখস্থিত, উপস্থিত। ইহা-ই সংক্ষেপে, এই ; প্রঃ—কথাটা এই। ব্য.। এ।

এওজ···ষ্য. (আং এরজ)। প্রতিনিধি। পরিবর্ত।

এক···ষ্য. ণ. (সং)। এক সঙ্খ্যা, এক-সঙ্খ্যক। কেবল ; প্রঃ—এক রাম পারিতেন, অন্যে পারিত না। সেই, তুল্য ; প্রঃ,—কৃষ্ণ ও কালী এক। স্থির, অপরিবর্তিত ; প্রঃ—মত এক আছে। অদ্বিতীয় ; প্রঃ—গাঁয়ের মধ্যে এক বীর। প্রথম ; প্রঃ—রাম এক শ্যাম দুই। বহুর মধ্যে এক, কোন্ ; প্রঃ—এক গ্রামে এক রাজা ছিলেন। দুইএর মধ্যে এক ; প্রঃ—এক গেল, অন্য এক আসিল। কোন্, এই অর্থে শব্দের পরে বসে ; প্রঃ—জনেক, কোন্ একজন ; সেরটাএক ধান—কোন্ মাপের এক সের ! তুল্য, প্রায় অর্থে, সঙ্খ্যা-বাচক শব্দের পরে বসে ; প্রঃ—জুড়িয়া কোসেক বাট পাতিল ধর্ম্মর হাট (শূং পুঃ) —কোসেক ক্রোশেক—প্রায় এক ক্রোশ (ব্যাকরণ দেখ)। একক ··ষ্য. ণ. (সং)। একস্থানীয় একমাত্র (গণিতে) ; একাকী। এক-আধ···অল্প, প্রায় এক। এক এক ··ণ. (সং) পৃথক পৃথক, প্রঃ—এক এক করিয়া. গণ ; কেহ কেহ, কোন্ কোন,

প্রঃ—এক এক জন বলে, এক এক বনে বাঁঘ থাকে। কথায়, একে চায় আরে পায়—এক দ্রব্যের আকাঙ্ক্ষা তৃপ্তি হইতে না হইতে অন্য দ্রব্য প্রাপ্তি। (কিন্তু তাহা হইলে এক চায় আর এক পায় হইত। বোধ হয়, এক চোখে চায় অন্য চোখে (দেখিতে) পায়। কিংবা এক হাতে চায়—খোজে, অন্য হাতে পায়)।

একইশ, একুশ…(সং একবিংশতি)। বিশের উপর এক সঙ্খ্যা,-সঙ্খ্যক। ২১।

একক…ষ্য. (সং)। এক—এই সঙ্খ্যা। একাকী।

এক-কালীন ··ণ. (সং)। একবারের নিমিত্ত।

এক-গুঁয়া, এক-গুঁয়ে…ণ. (এক গোঁ+ইয়া)। নির্বন্ধশীল, স্বৈরী, অবাধ্য। (গোঁ দেখ)।

এক-ঘরিয়া, এক-ঘরে ··ণ. (এক ঘর+ইয়া। ঘর+উয়া—ঘরুয়া; কিন্তু এক-ঘরুয়া নহে, এক-ঘরিয়া)। সমাজে পৃথক ঘর, জাতিচ্যুত।

এক-ঘেয়ে…ণ. (এক ঘা+ইয়া—এক-ঘাইয়া—এক-ঘেয়ে)। এক প্রকার আঘাত দ্বারা জাত; প্রঃ—এক-ঘেয়ে বাজনা,সুর—যাহার বৈচিত্র্য নাই।

এক-চালা…ষ্য. (এক চাল+আ)। এক চাল-বিশিষ্ট গৃহ।

এক-চালিশ, এক-চল্লিশ…(সং একচত্বারিংশৎ) চালিশ বা চল্লিশের উপর এক সঙ্খ্যা, -সঙ্খ্যক। ৪১।

এক-চাটিয়া, এক-চেটে…ণ. (এক চাটা+ইয়া; চাটা বা চাটাই (দেখ)—আসন বিশেষ; এক স্থানে বিক্রেয়; কিংবা সং ঐক-তন্ত্রিক; কিংবা এক ব্যক্তির চাটিত (সং চট ধাতু বধে) আয়ত্ত—এক-চাটিত)। অনন্য-সাধারণ, একাধিকৃত; প্রঃ—এঃ ব্যবসা।

এক-চোখুয়া, এক-চোখো…ণ. (এক চোখ+উয়া)। দুইদিক না দেখিয়া এক দিক দেখে যে। পক্ষপাতী।

এক-ছোটে…(ছোট দেখ)। এক-বস্ত্রে।

এক-জাই…ব্য. (হিং একজাঈ; একজায় দেখ)। নিরন্তরঃ; প্রঃ—একজাই বকিতেছে।

এক-জাতিয়া, এক-জেত্যে…ণ. (এক জাতি+ইয়া)। একজাতি-সম্বন্ধীয়, একজাতিতে আবদ্ধ; প্রঃ—এঃ বামুন—যে বামুনের যজমান বহু জাতি নহে।

এক-জায়…ষ্য. (এক জায়গায় রক্ষিত বা স্থাপিত; এক বিষয়-সম্বন্ধী)। তালিকা। (জমীঃ)

এক-জোট ··ণ. (জোট দেখ)। এক; মিলিত।

এক-জ্বরী…ণ. (সং)। অবিরাম-জ্বরভোগী। এক-জ্বর…অবিরামজ্বর (continued fever)।

একটা…ণ. (এক শব্দে টা (দেখ)। কোন, এক-সঙ্খ্যক (অবজ্ঞায়)। অখণ্ডিত, গোটা।

এক-টানা…ণ. (এক টান+আ) একদিকে—নিম্নদিকে প্রবল; প্রঃ—এঃ স্রোত—হিল্লোল-হীন। অবিচ্ছিন্ন, প্রঃ এঃ দুঃখ।

এক-টিয়া, একট্যে…ণ (একটা+ইয়া)। দ্বিতীয়-হীন, প্রঃ—একট্যে গোরুর গাড়ী; একট্যে গেঁদা—বহুদল নহে।

একটিন…ণ. (ইং acting)। স্থায়ী কর্মচারীর অনুপস্থিতিতে কর্মকারী। একটিনি…ষ্য. একটিনের কর্ম। একটিনী ··ণ. একটিন-কর্ম-সম্বন্ধী।

একটি ··ণ. (এক শব্দে টি (দেখ) । এক ।

একটী ··ণ. মাত্র এক ।

একটু, একটুক, একটুকু···ণ. (এক+সং টুণ্টক—টুণ্টকঃ শোণকাল্পয়োঃ—মেঃ । ও° টিকিএ=এক টিকি) । অল্প, অতিঅল্প, অত্যল্প পরিমিত । অল্প সময়, প্রঃ—একটু পরে যাব । (·একটু খানি—অশুদ্ধ, কারণ টু খানি একার্থ) ।

এক-তরফা···ণ. (সং এক+আ° তরফ+বা° আ) । এক-পক্ষীয় (আদাঃ) ।

এক-তরু···ণ. (তর দেখ) । এক প্রকারের, সাধারণের মতন নয় ।

এক-তলা···ণ. ষ্য. (সং এক-তল+আ) । এক তল-বিশিষ্ট, প্রঃ—একতলা বাড়ী । মাটির উপরেই যে তল, প্রঃ—গ্রীষ্মকালে এক তলায় ঠাণ্ডা ।

এক-তারা···ষ্য. (এক+ফা° তার ; ফা° য়ক-তারা) । এক তার বিশিষ্ট বাদ্যযন্ত্র । সং একতন্ত্রী ।

এক-তালা ··ষ্য. । বাদ্যের তাল বিশেষ । (তাল দেখ ।)

একত্তর (গ্রা°)···ব্য. (সং একত্র) । এক-স্থানে, এক বিষয়ে, সাহচর্যে, সমাগমে ।

একত্রিত···ণ. (সং একত্রীকৃত । হিং একট্টা) । এক স্থানে স্থাপিত রক্ষিত বা ন্যস্ত । রাশী-কৃত ।

এক-ত্রিশ ··ণ. ষ্য (সং একত্রিংশৎ) । ত্রিশের উপর এক সঙ্খ্যা,-সঙ্খ্যক । ৩১ । একত্রি-শিয়া, একত্রিশ্যে···ণ. একত্রিশ পূর্ণ হইয়াছে যাহাতে । একত্রিশ্যে মাস—একত্রিশ দিন-বিশিষ্ট । মাসের একত্রিশ্যে—যে দিন এক-ত্রিশ সঙ্খ্যা পূরণ করে ।

এক-দণ্ডী···ণ. (সং) । সন্ন্যাসী-বিশেষ ।

এক-পাট্টা···ষ্য. (সং একপট্ট)। এক পাটের চাদর অর্থাৎ দুইখান লম্বালম্বি জুড়িয়া দোপাট্টা নহে ।

এক-পেট···ণ. (পেট দেখ) । উদর-পূর্ণ ।

এক-বার···ব্য. (সং এক, সং বার) । সকৃৎ, দুই বা বহুবার নহে ; একদা । এক-বারে··· ব্য. একদা ; চির কালের তরে ; দুই বা বহুবারে নহে । একেবারে···সম্পূর্ণরূপে, চিরকালের তরে ।

এক-বাড়িয়া, এক-বেড়্যে···ণ. (বাড় দেখ) (নৌকার) এক-পাশিয়া ।

এক-মাটিয়া, এক-মেট্যে · ণ. (এক মাটি+ ইয়া) । একবার মৃত্তিকা লিপ্ত । ষ্য. তুষ-মিশ্রিত মৃত্তিকা-লেপন-রূপ প্রথম কর্ম ।

এক-রঙ্গা ··ণ. (এক+রঙ্গ+আ) । এক রঙ্গ—প্রায়ই লাল রঙ্গ-বিশিষ্ট । এইরূপ কাপড় ।

এক-রত্তি···ণ. (এক, রত্তি—সং রক্তিকা—গুঞ্জা) । এক রতি পরিমিত, অত্যল্প । (কঠিন দ্রব্যের ; দ্রব দ্রব্যের—এক-ফোঁটা, টোপা, টোসা, বিন্দু) ।

এক-রার · একরার দেখ ।

এক-রিগড়া, এক-রিগড়িয়া, এক-রিগড়্যে··· ণ. এক বিষয়ে রগড়—নির্বন্ধ—করে যে (রগড় দেখ) । এক-গুঁয়া ।

এক-রোকা···ণ. (দোরোকা দেখ) । যাহার (যেমন শালের) সদর অন্দর আছে ।

এক-রোখা ··ণ. (এক+সং রোষ) । এক বিষয়ে ক্রোধ বা দৃষ্টি যার । এক-গুঁয়া ।

একলা ··ণ. (সং একল) । একাকী ।

একলা-ষাঁড়িয়া, একলা-ষেঁড়্যে, একল-ষেঁড়্যে···

ণ. (একলা ষাঁড়+ইয়া। তু° হি° অকল-খুরা—যে একা খায়)। যেমন ষাঁড় একা বুলিয়া বেড়ায়, তেমনই যে সঙ্গী চায় না, একা থাকিতে চায়। একচারী।

এক-শিয়ালি···ষ্য. (একশিয়াল+ই)। শিয়ালের মতন শব্দ করিয়া ডাকাইতে পরস্পরকে সঙ্কেত করে। শিয়ালের স্বভাব এই যে, একটা ডাকিলে অন্যে ডাকিতে থাকে। কিন্তু ডাকাইতের শৃগাল-রব শুনিয়া শিয়াল ডাকে না। কাজেই মনে হয় যেন একটি শিয়াল ডাকিতেছে। ইহা লক্ষ্য করিয়া সজাগ গৃহস্থ শিয়ালের কি ডাকাইতের ডাক বুঝিতে পারে। (এক-শিয়ালি ডাকা)

একশা···ব্য. (স° একশঃ)। একে একে; সকলকেই সমান ভাবে; প্রঃ—একশা নিমন্ত্রণ কর, যার আসিবার সে আসিবে।

এক-শেষ ··ণ. (স°)। সীমা, প্রঃ—কষ্টের একশেষ।

একসা···ণ. (স° এক-সদৃশ)। এক প্রকার প্রঃ—একসা জবাব।

এক-শিরা, শির-ফোলা···ষ্য. (এক+শিরা—রক্তনালী)। এক কোষের শিরা ফোলা (orchitis)। এক-কোষ-বৃদ্ধি-রোগ (hydrocele)।

এক-ষষ্টি···ণ. ষ্য. (স° একষষ্টি)। ষাইটের উপর এক সঙ্খ্যা,-সঙ্খ্যক। ৬১।

এক-হারা···ণ. (এক+হারা, দেখ)। এক গুণ, প্রঃ—এঃ দোড়ী; প্রায় শীর্ণ, প্রঃ—এক-হারা মানুষ।

[illegible]া···ণ. (স° একক)। একাকী। অসহায়।

[illegible]াএক···ব্য. গন্তব্য পথের মাঝে না থামিয়া প্রঃ—একাএক কলিকাতা যাবে, একাএক লাটের কাছে দরখাস্ত করিবে।

একাগ্র···ণ. (স°)। এক বিষয়ে আসক্ত।

একাছত্রী···ণ. (স° এক,সত্র—যজ্ঞ, সদাব্রত)। এক সদাব্রতে আগত, মিশ্রিত, বিপর্যস্ত; প্রঃ—একাছত্রী ব্যাপার—জাতির বিচার-হীন; জিনিষ-পত্র একাছত্রী হইয়াছে।

একাত্তর···ণ. ষ্য. (স° এক-সপ্ততি)। সত্তরির উপর এক সঙ্খ্যা,-সঙ্খ্যক। ৭১।

একাদিক্রমে···ব্য. (স°)। এক হইতে আরম্ভ করিয়া, এক দুই তিন প্রভৃতি একটিও না ছাড়িয়া; প্রঃ—এঃ দশ বৎসর চাকরি—এক বৎসরও চাকরি ছাড়া হয় নাই।

একানব্বই, একানবই, একানই···ণ. ষ্য. (স° এক-নবতি)। নব্বইর উপর এক সঙ্খ্যা, -সঙ্খ্যক। ৯১।

একান্ত···ণ. (স°)। নির্জন; অবধারিত, প্রঃ—একান্ত যাবে? অত্যন্ত; প্রঃ—একান্ত নির্ভর।

একান্ন···ণ. (স°)। একত্র অন্নভোজী।

একান্নবর্তী···ণ. (স°)। একত্র অন্নভোজী।

একান্ন ··ষ্য. ণ. (স° এক-পঞ্চাশৎ)। পঞ্চাশের উপর এক সঙ্খ্যা,-সঙ্খ্যক। ৫১।

একাশি, একাশী···ণ. ষ্য. (স° একাশীতি)। আশির উপর এক সঙ্খ্যা,-সঙ্খ্যক। ৮১।

একাশী···ণ.(এক-পার্শ্বী)। এক-পার্শ্ব-বিশিষ্ট, এক পার্শ্বে নত; প্রঃ—কলশী একাশী কর, গাছ একাশী হইয়া পড়িয়াছে। একাশী হইয়া শোয়া—পার্শ্বে।

একাহিক···ণ. (স°)। এক-দিন-ব্যাপী, যেমন জ্বর।

একি···ব্য. (এ—ইহা কি)। বিস্ময়ে।

একিদা…(?)। (অপ্রচঃ)

একুন…ষ্য. (সং একপিণ্ড। একান্তিক ? ও° গাএ অর্থাৎ এগা—একা সং এক হইতে)। মোট, সমষ্টি।

একুশ…ষ্য. ণ. (সং একবিংশ)। বিশের উপর এক সঙ্খ্যা,-সঙ্খ্যক্। ২১। একুশিয়া, একুশে…ণ. ষ্য. (একুশ+ইয়া)। একুশ দিন পূর্ণ হইয়াছে যাহাতে; একুশ দিনের দিন; জন্মের পর একুশ দিনের দিনে কৃত্য।

একে…ষ্য. (সং এক)। প্রস্রাব-ত্যাগ বলা শিষ্টাচার নহে (লঘ্বী দেখ)। এই নিমিত্ত পাঠশালার পড়ুয়া গুরুমহাশয়ের নিকট এক অঙ্গুলী প্রদর্শন করে, কখনও 'একে যাব' বলে।

একেবারে…একবারে দেখ।

এক্কা…ষ্য. (সং এক হইতে)। এক ঘোড়ায় টানা গাড়ী। এক-ফোঁটা তাশ।

এক্তিয়ার, এক্তার…ষ্য. (আ° ইখতিয়ার)। অধিকার। এক্তিয়ারী, এক্তারী…ণ. বশ-বর্তী, অধিকৃত।

এক্‌রার…ষ্য. (আ° ইক্‌রার)। প্রতিজ্ঞা, সম্মতি। এক্‌রারী…ণ. স্বীকৃত; স্বীকারী। এক্‌রার-নামা…স্বীকার-পত্র।

এক্ষণ…ব্য. (সং এতদ্ ক্ষণ; ক্ষণ—সময়; সময়ে ক্ষণঃ—হেমঃ)। এই সময়। সম্প্রতি। এক্ষণই, এক্ষণি…ব্য. (ই নিশ্চয়ে)। এই সময়েই, একটু বিলম্ব না করিয়া।

এখন…ব্য. (সং এতদ্‌ক্ষণ)। এই সময়; সম্মতিজ্ঞাপনে পাদপূরণে, প্রঃ—করা যাবে এখন। এখন-তখন হওয়া…(তু° হি° অব-তব হোনা)। মৃত্যু আসন্ন হওয়া। এখনই, এখনি…ব্য. (ই নিশ্চয়ে)। এই সময়েই।

এখান…ব্য. (এই, স্থান—খান)। এই স্থান; এই বিষয়। এখানকার…ণ. এই স্থান-সম্বন্ধী, এই স্থানের।

এগা…ধাতু. (সং অগ্র হইতে; ধাতুটি এগ হইতে পারে না, কারণ তাহা হইলে এগি—(অগ্রে যাই) হইত। আগা ধাতু দেখ)। এগাই—অগ্রে যাই, অগ্রে হই॥ এগানা॥ এগানা-পেছানা (ভুলে এগনা-পেছনা)… (প্রতিচর শব্দ)। অগ্রগমন ও পশ্চাৎ-গমন।

এগার…ণ. ষ্য. (সং একাদশ; ব্যাকরণ দেখ)। দশের উপর এক সঙ্খ্যা,-সঙ্খ্যক। ১১। এগারই, এগারই…এগার দিবস পূরক। মাসের এগারই…এগার দিনের দিন।

এগ্‌জামিন…ষ্য. (ই° examine—পরীক্ষা করা)। পরীক্ষা।

এগ্‌জিকিউটার…ষ্য. (ই° executor)। কর্মাধ্যক্ষ (আদাঃ)।

এঙ্গোলা…ষ্য. (ই° angora. তুর্কীস্তানের এক নগরের নাম। এই নগর দীর্ঘলোম ছাগের নিমিত্ত প্রসিদ্ধ)। লোমজ বস্ত্রবিশেষ।

এজন…ষ্য. এইজন।…(আ° ঐজন)। ঐ, সেই।

এজেণ্ট…ষ্য. (ই° agent)। কর্মচারী।

এজেন্‌সি…ষ্য. (ই° agency)। কর্মস্থান।

এজমালী…ণ. (আ° ইজমালী)। অভিন্ন, একত্র ভোগ্য।

এজ্‌লাস…ষ্য. (আ° ইজলাস)। কাছারি; কাছারি-ঘর।

এজেহার…ষ্য. (আ° ইজ-হার)। বর্ণনা, বৃত্তান্ত-কথন (আদাঃ)। এজেহারী…ণ. এজেহার-সম্বন্ধী।

এটা···ধাতু. (আটি—গুচ্ছ—হইতে)। এটাই—আটি বাঁধি ॥ ধান এটানা ॥ (আটি হইতে আটাই, গ্রা° এটাই। এট্ ধাতু হইতে পারে না। তু° অগ্র হইতে এগাই)।।

এঁটে··আঁঠিয়া দেখ। প্রঃ—কত কষ্টে মিলে এঁটে নাহি মিলে থোড় (ভাঃ)।

এটেল, এঁটেল···ণ. (আটা হইতে; আটাল—এটেল, এঁটেল)। আঠাল, চট্-চটা; প্রঃ—এঃ মাটি—বালুকার অল্পতায়। (clayey)।

এঁটেলী···ষ্য. (আঁটাল+ঈ=আঁটালী—এঁটেলী; সং অষ্টপদী; হি° অঠৈ; ও° টিক্। ই° Tick)। ক্ষুদ্র অষ্টপদী কীট-বিশেষ (Argas persicus. The Persian tick)। গোরু বাছুরের গায়ে আঁটিয়া ধরিয়া রক্ত পান করে।

এঁঠা.··ণ. ষ্য. (আসা° এরা; ও° অইঁঠা; হি° ঝুঠা; ম° উষ্টা; তেলুগু আণ্ট্। মুল সং শব্দ উচ্ছিষ্ট হইতে উইঠা—আইঠা, আইঁঠা। ও° ভাষায় শব্দের প্রথম আকার অ হয়। এই হেতু অইঁঠা। হি° ঝুঠা—সং জুষ্ট; জ লোপে ম° উষ্টা, কিংবা উচ্ছিষ্ট হইতে উষ্টা মনে করা যাইতে পারে। শূ° পুঃ—'দুর্গার আঁটিআ হাত'। বা° ভাষায় শেষের ঠ গ্রাম্য উচ্চারণে ট হয়; আঁইটা—আঁটিআ। কৃত্তিবাসে (লং) আঠে, কবিকঃ আটো, ভারতচন্দ্রে আঁটু, মানিকে এঠ্যো। উচ্ছিষ্ট শব্দের বিকার-ক্রম ধরিতে না পারিয়া আঁটু। এঁঠা বর্তমান রূপ; অবশ্য রাঢ়ের উচ্চারণ নিয়মে এঁঠো উচ্চারিত হয়; যেন শব্দটি আঁঠুয়া। কিন্তু আঁঠুয়া মনে করিবার বিশেষ কারণ নাই।)। উচ্ছিষ্ট। উচ্ছিষ্ট-স্পর্শ-দুষ্ট। প্রবাদে, এঁঠা পাত কি স্বর্গে যায়—উচ্ছিষ্ট এবং উচ্ছিষ্ট-দোষ-দুষ্ট দ্রব্যের যোগ্য স্থান, নিম্নদেশ। এঁঠা-কুড়···উচ্ছিষ্ট—আঁস্তা-কুড় (দেখ)।

এঁঠ্যে···ষ্য. (আঁঠিয়া। সং অস্থি, অষ্ঠি হইতে। ও° মুণ্ডা)। কলা শালুক প্রভৃতি শাকের অস্থিবৎ কন্দ। rhizome)।

এড়···ধাতু. (সং ইল, ইড়—ক্ষেপণ, গতি। ও° ইড় ধাতু—ঢালা)। এড়ি···নিক্ষেপ করি; প্রঃ—এড়িল বাণ (কৃত্তিঃ); এড়ে শর সঘনে সমান বৃষ্টি ধারা (মাঃ)॥ এড়া॥

এড়া···ধাতু. (সং ইড়িত হইতে)। এড়াই···পাশে রাখি, অতিক্রম করি; প্রঃ—নদীবন এড়াইয়া নানাদেশ বেড়াইয়া উপনীত হৈল বর্দ্ধমান (ভাঃ); এড়াইয়া দ্রুতে বন নদ নদী নানাদেশ (মেঘনাদবধঃ); জালে মাছ এড়াইয়া যাবে; এত ক্ষমতা আমাকে এড়াইয়া যাইবে? (ও°-তে এড় ধাতু; যথা, মো কথাকু এড়ি পারিব নাহিঁ—আমার কথা অতিক্রম করিতে পারিবে না)। এড়ানা॥ এড়ানিয়া, এড়ান্তে···ণ. যাহা এড়াইয়া যাইতে পারে কিংবা গিয়াছে; প্রঃ—পুকুরের সব মাছ ধরিলেও দুই একটা এড়ান্তে মাছ থাকিতে পারে। (কোথাও কোথাও এড়াটিয়া)

এঁড়···ষ্য. (সং অণ্ড। হি° আঁড়; রাঢ়ের বিকারে এঁড়; তু° আঁড়া-কাটা)। অণ্ড-কোষ। এঁড় দেখানা···বঞ্চনা করা। এঁড়-বিচি··ষ্য. অণ্ডকোষ (বীজাকার বলিয়া)। এঁড়িয়া, এঁড়্যে···ণ. (অণ্ড+ইয়া—অণ্ডিয়া বা আঁড়িয়া—এঁড়িয়া—এঁড়্যে। ও° অণ্ডিরা—সং অণ্ডীর)। অণ্ডযুক্ত সুতরাং

পুং গোরু (গাই নহে)। এঁড়ে এবং বকনা বাছুর—পুং ও স্ত্রী-বাচক। এঁড়ে লাগা ··সন্তান বড় হইয়া মায়ের কোল ছাড়া হইতে না হইতে দ্বিতীয় সন্তান হইলে প্রথম সন্তানের কৃশতা ও বিষন্নতা। (দ্বিতীয় পুত্রের অণ্ড গাত্রে লাগা হইতে)। সং নাম পরিগর্ভিক। প্রবাদে, এঁড়ে গোরু ত টেনে দো—এক ব্যক্তির দুগ্ধের প্রয়োজন হওয়াতে গোশালায় দুগ্ধ দুইয়া আনিতে গোপকে প্রেরণ করে। গোপ গিয়া দেখে, সব এঁড়ে গোরু। এই সংবাদে দুগ্ধপানেচ্ছু আদেশ করিল তবে টানিয়া দোহ। তাৎপর্য, গরজের তুল্য বালাই নাই। এঁড়ো-নেকড়া ···ণ. এঁড়ে গোরুর তুল্য দুর্দ্দান্ত (নেকরা —খেলা)। প্রঃ—এঁড়ে-নেকড়া লোক যা ধরে তার আন (অন্য) হয় না।

এঁড়ী, এণ্ডী···ষ্য. (সং এরণ্ড হইতে এঁড়; এরণ্ডে জাত এঁড়ী; অন্য নাম আরাণ্ডী। এরণ্ড-(রেড়ীর গাছ) পত্রভোজী কোষ-কীটের (Attacus ricini) গুটীর সূতা। গুটী হইতে তসর টানিলে বাহির হয় না, তসর সূতা পাকাইতে হয়। কারণ তসর অত্যন্ত কোমল এবং গুটীতে জড়াইয়া জড়াইয়া থাকে। এক্ষণে আসাম প্রদেশ এঁড়ীর জন্য প্রসিদ্ধ আছে। (আসামী এরী, উচ্চারণে চন্দ্রবিন্দু থাকে না। এইহেতু নাম এড়ী হইতে বসিয়াছে।)

এড়ো ··ণ. (আড়+উয়া=আড়ুয়া। তুং আথুয়া=এথো)॥ আড় দিকে থাকে যাহা।

এত···ণ. (সং ইয়ৎ। ওং এত্তে; হিং এত্না; মং এবঢা)। এতৎপরিমিত।

এ-তক···ব্য. (তক দেখ)। এ পর্যন্ত।

এতাবৎ···ণ (সং)। এতৎপরিমিত। এতাবতা ···এই পর্য্যন্ত হইতে (পণ্ডিতী ভাষায়)।

এতেক···ণ. (শূঃ পুঃ এতক—ক স্বার্থে; পূর্বে এ থাকাতে এতে-ক হইয়া থাকিবে। কিংবা এতে শব্দের উত্তর ক স্বার্থে। বস্তুতঃ এত +এক নহে)। এতৎপরিমিত, এতাবৎ। (প্রাচীন বাং, প্রঃ—সেই বিধি মোরে এতেক কৈল (করিল)—চণ্ডীঃ। অধুনা, পদ্যে; প্রঃ—এতেক কহিয়া সতী কৃতাঞ্জলি-পুটে (মেঘনাদবধঃ)।

এত্তেলা···ষ্য. (আং ইত্তিলা)। সংবাদ।

এথা, এথায়···ব্য. (সং অত্র; সংপ্রাং এত্থ। অধুনা, হেথা। হেথা-সেথা; প্রাচীন বাং এথি-সেথি। ওং এঠি-সেঠি। মং য়েথেঁ ইকডে—তেথেঁ তিকডে)। এই স্থানে।

এদে···ষ্য. (সং আয়তন ? মং আয়দণ; হুগলী জেলার পূর্বাংশে, দোআন—মাপপাত্র-বিশেষ)। বেতের ধামা।

এঁধো, আঁধুয়া···ণ. (সং অন্ধ+বাং উয়া)। অন্ধকার, গাছপালা জন্মিয়া অন্ধকার; প্রঃ —এঃ পুকুর।

এনা···ণ. (এমন, হেন দেখ। তুং আসা° এনে)। এমন, প্রঃ—এন বেশ কোন দেশে ছিল (চণ্ডীঃ)। (অপ্রচঃ)

এনট্রান্স···ষ্য. (ইং entrance)। প্রবেশ; বিশ্ববিদ্যালয়ের প্রবেশ-পরীক্ষা।

এফে···ষ্য. (ইং F. A.)। বিশ্ববিদ্যালয়ের পরীক্ষাবিশেষ।

এবং···ব্য. (সং)। এইরূপ; অপর।

এবঞ্চ···ব্য. (সং)। অপর এই।

এবরা···ণ. (আং অব্‌রাহ্)। নামঞ্জুর, ছাড়া

(আদাঃ)। প্রঃ—সাক্ষী এবরা করা—বাদ দেওয়া।

এবালিস···ষ্য. (ইং abolish—বিলোপ উচ্ছেদ করা)। লোপ, উচ্ছেদ। কাছারি এবালিস হয়—ভাঙ্গো।

এবে···ব্য. (সং অদ্যাপি। ওং এবে, হিং অভী, মং এব্হাঁ। তুং কবে, কভু)। অদ্যাপি, এখন, প্রঃ—এবে দিন দুই তিন দেখিয়ে আনছান্দে (জ্ঞানদাসঃ)। (পদ্যে) প্রঃ—হায় রে বিষণ্ণ এবে জানকী বিহনে, (মেঘনাদবধঃ)।

এমত···ণ. (ওং এমন্ত, শূং পুঃ এমন্ত। সং বৎ—তুল্য হইতে মৎ মন্ত। ব্যাকরণ দেখ)। এই মতন, এই প্রকার।

এমন···ণ. (প্রাচীন এমন্ত শব্দের ত লোপে এমন; ম অনুনাসিক বর্ণ আছে বলিয়া ন লুপ্ত হইয়া এমত)। এই মতন; এই প্রকার। এমনই···এই প্রকার বটে (ই নিশ্চয়ে)। এম্‌নি···বিনা হেতুতে।

এমারৎ···ইমারৎ দেখ।

এমে···ষ্য. (ইং M. A.)। বিশ্ববিদ্যালয়ের উচ্চ পরীক্ষাবিশেষ।

এ-যাবৎ···ব্য. (বাং এ+সং যাবৎ)। এ পর্য্যন্ত।

এয়ো···ণ. (সং আয়তি—স্বামী-স্নেহ—+ ইয়া=আয়তিয়া—আয়ইয়া আইয়া—এয়ো (যেন আয়ুযুক্ত বা আয়ুষ্মতী) কবিকঃ, আয়ো, আইয়ো, আইও; ঢাকায় আইয়। ওং অহিয়, অহিহ্ন—সং আয়তি। আইয়—শব্দের আ স্থানে ওড়িয়া রীতিতে অ; য় উচ্চারণে এবং বিকারে ই, ই—হি। অহিহ্ন বানান করিলেও অহিতির্য় মূলশব্দ বোধ হয়। অর্থাৎ আয়তি+ইয়=আয়তীয়। বস্তুতঃ আয়তি+ইয়া=আয়তিয়া; আয়তি দেখ)। সধবা; প্রঃ—যত আয়ো মেলি দেয় হুলাহুলি, মঙ্গল সূত্র বান্ধে করে; আনিল আইওর সুতা নাটাই সহিত। সাত ফের ফিরাইয়া করিল বেষ্টিত। (কবিকঃ)। (বিধবা বিবাহাদি-মঙ্গলকার্যে বঞ্চিত)। এয়ো সূতা ··সধবা নারীর কাটা সূতা।

এলা···ধাতু. (সং আ-লুলায়িত হইতে। আলুল ধাতু বিমর্দ্দন, বিলোড়নে। আ-লুলায়িতাই—আউলাই—আলাই। শূং পুঃ, আলা-লিলা। চৈঃ অমৃতে, দেহমন আলুইলা। কবিকঙ্কণে, আল্য করি ধায় কেহ নাহি বান্ধে কেশ। মাণিকেও, কবরী করিয়া দূর আলায়ে (আলাইয়া) কুন্তল। রাঢ়ের উচ্চারণ-পরিবর্তন-রীতিতে আ স্থানে এ। হিং উলল্‌না, বাং এলানা। ঢাকায় আউলা ধাতু এখনও আছে)। এলাই—বন্ধন মুক্ত করি, বিশ্লিষ্ট করি। প্রঃ—এলাইয়া বেনী ফুলের গাঁথনি দেখয়ে খসয়ে চুলি (চণ্ডীঃ)। (খসয়ে—খসায়ে; চুলি—চুল। চণ্ডীদাসের নিজের ভাষা প্রকাশকের হাতে পরিবর্তিত হইয়া থাকিবে। কারণ এলা ধাতু সেকালে থাকিবার সম্ভাবনা ছিল না)। 'ভাগবত পড়িতে প্রেমে আলায় তাঁর মন' (চৈঃ চঃ)॥ এ-লানা॥, এলা-মেলা ··ণ. (আলুলায়িত এবং মেলা – ছড়ানা; সহচর শব্দ)। অনিয়মিত, বিশৃঙ্খল। প্রঃ—এঃ কাজ, কাগজ, সূতা (ওং অড়ুআ—বিশৃঙ্খল)। এলা-পাতাড়ি ···ব্য. (আথালি-পাথালি ?)। যেখানে-সেখানে। প্রঃ—এঃ মারা—অজ্ঞা বিবেচনা না করিয়া।

এলাকা, এলাখা···ষ্য. (আ॰ অলাকহ্, ইলাকা)। সম্পত্তি, অধিকার, কর্ম। প্রঃ —হুগলী এলাকায় বাড়ী ; ডাকঘর এলাকায় কাজ করে।

এলাচি, এলাইচ, এলাচ···ষ্য. (সং এলা—অঃ ; পরবর্তী নাম এলীকা। বোধ হয়, এলা হইতে এলিকা এলাকী হইয়া এলাচি। ওং অল্লাইচ, হিং ইলায়চী। এলয়তি—প্রেরয়তি নাশয়তি মুখ-দৌর্গন্ধং—অঃটীঃ—মুখের দুর্গন্ধ নাশ করে বলিয়া এলা ? বোধ হয় আরও সঙ্গত ব্যুৎপত্তি—এলয়তি প্রেরয়তি দীর্ঘমূলং। কারণ এলাচির গাছের বহু বিস্তৃত মূলবৎ কন্দ হইয়া বহুস্থানে নূতন গাছ জন্মে। অনেক স্থলে বীজবপনের প্রয়োজন হয় না। সং এলার দুই জাত আছে। একজাত, স্থূল হ্রস্ব, বহুবীজ, কৃষ্ণবীজ, বহুবীজ বলিয়া সহজে ফাটিয়া যায় (অমরের, পৃথ্বীকা, বহুলা, নিষ্কুটি (নিষ্ক্রান্তা কুটেঃ কোষাৎ নিষ্কুটিঃ) Elettaria cardamomum, var. minor)। অন্য জাত সরু লম্বা বাঁকা (অমরের, সূক্ষ্মা, উপকুঞ্চিকা (কুটিল), কোরঙ্গী (বক্র) (Elettaria cardamomum, var. major)। সাধারণ লোকে, এমন কি, অনেক কবিরাজ, শব্দকল্পদ্রুমও সূক্ষ্ম এলা অর্থে কেবল গুজরাতী এলাচি, এবং স্থূল এলা অর্থে বাঙ্গালা দেশের 'বড় এলাচি' বুঝিয়া থাকেন। কিন্তু অমরের পৃথ্বীকা এলা বড় এলাচি বোধ হয় না। জন্মস্থান বিবেচনা করিলেও সাধারণের ভ্রম বোঝা যায়। ভারতের দক্ষিণ ও পশ্চিম প্রদেশে, যথা—কর্ণাট, মহীশূর, ত্রিবাঙ্কুড় প্রদেশে এলার জন্মস্থান। সূক্ষ্ম এলারজ স্থান মালাবার, এবং স্থূল এলার মহীশূর বলা যাইতে পারে। বস্তুতঃ মান্দ্রাজ ও বোম্বাই প্রদেশ এলার দেশ বলা যাইতে পারে। শব্দকল্পদ্রুমে দ্রাবিড়ী পর্যায় আছে। স্থূলার পর্যায়ের মধ্যে মালেয়া—মালাবার জাত আছে)। মান্দ্রাজ ও বোম্বাই প্রদেশের হরিদ্রাদিবর্গের বহুপত্রময় চারি পাঁচ হাত উচ্চ শাকবিশেষের (Elettaria cardamomum) ফল। গুজরাটী এলাচি। বড় এলাইচ, নেপালী এলাচ···(সং এলা-ফলের গুণ-সাদৃশ্যে এই নাম)। হরিদ্রাদিবর্গের পত্রময় স্থায়ী শাক (Amomum subulatum)। পাতা লম্বা, আমের পাতার মতন। ফুলের মঞ্জরী ঘন শীষের মতন, কন্দ হইতে জন্মে। বঙ্গদেশে এই এলাইচ প্রচুর, গাছও জন্মাইতে পারা যায়, কিন্তু নিম্নবঙ্গে ফলিতে দেখি না। বলা বাহুল্য,এই এলাই (greater or Nepal cardamom অমরকোশের এলা নহে। এলাচ-দানা··ষ্য এলাইচের শর্করাবৃত বীজ।

এলাহী···ণ. (আ॰ ইলাহী—আল্লা ; সর্ব্বশক্তিমান)। মহান্। এলাহী খরচ···ঈশ্বরের নামে প্রচুর দান। রাজযোগ্য ব্যয়।

এলে···ষ্য. (ই॰ L. A.)। বিশ্ববিদ্যালয়ের প্রাচীন পরীক্ষাবিশেষ। এলে-বিয়ে··ষ্য. এলে ও বিয়ে পরীক্ষায় উত্তীর্ণ।

এলেবাস···ষ্য. (আ॰ লিবাস)। বস্ত্র, পরিচ্ছদ।

এলেমান··ণ. (আ॰ আলেমান)। শিক্ষিত প্রঃ—দিনেমার এলেমান করে ওলন্দাজী (ভাঃ)।

এলো···আইল ক্রিয়ার সংক্ষেপে। (২) এলা দেখ। এলোকেশী ··আলুলায়িত কেশ যার। প্রঃ—এলোকেশে কে শবে এলো রে বামা (রামপ্রসাদ)। এলো-পিঠা ··পিঠা দেখ।

এলোপেথী ··ণ. (ই° allopathy)। বিদেশী চিকিৎসা-সম্মত; বিরুদ্ধগুণ ঔষধ দ্বারা বিদেশী চিকিৎসা।

এষু···বিভক্তি. (স° অধিকরণ কারকের বহু-বচনের বিভক্তি)। মান্য পুরুষের সমীপে অর্থে; প্রঃ—শ্রীচরণেষু, বন্ধুবরেষু, বরাবরেষু (ফা° বরাবর+স° এষু)।

এসেন্‌স্ ··ষ্য. (ই° essence)। কোহলে মিশ্রিত পুষ্পাদির সুগন্ধ সার।

এস্‌পার ··(হি° ইস্ স° পার)) এই পার। এস্‌পার কি ওস্‌পার (উস্‌পার)—এপার কি ওপার, হয় ফল-লাভ- না হয় ফল-নাশ।

এস্তেহার ··ষ্য. (ইস্তেহার দেখ)। বিজ্ঞাপন।

এস্‌রাজ ··ষ্য. (স° স্বর° হইতে? সিরাজ হইতে?)। বহুতন্ত্রী বাদ্যযন্ত্র বিশেষ। এই যন্ত্রে সেতার ও বেহালার মিলন হইয়াছে।

ঐ।

ঐ ··ষ্য. (স°। বা°তে উচ্চারণ অই তুল্য। এই কারণে অই স্থানে ঐ লিখিত হইয়া থাকে)। স্বরবর্ণ, স্বর-অক্ষর বিশেষ। ণ. অই, উহা, প্রঃ—ঐ দেখ—উহা। ব্য. (স°)। আহ্বান, স্মরণে। প্রঃ—ঐ যা—উহা যা, ইহা আয়—স্মরণে। ওখানে।

ঐক্ষণ ··(হি°। স° ক্ষণ—ছন; ক্ষণ—সময়, উৎসব)। ঐ ক্ষণ, ঐ সময়; এমন; ঐ উৎসব। (অপ্রচঃ)

ঐছে···ব্য. (হি° ঐসা)। এই প্রকার। (অপ্রচঃ)

ঐরি (গ্রা°) ··ষ্য. (স° অরি; বৈরীশব্দের সাদৃশ্যে ঐরি)। শত্রু।

ঐশ্বর্য ··ষ্য. (স°)। প্রভুত্ব। বা°তে বিষয়-সম্পত্তি-জনিত প্রভুত্ব, বিষয়-সম্পত্তি। ঐশ্বর্য-সম্পত্তি ··ষ্য. (স°; সহচর শব্দ)। সম্পত্তি।

ও।

ও ··ষ্য (স°)। স্বরবর্ণ, স্বর-অক্ষর বিশেষ। ···সর্বনাম· উহা সংক্ষেপে (উহা দেখ)। অই (অই, বা° উচ্চারণে প্রায়ই ওই হয়, তখন ই লুপ্ত হইয়া ও থাকে); প্রঃ—ওখানে—অই খানে; নদীর ওপারে—অই পারে। ···ব্য. (স° অপি—অই—ওই—ও। ঢাকায়,ওবি। স° অপি শব্দের অ লুপ্ত হইয়া পি থাকিতে পারে। তাহা হইতে হি° ভী, ম° হী। অপি হইতে অ—হ হইতে পারে। এই হেতু, কে-অপি—কে-হ—কেঅ—কেও। চৈঃ-অমৃতে, বুঝিতেহ আমা সবার নাহি অধিকার—বুঝিতেও। ও°-তে ও, হ। অপি শব্দের অনেক অর্থ। বা°তেও ও শব্দের সে সব অর্থ প্রায় আছে। ব্যাকরণ দেখ)। সমুচ্চয়,—রাম ও শ্যাম দুই ভাই; রাম যাবে শ্যামও যাবে। সম্ভাবনা, বিতর্ক, শঙ্কা;—যদিও বৃষ্টি হয়; কেও যাবে, কোনও লোক আসিবে; চোরও হইতে পারে; ইত্যাদি।···ব্য. (স°)। সম্বোধন, আহ্বান, স্মরণে—ও হরি এখানে এস; ও মা, ও বাবা—বিস্ময়ে, ভয়ে। ও গো,—সম্বোধনে (গো দেখ)। ও লো,

—নারীদিগের পরস্পর আহ্বানে। ও হে,—পুরুষদিগের পরস্পরের আহ্বানে (হে দেখ)।

ওঁ···ব্য. (সং ওম্। ওম্ স্থানে ওঁ শুদ্ধ নহে)। দেব-স্তুতির আদ্যে উচ্চার্য ধ্বনি আরাধনার শেষে উচ্চার্য স্বস্তি-বচন ধ্বনি।

ওঃ ··ব্য কোপ, স্মরণ, বেদনায় (উঃ দেখ)।

ওকড়া···ষ্য. (সং ইৎকট, উচ্ছটা—বৈদ্যকঃ। ইচড় দেখ। ওং জট্-জটিআ)। চাষের পাটের বর্গের বন্য ক্ষুপ (Triumfetta rhomboidea)। পথের পার্শ্বে জন্মে। পাতায় কোণ আছে, পাতার ধার কাটা কাটা। ফুল ছোট, পীতবর্ণ। ফল প্রায় গোল, শূঙ্গাময়; এজন্য কাপড়ে জড়াইয়া যায় এবং সং নাম উচ্ছটা (উৎ-উদ্গত ছটা)। প্রঃ—ফুলে যদি গোদ কোয়া-জর করে বল। কত বা বাটিব আর ওকড়ার ফল॥ (কবিকঃ) (কোষ-বৃদ্ধি হেতু—কোষ-জর—কোআ-জর। ওকড়ার ফল কি গোদের ঔষধ?)

বন ওকড়া ··ষ্য. (সং ইৎকট। ওং জট্-জটিআ)। জবাদিবর্গের বন্য ক্ষুপ (Urena lobata)। পাতায় কোণ, ডাঁটায় লোম। ফুল ছোট, ঈষৎ লাল। ফল শূঙ্গাময়। ছালে পাটের মতন আঁশ বাহির করা যাইতে পারে।

ওকালৎ-নামা···ষ্য. (আং বকীল+নামা)। উকীল-নিয়োগ-পত্র। ওকালতি ··ষ্য. উকীলের কর্ম। ওকালতী···ণ. ওকালতি-সম্বন্ধীয়।

ওকর ··গ্রাং? আকর? প্রঃ—ওকর জমা।

ওক্ত···ষ্য. (ফাং বক্ত; তুং সং বুক্ক—সময়)। সময়। বে-ওক্ত···ণ. অসময়, অবেলা।

ওখান···(ও, খান দেখ)। অই খান, অই স্থান

ওখানকার···অই স্থানভব, অই স্থানের।

ওগরা ··ষ্য. (হিং। সং অ-ঘৃতান্ন?)। রোগীর নিমিত্ত চাল-ডালের ঘৃতহীন খিচড়ি।

ওগৈর ··(বাং ও, আর্বী গৈর—অন্য)। এবং অন্যে (আদাঃ); (প্রায়ই) ওগৈরহ।

ওগো···ব্য. (ও দেখ; সং অঙ্গ)। সম্বোধনে।

ওঁচলা ··ষ্য. (উঁছ ধাতু দেখ)। অবস্কর।

ওঁছা ··ণ. (উঁছ ধাতু দেখ; হিং ওছা)। উচ্ছিষ্ঠ, তুচ্ছ, অসার, প্রঃ—ওঁছা কাগজ, কাপড়, গাঁ, কাজ।

ওজন ··ষ্য. (আং বজ্‌ন)। সং উন্মান, গুরুত্ব, ভার। সুরের ওজন—উচ্চ নিম্নভেদ। কথার ওজন—গুরুত্ব। বাজার ওজন—যে ওজন হাট-বাজারে প্রচলিত আছে; স্থূল উন্মান।

৪ ধানে ··১ রতি। (সংতে ধান্য পরিবর্তে তণ্ডুল ছিল। রতি—সং রক্তিকা—রক্তবর্ণ কুঁচ (সং গুঞ্জ)। রতিকে লালও বলে)।

৮ রতিতে···১ মাষা (সং মাষক ·মাষ কলাই)।

১২ মাষায় ··১ তোলা (সং তোলক), বা ১ ভরী। (সং ধরণ=১০ পল ছিল। কিন্তু ধরণ শব্দ হইতে ভরী।) এক টাকার ওজন।

কিংবা

৪ ধানে ··১ রতি।

১।৹ রতিতে ··১ পাই (সং পাদ; টা দেখ)।

৪ পাইতে ··১ আনা (টাকা দেখ)।

৪ আনাতে···১ সিকি (দেখ)।

৪ সিকিতে···১ তোলা (সং তোলক তোল)।

৫ সিকির্তে…১ কাঁচ্চা। (সং কুঞ্চি—মান পাত্র-বিশেষ)।

৪ কাঁচ্চায়…১ ছটাক। (হিং ছটাক, ওং মং ছটাঙ্ক। অতএব ছয় টঙ্কার ওজনে ছটাঁক। ইহাতে ৯৬ তোলায় শের হয়। সে যাহা হউক, ছটাক=ষট্‌টঙ্ক)।

৪ ছটাকে…১ পোয়া, পো। (সং পাদ, ওং পা, হিং মং পাৱ)।

৪ পোয়ায়…১ শের। (সং শরাব, সরাব—মানপাত্র। ওং সের, হিং সের, মং শের)।

৫ শেরে…১ পশরী, পঁশেরী। (ওং পস্থুরি, মং পাঁশেরী। অতএব পঞ্চশের ভার যাঁর—পঞ্চশেরী, পঁশেরী)।

৮ পঁশেরীতে…১ মণ। (সং মন, মণ। ওং মহণ, মং মণ, হিং মন।)

ইংরেজী ওজন।

গ্রেণ, গেরেন…(ইং grain—মূল অর্থ ধান্য)।

৬০ গ্রেণে…১ড্রাম (ইং dram)। ৪ মাষা।

(৮ কিংবা) ১২ ড্রামে…১ আউন্‌স্ (ইং ounce)।

(১২ কিংবা) ১৬ আউন্সে…১ পউণ্ড, পন (ইং pound)। (প্রায় আধ শের)

১১২ পউণ্ডে…১ হন্দর (ইং hundred-weight)। (প্রায় ৫৫ শের)

২০ হন্দরে…১ টন (ইং ton)। (প্রায় ২৭।০ মণ)

[ডাক্তারী ওজনে ৮ ড্রামে আউন্স, ১২ আউন্সে পউণ্ড।]

র…ষ্য. (আং উজর)। আপত্তি, ছল। র-আপত্তি…(সহচর শব্দ)। আপত্তি। ওজরী …(ফাং ওজর+বাংঈ)। ওজর-সম্বন্ধীয়। যাহাতে আপত্তি উঠিয়াছে। বে-ওজর…বিনা আপত্তিতে। ওজরদার…আপত্তি-কারী।

ওজুহাৎ…ষ্য. (আং ৱজু+বহুবচনে আৎ)। কারণ-সমূহ, আপত্তি (আদাঃ)।

ওঝা…ষ্য. (সং উপাধ্যায়। উপা—ও, ধ্যায়—ঝা। শব্দশিক্ষার সূত্রানুসারে সং বৌদ্ধ শব্দ হইতেও ওঝা আসিতে পারে; বোধ হয় এই কারণে ওঝা—রোঝা শব্দের দ্বিতীয় অর্থ আসিয়াছে)। উপাধ্যায়, প্রঃ—কৃত্তিবাস পণ্ডিত মুরারী ওঝার নাতি ছিলেন ('পণ্ডিত' উপাধি হইতে মনে হয় কৃত্তিবাসের পূর্বপুরুষ বৌদ্ধ ছিলেন)। দৈব-চিকিৎসক, মন্ত্র-তন্ত্রের সাহায্যে চিকিৎসক (হিং ওঝা—অভিচারী, কুহক); ভূতচিকিৎসক (গ্রাং ওজা, রোজা)। সোমাই ওঝা…সোম-নাথ ওঝা—ধর্মমঙ্গলে প্রসিদ্ধ 'পণ্ডিত'। (কবিকঃ-তে কালকেতু নামক ব্যাধের পুরোহিত)।

ওডিকলোন…ষ্য. (ফরাসী—কলোন নামক স্থানের জল)। সুগন্ধীকৃত কোহল (সুরা-সার) বিশেষ।

ওড়…ষ্য. (সং)। জবা (কবিকঃ)।

ওড়ন-পাড়ন…(সং উত্তোলন ও পাতন)। উত্তোলন ও পাতন, ওঠানা ও পাড়া—উপায়; প্রঃ—ওড়ন-পাড়ন আমাকেই করিতে হয়, আর ত কেহ নাই—যত কিছু উপায়; ওড়ন-পাড়ন করিয়া সংসার চালায়, তুং টানা-পড়্যান, ঢিক-ফাজিল। শূং পুরাণে, 'তামার উড়ন তামাঁর পাড়ন তামা করিলাম সায়' (? সার ?)—তামার আবরণ, তামার

আসন। চৈঃ-অমৃতে, 'তুই কৈল ওড়ন-পাড়ন'— শয্যার আবরণ ও পাতন (দেখ)।

ওড়না ·· (উড়নী **দেখ** ; হিং ওঢ়না)। বড় উড়নী, ভদ্রনারী ও বাঈদিগের ঊর্ধ্ব গাত্রাবরণ।

ওড়নি ষষ্ঠী···ষ্য. (সং আবরণ ষষ্ঠী ; ওং ওড়ণ ষষ্ঠী)। প্রঃ—শীতকালে বিগ্রহের দেহে আবরণ প্রদান। চৈঃ অমৃতে, 'ওড়নি ষষ্ঠীর দিনে যাত্রা সে দেখিল।' অগ্রাণে ওড়ন যাত্রা পুষ্যা অভেষেক (চৈতন্য-মঙ্গল)।' (অপ্রচঃ)।

ওড়ব···রাগরাগিণী **দেখ**।

ওড়ম্বা, উড়ন-চণ্ডী··যে অম্বা (সং—মাতা, দুর্গা) বা চণ্ডী ধনকড়ী উড়াইয়া ভিখারী করেন। বৃথা কাজে ব্যয়শীল (হিং উড়াউ)

ওড়িয়া···(উড়িয়া **দেখ**)। ওড্রদেশীয় লোক, সে লোকের ভাষা। ওড্রদেশ সম্বন্ধীয়।

ওড়িশা··(উড়িষ্যা **দেখ**। চৈতন্যমঙ্গলে ওড়িষ্যা)। ওড্রদেশ। অন্য নাম উৎকল। (সং উৎকলীয় হইতেও উড়িয়া শব্দ আসিতে পারে)।

ওত ··ষ্য. (সং ওকঃ আশ্রয়। কিন্তু ক স্থানে ত আসা কঠিন। সং ওতু—বিড়াল হইতে মনে হয়। তুং ওং ওতা মারিবা - বিড়ালের তুল্য চুপ করিয়া শীকারের অপেক্ষায় থাকা। হিং ওট, মং অডোসা—ওতু সদৃশ)। গুপ্ত আশ্রয় ; প্রঃ– কত দূরে দেখে ব্যাধ বৃক্ষ ওত হঞা (চৈঃ চঃ) ; বেনা ঝোড়ে ওত করে বস্য নিয়ে বসে (মাঃ)—একটা বাঘ বেনা-ঝোড় গুপ্ত আশ্রয় করিয়া পথ আগলাইয়া বসে। ডাকাইতির পূর্বে দুই এক চর গৃহস্থের গতিবিধি লক্ষ্য করিতে নির্জন স্থানে, প্রায়ই গাছের ঝোপে, ওত করে।

ওথা···ব্য. (সং তত্র)। ও—অই—স্থানে, (প্রায়ই) হোথা। (এথা **দেখ**)

ওমরা···ষ্য. (আং উম্‌রা)। শ্রেষ্ঠজন ; মুসলমান বাদশাহের সভার পাত্রমিত্র। (আমীর শব্দের বহুবচনেও উমরা হয়।)

ওয়াকফ···ষ্য (আং ৱাকফ)। পুণ্যার্থে দান।

ওয়াকিফ··ণ. (আং ৱাকিফ)। জ্ঞাত। ওয়াকিফ হাল—অবস্থা অভিজ্ঞ।

ওয়াকুফ···ষ্য. (আর ৱকুফ)। বুদ্ধি বিবেচনা। বে-ওয়াকুফ ··বুদ্ধি-বিবেচনা-হীন। (বেকুব দেখ)

ওয়াজ···ষ্য. (আং ৱাজ)। বক্তৃতা।

ওয়াজিব ··ণ. (আং ৱাজিব)। ন্যায়সঙ্গত। উচিত।

ওয়াড়, ওড় ··ষ্য. (সং আৱর। হিং উহাড়)। লেপ বালিশের আবরণ।···(বাড়—বন্ধ, হিন্দুস্থানীর মুখে ৱাড় হইয়া বাংতে ওয়াড়)। নদীর জল-বাঁধা খাদ (বালি-উত্তরপাড়ায়)

ওয়াড় ··ধাতু. উয়াড় ধাতু দেখ।

ওয়াদা···ষ্য. (আং ৱাদা)। অঙ্গীকার, স্থির কথা। (চলিত প্রায় নাই)

ওয়ানী···ষ্য. (সং ৱর্ণা হইতে ? ৱর্ণা মক্ষিকা নীলা—অঃ)। খুব ছোট ছোট মাছি-বিশেষ। ঝাঁকে ঝাঁকে উড়িয়া বেড়ায়। কখন কখন মাথার উপরে ঝাঁক হইয়া মানুষের সঙ্গে সঙ্গে চলে।

ওয়াপস···ষ্য. (ফাং ৱাপস)। ফেরত।

ওয়ারা ··ণ. (উবর ধাতু **দেখ**। হিং উর প্রাচুর্য)। অতিরিক্ত, সুলভ।

ওয়ারিন, ওয়ারণ্ট ··ষ্য. (ইং warrant)

গ্রেপ্তারের পরোয়ানা (আদাঃ)।' ওঃ জারি ··পরোয়ানা প্রদর্শন।

ওয়ারিশ ··ষ্য. (আ° ৰারিস)। উত্তরাধিকারী, স্বামী। ওয়ারিশান···উত্তরাধিকারীগণ। বে-ওয়ারিশ, লা-ওয়ারিশ···উত্তরাধিকারী-শূন্য। অধিকারী-শূন্য।

ওয়ালা···প্রত্যয়. (হিং ৰালা, ও° বালা, বা° আলা)। আলা দেখ।

ওয়াশিল ··ণ. (আ° ৰাসিল)। যুক্ত ; দত্ত। ওয়াশিল বাকী ··(যা° প্রতিচর শব্দ)। দত্ত এবং অবশিষ্ট। ওয়াশিলাৎ···ষ্য. সম্পত্তির আয়।

ওয়াস্তা ··ষ্য. (আ° ৰাস্তা)। সম্বন্ধ, প্রয়োজন, প্রঃ—খাবার ওয়াস্তা নাই। ওয়াস্তে··· নিমিত্তে (বা°তে প্রচলিত নাই)।

ওর···ষ্য. (সং পার —আর—ওর। হিং ওর—সীমা, পার্শ্ব (বা° আড়) ; ও° ওর—বা° বেড়া (বেষ্টন), সীমা অর্থ হইতে)। পার, সীমা। প্রঃ —কি কহিব রে আজক আনন্দ ওর। চিরদিনে মাধব মন্দিরে মোর (চৈঃ চঃ)। বসনক ওর ঝাঁপল তব গোরী। (জ্ঞানদাস)। পরে লিখি প্রভুর পুণ্যের নাই ওর (মাঃ)। লীলার নাহি ওর-পার (চৈঃ চঃ),—ওর-পার ··(সহচর শব্দ)। পার।

ওর্ফে ··ব্য. (আ° উর্ফ)। অন্য নামে (আদাঃ)।

ওর্স ··ধাতু. (সং ঔরস হইতে; তু° ওয়ারিস)। বিষয় ওর্সিবে—ঔরস সূত্রে আগত হইবে॥ ওর্সা॥ (ঔরস হইতে অরুস—অর্স ; যথা, আগুন হইল ঘোড়া অরুসে আরব (মাঃ), ঔরসে আরব, সে ঘোড়া আগুনের ন্যায় ভয়ানক উত্তেজিত হইল। বোধ হয়, ওর্স না হইয়া ওর্সা ধাতু হইবে)।

ওল ··ষ্য. (সং ওল, ওল্ল, ওম্ব ; হিং ওল, ও° ওলুঅ)। কচু-আদি বর্গের প্রসিদ্ধ কন্দ-গাছ (Amorphophallus campanulatus)। প্রতি গাছে একটি পাতা, পাতার বোঁটায় অর্বুদ। যে গাছে ফুল হয়, সে গাছে পাতা থাকে না। প্রবাদে, যেমন বুনো ওল, তেমনই বাঘা তেঁতুল···বন্য ওল খাইলে গলা কুট্‌কুট করে। তখন টক তেঁতুল খাইলে কুট্‌-কুটনির কিছু শান্তি হয়। (বাঘে না কি টক জিনিষ খায় না ; বাঘা তেঁতুল—যে তেঁতুলকে বাঘও ভয় করে)। দুষ্ট লোকের সহিত দুষ্টামি না করিলে সে লোককে পারা যায় না।

ওলদে···ষ্য. (আ° ৰলদ, ৰলা। তু° সং ৰাল)। পুত্র (আদাঃ)।

ওলন···ওলম দেখ।

ওলন্দা ··ণ. (পর্তু° Hollanda)। হলণ্ড-দেশীয়, বৃহৎ, প্রঃ—ওলন্দা মটর।

ওলন্দাজ ··ষ্য. (ই° Holland-Dutch)। হলাণ্ড-দেশবাসী - ডাচ—হলাণ্ডাচ—অলা-ন্দাজ—ওলান্দাজ—ওলন্দাজ।

ওলপ···ষ্য (সং প্রলেপ—ওলেপ—ওলপ ? সং উলপ (উলুঘাস) হইতে ?)। হাঁড়ী-কলসীর মুখের আচ্ছাদন। গুড়ের পায়া (দশ-শেরী কলসী)-তে প্রথমে খড়, উপরে কাদা লেপা থাকে—খড় ও কাদা লইয়া ওলপ। মিষ্টান্নের হাঁড়ীর মুখে শরা দিয়া সন্ধি-স্থলে বিরী কলাই বাটার প্রলেপ। (বোধ হয় সং প্রলেপ হইতে)।

ওলম ··ষ্য. (সং অ-ৰলম্ব। ও° ওলম্ব ; ম° ওলম্বা ; হিং সাঁহুল (ফা° ?))। ভার-লম্বিত সূত্র (রাজের)।

ওলা···ষ্য. (হি° ওলা। স° ওল+বা° আ (সাদৃশ্যার্থে), অর্থাৎ ওলের আকারের (গোল) শর্করা ; কিংবা স° ওলম্—আর্দ্র, জলে ভিজাইয়া খাইতে হয় বলিয়া)। গোলাকার শর্করা-পিণ্ড।

ওলা-ওঠা ··(উল, উঠ ধাতু দেখ)। ভেদ-বমি রোগ (cholera)। অন্য নাম, নামানি-ওঠানি। (এই রোগ এত ভয়ানক যে লোকে রোগের নাম মুখে আনিতে সাহস করে না, বলে ও-দিক্‌কার ব্যামো—অর্থাৎ এদেশের রোগ নহে। হয় ত বঙ্গদেশে অন্ততঃ পশ্চিম বঙ্গে এই রোগ প্রথমে আসে নাই। হি° হৈজা, ও° হঅজা-বেমারি (তু° হদ্ ধাতু মলত্যাগে ; দ জ স্থানে পরি-বর্তন করিতে পারে) ; ম° জরী-মরী—মহা-মারী জ্বর। এই সকল নাম হইতেও প্রকাশ যে এই রোগের আদি বাস এদেশ নহে। থাকিলে ভাষায় পারিভাষিক নাম থাকিত।) ওলা-বিবী···ওলা-ওঠা রোগের শান্তিকারিণী দেবী (মুসলমানী ভাষায়)।

ওলাহন ··ষ্য. (স° আলম্বন। ও° উলগুণা ; হি° উলহনা, উলাহনা)। অপবাদ, দোষা-রোপ ; প্রঃ—তুমি যে আমার ঠাঞি কর আগমন। তাহাতেই প্রভু মোরে দেন ওলাহন॥ (চৈঃ চঃ)। (নারীভাষায় খোঁটা। তু° স° আলম্বনী বা° আল্‌না ও° অলগুনি। খোঁটা দেওয়া—যেন খোঁটার—খুঁটীর বেড়া দেওয়া।) (অপ্রচঃ)

ওলো···ব্য. সম্বোধনে (নারীসম্বোধনে, ব্যাকরণ দেখ)।

ওষুধ (গ্রা° ওষুদ) ··ষ্য. (স° ঔষধ। হলন্ত ধ অপেক্ষা হলন্ত দ উচ্চারণে সহজ। এই হেতু ওষুধ বানান লেখা হইলেও ওষুদ শোনা যায়। শুদ্ধ, শুধু, শুদ ইত্যাদি শব্দের সাদৃশ্যে ষ স্থানে ষু আসিয়া থাকিবে। পূর্বে ও থাকাতে উ আসা সহজ হইয়াছে)। ঔষধ। ওষুধ করা···ঔষধ প্রস্তুত করা ; ঔষধ খাওয়া-ইয়া বশীভূত করা। (অন্ততঃ অথর্ববেদের সময় হইতে এদেশে বশীকরণ-বিদ্যা চলিত আছে।) ওষুধ ধরা···ঔষধের ক্রিয়াপ্রকাশ। ওষুধে গুণ করা···গুণ—উপকার। ওষুধে গুণ ধরা···উপকার প্রকাশ। ওষুধ-গেলা করা···বিস্বাদ ঔষধ পানের তুল্য বিরক্তভাবে কাজ করা। ওষুধ-পত্র ··(পত্র দেখ)। ঔষধ সেবা, ইত্যাদি। ওষুধ লাগানা···ঔষ-ধের প্রলেপ দেওয়া। ওষুধের পান···মাত্রা (স° অনুপান—যে দ্রব-দ্রব্য ঔষধের সহিত কিংবা পরে পান করা হয়)।

ওসার···অসার দেখ। বিস্তার।

ওস্তাগর··ষ্য. (ফা° উস্তাদ-গর ; উস্তাদ—ক্ষুর ধার করিবার শিলা, সে শিলা গড়ে যে)। দক্ষ দরজি।

ওস্তাদ ··ষ্য. (ফা° উস্তাদ)। শিক্ষক, দক্ষ। ওস্তাদি···ষ্য. ওস্তাদের কাজ ; কৌশল। ওস্তাদী···ণ. ওস্তাদের যোগ্য।

ওহাবী···ষ্য. (আ° ৱহাবী)। মুসলমানধর্মের আরবদেশীয় আবদুল-ওহাবী (আবদুল-ওহাবজদী) নামক সংস্কারকের শিষ্য।

ওহে··ব্য. (ব্যাকরণ দেখ)। অহে (সম্বোধনে)।

ক।

ক···ষ্য. (স°)। ক্-বর্ণ, ক-অক্ষর। ক-অক্ষর গোমাংস···গোমাংস হিন্দুর যেমন অস্পৃশ্য,

ক-অক্ষর তেমন অস্পৃশ্য বা দূর হইতে পরিত্যক্ত; লেখাপড়া একেবারে না জানা। ক-খ…কখ-আদি ব্যঞ্জন অক্ষর; বিদ্যার আরম্ভ।

ক…ণ. (কত দেখ)। কত, প্রঃ—ক-জন, ক-খন।

ক…ধাতু. (কহ দেখ)। ক-ই—কহি; প্রঃ—সবে মন্দ কয়—কহে॥ কআ—কহা॥ কথা কআ-কয়ি…পরস্পর বাক্যালাপ। বলা-কআ…বলা-কহা (সহচর শব্দ)।

ক…বিভক্তি. (ব্যাকরণ দেখ)। সম্বন্ধ পদের প্রাচীন বিভক্তি, প্রঃ—হাথক দরপন—হাতের দর্পণ।

কআ…ধাতু. (ক ধাতু আন্তে)। কআ-ই—কহাই॥ কআনা।

কই…ষ্য. (সং কবিকা)। কণ্টক-পত্রী শকলী মৎস্য-বিশেষ (Anabus scandens)। অন্য সং নাম ক্রকচ-পৃষ্ঠী—কারণ পিঠের পাখনায় করাতের মতন দাঁত আছে। ফুলকা চারিটা। ফুলকার উপর দিকে ছোট ছোট কোটর থাকে তাহাতে পাথর (carbonate of lime) জমে। কই-ডিম্ব…কইমাছের ডিম।

কই…ব্য. (সং ক, কহি; কুত্র, কুতঃ)। (প্রশ্নে) কোথায়; (উত্তরে) কি জন্য, প্রঃ—কই সে গেল না, কই সে অযোধ্যাপুরী।

কইট, ক'ট…কটি দেখ।

কইলা…ষ্য. (সং কপিলা—ধেনু)। গাভীর স্ত্রীবৎস।

কইসর…ষ্য. (আং। ইং cæsar) সম্রাট। কইসর-ঈ-হিন্দ…হিন্দুস্থানের সম্রাট।

কএক…কয়েক দেখ।

কএত…কয়থ দেখ।

কএদ…কয়েদ দেখ।

কঁ-কঁ, কুঁ-কুঁ, কোঁ-কোঁ…ব্য. (সং কণ, কুণ ধাতু শব্দে)। কঁ-কঁ শব্দে, প্রঃ—খিদায় পেট কঁ-কঁ করে; কোঁ-ক করিয়া ভাত গেলা—কোঁ শব্দ করিয়া। (কোঁক স্থানে কো-ক হইতে পারে। তখন সং কুক ধাতু গ্রহণে)।

কক্-কক…ব্য. কুকুড়ার ডাকে।

ককা…ধাতু. (সং কক ধাতু—চাঞ্চল্যে)। ককাই—ক-ক শব্দে কাঁদি॥ ককানা॥ কচি ছেলে কাঁদে না, ককায়। (কচি ছেলে—ককি ছেলে মনে করা যাইতে পারে)

ককুভ…ষ্য. (সং)। রাগিণী-বিশেষ।

কক্ষণই…ব্য. (সং কস্মিন্ ক্ষণে হি)। কোন সময়েই। কক্ষণও কোন সময়েও।

কখন…ব্য. (কক্ষণ দেখ)। কোন্ ক্ষণে—সময়ে। কখনই…কোন সময়েই। কখনও…কোন সময়েও।

কঙ্গু…ষ্য. (সং)। ধান্যাদি বর্গের শস্যতৃণ-বিশেষ (Setaria italica)। বঙ্গে কঙ্গুর চাষ প্রায় নাই, বোম্বাইতে অধিক। লোকে পিঠা করিয়া ও জাউ বাঁধিয়া খায়। পোষা পাখীর আধার হয়। কঠিন তুষের ভিতরে চাল থাকে। শুঙ্গা থাকে বলিয়া সং-তে শূক-ধান্য মধ্যে গণ্য হইয়াছে।

কচ্, কচ্-কচ…ব্য. (সং কচ ধাতু শব্দে। সং কৃৎ ধাতু (কর্তনে) স্থানেও কচ হইয়াছে)। কোমল দ্রব্য-কর্তন-শব্দে; প্রঃ—'ঋকার রকার ষকার পরে নকার যদি থাকে। কচ্ ক'রে তার কাটি মাথা কোন্ বাপে তাঁর রাখে'। এখানে ন-অক্ষর কোমল দ্রব্য মনে করা হইয়াছে। কচ্-কচি…অপ্রিয় শব্দ

(তু° হি° কচকচ—তর্কবিতর্ক)। ঢেঁকীর কচ্‌কচি···ঢেঁকীর শব্দ (প্রায়ই কেঁচ-কেঁচ) যেমন শ্রুতিকটু ও নিরর্থক তেমন বাক্‌-কলহ। কচর-কচর··কচ্‌কচ রব। কুচ্‌, কুচ্‌-কুচ···কোমল সরুদ্রব্য কর্ত্তন-শব্দে।

কচ···ষ্য. (স° কেশ; তু° আ° কৎ)। কলমের কেশাকার অগ্রভাগ। কলমের কচ কাটা—অগ্রভাগ চিরিয়া লেখার যোগ্য করা।

কচ···পাশা দেখ।

কচটা···ধাতু. (স° কচ ধাতু দীপ্তি হইতে কাচিত। কোথাও কোথাও কসটা ধাতু, চ স্থানে স। হি° কুচল ধাতু। কাচ, কচাল ধাতু দেখ)। কচটাই···ঘর্ষিত করি; প্রঃ—সিদ্ধ আলু কচটা (বর্ণ বিপর্যয়ে চকটা)॥ কচটানা॥

কচড়া···ষ্য. (স° কচ—লোম+ড়া)। লোম কেশ নির্মিত দোড়ী। কচরা।

কচ্‌-মচ···ব্য. (কচ্‌, মচ্‌ দেখ)। কোমল কাঁচা দ্রব্য ছেদন-শব্দে; প্রঃ—কাঁকুড় কচ্‌মচ করিয়া চিবায়, পিষ্টক-পর্ব্বত কচ্‌মচিয়া (ভাঃ)—কড়মড়িয়া ঠিক হইত। তু° কচর-মচর চর্ব্ব্য চিবিয়া (ভাঃ)—কচ্‌-রব ও মচ্‌-রব=কচর্‌-মচর। কচ্‌মচ···ধাতু. কচ্‌-মচাই॥ কচ্‌মচানা, কচ্‌মচানি॥

কচরা···ষ্য. (স° কর্কর—কাঁকর। স° কচ্চর মলিন। হি° কচলা—মাটি)। ভাঙ্গা ইট পাথর জমাট-বাঁধা চুণ-শুরকী ইত্যাদি (অপ-ভ্রংশে, কড়চা, কড়কচা)।

কচ্চা···ষ্য. (স° কচ্ছ—জলময় কিংবা জল-প্রান্তবর্ত্তী প্রদেশ। তু° গুজরাতের কচ্ছ প্রদেশ, বঙ্গের পূর্বে কাছাড় বা কাছার)। বিস্তৃত নিম্নস্থান। ঘাস-কচা···যে কচায় কেবল ঘাস জন্মে। (২) কচড়া, খোয়া। (৩) কোমল শাখা, কলি (কচি হইতে)।

কচা···ধাতু. (স° কচ ধাতু দীপ্তি হইতে)। কচাই—ঘর্ষিত করি। প্রঃ—এক হাতে সখী কচাইয়া আঁখি, নয়ানে যে দেখি আর (চণ্ডীঃ); দুই হাতে কচাইয়া ওষধি করিল গুঁড়া (কৃত্তিঃ, লং)। (অপ্রচঃ, কচাল ধাতু দেখ)

কচাল··ধাতু. (কাচা, কচটা দেখ; হি° কুচল ধাতু)। কচালি···ঘষিয়া ঘষিয়া ধুই। প্রঃ—কড়্‌মড় দশন কচালে করে কর (মাঃ)॥ জলে কাপড় কচালা॥ কচালা···ধাতু. কচালাই—কাচিত করি॥ কচালানা, কচলানা॥

কচি···ণ. (হি° কচ্চি—কাঁচা দেখ)। অতি কোমল, প্রঃ—কচি পাতা। কচি-ছেলে··· (কক, ছেলে দেখ)। অতি-শিশু-সন্তান। কচি-খোকা··কোমল খোকা (কিংবা কচি—ছেলে ও খোকা (সহচর শব্দ)।

কচু (গ্রা° কোচ)··ষ্য. (স° কচু। ও° সারু—সার অংশ আছে বলিয়া)। কচু-আদি বর্গের কৃষিজাত কন্দশাক-বিশেষ (Colocacia antiquorum)। কচু-ঘেচু··(ঘেচু দেখ)। কৃষিজাত ও বন্য কচু। সার-কচু··(ও° তেলিআ সারু—কারণ এই কচুর বোঁটার ঘণ্ট তেল-তেলা ঠেকে)। কচুর জাতিবিশেষ (Colocasia nymphaeifolia)। প্রায়ই জলের ধারে জন্মে। লোকে পাতার আরক্ত বোঁটার ঘণ্ট রাঁধিয়া খায়। ঘেট কচু···বন্য কচু বিশেষ (Typhonium trilobatum)। পাতায় তিন আঙ্গুল। ইহা হইতে

নাম ঘণ্টাকর্ণ কচু। কাঁটা কচু…স্থূল কাঁটা-ময় জলজ কচু-গাছ বিশেষ (Lasia heterophylla)। কচু…অণ্ডকোষ (অশিষ্ট), প্রঃ—কচু করা, কচু হওয়া, কচু-পোড়া খাওয়া। (এঁড় দেখ)

কচুরী…ষ্য. (সং কর্চরী; কচপূরিকা। হিং কচৌরী)। ডাইলচূর্ণের পুর-দেওয়া ছোট লুচী-বিশেষ।

কঞ্চি ··ষ্য. (সং)। বাঁশের ডাল। প্রবাদে, বাঁশ হইতে কঞ্চি দড়—বাঁশের শাখার নাম কঞ্চি, কিন্তু কোন কোন বাঁশ ফাঁপা, কিন্তু কঞ্চি-সারগর্ভ, এই হেতু দৃঢ়। লক্ষণায়, প্রধান অপেক্ষা অপ্রধান দৃঢ়।

কজ্জল…ষ্য. (সং)। কাজল। কজ্জলী…ষ্য. (সং)। পারদ ও গন্ধক যোগে ঔষধ-বিশেষ (Black sulphide of mercury)। (রস-সিন্দূর দেখ)

কঞ্জুষ…ণ. (হিং। সং কণ-চুষ? কণ—সূক্ষ্মাংশ চোষে যে?)। কৃপণ।

কট্, কট্-কট…ব্য. (সং কট্ট ধাতু কর্তনে)। টান দোড়ী কর্তনে; প্রঃ—কট্ করিয়া তার কাটা। মাথা কট্কট করে, কাঁনে জল ঢুকিলে কান পাকিয়া কট্কট করে,—যেন কাটিতে থাকে॥ কট্-কটানি॥ কট্কটা, কট্কটিয়া, কট্কট্যে…ণ. (কট্-কট+আ, ইয়া)। কাটিতে থাকে যাহা। কটর…কট্-রব। কটাশ, কটাৎ…কট্-শব্দ।

কটক ··ষ্য. (সং)। সৈন্য, সেনারক্ষিত রাজ-ধানী।

কটকনা…কটিকনা দেখ।

কটকী…ষ্য. (সং কটুকা)। হিমালয়ের শাক-বিশেষের (Picrorhiza kurroa)…(হিং)। হিমালয়ের শাক-বিশেষের তিক্ত মূল (Gentiana kurroo)।

কট্কটিয়া…ষ্য. (সং কর্করেটু?)। শাখাশ্রয়ী বর্গের পক্ষী (Fly-catcher)। (১) নীল কট্কটিয়া…নীলবর্ণ কীটগ্রাহী পক্ষীবিশেষ (Stoparola melanops)। ৮ আঙ্গুল দীর্ঘ। চুটকীর মতন। (চুটকী দেখ)। (২) কাল কট্কটিয়া…চঞ্চু বড়, পক্ষ খয়রা, ধারে নীল, উদর শাদা পক্ষী বিশেষ (Hypothymis azurea)

কট-কবালা ··ষ্য. (আং। কটি দেখ)। সত রাখিয়া বিক্রয়-পত্র।

কট-করঞ্জা…ষ্য. (সং কটু-করঞ্জ। হিং)। করঞ্জা দেখ।

কট-ফল…ষ্য. (সং)। হিমালয়ের ও খাসিয়া পাহাড়ের আরণ্য তরু-বিশেষ (Myrica nagi)। ছাল সুগন্ধ ও কষায়ী, ঔষধে লাগে।

কট্-মট· ব্য. (সং কট ধাতু প্রকটন, মট ধাতু দন্তে)। প্রকটন ও দন্ত-প্রকাশে। চোখ কট্মট করিয়া তাকানা—চোখ প্রকট ও তদ্দ্বারা দন্ত প্রকাশ করিয়া দৃষ্টিপাত। প্রঃ—কট্মট্ ভাষে (ভাঃ)। (ভাষায় কট্মট—অশুদ্ধ)। কট্মটা…ধাতু। কট্মটানি॥

কটরা·· ণ. (সং কটু+বাং রা=কটুরা—কট্‌রা)। খরা, কড়া, প্রঃ—কুঁদে কাঁসা কটরা কাটে (পিতলের মতন নরম কাটে না)।

কটা·· ণ. (সং কড়ার—পিঙ্গালবর্ণ; কিংবা সং কট—তৃণ বিশেষে নির্মিত মাদুর। অত-এব কটা—কট+আ—খড়ের বর্ণ বিশিষ্ট।) …হীন পাণ্ডুবর্ণ। প্রবাদে, কাল বামুন

কটা শূদ্র বেঁটে মুসলমান—ইহাদিগকে বিশ্বাস নাই। অর্থাৎ ব্রাহ্মণের বর্ণ গৌর, শূদ্রের কাল, এবং মুসলমান দীর্ঘাকার হওয়া সাধারণ ছিল। কটা-চোথ…পাণ্ডুবর্ণ চক্ষু, বিড়াল-চোথ। কটা-চোখুয়া, কটা-চোখো …কপিলাক্ষ; স্ত্রী° কটা-চোখী। কটিয়া, কট্যো…ণ. বিবর্ণ। কটা-°ধাতু। কটা-ই—কটাবর্ণ হই। প্রঃ—তামুক খাইলে গোঁফ কটাইয়া যায়। কটানা॥

কটাল…ষ্য. (স° করাল—উচ্চ, বৃহৎ। করালো দন্তুরে তুঙ্গে—অঃ। হি° কটাল। ম° উধান—বা° উজান)। অমাবস্যা ও পূর্ণিমা তিথিতে সমুদ্র ও নদী জলের স্ফিতি (spring-tide)। মরা কটাল…সপ্তমী অষ্টমী তিথির জোয়ার (neap-tide), কটালের বিপরীত। কটাল ডাকা…প্রবল জোয়ারে জলের শব্দ। কট্যালিয়া জোয়ার …কটাল।

কটি…ষ্য. (স°)। কোমর।

কটি, কইট, ক°ট…ষ্য. (স° কটি—সময়-বন্ধ; কট সময়—মেঃ)। সময়-বন্ধ, নিয়ম, প্রঃ—ক°ট করা—নিয়মে বদ্ধ হওয়া।

কটিকনা, ক°টকনা…ষ্য (ও° কটু-কনা। হি° কটকনা, কটখেনা—আদর্শ। আসা° কটকিনা—দুর্লভ। বোধ হয় কটিকরণা—কটিকরণ হইতে)। কষ্টকর নিয়ম।

কটিরা, কটিলা…ষ্য. (হি° কতীরা। স° খদির হইতে?)। বৃক্ষ-বিশেষের (Sterculia urens) নির্যাস বা আঠা। এই গাছ বঙ্গদেশে নাই। (২) পারস্য দেশীয় ক্ষুপ-বিশেষের (Astragalus heratensis) নির্যাস বা আঠা (tragacanth)। কাপড়ে ছিট করিতে এই আঠা লাগে। (৩) হলুদা শিমুল-গাছের (Cochlospermum gossypium) আঠা।

কটু-কাটব্য…ষ্য. (স° কটু—কর্কশ, স° কাটব্য-কটুতা। কাটব্য শব্দের সহচর করিতে কটু)। কটুভাষা।

কটুয়া… কটো দেখ।

কটো…ষ্য. (স° কট ধাতু আবরণে। কটুয়া—কটো। তু° জলুয়া—জলো। যশোরে কটো, কোটা। কৌটা দেখ)। কৌটা, প্রঃ—আমার চরণ ধূলি রাখ কট্যা ভরি (চৈঃ চঃ)।

কটোরা…ষ্য. (স°—শব্দকল্পঃ)। মাটির বাটী। (কটোরা বড়, খুরী ছোট। কটোরা মন্দিরাকার। প্রঃ—সোণার কটোরি কুচযুগগিরি কনক-মন্দির লাগে (চণ্ডীঃ) (লাগে—বোধ হয়)।

কঠিন…ণ (স°)। দৃঢ়, নিষ্ঠুর; কষ্টকর, দুঃসহ; প্রঃ—কঠিন সময়।

কড়…ষ্য. (স° কট, কটক—সূত্র, রজ্জু)। যতু-নির্মিত বলয়। বিবাহকালীন হস্তসূত্রের (কিংবা কঙ্কণের) অনুকরণে নির্মিত বলয়। হাতে দোড়ী, এমন কি লোহার বেড়ী (নো) দিয়া কন্যাকে বর বাঁধিয়া আনে। হাতের কড় ও নো আয়তির লক্ষণ। (২) বড়শী বাঁধিবার দৃঢ় সূত্র (যেমন, আকন্দ, মূর্বা গাছের আঁশ, রেশম পাট ইত্যাদি)। (৩) (স° কলি)। ফুল, পাতার কলি। (৪) (গোড় হইতে?)। হাতীর পা, প্রঃ—কড় পাতে মহী (চৈঃ মঃ)—পৃথিবীতে হাতী পা নোয়ায়।

কড়্-কড়্… ব্য. (স° কড ধাতু ভক্ষণে, কড্ড

—কর্কশীভাবে)। শুষ্ক কঠিন দ্রব্য ভক্ষণে। প্রঃ—কড়্কড় করিয়া হাড় চিবানা। কড়্কড়া, কড়্কড়িয়া, কড়কড়্যে—শুখাইয়া কঠিন, প্রঃ— কঃ ভাত, কঃ মুড়ি। (২) বজ্রের ঘর্ঘর শব্দে; প্রঃ—কড়কড় কঁড়ে বজ্র পড়িল ভুতলে (মেঘনাদবধে)। (কড়ে—কড় শব্দে)। কড়্কড়া ··ধাতু. কড়্কড়াই—ভক্ষণে কড়্কড় শব্দ হই॥ কড়কড়ানি॥

কড়কচ···ষ্য. (সং কডক)। সূর্য্যতাপে পক্ব খাদ্য লবণ। করকচ দেখ।

কড়কা···ধাতু. (সং কটুকথা—কটুকা হইতে? সং কঙ্ক—দন্ত—হইতে কড়ক ধাতু হইত; তুং হিং করক—ব্যথা।) কড়কাই—কটু কথা শোনাই, তর্জন করি॥ কড়কানা। কড়কানি॥

কড়চা···ষ্য. (সং কট—রজ্জু,—কড় দেখ; চা—সাদৃশ্যে)। দুই তিন থাই দোড়ী পাকাইয়া মোটা দোড়ী।

কড়চা···ষ্য. (সং হইতে?) চৈঃ অমৃতে (আদি), 'তথাপি শ্রীরূপ-গোস্বামি-কড়চায়াঃ শ্লোকদ্বয়ং।' কড়চা শব্দ সং রূপ পাইয়াছে। তুং ওং কটপা, আসাং কতপা—আদেশ বা উপদেশ। শ্রেণীবদ্ধাকারে লিখিত বিবরণ; প্রঃ—কড়চা করিয়া কিছু লাগিলা লিখিতে (চৈঃ চঃ)। (২) জমিদারী সেরেস্তার যে কাগজে প্রজার ওয়াশীল-বাকি লিখিত থাকে।

কড়্মড়্···ষ্য. (সং কড ধাতু ভক্ষণে; মণ্ড, মডি ধাতু বিভাজনে)। ভক্ষণার্থে দন্তের পরস্পর ঘর্ষণে। প্রঃ—দাঁত কড়মড় করিয়া খাইতে আসে। কড়্মড়া···ধাতু. প্রঃ—'কড়মড়ি ভীমদন্ত' (মেঘনাদ বধে)॥ কড়্মড়ি, কড়্মড়ানি, কড়্মড়ানা॥ ভারতে, 'থরথরী স্থাবর বজ্রের কড়মড়ী।' এই কড়মড়ি শব্দের প্রয়োগ ঠিক হয় নাই। কারণ ভক্ষণের অর্থ না থাকিলে কড়্-মড় বলা যায় না। বজ্রের কড়্কড়ি ঠিক হইত। কিড়্মিড়—মৃদু কড়মড়ে; কুড়্মুড়—আরও মৃদুভাবে।

কড়মা···ষ্য. (সং কলম—ধান্যবিশেষ)। ধান্যাদি বর্গের দীর্ঘায়ু ঘাস বিশেষ। দুর্বা-ঘাসের মতন লতাইয়া যায়, কিন্তু মোটা।

কড়সী···ষ্য. (সং কটি-সূত্র)। ঘুন্সী। (ভাঃ)।

কড়-হাঁস···ষ্য. (সং কল-হংস)। প্লববর্গের পক্ষী বিশেষ (Grey lag goose. Anser ferus)। গলা লম্বা, পা ছোট। শীতকালে বঙ্গদেশে ঝাঁকে ঝাঁকে আসে। হাঁস দেখ।

কড়া···ষ্য. (সং কট; কড় দেখ)। পাকানা দৃঢ় রজ্জু; চোরকে কড়া মরা—এইরূপ, দোড়ীর প্রহার (প্রায়ই কোড়া শোনা যায়)। ··ষ্য. (সং কটক—বলয়)। বলয়, প্রঃ—লোহার কড়া—আংটা। ··ষ্য. (সং কিণ; তুং আং করহা—ঘা)। কঠোর ত্বক্, প্রঃ—করেতে হইল কড়া সিদ্ধি বেটে বেটে (ভাঃ)।·· ণ. (সং কটু, কঠোর)। কটু, প্রঃ—কড়া তামুক, কড়া ভাজা মাছ দুষ্পাচ্য। কঠোর, প্র—কড়া মেজাজ—উগ্র স্বভাব। কড়াক্কড়··ণ. অতিশয় কড়া; প্রঃ—কঃ পাহারা।

কড়া···ষ্য. (সং রূপা—কড়া। সং কপর্দক হইতেও আসিতে পারে, কিন্তু কড়া অর্থে

কপর্দক নহে। অধিকন্তু যখন কড়ী শব্দ আছে, তখন কড়া অর্থে বৃহৎ কড়ী বুঝাইত। হয়ত সং কণা কপর্দক দুই শব্দই কড়া শব্দের মূল)। গণিত সঙ্খ্যা বিশেষ, এক পণের ৮০ ভাগের ভাগ। কপর্দক-মুদ্রা, প্রঃ—ঘরে দুকড়ার সম্বল নাই।

কড়াকিয়া ··ষ্য. (সং কণাকি+বাং ইয়া)। কড়াসম্বন্ধীয় গণিত। কড়ানিয়া···ষ্য. (সং কণা+কাকিণী=কড়াণী—কড়ানি; কড়ানি+ইয়া)। কড়া-কাক-সম্বন্ধীয় গণিত। যথা, ১ কড়া=৪ কাগ, কাক (দেখ)=৩ ক্রান্তি=৯ দন্তি=৮০ তিল। কড়া-ক্রান্তি ··কড়া, এমন কি ক্রান্তি পর্যন্ত (প্রায় সহচর শব্দ)।

কড়া ··বুড়া আঙ্গুল ছাড়া আঙ্গুলের বেধ পরিমাণ, প্রঃ—পাটার দল (বেধ) ৪ কড়া। (কড়ীর স্থূলতা হইতে)।

কড়াই, কড়া···ষ্য. (সং কটাহ—লৌহাদেঃ পাকভাজনে—মেঃ)। লোহার ভাজন পাত্র।

কড়ার···করার দেখ।

কড়ি···ষ্য. (সং কাণ্ড হইতে কাঁড়ি, অপভ্রংশে কড়ি। কড়ি শব্দের ক বর্ণে প্রস্বন; ইহা হইতে বোঝা যাইতেছে, ক না হইয়া কা হইবার ছিল। ওং কড়ি; ওং ভাষার নিয়মানুসারে ক ঠিক। হিং কড়ী শেষ স্বর দীর্ঘ। মং তুলই—সং তুল ধাতু হইতে; শরদল দেখ)। ছাদ-ধারণের দীর্ঘ কাষ্ঠ-কাণ্ড।

কড়িয়াল, কড়িয়ালি ··ষ্য. (সং খলিন হইতে? ওং কড়িআরি)। অশ্বাদির মুখস্থিত বল্গা বন্ধনের লৌহ-বলয়। ঘোড়ার লাগাম (কুন্তিঃ লং)।

কড়ী···ষ্য..ণ. (কড়া+ঈ হ্রস্বার্থে)। ছোট কড়া—বলয়; আংটা।···ণ. (কড়া—কটু হইতে)। উগ্র, প্রঃ—কড়ী স্বর, কড়ী মধ্যম (স্বর দেখ)।

কড়ী ··ষ্য. (সং কপর্দক; কড়া দেখ)। সমুদ্রজ খোলক প্রাণী-বিশেষের (Cypraea moneta) খোল। কানা-কড়ী···যে কড়ীতে কানা—ছিদ্র আছে। ঘিঁচি কড়ী ···(যশোরে গেঁট্যে কড়ী; ওং গণ্ঠী কৌড়ি; কবিকঙ্কণে ঘেচি কড়ি। বোধ হয়, ঘেচু (দেখ) কচুর দেহের সাদৃশ্যে ঘেচি—ঘিঁচি)। যে কড়ীর দেহে উচা উচা অংশ আছে। (২) কড়ী-রূপ মুদ্রা, অর্থ, বেতন, মূল্য, শব্দ। (পূর্বকালে ২০টা কড়ীতে এক পয়সা এবং ১ কাহন কড়ীতে এক টাকা মূল্য হইত। কবিকঙ্কণ এবং স্মৃতিশাস্ত্রের প্রায়শ্চিত্ত ব্যবস্থা দেখ। সম্প্রতি ১০০টা কড়ীতে ১ পয়সা)। কানা কড়ী কিংবা ঘিঁচি কড়ী মুদ্রা হয় না। কড়ীআলা···(আলা দেখ)। ধনবান। কড়ী-কষা···কড়ীর মূল্য আনয়ন-রূপ গণিত। কড়ী-খেলা···কড়ী লইয়া দুই কিংবা চারি জনে খেলা। কড়ী-পাতি···(পাতি দেখ)। পয়সা-কড়ী, টাকা-কড়ী, কড়ী-টড়ী, প্রঃ—কর্পূর কহিছে সঙ্গে কড়িপাতি নাই (মাঃ)। প্রবা দ, কড়ীতে বুড়ার বিয়ে—টাকা দিলে বৃদ্ধেরও বিবাহ হইতে পারে।

কড়িয়া, কড়্যো···ণ. (সং কনিষ্ঠ, কনীয়স্—কণিয়া—কড়িয়া। সং কণীনিকা—(কনিষ্ঠা)—কড়িয়া)। কনিষ্ঠ, ছোট, প্রঃ—কঃ আঙ্গুল।

কড়িয়া, কড়্যো রাঁড়ী—(সং কন্যা—কনিয়া—কড়িয়া)। কন্যা অবস্থায় বিধবা।

কণ্‌-কণ্‌···ব্য. (সং কণ ধাতু শব্দে, আর্ত্ত-নাদে)। তীব্র যন্ত্রণায়। শীতে হাত পা কণ্‌-কণ্‌ করে—এত শীত লাগে যে আর্তনাদ করিতে হয়। কণ্‌কণা, কণ্‌কণিয়া, কণ্‌-কণ্যে···অতিশয় যন্ত্রণাদায়ক। কণ্‌কণানি, কণ্‌কণানা॥

কণিকা···ষ্য. (সং)। সূক্ষ্মাংশ; ক্ষুদ্রতণ্ডুল যোগে পক্ক ক্ষুশরান্ন (ওড়িয়া, কণিকা-প্রসাদ)।

কণ্টী···ষ্য (সং)। কৃষ্ণচূড়াদি বর্গের বন্য বৃহৎ অল্প-কণ্টকময় ক্ষুপবিশেষ (Cæsalpinia dignya)। পাতায় ৫—৯ জোড়া পর্ণ; ফুল হলুদা, বর্ষাকালে ফোটে। ফল বা শুঁটী চেপটা, দৃঢ়, ২।৩ আঙ্গুল লম্বা। কষায়রস নিমিত্ত শুঁটী প্রসিদ্ধ। টিয়ারি দেখ।

কণ্ঠ···ষ্য. (সং)। কণ্ঠ। কণ্ঠশ্বাস···কণ্ঠেশ্বাস—মৃত্যুর পূর্বে। কণ্ঠস্থ···ণ. মুখস্থ। কণ্ঠা···ষ্য. (সং কণ্ঠ)। কণ্ঠ। কণ্ঠার হাড়···(সং নাম জত্রু)। কণ্ঠের নিম্নদেশের দুই পাশের দুই হাড় (clavicle)। কণ্ঠমালা···ষ্য. (সং)। কণ্ঠের নিম্নদেশে পরিধেয় স্বর্ণ-নির্মিত মালা। কণ্ঠী···কণ্ঠমালা, তুলসী গাছের মাল্য (বৈষ্ণবের)। কণ্ঠীধারণ···কণ্ঠে কণ্ঠী ধারণ (কণ্ঠের নিম্নে নহে)। কণ্ঠীধারী···ষ্য. বৈষ্ণব-বিশেষ। কণ্ঠী বদল করা—কণ্ঠী-পরিবর্তন (বৈষ্ণবের বিবাহে)।

কত···ণ. (সং কিয়ৎ, কতি। ওং কেত্তে; হিং কেতা, কিতনা; মং কেৱটা)। কি পরিমাণের, কি সঙ্খ্যার। প্রঃ—কত জল, কতক্ষণ, কত ভূমি, কত লোক। কতক···ণ. (কত+এক প্রায়ার্থে; প্রাচীন বাং কতেক)। কিয়দংশ, প্রঃ—কতক লোক গিয়াছিল, কতক জমিতে চাষ হইয়াছে। (অতএব কতক-খানি শব্দে পুনরুক্তি-দোষ ঘটে। প্রাচীন রূপ, কতেক পূর্ববঙ্গে চলিত আছে। তুং যতেক। যতেক এখনও যতক হয় নাই।) কত কি···এত রকম যে বলিতে পারা যায় না। কতকটা···কতক পরিমাণে (টা দেখ)।

কতল···ষ্য. (আং)। নরহত্যা।

কতলা···ধাতু. (কচটা দেখ। হিং কতরনা, কতলনা। এই হিন্দী রূপ কেহ কেহ প্রয়োগ করেন। কিন্তু বাংতে কচটা, বর্ণ-বিপর্যয়ে চকটা ধাতু প্রসিদ্ধ। সং ক্বাথ হইলে কাথাই হইত)। কতলাই···ঘষিয়া ঘষিয়া ধুই। কতলানা॥

কতি, কথি···ব্য. (সং কুত্র)। কোথা (প্রাচীন পদ্যে)। (কোথা দেখ)।

কতি···ণ. কি, কিসের, প্রঃ—স্বজনি হাম জীয়ব কতি লাগি (জ্ঞানদাস)। (অপ্রচঃ)

কতেক···ণ. (কত দেখ)। কত, প্রঃ—দরশে পরশে কতেক সুখ উঠে (জ্ঞানদাস)।

কত্তা···ষ্য. (সং কর্তা)। প্রভু, বিধাতা, কার্যকারক। গৃহের প্রভু—কত্তা; কত্তার স্ত্রী—গিন্নী। কত্তা-গিন্নী—গৃহের স্বামী ও স্বামিনী। বিপদে ভগবান রক্ষা-কত্তা, কর্ম্ম-কত্তার অভাবে কাজ হয় না। তা বলিয়া যাকে তাকে কত্তাত্তি (কর্তৃত্ব) করিতে দেওয়া চলে না। কেহ কেহ কত্তাত্তি ফলাইতে চায়। (এই সব প্রয়োগে কত্তা শব্দ সর্বদা শোনা যায়। সুতরাং ঠিক গ্রাম্য বলা চলে না)। কত্তা-ভজা···ষ্য. বৈষ্ণব-সম্প্রদায়-বিশেষ। এই সম্প্রদায়ের কর্তাকে

ভজনা করা হয় বলিয়া নাম। (কর্তা-ভজা শব্দ সংস্কৃত ও বাঙ্গালার মিশ্রণ, সুতরাং ঠিক নহে)।

কথক···ষ্য. (সং)। যিনি পুরাণকথা কহেন। কথকতা···ষ্য. (সং)। রামায়ণ পুরাণাদি পঠন ও ব্যাখ্যান।

কথা···ষ্য. (সং কথা—প্রবন্ধ-কল্পনা)। বহু অসত্য ও অল্প-সত্যমিশ্রিত প্রবন্ধ (তুং সং 'কথা'-সরিৎ-সাগর, বাং প্রবোধচন্দ্রিকার 'কথা', ও বিদ্যাসাগর মহাশয়ের 'কথা-মালা'); কল্পিত প্রবন্ধ, প্রঃ—কথার কথায় বলা (তুং কথা-উপকথা, কথা—উপকথন—সহচর শব্দ); বৃথা গল্প, কিম্বদন্তি; বৃত্তান্ত, প্রস্তাব, মন্তব্য, উপদেশ; সত্য, প্রতিজ্ঞা, প্রঃ—কথা দেওয়া; বাক্য, উক্তি, শব্দ। কথা-বার্তা···(সহচর শব্দ। তুং হিং ব্রাত, প্রয়োগে বাং কথার তুল্য)। কথা-বার্তা করা (কহা বলা নহে)। কথার আঁট, আঁটনি, বান্ধনি··বাক্যের ন্যায়োচিত সঙ্গতি। কথার ধারা··রীতি। কেমন ধারা কথা··কেমন রীতির কথা। কথায় কথায়··প্রসঙ্গে। কথান্তর··কথার—প্রতিজ্ঞার প্রভেদ। কথার টালি (টাল), টল···কথার প্রকারান্তর, প্রতিজ্ঞার স্খলন। স্বরূপ কথা···সত্য কথা, প্রঃ—হনুমান যাহা বলিল স্বরূপ যদি হয় (কৃত্তিঃ).; শাশুড়ী ননন্দ কিবা বলে মন্দ, স্বরূপ কহ আমারে (কবিকঃ)। উচিত কথা···ন্যায্য কথা, প্রঃ—কহিলে উচিত কথা মনে পাছে পাও ব্যথা, যেবা ছিল ললাট লিখন (কবিকঃ)। আরোপিত কথা···মনগড়া কথা। আমড়াগাছিয়া, আমড়া-গেছো কথা··বৃথা আশাজনক। কেঁট-কেঁটা কথা ··কটু বাক্য। কুট-কচালা কথা···ক্ষুদ্র ক্ষুদ্র বিষয় বিচার যে বাক্যে আবশ্যক। আপনার কথা পাঁচ কাহন···নিজের কথা সঙ্খ্যায় পাঁচ কাহন (বহু), অপরে আর কি বলিবে? গায়ে পড়িয়া কথা কহা··যে শুনিতে অভিলাষী নহে, তাহার সহিত কথা আরম্ভ। কথা উদ্ঘাত (গ্রাং উৎখাত) করা···প্রসঙ্গ উত্থাপন। (কহ ধাতু দেখ)।

কথো···ণ. কত (প্রাচীন পদ্যে)।

কদম···ষ্য. (সং কদম্ব। বর্ষাকালে ফুল ফোটে বলিয়া নাম অঃ টীঃ)। প্রসিদ্ধ তরু (Anthocephalus cadamba)। বহু পুষ্প গোলাকারে সন্নিবিষ্ট থাকিয়া কন্দুক-বৎ দেখায়। বহু পুষ্পের বহু ফলও সংশ্লিষ্ট হইয়া পড়ে। (২) কদম্ব বৃক্ষাকার আতসবাজি-বিশেষ। কেলি-কদম্ব, কেল-কদম ···ষ্য. (সং গিরি-কদম্ব। ওং কেলি কদম্ব, কুরুম্)। কদম্বের সদৃশ তরু, গিরিতে—অরণ্যে জন্মে। নদী-সন্নিহিত গ্রামেও দুই একটা দেখা যায়। (গিরি শব্দ হইতে কেলি?)। কদম্বের ফল পরস্পর জুড়িয়া যায়, কেলি-কদম্বের ফল তেমন জোড়ে না। পাতাও ঠিক এক প্রকার নহে। কাঠ হলুদাবর্ণ। সং নাম ধারা-কদম্বও আছে, কারণ গাছের কাণ্ডে স্থূল শিরা থাকে।

কদম···ষ্য. (আং)। পদ। অশ্বের চলন-বিশেষ (তুং সং আস্কন্দিতক)।

কদমা···ষ্য. (সং কদম্ব হইতে)। শর্করার কদম্বাকার লাড়ু বিশেষ (-চৈঃ চঃ)।

কদর···ষ্য. (আং)। গুণ গ্রহণ; সমাদর। কদরের লোক···আদরনীয় ব্যক্তি।

কঁদল···ষ্য. (সং কন্দল)। কন্দল। কঁদল-ঝগড়া···(সহচর শব্দ)। কলহ। কঁদলিয়া, কঁদল্যে···ণ. (কঁদল+ইয়া)। কন্দলশীল।

কদাচ্···ব্য. (সং কদাচন)। কোন্ সময়ে।

কদাচ্···ব্য. (সং কদাচন, কদাচিৎ)। কখনও কখনও।

কদাপি···ব্য. (সং)। কখনও।

কদিচ্ (গ্রাং)···ব্য. (কদাচিৎ)। কখনও কখনও।

কদু ··ষ্য. (ফাং কদু। তুং সং কুষ্মাণ্ড)। লাউ।

কনক···ষ্য.*(সং)। সোনা ; সোনার বালা, প্রঃ—হাতেতে কনক পরে বাহুতে কঙ্কণ (কৃত্তিঃ)। কনক-চাঁপা···ষ্য. (সং কর্ণিকার। কনক-চম্পক—বৈদ্যকে)। বন্ধুকাদি বর্গের বৃহৎ তরু (Pterospermum acerifolium)। পাতা বড় বড়, চওড়া, রোমশ। বোঁটা পাতার মাঝে। ফুল বড়, শাদা, তীব্রগন্ধ। ফল লম্বা, পাঁচ-পাশিয়া। (কবিকঃ)। (চাঁপা, মুচকুন্দ দেখ)। কনক-চুর ··ষ্য. (সং কনক-চূর্ণ)। ধান্য-বিশেষ। কনক ধুতুরা···ধুতুরা দেখ। কনকাঞ্জলী···ষ্য. (সং)। প্রতিমা-বিসর্জনের পূর্বে স্বর্ণাদি দ্রব্য দেবীকে অঞ্জলি করিয়া প্রদান। কনক-করবীর···ষ্য. (সং)। কবিকঃ, বোধ হয় হলুদা কলিকা ফুল। হিং কনিয়র, কনের।

কনয়া ··ষ্য. (সং কনক)। কনক। (বৈষ্ণব পদে)

কনষ্টবল···ষ্য. (ইং constable)। পুলিশ প্রহরী। কনষ্টবলি ··কনষ্টবলের কর্ম।

কনিষ্টি (গ্রাং)···ণ. (সং কনিষ্ঠ)। কনিষ্ঠ।

কনুই···ষ্য. (সং কফোণি। ওং কহণি ; হিং কোহনী)। উপর ও নীচের হাতের মাঝের সন্ধি (elbow)। কনুটি···(কানটি, মুখটি দেখ)। কনুই দিয়া আঘাত।

কন্কাবতী···ষ্য. (সং কনকব্রতী)। ছেলে ভুলনা গল্পের এক রাজকন্যা।

কন্দ (গ্রাং)···ষ্য. (সং স্কন্ধ)। স্কন্ধ (শূং পুঃ)। কন্দ-কাটা···ষ্য. স্কন্ধ-কাটা দেহ, কবন্ধ ; মুণ্ডহীন ভূতযোনি। (গলা-কাটা দেখ)।

কন্দ ··ষ্য. (সং খণ্ড। আং) ; খাঁড়, চীনি।

কন্দল ··ষ্য. (সং)। কলহ। কন্দলিয়া···ণ. (কন্দল+ইয়া)। কলহকারী (পুং স্ত্রীং)।

কন্দুল (গ্রাং)···কন্দল। কন্দুল-ঝগড়া··· (সহচর শব্দ)। কলহ।

কন্ধ···ষ্য. (সং স্কন্ধ)। স্কন্ধ, কাঁধ।···ষ্য. (সং কবন্ধ)। নির্মস্তক দেহ।

কন্যে, কনে ··ষ্য. (সং কন্যা)। বিবাহ-যোগ্যা কন্যা, সদ্যবিবাহিতা কন্যা। কনে দেখা ··বিবাহের পূর্বে কন্যার লক্ষণ পরীক্ষা। কনে-বউ···অল্পবয়স্কা বউ। বর-কনে··· বর ও কন্যা। মিতকনে, নিতকনে···ষ্য. বিবাহের কন্যার সখী। (কনে বানান অশুদ্ধ)

কপ্‌কপ···ব্য. (সং কপ ধাতু চলনে)। দ্রুত গিলনে, প্র ঃ—কপ্‌কপ করিয়া সন্দেশ, ভাত গেলা। (খপ দেখ)

কপচা···ধাতু. (সং কৢপ্ত—নিয়মিত—হইতে। সং কল্পন—কর্তন (হেমঃ)। কপচাই—অগ্রভাগ ছেদন দ্বারা নিয়মিত সুশ্রী করি। চুল, গাছের ডাল কপচানা—কাটিয়া সুশ্রী করা। (২) পাখীর বোলি আরম্ভ করা, প্রঃ—সারী কপচাইতেছে—বোলি আরম্ভ করিতেছে।

কপাট ··ষ্য. (সং। ওং কপাট ; হিং কেৱাড় ; মং কৱাড)। দ্বারের আবরণ। একান্থে কপাট···(একখানি+ইয়া)। একখানি কপাট যাহা দ্বারা দ্বার আবৃত হইতে পারে। এক ঝাইল কপাট··সমান এক জোড়া কপাট (ঝাইল দেখ)। এক বাইল···এক জোড়ার একখানি (বাইল দেখ)। কপাট ঝোলানা···লোহার হাঁসকল (দেখ) ও ডোমনী (দেখ) দ্বারা, কিংবা কব্জা দ্বারা। কপাট দেওয়া···দ্বার বন্ধ করা। কপাট আওজানা···ঈষৎ মুক্ত করা। দাঁত-কপাটি —দাঁত দেখ। কপাটী ··ষ্য. (হিং কবড্ডী) বালকদিগের দুই দলে খেলা-বিশেষ, হাড়ু-ডুড়ু খেলা।

কপাল ··ষ্য. (সং—মাথার খুলী। ইহা হইতে ভাগ্য, যথা কপালং কপালং কপালং মূলম্)। অদৃষ্ট, ভাগ্য। ললাট। কপালিয়া, কপাল্যে ···(কপাল+ইয়া)। ভাগ্যবান। আধ-কপাল্যে ··ললাটের অর্ধাংশে বেদনা। আঁট-কপাল্যে ··(দেখ)। উচা-কপাল্যে··· যার ললাট সম্মুখে বহির্গত ; যার অদৃষ্ট সুপ্রসন্ন। ছার-কপাল্যে···যার কপালে ক্ষার বা ভস্ম মাত্র আছে, দুর্ভাগ্য। জোর-কপাল্যে···যার অদৃষ্ট বলবান, প্রসন্ন। পোড়া-কপাল্যে ··যার অদৃষ্ট মন্দ। স্ত্রীং পোড়াকপালী। কপালের লিখন, কথা··· ললাট-লিপি (বিধাতার)। উচা কপাল··· ললাট সম্মুখে বহির্গত। (কুলক্ষণ)। সোজা কপাল ··যে ললাট সোজা দীর্ঘ উঠিয়াছে। নীচা কপাল ··অল্প পরিসর। কপাল পোড়া ···অদৃষ্ট মন্দ হওয়া। কপাল চাপড়ানা··· ললাটে করাঘাত (দুঃখে)। কপাল ঠোকা ···অভীষ্ট দেবতাকে গড় করা। কপালে ঘা.মারা ··ললাটে আঘাত করা। কপাল ফাটা···অদৃষ্ট ভাঙ্গা।

কপালী···ষ্য. (সং)। শিবের এক নাম। (২) শণ-সূত্র বিক্রয়ী জাতিবিশেষ। (৩) (কপাল—ললাট হইতে)। চৌকাঠের উপরের কাঠ। (৪) থাঅই দেখ।

কপি ··ষ্য. (ইং copy)। প্রতিলিপি, প্রতি-লেখ। (২) কোপি দেখ।

কপি-কল ··ষ্য. (সং কপি—বানর—হইতে ?) যে ছোট চাকায় দোড়ী পরাইয়া ভারী বস্তু তুলিতে পারা যায়। (ইং pulley)

কপিঞ্জল ··ষ্য. (সং) ফটীক-জল পাখী (দেখ)।

কপিলা···ষ্য. (সং)। ধেনু। কপিলা বাছুর ···স্ত্রীবৎস। (গ্রাং কইলা)

কপ্পুর (গ্রাং)···ষ্য. (সং কর্পূর। ওং কপুর ; হিং কপূর ; মং কাপূর)। কর্পূর (দেখ)।

কফ ··ষ্য. (সং ; ফাং)। শ্লেষ্মা। কফ করা ·· শ্লেষ্মারোগ হওয়া, কফধাতুর প্রকোপ করা। কফ বসা ··শ্লেষ্মা শুখাইয়া যাওয়া। কফুয়া, কফো···(কফ+উয়া)। শ্লেষ্মা-প্রকৃতি।

কফ ··ষ্য. (ইং cuff)। জামার হাতার মুখ।

কফী ··ষ্য. (ইং coffee)। কাফি দেখ।

কব্-কব ··ব্য. (সং কর্ব, খর্ব, গর্ব—গতিতে)। জলাদি দ্রব পদার্থের গতি-শব্দে, প্রঃ—জল খেয়ে পেট কব্‌কব করিতেছে। (কুবকুব দেখ)।

কবচ ··ষ্য (সং)। রক্ষা-কবচ, মাদুলী। রক্ষা-মন্ত্রাদি।

কবজ ··ষ্য. (আং)। রশীদ।

কবর ··ষ্য. (আং। তুং সং গহ্বর)। গোর,

শবের গর্ত। কবরিস্তান…ষ্য. (আ°)। গোর-স্থান।

কবালা…ষ্য. (আ°)। বিক্রয়পত্র। গ্রা° কয়লা। কট-কবালা…সর্ত রাখিয়া বিক্রয়।

কবি…ষ্য. (স°)। কবিতা-কর্তা; কাব্য-রচয়িতা। কবিরচিত গান বা কবিতা। কবির লড়াই…কবিতায় দুই দল কবির কলহ। উত্তর গাওয়া-গায়ি…উত্তর-প্রত্যুত্তর গান করা। কবিআলা…(আলা দেখ) কবিগান-কারক।

কবিরাজ…ষ্য. (স° কবি—পণ্ডিত, রাজন্—হইতে রাজ। কবি-রাজ—কবিশ্রেষ্ঠ। বৈদ্য অর্থেও পণ্ডিত আছে। আয়ুর্বেদে অভিজ্ঞ—বৈদ্য। কিন্তু কবি ও কাব্যের সহিত রোগ-চিকিৎসার সম্বন্ধ কি? বা°তে কবি-রাজ অর্থে বৈদ্য; ও° হি° ম° তে এই অর্থ নাই)। আয়ুর্বেদ মতে রোগ-চিকিৎসক। কবিরাজি…বৈদ্যের বৃত্তি, বৈদ্যচিকিৎসা। কবিরাজী…বৈদ্যশাস্ত্র-সম্বন্ধীয়। কবিরাজ দেখানা…কবিরাজ দ্বারা চিকিৎসা করানা।

কবুতর…ষ্য. (ফা° কবুতর)। কপোত, পায়রা।

কবুল…ষ্য. (আ°)। স্বীকার। কবুল-জবাব…(যা°)। দাবি সত্য বলিয়া উত্তর (আদাঃ)। কবুল-জমা…(যা°)। অঙ্গী-কৃত কর। কবুল…ধাতু। কবুলি—সত্য বলিয়া স্বীকার করি। কবুলা॥ কবুলিয়ৎ…ষ্য. (আ°)। কর দিবার অঙ্গীকার; পাট্টার প্রতিরূপ। কবুলা…ধাতু. কবুলানা॥

কবে…ব্য. (স° কদা। ও° কেবে; হি° কব, কদ; ম° কেরহাঁ)। কোন্ দিবসে। (কভু দেখ)

কব্জা…ষ্য. (আ°)। সন্ধিস্থান; লোহা পিতলের সন্ধিপত্র। হাতের মণিবন্ধ। কব্জী…ছোট কব্জা, মনিবন্ধ।

কভু…ব্য. (স° কদাপি। ও° কেবেহেঁ; হি° কভী, কবহী; ম° কধী)। কদাপি, কখনও। (পদ্যে)। প্রঃ—আমি ত বৎসর সাত মৃগ মারি খাই ভাত, এমন ত কভু নাহি দেখি (কবিকঃ)।

কম…ণ. (ফা°)। অল্প, ন্যূন, ঈষৎ। কমতি…ষ্য. (কম+তি, ভাবে)। অল্পতা, ন্যূনতা। কম-জম…(কম—ন্যূন, জমা—আয়)। পরিমিত; প্রঃ—কঃ করিয়া খরচ কর। কম-জোর…ণ. (যা°)। অ-দৃঢ়, দুর্বল। কম-পক্ত…ণ. (যা° কম, স° পক্ত)। অল্প দিন স্থায়ী; প্রঃ—আম-কাঠ কমপক্ত; কমপক্ত আম সুস্বাদু হয় না। কমবেশ, কমবেশী…ণ. (যা° কম, বেশী)। ন্যূনাধিক। কম-বক্তা…ণ. (যা° কমবক্ত)। অল্প-ভাগ্য, দুর্ভাগ্য। কম…ধাতু। কমি—কম হই, প্রঃ—নদীর জল কমিয়াছে॥ কমা, কমি॥ কমি-বেশি…ষ্য. ন্যূনাধিক্য। কমা…ধাতু. (কম ধাতু আস্তে)। কমাই—ন্যূন করাই। কমানা॥

কমনে…ব্য. (স° কিং স্থানে)। কোথায়।

কমন্তরে (গ্রা°)…ব্য. (এক মন্ত্রে—এক-মন্তরে দেখ)। একমন্ত্রে, অতিশীঘ্র (মাঃ)। (প্রায় অপ্রচঃ)

কমর…ষ্য. (ফা°)। কোমর দেখ।

কমলা…নেবু দেখ।

কমলা-গুঁড়ি, কমিলা…ষ্য. (স° কাম্পিল্ল। হি° কমিলা; ও° কমলা-গুড়ি)। সুহিকাদি বর্গের ছোট আরণ্য তরু বিশেষের (Mallotus philippinensis) ফলের পৃষ্ঠজাত

লাল গুঁড়া। বঙ্গদেশ ব্যতীত অন্য প্রদেশে এই গাছ আছে, এবং ফল হইতে লাল গুঁড়া (kamela) সংগৃহীত হইয়া থাকে। কমলা-গুঁড়ি দিয়া পাট ও তসর নারঙ্গাবর্ণ করা হইয়া থাকে। (অমরে, কাম্পিল্লঃ কর্কশাশ্চন্দ্রো—ফল কর্কশগাত্র বলিয়া কর্কশ, গুঁড়া চক্‌চক করে বলিয়া চন্দ্র)।

কমা ··ষ্য. (ই° Comma)। লেখায় স্বল্পবিরাম চিহ্ন (,)।

কমিটি···ষ্য. (ই° Committee)। পঞ্চক। কার্য্যনির্বাহক সমিতি। গ্রা° কমিট। কমিটির মেম্বর·· পঞ্চকের জন।

কমিশন···ষ্য. (ই° Commission)। বিক্রয়ে ছাড়ি। নিযুক্ত ব্যক্তি (আদাঃ)।

কমিশনর···ষ্য. (ই°Commissioner)। রাজার উচ্চপদস্থ কর্মচারী। কমিশনরী··· কমিশনরের আফিস সম্বন্ধীয়।

কমুণ্ডল (গ্রা°)·· ষ্য. (স° কমণ্ডলু)। সন্ন্যাসীর জলপাত্র; প্রঃ—ব্রহ্ম কমুণ্ডলে বাস (গঙ্গার বন্দনা)।

কম্পন ··ষ্য. (স°)। কাঁপনি। (২) একই স্বরের পুনঃ পুনঃ প্রকাশ (গীতবাদ্যে)। কম্পবান (গ্রা°) ··ণ. স° কম্পমান।

কম্পোজ ··ষ্য. (ই° Compose—ক্রিয়া)। লেখা ছাপার আগে অক্ষর-বিন্যাস। কম্পোজিটর ··ষ্য. (ই°)। অক্ষরযোজক। কম্পোজিটরি ··অক্ষরযোজকের বৃত্তি।

কম্ফট, কম্ফর্টার ··ষ্য. (ই° Comforter)। গল-বেষ্টনী।

কম্বল ··ষ্য. (স°)। মেষাদি লোমের আসন। কম্বল-আসন ··কম্বলের ছোট আসন। ভোট কম্বল···ভোট দেশীয় কম্বল (চৈঃ চঃ)। (২) কমল শব্দের অপভ্রংশে; যথা, রক্ত-কম্বল।

কম্ম (গ্রা°) ··ষ্য. (স° কর্ম)। কর্ম। কাজ। কম্ম ··(সহচর শব্দ)। কার্য-কর্ম (কার্য-কর্ম বলা যায় না; বলা যায় কার্য, কিংবা কর্ম; কিন্তু কাজকম্ম। এস্থলে কম্ম স্থলে কর্ম বানান ঠিক নহে)। কম্মা···ণ. কর্মী, কর্মদক্ষ। অকম্মা···কর্মের অযোগ্য (মানুষ)। নিকম্মা···কর্মের অযোগ্য (বস্তু)। কম্মকর্ত্তা ···কর্মকর্তা।

কয় ··ণ. (কত—কঅ—কয়)। কত (দেখ)।

কয়থ, কয়েত ··ষ্য. (স° কপিত্থ—কইথ—কয়থ। ও° কঁইথ, হি° কথবেল। গাছে কপি—বানর থাকে বলিয়া স° কপিত্থ)। বন্য ফল বলা যাইতে পারে। গাছ নারঙ্গাদি বর্গের শল্যী তরু (Feronia elephantum)। ফল (wood-apple) শরৎ কালে পাকে। গজভুক্ত কপিত্থবৎ···গজ অর্থে হস্তী হইলে উপমা অমূলক।

কয়লা···ষ্য. (ও° কইলা, হি° কোইলা, ম° কোলসা। ও° কলা—অঙ্গারচূর্ণ। স° কাল হইতে ও° কলা (কলা)। কলা হইতে কয়লা—য় ই এক বলিয়া হি° কইলা। য় আগম। তু° মলা হইতে ময়লা)। অঙ্গার। কাঠের কয়লা ··কাঠ-পোড়া অঙ্গার। কোক কয়লা···ষ্য. (ই° কোক+হি° কয়লা)। পাথরিয়া-কয়লা চোয়াইয়া প্রাপ্ত অঙ্গার। পাথরিয়া-কয়লা···(পাথর+ইয়া)। প্রস্তরীভূত অঙ্গার, খনিজ অঙ্গার। কয়লা-খাদ ··পাথরিয়া কয়লার খনি।

কয়াল ··ষ্য (স° কুয়+আল)। কুয়কালে তৌলিক। কয়ালি···কয়ালের বৃত্তি, প্রাপ্য।

কয়েক ··ণ. (স° কতিক ; কিংবা প্রাচীন বা° কতেক—কত+এক হইতে। এক দেখ। ও° কেতেক ; হি° কঈক)। অল্প-সঙ্খ্যক।

কয়েদ···ষ্য. (আ° কয়দ)। বাধা, রোধ। কয়েদী···(আ°)। রুদ্ধ ব্যক্তি, কারাগারে আবদ্ধ ব্যক্তি।

কর ··ধাতু. (স° কৃ—কর্)। করি—কর্ম্ম করি। কর ধাতুর নানা অর্থ আছে। যথা, (১) নিষ্পাদন, প্রঃ—কাজ করা, ব্যবস্থা করা ; (২) উৎপাদন, প্রঃ—আগুন করা, ক্ষেতে ধান করা ; (৩) কৃত্য-সম্পাদন, প্রঃ—গয়া গঙ্গা করা—গয়াগঙ্গার কৃত্য করা ; কাছারি করা, হাটবাজার করা ; (৪) ভোগ, প্রঃ—সুখ করা, অসুখ করা ; (৫) প্রয়োগ, প্রঃ—বুদ্ধি করা, মায়া করা ; (৬) করণ, প্রঃ—বারণ করা, লালন করা, ঘরকরনা করা ; (৭) ইষ্টকর্ম্ম করণ, প্রঃ—নমঃ নমঃ করা—উচ্চারণ, লাঙ্গাল করা—হলকর্ষণ, ঘর করা—গৃহী হওয়া ; (৮) সঞ্চালন, প্রঃ—বাতাস করা ; (৯) হওয়া, যাওয়া অর্থে, প্রঃ—ইচ্ছা করে—ইচ্ছা যায়, ভয় করে—ভয় হয়, আবশ্যক করে—আবশ্যক হয়। (এই এই অর্থে কর ধাতুর প্রয়োগ গ্রাম্য। এইরূপ, রান্না করা—রাঁধা, সেলাই করা—সেঁওয়া, ধোলাই করা—ধোয়ানা ইত্যাদি বা°তে অশুদ্ধ)। করা ॥ করা-করি ॥ করিয়া···ব্য. প্রকারে, প্রঃ—কেমন করিয়া, ভাল করিয়া ; দ্বারা, প্রঃ—নৌকা করিয়া যাত্রা। করিত-কর্ম্মা (গ্রা°)···ণ (স° কৃত-কর্ম্মা)। দক্ষ। করীয়া, করীয়ে···ণ. (ব্যাকরণ দেখ)। করণে দক্ষ। করা···ধাতু. (কর ধাতু আস্তে)। করানা ॥ করাঈয়া, করাঈয়ে ···করাইতে দক্ষ।

কর ··বিভক্তি. প্রাচীন বৈষ্ণবপদে সম্বন্ধের র স্থানে। প্রঃ— তা-কর—তা-র, তাহার।

কর···ষ্য. (স°)। রাজস্ব। যথা, ঘাস-কর··· ঘাস জন্য কর। জল-কর ··জল জন্য কর ; পুষ্করিণীর জলের বিস্তার। পথ-কর···পথ নির্ম্মাণ জন্য কর।

কর···ষ্য. (স°)। করে যে, এই অর্থে অন্ত্য শব্দের পরে যুক্ত হয়। যথা, কারি-কর, তীর-কর—যে শর করে, সানা-কর—যে তাঁতের সানা করে।

করকচ···ষ্য. (স° কড়ক)। সমুদ্রজল সূর্য্য-তাপে শুখাইলে যে লবণ হয়।

করকটিয়া, করকট্যে···ণ. (স° কর-কুষ্ঠী)। কর—হাতে কুষ্ঠরোগ যার। ইহা হইতে বিকৃত, খর্ব ও বক্র। (কুরকুটিয়া দেখ)।

কর্‌-কর···ব্য. (স° কর্কর—কাঁকর)। ধূলি-পতনে বা বিদ্যমানতায় কণ্ডূয়ন, প্রঃ—ধূলা পড়িলে চোখ কর্‌-কর করে। কর্‌করিয়া, কর্‌কর্যে। কর্‌কর্যে গামোছা দিয়া গা কর্‌-কর করিয়া মাঁজা। কির্‌কির···কার্কশ্য হেতু কণ্ডূয়ন। পুরানা ঘি-তে ভাজা লুচী খাইলে গলা কির্‌কির করে। কুট্‌কুট দেখ।

করঙ্গা ··ষ্য. (স° করঙ্ক)। কমণ্ডলু, প্রঃ—করঙ্গের জলে করে সর্ব্বাঙ্গ সিঞ্চন (চৈঃ চঃ)। করুয়া দেখ।

কর-চালু, কর-চালি···ষ্য. (কর—হস্ত, হস্তদ্বারা চালনা করা যায় বলিয়া ; কিংবা কর তালু ; ও° করচুলি ; হি° করছা, করছাল)। হাতা ; খুন্তী।

কর-জোড় ··ণ. (স° কর—হাত+বা°জোড়

—জোড়া)। বদ্ধাঞ্জলী, হাতজোড়।

করঞ্জা…ষ্য. (সং করঞ্জক; ক—জল রঞ্জন করে বলিয়া করঞ্জ—অঃ টীঃ। ওং করঞ্জ)। অন্য নাম ডহর-করঞ্জা—কারণ ডহর—নিম্নভূমিস্থিত জলের ধারে এই গাছ জন্মিতে দেখা যায়। শিম্বাদি বর্গের তরু (Pongamia indica)। ফলে একটি বীজ, বীজ চেপটা। বীজে তেল হয় মণকরা দশ সের। জ্বালাইতে এবং চর্মরোগের ঔষধে লাগে। নাটা করঞ্জা…ষ্য. (সং লতা হইতে নাটা; কিংবা সং নক্ত হইবে নাটা। করঞ্জের এক নাম নক্তমাল। কিন্তু সে করঞ্জ ডহর-করঞ্জা। সং নাম কটু-করঞ্জ,—হিং কট করঞ্জ; অন্য নাম পূতি-করঞ্জ (উদয় চাঁদ); ওং বোরিপোল)। বৃহৎ লতানিয়া কাঁটা গাছ। শিম্বাদিবর্গের কৃষ্ণচূড়াদি অনুবর্গের গাছ (Cæsalpinia bonducella)। বেড়া ও পুকুরপাড়ে বাঁধে জন্মে। সমুদ্রকূলেও বিস্তর জন্মে। শুঁটী কাঁটাময়, আকারে প্রায় ডহর-করঞ্জার মতন। কোথাও কোথাও এই গাছকে গিলা বলে। কিন্তু গিলা গাছ শিম্বাদিবর্গের বব্বুলাদি অনুবর্গের। গিলা ফুলের দল সমান, নাটা করঞ্জার দল অসমান। গিলার শুঁটী লম্বা বৃহৎ। নাটা করঞ্জার বীজ সবিরাম জ্বরের ঔষধ বলিয়া খ্যাত হইয়াছে। বীজের শস্য তিক্ত। কাঁটা করঞ্জা, টক করঞ্জা …ষ্য. (সং কর-মর্দক,—দ স্থানে জ হইয়া করমজা—করঞ্জা, হিং করৌন্দা; ওং করঞ্জ-কোলি)। তগরাদি বর্গের ক্ষীরী বহু-শাখা-যুক্ত কণ্টময় ক্ষুপ (Carissa carandas)। পাতা ছোট, ফুল শাদা, ফল প্রায় গোল, অম্লাস্বাদ। অনেকে টক ফল বাঁধিয়া খায়।

করণ-কারণ…ষ্য. (সং করণ—করা, কারণ—করানা)। বিবাহাদি সম্বন্ধ। করণীয় ঘর …যে বংশে বিবাহসম্বন্ধ হইতে পারে।

করতঃ, করত…ব্য. (বাং করা—করণ, সং তস্ প্রত্যয়, করণতঃ)। করিয়া (পণ্ডিতী ভাষায়)।

করতা, কড়তা…ষ্য. (করা—নির্মাণ, পাত্র—তা; তুং নামপত্র—নামতা; হিং করদা)। শূন্য পাত্রের ভার। করতা ভাঙ্গা…(ধাড়া ধরা দেখ)। ঘি তেল ইত্যাদি ওজন করিবার পূর্বে শূন্য পাত্র ওজন করা। (কবিকঙ্কণে উমানা—সং উন্মান হইতে)। করতা বাদ…পাত্র সহিত দ্রব্যাদির ভার হইতে পাত্রের ভার বাদ।

করতার…কর্তার দেখ। (হিং কর্তার)।

করতাল…ষ্য. (সং)। কাঁসার দুইখানা বাদ্য বিশেষ।

করবালা…ষ্য. (আং)। যে স্থানে আলীর পুত্র হুসেন হত ও সমাধিস্থ হইয়াছিলেন। যে স্থানে তাজিয়া পোতা হয়।

করবী…ষ্য. (সং করবীর। সংপ্রাং কণবীর হইতে ওং কণিঅর, হিং কনের)। তগরাদি বর্গের পুষ্প ক্ষুপ (oleander, Nerium odorum)। প্রতি গাঁইঠে তিনটা পাতা। ফুলে ঈষৎ মধুর গন্ধ আছে। লাল ফুল ও শাদাফুল দুই জাত। পদ্মকরবী…বহুদল করবী।

করলা…করেলা দেখ।

করা, কোরা…ষ্য. (সং করা—নারিকেল; বাং কুর ধাতু হইতে কোরা—করা আসিতে পারে। ওং কোরা)। নারিকেল-কোরা ও শর্করা যোগে, মিষ্টান্ন বিশেষ; রস-করা।

করা…কর ধাতু দেখ।

করাত…ষ্য. (সং করপত্র। ওং কর্ত্ত, হিং করাস্ত; মং করবত। শুং পুঃ করাত। করপত্র—করঅত্ত—করাত্ত—করাত)। দন্তুর লৌহ-পত্র-রূপ শস্ত্র-বিশেষ (saw)। বড় করাত, ঠেলা করাত…এত বড় যে কাঠ চিরিতে অন্যের সাহায্য লাগে। হাত করাত…ছোট করাত। নারিশ (দেখ) করা বা শাখাল (দেখ) দেওয়া…করাতের দাঁত পরে পরে বিপরীত পাশে বাঁকানা। করাতগুঁড়া…করাত দ্বারা চেরা কাঠের গুঁড়া। করাতী…ষ্য. করাত দিয়া কাঠ চেরা বৃত্তি যার; প্রঃ—কানুর পিরীতি কুলের করাতি পরাণ টানিয়া নিল (চণ্ডীঃ)। শাঁখার করাত…শঙ্খ চিরিবার করাত।

করামৎ…ষ্য. (আং)। অনৈসর্গিক শক্তি। করামতি…অদ্ভুত শক্তি প্রকাশ।

করার, কড়ার…ষ্য. (আং)। স্থিরতা; অঙ্গীকার। করারী…করার করা হইয়াছে যাহা। বে-করারী…অস্থির; অনিরূপিত।

করীর…ষ্য. (সং। হিং করীল)। মরুভূমির কণ্টক ক্ষুপবিশেষ (Capparis spinosa)। বরুণ-বৃক্ষাদি বর্গের গাছ। (কাঁটা গুড়-কামাই দেখ।) করীর হইতে করেল, কলু-কেরা ইত্যাদি নাম হইয়াছে। এক জাতির (Capparis aphylla) পাতা ক্ষুদ্র, কেবল শাখাগ্রে দেখা যায়, পরে পড়িয়া যায়। সং গ্রন্থে ইহাই করীর নামে খ্যাত।

করুণা…ষ্য. নেবু দেখ।

করুয়া, করোয়া…ষ্য. (সং করঙ্ক। ওং করুআ, হিং করুআ)। কমণ্ডলু (চৈঃ অমৃতে, 'করোয়া মাত্র হাতে'; অন্যত্র, 'কাঁথা কর-ঙ্গিয়া')।

করেলা…ষ্য. (সং কারবেল্ল—হেমঃ। ওং কলরা, হিং করেলা)। কুষ্মাণ্ডাদি বর্গের প্রতানী বিশেষ (Momordica charantia, var. muricata)। ফল তিতা, উচ্ছা সদৃশ কিন্তু লম্বা।

করৈত…ষ্য. (হিং নাম; সং কিরাত হইতে)। বিষধর সর্প-বিশেষ। বঙ্গাদেশের কেঅটিয়া সাপের সগণ। কিরাইত দেখ।

কর্কটা, কর্কটিয়া…ষ্য. (সং কর্করেটু, করেটু)। পক্ষী বিশেষ (কট্‌কটিয়া দেখ)।…ণ. কর্কশ শব্দকারী, প্রঃ—কঃ বেং।

কর্চুর…ষ্য. (সং)। শঠী দেখ।

কর্জ, কর্জা…ষ্য. (আং)। ঋণ। কর্জদার…ঋণী। কর্জপত্র…ঋণস্বীকার-পত্র, খৎ।

কর্ণ…ষ্য. (সং)। কান। কর্ণ-ফুল…ষ্য. (সং কর্ণ বাং ফুল)। কানের সোনার অলঙ্কার-বিশেষ। কর্ণমূল…ষ্য. (সং)। কানের আরম্ভ-স্থান। কর্ণমূল হওয়া…কর্ণমূলের গ্রন্থি-স্ফীতি (swelling of the parotid glands)।

কর্ণিক (গ্রাং কন্নিক)…ষ্য. (সং কর্ণিকা—লেখনী—শব্দকল্পে। ওং করণী, হিং কর্ণী, মং করণী)। রাজের পত্রাকার লৌহযন্ত্র বিশেষ (trowel)। নহলা…সরুমুখ কর্ণিক (নরুন হইতে?)

কর্ণিকার…ষ্য. (সং কর্ণিকা—তালপত্র নামক কর্ণভূষণ; করি-শুণ্ডাগ্রবর্তী অঙ্গুলাকৃতি; পদ্মবীজ-কোষ; ইত্যাদি অর্থ হইতে কর্ণিকা তুল্য পুষ্প যে বৃক্ষের—সে বৃক্ষ কর্ণিকার। অমরে—দ্রুমোৎপলঃ কর্ণিকারঃ পরিব্যাধঃ—দ্রুমে উৎপলাকার পুষ্প আছে বলিয়া দ্রুমোৎপল; পরিবিধ্যতেঽনেন—চারিদিকে

ইহা পীড়িত করে—ব্যাপ্ত হয় বলিয়া পরিব্যাধ। এই দুই লক্ষণ হইতে বৃক্ষ নির্দ্দেশ সহজ হইতেছে না। বর্ণপ্রকর্ষে সতি কর্ণিকারং দুনোতি নির্গন্ধতয়া স্ম চেতঃ—কালিদাসের এই উপমা হইতে জানিতেছি কর্ণিকার পুষ্পের বর্ণ উৎকৃষ্ট কিন্তু পুষ্প নির্গন্ধ। ভাবপ্রকাশে — কর্ণিকারো দীর্ঘফলঃ স্বর্ণাঙ্গঃ স্বর্ণভূষণঃ। ইহা হইতে স্বর্ণালু বৃক্ষ (সোঁদাল গাছ)। শব্দকল্পে, সোনালু গাছ। সোনালু গাছের পঞ্জাবী নাম কনিয়র, তামিল নাম কোন্নই। ইহা হইতে সোনালু বোধ হইতেছে। কেহ কেহ কর্ণিকার শব্দে কনক চাঁপা, কেহ বা পলাশ গাছ বুঝিয়াছেন। কিন্তু সোনালুর ফুলে উৎপলের সাদৃশ্য পাই না কনক-চাঁপায় পাই)।

কর্ত্তব···ষ্য. (সং কর্তৃত্ব হইতে)। অভ্যাস; গীতবাদ্যে অলঙ্কার প্রকাশ।

কর্ত্তা···ষ্য. (সং)। কর্ত্তা দেখ। প্রবাদে, কর্ত্তা ইচ্ছা কর্ম্ম নাড়াবনে কীর্ত্তন—ইচ্ছা হইলে কর্ত্তা নলবনে—যেখানে শ্রোতা নাই সেখানেও হরি-কীর্ত্তন করাইতে পারেন।

কর্ত্তার···ষ্য. (সং কর্ত্তৃ শব্দের বহুবচনে কর্ত্তারঃ; গৌরবে বহুবচনের প্রয়োগ। হিং কর্ত্তার)। ধর্ম্মঠাকুর, প্রঃ—শূং পুঃ, ধর্ম্মমঙ্গল।

কর্তৃক···ণ. (সং)। পণ্ডিতী ভাষায় 'যিনি কর্ত্তা'—এই অর্থে। দ্বারা (ব্যাকরণ দেখ)। প্রঃ—তৎকর্তৃক কৃত—তিনি যে কর্ম্মের কর্ত্তা, তাঁহা দ্বারা কৃত।

কর্তৃত্ব···ষ্য. (সং)। কর্ত্তার ভাব, বৃত্তি। প্রাং কত্তাতি।

কর্পূর (প্রাং কপ্পূর)···ষ্য. (সং। কল্পতে তাম্বূলাদিসৌরভাতিশয়করণায়—পানে সৌরভ করিতে লাগে বলিয়া—অঃ টীঃ। আং কাফুর)। জাপান চীন ফর্মোজা দ্বীপের চিরশ্যামল বৃক্ষ-বিশেষের (Cinnamomum camphora) কাষ্ঠের নির্যাস (Camphor)। কাষ্ঠ চোয়াইয়া প্রাপ্তিহেতু এই কর্পূর পক্ব কর্পূর। সাধারণতঃ এই কর্পূর বাজারে বিক্রি হয়। ভারতবর্ষের উত্তরে ও দক্ষিণে কর্পূর গাছ জন্মিতেছে। শ্রীকর্পূর···ষ্য. বাষ্পীভূত করিয়া শোধিত কর্পূর। (সাধারণ কর্পূর, ওং-তে ভাস্কর)। ভীমসেনী কর্পূর ···ষ্য. বর্ণিও ও সুমাত্রা দ্বীপের বৃহৎ তরুবিশেষের (Dryobalanus aromatica) কাণ্ডে সঞ্চিত কর্পূর (Barus camphor)। ইহা অপক্ব কর্পূর। কর্পূর-কাতি···ষ্য. (কর্পূর-কান্তি)। সুগন্ধ পান-বিশেষ। (কবিকঃ—কর্পূর-পাকা পান)। পান দেখ।

কর্পূর···ষ্য. (সং কর্পূর হইতে)। জলাভূমির কর্পূরগন্ধি শাক-বিশেষ (Limnophila gratioloides)। পাতায় চিহ্ন আছে, জলমগ্ন পাতা বহু-ছিন্ন। পাতা অভিমুখী। ফুল পঞ্চদল কিন্তু ওষ্ঠাকার। কেশর ৪টা; ২টা ছোট ২টা লম্বা। ফল বহুবীজ, দ্বিকোষ। এইরূপ জলার শাক অনেক আছে। তন্মধ্যে কর্পূর নামের শাক যদি সোজা হয়, তবে প্রায় ৮ আঙ্গুল উচা হয়। প্রায়ই লতাইয়া পড়ে। পাতা গুচ্ছাকার, পক্ষাকারে ছিন্ন। ফুলের বোঁটা আছে। ফুল রক্তচিহ্নিত শাদা। বর্ষাকালে ফোটে। কাল কর্পূর···ঐ প্রকার শাক (Limnophila roxburghii)। কিন্তু পাতা গুচ্ছাকারে না হইয়া মুখামুখি দুইটি হয়।

পাতার শিরা স্পষ্ট। ফুল একত্রে অনেক হয়, ছোট বেগুনা বর্ণ। ব্রাহ্মী শাক অনেকটা কর্পূর শাকের মতন, কিন্তু ব্রাহ্মীর পাতায় গন্ধ নাই। উভয়ের মধ্যে পরাগাশয়ে প্রভেদ আছে। ব্রাহ্মী দেখ।

কর্ম···ষ্য. (সং)। কাজ। কর্ম-কাজ··ষ্য. (কর্ম, কার্য ; সহচর শব্দ)। কাজ; (প্রায়ই) কাজকম্ম। কর্মকর্তা···কাজ বা ব্যাপারের কর্তা। কর্মকার···ষ্য. (সং)। কামার। কর্মকারক···ষ্য. (সং)। কর্মকারী। ব্যাকরণে কারকবিশেষ। কর্মচারী···ষ্য. (সং)। কর্তার নিয়োজিত ব্যক্তি। কর্মবিপাক···ষ্য. (সং)। কর্মের বিসদৃশ ফল। কর্মভোগ··ষ্য. (সং)। অকর্ম ও কুকর্মের ফল ভোগ। কর্মভোগে পড়া, ফেলা···বৃথা কর্মে, কষ্টকর কর্মে। কর্মিষ্ঠ (গ্রা° কম্মিষ্ঠি) ··ণ. (সং)। কর্মশীল।

কর্ষ··ষ্য. (সং)। এক তোলা পরিমাণ।

কল্-কল··ব্য. (সং কল ধাতু গতি)। জলের গতিতে, জলের গতি-শব্দে। প্রঃ—নালা দিয়া জল কল্‌কল করিয়া বহিতেছে। খিদায় পেট কল্‌কল করে··অস্ফুট ধ্বনি, উদরের রসের গতিতে। কলকলানি॥ কুল্‌কুল···ক্ষীণ জল-গতিতে, শব্দে। (অন্য অর্থ, কুল্‌কুল পরে দেখ)। কুলু-কুলু··জলস্রোতের অস্ফুট মৃদুধ্বনি।

কল··ষ্য. (সং কলা হইতে)। কলার উপায়, যন্ত্র। কল-কারখানা···ষ্য. (কারখানা দেখ)। কলা-স্থান ও কারি-স্থান (কলখানা-কারখানা = কলকারখানা ; অতএব সহচর শব্দ)। কল-কব্জা··কল, কব্জা ইত্যাদি। কল-শুদ্ধ··যে কল সহজে চলে, প্রঃ—চাবির কলশুদ্ধ ; কাজে যোগ্য, প্রঃ—ইঁকার কলশুদ্ধ—ন বুজিয়া যায় নাই। কল ঠিক করা···কাজে যোগ্য করা। কল··হাতের বিপরীত প্রঃ—কলের সূতা—হাতে কাটা নহে কলের কাপড়—হাতে বোনা নহে (২) কপট, প্রঃ—কলে-বলে···কপট ও বল প্রয়োগে। কলে-বলে-কৌশলে···কপট, ব ও নৈপুণ্য প্রয়োগে।

কল··ষ্য. (সং কবল। ও° কল্ল)। গো এক গ্রাস। (মানুষের গ্রাস—খামল (কবল)

কল··ষ্য. (সং কলন—ভ্রূণ, কিংবা সং কা —কোরক)। অঙ্কুর।

কলঙ্ক··ষ্য. (সং)। চিহ্ন, তাম্রাদির ম (rust)। অযশ। কলঙ্কী···অপযশপ্রাপ্ত স্ত্রী° কলঙ্কিনী॥ কলঙ্কা···ধাতু। কলঙ্ক —কলঙ্ক পড়ি। কলঙ্কানা।

কলন্তর···ষ্য. (সং কলান্তর। ও° কলন্তর) টাকার শুদ (কবিকঃ)।

কলপ··ষ্য. (আ° কলফ—মণ্ড)। কাল র নীল রং, ভাতের মাঁড়। কাপড়ে নীে কলপ · নীল রঙ্গা ; চুলে কলপ দেওয়া-কাল রঙ্গা ; জামায় কলপ··মাঁড়। (তু সং কল্প, কলাপ)।

কলম··ষ্য. (সং ; যথা, কলমঃ পুং লৈখন্যাং—মেঃ। কেহ কেহ মনে করিয়াছে কলম শব্দ আরবী হইতে আসিয়াছে। কিং হেতু কি ? সং কলম, আ° কলম, লাটি কলমস্, গ্রীক কলম্, তেলুগু কলমু ইত্যাদি এবং সং কড়ম্ব, কলম্ব শব্দ স্মরণ করিলে কোন্ ভাষা হইতে কলম (লেখনী) বলিতে পারা যায় ? কলম্বী (কলমী) শাকের পাব

ডাঁটায় কলম হয়। কড়মা ঘাসের ডাঁটা এবং এইরূপ ঘাস মাত্রের ডাঁটা (নাড়) গ্রীক ভাষায় কলম। বাঁশের কঞ্চি, শর, খাগ বা খাগড়া ইত্যাদি কলমের উপাদানের অভাব এদেশে ছিল বা আছে কি? পাতা ও বাকলেও লিখিতে হইলে কলম চাই। তাহাকে লেখনী বর্ল্মা হইতে পারিত। তালপাতায় লিখিতে—রেখা করিতে—ওড়িয়ায় লেখন, লেখনী। রঙ্গ দিয়া লিপি করিতে লেখনী আবশ্যক হইত না, বর্ণ-তূলী, আবশ্যক হইত। লেখনী ও বর্ণ-তূলী শব্দ আছে বলিয়া উপাদান হইতে কলম নাম আসিতে পারে না? অন্ততঃ মেদিনী-কোষের সময় হইতে কলম সংস্কৃত শব্দ)। কলম্ব কঞ্চি আদির লেখনী। কলমের মোঁচ…(মোঁচ দেখ)। অগ্রভাগ। কচ…(সং অর্থ কেশ)। কলমের সূক্ষ্ম অগ্রভাগ। কচ কাটা…অগ্রভাগ চেরা। কলম কাটা…কলম্বী কঞ্চি আদি কাটিয়া লেখনী করা। কলম বাড়া…লিখিবার যোগ্য করিতে অগ্রভাগ বাড়াইয়া দেওয়া। পেন-কলম…(ইং pen = কলম)। হাঁস বা ময়ূর পুচ্ছের কলম। কলম-দান…(দান ফাং, ধান সং)। কলমের আধার। কলম পেশা…(পেশা যাং)। লেখন-বৃত্তি। (২) ধাতুর দেহ ক্ষুদিবার লৌহ লেখনী। (৩) নূতন গাছ করিতে কাটা ডাল, প্রঃ—গোলাপের কলম —কলমের আকৃতি বলিয়া। কলম করা…ডাল হইতে গাছ উৎপাদন। কলমের চারা, গাছ…ডাল হইতে উৎপন্ন চারা গাছ। কলমী…কলম হইতে জাত। (৪) ঝাড়ের কলমাকৃতি কাচ (প্রায়ই ত্রিপার্শ্ব)। (৫) সোরা প্রভৃতি লম্বা দানা (crystal)।

কলম-তরাশ…ষ্য. (যাং)। কলম কাটিবার ছুরী। দোয়াৎ-কলম…মস্যাধার ও কলম (দোয়াৎ দেখ)। (কলম দোয়াৎ নহে)।

কলমী…ষ্য. (সং কলম্বী। ওং কলম; হিং কলমী)। কলম্বাদি বর্গের জলজ শাক (Ipomœa reptans)। ফল ফাটিয়া যায়। কচি পাতা ডগা রাঁধিয়া খাই। নীল কলমী…কলম্ব্যাদি বর্গের লোমশ রোহিনী (Ipomœa nil)। ফুল নীলবর্ণ। বীজ কাল বলিয়া নাম কালাদানা। কালাদানা রেচক। দুধ-কলমী…কলম্ব্যাদি বর্গের বন্য রোহিনী (Calonyction bona-nox)। পাতা বড় বড়,পানের মতন। ফুল বড় বড় শাদা।

কলশ…ষ্য. (সং)। বৃহৎ ঘট। মন্দিরের চূড়ায় কলশাকার গাঁথনি (কলশাকৃতি বলিয়া কলশ, ওং হিংতেও এই অর্থ); প্রঃ—সুনার কলস সোভে দেউল উপরে (শূং পুঃ); দেউল আচম্বিত কাঞ্চন-কলসিত (কবিকঃ)।

কলশী…ষ্য. (সং)। জল রাখিবার ছোট কলশ। (কাঁখে কলশ লইয়া নারী জল আনে না, আনে কলশী লইয়া)। দোড়ী কলশী জোটা…গলায় ভরা-কলশী বাঁধিয়া জলে ডুবিয়া আত্মহত্যা করা।

কল-হংস…(সং। হিং করা-কুল)। হাঁস দেখ।

কলহ-বিগ্রহ…ষ্য. (সং কলহ-বিগ্রহো—অঃ। সহচর শব্দ।)। কলহ।

কলা…ষ্য. (সং)। (১) পূর্ণচন্দ্রের ষোড়শাংশ। (২) এক অংশের ষাটি ভাগের এক ভাগ (minute)। (৩) নৃত্যগীতাদি চতুঃষষ্টি প্রাচীন শিক্ষনীয় ব্যাপার (arts)। কলা-কৌশল…নৃত্যগীতাদি ব্যাপারে নৈপুণ্য।

(৪) বিদ্যার বিপরীত, যন্ত্র ও কল সাহায্যে করনীয় ব্যাপার (arts and industries)। কারুকলা…কারুর করনীয় কলা (industrial arts)। যন্ত্র কলা…যন্ত্র সাহায্যে করনীয় কলা (mechanical arts)। ললিত কলা …চক্ষু কর্ণাদির প্রীতিকর ব্যাপার (fine arts)। কলা-বিদ্যা…কলার বিজ্ঞান (technology)। (৫) কপট, ছল (গ্রা° কল্লা)।

কলা…ধাতু. (সং কলন—ভ্রূণ, কিংবা সং কলি—কোরক)। কলাই—কল বা অঙ্কুর বহির্গত করি, প্রঃ—ভিজা ছোলা কলায়—অঙ্কুর বাহির করে। (২) (সং কলা হইতে)। কলাই—কৌশলে, ছলনায়, ভুলাই। (৩) কলাই—কলে বদ্ধ করি॥ কলানা॥

কলা ··ষ্য. (সং কদলক, কদলী। ওং কদলী; হিং কেলা; মং কেল। সংপ্রাং হইতে কেলা। ইং banana, এদেশে ইং plantain)। প্রসিদ্ধ ফল বিশেষ, সে ফলের গাছ (Musa sapientum)। কাঁচ-কলা …(হিং কচকেলা, ওং কঞ্চা কদলী)। কাঁচা রাঁধিয়া খাইতে হয় বলিয়া কলার এক জাতের নাম। পাতা পীত-হরিত বর্ণ। পাকিলেও সুস্বাদু হয় না। কাঁঠালী-কলা · (সং কাষ্ঠ-কদলী—বৈদ্যকে; ঢাকায় কবরী কলা। ওং বস্তল)। কাঁচ কলার ন্যায় এই জাত প্রায় বন্য। এই কলা দেবতার নৈবেদ্যে লাগে। পাতা ঘন হরিত বর্ণ, খোলের ধার খয়রা নহে। মর্তমান কলা …(কবিকঃ মর্ত্তমান; মর্ত্য—বৈদ্যকে। হিং অমৃত্বান। মার্টাবান্ নগরের নাম হইতে?)। স্থূল ও সুস্বাদু কলা বিশেষ। পাতা আহরিত বর্ণ, খোলের ধার খয়রা। পাকিলে এই কলা পীতবর্ণ হয়। ঢাকাই কলা এই কলা। চাঁপা কলা ··(সং কনক কদলী—বৈদ্যকে)। মর্তমানের মতন কিন্তু প্রায় ৮ আঙ্গুল লম্বা। পাকিলে চাঁপা ফুলের বর্ণ ও গন্ধ আসে। পাতার মাঝের শিরা লাল। চীনি চাঁপা…চাঁপা কলা হইতে ছোট, প্রায় বুড়া আঙ্গুলের মতন। চাটিম কলা ·· (ঢাকায় সফরী কলা। চট্টগ্রাম—চাটিগাম হইতে? Arakan plantain?)। কলা ছোট, সুগন্ধ ও সুস্বাদু। রাম কলা…কলা খয়রা লাল, সরু ও সুস্বাদু। পাতার শিরা খোলও লাল। (রাম কলা—কবিকঃ। Musa rubra?) এই কলা বোম্বাই প্রদেশে প্রসিদ্ধ। কলা-পেটো ··(পাট+ উয়া – সাদৃশ্যে, পাটুয়া—পেটো)। কলা গাছের খোলের দড়ী, প্রঃ—কলার পাটুয়া খোলা (চৈঃ চঃ)। কলা-বাসনা…(সং বাসনা—আবরণ)। কলাগাছের শুষ্ক খোল। কলার আঁটিয়া, এঁঠ্যে ··(সং অষ্ঠিক)। কলা গাছের ভূমিগত কন্দ (root-stock)। কলার তেউড়…(তেউড় দেখ)। কলা গাছের চারা (off-shoot)। কলা পুঁকী…(পুঁকী দেখ)। কলা গাছের ছোট চারা; অল্প বহির্গত গুটানা নবপত্র। মনকলা খাওয়া…মনে মনে বৃথা ধ্যান। কলা দেখানা, কলা খাওয়া, কলাপোড়া খাওয়া…(অশ্লীল। কদলীবৎ শিশ্ন। তুং কচু খাওয়া, কচু-পোড়া খাওয়া। বানর জ্ঞান করিয়া এই সব গালি হইতে পারে না)। অশ্লীল গালি।

কলাই…ষ্য. (সং কলায়—মটর; কিন্তু য

স্থানে ই হইয়া মূলার্থ সম্প্রসারিত হইয়াছে। কলাই বা কড়াই নহে)। মুগ বিরি যাবতীয় দ্বিদলের সামান্য নাম। (২) বিরি বা মাষ কলাই। (৩) মটর, প্রঃ—কলাই-শুঁটী। ফুট-কলাই ··মটর কিংবা ছোলা কলাই ভাজা। ভাজিলে ফাটিয়া বা ফুটিয়া উঠে বলিয়া নাম। (চৈঃ চঃ)।

কলাই ··ষ্য. (আ°)। তাম্রাদি ধাতুর গাত্রে রঙ্গাদি ধাতু লেপন (plating); দেওয়ালে চূণের লেপ। কলাইগার ··ষ্য. (যা°)। যে রাঙ্গা কলাই করে।

কলান্তর ··ষ্য. (সং)। কর্জ টাকার শুদ। (কবিকঃ কলন্তর, ও° কল্লন্তর)।

কলা-বউ ··ষ্য. (সং কলা বধূ)। দুর্গা-পূজায় নব-পত্রিকা (কদলীর সঙ্গে কলা-বউ শব্দের সম্বন্ধ নাই)।

কলাবৎ ··ষ্য. (সং কলাবৎ; হিং কলাবন্ত)। কলাভিজ্ঞ, সঙ্গীত-পারদর্শী। স্ত্রী°—কলাবতী, প্রঃ—চলিল কলাবতী অতিশয় রসভরে (জ্ঞান দাস)। কলাবতী ··ণ. সঙ্গীত পারদর্শীর যোগ্য। কালোয়াৎ দেখ।

কলাবতু ··ষ্য. (হিং; কল দ্বারা বটা (পাকান হুয়া) কল-বতুন)। রেশমের সহিত সোনা রুপার পাকানা সূতা।

কলি ··ষ্য. (সং)। চতুর্থ যুগ; এই ত কলির সন্ধ্যা—কলিযুগের আরম্ভ। (২) কলহ (এই অর্থ এখন অপ্রচঃ। কবিবঃ আছে। ও°-তে কল্লি প্রচলিত)। (৩) পুষ্পের কোরক মুকুল; পত্রকক্ষে পল্লবারম্ভ (bud)। (৪) গানের পদ। (৫) (আ° কলাই হইতে)। পাকা কাঁথে কলাই—শাদা লেপ (সং বজ্র-লেপ)। কলি ফেরানা ··নূতন লেপ দেওয়া। কলিচূর্ণ ··ঝিনুক-শামুকপোড়া চূণ। (৬) কলি জাল ··জাল দেখ। (৭) জামার বগল ও পকেটের পৃথক বস্ত্র খণ্ড।

কলিকা, ক°লকা ··ষ্য. (সং কলিকা শব্দ হইতে। ও° নাম কনিঅর—সং কর্ণিকার)। তগরাদি বর্গের পুষ্পতরু (Thevetia neriifolia)। পাতা সরু সরু, একোত্তর, দীর্ঘ। ফুল হলুদ, ফল সকোণ, অস্থিবিশিষ্ট। দক্ষিণ আমেরিকার গাছ, কিন্তু গ্রামে গ্রামে বহু ব্যাপ্ত হইয়াছে। (২) ধূমপানের তামুক পোড়াইবার কলিকাফুলের আকারের আধার।

কলিজা ··ষ্য. (হিং; সং কালেয় - যকৃৎ ?)। ছাগাদি পশুর যকৃৎ। মানুষের হৃৎপিণ্ড। সাহস।

কলিয়া, কল্যে ··ষ্য. (সং কলিপুত্র ?)। হিন্দু পদবী বিশেষ। (লেখা হয় কোলে)।

কলু, কোলু—ষ্য. (হিং কোল্হূ—ঘানী; আখমাড়া কল। বোধ হয় কল শব্দ হইতে। তুং হিং কলবার—শৌণ্ডিক, কোলী—তাঁতী। কিন্তু কল হইতে কলু হওয়া বাংতে নূতন। হয়ত কল+উয়া—কলুয়া, সংক্ষেপে কলু। কলিয়া দেখ)। তৈল কার জাতি-বিশেষ (তুং ঘণা)। স্ত্রী°, কলুনী।

কলেরা ··ষ্য. (ই°)। ওলা-ওঠা রোগ। (Cholera)।

কল্কা ··ষ্য. (যা° কল্গী—চূড়া, মন্দিরের মাথার কলশ। হিং কলগা-ফুল)। প্রতিমার চালের কিরণ-সূচক রাংতার বক্র কলশ; কলশাকার চিত্র, প্রঃ—কল্কা পাড়; শালের কোণে কল্কা। (সং কলিকা—

মুকুল—হইতে আসিলে ক'লকে উচ্চারণ হইত)

কল্‌গী ··ষ্য. (তুর্কী)। পাগড়ীর সম্মুখে উচ্চ ভূষণ-বিশেষ।

কল্প ··ষ্য· (স°)। বেদাঙ্গগ্রন্থ-বিশেষ (যজ্ঞাদির বিধি-বিষয়ক-গ্রন্থ); শাস্ত্রীয় বিধি, বিধি পালনের ধারা, সংকল্প ; ব্রহ্মার এক দিবস ; প্রলয়। হরি নামের মালা ৪ × ১০৮ বার জপ। কল্প-তরু·· ইন্দ্রের নন্দন কাননের বৃক্ষ-বিশেষ—যা চাই তা পাই এমন বৃক্ষ। উদার ; দাতা।

কল্পনা ··ষ্য. (স°)। নির্ধারণ, রচন, উদ্ভাবনা, মনের ভাব, কৃত্রিমতা, মিথ্যা রচনা, প্রঃ—কল্পনা করিবে নাই কি জাতি আপনি (মাঃ)। কল্পিত বাক্য ··মিথ্যা সাজানা কথা।

কল্‌মা··ষ্য. (আ°)। কোরাণের যে অংশে ঈশ্বর এক প্রতিপাদিত হইয়াছে। কল্‌ম পড়ানা ··মুসলমানধর্মী করা।

কল্য ··ষ্য. (স°—প্রত্যুষ)। কালি, দিবস। গত কল্য···গত দিবস। আগামী কল্য··· পরদিবস (গ্রা° আগত কল্য)

কশা···ষ্য. (স°)। চাবুক।

কষ্‌-কষ···ব্য. (স° কষ ধাতু হিংসায়)। হিংসায়, আক্রমণে ; প্রঃ—রাগ হইলে মারিবার নিমিত্ত হাত কষ্‌কষ্‌ করে, রাগে গা গষ্‌গষ করে। (কষ শব্দের স্থানে গষ, গা শব্দের পরে গ চলিয়া আসে। তু° গোসা—কোপ)॥

কষ ··ধাতু. (স° কষ, কস ধাতু বিলেখনে, আকর্ষণে, প্রাপণে)। কষি—কষ্টিপাথরে ঘর্ষণ করি, ফল নিষ্কাশন করি। কষিয়া মীর, কষিয়া বাঁধা ··আকর্ষণ করিয়া। কষা। কষা-কষি···আকর্ষণ, টানাটানি। তার-কষি···(যা° তার)। ধাতুর তার টানিয়া অলঙ্কার। কষা ··ণ. টান, রুক্ষ। কষ··· স্বর্ণাদির সূক্ষ্মরেণুর বর্ণ (স° নিকষ)। কষ ··মুখের প্রান্তভাগ, চোয়াল। কষা··· স্বর্ণাদির কষ দেখা ; প্রঃ—সুবর্ণবণিক বসে রজত কাঞ্চন কসে, জোড়ে ফোড়ে হইলে সংশয় (কবিকঃ)—পোড়ে পোড়ায়। পোড়ায় স্থানে পোড়ে ভাষায় নূতন। ফোড়ে ··ছিদ্র করে। অন্যত্র, সাবধানে পিটে পোড়ে ভোজরিতে কেহ ফোড়ে (কবিকঃ);— পিটে—পেটে ; ভোজরি ··(স° বজ্র হইতে?) বিঁধনী। কষা-মাঁজা—নিষষ প্রস্তরে কষা—ঘষা, এবং পরে মাঁজা—চিক্কণ করা। কষা ···গণিতের ফল-নিষ্কাশন, প্রঃ —অঙ্ক কষা, শের-কষা। কষি···তির্যক রেখা। কষি টানা —দাঁড়ীর তির্য্যক রেখা করা। কষনি ··স° কর্ষণী। কষা ··ধাতু (কষ ধাতুর আন্তে)॥ কষানা॥

কষ ··ষ্য. (স° কষায়)। কষায় রস ; খদিরবর্ণ চিহ্ন। প্রঃ—কাপড়ে কলার কষ লাগে—কদলীর কষায় রস ; চামড়া কষ করা—কষায়রসযোগে পাকানা। কষা ··ণ. (কষ +আ)। কষায়-রসযুক্ত। কষী ··ণ. (কষ +ঈ ; স°-কষন—অপক্ক)। কষায়াস্বাদ, অপক্ক ; প্রঃ—কষী আম, তু° কচি (কোষী দেখ)। কষাটিয়া·· ণ. কষায়বৎ, ঈষৎ কষায়-স্বাদ-বিশিষ্ট। কষানি ··ষ্য (কষ+ পানি। তু° চোলানি)। কষায়বর্ণ রস, মাংসের রস (কৃত্তিঃ উং), কষজল।

কষট···ষ্য. (স° কৃষ্টি কষ্ট। ও° কষট ; হি° কসাৱট)। কষ্ট, কষাকষি। কৃপণ।

কষিদা ··ষ্য. (ফা° কষীদান—টানা ; তু° স° কৃষ আকর্ষণ)। স্থচ দিয়া স্থতার ফুল তোলা।

কষ্টি, কষ্টিপাথর ··ষ্য. (স° কষ ধাতু+তি। হি° কসৌটী)। নিকষ-প্রস্তর, এক প্রকার কঠোর প্রস্তর (touch-stone)

কষ্টে-স্থষ্টে (গ্রা° কষ্টে-ছিষ্টে)·· ষ্য. কষ্ট-স্থষ্টিতে, কষ্টের বাহুল্যে, প্রঃ—পথে যাইতে লোক ভিড় কষ্টেস্থষ্টে আইলা (চৈঃ চঃ)।

কসম ··ষ্য. (আ°)। শপথ।

কসরৎ·· ষ্য. (আ°)। ব্যায়াম।

কসা ··কষা দেখ।

কসাই···ষ্য (আ°)। প্রাণীহত্যাকারক। নির্দয় ব্যক্তি। কসাইখানা···প্রাণীবধস্থান।

কস্থর ··ষ্য. (আ° কস্থর, কসর)। ত্রুটি, দোষ। কস্থর মাপ করা···দোষ হইতে মুক্তিদান। বে-কস্থর ··নির্দোষ ভাবে।

কস্ত, কুস্তি···ষ্য. (ফা° কস্তু। স° কৃষ্টি)। অভ্যাস, ব্যায়াম। কস্তা-কস্তি·· দুইজনে মল্লক্রীড়া।

কস্তা···ণ. ষ্য. (স° কষায়িত)। লোহিতবর্ণ লালস্থতা। কস্তা পাড়···লাল পাড়।

কস্তুরী···ষ্য. (স° কসতি দূরং গচ্ছতি গন্ধোহস্যাঃ দূরে গন্ধ পাওয়া যায় বলিয়া)। হিমালয় প্রদেশের মৃগ বিশেষের (musk deer. Moschus moschiferus) গন্ধ দ্রব্য। মৃগনাভি নামে খ্যাত বটে, কিন্তু বস্তুতঃ মৃগের মুষ্ক (ই° musk) বলা যাইতে পারে। চর্মের থলিতে যেন তেলা জমাট রক্ত। কালকস্তুরী···ষ্য. জবাদি বর্গের প্রায় দুই হাত উচা শাক বিশেষ (Hibiscus abelmoschus)। এই গাছের বীজে (হি° মষক দানা) কস্তুরীর গন্ধ পাওয়া যায়। গাছের ফুল বড়, মাঝে লাল। ফল পাঁচ-কোণিয়া। লতা কস্তুরী ···ষ্য. এক শাকের কস্তুরী তুল্য গন্ধবিশিষ্ট কন্দ।

কস্‌বা···ষ্য. (আ°)। হাট আছে এমন বড় নগর।

কস্‌বী ··ষ্য. (আ°)। বেশ্যা। কস্‌বীগীরি··· বেশ্যাবৃত্তি। কস্‌বী-পনা ··বেশ্যার ব্যবহার।

কস্মিন্ কালে ··(স°)। কোনও সময়ে।

কস্য ··(স° কিম্ শব্দের সম্বন্ধপদ)। কার —অমুকের। দলীলে, যথা, লিখিতং শ্রীরামহরি ঘোষ কস্য তমশুক পত্রমিদং কার্যাঞ্চ—এই তমশুক পত্র শ্রীরামহরি ঘোষ নামক ব্যক্তির লিখিত ও করনীয় হইল।

কহ, ক ··ধাতু. (স° কথ ধাতু কথন, বর্ণনে। থ স্থানে হ মাত্র। হ লোপে ক ধাতু, প্রঃ —মনের কথা কই। বা° কহা, ও° কহিবা, হি° কহনা, ম° কথনেঁ। ম°তে যেমন কথ ধাতু আছে, কহানী (বা° কাহিনী) তেমন আছে)। কহি—কি প্রকারে হয় বা হইয়াছে, করে বা করিয়াছে, তাহা বর্ণন করি। 'কহ কহ কৃষ্ণকথা অমৃত সমান'— বর্ণন অর্থ থাকিলেও সাধারণ প্রয়োগে কহ ধাতু স্থানে বল ধাতু হইয়া থাকে। কাহিনী, ব্যাপার বর্ণনায় কহ ধাতু আবশ্যক হইয়া থাকে। কহন ··কথন॥ কহনে না যায়··· বর্ণিয়া শেষ করিতে পারা যায় না। কহত ·· কথিত, প্রঃ—কহত প্রমাণ। কহা॥ কহা ···ধাতু (কহ ধাতু আস্তে)। কহানা॥

কহর ··ষ্য. (আ°)। যন্ত্রণা, প্রঃ—সহরে কহর এত (ভাঃ)। (অপ্রচঃ)।

কা, কাহা···সর্বনাম (স° কঃ)। কে শব্দের

উত্তর বিভক্তি বসিবার পূর্বে কে স্থানে কা, সাধুভাষায় কাহা হয়। যথা, কা-কে—কাহাকে, কার—কাহার। কারও অপভ্রংশে কারু। মান্যে কাঁ কাহাঁ হয় না।

কাই ··ষ্য. (সং ক্বাথ)। ক্বাথ, লাই; তেঁতুল বীজের কাই ··তেতুল বীজ ভিজাইয়া, খোসা ছাড়াইয়া, বাটিয়া, জল দিয়া ফুটাইলে কাই হয়। (২) পীতবর্ণ মৃত্তিকা-বিশেষ, কাই-মাটি। স্বভাবজ পীত মৃত্তিকা কাপড়ে ছাঁকিয়া ঘন ক্বাথের মতন অবস্থায় কলাপাতায় শুখানা হইয়া থাকে। হাঁড়ী-কুঁড়ীতে লাল রং করিতে ইহার 'পোঁছ' দেওয়া হয়। এই মাটিতে লৌহ থাকাতে পোড়াইলে হাঁড়ীকুঁড়ী লাল হয় (মং কাম্ব)।

কাঁই-মাঁই ··ব্য. (কাঁও মাঁও)। অবোধ্য ভাষা; প্রঃ—শুনিয়াছি সে দেশের কাঁই মাই কথা (ভাঃ)।

কাইট ··ষ্য. (সং কিট্ট—কইট-কাইট)। তৈলাদির মল।

কাইত, কীত···ণ, (সং কাত—শল্ক; তুং কাতলা মাছ; ওং কাতি কিংবা কর্ত্তরী—কাটারী হইতে)। কাতির সদৃশ, সুতরাং একাশী। কাইত হইয়া শোয়া···পার্শ্বে শয়ন। কুপা কীত···তৈলাদির পাত্র পার্শ্বে স্থাপন, সুতরাং সমস্ত তৈল ঢালা, সমস্ত নাশ। (কাতি দেখ)।

কাইয়াঁ, কেয়েঁ···ষ্য. (হিং)। মারবারীজাতি-বিশেষ। ধূর্ত্ত, কৃপণ।

কাইল, কাল ··কালি দেখ।

কাউর ··ষ্য. (সং কামরূপ হইতে?)। শিশু-দের পায়ের এক প্রকার ঘা (eczema)।

কাএত ··কায়েত দেখ।

কাএম ··কায়েম দেখ।

কাওয়া···কাফি দেখ।

কাওয়া···ষ্য. (ইং নাম হইতে)। পুন্নাগ-সদৃশ সুদৃশ্য শ্যামল-পত্র দীর্ঘ তরুবিশেষ (Garcinia cowa)। ক্ষীর পীতবর্ণ। ফলে ৪-৮টা ধারা। বিহার ও চট্টগ্রামে জন্মে।

কাওয়াজ···ষ্য. (আং কৱাঈদ)। সৈনিক-শিক্ষা।

কাওয়ালী···ষ্য. (আং কৱালী—দরবেশদিগের গীত ও বাদ্য বিশেষ। হিং কাৱালী)। বাদ্যের তাল-বিশেষ। (তাল দেখ)

কাওরা···কারোয়া, কেঅরা দেখ।

কাক, কাগ ··ষ্য. (সং কাক)। গ্রামেচর শাখাশ্রয়ীবর্গের প্রসিদ্ধ পক্ষী (House-crow. Corvus splendens)। ঘাড় ধূসরবর্ণ। স্ত্রী—কাকী। দাঁড়কাক ··ষ্য. (সং দণ্ড-কাক, দ্রোণ-কাক)। কাকের সজাতি পক্ষীবিশেষ (Jungle crow. Corvus macrorhynchus) ঘাড় কৃষ্ণবর্ণ। কাক-তন্দ্রা···ষ্য. (সং)। কাক-নিদ্রা, ঈষৎ নিদ্রা। কাক-ভূষণ্ডী, ভূষণ্ডী-কাক···ষ্য. এক ঋষি কাকরূপ ধরিয়া রাম-চন্দ্রের উচ্ছিষ্ট খাইয়া অমর হইয়াছিলেন। সে কাক ঋষিতুল্য বহুকাল জীবিত আছে। কাকের মাংস ··যাবতীয় জীব জন্তুর মাংস কাকের খাদ্য; কিন্তু লোকের বিশ্বাস কাকের মাংস অন্য প্রাণীর খাদ্য নহে। লক্ষণায়, অব্যবহার্য্য। কাক-কোকিল ডাকা···(কাক ও কোকিল, প্রায় সহচর শব্দ)। প্রত্যূষে কাক কোকিল জাগিয়া রব করে, প্রত্যূষ। তীর্থের কাক ··তীর্থ

স্থানে শ্রাদ্ধাদির পিণ্ডের ও ব্রাহ্মণাদি ভোজনের ভুক্তাবশেষ প্রাপ্তির আশায় কাক বসিয়া থাকে ; লক্ষণায়, আশায় প্রতীক্ষা-কারী। প্রবাদে, ভাত ছড়ালে কাকের অভাব কি···খাইতে দিলে সঙ্গী ও অনু-চরের অভাব হয় না। বেল পাকিলে কাকের কি···পাকা বেলফল কাকের ভক্ষ্য নহে ; কারণ বেলের কঠিন ত্বক, কাক-চঞ্চুর ভেদ্য নহে ; লক্ষণায়, অকাম্য বস্তুর লোভ বৃথা। সোনার দাঁড়ে কাক বসানা··· অযোগ্যের সমাদর।

কাক, কাগ··ষ্য, (সং কাক, কাকিনী)। কড়ার চতুর্থাংশ।

কাক···ষ্য. (ইং Cork—বৃক্ষ বিশেষের করক্-ওক গাছের স্থুল ত্বক্)। বোতলের ছিপি। কাক-গাছ···ষ্য. (ইং Indian cork tree। করক্ হইতে কাক্)। পাটলাদি বর্গের আরণ্য তরুবিশেষ (Millingtonia hortensis)। দেখিতে সুন্দর। এ কারণ পথ পার্শ্বে রোপিত হইয়া থাকে। শীতকালে প্রচুর ফুল ফোটে। ফুল বড় বড়, শাদা, সুগন্ধ। শুঁটী লম্বা, বীজে পাখা আছে।

কাক-জঙ্ঘা···ষ্য. (সং)। বন্য ক্ষুপ (Leea æquata)। পাতা পক্ষাকার, পর্ণ লোমশ দন্তুর। ফুল ছোট আপীত, বর্ষা-কালে ফোটে। (বাং নাম)।

কাক-মাচী···ষ্য. (সং)। বঙ্গানাদিবর্গের বর্ষায়ু বন্য শাক (Solanum nigram)। গাছে কাঁটা নাই। পাতা অণ্ডাকার, দন্তুর। ফুল ফল ঝুলিয়া পড়ে। (শব্দকল্পে কিন্তু গুড়কামাই গাছ। অমর টীকাতেও তাই—কাক-মাচী তু বায়সী। গুড়কামাই দেখ)।

কাক-মারি···ষ্য. (হিং ও° নাম)। গুড়ুচী আদি বর্গের লতা (Anamirta cocculus)। পানের মতন পাতা। ফুলে দল নাই। ফল বাঁকা অণ্ডাকার। ফল বিষাক্ত (Cocculus) বলিয়া কাক-মারি নাম।

কাঁক···ষ্য. (সং কঙ্ক)। বকতুল্য পক্ষী-বিশেষ (Heron)। (১) শাদা কাঁক···প্রায় দুই হাত দীর্ঘ ; শাদাতে কাল রঙ্গ ; চঞ্চু দীর্ঘ চাপা সূচলা হলুদা ; পদ দীর্ঘ সবুজ-খয়রা। মাথায় চূড়া আছে। গলা নীচে ও মাথা ভিতরদিকে রাখিয়া কাঁক কাঁক রব করিতে করিতে উড়ে। জলের ধারে মাছ বেঙ্গ খায় (Ardea cinerea)। (২) লাল কাঁক··· প্রায় দুই হাত দীর্ঘ ; মেটে লাল রঙ্গ ; চঞ্চু সরু হলুদা ; পদ দীর্ঘ, জালপাদ ; পক্ষ বিস্তীর্ণ, পুচ্ছ হ্রস্ব। গলা বাঁকাইয়া থাকে, একারণ মাথা কাঁধে ঢাকা থাকে (Ardea manillensis)। (৩) কঙ্কপক্ষীর ঠোঁটের আকারের কোদাল-বিশেষ।

কাঁকই···ষ্য. (সং কঙ্কবতী)। লম্বা মোটা-দাঁত চিরনী। (চিরনী ছোট এবং সরু-দাঁত)।

কাঁকড়া, কাঁকড়ী···ষ্য. (সং কর্কট)। প্রসিদ্ধ জলময় খোলক প্রাণী (Crab)। (প্রাচীন বাংতে এবং অদ্যাপি গ্রাং-বাংতে কাঁকড়ী। অল্পদিনের মধ্যে কাঁকড়া নাম চলিত হইয়াছে)। কাঁকড়া-বিছা···ষ্য. (সং নাম বৃশ্চিক। হিং বিচ্ছু)। অষ্টপদী অল-বিশিষ্ট প্রাণী-বিশেষ। লেজ ছাড়িয়া দিলে দেহের আকার কাঁকড়ার মতন (Scorpion)। কাঁকড়া-শিঙ্গী···ষ্য. (সং কর্কট-শৃঙ্গী)। ভারতের উত্তর পশ্চিম প্রান্তের বৃক্ষ বিশেষ (Pistacia integerimma)। পাতায়

এক পোকা ছাগলের শিঙের মতন বাঁকা (৮।৯ আঙ্গুল লম্বা) বিকার (gall) উৎপাদন করে। ইহাই কাঁকড়া-শিঙ্গী নামক কবিরাজী ঔষধ।

কাঁকর···ষ্য. (সং কর্কর। রেফযুক্তবর্ণের পূর্বস্থিত বর্ণ উচ্চারণে দীর্ঘ-স্বরিত হয়। বাংতে পূর্বস্থিত বর্ণ সানুনাসিক হইয়া দীর্ঘ-স্বরিত হয়। যথা, কর্কট—কাঁকড়া চর্চরী—চাঁচর, সর্প—হিং সাঁপ। সংতেও কর্কর এবং কঙ্কর)। পাথরের ক্ষুদ্রাংশ (কিন্তু ঘষিম নহে)। কাঁকরিয়া, কাঁকরে···ণ. (কাঁকর + ইয়া)। কাঁকর-বিশিষ্ট।

কাকরা ··ষ্য. (ও°)। গুড়পিঠা ; চাল বা গম-চূর্ণ গুড়-জল দিয়া সিদ্ধ করিয়া কাদা হইলে ঘিতে ভাজা। (চৈতন্য মঙ্গলে)।

কাঁকরোল···ষ্য. (সং কর্কটক। ও° কাঙ্কড়)। কুষ্মাণ্ডাদি বর্গের প্রতানী (Momordica cochin-chinensis)। গাছ লম্বা, ফুল শাদা। পুং স্ত্রী পুষ্প পৃথক পৃথক গাছে হয়। ফলের গায়ে উচ্ছার মতন অর্বুদ হয়।

কাকলাস ··ষ্য. (সং কৃকলাস। কেহ কেহ গিরগিটি বলে)। সরীসৃপ বিশেষ (Calotes versicolor)। দেহ ৮ আঙ্গুল, পুচ্ছ ১৪ আঙ্গুল। জিহ্বা চে[illegible] দেহ পাশে চেপটা, পিঠে ঘাড়ে চুড়া থাকে। মাথা কাঁপায়। (এইহেতু সং নাম কৃকলাস—কৃকেণ কণ্ঠেন লসতি, কৃকং শিরোগ্রীবং কণ্ঠ বা লাসয়তি কম্পয়তি—অঃ-টীঃ) পুং জাতি দেহের বর্ণ লাল হলুদা মেটে করিতে[illegible]রে। প্রঃ— সোনা হেন গা হইল মুকুট ধরে মুণ্ডে (কৃত্তিঃ উং)।

কাকা···ষ্য. (খোকা দেখ ; কিংবা সং তাত হইতে উর্দু চাচা, এবং চাচা হইতে কাকা। ও° ককা ; হিং কাকা, চাচা ; মং কাকা। কিন্তু বাংতে কাকা শব্দ পুরাতন নহে। হিন্দী হইতে বাংতে আসিয়া থাকিবে)। খুড়া ; পাতানা খুড়া। পাতানা খুড়াও ভাইপোকে কাকা বলে। এইরূপ, বাপ বেটাকে বলে বাপ, মা ঝীকে বলে মা বা মেয়ে, ইত্যাদি)। স্ত্রী° কাকী (প্রায়ই খুড়ী)।

কা-কা ··ব্য.। কাকের রব।

কাকাতুয়া···ষ্য. (ই° Cockatoo)। মলক্কা-দ্বীপের বৃক্ষচারীবর্গের পক্ষী (Cacatua)। শাদা পাখী, পাখীর মাথায় গোলাপী, হলুদা, কিংবা শাদা চূড়া থাকে। কেঁ কেঁ রব করে বলিয়া হয়ত কাকাতুয়া নাম চলিয়াছে। (ভারতচন্দ্রে কাকাতুয়া। অতএব অন্ততঃ দুই শত বৎসর এদেশে কাকাতুয়া আসিতেছে)।

কাঁকাল···ষ্য. (সং কঙ্কাল)। কটি। (কাঁকাল সংস্কৃত-মূলক, কোমর যাবনিক। গ্রামে কাঁকাল শব্দ সুপ্রচলিত আছে)

কাঁকুড়···ষ্য. (সং কর্কটী। হিং ককড়ী)। কুষ্মাণ্ডাদি বর্গের শঁসা-সদৃশ প্রতানী (Cucumis utilissimus)। পাতা খর-স্পর্শ। ফল লম্বা গোল ডোরাকাটা, পাকিলে লাল হয়, এবং এক জাত ফাটিয়া ফুটি (ই° melon) হয়। কাঁকুড় ফাটা হওয়া···কাঁকুড় ফাটিয়া যেমন বহুখণ্ডে বিভক্ত হয়, তেমন।

কাকুতি···ষ্য. (সং কাকুক্তি)। কাতর বাক্য। কাকুতি-মিনতি·· (মিনতি দেখ ; সহচর শব্দ)। কাতর প্রার্থনা।

কাখ-বিড়ালী···ষ্য. (সং কক্ষা। হিং ককরালী, কখোরী। বোধ হয়, কক্ষা + আলী হইতে

কাথ-আলী—কাথ-বিড়ালী হইয়াছে। বাংতে কাথড়ী কিংবা কাথলী হইবার অধিক সম্ভাবনা ছিল)। বগলে স্ফোটক-বিশেষ।

কাথ,কাঁথ···ষ্য. (সং কক্ষ)। কটিকক্ষ বা পার্শ্ব। (কাঁথে কলশী, কাঁকালে কাপড়—হইতে কাঁথ ও কাঁকাল শব্দের প্রভেদ পাওয়া যায়)। প্রঃ—কোলে কাথে করি তারে করিবা পালন (কবিকঃ)। কোলে কাথে করিয়া মানুষ করা—শৈশব হইতে। (কোল সম্মুখ ভাগ, কাথ পার্শ্বভাগ। কোলে কাখে—সহচর শব্দ)।

কাগ···ষ্য. (সং কাক, সং-প্রাং কাগ ; বাং কাগ, ওং কোআ, হিং কাগ, মং কাৱঠা)। কাক দেখ। কাগের ছা বগের ছা লেখা—কদক্ষর লেখা।

কাগজ ··ষ্য. (ফাং। শব্দটি যাবনিক ; কিন্তু বাচস্পত্যভিধানে কাগজ শব্দের ব্যুৎপত্তি কাগঃ কাকবর্ণো মস্যাদি র্দীয়তেঽত্র, ও হনুমৎকবচের প্রমাণ আছে। বাং হিং কাগজ, ওং মং কাগদ, তেলুগু কাগদমু। দ স্থানে জ অনেক শব্দে পাওয়া যায়)। লিপি-পত্র। হিসাব। তুলট কাগজ···কার্পাস তুলা হইতে প্রস্তুত কাগজ। সামান্য কাগজ পূর্বকালে শণ দিয়া হইত। কাগজী ···কাগজকারী মুসলমান জাতি। প্রঃ—কাগজ কুটিয়া নাম ধরায় কাগজী (কবিকঃ)। কাগজাত···ষ্য. (ফাং)। কাগজ-সমূহ। শ্রীরামপুরী কাগজ···হুগলীর নিকটবর্তী শ্রীরামপুরে নির্মিত শাদা কাগজ। বালি কাগজ·· হাওড়ার নিকটবর্তী বালি নামক স্থানে প্রথমে বাদামী রঙ্গের কাগজ (un-bleached paper) হয়। ডিমাই কাগজ ·· (ইং ডেমি—demi)। কাগজের পরিমাণ বিশেষ (২২ ইঞ্চি × ১৭৷৷০ ইঞ্চি) ; আদালতের ব্যবহারার্থে লিখিবার শক্ত কাগজ বিশেষ (২০ ইঞ্চি × ১৫৷৷ ইঞ্চি) (বস্তুতঃ কার্টিজ পেপার)। ফুলিস্কেপ···(ইং foolscap)। কাগজের পরিমাণ বিশেষ (১৬৷৷০ ইঞ্চি × ১৩৷৷০ ইঞ্চি)। মার্বল কাগজ···(ইং marble)। মর্মর প্রস্তর তুল্য চিক্কণ ও বহুরঙ্গে চিত্রিত কাগজ। কাগজের দিস্তা ···কাগজের স্তূপ, সম্প্রতি ২৪ খানায় একদিস্তা। এক তা, তক্তা, ফর্দ কাগজ ···এক খণ্ড। (কাগজ কলম, কলম কাগজ নহে)। কাগজী নেবু···নেবু দেখ।

কাওর, কাওল··ষ্য. (সং কামল)। পাণ্ডু-রোগ-বিশেষ (jaundice)। (২) (সং কামরূপ)। কামরূপ নগর, প্রঃ—কাওর কামিক্ষা চণ্ডী কামরূপে খেলা (মাঃ)।

কাঙ্খুরা···ষ্য. (রঙ্গপুরে নাম। আসামে নাম রিহা, ইং নাম rhea)। অশ্বথাদি বর্গের ক্ষুপবিশেষ (Bœhmeria nivea)। ছালে দোড়ী, সূতা হয়। লোকে জানে না যে ইহাতে সুন্দর শক্ত কাপড় হইতে পারে।

কাঙ্গাল···ণ. (সং কঙ্কাল হইতে কাঙ্গাল ; কঙ্কাল সার হইলে কাঙ্গাল)। অতি দরিদ্র। স্ত্রীং কাঙ্গালী, পদ্যে কাঙ্গালিনী। (তুং পাগলী, পাগলিনী)। কাঙ্গালা···ণ. ভিক্ষুক (অবজ্ঞায়), কাঙ্গাল-পনা করে যে। কাঙ্গাল-দুঃখী, কাঙ্গাল-গরিব··· (সহচর শব্দ)। দরিদ্র।

কাচ···ধাতু. (ব্যাং কাচা, ওং কাচিবা হিং, কছারনা, মং কাচণেঁ, কাঁচণেঁ (ঘর্ষণ করা)।

সং কাশ, কাস ধাতু দীপ্তিতে। শূংপুঃ, বামদিগে কাচন্তি পরভুর তিধার খন্তা—বাম দিকে প্রভুর ত্রিধার খনিত্র শোভা করে; সাজিয়া কাচিয়া সভে হইলা বাহির (জ্ঞান দাস)। ভুবনমোহন কাচে (কবিকঃ) —শোভে। সং কচ ধাতুর অর্থও দীপ্তি; কিন্তু কচ হইতে কচি কচা হইবার কথা। কঞ্চ কাঞ্চ ধাতুর অর্থও দীপ্তি, তুং মং কাঁচণেঁ। অতএব সং কাশ, কন্চ হইতে বাং কাচ ধাতু)। কাচি—ঘষিয়া ধুই, দীপ্তিশালী করি। কাপড় কাচা, পাট শণ পচাইয়া কাচা। কাচা॥ কাচানি ··কাচা কর্ম, ঐ কর্মের বেতন; কাচাপানি বা জল (তুং আমানি)। কাচা···ধাতু. (কাচ ধাতুর অন্তে)। কাচাই—ধোআই। কাচানা॥

কাচ ··ষ্য. (সং—শিক্যা; যথা কাচঃ শিক্যে মণৌ—মেঃ। হিং কছ, কছনা—তুং কাছুটী, কাছোটী)। (১) শিকা তুল্য ল্যাঙ্গাট। (২) কাঁচ। কাচরা, কাঁচড়া ··ষ্য. (সং কাচকার)। কাচনির্মাণকারী।

কাচ-কড়া···ষ্য. (সং কচ্ছপ হইতে কাচ+সং করক—নারিকেলাস্থি। হিং কাচকড়া)। কাছিমের খোলা (tortoise-shell); সমুদ্রজ তিমির অস্থিবিশেষ (whale-bone), (বস্তুতঃ অস্থি নহে); রবর-জাত ইং ভল্কানাইট নামক দ্রব্য (কাচকড়ার সদৃশ বলিয়া)।

কাচনি, কাঁচনি ··ষ্য. (সং কাচন)। পুথীবাঁধা ডোর; দোড়ী (জ্ঞানদাস)।

কাঁচ্-কাঁচ, কেঁচ্ কেঁচ ··ব্য. (সং কান্চ ধাতু বন্ধনে)। শিথিল বদ্ধ কিংবা নমনীয় দ্রব্যের উত্থান পতন শব্দে; প্রঃ—পালকীর লম্বা বাঁট ভারে কাঁচ্-কাচ করে, পুরাতন জীর্ণ তক্তাপোষে শুইয়া নড়িলে কাঁচ্ কাঁচ করে। (কচ্কচ দেখ)। কাঁচ্-কাঁচানি।

কাঁচ ··ষ্য. (সং কাচ)। কাচ। (কাঁচ বাং, কাচ সং; তুং হিং কাঁচ মং কাঁচ)। কাঁচ পোকা ··ষ্য. সবুজ রঙ্গের ডেনাআলা পতঙ্গ বিশেষ (a beetle)। ডেনা দৃঢ় এবং কাঁচের মতন উজ্জ্বল বলিয়া এই নাম। ডেনা কাটিয়া কপালের টীপ করা হইয়া থাকে। (রাঢ়ে এই পতঙ্গ সুলভ নহে; টীপের নিমিত্ত কুমারো পোকার ডেনা কাটা হইয়া থাকে)।

কাঁচ ··ধাতু. (সং কন্চ ধাতু বন্ধন; কিন্তু বাং কাঁচা, ওং কঞ্চা, হিং মং কচ্চা অর্থে বন্ধনশৈথিল্য; কচ—শিশুসন্ততি, তুং কাচ্চাবাচ্চা। হয়ত সং কুপচ কচ্চর হইতে কাঁচা, এবং কাঁচা হইতে কাঁচ ধাতু)। কাঁচি—কাঁচা হই, প্রঃ—কাজ কাঁচে, পাশার গুটি কাঁচে। কাঁচা॥ কাঁচা··ধাতু. (কাঁচ ধাতু অন্তে)। কাঁচাই—কাঁচা করি। কাঁচানা॥ কাঁচা ·· অপক্ক—কাঁচা আম, কাঁচা বয়স; অসার—কাঁচা কথা; পাক দেওয়া নহে—কাঁচা সূতা; আপোড়া—কাচা ইঁট; অস্থায়ী—কাঁচা রঙ্গা, কাঁচা কাজ; অনিপুণ—কাঁচা চোর, কাঁচা হাত; মৃত্তিকানির্মিত—কাঁচা বাড়ী, কাঁচা পথ; নির্মল—কাঁচা সোনা; গণনীয় নহে—কাঁচা পয়সা, কাঁচা টাকা। কাঁচার বিপরীত পাকা (দেখ)। কাঁচা-পাকা···অপক্ক এবং পক্ক। কাঁচা-পাকা জল—ঠাণ্ডা ও গরম জল মিশ্রণ; কাঁচা-পাকা বাড়ী—কিয়দংশ কাদার এবং কিয়দংশ চুনশুরকীর গাঁথা। কাঁচা-মিঠা ··কাঁচা অবস্থায় মিঠা,—কাঁচামিঠা আম। কাঁচী···

ণ. (কাঁচা + ঈ-ঈষদূন অর্থে)। ঈষৎ উন, হ্রস্ব, প্রঃ—কাঁচী শের, ওজন।

কাঁচ-কলা···কলা দেখ।

কাঁচড়া ··ষ্য. (সং কঞ্চট)। বন্য লতানিয়া শাকবিশেষ (Commelyna bengalensis)। ছায়াবৃত স্থানে ঘাসের মধ্যে বর্ষাকালে প্রচুর জন্মে। গাঁইঠে গাঁইঠে শিকড় হয়। পাতা অণ্ডাকার, পাতার বোঁটায় নল থাকে। ফুল ছোট নীলবর্ণ, অল্পেই মুদ্রিত হয়। প্রঃ—কাঁচড়া ক্ষুদের জাউ (কবিকঃ)। (রাঢ়ে নাম ঢোলাপাতা, ওং কনাসিরি)।

কাচা···ষ্য. (সং কচ্ছ—কাছা ; কাচ শব্দও দেখ)। গুরুজনের মৃত্যুতে দীনতা জ্ঞাপনার্থে উত্তরীয় পরিবর্তে ধুতির প্রান্ত। কাচা পরা, গলায় কাচা—প্রকৃত অভিপ্রায় একবস্ত্র হইয়া থাকা। (কাচ—শিক্যা, পাশ ; গলায় কাচা—গলায় উত্তরীয়-রূপ পাশ ?)। (২) ছোট বস্ত্র বা খাদী, প্রঃ—পরি দুপণের কাচা (কবিকঃ)—৶০ আনার কাচা।

কাচা ··কাচ ধাতু দেখ।

কাঁচি···ষ্য. (সং কাঞ্চি)। চন্দ্রহার (কবিকঃ)। (অপ্রচলঃ)।

কাঁচী···ষ্য. (সং কর্তনী, কর্তরী। ত স্থানে চ। সং কল্পনী, খণ্ডধারা শব্দের অর্থও কাঁচী। ওং কঅচি ; হিং কৈচী, কতরনী ; মং কাতর, কাতরী। বাং কাতরী দেখ। তুর্কী কৈচী শব্দও আছে। তুং ওং গুআ কাতি—বাং যাঁতী)। খণ্ডধারা কর্তনী।

কাঁচুলী···ষ্য. (সং কঞ্চুলী)। নারীর বক্ষ-আবরক পরিচ্ছদ-বিশেষ। (কবিকঙ্কণের সময়েও ভদ্র ঘরেরর নারী কাঁচুলী পরিত)।

কাচ্চা-বাচ্চা···ষ্য. (হিং কচবচ ; কাচা এবং বাচ্চা—বৎস)। ছোট ছেলে-পিলে। (হিং হইতে)। কাচ্চা-বাচ্চা-আলা···পুত্র-কন্যাদিযুক্ত।

কাঁচ্চা ··ষ্য. (সং কুঞ্চি)। কুঞ্চি—মানপাত্র বিশেষ, ইহা হইতে ভারবিশেষ (তুং শের)। ওজন দেখ।

কাছু··ষ্য. (সং কক্ষ—পার্শ্ব)। পার্শ্ব, নিকট। কাছা···ধাতু. কাছাই—নিকটে যাই। কাছানা॥

কাছা ··ষ্য. (সং কক্ষা—পশ্চাৎ অঞ্চল, কচ্ছা —পরিধানাঞ্চল,—হেমঃ)। পরিধেয় বস্ত্রের কুঞ্চিত পশ্চাৎ অঞ্চল। (কোঁচা—সম্মুখ অঞ্চল। ধুতি ও শাড়ীর কোঁচা ও কাছা থাকিতে পারে। তেলুগু ও মরাঠী নারীর দুইই থাকে। হিন্দুস্থানী নারীরও থাকে। ওড়িয়া নারীর কাছা—কাণিআ কছা—কচ্ছের কর্ণ—শাড়ীর ভিতরে থাকে। এইরূপ পূর্বকালে বঙ্গের পশ্চিমাংশে ভদ্রনারী কাছা ধারণ করিতেন ; কবিকঙ্কণ দেখ। দরিদ্র নারীর ক্ষুদ্র ধুতিতে কাছা করিবার আবশ্যক বস্ত্র থাকে না। এইহেতু নারীর কাছা ধারণ উঠিয়া গিয়াছে। কোঁচা লম্বা কাছা টান, তবে জানিবে বর্দ্ধমান—এই কথায় জানা যাইতেছে ধুতি ছোট বলিয়া কাছা টান করিতে হয়। পূর্বকালে বস্ত্র সুলভ ছিল না। কাছোটী, ছোট্, কাপড় শব্দ দেখ)। কাছা-আল্‌গা ·· শিথিল ব্যবস্থিত ; অনবধানী। কাছা-ধরা···অন্যের আশ্রয়-আকাঙ্ক্ষী ; ভীরু।

কাছাড়···ষ্য. (সং কচ্ছ + বাং আড়, আর)। জল প্রান্তভূমি ; বঙ্গের পূর্বস্থিত অঞ্চল-বিশেষ।

কাছাড়···ষ্য. (কচ্ছা—কাছা+আড় দিক ? আছাড় হইতে ? সং প্রক্ষালন ? তুং হিং কছারনা—কাচা, ধোওয়া)। সম্মুখদিকে লম্বা হইয়া অকস্মাৎ পতন; প্রঃ—নিশ্বাস প্রশ্বাস কর কাছাড় খাইয়া পড়, বুঝিলাম তোমার মনের ব্যথা (চণ্ডীঃ)। (কাছাড় খাওয়া।) আছাড়-কাছাড় করা—ব্যাঁকু-লতায় বেগে উথান পতন।···ধাতু. (ওং কচাড়)। কাছাড়ি—বেগে লম্বালম্বি নিক্ষেপ করি। কাছাড়া॥

কাছারি···ষ্য. (হিং কচহরী। সং কক্ষা—প্রতিযোগিতা,+হারি?)। বাদী প্রতিবাদীর বিচার, বিচার স্থান। কাছারি করা···বিচার করা; কাছারি বসা··বিচার আরম্ভ; কাছারি ওঠা···বিচার শেষ। কাছারি বরখাস্ত···বিচার শেষ। কাছারি-ঘর···বিচারালয়। কাছারি-বাড়ী···কাছারি করিবার বেষ্টিত স্থান (বাড়ী দেখ)। সরকারী কাছারি ···সাধারণের নিমিত্ত কিংবা গবর্মেণ্টের আপিশ।

কাছি···ষ্য. (সং কক্ষা—হস্তীর গল-বন্ধন রজ্জু)। মোটা রশী; প্রায়ই নৌকা বাঁধিবার মোটা রশী; প্রঃ—সাত পাঞ্চ তাহে ধর্ম্ম নাএ দিল কাছি (শূঃ পুঃ)।

কাছিম··ষ্য. (সং কচ্ছপ। প স্থানে ম; তুং প্রদীপ—পিদীম)। জলচর চতুষ্পদ খোলকী প্রাণী বিশেষ (turtle)। ছোট মেটে রঙ্গা, চেপটা, গোল। খোলে ফোঁটা ফোঁটা দাগ থাকে। খোল পেছুদিকে বহির্গত। মুখ সুচল। কাছিম হিংস্র। কাছিমের ডিম মানুষে খায়।

কাছোটি··ষ্য. (সং কচ্ছোটিকা। হিং কছোটি)। কৌপীন। কচ্ছা—কাছা—প্রধান অংশ যে বস্ত্রখণ্ডের। (বাংতে শব্দটি অপ্রচলিত হইয়াছে, কারণ কাছোটি পরা উঠিয়া গিয়াছে। কৃত্তিবাসে (সুং) বানরে 'কাছুটি' পরিত। কবিকঙ্কণে, ভদ্রনারী কাছোটি করিয়া শাড়ী পরিত। কাছা, ছোট দেখ)।

কাজ··ষ্য. (সং কার্য—কাজ্জ—কাজ। কার্য শব্দ গ্রাং উচ্চারণে কাজ্জ)। কর্ম, প্রয়োজন, কর্তব্য। কাজকর্ম···(সহচর শব্দ)। কর্ম। কাজ বাড়ানা···কার্য বা পরিশ্রম বৃদ্ধি করা। কাজ বিগড়া···কার্য নাশ করা। কাজ জোড়া···আরম্ভ করা। কাজ চালানা··কার্য নির্বাহ করা। কাজ পড়া··কার্য উপস্থিত হওয়া। কাজ দেখা ···তত্ত্ব লওয়া। কাজে দেখা, আসা··· কর্মোপযোগী হওয়া। কাজ বাতলানা··· কাজ নির্দেশন। কাজ সারা···শেষ করা। কাজ দেওয়া···কর্ম দেওয়া। কাজ লওয়া ···কাজ দেখিয়া গ্রহণ। কাজ বাহির করা ···নূতন কার্য আবিষ্কার করা। কাজের কাজ ···কার্য মধ্যে প্রধান কাজ। কাজের লোক ··কর্মের যোগ্য ব্যক্তি। কাজ-পাগলা··· কর্মশীল। কাজুয়া, কেজো···(কাজ+উয়া)। কাজের যোগ্য। কাজের মাথায় ··কর্মের শেষ-ভাগে, কাজে ব্যস্ত থাকার সময়, প্রয়োজন পড়িলে। অ-কাজ··অকর্তব্য কর্ম। কু-কাজ··নিন্দিত কর্ম। অ-কাজুয়া, অকেজো···কাজের অযোগ্য। কাজে কাজে ···কাজের ফলে, ফলতঃ। কাজিয়া···ষ্য. (সং কার্য—বিবাদ; আং কজিয়া)। বিবাদ।

কাজল··ষ্য. (সং কজ্জল। হিং কজরা। প্রাচীন বাং কাজর)। দীপের কালী। **কাজল পাড়া**··দীপ-শিখা হইতে কজ্জল পাতন। **কাজল পরা**···চোখে কজ্জল ধারণ। **কাজল-নেতা**··ষ্য. (সং কজ্জল-নেত্রিক ; নেত্রিক—দৰ্বি ; নেত্রাকার বলিয়া নেত্রিক—নেতী। ওং কাজল পাতি –পত্রাকার বলিয়া। হিং কজলৌটি —পাতী হইতে আটি, পরে সঙ্ক্ষিপ্ত ও কজল সহ যুক্ত)। কাজল পাড়িবার নেত্রা-কার আধার। (কাজল-লতা শব্দ নহে ; নেতা হইতে অপভ্রংশে লতা)। **প্রবাদে,** সাধের কাজল পরিতে গিয়া হয়ে এলি কানা —স্থখের আশায় গিয়া বিপত্তি ঘটন।

কাজর··কাজল (চণ্ডীঃ)।

কাজলা··ষ্য. (ওং পটকিস্তা—পট্ট-পাটা চিরিবার কীল। হিং পচ্চুর ; মং পাচর, পাচর-বট ; পট্ট চেরা হইতে ? কাঠ চেরা বা চেলা—কাঠ-চেলা—কাজলা ? বাতলা **দেখ**)। কাঠ করাত করিবার সময় দুই অংশ ফাঁক করিতে যে গোঁজ বা খীল লাগে।

কাজলা···ষ্য. আখের জাত বিশেষ (আখ দেখ)। (২) শুকাদি বর্গের পক্ষী বিশেষ (Slaty-headed paraquet. Palæcornis schisticeps)। মাথা মেটে-কাল, পিঠ সবুজ, পুচ্ছ-প্রান্ত হলুদা। দীর্ঘে ২০ আঙ্গুল। (কেহ কেহ মদনাকে কাজলা বলে।)

•**কাঁজি**·· ষ্য. (সং কাঞ্জিক)। আমানি।

কাজী·· ষ্য. (আং)। মুসলমান শাসক (মাজিষ্ট্রেট) (মুসলমানী ভাষায়)। **কাজীর বিচার**··সামান্য বুদ্ধিতে বিচার। এইরূপ বিচার না কি পূর্বকালে মুসলমান রাজত্ব-কালে দেশে প্রচলিত ছিল। **কাজীর কাছে হিঁদুর পরব**—মুসলমান বিচারক হিন্দুধর্মের পর্ব বুঝিতে পারিবেন না। কাজেই অসঙ্গত ব্যাপার। **কাজের বেলা কাজী কাজ ফুরালে পাজী**—সময়ে সূক্ষ্ম বিচারক এবং সময়ে দোষী—গরজে দুই-ই হয় যে।

কাজু··ষ্য. (পর্তুং Caju)। বাদাম **দেখ**।

কাজুপতী···ষ্য. (ইং Cajuput)। মালয় উপদ্বীপ ও অষ্ট্রেলিয়া দেশের দীর্ঘ তরু বিশেষ (Mclaleuca)। ইহার পাতা হইতে তৈল নিষ্কাশিত হয়।

কাঞ্চন··ষ্য. (সং)। স্বর্ণ। (২) প্রসিদ্ধ উদ্যানজাত পুষ্পক্ষুপ (Bauhinia acuminata)। দুইটি পাতা মাঝে জুড়িয়া যেন একটি, এইহেতু এক সং নাম যুগপত্রক। শাদা বড় বড় ফুল, বারমাস ফোটে। **রক্ত কাঞ্চন**··ষ্য. (সং কাঞ্চনার। অন্য নাম কোবিদার)। পুষ্পতরু (Bauhinia variegata)। ফুল বড় বড়, আরক্ত। এক জাতের ফুল শাদা। তাহাকে শ্বেত কাঞ্চন বলে। পাতা পড়িলে গ্রীষ্মকালে ফুল ফোটে। (৩) **কাঞ্চন পুঁঠী**··পুঠী **দেখ**। (৪) **কাঞ্চনথালা**··থালা **দেখ**। **দেবকাঞ্চন**··ষ্য (সং)। পাটল বর্ণ পুষ্প বিশেষের তরু (Bauhinia purpurea)। ফুল হেমন্তে ফোটে।

কাট··ধাতু. (সং কৃত ধাতু ছেদন ও বেষ্টন ; কর্তন সং-প্রাং কট্টন। তুং আং কটা। ধান্য কট্টনম্—কৃষি-পরাশরে। কর্তন—সূত্র-নির্মাণ, যথা, কর্তনং ন দ্বয়োশ্ছেদে নারীণাং সূত্রনির্মিতৌ—মেঃ। এই অর্থে হিং কত

ধাতু)। **কাটি**—ছেদন করি, সূত্র রজ্জু নির্মাণ করি, প্রঃ—কাঠ কাটা, চরকায় সূতা কাটা, কাল কাটা। নিষেধে, আকাটা, আ-কাট। কাটা ··সর্পদংশন। কাটি-ঘা ···সর্পদষ্ট-ক্ষত। কাটনি · যেস্থান কাটা হইয়াছে বা হইবে। কাটা···ধাতু. (কাট্ ধাতু অন্তে)। কাটাই—অন্যের দ্বারা কর্তন করাই। কাটা···ধাতু (সং কর্তিত হইতে)। কাটাই—কর্তিত করি, প্রঃ—কাল কাটাইতেছে—কাল যাপিত করিতেছে। কাটানা॥ কাটানি, কাটাই ··ষ্য. কর্তন কর্ম, কর্তন বেতন। কাটান ··ষ্য. খণ্ডন, প্রঃ—তর্কের কাটান ; প্রতিষেধ, প্রঃ—মন্ত্রের কাটান ; পরিশোধ ; যাহা কাটা হইয়াছে, পথ, প্রঃ—নদীর কাটান—বন্ধাদি কর্তন দ্বারা নদীর পথ। কাটানিয়া ···কাটানের যোগ্য। কাট-কুট ··(কাটা এবং কোটা 'সহচর শব্দ)। কাটা, কাটা হইয়াছে যাহা। (কাটকুটা দেখ।) কাট-ছাঁট ·· কাটা ও ছাঁটা (দেখ) প্রান্ত বা টুকরা। কাটা-ছেঁড়া···(সহচর শব্দ)। হিসাব বাদ। কাটা-কুটি·· (সহচর শব্দ)। কর্তন। কাটালা, কাটাল ··ণ. (সং কর্তিত)। ছিন্ন বিন্ন, মেঘমুক্ত, প্রঃ—আকাশ কাটালা করেছে—মেঘমুক্ত হইয়াছে। কাট্‌কাট ·· ব্য. কর্তন করিতে আহ্বান শব্দে। কাটর-কাটর, কাটর-কুটুর···ব্য. কাটার রব। গলা-কাটা···গলা কাটে যে। (এইরূপ, গাঁইঠ-কাটা, মাথা-কাটা)। নাক-কাটা—যার নাক কাটা হইয়াছে। স্ত্রীং নাক-কাটী। এইরূপ, কান-কাটা, কান-কাটী। নির্লজ্জ। **প্রবাদে**—এককাটে ভারে, আরি কাটে ধারে—যেমন কাটারী ভারী ও ধারালা হইলে কাটা সহজ হয়, তেমনই সংসারে কতক পদমর্যাদায় ও ধনে, কতক বুদ্ধির গুণে লোকে কাজ সমাধা করে ; নিয়ত পরিশ্রম দ্বারা এবং বুদ্ধির চালনা দ্বারা লোকে ফল লাভ করে। কাটনা ·· ষ্য. (সং কর্তন ; হিং মং কাতনা)। সূতা কাটা, প্রঃ—কাটনার কড়ি কত যোগাব ওঝারে (কবিকঃ)—ওঝা দেখাইতে কাটনার কড়িতে কুলায় না। কাটনা কাটিয়া রাঁড়ি করে নিত্য ভাত (মাঃ)। (পূর্বকালেও সূতা কাটা হেয় কর্ম ছিল)। কাটনী ··ষ্য. (সং কর্তনী)। কর্তনকারিনী। (তুং রাঁধনী)।

কাঁটকারি (গ্রাং কেঁটকিরি)···ষ্য. (সং কণ্টকারি ; ওং অঙ্ক্রান্তি)। বঙ্গানাদি বর্গের কাঁটাময় বন্য ক্ষুপ (Solanum xanthocarpum. । ডাল ছড়াইয়া পড়ে। এই হেতু এক সং নাম বৃহতী। ফল ব্যাকুড় অপেক্ষা বড় হয়।

কাট্‌লেট···ষ্য. (ইং)। পাঁজরার হাড় সহিত রাঁধা মাংস।

কাটারী···ষ্য. (সং কর্তরী, কট্টার। ওং কটরি)। ছোট বড় খড়্গাকার শস্ত্র। (কোন কোন স্থানে দা (সং দাত্র) বলে)। প্রঃ—কাটারিতে যেন কাটে (চণ্ডীঃ) ; গলায় কাটারি দিয়া মরিব পরাণে (কৃত্তিঃ অরং) ; কাঠদা কুড়ালি বাসি (কবিকঃ) —কাঠদা—কাঠ-কাটা দা, বাসি—বাইস ; নীলপদ্ম খড়্গ কাতি সমুণ্ড খর্পর (ভাঃ) —কাতি কর্তরী, কাতান দেখ।

কাটিয়া, কেট্যে···ষ্য. (কাটা + ইয়া)। তসর-কাটা হইতে নির্মিত বস্ত্রবিশেষ।

কাঁটা···ষ্য. (সং কণ্টক ; সূচাগ্রে ক্ষুদ্রশত্রৌ চ লোমহর্ষে চ কণ্টকঃ—অঃ)। কণ্টক, গাছের কণ্টক। কণ্টকময় গাছ, প্রঃ—কাঁটার বেড়া। মাছের হাড়। মাছ ধরা লোহার বড়শী। ছোট গজাল। বিলাতী ঘড়ী প্রভৃতি যন্ত্রের পরিমাণ দর্শক হাত। লোহার বড় নিক্তি (কারণ দাঁড়ীর মধ্যস্থলে লোহার কাঁটা থাকে); বাজার দর (কাঁটায় ওজন হয় বলিয়া)। রোমাঞ্চ প্রঃ—গায়ে কাঁটা দেওয়া, জিহ্বার রোমাঞ্চ বা কার্কশ্য। ক্ষুদ্র শত্রু (সং অর্থ)। প্রবাদে—কাঁটা দিয়া কাঁটা বাইর করা—শত্রুদ্বারা শত্রু নিবারণ, যায় শত্রু পরে পরে। পদ্ম-কাঁটা··· (সং পদ্মিনী-কণ্টক)। রোগবিশেষ। গায়ের লোম-মূল স্ফীত হইয়া দাঁড়ায়, পদ্মের ডাঁটার কাঁটার মতন হয়। কাঁটা-খোঁচা ··(খোঁচা দেখ। সহচর শব্দ)। কাঁটা ও খোঁচা, প্রঃ—উভমুখে সাধু ধায় কাঁটা-খোঁচা ফুটে পায় (কবিকঃ)। কাঁটা-পালক ··পাখীর জন্ম সময়ে পালকের গোড়া কাঁটার আকারে দেখা যায় (ও° খুন্টি)। কাঁটা-কচু ··কচু দেখ। কাঁটা-কোকিলা (গ্রা° কাঁটা-কলিকা, কুলিয়া-খাড়া)···ষ্য. (সং কোকিলাক্ষ)। বাসকাদি বর্গের সোজা কাঁটা শাক বিশেষ (Hygrophila spinosa)। পাতা কর্কশ, ফুল স্তবকে স্তবকে ধরে, আনীল ভিতরে ইটবর্ণ। প্রায়ই জলের ধারে জন্মে। (কলিকা দেখ)। কাঁটা-গুড়-কামাই···গুড়-কামাই দেখ। কাঁটা-নটিয়া·· নটিয়া দেখ। কাঁটা-বাঁশ··· বাঁশ দেখ।

কাঠ···ষ্য. (সং কাষ্ঠ)। বৃক্ষের কঠিন সারাংশ (বাঁশ ও কাঁড়ী কাঠের মধ্যে গণ্য হয়না ; তুং কাঠের ঘর—বাঁশের কিংবা কাঁড়ীর নহে)। কাঠ ওগ্লাড়া···গাছের আবরণ—বাকল ও অসার ভাগ—গলকা—কাটিয়া ফেলিয়া সারাংশ বাহির করা। কাঠ জমানা···কাঠ কাটিয়া আদর্শের তুল্য করা। কাঠ শুখানা···বিশেষার্থে, গাছ কাটিয়া কিংবা পাটা চিরিয়া বাতাসে অল্পে অল্পে নীরস করা (seasoning)। কাঠরা···ষ্য (কাঠ+রা স্বার্থে)। কাষ্ঠ নির্মিত দ্রব্য ; কাঠের ঘর। কাঠরিয়া···ষ্য. (কাঠরা+ইয়া)। কাষ্ঠের দ্রব্য-নির্মিতা, কাষ্ঠচ্ছেদক। কাঠগড়া, কাঠ-ঘরা···ষ্য. (হিং কঠঘরা)। কাঠের ঘর, কাঠের বেষ্টিত ঘর। (২) ইন্ধন, জ্বালানি। কাঠ-কুটা···(সহচর শব্দ)। কাঠ ও খড়। (৩) (কাষ্ঠের তুল্য) নীরস ও কঠিন, কষ্টসহ (সং কাষ্ঠ—পাষাণ)। কাঠ-খড়ী···ষ্য. (সং কক্খটী)। কঠিন খড়ী। (বিপং ফুল-খড়ী)। কাঠ-খড় পোড়ানা ··মৃতদেহ পোড়ানা ; ইহা হইতে বিশেষ যত্ন ও পরিশ্রম করা। কাঠ-খোলা ···মুড়ি ভাজিবার বালিশূন্য খোলা। কাঠ-খোট্টা···ণ. (সং কক্খট)। ক্রূর, কঠিন-হৃদয়। কাঠ-ছাতু·· কাঠের মতন শক্ত ছাতুবিশেষ (mushroom), কিংবা ভিজা কাঠে যে ছাতু জন্মে (Polyporus)। কাঠ-ঠোকরা ··ষ্য. (সং কাষ্ঠকুটক—বৈদ্যকে ; সং নাম দার্বাঘাট—দারু কাষ্ঠং আঘাটয়তি —অমরে)। বৃক্ষারোহী বর্গের গ্রাম্য পক্ষী-বিশেষ (wood-pecker)। চঞ্চু শক্ত, ধারাল, দীর্ঘ ; জিহ্বা দীর্ঘ ; মাথায় চূড়া আছে। লেজ লাগাইয়া গাছে চড়ে, এবং

বাকল ঠোক্‌রাইয়া পোকা পিপ্‌ড়া ধরিয়া খায়। (ওঃ কাঠহণা—যে কাঠ • হনন করে)। দুই জাতি দেখা যায়। (১) ৯।১০ আঙ্গুল দীর্ঘ, কাল-শাদা ছাবকা ছাবকা (Dendrocopus macii)। (২) ১৩।১৪ আঙ্গুল দীর্ঘ, ঈষৎ খয়রা (Micropternus phœoceps)। কাঠ-দা···ষ্য. (সং কাষ্ঠ-দাত্র)। কাঠ কাটিবার কাটারী (কবিকঃ)। কাঠ-নেকার, কাঠ-বমি ··ষ্য. (নেকার, বমি দেখ)। বমন-বেগ, উদর হইতে পিত্ত রসাদি না আসিয়া মুখ হইতে থুথু বমন। কাঠ-পিপিড়া ·· পিপিড়া দেখ। কাঠ-ফড়িঙ্গা···কাঠির আকারের পতঙ্গা বিশেষ। কাঠ-ফশল···শুষ্ক-কালের—শীতকালের—ফশল, রবী ফশল। কাঠ-বাঁশ···ষ্য. নিরেট বাঁশ, চালের রোয়া হয়। কাঠ-বিড়ালী···ষ্য. (সং কাষ্ঠ-ৰিড়াল—আপ্তে। ওং নাম গুণ্ডিচি মুষা—বিড়াল না হইয়া মুষিক গণ্য হইয়াছে; হিং নাম গিলহরী, চীখুর; মং নাম খডী, খারু)। কৃৎ-দন্তী বর্গের ক্ষুদ্র জন্তু বিশেষ (squirrel. Sciurus palmarum)। দেহ ও মস্তক আট আঙ্গুল, পুচ্ছ ঘন লোমশ, দেহ অপেক্ষা কিছু দীর্ঘ। ঘাড় হইতে তিনটা লম্বা ডোরা আছে। এক জাতি ওড়িশার জঙ্গালে আছে। সে জাতি প্রায় এক হাত দীর্ঘ, পৃষ্ঠ লাল, পুচ্ছ-প্রান্ত হলুদা (Sciurus indicus)। কাঠ-বিষ, মিঠাবিষ···ষ্য. (সং ৰিষ)। হিমালয় প্রদেশের উদ্ভিজ্জ বিষ বিশেষ (আতিষ দেখ)। কাঠ-মল্লিকা···ষ্য. (সং নাম বনমল্লিকা, আস্ফোতা)। মল্লিকা দেখ। কাঠ-শোলা ···শোলা দেখ। কাঠ-শীম···শীম দেখ।

কাঠা ··ষ্য. (সং কাষ্ঠা—সীমা)। ধান চাল মাপিবার পাত্র বিশেষ। (২) (সং কাষ্ঠ হইতে)। ভূমি মাপিবার কাষ্ঠদণ্ড (৪হাত দীর্ঘ), কাঠা-বাড়ী। ৪×৮০ হাত ক্ষেত্র। কাঠা-কালী · কাঠা বিষয়ক গণিত, বর্গ কাঠাতে ভূমি পরিমাণ। কাঠাকিয়া··· (কাঠাক+ইয়া; গণ্ডাক, পণক শব্দ সাদৃশ্যে কাঠাক)। কাঠা সম্বন্ধী গণনা। কাঠাবৃত্তি ···(কাঠা—এক কাঠা ভূমি (৪×৪ হাত), বৃত্তি উপজীবিকা)। ভূমি এবং উপজীবিকা, প্রঃ—কাঠাবৃত্তি ত্যাগ করিয়া আসা—সমস্ত।

কাঠাম···ষ্য. (সং কাষ্ঠকর্ম—কাঠ-কাম—কাঠাম)। কাষ্ঠকর্ম, কাষ্ঠের আধার; প্রঃ—ঘর কাঠাম করা—চালে কাষ্ঠাদি কর্ম করা, চাল নির্মাণ করা। প্রতিমার কাঠাম··· মৃত্তিকাদি লেপনের যোগ্য কাষ্ঠ-কর্ম কিংবা কাষ্ঠ-আধার। (তুং ঘরামী—গৃহকর্মী)।

কাঁঠাল···ষ্য. (সং কণ্টক-ফল। কণ্টক ফল =কাঁটা+ফল=কাঁটা+হল=কাঁঠাল। সং এক নাম কণ্টাফল (অঃ টীঃ)। কিন্তু এই নামের সার্থকতা পাই না; বোধ হয় কাঁঠাল শব্দের সং রূপ দিতে গিয়া কণ্টাফল। যাহা হউক, শব্দটি কাঁটাল নহে, কাঁঠাল। প্রাচীন রূপও কাঁঠাল। হিং কাঁঠাল। ওং নাম পণস=সং পনস, কেবল ন স্থানে ণ হইয়াছে, সং-প্রাকৃত প্রভাবে। বৃহৎ ফল বলিয়া ফলশ, রূপান্তরে পনশ—অঃ টীঃ)। প্রসিদ্ধ ফল, বোধ হয় সর্বাপেক্ষা বৃহৎ ফল (Jack-friut)। খাজা কাঁঠাল

…কাঁঠালের জাতবিশেষ। কোয়া কিছু কঠিন এবং বড়। ফলের গায়ে কাঁটা প্রায় থাকে না, বীজও কম হয়। গলা কাঁঠাল ·· কাঁঠালের নিকৃষ্ট জাতবিশেষ। কোয়া নরম বলিয়া গলা (গলিত), বীজ বড়। কাঁঠাল গাছ (Artocarpus integrifolius) বঙ্গদেশে প্রধান ফলকর গাছ। প্রবাদে,—কাঁঠালের আমসত্ত্ব ··অসম্ভব বাক্য। —গাছে কাঁঠাল গোঁফে তেল—ভবিষ্যতে লাভের আশায় বসিয়া থাকা; তুং কালনেমীর লঙ্কাভাগ। কাঁঠালের ভুতি, কোয়া দেখ। কাঁঠালী কলা…কলা দেখ। কাঁঠালী-চাঁপা …ষ্য. পুষ্প ক্ষুপ বিশেষ। ফুলের বাস পাকা কাঁঠালের মতন। এক ফুল হইতে বহু ফল হয়। ফুলের পাপড়ী প্রায় পীতবর্ণ। (Artabotrys odoratissimus)।

কাঠী, কাঠি, কাটি ··ষ্য. (সং কাষ্ঠ+ঈ হ্রস্বার্থে; সুতরাং কাঠী শুদ্ধ)। ক্ষুদ্র সরু কাষ্ঠ। চাবিকাঠি। কাঠী-পোকা…ঋজুপত্রী পতঙ্গ বিশেষ (Stick insect), বাঁশবনে বাঁশের শুখনা কাঠীর মতন দেখিতে বলিয়া নাম।

কাঁঠী…ষ্য. (সং কণ্ঠ হইতে)। মানুষের গলার কণ্ঠমালা বা কণ্ঠী। (২) সাপ ও পাখীর গলার রেখা। (৩) জালের নিম্ন ধার ভারী করিবার নিমিত্ত ধাতু কিংবা মাটির নিমফল (জাল-কাঁঠী দেখ)।

কাঠুয়া, কেঠো…ষ্য. ণ. (কাঠ+উয়া)। কাষ্ঠ-নির্মিত; কাঠের পাত্র।

কাঠুয়া, কেঠো ··ষ্য. (সং কমঠ হইতে?)। পূর্ববঙ্গের কচ্ছপ বিশেষ (Testudo?)। খোলা কাল, উচা, বাদামিয়া, এত হাত ব্যাসের। মুখ গোল, বুড়া আঙ্গুলের মতন। বুক কাল ও সাদা দুই জাতি। ধান ক্ষেতে, নদী পুকুরে থাকে।

কাড় ··ধাতু. (সং ক ধাতু হিংসায়, বিক্ষেপে। তুং হিং কাঢ় ধাতু; প্রাচীন বাং কাড়, যথা, আমা কাড় কুঞ্জ হইতে (চৈঃ চঃ)। কাড়ি—বাহির করি, প্রঃ—শুক্রবারে নূতন হাঁড়ী কাড়িতে নাই; উনানের পাঁশ কাড়িয়া ফেল। (২) আকর্ষণ করিয়া লই, প্রঃ—টাকা কাড়িয়া লইয়াছে; টানা (তাঁতের) কাড়া। কাড়াকাড়ি ··দুইজনে আকর্ষণ॥ কাড়া॥ কাড়া…ধাতু. (কাড় ধাতু আস্তে)। কাড়াই। কাড়ানা॥ রা কাড়া—রব বাহির করা, শব্দ করা, কথা কহা; প্রঃ—যমুনা কাড়িছে রা (জ্ঞানদাস)—যমুনা রব করিতেছে।

কাঁড় ··ধাতু. (সং কণ্ড ধাতু বিতুষীকরণে; ভেদনে)। কাঁড়ি—ধান্যাদির তুষ দূর করি। ধান কাঁড়া, চাল কাঁড়া॥ ইহা হইতে, তীব্র ভর্ৎসনা; প্রঃ—আচ্ছা কাঁড়িয়া দিয়াছে (তুং তুলা ধোনা করা)। নিষেধে, আকাঁড়া। প্রবাদে,—ভিক্ষার চাল, ত কাঁড়া আর আঁকাঁড়া—অনুগ্রহে প্রাপ্ত বস্তুর ভাল মন্দ বিচার সাজে না। কাঁড়া·· ধাতু. কাঁড় ধাতু আস্তে)। কাঁড়াই। কাঁড়ানা, কাঁড়ানি॥

কাঁড় ··ষ্য. (সং কাণ্ড)। রাশি, স্তূপ, প্রঃ—টাকার কাঁড়, ভাতের কাঁড়। (২) (সং কাণ্ড কিংবা কোদণ্ড)। ধনুক, প্রঃ—চোয়াড়ে লোফে কাঁড় (ভাঃ)। কাঁড় বাঁশ…(সং কাণ্ড—বাণ)। বাণ নিক্ষেপের বাঁশ—ধনুক। শব্দের অপভ্রংশে খাড়া, তুং বাঁটুল খাড়া দেখ)। কাঁড়িয়া, কেঁড়ো

···ষ্য. বংশ-কাণ্ডে নির্মিত পাত্র ; পাত্র। কাঁড়ি···ষ্য. (সং কাণ্ড—সমূহ)। রাশি।

কাড়া···ষ্য. (সাঁওতালী)। মহিষ।

কাড়া ··ষ্য. (সং কটাহ হইতে ?) মাটির এক-মুখা আনদ্ধ বাদ্য বিশেষ। কাড়া-নাকাড়া ··কাড়া ও নাকাড়া···নহবতের ছুই প্রকার —গভীর ও উচ্চ ধ্বনি কারক একমুখা আনদ্ধ বাদ্য। ছুই হাতে কাঠী দিয়া বাজাইতে হয়। প্রবাদে --ভাঙ্গা হাটে কাড়া দেওয়া···হাটের লোক চলিয়া গেলে কাড়া বাজাইয়া বিজ্ঞাপন বৃথা। (২) যুদ্ধের ঢাক-বিশেষ। নাগরার তুল্য। কাঠী দিয়া বাজনা হয়। কাঠীতে পালখ বাঁধা থাকে।

কাঁড়ী···ষ্য (সং তালকাণ্ড)। তালগাছের সারাংশ (ভিতরে অসার, বাহিরে সার); প্রঃ—তালর কাঁড়ি লাগে গুআর বাখারি (শূং পুঃ); বড় ঘরের কাঁড়ি (কৃত্তিঃ সুং)।

কাঢ়া·· ষ্য. কাড়া দেখ। (কবিকঃ)

কাণা·· কানা দেখ।

কাণ্ড · ষ্য (সং)। বাণ ; গাছের গুঁড়ি ; প্রকরণ, প্রঃ—সাত কাণ্ড রামায়ণ ; ব্যাপার। লঙ্কাকাণ্ড করা—হনুমান দ্বারা রাবণের লঙ্কাপুরী দহন, অগ্নি সংযোগ। কাণ্ড-কারখানা ·কাণ্ডখানা ও কারখানা; কাণ্ডখানা—ব্যাপারখণ্ড, কারখানা—কার্য-খণ্ড (কারু-স্থান নহে), অতএব সহচর শব্দ। কাণ্ড-জ্ঞান ··সাংসারিক ব্যাপার-জ্ঞান।

কাণ্ডার···ষ্য. (সং কাণ্ড-পট)। কানাৎ, আবরণ।

কাণ্ডার···ষ্য. (তালের কাণ্ড হইতে; কাণ্ডরূপ কর্ণ; সং-তে কাণ্ড অর্থে বোঁটাও আছে। তুং তালর কাণ্ডারি গুআর বাখারি চিত্র কৈল নানা ভাতি, শূং পুঃ)। নৌকার হাইল, প্রঃ—আপুনি নিরঞ্জন ধরেছ কাণ্ডার (শূং পুঃ); কাণ্ডার করেতে নাহি রয় (জ্ঞানদাস)। কাণ্ডারী ··ষ্য. (কাণ্ডার+ ঈ)। কর্ণধার, মাঝী, প্রঃ—(কবিকঃ)।

কাতর ··ণ. (সং)। অধীর, বিহ্বল। কাতরা ধাতু. কাতরাই—কাতর হই। কাতরানা ॥ কাতরানি ··কাতর বাণী, কাতরতা-ব্যঞ্জক শব্দ, যন্ত্রণায় শব্দ।

কাতরী ··ষ্য. (সং কর্তরী। তুং কাঁচী ; ওং গুআ-কাতী—গুআ-কাটা জাঁতী)। ধাতুর পাত-কাটা কাঁচী।

কাতলা···ষ্য. (সং কাতর, কাতল। বড় বড় কাত—শল্ক আছে বলিয়া নাম। ওং কাতি —শল্ক)। শকলী মৎস্য বিশেষ (Catla buchanani)। রঙ্গ পাঁশুটিয়া, মাথা চওড়া, পাখনা কাল, থুতনি পাতলা, গোঁফ নাই। তিন চারি হাত বড় হয়। (ওং ভাকুর)। (২) কাতলা মাছের আকার সদৃশ এক দিকে সরু অন্য দিকে মোটা কাষ্ঠ খণ্ড (wedge)। লম্বা কাঠ চিরিবার সময় করাতী কাতলা দিয়া অল্প-চেরা কাঠ ছুই খান ফাঁক করে। (ত স্থানে জ করিয়া. কেহ কেহ কাজলা বলে)। (৩) জালিক যেমন কাতলা মাছ মারে, ঠেঙ্গাড়িয়া তেমন পথিক মারে ; ইহা হইতে নিহত পথিক। তুং কাতলা-মারার দেশ। কিংবা কাতলা-সদৃশ কাষ্ঠখণ্ড ছুঁড়িয়া পথিক মারা হয় বলিয়া কাতলা মারা। তুং লাঠী-মারা।

কাতা ··ষ্য. (হিং কাতা—সূতা ; ওং কতা। কাতিয়া—কাটিয়া—নির্মিত ; সং কর্তন—

সূত্র-নির্মাণ)। নারিকেল-ছোবড়া দোড়ী। (কাতা সামান্য শব্দ ছিল। এইহেতু এখনও নারিকেল-কাতা বলা হয়।

কাতা···ষ্য. (সং কর্তরী—কাঁচী হইতে ?)। খুর নরুন কাঁচী রাখিবার নাপিতের চামড়ার আধার; প্রঃ—নাপিত নিবসে তথা, কক্ষ তলে করি কাতা (কবিকঃ)। অধুনা ভাঁড় (সং ভাণ্ড—পাত্র) শব্দ চলিত হইয়াছে।

কাতান·· ষ্য. (সং কর্তন হইতে; হিং কত্তান)। বৃহৎ কাটারী (কৃত্তিঃ লং), প্রায়ই পাঁঠা-কাটা কাটারী। 'করে ধরে কৃপাণ কাটারি কালতন' (মাঃ)। কালতন (কাতান) অপ্রচঃ।

কাতার··ষ্য. (সং কান্তার—মহারণ্য ; লোকারণ্য বলা যায় বটে, কিন্তু কাতার—দল, শ্রেণী অর্থ আসে না। সং স্কন্ধাবার—সেনা নিবেশ, সেনাদল ; ইহা হইতে দল। বোধ হয় আং কতার—শ্রেণী)। শ্রেণী, দল, প্রঃ—সমুখে সেফাই সব কাতার কাতার (ভাঃ); কাতারে কাতারে সেনা চলে রাজ-পথে (মেঘনাদবধে)।

কাতি ··ষ্য. (সং কর্তরী, কর্ত্রী। ওং ফাতি)। কাটারী। কৃত্তিবাস, কবিকঙ্কণ, ভারতচন্দ্র, মাণিকরাম পর্যন্ত কাতি শব্দ প্রচলিত ছিল ; কবিকঙ্কণে, মায়ে পোয়ে কাতি দিব গলে: মাণিকে, তুমি তাকে অকাতরে কাট কাতি ধর্য়া। (অপ্রচঃ)। (২) নাপিতের ভাঁড়, প্রঃ—নাপিত নিবসে তথি, কক্ষতলে করি কাতি (কবিকঃ)।

কাঁতি ··ষ্য. (সং কান্তি)। কান্তি (পদ্যে)।

কাতুর ষ্য. (পর্তুং Quadra—a square room or court)। প্রেমারাখেলার শব্দ।

কাত্তিক ··কার্তিক দেখ।

কাঁথ···ষ্য. (সং কন্থা ; যথা কন্থা মৃন্ময় ভিত্তৌ স্যাৎ তথা প্রাবরণান্তরে—মেঃ ; ওং কাঁথ)। মাটির ভিত্তি বা দেওয়াল, প্রঃ—কাঁত ভাঙ্গি পলাইতে দেহ অনুমতি (কবিকঃ)।

কাঁথড়া···ষ্য. (কাঁথ+ড়া)। কাঁথ হইতে গলিত মাটি।

কাঁথা ··ষ্য. (সং কন্থা)। তুলা না দিয়া কেবল কাপড়-সেঁআ শয্যা কিংবা আচ্ছাদন।

কাদা ··ষ্য. (সং কর্দ)। কর্দম। কাদানি··ষ্য. (কাদা+পানি)। কাদা-মেশা জল। কাদাটিয়া, কাদাট্যে···ণ. ঈষৎ পঙ্কিল। ধানের কাদামারা রোগ—কেদো দেখ। কাদা, কাদা-খেউড় ··(সং কর্দম-ক্ষৌড়)। কন্যার প্রথম রজোদর্শনে কাদা লইয়া কুৎসিত খেলা। কাদা-খোঁচা ···ষ্য. (সং কর্দম-খঞ্জনা, খঞ্জন)। কুলেচর বর্গের পক্ষী-বিশেষ (snipe. Gallinago cœlestis. ওং নাম চাহা)। ১৫।১৬ আঙ্গুলে। তালু কাল, মাথার পাশ শাদা, পা সবুজ, গলা পিঠ মেটে-খয়রা। ঠোঁট দিয়া কাদা খুজিয়া পোকা ধরে। শীতকালে এদেশে আসে। তখন শীকারীরা মাংসের নিমিত্ত মারে।

কাঁদ ··ধাতু. (সং ক্রন্দ ধাতু হইতে কন্দ—কান্দ)। কাঁদি—ক্রন্দন করি, রোদন করি॥ কাঁদা, কাঁদনা বা কান্না, কাঁদনি কাঁদনি ··কাঁদা সুরে গান। কাঁদা ··ধাতু (কাঁদ ধাতু আস্তে)। কাঁদাই—ক্রন্দন করাই॥ কাঁদানা, কাঁদানি॥ প্রবাদে,—ছেড়ে দে মা কেঁদে বাঁচি—সঙ্কটে পড়া। কাঁদা—ক্রন্দন; গুমরিয়া কাঁদা—গুপ্তভাবে, নিঃশব্দে; ফুকারিয়া কাঁদা—থামিয়া থামিয়া উচ্চ শব্দে;

বিনাইয়া কাঁদা—দীর্ঘ সুর করিয়া ; ফুঁপা-ইয়া কাঁদা—অস্পষ্ট ভাবে ; ফুলিয়া ফুলিয়া কাঁদা—মধ্যে মধ্যে স্ফীত হইয়া দীর্ঘ নিশ্বাস ছাড়িয়া ; ফেঁচ ফেঁচ করিয়া কাঁদা—নিঃশব্দে নাকের চোখের জল ফেলা। কাঁদা-ককানা··· (ককা ধাতু দেখ ; সহচর শব্দ)। কাঁদা। কাঁদা-কাটা ··কাঁদা আর মাথা কোটা (সহ-চর শব্দ)। কাঁদন···ষ্য. (সং ক্রন্দন)। ক্রন্দন। কাঁদনিয়া ··ণ. (কাঁদন+ইয়া)। ক্রন্দনশীল। ছিচ-কাঁদনিয়া,-কাঁদন্যে··· ছুঁইলেই—স্পর্শ-মাত্রেই যে কাঁদিয়া উঠে। ছড়ায়,—ছিঁচ-কাঁদন্যের নাকে ঘা—নাকে ক্ষত থাকে বলিয়া যে অল্পেই কাঁদিয়া উঠে।

কাঁদরাই ··ষ্য. লাল শতপদী বা সহস্রপদী (millipede)। কোন কোন স্থানে কেন্ন, কেন্নই। কন্দরে—ইট পাথরের নীচে (বর্ষাকালে) জন্মে বলিয়া কন্দরাই—কাঁদরাই। গায়ের রসে সরিষা-তেলের মতন ঝাঁজ আছে। এই হেতু ও° নাম তেলিনী-পোকা। সং নাম কলিলিকা (বৈদ্যকঃ) ?

কাঁদাল (গ্রা° কেঁদেল)···ষ্য. (কাঁথ+আল)। কাঁথ অন্তরাল যে স্থানের ; ঘরের পশ্চাৎ পার্শ্ব।

কাঁদি ··ষ্য. (সং স্কন্ধ—সমূহ—মেঃ ; অবয়ব, পরিচ্ছেদ)। এক বোঁটার ফল সমূহ, প্রঃ —এক কাঁদি কলা, এক কাঁদি তাল। প্রবাদে,—গাছে না উঠিতেই এক কাঁদি —বিনা চেষ্টায় ফল লাভ (শ্লেষার্থে)। (২) শাখা, খণ্ড, প্রঃ—এক কাঁদি জমি—বহু ভূমিখণ্ডের মধ্যে এক।

কাঁধ···ষ্য. (সং স্কন্ধ, কন্ধ)। অংস, ঘাড়ের দুই পাশ (shoulder) ; (২) মাথা, পাশ (শু° পুঃ)। কাঁধ বদল করা—পালকী-বাহকের বিশ্রাম নিমিত্তে এক কাঁধ হইতে অন্য কাঁথে বহন, পালা করা। কাঁধ-কাটি··· ষ্য. (সং স্কন্ধ ঘাট ?)। শব-বাহক। কাঁধা ···ধাতু. (স্কন্ধ হইতে)। কাঁধাই—স্কন্ধে বহন করি। কাঁধানা।

কান···ষ্য. কানু—শ্রীকৃষ্ণ। (প্রাচীন বৈষ্ণব পদে)

কান ··ষ্য. (সং কিন্নর)। গীতবাদ্যে রত জাতি বিশেষ। (মধু-কান বিখ্যাত গায়ক ছিলেন।)

কান ··ষ্য (সং কর্ণ)। যে অঙ্গ দ্বারা শব্দ শুনি। (২) কানের আকারের স্বর্ণ অলঙ্কার বিশেষ। (৩) সেতারাদি যন্ত্রের তার বাঁধা খুঁটী। (কাণ লেখা অনাবশ্যক পাণ্ডিত্য।) কানের পাতা ··কানের পত্র,পত্রাকার লম্বিত অংশ (lobe of the ear)। কৃত্তিবাসে (লং), 'কর্ণের পাতন যেন হুগলিয়া তুলি'—হোগলার আগড়ের মতন বিস্তৃত পাতা। হাঁড়ী-কান···কানের হাঁড়ীর আকারের অংশ (concha. কানের শঙ্খ)। হাঁড়ী-কানে কান-বালা, কানের পাতায় মাকড়ি পরা হয়। কান-কুয়া···(সং কর্ণকূপ)। কর্ণকূপে জাত খলি (ear-wax) ; কান-কুয়া হওয়া—কানে খলি হওয়া। মাছের কর্ণকূপ। কান-চটা···কানের শুষ্ক চর্ম। কান-পাটা ···(সং কর্ণপট্ট। হিং কনপটী)। মাথার যে পট্টাকার হাড়ে কান আছে (malar bone), কানের সমুখের মাথার অংশ। কান-মুড়া, কান-মুখা···(সং কর্ণমূল)। কানের আরম্ভ-স্থান। কান করা, দেওয়া···

মনোযোগ করা। কানপাতা ··মন দিয়া শোনা। কান দেখানা···কানে থলি, ক্ষত ইত্যাদি আছে কিনা,তাহার পরীক্ষা করানা। কান ধরা ··হাত দিয়া কান ধরা, অপমান করা। কান পাকা···কর্ণে পুয হওয়া। কান বেঁধা ··কানের পাতায় ছিদ্র করা। কান ভাঙ্গানা ··কুমন্ত্রণা দ্বারা পক্ষপাতী করা। কান ভারী···কুমন্ত্রণা দ্বারা কান এমন ভারী—গুরু—করা যে পরে সত্য কথা শুনিতে পাওয়া যায় না। (ভার ধাতু দেখ)। কান মলা ··কর্ণমর্দন, অপমান করিতে। কান-মলা খাওয়া ·অন্যের নিকট অপমানিত স্বীকার করিতে স্বয়ং নিজের কর্ণ-মলন। কান ঝাঁই ঝাঁই করা ··কানের ভিতর ঝাঁ ঝাঁ শব্দ শোনা। (ঝাঁ ঝাঁ দেখ)। কান ঝালা-পালা করা·· এক প্রকার শব্দ বা কথা শোনাইয়া কর্ণ-পীড়া উৎপাদন। (ঝালা-পালা দেখ)। কান ঝালা পালা হওয়া—অবিরাম এক প্রকার শব্দ বা কথা শুনিয়া কর্ণপীড়িত হওয়া। কান ভোঁ ভোঁ করা ·· কানের ভিতরে ভোঁ ভোঁ শব্দ অনুভব করা। (ভোঁ ভোঁ দেখ)। কানে আঙ্গুল দেওয়া ···আঙ্গুল দিয়া কান বন্ধ করা, না শোনা (অশ্রাব্য বলিয়া)। কানে রাবণের চিতা জলা···রাবণের চিতা না কি চিরকাল হু হু শব্দে জ্বলিতেছে। কানে হু হু শব্দানুভব। কানে তালা, তালি ধরা, মারা, লাগা ··কানে শুনিতে না পাওয়া। (তালি দেখ)। কানে মাটি ··পরিধেয় অসংবৃত হইলে স্মরণার্থে অন্যে বলে। (উৎপত্তি কি?) কানে কানে কথা···এক ইহার কানে, অন্য উহার কানে মৃদুস্বরে কথা। কান-কাটা··· ণ. কর্তিত কর্ণ যার। স্ত্রী° কান-কাটী। ছেলেপিলেকে ভয় দেখাইবার জু জু। কান-কোটারী·· ষ্য. (সং কর্ণকীটী। ও° কাণ-কোটঠী; হিং কান-সলাই? বোধ হয়, গৃহের কর্ণ-কোটর-বৎ আকার বলিয়া কান-কোটারী নাম)। দৃঢ়পত্রী ছোট পতঙ্গ বিশেষ কানে থাকে না, মাটিতে থাকে। লোকের বিশ্বাস কানে ঢুকিলে কান (কর্ণ-পটহ) কাটিয়া তালুতে প্রবেশ করে। কান-খুস্কি ·· ষ্য. কানের খইল বাহির করিবার খড়িকা। যাহা দিয়া খসানা যায়—তাহা খুস্কি। কান-ঝাপটা ··ষ্য. (সং ন্যাম কাক-পক্ষ)। কানের কাছের কেশ গুচ্ছ, জুলফি। (ঝাপটা দেখ)। কানটি, কানুটি, ··ষ্য (হিং কনেটী। সং মুষ্টি—মুথটি। কর্ণে মুষ্টি—কানটি·ণ মুষ্টি হইতে টি প্রত্যয়-সরূপ হইয়াছে)। কর্ণ-মলন। কান-ফাটা ··ণ. (হিং কন-ফটা)। যার কানের পাতা ফাটা বা চেরা। যোগী জাতি বিশেষ। কান-ঠুঁটী···ষ্য. হিং নাম)। কর্দমচর প্লব বর্গের প্রায় ৩ হাত দীর্ঘ পক্ষী বিশেষ (Flamingo. Phœnicopterus roseus)। দেহ ও পুচ্ছ শাদাতে গোলাপী, পক্ষ লাল, চঞ্চুর উপর-পুট মাঝে অবনত। গলা পা অতি দীর্ঘ। জলে দাঁড়াইয়া ঘাড় বাঁকাইয়া কাদায় খাদ্য খুজে। সমুদ্র তটে, রাজপুতানা ও পঞ্জাবে দেখা যায়। কান-পাতলা ··ণ. (তু° মং কানচা হলকা)। ভিতর কানের চর্ম—কর্ণপটহ—পাতলা যার, সে মৃদু শব্দই শুনিতে পায়। ইহা হইতে, যে অন্যের মন্ত্রণা (কুমন্ত্রণা) শোনে। কান-পুরু · ণ. কান পাতলার বিপরীত, যে অন্যের মন্ত্রণা শোনে না। কান-বালা

···ষ্য. (সং কর্ণ-পালী, কর্ণ-বলয়)। স্ত্রী-লোকের স্বর্ণ অলঙ্কার বিশেষ। পূর্ব-কালে স্ত্রীলোকে কনক বউলি এবং পুরুষে বীর বউলি পরিত। এখনও ওড়িশায় ও অন্যত্র পুরুষে রাজদত্ত সম্মান-স্বরূপ কনক কুণ্ডল ধারণ করে।

কানগোই ··কানুনগো দেখ।

কানড় ··কিরাইত দেখ। সর্প বিশেষ।

কানড়···ষ্য. (হিং কনের, কনিয়র ; ওং কনি-আর। সং কনক করবীর)। কানড় কুসুম—চণ্ডীদাসে ও জ্ঞানদাসে আছে। হিং হইতে শব্দটি গৃহীত বোধ হয়। পীতবর্ণ কলিকা ফুল (দেখ)।

কানড় ··ষ্য. (সং কর্ণাট)। কর্ণাট দেশ। ণ. তদ্দেশীয়, প্রঃ—কানড় খোঁপায় কনক ঝাঁপা (কবিকঃ)। (অপ্রচঃ)

কানন···ষ্য. (সং)। বন। বিবাহে শোলার ফলপুষ্প শোভিত বৃক্ষরাজি। কানন ··কানুন দেখ।

কানা ··ণ. (সং কাণ। হিং কাণা ; ওং কণা)। চক্ষুহীন, অন্ধ। স্ত্রীং—কানী। (সং কাণ—দুই চক্ষুহীন। বাংতে বলা হয় এক-চোখ-কানা, দু-চোখ-কাণা)। প্রবাদে,—কানা ছেলের নাম পদ্মলোচন —যার চক্ষু নাই, তার লোচন পদ্মদলবৎ বলা বিড়ম্বনা। যে যা নহে, তাকে তা বলা হাস্যকর। কানা-কুঠ্যে···ণ. অন্ধ ও কুষ্ঠী (সহচর শব্দ)। নিতান্ত হেয় ব্যক্তি। কানা-খোঁড়া···ণ. অন্ধ ও খঞ্জ (সহচর শব্দ)। প্রবাদে,—কানা-খোঁড়ার একগুণ বাড়া—অন্ধ ও খঞ্জকে এক স্থানে বসিয়া থাকিতে হয়। এজন্য তাহারা অন্য ইন্দ্রিয়-বৃত্তির চালনা করিবার অবসর পায়। কানা-নদী···বদ্ধ-মুখ নদী। কানা-পিপিড়া···পিপিড়া দেখ। কানা-মাছি···ষ্য. বালক বালিকাদের এক প্রকার খেলা। দলের একজন চোঁখ-বাঁধা হইয়া কানা সাজে এবং অন্যকে খুজিয়া ধরিতে যায়। ধরিতে পারিলে এবং নাম বলিতে পারিলে যে ধরা পড়ে, সে আঁধি (অন্ধ) হয়।

কানা ··ষ্য. (সং কর্ণ)। তৈজস পাত্রাদির গলার উপরের অংশ ; পাত্রাদির মুখের বেষ্টন।

কানা···ষ্য. (সং কনীনিকা—চক্ষুতারা ; ওং কণা)। ছোট ছিদ্র। (২) বিদ্ধ, ফুটা, প্রঃ—কানা কড়ি, হাঁড়ীতে কানা হওয়া। কানা কড়ি ··যে কড়িতে ছিদ্র আছে, প্রঃ —কাণা কড়ি ছিদ্র সম (চৈঃ চঃ)।

কানাই·· ষ্য. (সং কৃষ্ণ ; পালি কন্‌হো)। শ্রীকৃষ্ণ, কৃষ্ণচন্দ্র। (আই প্রত্যয়, ব্যাকরণ দেখ)। আদরে, কানু। কানাইয়া···ষ্য. (হিং কনহৈয়া—সুন্দর বালক)। আদরিয়া (অশিষ্ট)। কানাইয়া ঠেলা···রাঁধা (অশিষ্ট)।

কানা-কানি ··ষ্য (সং কর্ণ হইতে)। পরস্পর কানে কানে কথা ; কানে কানে—গোপনে —জনশ্রুতি। কানা-ঘোষা···ষ্য. কানে কানে ঘোষণা, জনশ্রুতি।

কানাচ ··ষ্যা. (সং কর্ণ বা কেনার হইতে কানা ; +চ সম্বন্ধী অর্থে)। কাঁথের বাহিরে চালের যে অংশ থাকে (তুং কোনাচ)। আনাচ-কানাচ···ষ্য. (কানাচ হইতে আনাচ ? তুং আছাড়-কাছাড়)। গৃহের পশ্চাদ্‌ভাগের চাল। প্রঃ—আনাচে কানাচে সাপ বেড়ায় —গৃহের পশ্চাদ্‌ভাগ নহে, চালে বেড়ায়।

কানাড়া···ষ্য. (সং কর্ণাটক)। রাগরাগিণী দেখ।

কানাৎ ··ষ্য. (আং। তুং সং কাণ্ডপট)। তাঁবুর প্রাচীর।

কানাসি ··ষ্য. (সং কর্ণ+অস্থি)। মাছের মাথার তুই পাশের কানের আকারের অস্থি-ফলক (ওং গালিসি)।

কানি ··ষ্য. (সং কর্ণ হইতে। ওং কণা)। ছেঁড়া কাপড়, কাপড়ের টুকরা ; প্রঃ—কি কব তুঃখের কথা, শত ছিঁড়া কানি পরিধান (কবিকঃ) ; ছিঁড়া কানি কাঁথা বিনা না পরে বসন (চৈঃ চঃ)।

কানী ··ষ্য. (সং কাকিনী)। পণের চতুর্থাংশ (ভূমি পরিমাণে) ; অল্প পরিমাণ।

কানু ··কানাই দেখ।

কানুন···ষ্য. (আং)। রাজার আইন, তুং আইন-কানুন। (২) কাঠি দিয়া বাজাইবার তন্ত্রী বাদ্য বিশেষ। একটা কাষ্ঠময় আধারে এক এক স্বরের এক জোড়া করিয়া তার বাঁধা থাকে। তারের হ্রস্ব দীর্ঘ ভেদে স্বরের প্রভেদ হয়। একটা কাঠি দিয়া তারে আঘাত করিতে হয়। এই যন্ত্র প্রাচীন।

কানুন-গো ··ষ্য. (আং)। পরগণার জমির হিসাব-রক্ষক। উপাধি বিশেষ।

কানেস্তারা···ষ্য. (ইং কানিষ্টার)। টীন-পাতের চারি-কোনা পাত্র।

কান্ত···ষ্য. (সং)। স্বামী। কান্তলৌহ (লোহা দেখ)। প্রত্যয়-বিশেষ, শ্রেষ্ঠ অর্থে, যথা, গবা-কান্ত, রাম-কান্ত।

কাঁন্না ··ষ্য. (কাঁদ ধাতু দেখ ; কাঁদনা—কাঁদ্না —কান্না)। ক্রন্দন। কান্না-হাটি···ক্রন্দনের হাট। হাটে যেমন বহু লোকের সমাগম বশতঃ কোলাহল শোনা যায়, তেমন ক্রন্দন-জাত কোলাহল। তুং হাট বসানা—কোলাহল করা। মায়াকান্না ··লোক ভুলাইবার উদ্দেশ্যে কান্না।

কান্হাই···কানাই দেখ।

কাপ···ষ্য. (সং কাপট্য)। ছল, ছদ্মবেশ ; প্রঃ—কাপ করিয়া পড়িয়া আছে, জ্বর-টর কিছু হয় নাই ; লোকে বলে পাপ কাপ ক দিন লুকায় (ভাঃ)। (২) ভঙ্গ কুলীন, বংশজ।

কাপ···ষ্য. (সং কবল হইতে ?)। কঠিন দেহের কর্তিত বা ভগ্ন অংশের আকার, প্রঃ—কাটা লাগে হাত পা কাপে লাগে জোড়া (কৃত্তিঃ লং), নদীর জল কাপে কাপে লাগিয়াছে ; খাপে খাপ, খাবল দেখ। তুং খাবি কাটা।

কাঁপ ··ধাতু. (সং কম্প ধাতু)। কাঁপি ··কম্পিত হই। কাঁপা, কাঁপন, কাঁপনি॥ শীতে, ভয়ে গা কাঁপে ··অঙ্গ চালিত হয়। কাঁপা ···ধাতু. (কাঁপ ধাতু আন্তে)। কাঁপাই··· কম্পিত করি। কাঁপানা, কাঁপানি॥ কাঁপা-নিয়া, কাঁপান্তে ··যাহা কাঁপায়।

কাপড়···ষ্য. (সং কর্পট—অতি জীর্ণ বস্ত্র ; যথা, পটচ্চরং জীর্ণবস্ত্রং সমৌ নক্তক-কর্পটৌ —অঃ ; নাতা, নেকড়া ও কাপড় এক অর্থ ছিল। এই অর্থে ওং কবটা—দীর্ঘ ছিন্ন বস্ত্র। আশ্চর্যের কথা, যাহা এক কালে ছেঁড়া নেকড়া ছিল, তাহা এখন বাং কাপড়, হিং কাপড়া, মং কাপড় নামে আমরা পরিতেছি। ওং লুগা, চাটগাঁয়ের লুঙ্গি—সং লাঙ্গূল, লঙ্গূল হইতে আসিয়াছে। সং লগ্ন —বাং কাছা, লেজ। তুং বাং লাঙ্গট,

লাঙ্গাটী। তেলুগু ভাষা সং হইতে ৱস্ত্রমু (ৱস্ত্রং), এবং ৱস্ত্র হইতে (?) ৱট্ট শব্দ রাখিয়াছে)। বস্ত্র। কাপড়-চোপড়…(ওং লুগা-পটা, মং কাপড়-চোপড়। পটা—সং পট্ট।) কাপড় এবং চোপড়। (চোপড় এখন অনুচর শব্দ হইয়াছে। চোপা—খোসা বা ছাল হইতে চোপড়। এই চোপড় শব্দ হইতেও বস্ত্র-দৈন্য প্রকাশ হইতেছে। গাছের চোপা—ছাল বা বাকল এবং ছেঁড়া নেকড়া—আমাদের পরিধেয় ছিল। অমরে, ত্বক্, ফল, কৃমি, রোম—বস্ত্রের এই চারি উৎপত্তি নির্দিষ্ট হইয়াছে। ক্ষৌম—ক্ষুমা—অতসী গাছের ছাল হইতে (ৱাল্কং ক্ষৌমাদি) পূর্বকালে খুঞা (কবিকঙ্কণ দেখ) হইত। এই কাপড়কে চোপড় বলা যাইতে পারে। কেহ কেহ ক্ষৌম অর্থে তসর বুঝিয়াছেন। কিন্তু অমরকোষ তাহা বলে না। বৃক্ষফল হইতে কার্পাস, কৃমিকোশ হইতে কৌশেয় (গরদ, তসর), এবং মৃগ-রোম হইতে রাঙ্কব। পূর্বকালে কার্পাস বস্ত্র সুলভ ছিল না)। আট-পহরিয়া আট-পইরা, আট-প'রে কাপড়…অষ্টপ্রহর—দিবা-রাত্রি পরিধেয় বস্ত্র; বাড়ীতে পরিধান-যোগ্য ধুতি বা শাড়ী। তোলা কাপড় যে ধুতি শাড়ী পেঁড়ায় তোলা থাকে এবং উৎসবাদি সময়ে পরা হয়। ময়লা কাপড়…মলিন বস্ত্র। আড়-ময়লা কাপড়…অল্প মলিন বস্ত্র। বাসি কাপড়…রাত্রি বাসের কাপড়; বাসি করা (দেখ) ধৌত ও সুবাসিত বস্ত্র। কাপড় ছেঁড়া, চেরা, কাটা, ভাঁজ করা—ধাতু দেখ। কাপড় পাট করা…(সং পট্ট—হইতে পাট)। ভাঁজ করা, ভাঁজ করিয়া বিস্তার অল্প করা। কাপড় তো করা…(তো দেখ)। পাট করা। কাপড় ছাড়া…বস্ত্র পরিবর্তন। কাপড়ের গা, জমি…বুননি। কাপড়ের মাঝার…কাপড়ের মাঝখান পাতলা বোনা দোষে। কাপড়ের মুখ পাত…মুখ-পত্র—আরম্ভ অংশ, ভাঁজ করা নূতন যে বস্ত্রের অংশ সম্মুখে থাকে। কাপড়িয়া, কাপুড়ে…ণ. (কাপড়+ইয়া)। কাপড় সম্বন্ধী, প্রঃ—কাঃ মহাজন। কাপড়ো হওয়া…ঋতুমতী হওয়া (তুং হিং কপড়োঁ হোনা)।

কাঁপা…ষ্য. (সং কর্পট—কাপড় হইতে ? মং কপ্পা, কপা—কাপড়, থলী)। খড় কিংবা অনেক দ্রব্য একত্র বাঁধিয়া গোপৃষ্ঠে বহিবার দড়ীর জাল-বিশেষ।

কাপালী…কপালী দেখ।

কাপাস, কাবাস…ষ্য. (সং কার্পাসী—কাপাস গাছ, কার্পাস—কাপাস তুলা। ওং কপা, হিং কপাস, মং কাপুস)। কার্পাস গাছ, কার্পাস তুলা। (কার্পাস তুলা কাটা, হিংতে কতা হয় বলিয়া আর্বী নাম কতান। ইহা হইতে ইং কটন, cotton। কিঞ্চিদধিক দুই শত বৎসর পূর্ব পর্যন্ত ইয়ুরোপে কার্পাস সম্বন্ধে জ্ঞান ছিল না। কার্পাস গাছ এত জাতের আছে, এবং কৃষি ও জল বায়ু মৃত্তিকার গুণে জাতের এত পরিবর্তন হয় যে অদ্যাপি বৈজ্ঞানিক বিভাজন দুষ্কর হইয়া রহিয়াছে। অমরকোষে চারি নাম পাওয়া যায়। বর্তমান জ্ঞানের সহিত মিলাইতে চেষ্টা করিতেছি। (১) তুণ্ডিকেরী—বোধ হয় বাঙ্গালা দেশের কৃষিজাত খেরো কাপাস (Bengal cotton, Gossypium arboreum, var. neg-

lecta)। থারা (দেখ) বড় বলিয়া খারুয়া —খেরো। (২) সমুদ্রান্তা—বোম্বাই প্রদেশের (?)। (৩) কার্পাসী—বোধ হয় ওলনা কাপাস, দেব কাপাস, রাম কাপাস, গাছ কাপাস (Gossypium arboreum)। ইহার গাছ বড় হয় বলিয়া নাম রাম কাপাস; ফল উলাইতে—পাড়িতে হয় বলিয়া ওলনা এবং পূর্বকালে তুলায় ব্রাহ্মণের যজ্ঞোপবীত হইত বলিয়া দেব কাপাস। ইহাই নাকি বঙ্গ বিহার ওড়িশা প্রভৃতির কৃষি কাপাসের আদি। (৪) বদরা—বদরী ফল তুল্য ফল বলিয়া নাম। ইহা বন কার্পাসিকা। হয়ত বদরী শব্দে অপভ্রংশে বর্তমান 'বরদী' নাম আসিয়াছে। কাপাসের মধ্যে বরদী (Gossypium arboreum, var. assamica, var. rosea) নিকৃষ্ট। মান্দ্রাজে ও আসামের পাহাড়ে এই কাপাস জন্মানা হইয়া থাকে। কাপাসি···ষ্য. (কার্পাসের মতন কোমল কিংবা কার্পাস ফুলের মতন পীতবর্ণ কিংবা আরক্ত বর্ণ বলিয়া)। ফুস্‌-ফুস। (প্রায়ই পাঁঠার কাপাসি বলা হয়।)

কাপে কাপ···কাপ দেখ।

কাপ্তেন···ষ্য. (ই° কাপটেন, captain)। জাহাজের কিংবা সেনাদলের অধ্যক্ষ। কাপ্তেন ভাসানা ··কদভ্যাস ও গর্হিত কাজের নিমিত্ত ধনী সহচরের সর্বনাশ সাধন (অশিষ্ট)।

কাফি···ষ্য. (আ° কাওয়া। তুর্কী হইতে ই° কফি, coffee)। আফ্রিকা দেশের আচ্ছুকাদি বর্গের ক্ষুপ বিশেষের (Coffea arabica) বীজ-ভাজার পানীয়-বিশেষ। সিংহলে, দক্ষিণ ভারতে এবং পৃথিবীর অন্য অনেক স্থানে কাফি গাছের চাষ হইতেছে।

কাফের, কাফির ··ষ্য. (আ° কাফির)। নাস্তিক, মুসলমান ধর্মে অবিশ্বাসী।

কাফ্রী ··ষ্য. (আ° কাফির হইতে। পর্তু° cafre),। আফ্রিকা দেশের আদিম কৃষ্ণবর্ণ জাতি বিশেষ।

কাবা ··ষ্য. (আ°)। সম্মুখ-খোলা লম্বা মুসলমানী কোর্তা। (ফা°)। মক্কার মন্দির, যেখানে মুসলমানে তীর্থ করে।

কাবাড়ী···ষ্য. (সং কর্বট—শব্দকল্পে)। ক্রয় বিক্রয় দ্বারা গ্রামে বা গ্রামের হাটে যে জীবিকা নির্বাহ করে। 'মৎস্য বেচিয়া নাম ধরাল কাবারি' (কবিকঃ)। অধুনা প্রায়ই শাকপাতা-বিক্রেতা মুসলমান। স্ত্রী° কাবাড়নী।

কাবাব ··ষ্য. (ফা°)। শূলে সেঁকা মাংস।

কাবাব-চিনী···ষ্য. (আ° কবাবা হইতে কাবাব, মিষ্ট বলিয়া চিনী)। তাম্বূলাদি-বর্গের লতা-বিশেষের (Piper cubeba) শুখানা ফল (cubebs)। যাবা ও মলক্কা দ্বীপের গাছ। ভারতবর্ষেও অল্প চাষ আছে। (সং নাম সুগন্ধ মরিচ ?)।

কাবার···ষ্য. (আ° কবর হইতে ?)। বিনাশ, শেষ। ধাতু. কাবারি···শেষ করি, বিনাশ করি ! প্রঃ—ঠেঙ্গাড়া কাবারিয়া দিয়াছে—কবরে—যমকবলে পাঠাইয়াছে। কাবারা ॥

কাবাস (গ্রা°) ··কাপাস দেখ।

কাবাসিয়া···ষ্য. (সং কার্পাস হইতে ?. কাশ্যপ হইতে ?)। শাখাশ্রয়ী বর্গের পক্ষী বিশেষ (cuckoo-shrike. Campophagus melanoschista)। ধূসরবর্ণ, পক্ষ পুচ্ছ কৃষ্ণবর্ণ, চঞ্চু ঈষৎ বক্র, নাক পালকে আবৃত। পুং স্ত্রী পৃথকবর্ণ। সাত-সয়ালী পাখীর তুল্য

পশ্চাতের পালক কাঁটা কাঁটা। বনে গাছে-গাছে দলে-দলে বেড়ায়, পোকা খায়।

কাবিল···ণ. (আ°)। যোগ্য (মুসলঃ)।

কাবু···ষ্য. (স° কাপোত; তু° কপোত—কবুতর)। কপোতগৃহ, পায়রা-খোপ।

কাবু···ণ. (তুর্কী—আক্রমণ)। আক্রান্ত, পীড়িত, প্রঃ—রোগে কাবু হওয়া।

কাবুলী··ষ্য. ণ. কাবুল দেশের লোক, ভাষা; তদ্দেশ জাত। কাবুলিয়া, কাবল্যে··কাবুল-দেশ-সম্বন্ধী; কাবুলী।

কাম··ষ্য. (স°)। কন্দর্প। ইচ্ছা। কামনা ...অভিলাষ, ঠাকুরের নিকট ইচ্ছা প্রকাশ। কাম চাগা (অশিষ্ট)··স্ত্রী-সঙ্গ করিবার ইচ্ছার প্রাবল্য হওয়া। কাম-বাই··ষ্য. (স° কামবত্তা ? কাম-বাতিক)। রমণেচ্ছা (অশিষ্ট)। কাম-ধেনু··ষ্য. (স°—অভীষ্ট-দায়নী সুরভী নাম্নী গবী)। প্রচুর দুধালা গাই।

কাম···ষ্য. (স° কর্ম)। কর্ম। (রাঢ়ে অপ্রচঃ, পূর্ববঙ্গে এবং ও° হি° ম° তে চলিত)। কাম-ধাম··ষ্য. (স° কর্ম-দ্বন্দ্ব)। কর্ম-টর্ম; প্র—কাম-ধাম সারিয়া বসিয়া আছে—যাবতীয় আবশ্যক কর্ম। কামী··ণ. কর্ম-যোগ্য। কাম-দার···ণ. (উর্দু)। কর্মকৃত, ফুল-তোলা।

কামড়···ধাতু. (স° কবল হইতে। ম° তে কবল ও কবঠ—দুই-ই আছে। ও° তে কাম্বডিবা—কামড়ানা। স° কবল শব্দের ব স্থানে ম, এবং ল স্থানে ঠ, ড, ড় হইয়াছে)। কামড়ি—দন্তদ্বারা দংশন করি॥ কামড়। কামড়া॥ কামড় দেওয়া··· দংশন করা। প্রঃ—কামড়ি আঁচড়ি, মরি হস্তপদাঘাতে (মধুসূদনঃ)।

কামড়া···ধাতু. (স° কবলিত হইতে। কবল হইতে কামড় ধাতু না হইয়া কামড়া ধাতু হয়। বহুল প্রয়োগে কামড়া স্থানে কামড় ধাতুও হইয়াছে)। কামড়াই—দন্তে দংশন দ্বারা কবলিত করি॥ কামড়ানা॥ কামড়া-কামড়ি··পরস্পর দংশন। প্রঃ,—রহিয়া রহিয়া পড়ি কামড়ায় তারে কৌতুকে (মধুসূদনঃ)।

কামরা···ষ্য. (পর্তুঃ camara হইতে)। কুঠরী।

কামরাঙ্গা··ষ্য. (স° কর্ম-রঙ্গ; অপেক্ষাকৃত আধুনিক। ও° করমঙ্গা)। পঞ্চশিরাল প্রসিদ্ধ অম্লফল। শরৎকালে এবং পুনর্বার শীতকালে পাকে। গাছ (Averrhoa carambola) সুদৃশ্য। চীনা কামরাঙ্গা··· কামরাঙ্গার এক জাত। ফল ছোট কিন্তু মিষ্ট।

কামল, কামলা···ষ্য. (স°)। হারিদ্ররোগ-বিশেষ (Jaundice), কাঙল।

কাম-লতা··ষ্য. (স°)। কুঞ্জলতা, তরুলতা দেখ।

কামা··ধাতু. (স° কর্ম হইতে কাম)। কামাই—কর্ম করি, কর্ম দ্বারা অর্থ উপার্জন করি, ক্ষৌর কর্ম করি, মুণ্ডন করি (মাথা, দাড়ী এবং স্ত্রীলোকের পা), বন জঙ্গল কাটি (প্রঃ—পুকুরের পাড় কামানা), গাছের পাতা কাটি (প্রঃ—রস পাইবার পূর্বে খেজুর গাছ কামানা), বিষদাঁত ভাঙ্গি (প্রঃ—কামানা সাপ, আ-কামানা সাপ)। কামানা॥ কামানি···ক্ষৌরাদি কর্ম, কর্মের বেতন।

কামাই···ষ্য. (ফা° কম+বা° আই ? কমাই—ন্যূনতা, অল্পতা ?)। কামাই করা—কর্মের দিন-সন্ধ্যা কম করা, কর্মে অনুপস্থিত

হওয়া। প্রঃ—মাসের মধ্যে দুই দিন কামাই হওয়া—মাসের মধ্যে দুইদিন ন্যূনতা হওয়া।

কামান···ষ্য. (ই॰ Cannon)। বৃহৎ আগ্নেয়াস্ত্র (কবিকঃ)। কামান দাগা··· কামানের রঞ্জকঘরে অগ্নি-প্রয়োগ। প্রবাদে, মশা মারিতে কামান দাগা—ক্ষুদ্র শত্রু বিনাশ নিমিত্ত বহু আয়োজন।(২) কামানি, প্রঃ—ভুরুকামান (ভাঃ)।

কামানি ··ষ্য. (ফা॰ কমানি;—কমান—ধনু, কমানি। তু॰ স॰ কাম-ধনু; তু॰ ফা॰ কমান-অব্রু,—স॰ কামধনু-ভ্রূ। তু॰ কাম-কামান-ভুরুভঙ্গী—জ্ঞানদাস)। ইস্পাতের ধনু বা চাপ, ইস্প্রিং।

কামার ··ষ্য. (স॰ কর্মকার, কর্মার)। লৌহ-কর্মকারক। হিন্দু-জাতি-বিশেষ; স্ত্রী॰ কামারনী।

কামাল···ষ্য. (আ॰)। সম্পূর্ণতা, প্রঃ—কেরামত কামাল ইহার (ভাঃ)।

কামিজ···ষ্য (আ॰; ফরাসী Chemisc, পর্তু-গীজ Camisa)। শিথিল অঙ্গা-বস্ত্র, জামা।

কামিনা···ষ্য. (স॰ কর্মিন্। তু॰ হি॰ কমেরা, কমীন—ভৃত্য। ফা॰ কমিনা—সাধারণ ইতর লোক)। কর্মকার, প্রঃ—চিত্রগড়র কামিনা বিসাম্ভর—চিত্রগড়ের বিশ্বম্ভর নামে কামার (শূং পুঃ)। (কবিকঃ)। অপভ্রংশে কামিলা শব্দ কোথাও কোথাও আছে।

কামিনী, কামিন্যা···ষ্য. (স॰ কর্মিন্, স্ত্রী॰ কর্মিণী। তু॰ হি॰ কমীন—ভৃত্য)। ধর্ম-ঠাকুরের পরিচারিকা দাসী। কামিন্যা—বোধ হয় বহু বচনের প্রয়োগ। ধর্মঠাকুরের দ্বাদশ কামিনী। (ক লুপ্ত হইয়া আমিনা, আমিন্যা দেখ)।

কামিনী···ষ্য. (স॰)। নারী।···(স॰—বৈদ্যকঃ)। নিম্বুকাদি বর্গের পুষ্পক্ষুপ (Murraya exotica)। পাতা পক্ষাকার, ফুল শাদা, সুগন্ধ, পঞ্চদল, সন্ধ্যাবেলা ফোটে, সকালে খসিয়া পড়ে। (পণ্ডিতেরা অনুমান করেন, গাছটি বিদেশী। ই॰ নাম China box)।

কামোদ ··ষ্য. (স॰ কামোদা)। রাগ-রাগিণী দেখ।

কায়ত, কায়থ···ষ্য. (স॰ কায়স্থ)। হিন্দু-জাতি বিশেষ; স্ত্রী॰ কায়তনী। কায়থী··· ষ্য. (হি॰)। বিহারের কায়স্থ লেখকের অক্ষর।

কায়দা···ষ্য. (আ॰)। রীতি, প্রঃ—আদব-কায়দা; অভ্যাস, প্রঃ—সেতারের গত কায়দা করা; রক্ষা, আয়ত্ত, প্রঃ—চোরকে কায়দা করা।

কায়ফল···ষ্য. (স॰ কটফল। স॰ কা-ফল। হি॰ কায়ফল)। কটফল দেখ।

কায়বা···ষ্য. (স॰ কায়-বার্তা)। স্তুতি, প্রঃ—কবিকঃ। (অপ্রচঃ)। রায়বার দেখ।

কায়ম, কায়েম···ণ. (আ॰)। চিরস্থায়ী, পাকা। কাঃ করা—স্বত্ব সৃজন; কাঃ রাখা—রক্ষা, টেকানা; কাঃ রহা—টেকা; কাঃ হওয়া—স্থায়ী হওয়া, উৎপন্ন হওয়া। (প্রায়ই আদাঃ)।

কায়স্থ···ষ্ণ. (স॰)। হিন্দুজাতিবিশেষ; কায়ত।

কায়া ··ষ্য. (স॰ কায়। বহু সংস্কৃত শব্দে বহুবচনের রূপ বাঙ্গালায় চলিয়াছে। তু॰ অলকা-তিলকা, দারা, মহস্ত)। দেহ। কায় ক্লেশে ··(স॰ কায় ক্লেশেন)। শারীরিক ক্লেশ করিয়া।

কার···ষ্য. (স॰)। (১) কর্মের পরে থাকিলে

কর্ত্তা, নির্ম্মাতা। যথা, লৌহকার, স্বর্ণকার। কারযুক্ত শব্দ সং। বাংতে কার স্থানে আর হয়। যথা, লৌহকার—লোহার, কর্ম্মকার—কামার। (২) (সং)। ধ্বনি, প্রঃ—অ-কার, জয়-জয়-কার। (৩) (সং, ফাং)। কার্য্য, কর্ত্তব্য; বন্ধন, প্রঃ—কারে পড়িয়াছি—কর্ত্তব্যের দায়ে পড়িয়াছি। বে-কার—কার্য্যশূন্য। কার-খানা…কর্ম্মশালা, কলা-স্থান কারকিৎ, কার-কুৎ…(সং কার-কৃতি)। কর্ম্মকৃতি, প্রঃ—জমির কারকিতি—চাষ কর্ম্ম-করণ বেতন। কারকুন…ষ্য. (ফাং)। বিষয় সম্পত্তির তত্ত্বাবধারক।

কার-চোপি, কারচুপি…ষ্য. (যাং কার-চোপি, কারচোবি—কাপড়ে স্থতার ফুল তোলা)। কাপড়ে স্থতার ফুল তোলা (embroidery); চালাকি। কার-পরদাজ…ষ্য. (ফাং)। ব্যবসায়-কর্ম্মচারী। কার-বার…ষ্য. (ফাং। তুং কার্য্যভার)। ব্যবসায়; কাজ-কারবার—সহচর শব্দ। কারবারী…ব্যবসায়ী। কারসাজি…ষ্য. (ফাং)। চালাকি।

কার…ভব অর্থে সম্বন্ধের বিভক্তি। যথা, আজি-কার, সেখানকার, কোথাকার, আপনকার। (প্রাচীন বাং সভাকার—সবাকার—সবার। প্রাচীন বাংতে কার না হইয়া করও হইত। যথা, তা-কর (বিদ্যাপতি), তাম্হা-কর (শূং পুঃ)। ওং ঙ্কের, অদ্যাপি প্রচলিত আছে। যথা, তাহাঙ্কের,—তাঁহার, আপণঙ্কের—আপনকার। হিং-তে কা (কী, কে), যথা, আপনকা—আপন-কার। মং-তে চা (চী, চেঁ); যথা, পুরুষাচা। কার-বিভক্তির অপভ্রংশে কের; যথা (রাঢ়ে) আজকের। কের হইতে গের আসিতে পারে; যথা, তাহাদি-কার—তাহাদি-কের—তাহাদি-গের। (ব্যাকরণ দেখ)।

কার…ষ্য. (ইং cord)। শরু দোড়ী বা স্থতা, প্রঃ—টেঁকঘড়ীর কার—ঘড়ী বাঁধিয়া রাখিবার স্থতা।

কারণ…ষ্য. (সং)। হেতু, সাধন। অ-কারণ—বৃথা। কারণ-বারি…(সং স্মৃষ্টির আদি—জল। কারণ-কার্শ্য…(সং) সাধন বা উপকরণ কৃশতা, ব্যয়-সঙ্কোচ।

কারণ-ফল…পান-কর্পূর দেখ।

কারপেট…ষ্য. (ইং Carpet)। পুরু আসন-বিশেষ, গালিচা, টাট। কারপেট বোনা—উল দিয়া আসন বোনা। কারপেটের বেগ—মোটা কাপড়ের থলিয়া।

কারি-কর…ষ্য. (সং)। কারু, শিল্পী, প্রঃ—গড়িয়াছে শুক কারিকর (পুরাণের শুকদেব, চৈঃ চঃ)। কারিকরি…ষ্য. (সং)। কারু-কার্য্য, শিল্পনৈপুণ্য।

কারিগর…ষ্য. (ফাং)। কারিকর। কারিগরি…কারিকরি।

কারী… ষ্য. (আং)। কোরাণ-পাঠক, প্রঃ—কাজী হাজী কারী (ভাঃ)।

কারী…ণ. (সং কালী)। কালী। (প্রাচীন পদে)।

কারী…ষ্য. (ইং Curry)। মশলাযোগে বাবর্চীর রাঁধা তরকারী। কারী-কাটলেট…(সহচর শব্দ)। কারী ও কাটলেট (দেখ)।

কারু…ষ্য. (সং)। শিল্পী, কারিকর। (কবিকঃ)।

কারোয়া…ষ্য. (ফাং)। ধন্যাকাদিবর্গের শাক বিশেষের (Carum bulbocastanum) ফুল। এই ফল-জাত জল। কারোয়া শব্দ বিকৃত হইয়া কাওরা হইয়াছে। কাওরা জল

বিদেশী শাক বিশেষের (Carum carui) ফল-যোগে প্রাপ্ত। ইহা (European Caraway) কখন কখন মিঠা বা সফেদ জীরা নামেও বিক্রয় হয়। পানীয় সুবাসিত করিতে কাওয়া লাগে।

কার্টিজ···ষ্য. (ই° cartridge)। বন্দুকের নিমিত্ত বারুদ-ভরা কাগজের পুরিয়া।

কার্ড···ষ্য. (ই° card)। একখণ্ড ছোট পুরু কাগজ, পত্র-বিশেষ, পোষ্ট-কার্ড।

কার্তিক (গ্রা° কাত্তিক)···ষ্য. (স°)। সপ্তম মাস। পুরাণের পার্বতী-পুত্র। ইনি সুন্দর বলিয়া বা°তে সুপুরুষ। লোহার কাত্তিক—উপহাসে, লৌহবৎ কৃষ্ণবর্ণ এবং কদাকার পুরুষ। কার্তিকা, কার্তিকিয়া···ণ. কার্তিকমাসে জাত, কার্তিক মাস সম্বন্ধীয়। কার্তিকা ঝড়···কার্তিকমাসে জাত প্রবল ব্যাত্যা (cyclone)।

কার্তুস···ষ্য. (হি°। ই° cartouche)। কার্টিজ।

কার্দানি···ষ্য. (ফা° কারদানি)। দক্ষতা।

কার্নিশ···ষ্য. (ই° cornice)। অট্টালিকার ছাদ হইতে বহির্গত কর্ণ-সদৃশ অঙ্গ; আলমারীর মাথা হইতে বহির্গত অঙ্গ।

কার্যঞ্চ, কার্যনঞ্চ···পত্র লিখিবার ধারায় প্রথমে প্রণাম সম্ভাষণাদি পরে কার্যং চ—উদ্দেশ্য-জ্ঞাপন। এই ধারা বহুকাল হইতে আছে। কার্যঞ্চ পরিবর্তে, বিশেষস্তু—বিশেষ লেখাও রীতি ছিল ও আছে। কার্যঞ্চ স°; অশুদ্ধ হইয়া কার্য্যনঞ্চ। কার্যঞ্চাগে—কার্যও আছে,—আগে—প্রথমে এই—। পত্র লিখিবার ধারার স° বা° মিশ্রিত আছে।

কাল···ষ্য. (স°)। সময়, কার্য্যের যোগ্য সময়; মৃত্যু, যম। অকাল···পাঁজীতে গণিত পুণ্য কর্মের অযোগ্য সময় (সকাল বিকাল দেখ)। কাল-বেলা···পাঁজীতে গণিত দিবসের অর্ধপ্রহর পরিমিত অশুভ সময়। কাল-রাত্রি···অশুভ রাত্রি, মৃত্যুর রাত্রি। কাল-সাপ···কৃষ্ণবর্ণ মারাত্মক সর্প, কেঅটিয়া সাপ। কাল বৈশাখী···বৈশাখ মাসের অপরাহ্নের অকস্মাৎ প্রবল ঝড় (Nor'-wester)। কালে কালে কত হবে···সময়ান্তরে, নানা কালে নানা উপদ্রবের সম্ভাবনা। তিন কাল গিয়া এক কাল ঠেকা···শৈশব যৌবন প্রৌঢ়ত্ব গত, বৃদ্ধত্ব উপস্থিত। কালান্তক···যে কাল বা সময় সব বিনাশ করিতেছে। কালাশুদ্ধি···জন্ম কিংবা মৃত্যুর কারণে অশুচি। কালনেমি···রাবণের মামা। কালনেমির লঙ্কাভাগ···হনুমানকে বধ করিতে রাবণ কালনেমিকে পাঠাইয়াছিল, এবং অঙ্গীকার করিয়াছিল যে হনুমান হত হইলে কালনেমি লঙ্কারাজ্যের অর্ধ পাইবে। কালনেমি হনুমানকে হত করিবার পূর্বেই লঙ্কার কোন অর্ধ লইবে, তাহা মনে মনে বিচার করিয়াছিল। উপমায়, কার্যসিদ্ধির পূর্বেই ফলাকাঙ্ক্ষা। তু° গাছে কাঁঠাল গোঁফে তেল। কালাগুরু···অগুরু দেখ। কালপুরুষ···ব্রহ্মা প্রজাপতি নামক নক্ষত্র (Constellation)। তিনি বৈদিককালে সময় পরিমাণ করিতেন। মূল কথা, এই নক্ষত্র ধরিয়া বৎসর পরিমিত হইত। এই নক্ষত্রের মাথায় মৃগশিরা, কটিতে ইল্বলা। (ইহার অপর নাম অগ্রহায়ণী, ই° Orion)। কস্মিন্ কালে···স°। কোনও সময়ে।

কালীন…ণ. (সং)। নির্দিষ্ট কালে জাত, দত্ত, প্রাপ্ত, প্রঃ—এক-কালীন দান…এক বারে দত্ত বা প্রাপ্ত দান।

কাল…ণ. (সং)। কৃষ্ণবর্ণ। কাল কুচ্-কুচিয়া, কাল কুচকুচ্যে…চিক্কণ কৃষ্ণবর্ণ। (কুচ্ কুচিয়া দেখ)। কাল মিশ্-মিশিয়া, কাল মিশ্‌মিশ্যে, কাল মীশ, মীশ্কাল…মশী (মষী, মসী,)-তুল্য কৃষ্ণবর্ণ। (মিশ-মিশিয়া দেখ)। ভাত-সিদ্ধ-করা হাঁড়ীর তলে যে মশী জমে, তাহার তুল্য কৃষ্ণবর্ণ। ধান-সিজা হাঁড়ীর মতন কাল…রুক্ষকৃষ্ণবর্ণ। (কারণ খড়-কুটা-পাতা পোড়াইয়া ধান সিজানা হইয়া থাকে)। কাল্-ঝুল…রান্নাঘরের ঝুলের মতন কৃষ্ণবর্ণ। কাল-মুষ্ক…ণ. (সং কাল—কৃষ্ণবর্ণ, সং মুষ্ক—মাংসল)। কৃষ্ণবর্ণ ও মাংসল, প্রঃ—কাঃ ডাকাইত। কাল্‌টিয়া, কাল্‌টা, কাল্‌ট্যে…ণ. (কাল+টা+ইয়া); ঈষৎ কৃষ্ণবর্ণ।

কাল্-কট্‌কটিয়া, কাল-করকটিয়া…ষ্য. (সং কর্করেটু, করেটু ?)। বৃক্ষচারী বর্গের নীলবর্ণের পক্ষীবিশেষ। কট্‌কটিয়া দেখ। একা একা থাকে এবং উড়িতে উড়িতে পোকা ধরিয়া খায়। (অমরে, কর্করেটুঃ করেটুঃ স্যাৎ—কর্কশং কুৎসিতং রটতি। ক্রকণ ক্রকরৌ সমৌ—ক্রকেণ কণ্ঠেন অনিতি শব্দায়তে, ক্রকেণ রৌতি—অঃ টীঃ। ইহা হইতে পক্ষী-নিরূপণ দুরূহ। শব্দসাম্যে সং কর্করেটু বোধ হয়)।

কালন্দর…ষ্য. (ফাং)। ধর্মাত্মা মুসলমান সম্প্রদায় বিশেষ (ফকিরঃ)। (অপ্রচঃ)

কাল্-নাগিনী…ষ্য. (সং কাল-নাগিনী)। মারাত্মক সর্প-বিশেষ, কাল্‌সাপ (বোধ হয় কেঅটিয়া সাপ)।

কাল্‌বসি, কালবঁস…ষ্য. (সং কালবসি ? সং বসি—আচ্ছাদনে) ভারতচন্দ্রে কাল-বসু। কিন্তু বসু হইলে অর্থ হয় না। ঢাকায় কালী-বাউশ, ওং কল্লা-বাঁইসি—যেন কাল বাঁশ)। রোহিত তুল্য মৎস্য বিশেষ (Labeo calbasu), কিন্তু প্রায় কৃষ্ণবর্ণ। পাখনা কাল। মুখের পাশে দুইটা ছোট দুইটা বড় গোঁফ আছে।

কাল্‌বুদ…ষ্য. (ইং Culvert)। পথের নীচে দিয়া জল-নির্গমের শাঁকো; খিলান গাঁথিবার নিমিত্ত কাঠের বা বাঁশের আধার। …ষ্য. (ফাং)। জুতা নির্মাণের ফর্মা (shoe-maker's last)।

কাল্-মেঘ…ষ্য. (সং নাম কিরাত; হিং কির-য়াত; ওং ভুই নিম্ব। অন্য সং নাম মহা-তিক্ত)। বাসকাদি বর্গের বর্ষায়ু শাক-বিশেষ (Andrographis paniculata)। গাছ সোজা, পাতা মৎস্যাকার, রোমহীন, ধার অখণ্ডিত। ফুল শাদা, ভিতরে আনীল-রক্ত চিহ্ন। কেশর ২। গাছ তিক্ত, এইহেতু অন্য নাম মহাতিক্ত। (কাল-কর্পূর দেখ)।

কাল্-শিরা, কাল্-শিটা…ষ্য. (কাল-শিরা; র স্থানে ট)। চাপে শিরার রক্তগমন বন্ধ হইলে শিরার কৃষ্ণবর্ণ-প্রাপ্তি (Bruise) কাল-শিরা মারা…ঐরূপ হওয়া।

কাল্-সার…কৃষ্ণসার দেখ।

কালা…ণ. (সং কল্ল। ওং কালা, আসাং কলা)। শ্রুতিবর্জিত, বধির। শীতল, প্রঃ—দুধ কালা হইয়াছে (সং কল্ল—বধির —শব্দের অর্থ-সম্প্রসারণে; ওং কালুআ)।

কালা···ধাতু. (সং কল্ল হইতে)। কালাই —শীতল হই, শীতে কাল—কৃষ্ণবর্ণ হই। প্রঃ—হাত পাতা কালাইয়া—কালিয়ে—গিয়াছে॥ কালানা॥

কালা···ণ. (সং কাল)। কৃষ্ণবর্ণ-বিশিষ্ট। কালাগুরু··অগুরু দেখ। কালানি ··ষ্য. (কালা+পানি)। কাল জল (তুং চোল-চোঁয়ানি)। কালা-পাড়···বস্ত্রের কৃষ্ণবর্ণ ধারা। কালা-পাড়িয়া, কালা-পেড়্যে···কৃষ্ণ-বর্ণ পাড়-বিশিষ্ট। কালা-পানি···ষ্য. (হিং)। (কাল) সমুদ্র। কালা-পাহাড় ··ষ্য. কৃষ্ণ-বর্ণ পাহাড়, কিন্তু ইতিহাসে হিন্দুধর্ম্মবিদ্বেষী হিন্দু-দেবদেবী-মন্দির-ধ্বংসকারী মুসলমান সেনাপতির নাম। ইনি প্রায় ৩৫০ বৎসর পূর্ব্বে ছিলেন। কালা-মুখুয়া, কালা-মুখো ···ণ. (কালা মুখ+ উয়া)। কলঙ্কে মাখা মুখ যার, নির্লজ্জ। কালা-দানা ··ষ্য. (হিং)। নীল কলমী গাছ। কলম্বী-আদি বর্গের বর্ষায়ুঃ লোমশ লতা-বিশেষ (Ipomœa hederacea)। নীল বর্ণ ফুলের নিমিত্ত শীতকালে রোপিত হইয়া থাকে। ইহার বীজের নাম কালা-দানা। এই বীজ রেচক-ঔষধ। কালা-পাতি··· ষ্য. (হিং কালা-পত্তী। কালপত্র—পাতি ? কাল—কৃষ্ণবর্ণ—বর্ত্তী-বাতি ?)। দুই বস্তুর সন্ধি অপর এক দ্রব্য দ্বারা পূরণ। যেমন নৌকার পাটা কালা-পাতি না করিলে তলায় জল ঢোকে। গাছের ছাল দিয়া নৌকার কালাপাতি করা হয়। জলে সে ছাল গাবিয়া কৃষ্ণবর্ণ হয়। কালাশৌচ··· ষ্য. (সং)। শুভকর্ম্ম-ব্যাঘাতক অশৌচ।

কালাংড়া···ষ্য. (সং কলিঙ্গ দেশ নাম হইতে)। রাগিণী বিশেষ (রাগরাগিণী দেখ)।

কালি, কাল ···ষ্য. (সং কল্য। ওং কালি, আসাং কালি, হিং কাল। মং কাল— গত দিবস। বাং-তে উচ্চারণ কাল নহে)। পূর্ব্ব কিংবা পর দিবস। কাল কাল করা··· আগামী কালি দিব বা করিব বলা, কাল-বিলম্ব করা। কালিকার· ·ণ. কালি উৎপত্তি যাহার।

কালি···ষ্য. (সং কাহল। ওং আসাং কালি)। বাদ্যবিশেষ, প্রঃ—জোড়া সিঙ্গা বাজে কালি (শূং পুঃ)। (অপ্রচঃ)। কালী দেখ।

কালি-দহ···কালিয় দেখ।

কালিমা···ষ্য. (সং)। কৃষ্ণতা, মলিনতা।

কালিয়···ষ্য. (সং)। যমুনানদীর পুরাণ-প্রসিদ্ধ বৃহৎ সর্প বিশেষ। শ্রীকৃষ্ণ এই সর্প বিনাশ করিয়া কালিয়দমন নাম পাইয়া-ছেন। কালিয়-দমন···ষ্য. শ্রীকৃষ্ণ, শ্রীকৃষ্ণ বিষয়ক গান, শ্রীকৃষ্ণযাত্রা। কালি দহ··· ষ্য. যমুনা নদীর যে গভীর জলে—দহে— কালিয় সর্প থাকিত।

কালিয়া···ণ. (সং কাল+বাং ইয়া)। কাল-বর্ণ বিশিষ্ট। অপভ্রংশে কেলে।

কালিয়া···ষ্য. (আং কলিয়া)। মাছ কিংবা মাংসের ব্যঞ্জন। কালিয়া-কোপ্তা ··কালিয়া ও কোপ্তা । (সহচর শব্দ)।

কালী···ষ্য. (সং)। দেবী-বিশেষ। রক্ষা-কালী···যে দেবী গ্রাম রক্ষা করেন। (২) মষী। প্রবাদে, কালী কলম মন লেখে তিন জন—ভাল কালী, ভাল কলম, এবং মন ভাল না হইলে লেখা ভাল হয় না।

ভুষাকালী···(মষী শব্দের অপভ্রংশে। ভুষা দেখ)। কজ্জল-যোগে কালী। আগুনের ধুঁয়ার উপরে স্থাপিত হাঁড়ীর তলার মষী—ভুষা—এই কালীর প্রধান উপাদান। ভুষা জলে মিশাইয়া রাখিতে চাল-চোঁআনি লাগে এবং কেশরাজ গাছের রস দিলে কালী উজ্জ্বল হয়। পুথী-লেখা কালী করিতে কষ-জল ও লোহা লাগে। লাল কালী··আল্‌তা। অধুনা নানাবিধ বিলাতী রঙ্গা-কালী ব্যবহৃত হইতেছে। (৩) কলঙ্ক, প্রঃ—কুলে, বংশে, ধর্ম্মে, মুখে, কালী দেওয়া—কলঙ্ককর কম করা। মনের কালী··পাপচিন্তা। (৪) গণিতে বর্গ ও ঘন করণ, ক্ষেত্র ফল ও ঘন-ফল আনয়ন (কালী—square and cubic measurement); প্রঃ—কাঠা-কালী—দীর্ঘ প্রস্থ হইতে কাঠা-করণ; বিঘা-কালী—বিঘা-করণ। ইট-কালী,পুষ্করিণী-কালী ইত্যাদিতে ঘন-ফল আনয়ন। কালী করার অপর নাম সারা করা (সারা দেখ)। (৫) কৃষ্ণবর্ণ গাই। (৬) কৃষ্ণবর্ণ। কালাচা, কালীসা··· (কালী+সা—সাদৃশ্যে)। ঈষৎ কৃষ্ণবর্ণ। কালীয়া, কেল্যো···কৃষ্ণবর্ণ, শ্রীকৃষ্ণ। কেলে-সোনা···স্বর্ণ-নির্মিত শ্রীকৃষ্ণমূর্তি।

কালী···ষ্য. (সং কাহলা। ও° কাহাঝি)। পূর্বকালের বাদ্য-বিশেষ, বীরকালী। (ও° কাহাঝি—পিতল-নির্মিত শিঙ্গাবিশেষ।) কালি দেখ।

কালী-ঝাঁপ···ষ্য. (কালু ঝোপ হইতে)। অপুষ্পক শাক-বিশেষ (প্রায়ই Adiantum—a fern)। পাতার শিরা বা ডাঁটা কাল তারের মতন। সেই ডাঁটার কেবল এক পাশে পর্ণ থাকে। রেণুস্থলী পর্ণের নীচের পিঠে ধারে ধারে থাকে। ইটের ভিজা দেওয়ালে বর্ষাকালে প্রচুর জন্মে।

কালেক্টর ··ষ্য. (ই° collector)। জেলার রাজস্ব-গ্রাহক কর্মচারী। ডেপুটী-কালেক্টর ···কালেক্টরের নিযুক্ত প্রতিনিধি। কালেক্টরী ···রাজস্ব-সম্বন্ধী।

কালেজ, কলেজ ··ষ্য. (ই° college)। উচ্চ-শ্রেণীর ইংরেজী ইস্কুল। কালেজী···ণ. কালেজে শিক্ষিত, কালেজ-সম্বন্ধী।

কালে-ভদ্রে ··(সং কাল-বেলা ও ভদ্রা তিথি হইতে)। কাল বেলায় ও ভদ্রা তিথিতে—অর্থাৎ অশুভ সময়ে, সুতরাং কদাচিৎ। প্রঃ—কাঃ দেখা—অসময়ে অকস্মাৎ কদাচিৎ দেখা।

কালোয়াৎ···ণ. ষ্য. (সং কলাবৎ। হি° কলাবন্ত)। সঙ্গীত-কলায় দক্ষ, নিপুণ। কালোয়াতি ··ষ্য. কলোয়াতের কর্ম। কালোয়াতী···ণ. কালোয়াতের যোগ্য।

কাশ, কাশিয়া (গ্রা° কেশে) ··ষ্য. (সং কাশ)। ধান্যাদিবর্গের দীর্ঘায়ুঃ উন্নত ঘাস-বিশেষ (Saccharum spontaneum)। পাতা সরু, চেপটা ; ডাঁটা শ্বেতলোমশ। কোথাও কোথাও লোকে ঘর ছায়।

কাশ, কাশি···ষ্য. (সং কাশ)। কণ্ঠনালীর শ্লেষ্মা বহির্গমনবেগ (cough)। ক্ষয়কাশ বা যক্ষ্মা···ষ্য. (সং)। ফুস্ফুসের ক্ষয়কর রোগ-বিশেষ (consumption or phthisis)। হাঁপানি কাশি···ষ্য. (হাঁপ দেখ)। নিঃশ্বাস ত্যাগে বাধা জনিত কাশি (asthma)। ঘুঙ্গাড়ি কাশি ··ষ্য. (ঘুঁ ঘুঁ (শব্দ) করি হইতে)। শিশুদিগের কাশ-বিশেষ (croup)।

শুষ্ককাশি হইয়া গলা ভাঙ্গিয়া যায়, তখন কুবুকুর শব্দ শোনা যায়। হুপকাশি ··ষ্য. (ই° whooping cough)। শিশুদিগের এক প্রকার সংক্রামক কাশি। নিশ্বাস লইবার সময় হুপ শব্দ হয়। খুসুখুসা, খুসুখুসিয়া কাশি ··গলা খুসুখুস (দেখ) করিয়া কাশি, শুষ্ক কাশি। কাশুয়া, কেশো ··ণ. (কাশ +উয়া)। কাশরোগগ্রস্ত। কাশ ··ধাতু. (স° কাশ ধাতু)। কাশি—কণ্ঠনালী হইতে শ্লেষ্মাদি বহির্গত করিতে চেষ্টা ও শব্দ করি। কাশা। কাশি॥ কাশা ··ধাতু. (কাশ ধাতু আস্তে)। কাশাই—কাশ উৎপাদন করি॥ কাশানা॥

কাশন্দা··ষ্য. (স° কাশমর্দ। হি° কসৌন্দী; ও° চাকুণ্ডা স° চক্রমর্দ ভ্রমে)। কাঞ্চনাদি-বর্গের ছোট বর্ষায়ুঃ বন্য ক্ষুপ-বিশেষ(Cassia sophora)। ডাল সবুজ, পাতায় ৬ হইতে ১২ জোড়া পর্ণ থাকে, কেশর ৭টা। কাল্ কাশন্দা ··ঐরূপ গাছ। ডাল ঈষৎ লাল। 'কালা কাসন্দা'—(শূং পুঃ)। কালকাশন্দা ···কাশন্দা তুল্য বন্য ক্ষুপ (Cassia occidentalis)। পাতায় ৩ হইতে ৫ টা পর্ণ। শুঁটী চেপটা।

কাশন্দি··ষ্য. (স° কাশমর্দ; স° কাসন্দী—বৈদ্যকে; হি° কসোন্দী)। সরিষা বাটা বা চূর্ণ যোগে রক্ষিত কাঁচা কাটা আম ও অন্যান্য ফল। "কাশন্দি আচার আদি"—(চৈঃ চঃ)। উপমায়, পুরাণ কাশন্দি বাহির করা—পুরাতন কাশন্দি দুর্গন্ধ হয়; লক্ষণায় পুরাতন ঘৃণিত প্রসঙ্গ উত্থাপন।

কাশি ··কাশ দেখ।

কা-শিমুলা ··ষ্য. (স° কূট-শাল্মলি, কাশাল্মলী। গ্রা° কাশিমোল্লা (রাঢ়ে)। ও° মই। কলিকাতার নিকটবর্ত্তী স্থানে জিওল)। আম্রাদি বর্গের পত্রত্যাগী তরু বিশেষ (Odina wodier)। কাঠ শাদা, হালকা, অকর্ম্মণ্য। ৩।৪ জোড়া পর্ণে পাতা। বসন্তকালে ফুল হয়, তখন পাতা থাকে না। ফুল ছোট, আম্রবিত। ফলে কঠিন আঁঠি থাকে। ডাল কাটিয়া পুতিলে সহজে গাছ হয়। ক্ষত হইতে শিমুল ও আমড়া আঠার মতন আঠা বহু পরিমাণে নির্গত হয়। (ইহা এবং কাঠ দেখিয়া বোধ হয় স° কা-শাল্মলি নামের উৎপত্তি।)

কাশী ··ষ্য. (স°)। বারাণসী নগরী। কাশীয়াল···ষ্য. (কাশী+আল)। কাশী-বাসী। কাশী-প্রাপ্ত···ণ. বারাণসীতে মৃত, শিবলোক-গত।

কাশ্মীর···ষ্য. (স°)। প্রদেশ বিশেষ। কাশ্মীরী ··ণ. কাশ্মীর দেশীয়, তদ্দেশ জাত, প্রঃ—কাঃ শাল; তদ্দেশীয় লোক, ভাষা।

কাষিষ···ষ্য. (ফা°)। চেষ্টা। (অল্প চলিত)।

কাষ্ঠ ··ষ্য. (স°)। কাঠ (দেখ)। কাষ্ঠ-হাসি···ষ্য. (তু° হি° কঠ হাঁসী)। কাষ্ঠ-বৎ নীরস হাস্য।

কাসনি···ষ্য. (হি° ফা°)। সোমরাজ্যাদি বর্গের শাক বিশেষ (chicory; Cichorum)। পঞ্জাবে জন্মে। মূল ঔষধে লাগে।

কাঁসর ··ষ্য. (স° কাংস+বা° র—নির্ম্মিত অর্থে)। কাঁসায় নির্মিত বাদ্যযন্ত্র বিশেষ, কাঁসী। (২) অতি বৃহৎ প্লীহা (প্লীহা অত্যন্ত বাড়িলে কাঁসরের তুল্য আকার-বিশিষ্ট ও কঠিন হয় বলিয়া)।

কাংসমাক্ষিক, কাংসমুখী ··ষ্য. (স° কাংস-

মাক্ষিক)। লৌহ ও গন্ধক যোগে খনিজ মণি বিশেষ (mineral—iron-pyrites)। কাঁসার মতন বর্ণ বলিয়া নাম।

কাঁসা…ষ্য. (সং কাংস্য)। তাঁমা ও রাঙ্গোর সঙ্কর ধাতু (Bell metal)। সাধারণ কাঁসায় ৭ ভাগ তামা, ২ ভাগ রাঙ্গা থাকে (অতএব প্রায় soft gun-metal. In bell-metal, copper 16 tin 5)।

খাগড়াই…ণ. (খাগড়া+ঈ)। মুর্শীদাবাদ জেলার অন্তর্গত খাগড়া নামক স্থানজাত।

কাঁসারী…ষ্য. (সং কাংস্যকার—কাংস্যআর—কাঁসার+ঈ (স্বার্থে); হিং কসোরা। ওং তঠারি)। হিন্দুজাতি-বিশেষ; স্ত্রীং কাঁসারনী। যে পিতল কাঁসার জিনিষ গড়ে। কবিকঙ্কণে, 'কাঁসারি পাতিয়া শাল গড়ে ঝারি খুরি থাল, ঘটী বাটী বড় হাঁড়ি শিপ। ডাবর চুনাতি বাটা সাঁপুড়া ঘাঘর ঘণ্টা, সিংহাসন গড়ে পঞ্চদীপ'। (খুরী—ছোট বাটী)

কাসীস…ষ্য. (সং। হিং কসীস)। হিরাকস (দেখ)।

কাস্তগীর…ষ্য. (ফাং খু-আস্তগার—বিচারালয়ে বাদী)। পদবী-বিশেষ।

কাস্তিয়া, কাস্তে, কাস্ত…ষ্য. (সং কর্তরিকা—কাত্তরিআ—কাত্তুইআ—কাস্তিয়া। অপভ্রংশে কোন কোন স্থানে কেস্তে। সং কর্তরী সংক্ষেপে কত্রী হইতে ঢাকায় আসামে কাচি (কাঁচি দেখ)। কর্তরিয়া শব্দের ত স্থানে চ হইয়া হিংতে কচিয়া। কর্তরিকা শব্দে রেফ পরে ত থাকাতে রেফ স্থানে স্ আসিয়াছে। তুং টাকাটা-আস্টা—টাকাটা-আষ্টা। ওং দী—সং দাত্র। দাত্র হইতে উর্দু দাস, হিং দঁরাতা। মং কোয়তী। তেং কোডবালি—সং করবাল। হিং হসুআ উর্দু হাঁসুআ শব্দের মূল পৃথক। কাস্ত শব্দ প্রাচীন। যথা, শূংপুঃ,—সত পল সুনার কাস্ত গঠিআ জুগাঅ—(শত পল সোনার কাস্ত গড়িয়া জোগাও)। ধান্যাদি কাটিবার দাত্র।

কাহন…ষ্য. (সং কার্ষাপণ। ওং কাহণ; ষ স্থানে হ, প লুপ্ত। কড়া শব্দ দেখ)। ১৬ পণ। (পূর্বকালে এক কাহন কড়ীর মূল্য এক কাহন ছিল। কবিকঃ দেখ)।

কাহাঁ…বা. (হিং কহাঁ)। কোন্ স্থানে, প্রঃ—কাহাঁ সে ত্রিভঙ্গঠাম কাহাঁ সেই বেণু-গান, কাহাঁ সেই যমুনাপুলিন (চৈঃ চঃ) (অপ্রচঃ)। কাহাঁতক…(তক দেখ)। কি পর্যন্ত—প্রঃ—এ জ্বালা কাহাঁতক সহ্য হয়! (যাহাঁ দেখ)

কাহার…ষ্য. (সং স্কন্ধ-ধার—স্কন্ধার—কাহার। হিং কহার)। পালকী-বাহক, প্রঃ—কাহার প্রভৃতি যারা, ছুটিয়া পলায় তারা (ভাঃ)। হিন্দু জাতি বিশেষ। স্ত্রীং, কাহারনী। কাহারবা…যা. (হিং কহরবা)। হিন্দুস্থানী কাহারদিগের নৃত্যের সহিত গীত হইতে রাগিণী বিশেষ (রাগরাগিণী দেখ)।

কাহিনী…ষ্য. (সং কথানক। ওং কাহাণি, হিং কহাণী)। ক্ষুদ্র গল্প বা কথা।

কাহিল…ণ. (আং—অলস। তুং সং কাতর)। কৃশ, দুর্বল, প্রঃ—রোগে কাহিল হওয়া—শরীর কৃশ হওয়া।

কি…সর্বনাম. (সং কিম্)। প্রশ্নে, বিতর্কে, অজ্ঞাত বস্তু, প্রঃ—আমি কি জানি, বেল পাকিলে কাকের কি? সেখানে কি আছে?

ব্য. (সং কিম্ ; অর্থে কিম্, কিমপি, কিমু, কিং ইতি)। প্রশ্নে, প্রঃ—তুমি কি যাবে ? বিতর্কে, প্রঃ—এমন ছেলে কি বাঁচিবে ? নিষেধে, প্রঃ—তুমি যাবে কি ?—তোমার যাওয়া প্রকারান্তরে নিষিদ্ধ। কুৎসায়, প্রঃ—লোকে কি না বলে। বিকল্পে, প্রঃ —কি ধনী কি নির্ধন, সবাই গিয়াছে। বিস্ময়ে, খেদে, প্রঃ—কি জ্বালা! কি জ্বলন! কি দগ্ধন! কি পোড়া! কিবা ·· ব্য. বিস্ময়ে সুন্দর, অপরূপ, প্রঃ—কিবা বুক কিবা মুখ কিবা নাক কাণ। কিবা নয়নের ঠার কাড়ি লয় প্রাণ॥ (ভাঃ)। বিতর্কে, প্রঃ—পাখী আমি মোর কথা কিবা (ভাঃ)।

কিঙ্খাব ··ষ্য. (ফাং কমখ্‌আব)। সোনার তার দিয়া বোনা কাপড়।

কিচ্-কিচ ···ব্য. (সং কচ ধাতু শব্দে ; কচ্-কচ দেখ। সং চিক্ক ধাতু (পীড়নে) বর্ণ-বিপর্যয়ে কিচ। সং চিক্ক—ছুঁচা। চিকচিক করে বলিয়া চিক্ক ; বাঙ্গালায় বলি ছুঁচা কিচ্-কিচ করে)। তীব্র লঘু শব্দে, প্রঃ—ভাতে বালি কিচ্‌কিচ করে ; ছুঁচার শব্দে ; কর্ণপীড়ক অব্যক্ত শব্দে, কলহে, প্রঃ—কিচ্‌কিচানি। কেচ্-কেচ ··(কিচ শব্দের ই স্থানে এ, অবজ্ঞায়)। কলহ শব্দে, প্রঃ —দিনরাত কেচ্-কেচানি সইতে পারা যায় না।

কিচ্-মিচ ··ব্য. (সং কচ ধাতু শব্দে ; সং মচ ধাতু দম্ভে, কিংবা মিশ ধাতু শব্দে। কচ্-মচ দেখ)। পাখীর কোলাহল শব্দে। হ্রস্ব শব্দ বুঝাইতে কিচি-মিচি। কিচির-মিচির ·· কিচি-মিচি রব।

কিছু···সর্বনাম. (সং কিঞ্চিৎ। ওং কিছি ; হিং কুছ, কছু ; মং কাঁহী)। অনির্দ্দিষ্ট পরিমাণ (আসাং কিছুমান), অল্প-স্বল্প, অল্প অংশ, কোন বিষয়, কোন বস্তু, প্রঃ —তোমার বলাতে কিছু যায় আসে না। "তোমায় ভালবাসি তাই, চোখের দেখা কেবল দেখ্‌তে চাই, কিছু থাক থাক ব'লে ধ'রে রাখ্‌ব না"। (রাম বসুর গান); তোমায় কিছু বাঁধিব না, তোমায় কিছু মারিব না। কিছুই···(সং কিঞ্চিদপি)। কিছু অর্থে, বল-প্রয়োগে ই। কিছু-কিছু ···অল্প-স্বল্প। কিছু-না-কিছু ··কিছু না হইলেও কিছু—তুচ্ছ হইলেও অল্প অংশ ; প্রঃ—কিছু-না-কিছু মুখে দেও—যৎসামান্য হইলেও খাও।

কিট্-কিট···ব্য. (সং কিট ধাতু আবরণে)। কিট্ট বোধে, প্রঃ—গামছা তেল-কিট্-কিট করে। কিট্‌কিটিয়া, কিট্‌কিট্যে···ণ. (কিট্-কিটা+ইয়া)। তৈল-কিট্টময়, প্রঃ—তেল-কিট্‌কিট্যে গামছা।

কিটকিরা···ষ্য. (কটোরা-করা হইতে ? ওং কিটকিরা। হিং ঠপ্পা)। স্বর্ণাদি ধাতু পাত্র চাপিয়া আকৃতি দিবার কাঁসার ঠাসা (die)।

কিড়-মিড় · কড়্‌মড় দেখ।

কিতা ··ষ্য. (আং কতা,—(তুং সং কর্তিত) কিতা। আং খিতা ; তুং সং ক্ষেত্র)। ভূমি-খণ্ড, প্রঃ—চারি কিতা জমী। (কেতা দেখ)। কিতা-বরী, কিতা-আরী···ণ. কিতা বরাবর—এক এক খণ্ড ধরিয়া, প্রঃ—কিতাবরী মাপ।

কিত্তিম (গ্রাং)···ণ. (সং কৃত্রিম)। কল্পিত, প্রঃ—কিঃ টাকা, কিঃ কথা।

কিন্-কিন···ব্য. (কন্-কন দেখ)। কিঙ্কিনীর শব্দে, প্রঃ—কটিতে কিঙ্কিনী বাজয়ে কিনি-কিনি (জ্ঞানদাস)।

কিন ··ধাতু. (সং ক্রী ধাতু ক্রয়নে। বাং কেন্‌া, হিং কিন্‌না, ওং কিণিবা। তিন ভাষাতেই শেষে ন বা ণ। ক্রী—কীরি—কিনি। হয় ত সং ক্রীণাতি পদ-সাদৃশ্যে কিন ধাতু)। কিনি—মূল্য দিয়া গ্রহণ করি॥ কেনা॥ (কিনা শব্দ প্রায় অপ্রচঃ; তুং কেনা-বেচা, কেনা-রাম, 'কেনা হইয়া থাকিব'। আমি কিনি, তুমি কেন, সে কেনে, কিনে। 'সে কিনে অপেক্ষা সে কেনে— অধিক প্রচলঃ। প্রাচীন বাং-তে কিনে, যথা, বেচে কিনে জারে জেবা মন (শূঃ পুঃ)। কেনা···ধাতু. (ঐ আস্তে)। কেনাই—মূল্য দিয়া গ্রহণ করাই। কেনানা, কেনানি॥

কি না···ব্য. (সং কিং নু, কিং নু খলু। সং-প্রাং কি নো)। প্রশ্নে, প্রঃ—গোপাল যাবে কি না যাবে আজি গোষ্ঠে (জ্ঞানদাস)। ব্যাখ্যানে। (ব্যাকরণ দেখ)

কিনারা···ষ্য. (ফাং কনারা। হিং সং কেনার —মস্তক যথা, কেনারঃ কুম্ভিনরকে শিরঃ কপোলসন্ধিষু—মেঃ)। ধার, প্রান্ত। কিনারা করা···শেষ দেখা। কূল-কিনারা ··(সহচর শব্দ)। কূল এবং কিনারা—প্রান্ত, শেষ।

কিন্তু ··ব্য. (সং)। প্রথম উক্তির বৈপরীত্য বা সঙ্কোচবোধক, প্রঃ—সে যাবে, কিন্তু তুমি যাবে না। ষ্য. আপত্তি, সন্দেহ-প্রকাশ, প্রঃ—কিন্তু করা, কিন্তু বোধ করা।

কিপ্‌টা, কিপ্‌টে (গ্রাং) · ণ. (সং কৃপণ শব্দের ণ স্থানে ড হইয়া ট। কিপ্‌টা শব্দে আ পূর্বে ই থাকাতে রাঢ়ের উচ্চারণে ই স্থানে এ হইয়া কিপ্‌টে)। কৃপণ।

কিপ্পন (গ্রাং) ··ণ. (সং কৃপণ)। কৃপণ।

কিপ্পনা···ষ্য. (কৃপণ-পনা)। কার্পণ্য।

কিফায়ৎ ··ষ্য. (আং•)। উদ্বৃত্ত, লাভ।

কিংবা ··ব্য. (সং)। অন্য পক্ষে, বিকল্পে।

কিম্ভূত···ণ. (সং—কীদৃশ)। কদাকার। কিম্ভূত-কিমাকার ··ণ. (সং—কীদৃশ)। বিকট, কদাকার। (সং অর্থ হইতে ভ্রষ্ট হইয়াছে। বোধ হয় কিম্ভূত শব্দের ভূত অর্থে ভূতযোনি ভ্রমে এই অর্থ-বিকার ঘটিয়াছে)।

কিম্মৎ ··ষ্য. (আং কীমৎ)। মূল্য। কিম্মতী ···ণ. (কিম্মৎ+ঈ)। মূল্যবান্।

কিয়া···ষ্য. (সং ক্রিয়া)। ক্রিয়া ফল, প্রঃ—মাতালে কোটালি দিয়া পাইনু আপন কিয়া (ভাঃ)। (অপ্রচঃ)

কিয়াল্, কিয়ালা · ণ. (কিতা+আল ? তুং কিতাবরী—কিতাআরী)। পৃথক, স্বতন্ত্র, প্রঃ—সরিকদারের কাছ হইতে বিষয় কিয়াল্ (বা) কিয়ালা করিয়া লওয়া—খণ্ডে খণ্ডে ভাগ করিয়া; স্থির, ধার্য, প্রঃ—কর্ম কিয়ালা করা।

কিয়াস ··ষ্য. (আং কয়াস)। বিবেচনা, অনু-মান। অ-কিয়াস অপভ্রংশে অথ্‌খেসি··· অমনোযোগ।

কিয়ে ··ব্য. আশ্চর্যে,—কিবা, একি, প্রঃ—কিয়ে দলিতাঞ্জন, কিয়ে নবঘন। (প্রাচীন বৈষ্ণবপদে)।

কির-কির্ ··করকর দেখ। কির্-কিরা · ণ. কর্কর—কাঁকরযুক্ত, কটু।

কিরা ··ষ্য. (স° গিরা—বাক্য। ও° কিরিআ, হি° কিরিয়া—স° ক্রিয়া ?)। বাক্য, প্রঃ—কিঃ দেওয়া—বাক্য দেওয়া, কথা দেওয়া ; শপথ, প্রঃ—কেহ কহে দাঁড়া লো মাথার লাগে কিরা—(রামপ্রসাদের বিদ্যাসুন্দর) (রাঢ়ের উচ্চারণ-বিকারে প্রায়ই কিরে)।

কিরাইত ··ষ্য. (হি° ; স° কিরাত হইতে)। বিষধর সর্পবিশেষ (Bungarus cærulens)। বা°তে ধুমনচিতিও বলে। ধুমবর্ণ প্রায় নীল, জিহ্বা শাদা। লেজের ৭।৮ আঙ্গুল ছাড়া দেহ সমস্থূল, ২৸৹ হাত লম্বা, বেড়ে প্রায় ৪ আঙ্গুল।

কিরাত-তিক্ত ··ষ্য. (হি° করিয়াত)। কালমেঘ দেখ। চিরাতা দেখ।

কিরিচ ··ষ্য. (পর্তু° cris, criz ? হি° কির্চ, কিরিচ)। ছোট সোজা তরবারি।

কিরে ··ষ্য (কিরা দেখ)। কিরা, প্রঃ—যেয়ো না গো আর তার কাছে, মোর কিরে, প্রাণেশ্বর—(মেঘনাদবধে)।

কির্ষাণ (গ্রা°) ··ষ্য. (স° কৃষাণ। হি° কিসান)। কৃষাণ।

কিল্-কিল ···ব্য. (স° কিল ধাতু ক্রীড়নে)। দ্রুত গমনাগমন পূর্বক ক্রীড়নে, প্রঃ—জলে মাছ কিল্‌কিল করে। (বহু না হইলে কিল্‌কিল বলা যায় না)। কিলি-কিলি··· ব্য. ঐ পদ্যে। প্রঃ—কোটি কোটি কানকোটারীর কিলি-কিলি (ভাঃ); কিলিকিলি করে কত কালসাপ বুলে (মাঃ)।

কিল্-বিল ···ব্য. (স° কিল ধাতু ক্রীড়নে, স° বল ধাতু প্রাণনে। হি° কুলবুল)। আঁকিয়া বাঁকিয়া চলনে, প্রঃ—কেঁচো কিল্‌বিল করে। প্রায়ই ইল্‌বিল (দেখ)।

কিলেশ (গ্রা°) ···ষ্য. (স° ক্লেশ)। ক্লেশ। (কিলেস—শূং পুঃ)

কিল্লা ··ষ্য. (আ° কলা, কিলা)। দুর্গ, গড়। (২) খালনীর মাথার অনুরূপ গর্তযুক্ত লোহার কিংবা কাঁসার পাত। সোনারূপার পাত কিল্লার উপর রাখিয়া খালনী পিটিলে কিল্লার অনুরূপ খোল হয় (যেমন ঘুঙ্গুর করিতে)। ও° কাংসলা,—কারণ কিল্লা প্রায়ই কাঁসার হইয়া থাকে।

কিষ্-কিষ ··ব্য. (স° কৃষ ধাতু আকর্ষণে)। ক্রোধে আকর্ষণ-ইচ্ছায়, প্রঃ—রাগে গা কিষ্‌কিষ করে—মনে হয় যেন ধরিয়া প্রহার করি। (গিষ্-গিষ দেখ)।

কিষাণ (গ্রা°) ··ষ্য. (স° কৃষাণ)। কৃষাণ। (কিসান শূং পুঃ)

কিস্ ··সর্বনাম. (স° কঃ, কিম্। হি° কিস্। স°-প্রা° কিস্। ও° কিস্—কেন ; প্রাচীন ও° কেস্‌নে—কি প্রকারে)। এই শব্দ করণ কারকে, কিসে (হি° কিস্‌সে—স° কস্মাৎ) এবং সম্প্রদান কারকে কিস্‌কে রূপে প্রযুক্ত হইয়া থাকে। প্রঃ—কিসে হাত কাটিয়াছে—কেন, কি করণে। কিস্‌কে যাবে—কি নিমিত্ত। কিস্‌কে—ও° কিস্, কিসকি ; হি° কিস্‌লিয়ে ; ম° কশালা। কিস শব্দে নিমিত্তার্থে কে বিভক্তি।

কিসম ··ষ্য. (আ°)। প্রকার (গ্রা° কছুম—পূর্ববঙ্গে)।

কিস্‌মৎ ··ষ্য. (আ°)। অ-দৃষ্ট। (২) অংশ, হিস্‌সা, প্রদেশের ভাগ (জমিদারী ভাষায়)।

কিস্তি ··ষ্য. (আ° কিস্ত)। দেয় ভাগ। কিস্তি-বন্দি···সমগ্র দেয় টাকা একবারে না দিয়া

ভাগে ভাগে দিবার নিয়ম। কিস্তি খেলাপ ···নিয়মানুসারে না দেওয়া।

কিস্তী···ষ্য. (ফা° কোস্ত—আক্রমণ)। সতরঞ্চ খেলায় রাজাকে আক্রমণ। উঠসার কিস্তী ···এক আক্রমণ হইতে পলায়ন করিতে না করিতে অন্য আক্রমণ; রাজা চলিলেই যখন কিস্তী পড়ে। (২) (ফা° কষ্‌তী, কিষ্‌তী; তু° স° কোশ)। নৌকা, সতরঞ্চ খেলার-নৌকা।

কিস্‌মিস্‌···ষ্য. (ফা° কিষ্‌মিষ্‌)। পাকা বীজ শূন্য শুখানা আঙ্গুর (raisin)। সবীজ জাতের নাম মনাক্কা (currant)।

কী··সর্বনাম. (স° কিম্‌। কি)। ক্রোধে তর্জনে কি শব্দের রূপ, প্রঃ—কী! এত আস্পর্ধা! (২) বা. ক্রোধে, বিস্ময়ে, কুৎসায়।

কীচক···ষ্য. (স°)। বিরাটরাজার শ্যালক। কীচক-বধ করা, হওয়া···কীচককে ভীম বধ করিয়া শব কুষ্মাণ্ডাকারে পরিণত করিয়াছিলেন। ইহা হইতে প্রহারে জর্জরিত করা, হওয়া।

কীট··ষ্য. (স°। নীলঙ্গু ক্রমিরন্তর্গঃ ক্ষুদ্রঃ কীটো বহির্ভবঃ—হেমঃ; দেহের ভিতরে যাহা জন্মে তাহার নাম কৃমি; বাহিরে যাহা জন্মে তাহার নাম কীট। কীট ধাতু বন্ধে, বর্ণে। ইহা হইতেও কীট শব্দের প্রকৃত অর্থ পাওয়া যাইতেছে। লাক্ষার উৎপাদক কীটবিশেষ। ঘুণ কাষ্ঠকীট, উকুণ কেশ-কীট, প্রভৃতি হইতে বোধ হয় কীট শব্দে পক্ষহীন পতঙ্গ (insects বুঝায়)। পক্ষহীন পতঙ্গ, অতি ক্ষুদ্র প্রাণী। কীটাণু···ষ্য. (আধুনিক শব্দ)। চক্ষুর অগোচর সূক্ষ্ম প্রাণী (animalculæ)। (জীবাণু—সূক্ষ্ম জীব, 'germs'; অণুজীব··অণুবৎ সূক্ষ্ম জীব, microbes।

কীটমারী···ষ্য. (স° নাম, বা°-তে বিশেষার্থে)। ক্ষুদ্র বন্য শাক-বিশেষ (Drosera burmanni)। কচা ঘাসের মধ্যে বর্ষাকালে জন্মে। শীতকালে ফুল হয়। পাতা ছোট, পয়সার মতন। পাতার লোমের মাথায় আঠা থাকে। পাতায় কীট ঠেকিলে এই লোম বাঁকিয়া কীটকে বদ্ধ করে। এই-রূপে এই গাছ কীট ভক্ষণ করে (Insectivorous plant)। (বাঁকুড়ায় নাম ভুঁই-চাঁপা; হি° মুখজালী)।

কীড়া···ষ্য. (স° কীট। ও° হি° কীড়া)। কীট, প্রঃ—কোটি জন্ম ঐছে তোরে ক্রীড়ায় খাওয়াইমু—(চৈঃ চঃ)। (কীড়া হইবে)। (অপ্রচঃ)

কীর্তন (গ্রা° কীত্তন)··ষ্য. (স°)। গুণ কথন। (২) হরিগুণ গান। (৩) খোল করতাল লইয়া গান বিশেষ; এই গান করিতে এক জন গায়ন, এবং জন কতক দোয়ার থাকেন। প্রবাদে, কর্তা ইচ্ছা কর্ম নাড়া বনে কীর্তন—নাড়া—নল বনে হরিগুণ গান যেমন বৃথা, তেমনই। নেড়া-নেড়ীর কীর্তন—বৈষ্ণব-ধর্মের অবনতির সময় নেড়া (মুণ্ডিত কেশ), নেড়ী (স্ত্রী°) নাম হইয়াছিল। ইহারা বেশে বৈষ্ণব, ভাবে ছিল না। এই হেতু দেখ-দেখানিয়া লোকের কাজ। কীর্তনিয়া ···ষ্য. (কীর্তন+ইয়া)। কীর্তন-গায়ক, প্রঃ—কীর্তনীয়া ষষ্টিবর (চৈঃ চঃ)। কীর্তনী ···ণ. (কীর্তন+ঈ)। কীর্তন সম্বন্ধীয়, প্রঃ—কীর্তনী সুর; (২) কীর্তনগায়িকা নারী (কীর্তনীয়া শব্দের স্ত্রী°)।

কীরমালা···ষ্য. (হি° নাম। স° কীটমারী ?)। কীট—ক্রিমিনাশক বৃক্ষ বিশেষের ফল (worm seed)। সোমরাজ্যাদি বর্গের শাকবিশেষ (Artemesia maritima)। পশ্চিম হিমালয়ে জন্মে। ইহার বীজ হইতে ক্রিমিঘ্ন ঔষধ (santonin) হয়।

কীল···ষ্য. (স° কীল—কনুই, বা°তে মুষ্ট্যাঘাত! শব্দটি অল্পদিন এই অর্থ পাইয়াছে। প্রাচীন বা° মুখটি (দেখ), যথা, কবিকঃ,—বজর মুখটি শিরে মারে মহাবীর। কৃত্তিবাসেও মুকটি। ঢাকায় মুকথী। হি° মুক্‌কা, ম° বুকী। ও° বিধা—স° মুষ্টিবন্ধ। হি° ও°-তে কীল শব্দের বা° অর্থ নাই। স° কীল—গোঁজ হইতে বা° অর্থ আসিয়া থাকিবে)। মুষ্টি। কীল মারা—মুষ্টির পার্শ্ব দিয়া আঘাত। (ঘুঁষি—সম্মুখ দিয়া)। প্রবাদে, কীল খেয়ে কীল চুরি করা—অপমান সহ্য করা। কীলা··ধাতু. কীলাই—মুষ্টি প্রহার করি। কীলানা॥ কীলা-কীলি॥ প্রবাদে, সুখে থাকিতে ভূতে কীলায়—অকারণে উৎপাত আনা।

কু···ণ. (স° কু ··ব্য. পাপ, নিন্দা)। নিন্দিত, পাপজনক। যথা, কু-অভিসন্ধি, কু-কথা, কু-কর্ম, কু-কাজ, কু-চাল (কুচালি), কু-দাঁড়া (দণ্ড-পথ, মন্দ রীতি), কু-ডৌল, কু-ঢঙ্গ, কু-তন্ত্র, কু-দিন, কু-দৃষ্টি, কু-ধারা, কু-পথ্য, কু-পরামর্শ, কু-পুত্র, কু-বুদ্ধি, কু রীতি, কু-সঙ্গ।···ষ্য. (স° কুহক)। কুহক, ইন্দ্রজালবিদ্যা প্রয়োগ, প্রঃ—কু করা—কুহক দ্বারা বশীভূত করা (তু° গুণ করা)। কু-জ্ঞানী—যা কুহক-জ্ঞানী। কু-ইয়া, কুয়ে··ণ. (কু+বা° ইয়া)। পাপ অভিসন্ধিকারী। কু-য়ের গোড়া···কুমন্ত্রণার মন্ত্রী।

কুইনীন···ষ্য. (ই° quinine)। আমেরিকার পেরু, বোলিভিয়া প্রভৃতি প্রদেশের পার্বত্য স্থানের বৃক্ষ বিশেষের (Cinchona) বল্কল হইতে প্রাপ্ত অতিতিক্ত জ্বরঘ্ন ঔষধ। পৌনে তিন শত বৎসর পূর্বে ইহার গুণ ইয়ুরোপে প্রচারিত হইয়াছিল। এক শত বৎসর হইল, ভারতবর্ষে এই গাছের চাষের সূত্রপাত হইয়াছিল। তারপর এখন বঙ্গদেশের মধ্যে সিকিমে, মান্দ্রাজের নীলগিরিতে প্রচুর চাষ হইতেছে এবং ছাল হইতে মেলেরিয়া জ্বরের মহৌষধ নিষ্কাশিত হইতেছে। কুইনীন রোগী···যে রোগী বহু পরিমাণে কুইনীন সেবন করিয়াছে।

কুইল···ষ্য. (ই° quill)। পাখীর বড় শক্ত পালখ, প্রায়ই কলমের নিমিত্ত বড় হাঁসের পালখ। কুইল-পেন··ষ্য. (ই°)। পালখের কলম।

কুউ, কুউ-কুউ··ষ্য. (স° কু ধাতু শব্দে)। কোকিলের রব।

কুখ, কুক···ষ্য. (স° কুক্ষ। হি° কোখ)। উদর, (প্রায়ই) উদরের পার্শ্ব, প্রঃ—কুখে ব্যথা—বুকের নীচে উদরের পাশে।

কুক··কুক দেখ।

কুকড়া, কুঁকড়া· কুকুড়া দেখ।

কুঁকড়া··ধাতু. (স° কুঞ্চিত হইতে। বা° কোঁকড়া, ও° কোঁকড়া, হি° কুঁকড়। চৈঃ অমৃতে, 'কোঁকড় হইল সব কুষ্ঠে গেল গলি।')। কুঁকড়াই—কুঞ্চিত হই। কোঁকড়া॥ (কোঁকড়া ধাতু দেখ)

কুঁকড়ি···ণ. (স° কুঞ্চিত? স° কুণ্ডল

হইতে ?)। কুঞ্চিত, কুণ্ডলীভূত, প্রঃ—শীতে কুঁকড়ি—কুণ্ডলীভূত। কুঁকড়ি-মুকড়ি ···ণ. (মণ্ডল হইতে মুকড়ি ? তু° কুণ্ডলি-মণ্ডলি। সানুচর শব্দ)। কুণ্ডলী-ভূত, প্রঃ—শীতে কুঁকড়ি-মুকড়ি হইয়া শুইয়াছে।

কুকশিমা ··ষ্য. (স° কুকুর-দ্রু। মূল শব্দ কুকুর° শোঙ্গা বোধ হয়। ও° পোক-শোঙ্গা)। সোমরাজ্যাদি বর্গের বর্ষায়ু লোমশ শাক বিশেষ (Blumea lacera)। গাছ সোজা, ফুল পীতবর্ণ, শীতকালে ফোটে। পাতায় তারপীন তেলের গন্ধ আছে। ছোট কুকশিমা···দেখিতে ঐ প্রকার। কিন্তু গাছ ভিন্নজাতীয় (Vernonia cinerera)। ফুল আকৃষ্ণ-রক্ত।

কুকা, কুকো···ষ্য. (কুক্ কুক্ কুক্ ডাক হইতে নাম)। বৃক্ষারোহী বর্গের প্রায় এক হাত দীর্ঘ পক্ষী বিশেষ (Coucal. Centropus sinensis)। পক্ষ ছোট খয়রা; পুচ্ছ দীর্ঘ সবুজমাখা; মাথা গলা চোখের নীচে লালচিয়া কাল। মাঠে জঙ্গলে দেখা যায়। ভাল উড়িতে পারে না।

কুকু ··ব্য. (স° কু, কু ধাতু শব্দে, আর্তনাদে)। কোকিলের রব। কু-কু—কুউ, কুহু।

কুকুড়া, কুঁকড়া ··ষ্য. (স° কুক্কুট। ও° কুকুড়া, হি° কুক্কুড়, ম° কোম্বডা)। বিষ্কিরবর্গের গৃহপালিত ও আরণ্য পক্ষী বিশেষ (Fowl. Gallus)। বন্য কুকুড়ার বুক কাল। দৈর্ঘ্যে প্রায় দেড় হাত (Gallus ferrugineus)। স্ত্রী° কুকুড়ী, কুঁকুড়ী—(স° কুক্কুটী)। (মুসলমানী ভাষায়, মোরগ, মুরগী)।

কুকুর···ষ্য. (স° কুক্কুর। ও° কুকুর, হি° কুত্তা; ম° কুত্রা, কুতরা)। গৃহপালিত কুক্কুর। পুং কোত্তা, কোত্তা-কুকুর। স্ত্রী° কুত্তী, কুত্তী-কুকুর। খেঁকী কুকুর ··আহারাভাবে শীর্ণ হইয়া 'খাই খাই করে যে' কুক্কুরী। ডাল কোত্তা ··দীর্ঘাকার হিংস্র কুকুর। বাঘা কুকুর··যে কুকুরের মাথা বাঘের মতন বৃহৎ। বুলা কুকুর—পোষা নহে (বুল ধাতু দেখ)। বেঁড়ে কুকুর·· লাঙ্গুলহীন কুকুর (বেঁড়ে দেখ)। প্রবাদে, যেমন কুকুর তেমন মুগুর ··দুষ্টের সহিত দুষ্টামি। মাথার ঘায়ে কুকুর পাগল ··মাথায় ঘা হইলে কুকুর বাঁচে না। এই ঘা কুকুর চাটিতে চেষ্টা করে, কিন্তু পারে না। ইহা হইতে বিষম চিন্তা।

কুকুর-আলু ··আলু দেখ। উত্তর ও পূর্ব-বঙ্গের বন্য আলু লতা বিশেষ (Dioscorea anguina)। পাতা মৃদু লোমশ, লতা দক্ষিণাবর্ত, বীজ সপক্ষ।

কুকুর-চিতা ··ষ্য. বন্য চিরশ্যামল তরু বিশেষ (Litsæa Pebifera)। গ্রামে দুই জাতি দেখা যায়। ফুল ছোট ছোট। গ্রীষ্মকালে ফুল হয়। অনেক ফুল একত্রে হয়। পুং ও স্ত্রী ফুলের গাছ পৃথক পৃথক।

কুকুর-চূড়া—ষ্য. (স° নাম পপ্পান ? ও° কুকুর ছেলিআ। কবিকঃ—কুকুর-ছড়্যা)। আচ্ছু-কাদি বর্গের ছোট বন্য তরুবিশেষ (Pavetta Indica)। ফুল শাদা, ঈষৎগন্ধী, চতুর্দল। অনেক ফুল একত্র থোবার আকারে জন্মে।

কুকুর-জিহ্বা·· ষ্য.। ঢোলসমুদ্র গাছের তুল্য ছোট ক্ষুপ বিশেষ (Leea staphylea)। ফুল ছোট, বর্ষাকালে ফোটে।

কুকুর শোঙ্গা ··কুকশিমা দেখ।

কুঙ্কুম···ষ্য. (স°)। কাশ্মীর দেশের কন্দ

শাক বিশেষের (Crocus sativus) ফুলের কেশর (এই হেতু এক চলিত নাম কেশর)। শরৎকালে ফুল হয়, এবং তখন চারিদিক সুগন্ধে পূর্ণ হয়। ফুল শুখাইয়া ফুলের স্ত্রীকেশর খুঁটিয়া 'শাহী জাফ্রান' নামে বিক্রীত হয়। ইহাই প্রকৃত জাফ্রান (saffron) বহু মূল্য। ফুলের পুংকেশর অপেক্ষাকৃত অল্পমূল্য। পূর্বকালে ধনাঢ্য লোকে কুঙ্কুম ও চন্দন গাত্রে লেপন করিতেন। অদ্যাপি কেহ কেহ কপালে তিলক কাটিতে কুঙ্কুম লেপন করেন। কুসুম (সং কুসুম্ভ) ফুল কুঙ্কুমের সহিত মিশাল দেওয়া হইয়া থাকে।

কুঙ্কুমা, কুঙ্কুম· ·কুমকুম দেখ।

কুচ···ষ্য. (ফা°—সৈন্যের যাত্রা)। মল্লগণের রণোদ্যম, সৈন্যের যাত্রা। (মাণিকে, কুছাল। তু° সং কুচ ধাতু অত্যুচ্চ শব্দে)।

কুচ্‌কুচ··কচ্‌-কচ দেখ।

কুচ্‌-কুচ...(সং কুচ ধাতু চিক্কণতায়)। তৈলাদি স্নেহপদার্থে চিকণ। প্রঃ—গায়ে তেল কুচ্‌কুচ করে, তেলকুচ্‌কুচিয়া, কুচ্‌কুচ্যে শরীর। তেলা-কুচা—(সং নাম বিম্বীফল) পাকিলে যেন তৈললিপ্ত দেখায়। হোঁদল-কুত্‌কুত্যে দেখ।

কুঁচ···ষ্য. (সং গুঞ্জ। কণীচি, কুঞ্চিকা—বৈদকে। ও° কাঁইচ। অমরে গুঞ্জা—গুঞ্জতি শিম্ব্যা শব্দয়তি, পাকা শুঁটী শব্দ করে বলিয়া)। শিম্ব্যাদি বর্গের রোহিণী বিশেষ (Abrus precatorius)। বীজ লাল কাল শাদা, তিন জাত আছে। বীজ—সেকরার রতি, ওজনে ১৮০ গ্রেণ। বীজে মারাত্মক বিষ আছে।

কুঁচ্‌ক···ধাতু. (সং কুঞ্চীকৃত হইতে কোঁচকা ধাতু হইবার কথা)। কুঁচ্‌কি—কুঞ্চিত হই। প্রঃ—কাপড় কুঁচ্‌কিয়া গিয়াছে। কোঁচকা॥

কুঁচকি··ষ্য. (হিং কুচ্‌কি। সং নাম বংক্ষণ। ও° নাম কোড়গাত (কটি-গর্ত)। ম° নাম পায়াচী খাঁচ (পায়ের খীল)। অতএব সং শব্দ হইতে প্রত্যক্ষতঃ কুঁচকি নহে। কুঞ্চিত, বক্র থাকে বলিয়া?)। পা ও কোমরের সন্ধি (Hip-joint)। কুঁচকি-কণ্ঠা···কুঁচকি হইতে কণ্ঠ পর্য্যন্ত।

কু-চক্রী··ণ. (সং)। ষড়যন্ত্রকারী। কু-চক্রিয়া···ণ. (সং কুচক্র+বা° ইয়া)। কুচক্রী।

কুচটা, কুচটিয়া, কুচট্যে···ণ.(কুচা+টা, কুচটা+ইয়া। কুচা দেখ)। ছোট ছোট (কাজ), যাহার ক্ষুদ্র ক্ষুদ্র বিষয়ে মন দিতে হয়।

কুচন্দন··ষ্য. (সং, অঃ, হেমঃ)। রক্তচন্দন (red sanders)। এই চন্দন গন্ধহীন। কপালে তিলক করিতে লাগে। চন্দন দেখ।

কুচা···ধাতু. (সং কৃত ধাতু ছেদনে; ত স্থানে চ হয়। সংকুন্‌চ—বক্রণে—হইতে হইলে কুঁচ ধাতু হইত)। কুচাই—কাটিয়া খণ্ড খণ্ড করি। কুচানা॥ কুচা, কুচি···ণ. ক্ষুদ্র, প্রঃ—কুচা বাসন, কুচা নৈবেদ্য।

কুচাল···ণ. (কুচা+আল)। ক্ষুদ্র ক্ষুদ্র খণ্ড বা অংশ বিশিষ্ট (কাজ)।

কু-চাল··ষ্য. (কু+চালি)। মন্দ ব্যবহার।

কুঁচা··ধাতু. (সং কুঞ্চিত হইতে)। কুঁচাই—কুঞ্চিত করি। কাপড় কুঁচাইয়া পরা॥ কোঁচা—ধুতির সম্মুখের কুঞ্চিত অংশ। কোঁচানা॥

কুচিয়া, কুঁচিয়া, কুচো, কুঁচো···ষ্য. (সং কুচিকা। ঢাকায় কুচলা)। ক্ষুদ্র-শকলী উভচর ঈষৎ হরিতবর্ণ, কৃষ্ণতিলযুক্ত মৎস্য-বিশেষ (Amphipnous cuchia)। সাপের মতন লম্বা, প্রায় দেড় হাত, পাখনা প্রায় নাই, পাঁকে থাকে।

কুচিলা···ষ্য. (সং কুলক—অমরে কাকতিন্দুক, মাকড়া কেঁদু, এবং পটোলের নাম। সুতরাং কুচিলা নহে। উদয়চাঁদ কুচিলা শব্দের সং নাম পান নাই। কিন্তু রসেন্দ্র-সারসংগ্রহ হইতে একটা শ্লোক দিয়াছেন, তাহাতে কুচিলা শব্দ আছে। তাঁহার অনুমানে কুচিলা পূর্বকালে ঔষধে প্রযুক্ত হইত না। কুলক শব্দ হইতে কুচলা কুচিলা আসিতে পারে। বৈদকের কুচেল, কুচিল নাম আধুনিক। ও° কুচিলা, হিং কুচিলা, ম° কুচলা। তেলুগু নাম মুষ্টি – তু° সং বিষমুষ্টি কুচিলার নামান্তর)। আরণ্য ছোট তরু ((Strychnos nux-vomica. The snake wood,nux-vomica tree)। ওড়িশা ও দক্ষিণে প্রচুর। পাতা অভিমুখী, চিক্কণ, ফুল বসন্তকালে ফোটে। ফল কমলা-নেবুর মতন লাল হয়। বীজে ভয়ঙ্কর বিষ আছে। কিন্তু ফলের শাঁস হনুমানে খায়।

কুচী, কুঁচী···ষ্য. (সং কূর্চী, কূর্চিকা)। মুড়ি ভাজিবার নিমিত্ত বাঁশের খড়িকা; স্বর্ণাদির অলঙ্কার-মার্জনী। বরা কুঁচী···বরাহ লোমের কুচী। কুঁচী মারা—কুচী দ্বারা মার্জন।

কুচ্ছা (গ্রা°) ··ষ্য. (সং কুৎসা)। কুৎসা, নিন্দা। (কৃত্তিঃ)

কুচ্ছিত (গ্রা°)···ণ. (সং কুৎসিৎ)। কুৎসিৎ। (কৃত্তিঃ)

কুজ (গ্রা° কুঁজ) · ষ্য. (সং কুব্জ)। কুব্জ অঙ্গ। পিঠে কুজ হয়। কুজড়া···ষ্য. (সং কুব্জপৃষ্ঠ কিংবা বা° কুজ+ড়া)। কুব্জপৃষ্ঠ মানুষ, স্ত্রী° কুজড়ানী (ভাঃ)। কুজা·· ণ (সং কুব্জ)। কুব্জ, কুজবিশিষ্ট। স্ত্রী° কুজী।

কুজা (গ্রা° কুঁজা, কুঁজো) ··ষ্য. (ফা° কূজা)। বালিয়া মাটির কলসী। প্রঃ,—এক কুঁজা জল (চৈঃ চঃ)।

কুঁজি, কুঁজী ··ষ্য. (সং কুঞ্চিকা। হিং কুঞ্জী)। যাহা দ্বারা তালা খোলা যায়, কুঁজি-কাটি, চাবি কাটি; তালা, প্রঃ—নগর ভ্রমণে যায় দ্বারে কুঁজি দিয়া (ভাঃ)।

কুঞ্জ·· ষ্য (সং)। লতা গৃহ; শাড়ীর কোণের পদ্ম। কুঞ্জদার শাড়ী ··যে শাড়ীর কোণে সূতার পদ্ম খচিত। কুঞ্জ-লতা···ষ্য. (সং শব্দ)। পুষ্প-লতা যাহা গাছে চড়িয়া কুঞ্জ করে, অন্য নাম তরুলতা (ও° কুঞ্জ লতা)। কলম্বাদি বর্গের বর্ষায়ু রোহিণী (Quamoclit pinnata)। পাতা পক্ষচ্ছিন্ন, ফুল সরু, লাল, ফল ফাটিয়া যায়, বীজ চারি। বড় কুঞ্জ-লতা···কুঞ্জ-লতার তুল্য ফুল, কিন্তু পাতা পানের মতন, বীজ লোমশ (Quamoclit phœnicia)।

কুট, কুট্-কুট···ব্য. (সং কুট্ট ধাতু ছেদনে)। সরু দ্রব্য ছেদন শব্দে,সরু শস্ত্র দ্বারা ছেদনে; প্রঃ—পিপিড়া কুট করিয়া কামড়ায়। কাট্-কাট দেখ। কুটর-কুটর·· (কুট্ রব)। ব্যাকরণ দেখ।

কুট্-কুট ব্য. (সং কুণ্ট ধাতু বৈকল্যে)। কণ্ডুয়ন, প্রঃ—ওল খাইলে গলা কুটকুট করে। কুট্ কুটা···ধাতু. কুট্-কুটাই—কণ্ডুয়ন করাই, পীড়া দিই। কুটকুটানা। কুট-

কুটানি ॥ পয়সার কুট্‌-কুটানি…পয়সা,—অর্থ থাকাতে ব্যয় করিতে ইচ্ছা।

কুট ··ধাতু. (সং কুট্ট ধাতু ছেদনে)। কুটি ·· ছেদন করি, ছোট ছোট খণ্ডে কাটি, চূর্ণ করি, প্রঃ—তামুক কোটা, মাছ কোটা; চাউল কোটা—গুঁড়ি করা; পিষ্ট করি, প্রঃ—চিড়া কোটা। কোথাও কোথাও ধান কোটা—ধান ভানা অর্থে আছে (কুটতী দেখ)। কোটা ॥ নিষেধে, আ-কোটা। কুটনা ··ষ্য. কুট্টনকর্ম; যাহা কুটিতে হইবে। কুটনা-বাটনা · ষ্য. (বাট ধাতু দেখ)। কুট্টন ও উদ্‌বর্ত্তন কর্ম (সহচর শব্দ), রন্ধন নিমিত্ত শাকাদি কোটা এবং উপস্করাদি বাটা। কোটা··ধাতু. (কুট ধাতু আন্তে)। কোটাই—অন্যদ্বারা ছোট ছোট করিয়া কাটাই। কোটানা ॥

কুটজ··ষ্য. (সং)। কুড়চি দেখ।

কুটতী·· ষ্য. ধান কোটা বৃত্তি যার, যে নারী ধান কুটিয়া জীবিকা নির্ব্বাহ করে। (কুট +বৃত্তি? কুট+স্ত্রী? চালুতী দেখ)

কুটনা ··ষ্য. কুট ধাতু দেখ।

কুটনী···ষ্য. (সং কুট্টনী)। দূতী। পুং কোটনা। কুটনী-পনা ··কুটনীর ব্যবহার বা কর্ম।

কুটা···ষ্য. (কুট ধাতু হইতে। ওং কুটা)। ছিন্নতৃণ, কুট্টিত বা মর্দিত খড়। খড়-কুটা ···ষ্য. (সহচর শব্দ)। খড় ও তদবৎ তৃণ। দাঁতে কুটা করা, লওয়া—গো বধ করিলে সে পাপের প্রায়শ্চিত্ত করিতে হয়। দাঁতে কুটা লইয়া দ্বারে দ্বারে ভিক্ষা করা (?); দীনতা প্রকাশ করা। কুটা-কাটা···ষ্য. (কুটা+কাটা; সহচর শব্দ)। যাহা কোটা হইয়াছে এবং যাহা কাটা হইয়াছে—কুট্টিত ও কর্তিত অংশ। কুটা-কচা···ষ্য. (সহচর শব্দ)। কুটা—কুট্টিত অংশ এবং কচা—কুচা (দেখ) ক্ষুদ্র অংশ। (কিংবা কুটা +সং কচ—কেশ—ক্ষুদ্র বস্তু?) কুটা-কুটি ···কুটা (সহচর শব্দ)।

কুটি ষ্য. (কুট ধাতু)। কুটা, ছোট কুটা; খড়ের পালা বা পাতা। খড়-কুটি ··খড়ের পালা (তুং সং কুটীর। কুটী বানান ঠিক)।

কুটি-পাটি·· ণ. (সং কুট্ট+সং পট ধাতু ছেদনে)। কুট্টিত ও পাটিত (ফাড়া)। ছোট ছোট খণ্ডে ছিন্ন (সানুচর শব্দ)। প্রঃ—কাপড় ছিঁড়িয়া কুটি-পাটি; হাসিয়া কুটি-পাটি হওয়া—হাসিয়া দেহ যেন ভাঙ্গিয়া যায় (তুং হাসিয়া আটখানা হওয়া)।

কুটুম ··ষ্য. (সং কুটুম্ব)। কুটুম্ব, বিবাহ সম্বন্ধে বন্ধু। স্ত্রীং, কুটুমের মেয়ে। বড় কুটুম··· শ্যালক। কুটুম-কুটুম্বিতা ·· ষ্য. (বাং কুটুম+সং কুটুম্বিতা)। কুটুম্ব ও কুটুম্বিতা, কুটুম্বের কুটুম্বিতা। প্রঃ—কুটুম-কুটুম্বিতা আছে—কুটুম্ব আছে, এবং কুটুম্বিতা আছে, কিংবা কুটুম্বের যোগ্য কাজ,—বস্ত্রাদি আদানপ্রদান (তুং লোক-লৌকতা)।

কুটুম্ব···ষ্য. (সং—পোষ্য, পরিবার। হিং-তে কুটম্বী—বহু পরিবার আছে যার। ওং-তে পোষ্য ও জ্ঞাতি। বাং-তে অর্থ সঙ্কুচিত। তুং বাং বন্ধু)। বিবাহ-সম্বন্ধে বন্ধু। স্ত্রীং কুটুম্বিনী (কবিকঃ)। কুটুম্বিতা ··ষ্য. (সং)। কুটুম্বের যোগ্য কাজ, কুটুম্বীর ভাব। কুটুম্ব-সাক্ষাৎ ··ষ্য. কুটুম্ব ও যিনি সাক্ষাৎ হন অর্থাৎ বন্ধু (সহচর শব্দ)।

কুঠ, কুট (গ্রাং) ··ষাং. (সং কুষ্ঠ। হিং কোঢ়)

কুষ্ঠরোগ, মহাব্যাধি (leprosy)। কুঠিয়া, কুঠ্যে ··ণ. (কুঠ+ইয়া)। কুষ্ঠী। কানা-কুঠ্যে—অন্ধ ও কুষ্ঠী—সকলের অনুকম্পার পাত্র, অতিদীনহীন। কুঠ্যে মারা···কুষ্ঠীর হস্তপদ তুল্য কুঞ্চিত ও ব্যঙ্গা হওয়া; গোল আলু, বেগুন প্রভৃতি গাছের রোগবিশেষে পত্রাদির কুঞ্চিত ও ব্যঙ্গা হওয়া। এই রোগের কারণ এক সূক্ষ্ম উদ্ভিদ (Fungus pest)।

কুঠ · কুড় দেখ।

কুঠরী...ষ্য. (সং কোষ্ঠ—কোঠ,+র স্বার্থে +ঈ হ্রস্বার্থে)। কোঠরী, ছোট কোষ্ঠ, প্রকোষ্ঠ।

কুঠী···ষ্য. (সং কোষ্ঠ—শস্যাগার—হইতে কোঠা। কোঠা+ঈ হ্রস্বার্থে—কোঠী—কুঠী। হিং কোঠী)। ছোট কোঠা, শস্যাগার, পণ্যস্থান, বাণিজ্যস্থান। নীল-কুঠী···যে স্থানে নীল গাছ হইতে নীল রঙ্গ বহিষ্কৃত হয়। কুঠী-আল, কুঠি আলা···ষ্য. (কুঠী+আল—স্বামীত্ব অর্থে)। পণ্যদ্রব্য করণের স্থানের স্বামী, পণ্যস্থানের কর্তা।

কুড়্-কুড় ··কড়্-কড় দেখ।

কুড়···ষ্য. (সং কুষ্ঠ। হিং কুড়, পাচক)। ঔষধ বিশেষ। রোগনিবারক বলিয়া সং নাম কুষ্ঠ (কুষ্ণাতি নিঃসারয়তি নাড়ী-রোগং—অঃ টীকা)। সোমরাজ্যাদি বর্গের দীর্ঘ শাকবিশেষ (Saussurea lappa,—Compositæ)। কাশ্মীরে জন্মে। পূর্বে কেমুকা নামক গাছকে সং কুষ্ঠ মনে করা হইত। (কেমুকা দেখ)। কাশ্মীরে নাম চোব-ই-কোট। শালের ভিতর ইহার শিকড় রাখিলে শাল সুবাসিত হয়, এবং কীটাদি হইতে রক্ষিত হয়। (কেমুকার সুগন্ধ নাই)। সুগন্ধ আছে বলিয়া সং বিশেষণ ব্যাপ্য (অমরে)। অজীর্ণরোগে উপকারী বলিয়া সংতে পাকল, হিংতে পাচক নাম।

কুড়···ধাতু. (সং কুট্ট ধাতু ছেদনে)। কুড়ি—কোদাল দিয়া মাটি কুটি, কাটি, মাটি খনন করি, প্রঃ—কুড়িতে কুড়িতে ঠেকিল কূর্ম্মর পিঠি (শূং পুঃ)। খনন অর্থ কৃত্তিবাসেও আছে। এই অর্থ ঢাকায় আছে। কোড়া॥ (ওং কোড়ি, কুড়ি, বাং কোদাল দেখ)। মাথা কোটা আর মাথা কোড়া—একই, ক্ষোভে মাথা কুট্টিত করা। কোড়া···ধাতু. (কুড় ধাতু আস্তে)। কোড়াই—লোক দ্বারা খনন করাই। কোড়ানা॥

কুড়চি ··ষ্য (সং কুটজ। ওং পিতা কয়ুই—পূতি কুটজ? পূতিকরজ কিন্তু, করঞ্জ)। তগরাদিবর্গের বন্য ক্ষুপ বিশেষ (Holarrhena antidysenterica)। আরণ্য পার্বত্য প্রদেশে প্রচুর জন্মে। এই হেতু এক সং নাম গিরি-মল্লিকা। (ফুল শাদা সুগন্ধ, এই হেতু মল্লিকা)। পার্বত্যদেশে জন্মে বলিয়া নাম কুটজ (সং কুট—পর্বত), কিংবা গাছ কুটিল আঁকা-বাঁকা বলিয়া নাম কুটজ (অঃ টীঃ)। অরণ্যে একস্থানে অনেক জন্মে, বড় হইয়া ছোট তরু হয়। বৎসরে একবার পাতা ঝরে। কলিঙ্গপ্রদেশে প্রচুর জন্মে বলিয়া সং নাম কলিঙ্গা (অঃ)। এই ফলের নাম ইন্দ্র-যব। কুড়চি শব্দ শূং পুরাণে; কবিকঃ—'কুড়িচা কাঠের ধনু'—কিন্তু, কুড়চির কাঠ নরম। কবিকঃ এর অন্য এক সংস্করণে কুলিতা কাষ্ঠের—কুচিলা? (কয়ুই—দুধিয়া কয়ুই—Wrightia tomentosa—দেখিতে কতকটা কুড়চির

মতন এবং হিংতে ইহার বীজ ইন্দ্রযব হইয়াছে। ভুধিয়া করুইর গাছ প্রায়ই সোজা, ফুল দুর্গন্ধ, আ-পীত।)

কুড়চি ··ব.° (কুঁড়া হইতে ? কুড়চি—কুটজ হইতে ?)। গাইকে খাওয়াইবার ধান কলাই কাঁটানটিয়া প্রভৃতি সিদ্ধ।

কুঁড়ল···ষ্য. (সং কুণ্ডল)। বলয়, প্রঃ—সাপ কুঁড়ল পাকাইয়া আছে। (কুণ্ডলি দেখ)।

কুড়বা ··ষ্য. (সং কুডব—পরিমাণভেদে—অঃ)। বিঘা-পরিমাণে. প্রঃ—কুড়বা কুড়বা কুড়বা লিজ্যে (লিজিয়ে)(শুভঙ্করী)—বিঘাতে বিঘাতে গুণ করিলে বিঘা-কালী হয়।

কুড়া ··ষ্য (সং কুড়ব হইতে)। বিঘা পরিমাণ, প্রঃ—কুড়া টীক জমি—বিঘা-টীক; মাপে কোণে দিয়া দড়া, পনর কাঠায় কুড়া (কবিকঃ)—কুড়ি কাঠায় উচিত।

কুড়া ··ধাতু (সং কূল—রাশি,—কূলং তটে স্তূপে—মেঃ। কূল—কূঠ (মং, ওং)। কুড়াই —স্তূপ বা রাশি করি, একটী একটী করিয়া সংগ্রহ করি, প্রঃ—ক্ষেতে ধান কুড়ায়ে অভাগী পেট ভরে (কবিকঃ)। কুড়ানা॥

কুঁড়া ··ষ্য. (সং কড়ঙ্গার, কণ্ডন। ওং কুণ্ডা)। চাউলের ত্বক। (ধানের ত্বক—তুষ)। কুঁড়াজালী ··ষ্য. কুঁড়া দিয়া মাছ ধরিবার কাপড়ের ছোট জাল (জাল দেখ); উপহাসে—বৈষ্ণবের জপমালা রাখিবার থলী।

কুঁড়া···ষ্য. (সং কুণ্ড)। পাত্র, সিদ্ধি ঘুটিবার আধার (ভাঃ)।

কুড়াল, কুড়ল ষ্য. (সং কুঠার; সং প্রাং কুঢ়ার। ওং কুরাঢ়ি, হিং কুল্‌হাড়ী, মং কুন্‌হাড়। বাংতে কুড়াল শুদ্ধ। কবিকঃতে কুড়ালি)। কাষ্ঠ-ছেদন শস্ত্রবিশেষ।

কুড়ালী ··(কুড়াল+ঈ)। ছোট কুড়াল।

কুড়ি·· ষ্য. (স কুড়ব হইতে)। বিশ সঙ্খ্যা। শতকিয়া দেখ।

কুঁড়ি...ষ্য. (সং কড়ম্ব, কুড্‌মল। ওং কঢ়)। পুষ্পের মুকুল।

কুঁড়ী···ষ্য. (সং কুণ্ডী)। ছোট তাম্রকুণ্ড; পুষ্করিণী নদী হইতে জল-তোলা লোহার মোচাকার পাত্র।

কুঁড়িয়া, কুঁড়্যা, কুঁড়ো (গ্রাং)··ষ্য. (সং কুটঙ্ক—বৈদ্যকে। এই শব্দ আধুনিক। সং কুটির, কুটী—কুড়িয়া হইতে পারে, কিন্তু সং কুড্য—মাটির কাঁথ হইতে,অধিক সম্ভাবনা। কুড্য+ইয়া—মাটির কাঁথ-বিশিষ্ট ঘর। তুং ওং কুডিআ; হিং কুরিয়া, মড়িয়া। ওংতেও —মড়িআ দুআরে বসিথিলা বৈদেহী —মড়িয়া—মৃৎ+ইয়া। ঢাকায় কুইরা)। মাটির ছোট ঘর, ঝুপরি ঘর। প্রঃ,—সত্বরে চলিল রামা কুঁড়োর (অন্য সংস্করণে, কুড়্যার) দুয়ার (কবিকঃ)। (কুড়ো বানান দ্রষ্টব্য)। (চৈঃ চঃ-তে কুঁড়িয়া)।

কুড়িয়া, কুড়্যে ··ণ. (সং কুষ্ঠ হইতে। কুষ্ঠ—কুড়+ইয়া। ওং কোঢ়িআ। তুং সং কুণি)। মূল অর্থ কুষ্ঠী; যথা, চৈঃমঙ্গলে, কুড়িয়া গরুড়মিশ্র তার কুষ্ঠ ঘুচাইল। সুতরাং অকর্মণ্য। ইহা হইতে অত্যন্ত অলস। কুড়োমি ··ষ্য. (কুড়িয়া+আমি—কুড়িয়ামি—কুড়োমি)। আলস্য। প্রবাদে, কুড়ো গোরু অমাবস্যা চায়—অমাবস্যা তিথিতে হল-কর্ষণ নিষিদ্ধ; লক্ষণায়, যে অলস কর্মের বিরাম অন্বেষণ করে। প্রবাদে, কাজে কুড়ো ভোজনে দেড়ো, বচনে মারে পুড়িয়ে পুড়িয়ে—কাজে অলস, ভোজনে

দেড় জনের মতন, কিন্তু বচনে জলাইয়া মারে।

কুড়ী · ণ. (সং কুষ্ঠী)। কুষ্ঠরোগী, প্রঃ—যে বলে সে হবে কুড়ী (ভাঃ)। (শূং পুংতে কুড়ি, ওংতে কুঢ়ী)।

কুণো ··ণং (সং কোণ+বাং উয়া—কোণুয়া-কুণো)। কুনো দেখ।

কুণ্ড ··ষ্য. (সং)। পাত্র, টব; গর্ত্ত, নিম্নস্থান, অগ্নিস্থান, প্রঃ—সীতা-কুণ্ড।

কুণ্ডু ·· ষ্য. (সং কুণ্ডীর-বলবান হইতে? কুণ্ড শব্দ শুদ্ধ বোধ হয়। হিন্দুর জাতি-বিশেষের পদবী।

কুণ্ডলি ··ষ্য. (সং কুণ্ডল+বাং ই—স্বার্থে)। বলয়াকৃতি, প্রঃ—কুণ্ডলি পাকানা—কুণ্ডলী হওয়া (গ্রাং কুড়ল পাকানা)। কুণ্ডলি-মণ্ডলি, কুণ্ডলী-মণ্ডলী·· কুণ্ডল—বলয়, মণ্ডল—বলয়—সহচর শব্দ। প্রঃ— সাপ কুণ্ডলী-মণ্ডলী হইয়া পড়িয়া আছে।

কুণ্ডলী·· ণ. (সং কুণ্ডল—বলয়াকৃতি+ঈ)। বলয়াকৃতি, প্রঃ,—কুণ্ডলি করিয়া লেজ বসে এক কোণে (মাঃ)। জন্মকুণ্ডলী··· জন্মকোষ্ঠী-পত্রিকা।

কুণ্ডা ··ষ্য. (সং কুণ্ডল। ওং কুণ্ডা, হিং কুণ্ডা)। দুয়ারে শিকল লাগাইবার লোহার কড়া, প্রায়ই সুর্ষী (দেখ)।

কুতু-কুতু ··ষ্য. (সং কুতু—কৌতুক, কৌতূহল শব্দে আছে; কুতকুতয়তি পদ আছে। হিং গুদগুদানা—কুতু কুতু দেওয়া)। অঙ্গ স্পর্শ দ্বারা দেহের স্ফুরণ, রোমাঞ্চন। (কেহ কেহ কুতি-কুতি, কাতু কুতু বলে।)

কুত্তা ··ষ্য. (হিং। বাং কোত্তা)। কুকুর, স্ত্রীং কুত্তী (বাং); কুতিয়া-কুত্তী (হিং)। কুত্তা কা বাচ্চা—(হিং)। গালি, কুকুরের পুত্র, গোলাম।

কুথলী ··ষ্য. (সং কু-স্থলী। ওং কুথলী, হিং কোথলী)। মোটা কাপড়ের বড় থলী, বৈষ্ণবের ভিক্ষার ঝুলী; প্রঃ,—কুথলী সব ভরি (চৈঃ চঃ)।

কুদ ··ধাতু. (সং কুর্দ ধাতু ক্রীড়ায়)। কুদি (গ্রাং কুঁদি)—অঙ্গ চালনা দ্বারা ক্রীড়া করি, আস্ফালন করি। কুদি—ষ্য. (কুদ+ই ভাবে)। কুদি করা—লম্ফ দিয়া আস্ফালন। কোদা ॥ কুদন, কুদনি ॥ কুদনিয়া, কুদন্যে —ষ্য. (কুদন+ইয়া)। যে কুর্দন করিতেছে।

কুঁদ ··ষ্য. (সং কুন্দ)। মল্লিকাদিবর্গের প্রসিদ্ধ পুষ্পক্ষুপ (Jasminun pubescens)। পাতা রোমশ। শীতকালে অসংখ্য ফুল ফুটিয়া গাছকে শাদা করিয়া রাখে। এইহেতু নাম কুন্দ (কু—পৃথিবীর শোভা করে বলিয়া)। কিন্তু ফুল প্রায় গন্ধহীন।

কুঁদ···ষ্য. (সং কুন্দ; ভ্রমঃ কুন্দং চ যন্ত্রকম্—হেমঃ)। কাঠ গোল করিবার ভ্রমিযন্ত্র। কুঁদ · ধাতু. (কুঁদ হইতে কুঁদা ধাতু হইবার ছিল)। কুঁদি—ভ্রমিযন্ত্রে নির্মাণ করি। প্রঃ,—এ বড় কারিকরে, কুঁদিলে তাহারে প্রতি অঙ্গে মদনের শরে (চণ্ডীঃ)। কোঁদা ॥ *কোঁদা ··ধাতু. (কুঁদ ধাতু আস্তে)। কোঁদাই—ভ্রমিযন্ত্রে বর্তুলাকার করাই ॥ কোঁদানা ॥

কুদরৎ ··ষ্য. (আং)। ঐশশক্তি, প্রকৃতি। কুদরতি···ষ্য. শক্তি প্রকাশ।

কুঁদরি ··ষ্য. (সং কুন্দুরুকী। হিং কন্দরু, ওং কুআ-মইতা)। কুষ্মাণ্ডাদিবর্গের বন্য

প্রতানী বিশেষ (Trichosanthes cucumerina)। পটোলের মতন গাছ, কিন্তু পাতা ৫।৭ আঙ্গুলের মতন। ফুল ছোট, আ-পীত, ফল অণ্ডাকার, পাকিলে লাল হয়। স্ত্রী গাছ ও পুং গাছ পৃথক। অনেকে কাঁচা ফল রাঁধিয়া খায়। (চিচিঙ্গা দেখ)।

কুঁদা ··ষ্য. (ফা° কুন্দা—কাঠের গুঁড়ি। তু° সং স্কন্ধ)। কাঠের মোটা বড় খণ্ড; বন্দুকের কাঠের গোড়া। (ফা° কুজা হইতে) কুজাতে ঢালিয়া যে মিশ্রি (মিছরি) হয়, মোচাকার মিশ্রি।

কুন · ণ. (কোন দেখ)। কোন (প্রাচীন বা°)।

কুনিকা ··ষ্য. (সং কুঞ্চি, কুঞ্চিকা। সং কুণিকা—বংশশলাকা)। বেতের ছোট মাপ-পাত্র, মাপ-বিশেষ।

কুনো, কোণুয়া ··ণ. (সং কোণ+বা° উয়া)। কোণ-বিশিষ্ট; যে কোণে থাকিতে চায়, প্রঃ—কুঃ বেং, কুঃ বিরাল। যে আলাপনে বিমুখ। স্ত্রী° কুণী।

কু-পত্তি (গ্রা°)···ষ্য. (সং কু-পথ্য)। কুপথ্য, অহিতকর খাদ্য। (কুপত্তি করা—কুপথ্য ভোজন করা)।

কুপন···ষ্য. (ই° পর্তু° coupon)। দ্যূতক্রীড়া বিশেষ। 'মনিঅর্ডার'-পত্রে যুক্ত পত্র।

কুপা···ষ্য. (সং কূপক। সং কুতুপ। হি° কুপ্পা) তৈলাদি রক্ষণার্থ চর্মপাত্র। কুপী ···(সং কূপিকা, কূপী)। তৈলাদি রক্ষণার্থ ছোট পাত্র। মাটির ছোট ও বাঁশের চোঙ্গার বড় কুপী হয়, প্রঃ—কুপি ভরি তৈল দেয় তেলি (কবিকঃ)। (কৃত্তিবাসে কোপা)। কুপা কাত ··তৈল পূর্ণ কুপা কাত হইলে তৈল গড়াইয়া নষ্ট হয়; লক্ষণায়, আধারের অস্থিরতা, কর্মকর্তার অকর্মণ্যতা।

কুপা···ধাতু (সং কূপ—গর্ত হইতে)। কুপাই —অস্ত্রাদি চালনা দ্বারা গর্ত করি। কুপানা। (কোপ দেখ। কুপাইয়া কুপাইয়া কাটা, চুটাইয়া চুটাইয়া কাটা প্রভৃতির কুপা চুটা প্রায়ই কোপা চোটা ধাতু শোনা যায়)।

কু-পুত ··ষ্য. (সং কু-পুত্র)। কু-পুত্র, পিতা মাতার অবাধ্য পুত্র। কু-পুতিয়া · ণ. (কুপুত+ইয়া)। কু-পুত্রের তুল্য বা যোগ্য।

কুব্-কুব ··ব্য. (কব্-কব দেখ)। দ্রব পদার্থের গতি শব্দে, প্রঃ—কাখের কলশীর জল কুব্‌কুব করিতেছে।

কুবা···ণ. (সং কুব্জ হইতে। হি° কুব—কুব্জ)। কুব্জাকার, স্ফীত, প্রঃ—কাঠ লাগিয়া কপাল ফুলিয়া কুবা হইয়াছে। ··ষ্য. ছাদ পিটিবার ছোট পিটনা।

কুম্‌কুম, কম্‌কুমা ··ষ্য. (আ° কুম্‌কুমা)। সুগন্ধি আবীর-পূর্ণ ও জউ-নির্মিত পাতলা গোলক। হোলি খেলায় লা.গ।

কুমড়া···ষ্য. (সং কুষ্মাণ্ড—কুমাঁড়—কুমড়া। ও° নাম কখারু—সং কর্কারু (অমরে,হেমে); হি° কদু, কদীমা,কোঁড়া — সং কুষ্মাণ্ড হইতে; ম° নাম ভোঁপ ল্লা — সং কুষ্মাণ্ড হইতে?)। কুষ্মাণ্ডাদি বর্গের প্রতানী। (১) ছাঁচি কুমড়া, চালকুমড়া—ইহাই প্রকৃত কুষ্মাণ্ড (Benincasa cerifera. Pumpkin)। আয়ুর্বেদে এই কুষ্মাণ্ডের উল্লেখ আছে, বিলাতী কুমড়ার নাই। ইহার ফুল পীতবর্ণ, ফল শাদা গোল বালিশের মতন। চালে উঠে বলিয়া চালকুমড়া নাম। ও°তে পানি কখারু—কারণ এই কুমড়া কুরিলে জল

পাওয়া যায়। ছাঁচি—সাঁচা—সত্য কুষ্মাণ্ড, ছাঁচি দেখ)। (২) গুড় কুমড়া, মিঠা কুমড়া …এই কুমড়া বিদেশী (Cucurbita maxima. Gourd)। বিদেশী বলিয়া ইহার নানা নাম হইয়াছে। রাঁধিলে মিষ্ট লাগে বলিয়া গুঁড় ও মিঠা বিশেষণ; বিদেশী বলিয়া বিলাতী, সফরী (দিনাজপুরে নাম 'বিলাতী'; ছাঁচি কুমড়া—চুণিয়া কুমড়া)। কাটিলে ডিঙ্গীর আকার দেখায় বলিয়া ডিঙ্গানী, বৈতাল (ও° বৈত-কখারু,—বৈত —সং বহিত্র)। জাহাজে আসিয়াছিল বলিয়া জাহাজী কুমড়া নাম। গ্রীষ্মকালে পাকে বলিয়া সূর্য-কুমড়া নাম। (৩) ভুঁই কুমড়া …ষ্য. (সং ভূমিকুষ্মাণ্ড। অন্য সং নাম বিদারী, ক্ষীরবিদারী। হিং বিলাইখন্দ—বিলের কন্দ; ও° ভূই কখারু)। কলম্ব্যাদি-বর্গের বৃহৎ লতাবিশেষ (Ipomœa paniculata)। মাটিতে স্থূল কন্দ হয় বলিয়া ভ্রমে ভুঁই-কুমড়া নাম (ভূমি কুষ্মাণ্ড নাম প্রাচীন বোধ হয় না)। পাতা ৫।৭ অঙ্গুলাকার, ফুল আ-নীল রক্ত, ডাঁটা মসৃণ। বীজ কোণে কোণে লোমশ।

কুমর, কুমার…ষ্য. (সং কুম্ভকার—কুম্ভার—কুমার। মং ও° কুম্ভার, হিং কুম্হার। বাং কুমার শব্দ ঠিক। কিন্তু কুমার অর্থে রাজকুমার, পুত্র আছে, এবং উচ্চারণে কুমার অপেক্ষা কুমর অধিক শোনা যায়)। কুম্ভাদি মৃৎপাত্র গড়ে যে। হিন্দু জাতি বিশেষ। স্ত্রী° কুমরনী, কুমারনী। প্রাঃ—ঘন পাকে ফিরে যেন কুমারের চাক (কৃত্তিঃ); কষ্টে আসে ভার বোঝা, কুমারে পোড়ায় পাঁজা (কবিকঃ)। কুমর পোকা, কুমরিয়া পোকা, কুমরো পোকা…ষ্য. (কুম্ভকার বৃত্তি তুল্য বৃত্তি যে পোকার। হিং কুম্হারী)। ষট্‌পদী বিশেষ। কাদার ঘর করে বলিয়া কুম্ভকার। কিন্তু ভিমরুলের মতন দলে দলে না থাকিয়া একা একা থাকে। পীতবর্ণ ও ময়ূরকণ্ঠ বর্ণ—দুই জাতি সর্বদা দেখা যায়। ময়ূরকণ্ঠ বর্ণ পতঙ্গ আরসলার ঘাড়ে হুল ফুটাইয়া অসাড় করে, এবং পরে মৃৎকুম্ভে ভবিষ্যৎ ডিম্বের নিমিত্ত সঞ্চয় করে। মেয়েরা ময়ূরকণ্ঠ বর্ণের পেট কাটিয়া কপালের টিপ করে। (কাচ পোকা দেখ)।

কুমার…ষ্য. (সং)। সংতে যুবরাজ, কার্তিকেয় (অগ্নি ও কৃত্তিকার পুত্র) (অমরে), পঞ্চবর্ষীয় বালক (মেদিনীতে; সং কুমার ধাতু ক্রীড়ায়)। বাংতে অভিনব অর্থ দাঁড়াইতেছে—অবিবাহিত, রাজপুত্র (যুবরাজ ও রাজপুত্র এক নহে)। কুমারী—সংতে দুর্গা, দ্বাদশ বর্ষীয়া অবিবাহিতা কন্যা। বাংতে অভিনব অর্থ,—অবিবাহিতা (বয়স যতই হউক)। এই অর্থে অনূঢ়া শব্দ ঠিক হইত।

কুমারী-লতা…ষ্য. (সং)। রজনীগন্ধাদি বর্গের কণ্টকময় বন্য প্রতানী (Smilax macrophylla)। পাতা একোত্তর, ৩।৫ শিরাল। ফুল ছোট। (ও° কুম্ভাটুআ—সং কুমারী, কুমারীকা শব্দে কুম্ভকার ভ্রমে)।

কুমীর…ষ্য. (সং কুম্ভীর। ও° কিমির; হিংতে মগর, মং মগর, সং মকর হইতে)। বৃহৎ সরীসৃপ বিশেষ (crocodile Crocodilus palustris)। তুণ্ড ছোট, গো-মুখা। এক একটা ৮ হাত হয়। বড় বড় নদী, জলা, দীঘিতে থাকে। মেছো, মাছুয়া…মাছ খায়,

ঠোঁট দীর্ঘ। মনুষখেগো··মানুষ খায়। ঘড়ীয়াল দেখ। প্রবাদে, জলে বাস করিয়া কুমীরের সঙ্গে বাদ (বা আড়ি)—ঘরের শত্রুর সহিত বিবাদ। (২)অগ্নিবাণ বিশেষ, জলে কুমীরের মতন বেড়ায়।

কুমুদ··ষ্য. (সং)। শালুক, সুন্ধী দেখ।

কুম্ভী··ষ্য. (সং—শব্দকল্পঃ। হিং ওং)। জম্বুকাদি বর্গের বৃহৎ আরণ্য তরু বিশেষ (Careya arborea)। ওড়িশা ও অন্য প্রদেশে আছে। বর্ষে বর্ষে পাতা ঝরে। বসন্তকালে পাতা ফুল হয়। ফুল শাদা, বড় বড়। ফল কুম্ভাকার (এইহেতু নাম কুম্ভী)। বাকলে মোটা দোড়ী হয়। এক বৌদ্ধ-সম্প্রদায় এই বাকল পরে বলিয়া নাম কুম্ভীপটিয়া (ওং) হইয়াছে। (কুম্ভীর এক নাম পর্পটদ্রুম—শব্দকল্পঃ)

কুয়া, কুয়ে···কুইয়া দেখ।

কুয়াসা··ষ্য. (সং কুহা। ইহা হইতে যশোরে কুয়ো, ঢাকায় খুয়া। ওং কুহুড়ি—সং কুহেলিকা। মং ধুকেঁ—সং ধূম। হিং কুহরা, কুহাসা। প্রবোধচন্দ্রিকায় কুহাসা। এই কুহাসা হইতে বাং কুয়াসা। কুহা-সদৃশ—কুহাসা—কুয়াসা)। কুহা, বায়ুর ঘনীভূত ধুমাকার বাষ্প (mist or fog)। কুয়াসা করা—বায়ুর কুহা-সদৃশ আকার ধারণ করা। রণ কুয়াসা··বায়ুতে ধূমবৎ দৃশ্য (রণ দেখ)। ফাল্গুন মাসে দিবা দ্বিপ্রহরের কুয়াসা। রাঢ়ে পশ্চিমদিক হইতে বাতাস বহিয়া রণকুয়াসা করে। এই কুয়াসায় দেহ রুক্ষ হয়।

কুয়া, কো··ষ্য. (সং কূপ। হিং কুঁআঁ; ওং কুআ; মং কুবা। শব্দের উচ্চারণ অনুসারে বানানে কু আসে। তুং সং তূল—বাং তুলা)। কূপ, জলাদি নিমিত্ত গভীর গর্ত। পাতকো দেখ। কুয়ার বেং··ষ্য. (সং কূপ-ব্যাঙ্গ। কূপ-মণ্ডুক অধিক প্রচলিত)। অল্পদর্শী।

কুয়া···ষ্য. (সং কূপ, কূপক)। মইএর আড়দিকের বংশ খণ্ড, প্রাঃ—গণ্ডা দশ কুআ দিআ সাজাইল মই (শূং পুং)—গোটাদশ।

কুয়া, কো···ষ্য. (সং কোষ)। নেবু, কাঁঠাল প্রভৃতি ফলের কোষ।

কুর্‌-কুর···ব্য. (সং কুর ধাতু শব্দে। কুকুর ছানার ডাক; কুকুর ছানা ডাকিবার শব্দ (সং কুক্কুর শব্দে এই কুর ধাতু আছে)। (২) কুরিবার শব্দ।

কুর··ধাতু. (সং ক্ষুর, খুর ধাতু বিলেখনে)। কুরি—ধারাল শস্ত্র দ্বারা চাঁচি। প্রাঃ—বাদুড়ে পেয়ারা কুরিয়া খায়। কোরা॥

কুরনী··ষ্য. (সং ক্ষুরণী। বাং কুর+অনী)। নারিকেলাদি চাঁচিবার দাঁতালা শস্ত্র। কোরা—ধাতু. (কুর আস্তে)॥ কোরানা॥

কুর-কুটিয়া, কুর-কুট্যে··ণ. (সং ক্রূর+কুটিল)। পরদ্রোহী। (২) (সং ক্রূর+কুষ্ঠ হইতে)। কুঠিয়া, ব্যাঙ্গা, প্রাঃ—কুঃ বেগুন।

কুরঙ্গ···ষ্য. (সং। অমরে, মৃগে কুরঙ্গ বাতায়ু হরিণাজিনযোনয়ঃ—মৃগ কুরঙ্গ বাতায়ু হরিণ ও অজিনযোনি—এক হরিণের নাম। কিন্তু বৈদ্যকে কুরঙ্গ—স্বল্প হরিণে। এই অর্থের সহিত ওং খুরঙ্গা নামক হরিণের ঐক্য আছে)। হরিণ; ছোট চিত্র হরিণ-বিশেষ (হরিণ দেখ)। সাধ করিয়া কেহ কেহ খুরঙ্গা পোষে, কিন্তু অধিক দিন বাঁচাইতে পারা যায় না।

কুরণ্টক···ষ্য. (সং)। পীতবর্ণ ফুলধারী ঝিঁটীগাছ (দেখ)।

কুরন্দ···ষ্য. (সং কুরুবিন্দ। হিং কুরণ্ড; ওং কুরণ্ড)। মাণিক্যের আকর কঠিন প্রস্তর-বিশেষ (Corundum. Emery)। পাংশু ও কৃষ্ণবর্ণ। রত্নাদির শাণ-নির্মাণে লাগে। কুরুদেশে পাওয়া যায় বলিয়া সং কুরুবিন্দ।

কুরঁদ···ষ্য. (সং কুরণ্ড)। অণ্ডকোষের অর্বুদ রোগ-বিশেষ (scrotal tumour)। কুরঁদিয়া, কুরঁদ্যে··· ণ. কুরণ্ড-রোগী।

কুরাণ···কোরাণ দেখ।

কুরী···ষ্য. এদেশের মানব জাতি বিশেষ (ভাঃ)।

কু-রীত···ষ্য. (সং কুরীতি)। কু-রীতি।

কুরুক্ষেত্র ব্যাপার···মহাভারত-বর্ণিত কুরুক্ষেত্র যুদ্ধ ব্যাপার, মহা-কলহ।

কুর্চি···ষ্য. (কলিকাতার নাম। ওং করসুআ)। কালবসির সদৃশ কিন্তু ঈষৎ সবুজ মৎস্য বিশেষ (Lobeo gonius)।

কুর্তা···ষ্য. (ফাং)। দেহের ঊর্ধ্বভাগের আবরণ, জামা। কুর্তী···ছোট জামা, নারীর জামা।

কুর্তি···কুলতি দেখ।

কুর্ণিশ···ষ্য. (ফাং কোর্ণিষ)। বাদশার প্রতি নমস্কার বিশেষ।

কুর্মী···ষ্য. (হিং)। পশ্চিমের হিন্দু জাতি বিশেষ।

কুর্বানি···ষ্য. কোর্বানি দেখ।

কুর্সি···ষ্য. (আং)। চৌকি, চেয়ার। (২) বংশ। কুর্সিনামা···বংশ-তালিকা, কুলজী।

কুল···ষ্য. (সং কোল। ওং বর-কোলি—সং বদর-কোলি; প্রাচীন বাং কুলি, লেম্বু কুলি—চৈঃ চঃ; হিং বৈর (বদর—বয়র—বইর—বৈর), মং বোর)। ছোট কণ্টকী তরু (Zizyphus jujuba. Jujube)। পাতার নিম্নপৃষ্ঠ রোমশ, ফল প্রায় গোল। গাছ ঘন হইয়া শীঘ্র বাড়ে বলিয়া সং নাম কোলি বৃক্ষ, এবং কাটিয়া দিলেও মরে না বলিয়া বদরী বৃক্ষ। (ফলের নাম বদর, কোল)। নারিকেলিয়া, নারিকেল্যে কুল···ষ্য. (নারিকেল+ইয়া—সাদৃশ্যে)। নারিকেল-তুল্য অণ্ডাকার কুল। বন-কুল···অ-পালিত কুল-গাছ। ইহার কুল ছোট, শিয়ালে খায়। কিন্তু বাং শেকুল (সং শৃগাল-কোলিকা) নহে। প্রবাদে,—কুলের কথা কহা—এক ব্যক্তি কুল-গাছের তলে মলত্যাগ করিবার সময় লোভ-বশতঃ একটা পাকা কুল-ফল খাইয়াছিল। সে সংবাদ কেহ জানিত না। কৃষ্ণযাত্রায় এক গায়ক গানে কৃষ্ণের কুল (বংশ) দৈবাৎ বদরী-ফল-ভক্ষকের নিকট বর্ণনা করিতে লাগিল। ইহাতে ভক্ষক মনে করিল গায়ক সে লজ্জাকর সংবাদ অবগত আছে এইহেতু অত্যন্ত লজ্জিত হইল। লক্ষণায়, ভিতরকার কথা, গুপ্ত কথা।

কুল···ষ্য. (সং)। বংশ, গোষ্ঠী, সমূহ। কুলাঙ্গার···(সং)। যে নিন্দিত কর্মদ্বারা বংশের গৌরব নাশ করে। কুলাচার···ষ্য. (সং)। বংশের আচার, কুলধর্ম। কুল-কলঙ্ক···ষ্য. (সং)। যে বংশের গৌরব নাশ করে। কুল-তিলক···ষ্য. (সং)। যে বংশের গৌরব রক্ষা ও বর্ধন করে। কুল-নারী, কুল-বধূ···ষ্য. (সং)। উচ্চকুলোদ্ভবা সতী নারী। কুল পাঞ্জী···ষ্য. (সং কুল-পঞ্জী। কুলজী দেখ)। কুলজী। (কবিকঃ)। কুল-মর্যাদা···ষ্য. (সং)। বংশের সম্মান।

কুল-শীল···ষ্য. (সং)। কুল ও শীল—আচরণ। কুলে কাঁটা দেওয়া···কুল-কণ্টক হওয়া, কুলের গৌরব-বৃদ্ধির পথে কাঁটা দেওয়া। কুলে বাতি দেওয়া ··(সং কুল—গৃহ)। গৃহে প্রদীপ জ্বালা, বংশের স্থিতি করা। কুলে কালী দেওয়া ··কুলকলঙ্ক হওয়া। কুল করা···কুলকর্ম করা, কুলীন বংশে কন্যাদান করা। শ্যাম রাখি না কুল রাখি ··রাধার অবস্থায় পড়া; রাধা শ্যাম ছাড়িতে কিংবা কুল ছাড়িতে পারেন নাই, তদ্বৎ সঙ্কটে পড়া। একুল ওকুল, দুই কুল যাওয়া···রাধার নিজ কুল ত্যাগ, এবং শ্যামের কুল অপ্রাপ্তি, দুই ঘটিয়াছিল, তদ্বৎ সঙ্কটে পড়া।

কুল ··ষ্য. (আং কুল। সং কুল, কূল)। সমূহ, রাশি। কুল্লে দেখ। বিল-কুল ··সমুদয়।

কুল-কচা, কুল-কুচা···ষ্য. (ওং কুল্লকুচা; হিং কুল্লা, কুল্লী, কুলকুলা; মং গুল্লণা। আং কুলকুল। শূং পূং—কুলকুচা। যশোরে কুলকুলি। মূল শব্দ কি? সং কবল হইতে কুল, কচ ধাতু দীপ্তি; কিংবা সং কল ধাতু কলধ্বনি বা কল্লোল, কচ ধাতু দীপ্তি, মার্জন)। জল লইয়া মুখের ভিতর মার্জন, মুখের ভিতর জলের কল-ধ্বনি করিয়া মার্জন।

কুল্-কুল···ব্য. কল্-কল দেখ। (২) (সং কুল ধাতু—রাশীকরণ, কুল্যা—ছোট নদী)। কুল্যার মতন, প্রঃ—কুলকুল করিয়া ভেদ।

কুলঙ্গা, কোলঙ্গা··ষ্য. (সং কুডঙ্গা—কুঞ্জ? কুটুঙ্গিক—পাত্র-বিশেষ? ওং কান্থ-কুরা—কাঁথের গর্ত, এই গর্তের বাহিরে কাঁথে লতাকুঞ্জ চিত্রিত হইয়া থাকে। পূর্বকালে বঙ্গদেশেও হইত। মং কোনডা, সং কোণ হইতে?)। দ্রব্যাদি রাখিবার নিমিত্ত কাঁথে গর্ত। কুলঙ্গী ··ছোট কুলঙ্গা।

কুলজী ··ষ্য. (সং কুল-পঞ্জী। তুং ঠিকজী। অনুরূপ, কুলঞ্জী, ঠিকঞ্জী। তুং আসাং বুরঞ্জী—পুরা-পঞ্জী। তুং ওং মাদলা-পাঞ্জী—পুরীর মন্দির-পঞ্জী)। কুল-বিবরণ, বংশের ইতিহাস।

কুলা···ষ্য. (সং কুল্য—মেঃ। ওং কুলা, হিং মং নাম সূপ। সং কুল ধাতু সংহতি হইতে কুল্য)। চাউল প্রভৃতির লঘু অসার অংশ দূরে প্রসারণের বংশ-নির্মিত পাত্র। কুলা-পানা চক্র ··কুলার প্রায় চক্র, বৃহৎ ফণা; লক্ষণায় ভীতি-প্রদর্শন।

কুলা···ধাতু. (সং কুল—নদ্যাদির তীর হইতে)। কুলাই—পারে যাই, পর্যাপ্ত হই। প্রঃ—টাকায় কুলাইবে না। কুলানা ॥ অ-কুলান, সঙ্কুলান।

কুলি···ষ্য. (সং কুল্যা পয়ঃপ্রণাল্যাং—মেঃ)। গ্রামের পয়ঃপ্রণালী, গ্রামের নিম্নপথ (কুল্যা চ সারণিঃ—হেমঃ); বর্ষাকালে জলনালী, গ্রীষ্মকালে গোরু-বাছুর যাইবার পথ; প্রঃ—কুলি কুলি লৈয়া বেড়াও চাতরে চাতরে (কৃত্তিঃ সুং)। কুলি দৌড়ানা—কুলিতে কুলিতে দৌড়ানা (দণ্ড প্রদানে)।

কুলিকা, কোলিকা···ষ্য. (সং কুলিক, কোকিলাক্ষ। ওং কোইলিখিআ)। বাসকাদি বর্গের কণ্টকী শাক-বিশেষ (Hygrophila spinosa)। জলের ধারে জন্মে। পাতা কর্কশ। ফুল আনীল কিন্তু ভিতর ইটবর্ণ। (কাঁটা-কুলিকা, কুলিয়া-খাড়া নামও আছে)। কোকিলা দেখ।

কুলিঞ্জন…ষ্য (সং)। হরিদ্রাদিবর্গের শাক বিশেষ (Alpinia galanga)। ডাঁটায় অনেক পাতা হয়, এবং ডাঁটা মানুষের সমান উচা হয়। ফুল আ-রক্ত, মধ্য প্রমাণ। উদ্যানে দেখা যায়।

কুলিয়া-খাড়া…কুলিকা দেখ।

কুলী…ষ্য. (তুর্কী)। বাহক, মজুর। (সং ব্রাতীন, প্রাচীন বাং বেরণিয়া)। কুলী-গীরি…কুলীর কাজ।

কুলুপ ..ষ্য. (আং কুফল, কুল্লাবা)। দ্বারের তালা; অলঙ্কারের চাবি বা খীল। কুলুপ দেওয়া—তালা বন্ধ করা। কুলুপিয়া ..স. (কুলুপ+ইয়া)। কুলুপ দ্বারা বদ্ধ, প্রঃ—কুলুপিয়া শঙ্খ (কবিকঃ)—হাথের শাঁখা।

কুল্‌তি…ষ্য. (সং কুলত্থ। হিং কুর্থী; ওং কোল্‌থ)। শিম্ব্যাদিবর্গের শাক বিশেষ (Dolichos biflorus)। শিমের সহিত সাদৃশ্য আছে, কিন্তু শুঁটী সোজা সরু, এবং গাছ ছোট। কলাই ঘোড়া ও গোরু ও দরিদ্রের খাদ্য হয়।

কুল্‌পী, কুল্‌ফী…ষ্য. (আং)। বরফ জমাই-বার ছাঁচ। (২) গুড়গুড়ীর নলের নিমিত্ত তামার বাঁকা নলসন্ধি।

কুল্লে…ণ. (আং কুল, কুল্লী)। সবে, সমু-দয়ে, প্রঃ—কুল্লে দশ টাকা আছে।

কুশ…ষ্য. (সং)। ধান্যাদিবর্গের দীর্ঘায়ু তৃণ বিশেষ (Eragrostis cynosuroides)। পাতা সরু, ডাঁটা সোজা। হিন্দুর শ্রাদ্ধ-তর্পণাদিতে লাগে।

কুশইর…ষ্য. (সং কোশকার, কোষকার, কেশ-কার—শব্দকল্পঃ)। ইক্ষু (ঢাকা ফরিদপুর প্রভৃতির স্থানীয় নাম)।

কুশম ..কোশাম দেখ।

কুশী…ষ্য. (সং কোশ, কোষ—পাত্র হইতে কোশা, কোষা, হ্রস্বে কোশী, কোষী, কুশী, কুষী)। হ্রস্বাকার কোশা, তাম্রনির্মিত চমস।

কুশী…ষ্য. (সং কোশিকা)। ছোট আম।

কুষম-কুষম…ণ. (সং কদুষ্ণ, কোষ্ণ—সং-প্রাং কোশিণ। কদুষ্ণ—কউষণ—কুষণ—কুষম)। ঈষৎ উষ্ণ (কুষুম কুষুম—গ্রাং)। দুধ-কুষমা…ঈষৎ উষ্ণ দুধ দিয়া সিদ্ধি (দুধ কুসুম্ভা—ভাঃ)।

কুষ্ঠ · কুঠ, কুড় দেখ।

কুষ্মাণ্ড…ষ্য. (সং)। ছাঁচি কুমড়া। কুমড়া দেখ। (২) মিথ্যা গর্ভ (মেঃ); তুং অকাল-কুষ্মাণ্ড।

কুসুম…ষ্য. (সং)। পুষ্প। স্ত্রীরজঃ।

কুসুম…ষ্য. (সং কুসুম্ভ)। সোমরাজ্যাদি বর্গের প্রসিদ্ধ কুসুম্ভ রঙ্গের গাছ (Carthamus tinctorius—the safflower)। কাঁটা শাক। পাতায় কাঁটা। ফুল রক্ত-নারঙ্গা। বীজে তৈল আছে। এই গাছের চাষ হয়। কুসুম ফুলের রঙ্গে পট্ট-বস্ত্রের রঙ্গ হয়। তৈল মানুষের খাদ্য। (২) কোশাম দেখ। (৩) ডিমের পীতবর্ণ অংশ। (৪) কুষম দেখ।

কুস্তি ..ষ্য. (ফাং)। মল্লযুদ্ধ, ব্যায়াম। (কস্ত দেখ)। কুস্তিগীর ..ষ্য. (ফাং)। মল্ল।

কুহক ..ষ্য. (সং)। মায়া, ইন্দ্রজাল। কুহকী …ষ্য. (সং)। ইন্দ্রজালিক, মায়াবী। স্ত্রীং কুহকিনী।

কুহর ..ধাতু.। কুহরি—কু-রব করি। কুহরা॥ (জ্ঞানদাস)।

কুহু-কুহু··কুকু দেখ। কোকিলের ডাক।

কূক··ষ্য. (সং কূ - শব্দে, কুহূ—রণোদ্যমে—মেঃ)। ডাকাইতের সঙ্কেতধ্বনি—কূ; মল্লের কূ-ধ্বনি।

কূচী··ষ্য. (সং)। কুঁচি।

কূট-কচালা, কূট-কচালিয়া··ণ. (কুটা ছিন্ন তৃণ, সং কচ—কেশ+লা-বিশিষ্ট অর্থে—যাহাতে তৃণ কেশ ইত্যাদি সূক্ষ্ম পদার্থ আছে? সং কূট—অনৃত বাক্য, কচালা—মার্জিত হয় যাতে?)। সূক্ষ্ম বিচারযোগ্য (কথা)।

কূড়··কুড় দেখ।

কূড়··ষ্য. (সং কূল, কূট)। সূতার অগ্র বা প্রান্ত; (১) রাশি, স্তূপ, প্রঃ—পাঁশ-কূড়, কূড় করা।

কুঁড়··ষ্য. (সং কুণ্ড)। নিম্নভূমি।

কূৎ··ষ্য. (হিং কূৎ; কূতনা—মূল্য নিরূপণ। সং কূট?)। মূল্য নিরূপণ, পরিমাণ নিরূপণ, প্রঃ—হাঁড়ার দই কূৎ করা, ফশল কূৎ। কূৎ-ঘর··যেখানে নৌকাদির মাশুল আদায় করা হয়।

কূয়া··কুয়া দেখ।

কূলা...ধাতু। কুলা দেখ।

কূল··ষ্য. (সং)। নদ্যাদির তীর। কূল-কেনারা, কূল-কিনারা···ষ্য. (সং কূল+ সং কেনার—মস্তক; প্রায় সহচর শব্দ)। তীর, সীমা।

কূর (গ্রাং)···ষ্য. (সং কূল)। তীর, প্রঃ—সমুদ্দর কূর (শূং পুং)। প্রাচীন বাংতে ল স্থানে র হইত। তুং কোর, কাজর।

কূলঞ্জন···কুলিঞ্জন দেখ।

কৃকলাস···ষ্য. কাকলাস দেখ।

কৃতী···ণ. (সং)।—পুণ্যবান্, কৃতার্থ, কুশল। পুণ্যবান অর্থ হইতে বাংতে পুণ্যকর্ম-কর্তা।

কৃন্তন··ষ্য. (সং)। সেতার বাজাইবার সময় তার টানিয়া ছাড়িয়া দেওয়া, যেন কাটা। সেতারে বিলোমগতির আশ স্পষ্ট শোনা যায় না বলিয়া বাম হাতের মধ্যমাঙ্গুলী দ্বারা তার আকর্ষণ।

কৃমি··ষ্য. (সং। ফাং কিরম)। ভিতরে যে পোকা জন্মে (কৃমিরন্তর্জঃ—হেমঃ) (worms); পেটের কৃমি, লম্বা কৃমি···লম্বা ও স্থূল কেঁচুয়া (round worm)। পুকী ···(পোকা+ঈ হ্রস্বার্থে)। ছোট সূতার মতন কৃমি (thread worm)। ফিতা কৃমি···মাথার ফিতার মতন চেপটা (tape-worm)। কৃমিদানা···ষ্য. (হিং)। ঘোর লাল রঙ্গ-উৎপাদক ক্ষুদ্র পতঙ্গ-বিশেষ (Coccus cacti. The cochineal insect)। আদি বাস আমেরিকায়। ভারত-বর্ষে আনীত হইয়াছে। ফণী-মনসা গাছে এই কীট জন্মে। ফটিকারি যোগে পূর্ব-কালে কাপড়ের ঘোর লাল রঙ্গ করা হইত। (ইং carmine, crimson শব্দে সং কৃমি কৃমিজা—আলতা রঙ্গ—আং কির-মীজি—শব্দ আছে। (হিং দানা হইতে ইং grana—seed)।

কৃষক···ষ্য. (সং কৃষিক, কর্ষক—হেমঃ; কৃষক কর্ষক—মেঃ)। কৃষিকর্মকারী।

কৃষাণ··ষ্য. (সং)। কৃষক, লাঙ্গলিয়া। কৃষাণি··ষ্য. (কৃষাণ+বাং ই কর্মার্থে)। কৃষকের বৃত্তি। কৃষাণী··ণ. (কৃষাণ+ ঈ)। কৃষাণের যোগ্য (কর্ম)।

কৃষি··ষ্য. (সং)। কৃষিকর্ম। (কোন কোন

স্থানে কৃষিক্ষ অর্থে কৃষি শব্দের গ্রা° প্রয়োগ আছে)।

কৃষ্ণ···ষ্য. (স°)। শ্রীকৃষ্ণ ; নীলবর্ণ। ণ. কাল। কৃষ্ণ-প্রাপ্তি···বৈকুণ্ঠ-প্রাপ্তি, মৃত্যু। কৃষ্ণ-ভজা···যে কৃষ্ণের ভজনা করে, বৈষ্ণব (অশিষ্ট)। কৃষ্ণপক্ষ···ষ্য. (স°)। চন্দ্রের ক্ষয়-পক্ষ, চান্দ্র মাসের যে অর্ধভাগে রাত্রি আরম্ভে অন্ধকার হয় ; অন্ধকার পক্ষ ; (২) উপ-পত্নী (শুক্ল পক্ষ যেন পত্নী ; অশিষ্ট)। কৃষ্ণ-জীরা—জীরা দেখ। কৃষ্ণ তিল— তিল দেখ।

কৃষ্ণ-কলি, কৃষ্ণ-কেলি···ষ্য. (স°)। পুষ্প শাক-বিশেষ (Mirabilis jalapa. Marvel of Peru)। আদি জন্ম-স্থান নাকি আমেরিকা। পাতা মসৃণ। লাল শাদা হলুদা তিন বর্ণের ফুলের তিন জাত আছে। ফুলে ঈষৎ সুগন্ধ আছে। পুং কেশর ৫।৬ টা, সরু কুণ্ডলিত। সন্ধ্যাকালে ফোটে বলিয়া এক নাম সন্ধ্যামণি আছে (ও° রঞ্জণি)। কৃষ্ণের চূড়ার মতন কলি যে ফুলের। ইহা হইতে নাম। (২) এই ফুলের তুল্য রঙ্গিন বস্ত্র (চৈঃ মঙ্গল)।

কৃষ্ণ-চূড়া ··ষ্য. (স°)। পুষ্প তরু বা ক্ষুপ (Cæsalpinia pulcherrima. Poinciana pulcherrima. Peacock flower)। পাতা পক্ষাকার। লাল ও পীত বর্ণের ফুলের দুই জাত আছে। গ্রীষ্ম ও বর্ষাকালে ফুল ফোটে। বিলাতী কৃষ্ণ-চূড়া, রাধিকা চূড়া ··বৃহৎ পুষ্প তরু (Poinciana regia. The Gold mohur tree)। আদিবাস নাকি মাদাগাস্কার দ্বীপে। মরীচ দ্বীপ হইতে এদেশে আনীত হইয়াছে। গাছ শীঘ্র বাড়ে, এবং শাখা বিস্তার করে। ফুল বড় বড়, লাল-হলুদা। বসন্ত ও গ্রীষ্ম-কালে ফোটে। কৃষ্ণ-চূড়ার সাদৃশ্যে কেহ কেহ রাধিকা-চূড়া বলে)।

কৃষ্ণ-সার ··ষ্য. (স°)। দেশে কাল-সার হরিণ বলিয়া খ্যাত। কিন্তু বাস্তবিক হরিণ নহে, বরং ছাগ বলিতে পারা যায়। পিঠের দাঁড়ার চর্ম চিক্কণ কৃষ্ণবর্ণ বলিয়া নাম। (The Indian antilope. Antilope cervicapra)। পুংজাতির শৃঙ্গ কৃষ্ণবর্ণ, ফাঁপা, পাকানা, গ্রন্থিল। (ও°তে পু° নাম বাউটিয়া, বাহুটিয়া, স্ত্রী°নাম বালি হরিণ)। স্ত্রীজাতির শৃঙ্গ হয় না।

কে···সর্বনাম. (স° কঃ, কা)। কোন্ ব্যক্তি। কে অ···(অ সম্বোধনে)। প্রশ্নে, তুমি কে ?। কে-ই ··কেহ-ই, কোন্ ব্যক্তি-ই। কে-উ···কেহ ও, প্রঃ—কেউ কারও নয়, অপভ্রংশে কেউ কারু নয়। কে-ও···কোনও ব্যক্তি। কে বা···কোন্ ব্যক্তি।

কে···বিভক্তি. (ব্যাকরণ দেখ)। কর্ম-কারকের বিভক্তি, প্রঃ—রামকে ডাক। নিমিত্তার্থে সম্প্রদানকারকে, প্রঃ—জলকে যাবে ? ভয় কিংবা তদ্‌বাচী শব্দ পরে থাকিলে সম্বন্ধপদে, প্রঃ—তাহাকে ভয় নাই। বিধি অর্থে কর্তাকারকে, প্রঃ—রামকে করিতে হইবে। গমনার্থক ধাতু পরে থাকিলে অধিকরণ কারকে, প্রঃ—ঘরকে যাই (রাঢ়ে) ; তবে ত করিল প্রভু গয়াকে গমন, গঙ্গাকে আনিয়া মোরে যমুনা কহিলা —গঙ্গাতে ; কোথাকে গমন, ইত্যাদি চৈঃ-চঃ-তে আছে। কার তরে হেন বেশে

কোথাকে পরান (কবিকঃ)। অধুনা অপ্রচলিত হইতেছে।

কেঅট···ষ্য. (সং কৈৱৰ্ত। হিং কেৱট, ওং কেঅট)। মৎস্যজীবী জাতি বিশেষ। স্ত্রীং কেঅটানী, কেঅটনী। কেঅটিয়া, কেঅট্যে ···ণ. (কেঅট+ইয়া)। ধীবর-সম্বন্ধীয়। কেঅটিয়া সাপ··(সং কৈৱৰ্ত সৰ্প)। গোখুরা সর্পের জাত-(variety) বিশেষ। (গোখুরা দেখ)। কিন্তু ফণায় খুর-চিহ্ন না থাকিয়া 'পদ্ম'-চিহ্ন থাকে (ওং তম্প)। ইহার নানা ভেদ আছে। যথা, (১) কাল কেঅটিয়া—কৃষ্ণবর্ণ; (২) তেঁতুলিয়া কেঅটিয়া—তেঁতুলবীজবর্ণ; (৩) গেঁড়ী-ভাঙ্গা—গেঁড়ী—ছোটশামুক ভাঙ্গিয়া খায়, এই বিশ্বাসে নাম; (৪) বাঁশবন্যে কেঅটিয়া বাঁশবনে থাকে।

কেঅরা···ষ্য. (সং কিরাত)। হিন্দুজাতি-বিশেষ। স্ত্রীং কেঅরানী।

কেঅরা···ষ্য. (ইং caraway)। কারোয়া দেখ।

কেআ···কেয়া দেখ।

কেআর···কেয়ার দেখ।

কেআরি···কেয়ারি দেখ।

কেঁউ-কেঁউ···ব্য. কুকুরের আর্তনাদ।

কেঁউ, কেউ··ষ্য. (সং কেমুক—বৈদ্যকঃ, শব্দকল্পঃ। ওং কউ কউকা)। হরিদ্রাদিবর্গের বন্য শাক (Costus speciosus)। মানুষের সমান উচা হয়। পাতা সাপের কুণ্ডলের আকারে ঘুরিয়া ঘুরিয়া ধরে। (বোধ হয়, কেতকী সাদৃশ্যে এক নাম কেচুক এবং তাহা হইতে কেমুক নাম)। পাতা চওড়া। ফুল বড় বড়, প্রায় শাদা। ফলে তিন কোষ।

কেঁক, কেঁক্-কেঁক··ব্য. (কেঁ করিয়া—কেঁক। কেঁ—খাই। কেঁ করিয়া—খাই শব্দে। তুং ঘর খাঁ-খাঁ করে, ষাঁড় গাঁ-গাঁ করে, বাঘ গাঁক করিয়া কামড়াইতে আসে)। আক্রমণ-শব্দে। কেঁকানি, কেঁক-কেঁকানি। কেঁকর-কেঁকর···কেঁক্-কেঁক রব।

কেকয়ী···ষ্য. (সং কৈকেয়ী, কৈকয়ী)। রামায়ণের ভরতের মা। প্রঃ—কেকয়ী কলঙ্ক দোষে (মাঃ)। কেকয়ী-মা··· রামের প্রতি কৈকেয়ী যেমন ব্যবহার করিয়া-ছিলেন, যে সৎমা তেমন ব্যবহার করে; ঈর্ষাপরায়ণা বিমাতা।

কেঙ্গারু···ষ্য. (ইং Kangaroo)। অষ্ট্রেলিয়া দ্বীপের চতুষ্পদ জন্তু বিশেষ।

কেচ্-কেচ···কিচ্‌কিচ দেখ।

কেঁচ, কেঁচ্-কেঁচ···কাঁচ দেখ।

কেঁচুয়া, কেঁচো··ষ্য. (সং কিঞ্চুলুক। হিং কেঁচৱা। ওং নাম জিআ-নাড়, পেটের কৃমি—কেঁচুআ)। সং নাম মহীলতা (Earth worm)। আর্দ্রমৃত্তিকায় এই কৃমি বাস করে এবং গলিত উদ্ভিজ্জ ভক্ষণ করিয়া নীচের মাটি উপরে তুলিয়া কৃষকের উপকার করে। কোথাও কোথাও পেটের কৃমিকে কেঁচো বলে (রাঢ়ে)। তাহা ভিন্ন প্রাণী। মাটির কেঁচোর জাতি,—(১) ঢেমনা কেঁচো··· কাল মোটা লম্বা। (২) দুধিয়া, দুধ্যে কেঁচো ···শাদা, বড়শীতে টোপ হয়। (৩) চুলিয়া, চুল্যে··সরু ৩।৪ আঁগুল লম্বা। প্রবাদে,— কেঁচো খুঁড়িতে সাপ··মাটি খুঁড়িয়া কেঁচো না পাইয়া সাপ; অনাকাঙ্খিত বিপত্তির উদ্ভব। কেঁচো ইল্‌বিল করে··ইল্-বিল দেখ। (কুৎসিৎ চলন বলিয়া সং নাম

কিংবা কিঞ্চিৎ চলতি বলিয়া নাম। অন্য সং নাম গণ্ডূপদ—গ্রন্থি দ্বারা চলে এই দৃষ্টিতে—অঃ-টীঃ। বস্তুতঃ কেঁচোর সূক্ষ্ম পদ আছে)।

কেচ্ছা ··কেস্‌সা দেখ। কুচ্ছা দেখ।

কেঁট্‌কেট ··কট্‌কট দেখ। কেঁট কেঁটিয়া, কেঁট্‌-কেঁট্যে ·কটু, প্রঃ—কঃ কথা। কেঁট-কেঁটানি॥ বীচে কেঁট কেঁট্যে বেগুন ··এখানে কেঁট—সং কীট কিংবা কঠিন হইতে)। বীজে কঠিন যে বেগুন; কিংবা যে বেগুনে বীজগুলা কীটবৎ স্পষ্ট দেখা যায়। তুং পোকা বীজ-বীজ করা।

কেটা ··অবজ্ঞায় কে, কেরা। টা স্থানে ডা হইয়া বঙ্গের পূর্বাঞ্চলে কেডা।) প্রঃ—আজি ঠেকাইবে কেটা (চণ্ডীঃ)।

কেট্যে, কেটে···ষ্য. (কাট+ইয়া)। কাটিয়া শব্দের সংক্ষেপ। কাটা তসরে নির্মিত, গুটি-কাটা তসরে নির্মিত। তুং মটকা।

কেঠো···ষ্য. (সং কমঠ ? ঢাকায় কাইঠা)। কচ্ছপ-বিশেষ। কাঠুয়া দেখ।

কেঠো···ষ্য. (কাঠ+উয়া)। কাঠের বাটী; (২) নৌকার জল তুলিবার কাঠের সেঁঅনী (সং কাষ্ঠ-কুদ্দাল); (৩) নারিকেল মালা, প্রঃ—যার মন চাঙ্গা তার কেঠোয় গঙ্গা···এক মুচী নারিকেল-মালায় জল রাখিয়া জুতা সেলাই করিতেছিল। এক পরিশ্রান্ত পথিক গঙ্গা স্নানে যাইতে যাইতে মুচীকে গঙ্গাস্নানের ফল কহিলে মুচী উত্তর দিয়াছিল মন পবিত্র হইলে কেঠোতেও গঙ্গাদর্শন হইতে পারে।

কেঁড়েলি···ষ্য. (কাণ্ডারী হইতে ? সং কাণেলী বেশ্যা হইতে ?)। বাক্যের অযাচিত কর্ণ-ধার, বেশ্যার যোগ্য চাতুরী (অশিষ্ট)।

কেঁড়ে, কেঁড়্যে, কাঁড়িয়া···ষ্য. (সং কাণ্ড+বাং ইয়া। ঢাকায় কাইরা)। মাঝে কাঠী রাখিয়া জড়ানা দোড়ী; বাঁশের কাণ্ডে নির্মিত চোঙ্গা, প্রঃ—তেলের কেঁড়্যে; দুধের ভাঁড় (দারজিলিঙ্গে অদ্যাপি বাঁশের কাণ্ডে দুধ লইতে দেখা যায়। জাল দেখ।

কেতা···ষ্য. (আং কতা। কিতা দেখ)। বিভাগ, খণ্ড; প্রঃ—এক কেতা নোট; ধরণ, প্রঃ—কেতা দুরস্ত—সুব্যবস্থিত।

কেতাব···ষ্য. (আং কিতাব—কোরাণ)। পুস্তক, পুথী। কেতাবী···ণ. কেতাবে লিখিত; কেতাবে লিখিত বস্তুতঃ অপ্রমা-ণিত।

কেদারা···ষ্য. (সং কেদার। হিং কিদারা)। রাগরাগিণী দেখ।

কেদারা···ষ্য. (পর্তুং cathedra)। কাঠের পিঠ-দেওয়া বেত্রাসন।

কেদো···ষ্য. (কাদা হইতে কাদুয়া—কেদো)। ধানের অভ্যাপাত-বিশেষ, পাঁকে জাত গাছের গোড়ার রোগ-বিশেষ। উদ্ভিজ্জ পদার্থ পচিলে এই রোগের উৎপত্তি হয়।

কেঁদো ··ষ্য. (সং স্কন্ধ হইতে কাঁধ; কাঁধ+উয়া—কাঁধুয়া—কেঁদো। তুং কুঁদা)। গাছের গুঁড়ির তুল্য স্থূল; প্রঃ—কেঁদো বাঘ; কত না পরিব গোঁসাই কেওদা বাঘের ছড় (শূং পুং)—কেঁদো বাঘের ছাল—যে বাঘ কেন্দু বৃক্ষের বনে থাকে ?) কেঁদো বাঘ-ছাল (কবিকঃ)। কেওদ্যা ডাঙ্গা (কবিকঃ)—কেঁদো বাঘ যেখানে থাকে (?)। কেঁদো কাঠ ···স্থূল কাঠ বা গুঁড়ি।

কেন্‌, কেনে···ব্য. (সং কেন হেতুনা;

কথং। ও° কাঁই, কাহিঁকি; হি° কোঁ কোঁকর; ম° কাঁ। স° কিম্ কিংবা কথং)। কি প্রয়োজনে, কি নিমিত্তে, কি কারণে। (কেন, কেনে—দুই-ই হয়। প্রাচীন বা°তে কেনে অধিক ছিল। কেনি শব্দও ছিল। তু° জন্য জন্তে, নিমিত্ত নিমিত্তে)। (২) আহ্বানের উত্তরে, প্রত্যুত্তরে, প্রঃ—হরি, উত্তর—কেন? অর্থাৎ কেন ডাকিতেছ? কেন না···ব্য. (কেন—কি কারণে, না—ব্যাখানে। হি° কোঁ্যকি, ও° কাহিঁকি)। যে হেতু।

কেনা···ষ্য. (কিন ধাতু)। ক্রয়। ণ. ক্রীত। কেনা-বেচা, বেচা-কেনা···ক্রয়-বিক্রয় (প্রতিচর শব্দ)।

কেন্দু, কেঁদু, কেঁদ···ষ্য. (স° কাকেন্দু। ও° কেন্দু, হি° কেন্দু)। অপর বা° নাম গাব। কোথাও কোথাও মাকড় কেন্দু বলে। তমালাদিবর্গের চির-শ্যামল তরু (Diospyros embryopteris)। পাতা চিক্কণ, পুরু, দ্বিশ্রেণী। ফুল চতুর্দল, শাদা সুগন্ধ। ফল পাকিলে পীতবর্ণ, মিষ্ট, রোমশ। গ্রীষ্ম-কালে পাকে। আ-পাকা ফলের নির্যাসে নৌকার জোড় ও মাছ-ধরা জাল কাল করা হয় (গাব দেখ)। (কাকে ফল খায়, কাকবর্ণ, আস্বাদনে কুৎসিৎ—অমর-টীকায় এই ত্রিবিধ ব্যুৎপত্তি আছে। কিন্তু গাব গাছের কাঠ কাল নহে, শাদা। বোধ হয় বৃক্ষ শ্যামল বলিয়া কাকবর্ণ)।

কেপ···ষ্য. (ই° cap)। মাথার টুপী; বন্দুকে গুলী ছুঁড়িবার তামার ক্ষুদ্র টুপী, ইহাতে বিদারক পদার্থ থাকে।

কেবা···কে দেখ।

কেবিন···ষ্য. (ই° cabin)। জাহাজে থাকিবার কুঠরী।

কেমত···ণ. (কি-মন্ত—কি-সদৃশ হইতে। ব্যাকরণ দেখ)। কেমন (প্রাচীন পদ্যে)।

কেমন···ণ. (কেমন্ত হইতে। ও° কেমন্ত। শূং পু° কেমন্ত। হি° ম° কৈসা—কি-সদৃশ)। কি সদৃশ, কিসের মতন। কেমন হওয়া···অস্বাভাবিক হওয়া। কেমন কেমন করা···এমন অবস্থা যে বর্ণনার শব্দ পাওয়া যায় না, যেন মৃত্যুর সমীপস্থ। মন কেমন করা···মনের অস্বাস্থ্য বোধ, মনের চিন্তা হওয়া। কেমন-তর···কেমন। (তর অনাবশ্যক। তর দেখ)। কেমনে···ব্য. করিয়া, কি করিয়া, প্রঃ—কেমনে যাইবে—কি উপায়ে, যাওয়ায় বাধা আছে।

কেম্বিশ···ষ্য. (ই° canvas)। মোটা কাপড়, গড়া, প্রঃ—কেম্বিশের বেগ।

কেয়া···ষ্য. (স° কেতকী)। বড় ক্ষুপ বা ছোট তরু (Pandanus asciculatus. The Screw-pine)। গোড়ার দিকে অনেক মূল বহির্গত হয় এবং তাহাতে গাছ দাঁড়াইয়া থাকে। ফুল সুগন্ধ। কেয়া কাঁটা···ষ্য. ছোট শোওয়া গাছ (Pandanus fœtidus)। বেড়া হয়। ফুল দুর্গন্ধ। কেয়া-কাঁদি···কেতকী পুষ্প-মঞ্জরী, প্রঃ—হাত দিলে ধুলা উড়ে যেন কেয়া-কাঁদি (ভাঃ)। কেয়া-খয়র···কেতকী ফুলের উপচ্ছদের সুগন্ধে সুবাসিত খদির।

কেয়ার···ষ্য. (ই° care)। সম্মান, মনোযোগ প্রঃ—কাকেও কেয়ার করে না।

কেয়ারি···ষ্য. (স° কেদার, কেদারিকা)। ক্ষেত্র-খণ্ড, আলি দিয়া ক্ষেত্র বিভাগ।

প্রঃ—ফুলের কেয়ারি করা—আলি কিংবা বেড়া দিয়া ফুল গাছ সাজানা। চুলের কেয়ারি করা—মাথার চুল ক্ষেত্রে ক্ষেত্রে বিভাগ করা, টেরি কাটা।

কেয়ালা…ণ (কিতা+আর, আল? ক্রয়াল হইতে?—ক্রয়ের যোগ্য?)। পৃথক, বিভক্ত, নিরূপিত, প্রঃ—বিষয়-সম্পত্তি কেয়ালা করা।

কেয়াস…ষ্য. (আ° কয়াস)। অনুমান, বিবেচনা।

কেঁয়ে…ষ্য. (হি° কাইয়া)। মারবারের জাতি বিশেষ; সেই জাতির লোক।…ণ. ক্রোধন, কৃপণ।

কেমুক…কেঁউ দেখ।

কেরয়াল, কেরাল…ষ্য. (হি° করবাল—দাঁড়, হাইল। স° করবাল—খড়্গ, করবালিকা—খড়্গাকৃতি ছুরী। স° কূপীটপাল—অরিত্র। বোধ হয়, করবাল আকার বলিয়া হি° করবাল—দাঁড়, বা° কেরয়াল। শব্দটি অল্পে অল্পে অপ্রচলিত হইতেছে)। নৌকার দাঁড়, পুচ্ছ-বিশিষ্ট দাঁড়, হাইলের আকারের দাঁড়। হাইল যে স্থানে থাকে সে স্থানে দাঁড়াইয়া কেরয়াল খেঁচা হয়। দাঁড়—কাঠের পুচ্ছে দণ্ড বাঁধা থাকে; নৌকার পাশে গোঁজে দোড়ী দিয়া আটকানা থাকে। প্রঃ—সুনার যে নৌকা রূপার কেরয়াল (শূং পুং); হাতে দণ্ড কেরয়াল বসিল গাবর, কারু হাতে কেরয়াল কারু হাতে বাঁশ (কবিকঃ); কৃত্তিবাসে (আদ্যে) কেরাল। (ভিন্নভিন্ন ভাষায় কেরয়াল শব্দের নামান্তর হইয়াছে। যথা, ওং আহুলা, ম° অবলেঁ…স° বহিত্র হইতে? বঙ্গের পূর্বাঞ্চলে বইঠা। হি° দাঁড়। এই দাঁড় শব্দ আসিয়া কেরয়াল শব্দ স্থানভ্রষ্ট করিতেছে। অধুনা, মনসা-পাতার আকারের যে দাঁড় না বাঁধিয়া খেঁচা হয়, তাহার নাম কেরাল। জেলেদের ডিঙ্গীতে দাঁড় থাকে না, থাকে কেরাল।)

কেরাঞ্চি…ষ্য. (হি° কিরাঞ্চী। স° ক্রয় হইতে?)। ঘোড়া-টানা দুই চাকার ভাল গাড়ী, প্রায়ই লোহার কামানির উপরে থাকে।

কেরানী ষ্য. (পর্তু° escrevonte)। ইংরেজী-লিখীয়া, লেখক। (স° প্রতিশব্দ বার্ণিক)। মাছিমারা কেরানী…একটা শব্দ পড়িতে না পারিয়া নকল করিবার সময় সে শব্দ না লিখিয়া সে স্থানে একটা মাছি মারিয়া রাখিয়াছিল। মূর্খ কেরানী। কেরানীগীরি…কেরানীর বৃত্তি। কেরানীখানা…কেরানীর আপিস-ঘর।

কেরামৎ…করামৎ দেখ।

কেরায়া…ষ্য. (আ° করায়া। তু° স° অবক্রয়, ক্রেয়)। ভাড়া। কেয়ায়া করা—ভাড়া লওয়া, কেরায়া দেওয়া—ভাড়া দেওয়া।

কেরাসিন…ষ্য. (ই° Kerosine)। খনিজ তৈল বিশেষ।

কেলা…ধাতু. (স° খেলা, কেলি হইতে)। কেলাই—খেলাই, কেলি করাই (অশিষ্ট)। দাঁত কেলানা—দন্তবিকাশ করিয়া পরিহাস করা।

কেলেঙ্কার (গ্রা°)…ণ. (স° কুলঙ্ককর) নিন্দনীয়। কেলেঙ্কারি…ষ্য. নিন্দনীয় কাজ।

কেলাস…ষ্য. (ই° class)। শ্রেণী, বিভাগ।

কেলেয…ষ্য. (স° কৃষ্ণ হইতে)। কৃষ্ণবর্ণ

(বস্তুতঃ কৃষ্ণখদির বর্ণ) আশু-ধান্য বিশেষ।

কেল্লা···ষ্য. (আ° কিলা)। দুর্গ। কেল্লা মারা, কেল্লা ফতে করা···দুর্গ অধিকার করা; ইষ্ট সিদ্ধ করা।

কেশরদাম···ষ্য (বা°। কেশরাজ তুল্য পাতা বলিয়া। দাম—স° দামন্—রজ্জু। কেশরাজ তুল্য পত্র-বিশিষ্ট লতা)। জলের ভাসা, ও জলের ধারে কাদার শাক-বিশেষ (Jussiæa repens)। পাতা একোত্তর; ফুল শাদা পঞ্চদল, পুং কেসর প্রায়ই ১০। ডাঁটার নীচে শিকড় নামে।

কেশরাজ···ষ্য. (স°—শব্দকল্পঃ। অমরে, মেদিনীতে শব্দটি নাই; হেমচন্দ্রে ভৃঙ্গারাজের পর্যায়ে কেশরঞ্জন শব্দ আছে। অমর মেদিনীর ভৃঙ্গারাজ—কেশকে ভৃঙ্গাবৎ কৃষ্ণবর্ণ করে। কেশ রঞ্জিত করে—কেশ-রঞ্জন, কেশ-রাজ। সুতরাং স° নাম হইতে বৃক্ষ-নির্দেশ দুরূহ। বা°-তে কেশরাজ ও ভিমরাজ (ভৃঙ্গারাজ) একগাছ, এবং কেশরিয়া কেশতিয়া অন্য গাছ। হি°-তে দুইই ভাঙ্গারা (ভৃঙ্গারাজ)। ইহাতেই গোলযোগের উৎপত্তি হইয়া থাকিবে। কেশরিয়া নাম কেশরাজের অপভ্রংশ মনে হয় বস্তুতঃ দুই শব্দ পৃথক)। কেশরিয়া, ভৃঙ্গারাজ দেখ।

কেশরাজ···ষ্য. ফিঙ্গার তুল্য নীলাভ-কৃষ্ণবর্ণ, পক্ষী-বিশেষ (Haircrested drongo. Chibia hottentotta) চঞ্চু দীর্ঘ, নিম্নে বক্র। মাথার পশ্চাৎ ভাগ হইতে কয়েকটা দীর্ঘ লোম গোছা হইয়া উঠে। বক্র চঞ্চু ফলে প্রবেশ করাইয়া পোকা মধু খায়।

কেশরিয়া, কেশতিয়া···ষ্য. (স° কেশরাজ+বা° ইয়া—সাদৃশ্যে, কেশরাজ তুল্য গাছ। কেশরাজ+ইয়া—কেশরাজিয়া—কেশরাইয়া কেশরিয়া। কেশরাজিয়া—কেশরাদিয়া—কেশতিয়া। ও° কেশদুরা—কেশরাজ—কেশজরা—কেশদরা কেশদুরা, কেহ বলে কেশরদা)। সোমরাজ্যাদি বর্গের কর্কশ বর্ষায়ু শাক-বিশেষ (Eclipta alba)। সরু, লতানিয়া গাছ। পাতা অভিমুখী। ফুল ছোট শাদা, সারা বৎসর ফল দেখা যায়। এই গাছের রস দেশীয় মসী কালীতে দেওয়া হইয়া থাকে।

কেশুর···ষ্য. (স° কশেরু—শব্দকল্পঃ। হি° কসেরু; ও° কেসুর)। মুস্তাদিবর্গের তৃণ-বিশেষ (Scirpus grossus, var. kysoor)। বড় ডাঁটার মতন গাছ, কেবল গোড়ার কাছে পাতা হয়। নীচে কন্দ জন্মে। এইকন্দ মানুষে খায়। (অমরের কৈবর্ত-মুস্তক শব্দের টীকায় 'কেশুর ইতি কশ্চিৎ' আছে)।

কেশে, কেশ্যে, কাশিয়া···ষ্য. (স° কাশ+বা° ইয়া স্বার্থে)। কুশ-বৎ তৃণ-বিশেষ, কাশ (দেখ)। প্রঃ—উলু কেশে নল বেণা (কবিকঃ)।

কেস···ষ্য. (ই° case)। মকদ্দমা, বিচার্য বিষয়। ঢাকনী।

কেসর···ষ্য. (স°)। কুঙ্কুম বা জাফ্রান, প্রঃ—কেসরের তিলক (কবিকঃ)।

কেস্‌সা···ষ্য. (আ° কিস্‌সা)। গল্প। ঝগড়া (এই অর্থে প্রায়ই, কেচ্ছা। তু° স° কুৎসা)।

কেহ···সর্বনাম. (স° কশ্চিৎ। ও° কেহি; হি° কোই; ম কাঁহী)। কোন্ মানুষ, (কোন্ দেবতা)। কেহ-ই···(ই-নিশ্চয়ে)।

কোন্ মানুষ-ই, প্রঃ—কেহ-ই পারে না—মানুষের সাধ্য নহে। (কেহ-ই…সংক্ষেপে কেউ)। কেহ কেহ…ব্যক্তি-বিশেষ। কেহ-না-কেহ…অনিশ্চিত ব্যক্তি-বিশেষ। যে-কেহ…প্রত্যেক মানুষ। কেহ শব্দ বিভক্তি যুক্ত হইলে কাহা হয়। যথা, কাহা-কে, কাহা-র, কাহা-রা।

কৈ…ব্য. (কই দেখ)। প্রশ্নে কোথায়; উত্তর প্রার্থনায়, মীমাংসায়; প্রঃ—কৈ সে অযোধ্যা! বৃষ্টি হইল কৈ?

কৈছে…ব্য. (কৈসে, হি° ক্যায়সে, কৈসে)। কি প্রকারে (প্রাচীন পদে)।

কৈফিয়ৎ…ষ্য. (আ°)। বিবরণ, মন্তব্য, জবাব। কৈফিয়ৎ তলব করা…জবাব চাওয়া। কৈফিয়ৎ কাটা…জমা খরচ হিসাবে মজুদ দেখানা।

কৈসর…ষ্য. (আ°। ই° cæsar)। সম্রাট। কৈসর-ই-হিন্দ…হিন্দুস্থানের সম্রাট।

কো (গ্রা°)…ষ্য. কূপ; ফলের কোষ।

কোং…ষ্য. (ই° কোম্পানী শব্দের সংক্ষেপে Co)। কোম্পানী, দল, সমবায়।

কোক…ষ্য. (স°)। বন্য কুকুর; নেকড়া বাঘ প্রঃ—যমুনার জলে কিয়ে ডুবল কোক (জ্ঞানদাস)। ঘোঘ দেখ।

কোঁকড়া…ধাতু. (স° কুঞ্চিত)। কোঁকড়াই—কুঞ্চিত করি। কোঁকড়ানা॥ কোঁকড়া…ণ. (স° কুঞ্চিত)। কুঞ্চিত, প্রঃ—কোঃ চুল।

কোকব…ষ্য. রাগ-রাগিণী দেখ।

কোকম…ষ্য. (হি°)। কোঙ্কন প্রদেশের ম্যাঙ্গোষ্টিন-সদৃশ বৃক্ষ-বিশেষের (Garcinia Indica) বীজের ঘি। এই ঘি দেখিতে ঘৃতের মতন বলিয়া ঘৃতে মিশাল দেওয়া হইয়া থাকে।

কোকিল…ষ্য. (স°)। প্রসিদ্ধ পক্ষী। (Koel. Eudynamys honorata)। স্ত্রী° কোকিলা। তিলিয়া, তিল্যে কোকিল…কোকিলার গায়ে শাদা তিলচিহ্ন থাকে বলিয়া নাম।

কোকেন…ষ্য. (ই° cocaine)। শাদা মাদক দ্রব্য-বিশেষ। শস্ত্র-চিকিৎসার নিমিত্ত ডাক্তারে কোকেন প্রয়োগ করিয়া দেহের আবশ্যক অংশ অসাড় করিয়া ফেলেন। এই দ্রব্য বৃক্ষবিশেষের (Erythroxylon coca) পাকা পাতা হইতে নিষ্কাশিত হয়। সে বৃক্ষের আদিবাস দক্ষিণ আমেরিকা। সিংহল দ্বীপে এবং মাদ্রাজের নীলগিরি ও আসামের স্থানে স্থানে এই বৃক্ষ রোপিত ও পালিত হইতেছে।

কোথ, কোঁথ…ষ্য. (স° কুক্ষি)। উদর, প্রঃ—দশ মাস দিন ধরেছিনু কোঁথে (মাঃ)। (অন্য রূপ, কুক।)

কোঙর, কোঙার…ষ্য. (স° কুমার। ও° কোঙার, হি° কুঁবর)। রাজপুত্র; স্ত্রী° কুঙরী, কুঙারী। হিন্দুর উপাধিবিশেষ।

কোঙ্গা…ণ. (স° কম্বুক হইতে? হি° ঘোঙ্গা বা° গুগলী)। আঁত শুখাইয়া পেট খোলা। এই হেতু দেহ সম্মুখে নত।

কোচ, কোঁচ…ষ্য. কুচবিহারের লোক; স্ত্রী° কোচনী, কুচনী, কোঁচনী।

কোঁচ…ষ্য (স° ক্রৌঞ্চ)। বক দেখ।

কোঁচ, গ্রা° কোঁচা…ষ্য. (স° কুন্ত—প্রাস-অস্ত্র)। শরের আকারের খোঁচ অস্ত্র; নিক্ষেপ করিবার খোঁচ; মাছ মারিবার খোঁচা।

কোঁচ্‌কা…ষ্য. (সং কুঞ্চীকৃত হইতে। কুঁচক দেখ)। মোড়, ভঙ্গ। ধাতু. কোঁচকাই—কুঞ্চীকৃত করি, প্রঃ—কাপড় কোঁচ-কাইবে না। কোঁচকানা॥

কোঁচড় ··ষ্য. (কোঁচা+ড়—সম্বন্ধীয় অর্থে)। পরিহিত ধুতির সম্মুখভাগের থলী, প্রঃ—কোঁচড়ে মুড়ি লওয়া। কোঁচড়িয়া, কোঁচড়্যে…ণ. (কোঁচড়+ইয়া)। দেহের যে অংশের নিকট কোঁচড় করা হয়, সেই অংশ সম্বন্ধীয়, প্রঃ—কোঁচড়িয়া দাঁদ—উরুর উপরিভাগে দদ্রু।

কোচড়া ··ষ্য. (সং কুচর)। উচ্ছিষ্ট, অকর্মণ্য কুৎসিৎ দ্রব্য। (নানা স্থানে নানা অর্থে এই শব্দের প্রয়োগ আছে। হুগলী শহরের নিকট কোচড়া—মউলের বীজ)।

কোঁচা…ষ্য. (কুঁচা ধাতু)। পরিহিত ধুতির সমুখের কুঞ্চীকৃত অংশ। প্রঃ—ছিঁড়া জোড়ে কোঁচা লম্ব (কবিকঃ)। প্রবাদে, বাহিরে কোঁচার পত্তন ঘরে ছুঁচার কীর্তন—বাহিরে লোকের কাছে লম্বা কোঁচা—বাবুগীরি, কিন্তু ঘরে ছুঁচার কিচ্‌কিচি—অব্যবস্থা-বশতঃ অনাটন।

কোচোয়ান ··ষ্য. (ইং Coachman। কিংবা ইং কোচ+ফাং বান্)। গাড়োয়ান।

কোট ··ষ্য. (সং কোট্ট)। দুর্গ। গৃহ, আয়ত্তি, প্রঃ—কোটে পাওয়া। (কটি, কইট দেখ)।

কোর্ট, কোর্ট ··ষ্য. (ইং court)। বিচারালয়। হাইকোর্ট…সর্বোচ্চ বিচারালয়। কোর্ট ফি …ষ্য. (ইং court fee)। বিচার প্রার্থনার শুল্ক বা মূল্য।

কোট·· ষ্য. (ইং coat)। বুক-কাটা জামা বিশেষ, কোর্তা। চায়না কোট…চীনা লোকদের কোটের মতন ঝোলা কোট। পার্সী কোট ··পার্সী সম্প্রদায়ে প্রচলিত লম্বা টানা কোট।

কোটনা…ষ্য. (সং কুট্টনী—স্ত্রীং ; ইহার বাং পুং)। কুমন্ত্রী। স্ত্রীং কুটনী। কোটনা-পনা ·· কোটনার কাজ। কুটনীপনি ··কুটনীর কাজ। কোটনাগীরি, কুটনীগীরি ··(গীরি দেখ)।

কোটর ··ষ্য. (সং)। বৃক্ষ-গহ্বর। অট্টালিকার ছাদের নিকটের গর্ত। কোটরিয়া, কোটর্য়ে …ণ. (কোটর+ইয়া)। কোটর-সম্বন্ধীয়, কোটরে স্থিত, প্রঃ—কোটরিয়া পেঁচা (পেঁচা দেখ); কোটরিয়া বুদ্ধি…যে বুদ্ধি গহ্বরে লুকায়িত থাকে, কুটিল বুদ্ধি (তুং ভিতর-বুধিয়া)। কোটরিয়া লেখা…ক্ষুদ্র, কুটিল অক্ষরে লেখা।

কোটরী…হাঁড়ি-চাঁচা পাখীর রব হইতে সে পাখীর নাম।

কোটা…ধাতু. (কুট ধাতু আস্তে)। কোটাই —কুট্টিত করাই। কোটানা॥

কোটা·· ষ্য. (সং কোট্ট)। অট্টালিকা, কোঠা।

কোটাল ··ষ্য. (সং কোট্টপাল। ফাং কোট-বাল)। নগর-রক্ষক। স্ত্রীং কোটালনী। কোটালি ··কোটালের কাজ। কোটালিয়া …অবস্থায়, কোটাল (ভাঃ)।

কোটি, কোট ··ষ্য. (সং কোটি)। অস্ত্রাদির কোণ ; ধনুর অগ্র ; শত লক্ষ সঙ্খ্যা। ধনুর অগ্র হইতে বিচারে দুই পক্ষের এক পক্ষ, প্রঃ—কোটি করা, কোটি ধরা—না হইলে না পাইলে চলিবে না প্রতিজ্ঞা করা। পূর্ব পক্ষ ও অপর পক্ষ—ন্যায়ের দুই কোটি।

কোঠরী, কুঠরী ··ষ্য. (সং কোষ্ঠ+বাং রী+

ষ্ট)। ছোট কোষ্ঠ। (চৈঃ চঃ কোঠরী; হিং কোঠরী)।

কোঠা···ষ্য. (সং কোষ্ঠ)। পাকা ঘর, অট্টালিকা। কোঠা বাড়ী···পাকা বাড়ী। মাটির কাঁথ দিয়াও কাঁচা কোঠা হয়. তখন মাটি—মাট কোঠা। কোঠী ··ছোট পাকা বাড়ী। কুঠী দেখ।

কোঁড় ··ষ্য. (সং কোরক)। শাখার অগ্র। কুঁড়ী দেখ।

কোঁড়···ষ্য. (সং করীর)। বাঁশের অঙ্কুর। (ওং করড়ি)।

কোড়ল ··ষ্য. (সং কুরর হইতে?)। প্রসহ বর্গের পক্ষী-বিশেষ (Fishing eagle. Haliactus leucoryphus)। দিবাচর, জলের ধারে বসিয়া সাপ বেঙ্গা মাছ খায়। চঞ্চু স্থূল, অগ্রভাগে বক্র; পক্ষ দীর্ঘ; পুচ্ছ ঈষৎ গোল, উপরে শাদা। গায়ের রঙ্গা কাল-খয়রা বলা যাইতে পারে। দৈর্ঘ্যে ১।০ হাত।

কৌঁড়ল ··ষ্য. (সং কুণ্ডল)। কুণ্ডল, প্রঃ—সাপ কোঁড়ল পাকাইয়া আছে।

কোড়া ··ষ্য. (কড়া দেখ)। রজ্জু, কশা।

কোড়া ··ষ্য. (সং কুড্মল?)। স্বর্ণ অলঙ্কারের পৃথক পৃথক খণ্ড, যেমন তাবিজের।

কোড়া ··ধাতু. (কুড় ধাতু আস্তে)। কোড়াই—খনিত করাই। কোড়ানা॥

কোড়া···ষ্য. (সং কুড়ব? প্রবোধচন্দ্রিকা দেখ)। পুষ্করিণ্যাদি-খনক অসভ্য জাতি বিশেষ।

কোণ···ষ্য. (সং)। গৃহাদির বিদিক, দুই ভিত্তির বা রেখার মধ্যের স্থান (angle)। কোণা ··ণ. (কোণ+আ)। কোণ-বিশিষ্ট। তে-কোণা ··ত্রিকোণ। চৌকোণা,চারিকোণা ···চতুষ্কোণ। কোণা-কোণি ··এ কোণ হইতে অন্য সন্মুখবর্ত্তী কোণ। কোণ ঠাসা করা··· (আধুনিক, ইংরেজীর অনুবাদ)। ঘরের দুই কোণের মধ্যে পোরা, সুতরাং বাহির হইবার উপায় না রাখা। কোণা-মোড় ·· রাঢ়ের পালকী-বাহক কাহার ভাষায়, ঘরের চালের কোণ। (মোড় দেখ)

কোণা ··ষ্য. কোনা দেখ।

কোঁত···ষ্য. (সং কুন্থ ধাতু সংক্লেশনে)। কুন্থন, মলদ্বারাদি দিয়া বহিঃ-প্রেরণ-চেষ্টা। কোঁত পাড়া ··কুন্থন করা ব্যথায়। কোঁত দেওয়া···ব্যথা দূর করিবার নিমিত্ত কুন্থন। কোঁত পাড়িয়া জল খাওয়া পেটে ঢুকিতেছে না, তবু জলপান।

কোঁত্-কোঁত ··ষ্য. (কোঁত দেখ)। ব্যথায় কোঁত্-কোঁত • ধ্বনি, প্রঃ—কোঁত্-কোঁত করিয়া মারি খায়, কোঁত্-কোঁত করিয়া ভাত গেলা।

কোঁতকা·· ষ্য. (তুর্কী কুতকা—মোটা ছোট লাঠী। তুং সং কুট্টক। বাং কোঁত করায় যাতে)। স্থূল লগুড়।···ধাতু. কোঁতকাই —কোঁতকা দ্বারা প্রহার করি, প্রহার দ্বারা কোঁত করাই। কোঁতকানা॥

কোঁতা, কোঁথা ··ধাতু. (কোঁত হইতে)। কোঁতাই—কুন্থন করি। কোঁতানা, কোঁতানি॥

কোতরা···ণ. (সং কুৎসিৎতর? তুং কোচড়া, সং কুচর; ওং কোতরা,)। কাল্ গুড়।

কোতোয়াল···কোটোয়াল, কোটাল দেখ। কোতোয়ালি···কোতোয়ালের কর্ম। কোতোয়ালী···কোতোয়ালের স্থান। কোতোয়ালের যোগ্য।

কোত্তা, কুত্তা···ষ্য. কুত্তা দেখ। (সং কুকুর-পুত্র ?)। কোত্তা ··পুং কুকুর, কুত্তী···স্ত্রীং কুকুর।

কোথা, কোথায়···ব্য. (সং কুত্র। শূং পুং কথি; চৈঃ চঃ কতি। বাঁকুড়ায় কুথা। ঢাকায় কনে, বিক্রমপুরে কোন্‌ঠে, ফরিদপুরে কোন্‌ঠাই, চাটিগাঁয়ে 'কন্‌তে—কোনস্থানে হইতে। ওং কৌঠি, কো-আড়ে, কঁড়ে; হিং কহাঁ, কিধর; মং কোঠে)। কুত্র, কোন্‌ স্থানে। (কোথা শব্দে অধিকরণের য় যোগে কোথায়। এই য় অনাবশ্যক)। কোথা বা, কাথায় বা ··বিতর্কে, প্রঃ—কোথা বা সে কর্ণদাতা কোথা বলিরাজা (মাঃ)। কোথা-কার ··(কার দেখ)। কুত্রভব, কোন্‌ স্থানের। (২) কোন্‌স্থান, প্রঃ—কোথাকারে গেল মোর কৃষ্ণ বলরাম (গুরু-দক্ষিণা)।

কোঁদা···ধাতু. (কুঁদ ধাতু অস্ত্যে)। কোঁদাই —ভ্রমিযন্ত্রে গোল করাই। কোঁদানা॥

কোদাল···ষ্য (সং কুদাল,কুদ্দাল। ওং কোড়ি)। মাটি কাটিবার নখাকার শস্ত্র। কোদালের পাখি···(সংপাক্ষি—গোড়ালি)। কোদালের মাথা বা গোড়া (কৃত্তিবাসে আদ্যৈ, পাশী)। বাঁট···ষ্য. (সং বৃন্ত, সং-প্রাং বোণ্ট)। কোদাল ধরিবার দণ্ড বা বংশখণ্ড। কোদালিয়া, কোদাল্যে· কোদাল দিয়া মাটি কাটিতে যে পটু। কোদালা ··ধাতু কোদালাই,কোদলাই—কোদাল দ্বারা প্রহার করি, মাটি কাটি। কোদলানা॥ কোদাল্যে-কুড়াল্যে মেঘ ··মেঘ দেখ। কোদালী··· ষ্য. ছোট কোদাল।

কোদালিয়া···ষ্য. (কোদাল+ইয়া; ওং কুঢ়া-ল্লিআ—কুঠারিয়া)। শিম্বাদি বর্গের বন্য লতানিয়া ক্ষুদ্র শাকবিশেষ (Desmodium triflorum)। পাতায় তিনটি পর্ণ। ফুল ছোট, নীলবর্ণ।

কোঁদল ··ষ্য. (সং কন্দল)। কন্দল। কোঁদালিয়া, কোঁদল্যে···কলহপ্রিয়, কলহকারী।

কোদো ··ষ্য. (সং কোদ্রোব। ওং কদুঅ; হিং কোদকা)। ধান্যাদিবর্গের বর্ষায়ু বন্য তৃণ-বিশেষ (Paspalum scrobiculatum)। ধানক্ষেতে জন্মে। পাতা মৎস্যাকার বিষাক্ত। ১৷৷০ হাত পর্যন্ত উচা হয়। বিহারে নিকৃষ্ট জমিতে চাষ হয়।

কোধ (গ্রাং)···ষ্য. (সং ক্রোধ)। ক্রোধ। প্রঃ—লোহ মোহ কাম কোধ দুরত তে-আগিআ (শূং পুং)। (লোভ—লোহ)

কোন ··ণ. (সং কিম্‌। হিং কৌন, কিন। প্রাচীন বাং কুন, কোন)। প্রশ্নে, অনির্দিষ্ট দ্রব্যজ্ঞাপনে, প্রঃ—কোন খানা, কোন খানে —কোথায়, কোন মানুষ? কোন্‌···ণ. (সং কিমপি, কোঽপি; কস্মিংশ্চিৎ। ওং কৌণসি। হিং কোই)। অনির্দিষ্ট (দ্রব্য, মানুষ ইত্যাদি), প্রঃ—কোন্‌ বনে, কোন্‌-মানুষ। (কোনও, কোনো—গ্রাং; কারণ কোন্‌ অকারান্ত হইলে কোনও, কোনো শব্দের অর্থ প্রকাশ করে)।

কোনা ··ষ্য, (সং কুঞ্চিকা; বাং কুনিকা)। ···বেত কিংবা বাঁশের মাপ-পাত্র। কুনিকা ···ছোট কোনা।

কোনা···ষ্য. (সং কোণ হইতে)। চাল ধরিয়া রাখিবার নিমিত্ত মাটির ঘরের কোণে পোতা কাঠ।

কোনাচ ··ষ্য, (সং কোণ হইতে। চালের কোণের কাঠ বা বাঁশ।

কোন্সুলি···ষ্য. (ই॰ counsel)। হাই-কোর্টের উকিল (আদা:)।

কোপ ··ষ্য. (স॰ কোপ—ক্রোধ। স॰ কূপ—গর্ত্ত ?)। ক্রোধ ; অস্ত্র চালনার উদ্যম, প্রঃ—এক কোপে কাটা (তু॰ চোট)। কোপা ··ধাতু. কোপাই—অস্ত্র চালনার দ্বারা কাটিতে উদ্যম করি। কোপানা॥ মাটি কোপানা—অস্ত্র দ্বারা মাটিতে আঘাত করা, মাটি কাটা। (কুপা ধাতু দেখ)।

কোপনী ··ষ্য. (স॰ কৌপীন)। গুহ্যদেশ আরবণের সরু বস্ত্রখণ্ড, ছেঁড়া নেকড়া। কোপনী-পোঁদা···এত দরিদ্র যে কৌপীন ব্যতীত পরিধানের বস্ত্র নাই। আপনি ও কোপনী···নিজে ও নিজের পত্নী (অশিষ্ট)।

কোঁপল···ষ্য. (স॰ কোমল। হি॰ কোঁপল—নূতন পাতা)। নারিকেলফলের নবাঙ্কুর (ফোঁপল দেখ)

কোপা···কোবা দেখ।

কোপি···ষ্য. (পর্ত্তু॰ couve হইতে। ই॰ cabbage)। শীতকালের বিদেশীয় শাক বিশেষ। সর্ষপাদি বর্গের শাক (Brassica oleracea)। ইহার নানা জাত আছে। যথা, (১) ফুল কোপি ··ফুল চূড়ার মতন হয় (cauliflower)। (২) বাঁধা বা তাল কোপি···পাতা গুটাইয়া তালের মতন হয়। পাতা পরস্পর বদ্ধ বলিয়া এক নাম বাঁধা কোপি (cabbage) (৩) ওল কোপি ···মূল ওলের মতন স্ফীত হয় (knol kohl)।

কোপ্তা···ষ্য. (ফা॰ কোফতে)। পিষ্ট মাংসের ব্যঞ্জন-বিশেষ।

কোবা···ষ্য. (আ॰—মুগুর। তু॰ স॰ কুব্জ। স॰ নাম কোণি)। ছাদ পিটিবার কাঠের পিটনা।

কোমর ··ষ্য. (ফা॰ কমর)। কটি। কোমর-বন্দ ··ষ্য. (ফা॰)। কটিবন্ধ। কোমর পাটা ···ষ্য. (পাটা—স॰ পট্ট)। রৌপ্য-আদি নির্মিত কটিপট্ট। কোমর বাঁধা···কটিবস্ত্র বাঁধিয়া উৎসাহে কাজ করা। কোমরী··· ষ্য. (ফা॰ কমরী)। অশ্বাদির কটিদেশের দুর্বলতা।

কোম্‌তার (গ্রা॰) ··ষ্য. (স॰ কুকুন্দর ? স॰ কাম হইতে ?)। রাঢ়ের পালকী-বাহক কাহার-দের ভাষায়, গর্ত্ত।

কোম্পানী···ষ্য. (ই॰)। ইংরেজ রাজত্ব, প্রঃ—কোম্পানীর আমল। কোম্পানীর কাগজ ···ইংরেজ রাজার কর্জ্জা পত্র। (এ দেশে প্রথমে ঈষ্ট-ইণ্ডিয়া-কোম্পানী নামে এক দল ইংরেজ বণিক আসিয়া ইংরেজ রাজত্ব স্থাপন করিয়াছিলেন। এখন ইংরেজ রাজা রাজত্ব করিলেও সেই পুরাতন নাম চলিত আছে)। (২) বণিক বা ব্যবসায়ী সম্প্রদায়, প্রঃ—ঘোষ কোম্পানী—ঘোষ লইয়া যে দল হইয়াছে। বিশেষ উদ্দেশে দল বা সম্প্রদায় ; সৈন্যদল। সংক্ষেপে কোং। এণ্ড কো···(ই॰ and co)। এবং অন্যে।

কোম্পাস ··ষ্য. (ই॰ compasses, compass)। (১) কর্কট-যন্ত্র (স॰)। (২) চুম্বক দিগ্‌দর্শন যন্ত্র, জরিপ করিবার যন্ত্র (theodolite)। (৩) এক ঘোড়া গাড়ীর ঈষ।

কোয়লা···ষ্য. (স॰ কোকিল। হি॰ কোয়ল (উ॰ কোইল), ও॰ কোইলী)। কোকিল (পদ্যে)।

কোয়া···ষ্য. (স॰ কোষ)। রেশমের তসরের

গুটী; নেবু কাঁঠাল প্রভৃতি ফলের কোষ। মইর তির্য্যক বংশ-শলা। (শূং পুং তে কুআ)। কুয়া দেখ। কোয়া জ্বর···ষ্য. (সং কোষ-জ্বর)। অণ্ডকোষ-বৃদ্ধি হেতু জ্বর; গোদ হেতু জ্বর, প্রঃ—সদা কোয়া-জ্বরের ঔষধি পাব কথি (কবিকঃ)। (অধুনা এই অর্থ চলিত আছে কি?)

কোর···ষ্য. (সং অমর টীকায়। বোধ হয় কোরক কিংবা কোল হইতে। ওং কোরড়)। বক্র, প্রঃ—জমির আলি কোর করিয়া কাটা —গোল বা ধনুর আকারে; মাথার চুল সমুখে কোর করা।

কোর···ষ্য. (সং কোল)। কোল (প্রাচীন পদ্যে)।

কোর···ষ্য. (সং কোলম্ বদরীফল?)। মাড়, কলপ, প্রঃ—কোর দেওয়া কাপড়।

কোর-কাপ···ষ্য. (সং ক্রূরতা ও কাপট্য—সহচর শব্দ)। ক্রূরতা ও কাপট্য, কোর-কার।

কোরা···ণ. (কোর দেখ। কোর+আ—বিশিষ্ট; কিংবা সং কোরক—চোর নামক গন্ধদ্রব্য। পূর্ব্বকালে নূতন বস্ত্র সুবাসিত করিয়া পরিবার রীতি ছিল (বাসী-করা দেখ, অম্বরী দেখ)। ওং হিং মং কোরা—নূতন, মং কোরট—কাঁচা রেশম)। কোর-যুক্ত; হাতে বোনা (নববস্ত্র)। আ-ধোওয়া, অব্যবহৃত।

কোরা···ষ্য. (সং কোরিত—চূর্ণীকৃত, ঘৃষ্ট)। নারিকেলের কোরা শাঁস; শর্করা যোগে নারিকেল কোরার সন্দেশ। রস-কোরা, কোরা···এইরূপ সন্দেশ (মিষ্টান্ন)।

কোরা···ধাতু. (কুর ধাতু আস্তে)। কোরাই—কুরনী দ্বারা চাঁচাই। কোরানা॥

কোরান···ষ্য. (আং কুরান)। মুসলমানের ধর্ম্মগ্রন্থ।

কোরেস্তা·ষ্য. (পর্তুং quaranta=forty)। প্রমারা খেলার শব্দ বিশেষ।

কোরোক, ক্রোক···ষ্য. (আং কুর্ক)। আটক (আদাঃ)। কোরকী···ণ. (কোরোক+ঈ)। কোরোক-সম্বন্ধীয়, প্রঃ—কোরোকী মাল। কোরোকী আমীন···যে কর্ম্মচারী সম্পত্তি আটক করিতে নিযুক্ত।

কোর্ত্তা···ষ্য. (ফাং কুর্ত্তা)। পা-জামার উপরে পরিবার জামা। কুর্ত্তী···ছোট

কোর্ফা···ষ্য. (প্রজা দেখ। ওং কোড়-পাহি—সং ক্রোড়+পাহি—পাই দেখ)। একপ্রজার অধীনস্থ প্রজা (জমিদারী ভাষা)।

কোর্বানি—ষ্য. (আং)। মুসলমান স্মৃতিশাস্ত্র-অনুসারে পশু-বলি। কোর্বানি করা··· পশুবলি দেওয়া।

কোর্মা...ষ্য. (তুর্কী)। বিনা হলুদে ব্যঞ্জন।

কোল···ষ্য. (সং)। ক্রোড়। কোল দেওয়া — কোলাকুলি করা। কোলে কাঁখে ··(সহচর শব্দ)। কোলে, প্রঃ—কোলে কাখে করি তারে করিবা পালন (কবিকঃ)। কোলে কাছে ···নিকটে, কোলের কাছে, প্রঃ—কোলে কাছে থাকিতে সদাই হয় হারা (কবিকঃ)। কোলের ছেলে ··যে শিশু এখনও মাতৃক্রোড় ছাড়ে নাই; শেষ সন্তান। কোল-জোড়া হইয়া (করিয়া) থাকা—চিরজীবী হওয়া, প্রঃ —জীয়ে থাকুক জননীর কোল-জোড়া হয়ে (মাঃ)। কোলে মরা—স্বামী বর্ত্তমানে স্ত্রীর মৃত্যু। কোলা-কোলি, কোলা-কুলি···দুই-জনে পরস্পর আলিঙ্গন। কোলে···কোলের সম্মুখে, পথের সম্মুখে। প্রবাদে, সেয়ানে

সেয়ানে কোলাকুলি ··শঠের সহিত শঠের মিলন। কোল আঁধার ··সম্মুখ অন্ধকার।

কোল ··ষ্য. (সং কোল ; কুরর ? প্রবোধ-চন্দ্রিকা দেখ)। অসভ্য পার্বত্য জাতি-বিশেষ।

কোল-রবি ··ষ্য. (ইং knol-khol)। শাল-গমের মতন কোপি। কোপি দেখ।

কোলা···ণ. (ঘোলা, গোলা হইতে)। ঘোলা, প্রঃ—কোলা বেং (বেং দেখ), কোলা-ঘাট—ঘোলাজলের ঘাট (গোলা-হাট ?)।

কোলে ··কলিয়া দেখ।

কোশ (গ্রাং)···ষ্য. (সং ক্রোশ)। ৮০০০ হাত দীর্ঘ (তিন কোশে প্রায় সাত মাইল) কথায়, একা নদী বিশ কোশ ··বিশ ক্রোশ হাঁটিয়া যাইতে যত সময় লাগে, এক ভরা নদী পার হইতে তত সময় লাগিতে পারে।

কোশা···ষ্য. (সং কোশক, কোশ। ওং পাত্রী)। তাম্রময় কোশ। কোশী···ষ্য. (সং)। ছোট কোশা (ওং কুশ-পাত্রী)। কোশা-কোশী, কোশা-কুশী ··কোশা ও কোশী। কোশা ··ছোট ডিঙ্গী, প্রঃ—কোশা চড়ি বেড়াবে উজান আর ভাটি (ভাঃ), (অপ্রচঃ)। (তুং ফাং কোষ্‌তি)।

কোশাম, কুসুম (গ্রাং)···ষ্য. (সং কোশাম্র —শব্দকল্পঃ। হিং গোসম, গৌসম ; ওং কুসুম)। অরিষ্টাদি বর্গের আরণ্য তরু-বিশেষ (Schleicheria trijuga)। মধ্য ভারতের অরণ্যে আছে। শীতকালে পাতা ঝড়ে ; বসন্তকালে পাতা ও ফুল এক সময়ে হয়। ফুল পীতবর্ণ। কাঠ রক্ত-খদির বর্ণ, দৃঢ়। বীজ হইতে খাদ্যোপযোগী তৈল হয়। (কাঠ দৃঢ় বলিয়া সং নাম ঘনস্কন্ধ ; গাছে লাক্ষাকীট জন্মে বলিয়া সং নাম লাক্ষাবৃক্ষ ; দুই একটা আম্র যেন এক কোশে (ফলে) ধরে—এইহেতু কোশাম্র)।

কোষ ··(সং)। খড়্গাদির খাপ ; ধনাগার ; পোকার গুটী (cocoon) ; নেবু কাঁঠালাদির এক এক খণ্ড ; ধনরাশি ; অণ্ডকোষ ; শব্দ-সংগ্রহ। জীবদেহের (প্রায়ই আণুবীক্ষণিক) সূক্ষ্ম জীবিত অংশ (walled cell)। কোষা-ধ্যক্ষ···ধনরক্ষক (treasurer)। কোষবৃদ্ধি ···ষ্য. (সং)। অণ্ডকোষের স্ফীতি (hydrc-cele)।

কোষী, কুষী ··ষ্য. (সং কোষী)। ফলের কুঁড়ী, প্রঃ—আমের কোষী ধরিয়াছে—ক্ষুদ্র আম। কোশী দেখ।

কোষ্টা ··ষ্য. (নদীয়ায় নাম)। পাট (দেখ)।

কোষ্ঠ ··ষ্য. (সং)। গৃহমধ্য, উদরমধ্য, শস্যা-গার (ধানের গুটী, কুঠী দেখ)। কোষ্ঠবদ্ধ ···উদর হইতে মলের নিঃসরণ বদ্ধ। কোষ্ঠ-বদ্ধতা ·মল-নিঃসরণের অভাব (consti-pation)। কোষ্ঠ-শুদ্ধি···কোষ্ঠবদ্ধতার অভাব। কোষ্ঠী···জন্মকোষ্ঠী, জন্ম-পত্রিকা (তাহাতে মেষবৃষাদি দ্বাদশ রাশির গৃহ থাকে বলিয়া)। কোষ্ঠী দেখা—জন্ম-কোষ্ঠীর ফলা-ফল-নির্ণয়।

কোহল ষ্য. (সং—যব হইতে জাত মদ্য। আং কোহিল—চোখের সূর্মা। সংতে সূর্মা অর্থ নহে)। সুরাসার (alcohol)। সং হইতে আর্বী এবং তাহা হইতে ইংরেজী)। তুং হিং কলাল—সুরা-সন্ধানী, সুরা-বিক্রয়ী।

কৌটা ··ষ্য. (সং কট—আবরক, অঃ—টীকায়, সং কট ধাতু আবরণে। এই শব্দ কিংবা

অনুরূপ শব্দ অন্য তিন ভাষায় নাই। চৈতন্য-মঙ্গলে, কটুয়া। প্রাচীন শব্দ সম্পুট—সাঁপুড়া, কবিকঃ দেখ। কট, কটুয়া বলিতে বলিতে কটো (দেখ), বিকারে কৌটা। তু° কড়ি—কৌড়ি, কোটি—ক্রোড় (টীকা)। সাঁপুড়া, আবরকসহ আধার, প্রঃ—সিঁদুর কৌটা, টীনের কৌটা।

কৌড়ি··ষ্য. (স° কপর্দক। হি° কৌড়ী) কড়ি, প্রঃ—অষ্ট কৌড়ির খাজা সন্দেশ কর সমর্পণ (চৈঃ চঃ)।

কৌশল···ষ্য. (স°—নৈপুণ্য)। নৈপুণ্য, প্রঃ—কলা-কৌশল; উপায়, প্রবন্ধ বা ফন্দি, শৈলি, প্রঃ—কৌশল করিয়া বুঝাও।

ক্যা বাৎ···ষ্য. (হি°)। কি বার্তা।···ব্য. আশ্চর্যে, উপহাসে।

ক্রমাগত···ব্য. (স°—ণ.)। অবিচ্ছেদে আগত, ব্যবহারে আগত। বা°-তে পুনঃ পুনঃ, সর্বদা।

ক্রমান্বয়ে···ষ্য. (স° ক্রমান্বয়ে হইতে)। ক্রম-সম্বন্ধে, পরে পরে।

ক্রান্তি ··ষ্য. (স°)। কড়ার চতুর্থাংশ, (কড়া দেখ)। (২) আকাশে বিষুব-বৃত্ত হইতে উত্তর দক্ষিণে অন্তর (declination)।

ক্রিমি···কৃমি দেখ।

ক্রিমিদানা···কৃমিদানা দেখ।

ক্রিয়া ··ষ্য. (স°)। কর্ম, শ্রাদ্ধাদি কর্ম, পুণ্য অনুষ্ঠান। ব্যাকরণে ধাতুপদ। ক্রিয়া কর্ম··· (সহচর শব্দ)। ক্রিয়া। ক্রিয়া-কলাপ···ষ্য. (স°। কলাপ-সমূহ)। ক্রিয়া-সমূহ। ক্রিয়া-কাণ্ড···ষ্য. (স° কাণ্ড—সমূহ)। ক্রিয়া-কলাপ।

ক্রোটন···ষ্য. (ই° croton)। স্নুহি-আদি বর্গের বৃক্ষ জাতি (species of croton)। আধুনিক বাগানে বহু প্রকার দেখা যায়। অধিকাংশ মলক্কা দ্বীপ হইতে আনীত। ডাল পুতিলেই গাছ হয়। গোড়ায় জল জমিলে মরিয়া যায়, নতুবা সহজে মরে না।

ক্রোড়, ক্রোর···ষ্য. (স° কোটি)। কোটি সঙ্খ্যা। ক্রোড়পতি, ক্রোরপতি··কোটি মুদ্রার স্বামী, বহু-ধনবান।

ক্ষ ··ধাতু. (স° ক্ষি ধাতু হইতে)। ক্ষই—ক্ষীণ হই, ক্ষয় পাই। প্রঃ—পাথর ক্ষইয়া গিয়াছে॥ ক্ষওয়া॥

ক্ষয়া ··ধাতু. (ক্ষ ধাতু অন্তে)। ক্ষয়াই—ক্ষীণ করাই; নষ্ট করাই॥ ক্ষআনা॥ (অপভ্রংশে খোয়ানা)।

ক্ষণ···ষ্য. (স°—)। অত্যল্প সময় (এই অর্থে ভুলে বা°তে মুহূর্ত শব্দ চলে); জ্যোতিষে দশ পল সময় (৪ মিনিট); অবসর; নির্ব্যাপার স্থিতি; উৎসব (ক্ষণ—উৎসবে, সময়ে—প্রাচীন বা° ছন)। (বা°তে এই সব অর্থ চলিত আছে।) ক্ষণেক···ব্য. একক্ষণ (এক দেখ)। একটু সময়। ক্ষণমাত্র ···একটু সময়ও। এক্ষণে···ব্য.। ইদানীং। এক্ষণকার · ণ. এই সময়ের। ক্ষণ-জন্মা··· শুভক্ষণে জন্ম হইয়াছে যাহার, কৃতী পুরুষ। ক্ষণিক ··ণ. (স°)। ক্ষণমাত্র-স্থায়ী। বড় ক্ষণে··অধিক সময়, সর্বদা; প্রঃ—এ গ্রামে আলু বড় ক্ষণে পাওয়া যায় না।

ক্ষত···ষ্য. (স°)। ঘা। ক্ষত-বিক্ষত · ণ. আহত হইয়া ক্ষতযুক্ত (সহচর শব্দ)। ক্ষতরা ···ণ. ক্ষত-মরা, ক্ষত-মৃত। ক্ষতি···ষ্য. (স°)। অপচয়। ক্ষতি-বৃদ্ধি ··ষ্য. (স°। প্রতিচর শব্দ)। ক্ষতি বা বৃদ্ধি। ক্ষতুয়া, ক্ষতো···

ণ. (সং ক্ষত+উয়া)। প্রায় ক্ষত, জীর্ণ-প্রায়। প্রঃ—ক্ষতুয়া কাঠ।

ক্ষত্রি···ষ্য. (সং ক্ষতৃ। ক্ষত্তা স্যাৎ সারথৌ দ্বাঃস্থে ক্ষত্রিয়ায়াং চ শূদ্রজে—অঃ)। হিন্দু জাতি-বিশেষ। স্ত্রীং ক্ষত্রিনী। ছত্রি দেখ।

ক্ষম ··ধাতু. (সং ক্ষম—সহনে)। ক্ষমি ·· দোষ সহি, দোষ মার্জনা করি। (পদ্যে)। ক্ষমা···ষ্য. (সং)। দোষ বর্জন। ক্ষমা করা—দোষ হেতু কোপ না করা। ক্ষমা দেওয়া—দয়া করা। ক্ষমা-ঘৃণা (দেওয়া) —ষ্য. (সং ক্ষমা, সং ঘৃণা—দয়া। সহচর শব্দ। দয়া অর্থে ঘৃণা বাংতে আর নাই)। দোষ-মার্জন, তিতিক্ষা।

ক্ষর ধাতু, থর দেখ।

ক্ষার···ষ্য. (সং। অমরে, ক্ষার ও কাচ এক ; ক্ষারে কাচের উৎপত্তি বলিয়া। উষর ভূমিতে ক্ষার মৃত্তিকার (হিং উষ) উৎপত্তি। লতা পত্রাদির ভস্ম—ক্ষার—মেদিনীতে। ক্ষরণ, ঝরণ দ্বারা উৎপত্তি বলিয়া ক্ষার)। লতাপাতা-ভস্ম ; সাজিমাটি প্রভৃতি দ্রব্য-বিশেষের (alkali) সামান্য নাম। এই দ্রব্য জলে মিশে, অম্লের অম্লত্ব নাশ করে, প্রাণী ও উদ্ভিজ্জ বস্তুর ক্ষয় করে। হরিদ্রায় ক্ষার লাগিলে হরিদ্রার বর্ণ 'চুণে-হলুদে' হয়। দেশীয় ক্ষার,—(১) যবক্ষার ··(সং)। মূল অর্থে যব-ভস্ম-জাত ক্ষার (যবক্ষারো যবাগ্রজঃ—অঃ)। এই ক্ষার লতাপাতা পোড়াইয়াও পাওয়া যায় (Potashes)। কিন্তু অনেক কাল হইতে সোরা ও যবক্ষার অভিন্ন বিবেচিত হইয়া আসিতেছে। (২) সর্জিক্ষার···(সং। সর্জিকায়া নদ্যাঃ ক্ষারঃ —অঃ-টীঃ ; মূলে সৃজ্ ধাতু হইতে বোধ হয় যে ক্ষার সর্জনা হয়)। বেরারে লোনার হ্রদের ক্ষারী জলে, বিহার ও পশ্চিমের ক্ষেতে সর্জিক্ষার-মৃত্তিকা—সাজিমাটি—জন্মে। মৃত্তিকার সাহিত সর্জিক্ষার (Soda), ক্ষারী নুন (Sulphate of soda), এবং লবণ এই ত্রিবিধ পদার্থ সাজিমাটিতে থাকে। যে ক্ষেতে সাজিমাটি জমে, তাহা অনুর্বরা হয়। উপরটা শাদা চক্চকা দেখায়। ইহা হইতে হিং রেহ্, নাম—সং রুচক—দীপ্তিশালী কিংবা তীব্র। ক্ষারানি ···ষ্য. (সং ক্ষার+পানি)। ক্ষার-জল। ক্ষারিয়া···ণ. (ক্ষার+ইয়া)। ক্ষারবৎ আস্বাদ বিশিষ্ট। ক্ষারী···ণ. (সং ক্ষার+বাংঈ)। ক্ষার-আস্বাদ-বিশিষ্ট। (সং ক্ষার—সহজে কাল, কালর শব্দে পরিবর্তিত হয়। তুং হিং কালর, কল্লর=উষর। এই কাল, কালি আর্বীতে গিয়া আল্-কালী, তাহা হইতে ইং al-kali)।

ক্ষিপ ··ধাতু. (সং)। ক্ষিপি—ক্ষেপণ করি। ক্ষেপা॥ (পদ্যে)। ক্ষেপ ধাতুও হয়। যথা, ক্ষেপিল বাণ (চণ্ডীঃ)।

ক্ষীর···ষ্য.(সং)। সংতে দুগ্ধ, জল, বৃক্ষাদির দুগ্ধবৎ নির্যাস। বাং-তে দুগ্ধ অর্থে ক্ষীর-শর-নবনীত—পদে ; বৃক্ষাদির দুগ্ধবৎ রসকে দুধ বলা হয়, ক্ষীরও বলা হয়। ক্ষীরী দেখ। হংস জল ত্যাগ করে ক্ষীর গ্রহণ করে—এখানে পদ্ম-ডাঁটার দুধ অর্থ। বাং-তে বিশেষার্থ, পাকে ঘনীভূত দুগ্ধ (condensed milk)। ক্ষীর-খণ্ড···দুধ ও মিষ্টান্ন (কবিকঃ)। ক্ষীর-পুলী··(পুলী দেখ)। ক্ষীর হইয়াছে পুর যে পিঠার। ক্ষীর-মোহন ··ক্ষীরের রসগোল্লা।

ক্ষীরণী…ষ্য. (হি°। স° ক্ষীরিন্+ঈ ; ও° ক্ষীরী)। বকুলাদি বর্গের তরু বিশেষ (Mimusops hexandra)। পাতা চক্‌চকা,বকুলের মতন। ফুল ছোট,আ-পাণ্ডুর। ফল আধ ইঞ্চি লম্বা, এক-বীজ। এই ফলে ক্ষীর—দুধ—থাকে। পাকা ফল মানুষে খায়। বর্ষাকালে পাকে। বঙ্গদেশে উদ্যানে দেখা যায়। কাঠ শক্ত (চৈঃ-অমৃতে ক্ষীরিলি)।

ক্ষীরসা…ষ্য. (স° ক্ষীর-শস্য)। দুধে পক্ব নারিকেলাদির শস্য, প্রঃ—চৈঃ চঃ। (ও°তে প্রসিদ্ধ)

ক্ষীরা…ষ্য. (স° ক্ষীরিকা)। শসা দেখ।

ক্ষীরাই, ক্ষীরী…ষ্য. (স° ক্ষীরাবী)। মুহি-আদি বর্গের বর্ষায়ু অকর্মণ্য শাক-বিশেষ। ঘাসের মধ্যে জন্মে। ডাঁটা পাতা ভাঙ্গিলে দুধ বাহিরায়। বড় ক্ষীরী…সোজা গাছ, পাতা খরলোমশ,পাতায় শিরা স্পষ্ট (Euphorbia pilulifera)। ছোট ক্ষীরী…লতানিয়া গাছ, পাতা ছোট, পাতায় শিরা দেখা যায় না (Euphorbia microphylla)। (কবিকঃ—ক্ষীরা)

ক্ষুদ…ষ্য. (স° ক্ষোদ)। চাউলের গুঁড়া, ছোট কণা।

ক্ষুদ…ধাতু. (স° ক্ষুদ)। ক্ষুদি—শস্ত্র দ্বারা উৎকীর্ণ করি। ক্ষোদা। (ক্ষুদ ধাতু দেখ)।

ক্ষুদিয়া, ক্ষুদি…ণ. (স° ক্ষুদ্র+বা° ইয়া)। ক্ষুদ্র। ক্ষুদিজাম…জাম দেখ।

ক্ষুদ্দ (প্রা°)…ণ. (স° ক্ষুদ্র)। ক্ষুদ্র।

ক্ষুর…ষ্য. (স°)। নাপিতের খুর-শস্ত্র ; অশ্ব-গবাদির পায়ের খুর ; খাটের পায়ের নিম্নভাগ। (খুর দেখ)

ক্ষেণে…ক্ষণ দেখ। (প্রা°, ও প্রাচীন পদ্যে)

ক্ষেত…ষ্য. (স° ক্ষেত্র)। শস্য উৎপাদন করিবার ভূমিখণ্ড। ক্ষেতড়া…ষ্য. (ক্ষেত +ড়া)। ক্ষেত-সম্বন্ধীয় কাজ। ক্ষেত-পাপড়া…ষ্য. (স° পর্পট)। আচ্ছুকাদি বর্গের বর্ষায়ু ক্ষুদ্র গাছ বিশেষ (Oldenlandia corymbosa, or biflora)। ছোট ঝাঁপড়া গাছ। (ও°তে ঘর-পুড়িয়া)। প্রায়ই ভিজা মাঠে, বর্ষাকালে প্রচুর জন্মে। ডাল ফিঙ্গার আকারে হয়। পাতা ছোট সরু। ফুলের বোঁটা লম্বা, সরু। এক সঙ্গে ২ হইতে ৪ ফুল ধরে।

ক্ষেপ…ষ্য. (স°)। নিক্ষেপ, প্রঃ—ধানের এক ক্ষেপ ফেলা ; প্রেরণ, প্রঃ—নৌকার ক্ষেপ ; যাপন, প্রঃ—কালক্ষেপ। ক্ষেপলা…জাল দেখ।

ক্ষেপা…ণ. (স° ক্ষিপ্ত)। ক্ষিপ্ত। (খেপা দেখ)

ক্ষেমঙ্করী…ষ্য. চিল দেখ। অন্য নাম শঙ্খ-চিল।

ক্ষেয়া…ষ্য. (স° ক্ষেপক)। ক্ষেপ, প্রেরণ, চালন, প্রঃ—নৌকা দ্বারা নদীর এ পার হইতে ওপারে গমন। (খেয়া দেখ)।

খ।

খ…ষ্য. (স°)। ব্যঞ্জন বর্ণ, ব্যঞ্জন অক্ষর-বিশেষ।

খং খং…খন্‌-খন দেখ।

খই…ষ্য. (স° খদিকা)। ধান ভাজিয়া তুষ ছাড়াইলে যে খাদ্য হয়। (খৈ বানান

অশুদ্ধ)। খই-মুড়ি···খই আর মুড়ি, প্রঃ—অঞ্চল ভরিয়া দিল খই আর মুড়ী (কবিকঃ)। খই-চিড়া···খই আর চিড়া। খই ফোটা ··উপমায়, ভাজিবার সময় খই যেমন চড়-বড় শব্দে ফুটিতে থাকে, তেমন দ্রুত শব্দ-বিন্যাস; খই-তুল্য ইতস্ততঃ বিক্ষিপ্ত হইয়া শাদা দেখানো (তুং ফুল ফোটা)। খই-চড়া···আ-ফোটা খই। ধান ভাল না ফুটিলে খই চড়া হয়। খই-চালা, খই-চালনা··খই-চালা চালনী। খই-চুর··গুড় (কিংবা চিনী) ও ঘিতে পাক করা খই-চূর্ণ মিষ্টান্ন। ন্যায়ে, উড়া খই গোবিন্দায় নমঃ—একটা খই উড়িয়া যাইতে দেখিয়া এক চতুর মনে করিল গোবিন্দ হরিকে নিবেদন করিয়া তাহার ধর্ম পালন করিবে। ইহাতে গোবিন্দ তৃপ্ত হইবে, খইও বৃথা নষ্ট হইবে না। এই ন্যায়ে, বিনা ক্লেশে বিনা যত্নে কর্ম সম্পাদন (শ্লেষে)। ন্যায়ে, খইএ বন্ধন—এক তাঁতী দুই হাতের মাঝে খুঁটী রাখিয়া অপর পাশে হাতে কিছু খই লইয়াছিল। পরে দেখিল হাত সরাইতে গেলে খই পড়ে, খুঁটী কাটিতে গেলে ঘর পড়ে। ইহা হইতে, উভয় সঙ্কট। (সং লাজা-বন্ধন ন্যায়ে এক অঞ্জলি খাইবার লোভে অতিতুচ্ছ সাংসারিক ভোগাশায় সংসারে বদ্ধ থাকা।) খইয়া··গ. (খই+ইয়া)। খই-তুল্য শ্বেতবর্ণ, প্রঃ—খইয়া গোখুরা। খইয়া-দইয়া··ষ্য. মারিষাদি বর্গের প্রায় বর্ষায়ু শাক বিশেষ (Pupalia atropurpurea)। পাতা অভিমুখী, সবৃন্ত, অণ্ডাকার। শাখা ত্রিধা বিভক্ত।

খইল, খৈল··ষ্য. (সং খলি)। (১) পিষ্ট তৈলবীজের কঠিন অংশ (ওং পিড়িআ)। কৃষকদের ভাষায় খইল সার নহে, কারণ গোবরই ক্ষেত্রের সার। ক্ষেতে সার-খইল দিতে হয়। (২) কর্ণমল। (খল, খোল বানান অশুদ্ধ)।

খএর··খয়র দেখ।

খক, খক্‌-খক···ব্য. (সং কক্ক, কখ, খক্খ ধাতু হসনে)। বাংতে খক্‌খক করিয়া কাশা, খিক্‌খিক করিয়া হাসা। (মংতে খো-খো—হাসি ও কাশির শব্দ। সং খু ধাতু শব্দে)। খক্‌ হাস্য হইতে খকা, খোকা, খোঁকা, হিং খোখা—শিশুর আদরিয়া নাম। খোকা—যে সর্বদা হাসে। খিক্‌-খিক···মূর্খবৎ হাস্য-ধ্বনি। চপল মতি বালক-বালিকা খিক্‌-খিক করে। খুক্‌-খুক···মৃদু কাশির শব্দ। খক্‌-খকানি, খুক্‌-খুকানি; খক্‌-খকিয়া, খুক্‌-খুকুয়া কাশি। খিক্‌-খিকানি, খিক্‌-খিকিয়া হাসি।

খচ··ধাতু. (সং খচ ধাতু বন্ধনে)। খচি—বাঁধি, আটকাই। খচা॥

খচ্‌-খচ···ব্য. (সং খচ ধাতু বন্ধন, খজ ধাতু বিলোড়ন, খজ খঞ্জ ধাতু গতি-বৈকল্য, ক্ষজ ক্ষঞ্জ ধাতু গতি। এই সকল ধাতু প্রায় এক)। গতিব বাধায়, গতি-বৈকল্যে শব্দ, প্রঃ—খচ্‌-খচ করিয়া লেখা—যখন কাগজে কলম ভাল না সরে। খুচ্‌-খুচ ··সরু বস্তুর গতি-বৈকল্য-শব্দে। খেঁচ্‌-খেঁচ···খঞ্জের গতি-বৈকল্য, প্রঃ—আঁঠুতে আঘাত লাগিলে চলিবার সময় খেঁচ্‌-খেঁচ করে। খেঁচকা দেখ।

খচ্চর···ষ্য. (সং খেসর। ফা° খর—গর্দভ ; সং অশ্ব-খরজ)। অশ্ব ও গর্দভের সঙ্কর (mule)। (২)··(সং কচ্ছুর—পুংশ্চল মেঃ)। পুংশ্চল, গালি-বিশেষ।

খচ্-মচ···ব্য. (সং খচ ধাতু বন্ধন, মন্ত ধাতু ধারণ)। কষ্টে নির্বাহ, প্রঃ—বাণিজ্যে লক্ষ্মীর বাস তাহার অৰ্দ্ধেক চাষ, রাজসেবা কত খচমচ (ভাঃ)। খিচি-মিচি··কষ্টে নির্বাহ হেতু কলহ।

খঞ্জন··ষ্য. (সং। হিং। গ্রাম্য নাম গুয়া-শালিক, ও° গুহ্ন-কালিকা)। পক্ষী বিশেষ (wagtail)। অনবরত পুচ্ছ নাড়ে, এই হেতু কবির উপমা খঞ্জন-জিনি আঁখি—যে আঁখি খঞ্জনের তুল্য চঞ্চল। শীত কালে গ্রামের মাঠে আসে, গ্রীষ্মকালে বঙ্গদেশ হইতে চলিয়া যায়। দুই জাতি দেখা যায়, (১) ভুঁই খঞ্জন (Motacilla hodgsoni) কৃষ্ণবর্ণ, বুক শাদা। ১২ আঙ্গুল। (২) হলুদা খঞ্জন (M. melanope) পীতবর্ণ ৯।১০ আঙ্গুল।

খঞ্জনী···ষ্য. (হিং খঞ্জরী ; খাল—চর্ম্ম, জরী আবৃত)। মাটির একমুখা আনদ্ধ বাদ্য (বৈষ্ণবের)।

খঞ্জর··ষ্য. (আ°)। ছোরা, প্রঃ—কামান খঞ্জর (ভাঃ)। (অপ্রচঃ)

খট···ষ্য. (সং ষট্—ষট্ রাগ। ষ স্থানে খ। হিং খট—ষট্)। ছয় রাগিণী যোগে উৎপন্ন রাগিণী বিশেষ। রাগ-রাগিণী দেখ।

খট, খট্-খট··ব্য. (সং খট—প্রহারান্তর, খক্খট—কঠিন)। কঠিন দ্রব্যে আঘাত-শব্দে, প্রঃ—কপাটে ধাক্কা লাগিলে খট্-খট করে, কাদা শুখাইয়া পথ খট্-খট করে—কঠিন হয়। খট্খট করিয়া চলা—কঠিন পথে কঠিন পাদুকা থাকিলে। খট্খটানি॥ খট্-খটিয়া, খট্-খট্যে··ণ. সিক্ত নহে, শুষ্ক, প্রঃ—খঃ ঘর।

খট্কা · ষ্য. (খট দেখ। হিংতে এক অর্থ ধাক্কা, খুটকা—পদধ্বনি)। চিন্তা, সন্দেহ। বে-খট্কা ··(ফা° বে)। নির্ভয়ে, সহজে।

খট্‌মট··ব্য (খট্—কঠিন স্থানে, সং মঠ—মর্দনে)। কঠিন স্থান যেন মর্দিত বা দলিত, ঘোড়ার এমন পদ শব্দে। খট্-মটি··কলহ, প্রঃ—দুই জনে খট-মটি লাগয়ে কোন্দল (চৈঃ চঃ)।

খটা···ণ. (সং শটিত—পচা ; শ স্থানে খ হইয়া হিং খট্টা)। টক। খটাই···ষ্য. (হিং)। অম্বল। খটা-মিঠা···ণ. অম্ল-মধুর।

খটাশ··ষ্য. (সং খট্টাশ। হিং খটাশ)। গৃহ-মার্জার অপেক্ষা কিছু বড় মার্জার-বিশেষ (Felis chaus)। কিন্তু শীর্ণ, মাথা ছোট, পিঠ কাল, লেজ ছোট। গ্রামের জঙ্গলে থাকে এবং পাখী মাছ কাঁকড়া প্রভৃতি খায়। অন্ত সং নাম গন্ধমার্জার। কিন্তু বাংতে খটাশ ও গন্ধগোকুলা এক নহে।

খটী··ষ্য. (হিং খত্তা, খত্তী হইতে। খাদ, খনি, খত্তী শব্দের মূলার্থ এক)। মাটিতে খনি করিয়া ধান রাখা হইত, ওড়িশায় এখনও খনি আছে। ইহা হইতে আড়ৎ, গোলা, ধান্যাদি রক্ষা-স্থান।

খড়··ষ্য. (সং। হিং খড়া, খর)। ধানের গাছ ; ধান ঝাড়িয়া লইলে যে গাছ থাকে। (যব গমেরও খড় বলা যায়। কোন কোন স্থানে খেড় (সং খেট), নাড়া (সং নল, নড়, ওং নড়া)।

খড়ুয়া, খ'ড়ো ··ণ. (খড়+উয়া)। খড় নির্মিত, খড়-সম্বন্ধী। **খড়টি** ··ষ্য. (খড়+মাটি। তু° উলুটি)। খড় ও চিকটা কাদা লেপা, প্রঃ—ঘর খড়টি করা—খড়-কুটা ও কাদা লেপন।

খড়কী ··ষ্য. (স° খড়ক্কী)। দ্বার (কবিকঃ)। খিড়কী দেখ।

খড়্-খড় ··ব্য. (স° খড় ধাতু বিলোড়নে, ভঞ্জনে)। বিলোড়ন-শব্দে, প্রঃ—ভাঁড়ার ঘরে ইন্দুর খড়্খড় করে। **খড়্-খড়িয়া, খড়-খ'ড়ে** ··ণ. (খড়্-খড়+ইয়া)। এমন শুষ্ক যে নাড়িলে খড়্-খড় শব্দ হয়॥ খড়-খড়ানি। **খুড়্-খুড়্**···ব্য. মৃদু বিলোড়ন-শব্দে। **খড়্-খড়ী**···ষ্য. (স° খড়ক্কী)। কাঠের যে কপাট খুলিবার সময় খড়্খড় শব্দ করে, পালকীর কপাট, ঝিল-মিলি।

খড়্-মড়্···ব্য. (স° খড় ধাতু বিলোড়নে, স° মঠ—মর্দনে)। বিলোড়ন ও মর্দন শব্দে, প্রঃ—কোরা গরদ পরিধান সময়ে খড়্-মড় করে। **খড়্-মড়ি**··ষ্য. (ভাবে ই)। খড়্-মড় ভাব, খড়্-মড় ধ্বনি। খড়্-মড়ানি॥

খড়ম···ষ্য. (ও° কঠাউ ; হি° খরাউ, খড়াঁর —কাঠে নির্মিত ; তেলুগু পা-কোড়ু—পাদকাষ্ঠ। পালি কঠল—স° কাষ্ঠল। অতএব খড়ম—কাষ্ঠং, কাষ্ঠময় হইতে)। কাষ্ঠ-পাদুকা।

খড়্রা, খর্‌রা ষ্য. (হি°। স° খর হইতে)। ঘোড়ার গায়ের চিরনী।

খড়িকা···ষ্য. (স°)। ক্ষুদ্রতৃণ, দন্ত-মূলে লগ্ন অন্নাদি বাহির করিবার তৃণ। খড়িকা লওয়া—খড়িকা দ্বারা দন্ত-মূল পরিষ্কার করা। ···ধাতু. খড়িকাই—খ'ড়িকা দ্বারা নাড়ি। খড়িকানা॥ (প্রায়ই, খ'ড়্কানা। ও° খড়রা ধাতু)।

খড়ী ··ষ্য. (স° খটী, খটিকা)। কোমল প্রস্তর-বিশেষ (a kind of steatite); অঙ্ক করিবার শাদা পাথর। হাতে খড়ী ·বিদ্যা আরম্ভ। খড়ী করা ··গণিতের ফল নিষ্কাশন। খড়ী পাতা ··জ্যোতিষ দ্বারা ফল-গণনা। খড়ী-মাটি ··শাদা মাটি। (২) খড়ীর তুল্য শাদা শুষ্ক চর্ম, প্রঃ--তৈলবিনা খড়ি উড়ে গায় (ভাঃ)। **চা খড়ী**···ষ্য. (ই° চক (chalk)-খড়ী)। চুনিয়া খড়ী-বিশেষ (carbonate of lime)। এদেশে পাওয়া যায় না, বিদেশ হইতে আসে। ফুল-খড়ী ···চা-খড়ী। **খড়ীয়া**···ণ. (খড়ী+ইয়া)। খড়ীর তুল্য শাদা।

খড়ী··ষ্য. (স°)। ধান্যাদি বর্গের তৃণ-বিশেষ (Saccharum fuscum)। আখ গাছের মতন গাছ, ৪।৫ হাত লম্বা হয়, ফাঁপা। পূর্ব-বঙ্গে আছে।

খড়ীস···ষ্য. (খড়ী-সদৃশ হইতে)। গোখুরা সর্পবিশেষ। গোখুরা দেখ।

খড়্য়া···খড় দেখ।

খঁড়ুয়া ··খেঁড়ো দেখ।

খণ্ড···ষ্য. (স°)। ছেদ, অংশ, টুকরা ; (২) খাঁড় গুড়, প্রঃ--ক্ষীর খণ্ড—ক্ষীর ও শর্করা (৩) দুরাত্মা দস্যু, প্রঃ—পথে লাগ পাইল খণ্ডে, ফাঁস দিয়া মারিল খণ্ডে (কবিকঃ)। চোর-খণ্ড ··চোর ও দুরাত্মা দস্যু। (খণ্ডা লইয়া বেড়ায় বলিয়া ?)। (অপ্রচঃ)। ···ণ. খণ্ডিত, প্রঃ—খণ্ড ত (ৎ অক্ষর)। ···ধাতু. খণ্ডি—খণ্ডিত, নিরাকৃত হই, প্রঃ—অশুভকাল খণ্ডিয়াছে। খণ্ডা। খণ্ডা···

ধাতু. (খণ্ড ধাতু আস্তে)। খণ্ডাই—খণ্ডিত করাই। খণ্ডানা ॥ খণ্ডা ··ষ্য. (সং খণ্ডক)। জ্যোতিষে গ্রহাদি সারণী বা পদক (tables)।

খণ্ডা ষ্য. (সং খড়্গ)। খাঁড়া।

খৎ···ষ্য. (আং)। লেখ্য, পত্র, অঙ্গীকার-পত্র, তমশুক-পত্র। নাকে খৎ ··নাক ঘষিয়া মাটিতে অনুশোচনা লেখা, লিখিয়া দেওয়া যে সে কর্ম আর করিব না। খতা ···ধাতু.। খতাই—খৎ করিয়া—লিখিয়া—দেখি, মিলাই। খতানা ॥ খতিয়ান, খ'তেন ···ষ্য. হিসাব, দফে দফে হিসাব 'ledger)। (খতিয়ান শব্দ আং খৎ হইতে না আসিয়া হিং খত্তা বা' খটী—রাশি হইতে বোধ হয়)।

খতম্ ··ণ. (আং)। শেষ।

খতা···ধাতু. খৎ দেখ।

খত্তাল···ষ্য. (সং করতাল। খোল-খত্তাল—খোল শব্দে খ আছে বলিয়া করতাল—খরতাল—খত্তাল)। কাঁসার থালার আকারের এক জোড়া বাদ্য যন্ত্র।

খতুয়া, খ'তো···ণ. (সং ক্ষত+বাং উয়া)। ক্ষত প্রাপ্ত, প্রঃ— আমড়া কাঠ শীঘ্র খ'তো হয়।

খদ···ষ্য. (সং খাত। হিং খড়)। পাহাড়ের পাশের নিম্ন গহ্বর।

খদ্-খদ ··ব্য. (সং খাদ ধাতু ভক্ষণে)। খাও খাও ধ্বনি, প্রঃ—সেখানে ভাত খদ্-খদ করিতেছে—এত প্রচুর যে খাও খাও বলিতেছে (গ্রাং)। খদ্-খদানি ॥

খন···প্রত্যয়. (সং ক্ষণ)। সময়, প্রঃ—এখন, যখন, তখন, কখন।

খন, খন্-খন···ব্য. (সং খন ধাতু-বিদারণে)। বিদারণ শব্দ, প্রঃ—পাথরের উপর কাটারীর চোট লাগিলে খন শব্দ হয়, ভাঙ্গা হাঁড়ী বাজাইলে খন্-খন করে। খন্ খনা···ণ. খন্-খন-শব্দকারী।

খনক ··খন্খন হইতে। গান দেখ।

খনৎকার ··ষ্য. (সং খনিতকার)। খনক।

খনা···ণ. (খন্-খন হইতে)। যাহার বাগ্-যন্ত্রের দোষে শব্দ অনুনাসিক হয়, খন্খন—খঁ খঁ হয়। স্ত্রীং—খনী। (ওং খণা, স্ত্রীং খণী)। (২) এক জ্যোতিষীর নাম। ইঁহার সম্বন্ধে অনেক কথা শোনা যায়। একটা কথা ঠিক, ইনি বাঙ্গালী ছিলেন, পাঁচ ছয় শত বৎসর পূর্বে ছিলেন, এবং প্রসিদ্ধ জ্যোতিষী বরাহমিহিরের সম্পর্কে কেহ ছিলেন না।

খন্তা ··ষ্য. (সং খনিত্র)। মাটি খুঁড়িবার খুরপা। (শুঃ পুং খন্তা-ত্রিশূলাকার অস্ত্র)। খন্তী, খুন্তী ··ষ্য. (খন্তা+ঈ হ্রস্বার্থে)। ভাজা উলটাইবার খনিত্রাকার লৌহ।

খন্দ ··ষ্য (সং কন্দ)। কৃষিশস্য, শীতের শষ (কবিকঃ)। রবীখন্দ · শীতের ফশল (রবী দেখ)।

খন্দ···ষ্য. (সং খনিত)। গর্ত, প্রঃ—পগা খন্দক খানা (কবিকঃ)। (অপ্রচলঃ)

খন্দল···ষ্য (খন্দ+ল। তুং ফাটল)। গর্ত (খোঁদল দেখ)।

খপ, খপ্-খপ···ব্য. (সং ক্ষিপ্র। সং ক্ষপ ধাতু ক্ষেপে)। ক্ষিপ্রতায়, প্রঃ—খপ করিয় আসিবে, খপ্-খপ খাইয়া ফেল।

খপ্পর···ষ্য. (সং কর্পর—খড়্গ-বিশেষ) ধূর্ত-প্রহরণ, ধূর্ততা, প্রঃ—শঠের খপ্প পড়িলে রক্ষা নাই (অশিষ্ট)।

খবর, খপর···ষ্য. (আ° খবর)। বার্তা, সংবাদ। **খবর-দার**···ণ. সতর্ক; ব্য. সতর্ক থাক। **খবরদারি**···তত্ত্বাবধান। **ঝুটা খবর**··মিথ্যা সংবাদ। **খোশ খবর**··সুখের সংবাদ, সুসংবাদ। **বে-খবর**···ণ. মূর্খ, অজ্ঞাত। **খবরের কাগজ**··সংবাদপত্র।

খবিশ···ষ্য. (আ°)। মুসলমান প্রেত।

খব্ব (গ্রা°)··ণ. (স° খর্ব)। খর্ব।

খমক···ষ্য. বাদ্যযন্ত্রবিশেষ। শিঙ্গা?

খম্বা···ষ্য. (স° স্তম্ভ। স°-প্রা° খম্ব। হি° ও° খম্বা)। স্তম্ভ। (আথম্বা দেখ)

খয়র··ষ্য. (স° খদির, ও° খইর)। বব্বূলাদি বর্গের তরু (Acacia catechu)। এই গাছের কাথের নাম খয়র। (য় উচ্চারণে এ হইয়া খয়ের বানান)। **পাপড়ী খয়র**··· ষ্য. (স° নাম শ্বেত-খদির—ভাব-প্রকাশে)। আচ্ছুকাদি বর্গের ক্ষুপ-বিশেষ (Uncaria gambier) হইতে প্রাপ্ত খয়র। মলাক্কা, সিঙ্গাপুর প্রভৃতি দেশে এই গাছ জন্মে। এই খয়র (pale catechu, gambier) আপাণ্ডুর ও আ-তিক্ত। কেহ কেহ পাল্লা-খয়র বলে। **খয়রা**···ণ. (খয়র+আ)। খদির-বর্ণ-বিশিষ্ট (brown); (২) ষ্য. (ঢাকায় চাপলি; ও° নাম মাকুণ্ডি)। মৎস্য বিশেষ (Chatoessus manminna)। আকারে ইলীশের তুল্য, কিন্তু ৬।৭ আঙ্গুলের অধিক বড় হয় না। বড় পাকা মাছ খদির-বর্ণ হয়।

খয়র-খাঁ ষ্য. (আ° খয়র—আচ্ছা)। যে আচ্ছা হাঁ বলে, শুভাকাঙ্ক্ষী।

খয়রাৎ··ষ্য. (আ° খয়র—উত্তম)। দান। **দান-খয়রাৎ**···(সহচর শব্দ)। দান। **খয়রাতী**···ণ. দান-সম্বন্ধী।

খয়ের খয়র দেখ।

খর··ণ. (স°)। তীক্ষ্ণ, প্রাঃ—**খর-ভাজা**·· তীক্ষ্ণরূপে অতিশয় ভাজা। **নুন-খর**··অধিক লবণযুক্ত। **ঝাল-খর**··অধিক ঝাল। **টেঁক-খর**··যে টেঁকে রাখিয়া নিশ্চিন্ত হইতে চায়। **খর-পোড়**··ণ. অধিক দগ্ধ। **খর**··ধাতু. খরি - ঈষৎ দগ্ধ হই, প্রাঃ—মাছ খরিয়া গিয়াছে; তীক্ষ্ণ হই, প্রাঃ—রোদে চোখ খরিয়া যায়। খর॥ **খরা**··ধাতু. (খর ধাতু আস্তে)। খরানা, খরানি॥

খর্-খর··ব্য. (স° ক্ষর ধাতু সঞ্চলনে, ক্ষরণে)। দ্রুত পদসঞ্চালনে, প্রাঃ—খর্-খর করিয়া চলা—ছোট ছোট পা দ্রুত ফেলিয়া। **খুর্-খুর**···ছোট বস্তুর দ্রুত সঞ্চরণে, প্রাঃ—ছোট শিশু খুর্-খুর করিয়া চলে।

খর্-খরা, খর-খরিয়া··ণ. (স° খর)। অত্যন্ত খর, প্রাঃ—নুন-খর্-খরা করিয়া মাছ ভাজা।

খরগোষ··ষ্য. (ফা° খর—গাধা, গোষ—কান; গাধার মতন কান যার। হি° খরহা)। শশক (Hare. Lupus ruficaudatus)। দেহ এক হাত লম্বা হয়। পুচ্ছ উপরে খয়রা, নীচে শাদা। কান প্রায় ৭ আঙ্গুল। ঘাস জঙ্গলে থাকে। ঢাকা, ত্রিপুরা প্রভৃতি অঞ্চলে আর এক জাতি দেখা যায়। ইহার কান ছোট, মাংস শাদা।

খরচ··ষ্য. (ফা° খরচ)। ব্যয়। **খরচ ওঠানা, তোলা**··ব্যয় মতন আয় বাড়ানা। **খরচ-পত্র**··ব্যয়। **বেজায় খরচ**···(ফা° বেজা)। অনাবশ্যক ব্যয়। **খরচী, খরচিয়া, খরচো**··· ণ. (খরচ+ঈ, ইয়া)। ব্যয়শীল, অমিতব্যয়ী। **খরচা**··ব্যয়, মূল্য। **খরচান্ত**··ণ (খরচ+স° অন্ত? বোধ হয় বা° বস্ত—বিশিষ্ট—প্রত্যয়,

সংক্ষেপে অস্ত)। ব্যয়-যুক্ত। নি-খরচা ·· ণ. (বা° নি+ফা° খরচ)। ব্যয়শূন্য, ব্যয় বিনা, প্রঃ—নি-খরচায় গঙ্গাস্নান। বে-খরচা···ণ. (ফা° বে)। খরচ বিনা।

খরজ ··ষ্য. (হি°। স° ষড়জ)। বীণাদি যন্ত্রের খাদ সুর, সা সুর।

খরড়া ··ষ্য. (স° খর হইতে)। অশ্বের গাত্র ঘর্ষণ যন্ত্র, খরণা (প্রবোধচন্দ্রিকায়)।

খরতাল খত্তাল দেখ।

খর-শাণ ··ণ. (স° খর—তীক্ষ্ণ, স° শাণিত—তীক্ষ্ণ)। তীক্ষ্ণকোণবিশিষ্ট, প্রঃ—খঃ বালি (কৃত্তিঃ); খঃ তামুক—অতি উগ্র তামুক।

খরা···ষ্য. (স° খর। খরঃ স্যাৎ তীক্ষ্ণঘর্ম্ময়োঃ —মেঃ)। রবির তেজ, প্রঃ—অনল সমান পোড়ে চইতের খরা (কবিকঃ); বৃষ্টির পর খর রৌদ্র (ও° খরা—রোদ)।

খরা···ষ্য. (হি° খরহা)। খরগোষ।

খরিতা···ষ্য. (আ°)। শাসনকর্তার নিকট অন্য শাসন-কর্তার পত্র।

খরিদ ··ষ্য. (ফা°)। ক্রয়। খরিদা · ণ. (খরিদ+বা° আ)। ক্রীত। খরিদার, খরিদ-দার···ষ্য. (ফা° খরিদার)। ক্রেতা। খরিদ-খাতা·· ষ্য. ক্রয়-বিষয়ক হিসাবের খাতা। খরিদ-বিক্রি ··কেনা-বেচা।

খরিফ ··ষ্য. (আ°)। হৈমন্তিক; হৈমন্তিক শস্য।

খরিশলা ··ষ্য (স° খলিশ, খলেশয় ? ঢাকায় খল্লা; ও° এণ্ড্রা)। নদীর শকলী মৎস্য বিশেষ (Mugil corsula)। এক হাত পর্যন্ত দীর্ঘ হয়। জলের উপরে চোখ তুলিয়া দ্রুত সাঁতারে। মুখ ছোট, দাঁত প্রায় নাই। পিঠের পাখনায় চারিটা কাঁটা থাকে।

খর্পর · ষ্য. (স° কর্পর—কটাহ, খড়্গ বিশেষ)। খড়্গ, প্রঃ—ভুসারি খর্পরে কেটে দেয় লক্ষ বলি (মাঃ)। (কর্পর শব্দও চলিত আছে, যথা, করাল বদনা কালী কর্পরধারিনী (মাঃ)। (২) যোগীর ভিক্ষাপাত্র।

খর্বুজ, খর্মুজ ··ষ্য. (স° খর্বুজ; স° ষড়্-ভুজা ?। ফা° হি° খরবুজা)। কুষ্মাণ্ডাদি-বর্গের কাঁকুড়ের সদৃশ গাছের ফল (melon. Cucumis melo)। কাবুল দেশে ভাল হয়। খরমুজা (চৈঃ চঃ)। অন্য নাম গোমক, অন্য নাম চেলো।

খল ··ষ্য. (স° খল্ল)। ঔষধাদি মাড়িবার প্রস্তরনির্মিত কুণ্ড (mortar)। যদ্দ্বারা মাড়া যায় তাহা মুষল বা ডাঁটী (pestle)।

খল ··ণ. (স°)। দুর্জন, ক্রূর। খলুয়া · ণ. (খল+উয়া—স্বার্থে)। দুর্জন।

খল্-খল ··ব্য. (স° খল ধাতু সঞ্চলনে, খেল ধাতু চালনে। স° গল ধাতু প্রগল্‌ভতায়)। তুচ্ছ কারণে হাস্য শব্দে, প্রঃ—হাত নেড়ে কথা কয় হাসে খল খল (মাঃ)। (২) দ্রুত পতনের শব্দে, প্রঃ—খল্-খল করিয়া মুতিয়া দেওয়া। (খিলখিল দেখ)।

খলিফা···ষ্য. (আ° খলীফা)। মহম্মদের বংশধর রাজ্যাধিকারী। (এদেশে অর্থ), মুসলমান দর্জী, নিপুণ।

খলিশা·· ষ্য. (স° খলেশয়)। মৎস্য-বিশেষ। (খরিশলা ? দেখ)।

খস, খোস···ষ্য. (স° খস)। পাচড়া। খস-পাচড়া · ষ্য. (সহচর শব্দ। পাচড়া কিন্তু, স° পিচ্ছট—খসের পুয)। (হয় ত খোস

শব্দ সং খর্জু—খউজ—খউস—হইতে)।
খসুয়া··ণ. (খস+উয়া)। খস-রোগী।
খস্-খস···ব্য. (সং কর্কশ হইতে কশ্‌কশ—খস্-খস। সং খষ, কষ ধাতু হিংসায়)। কর্কশভাবে, প্রঃ—তেল না মাখিলে গা খস্‌খস করে। (২) কর্কশ দ্রব্যের স্পর্শে, প্রঃ—শুখনা পাতার উপর দিয়া খস্-খস করিয়া চলিয়া গেল। খস্-খসা, খস্-খসিয়া ···ণ. রুক্ষ, কর্কশ। খুস্-খুস··খস্-খস ভাবের অল্পতায়, প্রঃ—আলজিভ বাড়িলে গলা খুস্-খুস করে। খুস্-খুসা, খুস্-খুসিয়া ···ণ. মৃদুভাবে কর্কশ, প্রঃ—খুস্-খুসা কাশি।
খস্‌খস··ষ্য. (ফাং খস; হিং খসখস)। বেণাগাছ, বেণার মূল।
খস··ধাতু. (সং স্খল ধাতু। বাং খসা, ওং খসিবা, হিং খস্‌না। স্খল ধাতুর ল লুপ্ত। তুং বাং খুল ধাতু)। খসি—স্খলিত হই; প্রঃ—পাকা আম ডাল হইতে খসিয়া পড়ে; পানের চুন খসিলে রক্ষা থাকে না। খসা॥ খসা··ধাতু. (খস ধাতু আস্তে)। খসানা॥
খসম···ষ্য. (আং)। পতি, ভর্ত্তা।
খস্‌ড়া··ষ্য. (আং খসরা—গ্রামের ক্ষেত্র সমূহের তালিকা। হিংতে ক্ষেতবহি)। স্থূল লিপি, স্থূল বিবরণ। খস্‌ড়া বহি·· যে বহিতে ক্ষেত্রের বিবরণ লেখা হয়, চিঠা।
খা··ধাতু. (সং খাদ ধাতু)। খাই—ভক্ষণ করি। ভক্ষণ, প্রঃ—ভাত খা; (২) পান, প্রঃ—জল তামুক খা; (৩) সেবন, প্রঃ—ওষুধ খা; (৪) প্রাপ্তি বা ভোগ, প্রঃ—রোদ বাতাস খাইলে বিছানা শুখায়; (৫) আত্মসাৎকরণ, প্রঃ—টাকা খা; (৬) গ্রহণ, প্রঃ—ঘুঁষ খা, চুম খা; (৭) নিশ্বাস গ্রহণ, প্রঃ—সমেদম খা, খাবি খা, বিষম খা; (৮) সহন, প্রঃ—মারি, লাথি, নাকানি-চোবানি, আছাড়, হুমড়ি খা; (৯) ধারণ, প্রঃ—বালিশে আরও তুলা খাবে; (১০) নিষ্পেষণ, প্রঃ—আখমাড়া কলে আখ খায়, কাপাস-খাঅই—যাহা তুলা খায় বীজ পৃথক করে; (১১) নাশ, প্রঃ—লজ্জা, জাতি, নদীর কূল, মাথা খা; আপন খেয়ে—নিজের মঙ্গল নাশ করিয়া; (১২) মরণ, প্রঃ—আগুন খাওয়া—সহমরণ; (১৩) দংশন, প্রঃ—সাপে খায়। (কোন কোন অর্থ যেন সং খৈ ধাতু বধে হিংসায় হইতে আসিয়াছে। সং খৈ ধাতু বাংতে খা ধাতু হইবে; তুং সং গৈ ধাতু বাং গা ধাতু)। খাওয়া॥ খাওয়া-খায়ি··পরস্পরকে দংশন। খাঅন ...(সং খাদন)। ভোজন (হিং ভোজ)। খাঅনিয়া···ণ. খাইতে দক্ষ। নি-খাঅনিয়া ··ণ. যে কিছু খাইতে পারে না। খাঅন্তা ···(আ ধাতু অন্ত)। যে খাইতেছে, খাঅনিয়া। স্ত্রীং খাঅন্তী। বিপঃ, নি-খাঅন্তা, নি-খাঅন্তী। খাবার··ষ্য. খাইবার দ্রব্য, সংক্ষেপে খাবার। (খাওয়া দেখ)।
খাঁ, খান··ষ্য. (ফাং)। পাঠান ধনী বংশের উপাধি; গ্রাম-সমুহের প্রধান মণ্ডল। খাঁ বাহাদুর সম্মানসূচক উপাধিবিশেষ (মুসলমানের)।
খাঁ-খাঁ··ব্য. (সং খাদ ধাতু ভক্ষণে)। যেন ভক্ষণ করিতে আসে, প্রঃ—জনশূন্য অট্টালিকা খাঁ খাঁ করে,—একা থাকিলে ত্রাস জন্মে।
খাঅই···ষ্য (সং খাদক—খাঅয়—খাঅই)।

কার্পাস হইতে তূলা ও বীজ পৃথক করিবার যন্ত্র (ginning machine)। এই যন্ত্র যেন কাপাস খায়। (ও° নাম কপা-খাই)। খাঅইর দুই পাশের খুঁটি—পোয়া (স° পাদ), উপরে দুই বেলন, বেলনের বাম প্রান্তে পেঁচ বা মুহরী (স° মুখ - মুহ+বা° রী), বেলনের নীচে কপালী—আমাদের কপাল—ললাট তুল্য আকার বলিয়া, কপালো তুলিতে দুই পাশে—তুলি।

খাঅন···ষ্য. (স° খাদন)। ভোজন। খা ধাতু দেখ।

খাই···ষ্য. (স° খাদ্য)। খাদ্য, খাদন। খাই-খরচ ··খাবার ব্যয়।

খাই···ষ্য. (স° খাত, খাতিকা)। গড়ের পরিখা, গড়-খাই; পাকানা সূতার এক এক গাছা (গ্রা° খেই, খি)।

খাঁই···ষ্য. (স° খাদ্য)। খাদ্য, খাদ্য-গ্রহণেচ্ছা। প্রঃ—খাঁই খাঁই করে—খাই খাই রব করে।

খাঈয়া ··ষ্য. (খা ঈয়া। ব্যাকরণ দেখ)। খাঅনিয়া।

খাওয়া···ষ্য. (খা ধাতু দেখ)। খাদন। খাওয়া-পরা···গ্রাসাচ্ছাদন। গো-গ্রাসে খাঃ··· গোরু যেমন না চিবাইয়া গিলিয়া ফেলে তেমন খাওয়া। গণ্ডে-পিণ্ডে খাঃ·· গণ্ড—গাল হইতে পিণ্ড—পায়ের পিণ্ডিকা পর্য্যন্ত পূর্ণ করিয়া। (অবশ্য পা পূর্ণ হইতে পারে না; শ্লেষে অতি-ভোজন)। একমুঠা খাঃ ·· যৎকিঞ্চিৎ ভোজন। এক পেট খাঃ··· উদর পূর্ণ করিয়া। পুরা পেটা, আধ পেটা, সিকি পেটা খাঃ·· উদরের পরিমাণের অংশ মতন খাওয়া। খাওয়া-দাওয়া··(সহচর শব্দ হইবার কথা। ও° খিআ-পিআ—খাদন ও পান। খাওয়া—নিজে, দেওয়া—দাওয়া—অন্যকে খাইতে দেওয়া, ভাল সহচর শব্দ নহে)। ভোজনাদি।

খাওয়া ··ধাতু. (খা ধাতু আস্তে খাআ—খাওয়া)। খাওয়াই—অন্যকে ভোজন করাই। খাওয়ানা॥ খাওয়ান, খাআন॥

খাক ··ষ্য. (ফা°। তু° স° কর্ক—অগ্নি)। অঙ্গার, পাংশু, প্রঃ—পুড়িয়া খাক। খাকী —ণ. ধূলা-বর্ণ, মাটিয়া রঙ্গের।

খাঁক্-খাঁক ··ব্য. (খা ধাতু হইতে)। খাই-খাই করা শব্দে, প্রঃ—হনুমান খাঁক্-খাঁক করিয়া খাইতে আসে। খেঁক-খেঁক দেখ।

খাঁকতি ··ষ্য. (খাঁক+তি)। খাই-খাই ভাব, অভাব, অনাটন, প্রঃ—খাঁকতির দশা।

খাকার···ষ্য. (খাক দেখ)। অঙ্গার, পাংশু। প্রঃ—কুলের খাকার—কুলের অঙ্গার।

খাকার, খাখার, খাকারি,···ষ্য. (স° ক্ষয়কার; হি° খঙ্খার)। খক্-খক করিয়া কাশিয়া গলার শ্লেষ্মা, প্রঃ—রন্ধনশালেতে বেটি আনিবে। খাখার (কবিকঃ)। গলা-খাকারি দেওয়া···অন্যকে নিজের বিদ্যমানতা জানাইতে কাশা (ঢাকায় খুখুরি)।

খাগড়া, খাগ··ষ্য. (স° খগ্গর, খড়গট)। ধান্যাদি-বর্গের নল-বিশেষ (হি° নাম নল, Phragmites karka?)। বাঙ্গালা লিখিবার কলম হয়।

খাগড়াই···কাঁসা দেখ।

খাগী··ষ্য. যে নারী খায় বা বিনাশ করে, যেমন ছেলে-খাগী, বেটা-খাগী, ভাতার-খাগী, ভাল-খাগী—নারীর গালি বিশেষে।

আগুন-খাগী ··যে সতী পতির সহমৃতা হয়। পুং, খাগুয়া, খেগো, প্রঃ—ঝাঁটা-খেগো, গতর-খেগো প্রভৃতি পুরুষকে নারীর গালি।

খাঁচা ··ষ্য. (সং কঞ্চি হইতে। হিং খাঁচা। হিং খপঞ্চী—বাং খোঁচা ; কবিকঃ খাঁচী। তুং ওং খঞ্জা—কুঠরী। অন্য তিন ভাষায় পিঞ্জরা। ইহা হইতে বাংতে সং মূলের অর্থ-বিকার অনুমিত হইতেছে)। পিঞ্জর।

খাঁজ···ষ্য. (সং খঞ্জ হইতে)। দাঁড়ানিয়া দ্রব্যের ভিতর কিংবা বাহির দিকে প্রসারিত স্থান, বক্র জানুর আকারের কাটনি, প্রঃ—কাঠ ও বাঁশে খাঁজ কাটিয়া তাহাতে অন্য কাঠ বা বাঁশ লাগাইয়া বাঁধিতে হয়, পাকা বাড়ী গাঁথিতে গাঁথিতে গাঁথা বন্ধ করিলে খাঁজ রাখা হয়। (খাবি—মুখের হাঁ সদৃশ)।

খাজনা· ·ষ্য. (আং খজানা)। কর, মালগুজারি। খাজনা-খানা···কোষাগার, 'তেরেজারি'। খাজনা সাধা— খাজনা আদায় করা। বাকী খাজনা···অদত্ত কর।

খাজা···ষ্য. (সং খর্জ্জিকা ; সং খাদ্য হইতে)। পাতলা তবকে তবকে রচিত দীর্ঘ মিষ্টান্ন-বিশেষ। খাজা কাঁঠাল ··যে কাঁঠাল পাকিলেও কোষ কঠিন খাজার মতন থাকে।

খাজা···ষ্য. (ফাং খুআজা)। মুসলমান সম্ভ্রান্ত ব্যক্তি, প্রভু।

খাজাঞ্চি··ষ্য. (আং খজানা+চী)। রাজস্ব রক্ষক। খাজাঞ্চিখানা ··খাজনাখানা। খাজাঞ্চিগীরি···খাজাঞ্চির কর্ম্ম।

খাজুর···ষ্য. (সং খর্জুর। হিং খজূর। কৃত্তিঃ, কবিকঃ, মাঃ প্রভৃতিতে খাজুর। পূর্ববঙ্গে অদ্যাপি খাজুর)। খেজুর।

খাঞ্চা ··ষ্য. (ফাং খুআন—পাত্র, চা—ক্ষুদ্রার্থে)। ক্ষুদ্র পাত্র (থালার আকারের) ক্ষুদ্র খাঞ্চা—বাং খুঞ্চী।

খাট ··ষ্য. (সং খাট, খট্টা)। শয়নের কাষ্ঠাসন। (খাটে শয়ন-স্থান কাঠের ফালির, তক্তপোষে তক্তার)। খাট-পাট ··(খট্টা ও পট্ট)। পালঙ্ক ও রাজপাট। খাট ··ষ্য. এক এক পালকি বহিতে যত জন কাহার লাগে, প্রঃ—এক খাট কাহার—ছয় কি আট জন।

খাট ··ধাতু. (সং খট্ট ধাতু আচ্ছাদন, সংবরণে)। খাটি—যোগ্য হই, প্রঃ—এ কথা খাটে না ; পরিশ্রম করি, প্রঃ—সারাদিন খাটিলে শরীর থাকে না ; দণ্ড ভোগ করি, প্রঃ—জেল খাটা ; সেবা করি, প্রঃ — প্রণাম খাটা—সাষ্টাঙ্গ প্রণিপাত করিয়া করিয়া গমন। খাটা॥ খাটনি ··পরিশ্রম, পরিশ্রমের বেতন। খাটীয়া···(খাট ধাতু ঈয়া)। শ্রমকুশল, শ্রমিক। খাটা ··ধাতু. (খাট ধাতু আস্তে)। খাটাই—কাজ করাই। খাটানা॥

খাটো···ণ. (সং খট্টন—খর্ব,খর্ব মনুষ্য—আপ্তে। বোধ হয় সং খর্ব হইতে)। খর্ব, প্রঃ—খাট মানুষ ; স্বর্গে যেতে শক্তি খাট ছিল (মাঃ)।

খাটা ··ধাতু. (খাট হইতে)। খাটাই—খাটে লাগাই, ঝুলাই, প্রঃ —মশারি খাটানা।

খাটাল ··ষ্য. (সং খট্টা+বাংআল)। খাটের পাশের বিস্তার, দুই খুঁটির মাঝের অন্তর, শাঁকোর কিংবা তোরণের বিস্তার। পালকি বহিবার এক দল কাহার (খাট দেখ)।

খাঁটি···ণ. (সং খর। হিং খরা)। নির্মল,

নির্দোষ, শুদ্ধ, প্রঃ—খাঁটি সোনা, লোক, কথা।

খাটিয়া···ষ্য. (সং খট্বা, খট্টিকা)। ছোট খাট (খাটিয়ার শয়নস্থান রজ্জুনির্মিত)। (২) শববহনের ছোট খাট।

খাট্টা ··ষ্য. (হিং খট্টা)। খুটা দেখ।

খাঁড়···ষ্য. (সং খণ্ড। 'ওং কন্দ)। গুড়ের কঠিন ভাগ, গুড়ের সারাংশ (sugar candy)।

খাড়ব···ষ্য. (সং ষট্ হইতে)। ছয়টি স্বর-বিশিষ্ট রাগ বা রাগিণী। রাগরাগিণী দেখ।

খাড়া · ষ্য. (সং খড়—তৃণাদির নাল হইতে। ওং খাড়ি)। নাল, প্রঃ—পুঁই-খাড়া, নটিয়া-খাড়া; নালাকার ফল, প্রঃ—শজিনা খাড়া।

খাড়া···ণ. (সং খড় হইতে ? সং ষ্ঠা—ষঠা—খড়া ? হিং খড়া। হিং হইতে বাংতে)। সোজা উচা বা দণ্ডায়মান, প্রঃ—সিংহদ্বারে খাড়া রহে ভিক্ষার লাগিয়া (চৈঃ চঃ)। খাড়াই···ষ্য. (খাড়া+ই—ভাবার্থে)। উচ্চতা। খাড়া-দম ·· নিশ্চল সোজা।

খাড়া···ষ্য. (সং কোদণ্ড, কার্মুক)। ধনুক। বাঁটুল-খাড়া ··বাঁটুল নিক্ষেপের ধনুক।

খাঁড়া···ষ্য. (সং খড়্গ। ওং খণ্ডা, হিং খাঁড়া)। তরবারি (হিংতে দুই ধারাবিশিষ্ট সোজা তরবারি), প্রঃ—চন্দ্রহাস খাঁড়া (শূং পুঃ)। প্রবাদে, মড়ার উপর খাঁড়ার ঘা—মৃতদেহে খড়্গাঘাত নিতান্ত অনাবশ্যক, ক্রোধের উত্তেজনার শান্তির আশা।

খাড়ী···ষ্য. (সং খাত হইতে খাল; খাল হইতে খাড়ী)। নদীর খাল, নদী ও সমুদ্রের সঙ্গমস্থলের শাখা; তুং নরখালী—নোয়া-খালী (গ্রাম)।

খাঁড়ী ··ণ. (সং অখণ্ডিত হইতে ?)। আ-ভাঙ্গা, প্রঃ—খাঃ মসুর।

খাড়ু ··ষ্য. (সং কঙ্কণ)। পূর্বকালের কঙ্কণ-বিশেষ। (আসাং খারু। অধুনা আসাম ও ওড়িশায় আছে। পূর্বকালে খাড়ু পাদ-ভূষণও হইত, প্রঃ—চরণে মগড়া খাড়ু বাঘনখ গলে—নবদ্বীপ পরিক্রমা)।

খাত (গ্রাংখাদ) ··ষ্য. (সং)। গর্ত, পরিখা। দেবখাত···মনুষ্যকৃত খাত নহে।

খাতক··ষ্য. (সং খাদক, খাতক)। অধমর্ণ বা ঋণী। খাতকালি···ষ্য. (খাতক+আলি)। খাতক সম্বন্ধীয় কার্য। খাতকী—ণ. খাতক সম্বন্ধীয়। (মহাজন—উত্তমর্ণ)।

খাতা ··ষ্য (সং খাতক হইতে)। খাতকের বিবরণ পুস্তক; পুথী; হিসাবের বই। খাতা-পত্র · (পত্র দেখ)। খাতা ইত্যাদি। বাঁধা খাতা ··যে খাতার পার্শ্ব বদ্ধ। কান-ফোড়া খাতা ··যে খাতা এক কর্ণে বা কোণে সূতা দ্বারা বাঁধা থাকে। খাতা-বন্দি ···খাতার অন্তর্গত। খাতাঞ্চি ··(ফাং চী)। খাতার রক্ষক বা লেখক।

খাতির··ষ্য. (আং)। সম্মান, অনুরোধ। খাতিরী ··ণ. অনুরোধবদ্ধ। খাতির-জমা ··নিশ্চিন্ত, প্রঃ—এত বলা গেল, খাতির-জমা বসিয়া আছে। খাতিরদারি ···সম্মানপ্রদর্শন। বে-খাতির ··খাতির না করিয়া।

খাদ ··ষ্য. (সং খাত)। খনিত, প্রঃ—পুকুর খাদ করা। (খাত দেখ)।

খাদ···ষ্য. (সং ষড়্জ; হিং খরজ। জ স্থানে দ)। নিম্ন স্বর (স্বর দেখ)।

খাদ, খাঁদ ···ষ্য. (ওং হিং খাদ। মং হীণ।

খাদ্দ উচ্চারিণ হইতে মনে হয়, সং খাদিকা —যাহা খায়, নষ্ট করে—হইতে)। উত্তম ধাতুর তুলনায় অধম ধাতু; যে অধম ধাতু মিশিলে উত্তম ধাতু অধম হয় (alloy)। খাদাল ··ণ. (খাদ+আল)। খাদযুক্ত। (গ্রা° খেদেল, হি° খাদৈল)।

খাঁদা, খেঁদা···ণ. (সং ক্ষুদ্র হইতে। তু° সং ক্ষুদ্র-নাসিক)। ক্ষুদ্রনাসিক, বোঁচা। স্ত্রী° খাঁদী। কথায়, খাঁদা নাকে নথ আর গোদা পায়ে তেল—অশোভন।

খাদি, খাদী ··ষ্য. (সং ক্ষুদ্র হইতে। ও° খদি, হি° খাদী)। মোটা ছোট কাপড়, ক্ষুদ্র অংশ, খণ্ড।

খান, খানা···প্রত্যয়. (সং খণ্ড)। যে বস্তু খণ্ডিত হইলেও কাজে আসে এমন বস্তু নির্দেশে, যথা, কাপড় খান, থালা খান, (ব্যাকরণ দেখ)। খানি ··আদরে, প্রঃ—কাপড় খানি; মুখ খানি—এখানে মুখ ছোট যেন ছোট নইলে আদর পায় না। কৃত্তিবাস, চৈতন্যমঙ্গলে, 'কন্যা এক খানি'। (২) পরিমাণে, প্রঃ—এত খানি বেলা।

খান, খান্-খান···ণ. (সং খণ্ডিত, খণ্ড)। খণ্ডিত, প্রঃ—ধনু করে খান (কবিকঃ); কাঁকুড়ি করে খান খান (কবিকঃ)—খণ্ড খণ্ড।

খান ··ষ্য. (সং খনি, খানি। হি°। ফা° কান)। খনি, আকর, প্রঃ—নূতন খানের হীরা।

খান···ষ্য. (সং স্থান)। স্থান, প্রঃ—সেখান, এখান।

খানকী ··ষ্য. (ফা° খানগী)। মুসলমানী বেশ্যা, বেশ্যা, গুপ্ত বেশ্যা। খানকী-পনা ···বেশ্যার ব্যবহার।

খানসামা···ষ্য. (ফা° খান—প্রধান, সামন—সামগ্রী)। পরিচর, যে ভৃত্য প্রভুর সঙ্গে সঙ্গে থাকে, যে ভোজনব্যাপার নির্বাহ করায়। খানসামা-গীরি...খানসামার বৃত্তি।

খানা ··ষ্য. (সং খনি, খানি হইতে)। অল্প পরিসর খাল, গর্ত্ত। খানা-খন্দ···(খন্দ—সং খনিত। সহচরী শব্দ)। খানা ও গর্ত্ত। খানা-মানা,—(মানা, প্রচর শব্দ? মানা দেখ)। ছোট খাত ইত্যাদি।

খানা ··ষ্য. (ফা°। সং স্থান) গৃহ, আধার, প্রঃ—বৈঠক-খানা, কার-খানা। খানা-খারাবি ··(ফা°)। নাশ। খানা-তলাসি · (ফা°)। গৃহ-অনুসন্ধান। খানাদারি···(ফা°)। গৃহ-রক্ষণ। খানা-পুরি ··(ফা°)। বিবরণ লিখন, 'ফারম' পুরণ। খানা-বরবাদি · (ফা°)। গৃহ-নাশ, সংসার নাশ। খানা-বাড়ী···বাড়ী-নির্মাণার্থে ভূমি। খানা-সুমারি ··(ফা°)। গৃহ-সঙ্খ্যা-করণ।

খানা · ষ্য. (হি°। খ ধাতু+না)। খাঅন, মুসলমান বাবর্চীর রাঁধা খাদ্য, প্রঃ—হোটেলে খানা খায়। খানা-পিনা ··ষ্য. (হি°)। খাদন ও পান (সহচর শব্দ)।

খানি ··খান দেখ।

খানিক, খানেক ··ণ. (খান+এক=খানেক হইতে খানিক)। অল্প-পরিমাণ (কতক, প্রাচীন কতেক—অল্পসঙ্খ্যক)।

খানে-খরাব ··ণ. (ফা°)। হতভাগ্য, নষ্ট। খানে-খরাবি · (ফা°)। নাশ।

খানেজাদ ··ণ. (ফা°। জাদ=সং জাত)। তৎ স্থানে জাত (ভাঃ)। (domicile)।

খাপ ··ধাতু. (সং ক্লৃপ, কৢপ ধাতু কল্পনা, মিশ্রণ, সামর্থ্য, উৎপত্তি, যোগ্যতা। হি° খপনা—

ব্যয়িত, মিশ্রিত হওয়া। শূং পুরাণে, থাপস্তি কায়—দেহ উৎপাদন করিলেন, ধারণ করিলেন)। থাপি—মিশ্রিত হই, যোগ্য হই, প্রঃ—সত্যের সঙ্গে মিথ্যা থাপে না, থাপ খায় না। থাপ্পা॥ থাপ-ছাড়া কথা··প্রসঙ্গের বহির্ভূত কথা। থাপা···ধাতু. (থাপ ধাতু আস্তে)। থাপানা॥

থাপ··ষ্য. (ফা° থাম? সং খর্পর?) তরবারীর কোষ; কোষ।

থাপ···ষ্য. (গফ হইতে?)। ঘনতা। থাপী·ণ. ঘন, প্রঃ—থাপীকাপড়··ঘন বোনা কাপড়।

থাপর···ষ্য. (সং খর্পর)। যশদের আকর বা উপধাতু-বিশেষ (calamine); দস্তা।

থাপরা···ষ্য. (সং খর্পর, কর্পর)। কটাহাকার মৃৎপাত্র। থাপরী···ষ্য. ছোট থাপরা, প্রঃ—মুড়ি-ভাজা থাপরী। থাপরালী···ণ. (থাপরা+আলী; হিং খপরৈল)। থাপরার (tile) চাল বা আচ্ছাদন বিশিষ্ট।

থাপি, থাবি, থাপ··ষ্য. (সং কবল হইতে। থাবল দেখ)। মুখের হাঁ (বা হা), মুখের সদৃশ ওষ্ঠবিশিষ্ট অঙ্গ, প্রঃ—খুঁটির মাথায় থাপি কাটিয়া পাটি বসাও। থাপে থাপ···এক থাপির যোগ্য অন্য থাপির মিলন, প্রঃ—কাটা লাগে হাত পা কাপে লাগে জোড়া (কৃত্তিঃ লং)। (কাপে কোপ শব্দও বসে) থাবি খাওয়া—নিশ্বাস ফেলিবার নিমিত্ত মুখ হাঁ করা, প্রঃ—থাবি খেয়ে মরে লোক হাজার হাজার (ভাঃ)।

থাপ্পা··ণ. (ফা° খফা। তুং সং খপ্প—ক্রোধ। আসা° খং)। ক্রুদ্ধ।

থাবল, থামল··ষ্য. (সং কবল; সং গণ্ডোল)। কবল, প্রঃ—এক থাবল ভাত; থাবি। (গবাদি পশুর পক্ষে কল)। থাবলা···ধাতু. থাবলাই—কবলিত করি। থাবলানা।

থাম ·ষ্য. (সং স্তম্ভ। হিং ও° খম্বা, মং খাম্ব)। স্তম্ভ, প্রঃ—ছাওআ মণ্ডপের থামে বান্ধএ বনমালা (শূং পুঃ),—খুঁটি। (ঢাকায় থাম—চালের খুঁটি)। থাম আলু··আলু দেখ।

থাম··ষ্য. (ফা°)। মোড়ক, কোষ, প্রঃ—চিঠির থাম।

থাম··ণ (ফা°। তুং সং আম)। কাঁচা, অসম্ভব, প্রঃ—জিনিষটা থাম করা—নষ্ট করা। থাম-খেয়াল, থাম-খেয়ালি··(ফা°)। নিরর্থক কল্পনা, কাঁচা মতলব।

থামখা···ব্য. (ফা°)। বৃথা, অন্যায়পূর্বক।

থামচ, থামচা··ষ্য. (সং কবল হইতে থামল, থাবল; কবল সদৃশ অর্থে চা। আসা° খামোচা। থাপি, থাবি দেখ। ও° খপ করি ধরিবা—থামচা করিয়া ধরা)। ঈষৎ মুক্ত মুখবিবরের আকার সদৃশ করিয়া বিন্যস্ত অঙ্গুলী, প্রঃ—এক থামচা নুন, গুড়। থামচা···ধাতু. থামচাই—হাতের বুড়া আঙ্গুল ও অন্য চারি আঙ্গুল সমুখে সমুখে রাখিয়া ধারণ করি, আকর্ষণ করি। (দুই আঙ্গুলে চিমটানা)। থামচানা, থামচানি॥ (গ্রা°. থেমচানি, থিমচানি)। মুখ-থামচানি দেওয়া··মুখ হাঁ করিয়া বন্ধ করা, যেন কামড়াইতে আসে।

থামটি··ষ্য. (সং কবল হইতে থাম; থাম+টি; তুং কানটি)। বিক্রমে নীচের ওষ্ঠ উপরের দাঁত দিয়া কামড়ানা। প্রঃ—দুর্গা প্রতিমায় অসুর থামটি করিয়া থাকে।

থামল··থাবল দেখ।

থামার···ষ্য. (উর্দু অম্বার, খিরমন, খলিয়ান ; ও° খঠা, হি° খলিয়ান। স° খল—মর্দন স্থান, স° অম্বরিষ—ভাজনা-খোলা। বোধ হয় স° খল-অম্বরিষ জুড়িয়া থামার। কিংবা থম্বা=স্তম্ভ+আর—যে থানে ধান মাড়িবার স্তম্ভ বা খুঁটি থাকে)। যে পরিষ্কৃত ভূমিতে ধান ঝাড়া, মাড়া ও রাখা হয় ; চষত জমি, প্রঃ—রাজারে কহিয়া দিবা শতেক থামার (কবিকঃ)। খাস থামার ··নিজের থামার করিবার উপযুক্ত চষত জমি।

থামি ··ষ্য. (স° সন্ধি। তু° ফা° খম—বক্রতা, পাশ)। স্বর্ণাদি অলঙ্কারের সন্ধি-পট্ট।

থামীরা···ষ্য. (আ° খামীর—সুরা-সন্ধান)। পচানা গুড়-মাখানা তামুক, প্রঃ—গয়ার থামীরা।

থাম্বাজ···ষ্য. (স° খাম্বারতী হইতে? খাঁ+রাজ? খাঁ খাঁ আওয়াজ হয় বলিয়া? তু° পাথোয়াজ—পাখ্বাজ)। রাগরাগিণী দেখ।

থার···ক্ষার দেখ।

থার···ধাতু. (ফা° আখের হইতে)। থারি—শেষ করি, প্রঃ—খারিয়া খাজনা আদায়—নিঃশেষ করিয়া। থারা॥

থারা···ষ্য. (স° ক্ষারক, থালক। ও° খোঠি)। ফলের বোঁটার উপরের খোলা, প্রঃ—বেগুন থারা (calyx) ; কাপাস থারা···কাপাস ফল (গুলী) পাকিয়া ফাটিলে এবং তুলা বাহির করিয়া লইলে যে খোলা থাকে (carpels) ; ফোটা কাপাস ফল।

থারানি ··ষ্য. (ক্ষার+পানি)। ক্ষারজল।

থারাপ···ণ. (আ° খরাব)। মন্দ, কুৎসিৎ, অপবিত্র, অসৎ, বিনষ্ট, দূষিত, অশ্লীল, অনুর্বর। থারাপি···ষ্য. (থারাপ+ই ভাবে)। কষ্ট, সঙ্কট। (থানে থারাপ, খুন থারাপ দেখ)

থারিজ ··ণ. (আ°)। বহির্ভূত, তাড়িত (আদাঃ)। থারিজ-দাখিল ··এক বহি হইতে অন্য বহিতে আনয়ন। থারিজ-জমা··· বাজে জমা (জমিদারীঃ)।

থারী···ক্ষারী দেখ।

থারুয়া, খেরো···ষ্য. (স° ক্ষার+উয়া। হি° খারুবা, খরুবা—লাল কাপড়)। ক্ষার যোগে রঞ্জিত বস্ত্র, লাল রঙের মোটা কাপড় (এই রঙ্গা করিতে কিন্তু ক্ষার—ভস্ম—আবশ্যক হয় না)।

থাল, খিল ··ষ্য. (স° খল্লী)। দুর্বলতায় হাত পায়ের আক্ষেপ বা স্তম্ভন (cramp)। (থাল, খিল ধরা।)

থাল ··ষ্য° (স° খল্ল, খাত, কুল্যা)। কুল্যা, বড় নালা। কাটা থাল ··দেবখাত নহে, মানুষের কাটা থাল (canal)।

থাল ··ষ্য. (স° খল্ল—চর্ম)। মরা গোরু বাছুরের ছাল বা চর্ম।

থালই···ষ্য. (স° থালক, ক্ষারক। ক্ষারকঃ পক্ষিমৎস্যাদিপিটকে—মেঃ)। ধরা মাছ রাখিবার পেড়া।

থালনী···ষ্য. (থাল গর্ত হইতে। ও° নাম গুবা)। গোল-মাথা লৌহশলা। ইহা দ্বারা কিল্লাতে ধাতু পাতে থাল বা খোল করা হয়।

থালা ··ষ্য. (থালই দেখ)। পাতার ছোট ঠোঙ্গা।

থালাস ··ণ. (আ° খলাস)। মুক্ত, প্রঃ—জেলখানা হইতে কয়েদী থালাস ; প্রসব-বেদনা হইতে মুক্ত, প্রঃ—পোয়াতী থালাস

হয়—সন্তান ভূমিষ্ট হইলে। খালাসী··ষ্য. মুসলমান নাবিক।

খালি ··ণ. (আ॰ খালী)। শূন্য, প্রঃ—খালি ঘর ; অনাধিষ্ঠিত, প্রঃ—কর্ম খালি হওয়া ; রিক্ত, নিরাভরণ, প্রঃ—খালি হাতে ; শূন্য (০), প্রঃ—খালি ছাগলা বৃষে চাঁদ (খনার বচনে)—মেষে ০, বৃষে ১ ; একাকী, প্রঃ—খালি তুমি যাবে ; কেবল, প্রঃ—খালি দুধ খাবে। খালি খালি ··ব্য. বৃথা, অকারণে।

খালুয়া, খেলো ··ণ. (সং ক্ষল্লক)। খেলো দেখ।

খাস ··ণ. (ফা॰)। নিজের, বিশেষ উদ্দেশ্যে রক্ষিত, প্রঃ—খাসের জমি। খাস আপীল ···বিশেষ আপীল। খাস কামরা ··নিজের বসিবার ঘর। খাস খামার ··নিজের চাষ-বাসের জমি। খাস তহশিল ··জমিদার ব্যতীত একেবারে সরকার হইতে রাজস্ব আদায়। খাস-বরদার ··বাদশাহের পার্শ্বচর (ভাঃ)। খাস মহল ··অন্দর মহল। খাস মহাল···যে সম্পত্তি সরকার স্বয়ং দেখা শোনা করেন। খাস গেলাস ··বাতি জ্বালাইবার নিমিত্ত অভ্রের ফানস (প্রায়ই ফুলছড়ীতে থাকে)।

খাসা ··ণ. (ফা॰—ধনীর রুচিকর খাদ্য। প্রীতিকর, উত্তম, প্রঃ—খাসা আম।

খাসী ··ষ্য. (আ॰ খস্‌সী। তু॰ সু॰ কোষ)। ছিন্ন-মুষ্ক, ছিন্নমুষ্ক ছাগ।

খাস্তা···ণ. (ফা॰)। মুড়-মুড়া, ভাঙ্গা, প্রঃ—খাস্তার কচুরি। নাম খাস্তা করা—নাম বিকৃত করা। দৃষ্টান্তে, সাত নকলে আসল খাস্তা···পুনঃপুনঃ নকলে আসলের সত্য ন্যূন হয়।

খি···ষ্য. (সং খাতিকা)। খাই, প্রঃ—এক খি সূতা। খিয়া ··ণ. (খি+ইয়া)। খাই-বিশিষ্ট, প্রঃ—দু-খিয়া দোড়ী।

খিচ্‌-খিচ, খিচ্‌-খিচি ··খচ্‌খচ দেখ।

খিচ, খিঁচ ··ধাতু. (সং খচ্‌ ধাতু বন্ধনে। হিং খিচ, খিঁচ আকর্ষণে)। খিচি, খিঁচি—টানি, প্রঃ—চাঁদোয়া খিচিয়া, খিঁচিয়া বাঁধা। খেঁচা, খিচনি, খিঁচনি॥ খেচা, খেঁচা··ধাতু. (খিচ, খিঁচ ধাতু আস্তে)। খেচানা, খেঁচানা॥

খিঁচ ··ষ্য. (সং খিদ ধাতু ; খিন্ন। হিং খিজ—বিরক্তি)। বিঘ্ন, কাঁকর, প্রঃ—চা'লে খিঁচ—বালুকাদি।

খিচ্‌-মিচ, খিচি-মিচি··খচ্‌মচ দেখ। বিরক্তি, বিরক্তির হেতু, তর্জন।

খিচড়ি, খিঁচড়ি ··ষ্য. (সং কৃশরা—দ্বিদল মিশ্রিতান্ন—শব্দকল্পঃ। খেচরান্ন হইতে নহে)। দালি লবণ ঘৃত মিশ্রিত সিদ্ধ অন্ন ; দুই অতুল্য দ্রব্যের মিশ্রণ। খিচড়ি পাকানা—খিচড়ি রাঁধা, খিচড়ির তুল্য অতুল্য দ্রব্য মেশানা। খিচড়া ··ধাতু. খিচড়াই—মিশ্রিত হই, অকর্মণ্য হই। খেচড়ানা॥ (খেচড়া দেখ)।

খিট্‌-খিট···ব্য. (সং খিট ধাতু ত্রাসে)। অমঙ্গল আশঙ্কায় ত্রাস, বিরক্তি। খিটখিটা, খিট্‌খিটিয়া ··সর্বদা ত্রস্ত, এবং বিরক্ত। খিট্‌-খিটানি ··বিরক্তি-হেতু মৃদু ভর্ৎসন।

খিড়কি ··ষ্য. (সং খড়ক্কী—ঝরকা। ও॰ হিং খিড়কি—ঝরকা। ঢাকায় খেরকি—ঝরকা। বা॰ খড়্‌-খড়ি—ঝরকা। কবিকঃ, খড়কি)। বাড়ীর পশ্চাৎভাগ, প্রঃ—ধায় বেগে খিড়কির পথে (কবিকঃ)। খিড়কি-পুকুর ··অন্তঃপুরের সংলগ্ন পুষ্করিণী।

খিদমৎ ··স্ত্রী (আ॰)। সেবা, চাকরি। খিদমৎগার ··চাকর। খিদমৎগারি ··সেবা, চাকরের কর্ম।

খিদা (গ্রা॰ খিদে)···ষ্য. (সং ক্ষুধা—উচ্চারণে খিউধা—উ লোপে খিধা—খিদা। ঢাকায় খুদা)। ক্ষুধা। চন্-চনা, চন্-চনিয়া, চন্‌চন্যে খিদা ··অত্যন্ত ক্ষুধা। হাঁই-হাঁইয়া খিদা ··(খাঁই খাঁই হইতে)। এমন খিদা যে খাই খাই করিতে হয়। দুষ্ট খিদা ··প্রকৃত নহে; রোগে ক্ষুধা বোধ। খিদা পাওয়া ··ক্ষুধা বোধ হওয়া (পা ধাতু দেখ)। খিদা পড়িয়া যাওয়া ··ক্ষুধার হ্রাস।

খিয়াতি (গ্রা॰) ষ্য. (সং খ্যাতি)। খ্যাতি, প্রঃ—নঅদীব বসুমতী রাখিল খিআতি (শূং পুঃ), রাম অবতারে তুমি রাখিলে খিয়াতি (মাঃ)।

খিয়ানৎ···খেয়ানৎ দেখ।

খির-কিচ·· ষ্য. (সং কীট, বা॰ খিঁচ—বালুকা)। বিঘ্ন, গোলযোগ।

খিরণী···ক্ষীরণী দেখ।

খিরাই···ক্ষীরাই দেখ।

খিরাজ, খেরাজ···ষ্য. (অ.॰ খরাজ)। রাজ-কর। খিরাজী···ণ. যাহাতে রাজকর দিতে হয়। লা-খরাজ ··ণ. রাজকরহীন।

খিল্-খিল···ব্য. (সং কিল ধাতু ক্রীড়নে। কিল্-কিল দেখ)। খেলায় ও কৌতুকে হাস্য শব্দে। (খলখল দেখ)।

খিল ··ণ. (সং)। অকৃষ্ট, পতিত, প্রঃ—খিল জমি লেখে মাল (কবিকঃ), (পতিত জমিকে চষত জমি বলিয়া লেখে)।

খিল···ষ্য. (সং খল্লী)। খাল দেখ।

খিল···খীল দেখ।

খিলা···ধাতু. (সং শৃঙ্খল হইতে)। খিলাই —শৃঙ্খলবদ্ধ করি, প্রঃ—পাকানা দোড়ী খিলানা—একগাছি বেড়িয়া অন্য গাছি মোড়া। খিলানে ইট খিলানা হয়। খিলানা, খিলান॥

খিলাৎ ··ষ্য. (আ॰)। রাজদত্ত সম্মানসূচক পরিচ্ছদ, খেলাৎ।

খিলান ··ষ্য. (খিলা ধাতু দেখ)। শৃঙ্খলিত ইট পাথরের তোরণ। চাঁদকা খিলান··· অর্ধ-চন্দ্রাকার। এইরূপ, অর্ধ-বৃত্তাকার, দীর্ঘ-বৃত্তাকার, দুইপাশে দুই অর্ধ-বৃত্তাকার খিলান হইয়া থাকে।

খিলি···ষ্য. (সং কুহলি—বৈদ্যকঃ। ও॰ খিল, হি॰ খীলী। প্রাচীন নাম বিড়া, ও॰ বিড়িআ, ম॰ বিডা—সং বীটি)। পত্রের মোচার আকারের মোড়ক, পানের মোড়ক।

খিসারা, খেসারৎ (গ্রা॰)···ষ্য. (আ॰ খিসারা)। ক্ষতি।

খীল···ষ্য. (সং কীল)। কীলক, রন্ধ্রের শলা, হুড়কা।

খুক্-খুক, খুঁক্-খুঁক্···ব্য, (সং খু ধাতু ধ্বনি হইতে, সং খিখি—বা॰ শিয়াল)। কণ্ঠের অব্যক্ত ধ্বনিতে, প্রঃ—কাশিতে গলা খুক্-খুক করে। (খকখক দেখ)। খুক্‌খুকা, খুক্‌খুকিয়া···খুক্‌খুক ধ্বনিবিশিষ্ট।

খুকী, খুঁকী···খোকা, খোঁকা দেখ।

খুঞ্জী···ষ্য. (সং করঙ্ক। আসা॰ কুকী, ও॰ ম॰ খোঞ্জা—আঙ্গুল ভিতর দিকে মুড়িয়া করপুট)। পেড়ী, মস্যাধার-লেখনী রাখি-বার পেড়ী। খুঞ্জী-পুথী···খুঞ্জী ও পুস্তক।

খুচ্-খুচ···খচ্‌খচ দেখ।

খুঁচ···ধাতু. (সং কুচ ধাতু বিলেখনে, সং খবুজ ধাতু খোটনে। বোধ হয় বাং খোঁচ সং কুন্ত হইতে। খোঁচা ধাতু দেখ)। খুঁচি—খোঁচা দ্বারা বিদ্ধ করি, প্রহার করি॥ খোঁচা, খোঁচ॥

খুচরা ··ণ. (সং ক্ষুদ্র হইতে। হিং খুদরা। কুঁচা দেখ। তুং ফাং খুজরা—অল্প)। ক্ষুদ্র, প্রঃ—খুঃ জিনিষ; অল্প, প্রঃ—খুঃ বিক্রি. খুঃ পয়সা। কথায়, খুচরা কাজের মজুরা নাই—অসম্বদ্ধ ক্ষুদ্র ক্ষুদ্র কাজ করাইবার মজুরির হিসাব রাখা কঠিন।

খুজ, খুঁজ (গ্রাং)···ধাতু. (সং খজ ধাতু বিলোডনে। হিং খুদনা—অর্থের নিমিত্ত খনন। বাং খোজা, ওং খোজিবা, হিং খোজনা। আং খোজ—অন্বেষণ)। খুজি, খুঁজি—অন্বেষণ করি। খোজ, খোঁজ, খোজা, খোঁজা, খুজনি, খোজা-খুজি॥

খুঁজ ··ধাতু. (গুঁজ, খাঁজ দেখ)। খুঁজি—যথাস্থানে সন্নিবেশ করি, প্রঃ—চৌকির কাঠ খুঁজিয়া দেওয়া—গুঁজিয়া লাগানা। খোঁজা॥

খুজলি···ষ্য. (সং খর্জু। উর্দু)। খস। (রাঢ়ে চলিত নাই)

খুঞা···ষ্য (সং ক্ষৌম। ব্রাহ্মং ক্ষৌমাদি—অঃ। কিন্তু টীকাকার ও সাধারণে ক্ষৌম অর্থে পট্টভব কৌষেয় তসর বুঝিয়া থাকেন। অমরের, অতসী স্যাদুমা ক্ষুমা দেখিলে ক্ষৌম অর্থে পাট হইতে পারে না। কাপড় দেখ)। তিসীগাছের ছালের সূতা, সেই সূতার কাপড় (linen), প্রঃ—কবিকঃ। ভারতেও, খুঁয়ে তাঁতি হয়ে দেহ তসরেতে হাত। (তসর ও ক্ষৌম যে এক নহে, তাহার প্রমাণ।)

খুঞ্চি·· ষ্য. (সং কুঞ্চি—অষ্টমুষ্টি পরিমাণ মানপাত্র)। ধান চাউল মাপিবার কুঞ্চি, কুনিকা।

খুঞ্চৌ·· ষ্য. (ফাং খাঞ্চা+হ্রস্বার্থে ঈ)। কাঠের ছোট বারকোশ।

খুঁট···ধাতু. (ওং খুণ্ট, হিং খুট, মং খুট, খুড় ধাতু। হিং খুট ধাতু অর্থে ভাঙ্গা আছে। অতএব বোধ হয় সং খুন্ড,খুড ধাতু ভেদন, খোটন হইতে)। খুঁটি—খুড়ি, প্রঃ—দাঁত খোঁটা; এক একটি করিয়া সংগ্রহ করি, প্রঃ—পাখী খুঁটিয়া খায়। খোঁটা॥ খুঁট ·· ষ্য. (খুঁট ধাতু। হিং খোটা—দোষযুক্ত, বাং খোঁটা দেখ)। পুরাতন ভাঙ্গা কাঁসা। খুঁট গলাইয়া নূতন বাসন গড়া হয়।

খুঁট·· ষ্য. (সং কূট। হিং খুঁট—কোণা, খুড়—খাই; ওং খুণ্ট; বাং খুঁট—কূড়; মং খুঁট—পথপ্রান্ত, খুণ-গাঁঠ—কাপড়ের খুঁটে গাঁইঠ স্মরণার্থে)। বস্ত্রাদির কোণ। খুঁট-আঁখরিয়া, খুঁট-আখর্যে ··ণ. (সং কূট-আক্ষরিক? বাং খুঁট—ভাঙ্গা+আঁখর+ইয়া)। যার হাতের অক্ষর ভাঙ্গা ভাঙ্গা, অল্প বিদ্যা যার।

খুঁটা, খুঁটি···ষ্য. (সং কুট—বৃক্ষ। সং স্থূণা? স্থূণা স্তম্ভেহপি বেশ্মনঃ—অঃ. গৃহস্তম্ভ বা খুঁটি। ঢাকায় খম্বা—খুঁটি। হিং খুঁটা—কাঠের খম্ভা। মং খুঁট, খুঁটা, খুটী খুঁটী। ওং খুণ্টি। সং কূণিকা?—বীণাদি মূলস্থ বংশ-শলকা। সেতার বীণার খুঁটী বলা যায়)। খুঁটা, খোঁটা···কীলক বা গোঁজ। খুঁটি···দীর্ঘ কীলক বা বাঁশ, কাঠের স্তম্ভ। (সুতরাং খুঁটার হ্রস্বে খুঁটি নহে। আসাংতে খুঁটি—ছোট খুঁটা)।

খুঁটি-নাটি…ষ্ঠী (খুঁট ধাতু অন্বেষণে, নাড় লাড় ধাতু চালনে। চৈঃ অমৃতে, কুটিনাটি)। খুঁটি-নাটি—খুঁটিয়া নাড়িয়া দেখা; ক্ষুদ্র ক্ষুদ্র যাবতীয় অঙ্গ বা বিষয়। খুঁটি লুটি, খুঁটি-লুটি…খুটিয়া ও লুঠিয়া গ্রহণ, বলপূর্বক সমুদায় গ্রহণ।

খুটি · ষ্য. (হিং খুন্টী। সং কোষ্ঠ হইতে)। কুঠী। খটি দেখ।

খুঁটী ··ষ্য. (খুঁটা হ্রস্বে ঈ)। সেতার বীণা প্রভৃতি যন্ত্রের শলাকা।

খুঁটী···ষ্য. (খুঁট—দেখ)। গালা কাঁসা মাটির বাটিতে ঢালিয়া উপরটা চাঁচিয়া সমান করিলে যে পিণ্ড বা ইট হয়। খুঁটি তাওয়াইয়া পিটিয়া কাঁসার থালা হয়।

খুড় ··ধাতু. (সং খুণ্ড ধাতু ভেদনে) খুঁড়ি—খনন করি, প্রঃ—মাটি খোঁড়া; কুদৃষ্টি দিই, প্রঃ—খুঁড়িলে ছেলে শীর্ণ হয়। খোঁড়া॥

খুড়া ··ষ্য. (সং খুল্ল- তাত। খুল্ল—কনিষ্ঠ, তাত লুপ্ত)। পিতার কনিষ্ঠ ভ্রাতা। স্ত্রীং খুড়ী। খুড়া-জেঠা ··(সহচর শব্দ, জেঠা-খুড়া নহে)। পিতৃব্য। খুড়তাত (প্রাং খুড়্‌তত)···ণ. (সং খুল্ল-তাত)। খুড়তাত ভাই·· খুড়ার পুত্র-রূপ ভাই। খুড়-শাশ·· ষ্য. (সং খুল্ল-শ্বশ্রূ)। খুড়-শাশুড়ী। খুড়-শ্বশুর···ষ্য. (সং খুল্ল-শ্বশুর)। শ্বশুরের কনিষ্ঠ ভ্রাতা।

খুঁড়িয়া কলাই·· ষ্য. (সং খণ্ডিক—ছোট মটর হইতে?)। খেঁসারী দেখ।

খুঁৎ-খুঁৎ···ব্য. (সং ক্ষুত—হাঁচি)। খুঁৎ-খুঁৎ করা—নাকে যেন কিছু আছে তাহা বাহির করিতে ঘন ঘন নিশ্বাস ফেলা; অশান্তি, অস্বাস্থ্য বোধ করা। খুঁৎখুঁতিয়া, খুঁৎখুঁতে ···ণ. যে ক্ষণে ক্ষণে নিশ্বাস ফেলে, তৃপ্তি পায় না। খেঁৎ-খেঁৎ···খুঁৎখুঁতের প্রাবল্যে, প্রঃ—ছেলে খেঁৎ-খেঁৎ করিলে জ্বর হইবার আশঙ্কা হয়।

খুঁৎ, খুঁৎ···ষ্য. (সং কূট। কাঁসারীর খুঁট দেখ। হিং মং খোটা—মিথ্যা, ঝুটা)। দোষ, ছিদ্র, প্রঃ—খুঁৎ ধরা। নিষেধে, নিখুঁৎ ··নির্দোষ।

খুদ ··ষ্য. (সং ক্ষোদ)। গুঁড়া চাল। খুদ-কুঁড়া···ষ্য. (কুঁড়া দেখ। সহচর শব্দ)। চালের চূর্ণ বা গুঁড়া, প্রঃ—কেহ দিত খুদ-কুঁড়া কেহ শাক লাউ (মাঃ)। খুদ-কণা·· ষ্য. (সহচর শব্দ)। খুদ এবং চাউলের কণা।

খুদ·· ধাতু. (সং ক্ষুদ ধাতু)। খুদি—কাষ্ঠ ধাতু প্রভৃতি কঠিন বস্তু খুঁড়িয়া রেখা করি। খোদা॥

খুদ···ষ্য. (ফাং)। স্বয়ং, নিজের। খোদ দেখ। খুদ কস্তা—ণ. (ফাং খুদ কাষ্ত)। যে প্রজা নিজে জমি চাষ করে ও জমিদারকে কর দেয়। প্রজা দেখ।

খুদিয়া, খুদ্যে···ণ. (সং ক্ষুদ্র+বাং ইয়া। ওং, খুদ্রিআ, আসাং খুদীয়া। তুং সং ক্ষুদ্রল)। অত্যন্ত ক্ষুদ্র, প্রঃ—খুঃ পিপিড়া।

খুঁদী ··ণ (সং ক্ষুদ্র)। ক্ষুদ্র, প্রঃ—খুঁদী ঘর; ···ষ্য. অত্যন্ত ক্ষুদ্র গৃহ।

খুদ্দ (গ্রাং)···ণ. (সং ক্ষুদ্র। তুং ফাং খুর্দ)। ক্ষুদ্র, প্রঃ—(শুং পুঃ)।

খুন···ষ্য. (ফাং)। রক্ত; হত্যা। খুনী···ণ. হত্যা সম্বন্ধী, প্রঃ—খুনী আসামী (আদাঃ)। খুনিয়া, খুন্যে·· ষ্য. (খুন+ইয়া)। হত্যাকারক। খুন-খারাপি···(খানেখরাব হইতে?)। রক্তপাত। খুন-খারাপি···ষ্য. খুন—রক্তের তুল্য লাল রঙ্গা-বিশেষ (congo red)।

খুস্তী···খস্তী দেখ।

খুন্‌সি ··ষ্য. (আ° খুনসা—হিজরা)। হিজরা-পনা (ভাঃ)।

খুপরী···ণ. (স° ক্ষুপ+বা° রী)। ক্ষুপের সদৃশ, ঝোপের সদৃশ নিম্ন ও ক্ষুদ্র, প্রঃ—খুঃ ঘর।

খুপি ··ষ্য. (স° খুরপ্রা হইতে?)। ছোট গর্ত্ত, প্রঃ—জমিতে খুপি কাটিয়া বীজ বোনা। (খোপ+ঈ=খোপী—খুপী?)।

খুপী ··ণ. (খোপ+ঈ=খোপী—খুপী)। খোপের তুল্য ছোট, প্রঃ—খুপী ঘর; খুপরী।

খুব···ণ. (ফা°)। উত্তম, অত্যন্ত। খুব সুরৎ ··ণ. (ফা°)। সুশ্রী।

খুবানি খোবানি দেখ।

খুয়া ··খুঞা দেখ।

খুর্-খুর্···খর্-খর দেখ।

খুর···ষা. (স° ক্ষুর, খুর)। গবাদি পশুর নখ (hoof); নাপিতের শস্ত্র। কথায়, এক খুরে মাথা কামানা—একই দশা হওয়া।

খুরটি···ষ্য. (স° খুরলী—শরাভ্যাস—হেমঃ। হি° খুরাণ্ট—দুষ্ট)। নির্বন্ধ, দুষ্টামি, প্রঃ—দুষ্ট ছেলে খাবার সময় নানা খুরুটি করে।

খুরপা···ষ্য. (স° খুরপ্র.)। ঘাস উপাড়িবার অর্ধচন্দ্রাকৃতি শস্ত্র। খুরপী ··ছোট খুরপা।

খুরা···ষ্য. (স° খুরক)। খাট প্রভৃতির পায়ের নিম্নভাগ; ঘটীবাটীর তলার বলয়।

খুরাটি ··ষ্য. (খুর+মাটি)। গবাদি পশুর খুরোত্থিত মাটি; কাদায় গোরু চলিলে এবং সে কাদা শুখাইলে যে উচানীচা মাটি হয়।

খুরী ··ষ্য. (খোরা+ঈ—হ্রস্বার্থে। খুর+ঈ—বিশিষ্টার্থে)। মাটির ছোট কটোরা; (পূর্বকালে পিতলের হইত, প্রঃ—থালি খুরি ডাবরেতে পুরিআ লহি চন্দন (শূং পুঃ। এইরূপ কবিকঃ। খুরা-দেওয়া বাটী। খোরা দেখ)। (২) গোরুর খুরের রোগ-বিশেষ (গোরু দেখ)।

খুর্মা ··ষ্য. (ফা°)। পঞ্জাবের খর্জ্জুর বিশেষ (Phœnix dactylifera. Date)। এই গাছ ৬০।৭০ হাত উচা হয়। গোড়া হইতে তেউড় জন্মে, এবং তাহা হইতে নূতন গাছ জন্মানা হয়। গাছপাকা খেজুর—পিণ্ডী খেজুর, গাছে পাকিয়া শুখাইলে খুর্মা, কাঁচা শুখানা—ছোহারা (দেখ)। বঙ্গ-দেশের খেজুর—বন্য খর্জ্জুর। (২) আটা ঘি চীনিযোগে খেজুরের আকারের মিষ্টান্ন-বিশেষ (ফা° খুর্মল খুষ্থ)।

খুল ··ধাতু. (স° স্খল ধাতু সঞ্চলনে)। খুলি—স্খলন করি, মোচন করি, প্রঃ—কপাট খোলা, মন খুলিয়া কথা; বিকশিত হই, সুন্দর হই, মানাই, প্রঃ—চিত্রে রঙ্গ খোলা। খোলা॥

খুলী···ষ্য. (স° খোলক, খল্লিকা)। ছোট খোলা (দেখ), মুড়ি খই ভাজিবার মৃৎ কটাহ; মস্তকের করোটী; খোল (বাদ্য-যন্ত্র)-বাদ্যকর; ঢোলক খোল প্রভৃতি বাদ্যযন্ত্র-বাদকসম্প্রদায়, প্রঃ—এক খুলী বাদ্যকর।

খুশি, খুসি···ণ. ষ্য. (ফা° খুশ)। প্রীত, সুস্থ; হর্ষ (খোশ দেখ); ইচ্ছা, প্রঃ—আপন খুশিতে তমশুক লিখিতেছি।

খুস্কি···ণ. (ফা°—শুষ্কতা)। শুষ্ক, প্রঃ—খুস্কি পথ—জলপথ নহে, স্থলপথ; মাথার শুষ্ক চর্ম (scurf)।

খুস্-খুস···খস্‌খস দেখ।

খুস্থুর-ফুস্থুর···ব্য. (হিং খুসর-ফুসর। সং স্ফুর ধাতু ?)। ফুস্‌ফুস শব্দে, প্রঃ—কানে খুস্থুর-ফুস্থুর করা—ফুস্‌ফুস শব্দে কথা কহা।

খে (গ্রাং)···খেয়া দেখ।

খেই ··খাই দেখ। খেই-হারা ··সূত্র-হারা, যে কর্ম্মসূত্র বা বাকসূত্র হারাইয়াছে, বিহ্বল।

খেউড় ··ষ্য. (সং ক্ষ্বেড। ক্ষ্বেডো ধ্বনৌ কর্ণা-ময়ে ; ক্ষ্বেডা সিংহনাদে চুরাসদে চ কুটিলে —মেঃ)। অশ্লীল গীতবিশেষ, প্রঃ—নদে শান্তিপুর হৈতে খেঁড়ু আনাইব। নূতন নূতন ঠাটে খেঁড়ু শুনাইব (ভাঃ)। (২) অশ্লীল গালি।

খেউরি (গ্রাং)···ষ্য. (সং ক্ষৌর)। ক্ষৌরকর্ম্ম।

খেঁক্-খেঁক···ব্য. (সং খু ধাতু শব্দে। তুং সং খিখি—শৃগাল)। ক্রুদ্ধ পশুর তর্জন শব্দে, প্রঃ—হনুমান খেঁক্-খেঁক করিয়া কামড়াইতে আসে। খাঁক দেখ। খেঁক-খেঁকানি ··তর্জন।

খেঁকশিয়াল ··ষ্য. (সং খিখি-শৃগাল)। ওং কোকি, কোকি-শিয়াঠি)। শৃগাল বিশেষ (Fox. Vulpes bengalensis)। শিয়াল অপেক্ষা শীর্ণ। পুচ্ছ দীর্ঘ, মাথা লম্বা। খেঁক-খেঁক-খেঁক শব্দে ডাকে। (শিয়াল দেখ)। স্ত্রীং খেঁকশিয়ালী। ছেলে কথায়, রোদ হয় জল হয় খেঁক-শিয়ালীর বিয়া হয়—রৌদ্র ও বৃষ্টি পরেপরে হইলে। (হিং তে গধাগধিকা বিয়া)।

খেঁকা···ধাতু (সং খিখি হইতে। কিংবা খাক—খাই-করা হইতে)। খেঁকাই—খিখি শৃগালবৎ চীৎকার করি, কিংবা খাই খাই করিয়া আক্রমণ করি। খেঁকানা, খেঁকানি॥

খেঁকী ··ণ. (খেঁক+ঈ)। যে খেঁক-খেঁক করে ; অনাহারে শীর্ণ কোপন, প্রঃ—খেঁকী কুকুর।

খেগো · ণ. (খাগুয়া—খেগো। খাগী শব্দের পুং)। যে খায় বা খাইয়া থাকে, প্রঃ—গোরু-খেগো, গু-খেগো, (গালিতে)।

খেঙরা···ষ্য. (সং খিঙ্খির)। গৃহমার্জনী, ঝাঁটা।

খেঁচ ··খিঁচ ধাতু দেখ।

খেঁচকা···ষ্য. (খিঁচ ধাতু হইতে)। যাহা খেঁচ—টানা বাঁধা ভাব করে, প্রঃ—পায়ে খেঁচকা (sprain) লাগে—যেন বোধ হয় কিছুতে টানা বা বাঁধা হইয়াছে। কাজে খেঁচকা—বিঘ্ন। খেঁচকা···ধাতু. খেঁচকাই—খেঁচ খেঁচ করি, অশান্ত অস্থির করি, প্রঃ—দাও দাও করিয়া রাতদিন খেঁচকায়। খেঁচকানা, খেঁচকানি॥

খেচড়া···ষ্য. (খচ্চর শব্দের অশিষ্ট প্রয়োগে। ওং খেচড়া, হিং খচড়া। কিংবা সং কুচর হইতে)। কুচর, দুর্বৃত্ত। খেচড়াপনা ··খেচড়াবৎ ব্যবহার। খেচড়া···ধাতু. খেচড়াই—খেচড়া হই। খেচড়ানা, খেচড়ানি॥

খেঁচনি, খিঁচনি ··ষ্য. (খিঁচ ধাতু দেখ)। আক্ষেপ-রোগ (convulsion), আকর্ষণ।

খেজুর ··ষ্য. (সং খর্জ্জূর। খর্জ্জূর—পিণ্ড খর্জ্জুর —বঙ্গদেশের খর্জুর নহে। খুর্মা দেখ। খর্জুরী, খর্জুরিকা—বঙ্গদেশের খেজুর। ওং খজিরি। মাণিকে, ভারতেও খাজুর। অতএব অল্পদিন হইতে খেজুর নাম আসিয়াছে)। তালাদি বর্গের প্রসিদ্ধ ফল ও গাছ (The wild date. Phœnix sylvestris)। খেজুর-রস···খেজুর গাছের অগ্রভাগ হইতে

নির্গত মিষ্টরস। খেজুরিয়া, খেজুরে ··ণ. (খেজুর+ইয়া)। খেজুর সম্বন্ধীয়, খেজুর গাছ হইতে জাত, প্রঃ—খেঃ গুড়; খেজুর সদৃশ, প্রঃ—খেঃ বোনা—খেজুর ছড়াতে খেজুর যেমন সাজানা থাকে তেমন বোনা (যেমন তালাই); খেঃ গাঁথনি—ইটের পাশে দাঁড় করাইয়া গাঁথনি। খেজুর-ছড়ী ·· ষ্য. খেজুর পাতার মতন রেখাযুক্ত রেশমী কাপড়। গোঁফ-খেজুরিয়া·· গোঁফ দেখ।

খেট, খেঁট (গ্রা°)···ষ্য. (সং খেট)। ভোজন (অশিষ্টে খেঁট)।

খেটে শাগ ··ষ্য. (সং ক্ষেত্র হইতে খেটে? সং খট্ট—গ্রাম হইতে?)। নালিতা পাট শাক।

খেড়···ষ্য. (সং খেট)। তৃণ, খড় (পূর্ববঙ্গে)। প্রঃ—খেড় মন্দির (শূং পুঃ)।

খেঁড়, খেড়ু ··খেউড় দেখ।

খেঁড়ী কলাই···ষ্য. (সং খণ্ডিক—ছোট মটর? সং ক্ষেত্র হইতে? হিং মাঠ,মোঠ)। শিম্বাদি বর্গের প্রায় বন্য মুগ কলাই বিশেষ (Phaseolus aconitifolius)। লতানিয়া সরু লোমশ গাছ, শুঁটী লোমশ নহে। দরিদ্রে খেঁড়ী কলাইয়ের বড়ী করিয়া খায়। বিহার আসামে নিকৃষ্ট জমিতে চাষ হয়।

খেণে, খেনে···ব্য. (সং ক্ষণ)। ক্ষণে (প্রাচীন পদে)।

খেঁত্-খেঁত ··খুঁত্‌খুঁত দেখ।

খেত ··ষ্য. (সং ক্ষেত্র)। কৃষিভূমি। খেত-খোলা ··(সহচর শব্দ)। ক্ষেত্র ও নিম্নভূমি। খেতড়া···ষ্য. (খেত+ড়া)। ক্ষেত্রকর্ম, কৃষির কর্ম। খেত-পাপড়া ··ষ্য. (সং ক্ষেত্র পর্পট। ও° ঘর-পুড়িআ,—ক্ষেত্র হইতে ঘর)। আচ্ছুকাদি বর্গের বন্য শাক বিশেষ (Oldenlandia corymbosa)। গাছ ঝাঁপড়া, প্রায়ই সোজা নহে, শাদা ছোট ছোট ফুল, বর্ষাকালে ফোটে, এবং জোড়া জোড়া ফুল একত্র জন্মে।

খেতাব ··ষ্য. (আ° খিতাব)। উপাধি, নাম, প্রঃ—মজুমদার খেতাব।

খেত্ত (গ্রা°)···ষ্য. (সং ক্ষেত্র)। বিষয়, উপলক্ষ, প্রঃ—এ খেত্তে মিট-মাট করা ভাল।

খেত্রী ··ষ্য. (সং ক্ষত্রিয়, ক্ষত্তা)। হিন্দুজাতি-বিশেষ। স্ত্রী° খেত্রিয়ানী (হিং খতরাণী)।

খেদ ··ধাতু. (সং খিদ ধাতু দৈন্যে)। খেদি —শোক করি, প্রঃ—ছেলের তরে মা খেদিয়া বেড়ায়। খেদা॥

খেদা · ষ্য. (সং ক্ষেত্র। ঢাকায় খাদা)। ভূমিপরিমাণ বিশেষ।

খেদা ··ষ্য. (সং খাত)। হাতী ধরিবার বেষ্টন।

খেদা···ধাতু. (সং খেদ হইতে)। খেদাই— খিন্ন করি, তাড়িত করি, প্রঃ—সিংহনাদে খেদাইবে শৃগাল-সদৃশ (মেঘনাদবধ)। খেদানা॥ বাপ-খেদানা ··পিতার তাড়িত। খেদানিয়া···ণ যাহা তাড়াইয়া দেয়, প্রঃ— খেঃ কথা।

খেদাড় ··ধাতু. (সং খেদিত হইতে)। খেদাড়ি —পশ্চাৎ ধাবিত হই, প্রঃ—অনন্ত বাসুকি তারে খেদাড়িআ থাএ (শূং পুঃ)। খেদাড়া, খেদড়া ··ধাতু (খেদাড় ধাতু আন্তে)। খেদাড়াই—পশ্চাৎ ধাবিত করি। খেদাড়ানা, খেদড়ানা॥ (হিং খাদড়না)।

খেদেল (গ্রা°) ··ণ. (খাদাল দেখ। হিং খাদৈল)। খাদযুক্ত, মিশাল।

খেনে…ব্য. (সং ক্ষণ)। ক্ষণে, প্রঃ—কি খেনে করিনু প্রেম না জানি মরম (চণ্ডীঃ), কি খেনে বাড়াইনু পা জলে (জ্ঞানদাস)। খেনেক…ব্য. (ক্ষণ+এক)। একটু ক্ষণ।

খেপ…ষ্য. (সং ক্ষেপ)। একবার আনয়ন ও ক্ষেপণ, প্রঃ—পাঁচ খেপ ইট আসিয়াছে, দুই খেপ জাল ফেলা। খেপলা…জাল দেখ।

খেপা…ণ. (সং ক্ষিপ্ত)। ক্ষিপ্ত, নির্বোধ। স্ত্রী° খেপী। খেপা…ধাতু. খেপাই—ক্ষিপ্ত করি। খেপানা॥

খেমটা…ষ্য. (সং কাম্তা ; কমিতা—কামুক হইতে ?)। নর্তনের তাল বিশেষ। আড়-খেমটা…খেমটার অর্ধতাল। কথায়, ঘোমটার ভিতরে খেমটা নাচ—অবরোধের মধ্যেও দুষ্ক্রিয়া। খেমটা নাচ…বারনারীর কুৎসিৎ অঙ্গভঙ্গিসহ নৃত্য। খেমটা-আলী…ষ্য. (খেমটা+আলী)। খেমটা-নাচকারিণী।

খেমা (গ্রা°)…ষ্য. (সং ক্ষমা)। ক্ষমা, প্রঃ—খেমা ঘেন্না দেওয়া ; আমার বিশেষ দোষ খেমা কর মোরে (শূং পুঃ)।

খেয়া, খে…ষ্য. (সং ক্ষেপ)। নৌকা দ্বারা নদীপার, জালনিক্ষেপ। খেয়াঘাট…নদীর যে ঘাটে নৌকা পারাপার হয়। খেয়ারী…ষ্য. (সং ক্ষেপকারী)। যে নৌকা পারাপার করে (অপ্রচঃ)। খেয়া…ধাতু. খেয়াই—নৌকা পার করি, জাল নিক্ষেপ করি। খেয়ানা॥

খেয়াতি…ষ্য. (সং খ্যাতি)। খ্যাতি (প্রাচীন পদে)। অখেয়াতি…অখ্যাতি।

খেয়ানৎ…ষ্য. (আং খয়ানৎ, খিয়ানৎ)। অসাধুতা, আত্মসাৎকরণ, ক্ষতি। খেয়ানতী…ণ. অসাধু, ক্ষতিকর।

খেয়াল…ষ্য. (আং খয়াল, খিয়াল)। অনুমান, কল্পনা, মতি, স্মরণ। খেয়ালিয়া, খেয়াল্যে…ষ্য. যে কল্পনা করে, বিক্ষিপ্ত চেতা। বদ্-খেয়াল, বদ্-খেয়ালি…কুকর্ম। খাম-খেয়াল, খাম-খেয়ালি…অহেতুক কল্পনা। (২) ধ্রুপদ অপেক্ষা লঘু-প্রকৃতি গীত-বিশেষ (প্রাচীন রীতির গীতের ব্যভিচার বলিয়া নাম খেয়াল)। খেয়ালী…খেয়াল গানে দক্ষ (গান দেখ)।

খেয়াশ…ষ্য. (ফা° খুআহিশ)। ইচ্ছা, মনোযোগ, প্রঃ—কাজে খেয়াশ (গ্রা° খেশ) নাই। অ-খেয়াশি…অনিচ্ছা, অমনোযোগ।

খেরাজ…খিরাজ দেখ।

খেরুয়া, খেরো…খারুয়া দেখ।

খেল…ধাতু. (সং খেল ধাতু)। খেলি—ক্রীড়া করি, কেলি করি; প্রঃ—ছেলে খেলিতেছে, সাপ খেলিতেছে। খেলা॥ খেলা…ধাতু. (°খেল আস্তে)। খেলাই—চালিত করি, ক্রীড়া করাই, প্রঃ—মাছ খেলানা। খেলানা॥ খেলানা, খেলনা…ষ্য. (সং খেলনী)। খেলা করিবার দ্রব্য। খেলআড়,খেলোয়াড়…ষ্য. (খেলা+আড়)। খেলা শীল যার, অস্ত্র-চালনায় দক্ষ ; ধূর্ত। খেলাড়ী, খেলাড়িয়া…ষ্য. (খেলা+আড়ী ; খেলাড়ী+ইয়া)। খেলায় দক্ষ, খেলা করে যে। খেলা-দোলা…ষ্য. (সহচর শব্দ)। খেলা ও দোলা, প্রঃ—খেলাদোলা ভাঙ্গিঞা মন্দিরে চলি জায় (চৈতন্য মঙ্গল)। (অপভ্রংশে খেলাধুলা)।

খেলাৎ, খিলাৎ…ষ্য. (আং খিলাৎ)। সম্মান সূচক বা পুরস্কারসূচক পরিচ্ছদ।

খেলাপ ষ্য. (আং খিলাফ)। পরিবর্তন,

অন্যথা, বিরুদ্ধ, প্রঃ—কথার খেলাপ করা।

খেলারী ··ষ্য. (খেলা+আরী)। ছেলেদের খেলানা-নির্মাণকারী।

খেলেক যা ··ব্য. (খাইলেক যা)। আশ্চর্যে, ক্রোধে (নারীভাষায়)।

খেলো··ণ. (সং ক্ষুল্লক)। নীচ, নিকৃষ্ট, প্রঃ—খেলো কাপড়।

খেশ (গ্রা°) ··খেয়াশ দেখ।

খেশ ··ষ্য. (হিং খেস। সং কেশ হইতে)। ছক-কাটা শীতবস্ত্র বিশেষ।

খেসারৎ ··ষ্য. (আং খিসারা)। ক্ষতি। খেসারতী ··খেসারৎ সম্বন্ধীয়।

খেঁসারি · ষ্য. (সং খঞ্জকারি—বৈদ্যকঃ। অন্য সং নাম ত্রিপুটি। ওং চণা, হিং খিসারী)। শিম্বাদি-বর্গের কৃষিজাত কলাই বিশেষ (Lathyrus sativus)। উপপত্র বড় পাতার মতন, শুঁটি চেপটা, কলাই সকোণ। (খেঁসারির দাইল খাইলে নাকি সন্ধি-বাতে ধরে? এজন্য নাম খুঁড়িয়া—খোঁড়িয়া? খুঁড়িয়া কলাই দেখ)।

খৈ···খই দেখ।

খোকা, খোঁকা···ষ্য.(খক্‌খক দেখ। খোকা—কবিকঃ। ঢাকায় কোকা, যশোরে কোদা)। শিশুর আদরের নাম। স্ত্রীং খুকী, খুঁকী। শিশুর নাম যে কত আছে, তাহা বলিতে পারা যায় না। যে-কোন শব্দ—পশুপক্ষী বাচক, গুণ বাচক—স্নেহে সিক্ত হইয়া মধুর হইয়া উঠে। গু—বিষ্ঠা—পর্যন্ত পরিবর্তিত হইয়া গুইয়া, গুয়ে নাম হইয়াছে। কালা, খাঁদা, ভুতা, বোঁচা, নেড়া; এককড়ি, দুকড়ি, তিনকড়ি, পাঁচকড়ি, সাতকড়ি, নকড়ি; ননী, ফণী, মণি; যাদু, যাদুমণি, নীলমণি প্রভৃতি অনেক আছে। ভাল নামও সংক্ষিপ্ত ও বিকৃত করিতে না পারিলে যেন স্নেহের পর্যাপ্তি হয় না। কতকগুলি নাম সংস্কৃত-মূলক; যথা, পোটা, পাকা, কচি ইত্যাদি)। 'কচি-খোকা, কচি-খুকী ··কোমল খোকা, খুকী। কথায়, কচিখোকা (বা খুকী)। কুলায় শুয়ে তুলায় দুধ খায়—অতিশয় শিশু (শ্লেষে)।

খোক্কশ ··ষ্য. (বোক্কশ দেখ)। পেটুক, রাক্ষস-বিশেষ। (গালিতে)

খোঞ্জা ··ষ্য. বড় খুঞ্জী। খুঞ্জী দেখ।

খোঁচ···ষ্য. (সং কুন্ত। ঢাকায় কোঁচ। খুচ ধাতু দেখ)। সরুমুখ লম্বা অস্ত্র। খোঁচা ·· ষ্য. সরুমুখ সরু দ্রব্য। কাঁটা-খোঁচা (সহচর শব্দ)। খোঁচনা···ষ্য. যাহা দ্বারা খোঁচা যায়, প্রঃ—বাঁশের খোঁচনা দিয়া খুঁচিয়া উনান ভাঙ্গিয়াছে। (গোঁজনা দেখ)। খোঁচা ···ধাতু. (খোঁচ হইতে)। খোঁচাই—খোঁচা দিয়া বিদ্ধ করি। খোঁচানা॥

খোঁচড়া ··ধাতু. (খোঁচা হইতে)। খোঁচড়াই—খোঁচা দিয়া নাড়ি, বিলেখন করি। খোঁচড়ানা॥

খোজ ··ষ্য. (খুজ ধাতু)। অন্বেষণ। খোজ-খবর ··(সহচর শব্দ)। তত্ত্ব, সংবাদ।

খোজা···ধাতু (খুজ ধাতু আস্তে)। খোজাই—অন্বেষণ করাই। খোজানা॥

খোজা ··ষ্য. (ফাং)। যে পুরুষকে ক্লীব করা হইয়াছে।

খোজুয়া ··ষ্য. (সং খর্জু। ঢাকায় খাউচ; হিং খজলী; আসাং খজুরা)। খস, চুল-

কনা, প্রঃ—রস পড়ে খোজুয়া হৈতে (চৈঃ চঃ)। (অপ্রচঃ)।

খোঁটরা··ধাতু. (খোঁটা হইতে)। খোঁটরাই—খোঁটা দ্বারা উল্লেখন করি, প্রঃ—কাটি দিয়া দাঁত খোঁটরানা। খোঁটরানা ॥

খোঁটা· ধাতু. (খুঁট ধাতু আস্তে)। খোঁটাই···অস্ত্র দ্বারা এক একটি করিয়া সংগৃহীত করাই। খোঁটানা ॥

খোঁটা ··ষ্য. (খুঁটি দেখ)। গোঁজ।

খোঁটা · ষ্য. (সং কূট। কূট—মায়া, তুচ্ছ, অনৃত—মেঃ ; কৈতব—অঃ। ওং খুণ্টি দেবা—প্রতিবন্ধক। হিং মং খোটা—মিথ্যা, কৃত্রিম, দোষযুক্ত)। মিথ্যা অপবাদ, কৃতোপকার স্মরণ করানা, প্রঃ—পাবে বড় খোঁটা (কবিকঃ), পাছে বল বুনিপোরে মাসী দেই খোঁটা (ভাঃ)। (২) কৃত্রিম বা দোষযুক্ত, প্রঃ—ষটি টাকা দিয়াছিলা সবগুলি খোঁটা (ভাঃ)।

খোট্টা···ব্য. (হিং খোটা—দুষ্ট হইতে। যাহার ভাষা দুষ্ট)। বিহারের ইতর লোক। খোট্টাই··ষ্য. (খোট্টা+আই)। খোট্টার ভাব।

খোঁড়ল··ষ্য. (সং কোটর। ওং কোরণ্ঠ। হিং খণ্ডলা)। বৃক্ষ-কোটর।

খোঁড়া, খোড়া ণ. (সং খোড়, খোড়র। খোড় খোরৌ তু খঞ্জকে—হেমঃ)। ভগ্নপদ, খঞ্জ। স্ত্রীং খুঁড়ী। কথায়, কাণা খোড়ার এক গুণ বাড়া—অধিক। খোঁড়া···ধাতু. খোঁড়াই—খঞ্জের মতন চলি। খোঁড়ানা ॥

খোদ···ষ্য. (ফাং খুদ। তুং সং স্বতঃ)। স্বতঃ, নিজে। খোদকর্ত্তা খুদকর্ত্তা দেখ। খোদহাকিমি···ষ্য. স্বয়ং প্রভু, এইরূপ ব্যবহার।

খোদা · ষ্য. (ফাং খুদা)। স্বয়ম্ভু, ঈশ্বর। খোদাতালা··(ফাং খুদা তআলা)। সর্ব-শক্তিমান।

খোদাবন্দ···ষ্য. (ফাং খুদাবন্দ)। প্রভু।

খোঁদল··ষ্য. (খন্দল দেখ। হিং খান্দানা, হিং খান্দা বাং খন্দ—খনিত স্থান)। গর্ত্ত।

খোদা··ধাতু. (সং খোদিত)। খোদাই—খোদিত করাই। খোদানা ॥

খোন্দকার ষ্য. (ফাং

খোপ··ষ্য (হিং খোপ, গুফা—ওং গুম্ফা ; মং খোপ, খোঁপ, খোপড়ী—বাং খোপরী ঘর। ওং বখরা। সং ক্ষুপ—খোপ, ঝোপ। তুং খোপরী ঝোপরী ঘর)। ছোট কক্ষ প্রঃ—পায়রা-খোপ, খোপী (সং বিটঙ্ক)। (২) দুই খুঁটি কিংবা কাঁথের মাঝের স্থান।

খোপরা···ষ্য. (সং খর্পর। হিং)। নারিকেলের শাঁস।

খোপরী, খুপরী···ণ. (সং খর্পর। হিং খোপরী—মাথার খুলী। খাপরা দেখ)। খোপের—ঝোপের তুল্য আকার-বিশিষ্ট, প্রঃ—খোঃ ঘর।

খোঁপা · ষ্য. (সং ক্ষুপ হইতে ? ওং খোমা, হিং খোঁপা। আসাং খোপা। কবিকঃ, ভাঃ, খোঁপা, পর্তুং Coifa হইতে ?)। নারীর উর্ধ্বমুখ কবরী। (ঝোপের আকার বলিয়া ?)। দৃষ্টান্তে, চুল নাই তার খোঁপা বাঁধা—তুং মাথা নাই তার মাথা ব্যথা।

খোবানী··ষ্য. (ফাং খুবানী)। পশ্চিম হিমালয়ের বাদাম সদৃশ বৃক্ষের (Prunus armeniaca) শুখানা ফল (apricot)। কাবুলীরা বিক্রয় করে।

খোয়া···ধাতু. (সং ক্ষয় হইতে)। খোয়াই—ক্ষয় করাই, নাশ করাই, প্রঃ—বিষয়-সম্পত্তি খোয়ানা ॥···ষ্য. ভাঙ্গা ইট পাথর।

খোয়া···ষ্য. (সং খাদিত, খাদ্য)। আখের হীনরস ছিবড়া। (তুং আথ খাওয়ানা)। (২) (হিং)। নির্জ্জল দই।

খোয়াড়, খোঁয়াড়··ষ্য. (সং ক্রোড়—আলান। হিং খোৱার—শূকর-রক্ষাস্থান)। গবাদি পশু রক্ষাস্থান।

খোঁয়ার, খোঁয়ারি··ষ্য. (ফাং খুমারী ; ফাং খুম—সং কুম্ভ—মদ চোয়াইবার পাত্র)। মদ্যপান-জাত অবসাদ। খোঁয়ারি ভাঙ্গা —অবসাদ নাশার্থে পুনর্বার অল্প মদ্যপান।

খোর··ষ্য. (ফাং খুর—খাদন)। খাদক, প্রঃ—গুলী-খোর, নেশা-খোর, ঘুঁষ-খোর। খোর-পোষ··ষ্য. (ফাং)। গ্রাসাচ্ছাদন। খোরাক···ষ্য. (ফাং খুরাক)। প্রাত্যহিক ভোজ্য, খাবার। খোরাকি··ভোজ্য নিমিত্ত তণ্ডুলাদি, কিংবা অর্থ। খোরাকী·· ভোজনে দক্ষ।

খোরা···ষ্য. (সং খোলক। হিং খোর—গবাদিকে জলপান করাইবার ডাবা)। পাথরের গভীর পাত্র। (তুং আধখোরা, খুরী)।

খোরাসানী···ণ. (খোরাসান+ঈ)। খোরাসান-দেশীয়। (জোঁয়ান দেখ)।

খোল···ষ্য. (সংখোল, খোলক)। মৃদঙ্গ, প্রঃ—খোল খত্তাল—মৃদঙ্গ ও করতাল; নৌকার গর্ভ; নালী, প্রঃ—খোল বাটালী —গোল বিঁধ করিবার নালীর আকারের বাটালী; পাতার নালী-বিশিষ্ট বোঁটা, প্রঃ—কলাগাছের খোল (ঢাকায় পাচল); গাছকে আবরণ করিয়া পত্রের নীচে বা পার্শ্বে যে উপপত্র (stipule, bract) থাকে, প্রঃ—বাঁশের খোল। প্রবাদে, কার শ্রাদ্ধ কেবা করে খোল কেটে বামুন মরে —তুং যার বিয়ে তার মনে নাই, পাড়া-পড়শীর ঘুম নাই।

খোলতা··ষ্য. (খোলা+তা)। বিকাশ; সৌন্দর্য বিকাশ।

খোলস··ষ্য. (সং খোলক ; কিংবা খোল সদৃশ—খোলস)। সাপের কঞ্চুক।

খোলসা, খোলাসা··ণ. (আং ফাং খুলাসা)। মুক্ত, স্পষ্ট, বিস্তীর্ণ, নির্মল।

খোলা··ধাতু. (খুল ধাতু আস্তে)। খোলাই —মুক্ত করাই। খোলানা॥ ণ···উন্মুক্ত, প্রঃ—খোঃ জায়গা। খোলা-ভাটি···(ভাটি দেখ)। সকলের নিকট উন্মুক্ত মদ্যপান-স্থান।

খোলা··ষ্য. (সং খোলক)। আবরণ, প্রঃ —শামুকের, ঝিনুকের খোলা (shell); ফলের কঠিন আবরণ, প্রঃ—বাদামের খোলা ; কটাহাকার মৃৎপাত্র, প্রঃ—মুড়ি-ভাজা খোলা ; নিম্ন স্থান, প্রঃ—ইট-খোলা। হাতে খোলা দেওয়া—হাতে মৃৎপাত্র দেওয়া, এমন নির্ধন করা যে জলপানের তৈজসপাত্র পর্যন্ত থাকে না। কাঠ-খোলা··(কাঠ—নীরস)। যে মুড়ি-ভাজা খোলায় বালি দেওয়া হয় না।

খোলাম··ষ্য. (খোলা-ভাঙ্গা)। ভাঙ্গা খোলা। খোলাম কুচি··ষ্য. ভাঙ্গা খোলার কুচি।

খোশ·ণ. (ফাং খুশ)। প্রীত, প্রঃ—খোশ মেজাজ ; প্রীতিকর, প্রঃ—খোশ খোরাকী —যে ভাল খায়দায় ; খোশ কবালা—বিনা সর্তে বিক্রয় ; খোশ খবর, খোশ খানা (ভোজন), খোশ গল্প, ঘোশ নাম, খোশবো —(ফাং খুশবো ; ফাং বো, বু—গন্ধ, তুং সং বঃ গন্ধনে—মেঃ)—সুগন্ধ।

খোশামদ, খোশামোদ ··ষ্য. (ফা° খুশামদ)। চাটুবাদ। খোশামদিয়া, খোশামদ্যে ·· (খোশামদ+ইয়া)। চাটুকার; প্রীতি-জনক।

খোষা · ষ্য. (সং কোষ)। ফল শস্যাদির আবরণ, প্রাঃ—কলাইর খোষা ; মাকুন্দ।

খোস ··ষ্য. (সং খস)। খস, পাচড়া (itch)।

খোসলা ··ষ্য. (সং কোষ হইতে ?)। মোটা কাপড় বিশেষ (কবিকঃ), মোটা মাদুর।

খ্যাতাপন্ন ··ণ. (সং খ্যাত—ভাবে ত+আপন্ন। বিখ্যাত।

খ্রিষ্টান, খ্রিস্তান ··ষ্য. (ই° Christian)। যিশু-খ্রিষ্ট-ভজনাকারী সম্প্রদায়। স্ত্রী° খ্রিষ্টানী। খ্রিষ্টানি ··খ্রিষ্টানের ব্যবহার। খ্রিষ্টানী ·· খ্রিষ্টান-সদৃশ। নেটিভ খ্রিষ্টান ··(ই° Native —দেশীয়)। এ দেশীয় যে লোক খ্রিষ্টান হইয়াছে।

খ্রিষ্টাব্দ··ষ্য. (ই° Christ, সং অব্দ)। খ্রিষ্টের জন্ম হইতে যে অব্দ গণিত হয় (শকাব্দে ৭৯ যোগ করিলে খ্রিষ্টাব্দ প্রায় আসে)।

গ।

গ ··ষ্য. (সং)। ব্যঞ্জন বর্ণ,-অক্ষর।

গইচ, গ'চ · গোছ দেখ।

গইড়, গ'ড় ··গড়ি দেখ।

গইত, গ'ত ··(গতি দেখ)। গতি, অবস্থা, প্রাঃ—গ'ত করা—শ্রাদ্ধ করা (অশিষ্ট), গ'ত হওয়া—প্রয়োজনে আসা।

গইরা, গহিরা···ণ. (সং গভীর)। গভীর।

গইলা (গ্রা°) ··ষ্য. (সং গবালয়)। গোশালা। গইল ঘর ··ষ্য. গো-গৃহ।

গগন··ষ্য. (সং)। আকাশ। গগন ফাটানা —চীৎকার করা। গগন-ভেরী ·ষ্য. প্লব-বর্গের পক্ষীবিশেষ Pelican, Pelecanus philippensis। জালপাদ, শাদা বা ধূসর বর্ণ। জলা, নদীতে থাকে, ভাল উড়িতে পারে কিন্তু চলিতে পারে না। লম্বায় তিন হাতের উপর হয়। পূর্ববঙ্গে দেখা যায়।

গঙ্গা · ষ্য. (সং)। গঙ্গানদী, অসাধু মিথ্যা উক্তির পাপ হইতে রক্ষা পাইবার আশায় গঙ্গা নাম উচ্চারণ, প্রাঃ—গঙ্গা বল (তুং রাম, বিষ্ণু, মহাভারত, দুর্গা বল)। গঙ্গা নারায়ণ ব্রহ্ম···মৃত্যুর পূর্বে গঙ্গা ও নারায়ণ ব্রহ্ম স্মরণ। গঙ্গাযাত্রা ··গঙ্গাতীরে মৃত্যু কামনায় মৃত্যুর পূর্বে গঙ্গাতীরে গমন। গঙ্গাজল ··নারীদিগের সইর নাম বিশেষ, গঙ্গাজল যেমন পবিত্র ও লোভনীয় তেমন সই। গঙ্গাজলী করা ··অন্তিমকালে মুখে গঙ্গাজল দান; হাতে গঙ্গাজল লইয়া শপথ করা। গঙ্গাপ্রাপ্তি, গঙ্গালাভ ·গঙ্গাতীরে মৃত্যু, মৃত্যু। গঙ্গাপুত্র ··নিম্নজাতীয় শব-দাহক। মা গঙ্গা ··গঙ্গানদীর তুল্য গভীর (উপহাসে), প্রাঃ—বিদ্যায় মা গঙ্গা। গঙ্গা যমুনা দ্বিবর্ণ দ্রব্যের মিশ্রণ, সোনা-রুপার নির্মিত ভূষণ, পিতলতামা নির্মিত। গঙ্গা-ফড়িঙ্গা · ষ্য. ঋজুপত্রী বর্গের পতঙ্গ বিশেষ (Grasshopper)। সবুজ বর্ণ। সমুখের পা অগ্রদিকে গঙ্গাকে বলিয়া কল্পনায় গঙ্গাকে নমস্কার (Mantis)।

গচ···ষ্য. (সং গচ্ছ হইতে ? গছ দেখ)। কাপড়ের বুননি বা ঘনতা।

গচ্চা···ষ্য. (গচ্ছিত হইতে)। নষ্ট হইলে

দণ্ডভোগ, প্রঃ— গচ্চা (দেওয়া, যাওয়া, লাগা)—অনর্থক প্রতিশোধ।

গছ ··ষ্য. (সং গুচ্ছ)। গোছা, প্রঃ—ধান-গাছ গছ বাঁধে ; সাবন মাসেত ধান হইলেন গছা (শূং পুঃ)।

গছ · ধাতু. (সং গুচ্ছ হইতে)। গছি— সংগৃহীত হই, উপস্থিত হই, প্রঃ—টাকা গছিয়াছে। গছা ॥ গছা ··ধাতু. (গছ ধাতু আন্তে)। গছাই—উপস্থিত করি, লেজ কাটি গছায় ফুল্লরা বরাবরে (কবিকঃ), কোটালে গছায় নৃপবর (কবিকঃ)। গছানা ॥

গচ্ছিত ··ণ. (সং গুচ্ছ+ইত)। স্তূপীকৃত, ন্যস্ত। গচ্ছিতী ··ণ. ন্যস্ত করা হইয়াছে যাহা, প্রঃ—গচ্ছিতী টাকা।

গজ্‌-গজ·· ব্য. (সং গজ, গন্‌জ, গুজ, গুন্‌জ ধাতু শব্দে ; গর্জ, গদ ধাতুও হইতে পারে)। অস্পষ্ট শব্দে, অস্পষ্ট ভর্ৎসনায়, প্রঃ— দিনরাত গজ্‌গজানি সহ্য হয় না, কেহ কেহ টাকা গজ্‌গজ করিতে দেখে বা শোনে। গিজ্‌-গিজ···ব্য. অস্পষ্ট ভর্ৎসনায় ; দেহের বৈকল্যে, প্রঃ—ঘামে গা গিজ্‌গিজ করে। গুজ্‌-গুজ···ব্য. অস্পষ্ট কথোপকথনে, কুমন্ত্রণায়।

গজ · ষ্য. (সং। গজো মানে মতঙ্গজে—মেঃ)। (১) দুই হস্ত পরিমাণ (৩৬ ইঞ্চি), (পাদোন হস্তদ্বয়—শব্দকল্পে)। পাকা গজ চলিত গজ অপেক্ষা কিছু দীর্ঘ গজ (৩৮ ইঞ্চি)। (২) হস্তী। গজকা··ষ্য. (হিং গজগা)। গজের ঘাড়ে লম্বিত কেশস্তবক, ঢাকের মাথায় পাখীর পালখ-গোছা। গজমতি, গজমোতি·· ষ্য. (সং গজমুক্তা)। হাতীর দাঁতের গোড়ার মুক্তা, বৃহৎ মুক্তা, প্রঃ— গলায় গজমোতি মুক্তার হার (বালক-বালিকার সরস্বতী-বন্দনায়)। গজদন্ত·· ষ্য. (সং)। হাতীর দাঁত (tusk) ; মানুষের দাঁতের সমুখে বা পাশে যে দাঁত হয়। গজ-কচ্ছপের যুদ্ধ—মহাভারতে বর্ণিত গজ-কচ্ছপের যুদ্ধ ; তৎতুল্য ব্যাপার।

গজ ··ষ্য. (ফাং)। ছোট কাঠী, মাপ-কাঠী, বন্দুকে বারুদ ঠাসিবার লোহার শিক ; শিক, প্রঃ—হুঁকার গজ।

গজ-পিপ্পলী ··ষ্য. (সং)। কচু-আদি বর্গের রোহিণী বল্লী (Scindapsus officinalis)। গাঁইঠে গাঁইঠে শিকড় বাহির হয় এবং তদ্দ্বারা অন্য গাছ চড়ে। (ভাবপ্রকাশে চবিকাফলের নাম গজ-পিপ্পলী)।

গজরা · ধাতু. (সং গর্জ ধাতু)। গজরাই— গর্জন করি। গজরানা ॥

গজর্‌-গজর ··গজ্‌-গজ রব। গজ্‌-গজ দেখ।

গজল · ষ্য. (আং)। স্তোত্র ; প্রণয়-বিষয়ক কবিতা, প্রঃ—গজল করিলা তুমি আজব কথায় (ভাঃ)।

গজল ··ষ্য. (হিং গজর। সং গর্জন ?)। পেটা ঘড়ীতে ৪টা, ৮টা, ১২টা, বাজাইবার পর ৪, ৮, ১২ বার দ্রুত বাদ্য।

গজা ··ধাতু. (ও হিং মংভে বাং গজা ধাতুর অর্থ নাই। অতএব সং শব্দের অর্থসম্প্রসারণে বাং গজা ধাতু। আসাং গজ ধাতু। সং গচ্ছ—গাছ হইতে)। গজাই—গাছ হই, নূতন পল্লব হই, প্রঃ—গাছ গজায়, পাতা গজায় ; গজদন্তের ন্যায় বহির্গত হই, প্রঃ—শিং গজায়। গজানা ॥ গজা ··ষ্য. নূতন কোমল শাখা। চীনির রসে পাক-করা, ঘিতে ভাজা ময়দার ছোট মোটা পিঠা।

জিবা গজা ··ষ্য. জিহ্বার আকারের লম্বা গজা।

গজাল ··ষ্য. (গজা ধাতু দেখ)। মাথা চাটাল লোহার লম্বা কাঁটা, প্রঃ—গজালে গাঁথিল পাটা (কবিকঃ)। (শুং পুঃ—গোজাল ; গোঁজাল—গোঁজতুল্য বলিয়া ?)।

গজী ··ষ্য. (ফা°)। মোটা পাতলা স্থতী কাপড়।

গঞ্জ ··ধাতু. (স° গর্জ্জ ধাতু)। গঞ্জি—গঞ্জনা করি। (পদ্যে)।

গঞ্জ · ষ্য. (স° ফা°)। হাট, প্রঃ—সিরাজ-গঞ্জ—সিরাজ দ্বারা স্থাপিত হাট ; ধান্যাদি শস্য-ক্রয়বিক্রয়-স্থান।

গঞ্জনা ··ষ্য. (স°)। তিরস্কার, ভর্ৎসনা ; দোষ, প্রঃ—গঃ দেওয়া।

গঞ্জিকা ··গাঁজা দেখ।

গঞ্জিয়া ··গাঁজিয়া দেখ।

গঞ্জি, গেঞ্জি ··ষ্য. (ই° Guersney frock)। মোটা স্থতার জালের মতন বোনা ছোট জামা।

গট্-গট···ব্য. (খট্খট শব্দের রূপান্তর। কিংবা স° গুণ্ড ধাতু পেষণ হইতে। দম্ভে চলন শব্দে, প্রঃ—গট্-গট করিয়া চলা—যেন মাটি পেষিয়া চলা। (গুটিগুটি অন্য শব্দ)।

গঠ ··ষ্য. (হি°। স° গড বা গর্ত্ত হইতে। হি°-তে অর্থ গড়)। দুর্গ, গড়, প্রঃ—গঠ হইয়া বসা—যেন শত্রু হইতে রক্ষিত দুর্গ হইয়া, নিশ্চিন্ত হইয়া।

গঠন ··ষ্য. (স° ঘটন। গড় ধাতু দেখ)। গড়ন, নির্ম্মাণ।

গঠিত ··ণ. (স° ঘটিত)। ঘটিত, নির্ম্মিত।

গড় ··ষ্য. (স°)। পরিখা। গড়খাই ··ষ্য. (সহচর শব্দ, গড়+খাত)। পরিখা। গড় ···গর্ত্ত, ঢেঁকীর মুষল-পতন-গর্ত্ত। গড়-কাঠ · ঢেঁকীর গর্ত্তের কাঠ। গড় করা ·· হস্তদ্বারা পদবেষ্টন করিয়া প্রণাম (কৃত্তি-বাসে শিয়লি। শিয়লি—শিকলি—হাতের শিকলি করিয়া পা জড়াইয়া ধরা), মাথা দিয়া ভূমি স্পর্শ করিয়া ঠাকুর-দেবতা ও গুরুজনকে প্রণাম (ও° মুণ্ডিয়া মারিবা—মুণ্ড—মাথা দিয়া আঘাত করা। ইহাতে বোধ হয়, গড় করা—মাথা ঠুকিয়া পায়ের কাছে গর্ত্ত করা)।

গড় ··ধাতু. (স° ঘট ধাতু। শুং পুঃ—গঠ ধাতু, প্রঃ—সত পল সুনার কান্ত গঠিআ জুগাএ। প্রাচীন বা°তে গঢ় ধাতু। ও° গঢ়ণ, গঢ়িবা —বা° গড়ন, গড়া। হি° ঘড়না গঠনা—বা° ঘটনা, নির্ম্মাণ করা। ম°তে ঘড় ধাতু নির্ম্মাণে ; ঘটন, ঘটনা—নির্ম্মাণ, নির্ম্মিত দ্রব্য)। গড়ি—নির্ম্মাণ করি, প্রঃ—গহনা গড়ে ; ঘটনা করি, ৫ ঃ—মন-গড়া কথা। গড়া। গড়ন॥ গড়নিয়া ··ষ্য. (গড়ন+ইয়া)। গড়ে যে, গড়ন-দার।

গড় ··ষ্য. (গোড়—পদ হইতে ? তু° মাথা পেছু) ? স্থূল নির্দশে, প্রঃ—গড়ে দুই টাকা —স্থূলনির্দ্দেশে প্রত্যেকে। গড়-পড়তা · ষ্য. স্থূল গণনায় যত পড়ে বা দিতে হয়।

গড়ুই···ষ্য. (স° গডক—অঃ)। পচাজলের মৎস্য বিশেষ (Ophiocephalus punctatus)। চেঙ্গামাছের মতন আকার। পিঠ ঈষৎ সবুজ, পেট হলুদা। মাথার পাশে কাল ডোরা থাকে।

গড়্-গড় ··বা. (স° ঘর্ঘর। স° ঘৃ ধাতু সেচনে। স° গড় ধাতুও সেচনে)। মেঘাদির অব্যক্ত গড়্গড় শব্দে, প্রঃ—মেঘ গড়্গড় করে,

অজীর্ণরোগে পেট গড়্গড়্ করে। গড়্গড়ানি; গড়্গড়ানিয়া॥ গুড়্-গুড়্ ··ব্য. গম্ভীর মৃদু গুড়্গড়্ শব্দে, প্রঃ—মেঘ গুড়্গুড়্ করে। গড়্গড়া ··ধাতু. গড়্গড়াই—ঘর্ঘর শব্দে গড়াইয়া যাই।

গড়্গড়া···ষ্য. (গড়্গড়্ হইতে)। ছোট হুকা বিশেষ। গুড়্গুড়ী···ছোট গড়্গড়া।

গড়্গড়া···ষ্য. (সং গবেধুকা, ওং গর-গড়্)। ধান্যাদি বর্গের দীর্ঘায়ু ঘাস বিশেষ (Job's tears, Coix lachryma-jobi)। খড় ২।৩ হাত লম্বা হয়। ফল গোল, মটরের মতন।

গড়নদার · ষ্য. (বাং গড়ন+ফাং দার)। যে পিত্তলাদি পিটিয়া জিনিষ গড়ে।

গড়্বড়্ ··ষ্য. (হিং)। উলটা-পালটা, বিপর্যস্ত।

গড়া ··ধাতু. (গড় ধাতু নির্মাণে আস্তে)। গড়াই—নির্মাণ করাই। গড়ানা॥ গড়া-পেটা ··ণ. পিটিয়া নির্মিত, মিথ্যা শেখানা, প্রঃ—গঃ সাক্ষী।

গড়া ··ধাতু. (সং গড় ধাতু ক্ষরণে, গল ধাতু ক্ষরণে পতনে. গৃ ধাতু সেচনে আছে। কিন্তু ইহা হইতে বাংতে গড় ধাতু হইত, গড়া হইত না। গড়া ধাতু সকর্মক অকর্মক দুইই হয়। এই হেতু বোধ হয় গড়া নাম ধাতু। ওং হিং বহ ধাতু, মং রাহ, গঠ ধাতু। বোধ হয় সং গলিত, গড়িত, ঘূর্ণিত হইতে)। গড়াই···নির্গলিত হই, ধারা বহি, প্রঃ—জল গড়াইয়া পড়িতেছে; ঘূর্ণিত হই, প্রঃ—চাকা গড়াইয়া যাইতেছে। গড়ান॥ গড়া-গড়ি ··ষ্য. (সং ঘূর্ণিত হইতে)। এদিক ওদিক ঘূর্ণন। বিছানায় গড়া-গড়ি দেওয়া—বিছানা ও দেহ পরস্পর জড়াইয়া যাওয়া, এপাশ ওপাশ করিয়া শয়ন। গড়া-লুঠি ··ষ্য. (গড়া ও লুঠ ধাতু। প্রায় সহচর শব্দ)। গড়ান ও লুণ্ঠিত হওয়া, প্রঃ—ধূলায় গড়ালুঠি দেওয়া। গড়ানিয়া · ণ. (গড়ান+ইয়া)। যাহাতে গড়াইয়া পড়িতে হয়, প্রঃ—পুকুরের গঃ পাড়। গড়ানি···ষ্য. (গড়া+পানি)। গড়াইয়া যে জল পড়ে।

গড়া ধাতু. (সং গল ধাতুর বাং আস্তে)। গড়াই—নির্গলিত করাই, ধারা বহাই, প্রঃ—কলসী হইতে জল গড়াও; ঘূর্ণিত করাই, প্রঃ—চাকা গড়াইয়া গড়াইয়া আন। (এই অর্থ হয়ত ঘর্ঘর হইতে)। গড়ানা॥

গড়া ··ষ্য. (হিং গাঢ়া, সং গাঢ়)। গাঢ় বোনা মোটা বস্ত্র বিশেষ, প্রায়ই ছু-সূতী। (কবিকঃ)। ফুলের মোটা মালা (গড়িয়া দেখ)।

গড়া ··ষ্য. (সং ঘর্ঘর হইতে)। তামুক খাইবার হ্রস্ব-নল গড়-গড়া।

গড়ি-মষি ··ষ্য (সং গড়ি—অলস গবাদি; গলি দুষ্ট বৃষঃ শক্তোঽপ্যধুর্য্যঃ, শক্তি থাকিতেও অলস। গড়ি মহিষের ভাব—গড়ি+মইষি—গড়িমষি। ওং গড়-মসল)। অলস দুষ্ট মহিষের ভাব, আলস্য।

গড়িয়া, গড়্যে ··ণ. (সং গড়ি+বাং ইয়া)। দুষ্ট বৃষের ন্যায় অলস, অলস। গতর-গড়িয়া ··ণ. শারীরিক শ্রমকাতর।

গড়িয়া, গড়্যো ··ষ্য. (গুঁড়ি হইতে)। ছেদ-করা কাঠের গুঁড়ি।

গড়িয়া, গেড়্যে ··ষ্য. (সং গর্ত—গড়+ইয়া। হিং গঢ়েয়া)। ছোট পুকুর বা ডোবা। গাড়িয়া দেখ)।

গড়িয়া, গড়ো···ণ. (সং গণ্ডকা—ছোট গোলা। কিংবা সং গাঢ় হইতে। ও° গজরা)। গোল পুষ্প-গুচ্ছে রচিত, গাঢ়-রচিত, প্রঃ—গড়িয়া মালা।

গড়িয়াল···ষ্য. (গড়িয়া+আল ?)। খয়রা-মাথা মাছরাঙা পাখী বিশেষ (Halcyon)। মাছরাঙা দেখ।

গড়ুর (গ্রা°) ষ্য. (সং গরুড়)। গরুড় পক্ষী, প্রঃ—কপাট ঘুচাএ দিল গড়ুর মহাশএ (শূং পুঃ)।

গঢ় ··ধাতু. (গড় ধাতু দেখ)। গঢ়ি—নির্মাণ করি। (প্রাচীন বা°)।

গণ ··ষ্য. (সং)। সমূহ, সজাতীয়, প্রঃ—মনুষ্যগণ; স্বপক্ষ, দল, প্রঃ—'গণসহ সদা বিলসিব গৌরচন্দ্র'; জ্যোতিষিক সংজ্ঞা বিশেষ, প্রঃ—দেবগণ।

গণ ··ধাতু. (সং গণ ধাতু সঙ্খ্যানে)। গণি—সঙ্খ্যা করি, প্রঃ—টাকা গণি; অবধারণ করি, প্রঃ—কোষ্ঠী গণা; নিশ্চয় করি, প্রঃ—বিপদ গণা। গণা॥ উপদেশে, পয়সা লবে গ'ণে, পথ চলিবে জেনে। গণা-গণতি···ণ. (বা° গণা=সং গণিত, গণতি সং গণিত। সহচর শব্দ)। গণিত,অবধারিত। গণা-গাঁথা ··ণ. (প্রায় সহচর শব্দ)। গণিত ও গ্রথিত। গণা ··ধাতু. (গণ ধাতু আস্তে)। গণাই—গণনা করাই, ফল নিশ্চয় করাই। গণানা॥ গণক···ষ্য. (সং)। গণিতজ্ঞ। দৈবজ্ঞ। গণন ··ষ্য. (সং)। সঙ্খ্যা-করণ, ফলজ্ঞান, ফল-অবধারণ, প্রঃ—বিবাহের পূর্বে গণন—ভাবী দম্পতীর মিলন-ফল-অবধারণ। গণৎকার ··ষ্য. (সং গণিত-কার)। ফলাফল-গণনাকারী দৈবজ্ঞ।

গণতি ··ষ্য. (সং গণিত)। গণিত, গণনা, প্রঃ—লোক গণতি করা। (গুণতি নহে)।

গণাই···ষ্য.(সং গণেশ—গণা+আই আদরে)। গণেশ দেব। (কবিকঃ)।

গণা-গোষ্ঠী ··ষ্য. (সং গণ—সজাতীয়+গোষ্ঠী)। গোষ্ঠী বা বংশের সমুদায়।

গণিয়ারি ··ষ্য. (সং গণিকারিকা। অন্য নাম অগ্নিমন্থ। ও° অগবথু। সং গণিকারিকা—গণিং তর্কং করোতি—অঃ টীঃ; এই ব্যুৎপত্তি নিরর্থক। বোধ হয় অগ্নি-কারিকা শব্দের রূপান্তরে গণিকারিকা)। ভাণ্ডীরাদি বর্গের চিরহরিৎ ছোট তরু-বিশেষ (Premna integrifolia)। প্রায়ই সমুদ্রের নিকটস্থ প্রদেশে জন্মে। কাষ্ঠ সুগন্ধ, পাতাও সুগন্ধ। ডাল ভাঙিলে শব্দ হয় (এজন্য সং নাম কণিকা)। পাতা অভি-মুখী, মৎস্যাকার; ফুল ছোট আপীত, বর্ষাকালে ফোটে। ইহার শুখানা ডাল ঘষিয়া পূর্বকালে অগ্নি উৎপাদন করা হইত।

গণ্ড ষ্য. (সং)। গাল, কপোল; দেহের গ্রন্থি (gland); পঞ্জিকার যোগ-বিশেষ। গণ্ডগোল ··গোল দেখ। গণ্ড-গ্রাম ··ষ্য. (সং)। বৃহৎ গ্রাম। গণ্ড-মালা · ষ্য, (সং)। ঘাড়, বগল, কুঁচকি, গলার গ্রন্থির স্ফীতি-রোগ (scrofula)। গণ্ডমূর্খ ··ষ্য. (সং)। অতি-নির্বোধ। গণ্ড-শৈল ··ষ্য. (সং)। ভূকম্পাদিতে পাতিত বৃহৎ শিলা-খণ্ড। গণ্ডব্রণ ··ষ্য, (সং)। দেহের গ্রন্থির ব্রণ। গণ্ডে-পিণ্ডে খাওয়া · পায়ের পিণ্ডিকা হইতে গাল পর্যন্ত ভোজন, অতি ভোজন।

গণ্ডা ··ষ্য. (সং গণ্ডক)। গণ্ডার (প্রাচীন বাং)। (২) চারি কড়া; চারিটা দ্রব্য সমষ্টি; অল্প সংখ্যক, প্রঃ—দু গণ্ডা। নিজের গণ্ডা ··নিজের প্রাপ্য। গণ্ডাকিয়া ·· ষ্য. (সং গণ্ডাক+বাং ইয়া)। গণ্ডা-সম্বন্ধীয়, গণ্ডায় গণ্ডায় গণনার রীতি বা গণিত। ৪ কড়ায় ১ গণ্ডা (সং গণ্ডাক)। ৫ গণ্ডায় ১ বুড়ি (সং বোড্রী—পণচতুর্থাংশে; ওং মং বোড়ী)। ৪ বুড়িতে ১ পণ (সং পণ)। ৪ পণে ১ চৌক (গ্রাং চোক। সং চতুষ্ক)। ৪ চৌকে ১ কাহন (সং কার্ষাপণ। ওং কাহাণ)। (পূর্বকালে ২০টা কড়িতে ৻৫ (এক পাই), ৮০টা কড়িতে /০, ১৬ পণে ১/ ছিল। এক কাহন কড়ির মূল্য এক টাকা ছিল (কবিকঃ দেখ)।

গণ্ডার ··ষ্য. (সং গণ্ডক, গণ্ড। প্রাচীন বাং গণ্ডা, যথা, গণ্ডা বলিদান অভআ কৈল পান (শূঃ পুঃ)। মাণিকেও গণ্ডা। ওং গণ্ডা, হিং গৈঁড়া, মং গেণ্ডা)। নাসিকার সম্মুখে খড়্গ-বিশিষ্ট প্রসিদ্ধ চতুষ্পদ জন্তু (Rhinoceros)। এদেশে দুই জাতি আছে। এক জাতির (Rhinoceros unicornis) খড়্গ বড়; পুং ও স্ত্রীর উভয়েরই হয়। গায়ের পাশের চর্ম বড় বড় অর্বুদময়, বর্ণ কাল-পাঁশুটিয়া। আসামে আছে। অন্য জাতির (Rhinoceros sondaicus) কেবল পুং গণ্ডারের খড়্গ হয়। গায়ের চর্ম কাটা কাটা, বর্ণ পাঁশুটিয়া। সুন্দরবনে এবং পূর্ববঙ্গে আছে।

•গণ্ডি ··ষ্য. (সং গণ্ড—চিহ্ন)। সীমারেখা; মন্ত্রযোগে বেষ্টনরেখা বা বৃত্ত (প্রায়ই নারী ভাষায়। কৃত্তিবাসে গণ্ডি দেওয়া,মাণিকেও। বাড়ীতে গণ্ডি দিলে সে বাড়ীতে ভূত-প্রেত ও চোর-ডাকাইত ঢুকিতে পারে না। গণ্ডি দিয়া মানুষকেও স্বস্থানে আবদ্ধ করিয়া রাখিতে পারা যায়। তখন সে ইচ্ছামত গণ্ডির বাহিরে যাইতে পারে না)।

গণ্ডূষ ··ষ্য. (সং)। এক কোষ জল। গঃ করিয়া লাগা—আচমন করিয়া ভোজন আরম্ভ। ফিরা গণ্ডূষ দ্বিতীয় বার ভোজন, পুনর্বার চেষ্টা। মুখে গণ্ডূষ জল দেওয়া—পীড়ার সময় রোগীর মুখে জল-প্রদান; মরণান্তে তর্পণ।

গণ্ডেরী ··ষ্য. (হিং। সং কান্তার—ইক্ষুভেদ)। কাটা আখ। গোলাপী গণ্ডেরী··গোলাপ জলে সিক্ত কাটা আখ। গাণ্ডেরী ··আখের জাতিবিশেষ, ঢাকায় চাষ হয়। (আখ দেখ)

গৎ ··ষ্য. (সং গতি)। গান নাই, স্বরের গতিমাত্র। গৎ বাজানা—সারিগামাদি সাত সুর যোগে রাগরাগিণী প্রকাশ করা। বাঁধা গৎ· নির্দিষ্ট গতি, নির্দিষ্ট সুর-সংযোগ।

গতর ··ষ্য. (সং গাত্র। তুং সং গত্বর—অস্থায়ী (দেহ)। শরীর। গতর খাটানা—শারীরিক পরিশ্রম করা। গতর পোষা—দেহ-ধারণ। গা-গতর ··ষ্য. (সহচর শব্দ)। গাত্র,প্রঃ—গায়ে গতরে ব্যথা হওয়া। গতর-খাগী ·· ষ্য. যে নারী শরীর নষ্ট করিয়াছে—মরিয়াছে (গালিবিশেষ)। পুং গতর-খেগো।

গতা ··ধাতু. (সং গত—প্রাপ্ত)। গতাই—প্রাপ্ত করাই, প্রঃ—টাকা গতানা—অনিচ্ছুকের নিকট টাকা গচ্ছিত করা। গতানা॥

গতাগতি··ষ্য. (সং)। গমনাগমন, প্রঃ—লোক গতাগতি।

গতায়াত ··স্ত্রী. (সং)। যাতায়াত, আনাগনা।

গতি, গ'তি ··ষ্য. (সং গতি)। গমন; উপায়, প্রঃ—আমি না থাকিলে তোমার গ'তি হবে না। গতিক ··ষ্য. (সং)। জীবনযাত্রা, নির্বাহ, প্রঃ—এজনার প্রাণ্গতিক; অবস্থা, প্রঃ—মেঘের গতিক ভাল নয়। গতি-বিধি··ষ্য. গতির উপায়, যাতায়াত, প্রঃ—বাতাসের গতিবিধি বন্ধ। বেগতিক··ষ্য. (ফাং বে, সং বি)। দুরবস্থা, নিরুপায়।

গতুয়া, গ'তো ··ণ. (সং গত+বাং উয়া)। যে সময় গত হইতে দেয়, অলস।

গত্ত (গ্রাং) ··ষ্য. (সং গর্ত্ত)। গর্ত।

গদ ··ষ্য. (সং অগদ—ঔষধ হইতে ?)। ভুক্ত অন্নাদির সার, প্রঃ—পিঠার গদ অনেকক্ষণ থাকে।

গঁদ ··ষ্য. (হিং গোঁদ। সং গুন্দ ? সং গন্ধ ফাং গন্দ—গন্ধরস ?)। বাবলা প্রভৃতি গাছের চট্‌চটা আঠা (Gum)।

গদ্-গদ ··ব্য. (সং গদ ধাতু কথনে; মেঘ শব্দে)। অব্যক্ত কণ্ঠশব্দে, প্রঃ· আহ্লাদে গদ্‌গদ ··আহ্লাদে ভাষণ সুস্পষ্ট নহে।

গদ-গাছ ··ষ্য. (সং অগদ—ঔষধ, গদ—রোগ)। রোগ-নিবারণের ওষধি। (২) বিদেশী ক্ষুপ-বিশেষ (American aloe. Agave americana)। পাতা বড়, পুরু, মাংসল, প্রায় শাদা, ধারে কণ্টকী। অনেক বৎসর পরে লম্বা শীষ বাহির হইয়া তাহাতে শাদা শাদা ফুল ধরে (এজন্য ওং নাম বারবর্ষী—দ্বাদশ বর্ষে ফুল ধরে)। পাতার আঁশ হইতে শক্ত দোড়ী হয়।

গদড়া ··ষ্য. (? হিং গূদড়্ - ছেঁড়া কাপড়; মং গর্দা—মোটা। ফাং গর্দা হইতে ?)। শণ পাট ইত্যাদির জটা বা আবর্জনা।

গদাই-লস্করী ··ণ. অতিমৃদু, মন্দ, প্রঃ—গঃ চাল। (গদাধর লস্কর নামে কেহ ছিল কি ? ফাং গদাই—ভিক্ষুক, লস্কর—নাবিক। ভিক্ষুক ও নাবিক মন্দগতি হয়।)

গদি ··ষ্য. (হিং গদ্দী। ওং গদী, মং গাদী। গাদ ধাতু দেখ)। সিমুলতুলার পুরু বিছানা; কাহারদের কাঁধের পুরু কাপড়; রাজাসন, প্রঃ—মহন্তের গদি, রাজা গদিতে বসেন; ব্যবসায়ীর নিজের আসন। গদিয়ান··ষ্য. (গদি+আন)। যাহার—যে ব্যবসায়ীর গদি—আড়ত আছে।

গঁদোল, গঁদল ··ষ্য. (সং গণ্ডোল—গণ্ডূষ হইতে ? খঁদল হইতে ?)। শিশুকে দুধ খাওয়াইবার পিতল কিংবা রুপার কোশী।

গদ্য ··ষ্য. (সং)। 'পাদকৃত বিচ্ছেদশূন্য ক্রিয়া-কারকাদি-পদপ্রবাহ' (প্রবোধ চন্দ্রিকা); উপহাস (কৃত্তিঃ অরণ্যে; গ্রামে চলিত আছে), সঙ্কেত, প্রঃ—হেন বুঝি গদ্য মোরে করিল যুবতী (কবিকঃ) (এই অর্থ অপ্রচঃ)।

গঁধা ··ধাতু (সং গন্ধ হইতে। গন্ধন মুৎসাহে স্যাৎ প্রকাশনে সূচনে চ হিংসায়াম্—মেঃ)। গঁধাই—দুর্গন্ধ হই, প্রঃ—মিঠাই গঁধাইয়াছে; গন্ধ সূচনা পাইয়া নিজের কার্য-সিদ্ধির নিমিত্ত অন্যের অনুসরণ করি, প্রঃ—বড় লোকের কাছে গঁধাইয়া যাওয়া। গঁধানা ॥

গন্-গন ··ব্য. (সং গনৃজ, গুনৃজ ধাতু শব্দে। সং অগ্নি হইতে)। গঞ্জনায়, প্রঃ—সকল কাজেই গন্‌গন, মানুষ কি করিবে ? আগুনের

প্রাবল্যে, প্রঃ—আগুন গন্‌গন করে, যখন আগুন হইতে ওঠা বাতাসের শব্দ শুনিতে পাওয়া যায়। গন্‌গনা, গন্‌গনিয়া ··ণ. দীপ্তি-শালী, প্রঃ—গঃ আগুন। গন্‌গনানি॥ গুন্‌-গুন্ ··ব্য বীণা ও ভ্রমরের মৃদু গুঞ্জনে।

গন্ধ··ষ্য (সং)। পুষ্পচন্দনাদির গন্ধ, ঘৃষ্ট চন্দনাদি গন্ধ দ্রব্য। বাংতে প্রায়ই, দুর্গন্ধ (তুং ফাং গন্দ, গঁন্দা—দুর্গন্ধ)। গন্ধ-গোকুলা·· ষ্য. (সং গন্ধ-নকুল)। নকুল-বংশের প্রাণী-বিশেষ (The small civet. Viverricula malaccenensis)। মাছ-ভোঁদড় অপেক্ষা ছোট; লেজ ক্রমশঃ সরু, কটা রঙ্গা; তাহাতে লম্বা লম্বা কাল ডোরা থাকে। লেজে কালা শাদা শাঁখা থাকে। অণ্ডকোষের কাছে গন্ধদ্রব্য থাকে। ফল মূল খায়। গন্ধক···ষ্য. (সং)। পীতবর্ণ উপধাতু বিশেষ (sulphur)। গন্ধ-নকুলী ···ষ্য. (সং)। রাস্নাদি বর্গের সুগন্ধ গাছ (Acamphe papillosa); (২) আসাম ও ব্রহ্মদেশের সুগন্ধ গাছ বিশেষ (Ophiorrhiza mungos)। (সং গন্ডালী; অন্য সং নাম সর্পাক্ষী)। গন্ধ-বিরজা ··ষ্য. (সং গন্ধ-রস ?)। হিমালয় প্রদেশের সরল বৃক্ষ বিশেষের (Pinus longifolia. Long-leaved pine) তৈলবৎ নির্যাস। বার্ণিশ হয়। এই নির্যাস চোয়াইয়া রজন ও তারপীন (সং সরল দ্রব) পাওয়া যায়। গন্ধ-বেণা ·· ষ্য. (সং গন্ধতৃণ, ভূস্তৃণ)। ধান্যাদি বর্গের বেণাতুল্য তৃণ বিশেষ (Andropogon schœnanthus. Cymbopogon of Watt)। পাতায় নেবুর গন্ধ আছে (ইং Lemon grass) এবং পাতা হইতে সুগন্ধ তৈল (Indian Rusa oil) হয়। গন্ধবেণে ··ষ্য. (সং গন্ধবণিক)। হিন্দুজাতিবিশেষ। স্ত্রীং বেণেনী। গন্ধ-ভাদুলী ··ষ্য. (সং গন্ধ-ভদ্রা, গন্ধালি—বৈদ্যকঃ)। গাঁধাল দেখ। গন্ধ-মাদন··ষ্য. (সং)। রামায়ণের সর্ব-ঔষধ-পূর্ণ পর্বত-বিশেষ। গন্ধমাদন আনা —আবশ্যক দ্রব্য খুঁজিয়া না আনিয়া আব-শ্যক অনাবশ্যক সমুদায় আনা। গন্ধ-রস ···ষ্য. (সং)। শলাই (সং শল্লকী) বৃক্ষের নির্যাস, গন্ধবিরজা। (শল্লকী বৃক্ষের এক নাম রসা)। গন্ধরাজ·· ষ্য. (সং ? সং নাম মুদ্গর পুষ্প)। আচ্ছুকাদি বর্গের পুষ্পক্ষুপ বিশেষ (Gardenia florida)। চীনদেশের গাছ, মানুষের সমান উচ্চ হয়। ফুল শাদা বড় বড় সুগন্ধ। গন্ধেশ্বরী ··ষ্য. (সং)। গন্ধবণিকের উপাস্য দেবী।

গন্না-কাটা ··ণ. (স্কন্ধ হইতে গন্না)। স্কন্ধ কাটা যার, কবন্ধ।

গপ্‌-গপ···ব্য. (কপ্ কপ দেখ। হিং গব্‌গব)। দ্রুত ভক্ষণে, প্রঃ—গপ্‌গপ করিয়া সন্দেশ গেলা।

গপ্প ষ্য. (গল্প দেখ। ফাং গপ)। গল্প। গপ্প-সপ্প ··(গল্প-স্বল্প। ফাং গপ-সপ)। গল্প ও স্বল্প কথা। গপ্পিয়া, গপ্পো···ণ. (গপ্প+ ইয়া। ফাং গপিয়া)। যে বৃথা গল্প করে; প্রগল্‌ভ।

গফ ··ণ. (ফাং)। ঘন বোনা (কাপড়)।

গবয় ··ষ্য. (সং। হিং গয়াল)। গো-সদৃশ চতুষ্পদ (Bos frontalis)। গোর অপেক্ষা ছোট; পা ছোট, গলকম্বল বড়, শিং প্রায় সোজা, মাথা গা খয়রা-লাল, কিন্তু পা শাদা। (গয়াল দেখ।)

গবর্মেণ্ট ··ষ্য. (ই° Government)। রাজ-শাসন, রাজসরকার।

গবা·· ষ্য. (স° গো হইতে। তু° স° অতিগব —অত্যন্ত মূর্খ)। মূর্খ, নির্বোধ। গবাকান্ত ·· ষ্য. (কান্ত দেখ)। গো-শ্রেষ্ঠ, মূর্খের প্রধান। গবাটিয়া·· ণ. (গবা+তা+ইয়া)। গবার ভাব-বিশিষ্ট ; নির্বোধ-প্রায়।

গবুচন্দ্র·· ষ্য. (গবা দেখ। বোধ হয় প্রাচীন গোপীচাঁদ রাজার নামের সহিত সম্বন্ধ আছে)। হবুচন্দ্র নামক কাল্পনিক নির্বোধ রাজার যোগ্য নির্বোধ মন্ত্রী গবুচন্দ্র। (গবুচন্দ্র —গবাচন্দ্র। গবাকান্ত দেখ। কান্ত শব্দে চন্দ্রও বুঝায়)।

গভীর·· ণ. (স°। স° গভীর, গম্ভীর শব্দদ্বয়ের এক অর্থ। বা°তে পৃথক হইয়াছে)। দুর্গম, নিবিড়, অতি নিম্ন,প্রঃ—গঃ জল, বন,রাত্রি, নদী। (কিন্তু, গম্ভীর—দুষ্প্রবেশ, উদার, প্রঃ—প্রকৃতি, স্বান গম্ভীর ; তু° গাম্ভীর্য্য গেল দুহাঁর হৈল শিশু প্রায়—চৈঃ চঃ)॥ গভীরা—গম্ভীরা দেখ।

গম, গোম···ষ্য. (স° গোধূম। ও° গহম, হি° গেহূঁ, ম° গহূঁ)। ধান্যাদি বর্গের প্রসিদ্ধ শস্য (wheat Triticum vulgare)। বঙ্গদেশে চারি জাতের কৃষি প্রসিদ্ধ। (১) দুধিয়া—কোমল শাদা, (২) জামালী—(আ° জমালী—লাল) কোমল লাল, (৩) গঙ্গাজুলী—কঠিন শাদা,(৪) খেড়ী—কঠিন লাল। গমগাছের রোগের মধ্যে গেরু রোগ (wheat rust. Puccinia) প্রসিদ্ধ। এই রোগে পাতায় গেরু বর্ণের দাগ হয় এবং গাছ নিস্তেজ হইয়া পড়ে। গেরু রোগ কৃষ্ণ বর্ণ ও পীত বর্ণও হয়।

গমক···ষ্য. (স°)। সেতারাদি যন্ত্রে সুরের কম্পন, এক সুর হইতে অন্য সুরে দ্রুত গমন। গান দেখ।

গম্-গম ব্য. (স° গম ধাতু গতিতে)। লোকের নিঃশব্দ সঞ্চারে, গম্ভীর ভাবে (স° গম্ভীর—গম ধাতু হইতে), প্রঃ—কাছারি গম্‌গম করে, লোকের গমনাগমন আছে অথচ নিঃশব্দ (হি° গহমাগহম) ; তোপের শব্দে, প্রঃ—গমগম তোপ আবাজে (ভাঃ), প্রায়ই গুড়ম্ গুড়ম। গুম্-গুম ··ব্য. কীল মারার গম্ভীর শব্দে।

গমাগম ·ষ্য. (স°)। গমনাগমন।

গম্বুজ···গুম্বজ দেখ।

গম্ভীরা ··ষ্য. (স° গম্ভীর হইতে)। মন্দিরের মধ্য ভাগ, প্রঃ—গম্ভীরার দ্বারে কৈল আপনি শয়ন (চৈঃ চঃ)।

গয়বি·· ণ. (আ° গয়েব—লুক্কায়িত)। গুপ্ত, লুক্কায়িত, প্রঃ—' য়বি খেলা—ছক না দেখিয়া দূরে থাকিয়া শতরঞ্চ খেলা।

গয়র, গয়ের · ষ্য. (স° গহ্বর, বক্ষঃগহ্বর হইতে ?)। গাঢ় শ্লেষ্মা।

গয়লা · ষ্য. (স° গোপালক—গোয়ালা। নদীয়ায় গোয়াল। ও° গৌড়। মাণিকে গোয়াল, গয়লা)। গোয়ালা। স্ত্রী° গয়লানী।

গয়া···ষ্য. (স°)। বিহারের প্রসিদ্ধ তীর্থক্ষেত্র। গয়ালী ··ষ্য. (গয়া+আলী)। গয়াতীর্থের পাণ্ডা। গয়াংগচ্ছ করা···পিতৃলোকের উদ্দেশে গয়াতে না গিয়া ঘরে বসিয়া পিণ্ড-দান কালে বলা হয়, গয়াংগচ্ছ। কিন্তু কোথায় গয়া, আর কোথায় পিণ্ড ! ইহা হইতে, যাচ্ছি যাও বলা, আলস্যে যাইতে বিলম্ব করা।

গয়াল ··ষ্য. (সং গবল—বন্য মহিষ। সং গবয়। ওং গঅল্ল)। গোরুর তুল্য আরণ্য জন্ত বিশেষ (mithan. Bos frotalis)। গবয় দেখ। (ওংতে গয়াল ও গৌর নামক পশুর নাম উলটা পালটা হইয়াছে। গয়ালের শিং প্রায় সোজা, গৌরের ভিতর দিকে বাঁকা, কতকটা মহিষের মতন। ওংতে বাঁকা শিং গয়ালের, সোজা শিং গৌরের। সং গবাক, গবয় দেখিলে ওং নাম ঠিক)।

গয়ালী···গয়া দেখ।

গয়েশ্বরী ··ণ. (গয়েশ্বর+ঈ)। গয়া নগরে নির্মিত, প্রঃ—গঃ পাথর।

গর, গার ··প্রত্যয়. (ফাং=সং কর, কার)। কার, কর্তা অর্থে, প্রঃ—কারিগর=সং কারিকর। গরি, গারি ··(ফাং=সং করি, কারি)। কর্তৃত্ব, কর্ম, প্রঃ—কারিগরি=সং কারিকরি।

গর ··ব্য. (আং গৈর—ভিন্ন)। শব্দের আদিতে বসিয়া অভাব, ভিন্নতা বুঝায়, যথা,—গর-আবাদ—অকৃষ্ট, অনাবাদী; গর-ইক্তিয়ার—অনায়ত্ত; গর-এলাকা—অন্য বা ভিন্ন অধিকার; গর কবুল—অস্বীকার; গর জেলা—অন্য জেলা; গর পছন্দ—অমনোনীত; গর বন্দবস্ত—অস্থির, অব্যবস্থিত; গর-মিল—অমিল; গর হাজির—অনুপস্থিত, গর হাজিরি ··অনুপস্থিতি।

গর-গণ্ড···ষ্য. গলগণ্ড দেখ।

গর্-গর ··ব্য. (সং গৃ ধাতু ভক্ষণে. বিজ্ঞানে, বিজ্ঞাপনে, বর্ণনে। গৃ ধাতু হইতে গুরু শব্দ। সং গর্ব ধাতু গর্বে)। উৎসাহনে, গর্বে, প্রঃ—রাগে গর্গর। লাল গর্গরা ··উজ্জ্বল লাল। প্রেমে গরগর মন (চৈঃ চঃ)—মনে প্রেম ব্যক্ত। রসে গরগর রসের অন্তর, সোই সে মরম জানে (চণ্ডীঃ)। (সং গর্জ ধাতু গর্জনে), গর্জনে, প্রঃ—গর-গর গরে গরজে ফণী (ভাঃ)। গরগরানি॥ গুর-গুর ··ভয় শীতাদিতে কম্পনে, প্রঃ—ভয়ে বুক গুর্গুর করে; ম্যালেরিয়া জ্বরের আক্রমণ সময়ে বুকের গুরগুরানি হয়।

গরজ ··ধাতু. (সং গর্জ ধাতু)। গরজি—গর্জন করি (প্রায়ই পদ্যে)। গরজা॥

গরজ ··ষ্য. (আং)। ঔৎসুক্য, প্রয়োজন। গরজী ··ণ. স্বার্থপর। গরজিয়া ··ণ. (গরজ+ইয়া)। গরজী। বে-গরজ···নিঃস্বার্থ। গরজ বড় বালাই ··প্রয়োজন বিপদ-সরূপ, সুতরাং প্রয়োজন হইলে লোকে কুকর্মও করে।

গরদ ··ষ্য. (সং গরাধিকা—লাক্ষা-কীট হইতে?)। তুঁতপোকা হইতে উৎপন্ন পাট (silk)।

গরব···ষ্য. (সং গর্ব)। গর্ব। গরবিয়া, গরব্যে ··ণ. (গরব+ইয়া)। গর্বী। স্ত্রীং গরবী, গরবিনী (পদ্যে)। গরবিত ··গর্বিত দেখ।

গরম ··ষ্য. (ফাং। সং ঘর্ম—গ্রীষ্ম)। গ্রীষ্ম, উষ্ণ। পচা গরম ··যে গ্রীষ্মে ঘাম নির্গত হয় (নির্বাত ও বাষ্পময় উষ্ণ বায়ুতে)। শুখনা গরম ··যে গ্রীষ্মে ঘাম হয় না (সবাত অল্প আর্দ্র উষ্ণ বায়ুতে)। কুষম কুষম গরম ··(কুষম দেখ)। কদুষ্ণ। গরম হওয়া ··দেহে গ্রীষ্ম অনুভব। পেট গরম হওয়া···পাক যন্ত্র কুপিত। গরম মসলা ··উষ্ণবীর্য উপস্কর। গরম মেজাজ ··কোপন ভাব। বাজার গরম ···বিক্রয় বাহুল্যে পণ্যের মূল্য-বৃদ্ধি। গরম কাপড়·· শীতবস্ত্র যাহাতে দেহ গরম থাকে। গরমাগরম ··গরম টাটকা। গরমাই ··ষ্য.

(গরম+আই, ভাবে)। গরমের ভাব, গ্রীষ্ম। গরমি…ষ্য. (গরম+ই, ভাবে)। তাপ, উষ্মা, গ্রীষ্ম। গরমির ব্যারাম ‥উপদংশ রোগ (syphilis)।

গরল…ষ্য. (সং)। সর্পবিষ, জন্তুর বিষ, প্রঃ—মাকড়সার গরল।

গরসাল‥ষ্য. (ফা°)। নূতন মুসলমান (কবিকঃ)। (অপ্রচঃ)।

গরাদে‥ষ্য. (পর্তু° grade—a partition made with bars)। লোহার মোটা শিক (iron rod)।

গরান, গরাণ‥ষ্য. (? গোড়—পা, শিকড় হইতে?)। সুন্দরবন ও সিন্ধুপ্রদেশের সমুদ্রকূলের ছোট গাছ বিশেষ (Ceriops candolleana, and C. roxburghiana. The mangrove)। ডাল হইতে ঝুরি নামে। ছাল ও ফলে কষায়ীন (tannin) আছে। গরান কাঠ ইংধনে উৎকৃষ্ট। ইহা হইতে কলিকাতার গরান-হাটা।

গরাস (গ্রা°)‥ ষ্য. (সং গ্রাস)। গ্রাস। ধাতু. গরাসি—পদ্যে;

গরি কলাই…ষ্য. (? গারো হইতে? হিং ভাট কলাই)। শিম্বাদি বর্গের কলাই বিশেষ (Glycine soja. The soy bean)। ত্রিপর্ণ, লোমশ; শুঁটীতে ৩।৪ কলাই। চীন ও জাপান হইতে আনীত। পূর্ব ও উত্তর বঙ্গে চাষ হইতেছে। যাবতীয় কলাইর মধ্যে গরি কলাইতে মাংসীয় ও স্নেহ পদার্থ অধিক আছে। জাপানীদের এক প্রধান ডাইল।

গরিষ্ঠ‥ণ. (সং)। অতি গুরু, প্রঃ—গঃ ভোজন, গঃ লোক।

গরীব ণ. (আ°)। দরিদ্র, দীন। গরীবী… গরীবের যোগ্য, প্রঃ—গঃ চাল। গরীবানা ‥গরীবের বৃত্তি, কর্ম। গরীব-গুর্বা…(আ°)। দীন-দরিদ্র (সহচর শব্দ)। গরীব-নবাজ‥ দরিদ্রের আশ্রয়দাতা। গরীব-পরোয়ার‥ দরিদ্র-পালক। গরীব-দুঃখী…(আ°+সং শব্দের মিলন)। দীন-দুঃখী।

গরু‥ গোরু দেখ।

গরুড় (গ্রা° গড়ুর)‥ ষ্য. (সং গরুড়)। বিষ্ণুর বাহন পক্ষীরাজ। (২) প্রসহবর্গের শ্যেন বংশীয় পক্ষী বিশেষ (The Eagle. Aquila)। প্রায় ১৮" হাত লম্বা হয়। পক্ষ চকচকা কাল-খয়রা। ভারতবর্ষে শীত ঋতুতে আসে। পার্বত্য প্রদেশে থাকে। মৃগ, মেষ, ছাগ-শাবক নখরবিদ্ধ করিয়া তুলিয়া লইয়া যায়। কোথাও কোথাও ফুরুস, কোথাও বা কোড়ল বলে। সিংহভূমের কবুল পাখী সং করুর হইতে পারে। কিন্তু এই পাখীর মাথায় বিষ-পাথর পাওয়া যায়। গরুড় সাপের যম। ইহা হইতে গরুড়-মণি বা মরকত-মণির বিষাপহত্ব খ্যাতি? (রত্ন-পরীক্ষা দেখ)। হাড়গিলা পাখীকে হিংতে গরুড় বলে। (৩) অপুষ্পক বন্য শাক বিশেষ (Polypodium)। পূর্ববঙ্গে ও সুন্দরবনে আছে। অন্য বৃক্ষে জন্মে। পাতা শক্ত, পাতার শিরার উপরে উপরে রেণুস্থলী জন্মে।

গর্জ‥ধাতু. (সং গর্জ ধাতু)। গর্জি—গর্জন করি, প্রঃ—যত গর্জে তত বর্ষে না, মেঘ গর্জে। গর্জা, গর্জন, গর্জানি।

গর্জন‥ ষ্য. (সং?)। অতিশয় উচ্চ তরু-বিশেষ (Dipterocarpus turbinatus)।

চাটিগাঁয়ে আছে। গাছের গোড়ার নিকটে চিরিয়া আগুন ধরাইলে নির্যাস—গর্জন তেল —বাহিরায়। এই নির্যাস বার্ণিশে লাগে।

গর্দা ··ষ্য. (ফা°। তু° সং .গরদ—বিষ। বা° ও° কোতরা—কাল গুড় মল)। ধূলি, মলি।

গর্দভ ··ষ্য. (সং)। গাধা; 'গাধার তুল্য বোকা (গালি)।

গর্দান···ষ্য. (ফা° গর্দন)। ঘাড় বা গলা; মাথা। গর্দান কাটা ··শিরশ্ছেদ। ঘাড়ে গর্দানে এক···ঘাড় এত মোটা যে মাথার আরম্ভ বুঝিতে পারা যায় না। গর্দানি ··ষ্য. অর্ধচন্দ্র।

গর্দেশ ··ষ্য. (ফা°)। ভ্রমণ, পরিভ্রমণ, রঁদ, প্রঃ—গোলাম গর্দ্দেশে থাড়া (ভাঃ)—গোলাম ঘুরিতেছে। (অপ্রচঃ)

গর্বিত, গরবিত ··ণ. (সং—গর্ব্ব+ইত—অহঙ্কৃত। গৌরব+ইত=গৌরবিত, সংক্ষেপে গর্বিত হইয়াছে। তু° কি গুরু গৌরব গৃহের কাজ (জ্ঞানদাস))। গুরু, প্রঃ—গুরু-গরবিত মাঝে রহি সখী সঙ্গে (জ্ঞানদাস); গৌরব, প্রঃ—ধরম করম গেল গুরু গরবিত (চণ্ডীঃ); অতিশয়, প্রঃ –এইরূপে বসুন্ধরা গর্ব্বিত ভর্ৎসনে (ভাঃ)। (অপ্রচঃ)

গর্ভ ··ষ্য. (সং)। ভ্রূণ; কুক্ষি, প্রঃ—দুষ্ট লোকের গর্ভে টাকা পড়িলে পাওয়া কঠিন; অভ্যন্তর, প্রঃ—নদীর গর্ভ। গর্ভ-থোড় ··ষ্য. কলা গাছের বাসনা দ্বারা আবৃত থোড়; পত্রাদিতে আবৃত শস্য, প্রঃ—ধান গাছের গর্ভথোড়। গর্ভ-ধারিণী ··ষ্য. (সং)। শিশুর জননী। গর্ভ-পাত ··ষ্য. (সং)। ভ্রূণের অসময়ে ভূমিষ্ঠ হওয়া (miscarriage)। গর্ভ-স্রাব···ষ্য. (সং)। গর্ভ-পাত; ইহা হইতে গালি (abortion)।

গর্রা···ষ্য (আ° গর্রা—দর্প ? ফা° গরার—কুলকচা ?)। (হাসির) স্রোত।

গল ··ধাতু. (সং গল ধাতু)। গলি—জল ধারাবৎ পতিত হই, প্রঃ—ছেঁদা দিয়া জল গলে; প্রবেশ করি, প্রঃ—সূচে সূতা গলে না; মণ্ডের তুল্য দ্রব হই, প্রঃ—ভাত গলিয়া গিয়াছে; দ্রব হই, প্রঃ—সোনা আগুনে গলে। দেহ গলিয়া যাওয়া—ক্ষত হইতে পুষ রক্ত ক্ষরণ। হাসিয়া গলিয়া পড়া —দ্রবীভূত হওয়া। গলা॥ পচা-গলা · ণ. (সহচর শব্দ)। গলতি ··ষ্য. যাহা ছিদ্র পথে গলিয়া পড়িয়াছে। গলা ··ধাতু. (গল ধাতু আস্তে)। গলানা॥

গলুই ··ষ্য. (হি° গলহী—নৌকার গলা। সং গল হইতে)। নৌকার সমুখের সরু ভাগ; নৌকার অগ্রপশ্চাৎ সরু ভাগ।

গল-কম্বল ··ষ্য. (সং)। গবাদি পশুর গলার নিম্নস্থ লম্বিত মাংস। গল-গণ্ড···ষ্য. (সং)। গলার গ্রন্থির বৃদ্ধি (goitre)।

গল্-গল ··ব্য. (সং গল্‌ভ ধাতু প্রগলভতায়; সং গল ধাতু ক্ষরণে, স্রবণে)। প্রগল্‌ভ হাস্যে; প্রঃ—গল্‌গল করিয়া হাসা, গল্‌গল করিয়া বকা। ভক্ষণে, প্রঃ—গল্‌গল করিয়া ভাত গেলা; পতনে, প্রঃ—ছিদ্র দিয়া গল্‌গল জল গলিতেছে। গল্‌গলা, গল্‌গলিয়া ··ণ. দ্রবভাবাপন্ন, প্রঃ—গঃ ভাত; শিথিল, প্রঃ—গঃ বন্ধন।

গলঘসি ··ঘলঘসি দেখ।

গলৎকুষ্ঠ···ষ্য. (সং)। যে কুষ্ঠরোগে রক্তস্রাব হয়।

গলৎ, গলদ···ষ্য. (আ° গলৎ)। মিথ্যা, অসত্য, ভুল। গোড়ায় গলদ···আদিতে, কারণে মিথ্যা। গলতি··ষ্য. ভ্রম, ত্রুটি, দোষ।

গলা···ষ্য. (স° গল—কণ্ঠ)। কণ্ঠ, প্রঃ—গলায় ভাত লাগা, গলা শুখাইয়া যাওয়া; বাগ্‌যন্ত্র, কণ্ঠস্বর, প্রঃ—গলা মিষ্ট, গলা সাধা। গলা-কাটা···যে গলা কাটে; ছলে সর্বস্ব হরণ করে,প্রঃ—গলা-কাটা দোকানী। গলা খস্‌খস, খুস্‌খুস করা···গলার কণ্ডুয়ন। গলা-গলি··এমন প্রণয় যে পরস্পর কণ্ঠ আলিঙ্গন করিয়া বেড়ায়। গলা-টিপি দেওয়া···গলায় হাত দিয়া টেপা। গলায় বস্ত্র দেওয়া···বিনয়ে, সম্মান প্রদর্শনার্থে। গলায় দোড়ী··ধিক্কারে, লজ্জায় উদ্বন্ধনে প্রাণত্যাগ। গলা-ধাক্কা···গলায় হাত দিয়া ঠেলা। গলা-বন্দ··(ফা° বন্দ)। গলায় জড়াইবার বস্ত্র। গলা-ফুলা··গোরুর রোগ-বিশেষ (গোরু দেখ)। গলা-ফোলা···গলার গণ্ড-স্ফীতি। গলা বাঁচানা··প্রাণ-রক্ষা। গলা ভাঙ্গা··কণ্ঠস্বরের বিকৃতি। গলা তাড়া···কণ্ঠকে তাড়ন, তর্জন করিতে। গলা বসা···কণ্ঠস্বর মন্দ্র হওয়া। গলা ধরা···কণ্ঠস্বরের মৃদুতা। গলা-বাজি··বৃথা বক্তৃতা দ্বারা কণ্ঠের ব্যায়াম। গলা সাধা··কণ্ঠস্বর সাধন। চাপা গলা··অতীক্ষ্ণ কণ্ঠ-স্বর। সাধা গলা··সাধিত স্বর। হাঁড়িয়া, হেঁড়ে গলা··কণ্ঠস্বর এত নিম্ন যে মনে হয় হাঁড়ীর ভিতর হইতে শব্দ আসিতেছে।

গলানী···ষ্য. (স° গলবন্ধনী। হি° গলাসী—স° গলরশ্মি)। গোরুর গলবন্ধনী।

গলি··ষ্য. (হি° গলী। গলিতে—কষ্টে প্রবেশ করিতে পারা যায়, এইহেতু গলি)। দুই পাশে বাড়ী থাকাতে অল্প-পরিসর পথ; দুই অঙ্গুলীর মধ্যস্থিত স্থান। অলি-গলি···ষ্য. (অলি দেখ; দুই ছাঁইচের মাঝের গলি। সহচর শব্দ)। অলি এবং গলি।গলি-ঘুচি, গলি-ঘুঁজি··(গলি ও ঘোঁজ। সহচর শব্দ)। প্রায় অন্ধকার গলি। প্রঃ—চৌদিকে প্রাচীর উচা কাছে নাহি গলি ঘুচা (ভাঃ)। গলি পথ··ষ্য. অল্প পরিসর পথ।

গলিজ··ণ. (আ°)। নোংরা, দুর্গন্ধময়, ঘন বসতি-পূর্ণ।

গল্প (গ্রা° গপ্প)··ষ্য. (স° জল্প; জ স্থানে গ। তু° স° গল্‌ভ—ধৃষ্ট। ফা° গপ)। ধৃষ্টতাপূর্ণ কথা। গল্প-স্বল্প··গল্প ও সু-অল্প কথা (সহচর শব্দ)। গল্প-গুজব···গল্প ও মিথ্যা সংবাদ। গল্পিয়া···ণ. (গল্প+ইয়া)। গল্প বলিতে দক্ষ বা উৎসুক।

গস্‌-গস··ব্য. (স° কষ ধাতু কর্ষণে; স° ঘৃষ ধাতু ঘর্ষণে)। ক্রোধে গাত্র কর্ষণে কিংবা ঘর্ষণে, প্রঃ—রাগে গা গস্‌-গস করে। গিস্‌-গিস···ব্য. (স° ঘৃষ ধাতু)। জনতার ঘর্ষণে, প্রঃ—লোকে মজলিশ গিস্‌গিস করিতেছে; ঘামে গা গিস্‌গিস করে—কণ্ডূয়ন। লোকের কথাও কখন কখন গিস্‌-গিসানি বোধ হয়—কর্ণ-কণ্ডূয়ন।

গস্ত·ষ্য. (ফা° গষ্‌ত্)। ভ্রমণ, অনুসন্ধান-নিমিত্ত ভ্রমণ। গস্তানী···ষ্য. (ফা° গষ্‌তনী)। যে নারী বেড়াইয়া বেড়ায়; যে দুর্বৃত্তা পর পুরুষের অনুসন্ধানে ঘুরিয়া বেড়ায়।

গহনা, গয়না···ষ্য. (স° গ্রহণীয় হইতে। ও° গহণা, হি° গহনা, ম° গহনা, গহিনা। হি°·

গহনা, ম° গহাণ—বন্ধক ; হি° গহনা-পত্র, ম° গহাণ-পত্র—বন্ধক-পত্র। তু° বা° গহনা-গাঁঠি—গ্রহণ ও গ্রন্থন)। স্বর্ণাদি ভূষণ ; পণ্যদ্রব্য। গহনা-গাঁঠি…(গ্রহণ ও গ্রন্থন। ও° গহণা-গণ্ঠি)। ভূষণ ও মূল্যবান্ দ্রব্য (যাহা গাঁঠি দিয়া সাবধানে রাখা হয়)। গহনা-পত্র…গহনা-সমূহ (পত্র দেখ)। গহনার নৌকা…পণ্যবাহী নৌকা।

গহরি…ষ্য. (হি°)। কালবিলম্ব।

গহিরা, গহেরা…ণ. ষ্য. (স° গভীর)। ও° গহেড়া ; হি° গহিরা)। গভীর, গভীরতা।

গা…ষ্য. (স° গাত্র। এ বিভক্তি যোগে গায় হয়)। দেহ ; বহিঃপৃষ্ঠ। গা-গতর‥(গাত্র+গাত্র)। সর্বগাত্র। গা কেমন করা‥অস্বাস্থ্য বোধ (তু° মন কেমন করা)। গা কাঁপা…ভয়ে কম্পন। গা জ্বালা‥জরাদিতে গাত্রদাহ ; ক্রোধে ঈর্ষায় গাত্র-দাহ। গা ঝাড়া দেওয়া …দাঁড়াইয়া অঙ্গ-প্রত্যঙ্গ টানিয়া প্রস্তুত হওয়া। গা ঝাড়িয়া ওঠা…বেগে দাঁড়ানা। গা ঝিম্‌ঝিম, মেজ-মেজ, মাটি-মাটি করা… (দ্বিরুক্ত ধাতু-শব্দ দেখ)। গা টেপা, গা মলা…সংবাহন। (মানুষের গা টেপা, গবাদি পশুর দলা, মলা)। গা ঢাকা… লুকানা। গা ঢালা…শয়ন। গা তোলা… উত্থান। গা ফোলানা‥গর্বে, উৎসাহে দেহ স্ফীত করণ। গা-জোরি‥(ফা° জোর)। বল প্রয়োগ। গা পাতিয়া লওয়া…প্রহার, ভর্ৎসনা-সহন। গা ভাঙ্গা…অঙ্গভঙ্গা। গা মোড়া…এ পাশ ও পাশ গাত্র-চালন। গা-সহা…গায়ে সহ্য হয় এমন, প্রঃ—গা-সহা গরম ; পোষা, গায়ের নিকটে আসিতে ভয় করে না ; অভ্যস্ত, প্রঃ—গালিমন্দ গা-সহা হওয়া। গায়ে হলুদ…বিবাহের পূর্বে বর-কন্যার দেহ নির্মল ও সুগন্ধ করণার্থে হরিদ্রা কুঙ্কুম গোরোচনা দেহে লেপন। গা জুড়ানা…মনের সন্তোষ পাওয়া। গা করা‥মনোযোগ করা। গা খসা‥গর্ভ-স্রাব (নারী ভাষায়)। গা পাতা…মনো-যোগ করা। গায়ে নাম লেখা থাকা… অধিকার স্বীকার। গায়ে ফুঁ দিয়া বেড়ানা‥ প্রয়োজনীয় কর্তব্য অবহেলা করিয়া কেবল বেশভূষায় সময় কাটানা।

গা…ব্য. (গো দেখ)। অনাদরে সম্বোধনে, অপরিচিতকে সম্বোধনে।

গা…ধাতু. (স° গৈ ধাতু। স° গায়তি—বা° গায়। য় স্থানে হ হইয়া গাহ ধাতুও হয়)। গাই—গান করি ; দোষগুণ কীর্তন করি, প্রঃ—লোকে অপযশ গায়। গাওয়া। গাঅনা ॥ গাঅনা-বাজনা…গীতবাদ্য। গাওয়া, গাআ‥ধাতু. (গা ধাতু আস্তে)। গাওয়াই, গাআই—গান করাই। গাওয়ানা, গাআনা ॥

গাঁ-গাঁ, গাঁক্-গাঁক…ব্য. (স° গম ধাতু গমনে)। যাতনায় 'যাই-যাই' শব্দে, বৃহৎ চতুষ্পদ জন্তুর যাতনার ধ্বনিতে। প্রঃ—বাঘ গাঁক্-গাঁক শব্দে পলাইল।

গাঁ…ষ্য. (স° গ্রাম। এ বিভক্তি যোগে গাঁয়, —গ্রাম। হি° গাঁব। নামবাচী হইলে (কোথাও কোথাও) গাঁও)। গ্রাম। পাড়া-গাঁ…ষ্য. (স° পাটক+স° গ্রাম। সহচর শব্দ। পাড়া দেখ)। গাঁ, ছোট গাঁ। ঘর গাঁ‥যে গ্রামে নিজের বাস। পর গাঁ…অন্য গ্রাম। বিরানা গাঁ‥ভিন্ন গ্রাম। গাঁ-আলী (গ্রা° গেঁআলী)‥ণ. (গাঁ+আলী—

সম্বন্ধীয়, অর্থে। ওঃ গাঁউলি)। গ্রাম-সম্বন্ধীয়; গ্রাম্য, প্রঃ—গাঁঃ কাজ, কথা। গাঁউয়া, গেঁয়ো···ণ. (গাঁ+উয়া)। গ্রাম্য, গ্রামে জাত, প্রঃ—গেঁয়ো ভূত, গেঁয়ো যোগী।

গাই, গাভী···ষ্য. (সং গব্বী। ওং গাই; হিং গাঈ, গৌ, গায়; মং গায়। সং গৌ হইতে গাউ—গাই। গবী হইলে গই হইত। গব্বী হইতে গাভী? গাই হইতে গাহী—গাভী?)। স্ত্রী-গো। পুং ষাঁড়। গাই-বাছুর··স্ত্রী-গো ও বৎস্য। দোহা, দোআ গাই··দোহন-যোগ্য গাই, দুগ্ধবতী। গাই বলদ···গাই ও বলীবর্দ। কাচুটী গাই···(কাঁচা হইতে)। সদ্য প্রসূত গাই।

গাঁই, গাঞি··ষ্য. (সং গ্রামিন্)। পূর্বকালে ব্রাহ্মণে যে যে গ্রামে বাস করিতেন, সে সে গ্রামের নাম। গাঁই-গোত্র··ষ্য. (সং গ্রামী+গোত্র)। কুল।

গাঁইঠ, গাঁঠ···ষ্য. (সং গ্রন্থি)। গ্রন্থি, প্রঃ—বাঁশের গাঁঃ; সন্ধি। গাঁইঠ-কাটা···যে দস্যু জামার পকেট কাটিয়া চুরি করে। গাঁইঠ দেওয়া···গ্রন্থি নির্মাণ। গাঁইঠ পড়া···গ্রন্থির মোচন না হওয়া। গাঁইঠ-ছড়া···ষ্য. (ছড়া দেখ)। বর-কন্যার বস্ত্রে গ্রন্থি, প্রঃ—দ্বিজে বান্ধে গ্রন্থিছড়া (কবিকঃ)।

গাইল, গাল···গালি দেখ।

গাঈয়া···ণ. (গা ধাতু+ঈয়া দক্ষার্থে। হিং গবৈয়া)। গানে দক্ষ। গাঈয়া বাজীয়া···গীতবাদ্যে দক্ষ।

গাওয়া···ণ. (সং গব্য)। গো দুগ্ধজাত, প্রঃ—গাঃ ঘি।

গাওয়া···ষ্য. গা ধাতু দেখ।

গাওয়া···ষ্য. (ফাং গৱা)। সাক্ষী, সাক্ষ্য।

গাগর··ষ্য. (সং গর্গর)। মৎস্য বিশেষ।

গাগরা···ষ্য. (সং কর্করী, গর্গরী। ওং গরা; হিং গগরা; মং গঙ্গাল)। কলশী, ঘড়া। গাগরী··(গাগরা+ঈ)। ছোট গাগরা, প্রঃ—তৈল গাগরী ভরিয়া (চৈঃ চঃ)।

গাঙ্গ···ষ্য. (সং গঙ্গা—হইতে)। গঙ্গাতুল্য বড় নদী। গাঙ্গচীল···ষ্য. (সং গঙ্গা-চিল্লী)। যে চীল পাখী বড় নদীর ধারে থাকে (চীল দেখ)। গাঙ্গ-দাড়া··ষ্য. (সং গঙ্গাটেয়। ওং গঙ্গিতুড়ি)। শকলী মৎস্য বিশেষ (Belone caucila)। দেহ ১৪।১৫ আঙ্গুল লম্বা সরু; শকল ক্ষুদ্র; দুই ঠোঁট দীর্ঘ—যেন দাড়া, (ওং তুণ্ড)। হইয়াছে। চোয়ালে সরু দাঁত। গাঙ্গ-দেয়ালী···(ফাং দেৱাল)। নদী কিংবা পয়নালা হইতে রক্ষা-নিমিত্ত মাটির ঘরের পশ্চাতে যে কাঁদা পুরু করিয়া দেওয়া হয়। (পাকা-বাড়ীর পোস্তা)। গাঙ্গ সালিক··নদীর পাড়ে বাস করে বলিয়া সারী-বিশেষের নাম (সালিক দেখ)।

গাঙ্গালী···ষ্য. (গঙ্গা+আলী—গঙ্গালী—গঙ্গাতীর-বাসী। গঙ্গা—গাঙ্গ; গাঙ্গ+আলী—গাঙ্গালী—গাঙ্গালী। তুং বঙ্গাল—বাঙ্গালী)। ব্রাহ্মণের উপাধিবিশেষ।

গাছ ষ্য. (সং গচ্ছ। সং গম ধাতু হইতে গচ্ছ। বোধ হয় মূল সংস্কৃত শব্দ অগচ্ছ। তুং অগম—বৃক্ষ—অঃ। বাং গাছ, ওং গছ, আসাং গছ। হিং পেড়, মং ঝাড়)। বৃক্ষ (plant); উপরি উপরি স্থাপিত বা রচিত দ্রব্য, প্রঃ—গাছ বান্ধি নিল ভেট ঘৃত দশ ঘড়া (কবিকঃ); বোমের গাছ।

গাছড়া ··(গাছ+ড়া—হ্রস্বার্থে, স্বার্থে)। ছোট গাছ, গাছের অংশ। গাছ-গাছড়া ·· গাছ ও গাছের অংশ, যেমন মূল পত্র। গাছ-ঘেরা ··গাছ-রক্ষণের গোলাকার বেড়া। গাছ-মরীচ ··লঙ্কা (কোন কোন স্থানে)। গাছ-পালা··বৃক্ষ ও পল্লব (এখানে সহচর শব্দ হইলেও দুইএর এক অর্থ নহে)। গাছী ···(গাছ+ঈ)। যে গাছে চড়িতে দক্ষ। গাছুয়া, গেছো ··(গাছ+উয়া)। গাছ সম্বন্ধীয়; গাছে থাকে যে, প্রঃ—গেছো ইঁদুর; গাছে চড়িতে দক্ষ। গাছা, গাছি ·· ষ্য. (গাছ হইতে; গুচ্ছ হইতে)। গাছের মতন লম্বা সরু দ্রব্য নির্দেশে, প্রঃ—এক গাছা দড়ী, এক গাছি সূতা; গুচ্ছের আকারে সজ্জিত দ্রব্য নির্দেশে, প্রঃ—এক গাছা হার, এক গাছা চুড়ী; দীপরক্ষা বা দেরখা (ঢাকায়)। অচেনা গাছ ··সে গাছ কেহ নিকটে আর দেখে নাই, চেনে না। লোকে মনে করে ডাকিনী সে গাছে চড়িয়া যাইতেছিল। যেখানে প্রাতঃকাল হইয়াছে, সেখানে গাছটা রহিয়া গিয়াছে। (ওং-তে বলে ভুআসিনী, অর্থাৎ সং ভূ-বাসিনী।) বস্তুতঃ নদীস্রোত পশু পক্ষী দ্বারা আনীত বীজ হইতে গাছ।

গাজ ··ধাতু. (সং গর্জ ধাতু)। গাজি—গর্জন করি (পদ্যে), দম্ভ প্রকাশ করি, প্রঃ—তরল নিশান গাজে (চৈতন্য মঙ্গল)—লঘু পতাকা দোলে। গাজা॥ (অপ্রচঃ)

গাঁজ ··ষ্য. (সং গঞ্জ, গঞ্জা—ভাণ্ডাগার, খনি হইতে। ওং নাম চুঞ্জুড়িয়াদল। তুং হিং গাজ—ফেনা)। অপুষ্পক জলজ শাক-বিশেষ (Chara)। পুকুরে ও নদীর স্থির জলে জন্মে এবং বহু ব্যাপ্ত হয়। জলে গাঁজ-গন্ধ ছাড়ে। ডাঁটা সরু সরু, হরিৎবর্ণ, পাতা নাই।

গাঁজ · ধাতু. (সং গঞ্জ ধাতু শব্দে। সং গঞ্জা —মদিরা-গৃহ। হিং গাঁজনা—বিলোড়ন, হিং গাজ—ফেনা)। গাঁজি ··ফেনা উঠি, মাতি, প্রঃ—বর্ষাকালে গুড় গাঁজিয়া উঠে। গাঁজা (to ferment)।

গাজন · ষ্য. (সং গর্জন—কোলাহল। তুং হিং গাজনা—গর্জন)। দিন কয়েকের তরে সন্ন্যাস লইয়া একত্র পূজা। ধর্মের গাজন প্রসিদ্ধ। শিব, শীতলা, মনসা ঠাকুরেরও গাজন হয়। চড়ক পূজার সময় শিবের গাজন হয়। প্রবাদে, অনেক সন্ন্যাসীতে গাজন নষ্ট—এক কর্তার অভাবে কেবল কোলাহল হয়। গাজন-তলা···যেখানে ধর্মাদির গাজন হয়। গাজনিয়া, গাজন্যে ·· (গাজন+ইয়া)। গাজন-সম্বন্ধীয়। গাজন্যে সন্ন্যাসী ··গাজনে যে সন্ন্যাসী হয়।

গাজর ··ষ্য. (সং গর্জর) ধন্যাকাদি বর্গের কৃষিজাত শাকবিশেষ (Carrot. Daucus carrota)। পশ্চিমভারতে গাজর বহু-কাল হইতে প্রসিদ্ধ আছে। ইহার দীর্ঘ পুষ্ট মূল মানুষের খাদ্য। ইয়ুরোপে গবাদির খাদ্য।

গাঁজলা···ধাতু. (সং গাহ ধাতু বিলোড়নে; ইহা হইতে বাং গাদ ধাতু (দেখ)। হিং গাজনা—বিলোড়ন)। গাঁজলাই—বিলোড়িত করি, প্রঃ—আঙ্গুল দিয়া চোখ গাঁজলানা, কাঠ দিয়া উনান গাঁজলানা। (গাঁজাল ধাতু দেখ)।

গাঁজলা ··ষ্য. (গাঁজ দেখ)। ফেনা।

গাঁজা ··ষ্য. (সং গঞ্জ, গঞ্জিকা—মদিরাগৃহ হইতে। সুতরাং গঞ্জিকা-সেবন শব্দের গঞ্জিকা সং নহে। সং নাম ভঙ্গা—ভাঙ্গা। কিন্তু ভাঙ্গা ঘুটিয়া পানীয় করিতে হয়, গাঁজার ধূম করিতে হয়। শিব ভাঙ্গা খাইতেন, গাঁজা খাইতেন না। অতএব গাঁজা খাওয়া অপেক্ষাকৃত আধুনিক কালে আসিয়াছে। ওং গঞ্জা, হিং গাঁজা, মং ভাঙ্গা)। সিদ্ধিগাছের শুষ্ক মঞ্জরী। (Cannabis sativa. Hemp—সং শণ শব্দ হইতে। শণের দোড়ী হয়, সিদ্ধি-গাছেরও হয়। ইহা হইতে ভ্রমে)। স্ত্রী গাছ হইতে ভাল গাঁজা হয়। গাঁজা-খোর··· যে গাঁজার ধূম অতিমাত্রায় সেবন করে। গাঁজাখোরী·· গাঁজাখোরের যোগ্য। গাঁজাতে দম লাগানা—গাঁজার ধূম বেগে আকর্ষণ, গাঁজার নেশায় মত্ত হওয়া। গাঁজাল, গেঁজেল ··ষ্য. (গাঁজা+আল—গাঁজাল, অপভ্রংশে গেঁজেল। হিং গঞ্জেড়ী)। গাঁজা-খোর।

গাঁজাল···ধাতু. (সং গাহ ধাতু হইতে। গাঁজলা ধাতু দেখ)। গাঁজালি—বিলোড়িত করি, প্রঃ—চোখ গাঁজালা (তুং কচালা), উনানের আঙ্গারা কাঠ দিয়া গাঁজালা। (গাঁজলা ধাতু বাস্তবিক গাঁজালা ধাতু)।

গাট্টা·· ষ্য. (হিং গট্টা। সং গ্রন্থি—গাঁইঠ)। বদ্ধ মুষ্টির সম্মুখবর্তী অঙ্গুলী-গ্রন্থি।

গাঁঠি, গাঁঠ (গ্রাং গাঁট) ··ষ্য. (সং গ্রন্থি। ওং গণ্ঠি)। গ্রন্থি ; পরিধেয় বস্ত্রের কোণ-গ্রন্থি, প্রঃ—গাঁঠের কড়ি। দোড়িতে গাঁঠ পড়া—গ্রন্থি। গাঁঠ দেওয়া—গ্রন্থি করা। গাঁঠরা···ষ্য. (গাঁঠ+রা)। গ্রন্থি দ্বারা বদ্ধ যাহা, বস্তা। গাঁঠরী···ছোট গাঁঠরা। গাঁঠিয়া, গেঁঠে ··ণ. (গাঁঠ+ইয়া)। গ্রন্থি-সম্বন্ধীয়, সন্ধি-সম্বন্ধীয়, প্রঃ—গেঁঠে বাত (সং সন্ধিবাত, gout)। গাঁঠ-কাটা···যে তস্কর কাপড়ের গাঁঠ কাটিয়া টাকাকড়ি চুরি করে।

গাড়···ধাতু. (সং গাহ্ধাতু ভক্ষণে ; বাং গাড়া, ওং ০, হিং গাড়না, মং গাডণেঁ)। গাড়ি—গর্তে পুতি, প্রঃ—গাড়িবে এক খাদে (কৃত্তিঃ লং) ; ভূমিতে বিদ্ধ করি, প্রঃ—গোঁজ গাড়া ; ভূমিতে প্রবেশ করি, প্রঃ—শিকড় গাড়া, পাঁকে গাড়া গেল গাড়ী উট তার সাতি (ভাঃ)। গাড়া॥ গাড়া···ধাতু. (গাড় ধাতু আস্তে)। গাড়াই—প্রোথিত করাই। গাড়ানা॥

গাঁড়···ষ্য. (সং গণ্ড—চিহ্ন। ওং গাণ্ডি, হিং গাঁড়—পায়ু। ফাং কুন)। যোনি, পায়ু (অশ্লীল)। গাঁড়িয়া ··পায়ু-মৈথুনকারী।

গাড়ল···ষ্য. (সং গড্ডল। ওং হিং গাড়ুর)। ভেড়া। ছুম্বা গাড়ল ··লাঙ্গুলহীন মেষ (ছুম্বা দেখ)।

গাড়া···ষ্য. (সং গর্ত। হিং গাড়া)। গর্ত।

গাড়া ··ধাতু. গাড় ধাতু দেখ। (সং গর্ত হইতে ?)।

গাড়ী ··ষ্য. (সং গন্ত্রী—অঃ ; গান্ত্রী। হিং গাড়ী, মং গাডী। ওং শগড়—সং শকট)। শকট। গাড়ীর ছই, ছত্রী···(সং ছদি, ছত্র)। গাড়ীতে মানুষ বসিবার স্থানের আচ্ছাদন। ডাক-গাড়ী···যে গাড়ীতে ডাক বহা হয়। মাল-গাড়ী···যে গাড়ীতে পণ্য বহা হয়। রেল-গাড়ী···(ইং রেল+বাং গাড়ী)। লৌহপথে চালিত গাড়ী। গাড়-

আন, গাড়োয়ান…ষ্য. (সং গন্ত্রীবাহ। হিং গাড়ীবান। গাড়ীআন—সংক্ষেপে গাড়-আন)। গাড়ীর চালক, স্বামী। গাড়আনি, গাড়োয়ানি…গাড়োয়ানের কর্ম। গাড়ী-আলা…গাড়ীর স্বামী। গাড়ী জোতা, হাঁকানা…জুত হাঁকা ধাতু দেখ।

গাড়ু…ষ্য. (সং গড্ডু। সং গডু—পৃষ্ঠ-গ্রন্থি, কুব্জ। ওং গড়ু ; হিং গডুবা)। ঝারী। (পূর্বকালে গাড়ু ও ঝারীর আকারে প্রভেদ ছিল, প্রঃ—সোণার গাড়ু, সোণার ডাবর সোণার সব ঝারি (কৃত্তিঃ, অযোং)। ঝারী—ভৃঙ্গার, গাড়ু—বোধ হয় কুব্জপৃষ্ঠ ভৃঙ্গার)। গাড়ু গামছা…ধুইবার জলের গাড়ু, মুছিবার গামছা। গাড়ু গামছা বহা…ভৃত্যের কাজ করা।

গাত…ষ্য. (সং গর্তিকা)। তাঁতঘর, যেখানে গর্তে পা রাখিয়া তাঁতী তাঁত বোনে।

গাঁত, গাঁত…ষ্য (সং গ্রন্থি হইতে)। বিশেষ কর্ম সম্পাদন নিমিত্ত বহু ব্যক্তির মিলন (club)। (গাঁতা দেখ); চোরের দল, প্রঃ—গাঁতের মাল—চোরাই দ্রব্য।

গাঁতা…ষ্য. (সং গ্রন্থন হইতে গাঁথা—গাম্য গাঁতা। সং যূথ হইতে ? হিং জথা, জ—গ হইতে পারে)। দুই তিন বা বহু জনের মিলন (clubbing)।

গাঁতি…ষ্য. (সং গ্রন্থি)। জাল দেখ ; সেঅ-নীতে জলসেচনের দোড়ী (কবিকঃ)। গাঁতি-কোদাল…মাটি গাঁথিয়া কাটিবার কোদাল, দাঁড়াইয়া নিক্ষেপ করিয়া মাটি-কাটা কোদাল (হিং গৈঁত)।

গাঁথ…ধাতু. (সং গ্রন্থ ধাতু গ্রন্থনে)। গাঁথি—একত্র বাঁধি, স্থাপন করি, সাজাই, প্রঃ—মালা গাঁথা, ইট গাঁথা। গাঁথা, গাঁথনি ॥ গাঁথা…ধাতু. (গাঁথ ধাতু আস্তে)। গাঁথাই—গ্রথিত করাই। গাঁথানা ॥

গাদ. ধাতু. (সং গাহ ধাতু বিলোড়নে। বাং গাদা, ওং গাদইবা, হিং গদানা, মং গাদণেঁ। অতএব মূলে সংস্কৃত ধাতু আছে। সং গাধ ধাতু প্রতিষ্ঠায়। কিন্তু অর্থে গাহ ধাতু আছে)। গাদি—প্রবেশ করাই, গাঢ় করি, অতিরিক্ত আক্রান্ত করাই, প্রঃ—বালিসের খোলে তুলা গাদা, গাদাগাদি করিয়া খাওয়া। গাদা ॥ গাদা…ষ্য. সজ্জিত দ্রব্যরাশি। গাদী…ছোট গাদা ; মহন্তের গদি (আসন)। গাদা…ধাতু. (গাদ ধাতু আস্তে)। গাদানা ॥

গাদন…ষ্য. (সং খাদন। কিংবা বাং গাদ ধাতু হইতে)। খাদন বা ভোজন, প্রঃ—গোপাল গাদন – গোপালের ভোজন (অতি ভোজন)। দৃষ্টান্তে, যেমন গাদন তেমন লাদন—ভোজনের মাত্রানুসারে মলত্যাগ।

গাদ… ষ্য. (সং কর্দ—কাদা হইতে)। অপদ্রব্য, প্রঃ—গুড়ের গাদ—মলি। গাদ কাটা—মলা দূর করা। গাদড়া…ষ্য. (সং কর্দল হইতে। হিং গদলা—পঙ্কিল)। বৎস-প্রসবের পরেই গাই যে আবিল দুগ্ধ দেয়। (সং পীযূষ ; ইং colostrum)।

গাধা…ষ্য. (সং গর্দভ। গর্দভ শব্দের দ পরে ভ (হ) আছে বলিয়া গাধা হইয়াছে, গাদা হয় নাই। ওং গধ)। প্রসিদ্ধ পশু (The ass. Equus asinus)। রাজপুতানা, পঞ্জাব, ও পারস্যে বন্য গর্দভ ছিল, ক্রমশঃ লুপ্ত হইতেছে। স্ত্রীং গাধী। (২) অতি নির্বোধ (গালিতে)। গাধামি…(গাধা+আমি)। গাধার স্বভাব। গাধা পিটিয়া ঘোড়া করা—

গাধা মন্দগতি ; প্রহার দ্বারা তাহার গতি ঘোড়ার তুল্য দ্রুত করা ; লক্ষণায়, উপদেশ ও ভর্ৎসনা দ্বারা জড়বুদ্ধিকে বুদ্ধিমান করা। গাধা-বোট ··ষ্য. (ই° বোট)। মন্দগতি বৃহৎ নৌকা।

গাঁধাল··ষ্য. (স° গন্ধালী, গন্ধভদ্রা। অন্য নাম প্রসারণী। ও° পসারুনি)। আচ্ছু-কাদি বর্গের দুর্গন্ধ রোহিণী বা লতা (Pæderia fœtida)। ফুল হঠাৎ দেখিতে কলমী শাগের ফুলের মতন। শরৎকালে ফোটে, তখন রাত্রে দুর্গন্ধ বাহিরায়। (মর্দনে অঙ্গ প্রসারিত করে বলিয়া প্রসারণী নাম —অঃ টীঃ। লতা বহু ব্যাপ্ত হয় বলিয়া নহে কি ?)

গান··ষ্য. (স°)। গীত ; অনেকে মিলিয়া মঙ্গল-গীত, প্রঃ—রামায়ণ গান, মহাভারত গান, চণ্ডীর গান, ধর্মের গান, শীতলার গান —মঙ্গল-গীত। এক কি দুই জন পুরুষ নিজের বেশে পালা (স° পালি—প্রশংসা-বচন) গান করে, এবং অন্য কয়েক জন দোয়ারি বা দোহারি করে। গানের ধ্রুবক —ধুয়া—ধরিয়া রাখে বলিয়া ধুয়ারি— দোয়ারি। প্রধান গায়ক—গায়ন। যাত্রাগান অন্য প্রকার (যাত্রা দেখ)। গান-বাজনা ···গীতবাদ্য। গীতের বা গানের অঙ্গ,— আস্থায়ী—প্রথম পদ, অন্তরা—দ্বিতীয় পদ, সঞ্চারী—তৃতীয়াদি পদের প্রথম অংশ, আভোগ—শেষাংশ। গানের কলি ··পদ। গানের বিভাগ,—ধ্রুপদ, খেয়াল, টপ্পা। গানের অলঙ্কার তিন,—মিড়, গমক, খনক। এক গ্রামের স্বরসমূহ দ্রুত গমনা-গমন—মিড় ; এক গ্রাম হইতে অন্য গ্রামে দ্রুত গমন—গমক ; মিহি-চড়া সুর—খনক (খন্‌খন হইতে)। ধ্রুপদে মিড় ও গমক, টপ্পায় খনক, এবং খেয়ালে তিনই থাকে। রস বিচার করিলে ধ্রুপদ গুরুগম্ভীর, টপ্পা লঘুচঞ্চল, খেয়াল মধ্যবর্তী। গান আলাপ করা—গানের রাগ-রাগিণীর পরিচয়-মাত্র প্রকাশন। ওস্তাদী গান···গীতশাস্ত্রানুমোদিত গান। কালোয়াতি, কলাবতী গান··· গীতকলাজ্ঞের যোগ্য গান। চুটকী গান··· ক্ষুদ্র লঘুপ্রকৃতি গান। মেঠো গান···মাঠে রাখালেরা যেমন রাগরাগিণী না জানিয়া গান করে। গান জমা—যেন গান ঘনীভূত হয়, রাগরাগিণী মূর্তিমান হয়।

গান্ধার···ষ্য. (স°)। গীত বাদ্যের তৃতীয় সুর, গা-সুর ; রাগিণী বিশেষ (রাগরাগিণী দেখ)।

গাঁধিপোকা ··ষ্য. (স° গান্ধিক)। ধানের অভ্যাপাতকারী দুর্গন্ধ পতঙ্গ বিশেষ (Rice bug. Leptocorisa acuta)। ধানের দুধ চুষিয়া খাইয়া ধানকে চিটা করিয়া ফেলে।

গাপ···ণ. (আ° গায়ব ; তু° স° গুপ্ত)। গুপ্ত।

গাপ ··ষ্য. (ফা° গফ)। ঘন বুনন, ঘনতা (কাপড়ের)।

গাফলতি···ষ্য. (আ° গাফলতী)। অমনোযোগ, অবহেলা। গাফিলি ··ষ্য. (আ° গাফিল— অমনোযোগী)। অমনোযোগ।

গাব···ষ্য. (স° গালব—শব্দকল্পঃ। অন্য স° নাম তিন্দুক। অমরে, গালব—লোধ্রবৃক্ষের নাম। হি° গাব, তেন্দু ; ও° মাকড়-কেন্দু)। তমালাদি বর্গের আরণ্য তরু বিশেষ (Dios-pyros embryopteris)। গ্রামেও দুই একটা দেখা যায়। নিবিড় পত্র, চির-

শ্যামল। পাতা একোত্তর, দীর্ঘ, দৃঢ়। পাকা ফল রোমশ, পীতবর্ণ, আঠাল, মিষ্ট। আধ-পাকা ফলের আঠা নৌকার পাটার যোড়-মুখে দেওয়া হয়। জলে ভিজাইলে যে রস হয়, তাহাতে মাছ-ধরা জাল কষ করা হয়। এই কষ খদিরবর্ণ। (২) গাবফলের রস তুল্য রঙ্গ, প্রঃ—পুরানা কাঁসার বাসনে গাব বা স্রাব ধরে; (৩) খদির প্রভৃতি নির্যাসের লেপ, প্রঃ—বাঁয়া তবলার বাঁয়াতে গাব ধরানা। (৪) রেড়ীগাছ, গাবভেরেণ্ডা (ও° গব্ব) (বোধ হয় বীজের বর্ণ হইতে গাব নাম হইয়াছে)।

গাব-গুবা-গুব···ষ্য. (অনুকার শব্দ)। এক-তারা যন্ত্র-বিশেষ। একতারায় পিতলের তার, গাব-গুবা-গুবে তাঁত থাকে। আনন্দ-লহরী যন্ত্র।

গাবড়া···ণ. (সং গতগর্ভা)। যে গাইর গর্ভ-স্রাব হয়।

গাবর···ষ্য. (সং গর্ভ)। নৌকার গর্ভ। ইহা হইতে নৌকার গলই ছাড়িয়া গাবরে বসিয়া যাহারা দাঁড় টানে, প্রঃ—হাতে দণ্ড কেরয়াল বসিল গাবুর (কবিকঃ)।

গাবা ··ধাতু. (গাব হইতে)। গাবাই—গাবফলের রসে রঞ্জিত করি, কষাই, আবিল করি. প্রঃ—জাল গাবানা। কাদা জলে কাপড় গাবায়, পুকুর 'গাবানা—পুকুরের জল পঙ্কিল করা। গাবানা॥

গাবা, গাবাল···ষ্য. (সং গর্ভ—গাবা, গাবাল)। পুকুর কিংবা নদীর যে পাশ জলের দিকে থাকে, জলের নিকটবর্তী পাড়ের নিম্নদেশ, প্রঃ—পুকুর গাবালে যেন মড়া হৈল মীন (কবিকঃ)। (মড়া—মরা)। (অন্য সংস্করণে, পুখর গাবালে যেন চিলে তুলে মীন—এখানে গাবালে—গাবাইলে অর্থও হইতে পারে)।

গাবীন, গাভীন···ণ. (সং গর্ভিণী)। (গবাদি পশু সম্বন্ধে) গর্ভিণী।

গাভী···ষ্য. (সং গবী)। গাই, প্রঃ—এক এক গাবী দিল (চৈঃ চঃ)।

গামলা···ষ্য. (পর্তু° gamella? সং গরাদনী?)। মাটির (কিংবা ধাতুর) বড় খোরা বা নাঁদ।

গামার···ষ্য. (সং গম্ভারী। ও° গম্ভারি। শূং পুঃ গামারি; কবিকঃ গাম্ভার)। ভাণ্ডীরাদি বর্গের তরুবিশেষ (Gmelina arborea)। পাতা বড় বড় পানের মতন; (এই হেতু সং নাম শ্রীপর্ণী); ফুল বড় বড় পীতবর্ণ। কাঠ লঘু, দৃঢ়, প্রায় শাদা বা আপীত। মসৃণ করিতে পারা যায়, এইহেতু কবিকঃ, চাপিয়া বসিতে দিল গাম্ভারের পীড়ি। শিবের গাজনে গামার গাছ কাটা আবশ্যক হয়। এই কারণে গ্রামে দুই একটা রোপিত হইয়া থাকে।

গামোছা, গামছা ··ষ্য. (সং গাত্রোঞ্ছন। বোধ হয় বাং মুছ ধাতু হইতে মোছা। হিং অঙ্গোছা)। গা মুছিবার বস্ত্রখণ্ড।

গায়ন ··ষ্য. (সং)। গায়ক। স্ত্রী° গায়নী, প্রঃ—বিবিধ রাগগায়নী (জ্ঞানদাস)। মূল গায়ন ··গায়ন-সম্প্রদায়ে প্রধান গায়ক, অন্যে দোয়ার। দৃষ্টান্তে, গাইতে গাইতে গায়ন, বাজাতে বাজাতে বায়ন।

গায়ব···ণ. (আ°)। লুক্কায়িত, গুপ্ত। গাপ দেখ।

গার···প্রত্যয়. (ফা°। সং কার)। কারী অর্থে, যেমন খিদমৎগার।

গারদ···ষ্য. (ইং guard)। প্রহরী ; প্রহরী-রক্ষিত কারাগার।

গারা···ষ্য. (হিং। সং কর্দ)। কাদা, প্রঃ—গারার গাঁথনি।

গারা · রাগরাগিণী দেখ।

গারি···ষ্য. (সং গালি)। গালি (প্রাচীন পদ্যে)।

গারী ··ষ্য. (সং আগার)। আগার, প্রঃ—লুট হৈল ধন লণ্ডভণ্ড হৈল গারী (কবিকঃ); আগারিণী, প্রঃ—অপুত্রক যার গারী (কবিকঃ) ; গৌরব, প্রঃ—বনে ফিরে যার নারী, বিফল তাহার গারী (কবিকঃ), মোর ব্রত ভঙ্গ করি নষ্ট কৈল মোর গারী (কবিকঃ)। (এক কবিকঙ্কণেই গারী শব্দের নানাবিধ প্রয়োগ পাওয়া যায়)। (অপ্রচঃ)

গার্টার ··ষ্য. (ইং)। মোজা পায়ের নীচে খসিয়া না পড়ে, একারণ বন্ধনী।

গাল···ষ্য. (সং গল্ল)। গণ্ডস্থল (cheek)। চোপসা গাল ··চোপা বা ফলের খোসার মতন শুখাইয়া নত। টেবো, টাবুয়া গাল ·· টাবা নেবুর মতন স্ফীত। তোবড়া গাল ·· কুঞ্চিত-চর্ম গাল। বসা গাল ··ভিতরদিকে নত গণ্ডস্থল। গাল-পাটা···গণ্ডের পট্ট-অস্থি (inferior maxillary)। গাল-মুখা ···(সং মূল হইতে মুথা আসা কঠিন। সং মুস্তক হইতে ? কান-মুথা দেখ)। গালের পশ্চাৎ ভাগ। গাল পোড়া ··চুন, লঙ্কা প্রভৃতি কারণে গালের ভিতর পাশের দাহ। গাল বাজানা···গাল ফুলাইয়া তাহাতে আঘাত দ্বারা বাদ্য। গালে চুন-কালী··· লজ্জাকর কাজের দণ্ডসরূপ এক গালে চুন (শাদা), অন্য গালে কালী লেপন।" (২) মুখ-বিবর, প্রঃ—এক গাল ভাত ; পান গালে দেওয়া—মুখ-বিবরে প্রবেশ করানা।

গাল···ধাতু. (সং গল ধাতু ণিচ্ হইতে)। গালি—গলিত, দ্রবীভূত করি, প্রঃ—ফেন গালা— ভাতের মণ্ড নিঃসারণ, সোনা গালা —দ্রবীকরণ। গাল্লা॥ দিব্য (দিব্বি) গালা —শপথ করা। গালা···ধাতু. (গাল ধাতু. আন্তে)। গালাই—গলিত, দ্রবীভূত করাই। গালানা॥ গালাই··ষ্য. গালন। গালানি··· ষ্য. (গালা+পানি)। গালা বা ক্ষরিত জল।

গালা···ষ্য. (সং গাল। গলঃ সর্জরসে কণ্ঠে —মেঃ। সং গল—ধুনা। হিং মং লাখ, ওং লাখ। জউ দেখ)। চিঠিপত্র আঁটিবার ধুনা-সিন্দুর-মিশ্রিত জউ 'sealing wax)।

গালা-গালি ··ষ্য. (সং গালি হইতে)। গালি, কটুবাক্য।

গালি, গাল (গালি নহে)···ষ্য. (সং। বিরুদ্ধ-শাসনং গালিঃ—হেমঃ)। কটু বাক্য। গালি পাড়া, দেওয়া, প্রঃ—শ্যাম নাগর তোমায় পাড়ে গালি (চণ্ডীঃ)। গালি খাওয়া—সহন, প্রঃ—গণার মুষা কাটে ঝুলি আমি খাই গালি (কবিকঃ)। গালি মন্দ দেওয়া—কটু ও মন্দবাক্য কথন। গালি-গালাজ করা ···(গালাজ শব্দ স্বতন্ত্র পাওয়া যায় না। আং গালীজ—কুৎসিৎ। কিংবা গালি-আদি —গাল্যাদি হইতে। হিং গালিগলৌজ)। গালি।

গালিচা··ষ্য. (ফাং গালীচা)। রঞ্জিত মেষ-লোমের আসন। বুনিবার সময় ঊর্ণা উচা হইয়া থাকে (carpet)।

গালিম···ষ্য. (আং গালিব)। জয়ী (ভাঃ)। (অপ্রচঃ)

গাহক ··ষ্য. (সং গায়ক, গাথক)। গায়ক। স্ত্রীং গাহকী, গাহকিনী (চণ্ডীঃ পদ্যে)।

গাহনা···ষ্য. (সং গান হইতে। বাং গাহ ধাতু অনা)। শিশুর ক্ষুদ্র ক্ষুদ্র অভিলাষ, আখটি; (কোথাও কোথাও বায়না—বাদ্যকরণ—বলে); গান, তুং গাহনা-বাজনা।

গি···ধাতু. (সং গম ধাতু গমনে; কিংবা সং গত হইতে)। এই ধাতু অসম্পূর্ণ, যা ধাতু লইয়া সম্পূর্ণ। গিয়া, গিয়াছি, গিয়াছিলাম, গেলাম, ইত্যাদি।

গিজ্-গিজ···গজ্‌গজ দেখ।

গিঞ্জি ··ণং (গঞ্জ হইতে)। অল্পপরিসর (স্থান)।

গিটকিরি ··ষ্য. (হিং গিটকিরী, গির-গীরী। সং গৃ ধাতু শব্দে, বিজ্ঞাপনে। গির-গির হইতে?)। এক কালের মধ্যে ভিন্ন ভিন্ন স্বরের দ্রুত প্রকাশ (গীতে)।

গিধড় ··ষ্য. (সং গৃধ্র। হিং গীদড়—শিয়াল)। অর্থাশী, স্বেচ্ছাচারী দুর্দম।

গিধিনী (গ্রাং) ··ষ্য. (গৃধিনী হইতে)। শকুনি দেখ।

গিনি ··ষ্য. (ইং guinea)। ইংলণ্ডদেশের এক প্রাচীন স্বর্ণমুদ্রার নাম। বাংতে ইংলণ্ড দেশের বর্তমান স্বর্ণমুদ্রা (ইংনাম sovereign)। বর্তমান মূল্য ১৫৲ টাকা। ওজনে ৩।৷ কড়া কম ॥৶ আনা। গিনি ··গিনির স্বর্ণমুদ্রা। গিনি-সোনা...গিনিতে যেমন সোনা থাকে (২৪ ভাগে সোনা ২২, তামা ২ ভাগ)।

গিন্নী···ষ্য. (সং গৃহিণী। গৃহিণী—গিরণী—গির্ণী—গিন্নী)। গৃহিণী। গিন্নী-পনা···ষ্য. (পনা দেখ)। গৃহিণীর ব্যবহার। গিন্নী-বান্নী···ষ্য. (গৃহিণী—গিন্নী; বর্ণিনী—বান্নী। সং বর্ণিন্—বিপ্রাদি জাতি)। গৃহিণী ও আর্যা, আর্যা প্রৌঢ়া গৃহিণী। (সানুচর শব্দ)।

গিম ··ষ্য. (সং গ্রীবা। ব স্থানে ম; তুং সং বিনতি—বাং মিনতি)। গ্রীবা (প্রাচীন পদ্যে)।

গিমা শাগ ··ষ্য. (সং গ্রীষ্মসুন্দরক—বৈদ্যকঃ। ওং পিতা শাগ)। মাঠের প্রায় বর্ষায় ক্ষুদ্র শাক-বিশেষ (Erythræa roxburghii)। পাতা অভিমুখী। ফুল ছোট, শীতকালে ফোটে। ফল ফাটিয়া যায়। প্রঃ—হেলঞ্চা কলমী গিমা (কবিকঃ)—তিনই তিতা শাগ। শুষ্ক গিমা অধিক তিক্ত হয়।

গিম্‌টি ··ষ্য. (হিং। ইং Dimity)। ডোরা-কিংবা ছক-কাটা মোটা সূতী কাপড় বিশেষ।

গিরগিটি ··ষ্য. (হিং গিরগট—গিরি—গৈরিক বর্ণ, গট—গ্রাহক? ওং নাম এণ্ডুআ। সং নাম কৃকলাস)। কাকলাস (দেখ)।

গিরা ··ষ্য. (ফাং গিরিআ। তুং সং গ্রহ)। গাঁইঠ। প্রবাদে, সোনা ফেলে আঁচলে গিরা—অনাবশ্যকের আদর।

গিরা···ষ্য. (ফাং)। গজের ষোল ভাগের এক ভাগ (কাপড়ের পরিমাণে)।

গিরস্ত, গেরস্ত (গ্রাং)···ষ্য. (সং গৃহস্থ আসাং গৃহস্থ; ওং গুরস্ত। তুং সং গৃহ—গেহ।শূং পুঃ—গারস্ত)। গৃহস্থ। (গৃহের) স্বামী বা কর্তা (ওং নাম ঘইতা—সং ভর্তা, আসাং গরাকী)। গিরস্তালি ··ষ্য. গৃহস্থালি। গিরস্ত-সংসার ··ষ্য. গৃহস্থের সংসার। গিরস্তের মেয়ে··ষ্য. কুলবধূ।

গিরি···ষ্য. (সং)। সন্ন্যাসী, মহন্ত সন্ন্যাসীর

উপাধি (তুং পুরী) ।...(সং গৃহী) । গৃহী, সংসারী (প্রাচীন । অপ্রচঃ) ।

গিরি···ষ্য. (ফাং গর—গরি ; সং কর—করি হইতে । গরি অপভ্রংশে গিরি । তুং হিং খা-কর (বাং খাইয়া), ওং খাইকরি অপভ্রংশে খাইকিরি) । কাজ, প্রঃ—কেরাণি-গিরি—কেরাণির কাজ ; পেয়াদা-গিরি—পেয়াদার কাজ ।

গিরিঞ্জা···ষ্য. (ওং নাম । বাং নেপাল তুঁদ । সং গিরি হইতে) । বন্ধূকাদি বর্গের আরণ্য তরু বিশেষ (ইং নাম Bastard cedar. Guazuma tomentosa) । পাতা রোমশ । ফুল গোছা গোছা । ফল শুষ্ক দীর্ঘ, অর্বুদ-ময় । পথের পার্শ্বে বঙ্গদেশে রোপিত হইয়া থাকে । কাঠ লঘু, ফাটিয়া যায়, প্রায়ই আরক্ত ।

গিরিন রং··ষ্য. (ইং green) । কাঠে লাগাইবার বিলাতী সবুজ রঙ্গ বিশেষ ।

গিরিমেণ্ট ··ষ্য. (ইং agreement) । সম্মতি বা স্বীকার পত্র (আদাঃ) ।

গির্জা···ষ্য. (পর্তুং Egreja—Church) । খ্রিষ্টানদিগের ভজনালয় ; অত্যুচ্চ মন্দির (tower) । গির্জা করা—গির্জাতে ভজনা (খ্রিষ্টানী ভাষা) ।

গির্দা···ষ্য. (ফাং) । ঠেস দিবার মোটা বালিশ, তাকিয়া, প্রঃ—গিদ্দায় গৌরব করে হেলায়েছে গা (মাঃ) । (অপ্রচঃ হইতেছে) ।

গির্বি···ষ্য. (ফাং গিরিব্—বন্ধকী দ্রব্য) । বন্ধক ।

গিল ··ধাতু. (সং গৃ ধাতু ভক্ষণে) । গিলি—কঠিন দ্রব্য গলাধঃ করি । গেলা ॥ গিলন ···(সং) । গেলা ··ধাতু. (গিল ধাতু আস্তে) । গেলানা ॥ (ঘিট ধাতু দেখ) ।

গিলা ···ষ্য. (? ওং গিল) । বন্ধূকাদি বর্গের বৃহৎ লতা বিশেষ (Entada hursæthe) । ফুল ছোট, হলুদা । ফল দীর্ঘ, বীজ গোল চেপটা । এই গাছের ফল—গিলা—দিয়া কাপড় কোঁচানা হয় ।

গিলাফ··ষ্য. (আং) । ওয়াড়, গায়ের মোটা চাদর । (গেলেপ দেখ) ।

গিল্টি ··ষ্য. (ইং gilt) । সোনার সূক্ষ্ম লেপন ।

গিল্টি · ষ্য. (হিং, ওং । সং গ্রন্থি) । দেহের গ্রন্থি-স্ফীতি-রোগ, কুঁচকি-ফোলা ।

গিস্‌গিস্···গস্‌গস দেখ ।

গীম ··ষ্য. (সং গ্রীবা) । গ্রীবা (প্রাচীন পদে) ।

গীর···ষ্য. (ফাং । তুং সং গ্রহণ, গ্রাহক) । স্বামী, আক্রমণকারী, প্রঃ—জাহাঁগীর—পৃথিবীর স্বামী ; কুস্তীগীর—যে কুস্তীতে পারদর্শী ।

গু···ষ্য. (গূ দেখ) । বিষ্ঠা । গু-মুত এক করা—মল মূত্র ত্যাগ করা । গুখোর···ষ্য. (খোর দেখ) । বিষ্ঠাখাদক (গালি) । গু-খোরি, গু-খুরি···ষ্য. বিষ্ঠাখাদকের কর্ম, অপরাধ । দৃষ্টান্তে,চাকরি না গুখোরি । গুখোর বেটা···গুখোরের বেটা, সুতরাং নিতান্ত হীন । গু-খেগো··· (খাগুয়া—খেগো) । যে বিষ্ঠা খায় । স্ত্রীং গুখাগী । গু-খেগোর বেটা···বিষ্ঠা-খাদকের পুত্র (গালি) ।

গুইয়া ··ষ্য. (গু+ইয়া) । শিশুকে অপবিত্র মলের সহিত তুলনা করিয়া নাম । অভিপ্রায় এই, এমন অপবিত্র দ্রব্যকে কেহ খুঁড়িবে না, যমে ছুঁইবে না । (গুইয়া নামধারী বড় হইয়া কখন কখন শুদ্ধ করিয়া নিজের নাম গোবর্ধন বলায় । কিন্তু গোবর্ধন নাম ডাকে গোবরা হয়, গুইয়া—গুয়া হয় না) ।

গুগলী···ষ্য. (সং গুগ্‌গুল হইতে) । জলের

খোলকী প্রাণী বিশেষ। পুকুরে থাকে। আকারে ছোট গেঁড়ীর (শম্বুক) তুল্য, কিন্তু মুখে ঢাকনী নাই। ছোট-গুগলী… সর্প-কুণ্ডলাকার গুগলী, মুখে ঢাকনী নাই।

গুগ্গুল ··ষ্য. (সং গুগ্গুলু, গুগ্গুল)। ছোট আঁকা-বাঁকা কাঁটালা তরু-বিশেষ (Balsamodendron mukûl)। ত্বক্ কাগজের মতন পাতলা হইয়া খসিয়া পড়ে। শাখার প্রান্তে পাতা, পাতা ত্রিপর্ণ। ফল পাকিলে লাল হয়। সিন্ধু, রাজপুতানা প্রভৃতি শুষ্ক দেশে এই গাছ হয়। ওড়িশাতেও (ওং নাম শিঠা) আছে। গাছের রস সুগন্ধ। শীতকালে ছালে ঘা করিলে নির্যাস বাহিরায়। এই নির্যাস কৃমির তুল্য বাঁকা, ঈষৎ লাল কিংবা হরিৎ বর্ণ। ইহাই গুগ্গুল (Indian bdellium)। পূর্ববঙ্গে আসামে আর এক গাছ (B. roxburghii) হইতে গুগ্গুল নামে নির্যাস বাহিরায়। কিন্তু তাহা প্রকৃত গুগ্গুল নহে। আফ্রিকাদেশ হইতে যে গুগ্গুল এদেশে আসে, তাহাই উৎকৃষ্ট। গুগ্গুল পোড়াইলে সুগন্ধ ধূম বাহিরায়। একারণ ধূপ, ধুনা, গুগ্গুল—এই তিন প্রায়ই এক সময়ে পোড়ানা হয়।

গুচ্চার (গ্রাং)…ষ্য· (গোছা+চারি, গোটা চারি)। অনেক।

গুছা·· ধাতু. (সং গুচ্ছ হইতে)। গুছাই— গুচ্ছ করি, একত্র করি, আয়োজন করি। গোছানা॥ গুছি ··ষ্য. (সং গুচ্ছ)। ছোট গোছা; এক শত পানের গোছা।

গুঁজ, গুজ · ধাতু. (সং গুহ ধাতু গোপনে, আচ্ছাদনে। তুং হিং গোঝা—সং গুহ্য। সং গুহ ধাতু হইতে গুঝ ধাতু আসে, বোধ হয় অপভ্রংশে গুজ, গুঁজ হইয়াছে। তুং সং গুহ্য —বাং উচ্চারণে গুজ্ঝ। ওং গুজ ধাতু)। গুঁজি—বলে প্রবিষ্ট করি, গোপন করি, প্রঃ —আপন বাঁসার চালে রাখিল গুঁজিয়া (চৈঃ চঃ); মাথা গুজে যত সাপ যায় পলাইয়া (ভাঃ)। গোঁজা॥ গুঁজি…যাহা গোঁজা হয়। গুঁজি-কাঠি ··ষ্য. (ওং নাম গুঁজ-কাঠি)। মাথার চুলে গুঁজিবার কাঠীর আকারের নারীর আভরণ-বিশেষ। নাকে মুখে ভাত গোঁজা·· ধীরে সুস্থে না খাইয়া তাড়াতাড়ি গেলা। গোঁজ ·· দেখ। গোঁজা মিলন…অশুদ্ধ অঙ্কে অন্য অঙ্ক প্রবেশ করাইয়া শুদ্ধ-করণ। গোঁজা…ধাতু. (গুঁজ ধাতু আস্তে)। গোঁজানা॥

গুজ্-গুজ ··গজ্গজ দেখ।

গুজব ··ষ্য. (গ্রাং। হিং গুজক—হুজক হইতে। সং ঘুস ধাতু হইতে)। রটনা, কিম্বদন্তী। গুজবী ··ণ. গুজবে জাত, প্রঃ—গুঃ কথা। বাজার গুজব ··বাজারের লোকের বলাবলি।

গুজরৎ…(ফাং গুজারদা—দত্ত হইতে)। দত্ত, প্রঃ—গুঃ খোদ—নিজের দ্বারা বা স্বয়ং দত্ত।

গুজরাট…ষ্য. (সং গুর্জর-রাষ্ট্র)। ভারতের পশ্চিমদেশ বিশেষ। গুজরাটী…ণ. গুজরাটে জাত, উৎপন্ন; সে দেশের লোক, লোকের ভাষা। (সে দেশের লোকে গুজরাতী বলে)।

গুজরান ··ষ্য (ফাং)। জীবিকানির্বাহ।

গুজরী-পঞ্চম·· ষ্য. (গর্জর—গাজর হইতে গজর —গজরী—গুজরী। তুং হিং গজরা—ছোট গাজরের আকারের বাহু-ভূষণ)। পাদ-ভূষণ বিশেষ। (গাজরের আকারের কিঙ্কিনী যাহা পায়ে পঞ্চম স্বর উৎপাদন করে?)

গুজস্তা··ণ. (ফা°। তু° স° গত, অস্ত)। গত, প্রঃ—গুঃ বছর।

গুজারা ··ষ্য. (ফা°)। নির্বাহ। মাল গুজারি·· ষ্য. (ফা°)। খাজনা আদায়। মাল-গুজার ·· ষ্য. (ফা°)। প্রজা।

গুজিয়া, গুজ্যে ণ. (গুঁজ ধাতু দেখ। গোঁজ + ইয়া—গোঁজিয়া—গুজিয়া)। গোঁজ-তুল্য সরুমুখা।

গুটা, গুড়া···ধাতু. (স° গুট, গুড়—বর্তুল)। গুটাই, গুড়াই—বর্তুলাকার করি, পিণ্ডীকৃত করি, সম্পুটীকৃত করি। গুড়ানা, গুটানা॥

গুটি ··ষ্য. (স°)। গুলী, ঘুঁটি; পাট তসর প্রভৃতির কোষ (coccoon); বসন্তরোগের স্ফোটক। গুটি-পোকা···ষ্য. পাট ও তসর উৎপাদক পতঙ্গ (silk worm)।

গুটি-গুটি···ব্য. (স° গূঢ় হইতে। কিংবা গুটি —একটি)। অলক্ষিত ভাবে, ধীরে ধীরে, প্রঃ —গুটি গুটি চলা—না জানাইয়া ধীরে ধীরে, কিংবা একটি একটি পা ফেলিয়া। (গট্‌গট চলনের বিপরীত)।

গুটিমার···ষ্য. (হি°)। দিবাচর প্রসহবর্গের শ্যেন পক্ষী বিশেষ (The small spotted aegle. Aquila hastata)। বাজবিশেষ। ১।০ হাত দীর্ঘ হয়। বাচ্চার গায়ে শাদা ফোটকা থাকে। তসরের গুটি হইতে পোকা এবং অন্য পাখীর বাসা হইতে ডিম ও বাচ্চা লুটিয়া খায় বলিয়া নাম।

গুটিলা···ণ. (স° গুটি+বা° লা)। পিণ্ডিত, বর্তুলাকার, প্রঃ— গুটিলা মল।

গুটী···ষ্য. (স°) গোবসন্ত (rinderpest)। গোরু দেখ।

গুঠলি ··ষ্য. (স° গ্রন্থি হইতে। হি° গুট্‌ঠল)। পিষ্টার পিণ্ড।

গুড় ··ষ্য. (স°)। আখ, খেজুর, তাল, নারিকেল গাছের পিণ্ডীকৃত মিষ্ট রস (jaggery or raw sugar)। পাকের পর দানা বাঁধিলে খাঁড় (sugar-candy), দানা না বাঁধিলে মাৎ (molasses)। আদগধ ঘন রস—চিটা গুড় (treacle)। সরু দানা বাঁধিলে—ভিড়া গুড়। দ্রব গুড়— ঝোলা গুড়। গুড় হইতে নির্গত রস— রাব (হি°)। (কেহ কেহ মনে করেন গুড় ও প্রাচীন গৌড় নগরের নামের সম্বন্ধ ছিল। রাঢ়ের গুড়, বিশেষতঃ আখ চাষ অদ্যাপি প্রসিদ্ধ আছে (আখ দেখ)। ভাব-প্রকাশে আছে, লোষ্ট্রবৎ হইলে গুড়, কিন্তু গৌড়-দেশে মাৎকেও গুড় বলে। বঙ্গ (দেশের) নামের সহিত বেগুন নামের সম্বন্ধ আছে। মরিচ, লঙ্কা ইত্যাদি ফলের নামে দেশের নাম আছে)। দৃষ্টান্তে, লাভের গুড় পিঁপড়ায় খায়—অল্প-পুঁজি গুড়-ব্যাপারীর লাভ থাকে না। এইরূপ, অল্প-পুঁজির অন্য ব্যাপারেও লাভ অপেক্ষা ব্যয় অধিক হয়। কথায়, সে গুড়ে বালি—যে গুঁড়ের আশা, সে গুড় ভোগ্য নহে, আশায় নৈরাশ্য।

গুড়-কামাই···ষ্য. (স° নাম কাকাদনী। অমরে—কাকমাচীর নাম গুড়-কোঙালি শ.ক বা গুড় কামাই। কিন্তু বা°তে যাহা কাকমাচী, গুড়-কামাই তাহা নহে। কিংবা গুড়-কামাই দ্বিবিধ, (১) বঙ্গানাদি বর্গের গুড়-কামাই (Solanum nigrum), (২) বরুণাদি বর্গের কাঁটা-গুড় কামাই (Capparis sepiaria)। শব্দকল্পে, অহিংস্রা—

কাঁটা কুলিকা। বোধ হয়—ইহার সদৃশ কণ্টকময় সং করীর হইতে গুড়। করীর-কাকাদনী—গুড় কামাই)। (১) বঙ্গনাদি বর্গের বন্য শাক বিশেষ (Solanum nigrum)। গাছে কাঁটা নাই, লোমও প্রায় নাই। ফুল গোছা গোছা শাদা। ফল ছোট, গোল। (২) কাঁটা গুড়-কামাই—বরুণাদি বর্গের ছোট তরু বা বৃহৎ ক্ষুপ বিশেষ (Capparis sepiaria)। পুকুর পাড়ে, বনে জঙ্গলে, রসা ছায়াবৃত স্থানে প্রবল হয়। গায়ে ছোট ছোট ভীষণ কাঁটা। পাতা মসৃণ, ফুল শাদা সুগন্ধ, দল ৪।

গুড়্-গুড়্ ··ব্য. গড়্-গড় দেখ। (সং গুর ধাতু গতি)। ক্ষুদ্র বস্তুর দ্রুতগমনে। ছেলে গুড়্গুড় করিয়া চলে। (গুটিগুটি—একটি একটি হইতে।)

গুড়-গুড়া ··ষ্য. (গুড়া হইতে?)। কুলেচর বর্গের পক্ষীবিশেষ (The spotted crake. Porzana marnetta)। দৈর্ঘ্যে ১২ আঁগুল, পুচ্ছ ২।৩ আঁগুল। বুক পেট শাদা, তাহাতে ফোটকা দাগ। শীতকালে দেখা যায়।

গুড়-গুড়ি···ষ্য. (অনুকার শব্দ হইতে)। নল-বিশিষ্ট হুঁকা। গুড়গুড়ি টানা—তামুকের ধূম আকর্ষণ।

গুড়-গুড়িয়া · ণ. (সং গুড়—বর্তুল)। হ্রস্ব-দেহ, খর্ব, প্রঃ—গুঃ বউ।

গুড়-চাউলী·· ষ্য. (গুড়+চাউল)। গুড়ে পাক-করা চাউল-গুঁড়ির লাড়ু। বিবাহের বরকে গুড়চাউলী মারা পূর্বকালে রীতি ছিল (কবিকঃ দেখ)।

গুড়ুম, গুড়ুম ··ব্য. (গড়-গড় দেখ)। বন্দুক ও কামানে অগ্নিসংযোগ-জাত শব্দে। আক্কেল গুড়ুম ··বুদ্ধির ঘরে তোপ দাগা, সুতরাং বুদ্ধিহীন হওয়া।

গুঁড়া ··ষ্য. (সং গুণ্ডক)। চূর্ণ, ক্ষুদ্র খণ্ড।··· ধাতু. গুঁড়াই—চূর্ণ করি। গুঁড়ানা॥

গুড়িয়া, গুড়ো ··ণ. (গুড়+ইয়া)। গুড় সম্বন্ধীয়, গুড়ে জাত; মোদক (ও°)।

গুড়ি · ষ্য. (সং গূঢ় হইতে। গুটি দেখ। কিংবা বাং গুড়া, গুটা ধাতু হইতে)। সঙ্কোচন, প্রঃ—গুড়ি মারা—দেহ গুটাইয়া নিম্ন হওয়া। গুড়ি-সুড়ি···ষ্য. (গুড়ি—সঙ্কোচন, সুড়ি (দেখ)—সঙ্কোচন। সহচর শব্দ)। দেহ-সঙ্কোচন। প্রঃ—শীতে গুড়িসুড়ি মারিয়া শোওয়া।

গুঁড়ি ষ্য. (সং গণ্ডি—প্রকাণ্ড—হেমঃ। ও° গর)। গাছের গোড়া হইতে প্রথম মোটা ডাল পর্যন্ত অংশ (trunk)। (২) যে দুই বেলনের ভিতর দিয়া আখ মাড়া হয় (rollers)। গুঁড়িতে শাঁখা কাটা থাকে। গুঁড়ি ও পোয়া লইয়া গুঁড়ি-গাছ। গুড়ি-ভালকা···বাঁশ দেখ।

গুঁড়ি, গুঁড়ী··ষ্য. (সং গুণ্ড)। গুঁড়া, চূর্ণ; চাউল-চূর্ণ, প্রঃ—গুঁড়ি-চালনী—যাহাতে চাউল-গুঁড়া চালা যায়, গুঁড়ি কোটা—চাউল গুণ্ডিত করা। গুঁড়ি-গুঁড়ি বৃষ্টি ·· সূক্ষ্ম জলকণার বৃষ্টি।

গুড়ুক ··ষ্য. (সং গুড়ক। হিং ও° গুড়াকু)। গুড় মাখানা পচানা তামুক। গুড়ুক তামুক—দোক্তা নহে। গুড়ুক-খোর·· ণ. (খোর দেখ)। তামুকে আসক্ত।

গুড়ূচী (গ্রাং গুলঞ্চ) ··ষ্য. (সং। ও° গুলুচি)। প্রসিদ্ধ ঔষধ লতা (Tinospora cordi-

folia)। পাতা কতকটা পানের মতন। পাতায় রোম নাই। ফল ছোট, পাকিলে লাল হয়। পদ্ম-গুড়ূচী (গ্রা॰ পদ্ম গুলঞ্চ) ···ষ্য. (স॰ নাম সুদর্শন—বৈদ্যকঃ)। গুড়ূচী তুল্য লতা (Tinospora tomentosa)। পাতা অপেক্ষাকৃত গোল (পদ্ম পাতার মতন) এবং তাহাতে তিনটা আঁগুল। পাতা লোমশ। ফল পাকিলে নারঙ্গ বর্ণ হয়।

গুণ···ষ্য. (স॰)। (১) উৎকর্ষ। গুণবন্ত···ণ. (বন্ত দেখ)। গুণবান। গুণাগুণ ষ্য. (স॰ গুণ+অগুণ)। গুণ ও দোষ। গুণ-ধাম ···ষ্য. (স॰)। গুণের আগার (উপহাসে, দোষের আগার)। গুণপনা · ষ্য. (গুণীপনা—সংক্ষেপে)। গুণীর ব্যবহার, প্রঃ—তোর গুণপনা জানে সর্ব্বজনা, পাসরিলি বটে সেটা (ভাঃ)। গুণমণি · ষ্য. (স॰)। গুণীশ্রেষ্ঠ। গুণমন্ত ··ণ. (মন্ত দেখ)। গুণবান। গুণধর···ষ্য. (স॰)। গুণের আধার। গুণ-নিধি···ষ্য. (স॰)। গুণের সাগর, (উপহাসে বিপরীতার্থ)। (২) প্রভাব, সুফল, উপকার, প্রঃ—ঔষধে গুণ করে। (বিপরীত, অপগুণ)। (৩) তন্ত্রের মন্ত্র প্রয়োগ, প্রঃ—পুরুষকে গুণ করিয়া বশ করা। (৪) কারণ, প্রঃ—এই গুণে কেহ দেখিতে পারে না। (৫) রজ্জু, ধনুকের জ্যা, নৌকা টানিবার দোড়ী। (৬) আবৃত্তি, প্রঃ—একগুণ, দুগুণ, তিনগুণ; একগুণা, দুগুণা, তিনগুণা বা তেগুণা। ·· ধাতু. গুণি—গুণিত বা পূরিত করি, প্রঃ—পাঁচকে তিন দিয়া গুণিলে পনর হয়। গুণন, গুণা। (সংস্কৃতকোষ দেখ)।

গুণ···ষ্য. (স॰ গোণী। ও॰ গোণি, হি॰ গোন, ম॰ গোণ)। শণ দোড়ীর থলিয়া।

গুণ্-গুণ—গুন্-গুন দেখ।

গুণ-চট ··ষ্য. (স॰ গুণ—রজ্জু। চট দেখ। ম॰ গোণচট)। যে মোটা চটে গুণ হয়, প্রঃ—কাপড় নয়, গুণ-চট (এত স্থূল)।

গুণা ··ষ্য. (স॰ গুণ)। ধাতুর তার, প্রঃ—সাঁড়াশীতে টানে গুণা (কবিকঃ)।

গুণিন্ · ষ্য. (স॰)। তন্ত্র-মন্ত্রে গুণবান্ বা তন্ত্র-মন্ত্র প্রয়োগ-নিপুণ; রোজা। (যে-সে রোজা গুণিন্ নাম পায় না। ঝাঁপান দেখ)।

গুণ্ডা···ষ্য. (স॰ গুণ্ডক)। গুঁড়া (প্রাচীন বা॰)।

গুণ্ডা···ষ্য. (? স॰ গুণ্ডক—স্নেহপাত্র। অতি স্নেহে লোকে দুর্দান্ত হয়?)। দুর্দান্ত মানুষ; আঘাত ও বধ করিতে উদ্যত দুর্বৃত্ত। গুণ্ডামি...ষ্য. (গুণ্ডা+আমি)। গুণ্ডার বৃত্তি। (শহরে প্রচলঃ)।

গুণ্ডি···ষ্য. (স॰ গুণ্ডক)। শুষ্ক তামুক-পাতা চূর্ণ। (কেহ কেহ পানের সঙ্গে খায়)।

গুণ্ডিচা·· ষ্য. (ও॰। স॰ গুণ্ডিকা। ক স্থানে চ হইয়া গুণ্ডিচা। গুণ্ডি—গুঁড়া। ও॰ বালি-গুণ্ডি·· বালি চূর্ণ বা বালি ধূলা। তু॰ পুরীর বলগুণ্ডি-পাড়া। বোধ হয় পূর্বে বালি-গুণ্ডি ছিল)। বালি-স্তূপের উপরে নির্ম্মিত বা স্থাপিত মণ্ডপ—গুণ্ডিচা মণ্ডপ (চৈঃ চঃ)। (ক্ষেত্র-মাহাত্ম্য গ্রন্থে আছে, জগন্নাথ-দেবের মণ্ডপ প্রথমে গুণ্ডিচা-মণ্ডপ ছিল। এই মণ্ডপ এখনকার মন্দির হইতে প্রায় এক ক্রোশ উত্তরে অবস্থিত আছে)।

গুঁতা···ধাতু. (স॰ গুধ ধাতু ক্রীড়া, রোষ হইতে? তাহা হইলে গুধি, গুতি হইত। বা॰ গুঁতানা হি॰ গুঁথনা। বোধ হয়, স॰ গ্রথিত—গাঁথা হইতে। তু॰ বা॰ গাঁথা, ও॰ গুঁথিবা)। গুঁতাই—শিং দিয়া বিঁধি; প্রঃ

—গোরু গুঁতায়। গুঁতানা॥ গুঁতানিয়া, গুতাঁন্তে···ণ. যে গুঁতায়।

গুদ···ষ্য. (সং—পায়ু)। বাংতে যোনি (অশ্লীল)।

গুদড়ী···ষ্য. (গোদড়া দেখ। তুং সং গুর্দ ধাতু বাসে)। (ভিক্ষুকের) স্থূল বস্ত্র, কাঁথা।

গুদম···ষ্য. (ইং godown)। ভাঁড়ার, মালখানা। গুদম-সরকার···ভাঁড়ারী।

গুন্‌কার···ষ্য. (ফাং গুনাহ—পাপ; গুনাগার—পাপী)। ক্ষতি, দণ্ডস্বরূপ মূল্য, প্রঃ—পরের জিনিষ ভাঙ্গিলে গুনকার দিতে হয়।

গুন্-গুন···ব্য. (সং গুঞ্জ ধাতু)। ভ্রমরাদির অব্যক্ত শব্দে, কণ্ঠের অব্যক্ত শব্দে, প্রঃ—গুন্‌গুন করিয়া গান করা।

গুপ্তী··ষ্য. (সং গুপ্ত হইতে)। দণ্ডে গুপ্ত তরবারি।

গুঁফা, গোফা··ষ্য. (সং গুম্ফ—গ্রন্থন, গৃহ গ্রন্থন হইতে? কিন্তু গুঁফায় গাঁথনি থাকে না। ওং গুম্ফা, হিং গুফা—সং গুহা বোধ হয়। ওং গুম্ফা হইতে গুঁফা)। পাহাড়কাটা গুহা বা গৃহ, প্রঃ—গোফা উঘারিয়া (চৈঃ চঃ)—গুহা উদ্‌ঘাটন করিয়া।

গুফোঁ · গোঁফুয়া দেখ।

গুম · ণ. (ফাং। সং গুপ্ত)। গুপ্ত, নষ্ট। গুমি খুন··গুপ্তহত্যা।

গুম··ধাতু. (সং গুপ ধাতু গোপনে। প স্থানে ম হয়। বোধ হয় ফাং গুম শব্দও মিশিয়াছে। গুমি—বদ্ধ স্থানে, গোপনে থাকি, প্রঃ—আম গুমিয়া পচিয়া গিয়াছে। গুমা॥ গুমা ··ণ. আবদ্ধ থাকাতে জাত, প্রঃ—গুমা গন্ধ।

গুমক···গোমক দেখ।

গুম্-গুম···ব্য. (সং গম ধাতু)। গম্ভীর প্রহারশব্দে, প্রঃ—গুং কীল মারা।

গুমট···ণ. (সং গুপ্ত। প স্থানে ম। কিংবা সং গুণ্ঠিত বেষ্টিত)। মেঘাচ্ছন্ন। গুমট করা—প্রচুর জলীয় বাষ্পময় ও নির্বাত হওয়া।

গুমর···ষ্য. (ফাং। তুং সং গর্ব—গরব, গবর? কিংবা সং (অব-) গুণ্ঠন হইতে)। গর্ব। ·· ধাতু. গুমরি—গুপ্ত হইয়া থাকি, আবৃত হইয়া থাকি, প্রঃ—গুমরি গুমরি মরি (চণ্ডীঃ); গুমরি গুমরি কাঁদা—লুকাইয়া কাঁদা। গুমরা॥ গুমরিয়া, গুমরো···ণ. গর্বিত।

গুমসা···ধাতু. (সং গ্রীষ্ম হইতে? ফাং গুম+বাং সা—গুমসা?)। গুমসাই—গুপ্ত বা আবৃত থাকাতে গরমে দুর্গন্ধ হই, প্রঃ—পাকা আম ঢাকা থাকিলে গুমসায়। গুমসানা, গুমসানি॥ গুমসানি···ষ্য. নির্বাত দিনের গ্রীষ্ম।

গুমান··ষ্য. (ফাং—খেয়াল। তুং সং গরিমা)। অভিমান, গর্ব, প্রঃ—গুমান হইল গুঁড়া (ভাঃ), এদেহের গুমান কর মিছে।

গুম্বজ··ষ্য. (ফাং গুম্বদ)। মন্দিরের গোলাকার চূড়া, ছাদের উপরিস্থিত ক্ষুদ্র মন্দির (dome)।

গুয়া···ষ্য. (সং গুবাক। ওং গুআ, হিং গুবা; আসামে ও পূর্ববঙ্গে অদ্যাপি গুয়া। প্রাচীন বাং গুআ—শূং পুঃ। মাণকে ভারতে গুয়া। অতএব গত এক শত বৎসরের মধ্যে গুবাক স্থলে সুপরী শব্দ চলিত হইয়াছে)। গুবাক বা সুপরী। (পূর্বকালে হাতে গুআ দিয়া কাজের ভার দেওয়া হইত। শূং পুঃ দেখ। কবিকঙ্কণে হাতে পান দিয়া আরতি—নিয়োগ করা হইত। বর্তমান কালে সুপরী দিয়া নিমন্ত্রণ গ্রামে প্রচলিত আছে।) গুয়াকাতি...ষ্য. গুবাক কাটিবার জাঁতি (ওং)।

গুইয়া, গুয়ে…ণ. (সং গূ—গু, + ইয়া—গুইয়া। সং গুহা—গুয়া)। প্রঃ—গুয়া বাবলা—সং বিট খদির, গুয়ে সালিক—সং গুহা সারিকা। গুয়ে গোবরে…মানুষের বিষ্ঠা ও গোরুর বিষ্ঠা একত্রে, নানাবিধ মলে।

গুরু…ষ্য. (সং)। মন্ত্রোপদেষ্টা। গুরু-ঠাকুর …ষ্য. (ঠাকুর দেখ)। গুরু-রূপ দেবতা। গুরু-পুরুত…গুরু ও পুরোহিত। গুরু-বল…ষ্য. গুরুর কৃপাবল। গুরু-ভাই…ষ্য. এক গুরুর শিষ্য। (২) পিতা প্রভৃতি পূজ্য। গুরুজন …পূজ্যজন। (২) বৃহস্পতি। গুরুবার… বৃহস্পতিবার। (৪) গুরুমশায় ..ষ্য. (সং গুরু-মহাশয়)। পাঠশালার অধ্যাপক। গুরু-দক্ষিণা ..ষ্য. অধ্যাপকের প্রাপ্য পুরস্কার। গুরু-মারা বিদ্যা…গুরু—কুরু-পাণ্ডবদিগের মল্ল-গুরু—দ্রোণাচার্য; তাঁহার শিষ্য অর্জুন যুদ্ধে গুরুকে হত করিয়াছিলেন। ইহা হইতে মল্লক্রীড়াশিক্ষক সম্বন্ধে কথাটা প্রযুক্ত হয়। বিদ্যায় গুরুকে শিষ্য পরাজয় করিলেও বলা যায়, কিন্তু তখন উপমায় প্রয়োগ। গুরু-মশায়ি…ষ্য. (গুরু-মহাশয় + ই)। গুরু-মহাশয়ের বৃত্তি।

গুরুতর…ণ. (সং গুরু + সং তর)। সাধারণ অপেক্ষা গুরু, অতএব অতিশয় গুরু, দুস্তর, কঠিন, উৎকট, প্রয়োজনীয়।

গুরুয়া…ণ. (সং গুরুক)। গুরু (প্রাচীন পদ্যে)।

গুর্জরী.. ষ্য. (সং)। রাগরাগিণী দেখ।

গুল…ষ্য. (ফাং। সং গুড়—বটিকা)। তামুক খাইবার নিমিত্ত অঙ্গার-গুলিকা; আদগ্ধ তামুক। গুল-কলম…গুলি দেখ।

গুল…ষ্য. (ফাং)। ফুল, গোলাপ ফুল। গুল-আচীন…গুলঞ্চ দেখ। গুল-কন্দ ষ্য. গোলাপ-ফুল-দেওয়া খণ্ড বা গুড়। গুল-বদন ষ্য. গোলাপের তুল্য সুন্দর; রেশমের ডোরিয়া শাড়ী। গুল-দাউদী ষ্য. চন্দ্র-মল্লিকা। গুল-বাহার…ণ ফুল হেতু সৌন্দর্য যার, যেমন ফুলতোলা শাড়ী। গুল-অনার, গুলনার—ষ্য. অনার—ডালিম ফুলের তুল্য লাল-ফুলযুক্ত শাড়ী। গুল-মখমল ..ষ্য. অম্লান পুষ্প।

গুল ..ধাতু. (সং ঘুর ধাতু হিংসায়? তুং সং ঘুট ধাতু পরিবর্তনে। ঘোলা ধাতু দেখ। ভাবপ্রকাশে ঘোলয়েৎ পদ আছে)। গুলি—মিশাই, চূর্ণ করিয়া মিশাই, প্রঃ—জলে নুন গুলিয়া কাঠে দেও। গোলা॥ গোলা …ষ্য. যাহা গুলিয়া প্রস্তুত হইয়াছে, যেমন গোবরের গোলা। গোলা ..ধাতু. (গুল ধাতু আন্তে)। গোলানা॥

গুলগুলা…ষ্য. (হিং। সং গুড়-গুলিকা)। ঘৃত-পিক মিষ্ট খাদ্য; ফুলরী।

গুলজার. ণ. (ফাং গুল—গোলাপ, জার—স্থান,—পুষ্পোদ্যান)। পুষ্পোদ্যান, শোভা-সম্পন্ন, প্রঃ—নরক গুলজার—নরকে পুষ্পো-দ্যান অর্থাৎ বহু প্রসিদ্ধ ব্যক্তির সমাগম (উপহাসে)।

গুলঞ্চ ..ষ্য. গুড়ূচী দেখ।

গুলঞ্চ ..ষ্য. (ফাং গুল-আ-চীন—চীন দেশীয় ফুল। নামে চীন থাকিলেও বস্তুতঃ চীন দেশের নহে। অনেক বিদেশী গাছ চীন নাম পাইয়াছে, যেমন চীনের বাদাম, চীনের গেঁদা)। তগরাদি বর্গের পুষ্পতরু বিশেষ (Plumeria acuminata)। ইং-তে কেহ কেহ Spanish Jassemine বলে)।

ক্ষীরা গাছ, শাখার অগ্রদিকে পাতা। পাতা একোত্তর। গাছ বাঁকা বাঁকা, ছাল ফাটা ফাটা। ফুল শাদা ভিতরে হলুদা, বাহিরে লাল, সুগন্ধ। গ্রীষ্ম ও বর্ষাকালে ফোটে। (২) শাদা গুলঞ্চ··গুলঞ্চ তুল্য গাছ (P. alba)। ফুল শাদা, সুগন্ধ। (৩) লাল গুলঞ্চ··গুলঞ্চ তুল্য গাছ। (P. rubra)। ফুল লাল।

গুলতই···ষ্য. (সং গুলী+ৱর্তুল ? সং নাম গোফণা ? ফাং গুলেল)। গুলী—বাঁটুল (সং বর্তুল) নিক্ষেপের ধনুক, প্রঃ—গুলতাই নিল তুলে গভীর গর্জনে। চারি গোটা বাঁটুল যুড়িল চারি গুণে (মাঃ)—চারি গোটা—চারিটা, গুণে—ধনুকের ছিলায়।

গুলতন···ষ্য. (ফাং গলতান—চাকার ভিতরে চাকা, পেঁচান)। বিশৃঙ্খল, গোলযোগ প্রঃ—কাজের গুঃ করা।

গুলা, গোলা···ধাতু. (গুল্ ধাতু আস্তে)। গুলাই, গোলাই—মিশ্রিত করি, ঘোলা করি। জল গোলানা॥ (ঘোলা ধাতুর গ্রাম্য গুলা ধাতু হইতে পারে। গুল ধাতু দেখ)।

গুলান···গুলা দেখ।

গুলাল তুলসী··বাবই তুলসী। তুলসী দেখ।

গুলি, গুলিন···গুলা দেখ।

গুলি···ষ্য. (সং হইতে)। বাহুর পেশী (সং নাম বাহু-পিণ্ডিকা)। গুলি কলম, গুল-কলম, গুটি কলম··বৃক্ষ শাখায় মৃত্তিকাদির গুলিবৎ বেষ্টন করিয়া সে শাখার মূল বহির্গত করাইয়া নূতন গাছ।

গুলী··ষ্য. (সং। যথা, গুলী তু গুটিকা ভেদে—মেঃ)। (১) মৃত্তিকা ধাতু প্রভৃতির গুটিকা; (২) সিসার বর্তুল (যেমন বন্দুকের; বড় গুলী—হিং গোলী—গোলা); (৩) কাপাসের কাঁচা ফল (গুটিকার আকার বলিয়া। ওং নাম বকরা)। (৪) আফিমের বর্তুল। গুলী-খোর· আফিমের ধূমপায়ী। (৫) গুলী ডাং খেলা··ডাঙ্গা—ছোট দণ্ড দিয়া গুটিকা—ক্ষুদ্র কাষ্ঠখণ্ড নিক্ষেপ। (কোথাও কোথাও গুলী ডাণ্ডা বলে। হিং গিল্লী ডাণ্ডা)।

গুল্ম··ষ্য. (সং)। (১) তৃণাদির ঝাড় (clump)। (২) উদরের রোগ-বিশেষ (চরকে এই রোগ নানাবিধ বর্ণিত আছে। আধুনিক ইয়ুরোপীয় চিকিৎসা-বিদ্যার একটা রোগের সহিত গুল্ম মিলে না। পেটে গোলার ন্যায় পদার্থ-বোধ—গুল্ম-রোগ)।

গুষ্টি (গ্রাং)·· ষ্য. (সং গোষ্ঠী। তুং সং কোষ্ঠী—গ্রাং কুষ্টি)। বংশ। ভর্ৎসনায়, গুষ্টির মাথা করা—পরিবারের মাথা খাওয়া (?)।

গুস্তাকি···ষ্য. (ফাং গুস্তাখী)। ধৃষ্টতা, প্রঃ—গুঃ করা, গুঃ মাফ করা।

গুস্সা···ষ্য. (আং)। ক্রোধ, গোসা।

গূ···ষ্য. (সং গূথ। ওং গুহ)। বিষ্ঠা। গূ-কুড়···ষ্য. (কুড় দেখ)। বিষ্ঠা-স্তূপ, যেখানে বিষ্ঠা আছে। গূ-বন···বিষ্ঠার অরণ্য। গূ খাওয়া··অপকর্ম করা। গু দেখ।

গৃধিনী (গ্রাং গিধিনী)···ষ্য. (সং গৃধ্র শব্দের বাং স্ত্রীলিঙ্গ পদ)। প্রসহ-বর্গের দিবাচর পক্ষী-বিশেষ (The black vulture. Otogyps calvus)। প্রায় দুই হাত দীর্ঘ হয়। শ্মশানে মৃত জন্তুর উপরে বসিয়া থাকে। ঠোঁঠ হইতে গলা পর্যন্ত লাল থলী বা শিখা থাকে। এই হেতু এক নাম লাল-মাথা শকুনী (ওং ফুল-শাগুনা)। গৃধিনীকে শকুনী ভয় করে। (শকুনী দেখ)

গৃহস্থ ··ষ্য. (সং)। সংসারী; গৃহস্বামী, স্বামী (স্ত্রীর ভাষায়); মধ্যবিত্ত, প্রঃ—গৃহস্থ ঘর। গৃহস্থালি ষ্য. (গৃহস্থ+আলি)। গৃহস্থের কর্ম্ম, ধর্ম্ম বা আচরণ।

গে···ক্রিয়া. (গিয়া পদের সংক্ষেপে)। অনুজ্ঞা ক্রিয়াপদের পরে বসে, প্রঃ—কর গে; কর-গে যা—কর-গিয়া যাও। (প্রায়ই অবজ্ঞায় ও ভর্ৎসনায়)।

গেঙ্গা···ধাতু. (গোঁ গোঁ—অপভ্রংশে)। গেঙ্গাই—এক বিষয়ের নিমিত্ত হাঁ গো হাঁ-গো রবে পুনঃপুনঃ প্রার্থনা করি। গেঙ্গানা, গেঙ্গানি॥

গেছো, গাছুয়া···ণ.ষ্য. (গাছ+উয়া)। গাছে চড়িতে দক্ষ; গাছে বাস করে যে; প্রঃ—গেছো সাপ; আখমাড়া গুঁড়ির হাঁড়ী—যে হাঁড়ীতে রস পড়ে।

গেঁজ্-গেঁজ···গজ্‌গজ দেখ।

গেঁজ (গ্রা°) ··ষ্য. (গজা দেখ)। গাছের গজা, অঙ্কুর; গোদের উচা ঘা।

গেঁজ (গ্রা°) ধাতু. গাঁজ ধাতু দেখ।

গেঁজে (গ্রা°)· গাঁজিয়া দেখ। (ভাঃ)।

গেজেট···ষ্য. (Gazette)। সরকারী সংবাদ-পত্র।

গেঁজেল (গ্রা°) ··গাঁজাল দেখ।

গেঁজ্যো···ষ্য. (সং গঞ্জিকা হইতে। গাঁজ ধাতু দেখ)। পুকুরের জল বিকৃত হইলে কুয়াসার দিনে মাছ হাঁপাইয়া ভাসিতে থাকে, যেন মাতাল হয়। গেঁজ্যো লাগা—মাছের এই রূপ মত্ততা বা হাঁপানি হওয়া।

গেঞ্জি, গেঞ্জিফবক···ষ্য. (ইং Guernsey, Guernsey frock)। ঘন জালের মতন কাপড়ের টান জামা।

গেঁটা ··গেঁড়া দেখ। গেঁটা-গোটা·· ণ. (গেঁড়া—হ্রস্ব ও স্থূল, গোটা—গোল। সহচর শব্দ)। হ্রস্ব ও মাংসল।

গেঁঠ্যে (গ্রা° গেঁটে) ·ণ. (গাঁঠিয়া দেখ)। গাঁঠে জাত, প্রঃ—গেঁঃ বাত; গাঁইঠ-বিশিষ্ট, প্রঃ—গেঁঃ লাঠী; পূর্ব্বকালের দেশীয় ছোট কামান (এই কামান কতকগুলি লোহার চক্র জুড়িয়া নির্ম্মিত হইত)।

গেঁড় ··ষ্য. (সং গণ্ড—চিহ্ন)। গাছের অঙ্কুর।

গেঁড়া ··ণ. (সং গেণ্ডু, কন্দুক। ওং গেড়া, মং গিড্ডা)। কন্দুকবৎ হ্রস্ব ও স্থূল। ··ষ্য. খেলিবার ভাঁটা।

গেঁড়া (গ্রা°)···ষ্য. (সং গণ্ড হইতে বাং গাঁড়, ওং গাণ্ডি)। (মূল অর্থ) পায়ু। গেঁড়া মারা—(অশ্লীল। তুং গ্রাং পোঁদ মারা)। ঠকাইয়া লওয়া।

গেঁড়ী···ষ্য. (সং গেণ্ডুক, গণ্ডু। ওং গেণ্ডা)। পুকুরের ক্ষুদ্র শম্বুক-বিশেষ। ছোট, কাল; মুখে ঢাকনী আছে। (গুগ্‌লী দেখ)। গেঁড়ী-ভাঙ্গা ··কেঅটিয়া সাপ দেখ।

গেঁড়ু···ষ্য. (সং কন্দুক, গেণ্ডক)। খেলাইবার ভাঁটা বা গোলক।

গেঁড়ুয়া, গেঁড়ো ··ষ্য. (সং গেণ্ডু, গণ্ড—গ্রন্থি)। কলা, হলুদ প্রভৃতি শাকের কন্দ শাখা (off set)। এঁঠ্যে দেখ।

গেড়ে, গড়িয়া···ষ্য. (সং গর্ত্ত হইতে বাং গাড়, গাড়া। ওং গড়িআ। হিং গাড়া)। গড়ানিয়া-পাড় ছোট ডোবা, প্রঃ—সরোবর ত্যাগ করে পচা গেড়ায় সরে (মাঃ) —সরে—জল লয়। (মাটি কাটিয়া গর্ত্ত

ফুরিয়া মাটির ঘর করিতে হয়। ইহা হইতে গেড়ে ও ডোবার উৎপত্তি।)

গেণ্ডু...ষ্য. (সং কন্দুক, সং-প্রা' গেন্দুঅ)। গেঁড়, গেঁড়া—খেলিবার গোলক।

গেঁদা...ষ্য. (সং কন্দুক, গেন্দুক হইতে) ও° গেণ্ড, হিং গেঁদা, গেণ্ডক)। সোমরাজ্যাদি বর্গের পুষ্পশাক বিশেষ (Tagetes)। পাতা বহুচ্ছিন্ন। ফুলসমষ্টি—মঞ্জরী—দেখিতে কন্দুকবৎ বলিয়া নাম গেন্দা—গেঁদা। দেশী গেঁদা ..গাছ লম্বা, ফুল এক সারি, প্রায় তাম্র বর্ণ। চীনের গেঁদা ..ছোট গাছ, ছোট ফুল হলুদায় লাল দাগ (French marigold. Tagetes patula)। বিলাতী গেঁদা ..ছোট গাছ, বড় বড় হলুদা ফুল (African marigold. Tagetes erecta, Calendula)।

গেবে ..ষ্য. (আ° গয়েব—অদৃশ্য হইতে? সং গর্ভ?)। টেবিলের নীচের বাক্স (a drawer)।

গেয়ান্...ষ্য. (সং জ্ঞান)। জ্ঞান, (বিদ্যাপতি, কৃত্তিঃ। গ্রা°)।

গেঁয়ো...ণ. (গাঁ+উয়া)। গ্রামবাসী, প্রঃ—গেঁয়ো যোগী ভিখ্ পায় না; গ্রাম-সম্বন্ধীয়, প্রঃ—গেঁয়ো মঁড়ল।

গের্ ..ষ্য. (সং গ্রহ)। কু-গ্রহ, কু-গ্রহের ফল, প্রঃ—গেরয় পড়া।

গেরন (গ্রা°)...ষ্য. (সং গ্রহণ। হিং গিরন, মং গিরাণ)। চন্দ্র সূর্যের গ্রহণ (ও° পরাগ —সং উপরাগ)।

গেরি...ষ্য. (সং গৈরিক। হিং গেরু)। গিরি গাত্রের লাল মাটি বিশেষ (Red ochre), প্রঃ—সূক্ষ্ম বস্ত্র আনি গিরি দিয়া রঙ্গাইল (চৈঃ চঃ)। (গিরি মাটি বলা অপেক্ষা গেরি মাটি অধিক প্রচলিত)।

গেরেফতার · ণ. (ফা° গিরফতার)। ধৃত। গেরেফতারী ..ণ. ধরিবার, প্রঃ—গেঃ পরোয়ানা (আদাঃ)।

গেরুয়া...ণ. (সং গৈরিক। গেরু+উয়া)। গৈরিক, গেরি মাটিতে রঙ্গানো কাপড়।

গের্দ ..ষ্য. (ফা° গির্দ, গির্দা—চারিদিক)। বেষ্টন, আটক।

গেল্ ..ণ. (সং গত)। গত, অতীত, প্রঃ—গেল্ বছর, গেল্ বার।

গেলা...ধাতু. (গিল ধাতু আস্তে)। গেলানা।

গেলানি (গ্রা°)...ষ্য. (সং গ্লানি)। অস্বাস্থ্য, ক্লান্তি; দোষ-প্রদর্শন, নিন্দাবাদ; প্রঃ—পরের গেলানি, গ্লানি করা।

গেলাস ..ষ্য. (ই° glass)। স্তম্ভাকার ঘটী, কাচের ঘটী।

গেলেপ ·ষ্য. (আ° গিলাফ)। আবরণ, লেপ; এক সঙ্গে দুই খণ্ড মোটা চাদর।

গেস...ষ্য. (ই° gas)। বায়ুবৎ পদার্থ, প্রঃ—পচানি হইতে গেস উঠে। গেসের আলো...পাথরিয়া কয়লা, তেল প্রভৃতি হইতে উৎপাদিত গেসের দীপ।

গেহ...ষ্য. (সং গৃহ)। গৃহ (পদ্যে)। গেহী...ষ্য. গৃহী, গৃহস্থ। স্ত্রী° গেহিনী। গেহেনর্দী ..ণ. (সং)। গৃহে নর্দন করে যে, ঘরে বড়াই করে যে।

গৈবী...ণ. (আ° গয়েব—অদৃশ্য)। অনুপস্থিত, লুক্কায়িত (গয়েবী খেলা দেখ)।

গৈর ..ণ. (আ°)। বিভিন্ন, অন্যেরা; প্রঃ—ও-গৈর—এবং অন্যেরা (আদাঃ)।

গো.. ব্য. (সং অঙ্গ)। সম্বোধনে, মায়ে

(ব্যাকরণ দেখ)। প্রঃ—কহ গো নিরুপমা (কবিকঃ)—শঙ্কর গৌরীকে।

গো···ষ্যা. (সং)। গোরু। গো-কল ··ষ্যা. (সং গো-কবল)। গো-গ্রাস, গোরুকে যে ঘাস খাইতে দেওয়া হইয়াছে। গোকুল ··ষ্যা. (সং)। মথুরার নিকটবর্ত্তী গ্রাম-বিশেষ। এখানে শ্রীকৃষ্ণ বাল্যকালে গো-চারণ করিতেন। প্রবাদে, ষাঁড় গোকুলে বাড়িতেছে—বিশেষ যত্নে; লক্ষণায়, নির্ভাবনায় খাইয়া পরিয়া পুষ্ট হওয়া। গো-খাদক ··ষ্যা. (সং)। গোমাংস-খাদক; শপথ বিশেষ, প্রঃ—যে এক পয়সা লাভ করিয়াছে সে গো-খাদক (হউক)। গো-খানা ··ষ্যা. গোরক্ষা স্থান। গো-খী, গৌখী ··ণ. (হিং)। গোচর্ম্মে নির্ম্মিত। গো-গ্রাসে খাওয়া··না চিবাইয়া গোরুর মতন গিলিয়া। গো-চর···ষ্যা. (সং)। গোচারণ-ভূমি। গো-দন্ত ··ষ্যা. (সং)। গো-দন্তের তুল্য পীতাভ স্ফটিক-প্রস্তর (quartz)। গোদন্ত হরিতাল ··ষ্যা. (সং)। গোদন্ত আকারের হরিতাল (orpiment)। গোবাঘা ··বাঘ দেখ। গো-বাড়িয়া করা ··গোরুকে বাড়ি মারার তুল্য নির্দয় ভাবে প্রহার করা। গো-বালি ···ষ্যা. (সং গো-বাল)। গোরুর পুচ্ছকেশ। গো-বেচারা, গো-বেচারী ··গোরু-তুল্য নির্ব্বোধ, সরল-স্বভাব। গো- বৈদ্য ··গোরু চিকিৎসক। লক্ষণায়, যে বৈদ্য আসুরিক চিকিৎসা করে। গো-ভাগাড় ··ষ্যা. (ভাগাড় দেখ। হিং গোহর)। গোরু যাবার গ্রাম্য পথ, যে পতিত স্থানে মৃত গোরু ফেলা হয়। গো-মূর্খ ··ণ. (সং)। গোরুতুল্য নির্ব্বোধ। গো-মেদ ··ষ্যা. (সং)। গো-মেদ-বর্ণ তুল্য মণি বিশেষ (রত্ন-পরীক্ষা দেখ)। গো-রোচনা ··ষ্যা. (সং)। পরে দেখ।

গোএন্দা···গোয়েন্দা দেখ।

গোঁ···ষ্যা. (হিং গঁৱার—সং গ্রামনর, গ্রাম্য লোক হইতে? হিং গৌঁ—প্রয়োজন, সং গৌণ হইতে? বোধ হয় প্রথমে হিং গঁৱার হইতে বাং গোঁ)। দৃঢ় নির্বন্ধ; সেই এক কথা। গোঁয়ার ··ণ. (গোঁ+আর। কিংবা হিং গঁৱার)। নির্বন্ধশীল, নির্ব্বোধ। গোঁয়ার-তি ··ষ্যা. (গোঁয়ার+তি—ভাবে। তুং সেয়ানতি)। গোঁয়ারের ভাব। এক-গোঁউয়া, এক-গুঁয়া ··ণ. এক গোঁ ধরে যে। এক-গুঁয়ামি ··ষ্যা. (এক গুঁয়া+আমি)। এক-গুঁয়ার ভাব। শূয়রিয়া গোঁ, শূয়রো গোঁ ··শূয়র সোজা ছোটে, এ পাশ ও পাশ দেখে না। তেমন একই কথা ধরিয়া থাকা। গোঁয়ার-গোবিন্দ ··ষ্যা. (অনুপ্রাসের নিমিত্ত গোবিন্দ? গোঁয়ার—গ্রাম্য জন, সং গোবিন্দ—গোপালক; গোঁয়ার এবং গোয়ালা সহচর শব্দ?)। গোঁয়ার নির্ব্বোধ।

গোক্ষুরা, গোখুরা ··ষ্যা. (সং গোক্ষুর+বাং আ)। ফণাধারী বিষধর সর্পবিশেষ (Cobra di capello. Naja tripudians)। রাত্রিচর। ফণায় গোরুর খুর-চিহ্ন আছে। গায়ের বর্ণ অনুসারে নানা নাম হইয়াছে। খপা, খইয়া—খই-তুল্য শাদা; খড়ীশ—খড়ী-সদৃশ শাদা; তেঁতুলিয়া—তেঁতুল-বীজের তুল্য খয়র বর্ণ; কালী—কৃষ্ণ বর্ণ।

গোখুরা ··ষ্যা. (সং গোক্ষুর)। বর্ষায় শাক-বিশেষ (Tribulus terrestris)। ঘাসের মাঝে জন্মে। পাতা অভিমুখী, ফুল পীত-

বর্ণ। ফল পাঁচকোণা বা দশ-কণ্টক—যেন গোরুর পাঁচ জোড়া খুর। গোখুরী · ষ্য. গোখুরা ফলের আকারের সোনার কর্ণ ভূষণ বিশেষ। (আজ-কাল দেখা যায় না)।

গোগল ··ষ্য. (? সং গুদ্‌গল ?)। গুহ্যদ্বার বহির্গমন রোগ (prolapsus ani)।

গোঁগা···ণ. (হিং গূঙ্গা—বোবা)। গোঁ গোঁ করে যে, বোবা।

গোঁ-গোঁ···ব্য. (অনুকার শব্দ। তুং সং অঙ্গ —বাং গো সম্বোধনে)। যন্ত্রণায় মানুষের গলার অব্যক্ত শব্দ (যন্ত্রণায় ওগো ওগো করা ?)। গোঁ-গোঁয়ানি ··ষ্য. (গোঁ গোঁ +আনি)। গোঁ-গোঁ রব।

গোচ, গোছ, গঁচ ··ষ্য. (সং গতি। গতি—গইত—গঁত—গঁচ। ত স্থানে চ)। গতি, অবস্থা, প্রকার, উপায়, আশ্রয়; প্রঃ—সেই গোছের মানুষ—প্রকার; তার খাবার গঁচ নাই—অবস্থা, বা উপায়। গোছে-গাছে ··কোনো উপায়ে। গোছাল ণ. (গোছ+আল)। অর্থ-সম্পন্ন, সংসারী।

গোছা, গোছ ··ষ্য. (সং গুচ্ছ। গুচ্ছ, স্তবক। গোছ ··৫০ টা পানের গোছা।

গোঁজ ··ষ্য. (গুঁজ ধাতু দেখ)। কীলক, খোঁটা। গোঁজনা ··ষ্য. যাহা দ্বারা গোঁজা —ঠেলিয়া প্রবেশ করানা যায়। পোড়া গোঁজনা···আধ-পোড়া কাঠ।

গোঁজা···সরগুজা দেখ।

গোঁজা ··ষ্য. (গুঁজ ধাতু দেখ)। যাহা গুঁজিয়া—অন্য দ্রব্যের ভিতরে—প্রবেশ করানা হয় চালে গোঁজা দেওয়া—চালের খড় না ফেলিয়া যেখানে ফাঁক পড়ে সেখানে নূতন খড় গুঁজিয়া দেওয়া। গোঁজা মিল, গোঁজা মিলন ··স্থিত দ্রব্যের মাঝে নূতন দ্রব্যের প্রবেশ ও মিলন। হিসাবে গোঁজা মিল ··স্থিত হিসাবের মাঝে মাঝে নূতন হিসাব যোগ করিয়া শেষফল মিলন।

গোট ··ষ্য. (সং কটিত্র)। কটিবেষ্টন ভূষণ। বিছা-গোট ··বিছার আকারের গোট। ডোরিয়া গোট ··ডোর—সূতার আকারের গোট।

গোটা···ণ. (সং একটা হইতে। একটা—এগটা—গটা। শূং পুঃ—গটা। গটা অদ্যাপি প্রচলিত আছে। প্রাচীন বাংতে গুটি শব্দও ছিল। আসাং ওং গোটা)। একটা, অখণ্ডিত, সম্পূর্ণ; প্রঃ—কারে দেন গুটী গুটী কারে দেন মুটী মুটী দরিদ্দকে ধন দেন তরাজু ধরিআ (শূং পুঃ)—ধর্মরাজ কাহাকেও ধন গুটী গুটী একটি একটি গণিয়া, কাহাকেও মুঠা মুঠা, এবং দরিদ্রকে তরাজু দিয়া দেন; এক গুটী পট্ট ডুরী (চৈঃ চঃ)—একটা পট্ট ডোরী; পোড়াবে যতনে যেন থাকে গোটা গোটা (মাঃ)—অখণ্ডিত। গোটা-সিদ্ধ ··শ্রীপঞ্চমীর দিন গোটা—আ-কোটা—শাগ-পাতা সিদ্ধ ব্যঞ্জন। (২) প্রায়, প্রঃ—গটা দশ ঝুম্মা দিআ সাজাইল মই (শূং পুঃ)—প্রায় দশ, দশ বারটা। (৩) গোটা দুই তিন, গোটা চারি, গোটা কয়েক, গোটা কতক (ওং গোটা কেতে)। সংখ্যাক, প্রঃ—চারি গোটা চাবুক মারিল বাম হাতে (মাঃ)—চারিটা। (ব্যাকরণ দেখ)।

গোটা ··ষ্য. (হিং। সং গুটিকা)। সোনা বা রুপার জরী।

গোটি···একটি (গোটা দেখ)।

গোঠ ··ষ্য. (স° গোষ্ঠ)। গো-স্থান, গো-চারণ স্থান।

গোড়···ষ্য. (স° ঘুট, ঘুটি, ঘুটিকা—গুল্‌ফ। স° গোহির, যথা, পাদমূলং গোহিরং স্যাৎ —হেমঃ। তু° স° কুপর। ও° গোইঠি, হি° গোড়, গোড়া)। চরণ, পদ। গোড়ে নমস্কার—পায়ে নমস্কার (অশিষ্ট); (তু° খুরে নমস্কার)। গোড়-তোলা, ঘোড়-তোলা জুতা···যে জুতার পশ্চাৎ ভাগ গুল্‌ফ-দেশ উন্নত, চটী জুতা নহে। গোড়-মুড়া—গুল্‌ফ-মূল। হাড়-গোড় ··হাত-গোড়—হাত পা, প্রঃ—হাড়গোড় ভাঙ্গা দ। (২) গৃহছাদনের এক এক পদ, ছাঅনির এক এক থাক। কথায়,ছাইতে না জানি গোড় চিনি—সমস্ত চাল ছাইতে না পারিলেও গোড়— ছাঅনির আরম্ভ ধরিতে জানি; লক্ষণায়, কোনো বিষয়ের স্থূল স্থূল পদ-বিভাগ।

গোড়া···ষ্য. (গোড় দেখ)। আরম্ভ। আগা-গোড়া···অগ্র ও আরম্ভ, আদ্যন্ত। গোড়া-গোড়ি,গোড়া-গুড়ি···আরম্ভ হইতে। (২) গাছের আরম্ভ, গাছের পা বা শিকড়, প্রঃ—কি ফল হইবে বল গোড়া কেটে আগে জল দিয়া (চণ্ডীঃ)। গোড়া পত্তন ·· পদ-স্থাপন, আরম্ভ-করণ। ··ধাতু. গোড়াই —গোড়—পা দিয়া প্রহার করি; পায়ের পাছে পাছে যাই (শূং পুঃ, কৃত্তিঃ। অপ্রচলঃ)। গোড়ানা॥ গোড়ালি · ষ্য. (গোড়া+আলি, স্বার্থে। ঢাকায় গুড়মুড়া)। গুল্‌ফ।

গোঁড়···ষ্য. (স° গোণ্ড)। নাভিবৃদ্ধি, শিশুর নাভী-ছেদন-দোষ-জাত বৃদ্ধি। গোঁড়া··· ণ. (গোঁড়+আ)। গোঁড়-যুক্ত। গোঁড়া নেবু···নেবু দেখ।

গোঁড়া ··ষ্য. (স° গুণ্ডক—স্নেহপাত্র—মেঃ)। শিশুর আদরের নাম বিশেষ। ··ণ. যুক্তি তর্ক বিনা ভক্ত, প্রঃ—ছিল গোঁড়া বৈষ্ণব হইল গোঁড়া শৈব (ভাঃ)। গোঁড়ামি ·· ষ্য. (গোঁড়া+আমি)। গোঁড়ার ব্যবহার, ধর্মের বাহ্য অঙ্গে অত্যন্ত ভক্তি।

গো-ডিম ··ষ্য. (স° গুহ্য-ডিম্ব ?)। জন্ম-কালে পাখীর গুহ্যদেশে যে অণ্ডাকার মাংসপিণ্ড থাকে। পাখী বড় হইলে সে পিণ্ড লুপ্ত হয়। গোডিম না ভাঙ্গা— অত্যন্ত শিশু (অশিষ্ট)।

গোড়ে · গড়িয়া দেখ।

গোত্র···ষ্য. (স°)। কুল। গাঁই-গোত্র ·· ব্রাহ্মণের গাঁই এবং গোত্র (সহচর শব্দ)। (২) পথ, গতি, প্রঃ—তাদের গোতর করে পাছে রাখে ধরে (মাঃ)—তাদের গতি ধরিয়া পাছে আটকাইয়া রাখে।

গোদ ··ষ্য. (স° গোদ—মস্তিষ্ক-স্নেহ; যথা, গোদং তু মস্তকস্নেহো—হেমঃ। হি° গূদা। ইহা হইতে, পায়ে যেন স্নেহ জমে। ও° গোদরা—বা° গোদা। আসা° গোদ। তু° ম° গর্দা—স্থূল)। পায়ের শোথ-রোগ-বিশেষ, শ্লীপদ (শ্লী—শ্রী - বৃদ্ধি) (elephantiasis)। গোদের গেঁজ ··গজা বা স্ফোটক। গোদা ··ণ. (গোদ+আ)। গোদ-রোগে আক্রান্ত। গোদা পায়ের লাথি ···শুনিলে ভয় হয়, কিন্তু আঘাত তেমন গুরু নহে। পালের গোদা ··দলের মাথা, প্রধান। গোদের উপর বিষ-ফোড়া ···এক গোদ হেতু পা স্থূল তার উপর

ফোড়া হইলে আরও স্থূল হয়; লক্ষণায়, অসহ্য।

গোদড়া…(গদড়া দেখ। গোদ হইতে ?)। স্থূল।

গোপ…ষ্য. (সং)। গো-পালক হিন্দুজাতি বিশেষ। স্ত্রী° গোপী (সং), গোপিনী (বাং। জাতিবাচক নামের স্ত্রীলিঙ্গে আনী ইনী প্রত্যয় হয়। আসা° গোপী, গোপিনী। ব্যাকরণ দেখ)। গোপী মাটি…বৃন্দাবনের পীত মৃত্তিকা বিশেষ। গোপী যন্ত্র…ষ্য. বাঁশ ও লাউখোলা দ্বারা নির্মিত তন্ত্রীযন্ত্র বিশেষ। পুরাকালে রাজা গোপীচন্দ্রের করুণ রসাত্মক জীবনচরিত এই যন্ত্র সংযোগে যোগীরা গাইত। এইহেতু নাম। (ওংতে অনুরূপ যন্ত্রের নাম কেন্দরা)।

গোঁফ, গোঁপ…ষ্য. (সং গুম্ফ)। ওষ্ঠের উপরিভাগের বিরল সূক্ষ্ম লোম। (মোছ ঘন লোম)। গোঁফ-খেজুরিয়া, গোঁফ-খেজুরে…ণ. এত অলস যে গোঁফে পাকা খেজুর পড়িলেও মুখে ফেলিতে পারে না। দৃষ্টান্তে, গাছে কাঁঠাল গোঁফে তেল—ভবিষ্যৎ অনিশ্চিতের আশায় বসিয়া থাকা। গোঁফে তা দেওয়া—গোঁফের শেষ ভাগ পাকাইয়া তারের মতন করা, প্রঃ—গোঁফে দেয় তার (কবিকঃ), ঘন ঘন গোঁফ দেয় তোলা (কবিকঃ),—তোলা অধুনা অপ্রচলঃ, চাড়া প্রচলঃ—দুই পাশের গোঁফ বাঁকাইয়া উপরদিকে তোলা। গোঁফুয়া, গুঁফো…ণ. (গোঁফ+উয়া)। গোঁফ-যুক্ত।

গোবদা…ণ. (সং গোমুখ হইতে। ওং গোমুখা। হিং গবদা—মাংসল)। গোরুর মুখের মতন স্থূল। গোবদা-মুখো…ণ. (সং গো বৎ মুখ+বাংআ)। স্থূল কুশ্রী মুখ, প্রঃ—রাগে গোবদা মুখ করিয়া থাকা।

গোবর…ষ্য. (সং গোবিট। আশ্চর্য এই চারি ভাষাতেই এক প্রকারে রূপান্তর। ওং হিং গোবর; মং গোবরী—বাং ঘুঁটিয়া)। গোময়। ষাঁড়ের গোবর…হিন্দুর বৃষোৎসর্গের বৃষের গোবর যেমন হিন্দুরা কাজে লাগায় না, তেমন অকর্মণ্য। গোবর গণেশ…গণেশ স্থূলতনু ও জ্ঞানী। উপমায়, আকৃতিতে গণেশ তুল্য হইলেও মস্তিষ্ক গোবরপূর্ণ, সুতরাং নির্বোধ। গোবরা পোকা, গোবরিয়া পোকা…ষ্য. (সং গোময়োত্থা—হেমঃ। অন্য নাম গর্দভী। হিং গুবরৌতা)। দৃঢ়পত্রী পতঙ্গ বিশেষ (Beetle)। গোবর ও বিষ্ঠার গুলী পাকাইয়া গড়াইয়া গড়াইয়া লইয়া যায়। দৃষ্টান্তে, পদ্মের মধু গোবরা খায়—নিতান্ত অদ্ভুত।

গোবরাট…গবরাট দেখ।

গোম…গম দেখ।

গোমক…ষ্য. (সং গোডুম্বা। অন্য নাম গবাক্ষী)। খর্বুজ দেখ। তরমুজ সদৃশ ফল বিশেষ। (গোরুর অক্ষি সদৃশ বীজ বলিয়া গবাক্ষী। অংটীং তে গো পৃথিবীতে ব্যাপ্ত হয় বলিয়া গবাক্ষী। এক নাম চিত্রা—ফলের গায়ে বহু রেখা থাকে বলিয়া)।

গোমস্তা, গোমাস্তা…ষ্য. (ফাং গুমাশ্‌তা)। রাজ-নিযুক্ত গ্রামকর্তা; কারপরদাজ। গোমস্তা-গিরি…ষ্য. গোমস্তার বৃত্তি।

গোমা…ষ্য. (সং গোমুখ—মহাদেবের গণ বিশেষ)। গাবীন গাই মরিলে পেটের বাছুর গোমা হয়। গোমার পা নাই, একারণ

গড়াইয়া গড়াইয়া যায়। রাত্রে অসাবধান পথিকের দুই পায়ের ভিতর দিয়া গড়াইয়া গেলে পথিকের প্রাণনাশ ঘটে। এই বিশ্বাসে, প্রতীকার,—রাত্রে মাঠ দিয়া যাবার সময় কোঁচা ঝুলাইয়া চলিতে হয়। মাণিকে, গোমুণ্ডা গেড়িয়া বুলে গিলে রথ রথী—গেড়িয়া—গড়াইয়া ?

গোঁয়া···ধাতু. (সং গমিত হইতে। হিং গঁবা ধাতু। প্রাচীন বাং গোঁআ ধাতু)। গোঁয়াই —অতিবাহিত করি, প্রঃ—কুসুমশয্যায় দোঁহে গোঁয়াল রজনী (কবিকঃ); কু-বিষয়-কুপে পড়ি গোঁয়াইনু জনম (চৈঃ চঃ) (এই রূপ বিদ্যাপতি, কৃত্তিঃ প্রভৃতি প্রাচীন কবি)।

গোঁয়ার···ষ্য. গোঁ দেখ। গোঁয়ারা···ষ্য. (হিং গাঁবারা, সং গ্রাম হইতে। মূল অর্থ, বিবাহের পূর্ব-রাত্রির উৎসব, কিন্তু গোঁয়ার লোক মহরমের রোদন-রাত্রিকে যাত্রায় পরিণত করিয়াছে। এইহেতু সুন্নী-সম্প্রদায় ক্রুদ্ধ হয়)। মহরমের রোদন-রাত্রির শবাধার লইয়া উৎসব।

গোয়াল, গোহাল···ষ্য. (সং গোশালা। ওং গোহাঠ)। গোশালা।

গোয়ালা···ষ্য. (সং গোপালক)। গোপ। স্ত্রীং গোয়ালিনী। (রাঢ়ে গয়লা, গয়লানী)।

গোয়ালী লতা···ষ্য. (সং গুহালিক)। দীর্ঘ-শাক লতা বিশেষ (Vitis latifolia)। ঘরের কাঁথের, গাছের ছালের গুহা—গর্তে—অলি—শিকড় প্রবেশ করাইয়া চড়ে। পাতায় তিনটা পর্ণ (এই হেতু ওং নাম তিন আঙ্গুলিআ)। পাতা রোমহীন। বড় গোয়ালী···ষ্য. (সং নাম গোধাপদী, অন্য নাম হংসপদী)। ঐ প্রকার লতা বিশেষ (Vitis pedata)। কিন্তু পাতায় ৭টা পর্ণ এবং পাতা রোমশ। গোধা—গোসাপের পায়ের মতন শিকড় বলিয়া সং নাম।

গোয়েন্দা···ষ্য. (ফাং গোইন্দা। তুং সং গো—বাণী)। চর, ঘর-সন্ধানী। গোয়েন্দাগিরি ···ষ্য. গোয়েন্দার কাজ।

গোর ··ষ্য. (ফাং)। মৃতের নিমিত্ত গর্ত। গোর-স্থান···ষ্য. (ফাং গোরিস্তান)। শবের গর্ত করিবার স্থান।

গোরখ-চাউলা···ষ্য. (সং গোরক্ষ-তণ্ডুলা। অন্য নাম নাগবলা)। জবাদি বর্গের ক্ষুপ বিশেষ (Sida spinosa)। কোন কোন গাছে পাতার গোড়া পান পাতার মতন হয়। পাতায় তিনটা শিরা, বোঁটার কাছে তিনটা আব থাকে। পাতার নীচের পিঠ পাঁশুটা, ফুল ছোট শাদা, ফল পঞ্চ-কোষ। (বেড়েলা গাছের সহিত সাদৃশ্য আছে। বেড়েলার ফল দশ-কোষ)।

গোরা ··ণ. (সং গৌর)। ঈষৎ পীতবর্ণ বা চাঁপাফুলের বর্ণ বিশিষ্ট (মানুষ)। স্ত্রীং গোরী (বৈষ্ণব পদে)। প্রঃ—গোরা ছিনু ভাবিতে ভাবিতে হৈনু কাল (ভাঃ)। (২) শ্রীচৈতন্য, (৩) শ্বেতবর্ণ মানুষ, (৪) ইয়ুরোপীয়, প্রঃ—গোরা পল্টন; (৫) ইয়ুরোপীয় সৈন্য। (সংস্কৃতে ইয়ুরোপীয়দিগের নাম ছিল নাকি শ্বেতদ্বীপবাসী ?) গোরা-চাঁদ ··ষ্য. (সং গৌরচন্দ্র)। শ্রীচৈতন্য।

গোরাচাঁদ···বন-চাঁড়াল দেখ।

গোরু, গরু···ষ্য. (সং গৌঃ হইতে গোরু। তুং গৌর—গো-সদৃশ পশু। তুং ওং গোরু, হিং গোরু, মং গুরুঁ। বাং-তে আসাং-তে

গরু বানান করা হয়। কিন্তু গোরু বানান ঠিক)। প্রসিদ্ধ গৃহ-পালিত পশু। (পুং—এঁড়ে গোরু, স্ত্রীং—গাই গোরু)। (২) নির্বোধ (নিন্দা বা ভর্ৎসনায়)। গোরু-বাছুর···গোরু ও বাছুর, অর্থাৎ বড় ও ছোট গোরু। গোরু-টোরু·ষ্য· (টোরু—প্রচর শব্দ। মংতে গুরু-টোরু। বাং কিংবা মংতে টোরু শব্দ পৃথক নাই, অথচ দুই দুরবর্তী ভাষায় 'প্রভৃতি' অর্থে টোরু শব্দ আছে)। গোরু ও তত্তুল্য পশু। বামুনের গোরু··যে গরু অল্প খায়, অল্প স্থানে শোয়, কিন্তু অধিক দুধ দেয়। লক্ষণায়, সুলভ ও সর্ব-উপযোগী। গোরু পড়া···গোরু মরা (হিন্দুরা গোরু মরা বলে না)। গোরুর চনা···ষ্য. (সং গোরোচনা হইতে)। গোমূত্র, বিশেষতঃ গোবৎস-মূত্র। গোরুর রোগ (গ্রাম্য গো-বৈদ্য যে লক্ষণ দেয়, এখানে তাহা দেওয়া হইল)—(১) আওয়া··(সং অরদাহ?)। গোরুর সামান্য জ্বর (fever)। দুই এক দিনে আপনি সারে। গায়ে হাত দিলে গোরু গা চালে না। (২) আওসা বা খুরী···(সং অর্শ?)। পায়ের দুই খুরের মাঝের এবং মুখের ঘা (foot and mouth disease)। মুখ চব্‌চব করে, মুখে ফেনা বাটে। ইহা সংক্রামক রোগ। (৩) আমাসা···(সং আমাতিসার)। আমাসা দেখ। (৪) কোষ্ঠ-বদ্ধতা···ষ্য. (সং)। মলনিঃসরণ-বদ্ধতা। (৫) গলা-ফুলা···কোথাও কোথাও এই রোগকে পশ্চিমা রোগ বলে। এই দুই রোগ এক নহে। গলাফুলা (hæmorrhagic septicæmia) গোরুর শরদী বিশেষ, মারাত্মক ও সংক্রামক, গোরু এক দিনের মধ্যে দম আকটাইয়া মারা যায়। (৬) পশ্চিমা রোগ (hoven, tympanitis)। বাতাসে পেট ফোলা রোগ। অনশনক্লিষ্ট গোরু মাঠে প্রচুর ঘাস খাইয়া এই রোগে পড়ে। (৭) গুটী বা গো-বসন্ত (rinderpest) সংক্রামক রোগ। প্রথমে গা ঝিমে, মুখে ঘা হয়, পরে গুটী উঠে। গুটী উঠিলে রোগ মারাত্মক হয় না। (৮) ছেরানি···(ছেরা দেখ)। তরল মল নির্গমন (diarrhœa)। (৯) ঝনকা···(ঝন্‌-ঝন দেখ)। পায়ের বাত (আমবাত, rheumatism) হইয়া পা সোজা থাকে, বাঁকে না। (১০) শোঙ্গাড়া···ণ. (সং শ্রোণ)। পঙ্গু, পদবিকল।

গোরোচনা··ষ্য. (সং)। গোরুর পিত্ত হইতে প্রাপ্ত পীতবর্ণ রঙ্গ বিশেষ। এই রঙ্গের নিমিত্ত গোরুকে কেবল আমপাতা খাওয়াইয়া রাখা হয়। এই আহারে কিন্তু গোরু মারা যায়।

গোল···ণ. (সং। কিন্তু সংতে ষ্য.)। বর্তুলাকার, মণ্ডলাকার। গোল-গাল···ণ. (গাল—উপচর শব্দ)। প্রায় গোল, গোল ও স্থূল। গোলাল··ণ. (আল স্বার্থে)। গোলাকার। আধ-গোল···অর্ধবর্তুলাকার।

গোল··ষ্য. (সং)। সংস্কৃত ফল-জ্যোতিষে এক রাশিতে ছয় কি সাত গ্রহের যোগ। এই গোল-যোগে নানাবিধ অনিষ্ট ঘটে। ইহা হইতে, বিঘ্ন, বাধা। গোল-যোগ···ষ্য. (সং)। বিঘ্নের যোগ, বিঘ্নের ঘটন। গণ্ড-গোল···ষ্য. (সং)। সংস্কৃত ফল-জ্যোতিষে গণ্ডযোগ ও গোলযোগ। গণ্ডযোগের ফলও মন্দ। ইহা হইতে, কলহ; প্রঃ—কবিকঃ;

কোলাহর্ল গণ্ডগোল কহা নাহি যায় (ভাঃ); আমি যদি কই তবে হবে গণ্ডগোল (ভাঃ)।

গোল···ষ্য. (ফা° গুল—কোলাহল; আ° গোল—জনতা। তু° স° গোল—মণ্ডল; অর্থ-সম্প্রসারণে জনতা ?)। শব্দ, কোলাহল; প্রঃ—গোল হল গোলার শব্দে গুড়্গুড় (মাঃ)। হট্ট-গোল···ষ্য. (গোল—স° ? মণ্ডল ?)। হাটে যেমন জনতা ও কলরব হয়, তেমন। শোর-গোল···ষ্য. (ফা° শোর—শব্দ। সহচর শব্দ)। কোলাহল।

গোলমাল···ষ্য. (আ° গোল—জনতা, স° মালা—সমূহ। সহচর শব্দ ? ও° গোঠ-মাঠ। গোল—স° ?)। জনতা, বিশৃঙ্খলা। গোলে হরিবোল··জনতার মাঝে হরিবোল যেমন শুনিতে পাওয়া যায় না, তেমন; জনতা হরি বলিতেছে, সেই সঙ্গে হরি বলা। নির্দিষ্ট কাজ না করা—গোলে হরিবোল দেওয়া।

গোলক···ষ্য. (স°) জারজ পুত্র বা কন্যা; বর্তুলাকার দ্রব্য (sphere)।

গোলক-ধাঁধা···ষ্য. (ফা° গোলক—রহস্য, লুকানা বস্তু। ধাঁধা—স° দ্বন্দ্ব হইতে)। দুর্নির্গম স্থান, সঙ্কট।

গোলক-ধাম··ষ্য. (ফা° গোলক ? স° গোলোক—বৈকুণ্ঠ ?)। গোলোকধাম দেখ।

গোলপাতা···ষ্য. (গোল ছাতা হয় বলিয়া গোল ?)। তালাদিবর্গের প্রকাণ্ড হীন ক্ষুপ বিশেষ (Nipa fruticans)। সুন্দরবনে জন্মে। ইহার পাতায় পূর্বে সুন্দর ছাতা হইত। অধুনা ছাঅনি করিতে লাগে।

গোল-মরিচ···ষ্য. (স° মরিচ)। তাম্বুলাদিবর্গের লতা বিশেষ (Piper nigrum)। মালাবার ও ত্রিবাঙ্কুড় প্রদেশে বন্য হইয়া থাকে। বঙ্গদেশে বিশেষতঃ আসামে গোল মরিচের কৃষি হইয়া থাকে। ইহার ফল—গোল মরিচ (Black pepper) শুখাইয়া বিক্রয় করা হয়। মরিচ দেখ।

গোল-দার···ষ্য. (আ° গল্লা—শস্য। ফা° দার)। চাল-কলাইর বড় ব্যাপারী। গোলদারি···ষ্য. গোলাদারের বৃত্তি। গোলদারী···ণ. গোলদার সম্বন্ধীয়। (গোলাদার ? গোলা দেখ)।

গোলন্দাজ··ষ্য. (গোলা দেখ। ফা° অন্দাজ—নিক্ষেপক)। কামানে যে গোলা ছুঁড়ে।

গোলা··ষ্য. (স°। যথা, গোলা বালখেলনে—মেঃ। স° গোলক)। বর্তুলাকার দ্রব্য; কামানে নিক্ষেপ-যোগ্য ধাতু-বর্তুল। (গোলা—বড়; গোলী, গুলী—ছোট)। গোলান্দাজ···গোলন্দাজ দেখ।

গোলা··ষ্য. (স° গোলা—অঞ্জন। বা° গুল ধাতু হইতে)। মাটি গোবর জলে মিশাইলে যে লেপ হয়; জলে মিশানা চুনের লেপ। গোলা দেওয়া···গোলা লেপন (নিকানা দেখ)।

গোলা···ণ. (আ° গোল—জনতা হইতে ?)। সামান্য, অশিক্ষিত, প্রঃ—গোলা পায়রা—যে পায়রা সাধারণতঃ দেখা যায়; গোলা মুনিষ—অশিক্ষিত মুনিষ। ডাকাইতের দলে জনকতক খেলআড় থাকে, বাকি সব গোলা। ডাকাইত দ্র॰।

গোলা···ষ্য. (স° গোল হইতে। তু° স°

গোলা—দুর্গ। তু° আ° গল্লা—শস্য)। ধান্যাদি-রক্ষার গোলাকার আধার—মরাই; প্রঃ—কিনিল তণ্ডুল ছোলা শত শত লোণ-গোলা (কবিকঃ)। (নুনের গোলা পূর্বকালে বঙ্গে ও ওড়িশায় ছিল।) গোলাদার ··ষ্য. ধান চালের বড় মহাজন। গোলদার দেখ।

গোলাপ···ষ্য. (ফা° গুলাব, যে গুল—ফুল হইতে আব—জল সুবাসিত হয়। স° নাম শতপত্রী)। প্রসিদ্ধ পুষ্প ক্ষুপ (rose)। পূর্বে বঙ্গদেশে ছিল না, ইদানী প্রায় শত প্রকার গোলাপ বাগানে দেখা যায়। সকল গোলাপ চেনা দুষ্কর, বাঁচানাও দুষ্কর। বসোরা গোলাপ (Bussora or Persian rose. Rosa damascena)···গাছ কদাকার, কাঁটাময়। শাদা ও লাল ফুল দুই প্রকার। বসন্তকালে ফুটিয়া আর ফোটে না। এই গোলাপ হইতে আতর হয়। অন্য গোলাপ বৎসরে অন্ততঃ দুই বার ফোটে, শীত ও বর্ষাকালে। এ দেশী গোলাপের মধ্যে সেঅতি (দেখ। Rosa moschata) প্রসিদ্ধ। ফুল°শাদা, ফুলে মৃগনাভির ঈষৎ গন্ধ আছে। গোলাপী ··ণ. গোলাপ-ফুল-গন্ধী, গোলাপ ফুল হইতে জাত, গোলাপ-ফুল-বর্ণ, পাটল বর্ণ; স্ত্রী-লোকের নাম (প্রায়ই বেশ্যার)। গোলাপী নেশা···মদ্যপানে চক্ষু গোলাপ-ফুল-বর্ণ হইলে। গোলাপ-জল ··গোলাপ ফুলের জল। গোলাপ-পাশ···ষ্য. (ফা° গুলাব পাশ)। গোলাপ জল ছিটাইবার ভৃঙ্গার বিশেষ। গোলাপ জাম···ষ্য. জম্বুকাদিবর্গের উদ্যান-জাত ফলতরু বিশেষ (Eugenia jambos)। পাকা ফল আরক্ত বলিয়া গোলাপী—গোলাপ জাম (Rose apple)।

গোলাম ··ষ্য. (আ° গুলাম)। দাস, সেবক; তাসের কাগজ বিশেষ (the knave)। গোলামি ··ষ্য. দাসত্ব। গোলাম-চোর··· তাসের খেলা বিশেষ। কার হাতে গোলাম থাকে তাহা খেলিয়া বাহির করা হয়।

গোলোক-ধাঁদা···ষ্য. গোলক-ধাঁদা দেখ। (হি° গোরক ধন্দা)।

গোলোক-ধাম···ষ্য. (স° গোলোক—বৈকুণ্ঠ, স° ধাম)। এক প্রকার খেলা। পুরুষ কিংবা মেয়ে অন্ততঃ দুই জনে খেলে। চারিটা কড়ী লইয়া খেলা। একখান ছক্-কাটা কাগজে উপর দিকে গোলোক ধাম বা স্বর্গ, নীচের দিকে নরক থাকে।

গোল্লা ··ষ্য. (স° গোলক, গোলা)। গোল বস্তু, প্রঃ—রস-গোল্লা—মিষ্ট রসপূর্ণ গোলক; শূন্য, প্রঃ—কুকর্মে লোকে গোল্লায় যায়—শূন্যে মেশে।

গোসা···(আ° গুস্‌সা)। ক্রোধ। গোসা-ঘর ··ষ্য. ক্রোধাগার, ক্রুদ্ধ হইয়া যে ঘরে বদ্ধ হইয়া থাকে।

গোসাঁই ··ষ্য. (স° গোস্বামী। প্রাচীন বানান গোসাঞি। প্রা° গোঁসাঁই; ও° গোসাইঁ)। পণ্ডিত, বৈষ্ণবের গুরু; উপাধি বিশেষ; প্রভু, মান্য, প্রঃ—বাধা পড়িল গোঁসাই মাথার উপর (কবিকঃ)।

গো-সাপ ··ষ্য. (স° নাম গোধিকা, গোধা। হি° গোহ; ও° গোধ। পূর্ববঙ্গে গুই-সাপ; আসা° গুঁই)। চতুষ্পদ সরীসৃপ বিশেষ (Varanus salvator)। দৈর্ঘ্যে প্রায় দুই হাত। জিহ্বা দ্বিখণ্ডিত, চক্ষু-

তারা গোল, বুক আপীত। জলা, পুকুর, নদীর নিকটস্থ বনে থাকে। গোরুকে কামড়ায় বলিয়া গোসাপ নাম নহে। সং গোধা হইতে গো। লোকের বিশ্বাস গোরুকে কামড়াইলে গোরু বাঁচে না।

গোস্‌ত···ষ্য. (ফা° গোষ্‌ত্‌)। মাংস, জবাই করা পশু-মাংস, গোমাংস, প্রঃ—হোটেলে গোস্‌ত খায়।

গোহারি···ষ্য. (হি° গোহার, গোহারী ; ও° গুহারি। জোহার হইতে ? জোহার দেখ)। কাতর প্রার্থনা, মিনতি। (অপ্রচলঃ)।

গোহাল···ষ্য. (সং গো-শালা)। গো-শালা।

গৌড়···ষ্য. (সং গোপাল হইতে)। ওড়িয়া গোপজাতি বিশেষ, প্রঃ—গৌড় সব রথ টানে (চৈঃ চঃ)। স্ত্রী° গৌড়নী।

গৌড়ী··ষ্য. (সং)। রাগিণী বিশেষ। রাগ রাগিণী দেখ্।

গৌণ, গউন ষ্য. (সং গৌণ—অপ্রধান)। কাল-বিলম্ব, প্রঃ—তিলেক গউন নাই ত্বরিত গমনে (মাঃ)।

গৌর···ণ. (সং)। পীতবর্ণ। গৌর-চন্দ্রিকা··· ষ্য. (সং)। গৌরচন্দ্র—চৈতন্য দেবের বন্দনা। গানের আগে গৌরচন্দ্রিকা গাহিবার রীতি ছিল; লক্ষণায়, ভূমিকা। গৌরাঙ্গ···ষ্য. (সং)। চৈতন্যদেব।

গৌর · ষ্য. (সং গৌর—শ্বেতবর্ণ হইতে)। বন্য গো বিশেষ (Bos gaurus)। পুষ্ট-দেহ, কিন্তু গলকম্বল নাই। পা শাদা। শিং চাঁপা, অগ্রভাগ ভিতর দিকে বাঁকা। ওড়িশা ও ছোটনাগপুরের অরণ্যে আছে। (ও° নাম গয়াল))।

গৌরী ··ষ্য. (সং) ; দুর্গা। অষ্টবর্ষা কন্যা ; রাগিণী বিশেষ (বিবাহের সময়ের)। গৌরীসেন ষ্য. কলিকাতায় গৌরীসেন নামে এক বদান্য অমিতব্যয়ী লোক ছিলেন। তিনি অকাতরে টাকা দান করিতেন। ইহা হইতে কথায়, 'লাগে টাকা দিবে গৌরী-সেন'।

গ্রহ···ষ্য. (সং)। আকাশের তারা ব্যতীত সূর্যাদি জ্যোতির্ময় পিণ্ড ; গ্রহ সংখ্যায় ৯ হইতে ৯ অঙ্ক। গ্রহবল···ষ্য. (সং) জ্যোতিষ-ফল-গণনায় সূর্যাদি-গ্রহের সুদৃষ্টি। গ্রহের ফের···গ্রহ-বিপাক। গ্রহে পড়া··· গ্রহের কুদৃষ্টিতে পড়া। গ্রহস্ফুট·· ষ্য. (সং স্ফুট-গ্রহ, গ্রহ-স্ফুট-স্থান)। গ্রহের স্থিতি-নির্দেশক রাশি-অংশ-কলা।

গ্রহণ (গ্রা° গেরণ)·· ষ্য. (সং গ্রহণ। তু° আ° কিরান)। তমঃ দ্বারা চন্দ্র সূর্যের আচ্ছাদন (eclipse)।

গ্রাবু···ষ্য. (?)। চারিজনে তাশ খেলা।

গ্রাম (গ্রা° গেরাম)···ষ্য. (সং)। গাঁ। পল্লী-গ্রাম···ষ্য. (সং পল্লী—গ্রাম-খণ্ড। সহচর শব্দ। পাড়া এবং গাঁ। গ্রামের খণ্ডের নাম পাড়া—সং পাটক)। ছোট গ্রাম। গ্রাম-ভাটি ··ষ্য. (সং গ্রামবৃত্তি)। গ্রামের ঠাকুর-পূজার নিমিত্ত বিবাহকালে প্রাপ্য অর্থ। (২) গীত বাদ্যের ষড়জ মধ্যম গান্ধার এই তিন-স্বর ; তারা উদারা মুদারা এই তিন স্বর। গ্রাম্য ··ণ. (সং)। গ্রামজাত ; প্রাকৃত ; প্রঃ—গ্রাম্য শব্দ।

গ্রাস···ষ্য. (সং)। মুখ পূরণোপযুক্ত অন্নাদি পিণ্ড, প্রঃ—মুখের গ্রাস কাড়িয়া লওয়া ; ভক্ষণ ; রাহুকেতু-রূপ তমঃ দ্বারা চন্দ্র-সূর্যাদির আচ্ছাদন।

গ্রীক···ণ. (ই° Greek)। গ্রীশদেশীয় (লোক, ভাষা)।

গ্রেণ··ষ্য. (ই° grain)। ইংরেজী উন্মান বিশেষ (ওজন দেখ)।

গ্লানি (গ্রা° গেলানি) ··ষ্য. (স°)। জড়তা, বলহীনতা; নিন্দা।

ঘ।

ঘ··ষ্য. (স°)। ব্যঞ্জন বর্ণ, অক্ষর বিশেষ।

ঘচ্‌-ঘচ··ব্য. ঘষ্‌-ঘষ দেখ।

ঘট··ধাতু. (স°)। ঘটি—হই, উদ্ভূত হই। ঘটা, ঘটন, ঘটনা॥ ঘটনাক্রমে···নিজের চেষ্টা বিনা, দৈবাৎ। ঘট-দাসী···ষ্য. (স°)। কুট্টিনী। ঘটিত···ণ. (স°)। যুক্ত, যোগে নির্ম্মিত, প্রঃ—স্বর্ণঘটিত মকরধ্বজ।···ধাতু. (স° বি-ঘট ধাতু। হঠ ধাতু দেখ)। ঘটি—বিযুক্ত হই, ন্যূন বা নষ্ট হই। ঘটা॥ ঘটতি···ষ্য. ন্যূনতা, হ্রাস।

ঘট···ষ্য. (স°) কুম্ভ; পূজার নিমিত্ত শ্বেত চিত্র-বিশিষ্ট মৃৎভাণ্ড, প্রঃ—ঘটে পটে পূজা; করোটি রূপ আধার, মস্তিষ্ক, প্রঃ—ঘটে বুদ্ধি নাই।

ঘটক···ষ্য. (স°)। যোজক; বিবাহসম্বন্ধ-কারক, স্ত্রী° ঘটকী; ব্রাহ্মণের উপাধি-বিশেষ। ঘটকালি···ষ্য. (ঘটক+আলি)। বিবাহসম্বন্ধ যোজনা; ঘটকের প্রাপ্য ধন।

ঘট, ঘট্‌-ঘট···ব্য. (স° ঘট্ট ধাতু চলনে, ঘট ধাতু সংঘাতে)। জলপান শব্দে, প্রঃ—ঘট করিয়া গিলিয়া ফেলা—একেবারে সমস্তটা।

ঘটা···ষ্য. (স°)। সমারোহ, প্রঃ—বিবাহে ঘটা; আড়ম্বর, প্রঃ—মেঘের ঘটা; সমূহ, প্রঃ—দানা ঘটা—দানব-সমূহ।

ঘটা···ধাতু. (ঘট ধাতু আস্তে)। ঘটাই—যোজনা করাই, হওয়াই। ঘটানা॥

ঘটাটোপ··ষ্য. (স°। হি° ঘটাটোপ)। গৃহ-সজ্জার আবরণ। (গ্রা° ঘেরাটোপ)।

ঘটিকা···ষ্য. (স°)। এক ঘটী—পূর্বকালের তাম্রী—ডুবিতে যত কাল লাগে, এক দণ্ড কাল।

ঘটী···ষ্য. (স°)। ক্ষুদ্র কলসী। ঘটী-বাটী···ষ্য. ঘটী ও বাটী।

ঘড়্‌-ঘড়··ব্য. (স° ঘর্ঘর)। শ্লেষ্মাদি দ্বারা আচ্ছাদিত কণ্ঠশব্দে। ঘড়্‌ঘড়ি···ষ্য. মৃত্যুর পূর্বে শ্লেষ্মাবদ্ধ শ্বাসশব্দ।

ঘড়া··ষ্য. (স° ঘট। তু° স° গর্গরী ও° গরা)! কলসী, বড় ঘট, প্রঃ—বাইশ ঘড়া পানী দিনে ভরেন রামাই (চৈঃ চঃ); এক ঘড়া ধন মা আপনি কাখে কর (কবিকঃ)। ঘড়াঞ্চী··ষ্য. (হি° ঘড়ৌঞ্চী)। ঘড়া উচা করিয়া রাখিবার বাঁশের কিংবা কাঠের আধার।

ঘড়ী··ষ্য. (স° ঘটী, ঘটিকা)। ঘটিকা, দণ্ড (ঘটী দেখ); কাঁসার চক্র, যাহা পিটিয়া সময় জ্ঞাপিত হয়। সূর্যঘড়ী··ষ্য. সূর্যের আলোতে ছায়া দেখিয়া কাল পরিমাপক যন্ত্র (sun dial)। ক্লক-ঘড়ী··ষ্য. (ই° clock, বা° ঘড়ী)। ঘণ্টা-জ্ঞাপক বিদেশীয় বড় যন্ত্র। টেঁক-ঘড়ী···ষ্য. টেঁকে রাখিবার ঘণ্টা-জ্ঞাপক বিদেশীয় ছোট যন্ত্র (watch)। কথায়, ঘড়ীকে ঘোড়া ছোটে—দণ্ডে দণ্ডে ঘোড়া ছুটাইয়া সংবাদ প্রেরণ, দণ্ডে দণ্ডে এত পরিবর্তন যে একবার সংবাদ দিলে চলে না। ঘড়ীয়াল···ষ্য. (ঘটী+আল)। ঘটিকা—দণ্ড দেখিয়া সময় জানাইবার লোক। পূর্বকালে রাজ নিযুক্ত ঘড়ীয়াল থাকিত।

ঘড়ীয়াল ··ষ্য. (ঘটী+আল। ও° ঘড়ীআল)। মেছো কুম্ভীর বিশেষ (Gavialis gangeticus)। এক একটা ১২।১৩ হাত হয়। তুণ্ড অতিশয় দীর্ঘ। মাথায় ঘটী—কুম্ভবৎ উচ্চ অংশ আছে বলিয়া ঘটীআল—ঘড়ীয়াল।

ঘণা···ষ্য. (স° হন ধাতু হইতে। ম° ঘাণা। ঘাণী দেখ)। তৈলকার হিন্দুজাতি বিশেষ, প্রঃ—তেলি বৈসে শত জনা কেহ চাষী কেহ ঘণা, কিনিয়া বেচয়ে কেহ 'তেল (কবিকঃ); ঘণার যন্ত্র। ঘণাগাছ···ষ্য. তেল বাহির করিবার বড় ঘাণী। ঘণাগাছের তেল নেকড়া ভিজাইয়া তুলিতে হয়, ঘাণীর তেল জিভ দিয়া বাহির হয়। ঘণা-ঘর···ষ্য. যে উচ্চ গোল ঘরে ঘণাগাছ থাকে; ঘণা তৈলকারের বাড়ী।

ঘণ্ট···ষ্য. (স°)। ঘাঁটিয়া পাক-করা ব্যঞ্জন। টাকার ঘণ্ট করা—অর্থের অপব্যয়।

ঘণ্টা···ষ্য. (স°)। দেবমন্দিরের কাংস্য বাদ্য বিশেষ; হোরা বা ২॥০ দণ্ড কাল (hour)। হাতীর গলায় ঘণ্টা—বৃহতের নিকটে ক্ষুদ্র, বয়স্ক বরের সহিত ক্ষুদ্র বালিকার বিবাহ। ঘণ্টা করা—(অশ্লীল) শিশ্ন (তু° কলা করা, কলা দেখানা)। নবঘণ্টা ··(অশ্লীল ? নব —নূতন ?)।

ঘণ্টা-পাটলি, ঘণ্টা-পারুল···ষ্য. (স° ঘণ্টা-পাটলি)। আরণ্য তরু-বিশেষ (Schrebra swieteniodes)। ৩।৪ জোড়া পর্ণে এক এক পাতা। ফুল আপীত খদির বর্ণ, সুগন্ধ। ফল ৩।৪ আঁগুল লম্বা, ঘণ্টাকার (অন্য স° নাম মুষ্কক)।

ঘন···ণ. (স°)। নিবিড়, গাঢ়। প্রঃ—ঘন বন, ঘন দুধ, ঘন বসতি (কিন্তু গাঢ় বন, গাঢ় বসতি শোনা যায় না)। ঘন-ঘন ··ণ. নিবিড়। ··ব্য. সর্বদা, পুনঃপুনঃ।

ঘন···ষ্য. (স°)। মেঘ। ঘনঘটা···ষ্য. (স°)। মেঘের আড়ম্বর।

ঘনা···ধাতু. (স° ঘন হইতে)। ঘনাই—নিকট হই, নিবিড় হই, প্রঃ—বিপদ ঘনানা, মেঘ ঘনাইয়া আসা। ঘনানা॥

ঘনিষ্ঠ ··ণ. (স°)। স°-তে অতিশয় ঘন; বা°তে অতি নিকট, প্রঃ—ঘঃ বন্ধু। ঘনিষ্ঠতা ··ষ্য. (স°)। আত্মীয়তা।

ঘর ··ষ্য. (স° গৃহ; স°-প্রা° ঘর)। গৃহ, কোষ্ঠ, বাস, বংশ, গর্ত, বিভাগ, উৎপত্তি। কাঁচি ঘর ··মাটির কাঁথের ঘর। কাঁচি ঘর প্রায়ই আট-পাচি-র (৮ হাত×৫ হাত), কিংবা দশ-পাঁচি-র (১০ হাত×৫ হাত) হইয়া থাকে। কুঁড়িয়া ঘর, কুড়্যা ঘর ··কুটীর (কুঁড়িয়া দেখ)। খড়ুয়া ঘর, খড়ো ঘর··· পাকা ঘর নহে, যে ঘরের চাল খড় দিয়া ছাওয়া। খুঁদী ঘর ··অতি ক্ষুদ্র কোষ্ঠ। খুপরী ঘর···খোপের মতন নিম্ন ও ক্ষুদ্র ঘর। ঝিটা-বেড়া ঘর···ঝাঁটি বা ঝিঁটি দ্বারা বেড়া করিয়া ঘর। ঝাঁটির গায়ে কাদা লেপিলে—ছিটাইয়া দিলে—ছিটা-বেড়া ঘর হয়। ঝুপরী ঘর···ঝোপের তুল্য নত ঘর। পাকা ঘর··· ইট পাথরের ঘর। ঘর করা ··গৃহ নির্মাণ, গৃহী হওয়া, সংসার পাতা। ঘর-করনা, ঘর-কন্না···গৃহীর কর্ম, গৃহস্থালী। ঘর করিতে যাওয়া ··স্বামীর ঘরণী হইতে স্বামীগৃহে বয়ঃপ্রাপ্ত কন্যার গমন। ঘর চালানা··· গৃহস্থের ব্যয়-নির্বাহ। ঘর বসানা···প্রজা স্থাপন। ঘর ভাঙ্গা···কুমন্ত্রণা দিয়া পরি-

বারের একত্র অবস্থিতি ভঙ্গ করা, সংসার নষ্ট করা। ঘর-ভাঙ্গানী···যে নারী কুমন্ত্রণা দিয়া কলহ করিয়া সংসার ভাঙ্গে। ঘর মারা ··গৃহ লুণ্ঠন। ঘর বাহির করা ··প্রিয়-জনের আসার আশায় একবার গৃহমধ্যে পরক্ষণে বাহিরে আসা, উৎকণ্ঠায় ব্যাকুল হওয়া। এক-ঘরিয়া, 'এক-ঘরে়···পাড়ার মধ্যে না থাকিতে পাইয়া বাহিরে একা থাকা, সমাজভ্রষ্ট, জাতিচ্যুত, ঠেকুয়া। ঘর-জামাই ···যে জামাই কন্যা-গৃহে বাস করে। ঘর-ছুয়ার ···(সহচর শব্দ)। গৃহ। ঘর-বাড়ী ··(সহচর শব্দ)। বাড়ী। ঘর-সংসার···(সহচর শব্দ)। গৃহস্থাশ্রম, সংসার। ঘর-মুখা ··গৃহে প্রত্যা-গমনকারী, পরিবার-প্রিয়। একমুখা, এক-মুহা ঘর ··এক দ্বার-বিশিষ্ট গৃহ। বড় ঘর ·· বৃহৎ গৃহ, বৃহৎ পরিবার,উচ্চ বংশ। ঘর-বর··· বংশ ও বর। ঘর-পোড়া ··রামায়ণে হনুমান লঙ্কা পোড়াইয়া ছারখার করিয়াছিল। ইহা হইতে হনুমান্, বাঁদর (গালিতে)। ঘর-সার ··(ঘর-সংসার হইতে)। ঘর করনা, প্রঃ—ঘরসারে মোটা কাপড় পরা দোষের নয়। স্ব-ঘর ··সমান বংশ। বে-ঘর ·· অসমান বংশ। ঘরে পরে গঞ্জনা ··গৃহে ও অন্য স্থানে ভর্ৎসনা। ঘরা-ঘরি ··ঘর-সম্বন্ধীয়, পরিবার-সম্বন্ধীয়, প্রঃ—ঘরাঘরি ঝগড়া। দৃষ্টান্তে, তপ্ত জলে ঘর পোড়ে·না ··ঘর পোড়াইতে আগুন চাই, অল্প তাপে পোড়ে না। লক্ষণায়, কলহ না থাকিলে সংসার নষ্ট হয় না। ঘরা ··ষ্য. (ঘর+আ—স্বার্থে)। ছিদ্র, কামানের রঞ্জক ঘর—কামানে অগ্নি-সংযোগের ছিদ্র। ঘরাও ··ণ. (হি° হইতে)। ঘর-সম্বন্ধীয়। ঘরানা···ণ. (ঘরণী হইতে)। গৃহ-সম্বন্ধীয়। ঘরুয়া, ঘ'রো···ণ. ঘর-সম্ব-ন্ধীয় ; ঘরে থাকিতে ভালবাসে যে।'

ঘর্-ঘর···ষ্য. (স° ঘৃ ধাতু)। ঘর্ঘর শব্দে, প্রঃ —ঘর্-ঘর করিয়া জাঁতা ঘোরানা। ঘরর্-ঘরর ··ষ্য. ঘর্ঘর-রব, চকের ঘর্ঘর শব্দ।

ঘরণী ··ষ্য. (স° গৃহিণী)। গৃহিণী, ঘরের গিন্নী।

ঘরামী ··ষ্য. (হি° ঘর্রামী। ঘর+কামী)। ঘর-কাম—ঘর নির্মাণ করে যে। (শহরের শব্দ। গ্রামে, বাড়ই—স° বর্ধকী)।

ঘলঘসা, ঘলঘসিয়া ··ষ্য. (স° কলস হইতে? অন্য বা° নাম হলঘসা। হলকর্ষণে জাত নহে। হলাঙ্কুশা? সুতরাং ঘল অপর কিছু হইবে। ও° নাম গইস্—গো·শীর্ষক? স° নাম দ্রোণপুষ্পী)। তুলস্যাদি বর্গের বর্ষায়ু ছোট বন্য শাক বা ক্ষুপবিশেষ (Leucas)। ফুল শাদা, একস্থানে অনেক জন্মিয়া স্তবক হইয়া ডাঁটাকে বেড়িয়া থাকে দেখিতে যেন কলশ বোধ হয়। ফুলের আকার দ্রোণ—ডোঙ্গার মতন বলিয়া স° নাম দ্রোণপুষ্পী। এই গাছের তিন জাতি আছে। ছোট ঘলঘসা (Leucas aspera) ···ফুলের বহিরাবরণ মসৃণ; বড় ঘলঘসা (Leucas cephalotes)··বহিরাবরণ লোমশ। এই দুই জাতির ফুল বর্ষা ও শীতকালে ফোটে। আর এক জাতি (Leucas linifolia)—বহিরাবরণ সমস্ত মসৃণ, উপচ্ছদ অল্প, ক্ষুদ্র। প্রথম ও তৃতীয় জাতির গাছ সুগন্ধ।

ঘষ ··ধাতু. (স° ঘৃষ ধাতু)। ঘষি—ঘর্ষণ করি। ঘষা॥ ঘষা···ধাতু. (ঘষ ধাতু আছে)। ঘষাই—ঘর্ষণ করাই। ঘষানা॥

ঘষ্-ঘষ…ব্য. (সং ঘৃষ ধাতু)। ঘর্ষণ-সহ ছেদন শব্দে, প্রঃ—ঘষ্-ঘষ করিয়া কাটা।

ঘষড়…ধাতু. (সং ঘৃষ ধাতু হইতে ঘষর—ঘষড়)। ঘষড়ি—বন্ধুর স্থানে ঘর্ষণ করি। ঘষড়া ॥ ঘষড়া…ধাতু. (ঘষড় ধাতু আস্তে)। ঘষড়ানা ॥ (ঘষাড় ধাতু দেখ)।

ঘষি…ষ্য. (বাং ঘষ ধাতু হইতে)। গোবরের ছোট ছোট পিণ্ড। (ওং ঘষি—বাং ঘুটা)।

ঘষিম…ষ্য. (সং ঘর্ষণাল—লুড়ি হইতে। সং অশ্মন্ হইতেও আসিতে পারে। ওং গেঙ্গা,টি—গঙ্গামাটি হইতে? নদীয়া কলিকাতায় ঘুটিং। ইংরেজীতেও ঘুটিং। হিং নাম কাঁকর)। মৃত্তিকা হইতে জাত চুণিয়া প্রস্তরপিণ্ড (nodular limestone)

ঘা…ষ্য. (সং ঘাত। হিং ঘাব; ওং ঘা)। ক্ষত, আঘাত, আঘাত-জনিত ক্ষত। নালী ঘা…যে ক্ষত নালীর আকারে বাড়িতে থাকে (Sinus)। ঘা-মুখ…ক্ষতের মুখ। ঘা খাওয়া…আঘাত পাওয়া, বহু কষ্ট পাওয়া। ঘা মারা, ঘা দেওয়া…আঘাত করা, প্রঃ—অঙ্কুশের ঘায়ে হস্তী করয়ে চিৎকার (চৈঃ চঃ)। দুই এক ঘা বসাইয়া দেওয়া …দুই এক প্রহার। দৃষ্টান্তে, সব শরীরে ঘা যার ওষুধ দিবে কোথা তার—এমনই ঘোর বিপদ। উপমায়, কাটা ঘায়ে নুনের ছিটা…কাটিয়া যে নূতন ক্ষত হইয়াছে, তাহাতে লবণ-নিক্ষেপ অত্যন্ত যন্ত্রণাদায়ক; লক্ষণায়, বাক্যবাণ।

ঘাই ষ্য. (সং ঘাতি)। নির্গমপথ, প্রঃ—করাতের ঘাই—পথ; আইল কাটিয়া জল-নির্গম পথ; মারণোপায়। ঘাই, ঘাইল…ষ্য. (সং ঘাতি। ওং ঘাঁই)। জালের প্রান্তে মাছ ঢুকিয়া আটক হইবার জাল-বেষ্টন।

ঘাইট, ঘাট…ঘাটি দেখ।

ঘাইত, ঘাত…ষ্য. (সং ঘাতি)। আঘাত, কাজের প্রণালী। ঘাত-ঘোত…(ঘোত—প্রচর শব্দ)। প্রকরণ।

ঘাইল…ষ্য. (সং ঘাতি। হিং ঘাল)। বধ, প্রঃ—চোরকে ঘাইল করা—ক্ষতবিক্ষত করিয়া বধ।

ঘাগী…ণ. (ঘা-খাগী। হিং ঘাগ)। যে পুনঃ পুনঃ আঘাত খাইয়াছে, চতুর, প্রঃ—এ বড় কুটিনী ঘাগী (ভাঃ)। (ঘাগী—পুং স্ত্রীং উভয়ই হয়। ঘাগা—ঘাগী—হইবার কথা)। পুরাণ ঘাগী…পূর্বে অনেক ঠকিয়া শিখিয়া এখন অতি চতুর।

ঘাঘর…ষ্য. (সং ঘর্ঘর হইতে)। কাঁসার ঝাঁজ-বাদ্য, প্রঃ—ডাবর ছুনাতি বাং সাঁপুড়া ঘাঘর ঘণ্টা (কবিকঃ)। ছেলে ভুলানা ছড়ায়, লাল মেঘে ঘাঘর বাজে—ঘর্ঘর শব্দ করে।

ঘাঘরা, ঘাগরা…ষ্য. (সং ঘর্ঘরা ?)। শিথিল কটিবস্ত্র (ইং gown)।

ঘাট…ষ্য. (সং ঘট্ট)। নদী পুষ্করিণী ইত্যাদির অবতরণ স্থান, নদী-পারাপার স্থান, পর্বতের উপত্যকা-পথ; সেতার তবলা প্রভৃতি যন্ত্রের এক এক সুর উৎপাদক স্থান। ষাণ বাঁধা,-বাঁধানা ঘাট…পা-ষাণ দিয়া নির্মিত ঘাট, ইট-নির্মিত ঘাট। মাঝী…ঘাটের নদী পারাপার করে যে, ঘাটে শুল্ক আদায়কারী। ঘাট-বাট…ষ্য. (সং ঘট্ট, সং ব্রাট)। পথ-ঘাট (সহচর শব্দ, প্রায়ই পদ্যে)। ঘাট-আল, ঘাটোয়াল…ষ্য. (ঘাট+আল। সং ঘট্ট-

পাল)। ঘাটরক্ষক। ঘাট-আলি…ষ্য. ঘাট-রক্ষকের কর্ম। ঘাট-আলী · ণ. ঘাটরক্ষা সম্বন্ধীয়, ঘাট-রক্ষকের প্রাপ্য। ঘাটের কড়ি …নৌকাতে পার করিবার বেতন, প্রঃ—তোমারে ভজিয়া নায়ে কড়ি দিয়া, ডুবে কি হইব পার (চণ্ডীঃ)। (নায়ের কড়িও বলা যায়)। আটঘাট বাঁধা…চারি দিক চারি বিদিক, এই আট দিকের ঘাট—বিঘ্নপথ রক্ষা করা; সব দিক দেখা। ঘাটে যাওয়া …মলত্যাগের পর শৌচ-নিমিত্ত নদী পুষ্করিণীতে গমন; মলত্যাগ করা (নারীভাষায়)। (ও° পুখর-পানি যাওয়া—পুকুরের জলে যাওয়া)। (এই শব্দ হইতে রাঢ়ের বাহ্যক্রিয়ার স্থান বুঝা যাইতেছে। গ্রামে শিষ্ট ভাষায়, 'মুখ ধুইতে যাওয়া')। ঘাট ··বাঁয়া দেখ। ঘাট-গাঁতি…জাল দেখ।

ঘাট · ধাতু. (স° ঘট্ট ধাতু চলনে)। ঘাটি—ন্যূন হই, প্রঃ—আধবুড়া হৈলি তবু ঠাট ঘাটে নাই (ভাঃ)। বেলা ঘাটিয়াছে—(প্রায়ই) ঘটিয়াছে। ঘাটা॥ (হি° ঘটনা)। ঘাটি, ঘাট…ষ্য. ন্যূনতা, ত্রুটি। (ঘাটি দেখ)।

ঘাঁট…ষ্য. (স° ঘণ্ট)। ঘণ্ট ব্যঞ্জন, মিশ্রণ।

ঘাঁট…ধাতু. (স° ঘট্ট ধাতু)। ঘাঁটি—চালিত করি, বিলোড়িত করি। ঘাঁটা, ঘাঁটা-ঘাঁটি॥

ঘাঁটা · ধাতু. (স° ঘট্টিত হইতে)। ঘাঁটাই—বিচলিত করি, মিশাই। প্রঃ—মূঢ় যে ঘাঁটায়, সখে, হেন বাঘিনীরে (মেঘনাদবধঃ)—বিচলিত করে।

ঘাটতি · ষ্য. (ঘাট ধাতু। হি° ঘটতী, ঘটী)। ন্যূনতা, ত্রুটি। (ঘাটি দেখ)।

ঘাটা…ধাতু. (ঘাট ধাতু আস্তে)। ঘাটাই—অবসান করাই, ন্যূন করাই। প্রঃ—প্রভু ক্রমে ক্রমে পাঁচ দিন ঘাটাইল (চৈঃ চঃ)—কমাইলেন। ঘাটানা॥

ঘাটা, ঘাঁটা ··ষ্য. (স° গ্রন্থি। হি° গটা)। হাত পায়ের তলে কঠিন ত্বক।

ঘাঁটা·· ধাতু. ঘাঁট ধাতু দেখ।

ঘাটাল (গ্রা° ঘেটেল)…ষ্য. (ঘাট+আল)। ঘাট-রক্ষক, ঘট্টপাল। ঘাটালি (গ্রা° ঘেটেলি)…ষ্য. ঘাটালের কর্ম। (ঘাটলি—শূং পুঃ)। ঘাটালী…ণ. ঘাটরক্ষা-সম্বন্ধীয়, ঘাটালের প্রাপ্য।

ঘাটি··ষ্য. (স° ঘট্ট)। ঘাট, প্রবেশ বা পলায়ন পথ। ঘাটি আগলানা…প্রবেশ ও নির্গম পথ রোধ। ঘাটিআল, ঘাটিয়াল… ঘাট-রক্ষক। ঘাট দেখ।

ঘাটি…ষ্য. (স° ঘাতি। তু° ভাটি, ভাটা)। দোষ, ত্রুটি; হ্রাস, ন্যূনতা, প্রঃ—সাত কোটিলব ঘাটি নহে সাত রতি (কৃত্তিঃ)। ঘাটি হইয়াছে—ঘাট হয়েছে ··দোষ হইয়াছে।

ঘাড়…ষ্য. (স° ঘাট)। কণ্ঠের পশ্চাৎ দেশ। ঘাড় ভাঙ্গা ··ঘাড় ভাঙ্গিলে মৃত্যু নিশ্চিত; লক্ষণায়, সর্বনাশ করা। ঘাড় নাড়া—অসম্মতি জানাইতে গ্রীবা পাশে বাঁকানা। ঘাড়ে ধরা ··ঘাড়ে হাত দিয়া বাহির করিবার চেষ্টা। ঘাড়ে গর্দানে ··(ফা° গর্দান—ঘাড়; সহচর শব্দ)। ঘাড়ে, ঘাড়ে ও শিরে, প্রঃ—ঘাড়ে গর্দানে তেল নাই—মাথায় ও দেহে; ঘাড়ে গর্দানে এক ··ঘাড় এত স্থূল যে তাহা শির হইতে পৃথক দেখা যায় না। ঘাড়া…ধাতু. ঘাড়াই—ঘাড়ে—স্কন্ধে করি; কর্মে নিযুক্ত হই। ঘাড়ানা॥

ঘাণী ··ষ্য. (স° হন ধাতু হইতে। ও° ম° ঘণা।

ঘণা দেখ)। ছোট ঘণা, কলুর তৈল-নিষ্কাশন যন্ত্র। ঘাণী দেওয়া—ঘাণীতে সর্ষপাদি বীজ-নিক্ষেপ; ঘাণীতে বদ্ধ করিয়া তৈল-নিষ্কাশন; বিষম কষ্টে ফেলা। এক খান ঘাণী…একবার ঘাণী চালাইতে যত সর্ষপ তিল প্রভৃতি লাগে।

ঘাত…ষ্য. (সং ঘাত)। প্রহার, বধ; ক্ষত। ঘাত-ঘোত, ঘাঁত-ঘোঁত…ষ্য. (ঘোত-প্রচর শব্দ)। ক্ষত, ক্ষত-চিহ্ন, গুপ্ত স্থান।

ঘাবরা…ধাতু. (হিং ঘবরা ধাতু হইতে শহরে প্রচলিত হইয়াছে। সং গর্ভস্রাব হইতে? তুং গাবড়া গাই)। ঘাবরাই—বিহ্বল হই। ঘাবরানা॥

ঘাম…ষ্য. (সং ঘর্ম। ঘর্মঃ স্যাদাতপে গ্রীষ্মেহপ্যুষ্মস্বেদাম্ভসোরপি—মেঃ। ঘর্ম শব্দে রৌদ্র, গ্রীষ্ম, স্বেদজল। হিং ঘাম—রোদ; পসীনা—স্বেদ। ওং ঝাঠ। মং আসাং ঘাম—বাং ঘাম)। গ্রীষ্মে স্বেদজল। ঘামুয়া, ঘেমো…ণ. (ঘাম+উয়া)। অধিক স্বেদজল নির্গত হয় যাহার; ঘর্মোৎপাদক। কালঘাম…মৃত্যুকালীন ঘর্ম; প্রাঃ—কাঁপে কায় কাল-ঘাম ছুটে। ঘাম দিয়া জ্বর ছাড়া…লক্ষণায়, সঙ্কটকাল উত্তীর্ণ হওয়া। ঘামাচি…ষ্য. (সং ঘর্মচর্চিকা)। ঘর্ম-হেতু জাত ক্ষুদ্র ব্রণ (prickly heat)। ঘাম…ধাতু. (ঘর্ম শব্দ হইতে ঘামা ধাতু হইবার কথা। তুং জন্ম ধাতু)। ঘামি—ঘর্মাক্ত হই। ঘামা॥ ঘামা…ধাতু. (ঘাম ধাতু আস্তে)। ঘামাই—ঘর্মাক্ত করি। ঘামানা॥ মাথা ঘামানা—মস্তিষ্ক চালনা দ্বারা মস্তক ঘর্মাক্ত করা, উদ্ভাবনা করা। পা হইতে মাথা ঘামানা—শারীরিক পরিশ্রম করা।

ঘালি, ঘাল…ষ্য. (সং ঘাতি)। বধ; বধোপায়; প্রাঃ—জালের ঘাইল (ঘাই দেখ)।

ঘাস…ষ্য. (সং)। দূর্বাদি তৃণ। ঘাসের চাবড়া…(সং চর্পটী)। ঘাসময় মাটিখণ্ড। ঘাস-জল, ঘাস-পানী…গবাদির খাদ্য ঘাস ও জল। ঘাস কাটা…লক্ষণায়, উপহাসে, বৃথা কাজ করা। ঘাস-কাটা…ষ্য যে ঘাস কাটিয়া বেচিয়া জীবিকানির্বাহ করে। ঘাসাড়া (গ্রাং ঘেসেড়া)…ষ্য. (ঘাস+আড়া। হিং ঘাসয়াড়া)। ঘাস উপজীবিকা যার। ঘোড়ার ঘেসেড়া…ঘোড়ার নিমিত্ত ঘাস কাটে যে। ঘেসেড়া-গিরি…ঘাস কাটা কর্ম। চীনের ঘাস…জাপানের নিকটবর্তী ও সিংহলের নিকটবর্তী সমুদ্রের শৈবাল বিশেষ (Algæ. Gelidium and Gracilaria) হইতে প্রাপ্ত আঠা বিশেষ (gelose, agar-agar, China moss)। শুষ্ক দেখিতে স্বচ্ছ শাদা পাতার মতন বলিয়া ঘাস নাম।

ঘি…ষ্য. (সং ঘৃত। গ্রাং ঘিত, আসাং ঘিউ, ওং ঘিঅ, হিং মং ঘী। সম্বন্ধ পদের এর বসিলে ঘি স্থানে ঘিয় হয়)। মাখন ও ননী মারিয়া উৎপন্ন স্নেহ। ঘিয়ের চড়া…ননী মাখন মারিবার সময় যে আধপোড়া বা চোঁয়া ছেনা পড়িয়া থাকে। (তুং খই চড়া)। মাথার ঘি…মস্তিষ্কের স্নেহ, মস্তিষ্ক।

ঘিজ্‌ঘিজা…গিজ্‌গিজ দেখ।

ঘিঞ্জি…ণ. (গঞ্জ হইতে)। লোকসমাকুল, অপ্রসর ও বাতাতপহীন।

ঘিট…ধাতু. (সং গৃ ধাতু। গিরতি, গিলতি—দুইই হয়। বাং গেলা, ওং গিল্লিবা, মং গিল্‌ণেঁ, হিং ঘুঁটনা)। ঘিটি—জলাদি পানীয় গলাধঃ করি। প্রাঃ—ঘন ঘন গিলে জল

ঘিটে ঘটঘট (মাঃ)। ঘেটা ॥ ঘেটা · ধাতু. (ঘিট ধাতু আস্তে)। ঘেটানা ॥

ঘিন্-ঘিন, ঘেন্-ঘেন··ব্য. (সং ঘৃণা হইতে)। ঘৃণা-প্রকাশে। ঘিন্ঘিনা মানুষ ··যাহার ঘৃণা সকল বস্তুতেই। ঘিনঘিনানা, ঘিনঘিনানি ॥ গা ঘিন্ঘিন করা ··ঘৃণা বোধ করা।

ঘির ··ধাতু. (সং ঘৃ ধাতু)। ঘিরি—আচ্ছাদন করি, বেষ্টন করি। ঘেরা ॥ কাপড়ের ঘের ···বেষ্টন। গাছের ঘের ··পরিধি। গাছ-ঘেরা ··গাছ-রক্ষার্থে বেষ্টনী। ঘেরা · ধাতু. (ঘির ধাতু আস্তে)। ঘেরানা ॥

ঘিঁষ···ধাতু. (সং ঘৃষ ধাতু)। ঘিঁষি···ঘষি। ঘেঁষা ॥ ঘেঁষ ··ষ্য. গাত্র-ঘর্ষণ, নিবিড়তা। ঘেঁষা-ঘিঁষি ··পরস্পর গাত্র ঘর্ষণ।

ঘিষটা (গ্রা°) ··ধাতু. (সং ঘৃষ্ট হইতে)। ঘিষটাই—ঘৃষ্ট করি। ঘিষ্‌টানা ॥ (প্রায়ই ঘষড়া ধাতু)।

ঘু-ঘু···ষ্য. (সং ঘু-ঘু-কৃৎ—বৈদ্যকঃ। সং ঘু ধাতু শব্দে। তু° কান ভোঁ ভোঁ করা—ও°-তে ঘুঘু করা। সং ঘূক—পেচক। পেঁচাও ঘু-ঘূ করে। ও° নাম কাপ্‌তা; ম° খবুতর, সং কপোত। হিং ঘুগ্‌গী। তেলুগু গুৰা —সং কপোত। আ° কুমরী, ফা° কাবক। তু° সং কপোত)। পারাবতাদিবর্গের পক্ষী বিশেষ (dove)। তিলিয়া ঘুঘু বা পাঁড় ঘুঘু ···এই ঘুঘু (Spotted dove. Turtur suratensis) বনে জঙ্গালে বাগানে ঘুঘু-ঘুঃ ডাকে। ঝোপে এই ডাক কখন কখন কুকু শোনা যায়। দৈর্ঘ্যে ১৬ আঙ্গুল। গলায় কাল দাগ, দাগের শেষ শাদা। দেহ তিলিয়া বলিয়া তিলিয়া ঘুঘু নাম। (পাঁড় নাম—পুকুরের পাড় হইতে না পাংশুবর্ণ হইতে?)। লাল ঘুঘু ··এই ঘুঘুর (red turtle dove. Œnopopelia tranquebarica) পক্ষ গোলাপী, দীর্ঘ; মাথা ধূসর। দৈর্ঘ্যে ১২ আঁগুল। ঝাঁকে ঝাঁকে চরে। রামঘুঘু ·· বনে একা একা চরে, ফল খায়, ১৪।১৫ আঁগুল দীর্ঘ হয়। দেখিতে সুন্দর, চক্‌চকা লাল সবুজ (dove. Chalcophaps indica)। শ্যামঘুঘু ··খয়রা বর্ণ, গলার পাশে কৃষ্ণ, ১৭।১৮ আঁগুল দীর্ঘ। ইহার মাথা ছোট, চঞ্চু সরু, পক্ষ ও পুচ্ছ দীর্ঘ (turtle dove. Turtur orientalis)। ভিটায় ঘুঘু চরানা ··বনঝোপ না হইলে ভিটায় ঘুঘু চরিতে পারে না। অতএব ভিটামাটি উচ্ছন্ন করা। ঘুঘু ডিম ··ঘুঘুর ডিম্ব; এই ডিম্বের তুল্য ক্ষুদ্র। অশিষ্ট, ঘুঘু দেখেছ ফাঁদ দেখনি—ঘুঘু শিকার করিতে গিয়া ফাঁদে পড়া, লাভের আশায় বিপদে পড়া।

ঘুঙাড়ি ··ষ্য. (সং ঘুর্ঘুর। হিং ঘুঙ্গারু। বোধ হয় ঘুঁঘুঁ-করা, ঘুং-করা হইতে)। কণ্ঠে কফ বসিলে যে ঘুঁঘুঁ শব্দ হয়; মৃত্যুর পূর্বকালীন কণ্ঠশব্দ।

ঘুঙানিদানা · ষ্য. (হিং। সং নাম কুল্মাষ)। চিনীর রসে পক কলাই; ছোলা-আদি অর্ধ-সিদ্ধ কলাই।

ঘুঙ্গার, ঘুঙ্গুর, ঘুঘুঁর···ষ্য. (তু° সং ঘর্ঘর—ক্ষুদ্র ঘণ্টা)। পায়ের কিঙ্কিনী-বিশেষ। প্রঃ—চরণে মঞ্জীর ঘুঙ্গার বোল (জ্ঞানদাস); ঘুং ঘুং শব্দকারী অলঙ্কার।

ঘুচ · ধাতু. (সং ঘুষ ধাতু বধে। তু° বা° ঘোচা; ও° ঘুচিবা—দূরে যাওয়া; হিং ঘুসনা—প্রেরণ; ম° ঘুসণেঁ—সবলে প্রবে·

শন। ঘুস ঘুচ তবে এক। সং ধ্বন্‌স ধাতু হইতেও আসিতে পারে)। ঘুচি—দুরে যাই, নষ্ট হই; প্রঃ—সকল সাধ ঘুচিয়াছে। ঘোচা॥ ঘুচা, ঘোচা…ধাতু. (ঘুচ ধাতু আস্তে)। ঘুচাই, ঘোচাই—দুরে পাঠাই, প্রঃ—তবে মহাপ্রভু সব হস্তী ঘুচাইল (চৈঃ চঃ); নষ্ট করি, প্রঃ—পশিয়া মরমে ঘুচায়া ধরমে পরাণী সহিত টানে (চণ্ডীঃ)—ঘুচায়া —ঘুচাইয়া। ঘুচানা, ঘোচানা॥

ঘুঁজি…ষ্য. (গঞ্জ হইতে। অপভ্রংশে গিঞ্জি)। অল্পপরিসর প্রায় আবৃত স্থান। গলি-ঘুঁজি …(সহচর শব্দ)। গলি।

ঘুট্‌-ঘুট…ব্য. (সং ঘুট ধাতু প্রতিঘাতে, পরিবর্তনে। কিংবা সং ঘুর্ঘুর হইতে)। ঘুট্‌ঘুট, ভুট্‌-ভুট শব্দে, প্রঃ—অজীর্ণ হইলে পেট ঘুট্‌-ঘুট বা ভুট্‌ভুট করে।

ঘুট্‌-ঘুট…ব্য. (সং ঘট ধাতু সংঘাত)। সংঘাত, পিণ্ডীভাবে, প্রঃ—অন্ধকার ঘুট্‌ ঘুট করিতেছে—যেন নিবিড় হইয়াছে। ঘুট্‌ঘুটা, ঘুট্‌ঘুটিয়া… ণ. নিবিড়, প্রঃ—ঘুঃ আঁধার। প্রঃ—ঘুট্‌ঘুট অন্ধকার শিলার তড়তড়ী (ভাঃ)। (ওংতে কিটি-কিটি অন্ধকার)।

ঘুট…ধাতু. (সং ঘুট ধাতু)। ঘুটি—মর্দন বা ঘর্ষণ দ্বারা মিশ্রিত করি। ঘোটা॥ সিদ্ধি ঘোটা…সিদ্ধির পাতা ঘর্ষণ দ্বারা চূর্ণ করা ও জলে মিশ্রিত করা। ঘোটা…ধাতু. (ঘুট ধাতু আস্তে)। ঘোটানা॥ (রাঢ়ে কেহ কেহ ঘুঁট ধাতু হইতে ঘোঁট, ঘোঁটা বলে। ইহা হইতে ঘোঁট শব্দ চলিত হইয়াছে। তুং ঘাঁটি)।

ঘুটিঙ্গা…ঘষিম দেখ।

ঘুঁটিয়া, ঘুঁট্যে, ঘুঁটা…ষ্য. (সং ঘুণ্টিক—বনস্থ করীষ—শব্দকল্পঃ। বোধ হয় এই শব্দ অর্বাচীন। কারণ অন্যান্য ভাষায় পাই না। ওং গৌইঠা, হিং গোঁইঠা, গোয়ঠা—সং গোবিষ্ঠা)। গোবর চাপড়া। ঘুঁটিয়া, ঘুঁট্যে দেওয়া—গোবর চাপড়া করা। (ঘুঁটা শব্দও আছে। রাঢ়ের উচ্চারণ নিয়মে ঘুঁটো হয়, কিন্তু প্রচলিত নাই; প্রঃ—মুখে মাথে ঘুঁটো পাঁস গায় খড়িমাটী (মাঃ)। ভারতচন্দ্রে ঘুঁটে)। দৃষ্টান্তে, ঘুঁট্যে পোড়ে গোবর হাসে —যে গোবরকে পরে ঘুঁটার আকারে পুড়িতে হইবে, তাহার হর্ষ প্রকাশ নির্বুদ্ধিতা; লক্ষণায়, যে বিপদে পড়িতে হইবে, সম্প্রতি তাহা অনাগত দেখিয়া নির্বোধের হর্ষপ্রকাশ।

ঘুটী, ঘুঁটী…ষ্য. (সং গুলিকা। সং ঘুণ্টিকা?)। গুটী, ইটপাথরের টুকরা; পাশা খেলিবার গুটিকা। হিংতে কচি ছেলের নিমিত্ত রেচকবিশেষ।

ঘুড়্‌ঘুড়… ঘড়্‌ঘড় দেখ।

ঘুড়চা… ষ্য. (সং ঘুর্ণ হইতে ঘুড়, সাদৃশ্যে চা। হিং ঘুরচী)। দোড়ী সুতা পাক খর হইলে যে অংশ মুড়িয়া যায়।

ঘুড়ী ঘোড়া দেখ।

ঘুড়ী… ষ্য. (উর্দু গুড্ডী। বোধ হয় পক্ষীরাজ ঘোড়া হইতে ঘুড়ী)। আকাশে উড়াইবার চারিকোণা কাগজ। ঘুড়ীর লক…ঘুড়ী উড়াইবার সুতা।

ঘুণ…ধাতু. (সং ঘুণ ধাতু গ্রহণে; সং ঘোণা—নাসিকা) ঘুণি—ইতস্ততঃ বিকীর্ণ করি, প্রঃ —কাক ঠোঁটে করিয়া চাল ঘোণে, মুরগী ভাত চোপরা ঘোণে। ইহা হইতে, মুরগী-ঘোণা করা—চারিদিকে ছড়ানা। ঘোণা॥

ঘুণ…ব্য. (সং)। শুষ্ক কাষ্ঠ-ভেদক দৃঢ়পত্রী পতঙ্গ বিশেষ (a weevil)। (২) ঘুণ দ্বারা বিনষ্ট কাষ্ঠ-গুঁড়া। ঘুণাক্ষর…ব্য. (সং)। কাঠে ঘুণ ধরিলে রন্ধ্র গুলা কখন কখন অক্ষরের সদৃশ হয়। বিশেষতঃ তাল-পাতা পুথীতে লেখার সহিত মিলিয়া যায়। তখন এক পাঠ অন্য পাঠ হইয়া পড়ে। ইহা হইতে সংস্কৃতে ঘুণাক্ষর-ন্যায়—অকস্মাৎ ঘটনা। ঘুণ…ণ. নিপুণ (অশিষ্ট)।

ঘুণী…ব্য. (সং ঘূর্ণী হইতে? সং ঘুণ ধাতু ভ্রমণ হইতে? আসা° ঘণী)। জলস্রোতে মাছ ধরিবার বাঁশের শলার পিঞ্জর-বিশেষ।

ঘুণ্টি…ব্য. (সং গ্রন্থি)। জামার নিমিত্ত সূতার বোতাম।

ঘুনসি…ষা. (সং ঘুণ ধাতু ভ্রমণে। হিং ঘুমনা —ভ্রমণ। সং ঘুণিসূত্র? অর্থে কটি-সূত্র। এই শব্দ অন্য তিন ভাষায় নাই। ওংতে কধুনি—কটিবন্ধনী? তেলুগুতে মল-তাড়ু —মল—কটি-সূত্র, তু° বা° মালসূতা)। কটি-সূত্র। (বৈদিক কালের কটিবন্ধ— নিবীতের শেষ চিহ্ন। সেই নিবীতের অনু-করণে বঙ্গদেশে ছোট ছেলের কোমর-পাটা। ওড়িশার দক্ষিণে ও তেলুগুদেশে বয়স্ক পুরুষে পিতলের কিংবা সোনা রুপার কোমরপাটা (ও° কোমরপটি) পরে। বঙ্গ-নারীর চন্দ্রহারও সেই নিবীত মাত্র।)

ঘুপ…ধুপ দেখ।

ঘুপসী…ণ. (ঘোপ+সা+ঈ)। ক্ষুদ্র ঘোপ-সদৃশ, প্রঃ—ঘুপসী ঘর।

ঘুম…ষ্য. (? বা° ঘুম, প্রাচীন বা° নিদ (নিদ্রা); আসা° ঘুমটি; ও° ঘুম, প্রায়ই নিদ; হি° নীদ; মা° ঝোপ, ঝোঁপ, নীজ (নিদ্রা। হি° উঁঘনা, ঝম্‌না—বা° ঘুমানা। হি° ঘুমনা—ভ্রমণ, ম° ঘুমণেঁ—শঙ্কিত হওয়া। বা° ঘোমটা শব্দে ঘোম আছে। ও° ঘোম—ধান্যাদি রক্ষার্থ গোলাকার পাত্র বিশেষ। কিন্তু সং অবগুণ্ঠন হইতে ঘোমটা। বোধ হয়, সং ঘূর্ণন ঘূর্ণন হইতে বা° ঘুম। ঘুম শব্দ পুরাতন নহে। ভারতে পর্যন্ত, যার ঘরে সিদ সে কি যায় নিদ, ইহা কব কার কাছে। সং স্বপ্ন—নিদ্রা— হইতে ম° ঝোঁপ, আসা° টোপনি)। নিদ্রা। সজাগ ঘুম…অঘোর ঘুমের বিপরীত। (ঘুমানা অর্থে 'ঘুম দেওয়া' বলা যায় না; নিদ্রা দেওয়া, নিদ্রা যাওয়া, বলা যায়।) ঘুম মারা…অলস ব্যক্তির অসময়ে ঘুমানা। এক ঘুম দেওয়া…একবার গাঢ় নিদ্রা-ভোগ। কাঁচা ঘুম…আবশ্যক নিদ্রার অপেক্ষা অল্প নিদ্রা। ঘুম-গড়িয়া, ঘুম-গড়্যে …ণ. (গড়িয়া দেখ)। নিদ্রা-বশতঃ অলস, ঘুমে কাতর। (ঝিমানা দেখ)। ঘুমা …ধাতু. (ঘুম হইতে)। ঘুমাই—নিদ্রা যাই। ঘুমানা॥ ঘুমন্ত…যে ঘুমাইতেছে, নিদ্রিত।

ঘুর…ধাতু. (সং ঘূর্ণ, ঘুণ ধাতু। বা° ও°তে ঘুর ধাতু, হি° ম°তে ঘুম ধাতু)। ঘুরি…ঘূর্ণন করি, ভ্রমণ করি। ঘোরা, ঘুরণ, ঘুরণি॥ ঘোরা…ধাতু. (ঘুর ধাতু আস্তে)। ঘোরাণা, ঘুরাণি॥ ঘোরা-ঘুরি…পুনঃ পুনঃ ভ্রমণ।

ঘুর…ধাতু. (সং ঘৃ ধাতু সেচনে, স্রাবণে। কিন্তু বা°তে অর্থে সং ঘৃষ ধাতু। বর্তমান ও°তে ঘুব ধাতু ঘর্ষণে, আচ্ছাদনে। অতএব বোধ হয় সং ঘৃ ধাতু হইতে)। ঘুরি—ঘর্ষণ করি, প্রঃ—ঘুরি ঘুরি চন্দন পুরস্ত কৈল

ঘুরি (শুং পুঃ)—চন্দন ঘষিয়া ঘষিয়া খুরী পূর্ণ করিল। (অপ্রচলঃ)

ঘুরঘুটি…স্ত্রী. (সং ঘোরঘটা হইতে। তুং ঘুট-ঘুট)। ঘোর ঘটা, প্রঃ—মেঘ ঘুরঘুটি করিয়া আসিয়াছে। 'ঘুরঘুটি আঁধার'ও শোনা যায়।

ঘুর-ঘুর…ব্য. (সং ঘূর্ণ ধাতু ভ্রমণে)। ঘূর্ণনে, ভ্রমণে, প্রঃ—লোকের মাঝে ঘুরঘুর করা। ঘুর-ঘুরিয়া, ঘুর-ঘুরা পোকা…ণ. (সং ঘুর্ঘুরি)। বালিতে ভ্রমিতুল্য গর্তকারী পতঙ্গ বিশেষ (mole cricket ?)। ঘুরঘুরা ঘা…নালী ঘা।

ঘুর্ঘুরী…স্ত্রী. ভারী দ্রব্য তুলিবার নিমিত্ত ঘূর্ণ্য চক্র (pulley)।

ঘূর্ণা, ঘুরণিয়া (গ্রাং ঘুরলা, ঘুরলিয়া)…স্ত্রী. (সং ঘূর্ণী)। ঘূর্ণী-বাত, প্রঃ—ঘুরুলে বাতাস লয়ে জলের ঘুরুলে (ভাঃ); ঘুরুণে বাতাস যেন ঘুরে ঘুরে যায় (মাঃ)।

ঘুলা (গ্রাং)…ঘোলা ধাতু দেখ। (হিং ঘুল ধাতু)।

ঘুলি…স্ত্রী. (মং ঘল্ল—ছিদ্র, ঝর; হলি অর্থাৎ হলরেখা। বোধ হয় সং হলি হইতে ঘলি —ঘুলি)। রন্ধ্র, ছিদ্র পথ, প্রঃ—ঘুল-ঘুলি (বহু রন্ধ্রময় স্থান, ছিদ্র) দিয়া বাতাস হুল্ হুল করিয়া আসিতেছে। গলি-ঘুলি, অলি-ঘুলি, ঘুলি পথ ইত্যাদি শব্দে ঘুলি সরু পথ।

ঘুষ…ধাতু. (সং ঘুষ ধাতু ঘোষণা, প্রতিজ্ঞান)। ঘুষি…উচ্চৈঃস্বরে আবৃত্তি করি (এই অর্থ সম্প্রতি বাংতে নাই। ওংতে আছে। ঘোষা ধাতু দেখ); ঘোষণা করি। ঘোষা॥ কানা-ঘোষা করা…কানে কানে ঘোষণা বা প্রখ্যাপন। ঘোষা…ধাতু. (ঘুষ ধাতু আছে)। ঘোষাই—প্রখ্যাপিত করি; আবৃত্তি করাই, প্রঃ—সন্ধ্যাকালে ছাত্র-দিগকে ঘোষাইতে আরম্ভ করিল (টেক-চাঁদ)। ঘোষানা॥

ঘুষ, ঘুঁষ…স্ত্রী. (উর্দু। সং উৎকোচ হইতে ? কোচ—কোস—ঘুস ? সং ঘৃষ ধাতু ঘর্ষণ হইতে ? তুং ঘুষ্-ঘুষা, ঘুষ্কী)। উৎকোচ, রিশবোদ। ঘুষখোর…ণ. উৎকোচগ্রাহী। ঘুষ-খেগো…ণ. যে উৎকোচ লইয়া কাজ করে।

ঘুষ্-ঘুষা…ণ. (সং ঘৃষ ধাতু ঘর্ষণে, হিংসায়)। অস্পষ্ট, লুক্কায়িত, প্রঃ—ঘুষঘুষা জ্বর (ঘুস —যাহা লুকাইয়া দেওয়া হয় ?)

ঘুঁষা, ঘুষা…ধাতু. (ঘুঁষি হইতে। হিং ঘুসা, ঘুঁসা; মং ঘুশী। তুং চুষা ধাতু)। ঘুঁষাই —ঘুঁষি (মুষ্টি) দ্বারা প্রহার করি। ঘুষানা, ঘুষানি॥

ঘুঁষি, ঘুষি…স্ত্রী. (সং ঘৃষ্টি—ঘর্ষণ, শূকর)। মুষ্টি, আঁগুল মুড়িয়া আঁগুলের মূল দ্বারা প্রহার।

ঘুসা (উং ঘুষো)…স্ত্রী. (সং বুস—বাং ভুসি। ভুসি-তুল্য ঘুসি, ঘুসা। ওং ভুসা চুঙ্গাড়ি)। চিংড়ীর আকারের কিন্তু ক্ষুদ্র মাছ (?) বিশেষ। ঘুষা ও চিংড়ী ভিন্ন জাতি। কোন কোন স্থানে ঘুষা মাছকে ঘুষা-চিংড়ী, ঢাকায় গুড়া-ইচা বলে।

ঘুষ্কী…স্ত্রী. (ঘুষ ধাতু দেখ)। গোপনে পর-পুরুষগামিনী নারী।

ঘূর্ণি (গ্রাং ঘুম্নি)…স্ত্রী. (সং)। আবর্ত (কৃত্তিবাসে (সুং) চাকভাঁউরি, ওং ভঁউরি —সং চক্রভ্রমি); জলের, বাতাসের ঘূর্ণি।

ঘূর্ণি বাতাস·· সং বাতচক্র (whirl-wind)। ঘূর্ণি-ঝড় ··চক্রাকারে বহমান ঝড় (tornado)। ঘূর্ণি-রোগ ··যে রোগে মাথা ঘুরিয়া পড়িয়া যাইতে হয় (epilepsy)।

ঘৃত (গ্রা° ঘ্রত)·· ষ্য. (সং ঘৃত, পালি ঘ্রত)। দধি দুগ্ধ হইতে জাত স্নেহ পদার্থ; ঘি।

ঘৃতকুমারী···ষ্য. (সং কুমারী, ঘৃতকুমারী; ও° ঘিকুমারী)। রজনীগন্ধাদি বর্গের ঘন পিচ্ছিল রস-বিশিষ্ট শাক-বিশেষ (Aloe vera. Indian aloe)। পাতা দন্তুর, স্থূল (সুকুমার বলিয়া সং নাম কুমারী)। শুখাইলে রস, মুসব্বর হয়।

ঘেউ-ঘেউ···ব্য. (ভেউ-ভেউ দেখ)। কুকুরের আক্রমণ কালীন রব। ঘেউ ঘেউআনি॥

ঘেঙ্গা · ধাতু. (হেঁগো হইতে। আধুনিক ধাতু)। ঘেঙ্গাই—হেঁগো হেঁগো রবে অতিনির্বন্ধ প্রকাশ করি। ঘেঙ্গানা, ঘেঙ্গানি॥

ঘেঁচু ··ষ্য. (সং ঘেঞ্চুলিকা—বৈদ্যকঃ। আধুনিক নাম ?)। কচু-আদি বর্গের বন্য শাকবিশেষ (Typhonium trilobatum)। বনে ঝোপে ঘাসের মধ্যে জন্মে। পাতায় তিন আঁগুল। পুষ্পমঞ্জরীদণ্ড রক্তবর্ণ। কচু অত্যন্ত কটু। কচু-ঘেঁচু·· কচু দেখ।

ঘেঁটু ষ্য. (সং ঘণ্টাকর্ণ—শিবের অনুচর বিশেষ। ঘণ্টা হইতে ঘাঁটা—আদরে ঘাঁটু —অপভ্রংশে ঘেঁটু)। ঘণ্টাকর্ণ ঠাকুর। (২) (সং ঘণ্টক, ঘণ্টাকর্ণ। ভাঁইট দেখ। ও° গেঞ্জুটি)। ভাণ্ডীরাদি বর্গের বন্য ক্ষুপ বিশেষ (Clerodendron infortunatum)। ফুল শাদা, ভিতরে লাল ফোঁটা ফোঁটা, সুগন্ধ। বসন্তকালে ফোটে। পাকা ফল কৃষ্ণ-রক্ত বর্ণ। বোধ হয় পুষ্পমঞ্জরী ঘণ্টার মতন বলিয়া নাম।

ঘেটেল (গ্রা°) ··ষ্য. ঘাটি-আল (দেখ)। ঘাটি—আগমন কিংবা পলায়ন পথ। পূর্বকালে শত্রুর আগমন রোধের নিমিত্ত ঘট্টপাল নিযুক্ত থাকিত। অদ্যাপি কোথাও কোথাও ঘাটিআল উপাধি আছে। সাধারণতঃ এখন নদীর পারঘাটে যে লোক পারাপার করে। (হিং পটনী, বঙ্গের কোথাও কোথাও পাটনী)। ঘেটেলি···ষ্য. ঘাটিআলের বৃত্তি।

ঘেটো···ণ. (ঘাট+উয়া=ঘাটুয়া)। নদী পুষ্করিণীর ঘাট সম্বন্ধীয়; এক ঘাটে স্নান করিয়া যাহাদের অশৌচ অন্ত হয়, প্রঃ—ঘেটো কুটুম।

ঘেঁত্-ঘেঁত···ব্য. (সং ঘ্রাতি—নাসিকা। ঘ্রাত হইতে)। অস্বাস্থ্যে নাসিকার দ্বারা খুঁত্-খুঁত। (ঘোঁত-ঘোঁত দেখ)।

ঘেন্-ঘেন ··ব্য. (সং হন ধাতু তাড়নে। হন ধাতু হইতে তেলমাড়া ঘাণী। কিংবা ভন্ ভন হইতে)। পুনঃ পুনঃ প্রার্থনা করিয়া বিরাগ উৎপাদনে। ঘেন্ঘেনানি॥

ঘেন্না (গ্রা°) · ষ্য. (সং ঘৃণা)। ঘৃণা। খেমা-ঘেন্না দেওয়া ··ক্ষমা ও ঘৃণা (সং—দয়া) করা। নিঘিন্নী (গ্রা°) ··ণ. (সং নির্ঘৃণ)। নির্ঘৃণ।

ঘের ··ষ্য. (ঘির ধাতু দেখ)। বেড়, পরিধি। ঘেরা · ষ্য. বেষ্টন (গাছ-ঘেরা দেখ)। ঘেরাল ··ণ. ঘেরবিশিষ্ট, প্রঃ—জামা ঘেরাল না হইলে গায়ে বাতাস লাগে না।

ঘেঁষ···ধাতু. (সং ঘৃষ ধাতু)। ঘেঁষি—এত নিকটে যাই যেন গায়ে গায়ে ঘর্ষণ ঘটে,

নিকটে যাই। ঘেঁষা ॥ ঘেঁষা-ঘেষি·· পরস্পর গাত্র-ঘর্ষণ। ঘেঁষ···ণ. ঘন, প্রঃ—কাপড়ের ঘেঁষ বুনন ; ··ষ্য. নৈকট্য, প্রঃ—লোকের ঘেঁষে বসিতে পারা যায় না।

ঘেঁষ্-ঘেঁষ···ব্য. (সং ঘৃষ ধাতু)। এত নিকটে নিকটে যে সংঘর্ষণ ঘটে। বোঁটিতে ঘেঁষ্-ঘেঁষ করিয়া কুমড়া কাটা—ঘর্ষণ শব্দে। (রাঢ়ে প্রায়ই ঘেঁষ)।

ঘেসেড়া···ষ্য. (সং ঘাসকার, ঘাসহার। ঘাসিয়াড়া দেখ। ঘাসাড়া হইতে রাঢ়ে ঘেসেড়া)। ঘাস-সংগ্রহ বৃত্তি যার। স্ত্রীং ঘেসেড়ানী।

ঘেসো···ঘাসুয়া দেখ।

ঘোগ···ষ্য. (সং ভূক—ছিদ্র)। সাপ কাঁকড়া প্রভৃতি দ্বারা গোল ছিদ্র, প্রঃ—আইলে ঘোগ পড়ে—কাঁকড়ায় গোল ছিদ্র করে।

ঘোগ ··ষ্য. (সং কোক। কোক—ঈহা-মৃগো বৃকঃ—অঃ। কুক্কুরাকারে ব্যাঘ্র বিশেষে —টীকাকার। ওং নাম খগ, অন্য চলিত নাম বন্ঠিয়া—বলবান্ বলিয়া)। বন্য কুক্কুর বিশেষ (wild dog. Cyon dukhunensis)। দেখিতে শিয়ালের মতন। দেহ পুষ্ট, উদর দীর্ঘ, পুচ্ছ স্থূল। গায়ে গেরি মাটির রং। কবিকঃ—শুনিয়া কোকের মুখে বাঘের মরণ। দৃষ্টান্তে, বাঘের ঘরে ঘোগের বাসা—কোককে বাঘ ভয় করে, এমন কি কোকের পাল বাঘ মারিয়া ফেলে। ইহা হইতে, দুরন্ত লোকেরও দুর্দান্ত চণ্ড শত্রু আছে।

ঘোঁজ···ষ্য. (সং গঞ্জ হইতে। গঞ্জ—খনি, গোয়ালঘর)। অল্পপরিসর প্রায় রুদ্ধ স্থান, প্রঃ—দুই কাঁচি ঘরের মাঝে একটা ঘোঁজ থাকে, নতুবা ছাঁচার জল পড়িবার স্থান হয় না। ঘোঁজী, ঘুঁজী ··ষ্য. (ঘোঁজ+ঈ)। সরু ছোট ঘোঁজ। (অপভ্রংশে ঘুঞ্জি, গিঞ্জি)।

ঘোঁট···ষ্য. (ঘিট ধাতু দেখ। হিং ঘুঁট, মং ঘোট)। যে পরিমাণ পানীয় একবারে ঘিটিতে—গিলিতে পারা যায়, প্রঃ—এক ঘোট দুধ—এক ঢোক।

ঘোট ··ষ্য. (ঘুঁট ধাতু দেখ)। একত্র মিলন। দলাদলির ঘোঁট—দলাদলি নিমিত্ত একত্র মিলন ও মন্ত্রণা।

ঘোটনা, ঘোঁটনা · ষ্য. (ঘুট ধাতু দেখ)। যদ্দ্বারা ঘোটা বা ঘোঁটা যায়, প্রঃ—সিদ্ধির ঘোটনা।

ঘোড়-তোলা ··ণ. (গোড় দেখ)। যাহার গোড়ালী তোলা—উচ্চে—আছে, প্রঃ—ঘোড়-তোলা জুতা।

ঘোড়া, ঘোঁড়া (গ্রাং) ··ষ্য. (সং ঘোটক)। প্রসিদ্ধ গৃহপালিত পশু। স্ত্রীং ঘুড়ী। ঘোড়-শওয়ার ··ষ্য. অশ্বারোহী। (কবিকঃ —আসোয়ার)। ঘোড়-দৌড় · ঘোড়ার দৌড়। ঘোড়া-রোগ···নির্ধন ব্যক্তির অশ্বারোহণে অভিলাষ। জুড়ী ঘোড়া ··সমান বর্ণের আকারের অশ্বদ্বয়। ঘোড়ার ডিম··· বকাণ্ডবৎ অসম্ভব ব্যাপার, কিছু না। ঘোড়া দেখিয়া খোঁড়া হওয়া··হাঁটিয়া যাইবার সংকল্প করিয়া যান দেখিয়া অকস্মাৎ খঞ্জভাব প্রকাশ। ঘোড়া ডিঙ্গাইয়া ঘাস খাওয়া···ঘোড়ার অপর পার্শ্বস্থিত ঘাস যেমন গোরু গলা বাড়াইয়া খাইতে পারে না, তেমন যাহার অধীন তাহাকে না জানাইয়া কর্ম করা অসাধ্য।

ঘোড়ারু··ষ্য. (ঘোড়-খুরী হইতে। হিং

ঘোড়খর। ও° ঘোড়াঙ্গা)। ঘোড়ার তুল্য বন্য পশু বিশেষ (Equus hemionus)। ঘাড়ের কেশর সোজা হইয়া থাকে। ঘাড় হইতে পুচ্ছ পর্যন্ত একটা খয়রা ডোরা থাকে। কান কিছু লম্বা। (শুনিয়াছি ওড়িশার বড়ম্বা রাজ্যের অরণ্যে আছে। খয়রা রঙ্গের স্ত্রী ঘোড়ারুব নাম ও°তে ঘোড়াঙ্গা। বা°তে ঘোড়ারু শব্দ চলিত নাই। কবিকঃ, বায়ু ভর করি ধায় তুলারু ঘোড়ারু। কিন্তু কবিকঙ্কণ ঘোড়ারু কোথায় দেখিয়াছিলেন ?)

ঘোঁত্‌ঘোঁত্‌···ব্য. (স° ঘ্রাতি। স° ঘোণী —শূকরের নাসিকার শব্দে)। ঘোঁত্‌-ঘোঁত করিয়া খাওয়া · শূকর যেমন নাক ডুবাইয়া বিষ্ঠা ভক্ষণ করে, তেমন বিচার না করিয়া উদরপূর্তি করা।

ঘোপ···ষ্য. (খোপ হইতে)। খোপ, ক্ষুদ্র সঙ্কীর্ণ স্থান।

ঘোমটা···ষ্য. (স° অব-গুণ্ঠিকা। হি° ঘুঁগট)। নারীর অবগুণ্ঠন। ঘোমটার ভিতর খেমটা নাচ···অসতী অবগুণ্ঠনে মুখ আবৃত রাখিয়াও পরপুরুষ কামনা করিতে পারে। নাচিতে উঠিয়া ঘোমটা কেন···লজ্জাহীনা না হইলে পুরুষের সম্মুখে নর্তকী নাচিতে পারে না। সুতরাং যে কাজে লজ্জা থাকিবে না, সে কাজ করিবার সময় লজ্জা-প্রকাশ বৃথা। ঘোমটা দেওয়া···মুখ অবগুণ্ঠিত করা। ঘোমটা টানা ··মুখের সমুখে নীচের দিকে ঘোমটা আনা। ঘোমটা ফেলা ··মুখের সমুখ হইতে ঘোমটা অপসারণ, প্রঃ— আইমা লো চেয়ে রৈল ফেলিয়া ঘোমটা (ভাঃ)।

ঘোর·· ণ. (স°)। ভয়ঙ্কর, প্রঃ—ঘোর বিপদ; (স° ঘোরা-রাত্রি) আঁধার, প্রঃ—আকাশ ঘোর করিয়া আসা—ঘন মেঘে আচ্ছাদিত হওয়া। ঘোর নিদ্রা গাঢ় নিদ্রা। ঘোর-তর ·· ণ. (স°)। অতি ভয়ঙ্কর। ঘোরালা···ণ. (ঘোর+আলা)। অন্ধকার, অস্পষ্ট।

ঘোর·· ষ্য. (ঘুর ধাতু হইতে)। অচৈতন্য, প্রঃ—অন্তর্দ্দশায় কিছু ঘোর কিছু বাহ্যজ্ঞান (চৈঃ চঃ); মত্ততা, প্রঃ—নেশার ঘোর; নিদ্রালুতা, প্রঃ—ঘুমের ঘোর।

ঘোর-পাক ষ্য. ঘুরিয়া ঘুরিয়া পাক (খাওয়া, দেওয়া), যেমন দোড়ীতে ঢিল বাঁধিয়া ঘুরাইলে দোড়ী ঘোরপাক খায়। ঘোর-ফের, ঘোর-ফেরা···ষ্য. (সহচর শব্দ)। ভ্রমণ ও প্রত্যাবর্তন।

ঘোল· ·ষ্য. (স°)। স°-তে নির্জল দধি মথিত হইলে যাহা হয়। বা°-তে সজল নির্জল দধি মইয়া ননী সরাইলে যাহা হয়। ঘোল-মঅনী ··ষ্য. (স° ঘোলমন্থনী)। যে পক্ষ-দণ্ড দ্বারা দধি মথিত করিতে পারা যায়। মাথায় ঘোল ঢালা···পূর্বকালে অপরাধীর গালে চূণকালী মাখাইয়া ও মাথায় ঘোল ঢালিয়া সমাজে তাহাকে উপহাস্য করা হইত। মাণিকে, পাঁচচুলা করিয়া মাথায় ঢালে ঘোল। পাঁচচুলা—মাথার পাঁচ স্থানে চুল রাখিয়া অবিশিষ্ট স্থান মুণ্ডন। ঘোল-খাওয়ানা · চিন্তায় অতিসার-রোগ জন্মাইয়া দেওয়া, কারণ ঘোলপান অতিসারের পথ্য। দৃষ্টান্তে, দুধের স্বাদ কি ঘোলে মিটে··· নিকৃষ্ট বা অনাকাঙ্ক্ষিত সাধ কখনও কাম্য তুল্য হয় না। ঘোল-মঅনী··ষ্য. অপা-মার্গাদি-বর্গের সরু ক্ষুপ বিশেষ (Deeringa

celosioides)। গাছে জড়াইয়া উঠে। পাতা একোত্তর। ফুল ছোট। ফল ছোট, গোল, শাঁসাল। ঘোলা…ণ. (ঘোল+ আ)। ঘোল-তুল্য আবিল। জল ঘোলা করা…কাদা উঠাইয়া ঘোলের মতন করা। চোখে ঘোলা পড়া · চক্ষুর তারার উপরে শ্বেত আবরণ ঘটা। ঘোলাটিয়া, ঘোলাটো …ণ. (ঘোলা+টা+ইয়া)। প্রায় ঘোলা, ঈষৎ ঘোলা। ঘোলা…ধাতু. (গ্রা° ঘুলা, গুলা ধাতু)। ঘোলাই—ঘোলের তুল্য আবিল করি। ঘোলানা॥ ঘোলানি · ষ্য. (ঘোল +পানি)। ঘোলা জল, কর্দমাক্ত জল।

ঘোষ ··ষ্য. (স°)। হিন্দুজাতির পদ্ধতিবিশেষ; গোপ। ঘোষ-জা…ঘোষবংশ জাত।

ঘোষা-লতা ··ষ্য. (স° ঘোষক)। জ্যোৎস্নিকা বা ঝিঙ্গা (কেহ কেহ বলেন,তরই দেখ)।

ঙ।

ঙ…ষ্য. (স°)। ক বর্গের অনুনাসিক বর্ণ, -অক্ষর। বা° উচ্চারণ উঁ। এই হেতু স° কুমার শব্দ হইতে প্রাচীন শব্দ কুঙার ছিল। ঞ বর্ণের যেমন পৃথক প্রয়োগ নাই, ঙ বর্ণেরও তেমন নাই, ক বর্গের অনুনাসিক হইয়া, শঙ্কা লঙ্ঘন ইত্যাদি শব্দে আছে।

চ।

চ…ষ্য. (স°)। ব্যঞ্জনবর্ণ বিশেষ, -অক্ষর-বিশেষ।

চঁ ··চোঁ দেখ।

চই…ষ্য. (স° চব্রিকা)। তাম্বুলাদি বর্গের লতা বিশেষ (Piper chaba)। ইহার ফল পিপুলের মতন, প্রঃ—চৈ মরিচ শুক্তা দিয়া সব ফলমূলে (চৈঃ চঃ)। যশোর ও খুলনায় গাছ প্রচুর জন্মিতেছে।

চই-চই · ব্য. কাছিম ও মাছ ডাকিবার শব্দে।

চইত··ষ্য. (স° চৈত্র)। চৈত্রমাস।

চউকী ··চৌকী দেখ।

চওড়া…ণ. (স° চর্পট—বিপুল, চপেট। ও° চউড়া; হি° চৌড়া—চকলা, স° চর্পটী)। বিস্তার-বিশিষ্ট।…ষ্য. বিস্তার।

চক ··ষ্য. (স° চক্র)। মাঠের কিয়দংশ। …ষ্য. (স° চতুষ্ক—চউক—চক)। চারিপাশে ঘর-বিশিষ্ট স্থান, প্রঃ—চাঁদনী চক। চক-মিলন, চক-মিলানা…ণ. চারি কোণ বা পাশ মিলিত, প্রঃ—চঃ বাড়ী। চক-বন্দী ··ণ. (ফা° বন্দ)। চক-মিলানা। ষ্য. চকের সীমা-নিরূপণ।

চক্-চক…ব্য. (স° চক ধাতু হইতে স° চাক-চক্য—দীপ্তি)। দীপ্তিতে। চক্-চকা, চক্চকিয়া, চক্চক্যে…ণ. উজ্জ্বল, প্রঃ—চক্চকা টাকা, তেল-চক্চকা গা। চিক্-চিক …ব্য. মৃদু দীপ্তিতে। চিক্চিকা বেলা… সাঁঝের আগে। চুক্-চুক…ব্য. ক্ষুদ্র বস্তুর অতিমৃদু দীপ্তিতে।

চক্ চক…ব্য. (স° চক ধাতু তৃপ্তিতে, বা° চাকা)। জিহ্বা দ্বারা লেহন শব্দে, প্রঃ—বিড়াল চক্ চক করিয়া দুধ খায়; চুমুকে চক্চক পেয় পিয়া (ভাঃ)। (কিন্তু চুমুকের শব্দ কদাচিৎ হয়)। চিক্-চিক্…মৃদু লেহন শব্দে। চুক্-চুক…ব্য. অতিমৃদু লেহন শব্দে, প্রঃ—চুকুচুকু চুষ্য চুষিয়া (ভাঃ)।

চক্-মক…ব্য. (স° চক ধাতু দীপ্তিতে। এই দীপ্তি স্নেহপদার্থ-হেতু। তু° চিক্কণ, বা°

চক্‌চকা গা। সং মনক্‌ ধাতু ভূষণে, মন্‌চ ধাতু দীপ্তিতে)। প্রখর দীপ্তিতে ; প্রঃ— বিদ্যুৎ চক্‌মক করে ; বিদ্যুৎ চক্‌মকী (ভাঃ)। চক্‌মকি···ষ্য. যে (স্ফটিক) পাথর খর-লোহা দিয়া ঝাড়িলে (ঠুকিলে) আগুন বাহিরায়, সে পাথরের তেলের দীপ্তি থাকে বলিয়া চক্‌মকি (তুর্কী ভাষাতে চকমাক)। চক্‌মকির ভিতরে যেন আগুন থাকে, এই হেতু চক্‌মকি 'ঝাড়া' বলা যায়। অভ্র নাড়িলে, অভ্রে রোদ লাগিলে চক্‌-মক, ঝক্‌-মক করে।

চকল···ষ্য. (সং শকল, শল্ক—ত্বক্‌। হিং চোকর, মং ছকল)। ত্বক, প্রঃ—গমের চকল (bran)।

চকলা···ষ্য. (সং চক্র। মং চকল)। চক্রাকার খণ্ড, প্রঃ—আমের চকলা (প্রায়ই চোকলা)। চকালী খণ্ড, টুকরা, প্রঃ—কাঠ-চকালী—কাঠ চেলাইলে যে টুকরা পাওয়া যায়।

চক্‌সা ··ণ. (সং চকাস ধাতু দীপ্তি ; সং চকাসিত)। উজ্জ্বল, প্রঃ—বাদলের পর চক্‌সা করে।

চকা-চকী···ষ্য. (সং চক্রবাক, চক্রবাকী। ওং চকাচকী। হিং চকবা)। প্লববর্গের পক্ষী বিশেষ (The Brahminy duck or ruddy sheldrake. Casarca rutila)। উত্তর দেশে বাস করে, শীতকালে এদেশে আসে। জোড়া জোড়া থাকে, নদীর ধারে চরে (ঘাস খায়)। লম্বায় দেড় হাত হয়। মাথা বুক লাল গেরি রং, চঞ্চু ছোট কাল। গ্রীষ্মকালে পুং পক্ষী চকার গলায় কাল কণ্ঠী হয়। পূর্ববঙ্গে বুগরী বলে।

চকিত···ণ. (সং)। ভীতঃ; প্রঃ—চকিতের ন্যায়—যেন ভীত হইয়া পলায়নপর। চকিতে ···ক্ষণমাত্রে, প্রঃ—চকিতের মধ্যে কোথায় গেল।

চকোর ষ্য. (সং)। পশ্চিমহিমালয়ের বিস্কির বর্গের পক্ষীবিশেষ (The red-legged or Himalayan partridge. Caccabis chucar)। প্রায় এক হাত লম্বা হয়। পা লাল। পুং (চকোর), স্ত্রী (চকোরী) পক্ষীর বর্ণ এক প্রকার। সে দেশে কেহ কেহ এই পাখী পোষে। এই পাখীর ডাক কুক্কুটের মতন। সন্ধ্যার সময় অনেক চকোর একসঙ্গে ডাকিতে থাকে, যেন চাঁদের সুধার তরে ব্যাকুল হয় (কবি-কল্পনায়)।

চক্কর ··ষ্য. (হিং। সং চক্র)। প্রদক্ষিণ, ভ্রমণ।

চক্র (গ্রাং চক্ক) ··ষ্য. (সং চক্‌)। গাড়ীর রথের চাকা ; চক্রাকৃতি তীক্ষ্ণধার অস্ত্র, প্রঃ —বিষ্ণুর সুদর্শন চক্র ; বিষ্ণু মন্দিরের চূড়ার চক্রাকার লৌহ ; শালগ্রাম শিলার চক্রাকার রেখা (পইতা) ; সাপের ফণা, প্রঃ—কুলাপানা চক্র—কুলার মতন বৃহৎ ফণা ; আঁগুলের আবর্ত রেখা (whorl) ; জলের আবর্ত (কৃত্তিঃ, চাক-ভাঁউরি—চক্রভ্রমি)। পাকচক্র ··জলের পাক ও চক্র, ইহা হইতে ঘুরনিয়া যুক্তি, কপট-উপায়)। দৃষ্টান্তে, দশচক্রে ভগবান ভূত—দশজনের চক্রে মিলনে, দলে (সং অর্থ) পড়িয়া ভগবান নামক লোক জীবিত থাকিয়াও প্রেত বলিয়া প্রতিপাদিত হইয়াছিল। চক্রবর্তী (গ্রাং চক্কবত্তী···ষ্য. (সং)। যে রাজার প্রতাপ ক্ষিতিচক্রের নেমি পর্যন্ত খ্যাত ; ইহা হইতে

যে ব্রাহ্মণের খ্যাতি বহুদূর ব্যাপ্ত ; ব্রাহ্মণের উপাধি বিশেষ। চক্রান্ত · ষ্য. (সং চক্র +অন্ত ? চক্রের—সীমার অন্ত ? বোধ হয়, চক্+বাং বস্ত ; চক্—সমূহ, দল, সৈন্য। তু° বাপান্ত)। দল। চক্রান্ত করা—দল বাঁধা। চক্রী ··ণ. (সং)। কুমন্ত্রী। কু-চক্রী ·ণ. (সং)। কুমন্ত্রণাকারী।

চক্ষ ··ষ্য. (সং চক্ষুস্) চোখ, প্রঃ—চক্ষে দেখি নাই, স্বচক্ষে দেখিয়াছি।

চক্ষু···ষ্য. (সং চক্ষুস্)। চোখ। চক্ষু কর্ণের বিবাদ ভঞ্জন ··শোনা বিবরণ দেখিয়া পরীক্ষা করা। চক্ষুগোচর ··ষ্য. ণ. (সং চক্ষুর্গোচর)। দৃষ্টি, দৃষ্ট। চক্ষুদান ··ষ্য. প্রতিমায় দেবের আর্বিভাব ; অপহরণ (অশিষ্ট)। চক্ষুলজ্জা ··অশিষ্ট আচরণ হেতু লজ্জাবোধ, যে লজ্জা শিষ্টজনের সম্মুখে চক্ষুতে প্রকাশিত হয়।

চঙ্গা ··ষ্য. (চাঙ্গা দেখ)। যোদ্ধা, প্রঃ—ভিড়নে চলিল চঙ্গ বাইশ হাজার (কবিকঃ) ; উপাধি বিশেষ।

চট ··ব্য. (সং ঝটিতি। ঝট দেখ)। শীঘ্র।

চট···ষ্য. (চাটা, চাটাই দেখ)। শণের, কদাচিৎ পাটের দোড়ীর চাদর। গুণ-চট ·· গুণ থলিয়া করিবার শণের মোটা দোড়ীর চাদর, প্রঃ—কাপড় যেন গুণচট—এত স্থূল।

চট···ধাতু. (সং চণ্ড ; চড় ধাতু)। চটি—কোপ করি। চটা॥ চটা-চটি ··ষ্য. পরস্পর কোপ। চটা···ধাতু. (চট ধাতু আস্তে)। চটাই—কুপিত করাই। চটানা॥ চটানিয়া ···ণ. যাহাতে কোপ জন্মায়।

চট · ধাতু. (সং চট ধাতু ভেদনে, বধে)। চটি—ভিন্ন হই, বিদীর্ণ হই, প্রঃ—বাঁশ চটিয়া গিয়াছে। চটা॥ চটা উঠা···ত্বক পৃথক হওয়া। চটা···ধাতু. (চট ধাতু আস্তে)। চটানা॥

চটক ··ষ্য. (সং চট ধাতু ভেদনে, বধে। সং ?)। এমন দীপ্তি যে চিত্ত আকৃষ্ট হয় (তু° চমক), ছটা ; প্রঃ—রঙ্গের চটক, কথার চটক। চটকা ··ষ্য. একাগ্রচিন্তা, অন্যমনস্কতা ; প্রঃ—চটকা ভাঙ্গা—উপস্থিত বিষয়ে জ্ঞান আসা। চটকিয়া, চটক্যে ···ণ. চটকপ্রিয়। চটক ··ষ্য. (সং)। চড়ুই পাখী। উপমায়, চটকস্য মাংস—অত্যল্প দ্রব্য।

চটকা···ধাতু (সং চট ধাতু ভেদনে)। চটকাই—মর্দিত করি। চটকানা॥ প্রঃ- আলু চটকানা ; পিণ্ড চটকানা—শ্রাদ্ধে পিণ্ড মর্দন ; ইহা হইতে পিণ্ডদান কিংবা গ্রহণ করিতে পারিবার উপায় করা। (তু° কচটানা)।

চট্-চট ··ব্য. (সং চট ধাতু বধে)। চপেটা-ঘাতের শব্দে, প্রঃ—চট্চট করিয়া চড়ানা। ···ব্য. (সং চট ধাতু বর্ষণে, আবরণে)। নির্যাসাদি হেতু সংলগ্নশীলতায়, প্রঃ—আঠা চট্চট করে, তেল-চট্চটা গামছা। চট্চটা, চট্চটিয়া, চট্চট্যে ··ণ. সংলগ্নশীল।

চট্-পট··ব্য. (সং চট ধাতু ভেদে, পট ধাতু বিদারে)। যে চাঞ্চল্যে ভাঙ্গিয়া চুরিয়া ফেলে, শীঘ্রতায় ; প্রঃ—স্নান করে চট্পট পাক করে দি (মাঃ)। চট্পটিয়া, চট-পট্যে ·· ণ. অতি চঞ্চল। (তু° সং চটুলপটু)।

চট্-মট···ধাতু. (সং চট ধাতু বধে, মট ধাতু মর্দনে)। চটি-মটি—ক্রুদ্ধ হই, প্রঃ—

চটিয়া মটিয়া লাল। (এই এক পদ প্রচলঃ)। চটা-মটা ॥

চটা···ষ্য. (সং চট ধাতু দেখ)। বাঁশ কাঠ প্রভৃতির ত্বক বা পাতলা স্তর; বাটা। চটী ···ষ্য. (চটা+ঈ)। ক্ষুদ্র চটা, প্রঃ—মকরধ্বজের চটী (সং চর্পটী)। চটাল ··ণ. (চটা+আল)। বিস্তারবিশিষ্ট।

চটা···ণ. (সং চণ্ড)। অত্যধিক, ক্রোধন, প্রঃ—চটা শুদে টাকা কর্জ, চটা মেজাজ; উভয় পক্ষে সমান; প্রঃ—চটা বাজি।

চটান···ষ্য. (সং চর? বাং চড়ান হইতে? হিং চট্টান—প্রস্তরময় স্থান)। বিস্তীর্ণ সমানভূমি। ঘাস-চটান ·· ঘাসময় সমানভূমি। (ঘাস-কচা—ঘাসময় নিম্নভূমি)।

চটা-চটি···চট ধাতু দেখ।

চটাল, চাটাল ··ণ. চটা দেখ। (চট, চটা, চটী—সকলের বিস্তার অর্থ আছে)।

চটি ··ষ্য. (সং চর, চল ধাতু হইতে। ওং চটি)। যেখানে চড়া, আরোহণ, অবস্থান করিতে পারা যায়; ইহা হইতে পান্থশালা।

চটী...ণ. (চটা দেখ)। পাতলা, চটের মতন বিস্তৃত; প্রঃ—চটী জুতা, চটী বই। মকরধ্বজের চটী...পাতলা স্তর।

চট্টল···চাটিগাঁ দেখ।

চট্টোপাধ্যায়·· ষ্য. (চট্ট+সং উপাধ্যায়। 'চট্টভট্টজাতীয়'—বল্লালসেনের তাম্রশাসনে। সং ছাত্র হইতে চট্ট? তুং হিং চট্টা—ছাত্র, ওং চাটশালি—ছাত্রশালা)। ছাত্রোপাধ্যায়, ব্রাহ্মণের উপাধিবিশেষ। (চাটুজ্যা দেখ)।

চড়...ষ্য. (সং চপেট হইতে)। চপেটাঘাত, প্রঃ—চড় মারা, অন্যে চড় খায়। চড়-চাপড় ···ষ্য. (সহচর শব্দ, সং চপেট চপেট)। চড়, প্রঃ—লাথালাথি চড়চাপড় ধাক্কাধুক্কা মেরে (মাঃ)। চড়া...ধাতু. চড়াই—চপেটাঘাত করি। চড়ানা ॥

চড়...ধাতু. (সং চর, চল ধাতু)। চড়ি—আরোহণ করি, স্থাপন করি। চড়া, চড়ন ॥ চড়া·· ধাতু. (চড় ধাতু আস্তে)। চড়াই—আরোহণ করাই; উন্নত, অধিক যোজনা করাই, স্থাপন করাই। প্রঃ—গাছে চড়ানা, উনানে হাঁড়ী চড়ানা, ধনুকে গুণ চড়ানা ॥ চড়নদার...ষ্য. আরোহী, নৌকার আরোহী যাত্রী; পাইক। চড়তি···ষ্য. বৃদ্ধি।

চড়ই · ষ্য. (সং চটক—চটঅ—চড়য়—চড়ই। ওং চড়া)। গৃহচটক পক্ষী (House-sparrow. Passer domesticus)। চিড়িক্-চিড়িক ডাকে। পুং চড়ইর মাথা ধূসর, গলা বুক কৃষ্ণবর্ণ, স্ত্রীং চড়ইর বর্ণ খয়রা। চড়ই-লালা···ণ. চড়ই পাখীর মতন লাল-কালা মিশানা রঙ্গের।

চড়ক ··ষ্য. (সং চক্র)। শিবের গাজনে দীর্ঘ বাঁশের উপরে চক্রভ্রমণ। কবিকঃ, 'ঢাক ঢোল বাদ্য বাজে শিবের মন্দিরে॥ জিহ্বা ফোড়ে জিহ্বা কাটে করয়ে চড়ক।' চড়কতলা·· ষ্য. যেখানে চড়ক হয়। চড়কসংক্রান্তি ··ষ্য. চৈত্রমাসের শেষ দিন, যে দিন চড়ক হয়। চড়ক-গাছ ··যে দীর্ঘ কাষ্ঠের উপরে চক্র-ভ্রমণ হয়। চড়কিয়া ·· (চড়ক+ইয়া)। চড়ক-সম্বন্ধীয়, প্রঃ—চড়কিয়া হাসি—চড়কগাছে ঘুরিবার সময় যন্ত্রণা সত্ত্বেও হাসি; অন্তরে দুঃখ সত্ত্বেও বাহিরে প্রফুল্লতা।

চড়কা ··ষ্য. (সং চক্র? ইন্দ্রের চক্র ছিল না,

ছিল বিষ্ণুর। চড় চড় শব্দ করে বলিয়া ?)। বজ্র, প্রঃ—চড়কা চড় চড় (মাঃ)।

চড়কা ··ধাতু. (চড়া—টানা—করা হইতে)। চড়কাই—চড়-চড় হই। চড়কানা॥ (চড় চড় দেখ)।

চড়্-চড় ব্য. (সং চট ধাতু ভেদে)। ভেদন বা বিদারণ শব্দে, প্রঃ—শীতকালে গা চড়্-চড় করে,মুড়ি চড়্-চড় করিয়া ফোটে। চড়্ চড়া, চড়্চড়িয়া। চড়্-চড়ানি। চড়্-চড়ি ··ষ্য. অল্পরসযুক্ত ব্যঞ্জন (সড়্-সড়ি—নীরস ব্যঞ্জন)। চিড়্-চিড় ··মৃদুবিদারণ শব্দে, প্রঃ—চিড়্চিড়া রোদ। চুড়্-চুড়··অতিমৃদু বিদারণ শব্দে, প্রঃ—কাপড় চুড়্চুড় করিয়া ছেঁড়া। (চুড়-চুড় দেখ)।

চড়নদার ··ষ্য. (বাং চড়ন+ফাং দার)। নৌকাদি আরোহী।

চড়্-বড়··ব্য. (সং চট ধাতু ভেদে, বল ধাতু বধে)। বিদারণ শব্দে, প্রঃ—চড়্বড় করিয়া ভাত ফোটে যখন জল কম হয়। চিড়্-বিড় ··ব্য. চাঞ্চল্য প্রকাশে।

চড়া···ধাতু. (সং চপেট হইতে)। চড়াই—চপেটাঘাত করি, চড় মারি। চড়ানা॥

চড়া ··ণ. (সং চণ্ড)। অত্যধিক, প্রঃ—চড়া দাম।

চড়া ··ষ্য. (চড় ধাতু আরোহণ হইতে)। নদীর মাঝের উত্থিত ভূমি, জলনিমগ্ন উচ্চভূমি, প্রঃ—চড়ে পাছে লাগে ডিঙ্গাখান (কবিকঃ)। (চর দেখ)। (২) ধনুকের গুণ আকর্ষণ, প্রঃ—চড়া দিতে এখনি হবেক চরিখান (মাঃ)। (প্রায়ই চাড়া)। (৩) চাপের উন্নতি (height of an arc); নৌকার গভীরতা।

চড়া ··ষ্য. (সং চূর্ণ)। ক্ষুদ্র অংশ; মাখন ননী গলাইয়া ঘি করিবার সময় যে আদগ্ধ কঠিন পদার্থ থাকে (হিং চহেড়ূ); আ-ফোটা মুড়ি, খই।

চড়াই-উতরাই ··ষ্য (হিং। চড় ও উতর ধাতু দেখ)। উপরে ওঠা, নীচে নামা।

চড়াও ··ণ. (হিং)। ক্রুদ্ধ।

চড় ··ধাতু. চড় ধাতু। (প্রাচীন বাংতে)।

চণা ··ষ্য. (সং চণক)। ছোলা কলাই। চণা-চুর···ষ্য. (সং চণক-চূর্ণ)। ছোলার ডাল-ভাজা।

চণ্ড···ষ্য. (সং চণ্ড)। যমদূত, প্রেত। চণ্ড নামানা—অভিচারাদি মন্ত্র দ্বারা চণ্ড নামক ভূত-শ্রেষ্ঠকে আহ্বান করা এবং তাহার নিকট ভূতভবিষ্যৎ জানা। রাত্রে ঘরের দ্বার বন্ধ করিয়া অন্ধকারে চণ্ড নামানা হয়। চণ্ড নামিবার সময় চালের মটকা মড়্-মড় শব্দ করে। বলা বাহুল্য চণ্ডাদি ভূতযোনি নাকী সুরে কথা কহে। চণ্ড-চামুণ্ড ··ষ্য. (সং। সহচর শব্দ)। শিবের অনুচর; দুর্দান্ত অনুচর।

চণ্ডাল···ষ্য. (সং)। হিন্দুজাতি বিশেষ; অতিনির্দয় লোক।

চণ্ডী ··ষ্য. (সং)। দুর্গাদেবী; অতি কোপনা নারী। চণ্ডীপাঠ ··ষ্য. (সং)। মার্কণ্ডেয় পুরাণোক্ত চণ্ডীমাহাত্ম্য পাঠ। চণ্ডী-মণ্ডপ ··ষ্য. (সং)। যে গৃহে দুর্গাপূজা হয়।

চণ্ডু ··ষ্য. (সং চণ্ড—উগ্র। হিং চণ্ডূ)। আফিং-যোগে রচিত মাদক-বিশেষ; আফিঙের এক প্রকার গুলী।

চতুর ··ষ্য. (সং)। দক্ষ ; ধূর্ত। চতুরালি, চতুরালী ··ষ্য. (চতুরাল+ই)। চাতুরী।

চতুরঙ্গ ··ষ্য. (সং)। গজ অশ্ব রথ পদাতি— এই চারি অঙ্গবিশিষ্ট সৈন্য ; সতরঞ্জ খেলা।

চতুর্··ণ. (সং—চারি)। চারি। সমাসে বসে ; যথা, চতুরানন··চারিমুখ ব্রহ্মা ; চতুষ্কোণ··চারিকোণা ; চতুর্দ্বার··গৃহের চারি দ্বার, চারিদিকে চারি-দ্বার বিশিষ্ট গৃহ ; চতুর্দোল···চারি বাহকের বাহ্য দোলা, রাজার দোলা ; চতুষ্পদ···চারি পদ বিশিষ্ট জন্তু (quadruped), (গালিতে) পশু ; চতুষ্পাঠী ··যে পাঠশালায় ব্রাহ্মণকে চারিবেদ শিক্ষা দেওয়া হয় ; চতুর্বর্গ ··পুরুষের যে চারি অর্থ বা কাম্য বিষয়,—ধর্ম অর্থ কাম মোক্ষ। চতুর্বর্ণ ··ব্রাহ্মণ ক্ষত্রিয় বৈশ্য শূদ্র— এই চারি বর্ণ।

চত্বর ··ষ্য. (সং)। চারি কোণা অঙ্গণ ; চাতাল ; নানা-পথ মিলিত স্থান।

চন্-চন ··ব্য. (সং চি ধাতু, চিনোতি—সঙ্কোচনে। সং চূণ ধাতু সঙ্কোচে। সং চন, চণ ধাতু বধে)। সঙ্কোচভাবে ; শুষ্কভাবে। চন্‌চনা, চন্‌চনিয়া, চন্‌চন্তে···ণ. সঙ্কোচশীল, আকর্ষণশীল, প্রঃ—চন্-চনা ক্ষুধা, চন্-চনা রোদ। চিন্-চিন ··ব্য. অল্প শুষ্কভাবে, প্রঃ—ফোড়া শুখাইবার সময় চিন্-চিন করে।

চন্-মনা ··ণ. (সং চঞ্চলমনা)। চঞ্চলমনা, চঞ্চল, প্রঃ—চন্-মনা ছেলে। · ধাতু. চন্ মনাই—চঞ্চল হই ; প্রঃ—অপরিচিত লোক দেখিয়া গোরু চন-মনায়। চন্-মনানা, চন্-মনানি॥

চন্দ···ষ্য. (সং চন্দ্র ; সং প্রাং চন্দ)। চন্দ্র। (প্রাচীন বাং। এক্ষণে গ্রাং)।

চন্দন (গ্রাং চন্নন)···ষ্য. (সং)। শ্বেত-চন্দন, রক্ত-চন্দন (প্রায়ই শ্বেত-চন্দন)। চন্দন-পীড়ি ··ষ্য. (সং চন্দন-পীঠ)। চন্দন কাষ্ঠ ঘষিবার শিলা-পীঠ। শ্বেত-চন্দন ··ষ্য. (সং)। দক্ষিণ ভারতের ছোট তরুবিশেষ (Santalum album)। আরণ্য তরু বটে, কিন্তু নিবিড় অরণ্যে জন্মে না। পাথরিয়া মাটিতে ঘাসময় স্থানে অধিক জন্মে। এই-হেতু সে স্থান সর্পের বাসভূমি হয়। চন্দন-তরু নানাবিধ গাছের শিকড়ে প্রথমে জন্মে। শ্বেতচন্দন কাঠ (sandal-wood) সুগন্ধ। কাঠ চোয়াইলে মণ-করা ২।৩ সের তেল বাহিরায়। হরিচন্দন, অন্য নাম শ্রীখণ্ড-চন্দন ··পীতবর্ণ সুগন্ধ চন্দন। রক্ত-চন্দন··· শিম্বাদি বর্গের নাতিদীর্ঘ তরু বিশেষ (Pterocarpus santalinus)। ইহাও দক্ষিণ ভারতে জন্মে। ইহার কাঠ সুগন্ধ নহে। বস্ত্রাদি রঞ্জিত করিতে, কপালে তিলক করিতে এই চন্দন লাগে। কুচন্দন ···ষ্য. (সং)। অনেকে ভুল করিয়া ইহাকে রক্তচন্দন বলে। ইহা বব্বুলাদি বর্গের দীর্ঘ-তরু (Adenanthera pavonina). বঙ্গদেশ ওড়িশা প্রভৃতি নানা স্থানে জন্মে। বীজ দৃঢ়, মসৃণ, রক্তবর্ণ। সেকরা এই বীজ (ওং নাম মণ্ডা) দিয়া স্বর্ণাদি ওজন করে। ওজনে দুই কুঁচের প্রায় সমান।

চন্দনা ··ষ্য. (সং)। শুকসদৃশ পক্ষী বিশেষ (The Indian paraquet. Palœornis nepalensis), কিন্তু দীর্ঘপুচ্ছ ও উজ্জ্বল হরিত। পুং পক্ষীর গলায়

"পরিষৎ-গ্রন্থাবলী—সং ৩৮"

বাঙ্গালা ভাষা

দ্বিতীয় ভাগ

বাঙ্গালাশব্দ-কোষ

(দ্বিতীয় খণ্ড)

শ্রীযোগেশচন্দ্র রায়, এম এ, বিদ্যানিধির

সঙ্কলিত

কলিকাতা

অপার সারকুলার রোডের ২৪৩।১ নং বাড়ীতে, বঙ্গীয় সাহিত্য-পরিষৎ হইতে

শ্রীরামকমল-সিংহের

প্রকাশিত

সন ১৩২০

মূল্য { পরিষদের সদস্যের পক্ষে ১৲ এক টাকা
সাধারণের পক্ষে ১৷৷৹ দেড় টাকা

২২। মিলিন্দ পঞ্‌হো—পণ্ডিত শ্রীযুক্ত বিধুশেখর শাস্ত্রী কর্ত্তৃক অনূদিত। মূল্য ১৷৹

২৩। নবদ্বীপ-পরিক্রমা (১ম খণ্ড)—শ্রীযুক্ত নগেন্দ্রনাথ বসু-সম্পাদিত। মূল্য ৬৹ আনা, সদস্যপক্ষে ।৵৹।

২৪। বিদ্যাপতির পদাবলী—শ্রীযুক্ত নগেন্দ্রনাথ গুপ্ত-সম্পাদিত। মূল্য ৫৲ টাকা। সদস্যগণের পক্ষে ৪৲ টাকা।

২৫। বিক্রমপুরের ইতিহাস—শ্রীযুক্ত যোগেন্দ্রনাথ গুপ্ত-প্রণীত। মূল্য ২৷৹ টাকা।

২৬। চাকমাজাতির ইতিহাস—শ্রীযুক্ত সতীশচন্দ্র ঘোষ প্রণীত। মূল্য ৩৲ টাকা।

২৭। ফরিদপুরের ইতিহাস (১ম ভাগ)—শ্রীযুক্ত আনন্দনাথ রায়-প্রণীত। মূল্য ৷৹ আনা।

২৮। শতপথ ব্রাহ্মণ (১ম ও ২য় খণ্ড)—শ্রীযুক্ত বিধুশেখর শাস্ত্রী কর্ত্তৃক অনূদিত। মূল্য ৩৲ টাকা ও ২৷৹, সদস্যপক্ষে ১৷৹ ও ১।৹।

২৯। পরলোকগত চন্দ্রনাথ বসু। (সচিত্র)—শ্রীযুক্ত খগেন্দ্রনাথ মিত্র এম্ এ-প্রণীত। মূল্য ।৹ আনা, সদস্যপক্ষে ৵৹ আনা।

৩০। পরলোকগত কালীপ্রসন্ন বিদ্যাসাগর (সচিত্র)—শ্রীযুক্ত চন্দ্রশেখর কর বি এ-প্রণীত। মূল্য ।৹ আনা, সদস্যপক্ষে দুই আনা।

৩১। বিষ্ণুমূর্ত্তি-পরিচয় (সচিত্র)—শ্রীযুক্ত বিনোদবিহারী কাব্যতীর্থ বিদ্যাবিনোদ-প্রণীত। মূল্য ।৵৹ আনা, সদস্যপক্ষে ৶৹ আনা।

৩২। মায়াপুরী—শ্রীযুক্ত রামেন্দ্রসুন্দর ত্রিবেদী এম্ এ-প্রণীত। মূল্য ।৹ আনা, সদস্যপক্ষে দুই আনা।

৩৩। প্রাচীন গ্রীসের জাতীয় শিক্ষা—শ্রীযুক্ত বিনয়কুমার সরকার এম্ এ-প্রণীত। মূল্য ১৲ টাকা।

৩৪। ঐতরেয় ব্রাহ্মণ—শ্রীযুক্ত রামেন্দ্রসুন্দর ত্রিবেদী এম্ এ-সম্পাদিত। মূল্য ৫৲ টাকা।

৩৫। কবি হেমচন্দ্র (সচিত্র)—শ্রীযুক্ত অক্ষয়চন্দ্র সরকার-প্রণীত। মূল্য ৷৵৹ আনা।

৩৬। শ্রীভাষ্য (১ম খণ্ড)—শ্রীযুক্ত দুর্গাচরণ সাংখ্য-বেদান্ততীর্থ-সম্পাদিত। মূল্য—গ্রাহকগণের পক্ষে ২৲ টাকা ও সাধারণের পক্ষে ২৷৹ টাকা। ঐ (২য় খণ্ড) গ্রাহকপক্ষে ২।৵৹ ও সাধারণ পক্ষে ৩।৵৹।

৩৭। বোধিসত্ত্বাবদানকল্পলতা (১ম খণ্ড)—শ্রীযুক্ত শরচ্চন্দ্র দাস রায় বাহাদুর কর্ত্তৃক অনূদিত। মূল্য—পরিষদের সদস্যগণের পক্ষে ৬৹ আনা ও সাধারণের পক্ষে ১৷৹ টাকা।

৩৮। বাঙ্গালাভাষা—শ্রীযুক্ত যোগেশচন্দ্র রায় বিদ্যানিধি এম্ এ-রচিত।

প্রথম ভাগ ১ম অধ্যায়—(রাঢ়ের ভাষা) মূল্য ৬৹ সদস্যপক্ষে ।৵৹ আনা।

২য় „ (শব্দশিক্ষা) „ ৬৹ „ ।৵৹ আনা।

৩য় „ (ব্যাকরণ) „ ।১।৹ „ ৷৵৹ আনা।

(দ্বিতীয় ভাগ) বাঙ্গালা শব্দকোষ (অভিধান)। মূল্য—সাধারণপক্ষে ১৷৹ ও সদস্যপক্ষে ১৲।

৩৯। ব্রত-কথা—শ্রীমতী কিরণবালা দাসী-সঙ্কলিত। মূল্য—সদস্যগণের পক্ষে ।৹ ও সাধারণের পক্ষে ।৵৹ আনা।

৪০। রাসায়নিক পরিভাষা—ডাঃ শ্রীযুক্ত প্রফুল্লচন্দ্র রায় ডি এস্ সি ও শ্রীযুক্ত প্রবোধচন্দ্র চট্টোপাধ্যায় এম্ এ-সম্পাদিত। মূল্য সাধারণের পক্ষে ।৵৹ আনা, সদস্যপক্ষে ৶৹ আনা।

৪১। কল্কিপুরাণ—৺রামলোচন দাশগুপ্ত-প্রণীত⋯মূল্য সদস্যপক্ষে ৷৵৹ ও সাধারণের পক্ষে ১।৹।

সূচনা।

একবারে সমগ্র বাঙ্গালাশব্দকোষ-প্রকাশে কালবিলম্ব দেখিয়া চারি খণ্ডে প্রচার করা যাইতেছে। ইহাতে কোষ-সমালোচনার অবসর হইবে, এবং সমালোচক-মহাশয়ের অনুগ্রহে কোষ-পরিশিষ্টে দোষ-প্রতিকারের চেষ্টা হইতে পারিবে। শব্দ-সংগ্রহ, অর্থান্তর-প্রকাশ, কিংবা ব্যুৎপত্তি-নির্ণয় একজনের পক্ষে দুরূহ। আশা আছে, দশজনের ভার স্কন্ধে লইয়া কোষ-কার সমাপ্তি-স্থানে যাহাতে উপস্থিত হইতে পারেন, তদ্‌বিষয়ে তাঁহারা আনুকূল্য-দানে পরাঙ্মুখ হইবেন না।

কোষের শব্দ। বাঙ্গালা ভাষায় বহু বহু সংস্কৃত শব্দ চলিতেছে। বস্তুতঃ বিভক্তিহীন যাবতীয় সংস্কৃত শব্দ বাঙ্গালা সাহিত্যে চলে। যে সকল শব্দ স্পষ্ট সংস্কৃত, উচ্চারণে না হইলেও বানানে সংস্কৃত, সে সকল শব্দের নিমিত্ত সংস্কৃতশব্দ-কোষ আছে। কিন্তু বাঙ্গালা প্রয়োগে যে সকল সংস্কৃত শব্দের অর্থান্তর ঘটিয়াছে, সে সকল শব্দ এই কোষে পাওয়া চাই। তদ্‌ব্যতীত বাঙ্গালা ভাষায় প্রচলিত যাবতীয় শব্দের ব্যুৎপত্তি-অর্থ-প্রয়োগ-প্রদর্শন এই শব্দ-কোষের উদ্দেশ্য। অতএব আবশ্যক শব্দ প্রথমে এই কোষে অন্বেষণ করিবেন; ইহাতে না পাইলে কিংবা ইহাতে প্রাপ্ত অর্থ সুসঙ্গত বোধ না হইলে, সংস্কৃতশব্দ-কোষে অন্বেষণ করি-বেন। প্রচারিত অধিকাংশ বাঙ্গালা-অভিধান মুখ্যতঃ সংস্কৃত-অভিধান বলা যাইতে পারে।

বর্ণবিন্যাসরীতি। এই কোষে অ-আ বর্ণানুক্রমে শব্দ বিন্যস্ত হইয়াছে। অ বর্ণের পর অং অঃ; এই রূপ, আ বর্ণের পর আং আঃ; ইত্যাদি। চন্দ্রবিন্দুযোগে স্বর অনুনাসিক হয়। যে স্বর অনুনাসিক হয়, সে স্বরের পরে চন্দ্রবিন্দুযুক্ত শব্দ নিবিষ্ট হইয়াছে। যেমন কাক শব্দের পরে কাঁক। কারণ, চন্দ্রবিন্দু-যোগে স্বর দীর্ঘ হয়; অপিচ শব্দবিশেষে চন্দ্রবিন্দুর যোগাযোগ অদ্যাপি বিচার্য হইয়া আছে।

প্রচলিত বানানে অনেক শব্দের ব্যঞ্জনে অসংযুক্ত স্বর স্থানে য় হইতেছে, যেন য় উচ্চারণে ঈষৎ আকার মাত্র। যেমন, সং শৃগাল বাঙ্গালায় শিআল না হইয়া শিয়াল হইয়াছে। তথাপি, যে শব্দে অ দিলে উচ্চারণ ঠিক আসে, অপিচ শব্দ বুঝিতে কষ্ট হয় না, সে শব্দে য় না দিয়া অ দেওয়া গিয়াছে। যেমন সং দেবর বাং দেয়র না লিখিয়া দেঅর লেখা হইয়াছে। কিন্তু য় ফলা-উচ্চারণে সংস্কৃত য়-কারের উচ্চারণ লুপ্ত হয় নাই। র্য-উচ্চারণও সংস্কৃতের তুল্য আছে। সত্য শব্দ বাঙ্গালা উচ্চারণে সত্ত নহে; অর্ঘ্য মহার্ঘ শব্দের র্ঘ্য র্ঘ উচ্চারণে ভেদ আছে। কাশীদাসী মহাভারত প্রভৃতি পুরাতন গ্রন্থে হল্য পাল্য প্রভৃতি পদে য়-ফলার উচ্চারণ সংস্কৃত তুল্য। এই সাদৃশ্যে, কাটা হইতে কাটিয়া শব্দ সংক্ষেপে কেট্যে, পাহাড়িয়া সংক্ষেপে পাহাড্যে বানান করা গিয়াছে।

শব্দে ই ঈ, উ ঊ, জ য়, ণ ন, শ ষ স সম্বন্ধে বানান ভেদ আছে। অতএব ই না পাইলে ঈ, ঈ না পাইলে ই দেখিবেন। এই রূপ, অন্য স্বর ও ব্যঞ্জনে। কেহ কেহ অ স্থানে ও, উ করে। এখানে ও উ ত্যাগ করিয়া অ গ্রহণ করিতে হইবে। যেমন, চাকরি স্থানে চাকুরি, গণা স্থানে গুণা গ্রাম্য রূপ আছে।

ক-কারের শেষে ক্ষ-কারের স্থান যুক্তি-সিদ্ধ। অন্তঃস্থ ব-কার বাঙ্গালায় নাই, এই ব-কারের অক্ষরও নাই। এ কারণে, যাবতীয় বাদি শব্দ এক বর্গ্য-ব-বর্ণের অন্তর্গত হইয়াছে।

নূতন অক্ষর। ` —এই অক্ষরের উচ্চারণ লুপ্তপ্রায় ইকার। যেমন, সং খলি বাং খইল, সংক্ষেপে খ`ল; সং কল্য বাং কালি সংক্ষেপে কা`ল। অ ই, আ ই বর্ণের মাঝে ` বর্ণের স্থান হইয়াছে। ৱ—এই অক্ষর অন্তঃস্থ বকার-জ্ঞাপক। সংস্কৃত হিন্দী মরাঠি ফার্সী প্রভৃতি শব্দে ৱ-কার আছে। ळ—এই অক্ষর হলন্ত শব্দের ল, উচ্চারণে ল-ড এর মধ্যবর্তী। মরাঠী ওড়িয়া প্রভৃতি ভাষায় এই বর্ণ আছে। শব্দের উচ্চারণ জানাইবার অভিপ্রায়ে অন্য দুই চিহ্ন আবশ্যক হইয়াছে। কাল শব্দ উচ্চারণ-ভেদে সময় ও কৃষ্ণবর্ণ বুঝায়। সময় অর্থে কাল হলন্ত, কৃষ্ণবর্ণ অর্থে অকারান্ত। এই অকারান্ত উচ্চারণ জানাইতে ল-অক্ষরের নীচে কষি, যেমন কাল্, দেওয়া গিয়াছে। এইরূপ, অন্যত্র। কদাচিৎ একারের বিকৃত উচ্চারণ জানাইতে, কদাচিৎ বিদেশী শব্দের একারের তির্যক উচ্চারণ জানাইতে ে উলুটাইয়া, ৃ লেখা গিয়াছে।

শব্দ-বিন্যাস। যাবতীয় শব্দ বিশেষ্য, বিশেষণ, ক্রিয়া, সর্বনাম, অব্যয়—এই পাঁচ ভাগে বিভক্ত হইয়াছে। এতদ্-ব্যতীত, বিভক্তি ও প্রত্যয়ও কিছু আছে। অর্থ ও প্রয়োগ বিশদ করিবার অভিপ্রায়ে এই ভাগের উৎপত্তি। ক্রিয়াপদ না দিয়া ধাতু দেওয়া গিয়াছে। বর্তমান কালে উত্তম পুরুষের ক্রিয়াপদও প্রদর্শিত হইয়াছে। যেমন, গড় · ধাতু. গড়ি—নির্মাণ করি। প্রত্যেক ধাতু হইতে স্বল্লাধিক শব্দ উৎপন্ন হইয়াছে; যেমন, গড় ধাতু হইতে গড়া, গড়ন। এই রূপ যাবতীয় শব্দ ও তৎসমুদয়ের অর্থ অনাবশ্যক বিবেচনায় লিখিত হয় নাই। অধিকাংশ আন্ত ধাতু (সং ণিজন্ত) সামান্য ধাতুর শেষে, কদাচিৎ পৃথক্ পঙ্‌ক্তিতে নিবিষ্ট হইয়াছে। যেমন, খেল ধাতুর শেষে খেলা ধাতু পাওয়া যাইবে। ধাতুর আদ্যে ই উ থাকিলে আন্ত-রূপে ই স্থানে এ, উ স্থানে ও হয়। এই সাধারণ সূত্র মনে রাখিলে আন্ত ধাতু পাইতে ভুল হইবে না।

গ্রন্থলাঘব নিমিত্ত এক এক প্রধান শব্দের নীচে তৎসম্পর্কীয় শব্দ যোজিত হইয়াছে। ঘর দেখ। অতএব আবশ্যক শব্দ প্রথমে যথাস্থানে অন্বেষণ করিবেন; সেখানে না পাইলে ধাতুর নীচে দেখিবেন। সমাসবদ্ধ শব্দ প্রধান শব্দের নীচে দেখিবেন। যেখানে এক শব্দের নানা রূপ প্রদত্ত হইয়াছে, সেখানে প্রথম রূপ প্রায়ই শিষ্টসাহিত্যে গণ্য, পরবর্তী রূপ সংক্ষিপ্ত কিংবা গ্রাম্য।

ব্যুৎপত্তি। গ্রন্থ-সমাপ্তির পর ব্যুৎপত্তি-নির্ণয়ের রীতি বলা যাইবে। বাঙ্গালা ভাষায় সংস্কৃত ফার্সী আর্বী ইংরেজী প্রভৃতি শব্দ ও তত্তৎ ভাষার শব্দ হইতে বহু ভ্রষ্টশব্দ

আছে। এতদ্ব্যতীত "দেশজ" অনেক শব্দও আছে। কিন্তু কোনটা দেশজ, তাহা নির্ণয়ের পথ পাই নাই। এই শব্দ সংস্কৃত কিংবা অন্যান্য ভাষা হইতে আসে নাই, ইহা দেশজ, বঙ্গদেশজ, ভারতদেশজ— এই সিদ্ধান্ত করিতে বিদ্যা-বুদ্ধি-সাহসে কুলায় নাই। এ কারণে 'দেশজ' ব্যুৎপত্তি কোথাও দেখা যাইবে না। যেখানে প্রদত্ত ব্যুৎপত্তিতে পাঠকের সন্দেহ হইতে পারে, সেখানে ভ্রংশের ধারা-প্রকাশে প্রয়াস করিয়াছি। সন্দেহ না থাকিলেও ওড়িয়া, হিন্দী, মরাঠী প্রভৃতি ভাষা হইতে অনুরূপ শব্দ তুলিয়াছি। সে সে ভাষায় কি বলে, তাহাও জানিবার প্রয়োজন হইতে পারে। যেখানে ব্যুৎপত্তি নির্ণীত হইতে পারে নাই, সেখানে প্রশ্নার্থক চিহ্ন (?), কিংবা অন্য ভাষার শব্দের সহিত প্রশ্নার্থক চিহ্ন দেওয়া গিয়াছে।

অর্থ। সমুদায় শব্দের মুখ্য অর্থ এবং অনেকের গৌণ অর্থও দেওয়া গিয়াছে। প্রয়োগে, কথায়, দৃষ্টান্তে অর্থ পরিস্ফুট হইয়া থাকিবে। প্রয়োগ দ্বারা কোথাও অর্থ, কোথাও বানান, কোথাও প্রচার-কাল, প্রকাশের প্রয়াস হইয়াছে। অব্যয় শব্দের ভাবার্থ অধিকরণ কারকে লিখিত হইয়াছে। যে সকল গাছের ও জন্তুর বাঙ্গালা নাম আছে, সে সকল বিনিশ্চয় নিমিত্ত দুই একটা লক্ষণ দেওয়া হইয়াছে। পরে Flora of British India, Fauna of British India নামক প্রামাণিক গ্রন্থ হইতে বৈজ্ঞানিক লেটিন নাম, কদাচিৎ ইংরেজী নাম উদ্ধৃত হইয়াছে। গ্রন্থ শেষ হইলে বিস্তারিত ভূমিকা ও ভ্রমসংশোধনপত্র প্রদত্ত হইবে।

কটক।
সন ১৩২০। }

শ্রীযোগেশচন্দ্র রায়।

সাঙ্কেতিক অক্ষর।

অঃ অমরকোষ।

অংটীঃ অমর-কোষের টীকা (চন্দ্রমোহন ভট্টাচার্য্য-পরিশোধিত)।

অপ্রচলঃ অপ্রচলিত।

অশিষ্ট ভদ্রসমাজে অপ্রচলিত।

আ॰ আর্বী।

আদাঃ আদালতের ভাষায়।

আপ্তে বামন আপ্তে কৃত সংস্কৃত-কোষ।

আসা॰ আসামী।

ই॰ ইংরেজী।

উ॰ উচ্চারণ।

উর্দু উর্দু।

ও॰ ওড়িয়া।

কবিকঃ কবিকঙ্কণ-চণ্ডী।

কৃত্তিঃ কৃত্তিবাস (লং···লঙ্কাকাণ্ড, ইত্যাদি)।

গ্রা॰ গ্রাম্য, অশিক্ষিত নরনারীর ভাষায়।

চণ্ডীঃ চণ্ডীদাস।

চৈঃ চঃ চৈতন্য-চরিতামৃত।

জমিঃ জমিদারী ভাষায়।

তু॰ তুলনা কর, বিচারে আন।

নিঃ নিষেধার্থ শব্দ।

ণ. বিশেষণ।

পর্তু॰ পর্তুগীজ-ভাষায়।

পু॰ পুংলিঙ্গ রূপ।

প্রঃ প্রয়োগ।

প্রচলঃ প্রচলিত।

প্রা॰ প্রাকৃত।

বা॰ বাঙ্গালা।

বা॰ প্রা॰ বাঙ্গালা প্রাকৃত (কথ্যভাষা)।

বিঃ বিপরীতার্থ শব্দ।

বৈদ্যকঃ বৈদ্যকশব্দসিন্ধু (উমেশচন্দ্র গুপ্ত-সঙ্কলিত)।

ব্য. অব্যয়।

ভাঃ ভারতচন্দ্র।

ম॰ মরাঠী।

মা॰ মাণিকগাঙ্গুলীর ধর্ম্মমঙ্গল।

মেঃ মেদিনীকোষ।

যা॰ যাবনিক (আর্বী ফার্সী)।

শব্দকল্পঃ শব্দকল্পদ্রুম।

শব্দসার শব্দসার অভিধান (গিরিশ বিদ্যারত্নের)।

শূংপুঃ শূন্য পুরাণ।

ষ্য. বিশেষ্য।

স॰ সংস্কৃত।

স॰ প্রা॰ সংস্কৃত-প্রাকৃত।

স্ত্রী॰ স্ত্রীলিঙ্গরূপ।

হি॰ হিন্দী।

হেমঃ হেমচন্দ্রকোষ।

গোলাপী কণ্ঠী থাকে। লোকে আদর করিয়া এই পাখী পোষে।

চন্দরস ··ষ্য. (ই° sandarac) । এক প্রকার রঞ্জন (gum sandarac. Gum বলা হইলেও gum নহে, resin)। দক্ষিণ ভারতে শালগাছের সদৃশ একগাছ (Vateria indica) জন্মে। তাহার নির্যাস বা ধূনা সন্দরস, সফেদ ডামর, রাল ইত্যাদি নামে বার্নিশ করিতে লাগে।

চন্দ্র ··ষ্য. (স°)। চন্দ্রগ্রহ; এক অঙ্ক। মানুষের নামের সহিত যুক্ত হইয়া শ্রেষ্ঠ বুঝায়; যথা, স° পুরুষচন্দ্র—যাবতীয় পুরুষের মধ্যে চন্দ্র, —শ্রেষ্ঠ-পুরুষ; বা° রমেশ-চন্দ্র—উৎকৃষ্ট বা বিশ্রুত রমেশ; ইত্যাদি। চন্দ্রানন ··ণ. (স° চন্দ্র+আনন)। চন্দ্রের সদৃশ সুন্দর মুখ যার; স্ত্রী° চন্দ্রাননী। চন্দ্রকলা ··ষ্য. (স°)। চন্দ্রবিম্বের ষোড়শ ভাগ। চন্দ্রকান্ত ···ষ্য. (স°)। রাত্রে শিশির জাত করে এমন মণি-বিশেষ (রত্নপরীক্ষা দেখ)। চন্দ্রকান্তি ··ষ্য. (স°)। চন্দ্রের জ্যোতি। ·· (ও°)। ঘিতে ভাজা বাটা বিরীর চন্দ্রাকার ফুলবড়ি বিশেষ (চৈতন্য-মঙ্গলে)। চন্দ্র-গ্রহণ···ষ্য. (স°)। রাহু কেতু দ্বারা চন্দ্রকে আবরণ। চন্দ্র-পুলী···ষ্য. (স° চন্দ্র-পুরীকা)। নারিকেল-কোরা, ক্ষীর ও চীনি যোগে অর্ধচন্দ্রাকার পিষ্টক-বিশেষ। চন্দ্রবিন্দু ··ষ্য. (স°)। অনুনাসিক বর্ণ, ঁ—বিন্দুযুক্ত চন্দ্রঅক্ষর। সংস্কৃতে ঙ ঞ ণ ন স্থানে অনুনাসিক হইত, যথা, বিদ্বান্+লেখক=বিদ্বাঁল্লেখক। বা°তে ঙ ঞ ণ ন ম স্থানে যে ঈষৎ অনুনাসিক হয়, তাহাকে চন্দ্রবিন্দু বলা যায়।

চন্দ্রমল্লিকা ··ষ্য. (স°, কিন্তু আধুনিক)। সোমরাজ্যাদি বর্গের পুষ্প শাক-বিশেষ (chrysanthemum)। চীন ও জাপান দেশের গাছ। গাছ বার- মাস থাকে, ফুল হলুদা, চন্দ্রাকার (কিন্তু মল্লিকা নাম কেন? ফা° গুলদাউদী)। চন্দ্রশালা ষ্য. (স°)। পাকা বাড়ীর ছাদের উপরে স্তম্ভাধিষ্ঠিত ছাদ বা খোলা ঘর। চন্দ্রহার···ষ্য. (স°)। নারীর কটিদেশের হার। মাঝে চন্দ্র থাকে বলিয়া নাম (কিন্তু হার কটিতে গেল কেন? তু°, চন্দ্রহার গলায় চৌদিক করে আলো। তার কোলে পদক প্রসূন শোভা পায় (মাঃ)। তবে, দেড়শত বৎসর পূর্বে চন্দ্রহার গলার অলঙ্কার ছিল)। চন্দ্রহাস···ষ্য. (স°)। চক্‌চকা তরবারি। চন্দ্রক · ষ্য (স°)। ময়ূরের পুচ্ছের চন্দ্রাকার চিহ্ন; নখ, তু° কে বলে শারদশশী সে নখের তুলা (ভাঃ); জলে তৈল নিক্ষিপ্ত হইলে যে চন্দ্রাকার বলয়শ্রেণী দেখা যায়; অভ্রাদি পদার্থের দীপ্তি। চন্দ্রকী·· ষ্য. বাঁশের চন্দ্রাকার—গোলাকার—চাঁচ বিশেষ। ইহাতে তুত পোকা গুটী বাঁধে। চন্দ্রা···ষ্য. (স°)। চারিদিকে মুক্ত গৃহবিশেষ। এই গৃহের ছাদ স্তম্ভোপরি স্থাপিত থাকে। বঙ্গদেশে চন্দ্রা কদাচিৎ আছে। চন্দ্রার অনুকরণে আট-চালা। চন্দ্রা ··ষ্য. (স° চন্দ্রিকা)। তগরাদি বর্গের ক্ষুপ-বিশেষ (Rauwolfia serpentina)। প্রতি গাঁইঠে তিন চারিটা পাতা বলয়াকারে থাকে, অ-রোম। ফুল শাদা, ভিতরে আনীলরক্ত; বহিরাবরণ লাল; ফল কৃষ্ণবর্ণ, জোড়া জোড়া। শিকড় ঔষধে লাগে।

চপ্‌-চপ, চব্‌-চব ··ব্য. (সং চর্ব্ব ধাতু চর্বণে)। চর্বণ শব্দে, প্রঃ—চপ চপ চিবায়ে চলিল হাতী ঘোড়া (মাঃ), কেহ কেহ খাবার সময় চব্‌-চব করে।

চপট ··ষ্য. (সং চপেট হইতে)। আঘাত, অধিক ভ্রমণ-হেতু ক্লেশ।

চব্‌-চব ··ব্য. (সং চ্যু ধাতু পতনে, ক্ষরণে, চ্যু ধাতু হইতে চ্যবতে পদ)। ক্ষরণে, স্রাবে, প্রঃ—গায় তেল চব্‌-চব করা—এত তেল যে গড়াইয়া পড়ে। চব্‌-চবা॥ চুব-চুব··· ব্য. ক্ষুদ্র দেহে ক্ষরণে। চুব্‌চুবা॥

চবাং ··ব্য. (সং স্থপ ধাতু গতি হইতে। তুং সপাং। সপাং, চবাং, এক বোধ হয়)। জলে হঠাৎ পতন শব্দে, প্রঃ—চবাং চবাং করিয়া জলে চলা,—জলের উপরে পা তোলা এবং জলে ফেলা ; লম্বা বাঁশ জলে চবাং করিয়া পড়ে।

চবুতরা ··ষ্য. (হিং চবূতরা। সং চত্বর)। চত্বর (চৈঃ চঃ)। (অপ্রচলঃ)

চব্ব ··ষ্য. (সং শব্দ)। ঘোষণা, রটনা, প্রঃ—দেশে চব্ব পড়িয়াছে—শব্দ হইয়াছে।

চব্বিশ···ণ. (সং চতুর্বিংশতি)। বিশের উপর চারি সঙ্খ্যা,-সঙ্খ্যক ; ২৪। চব্বিশ পহর ·· ষ্য. ২৪ প্রহর অর্থাৎ তিন-অহোরাত্র-ব্যাপী হরিনাম কীর্তন। চব্বিশা, চব্বিশিয়া, চব্বিশে···ণ. (সং চতুর্বিংশতিক)। চব্বিশ সঙ্খ্যার পূরক,-পূরক দিবস।

চম···ব্য. (সং চম ধাতু ভক্ষণে)। ত্রাসে, প্রঃ—গা চম করিয়া উঠিল—আতঙ্ক যেন খাইতে আসিল। (ছম্‌-ছম দেখ)

চমক···ষ্য. (সং চমৎকার)। আশ্চর্য, প্রঃ—ছিঃয়ে চমক লাগে (কবিকঃ)। চমক ভাঙ্গা—বিস্ময়াকুল চিত্তের সমতা প্রাপ্তি। চমক পড়া—বিস্ময় ঘটা, সহসা আপৎ ঘটা প্রঃ—চমক পড়িয়া গেল (মাঃ)। ··ধাতু. চমকি—দীপ্তি পাই, প্রঃ—মণিময় আভরণ চমকে ঝলকে (ভাঃ)। চমকা॥ চমকা ···ধাতু. চমকাই—ভয়ে আশ্চর্যে সহসা আক্রমণে কম্পিত হই। চমকানা, চমকানি॥ চমকিত ··ণ. বিস্ময়াবিষ্ট, চমৎকৃত, প্রঃ—ব্যাখ্যা শুনি সব লোকের চমকিত মন (চৈঃ চঃ)।

চমৎকিত (গ্রাং) ··ণ. (সং চমৎকৃত)। চমৎকৃত (কৃত্তিঃ অরণ্যে)।

চমরী ··ষ্য. (সং চমর, স্ত্রীং চমরী)। হিমালয় ও তিব্বতের গো-বিশেষ (yak. Bos grunnicus)। আরণ্য চমর প্রায় কৃষ্ণবর্ণ, মাথা মুখ ধূসর। তিব্বতীরা চমরী পোষে। চমর চমরীর পুচ্ছলোমে চামর হয়।

চম্পক ··চাঁপা দেখ।

চম্পট ··ষ্য. (সং চম্প ধাতু গতি, +অট ধাতু গতি ?)। পলায়ন (চম্পট দেওয়া, করা)।

চম্পা ··ষ্য. (সং চম্পক।) চাঁপা ফুল। সাত-ভাই-চম্পা ··সপ্ত-তারা-সম্বলিত কৃত্তিকা-নক্ষত্র (Pleiades)।

চয়েন ··ণ. (সং চৈতন্য হইতে ? হিং চৈন বিশ্রাম)। শিক্ষিত, শিষ্টাচারী (প্রায়ই শ্লেষে)।

চর ··ধাতু. (সং চর ধাতু গতি, ভ্রমণ, ভক্ষণ)। চরি—ভ্রমণ করি, ব্যাপি, প্রঃ—শরীরে বিষ চরিয়াছে ; ভক্ষণ করি, প্রঃ—গোরু চরিতেছে—ঘাস খাইতেছে ; রাজহংস চরি বোলে (কৃত্তিঃ)—বোলে—বুলে—বেড়ায়। চরা॥ চরা···ধাতু. (চর ধাতু অন্তে)।

চরানা ॥ চরানি···ষ্য. ভোজন। চরাই···ষ্য. (চরা+ই)। গবাদিচরণ।

চর···ষ্য. (সং)। গুপ্তদূত। নদীর চড়া।

চরকা···ষ্য. (সং চক্র। হিং চরখা, রহটা; মং চরকী; ওং অরট, তেলুগু রট্টু। এই শব্দে ওড়িয়া বাঙ্গালা পৃথক হইয়াছে। অরট, রহটা, রট—সং অর-ঘট্ট—কূপ হইতে জল তুলিবার মাল্যাকার ঘটী-যন্ত্র। কিন্তু, চরকার সহিত অরঘট্টের সাদৃশ্য অল্প)। সূতাকাটা চক্রযন্ত্র। চরকার পাখী—পক্ষ—চক্রের অরা; মাল-সূতা—যে মাল্য-সরূপ সূতা চরকার চক্র ও টেকোকে বেষ্টন করিয়া টেকোকে ঘুরায়। টেকো—টাকুয়া—সং তর্কু (তাকুড় দেখ)। অতএব প্রথমে তর্কু—তাকুড় দিয়া সূতা কাটা হইত, পরে চরকা। ঢাকার সূক্ষ্ম সূত্র তাকুড় দিয়া কাটা হয়। ব্রাহ্মণের পইতার সূতাও তাকুড়ে কাটিবার রীতি ছিল।

চরকী···ষ্য. (চরকা+ঈ—হ্রস্বার্থে)। ছোট হালকা চরকা; মাথায় সূতা-বাঁধা বাঁশের ছয়টা পাখী (শলা)-যুক্ত আধার বা নাটাই বিশেষ; সূতার ফেটী (দেখ) চরকীতে পরাইয়া সূতা খোলা হয়। (২) অগ্নি-ক্রীড়া বিশেষ (ওং চক্রবাণ); নানারঙ্গের আলোকচক্র। চরকীর মতন ঘোরা—সূতার চরকীর মতন বেগে।

চরঙ্গী···ষ্য. (হিং ভরঙ্গী, অন্য নাম তিথাই)। হিমালয়ের তিক্ত ক্ষুপবিশেষ (Picrasma quassiodes)। কাঠ ঔষধে লাগে।

চর্-চর···ব্য. (সং চর ধাতু গতি)। লেখনশব্দে, প্রঃ—চর্-চর করিয়া লেখা।

চরণ···ষ্য. (সং)। পা; শ্লোক ও গীতের পদ। চরণামৃত (গ্রাং চরণামৃত)·ষ্য. (সং)। ব্রাহ্মণের পদ-ধৌত জল। চরণ-কমলেষু···ষ্য. (সং অধিকরণ কারকে)। কমল-সদৃশ চরণে। চরণ-সেবা···(সং)। পদসেবা, পা টেপা।

চরস·ষ্য· (সং চার-রস?)। সিদ্ধিগাছের মঞ্জুরীর মাদক রস। প্রায়ই তামুকের সঙ্গে মিশাইয়া প্রস্তুত হয়। চরসী···ণ. (চরস+ঈ)। চরস পানে আসক্ত।

চরা···চর ধাতু দেখ। চড়া দেখ। চরা গাঙ্গ···যে নদীতে চর বা চড়া আছে।

চরিত···ষ্য. (সং)। চরিত্র। চরিতার্থ··ণ. (সং)। প্রাপ্ত-অর্থ, পরিতুষ্ট।

চর্চ···ধাতু. (সং চর্চ ধাতু কথন, অনুশীলন)। চর্চি—অনুশীলন করি, প্রঃ—বিদ্যা চর্চিয়া বিদ্বান; অনুসন্ধান ও বিচার করি, প্রঃ—বাজার চর্চিয়া দর জানা। চর্চা ॥ চর্চা···ধাতু. (চর্চ ধাতু আস্তে)। চর্চানা ॥

চর্চা···ষ্য. (সং)। ছিটা, লেপন, প্রঃ—চন্দন-চর্চা। চর্চিত···ণ. (সং)। লেপিত, সুগন্ধীকৃত, প্রঃ—চন্দন-চর্চিত কলেবর।

চর্বি···ষ্য. (ফাং চর্বী)। বসা, প্রঃ—চর্বির বাতি; মেদ, প্রঃ—গায়ে চর্বি হয়।

চর্বিত···ণ. (সং)। যাহা চিবানা হইয়াছে। চর্বিত-চর্বণ···ষ্য. (সং)। চিবাইয়া যাহার রস পান করা হইয়াছে, তাহা পুনর্বার চর্বণ; বাক্যের পুনঃ কথন।

চর্ম···ষ্য. (সং চর্মন্)। দেহের ত্বক, চামড়া; ঢাল। চর্মকার···ষ্য. (সং)। যে কাঁচা চামড়া কষায়।

চর্যা···ষ্য.(সং)। আচরণ, অনুষ্ঠান, প্রঃ—দেহের চর্যা করা। (অনেকে ভুল করিয়া বলে চর্চা)

চল ··ধাতু. (সং চল ধাতু গতি)। চলি—গমন করি, পায়ে হাঁটি। মূলার্থ গতি হইতে অনেক অর্থ আসিয়াছে। চলি চলি পা পা ···শিশুকে পায়ে চলিতে শিখাইবার কথা। (২) নির্বাহ, প্রঃ—ঘর সংসার চলে, ব্যবসা চলে; (৩) আচরণ, প্রঃ—ভদ্রঘরে অনাচার চলে না, জল চলে না; (৪) প্রবেশ, প্রঃ—সূতা চলে না বাটিয়া (বেট্যে দোড়ী) চলিবে ?; (৫) সহন, প্রঃ—দেহে ঝাল চলে না—সহ্য হয় না; (৬) ইহলোক হইতে প্রস্থান, প্রঃ—সকলকেই চলিতে হবে, আগে বা পরে। চলিয়া যাও ··তিরস্কারে যাইতে বলা। চলা, চলন, চলনি ॥ চলন্ত ···ণ. (সং চলৎ; বাং চল+অন্ত)। যাহা চলিতেছে, গতিশীল। চলা-ফেরা ··ষ্য. আনা-গনা। চলা-বোলা, চলা-বুলা···ষ্য. (সহচর শব্দ)। চলন ও ভ্রমণ। চল-বুলিয়া ···ণ. (চল ও বুল ধাতু)। যে চলা-বোলায় দক্ষ। চলতি···ষ্য. ণ. (সং চলিত, চলৎ)। প্রচলিত, প্রঃ—চলতি কথা; যাহা উত্তম চলিতেছে, প্রঃ—চলতি কারবার। চল্‌তি-বল্‌তি ··ষ্য. (সং বল ধাতু প্রাণনে; সহচর শব্দ)। নির্বাহ, বৃদ্ধি। চল ··ষ্য. (বাং চলি হইতে)। চলন, প্রঃ—তাহাদের সঙ্গে আমাদের চল নাই। বে-চল···ণ. (ফাং বে, সং বি)। চলনের অযোগ্য। চলাচল ··ষ্য. (সং)। গমনাগমন, প্রঃ—রাত্রে লোক চলাচল থাকে না; ব্যবহার। চল-বিচল ··ণ. চলন-অচলন, প্রঃ—সংসারে অনেক কাজ চল বিচল করিয়া লইতে হয়—বিচল বা অচলকে চালাইয়া লইতে হয়। চলৎশক্তি···ষ্য. (সং)। চলিবার সামর্থ্য।

চলা···ধাতু. (চল ধাতু আস্তে)। চলাই—গমন করাই, পায়ে হাঁটাই। চলানা ॥ (চলা ধাতু অন্য অর্থে প্রায়ই চালা ধাতু)। চলন-সই···ণ. (সই দেখ)। চলনযোগ্য, সাধারণ।

চলকা···ধাতু. (বাং চলকা, ওং চহলিবা, হিং ছলকানা, মং চলণেঁ। অতএব মূলে চল ধাতু। চলীকৃত হইতে ?)। চলকাই—বিচলিত, উচ্ছলিত হই, প্রঃ—তাড়াতাড়ি আনিলে বাটীর দুধ চলকাইয়া—চলক্যে—পড়ে। চলকানা ॥

চল্লিশ, চালিশ···ষ্য. (সং চত্বারিংশৎ)। চারি-গুণ দশ সঙ্খ্যা,-সঙ্খ্যক; ৪০।

চশম-খোর ··ষ্য. (ফাং চশম। সং চক্ষুঃ। ফাং খোর)। চোখ-খেগো, নির্লজ্জ, কৃপণ।

চশমা···ষ্য. (ফাং)। প্রতিচক্ষু। চশমা নেওয়া (বা লওয়া) ··চোখে চশমা আবশ্যক হওয়া। চশমা পরা ··স্বেচ্ছায় চোখে চশমা পরা। চশমার খোল···যে কোষে চশমা রক্ষিত হয়।

চষ···ধাতু. (সং চষ ধাতু বধে)। চষি—ভূমি কর্ষণ করি, হলকর্ষণ করি। চষা ॥ চষা···ধাতু. (চষ ধাতু আস্তে)। চষানা ॥ চষত ··ণ. (চষিত হইতে)। যাহার কৃষি হয়, প্রঃ—চষত জমি। চষি-পোকা···ষ্য. (চষ ধাতু কর্তৃবাচ্যে ই)। খসের অতিশয় ক্ষুদ্র অষ্টপদী কীট যাহা চষিয়া—নালী করিয়া চর্মে বাস করে।

চহল, চহলা ··ণ. (সং চিকিল—পঙ্ক—শব্দ-কল্পে। হিং চহল—কাদা, মং চিখল—পিছল)। কর্দমময়, প্রং—পথ চহল হওয়া, চহলা রাস্তা।

চা; চাহ ··ধাতু. (সং চায় ধাতু পূজা, অর্চনা,

চাক্ষুষ জ্ঞান। হিং মং তে চাহ ধাতু ইচ্ছা, প্রেম করা। সং স্নিহ ধাতু মিশিয়া থাকিবে)। চাই, চাহি—দেখি, প্রঃ—একবার আমার দিকে চায় না, চোখ চেয়ে (চাইয়া) দেখ না। চাওয়া, চাহা (পদ্যে), চাঅনি, চাওনি॥ চাওয়া ··ধাতু. (চা ধাতু আস্তে)। চাওয়ানা॥ চোখ চাওয়ানা—চোখে দেখা করানা।

চা, চাহ···ধাতু. (সং চত ধাতু যাচনে)। চাই, চাহি—যাচনা, আকাঙ্ক্ষা করি, প্রঃ—শেষে না কুলায় কড়ী আনিলাম চেয়ে (ভাঃ); না চাহি সুন্দর কায় অর্থে মন নাহি ধায়। চাওয়া॥ চাই · ণ. (আমি চাই হইতে। হিং চাহিয়ে—আবশ্যক)। আবশ্যক, প্রয়োজনীয়, প্রঃ—সংসারে থাকিতে হইলে অর্থ চাই। চাই কি···ব্য. অথবা, বরং, প্রঃ—চাই কি ঘুমাইতেও পার। চাওয়া ·· ধাতু. (চা ধাতু আস্তে)। চাওয়ানা॥

চা···ষ্য. (চীনা চা হইতে। ফাং চায়)। চীন ও আসামের ক্ষুপ-বিশেষ (Camelia thea)। ইহার পাতা ভাপাইয়া চায়ের নানা ভেদ প্রস্তুত করা হয়। আসামে বন্য চা গাছ আবিষ্কারের পর চায়ের চাষ প্রচুর পরিমাণে হইতেছে, এবং এদেশের লোক চা-পান করিতে শিখিতেছে। চা-কর···ষ্য. চায়ের ক্ষেত্র-স্বামী কিংবা চায়ের কৃষক। চা-দান, চা-দানী···ষ্য. (ফাং দান, দানী)। চা-পান-পাত্র। চা-বাগান···ষ্য. চা গাছের ক্ষেত।

চাঁই···ষ্য. (সং স্বামী। তুং ওং সাঁই)। দক্ষ কর্তা বা নায়ক, বুদ্ধিমান্ ব্যক্তি। (তুং বিদ্যার মা-গোসাঁই।)

চাঁই ··ষ্য. (সং চক্র হইতে চাকা—চাঁই। তুং ওং চেকা)। বড় চাপ বা খণ্ড, চাঙ্গড়। চাইট, চাট ··চাটি দেখ।

চাউল, চাল···ষ্য. (সং তণ্ডুল, তন্দুল। শূং-পুরাণে তাঁড়ুল তাঁউল। মং তান্দুল। চৈঃ অমৃতে, কবিকঙ্কণে, চালু। এমন কি, মাণিকে ও ভারতচন্দ্রেও চালু। গত দেড়শত বৎসরের মধ্যে চালু—চাউল—চাল হইয়াছে। ওং চাউল্, হিং চাবল। আশ্চর্য, তন্দুল শব্দের অনুনাসিক বর্ণ তিনটি ভাষায় ত্যক্ত হইয়াছে। তন্দুল—তাঁউল—চাউল। হিংতে চাঁবলও আছে। ত স্থানে চ হয়, তুং সং বাং চাষ=ওং তাস। সং শালি হইতে চালু চাউল হইত না, হইত চালি চাইল)। তুষ-নির্মুক্ত ধান্য। আতপ চাল···আতপ-পক্ক ধান্যের চাল। আলো চাল···আলোক বা আতপ পক্ক ধান্যের চাল। সিদ্ধ চাল ·· জলে সিদ্ধ ধান্যের চাল। বগড়া চাল··· (বগড়া দেখ। হিং মং বগড়)। মোটা ও কর্কশ চাল। মিহি চাল···(মিহি দেখ)। সরু চাল। চাল-ভাজা···ষ্য. ভৃষ্টতন্দুল। চাল-চোঁয়ানি ···ষ্য. চোঁয়া চাল-ধোয়া পানি বা জল। চাল-পড়া···ষ্য. যে তণ্ডুলে তন্ত্র-মন্ত্র পাঠ করা হইয়াছে। চোর ধরিতে চাল-পড়ার প্রয়োজন। চাল-পড়া খাইলে চোরের মুখ দিয়া রক্ত উঠে। চাল বাড়ন্ত···চাউল বাড়িতেছে, এখন নাই। ঘরে চাল না থাকিলে 'চাল নাই' বলিতে নাই। কারণ চাল লক্ষ্মী; লক্ষ্মী নাই বলিলে লক্ষ্মী-ছাড়া হইতে হয়। এই হেতু চাল বাড়ন্ত (ওংতে চাউল্ বঢ়িছি) বলা রীতি। গুড়-চাউলী ···ষ্য. চালের গুঁড়ি ও গুড় যোগে কঠিন

লাড়ু বিশেষে। (বিবাহের পর বরকে গুড়-চাউলী মারা প্রথা আছে। কিন্তু উৎপত্তি কি? কন্যাহারী বরকে মিষ্টক দ্বারা প্রহার?)

চাল-মুগরা…ষ্য. (বীজ চাউলের মতন বলিয়া? কিন্তু মুগরা কি শব্দ?)। শ্রীহট্ট চট্টগ্রাম ও ব্রহ্মদেশের আরণ্য উচ্চতরু বিশেষ (Taraktogenos kurzii)। পাতা বড় মসৃণ, ফল বড় গোল। ইহার বীজ হইতে চর্ম্মরোগের তৈল প্রস্তুত হয়। পূর্ব্বে আর এক গাছকে (Gynocardia odorata) এই ঔষধ-তৈলের আকর বলিয়া ভুল হইত। এই গাছেরও দেশী নাম চাল-মুগরা। প্রকৃত চালমুগরা গাছের ফুল ছোট ছোট, বীজ দীর্ঘ, বীজের খোষা মসৃণ, শাঁস কাল। অন্য গাছের বীজ ছোট (প্রায় ১ ইঞ্চি) খোষা পুরু, খোষার এক পাশে রেখা আছে, এবং শাঁস আপাণ্ডুর।

চাক…ষ্য. (সং চক্র)। কুমারের হাঁড়ী-গড়া চক্র। চাকের—অরা—পাখী, নাভী—নাই। (২) কুআর নাঁদ। (৩) মধুচক্র—মউমাছির মধু-সঞ্চয় গৃহ। চাক-ভাঙ্গা মধু…টাটকা মধু।

চাক…ষ্য. (ফা°)। ফাট। প্রঃ—ফাটিয়া চৌ-চাক—ফাটিয়া চারি খণ্ড।

চাকচিক্য…ষ্য. (সং চাকচক্য)। উজ্জ্বলতা প্রঃ—প্রবোধচন্দ্রিকাঃ।

চাকণ-চিকণ…ষ্য. ণ. (সং চিক্কণ)। চিক্কণ, প্রঃ—উপরেতে চাকণ-চিকণ ভিতরে খড়ের বোঝা (প্রতিমার)।

চাকতি…ষ্য. (সং চক্র-পত্র। হ্রস্বার্থে ঈ হইত)। পত্রাকার চক্র।

চাকন্দা…ষ্য. (সং চক্রমদ)। কাঞ্চনাদি বর্গের ছোট বন্য ক্ষুপ বিশেষ (Cassia tora)। কাশন্দার মতন গাছ, কিন্তু দুর্গন্ধ। ইহার এক নাম দদ্রুঘ্ন; চক্রাকার দদ্রু মর্দন করে বলিয়া সং নাম চক্রমর্দ। (দাদমারি দেখ)।

চা-কর…চা দেখ।

চাকর…ষ্য. (ফা°)। ভৃত্য। চাকর-বাকর…ষ্য. (বাকর—ভিখার? বেগার?)। ভৃত্যাদি। চাকরি…ষ্য. (চাকর+ই)। ভৃত্যের কর্ম্ম। চাকরিয়া, চাকর্যে…ণ. (চাকর+ইয়া)। চাকরি-ভোগী, প্রঃ—চাকর্যে পুরুষ। চাকরান…ষ. (ফা°)। চাকরের বেতন-সরূপ ভূমি। প্রবাদে, চাকরি নয় কুকুরি—কুকুর অন্ন-লোভে যেমন পদানত থাকে, চাকরও তেমন থাকে; তু° সং শ্ববৃত্তি। চাকরানী…ষ্য. (চাকর+আনী)। দাসী বা ঝী। চাকর-চাকরানী…দাস ও দাসী। (ক্রীত না হইলে দাস বা দাসী বলা যায় না।)

চাকলা…স্ত্রী. (সং চক্র। চক্রঃ রাষ্ট্রে—মেঃ)। প্রদেশ, কয়েকটি পরগণা লইয়া জমিদারির বিভাগ। প্রঃ—চাকলা সব নাশে (চৈঃ চঃ)। চাকলা-দার…চাকলার স্বামী।

চাকা…ষ্য. (সং চক্র)। গাড়ীর চাকা। (চাকার অরা, নেমি, নাই দেখ)। (২) চক্রাকারে কর্ত্তিত খণ্ড, প্রঃ—মাছের চাকা। চাকা-কার…ষ্য. (সং চক্রকর, চাক্রিক)। গাড়ীর চাকা-কারী; চাকা-কারী জাতিবিশেষ।

চাকী…ষ্য. (সং চক্র)। ছোট চাকা; রুটি লুচি বেলিবার চক্রাকার পট্ট; চক্রাকার দ্রব্য, যেমন, টাকা (অশিষ্ট); জাঁতা (হিং)।

চাকু ··ষ্য. (ফা॰। পঞ্জাবীতে কাচু, তু॰ স॰ কর্তরী)। ছুরী, কলম-কাটা ছুরী। প্রঃ—চাকুতে কাটিয়া চাক যে করিয়া, তাহাতে বসাইল হেন (চণ্ডীঃ)। (চণ্ডীদাসের সময়ে চাকু শব্দ প্রচলিত হইয়াছিল?) চাকু-ছুরী···ষ্য. (সহচর শব্দ)। কলম-কাটা ছুরী।

চাকুন্দা···(স॰ চক্রমর্দ। হি॰ ও॰ চাকুন্দা)। চাকন্দা দেখ।

চাকুল্যা···ষ্য. (স॰ চক্রকুল্যা—শব্দকল্পে, বৈদ্যকে)। শিম্বাদিবর্গের বন্য হ্রস্বাকার লতানিয়া ক্ষুপ বিশেষ (Uraria lagopoides)। পাতায় এক কিংবা তিন পর্ণ, পর্ণ প্রায় গোল (এই হেতু এক নাম চক্র পর্ণী), লোমশ। ফুল অনেক, আরক্ত। শুঁটীতে প্রায়ই দুইটা গাঁইঠ, মাঝে ভাঁজ হইয়া দুইটা গাঁইঠ গায়ে গায়ে লাগিয়া থাকে। লতাইয়া যাইবার সময় গাঁইঠে গাঁইঠে শিকড় হয়, এই হেতু এক স॰ নাম অংঘ্রি-বল্লিকা; তিনটা পর্ণ পৃথক বলিয়া নাম পৃথক-পর্ণী, এবং জলের টোকা পানার (পৃশ্নি) মতন পর্ণ বলিয়া নাম পৃশ্নিপর্ণী। (এই নামের অপভ্রংশে হি॰ পেটবান)।

চাক্ষুষ (গ্রা॰ চাক্ষষ)··ণ. (স॰)। চক্ষু সাহায্যে প্রাপ্ত, দৃষ্ট; প্রঃ—চাক্ষুষ জ্ঞান, চাক্ষুষ আলাপ।

চাখ, চাক ··ধাতু. (স॰ চক্ষ ধাতু দর্শনে। স॰ চক ধাতু (তৃপ্তি) হইলে বা॰তেও চক ধাতু হইত। তু॰ স॰ চক্ষণ বা॰ চাটনি। ও॰ হি॰ ম॰-তে-ও চাখ ধাতু)। চাখি, চাকি—স্বাদ লই, প্রঃ—চাকিতে চাকিতে লাগিল জিহ্বাতে পহিলে লাগিল মীঠ (চণ্ডীঃ); চাকি এক কণ (চৈঃ চঃ)। চাখা, চাখন॥ চাখন-দার ··ষ্য. (ফা॰ দার) রন্ধনের পর ব্যঞ্জনাদি চাখিয়া দেখিবার লোক। চাখন-বিবী ··ষ্য. (ফা॰ বিবী)। যে পরিচারিকা পক্ব ব্যঞ্জনাদি চাখিয়া দেখে। চাখা·· ধাতু. (চাখ ধাতু আস্তে)। চাখানা॥

চা-খড়ি···ষ্য. (ই॰ chalk+বা॰ খড়ি)। চুনিয়া খড়ি বিশেষ, ফুল খড়ি (খড়ি দেখ)।

চাগ·· ধাতু. (জাগ হইতে?)। চাগি—উত্তেজিত হই, জাগি, প্রঃ—সে কিছুতে চাগে না। চাগা॥ চাগা ··ধাতু. (চাগ ধাতু আস্তে)। চাগাই—উত্তেজিত করি, উত্তোলিত করি, প্রঃ—লোহার সিন্দুক একজনে চাগাইতে পারে না। চাগানা॥ চাগাড় ·· ষ্য. (চাগা+ড়)। উত্তেজনা, উৎসাহ।

চাঙ্গ, চাং, চেং···ষ্য. (স॰ চলদঙ্গ—বৈদ্যকঃ। ও: চেঙ্গ)। সশল্ক কর্দমচর মৎস্য-বিশেষ (Ophiocephalus gachu)। লাঠা মাছের মতন আকার। পাখনার-ধার নারঙ্গ বর্ণ (লাঠা দেখ)। লাফাইয়া লাফাইয়া যাইতে পারে বলিয়া নাম চলদঙ্গ।

চাঙ্গট ··ষ্য. (স॰ চতুরঙ্গুলী)। চারি আঁগুল পরিমাণ, পদের উচ্চতা, প্রঃ—নদীতে এক চাঙ্গট মাত্র জল আছে—অর্থাৎ পায়ের উপর পর্যন্ত ডুবে।

চাঙ্গাড়, চাঙ্গাড়া···ষ্য. (স॰ চতুরঙ্গুলী হইতে। চাঙ্গাট দেখ)। ছোট চাপ, চাপড়া, প্রঃ—সোনার চাঙ্গাড়া (কবিকঃ)।

চাঙ্গাড়া (গ্রা॰ চেঙ্গাড়া) ··ণ. (স॰ চঙ্গ—দক্ষ

হইতে; উপহাসে অর্থান্তর)। অদক্ষ, অপ্রবীণ। (তুং চেনকা)। (২) চাঙ্গারী (দেখ)।

চাঙ্গা-দোলা, চাং-দোলা (গ্রাং চেং-দোলা) ···ষ্য. (চাং—চাঙ্গা—শাঙ্গা দেখ। আসাং চাং—বাং মাঁচা)। শাঙ্গায় ভার যেমন ঝুলাইয়া লওয়া হয়, তেমন হাত-পা ধরিয়া (মানুষকে) শূন্যে উত্তোলন। চাঙ্গা-দোলা করা—শাঙ্গাকে দোলা করিয়া বহন।

চাঙ্গা ··ণ. (সং চঙ্গ; চঙ্গাস্তু শোভনে দক্ষে—মেঃ। হিং চাঙ্গলা)। সুখ, শোভন, প্রঃ—জ্বরের পর চাঙ্গা হওয়া। দৃষ্টান্তে, যার মন চাঙ্গা তার কেঠোয় গঙ্গা—এক পথিক গঙ্গাস্নানে যাইতে যাইতে পথে এক মুচীকে এক-মনে জুতা সেলাই করিতে দেখে। সে গঙ্গাস্নান করে না শুনিয়া পথিক আশ্চর্য হইল; তখন মুচী উত্তর করিল, মন চাঙ্গা—সাধু হইলে কাঠের যে বাটীতে জল রাখিয়া সে জুতা সেলাই করে, তাহাতেই গঙ্গাদর্শন হইতে পারে।

চাঙ্গারী (গ্রাং চেঙ্গারী)·· ষ্য. (সং চাঙ্গালিকা। ওং চাঙ্গড়ি, হিং চঙ্গোরা, চঙ্গোরী)। বাঁশের বেতীর বিস্তৃত-মুখ পাত্র। প্রঃ—শুনিয়া পসারী সব চাঙ্গড়া উঠাইয়া (চৈঃ চঃ)—অধুনা চাঙ্গারী।

চাঁচ···ষ্য. (সং চঞ্চা। ওং চাঁচ)। বাঁশের পাতলা বেতীর নির্মিত আবরণ; টাটি।

চাঁচ ··ধাতু. (সং শদ ধাতু শাতন, ছেদন। সং সদ ধাতু ভেদে। ওং তাঞ্ছ ধাতু)। চাঁচি—শাতন, উল্লেখন করি, প্রঃ—কাঠ চাঁচিয়া সরু করা, কড়াইর ক্ষীর চাঁচিয়া লওয়া। চাঁচা॥ চাঁচা-পোঁছা···(পুঁছ ধাতু দেখ। সহচর শব্দ)। চাঁচা ও পোঁছা। চাঁচা-ছোলা···চাঁচা ও ছোলা (সহচর শব্দ)। চাঁচি ··ষ্য. দুধ জ্বাল দিয়া কড়াই হইতে যাহা চাঁচিয়া পাওয়া যায়। চাঁচনি ··ষ্য. (চাঁচ ধাতু অনি)। সোনা-রুপার নিদর্শন-স্বরূপ টুকরা; যাহা চাঁচিয়া লইতে পারা যায়। চাঁচনী···ষ্য. (চাঁচন+ঈ)। যে বাটালী দিয়া কাঠ চাঁচা যায়। চাঁচা··· ধাতু. (চাঁচ ধাতু আন্তে)। চাঁচানা॥

চাঁচর ··ষ্য. (সং চঞ্চল)। অতি চঞ্চল, বক্রগামী, প্রঃ—চাঁচর কেশ; করিল চাঁচর কেশে কবরী সুঠাম (মাঃ)।

চাঁচর ··ষ্য. (সং চর্চরী)। দোল-পর্বে অগ্নি-উৎসবাদি হর্ষ-ক্রীড়া।

চাঁচর ··ষ্য. (বাং চাঁচ+র)। যে বাঁশের ত্বক্ দ্বারা কুম্ভকার চাকে গড়া বাসন কাটিয়া পৃথক্ করে (চেরাটি দেখ)।

চাচা ··ষ্য. (উর্দু। সং তাত হইতে। ত স্থানে চ হয়। চ স্থানে ক হইয়া কাকা)। কাকা (মুসলমানী ভাষায়)। স্ত্রীং চাচী। প্রঃ—গ্রাম সম্বন্ধে চক্রবর্ত্তী হয় আমার চাচা (চৈঃ চঃ)। উপদেশে, চাচা আপন বাঁচা—নিজের মঙ্গল দেখ।

চাঁচাড়ি ··ষ্য. (চাঁচ ধাতু হইতে চাঁচা+ড়ি)। বাখারি চাঁচিলে যে অকর্মণ্য অংশ বাহির হয়।

চাট ··ধাতু. (বাং চাটা, ওং চাটিবা, হিং চাটনা, মং চাটণে—চারি-ভাষাতেই চাট ধাতু। সং চট ধাতু ভেদনে বধে হইতে চাটয়তি)। চাটি—লেহন করি; প্রঃ—

চৈঃ চঃ। চাটা॥ চাটনি···ষ্য. ভোজনান্তে যাহা চাটিয়া খাওয়া যায়। চাট, চাঁট, চাইট, চাটি ··ষ্য. মদ্য পানের পর স্বাদ-পরিবর্তন নিমিত্ত যে দ্রব্য চাটা হয়। চাটা-পোছা ·· (পুছ ধাতু দেখ। সহচর শব্দ)। চাটা ও পোছা। পাতা-চাটা ··ণ. যে কাঙ্গাল উচ্ছিষ্ট পত্র চাটিয়া জীবন ধারণ করে; অন্যের আশ্রয়ভাগী। চাটা···ধাতু. (চাট ধাতু আস্তে)। চাটানা॥

চাটনী···জাল দেখ।

চাটনী ··ষ্য. (হিং। সং চক্ষণী। চাট ধাতু দেখ)। স্বাদ-পরিবর্তক অম্লরস-যুক্ত লেহ্য।

চাটা, চাটাই, (গ্রাং চেটা, চেটাই)···ষ্য. (ওং চটেই, হিং চটাই, মং চটাই। সং চটু ব্রতীর আসন—মেঃ। তুং সং কট—তৃণাসন)। তাল কিম্বা খেজুর পাতার বোনা আসন। (চাটা—রাঢ়ে প্রায়ই চেটা, হ্রস্বে চেটী। বোধ হয় চাটা হইতে হ্রস্বে চাটী—শুদ্ধ)। চাটা বড়, চাটাই ছোট।

চাটাল···ণ. (চাটা+আল)। চাটার তুল্য বিস্তৃত, বিস্তৃত। (চটাল দেখ)।

চাটি···ষ্য. (চাট ধাতু দেখ)। পশুর পদাঘাত। (মানুষের লাথি)। (২) করতলের আঘাত, প্রঃ—তবলায় চাটি মারা (চাটুয়া হইতে চাটি ?)।

চাটি···ষ্য. (সং চটু; পালি চাটি—পাত্রাদি)। দীপ (চাটিগাঁয়ের ভাষা)। চাটি-গাঁ ··দীপের গ্রাম। লোকে বলে এখানে এক ফকির দীপ জালিয়া বাস করিতেন। চাটিগ্রাম নাম সংস্কৃত আকারে চট্টল।

চাটী···ষ্য. (চাটা দেখ)। ছোট চাঁটা। চাটী-বাটী তোলা—আসন ও বাসস্থান তোলা; অন্যত্র বাস করা।

চাটু···ষ্য. (চটু—বৈদ্যকঃ। তুং সং তর্দু। ওং চটু। তুং বাং কর-চালু)। লোহা বা পিতলের দর্ভ। চাটুইয়া, চাটুয়ে···ষ্য. চাটুতে পক্ক ব্যঞ্জন; প্রঃ—মাছ চাটুয়ে। চাটুয়া, চেটো ··ষাং. (চাটু+উয়া—সাদৃশ্যে; হিং চুল্লু—সং চুলুক)। কর-তল।

চাটুজ্যা···ষ্য. (চট্টজা শব্দ হইতে অপভ্রংশে চাটুজা; ইহার অপভ্রংশে চাটুজ্যা)। ব্রাহ্মণের উপাধিবিশেষ। (চট্টোপাধ্যায় দেখ)।

চাটুতি ··ষ্য. (চট্ট+পুত্র)। চট্টবংশপুত্র।

চাড়···চাড়ি দেখ।

চাড়া · ষ্য. (চড় ধাতু হইতে চড়া, অপভ্রংশে)। উর্ধ্বে আকর্ষণ, প্রঃ—শরাসনে দিয়া চড়া (কবিকঃ)—অধুনা প্রায়ই চাড়া; গোঁফের প্রান্ত উর্ধ্বে নয়ন, প্রঃ—গোঁফে চাড়া দেওয়া। (২) মাটির ঘরের চাল তুলিয়া রাখিবার তোড়া (তোলা)।

চাঁড়াল···ষ্য. (সং চণ্ডাল)। হিন্দুজাতি বিশেষ। স্ত্রীং চাঁড়ালনী। বন-চাঁড়াল··· ষ্য. (সং চণ্ডালিকা—বৈদ্যকঃ)। শিম্বাদি বর্গের বর্ষায়ুঃ বন্য শাক বা ছোট ক্ষুপ-বিশেষ (Telegraph plant. Desmodium gyrans)। গাছ দেড় হাত দুই হাত উচ্চ হয়। পাতা ত্রিপর্ণ। পাশের দুই পর্ণ গরমের সময় উঠে পড়ে।

চাড়ি, চাড়···ষ্য. (চল ধাতু হইতে চালি)। চালন, উৎসাহ, উত্তেজনা, প্রঃ—কাজে চাড় না থাকিলে কাজ ভাল হয় না; চাড় পড়িলেই ফিকির বেরয় (টেকচাঁদ)।

চাতক···ষ্য. (সং। হিং নাম পাপীহা)। কৃষ্ণবর্ণ সশিখ পক্ষী-বিশেষ (Pied-crested cuckoo. Coccyster)। স্ত্রী° চাতকী, পদ্যে চাতকিনী। চাতক কোকিলের মতন পরভৃত। গ্রীষ্মকালে মধ্যাহ্নে 'ফটিক জল' রবে ডাকে—যেন পিপাসায় কাতর হইয়া মেঘের নিকট জল যাচ্ঞা করে। (চোখ-গেল, পাপিয়া দেখ)।

চাতর···ষ্য. চাতুরী (ভাঃ)। (অপ্রচঃ)

চাতাল·ষ্য. (সং চত্বার, চত্বাল)। অঙ্গন, রকের নীচের উঠান। (কৃত্তিবাসে চৌতারা)।

চাতুরী···ষ্য. (সং)। চতুরতা; শঠতা।

চাঁদ···ষ্য. (সং চন্দ্র। সং-প্রাং চন্দ। ওং চান্দ, প্রাচীন বাং চান্দ, হিং চান্দ, মং চান্দ, তেলুগু চান্দা-মামা। শূং পুঃ—চান্দ, চান)। চন্দ্রগ্রহ। চাঁদ-মুখ··ষ্য. (সং চন্দ্রমুখ)। চন্দ্রতুল্য সুন্দর মুখ। চাঁদ মুখা···চন্দ্রতুল্য সুন্দর মুখবিশিষ্ট। স্ত্রী° চাঁদ-মুখী। চাঁদ-বদন···ষ্য. চাঁদ-মুখ। চাঁদ-বদনী··চন্দ্রমুখী। চাঁদের কণা···চন্দ্রের টুকরা (আদরে শিশুর প্রতি)। চাঁদের শোভা (গ্রাং শভা, ভুলে সভা)···(সং শৌভ, পুরাণে হরিশ্চন্দ্রের পুরীর নাম)। চন্দ্রের চারিদিকের বিচিত্র-বর্ণ-বলয় (Corona)। চাঁদ··ষ্য. চন্দ্রাকার চিহ্ন। চাঁদুয়া, চেঁদো···ণ. (চাঁদ+উয়া)। চন্দ্রাকার চিহ্নযুক্ত; মাথায় চন্দ্রাকার টাক যার। চাঁদ-মারি···ষ্য. যে চন্দ্রাকার চিহ্নে গুলী নিক্ষেপ অভ্যাস করা হয়। চাঁদ-মালা···ষ্য. যে মালায় চাঁদ-মূর্তি আছে। প্রায়ই শোলা ও রাঙ্গতার মালা। প্রঃ—গলায় চাঁদের মালা করে ঝলমল (মাঃ)—চাঁদের মালা—বহু চন্দ্র-বিশিষ্ট।

চাঁদকা···ষ্য. (সং চন্দ্রক)। অর্ধচন্দ্রাকার, অর্ধবৃত্তাকার খিলান। চাঁদনী···ণ. (সং চন্দ্রিনী। ওং চান্দনি, হিং চান্দনী, মং চান্দণী)। চন্দ্র-বিশিষ্ট, জ্যোৎস্নাময়, প্রঃ—উজর চাঁদনি রাতি মন্দিরে রতন বাতি (চণ্ডীঃ)।···ষ্যঃ. চন্দ্রাকারে নির্মিত দেবস্থান; চন্দ্রাকার চত্বর, প্রঃ—সমুখে দেখেন চক চান্দনী সুন্দর (ভাঃ)। (শূংপুঃ—চানক)। চাঁদ-গুড়া (গ্রাং চাঁদ-কুড়া)··ষ্য. (সং চন্দ্রক, চন্দ্রগোলিকা)। ক্ষুদ্র সশল্ক মৎস্য-বিশেষ (Ambassia ranga)। চেপটা, কিন্তু চন্দ্রের মতন সম্পূর্ণ গোল নহে। পিঠের পাখনায় কাঁটা আছে। ভারতে, "চিঙ্গড়ী টেঙ্গরা পুঁটি চান্দাগুঁড়া সোনা।" কোথাও কোথাও চাঁদা মাছ বলে। (সোনা—স্বর্ণবর্ণ?)।

চাঁদড় ষ্য. (চাঁদ+ড়?)। চন্দ্রা দেখ, প্রঃ—চাঁদড় ঈশার মূল (ভাঃ)।

চাঁদনী··চাঁদ দেখ।

চাঁদ-সাই·ষ্য. (চাঁদ-সদৃশ—চাঁদসা+ই)। বর্দ্ধমান নগরের প্রসিদ্ধ চন্দ্রাকার খাজা।

চাঁদা··ষ্য. (সং চন্দ্রক) চাঁদ-গুড়া দেখ। (২) ময়ূরপুচ্ছের চন্দ্রাকার চিহ্ন।

চাঁদা···ষ্য. (চাঁদ+আ)। চাঁদ; এক অঙ্ক, প্রঃ—খালি ছাগলা বৃষে চাঁদা (খনার বচনে)। চাঁদামামা··ষ্য. (সং চন্দ্রমাঃ—চাঁদমা, সং মস্—মাঃ—চন্দ্র। অতএব চাঁদামা-মা হইতে চাঁদামামা—বস্তুতঃ সহচর শব্দ। তুং তেলুগু চান্দামামা। লক্ষ্মী সকলের মা; পুরাণে, চাঁদ ও লক্ষ্মী উভয়ে সাগর হইতে জন্মিয়াছিলেন। এই হেতু চাঁদা মামা হইতে পারেন। অন্য কারণে সুজ্জি মামা?)। আকাশের চন্দ্র (আদরে)।

চাঁদা···ষ্য. (ফা° চন্দা। তু° ছাঁদা)। ব্যয়ে দেয় অংশ, দেয় টাকা। চাঁদা বসানা—প্রত্যেকের দেয় নিরূপণ। চাঁদা করা—ব্যয়ে অংশ গ্রহণ। চাঁদা তোলা—ব্যয়ের অংশ উদ্ধার।

চাঁদিনী···ণ. (চাঁদ দেখ। কিংবা সং চন্দ্রিকা —সং প্রা° চন্দিমা হইতে চাঁদিমা+ঈ— চাঁদিমী—চান্দনী) ' চন্দ্রিকাযুক্ত।

চাঁদিমা···ষ্য. (সং চন্দ্রিকা, সং প্রা° চন্দিমা)। জ্যোৎস্না।

চাঁদী···ষ্য. (সং চন্দ্র—রজত)। রুপা, শুদ্ধ রুপা।

চাঁদোয়া···ষ্য. (সং চন্দ্রা, চন্দ্রাতপ। চান্দা দেখ। হিং চন্দবা)। চন্দ্রাতপ, চাঁদ-আঁকা বস্ত্রাচ্ছাদন।

চান··ষ্য. (সং স্নান—সান—চান। শূন্য-পুরাণে চান, সিনান। কদাচিৎ স্তান। অন্য চলিত শব্দ নাওয়া—না (সং স্না) ধাতু হইতে)। স্নান। চান-দান··ষ্য. স্নান ও স্নানের পর দান, প্রঃ—সেই ঘাটে সব্ব লোক করএ চান দান (শূং পুঃ)।

চানক, চানকা·· চাঁদ দেখ।

চানকা, চেনকা···ষ্য. (বা° ছানা—শিশু+ ক—ছানাক হইতে ?)। অর্বাচীন শিশু।

চানকা···ধাতু. (চেতন-করা হইতে ? চক্ষুঃ-অঙ্কন হইতে ?)। চানকাই—চেতন করি, জাগ্রত করি, প্রতিমার চক্ষু অঙ্কন করি। চানকানা॥

চান্দ··ষ্য. (সং চন্দ্র ; সং প্রা° চন্দ)। চাঁদ, প্রঃ—পররান্ধা ভাত খায়্যা চান্দপারা মু (কবিকঃ)। (প্রাচীন বা°)

চান্দা·· ষ্য. (সং চন্দ্রা)। চাঁদোয়া, প্রঃ— উপরে টাঙ্গায় চান্দা (কবিকঃ)। (অপ্রচঃ)

চাপ···ধাতু. (ও° ছপ, হিং ছাপ, মং চেপ ধাতু। অতএব সং ধাতু বিকৃত হইয়াছে। সং চপ ধাতু চূর্ণীকরণে। চপ ধাতু হইলে বা° হিংতে চপ ধাতু হইত, চাপ বা ছাপ হওয়া নূতন। বোধ হয় সং চর্ব ধাতু (চর্বণ) হইতে চাব—চাপ ধাতু। ছাপ দেখ)। চাপি —পেষণ, পীড়ন, আবরণ, আরোহণ করি। চাপ, চাপা, চাপন, চাপনি॥ চাপ···ভার-জনিত পীড়া ; আক্রমণ। চাপদাড়ী···মুখ আবৃত করিয়া ঘন দাড়ী। চাপা ··আবরণ ; আবৃত, গুপ্ত ; স্থির বুদ্ধি, অ-চপল (লোক)। চাপা-চাপি ··চাপের উপর চাপ ; প্রঃ—চাপা-চাপি করিয়া খাওয়া —অতিভোজন। উপর চাপ · অতিরিক্ত বা বাহ্য পীড়ন। চাপা-চুপি ··(চুপ ধাতু দেখ। সহচর শব্দ)। আবরণ, গোপন। চাপা-চুপা·· গুপ্ত। দুয়ার চাপিয়া বসা— বল প্রয়োগ দ্বারা দ্বার অধিকার করা। জমি চাপিয়া আইল—জমিকে আবরণ করিয়া নূতন আইল। চাপা···ধাতু. (চাপ ধাতু আস্তে)। চাপান, চাপানা॥ চাপান···ষ্য. যাহা আবরণ দেওয়া হয়, আক্রমণ, প্রঃ —বেড়িয়া মশান পাইকের চাপান (কবিকঃ)।

চাপ···ষ্য. (সং চর্পটী)। খণ্ড, প্রঃ—মাটির চাপ—বড় খণ্ড।

চাপ···ষ্য. (সং)। ধনুক ; যোদ্ধা, সৈন্য (কৃত্তিঃ) ; জনতাসহ যাত্রা (ও°)। চাপ-গারি···ষ্য. (সং চাপ, ফা° গরি)। ধনুক-ধারীর কর্ম (কবিকঃ)। (অপ্রচঃ)

চাপকান···ষ্য. (উর্দু চপকন। চাপা—আবরণ হইতে)। লম্বা জামা বিশেষ।

চাপটা, চেপটা···ধাতু. (সং চর্পট, চিপিট হইতে)। চাপটাই, চেপটাই—পিষিয়া চিপিট করি, পিষি, প্রঃ—চলনভঙ্গী অতি সুরঙ্গী চাপটিলে জীবন মোর (চণ্ডীঃ)। চাপটানা, চেপটানা ॥

চাপটি··ষ্য. (সং চর্পটী হইতে)। মাটির চাপড়া ; তৎসাদৃশ্য, প্রঃ—চাপটি খাইয়া বসা—নিতম্বে চাপিয়া উপবেশন (কিন্তু খাইয়া কেন ?)।

চাপড়···ষ্য. (সং চর্পট,চার্পট)। করতল দ্বারা আঘাত। চাপড়া···ধাতু. চাপড়াই—করতাল দ্বারা মৃদু আঘাত করি, চপেটাঘাত করি। চাপড়ানা ॥

চাপরাশ···ষ্য. (ফাং)। দূতের চিহ্ন-সূচক ধাতুপট্ট। চাপরাশী ··ষ্য. (চাপরাশ+ঈ)। চাপরাশ-বিশিষ্ট দূত, আর্দালি।

চাঁপা···ষ্য. (সং চম্পক। চম্পকো হেমপুষ্পকঃ—অঃ)। প্রসিদ্ধ হেমবর্ণ পুষ্পতরু বিশেষ (Michelia champaca)। বৃক্ষ সুন্দর, পাতা সুন্দর, পুষ্প সুন্দর কিন্তু উগ্রগন্ধ। শীতকালে ফুল হয়, এক ফুল হইতে বহু ফল হয়। অগণ্য ফল-প্রসব-হেতু গাছ দীর্ঘজীবী হয় না। (২) চাঁপা-কলিকার সদৃশ সোনার কর্ণালঙ্কার (কবিকঃ—হেমমুকুলিকা কর্ণে। চাঁপা অধুনা উঠিয়া যাইতেছে, এবং তৎস্থানে 'ইয়ারিং' আসিতেছে)। চাঁপা-কলি ···ষ্য. (সং চম্পক-কলিকা)। সোনার চম্পক-কলিকার হার। চাঁপা কলা···কলা দেখ। চাঁপা-নটিয়া···নটিয়া দেখ। চাঁপা নাম বহুবিধ ফুলের নামে যুক্ত হইয়াছে ও হইতেছে। চম্পক-কলিকা মধ্যে স্ফীত, দুই প্রান্তে সরু। এই সাদৃশ্যে কয়েকটি নামের উৎপত্তি হইয়াছে। চম্পকবর্ণ, চম্পকপুষ্পও এক এক পুষ্পে সাদৃশ্য থাকাতে সে সে পুষ্পের নামে চাঁপা যোগ ঘটিয়াছে। কনক-চাঁপা···ষ্য. (সং কর্ণিকার। দ্রুমোৎপলঃ কর্ণিকারঃ পরিব্যাধঃ—অমরে এই তিন নাম। কর্ণিকা কর্ণভূষণ অর্থ ধরিয়া কর্ণিকার শব্দে স্বর্ণালু হইয়াছে। (কর্ণিকার দেখ)। বোধ হয় প্রকৃত কর্ণিকার-বৃক্ষ কনকচাঁপা। কারণ কনক-চাঁপার পাপড়ি উৎপলের মতন বহির্দিকে বাঁকিয়া পড়ে ; পদ্মের যেমন কর্ণিকা আছে, কনকচাঁপারও তেমন, কিন্তু সরু কর্ণিকা আছে। কর্ণিকা আছে বলিয়া কর্ণিকার। পরিবিধ্যতেঽনেন পরিব্যাধঃ—চারিদিকে ব্যাপিয়া বাড়ে বলিয়া পরিব্যাধ। কনকচাঁপা গাছ দীর্ঘ হয়, সোনালু গাছ দীর্ঘ হয় না)। বন্ধুকাদি বর্গের দীর্ঘতরু-বিশেষ (Pterospermum acerifolium)। পাতা বড়, চওড়া অণ্ডাকার, রোমশ ; পাতার বোঁটা পাতার মাঝে বিদ্ধ। ফুল বড়, উগ্রগন্ধ ; পাপড়ি শাদা। ফল লম্বা, পঞ্চপার্শ্ব। (কোথাও কোথাও কনক-চাঁপা ও মুচকুন্দ এক বলে। মুচকুন্দ দেখ)। কাঁঠালী-চাঁপা ··ষ্য. (আধুনিক নাম)। আতা-আদি বর্গের লতানিয়া ক্ষুপ বিশেষ (Artabotrys odoratissimus)। পাতা সুন্দর ; ফুল আপীত, কাঁঠাল-গন্ধ, ত্রিদল। এক ফুল হইতে অনেক ফল জন্মে। বোঁটার গোড়ায় অঙ্কুশ আছে। গোবরিয়া চাঁপা···ষ্য. (আধুনিক নাম)। গুলঞ্চ বৃক্ষ দেখ। জহরী চাঁপা ··ষ্য. (আধুনিক নাম)। চম্পকাদি বর্গের ছোট ক্ষুপ বিশেষ (Magnolia)।

সন্ধ্যাকালে পাতায় লুকানা ফুলের গন্ধে বহুদূর আমোদিত হয়। ডুলাল-চাঁপা···ষ্য. (আধুনিক নাম)। হরিদ্রাদি-বর্গের পত্রময় শাক বিশেষ (Hedychium coronarium)। ফুল শাদা, সুগন্ধ। শীতকালে পাতা শুখাইয়া যায়। ডুলি-চাঁপা · ষ্য. (চাটিগাঁয়ের নাম)। চম্পকাদি বর্গের দীর্ঘ-তরু বিশেষ (Magnolia pterocarpa)। ফুল বড় বড়, শাদা, সুগন্ধ। ভুঁই-চাঁপা ··ষ্য. (সং ভূমিচম্পক—আধুনিক)। হরিদ্রাদি-বর্গের ক্ষুদ্রশাক-বিশেষ (Kœmpferia rotunda)। বৈশাখ মাসে ফুল ধরে, কিন্তু তখন পাতা থাকে না। ফুল প্রাতে ফোটে। ফুল শেষ হইলে পাতা বাহির হয়। পাতা বড় বড়, অণ্ডাকার। ভুঁই-চাঁপা ·ষ্য. (বাঁকুড়ার নাম। বিনা কারণে এই নাম। কোথাও কোথাও কীটমারি বলে। হিংতে মুখজালী)। অতিক্ষুদ্র শাক-বিশেষ (Drosera burmanni)। ভিজা জলা ভুমিতে ঘাসের মাঝে মাঝে জন্মে। শীতকালে ফুল ধরে। পাতা খয়রা বর্ণ, ক্ষুদ্র, আধলা পয়সার মতন। তাহাতে আঠাল কেশ থাকে। তদ্দ্বারা ক্ষুদ্র ক্ষুদ্র কীট মারিয়া খায়। এই হেতু কীটমারি নাম। সুলতান চাঁপা···পুন্নাগ দেখ।

চাপাটী···ষ্য. (হিং। সং চর্পটী)। স্থূল রোটিকা।

চাপাদার, চাঁপাদার · ষ্য. (বাং চাপ ধাতু +ফাং দার)। যে বেপারীর মাল পাল্লায় চাপাইয়া ওজন করিয়া অন্য বেপারীকে দেয়। চাপাদারি···চাপাদারের বৃত্তি।

চাপান···ষ্য. (চাপ ধাতু)। আবরণ, গাছ-গাছড়ার প্রলেপ; অতিরিক্ত অভিযোগ।

চাব ··ধাতু. (চাপ ধাতু হইতে)। চাবি—জালাদি দ্বারা আবরণ করি। চাবা॥ চাবি· জাল ··যে জাল দিয়া মাছ চাবিয়া ধরা হয়।

চাবা···ধাতু. (চাব ধাতু আন্তে)। চাবানা॥

চাবড়া···ষ্য. (সং চর্পট হইতে)। বিস্তৃত · খণ্ড; প্রঃ—ঘাসের চাবড়া—ঘাসময় বিস্তৃত মৃৎখণ্ড।

চাবা···ধাতু. (সং চর্বিত হইতে)। চাবাই—চর্বিত করি। চাবানা॥ (পূর্ববঙ্গে প্রচলঃ। রাঢ়ে চিবা ধাতু)।

চাবি ··ষ্য. (চাপ ধাতু হইতে। কিংবা চাপ—ভিতরে কামানি থাকে বলিয়া। ওং চা'ব হিং মং চাবি—চাবিকাটি, অর্থাৎ যাহা দ্বারা চাপ দেওয়া যায়। পূর্বকালের তালায় কামানি চাপিতে হইত)। তালা। (চাবি-কাটি; কিন্তু গা-চাবি, বীর-চাবি শব্দে কাটি নহে,তালা। তুং ? পর্তুং chave —a key)।

চাবুক···ষ্য. (ফাং)। অশ্বতাড়নার বেত্র। চাবুক-সোয়ার ···ষ্য. (শরার—অশ্বারোহী)। যে চাবুক মারিয়া ঘোড়াতে চড়িয়া ঘোড়াকে শিক্ষিত করে। চাবুকা, চাবকা ··ধাতু চাবুকাই—চাবুক দিয়া প্রহার করি। চাবুকানা, চাবকানা॥

চাম ··ষ্য. (সং চর্ম। তুং ফাং চির্ম)। চর্ম; প্রঃ—চামের দোড়ী, চামের জুতা বিধবার অস্পৃশ্য। চামড়া···ষ্য. (সং চর্ম—চমর। কিংবা চাম+ড়া স্বার্থে)। বিশেষ চর্ম। (চাম ও চামড়ায় প্রভেদ অল্প। চাম—সামান্য নাম, চামড়া বিশেষ নাম। মানুষের গায়ের চামড়া, জীবিত চতুষ্পদের চামড়া, মৃতপশুর চামড়া

ও ছাল, মরা গোরুর ছাল। ছাগলের ও মাছের ছাল। চামারে চাম কষায়, যেমন চামের জুতা)। চামসা, চামসিয়া‥ ণ. (চর্ম-সদৃশ—চামসা ; চামসা+ইয়া—চামসিয়া। তু° তামাটা, তামাটিয়া)। চর্ম-সদৃশ, চর্ম সদৃশ দুশ্ছেদ্য, চিমসা। চাম-ঠুলী‥ষ্য. (ঠুলী দেখ)। চক্ষু ঢাকিবার চামের ঠুলী।

চামচ, চাম্‌চা‥ষ্য. (ফা° চম্‌চহ্। তু° স° চমস)। ছোট হাতা, কুশী।

চামচিকা‥ষ্য. (স° চর্মচটিকা। ও° চিমণিআ। হি° চিম-গাদড়—অর্থাৎ চর্ম গিদড়—চর্ম শৃগাল ; তু° ই° flying fox)। চর্মপত্রী প্রাণীবিশেষ (Cynopterus marginatus)। দেহ প্রায় ৫।৬ আঁগুল। পুচ্ছ আছে। ফলভুক্। মুখমণ্ডল অপেক্ষা কান বড়। কানের পাতা বাদুড়ের মতন নহে। নাকও অদ্ভুত। পুরাতন জীর্ণ মন্দিরে ঝাঁকে ঝাঁকে বাস করে।

চামাতি‥ষ্য. (স° চর্মপটী) চামের পটী।

চামাটি‥ষ্য. (স° চর্মপটী)। যে চর্মপত্রে নাপিত খুরের ধার মসৃণ করে।

চামড়‥ণ. (স° চর্ম, বা° চাম+ড়)। চর্ম-বৎ দুশ্ছেদ্য, প্রাঃ—নয় মণ চামড় লোহা আসিল তখন (মাঃ), চিমড়।

চামড়া‥চাম দেখ।

চামর‥ষ্য. (স°)। চমর পুচ্ছ-ব্যজন। চমরী দেখ।

চামসা‥চাম দেখ।

চামার‥ষ্য. (স° চর্মকার, চর্মার)। চর্মকার জাতিবিশেষ (স্ত্রী° চামারনী) ; চর্মশিল্পজীবী; নীচ, কৃপণ (গালিতে)।

চামুটি‥ষ্য. (স° চর্মমুষ্টি)। খড়্গামুষ্টি ধরিবার চর্ম-বন্ধনী ; চর্ম-নির্মিত হস্তবন্ধন-রজ্জু (কবিকঃ)।

চামেলি‥ষ্য. (স° চম্পকেলি ; চম্বেলি—বৈদ্যকঃ। হি° চম্বেলী। শূংপুঃ—চামলী। প্রকৃত স° নাম জাতি)। মল্লিকাদি-বর্গের পুষ্প-ক্ষুপ-বিশেষ (Catalonian or Spanish Jasmine)। পাতা পক্ষাকার। গ্রীষ্ম ও বর্ষায় ফুল ফোটে। পাথরিয়া মাটিতে ভাল জন্মে। জাই দেখ।

চার‥ধাতু. (স° চারি ধাতু গতি)। চারি—চালন, বণ্টন করি। চারা॥ (প্রায়ই চারা ধাতু)। চারা‥ধাতু. (স° চারিত, চালিত হইতে)। চারাই—চালিত করি, বিভক্ত করি, প্রাঃ—গ্রামে মাথট চারাইয়া টাকা তোলা। চারানা, চারানি॥ চারা‥ষ্য. (স° চর ধাতু গতি, ভক্ষণ, আচরণ)। পক্ষী-মৎস্যাদির ভক্ষ্য, মৎস্যাদির বিচরণ স্থান। চারা‥ষ্য. পশুর বৃক্ষপল্লবাদি ভক্ষ্য ; বৃক্ষশিশু যাহা চালিত—স্থানান্তরে রোপিত হইতে পারে।

চার-দানা‥ষ্য. (স° চারক)। পিয়াল বীজ। পিয়াল দেখ।

চারা‥ষ্য. (স° চার—গতি। ফা° চারাহ)। উপায়, গতি, প্রতিকার। না-চার‥ণ. (বা° না+চার। তু° ফা° লা-চার)। উপায়হীন। বে-চারা‥ণ. (স° বি, চার+আ। ফা° বে-চারা)। অ-গতি।

চারি, চৌর‥ষ্য. ণ. (স° চত্বারি)। চারি সঙ্খ্যা; ৪, চারি সঙ্খ্যক। গোটা-চারি ণ. অত্যল্প। গোটা-চারিক, গোটা-চারেক‥ণ. প্রায় চারিটা। চারিকোণা‥ণ. চতুষ্কোণ। চৌর-খানা‥ষ্য০একত্রে চারি-খাই-বোনা কাপড়,

চৌ-সুতী কাপড়; রঙ্গিন সুতায় চারি খণ্ডে বিভক্ত কাপড়। চারিটা···ষ্য. (চারি ঘণ্টা)। চারি ঘণ্টা। ণ. চারি-সঙ্খ্যক। চারিটি··ণ. চারি সঙ্খ্যক। চার্টি, চাট্টি ·ণ. অল্প-পরিমিত। চাট্টিখানি···ণ. অত্যল্প পরিমিত। চৌরপায়া···ণ. (হিং চারপাই)। চারিপদ বিশিষ্ট; খাট। চৌর-পেয়ে ··ণ. (চারিপা+ইয়া)। চতুষ্পদ। চারি পোয়া ···ণ. পূর্ণ, চতুষ্পাদ। চারি ভিত ··(ভিত দেখ)। চারিদিক।

চার্জ···ষ্য. (ইং Charge)। নিয়োগ, অভি-যোগ (আদাঃ)।

চাল ··ষ্য. (সং) গৃহাচ্ছাদন; প্রতিমার উপ-রিস্থ আকাশ। চাল লেখা—প্রতিমার চালে চিত্র লেখন, প্রঃ—করিয়া চণ্ডীর ধ্যান তুলি ধরে সাবধান, আগে লিখে দশ অবতার (কবিকঃ)—চালে। চাল-চুলা ··ষ্য. ঘরের চাল এবং চুলী—উনান; ইহা হইতে ঘরদ্বার, অন্নসংস্থান। চাল না চুলা ঢেঁকি না কুলা —সংসারের আবশ্যক উপকরণ, সুতরাং অন্নসংস্থান। চাল-বাতা ··ষ্য. চালের বাতা।

চাল···চৌল দেখ।

চাল···ধাতু. (সং চালি ধাতু)। চালি—চালিত করি। চালা, চালন, চালনা, চাল্নি, চালনী, চালা-চালি॥ মাথা চালা—মাথা নিরন্তর চালনা। গোরুর গা চালা—গোরুর গাত্র চর্ম কম্পন। চালা···ধাতু. (চাল ধাতু আস্তে)। চালাই—চালিত বা চলিত করাই, প্রেরিত করাই। চালানা, চালান, চালানি, চালানী॥ চালান···ষ্য. প্রেরণ, পুলিশ দ্বারা মাজিষ্ট্রেটের নিকট আসামী-সরূপ প্রেরণ (আদাঃ), প্রেরিত দ্রব্যের, অর্থের তালিকা-পত্র (invoice)। চালানি···ষ্য. রপ্তানি। চালানী···ণ. প্রেরণ-সম্বন্ধীয়, প্রঃ—চালানী কারবার। চালনা···ষ্য. (চাল ধাতু)। তুষ পৃথক করিবার ছিদ্রপূর্ণ বৃহৎ আধার। চালনী···ষ্য. (সং)। চৌল-চালা, খই-চালা, গুঁড়ি (চৌল গুঁড়ি)- চালা—ছোট চালনী। দৃষ্টান্তে, চালনী আবার ছুঁচকে বলে—সুচের ছিদ্র ছোট, চালনীর বড়; সুতরাং সুচের ছিদ্র বড় বলা চালনীর সাজে না। নিজের বড় দোষ না দেখিয়া অন্যের ছোট দোষ দেখা (তুং ছিদ্র অন্বেষণ)।

চালা ··ষ্য. (সং চাল+বাং আ)। চাল আছে যে গৃহের, প্রায়ই এক-চালা ঘর। চালা ঘর ··পাকা ঘর নহে। এক-চালা ·· ষ্য. একটি চালের ছোট ঘর। দু-চালা···ষ্য. দুই পাশে দুই চাল-বিশিষ্ট ঘর। চৌ চালা ·· ষ্য. চারিপাশে চারি চাল-বিশিষ্ট ঘর। আট-চালা···ষ্য. উপরে চারি, নীচে চারি চাল বিশিষ্ট ঘর। আট-চালার কাঁথ থাকে না। পর-চালা···ষ্য. বড় উচা ঘরের চালের নীচে পিড়াঁর উপরে যে চাল থাকে।

চৌল···ষ্য. (চাউল শব্দের সংক্ষেপে। চাল নহে)। চাউল দেখ। চৌল-কলা···চৌল ও কদলী (নৈবেদ্যের)। চৌল-চিড়া···ভাতের জন্য চৌল, জলপানের জন্য চিড়া। চৌল-চুলা ···চৌল ও চৌল রাঁধিবার চুলা। চৌল-ডাল ··চৌল ও দালি। চৌলানি···চালানি দেখ।

চৌল, চাইল ··ষ্য. (সং চালি। চাল নহে)। চলন, গমন-ভঙ্গি; প্রঃ—সতরঞ্চ খেলায় বড়িয়ার চৌল—চালি; রীতি, নিয়ম। চৌল-চলন···ষ্য. (সহচর শব্দ)। চলন, রীতি।

বে-চাল···ষ্য. (বি-চালি)। অরীতি, অনিয়ম। সু-চাল···ষ্য. (সুচালি)। সুরীতি, সুনিয়ম।

চালাক ··ণ. (ফা°। তু° স° চালক)। চতুর। চালাক-চতুর···ণ. (সহচর শব্দ)। চতুর, ধূর্ত। চালাকি···ষ্য. (চালাক+ই)। চালাকের ভাব, ক্ষিপ্রতা, ধূর্ততা। উপর-চালাকি···চালকের অতিরিক্ত চালাকি। চালাকি মারা—চালাকি করা (অশিষ্ট)।

চালান, চালানি, চালানী ··চালা ধাতু দেখ।

চালানি (গ্রা° চেলোনি)···ষ্য. (চাল+পানি)। চাল-ধোয়া জল।

চালি···ষ্য. (স°)। চালন, চাল। পা-চালি ··ষ্য. পদ-চালন। উপর চালি···শতরঞ্জ খেলায়—খেলোয়াড়ের চালির অতিরিক্ত চালন।

চালিতা, চালতা ··ষ্য. (স° চারিত্রা। চারিত্রা—তিন্তিড়ি বৃক্ষ—শব্দকল্পঃ। বোধ হয় তেঁতুল ও চালিতা অম্ল বলিয়া উভয়ের এক নাম হইয়াছে। কবিকঃ—চালিতা। ও° নাম ওউ—স° ভব্য)। উদ্যানজাত অম্ল-ফল-তরু-বিশেষ (Dillenia speciosa)। বৃক্ষ সুন্দর, পাতা সুন্দর। বর্ষা আরম্ভে বড় বড় শাদা ফুল ধরে। ফল পাঁচটা পুষ্পের বহিচ্ছদে আবৃত থাকে। এই বহিচ্ছদ আমাদের খাদ্য হয়।

চালুতি (গ্রা° চেলুতি)···ষ্য.° (চাউলের প্রাচীন শব্দ চালু; চালু বৃত্তি যার)। চাল-বিক্রেতা। (কবিকঃ—চালুকী)।

চালুয়া, চেলো পোকা···ষ্য. (চাউলের প্রাচীন শব্দ চালু। চালু+উয়া)। ইটবর্ণ ছোট দৃঢ়পত্রী পতঙ্গ-বিশেষ (weevil)। পুরাতন চাউলে থাকে।

চালুয়া, চেলো···খরমুজ দেখ। চাউলের আকারের বীজ বলিয়া নাম ?

চাষ ··ষ্য. (স°)। কৃষি, ভূমিকর্ষণ, প্রঃ—চাস চসিয়া গোসাঞি লাঙ্গল তুলিল (শূঃ পুঃ)। চাষ-বাস ··ষ্য. কৃষি ও স্থিতি, কৃষিকর্মাদি (প্রায় সহচর শব্দ)। চাষা ··ষ্য. (চাষ+আ। ও° তসা—চ স্থানে ত)। চাষ জীবিকা যার (প্রায়ই চাষী); অভদ্র। চাষা-ভুষা ··ষ্য. (ও°-তেও চসা ভুসা। চাষ ভুষা যার; কিন্তু অর্থান্তর হয়। মহিষা হইতে ভইষা-ভোষা—ভুষা বোধ হয়। মহিষা—মহিষ-পালক)। অভদ্র গ্রাম্য। চাষা কৈবর্ত ··ষ্য. যে কৈবর্তজাতি চাষী হইয়াছে। চাষা-ধোবা···ষ্য. যে ধোবা চাষী হইয়াছে। চাষাড়া, চাষাড়িয়া, চাষাড়ে ··ণ. (চাষ+আড়=চাষাড়—চাষ করে যে; তদ্ভাব-বিশিষ্ট—চাষাড়া। চাষাড়া + ইয়া—চাষাড়িয়া)। চাষা-তুল্য আচরণ-বিশিষ্ট। চাষী ··ষ্য. (চাষ+ই)। যে কৃষি করে; যার কৃষি আছে, প্রঃ—বামুন চাষী, চাষী কৈবর্ত। চাষি-বাসী · ণ. কৃষি-দ্বারা স্থিতি—জীবিকা যার।

চাহ ··ধাতু (চা ধাতু দেখ)। চাহা, চাহন, চাহনি॥ চাহা ··ধাতু. (চাহা ধাতু আস্তে)। চাহানা॥

চাহা ··ষ্য. (? স° চাষ শব্দের অপভ্রংশে ? কিন্তু চাষ পক্ষী অন্য। নীলকণ্ঠ দেখ। ও° চা)। কূলেচর-বর্গের পক্ষী-বিশেষ (snipe. Gallinago gallinaria)। বঙ্গদেশে শীতকালে জলা ও বিলে দেখা যায়। চিল্কা হ্রদ চাহা পাখীর জন্য বিখ্যাত আছে।

চাহারম ··ণ. (ফা॰ চাহারুম)। চতুর্থ।

চি···ধাতু. (স॰ চিৎ ধাতু সংজ্ঞানে, জাগরণে)। চি ই—সচেতন হই, জাগি। চিয়া॥ চিয়া, চিআ···ধাতু. (চি ধাতু আন্তে)। চিয়াই —জাগাই, সচেতন করাই। চিয়ানা॥ (চিতা ধাতু দেখ)

চিক···ষ্য. (স॰ চিলমীলিকা—কণ্ঠীভেদ—শব্দকল্পঃ)। সোনার কণ্ঠী-বিশেষ।

চিক্-চিক···চক্ চক দেখ। চিক্-চিকা···চিক্কণ। চিক্-চিকানি॥

চিকটা, চিকটিয়া, চিকট্যে···ণ. (স॰ চিক্কণ হইতে। ও॰ চিকটা; হি॰ চীকট, চিকনাহট —চিক্কণবৎ। চিক্কণা—চিকটা। চিকটা+ইয়া—চিকটিয়া)। তৈল-লেপ হেতু চিক্কণ; আঠাল, প্রঃ—চিকটা মাটি। তেল চিকটা ···তেল থাকাতে চিক্কণ, পরে ধূলি-যুক্ত, প্রঃ—তেল-চিকটা কাপড়।

চিকণ···ণ. (স॰ চিক্কণ)। মসৃণ, চক্‌চকা, প্রঃ—ভালে চূড়া চিকণ (জ্ঞানদাসঃ); সুন্দর, সরু, প্রঃ—চিকণ গাঁথনে বাড়িল বেলা (ভাঃ) (চিকন দেখ)। চিকণ কালা···চিক্কণ কৃষ্ণবর্ণ, চিক্কণ কৃষ্ণবর্ণ শ্রীকৃষ্ণ, প্রঃ—চিকণ কালা করিয়াছে থানা (চণ্ডীঃ)। চিকণা ··ণ. চিক্কণ। চিকণাই···ষ্য. (স॰ চিক্কণত্ব। বা॰ চিকণ+আই)। চিক্কণত্ব, দীপ্তি। চিকণা··ধাতু. চিকণাই—চিক্কণ হই। চিকণানা॥ (ভারতে, বিননিয়া চিকনিয়া বিনোদ কবরী—বা॰তে বিনন চিকণ ধাতু নাই। বোধ হয় অনুপ্রাস-প্রয়াসে ভুলে বিননিয়া চিকনিয়া। বিনাইয়া চিকণাইয়া—বিনিয়ে চিকণিয়ে হইতে পারিত)। চিকণিয়া···ণ. (চিকণ+ইয়া স্বার্থে)। চিকণা, প্রঃ—শ্যাম চিকণিয়া দে (জ্ঞানদাসঃ)—দে—দেহ; হলদি জিনিয়া তনু চিকণিয়া স্নেহেতে ছানিয়া হৃদয়ে রাখি (ভাঃ)।

চিকন···ষ্য. (ফা॰)। সূচ দিয়া কাপড়ে ফুল-তোলা। চিকন-কাজ ··কাপড়ে ফুল-তোলা কাজ (embroidery)।

চিকারী···ষ্য. (হি॰। স॰ তন্ত্রিকা ?)। সেতারের ডাণ্ডীর গায়ে বদ্ধ ছোট পাকা তার।

চিকি ··ষ্য. (স॰ চিক্কণা, চিক্কণী—পূগফল—শব্দকল্পঃ)। জলে সিদ্ধ-করা সুপরী (বোম্বাই প্রদেশে চিকণি নাম চলিত আছে); সুপরীর বীজাঙ্কুর (eye-bud) (বোধ হয় এই অর্থে চক্র হইতে চাকী, চিকী আসিয়াছে)।

চিকিচ্ছক (গ্রা॰)···ষ্য. (স॰ চিকিৎসক। ও॰ চিকিচ্ছক)। বৈদ্য।

চিকিচ্ছা (গ্রা॰)···ষ্য. (স॰ চিকিৎসা। ও॰ চিকিচ্ছা)। রোগ-চিকিৎসা, প্রতিকার।

চিকিটা···ণ. (চিকটা দেখ। কিংবা স॰ চিকিল—পঙ্ক—হেমঃ। ও॰ চিকিটা)। আঠাল, প্রঃ—চিকিটা মাটি।

চিকুর···ষ্য. (স॰ চিকুর—চপল; ইহা হইতে বা॰ অর্থ বিদ্যুৎ)। আঁকা বাঁকা বিদ্যুৎ, প্রঃ—কালা মেঘের উপর যেন চিকুর পরিপাটি (কৃত্তিঃ কিং); ঈশানে উরিল মেঘ সঘনে চিকুর (কবিকঃ); চিকুর গড়্‌গড় (মাঃ)। (রাঢ়ে কদাচিৎ বিজুল-লতা। যশোরে জিলিক, চাটিগাঁয়ে খাঁড়া জিলিক মারা। জিলিক—স॰ চিলমীলিকা। রাঢ়ের ভাষায় চিকুর—আঁকা-বাঁকা বিদ্যুৎ, এবং চিকুর হানা—হানা আক্রমণ। বহুদূরের বিদ্যুৎ—যাহার দীপ্তি-মাত্র দেখা যায়, তাহা—নলপায়।)

চিঙ্গাড়ী ··ষ্য. (স° চিলিম, চিঙ্গট—শব্দকল্প:)। ছোট জাতীয় ইঁচলা মাছ। ঘুসা চিঙ্গাড়ী··· (ঘুসা দেখ। স° চিঙ্গাটী)। ক্ষুদ্র জাতীয় চিঙ্গাড়ী-বিশেষ। গলদা চিঙ্গাড়ী·· ষ্য. (হি° গলদা—পঙ্কময়, স° কর্দ—কাদা)। কাদা জলের চিঙ্গাড়ী-বিশেষ (কলিকাতায়)।

চিচকার (গ্রা°) ··ষ্য. (স° চিৎকার। ও° চিচকার)। চিৎকার।

চিঁ-চিঁ ··ব্য. (স° চিৎ ধাতু সংবেদনে। তু° চিৎকার)। ক্ষীণ আর্তনাদে, শুষ্ককণ্ঠে আর্তনাদে, প্রঃ—পাখীর ছানা চিঁ-চিঁ করে, গলা শুখাইলে রুগ্ন মানুষও চিঁ-চিঁ করে।

চিচিঙ্গা ··ষ্য. (স° চিচিণ্ড। ও° ছচিন্দা)। কুষ্মাণ্ডাদি বর্গের গ্রামজাত প্রতানী বিশেষ (Snake-gourd. Trichosanthes anguina)। ফল লম্বা সর্পাকার। হোঁপা নামও আছে।

চিচ্‌চিড়া···ণ. (চিড়্‌-চিড়া দেখ)। উগ্রস্বভাব।

চিট···ষ্য. (স° চিক্কণ হইতে। তু° চট্‌-চট)। তৈলাদি লেপ, আঠা। চিটা ··ণ. (চিট+আ)। চিটযুক্ত, প্রঃ—তেল-চিটা। চিটনি···ণ. আঠাল, প্রঃ—তেল চিটনি—তেলে আঠাল। (বোধ হয় চিটানি—চিটা+কানি—চটচটা বস্ত্রখণ্ড)। ··ধাতু. চিটাই—ভাতের মণ্ড কিংবা অন্য আঠা লাগাই, প্রঃ—তাঁতী সুতা চিটাইয়া শুখাইয়া কাপড় বোনে। চিটানা॥

চিটা···ষ্য. (স° উৎ-শিষ্ট হইতে শিঠা, শিটা, শোঠ। হি° ছোআ। শিঠা, সিঠা দেখ। চিট আছে বলিয়া চিটা নহে)। শোঠ গুড়, তামুক মাখিবার চট্‌-চটা আদগধ গুড়; প্রঃ—সুরস পাইয়া চিনি পরিহরি চিটাতে আদর এত (চণ্ডী:)—এই চিটা—শোঠগুড়। কারণ তামুক-মাখা চিটা কেহ খায় না।

চিটিকা···ষ্য. (?)। বাদ্যবিশেষ, ঘুঙ্ঘুর-বাঁধা দুইখণ্ড কাষ্ঠ-মাত্র।

চিঠা···ষ্য. (স° চিট ধাতু প্রেষণ হইতে। হি° চিঠ্‌ঠা, চিঠ্‌ঠী হইতে বা°তে চিঠা, চিঠি। গ্রা° চিটি; চিটা)। যে লিপি প্রেরিত হয়; জমিদারী সেরেস্তায় গ্রামের জমির হিসাব-কাগজ, অন্য নাম খসড়া। হাত-চিঠা···ষ্য. স্বীকার-পত্র, দ্রব্যাদি প্রেরণ নিমিত্ত অনুজ্ঞা-পত্র। চিঠি, চিটি···ষ্য. (চিঠা হ্রস্বে চিঠী?)। লিপি-পত্র। চিঠি-পত্র ষ্য. (সহচর শব্দ)। পত্র। চিঠি-চাপাটী ··ষ্য. (চাপাটী—পত্রাকার বলিয়া সহচর)। চিঠি। চিঠি জারি করা—(জারি দেখ)। পত্র প্রেরণ।

চিড়···ধাতু. (স° চড় ধাতু হইতে চড়ি—ক্রুদ্ধ হই)। চিড়ি—ক্রুদ্ধ হই। চেড়া, চিড়ন॥ চিড়া···ধাতু. (চিড় ধাতু আস্তে)। চিড়ানা॥

চিড় ··ষ্য. (স° চীর্ণ—বিদীর্ণ হইতে)। চিরিলে বিদীর্ণ করিলে যেমন ফাট বা সন্ধি হয়। চিড় খাওয়া, মারা—চিড়-ফাট হওয়া। চিড়-ফাট·· (সহচর শব্দ)। সরু ফাট, প্রঃ—কাঠে ও পাকা কাঁথে চিড় ফাট হয়। চিড়্‌-চিড়·· ব্য. ফাটিবার শব্দে। চিড়্‌-চিড়া, চিড়্‌-চিড়িয়া, চিড়্‌-চিড়্যে · ণ. যাহা ফাটায়, প্রঃ—চিড়্‌-চিড়া রোদ—গা-ফাটা রোদ, কাঠ-ফাটা রোদ। চির-চির দেখ।

চিড়-চিড়া···ষ্য. শীর্ণ গুল্মাকার ঘাস বিশেষ (Digitaria pedicillaris)।

চিড়া, চিঁড়া (উ° চিঁড়ে)···ষ্য. (স° চিপিটক—চিইটা—চিড়া। চৈঃ-অমৃতে চিঁড়া, ও° চিড়া, হি° চুড়া)। চাউল ঢেঁকিতে চেপটা করিয়া যে শুষ্ক খাদ্য হয়। রাঢ়ে

ছুতারে চিড়া কোটে। (কবিকঃ দেখ,। চিড়া-ভাজা...চিড়া ভাজিলে যাহা হয়। (চিড়া-দই, চিড়া-মুড়কী,—এইরূপ প্রয়োগ।) চিড়া দই পাকা—শ্রাদ্ধে ভোজন সম্ভাবনা। পূর্বকালে লুচী প্রচলিত ছিল না। উপমায়, শুধু কথায় চিড়া ভেজে না—কথায় কাজ হয় না, অর্থ চাই। চিড়ার বাইশ ফের...গণিত-বিশেষ। দাঁড়ীপাল্লার প্রতি পাল্লায় প্রথমবার একটি একটি চিড়া, দ্বিতীয় বার দুইটি দুইটি, তৃতীয়বার চারিটি চারিটি, চতুর্থবার আটটি আটটি, এই ক্রমে বাইশ বার রাখিলে যত হয়, তত। অর্থাৎ ২+৪+৮+১৬... বাইশ বার $=২^{১}+২^{২}+২^{৩}+২^{৪}\cdots২^{২২}$ $=২(২^{২২}-১)$=৮৩,৮৮,৬০৬। মাঝারী আকারের ১০০০ চিড়া ওজনে ১॥ তোলা হয়। এই হিসাবে বাইশ ফের চিড়ার ওজন প্রায় চারি মণ হয়। চিড়ার বাইশ ফেরে পড়া—দুরূহ গণিতে, দুশ্চিন্তায় পড়া।

চিড়িক...ব্য. (চিড়্ চিড়্ দেখ। চিড় করা-চিড়িক)। চিড়শব্দে, প্রঃ—চিড়িক করিয়া ফাটা।

চিড়িতন, চিড়িয়া...তাস দেখ।

চিড়িমার ..ষ্য. (হিং)। ব্যাধ, যে চিড়িয়া—পাখী মারে।

চিড়িয়া ..ষ্য. (হিং। সং চটক হইতে)। পাখী। চিড়িয়া-খানা ..ষ্য. পক্ষী-স্থান; পশুপক্ষী-শালা।

চিৎ...ণ. (সং চিতা হইতে)। পৃষ্ঠে শায়িত, প্রঃ—চিৎ করা, চিৎ হইয়া শোয়া—চিতায় মৃতদেহ যেমন পৃষ্ঠে স্থাপিত হয়, তেমন শায়িত করা, তেমন শয়ন। চিৎ-পাত ..চিৎ হইয়া পতন। চিৎপাত করা—চিতায় পাতন করার তুল্য পৃষ্ঠে শয়ন করানা (হিং-তে চিৎ ও পট—পরস্পর বিপরীত)। (সংতে উৎ-কুটম্ বা উত্তান-শয়নম্)।

চিৎ ধাতু. (সং চিৎ ধাতু জাগরণে)। চিতি—জাগি, সজ্ঞান হই। চেতা, চিতন॥

চিত...ষ্য. (সং চিত্ত)। চিত্ত, প্রঃ—লোভ বাড়ে চিতে (পদ্যে)।

চিতই...পিঠা দেখ।

চিতল...ষ্য. (সং চিতল, চিত্রফল। ওং চিতল)। ফলই তুল্য শকলী মৎস্য বিশেষ (Notopteris chitala)। কিন্তু ফলই অপেক্ষা দ্বিগুণ বড় হয়। উপরের ঠোঁঠ লম্বা, দেহ চেপটা, লেজা ক্রমশঃ সরু। নদীর মিঠা জলে থাকে।

চিতা ..ষ্য. (সং। চুল্লী চিতায়ামুদ্ধানে—মেঃ)। শ্মশান-চুল্লী। চিতা-ভস্ম ..ষ্য. (সং) শ্মশানচিতার ভস্ম। রাবণের চিতা জলা—লোকের বিশ্বাস রাবণের চিতা চিরকাল জ্বলিতেছে। ইহা হইতে, মনের নিরন্তর জ্বালা।

চিতা...ষ্য. (সং চিত্রক) চিহ্ন; প্রঃ—কাপড়ে চিতা পড়া—কাপড়ে কৃষ্ণবর্ণ চিহ্ন হওয়া, ছত্রাকাদি শ্রেণীর সূক্ষ্ম উদ্ভিদ (Fungus) জন্মিয়া কৃষ্ণবর্ণ চিহ্ন হওয়া। (২) কৃষি-জাত শস্যগাছের ছত্রাকী রোগ বশতঃ পাতায় ফোঁটা ফোঁটা বিবর্ণ চিহ্ন। (৩) নির্বিষ সর্প-বিশেষ (চিতী দেখ)। (৪) (সং চিত্রকায়)। বাঘ দেখ। (৫) ক্ষুপ বিশেষ। পাতা একোত্তর; শীষে ফুল ধরে; ফুল পঞ্চদল, সরু কলিকার মতন। শাদা চিতা ও লাল চিতা, দুই জাতি। শাদা চিতা (সং শ্বেতচিত্রক। Plumbago zeylanica)

কদাকার, সারা বৎসর শাদা ফুল ধরে। লাল চিতা (সং রক্তচিত্রক। Plumbago rosea) ঝুঁকিয়া পড়ে, ফুল লাল, রঞ্জনের মতন। উভয় জাতিই বিষাক্ত।

চিতা···ধাতু. (চিৎ ধাতু আস্তে)। চিতাই—জাগাই, সচেতন করাই, স্মরণ করাই; উগার দাঁত করি। চিতান, চেতানা॥ চিতান (গ্রা° চিতেন)...ষ্য. কবি-গানের দ্বিতীয় অংশ, মহড়ার পরের পদ।

চিতী···ষ্য. (সং চিত্রসর্প, চিত্রাঙ্গা—বৈদ্যকঃ)। খয়রা রঙ্গের প্রায় ১।০ দীর্ঘ গৃহসর্প বিশেষ। মাথা হইতে দেহ স্পষ্ট পৃথক্ নহে; মাথা চাপা, ঠোঁট ফোলা, চোখ ছোট। দেহে শাদা শাঁখা থাকে। ঘরে থাকে বলিয়া এই চিতীর নাম কাঁথুয়া—কেঁথো চিতী। ডোমনা চিতী, ধোমন চিতী··এক জাতীয় ভয়ঙ্কর সর্প (কিরাইত দেখ)। কথায় বলে, যদি থায় ডোমনা ডাক বামনা—ডোমনা চিতীর কামড় এমন সাঙ্ঘাতিক। (মৃত্যুর পূর্বে প্রায়শ্চিত্ত নিমিত্ত ব্রাহ্মণের প্রয়োজন)।

চিত্র...ষ্য. (সং)। বিচিত্রবর্ণ (মেঃ); আলেখ্য। চিত্রকর···ষ্য. (সং)। চিত্র লেখে যে; জাতিবিশেষ। চিত্রগুপ্ত···ষ্য. (সং)। যমের লেখক (মেঃ)। চিত্রশালা···ষ্য. (সং)। চিত্র-রক্ষা-শালা (art gallery)। চিত্র-বিচিত্র ··ণ. (সং)। চিত্র থাকাতে অদ্ভুত; নানা-বর্ণ-যুক্ত। মান-চিত্র ··ষ্য. (সং)। দেশের নগর নদী পর্বত প্রভৃতির পরিমাণানুযায়ী স্থাননির্দেশক চিত্র (map)।

চিন (গ্রা°)···ষ্য. (সং চিহ্ন)। চিহ্ন, প্রঃ—নহি রেক নহি রূপ নহি ছিল বর্ন চিন (শূং পুঃ) —রেখা রূপ বর্ণ চিহ্ন ছিল না; দুই ঠাঁই

চিন (চৈঃ চঃ)। ধাতু. (সং চিহ্ন)। চিনি—অভিজ্ঞান করি। চেনা॥ বিপঃ—অ-চেনা। চিনা...ধাতু. (চিন ধাতু আস্তে)। চিনানা, চেনানা॥

চিন্-চিন ··চন্ চন দেখ।

চীনি, চিনী, চিনি···ষ্য. (এই শব্দের ব্যুৎপত্তি কি? কেহ মনে করেন, চীন দেশের নাম হইতে চীনী। কিন্তু চীনারা ভারতবর্ষে চীনি করিতে শিখিয়াছিল। সং খণ্ড হইতে চীন ভাষায় নাম কাণ্ডে হইয়াছে। কেহ মনে করেন, চীনা (সং চীনক)-শস্যের ন্যায় আকার বলিয়া চীনী। ওংতে কন্দ চিনি, হিংতে চীনী খাঁড় ভূরা, মংতে শাখর (সং শর্করা), আসাংতে চেনি। ফা° শীরীনী, শীর্নী (মিষ্টান্ন; ফা° শীর=সং ক্ষীর) শব্দের গ্রা° শিন্নী—চিনী, চীনি আসা অসম্ভব নহে। তু° ও° নবাত—(সং নৈবেদ্য)—চীনি। সং সিতি শব্দে শর্করা বুঝায়। কিন্তু ত স্থানে ন প্রায় হয় না। চণ্ডীদাস জ্ঞানদাস কবিকঙ্কণে চিনি শব্দ আছে। কিন্তু বানানের প্রমাণ পাওয়া যায় না। চিনি অপেক্ষা চীনি, বানান উচ্চারণ তুল্য হয়। চণ্ডীদাসে,—সুরস পাইয়া চিনি পরিহরি চিটাতে আদর এত; জ্ঞানদাসে,—এ ক্ষীর মোদক চিনীক দলক কে তোর আঁচরে দেল)। শর্করা। দোবারা চীনি···দুইবার নির্মলীকৃত শর্করা। চীনির বলদ···যে বলদ পিঠে চীনি বহে। লক্ষণায়, নিজে ভোগ না করিয়া অন্যের ভোগ সাধন করে। রেয়ান্দ চীনি···ষ্য.(হিং রেবান্দ চিনী)। হিমালয়ের বৃক্ষ বিশেষ (Rhubarb. Rheum) হইতে প্রাপ্ত ঔষধ দ্রব্য।

চিন্ত···ধাতু. (সং চিন্ত ধাতু)। চিন্তি—স্মরণ করি, প্রঃ—ভাবিয়া চিন্তিয়া, চাইয়া-চিন্তিয়া —এই দুই পদ পাওয়া যায়। চিন্তা ॥ চিন্তা-মণি···ষ্য. (সং)। (সংতে) এমন মণি যে ধারকের যাবতীয় অভীষ্ট সিদ্ধ হয়; ভগবান হরি।

চিন্তা···ষ্য. (চিমটা ?)। কূলের জালপদ দীর্ঘ শ্বেতবর্ণ পক্ষী বিশেষ (Spoonbill. Platalea leucorodia)। চঞ্চু চেপটা, যেন দুই খান চামচ (ইহা হইতে হিং চামচ-বাজা, ইং Spoonbill)। বঙ্গে কদাচিৎ দেখা যায়। দক্ষিণ-ভারতে প্রসিদ্ধ।

চিন্না ··ষ্য. (চিতানা, কিংবা চিহ্ন হইতে)। চিরনীর মতন সরু দাঁতাল রাঁধা (ছুতারের। ওং চিতারন্দা)।

চিহ্নৎ (গ্রাং)·· ণ. (সং চিহ্নিত। তুং গণিত-কার—গণৎকার)। চিহ্নিত।

চিপ ··ধাতু. (চাপ ধাতু দেখ)। চিপি—সরু দ্রব্য দিয়া চাপি (চওড়া দ্রব্য দিয়া চাপা)। চিপন, চেপা ॥ চিপ · ষ্য. যাহা দ্বারা চেপা যায়। চিপা···ধাতু. (চিপ ধাতু আস্তে)। চেপানা।

চিপটা ··ধাতু. (সং চপেট, চিপিট হইতে)। চিপটাই—চিপিট, চেপটা করি। চেপটা, চেপটানা ॥

চিবা, চাবা···ধাতু. (সং চর্বিত হইতে। পূর্ববঙ্গে চাবা, ওং চোবা, হিং চাব, মং চাব ধাতু। সুতরাং চাব ধাতুই শুদ্ধ)। চিবাই, চাবাই—চর্বণ করি। চিবানা, চাবানা ॥

চিমটা···ষ্য. (সং নাম সুচুটী। হিং চিমটা, ওং সণ্ডাশি; সং সন্দংশ। বোধ হয় চিপিট হইতে। যাহা দ্বারা চিপিট—চেপটা করিতে পারা যায়)। ছোট সাঁড়াশী বিশেষ; সন্না।···ধাতু. চিমটাই—আঙ্গুলের চিমটা দ্বারা পীড়া দি-ই। চিমটানা ॥

চিমটি ··ষ্য. দুই আঙ্গুল দিয়া চিমটা। চিমটি কাটা—চিমটি দ্বারা চর্ম আকর্ষণ। (চর্ম শব্দে টি প্রত্যয় ? তুং কানটি—কান টানা।)

চিমড়, চিমড়া···ণ. (চাম+ড়, ড়া। তুং চামড়)। চর্মের মতন যাহা সহজে ভাঙ্গে না।

চিমনি···ষ্য. (ইং Chimney)। ধূমনির্গম-নালী; দীপের ধূমনির্গম নলী। (সং তেমনী)।

চিমসা···ণ. (চাম+সা—সাদৃশ্যার্থে)। চর্ম সদৃশ দুশ্ছেদ্য, চর্মগন্ধী।

চিয়া, চিআ·· ধাতু. চি ধাতু দেখ।

চির···ধাতু. (সং চর ধাতু ভক্ষণে; চীর্ণ—বিদীর্ণ; চিরি ধাতু বধে)। চিরি—বিদীর্ণ করি, দুই ভাগ করি। চেরা, চিরনী ॥ (কাঠ চেরা—শস্ত্রাদি দ্বারা লম্বা দুই খণ্ড করা; কাঠ চেলা —কুড়াল দিয়া কাটিয়া খণ্ড খণ্ড করা)। চেরা ··ধাতু. (চির ধাতু আস্তে)। চেরানা ॥ চির···চিরিলে যে খণ্ড হয়, প্রঃ—এক চির পান; নখেতে করিব দুই চির (কবিকঃ)।

চির-কাল ··ষ্য. (সং)। দীর্ঘকাল। চির-কালিয়া, চির-কেলে ··ণ. দীর্ঘকাল স্থায়ী, প্রঃ—চিরকেলে কথা।

চিরঞ্জি·· ষ্য.(হিং)। পিয়াল গাছের (Buchania latifolia) ফল। এই ফলের শাঁসে বাদামের তুল্য স্বাদু তৈল আছে। এই হেতু লোকে শাঁস খায়, শাঁস হইতে তৈল বাহির করে। (পিয়াল দেখ)।

চিরনী···ষ্য. (চির ধাতু অন=চিরন+ঈ। ওং নাম পানিআঁ—সং প্রবেণী (বিন্যস্ত কেশ-

পাশ)। হি° কঙ্গহী—বা° কাঁকই; ম° ফণী; তেলুগু দু-বেণা—যাহা কেশকে দুই বেণীতে ভাগ করে?)। সরুদাঁত কাঁকই, প্রঃ—সুন্দর সিন্দূর ভালে চিরনী কুন্তল-জালে (কবিকঃ); আইসহ প্রাণের সই ধরহ চিরনী (কবিকঃ); চিরনীতে চিরিয়া চিকুর বন্ধ কৈল (মাঃ)।

চিরপট্টী, চিরপটী···ষ্য. (স° চির্ভটী—হর্ষক্রীড়াবাক্, চর্টরী। শব্দটি প্রথমে মনে হয় স° চীরপট্টী, চীরপট্টিকা—পট্টবস্ত্রের পটী, পাগড়ী, ফিতা। তু° ম° চিরীপট্টী—কেশবেশ। কিন্তু অর্থে একেবারে ভিন্ন)। নানা আয়োজন, বিশেষ আয়োজন, খুঁটি-নাটি (নারী ভাষায়)।

চিল্লা···ষ্য. (হি°)। চীৎকার, কলহ।

চিরা · চীরা দেখ।

চিরাগ···চেরাগ দেখ।

চিরাই (গ্রা°)···ণ. (স° চিরায়ুঃ)। চিরায়ুঃ (শূং পুঃ)।

চিরাতা···ষ্য. (স° কিরাতক; কি স্থানে চি হইয়াছে। চিরতিক্ত—বৈদ্যকঃ)। হিমালয়ের অতিতিক্ত ক্ষুদ্র শাক বিশেষ (Swertia chirata)। জ্বরঘ্ন বলিয়া প্রসিদ্ধ আছে।

চিল···ষ্য. (স° চিল্ল)। প্রসহবর্গের দিবাচর পক্ষী। চি-ই-ই-ল শব্দ করে বলিয়া নাম চিল (The common kite. Milvus govinda)। খদির বর্ণ, তাহাতে কৃষ্ণ চিহ্ন আছে। পক্ষ দীর্ঘ, চঞ্চু-অগ্র বক্র, পুচ্ছ ফিঙ্গার মতন। পুং,-ছোট প্রায় এক হাত, স্ত্রী°,-প্রায় দেড় হাত। শঙ্খ-চিল ··ষ্য. চিল বিশেষ (The Brahminy kite. Haliastus indus)। প্রায় এক হাত দীর্ঘ। মাথা গলা পেট শাদা (এই হেতু নাম শঙ্খ চিল), উপর খয়রা। পক্ষ বৃহৎ; চঞ্চু বৃহৎ, চাপা; পা ছোট, নখর বক্র; পুচ্ছ গোল। (লোকে শঙ্খ শব্দে শঙ্কর করিয়া শিবের প্রিয় চিল মনে করে)। মাঠ-চিল ··চিল বিশেষ (marsh harrier. Circus æruginosus)। পানি-ডোবির সদৃশ। প্রায় এক হাত দীর্ঘ; খয়রা-বর্ণ। জলের ধারে বসিয়া বেঙ্গ মাছ পোকা খায়। শঙ্খচিলও জলের ধারে থাকে। চিল উড়া—গ্রাম্য দাঙ্গার সময় পুলিশ কিংবা বাহিরের লোক আসিলে লোকে বলে চিল উড়িয়াছে—সাবধান।

চিলম ··ছিলিম দেখ।

চিলমচী ··ষ্য. (তুর্কী)। হাত ধুইবার ধাতু-পাত্র; করুয়া।

চিলাঘর ··ষ্য. (স° শিরোগৃহ)। পাকা বাড়ীর ছাদস্থিত ঘর। চিলা-ছাত ··ষ্য. চিলা-ঘরের ছাদ।

চি-হিঁ···ব্য. (স° হ্রেষা)। ঘোড়ার শব্দ।

চিহ্ন ··ষ্য. (স°)। দাগ, লক্ষণ। চিহ্নত···ণ. (স° চিহ্নিত)। জ্ঞাত, লক্ষিত। চিহ্নত-নামা··· (ফা° নামা)। জমির সীমানা লেখন-পত্র।

চীক ··ষ্য. (তুর্কী)। যবনিকা; দোড়ী দিয়া বোনা শলার আবরণ।

চীজ···ষ্য. (ফা°। তু° স° তৈজস্)। মূল্যবান বস্তু, বস্তু। চীজ-বস্তু ··ষ্য. (সহচর শব্দ)। দ্রব্য-সামগ্রী।

চীনা···ষ্য. (চীন+আ)। চীনদেশজাত, চীনদেশীয়; প্রঃ—চীনা কামরাঙ্গা, ঘাস, নারাঙ্গা, বাদাম, বাসন। চীনা মাটি··· শ্বেতমৃত্তিকা। চীনা সিন্দূর···সিন্দূর দেখ। ··ষ্য. (স° চীনক, চিন্ন)। শ্যামা ধান্যের

সদৃশ ক্ষুদ্র ধান্য বিশেষ (millet. Panicum miliaceum)। চীনা নাম হইলেও চীন দেশ হইতে আসিয়াছে কিনা সন্দেহ। বিহারে, বিশেষতঃ বোম্বাইপ্রদেশে, চাষ আছে। পাতা চওড়া, লোমশ। শীষ বহু-বিভক্ত, পাকিলে বাঁকিয়া পড়ে। চীনাঘাস—ঘাস দেখ।

চীরকুট ··ষ্য. (সং চীর—বস্ত্রখণ্ড বা নেকড়া, রেখা লিখন ; কুট—কুটিলতা। মং চিরগূট—বাং টেনা।)। টেনা, চেরা ছেঁড়া বস্ত্র ; ছেঁড়া চোঁতা কাগজ, কুৎসিৎ লিপি।

চীরা···ষ্য. (সং চীর)। শিরস্ত্রাণ, বিবিধবর্ণের পাগড়ী।

চু···ধাতু. (সং চ্যু ধাতু ক্ষরণে)। চুই—জলাদি রস ক্ষরি, স্রাব হই ; প্রঃ—ফোড়া হইতে রস চুইয়া পড়িতেছে। চুয়া॥ (চুয়া দেখ)।

চুঁ ··ধাতু. (সং শুষ ধাতু শোষণে)। চুঁই—রসশূন্য হই, আদগধ হই ; প্রঃ—মাছ চুঁইয়া গিয়াছে—আদগধ হইয়াছে ; জল পায় নাই গাছ চুঁইয়া গিয়াছে। চোঁয়া॥ চোঁয়া ঢেকুর—যে উদ্গারে চোঁয়া খইর গন্ধ থাকে, অন্য নাম খই-ঢেকুর ; ধূমোদ্গার। চোঁয়া···ধাতু. (চুঁ ধাতু আস্তে)। চোঁয়ানা, চোঁয়ানি॥ চোঁয়ানি···ষ্য. চোঁয়াতে উৎপন্ন দ্রব্য, প্রঃ—চাল-চোঁয়ানি।

চুঁই-চুঁই···ব্য. (সং শুষ ধাতু হইতে। চুঁ ধাতু দেখ)। শোষণ শব্দে, প্রঃ—কড়াইর জল চুঁই চুঁই করিয়া মরিয়া গেল। চোঁ-চোঁ···ব্য. জল শোষণে, প্রঃ—চোঁ-চোঁ করিয়া দুধ খাওয়া, বানের জল চোঁ-চোঁ করিয়া মরিয়া গেল।

চুক···ষ্য. (চুকা ধাতু দেখ)। ত্রুটি, ভুল। ভুল-চুক ··ষ্য. (সহচর শব্দ)। ভ্রম।

চুকা···ধাতু. (ওং চুকা, হিং চুকা, মং চুক ধাতু। সুতরাং সং মূল থাকিবে। সং ত্বক্ষ—তনুকরণ হইতে ? চুকাই—ক্ষীণ করি ?)। চুকাই—শেষ বা সমাপন করি, প্রঃ—হিসাব চুকানা, কাজ চুকানা॥

চুক্‌-চুক··ব্য. (চক্ চক দেখ। কিংবা চুষ ধাতু পানে। চুষ—চুখ—চুক। তুং সং চুচুক)। পান শব্দে, প্রঃ—কুকুর চুক্‌চুক করিয়া দুধ খায় ; চুকু চুকু চুকু চুষ্য চুষিয়া (ভাঃ)।

চুকতি ··ষ্য. (চুকা ধাতু দেখ)। কর্ম সম্পাদন-নিয়ম।

চুকলি, চুগলি·· ব্য. (ফাং)। কুৎসা, অগোচরে নিন্দা। (বাংতে প্রায় অপ্রচলঃ)।

চুকা ··ষ্য. (সং চুক্র। তুং তক্র হইতে টক)। অম্ল, টক, প্রঃ—চুষি চুষি চোকা আঁটি (চৈঃ চঃ ; চুকা—টক (আমের) আঁঠি) ; প্রঃ—চুকা পালম।

চুকা···ধাতু.। চুক দেখ।

চুঙ্গী ··ষ্য. (সং তুর্ণী)। সরু চোঙ্গা ; হিংতে ব্যাপারে কয়ালের প্রাপ্য বেতন, নগরের শুল্ক।

চুঁচ ··ধাতু. (সং শুষ ধাতু শোষণে)। চুঁচি—হাত দিয়া রস চালনা করি, প্রঃ—পা-ব্যথায় হাত দিয়া পা চুঁচিয়া দেওয়া যায়। চোঁচা॥ চোঁচা···ধাতু. (চুঁচ ধাতু আস্তে)। চোঁচানা॥

চুঁচি···ষ্য. (সং চুচুক—কুচাগ্র)। যুবতীর কুচ (অশিষ্ট)।

চুট···ধাতু. (সং চুট ধাতু ছেদনে)। চুটি—আঘাত দিয়া কাটি, প্রঃ—কাটারীতে হাত চুটিয়া ফেলিয়াছে। চোট, চোটা॥ চোট ··

ষ্য. ক্রোধ, কোপ ; আঘাত, প্রঃ—এক চোটে গজস্কন্ধ করিয়া ছেদন (কবিকঃ)। বিপঃ—আ-চোট, প্রঃ—আ-চোট মাটি—যে মৃত্তিকা কোদালির আঘাত পায় নাই। চোটা··ধাতু. (চোট হইতে)। চোটাই—কোপাই, শস্ত্র দিয়া বেগে পুনঃ পুনঃ আঘাত করি। চোটানা ॥

চুটকী ··ণ. (চটক দেখ)। চটকী, চটকবিশিষ্ট কিন্তু তুচ্ছ। চুটকী সুর ··যে গানের সুরের বাহার আছে, কিন্তু যে সুর অল্পায়াসসাধ্য। (কিংবা সং ছোটিকা—টুসকি)। আঙ্গুলের টুসকি মারিয়া যাহা গান করিতে পারা যায়, এমন লঘু সুর। ··ষ্য. (সং ছোটিকা)। নারীর পায়ের আঙ্গাটী ; প্রঃ—রতন চুটকী (জ্ঞানদাস)।

চুটকী···ষ্য. (সং চূড়ক,। ব্রাহ্মণাদির মস্তকের শিখা (চৈতন-চুটকী দেখ)। (২) শাখাশ্রয়ী বর্গের কীটগ্রাহী পক্ষী। এই পক্ষীর অনেক জাতি আছে। অধিকাংশ শীতকালে বঙ্গদেশে আসে এবং গ্রীষ্মে হিমালয়ের দিকে চলিয়া যায়। মাথায় চুটকী—শিখা আছে, বলিয়া নাম। কতক লোম নাকের উপর ঝুলিতে থাকে। মাটিতে প্রায় নামে না। এক জাতি খয়রা, ৬।৭ আঙ্গুল (Fly-catcher. Siphia albicilla)। আর এক জাতি নীলবর্ণ (Cyornis rube-culoides)।

চুটী ··ষ্য. (হিং। প্রায়ই ঝুটী। সং চূড়া)। মাথার চুল।

চুড়া ··ষ্য. (হিং। সং চিপিটক)। চিড়া।

চুড়ী, চুড়···ষ্য. (সং চূড়া—বাহুভূষণ)। কাচের ও স্বর্ণাদি ধাতুর বাহুভূষণ।

চুড়ীদার ··ণ. (বাং চুড়ী, ফাং দার)। যে জামা বা পা-জামার হাতা বা পা কুঞ্চিত।

চুতিয়া ··ষ্য. হাতড়ী দেখ।

চুদ · ধাতু. (সং চুদ ধাতু প্রেরণে)। চোদা ···মৈথুন করা (অশ্লীল)। চোদা ··ধাতু. (চুদ ধাতু আস্তে)। চোদানা ॥

চুন ··ধাতু. (বাং চোনা, হিং চুঁৰ্ঁা—সং চুম্ব ধাতু ? সং উঞ্ছ ধাতু বর্ণ-বিপর্যয়ে ?)। চুনি—উপরের সারাংশ লই। চোনা, চুনন ॥ চোনা ··ধাতু. (চুন ধাতু আস্তে)। চোনানা ॥ চুনট···ষ্য. নির্বাচন।

চুনট···ষ্য. (সং চূর্ণ ধাতু সঙ্কোচে। হিং চুনত—চূর্ণিত)। বস্ত্রভঙ্গা, ঊর্মিকা।

চুনা ··ণ. (সং চূর্ণ)। ক্ষুদ্র, প্রঃ—চুনা মাছ—ক্ষুদ্রজাতীয় মৎস্য। চুনা-পুঁঠী···(ক্ষুদ্র মৎস্য ও পুঁঠী। সহচর শব্দ)। পুঁঠীর তুল্য ক্ষুদ্র মৎস্য। (বিপঃ—রুই কাতলা)। লক্ষণায়, অকিঞ্চিৎকর মানুষ।

চুনী···ষ্য. (সং শোণ—মাণিক্য)। মাণিক, ক্ষুদ্র মাণিক।

চুপ ··ণ. (সং চুপ ধাতু মন্দগমনে)। নিঃশব্দ। চুপ করা—শব্দ বন্ধ করা। চুপ রহা—নিঃশব্দে থাকা। চুপ হওয়া—নিঃশব্দ, নিরুত্তর হওয়া। চুপে চুপে, চুপি-চুপি, চুপ-চুপ ··নিঃশব্দে ; অলক্ষিতভাবে।

চুপড়ি, চুবড়ি ··ষ্য. (চুব ধাতু মজ্জন। চুবড়ি—যাহা জলে ডুবানা হয়। তুং সং কুবেণী—মাছের চুবড়ি। ক স্থানে চ এবং ণ স্থানে ড় হইতে পারে। কুবেণী—চুবেড়ী—চুবড়ী ?) বাঁশের বেতীর পাতলা বোনা ছোট পাত্র ; প্রঃ—কুঞ্জ নহে তার সে বুদ্ধির চুবড়ি (কৃত্তিঃ আদ্যে) ; পসরা চুপড়ি পাটি লইল

ফুল্লরা (কবিকঃ); পাটি—বসিবার চাটাই। সিন্দুর-চুবড়ি…কেশ-প্রসাধন রাখিবার কড়ি বসানা পাতিয়া (পেত্যে)।

চুপসা…ধাতু. (চুব ধাতু দেখ। চুবা-সদৃশ—চুবসা—চুপসা)। চুপসাই—আর্দ্র হই, প্রঃ—পুরাতন কাগজে লিখিবার সময় কাগজ চুপসায়—যেন কালীতে চুবানা হয়। চুপসানা॥

চুবক…ষ্য. (সং চ্যবক? চুয়া দেখ)। চুয়া (চণ্ডীঃ)।

চুবা…ধাতু. (বাং চুবানা, হিং চুৱানা—ক্ষরণ, মং চুৱকন্‌ণেঁ—ক্ষরণ। অতএব বাং চুবা ধাতুর মূল সং চ্যাবিত)। চুবাই—জলসিক্ত করি, জল ক্ষরিত করি, ডুবাই; প্রঃ—জলে বাসন চুবাইয়া আন, বলির পাঁঠা জলে চুবাইতে হয়। চুবানা॥ (তুং চব্-চব)।

চুম…ষ্য. (সং চুম্ব, চুম্বন। ওং চুম্ব, হিং চুমা। বাংতে চুমা নহে চুম)। চুম্বন। (চুম খাওয়া, চুম দেওয়া)। চুমকড়ি · ষ্য. (সং চুম্ব-কৃতি)। চুম্বন শব্দ, প্রঃ—পোষা পাখীকে চুমকড়ি শেখানা। চুম ··ধাতু. চুমি—চুম্বন করি, প্রঃ—শচী কোলে লৈয়া মুখ চুমে (বৈষ্ণবপদে)। চুমা॥ চুমক, চুমুক ·…ষ্য (সং চুম্ব ধাতু হইতে)। ওষ্ঠ দ্বারা মৃদু স্পর্শ, প্রঃ—চুমক দিয়া দুধ খাওয়া; গণ্ডূষ, প্রঃ—এক চুমক দুধ। (শুং পুঃ—চুমুক—জলবিম্ব। এই অর্থ আসে কি হেতু?)। চুমুক ··ধাতু. (বোধ হয় চুমকা)। চুমুকি—চুমক দিয়া খাই, প্রঃ—চুমুকে চকচক পেয় পিয়া (ভাঃ)। চুমুকা॥ চুমকী…ষ্য. (তুং মং চম্বু। হিং চুভকী—ডুবন)। কানা-পাতলা সরু-মুখ ছোট ঘটী, চুমক দিয়া জল পানের যোগ্য ঘটী।

চুমকী ··ষ্য. (চমক—দীপ্তি হইতে। হিং চমকী)। রাঙ্‌তার ছোট গোলার্ধ (প্রতিমা সাজাইতে লাগে)।

চুমরা…ধাতু. (চুমকড়ি দেখ। চুম্বন-রব—চুমরা। তুং হিং চুমকারনা—টিটকারি দেওয়া)। চুমরাই—মৃদু তর্জন করি (অশিষ্ট); প্রঃ—লোকটাকে চুমরাইয়া দেওয়া গেল—যেন চুম্বন দ্বারা ভর্ৎসনা। চুমরানা॥

চুম্ব ··ধাতু. (সং)। চুম্বি—আদরে মুখ দিয়া স্পর্শ করি। চুম্বা॥ (পদ্যে)

চুম্বক…ষ্য. (সং)। অয়স্কান্ত (magnet); সংতে আর এক অর্থ সংগ্রহকারী, ইহা হইতে বাংতে সংগ্রহ, সারাংশ, সংক্ষিপ্ত বিবরণ।

চুয়া ··ষ্য. (সং চ্যু ধাতু ক্ষরণে; সং চ্যুত। ওং চুআ, হিং চোআ)। মূলার্থ, যাহা চোয়াইয়া পাওয়া যায়; ধুনা চোয়াইলে যে স্রাব বা নির্যাস হয়। ধুনার সঙ্গে বেণামুল, মুথা ইত্যাদি সুগন্ধ দ্রব্য যোগ করিয়া চোয়াইলে সুগন্ধ চুয়া হয়। পূর্বকালে চন্দন চুয়া একত্র মুখে লেপন করিয়া মান্য লোকের সম্মান ও আদর করা হইত। এখন আতর গোলাপ আসিয়া চন্দনের মৃদু সুরভির স্থান লইয়াছে। কবিকঃ—হরিদ্রা চন্দন চুয়া কুঙ্কুম কস্তুরী। চুয়া…ধাতু. (সং চ্যুত হইতে)। চুয়াই—পাতিত, ক্ষরিত করি, প্রঃ—সদ্য দিল চুয়াইয়া সাত ঘড়া সুরা (মাঃ)। চুয়ানা, চোয়ানা॥ (হিংতে চুৱানা, চুআনা, চুলানা। বাংতে চুলা ধাতু হিং হইতে আসিতেছে)।

চুয়াত্তর…ণ. ষ্য. (সং চতুঃসপ্তুতি)। চারি অধিক সত্তরি সঙ্খ্যা,-সঙ্খ্যক; ৭৪।

চুয়ান্ন ··ণ. ষ্য. (সং চতুঃপঞ্চাশৎ)। চারি অধিক পঞ্চাশ সঙ্খ্যা,-সঙ্খ্যক ; ৫৪।

চুয়াল···চোয়াল দেখ।

চুয়াল্লিশ · ণ. ষ্য. (সং চতুশ্চত্বারিংশৎ)। চারি অধিক চল্লিশ সঙ্খ্যা,-সঙ্খ্যক ; ৪৪।

চুরানব্বই···ণ. ষ্য. (সং চতুর্নবতি)। চারি অধিক নব্বই সঙ্খ্যা,-সঙ্খ্যক ; ৯৪।

চুরাশি, চুরাশী ··ণ. ষ্য. (সং চতুরশীতি)। চারি অধিক আশি সঙ্খ্যা,-সঙ্খ্যক ; ৮৪।

চুরি ··ষ্য. (সং চৌর্য—চোরি ; তুং বিদ্যাপতি, মন করিলি চোরি। ওং চোরি, হিং মং চোরী)। চৌর্য, অপহরণ। চুরি-চামারি ···ষ্য. (চুরি ও চামারের বৃত্তি। পূর্বকালে চামারের বৃত্তি কি চৌর্য ছিল ? নতুবা সহচর শব্দ হইত না)। চুরি। পুকুর চুরি ·· অসম্ভব ব্যাপারের সম্ভাবনা ; মিথ্যাকে সত্য প্রমাণ।

চুরুট ··ষ্য. (তামিল সুরুট্টু। তেলুগু পগাকু—ধূমবর্তিকা। ওং পিকা—সং বর্তিকা হইতে)। তামুক পাতার বর্তিকা। (প্রাচীনকালের ধূমবর্তিকা তামুক-পাতার হইত না। তামুক দেখ।)

চুল ··চুল দেখ।

চুলকা···ধাতু. (বাং চুলকা ; ওং কুণ্ডা ; হিং খুজলা, চুল ; মং খাজ ধাতু। খুজলা খাজ ধাতুর মূল সং খর্জু ; ওং কুণ্ডা ধাতুর মূল কণ্ডূ। হিং চুল বাং চুলকা সং শূল হইতে। হিং চুল-চুলানা বাং শূলশূলানি)। চুলকাই —কণ্ডূয়ন করি ; প্রঃ—চক্ষু মুদি দুই হাতে চুলকান চুল (ভাঃ)। চুলকানা॥ চুলকানি, চুলকনা···ষ্য. কণ্ডূতি, খর্জু। চুলকাইয়া ঘা করা—নখ দ্বারা বিদারণ করিয়া ক্ষত উৎপাদন। লক্ষণায়, অনাবশ্যক চেষ্টিত দ্বারা বিঘ্ন আনয়ন।

চুল-বুল ··চলা-বুলার অপভ্রংশ। চল ধাতু দেখ।

চুলা ··ষ্য (সং চুল্লা)। শবদাহের চিতা ; বড় উনান। চুলায় যাওয়া—ভস্মীভূত হওয়া। চুলী ··ষ্য. (সং চুল্লী)। বড় উনান। চুলা-মুখা ··যে পুরুষের মুখ অগ্নিতে দগ্ধ হইয়াছে। স্ত্রীং চুলামুখী (গালিতে)।

চুষ ··ধাতু. (সং শুষ ধাতু শোষণে, চুষ ধাতু পানে)। চুষি—মুখ দিয়া রস টানি। চোষা॥ কলিকা চোষা—তামুকের ধূম পান। চোষা ··ধাতু. (চুষ ধাতু আস্তে)। চোষানা॥ চুষি, চুষি-কাটি ··ষ্য. ছোট ছেলের চুষিবার কাষ্ঠখণ্ড।

চুড় ··চূড়ী দেখ।

চুড়্-চুড় ··ণ. (সং চূড়া)। চূড়াবৎ, উচ্চ ; প্রঃ—চাঙ্গারীর শীল চুড়্-চুড় হইয়াছে।

চূড়ান্ত ··ষ্য. (সং চূড়া+অন্ত। কিংবা সং চূড়া+বাং বস্ত)। শেষ, প্রঃ—চূড়ান্ত নিষ্পত্তি।

চূড়ী···ষ্য. (সং চূড়া—বাহুভূষণ—মেঃ। প্রাচীন সং নাম (যজুর্বেদে) কাচ, ওড়িয়াতে অদ্যাপি কাচ, তেলুগুতে গাজু—কাচ। অতএব বহুকালাবধি কাচের চূড়ী আছে)। কাচের বাহুভূষণ বিশেষ। কাচের পরিবর্তে সোনারও হইয়া থাকে। বেলোয়ারী (বিলৌরী) চূড়ী ···কাচের চূড়ী।

চূত···ষ্য. (সং)। যোনি (অশ্লীল)।

চূন···ষ্য. (সং চূর্ণ)। ঘষিম, চুনিয়া পাথর, শামুক ঝিনুক ইত্যাদি পোড়াইলে যে শাদা চূর্ণ (lime) হয়। বাখারী চূন ··ষ্য. (সং

বল্কল হইতে বাখর (দেখ)। ঝিনুক শামুকের খোলা-পোড়া চুন। কলি-চুন··ষ্য. (সং কলন হইতে কলি। কিংবা কলি, কলাই দেখ)। মং কলী চা চুনা—কলির চুন)। চুনের লেপ দিবার চুন। চুন-ভাটী··ষ্য. (ভাটী দেখ)। চুন পোড়াইবার ভাণ্ডাকার ঘর। চুনের লাসা··(সং লাস—স্প)। চিট (টাটকা চুনের লাসা থাকে, পুরাতন হইলে থাকে না)। চুন-কাম··ষ্য. চূর্ণ-লেপ-কর্ম। চুন-কালী··ষ্য. ধিক্কার দিবার নিমিত্ত মুখে চুন ও কালী, প্রঃ—দাঁতে খড় গলায় বড় চুনকালি কপালে (মাঃ)—কপালে না দিয়া প্রায়ই এক গালে চুন অন্য গালে কালী দেওয়া রীতি। মুখ চুন করা—ভয়ে মুখ শ্বেতবর্ণ হওয়া। চুন হলুদা··ণ. চুন ও হলুদ মিশ্র; এই মিশ্রের তুল্য বর্ণ-বিশিষ্ট। চুন ফিরানা—চুনের লেপ দেওয়া। চুনারী··ষ্যাঁ. (সং চূর্ণকার)। চুন-কারক জাতি বিশেষ। চুনাতি··ষ্য. (সং চূর্ণপাত্র, চূর্ণবতী)। চুন রাখিবার ছোট বাটী বা খুরী; প্রঃ—ডাবর চুনাতি বাটা (কবিকঃ)। চুনিয়া, চুন্যে··ণ. (চুন+ইয়া)। চুন-যুক্ত, প্রঃ—চুন্যে মাটি।

চুর··ষ্য. (সং চূর্ণ)। চূর্ণ, গুঁড়া, প্রঃ—খই-চুর, লোহার চুর। ণ. (সং চূর্ণিত)। বিহ্বল, প্রঃ—নেশায় চুর। চুরমা··ষ্য (হিং। চূর্ণ মিষ্টান্ন)। রুটী গুঁড়া করিয়া চিনী ও ঘিতে ভাজা খাদ্য। চুর-মার··ণ. (সং চূর্ণ, মৃত; সহচর শব্দ)। চূর্ণ-বিচূর্ণ, খণ্ড-বিখণ্ড। চুর·· ধাতু. চুরি—চূর্ণ করি। চোরা॥ তুং ভাঙ্গা-চোরা।

চুর-চুর·· চুড়-চুড় শব্দের অপভ্রংশ।

চুল··ষ্য.(সং চুল—আগ্রে। তুং সং চূড়া—শিরোমধ্যস্থ শিখা মাত্র। চূড়া চুলা এক। এই হেতু অন্য তিন ভাষায় কেশ অর্থে ওং বাঠ, হিং বাল, মং বাল। বাংতে চুল বানান না মূলের সহিত, না উচ্চারণের সহিত মেলে)। কেশ। কটা, কাঁচা, পাকা, আড়-পাকা চুল·· বিশেষণ শব্দগুলা দেখ। কোঁকড়া চুল · কুঞ্চিত কেশ। ঝাঁকড়া চুল ·· ঝাঁক ঝাঁক করা চুল (ঝাঁক দেখ)। ঝাঁপড়া চুল··যে চুলে মাথা ঝাঁপাইয়া—আবৃত করিয়া—রাখে। চাঁচর চুল·· তরঙ্গিত কেশ। ঢেউ-খেলা চুল··তরঙ্গিত কেশ, যাহা ঢেউ খেলিতেছে। ঢেউ খেলানা চুল··যে চুল তরঙ্গিত করা হইয়াছে। (তুং কোঁকড়া চুল, কোঁকড়ানা চুল)। চুল রাখা মাথা দাড়ীর চুল· ঠাকুরের উদ্দেশে রাখা; চুল নাকাটা। চুল দেওয়া··ঠাকুরকে চুল দেওয়া। পাঁচ-চুলা করা·· মাথার পাঁচ ঠাঁই চুল রাখিয়া মাথা মুড়ানা। তখন একটা শিখা না থাকিয়া পাঁচটা থাকে, ইহাতে অপমান করা হয়। প্রঃ—লঘু ডেকে নাপিত করায় পাঁচচুল্যা (মাঃ)। এখন পাঁচচুলা করা গিয়াছে, মাথায় ঘোল ঢালাও গিয়াছে। চুলা-চুলি··ষ্য. চুল ধরিয়া পরস্পর আকর্ষণ। চুল-চেরা··ণ. চুল চিরিয়া ভাগ করার মতন সূক্ষ্ম বিষয়ক। চুল প্রমাণ··ণ. চুলের স্থূলতা পরিমিত।

চেং··চাঙ্গা মাছ দেখ।

চেইন··ষ্য. (ইং Chain)। শিকল। ৬৬ ফুট দীর্ঘ মাপিবার শিকল।

চেও (গ্রাং)···চোয়া দেখ।

চেক··ষ্য. (ইং Check)। টাকা দিবার

আজ্ঞাপত্র; টাকা প্রাপ্তির নিদর্শন-স্বরূপ স্বীকারপত্রের অর্ধাংশ। চেক-দাখিলা ··ষ্য. ছাপা দাখিলা-পত্র। চেক-মুড়ী·· ষ্য. বাঁধা চেক-বহির প্রথম অর্ধাংশ (মুড়ী—মাথা)।

চেঙ্গাড়া···ণ. (চাঙ্গাড়া দেখ)। প্রগল্‌ভ (যুবা), প্রঃ—চেঙ্গড়া ভুলায়ে খায় কত জানে ঠুলি (ভাঃ) (ঠুলি ?)। ষ্য. চাপ, তাল, প্রঃ—শতপল স্বুবর্ণ চেঙ্গড়া (কবিকঃ)।

চেঁচা···ধাতু. (চেঁ চেঁ দেখ। সং চিৎ ধাতু হইতে। তুং চিৎকার)। চেঁচাই—উচ্চ-শব্দ করি, চিৎকার করি। চেঁচানা, চেঁচানি॥ চেঁচা-মেচি···ষ্য. (চেঁচা+সং মিছ ধাতু পীড়া হইতে মিছি-মেচি। সহচর শব্দ)। কর্ণপীড়া-কর চিৎকার।

চেঁ-চেঁ·· ব্য. (সং চন ধাতু শব্দে। চোঁ-চোঁ, চিঁ-চিঁ দেখ)। গাই দুহিবার শব্দে।

চেঁট···ষ্য. (সং চেট—উপপতি)। শিশ্ন (অশিষ্ট)। চেঁট করা—কিছু করিতে না পারা। পেট আর চেঁট·· আহার ও বিহার।

চেটকা, চেটকিয়া, চেটকো ··ণ. (চটাল দেখ। ওং চটকা। বোধ হয়, চাটু হইতে চাটুকা, চাটুকিয়া)। চাটুর তুল্য, অগভীর; প্রঃ—চেটকা পুকুর।

চেটা···চাটা দেখ।

চেটী ··ষ্য. (চাটা+ঈ—চাটাই, চেটী)। ছোট চাটা; প্রঃ—পাঠশালায় পড়ুয়ার তাল-চেটী।

[illegible]টী···ষ্য. (সং)। দাসী। চেড়ী।

[illegible]টো···ষ্য. (চাটুয়া দেখ)। করতল।

[illegible]ড়ী···ষ্য. (সং চেটী, চেড়ী)। দাসী, বাঁদী। (প্রাচীন বাংতে চেড়ী শব্দ পাওয়া যায়। সে কালে দাস দাসী কিনিতে পাওয়া যাইত। ক্রীত কিংবা দানে প্রাপ্ত না হইলে দাস কিংবা দাসী হইত না। অদ্যাপি দাস দাসী ক্রয় দেশ হইতে উঠিয়া যায় নাই)।

চেন্‌কা ··ষ্য. (চানকা দেখ)। প্রগল্‌ভ বালক।

চেনা · ষ্য. ণ. (চিন ধাতু দেখ)। অভিজ্ঞান। চেনা-পরিচয়···ষ্য. (সহচর শব্দ)। পরিচয়। চেনা-শুনা ··ষ্য. ণ. (সহচর শব্দ)। পরিচয়, পরিচিত।

চেন্না ··ষ্য. (সং চিহ্ন হইতে)। চিহ্ন-রেখা শ্রেণী করিবার রাঁদা (ছুতারের)।

চেপটা···ণ. (সং চিপিট—চিড়া। সং চপেট—করতল)। বিস্তৃত, অস্থূল। চেপটা-নাকো ···ণ. (সং চিপিট-নাস)। যাহার নাসিকা নত।

চেয়াড়ি, চেরাটি···ষ্য. (চেরা-কাটি। তুং মং চিরোটি)। বংশ-ত্বক, প্রঃ—মিথ্যা হৈলে চেয়াড়ে কাটিব তোর নাসা (কবিকঃ)।

চেয়ার ··ষ্য. (ইং Chair)। পিঠ-দেওয়া কাষ্ঠাসন; রাজকীয় আসন। চেয়ার-মেন ··ষ্য. (ইং Chairman)। সভাপতি। চেয়ার মেনি · ষ্য. (চেয়ার-মেন+ই)। সভাপতির কর্ম।

চেয়ে ··ব্য. (চা ধাতু দেখ)। অপেক্ষা, প্রঃ—নাই মামার চেয়ে কানা মামা ভাল। ···ক্রিয়া। চাহিয়া, দেখিয়া, মাগিয়া। চেয়ে-চিন্তিয়া ··মাগিয়া, সন্ধান করিয়া।

চেরাগ·· ষ্য. (ফাং চিরাগ)। দীপ (মুসলমানী ভাষায়)। চেরাগী ··দীপ-সম্বন্ধীয়; পীরের আস্তানায় দীপ-দান-সম্বন্ধীয় (ব্যয়, ভূমি)।

চেয়াটি·· চেয়াড়ি দেখ।

চেলা···ষ্য. (সং চেলুক—বুদ্ধভিক্ষু-শিষ্য—শব্দকল্প:। তু° সং চেট চেল—দাস)। শিষ্য, অনুবর্তী।

চেলা···ষ্য. (সং চেল ধাতু গতিতে, কম্পে। সং চিলিচিম—বৈদ্যক:। কিন্তু চরকের চিলিচিম রোহিত তুল্য)। নদীর মৎস্য বিশেষ। দেহ লম্বা ও চেপটা, শল্ক ক্ষুদ্র, মুখ উপর দিকে, উদরের ধার দন্তুর। এক জাতি ঘোড়া-চেলা (Chela ghora) ১০।১২ আঙ্গুল; অন্য জাতি ফুল চেলা (Chela phula) ৬।৭ আঙ্গুল লম্বা হয়।

চেলা·· ধাতু. (সং চীর্ণ হইতে। তু° ও° চিরিবা বা° চেলানা)। চেলাই—কুড়ালি দ্বারা বিদীর্ণ করি, প্রঃ—জ্বালানি কাঠ চেলানা॥ চেলা···বিদীর্ণ; চেলানা কাঠ।

চেলানি, চেলেনি (গ্রা°)···ষ্য. (চাউলানি অপভ্রংশে চালানি—চেলেনি। সং নাম তণ্ডুল-ধাবন)। চাল-ধোয়া পানি বা জল।

চেলী···ষ্য. (সং চেল—বস্ত্র)। পট্টবস্ত্র।

চেলো···ষ্য. (সং চেলান)। খরমুজ।

চেষ্টা···ষ্য. (সং)। কায়িক ব্যাপার, কার্য, গতি। চেষ্টা করা—প্রয়াস, অনুসন্ধান করা। চেষ্টা পাওয়া—প্রয়াস, উদ্যোগ করা। চেষ্টা-চরিত্র···ষ্য. (চেষ্টা—কায়িক ব্যাপার, চরিত্র—আচরণ। অর্থের নৈকট্য হেতু সহচর শব্দ)। প্রয়াস, উদ্‌যোগ।

চেহারা···ষ্য. (ফা° চেহরা)। মুখমণ্ডল, শরীর, আকৃতি।

চৈ ··চই দেখ।

চৈ-চৈ···ব্য. (সং চায় ধাতু দর্শন, শ্রবণ হইতে ?)। হাঁস কাছিম ডাকিবার শব্দে।

চৈত···ষ্য. (সং চৈত্র)। চৈত্র মাস। চৈতালী ··ণ. (সং চৈত্র+আলী)। চৈত্র মাসে জাত, প্রঃ—চৈঃ ফশল।

চৈতন ··ষ্য. (সং চৈতন্য-দেব হইতে)। মস্তকের শিখা। চৈতন-চুটকী ··ষ্য. (চুটকী দেখ। সং চূড়া—শিখা। ও° চুটি, হিং চোটী। চণ্ডীদাসে চুলি—চুল)। চৈতন্যদেবের অনুবর্তী শিষ্যেরা যেমন শিখা রাখিতেন; শিখা।

চৈন ··চয়েন, চেইন দেখ।

চোঁ, চোঁ-চোঁ···ব্য. (সং চুষ, শুষ ধাতু হইতে)। চোষণ, শোষণ শব্দে, প্রঃ—চোঁ-চোঁ-করিয়া চুমুক দিয়া দুগ্ধপান; চোঁ-চোঁ, চেঁ-চেঁ করিয়া গাইর দুধ দোহা। · ব্য. (সং চন্ ধাতু শব্দে, গতিতে)। বেগে গমনে, প্রঃ —চোঁ দৌড়।

চোক ··ষ্য. (সং চতুষ্ক)। চতুর্থাংশ; গণ্ডা কাহন মণ বিঘা প্রভৃতির চতুর্থাংশ; ।০। চোখ দেখ।

চোকল···ষ্য. (চকল দেখ। কিংবা সং চোলক—বল্কল—হেমঃ)। গমের তুষ।

চোকলা ··চকলা দেখ।

চোকা ··চুক ধাতু দেখ।

চোখ ষ্য. (সং চক্ষুঃ—চক্ষু—চউখ—চোখ)। দর্শনেন্দ্রিয় চক্ষু; দৃষ্টি; চক্ষুর আকারের অঙ্কুর বা কলি (bud)। চোখের পাতা··· চক্ষুর পত্র, পল্লব। চোখের রোআঁ···রোম। চোখের নিমেষ···চক্ষুর নিমীলন, স্পন্দন; সূক্ষ্ম কাল পরিমাণ। চোখের পলক···(বা° পলক—নিমেষ। নিমেষ দ্বারা পল—কাল পরিমিত হইত বলিয়া ? কিংবা সং পল্লব-ক —চোখের পল্লব—পাতা)। নিমেষ; প্রঃ—

(চোখের) পলকে প্রলয় ; রাত্রে একবারও পলক ফেলিতে পারি নাই। চোখের পিচড়া ··(সং পিচ্চট)। চোখের মল। চোখের ছানি ··(সং ছদি। সং ছাদন)। দর্শন-রোধক ছাদন-রোগ-বিশেষ (Cataract, opacity of the cornea, etc.)। (ছানি পড়া)। চোখ ওঠা·· চক্ষুর প্রদাহ (ophthalmia)। চোখের আঞ্জনী·· আঞ্জনী দেখ। চোখে চালিশা··চল্লিশ বৎসর বয়সের পর এই রোগ জন্মে বলিয়া চালিশা —নিকট-দৃষ্টিলোপ (longsighted-ness)। চোখে চশমা দেওয়া—প্রতিচক্ষুঃ ধারণ। চোখে ঝাপসা দেখা—যেন আবরণের মধ্য দিয়া দেখা। চোখ কর্‌কর করা—কর্‌কর দেখ। চোখ ছল্‌-ছল করা—ছল্‌ছল দেখ। চোখ ফেল্‌-ফেল, ভেল্‌-ভেল — ফেল্‌-ফেল দেখ। কটা চোখ···চোখের তারার চারি পার্শ্বে কটা বর্ণ। কোটরিয়া চোখ ··কোটরে অবস্থিত চক্ষু, ভিতরে প্রবিষ্ট। আড়-চোখ ···অর্ধনেত্র। ডব্‌-ডবা চোখ ··রসে ভরা ও বৃহৎ। টেরা চোখ···(সং টেরক)। বক্র দৃষ্টি। ডেবরা চোখ···(ডেবরা দেখ)। বড় ও ভাসা চোখ। পটোল-চেরা চোখ ·· পটোল চিরিলে যেমন দেখায়, দীর্ঘ বৃত্তাকার (তুং পদ্মপলাশলোচন)। ভাসা চোখ··· বৃহৎ ও সম্মুখে অবস্থিত। বসা চোখ··· ভিতরে প্রবিষ্ট। চোখ খাওয়া···অন্ধ হওয়া, প্রাঃ—হেন বর কেমনে আনিলি চক্ষু খেয়ে (ভাঃ)। চোখ-খাগী···যে নারী অন্ধ হইয়াছে, ন্যায়-অন্যায় বুঝিতে পারে না। পুং চোখ-খেগো। চোখের মাথা খাওয়া··· অন্ধ হওয়া। চোখ ঘুরানা ··ক্রোধে কিংবা প্রেমের অভিনয়ে। চোখ খুলিয়া দেওয়া··· প্রদর্শন, বুদ্ধি সংযোজন। চোখ টেপা ·· চোখের পাতা ফেলিয়া ইঙ্গিত করা (প্রায়ই নিষেধে)। চোখ ঠারা ··চোখের ইঙ্গিত দ্বারা আদেশ বা মন্ত্রণা। চোখ দেওয়া নিষেধ কিংবা কুদৃষ্টি নিমিত্ত দর্শন। চোখ-রাঙ্গানা ···ক্রোধে চক্ষু রক্তবর্ণ করা। চোখ-রাঙ্গানি ···ক্রোধ প্রদর্শন। চোখে চোখে রাখা··· দৃষ্টির বহির্ভূত না করা। চোখে ধূলা দেওয়া ···যেন ধূলি নিক্ষেপ দ্বারা অন্ধ করা, প্রবঞ্চনা করা। চোখ বুলানা· ·তাড়াতাড়ি সব দেখা (বুল ধাতু দেখ)। চোখে ধরা···দর্শনীয় বোধ হওয়া। চোখে লাগা···সুন্দর বোধ হওয়া। চোখে-কানে না দেখা···অধৈর্যে না দেখা না শোনা। চোখ কান বুজাইয়া থাকা · না দেখা না শোনা। চোখে মুখে কথা ··মুখ দিয়া কথা বাহিরায়, চোখ দিয়াও যেন কথা বাহির হইতে থাকে। উজ্জ্বল ও বুদ্ধিব্যঞ্জক চোখ নইলে চোখে কথা কহে না। চোখ-কানের বিবাদ ভাঙ্গা···দেখা ও শোনার ঐক্য করা। চোখের বালি ··চোখে বালি ধূলা পড়িলে যেমন চোখ কর্‌কর করে তেমন যাকে দেখিলে চোখ জ্বলে, চোখের যে পীড়াকর ; প্রাঃ—ননদিনী দেখয়ে চোকের বালি (চণ্ডীঃ)। ইহাই প্রকৃত অর্থ। যাকে দেখিলে রাগ হয়। রাগ অর্থে অনুরাগও আছে। এই অর্থে, যাকে দেখিলে প্রেমকলহ হয়। চোখের চামড়া (বা পর্দা) না থাকা···লজ্জায় চোখের পাতা না পড়া। এক-চোখুয়া, একচোখো ··এক দিক দেখে যে, পক্ষপাতী। দো-চোখুয়া, দো-চোখো···দুই দিক দেখে যে, সমদৃষ্টি।

চোখ-গেল্ ··ষ্য. (ডাক হইতে নাম। হিং নাম পাপীহা। কেহ কেহ ভুলে চাতককে বলে)। বৃক্ষচারীবর্গের পক্ষীবিশেষ (Hawk cuckoo. Hierococyx varius)। ১৬।১৭ আঁগুল দীর্ঘ, পাংশুবর্ণ। পুচ্ছ বিস্তৃত, তাহাতে কাল দাগ থাকে। উড়িবার সময় কুক্-কু কিংবা চোখগেল্ রব করে। কোকিলের মতন পরভৃত।

চোখ-দয়াল্ ··ষ্য. (দয়াল, দয়েল পাখীর সাদৃশ্যে)। বৃক্ষচারীবর্গের পক্ষীবিশেষ (Fantail flycatcher. Rhipidura albicollis)। ৯।১০ আঁগুল দীর্ঘ। ধূমবর্ণ, গলা শাদা। চক্ষু বড়, গোঁফ অনেক এবং দীর্ঘ, পুচ্ছ বড় ও গোল। উড়িতে উড়িতে কীট ধরিয়া খায়।

চোখা···ণ. (সং চোক্ষ)। তীক্ষ্ণ, প্রঃ—মারে চোক চোক বাণ (কৃত্তিঃ); বাঁকা মুখে কথা কহে চোখা (ভাঃ)। চোখাল্ · ণ. (চোখা+আল স্বার্থে)। চোখা; প্রায় চোখা।

চোগা···ষ্য. (তুর্কী)। মোগলের শিথিল অঙ্গাবস্ত্রবিশেষ; লম্বা, ঢিলা, সমুখ খোলা কোর্তাবিশেষ।

চোঙ্গা, চোঙ্গা···ষ্য. (চুঙ্গী দেখ। সং তূণী—শর রাখিবার চোঙ্গা। ফুঁকিবার চোঙ্গা সং ধমনী। হিং চোঙ্গা, ফোঁকী; ওং ফুকনি, সং ফুঁকণী। বাংতে ফুঁকনী শব্দও আছে)। নলাকার পাত্র, প্রায়ই বাঁশের; মোটা নল; ফুঁকনী।

চুঙ্গী ··ছোট চোঙ্গা।

চোঁচ···ষ্য. (সং চোচ—বল্কল। চোচং নারিকেলাদিফলবল্কলং—অঃ-টীঃ)। বাঁশ কাঠ প্রভৃতির তীক্ষ্ণমুখ কঠিন আঁশ; ফলাদির আঁশ। চোঁচাল্ ··ণ. (চোঁচ+আল)। চোঁচ-বিশিষ্ট। চোঁচালি···ষ্য. (চোঁচ+বল্কল। কিংবা চোঁচ+আলি)। চোঁচ।

চোট ··ষ্য. (চুট ধাতু দেখ)। আঘাত, ক্রোধ। চোট লাগা ··আঘাত পাওয়া। চোট মারা ···আঘাত দেওয়া। মুখের চোট ··ভর্ৎসনা। জ্বালার চোট ··জ্বালার তীব্রতা। আ-চোট ···ণ. অনাহত; অকৃষ্ট। চোট-পাট ··ণ. (চোট—আঘাত, পাট—ছেদন। সহচর শব্দ)। যেন কাটিতে ছিঁড়িতে থাকে, প্রঃ—চোটপাট জবাব—এমন উত্তর যাহাতে শ্রোতার মনে আঘাত লাগে, চিত্ত ফাটিয়া যায়।

চোটী ··ষ্য. (সং। তুং সং চোলী)। ঘাঘরা। (অপ্রচলঃ)

চোট্টা···ষ্য. (হিং। চোরটা—অবজ্ঞায় টা)। চোর, চোরের তুল্য নীচ।

চোড় ··ষ্য. (সং)। কাঁচুলী। (অপ্রচলঃ)

চোঁতা ··ণ. (সং চ্যুত—নষ্ট; কিংবা সং তুচ্ছ। তুং হিং টুচ্চা)। তুচ্ছ, নষ্ট বা পতিত। চোঁতা কাগজ ··তুচ্ছ কাগজ যাহা নষ্ট হইয়াছে।

চোদ্দ ··চৌদ্দ দেখ। চোদ্দবার···পুনঃ পুনঃ, প্রঃ—চোদ্দবার উঠিতে পারি না।

চোপড়···ষ্য. (চোপা+ড় স্বার্থে। চোপা, কাপড় দেখ)। আচ্ছাদন। (কাপড়-চোপড়; স্বতন্ত্র প্রয়োগ নাই)।

চোপরা ··ষ্য. (চোপা+রা স্বার্থে। চোপা দেখ)। খোষা ইত্যাদি আবর্জনা।

চোপসা···ণ. (চোপা+সা)। খোষার সদৃশ শুষ্ক, প্রঃ—চোপসা গাল। চোপসা ··ধাতু. চোপসাই—ত্বক সঙ্কুচিত শুষ্ক হই। চোপসানা॥

চোপা ··ষ্য. (ও° চোপা ; হি° চৌপ ; ম° চোথা—বা° ছিবড়া। বোধ হয় স° চুপ ধাতু চোপন—গোপন হইতে চোপা—আবরণ)। ত্বক, খোষা। খনার বচনে, যদি দেখ মাকুন্দ চোপা—মাকুন্দ স° মৎকুণ—শ্মশ্রুহীন পুরুষ; চোপা—যাহার মুখ ফলের ত্বকের ন্যায় মসৃণ—সুতরাং শ্মশ্রুহীন। মুখে মুখে চোপা করা—মুখে মুখে খোষা—আবর্জনা ত্যাগ করা; ইহা হইতে অসম্মানসূচক প্রত্যুত্তর করা। চোপা ··ধাতু. (কোপা ধাতু দেখ)। চোপাই—ত্বক্ কাটিয়া পৃথক করি, টুকরা টুকরা করিয়া কাটি। চোপানা॥

চোব-চীনী···ষ্য. (ফা° চোব—কাষ্ঠ, চীনের কাষ্ঠ)। চীনের ক্ষুপ বিশেষ (Smilax china)। এই ক্ষুপের শিকড় (china root) ঔষধে লাগে।

চোবড়া ··ধাতু. (চুব ধাতু দেখ। স° চ্যাবিত হইতে)। চোবড়াই—নিমজ্জিত করি, লিপ্ত করি, প্রাঃ—কাদায় কাপড় চোবড়ানা। চোবড়ানা॥

চোবদার ··ষ্য. (ফা° চোব—গদা+দার)। রাজদণ্ডবাহক। চোবদারি ··ষ্য. (চোবদার+ই)। চোবদারের কর্ম।

চোবল·· ষ্য. (স° কবল হইতে)। কামড়, দংশন, প্রাঃ—সাপে চোবল মারে। চোবলা ···ধাতু. চোবলাই—মুখ হাঁ করিয়া বেগে দংশন করি। চোবলানা॥

চোবে···ষ্য. (স° চতুর্ব্বেদ, চতুর্বেদী। হি°)। ব্রাহ্মণের উপাধিবিশেষ।

চোব্বিশ ··ষ্য. ণ. (সং চতুর্ব্বিংশতি)। চারি অধিক বিশ সঙ্খ্যা,-সঙ্খ্যাক; ২৪।

চোয়া (প্রা° চেও)···ষ্য. (স° চতুষ্ক)। চতুষ্কোণ গর্ত, গর্ত।

চোঁয়া···ণ. (চুঁ ধাতু দেখ)। আদগ্ধ, প্রাঃ—চুঁঞা পড়া আঘান দেবী পাইল তখন (শূং পুঃ)—চোঁয়া-পোড়া আঘ্রাণ। চোঁয়া-গন্ধ · ঈষৎ দগ্ধ হইলে যেমন গন্ধ হয়। চোঁয়া ঢেকুর···দগ্ধ অম্লোদ্গার, খই-ঢেকুর। চোঁয়ানি ··ষ্য. চোঁয়া দ্রব্য; চোঁয়া দ্রব্য জলে ভিজাইলে যে জল হয়, প্রাঃ—চাল-চোঁয়ানি।

চোয়াড় ··ষ্য. (হি° চোআড়—পাহাড়িয়া ডাকাইত। চোহাণ জাতির নাম হইতে। তু° সুবাদার সঙ্গে যার সাত স চুহান—মাঃ)। হিংসাবৃত্তিশালী নীচ জাতি, প্রাঃ—আমি নীচ কুলে জন্ম জাতিতে চোয়াড় (কবিকঃ); চোয়াড়ে লোকে কাঁড় (ভাঃ); বর্ব্বর, অশিষ্ট। চোয়াড়ি ··ষ্য. (চোয়াড়+ই)। চোয়াড়ের বৃত্তি। রাঢ়-চোয়াড়ি ··ষ্য. পূর্ব্বকালে রাঢ় দেশে চোয়াড় জাতি ছিল, তাহার তুল্য নীচ ব্যবহার।

চোয়ান্ন ··চুয়ান্ন দেখ।

চোয়াল, চুয়াল···ষ্য. (হি° চুআল, চোহর; ম° বরহাড়েঁ (বহুবচন)। স° চর্ব্বণ হইতে চআড়—চোআল? স° কবল হইতে? হি° জবড়া ও° জাবড়ি বা° চোয়াল—স° জম্ভ (হনু)+দন্ত?)। চর্বণ-দন্ত-পঙ্ক্তি (তু° ও° গাল-পাটি), প্রাঃ—গজ গিলে কামিনী চুয়াল নাহি নড়ে (কবিকঃ)। চোয়াল-ধরা ···স° হনুগ্রহ (lockjaws)।

চোয়াল্লিশ ··চুয়াল্লিশ দেখ।

চোর ··ষ্য. (স°)। তস্কর (দুই এক জন চুপি চুপি চুরি করিলে চোর; বহুজন বল

প্রয়োগে চুরি করিলে ডাকাইত)। স্ত্রী° চোরনী। (২) বালকদের খেলায় তস্কর। চোর-ছেঁচড়···(ছেঁচড় দেখ। সহচর শব্দ)। চোর। ছিচকা চোর···(ছিচকা দেখ)। সিঁদ কাটিয়া যে চুরি করে; ছোট ছোট জিনিসের চোর। দৃষ্টান্তে, চোরে চোরে কুটুম্বিতা··দলের লোকের স্বার্থসাধনোদ্দেশে আত্মীয়তা। চোরে চোরে মাসতাত ভাই···চুরি করতে নিঃসম্পর্কীয় লোকের প্রণয় হয়। দৃষ্টান্তে, চোরের মায়ের কান্না—যেমন চোরের মা পোয়ের জন্য ফুকারিয়া কাঁদিতে পারে না, মনের শোক মনেই রাখে, তেমন। চোর-কাঁটা ··ষ্য. (স° নাম চোরক, চোরপুষ্পী)। ধান্যাদি বর্গের ঘাসবিশেষ (Andropogon aciculatus)। সোজা ডাঁটায় ফুল ধরে। ফুলের শুঙ্গা কাপড়ে ফুটিয়া যায়। এই হেতু নাম।

চোরা···ষ্য. (চোর+আ)। (অবজ্ঞায়) চোর, প্রঃ—চোরা না শোনে ধর্মের কাহিনী; দুর্গাপ্রতিমার মহিষাসুর; যে চুরি করে (আদরে), প্রঃ—ননী-চোরা—শ্রীকৃষ্ণ। ণ.···অদৃশ্য, গুপ্ত, প্রঃ—চোরা-কুঠরী—গুপ্ত গৃহ—চৌর্য হইতে রক্ষা পাইবার আশায় যে ক্ষুদ্র গুপ্ত গৃহে মূল্যবান দ্রব্য রাখা হয়, বাক্স সিন্দুকের গুপ্ত আধার। চোরা-বালি ···যে বালি দেখিতে সংহত বোধ হয়, কিন্তু, যাহাতে নামিলে পা ডুবিয়া যায়। চোরাই ···ণ. (চোরা+ই। হি° বোধ হয়)। চোরিত, অপহৃত, প্রঃ—চোরাই মাল।

চোরা, চুরা···ণ. (চুরা ধাতু দেখ)। চূর্ণীকৃত। ভাঙ্গা-চোরা···(সহচর শব্দ)।

চোস্ত ··ণ. (ফা° চুস্‌ত্)। টান, সমান, প্রঃ—কাপড় চোস্ত করা; চালাক। চালাক-চোস্ত ···ণ. (সহচর শব্দ)। চালাক।

চোষা···চুষ ধাতু দেখ।

চৌ···ণ. (স° চতুঃ—চউ—চৌ)। চারি, অন্য শব্দের সহিত সমাসে প্রযুক্ত হয়; যথা, চৌ-চালা—স° চতুঃশাল—চারি-চাল-বিশিষ্ট ঘর, চৌপদী—স° চতুষ্পদী—কবিতার ছন্দ-বিশেষ।

চৌক, চোক···ষ্য. (স° চতুষ্ক)। চতুর্থাংশ, এক কাহনের চতুর্থাংশ; যথা, চারি পণে এক চৌক, চারি চৌকে এক কাহন। মাপ, কড়া দেখ। চৌকিয়া···ষ্য. (চৌকি+ইয়া)। চৌক-গণিত।

চৌকষ···ণ. (স° চক্ষুষ্মান)। চক্ষু-বিশিষ্ট, চারিদিকে দৃষ্টি যার, সর্বকর্মনিপুণ।

চৌকা ··ণ. (স° চতুষ্ক)। চারিকোণা। ষ্য. চারিকোণা উঠান, চক, চারিকোণা থাত (প্রায়ই চেয়ো)।

চৌ-কাঠ···ষ্য. (স° চতুষ্কাষ্ঠ। হি° চৌখট, ম° চৌকট)। কাঠের দুয়ারের চারি পাশের চারি কাঠ। উপরের বা মাথার কাঠ—কপালী°(স° কপাল), নীচের কাঠ—গবরাট (স° গর্বাট), পাশে দুই বাজু (স° বাহু)। কপালীর উপরে যে কাঠে কাঁথ থাকে তাহা ঝন্‌কাঠ (স° নাম নক্র)। ঝন্‌কাঠের দুই প্রান্ত মকর-মুখাকৃতি করা হইয়া থাকে। ঝন্‌কাঠের দুই পাশে দুই দণ্ড পোতা থাকে, এই কাষ্ঠদণ্ডের নাম ডাঁশা (স° নাম নাগ-দন্ত)।

চৌকী···ষ্য. (স° চতুষ্কী)। চারিপাদবিশিষ্ট কাষ্ঠাসন বা পীড়ি; পাদবিশিষ্ট চতুষ্কোণ লৌহ, নেহাই; পাহারা (স° চতুষ্ক—চৌ-

মাথা রাস্তা, চৌমাথা রাস্তায় পাহারা হইতে); পুলিশের বড় থানা এখানে দারোগা থাকে; গ্রামমণ্ডল যেখানে মুন্সফ বিচারক থাকেন। চৌকীদার··ষ্য (ফা° দার)। পূর্বকালে গ্রাম-মণ্ডলের কর্তা যিনি চৌমাথায় থাকিতেন, কিংবা চৌচালায় বসিতেন (তু° হি° চৌকী —চারি স্তম্ভযুক্ত গৃহ, সং চতুষ্ক); অধুনা গ্রামের প্রহরী। চৌকীদারী···ণ. চৌকীদার সম্বন্ধীয়। চৌকীদারি···ষ্য. চৌকীদারের কাজ।

চৌ-খণ্ডি···ষ্য. (সং চতুঃ খণ্ড ?)। চারিখণ্ডে নির্মিত ? (চৈতন্যমঙ্গল)। চৌখণ্ডিয়া ··চারি খণ্ডে নির্মিত বা চারি পাদবিশিষ্ট, প্রঃ—চৌখণ্ডিয়া পীড়ি (কবিকং)। (অপ্রচঃ)

চৌ-খুঁট ··ণ. (খুঁট দেখ)। চারি খুঁট—কোণ আছে যার, চারিকোণা।

চৌ-খুলী ··ণ. (খুলী দেখ)। চারি খুলী বাদ্য।

চৌ-গোঁপ্পা ··ণ. (চোবে হইতে চৌ; গোঁফ+ আ—গোঁপ্পা)। বৃহৎ গোঁপবিশিষ্ট, প্রঃ— বাবুরাম বাবু চৌগোঁপ্পা (টেকচাঁদঃ)।

চৌ-ঘুড়ী···ণ. (সং চতুঃ—চৌঃ; ঘোড়া+ঈ= ঘোড়ী—ঘুড়ী)। যাহাতে চারি ঘোড়া আছে।

চৌ-চাক্কা···ণ. (সং চতুঃ—চৌ; ফা° চাক— ফাট)। চারি খণ্ডে বিদীর্ণ।

চৌ-চাপট ··ণ. (সং চতুঃ—চৌ; চাপট— চাবড়া)। চারি পাশে চাপটিয়া থাকে যাহা; চারি পার্শ্বে সমদীর্ঘ; সমকোণবিশিষ্ট।

চৌ-চালা···ষ্য. (সং চতুঃশাল)। চালা দেখ।

চৌ-চীর ··ণ. (সং চতুশ্চীর্ণ)। চতুর্ভাগে বিদীর্ণ।

চৌঠা···ষ্য. (সং চতুর্থ—চউথ—চউঠা)। চতুর্থ দিবস। ণ. চতুর্থ, প্রঃ—ইহা আস্বা-দিতে আর নাহি চৌঠ জন (চৈঃ চঃ)। চৌঠি ···চতুর্থাংশ, প্রঃ—এক চৌঠি ধন দিল কুটুম্বভরণে (চৈঃ চঃ)।

চৌড়া···চওড়া দেখ।

চৌ-তলা ··ণ. ষ্য.(সং চতুস্তল)। চারিতলা। চারি তল-বিশিষ্ট অট্টালিকা।

চৌতারা ··ষ্য. (সং চত্বর, চত্বার। তু° ও° চউরা, চৌরা—তুলসী গাছ রোপণের পাকা গাঁথনির স্তম্ভ)। চাতাল, অঙ্গন, পাকা গাঁথনির উচ্চ চতুষ্কোণ স্থান।

চৌ-তাল ··ষ্য. (সং চতুস্তাল)। তাল দেখ।

চৌ-ত্রিশ ··ণ. ষ্য. (সং চতুস্ত্রিংশৎ)। চারি অধিক ত্রিশ সঙ্খ্যাক,-সঙ্খ্যা; ৩৪।

চৌথ ··ষ্য. (সং চতুর্থ হইতে)। চতুর্থাংশ, জমিদারের প্রাপ্য চতুর্থাংশ।

চৌ-দানী···ষ্য. (সং চতুর্ধান্যা, চতুর্ধানিকা)। কর্ণভূষণ যাহাতে ধান্যাকার চারিটি মুক্তা থাকে।

চৌ-দিক, চৌ-দিগ ··ষ্য. (সং চতুর্দিক)। চারি দিক।

চৌ-দোল, চৌ-দোলা ··ষ্য. (সং চতুর্দোল)। চারিজন বাহকের দোলা। (পূর্বকালে বর চৌদোলে চাপিয়া বিবাহ করিতে যাইত। এখন কেবল ঠাকুর চৌদোলে চাপেন)।

চৌদ্দ, চোদ্দ ··ণ. ষ্য. (সং চতুর্দশ)। চারি অধিক দশ সঙ্খ্যাক,-সঙ্খ্যা; ১৪। চৌদ্দই·· ষ্য. মাসের চতুর্দশ দিবস।

চৌধুরী···ষ্য. (সং চতুর্ধুরী)। জাতি ও ব্যব-সায়ীর মধ্যে প্রধান ব্যক্তি, প্রঃ—সেই হয়ত চৌধুরী (চৈঃ চঃ; স্ত্রী° চৌধুরানী (চৌধুরী +আনী)। (২) পদবীবিশেষ।

চৌ-পদী···ষ্য. (সং চতুষ্পদী)। চারি পদবিশিষ্ট কবিতা বা কবিতাছন্দ।

চৌ-পর···ষ্য. (সং চতুঃ প্রহর)। চারি প্রহর, সারাদিন।

চৌ-পট···ষ্য. (সং চতুষ্পট)। কাঠের দ্বারের চারি খান কাঠ, চৌকাঠ।

চৌ-পল ··ষ্য. (পল দেখ)। চারি পার্শ্ব। চৌপলিয়া, চৌপলো ণ. (চৌ-পল+ইয়া)। চারি-পার্শ্ববিশিষ্ট।

চৌ-পাড়ী···ষ্য. (সং চতুষ্পাঠী)। যেখানে চারি বেদ অধ্যাপনা হইত; সংস্কৃত শিক্ষালয়।

চৌ-পায়া ··ষ্য. (সং চতুষ্পাদ)। চারি পাদ বিশিষ্ট আধার।

চৌ-পালা ··ষ্য. চৌ-দোল।

চৌ-পিঠা ··ণ. (সং চতুষ্পৃষ্ঠ)। চারি পৃষ্ঠ-বিশিষ্ট; চারি দিকেই পিঠ দিতে পারে যে, চৌকষ।

চৌবাচ্চা···ষ্য. (ফাং চা-বাচ্চা—ছোট বাচ্চা)। ক্ষুদ্র জলাধার।

চৌ-মাথা ··ষ্য. (সং চতুষ্পথ। পথ হইতে পাথা —মাথা? মস্তক হইতে মাথা?)। চারি পথ যেখানে মিলিয়াছে।

চৌ-যুগ ··ষ্য. (সং চতুর্যুগ)। সত্যত্রেতাদি চারি যুগ কাল।

চৌরস ··ণ. (সং চতুরস্র—চতুষ্কোণ হইতে)। সমান।

চৌরাশি ··ণ. ষ্য. (সং চতুরশীতি)। চারি অধিক আশি সঙ্খ্যক,-সঙ্খ্যা; ৮৪। গ্রাং চুরাশি।

চৌ-রাস্তা ··ষ্য. (রাস্তা দেখ। চারি পথের মিলনস্থান, চৌমাথা।

চৌ-শিঙ্গা ··ষ্য. (সং চতুঃশৃঙ্গা)। চারি শৃঙ্গা-বিশিষ্ট কৃষ্ণসার বিশেষ (The four-horned antilope. *Tetracerus quadricornis*)। খয়রা রং, খর লোম, আকার ছোট, পুচ্ছ হ্রস্ব। পুং জাতির চারিটা শিং হয়। কিন্তু বড় শিঙ্গাও ৪।৫ আঁগুলের অধিক নহে। মাংস সুস্বাদু। (ওং নাম কোটরা; হিং চৌশিঙ্গা)।

চৌষট্টি···ণ. ষ্য. (সং চতুঃষষ্টি)। চারি অধিক ষাটি সঙ্খ্যক,-সঙ্খ্যা; ৬৪।

চৌ-হদ্দি···ষ্য. (হদ্দ দেখ)। চতুঃসীমা।

ছ।

ছ···ষ্য. (সং)। ব্যঞ্জনবর্ণ-বিশেষ, ব্যঞ্জন-অক্ষর-বিশেষ।

ছ···ণ. (সং ষট্)। ছয়, ৬। ছ-কড়া ন-কড়া করা—ছয় কড়া ও নয় কড়া তুল্য জ্ঞান করা, অবহেলা করা। ছ-কুড়ি ··ছয় গুণ বিশ, ১২০; অনেক। ছ-কুড়ি ছ-টা···বহু। ছ চল্লিশ ··ণ. ষ্য. (সং ষট্ চত্বারিংশৎ)। ছয় অধিক চল্লিশ সঙ্খ্যক,-সঙ্খ্যা; ৪ । ছ-টা ··ষ্য. ছয় ঘণ্টা (কাল)। ণ. ছয়-সঙ্খ্যক। ছ-বুড়ী · ছয় বুড়ী (বুড়ী দেখ)। বহু (নারীভাষায়)। ছ-ষট্টি···ণ. ষ্য. (সং ষট্ষষ্টি)। ছয় অধিক যাটি সঙ্খ্যক, -সঙ্খ্যা; ৬৬।

ছই ··ষ্য. (সং ছদি)। আচ্ছাদন; নৌকা ও গাড়ীর ছাদ।

ছক ··ষ্য (সং চতুষ্ক)। চারিকোণা ঘর; পাশা খেলিবার যে বস্ত্রে চতুরস্র ঘর থাকে। ছক-কাটা—চারিকোণা ঘরে ঘরে চিহ্নিত করা। ··ধাতু। ছকি—বর্গক্ষেত্রে বিভক্ত করি; বেষ্টন করি, প্রাঃ—কাগজ ছকা, ছকিয়া ধরা। ছকা॥ (ধাতু ছকা হইবার ছিল)।

ছক···ধাতু. (ছক্কা ছাঁক দেখ। ছকি—ব্যঞ্জনে ঘি মশালার সম্ভার দি ! ছকা ॥ ছকা ···ধাতু. (ছক ধাতু আস্তে)। ছকানা ॥

ছক্কা···ষ্য. (সং ষট্ক)। ছয়-দ্রব্য-যোগে ব্যঞ্জন ; তাসের ছয় ফোঁটা ; তাস খেলায় হারি বিশেষ . (তাস দেখ)।

ছচল্লিশ ··ছ দেখ।

ছটকা·· ধাতু. (সং সরক—পথ হইতে। ওং ছিটিক, হিং ছট, মং ঝটক ধাতু)। ছটকাই—পথ হইতে ভ্রষ্ট হই, দল হইতে দূরে পড়ি। ছটকানা ॥ (ছুটকা দেখ।)

ছট্-ফট···ব্য. (চট্-পট হইতে)। যন্ত্রণায় দেহ-নাশ-চেষ্টায়, চাঞ্চল্যে ; প্রঃ—ছট-ফটি যামিনী জাগি (জ্ঞানদাসঃ) ; বিষম আঘাতে ছট-ফটি পড়ে ভূমে বিহঙ্গমী (মেঘনাদ-বধঃ)। ছট্-ফটা, ছট্-ফটিয়া···ণ. অতি-চঞ্চল। ছট্-ফটানি···ব্যাকুলতাপ্রকাশ।

ছটরা, ছররা···ষ্য. (সং চূর্ণ হইতে ? ছড়া ধাতু দেখ)। বন্দুকে ছুঁড়িবার ছোট ছোট গুলী।

ছটা·· ষ্য. (সং)। দীপ্তি, শোভা ; সমূহ ; রেখা ; পরম্পরা।

ছটাক···ষ্য. (সং ষট্টঙ্ক)। এক শেরের ষোল ভাগের ভাগ (ওজন দেখ)। ছটাকিয়া ছটাক্যে···ণ. (ছটাক+ইয়া)। ছটাক-সম্বন্ধীয়, এক-ছটাক-পরিমিত, প্রঃ—ছটাক্যে গাই—যে গাই এক ছটাক মাত্র দুধ দেয়।

ছড়···ষ্য. (সং ছটা)। রেখা, গায়ের চামড়া চিরিয়া গেলে যে রেখা-চিহ্ন হয়, প্রঃ—গায়ে ছড় কাঁটা ফুটে পায় (কবিকঃ) ; পাকা বাড়ীর কাঁথের সরু পাতলা থাম।···ধাতু. ছড়ি—বন্ধুর স্থানে ঘর্ষণ দ্বারা রেখা-চ্ছিন্ন হই, প্রঃ—কাঁটায় গা ছড়িয়া যায়। ছড়া ॥

ছড় ··ষ্য. (বাং ছড়ী হইতে)। বেহালা বাজা-ইবার ছড়ী।···(সং ছল্লী হইতে)। পশুর ছাল।

ছড়া···ষ্য. (সং ছটা)। সমূহ, পরম্পরা। এক ছড়া হার বা মালা—যে হার বা মাল্য পরস্পর গাঁথা। এক ছড়া কলা—যে সকল কদলী বোঁটায় স্বভাবতঃ পরস্পর যুক্ত থাকে, এক ফণা কলা। (২) শ্লোকপরম্পরা। মেয়েলী ছড়া·· নারীদিগের কথিত পদাবলী। ছড়া কাটাকাটি·· পদে উত্তর-প্রত্যুত্তর। (৩) জলাদির রেখা, প্রঃ—আগ বাড়াইয়া পড়ে চন্দনের ছড়া (কৃত্তিঃ, লং)। এইরূপ জল-ছড়া, গোবর-ছড়া ; ছড়া-হাঁড়ী যে হাঁড়ীতে গোবর-জল লইয়া পথে নিক্ষেপ করা হয়। (৪) বরকন্যার বস্ত্রে গ্রন্থি, প্রঃ—দ্বিজে বান্ধে গ্রন্থি-ছড়া, বর কন্যা দেখে অরুন্ধতী (কবিকঃ)—ছড়া বাঁধার মূল কন্যাকে বর বাঁধিয়া লইয়া যায়। বিবাহের পর বরকন্যা সপ্তর্ষির অন্তর্গত বশিষ্ঠ তারা ও তৎসন্নিহিত অরুন্ধতী তারা দেখিত। অরুন্ধতী যেমন বশিষ্ঠকে ছাড়িয়া থাকে না, তেমন কন্যাও বরকে ছাড়িয়া থাকিবে না। অরুন্ধতী পতিব্রতার দৃষ্টান্ত। ছড়া ···ধাতু. (সং ছটা হইতে। ওং ছড়া ; হিং ছিতরা, ছীট ধাতু)। ছড়াই—ইতস্ততঃ বিস্তীর্ণ করি, স্থান ছন্ন করি। ছড়ানা ॥ টাকা ছড়ানা—অমিত ব্যয় ; ব্যবসায়ে অর্থ-ব্যয়। ছড়ানিয়া···ণ. (ছড়ান+ইয়া)। বিক্ষিপ্ত, বিক্ষিপ্তকারী। ছড়া-ছড়ি ··ষ্য. বহু দ্রব্যের বিস্তারণ, আধিক্য। ছড়া-ছত্তি (গ্রাং)···

ষ্য. ছড়ানা ও ছত্রাকার, এখানে ওখানে বিক্ষিপ্ত।

ছড়ী··ষ্য. (স° ছল্লী—বা° ছাল হইতে; কিংবা বা° ছড়া শব্দের হ্রস্বার্থে ঈ; কিংবা স° যষ্টি হইতে)। (১) বেহালা বাজাইবার কেশ-যষ্টি; (২) ছটা বা সমূহ, প্রঃ—খেজুর-ছড়ী— খর্জুর মঞ্জরী, এই মঞ্জরীতে খেজুর যেমন সাজানা থাকে তেমন সাজানা ধান্য-শীর্ষ (তু° স° ছটাফল—গুবাক); (৩) ছোট যষ্টি, বাঁশের ছোট লাঠি; (৪) বালকের কৃশতা-রোগ (malnutrition ?)। ছড়ীদার··ষ্য. (ফা° দার)। ফুলছড়ী-বাহক; বেত্রধারী; পুরীর পাণ্ডাদের বেত্র-ধারী। ছড়ী-বরদার··ষ্য. চোব-দার। ফুল-ছড়ী··ষ্য. সোলার কৃত্রিম পুষ্পমঞ্জরী।

ছতরী··ষ্য. (স° ছত্র কিংবা ছত্বর হইতে)। গাড়ীর নৌকার ছই।

ছতি-ছন্ন··ণ. (স° ছদি—চাল, ছন্ন—নষ্ট)। আশ্রয়হীন, নষ্ট, প্রঃ—কর্তার মৃত্যুতে বাড়ীটা ছতিছন্ন।

ছত্র··ষ্য. (স°)। ছাতা; রাজছত্র। ছত্র-ভঙ্গ ··ষ্য. (স°)। রাজছত্র-নাশ, সুতরাং রাজ্য-নাশ, (২) আশ্রয়হীনতা, পরাধীনতা। ছত্র-পতি··ষ্য. (স°)। যে রাজার মস্তকে ছত্র ধারণ করা হয়, সম্রাট। ছত্রাকার·ণ. (স°)। ছাতার মতন বিস্তৃত।

ছত্র··ষ্য. (স° ছটা হইতে)। পঙ্‌ক্তি, অক্ষর-পঙ্‌ক্তি।

ছত্র··ষ্য. (স° সত্র)। সদাদান, যেখানে সর্বদা অন্নদান হইয়া থাকে, প্রঃ—কেহ ছত্রে যাঞা খায় যেবা কিছু পায় (চৈঃ চঃ)। অন্ন-ছত্র··ষ্য. (স° অন্ন-সত্র)। অন্নসত্র।

ছত্রি··ষ্য. (স° ক্ষত্র, ক্ষত্রিয়)। হিন্দু-জাতি বিশেষ। স্ত্রী° ছত্রিনী।

ছত্রী··ষ্য. (স° ছত্র)। গাড়ীর আচ্ছাদন, পালঙ্কের আচ্ছাদন; ছতরী।

ছদাম··ষ্য. (হি°। স° ষট্‌দ্রাম হইতে ?)। সিকি পয়সা। (এক পণের ছয় ভাগের ভাগ ?)। (ছিদাম দেখ)

ছন··ষ্য. (স° ক্ষণ)। উৎসব (বৈষ্ণবপদে)। (২) (স° ছাদন)। ছাদন-নিমিত্ত তৃণ। (অপ্রচঃ)

ছন্‌-ছন··ব্য. (স°)। প্রস্রাববেগ-শব্দে।

ছন্দ··ষ্য. (স°)। অভিপ্রায়, অভিলাষ; কূট-কৌশল।

ছন্ন·ষ্য. (স° সন্ন)। অবসন্ন, ক্ষীণ, প্রঃ—ছন্ন হৈল মন (চৈঃ চঃ)। ছন্ন-ছাড়া·ণ. (সহচর শব্দ)। উৎসন্ন ও লক্ষ্মীছাড়া, প্রঃ—ছন্নছাড়া দশা।

ছন্নমতি·ণ. (প্রায়ই মতিছন্ন)। অবসন্ন-বুদ্ধি, প্রঃ—জীবব্রজ ধাইছে চৌদিকে ছন্নমতি (মেঘনাদবধঃ)।

ছপ্‌ ছপ·সপ্‌-সপ দেখ।

ছপ্পর··ষ্য. (ও° হি° ম°। ছাপর দেখ)। খড়ের চাল; গোরুর গাড়ীর ছই।

ছবি··ষ্য. (স° ছবি)। শোভা, দীপ্তি। (২) প্রতিমূর্তি, চিত্র (আধুনিক অর্থ। এই অর্থ পূর্বে ছিল না। চিত্র, পট, আলেখ্য শব্দ থাকিতে এই অর্থান্তর কেন হইল ? বোধ হয়, ফা° তসবির শব্দ-সাদৃশ্যে।)

ছব্বি··ষ্য. (স° ছবি)। শোভা (অশিষ্ট)।

ছম্‌-ছম··ব্য. (স° ছম ধাতু ভক্ষণে। থম্‌-থম দেখ)। যেন কিছুতে ভক্ষণ করিতে আসে—এইরূপ ত্রাসে, স্তম্ভিতভাবে, প্রঃ—

নির্জন অট্টালিকায় অন্ধকার রাত্রে গা ছম্-ছম করে।

ছয় ··ষ্য. ণ. (সং ষট্)। এক অধিক পাঁচ সঙ্খ্যা,-সঙ্খ্যক ; ৬। ছয়ই, ছয়ই ··ষ্য. মাসের ছয় দিনের দিন। ছ দেখ।

ছয়লাপ ··ণ. (সং সুপ্লাবিত)। প্লাবিত, প্রঃ— বৃষ্টিতে ছয়লাপ।

ছরকট···ষ্য. (? ও° হরকৎ—আ° ; ম° ছক্কড, ছকড—চাপড়, বিঘ্ন ; হিং ছক্কড় –চাপড়। আ° হরকৎ হইতে ছরকট হইতে পারে)। বিঘ্ন, বিঘ্নবিস্তার, প্রঃ—বৃষ্টিতে কাজের ছরকট।

ছরকট···ধাতু. (ছটাকরি হইতে ?)। ছরকটি —বিকশিত, প্রসারিত করি, প্রঃ—দাঁত ছরকটা (অশিষ্ট)। (মাণিকে দাঁত নিকুটিয়া, নিকষ্টিয়া—নিকর্ষিয়া)। ছরকটা॥ ছরকটা ···ধাতু. (ছরকট ধাতুর আন্তে)। ছরকটানা॥

ছর্-ছর···ব্য. (সং স্থ ধাতু গতিতে। সর্-সর দেখ। কিংবা ঝর্-ঝর হইতে)। স্রোতের আকারে জল-পতন-শব্দে, প্রঃ—ছাতের জল ছর্-ছর করিয়া পড়ে, ছর্-ছর করিয়া মূত্রত্যাগ। ছির্-ছির·· ব্য. ক্ষীণ ধারা পতন-শব্দে। ছুর্-ছুর···ব্য. অতিক্ষীণ-ধারা-পতন-শব্দে। ছের্-ছের·· ছর্-ছর। (ছেবা ধাতু দেখ)।

ছরাদ (গ্রা°)···ষ্য. (সং শ্রাদ্ধ)। শ্রাদ্ধ। ছরাদ করা—গালিতে মৃত্যু কামনা করা। ছরাদ পাকা—শ্রাদ্ধে ভোজনের সুযোগ হওয়া।

ছর্দি···ষ্য. (সং)। বমি। (শরদী শব্দ ভুলে কেহ কেহ ছর্দি মনে করে)।

ছর্‌রা···ছটরা দেখ।

ছল ··ষ্য. (সং)। বঞ্চন, প্রতারণা, ছদ্ম। ···ণ. কপট। ছল-কপট · (সহচর শব্দ)। কপট। ছলে-বলে···কাপট্য ও বল প্রয়োগে। ছল করা—প্রতারণা। ছল ধরা—দোষ অন্বেষণ।···ধাতু. (সং ছল ধাতু)। ছলি— ছলনা করি। ছলা॥ ছলা···ধাতু. (ছল ধাতু আন্তে)। ছলানা॥

ছল্-ছল ··ব্য. (সং জল হইতে। কিংবা সং ঝলা—দীপ্তি হইতে ঝল্-ঝল্—ছল্-ছল)। রস-হেতু দীপ্তিতে, প্রঃ—লোচন ছল্-ছল (জ্ঞানদাসঃ), জ্বর আসিবার আগে চোখ ছল্-ছল করে···দেহে রস হইলে। ছল্-ছলা, ছল্-ছলিয়া ··ণ. ছল্-ছল ভাব-বিশিষ্ট।

ছলা·· ষ্য. (সং ছল)। কাপট্য, প্রতারণা।

ছলি·· ষ্য. (সং ছল্লী—ত্বক হইতে। ঢাকায় ছউদ, ও° ছোই—সং ছদি হইতে)। চর্ম-রোগ-বিশেষ (psoriasis)। এই রোগের কারণ এক জাতীয় সূক্ষ্ম উদ্ভিদ।

ছষট্টি·· ছ দেখ।

ছা···ষ্য. (সং। বোধ হয় সং শাবক হইতে)। শিশু, বৎস। ছা-পোষা লোক ··যাহার স্ত্রী-পুত্রকন্যাদি আছে। কাগের ছা বগের ছা লেখা—কদাকার অক্ষর-বিন্যাস যেন কাক-বকের ছা। ছানা···ষ্য. (সং ছা+বাং না)। পক্ষ্যাদির ক্ষুদ্র বৎস, শাবক। (মানুষের গোরুর হাতীর ঘোড়ার ছানা বলা যায় না। মানুষের ছেলে, বৃহৎ চতুষ্পদের বাচ্চা, কুকুর বিড়ালের ছানা, মাছের পোনা)।

ছা·· ধাতু. (সং ছদ হইতে ছাদি ধাতু)। ছাই —আচ্ছাদন করি ; প্রঃ—ঘর ছাওয়া, তবলা ছাওয়া—তবলার চর্মাচ্ছাদন দেওয়া ; কামারের জাঁতা ছাওয়া—ভস্ত্রার চর্মাচ্ছাদন

দেওয়া। ছেয়ে ফেলা—সম্পূর্ণরূপে আবৃত করা, প্রঃ—খোসে গা ছেয়ে ফেলেছে॥ ছাওয়া, ছাঅনি (ছাওনি)॥ ছাঅনি ··সৈন্য-শিবির; আচ্ছাদনী। ছাআ, ছাওয়া ·ধাতু. (ছা ধাতু আস্তে ছাআ—ছাওয়া)। ছা-আনা, ছাওয়ানা।

ছাই ··ষ্য. (সং ছায়া)। ছায়া, প্রঃ—গাছের ছাই পড়া। ছাই মাড়ায় না—দেহস্পর্শ দূরে থাক, দেহের ছায়াব কাছেও যায় না।

ছাই···ষ্য. (সং ক্ষার—ছার, ছাই)। ভস্ম, পাঁশ। ছাই-পাঁশ ··ষ্য. (সহচর শব্দ)। পাঁশ (ছাং-পাশ—শূং পুঃ)। দৃষ্টান্তে, ছাই ফেলিতে ভাঙা কুলা ··ভাঙা কুলা দিয়া কুলার কাজ হয় না, উনানের পাঁশ ফেলা চলে; লক্ষণায়, যাহা ক্ষুদ্র কাজে লাগে। মুখে ছাই ··মুখে আগুন—অর্থাৎ মরুক—ইহা না বলিয়া মুখ ভস্ম হউক (ভর্ৎসনায়)। ছাই-কপালিয়া, ছাই-কপাল্যে ·· ··ণ. যাহার ললাট দগ্ধ হইয়াছে; পোড়াব-মুখা (গালিতে)। ছাই হবে—অকিঞ্চিৎকর ভস্মতুল্য হবে, কিছু হবে না। শত্রুর মুখে ছাই পড়ুক—শত্রু বিনষ্ট হউক।

ছাঁই···ষ্য. (ছাঁকা—আদগ্ধ হইতে)। আদগ্ধ বা ভাজা দ্রব্য। নারিকেলের ছাঁই·· নারি-কেল-কোরা-ভাজা, প্রঃ—পুরপিঠা করিতে ছাঁই লাগে। ছাঁই মারা—ছাঁই ভাজা।

ছাইট, ছাট ··ছাট দেখ।

ছাইড়, ছাড় ··ষ্য. (ছাড় ধাতু দেখ)। ত্যাগ, মূল্য-ত্যাগ। ছাড়-চিঠি ··ষ্য. ত্যাগের আদেশপত্র।

ছাওনি, ছাউনি ··ষ্য. (সং ছাদন। ছা ধাতু দেখ)। সৈন্যের শিবির।

ছাওয়া (গ্রাং)···ষ্য. (সং ছায়া)। ছায়া। (২) ছা ধাতু দেখ॥

ছাওরা···ষ. (সং ছায়াবৃত)। ছায়াবৃত স্থান, ছায়া; প্রঃ—ছাওরায় বসা।

ছাওয়াল ··ষ্য. (সং ছা+সং বাল। সহচর শব্দ-দ্বয় মিলিত হইয়া এক শব্দ হইয়াছে)। ছেলে। (প্রাচীন বাংতে, কদাচিৎ এখনও শোনা যায়। কৃত্তিবাসে প্রচুর প্রয়োগ আছে। মাণিকেও, যথা, কেমনে যাইবি তোরা দুগ্ধের ছাওয়াল। ছাবাল দেখ)।

ছাকড়া (গ্রাং ছেকড়া) ··ষ্য. (সং শকট। ওং শগড়, হিং মং ছকড়া। শকটক হইতে শাকটা—ছাকড়া মনে করা যাইতে পারে)। গোরুর গাড়ী। ছাকড়া গাড়ী ··গোরুর গাড়ীর তুল্য কুৎসিৎ ঘোড়া-গাড়ী।

ছাঁক, ছেঁক ··ব্য. (সং চক্ক, চুক্ক ধাতু পীড়নে। ছাঁ শব্দ হয় বলিয়া)। তপ্ত স্পর্শে, প্রঃ—গরম ঘিতে লুচী ছাঁক করিয়া ভাজা; জ্বরের পূর্বে গা ছাঁক্-ছাক করে। (২) ত্রাসে হৃৎ-পীড়নে; প্রঃ—অন্ধকারে কি একটা দেখিয়া বুক ছাঁক করিয়া উঠিল—যেন বুকে তপ্ত স্পর্শ ঘটিল।

ছাঁক ··ধাতু. (ছান ধাতু দেখ। 'ছাঁনিত' করা হইতে ছাঁকা?)। ছাঁকি—ছিদ্র দিয়া রস নির্গলিত করি; প্রঃ—মাছ ছাঁকা—উত্তপ্ত প্রচুর ঘৃত-তৈলাদিতে পাক করিয়া মাছ পৃথক করা (ভাজা—প্রায়ই অল্প ঘৃত তৈলে)। ছাঁকা॥ ছাঁকা···আবর্জনা-রহিত, নির্বাচিত, শুদ্ধ। ছাঁকনা ··যদ্দ্বারা ছাঁকা যায়, জলাদি দ্রব্যের চালনা। ছাঁকনী···ষ্য. (ছাঁকনা+ঈ)। ছোট ছাঁকনা। ছাঁকা··· ধাতু. (ছাঁক ধাতু আস্তে)। ছাঁকানা॥

ছাগল ··ষ্য. (সং)। ছাগ (The domestic goat. Capra)। স্ত্রী° ছাগলী, প্রঃ— ছাগলীর মা বুড়ী কাঠ কুড়াতে গেলি। প্রায়ই পাঁঠা ছাগল—স্ত্রী° পাঁঠী ছাগল। (পাঁঠা দেখ)। ছাগল ··ছাগলের তুল্য গম্যাগম্যবিচারহীন।· ছাগল-লাদি ··ষ্য. ছাগলের বিষ্ঠা। ছাগলা···ষ্য. (ছাগল+আ)। ছাগল, প্রঃ—খনার বচনে, খালি ছাগলা—মেষ (রাশি) শূন্য। ছাগলিয়া, ছাগল্যে···ষ্য. (ছাগল+ইয়া)। ছাগল-রক্ষক। রাম-ছাগল···ষ্য. (রাম দেখ)। দীর্ঘাকার (বন্য) ছাগল। ছাগল-খুরী···ষ্য. কলম্বী-আদি বর্গের বন্য লতাবিশেষ (Ipomœa pes-capræ)। প্রায়ই সমুদ্রনিকটস্থ বালুকায় জন্মে। সুন্দরবনে ও ওড়িশায় প্রচুর। পাতা মধ্যে খণ্ডিত যেন ছাগলের খুর। ফুল আনীল রক্ত। (ও° নাম কন্‌সারি নটা)। ছাগল-বাঁটী·· ষ্য. অর্কাদিবর্গের বন্য রোহিণী-বিশেষ। প্রত্যেক ফুল হইতে ছাগলীর বাঁটের মতন এক জোড়া ফল হয়। দুই জাতির নাম ছাগলবাঁটী আছে। তন্মধ্যে এক জাতি (Dæmia extensa) দুর্গন্ধ, ও লোমশ (ও° নাম উৎরুঠি। অন্য জাতি (Cynanchum callialata) প্রায় লোমহীন (হি° নাম কালিয়া লতা)। প্রথম জাতির ফুল আপীত, দ্বিতীয় জাতির বেগুনা। ছাগল-লাদী···ষ্য. সোমরাজ্যাদিবর্গের বন্য, শাকবিশেষ (Sphæranthus indicus)। ধান-ক্ষেতে জন্মে। ডাঁটা শিরাল, শাখা ছড়া নিয়া। 'ফুল' ছোট ছোট গোলাকার (ইহা হইতে নাম, যেন ছাগলের লাদী)।

ছাঁচ···ষ্য. (সং সত্য—আদর্শ—হইতে। সং নাম সংযান; কিংবা সং যংবাব—ঘৃতক্ষীরাদিপক্ক গোধূম হইতে। ও° ছাঁচ, হি° ম° সাঁচা)। ধাতু আওটাইয়া ঢালিবার মাটির প্রতিমূর্তি (mould); মাটি মোম প্রভৃতির আদর্শ (model); ছাঁচে গড়া ক্ষীরাদির মিষ্টান্ন।

ছাঁচা, ছাঁচ, ছাঁচ···ষ্য. (সং ছদন হইতে। ঢাকায় ছঞ্চা। ও° ছঞ্চি। হি° ওলতী (বা° অইল ও° ওল্ঠি), ম° রুক্সচণী)। চালের নিম্ন প্রান্ত (সং বলীক); চালের ছাঁচের তুল্য প্রান্ত, প্রঃ—আইলের ছাঁচ কাটা, মাথার চুলের ছাঁচ কাটা। ছাঁচ-তলা··ষ্য. অলিতল।

ছাঁচি ··ণ. (সং সত্য—সাচ্চা সাঁচ্চা, সাঁচি ছাঁচি)। সত্য, এদেশীয়, আসল; প্রঃ—ছাঁচি কুমড়া—আসল কুষ্মাণ্ড বিলাতি নহে, ছাঁচি বেত—চীনের নহে, ছাঁচি পান—আসল পান উৎকৃষ্ট পান, ছাঁচি তেল—সরিষা তেল।

ছাট···ষ্য. (সং ঝাট—সং ছটা)। গবাদি পশুতাড়ন প্রতোদ; বেতের আঘাত (প্রায় অপ্রচঃ); বৃষ্টির ছটা (ঝাট দেখ)।

ছাঁট ··ধাতু. (সং শদ ধাতু ছেদনে; সং সদ ধাতু ভেদে। সাঁট ধাতু দেখ)। ছাঁটি—ছেদন করি, অংশ কাটি, চাউল কাঁড়ি। ছাঁটা, ছাঁট ··ষ্য. কাটা, ছিন্ন বা কর্তিত অংশ। কাট-ছাঁট ··(সহচর শব্দ)। কাটা ও ছাঁটা অংশ, কাটা ও ছাঁটা। ছাঁটা ··ধাতু. (ছাঁট ধাতু আস্তে)। ছাঁটানা॥ ছাঁটাই ··ষ্য. ছাঁটাকর্ম; ছাঁটাকর্মের বেতন।

ছাড়··ধাতু. (সং উৎসারি ধাতু দূরীকরণে)। ছাড়ি—ত্যাগ করি, দূরে রাখি, প্রঃ—সে

গ্রাম ছাড়িয়া অন্য গ্রামে। ছাড়া॥ ছাড়ন, ছাড় (বোধ হয় ছাড়ি—ছোড়)···মুক্তি। লক্ষ্মী ছাড়া···ণ. হতভাগ্য। সৃষ্টি-ছাড়া ··ণ. সৃষ্টি-বাহ্য। ছাড়া···ব্য. ব্যতীত প্রঃ—তা ছাড়া—তদ্‌-ব্যতীত। ছাড়া-ছাড়ি ষ্য. পরস্পর পৃথক্‌ভাব, বিচ্ছেদ। ছাড়া ··ধাতু. (ছাড় ধাতু আস্তে)। ছাড়ানা, ছাড়ান॥ ছাড়ান ছিড়ান···ষ্য. (ছিড়ান—প্রচর শব্দ)। ত্যাগ, বিসর্জন। দুধ ছাড়ানা—দুগ্ধ-পান ত্যাগ করানা।

ছাড়া···ধাতু. (ছাল হইতে)। ছাড়াই—ত্বক্‌ বা কোষ উন্মোচন করি। ছাড়ানা॥ প্রঃ—খোষা ছাড়ানা, শুঁটী ছাড়ানা।

ছাত ··ষ্য. (সং ছাদ)। পাকা ঘরের পাকা আচ্ছাদন।

ছাতরা ··ণ. (সং ছত্রাকার)। ছত্রাকার।···ধাতু. ছাতরাই—ছত্রাকার হই, চারিদিকে ছড়াইয়া পড়ি। ছাতরানা॥

ছাঁতলা·· ধাতু. (ছত্রাকার হইতে)। ছাঁতলাই —ছত্রাকার করি, পিষিয়া ছত্রাকার করি, প্রঃ—পা দিয়া গোবর ছাঁতলানা।

ছাতা, ছাতি···ষ্য. (সং ছত্র)। আতপত্র। (কুত্রঃ ছাতি, নদীয়া জেলায় অদ্যাপি ছাতি)। ধবল ছাতি· শ্বেত আতপত্র, রাজার মস্তকে ধারণযোগ্য ছত্র। ছাতার ডাঁটী ···যে দণ্ড ধরিলে ছাতা ধরা হয় প্রঃ—আতপত্রে শোভে রাঙ্গা ডাঁটী (কবিকঃ)। বেঙ্গের, ছাতা, ছাতি···ষ্য. ছত্রাকার অপুষ্পক উদ্ভিদ বিশেষ (mushroom. Toad's stool)।

ছাতারিয়া, ছাতারো···ষ্য. (সং ছত্রাকার হইতে)। শাখাচারী বা চটকাদিবর্গের চঞ্চল পক্ষীবিশেষ (The jungle-babbler. Crateropus canorus)। পুচ্ছ ছত্রাকারে বিস্তৃত থাকে বলিয়া নাম। ধূমবর্ণ, পুং স্ত্রী একপ্রকার। পক্ষ ও পুচ্ছ সমদীর্ঘ, পক্ষ গোল। প্রায়ই দলে দলে থাকে, এবং কেচে-কেচে কেচে কেচে রব করে। ভেদভেদে ?

ছাতি ··ষ্য. (সং ছাদ হইতে। ছাতা দেখ)। বুকের ছাদ বা বক্ষঃস্থল (হিং ছাতী—বুক, স্তন); সাহস। প্রঃ—বুকের ছাতি··· বুকের পাটা, সাহস ; এক ছাতি জল···এত গভীর যে বুক পর্য্যন্ত ডুবে। তৃষ্ণায় ছাতি ফাটে—বুক ফাটে।

ছাতিন···ষ্য. (সং সপ্তপর্ণ। ওং ছাতিঅনা)। তগরাদিবর্গের ক্ষীরী বৃহৎ তরু-বিশেষ (Alstonia scholaris)। গাঁইঠে গাঁইঠে ৬।৭।৮।৯ টা পাতা শাখা বেড়িয়া থাকে এবং ৩।৪ টা শাখা থাকে থাকে বাহির হয়। ফুল ছোট, আহরিৎ।

ছাতু ··ষ্য. (সং শক্তু)। ভাজা যবাদি-চূর্ণ। ছাতু-খোর··ষ্য. ছাতু প্রধান খাদ্য যার।

ছাতু, ছাতা···ষ্য. (সং ছত্রা, ছত্রাক, ছত্রিকা)। অপুষ্পক ছত্রাকার ক্ষুদ্র গাছবিশেষ (mushroom. Agaricus)। মাটিয়া কিংবা প্রায় শাদা। মূল-নাল-পত্রাদিহীন। পল-ছাতু ···ষ্য. যে ছাতু পচা খড়ে (পল) জন্মে। এই ছাতু ভক্ষ্য। কাঠ-ছাতু··ষ্য. যে ছাতু ভিজা জীর্ণ কাঠে পাতলা জিহ্বার আকারে জন্মে (Polyporus)।

ছাঁদ··ষ্য. (সং ছন্দস্‌)। পদাবন্ধ ; পরিপাটি ; স্বৈরাচার ; প্রঃ—নানা ছাঁদে কথা, লেখার ছাঁদ।··ধাতু. (সং ছন্দ ধাতু গোপন, আচ্ছাদন)। ছাঁদি—ছন্দ করি, বেষ্টন

করিয়া ধরি বা বাঁধি ; প্রঃ—জঙ্ঘে জঙ্ঘ দিয়া পায়েতে ছান্দিয়া বাঁশের উপরে চড়ে (চণ্ডীঃ) ; ছুটে গিয়া মা বলিয়া ছেঁদে ধরে গলা (মাঃ)। ছাঁদা, ছাঁদনা, ছাঁদ, ছাঁদনি ॥ ছাঁদ, ছাঁদনা···ষ্য. (ছাঁদা দেখ)। গাই দুইয়া দুধে যে অল্প পরিমাণে জল মিশানা হয়। ছাঁদ বা ছাঁদনা দেওয়া—গোপনে জল মিশান', কিংবা দুধের ফেনার উপরে জলের ছন্দ করা। ছাঁদন···ষ্য. পদ-বেষ্টন, গাই দুইবার সময় গোরুর পা দোড়ী দিয়া বেড়িয়া বন্ধন ; পথের পাশে গোরু বাঁধা থাকিলে এবং সে গোরু পথের অন্য পাশে গেলে পথের উপরে যে দোড়ী পড়িয়া থাকে (রাঢ়ের পালকীবাহক কাহারদের ভাষায়)। ছাঁদনী···ছাঁদিয়া বাঁধিতে রজ্জু। ছাঁদা · ষ্য. .সং ছন্দ—অভিপ্রায়, ছন্দস্—স্বৈরাচার)। ব্রাহ্মণভোজনে ব্রাহ্মণ যা খাইয়া কিংবা খাইয়া পরিজনের তরে যে ভোজ্য গ্রহণ করেন। ছাঁদা বাঁধা—উত্তরীয়ে ভোজ্য বন্ধন। ছাঁদা···ধাতু. (ছাঁদ ধাতু আস্তে)। ছাঁদানা ॥

ছাঁদনা, ছাঁদলা, ছানলা···ষ্য. (সং আ-চ্ছাদন। ছাদন—ছাদনা—ছাঁদলা ; কিংবা ছাদন-তলা = ছাঁদলা, ছানলা। তুং ওং ছা-মুড়িআ —আচ্ছাদন, বেদিতলা)। যে ছায়ামণ্ডপে বিবাহ হয়, প্রঃ—আঙ্গিনায় বান্ধিল ছান্দলা (কবিকঃ)। ছাঁদলা, ছানলা-তলা বাঁধা—ছায়ামণ্ডপের তলা বাঁধা, তলে বেদি নির্মাণ।

ছাঁদা···ছাঁদ দেখ।

ছান···ধাতু. (বাং ছানা, ছাঁকা ; ওং ছাণিবা ; হিং ছাকনা ; মং ছানণেঁ। সং শাতন—পাতন, শীর্ণ-করণ—সং শদ ধাতু)। ছানি —ছিদ্র পথে পাতিত, নির্গলিত করি, প্রঃ —সুধা ছানিয়া কেবা ও সুধা ঢেলেছে গো (চণ্ডীঃ) ; জল আনিল ছানিঞা (চৈঃ চঃ)। ছানা, ছাননি ॥ ছানতা···ষ্য. (ছান +পাত্র)। ছানিবার বা ছাঁকিবার ছিদ্রময় পাত্র বা হাতা। ছানা···ধাতু. (ছান ধাতু আস্তে)। ছানানা ॥

ছানতা ··ছান দেখ। ছাঁকনা।

ছানা ··ছা দেখ। ছেনা দেখ।

ছানি···ষ্য. (সং শীর্ণ—কৃশ, ছিন্ন ; সং শাত —ক্ষীণ। তুং ওং সাণ—ছোট ; মং শান, ছান—সূক্ষ্মতা ; হিং ঝীনা—ছোট ; বাং শীনা, ছিনা—শীর্ণ)। গোরুর খাবার ছোট ছোট আকারে কাটা খড় বা জাব, প্রায়ই খইল-মাখা জাব।

ছানি···ষ্য. (সং ছাদনী)। আচ্ছাদন (চোখ দেখ) ; কৃষ্ণচিহ্ন, প্রঃ—কুচাগ্রেতে ছানি পড়ে পেটে নড়ে ছেলে (মাঃ)।

ছানি ··ষ্য. (সং শানী)। চোখের কিংবা হাতের ইঙ্গিত, প্রায়ই হাত-ছানি (শাঁট দেখ)। সানি দেখ।

ছাপ ··ষ্য. ধাতু. (চাপ ধাতু দেখ। সং ছদ ধাতু হইতে ছপ ? তুং হিং ওং ছপ্পর, বাং ছাপর)। ছাপি—আবরণ করি, মুদ্রার চাপ দিই। ছাপ', ছাপ ॥ ছাপ ষ্য. চিহ্ন, মুদ্রা-চিহ্ন। ছাপা ··ণ. চিহ্নিত, মুদ্রিত ; গুপ্ত, চাপা। ছাপা-খানা···ষ্য. পুস্তক-মুদ্রণালয়। ছাপাই···ষ্য. মুদ্রণ ; মুদ্রণব্যয়। ছাপা-ছাপি · ষ্য. গোপন, গুপ্ত, চাপাচাপি। উপর ছাপ ··পালকীর ছাদ গাছের ডালে লাগিবার আশঙ্কা (কাহারভাষা)। ছাপা···

ধাতু। (ছাপ ধাতু আছে)। ছাপাই—মুদ্রিত করাই ; আবৃত করি, প্রঃ—বাঁধ ছাপাইয়া নদীর বান আসিয়াছে। ছাপানা ॥

ছাপর···ষ্য. (তু° হি° ছপ্পর খট, ম° ছপ্পর পলঙ্গ। ছপ্পর চাল)। স° ছাদ+র ? স° শর্ব্বরী হইতে ?)। চাল, চালবিশিষ্ট খাট। ছাপর খাট ··ষ্য. চালবিশিষ্ট খাট।

ছাপ্পান্ন ··ণ. ষ্য. (স° ষট্‌পঞ্চাশৎ)। ছয় অধিক পঞ্চাশ সঙ্খ্যক,-সঙ্খ্যা ; ৫৬।

ছাবকা ··ণ. (ছাপ+কৃত)। কালশাদা-চিহ্ন-যুক্ত, কর্বুর (স°)।

ছাবলা (গ্রা° ছেবলা) ··ণ. (ছাবাল+বা° আ)। ছেলের ভাবযুক্ত। ছাবলামি ··ষ্য. (ছাবলা+আমি)। বাল-চাপল্য, ছেলেমি।

ছাবাল···ষ্য. (স° শাব—স° প্রা° ছাব+আল। কিংবা স° ছা+স° বাল ; ছাওয়াল দেখ)। শাবক, শিশু, প্রঃ—ওরে বাছা ব্যাস তুমি বড়ই ছাবাল (ভাঃ)।

ছাব্বিশ ··ণ. ষ্য. (স° ষট্‌বিংশ)। ছয় অধিক বিশ সঙ্খ্যক,-সঙ্খ্যা ; ২৬।

ছামনি ··ষ্য. (চাহনি হইতে ?)। বর কন্যার চারি চক্ষুর মিলন (কবিকঃ)।

ছামনী···ষ্য. (স° ছাদনী)। ছাদনী (প্রাচীন পদে)।

ছায়নি ··ষ্য. (স° নির্মোঞ্ছন)। নির্মোঞ্ছন, প্রঃ—ছায়নির ডালা (কবিকঃ)।

ছায়া···ষ্য. (স°)। অনাতপ ; প্রতিবিম্ব, সাদৃশ্য ; কান্তি। ছায়ানট···(স° ছায়ানট্ট)। রাগরাগিণী দেখ। ছায়া-মণ্ডপ···ষ্য. (স°)। আচ্ছাদনবিশিষ্ট মণ্ডপ (কবিকঃ), ছাঁদনা। ছায়া-মণ্ডপী ··ষ্য. বিবাহের ছায়া-মণ্ডপে বরের দেয় অর্থ। ছায়া-যন্ত্র ··ষ্য. (স°)। শঙ্কু যন্ত্র (sun-dial)। ছায়া-বাজি···ষ্য. (বাজি দেখ)। ছায়া লইয়া ক্রীড়া (magic lantern show)। আব-ছায়া···ষ্য. (স° অপ-ছায়া)। অস্পষ্ট প্রতিবিম্ব ; অপদেবতা।

ছার ··ষ্য. (স° ক্ষার—চার, ছাই)। ভস্ম, পাঁশ। ণ. তুচ্ছ অসার। প্রঃ—হেন ছার আমার জামাতা (কবিকঃ); উড়িষ্যা করিল ছার লুঠিয়া পুড়িয়া (ভাঃ); কি ছার সে নর (মেঘনাদবধঃ)। ছড়ায়, এক ভস্ম আর ছার দোষগুণ কব কার—ভস্ম ও ছার—ক্ষার একই। ছার-খার···ষ্য. (ক্ষার+ক্ষার)। ভস্ম, ভস্মীভূত, প্রঃ—এই পঞ্চ দোষে শ্লোক কৈল ছারখার (চৈঃ চঃ)। ছার-কপালিয়া, ছার-কপাল্যে · ণ. (ছার-কপাল +ইয়া)। যাহার ললাট ভস্মীভূত হইয়াছে ; হতভাগা। ছার-পোকা···ষ্য. (কবিকঃ উড়ুষ—'উড়ুষ কচ্ছপগুলা'; রঙ্গপুরে ময়নামতীর গানে,—ওরসের লেখা নাই উকুন উকুন ডালি ডালি। ঢাকায় উরস ; পাবনায় ছাই-পোকা। ও° ছার-পোক, ওড়স ; হি° খটমল—খাটের মল, উড়স ; ম° নাম টেঁকুণ। স° উৎদংশ—উর্দ্ধমুখে দংশন করে বলিয়া। ইহা হইতে উরস, ওড়স ইত্যাদি। স° উৎকুণ, মৎকুণ হইতে ম° টেঁকুণ)। শয্যাকীট, ছার—ক্ষার—মল থাকিলে যে পোকা (ষট্‌পদী। bed-bug) জন্মে (তু° ই° vermin)।

ছাল ··ষ্য. (স° ছল্লী, ছলি,)। ত্বক্, প্রঃ—গাছের, মাছের, পাঁঠার ছাল। (শুং পুঃ—ছড়)। ছাল-চামড়া···(ছাল ও চর্ম্ম—সহচর শব্দ)। ছাল, ত্বক। নুন-ছাল···ষ্য. দেহের উপরের যে ত্বক লোনা থাকে, দেহের

উপরের সূক্ষ্ম ত্বক (epidermis)। ছালট, ছালাট ·ষ্য. (ছাল+কাঠ)। বড় কাঠের কর্ত্তিত ছাল ভাগ। ছালটি ··ষ্য. (ছাল+সূত্র)। তিসী গাছের ছালের সূত্রে বোনা কাপড় (linen)।

ছালনা (গ্রা°)···ছাঁদনা দেখ।

ছালা...ষ্য. (সং ছল্লি হইতে ছাল; ছাল+আ)। মূল অর্থ পশুর কিংবা গাছের ছালে নির্ম্মিত আধার। ইহা হইতে যে আধারে দ্রব্যাদি পুরিয়া গোরুর পিঠে লাদা যায় (তু° বোরা। ও° ছেলা—প্রায় দুই মণ ওজন; দুই পাটে এক ছেলা); বলদের পিঠে যে ভার চাপানা যায়, (দুই পাশে দুই ছালায় প্রায় ১॥০ মণ হইতে ২ মণ ভার থাকে)। প্রঃ—তামলীর ভেসে গেল তামুকের ছালা (মাঃ)। (মালদহে ঝাইল। ঝাইল দেখ)।

ছালাট ··ছাল দেখ।

ছালিয়া, ছেলে···ষ্য. (ছাওয়াল হইতে)। ছেলে, প্রঃ—ছালিয়া ধরা রাজার দুত খাইলেক সর্পে (চৈতন্য-মঙ্গল)।

ছিঃ, ছেঃ, ছী ··ব্য. (সং)। নিন্দায়, ধিক্কারে।

ছি-ছি, ছি ··ব্য. নিন্দায়। ছি-ছি করা—নিন্দা করা। কথায়, দশে যারে বলে ছি, তার প্রাণে কাজ কি ?

ছি (গ্রা°)···ণ. (সং শ্রী)। শ্রী, প্রঃ—ছি-হত্থ (শূং পুঃ)। ছি-হস্তে—শ্রীহস্তে।

ছিচকা·· ষ্য. (শিক—ছিচ+কাঠি)। হুঁকার নলিচার কাইট দুর করিবার কাঠি বা গজ; শিক-কাঠি। ছিচকা-চোর··ষ্য. যে সিঁদ-কাটি দিয়া চুরি করে; ছোট জিনিসের চোর।

ছিঁচ···ধাতু (সং সিচ ধাতু সেচনে)। ছিঁচি—ক্ষরণ করি, সেচন করি, প্রঃ—শিকড় ছিঁচিয়া রস বাহির করা—লোড়ার আঘাতে; আরসা হইলে জেন ছিচএ দিব পানি (শূং পুঃ)—রসহীন হইলে পানি ছিচিয়া দিবে। ছেঁচা, ছিঁচ॥ ছিঁচ ষ্য. সেচন। জল-ছেঁচা·· ষ্য. জল-সেচন। ছেঁচা···ধাতু, (ছিঁচ ধাতু আছে)। ছেঁচানা॥

ছিঁচ-কাঁদনিয়া ··ণ. যাকে ছুঁইলে কাঁদিয়া উঠে, যে অল্পত্রুটিতেই কাঁদে। ছড়ায়, ছিঁচ-কাঁদনিয়ার নাকে ঘি—যে সর্বদা কাঁদে তার নাকে সর্বদা শিকনি লাগিয়া থাকে।

ছিট ··ষ্য. (সং চিত্র হইতে হিং)। চিহ্ন; চিত্রিত বস্ত্র। (সং ছটা হইতে। ছিটা দেখ)। জল-কণা বর্ষণ, অবশেষ, চিহ্ন; প্রঃ—পাওনার ছিট মেটানা, পাগলামির ছিট।

ছিটকা·· ধাতু. (ছটকা ধাতু দেখ। কিংবা ক্ষিপ্তীকৃত, ছিন্নীকৃত হইতে। হিংতে ছিটকনা, ছিটকানা—দুইই আছে। অতএব ছিটকা নাম ধাতু। মং ছিটকার—নিক্ষেপ)। ছিটকাই—বহু হইতে অল্প পৃথক হইয়া দূরে পড়ি, পথভ্রষ্ট হই, প্রঃ—ছাতের জল ছিটকাইয়া বারাণ্ডায় আসে, গোরু ভুলিয়া পাল হইতে ছিটকাইয়া পড়ে। ছিটকানা (প্রায়ই ছিটকনা)॥

ছিটকানি ··ষ্য. (ছটকা ধাতু হইতে ?)। কপাট বন্ধ করিবার কীলক।

ছিটনি ··ণ্য. (ছিটা ধাতু হইতে ছিটানি—ছিটনি)। খড়ের চালের রোয়ার উপরে এবং শাঁড়কের সমান্তরে যে শলা বাঁধা হয়; এই শলা বন্ধন। প্রঃ—তালর কাঁড়ি লাগে

গুআর বাখারি, ছিটনি তথির উপর (শূ·পুঃ)।

ছিটা ··ধাতু. (সং ছটা—রেখা, সমূহ হইতে)। ছিটাই—রেখা করি, পরম্পরা করি, ধারা নিক্ষেপ করি; প্রঃ—জল ছিটাইয়া পাত পাড়া, বীজ ছিটাইয়া গাছ করা। ছিটানা, ছিটানি॥ ছিটানি, ছিটনি···যাহা চালের বাঁশের উপর সাজাইয়া বিছাইয়া বাঁধা হয়। ···ষ্য. বিন্দু-নিক্ষেপ, জল-বিন্দু নিক্ষেপ। দৃষ্টান্তে, কাটা ঘায়ে নুনের ছিটা—বিপদের সময় বাক্যবাণ। ছিটা-ফোঁটা ··ষ্য. (সহচর শব্দ)। এক আধ ফোঁটা, এক আধ ফোঁটা বৃষ্টি। ছিটা-ফোঁটা করা—মন্ত্রিত জলের ছিটা লওয়া এবং বশ করিবার ঔষধের ফোঁটা কপালে পরা, প্র —ছিটা ফোঁটা করিয়াছে ঔষধ প্রবন্ধ (কবিকঃ)। (বোধ হয় এই ছিটা-ফোঁটার ছিটা—সং চিত্র হইতে। কপালে চিত্র ও ফোঁটা করা। তুং ওং চিতা কাটা, শূং পুঃ চিট্যা-ফটা)।

ছিটা-বেড়া···ঝিটা-বেড়া দেখ।

ছিটাম···ষ্য. (ছিটা+কাম। ছিটা ধাতু দেখ)। ছিটানি কর্ম।

ছিঁড়···ধাতু. (সং ছিদ ধাতু ছেদনে। ছিদ ধাতু হইতে ছিদি—ছিড়ি-ছিঁড়ি। বোধ হয় সং ছিনন্তি পদে অনুনাসিক বর্ণ আছে বলিয়া ছিড়ি না হইয়া ছিঁড়ি। ছিন্ন হইতে ধাতু ছিঁড়া হইত)। ছিঁড়ি—বিদারণ করি, চিরি। ছেঁড়া॥ ছেঁড়া ··ধাতু. (ছিঁড় ধাতু আস্তে)। ছেঁড়ানা॥ ছেঁড়া, ছিঁড়া · ণ. ছিন্ন।

ছিণ্ড ··ধাতু. (সং ছিন্ন হইতে। ছিণ্ডা ধাতু হইবার ছিল)। ছিণ্ডি—ছিঁড়ি। ছিণ্ডা॥ (প্রাচীন বাং)।

ছিঁদ···ষ্য. (সং সন্ধি, ছিদ্র)।° ছোট ছিদ্র। প্রঃ—ছুঁচের ছিঁদে সূতা পরানা (ছিঁদ ছোট, ছেঁদা বড়)।

ছিদাম···ষ্য. (ছদাম দেখ। তুং সং দ্রবিণ —দামড়ি দেখ। হিং ওং ছদাম। ছদাম।

ছিন·· ধাতু. (ছিঁড়, ছিণ্ড ধাতুর রূপান্তর)। ছিনি—ছিঁড়িয়া লই, কাড়িয়া লই, প্রঃ—গলা হইতে হার ছিনিয়া লইয়াছে। (বোধ হয় ছিনাইয়া শুদ্ধ)। ছিনা, ছেনা॥ (ছেনা প্রায় শোনা যায় না)।

ছিনা···ণ. (সং ক্ষীণ, শীর্ণ। ওং স'ণ—ছোট; মং শান, ছান—সূক্ষ্মতা; হিং ঝীনা—ছোট। বাং ঝিনা-দহ—ছোট দহ)। শীর্ণ, প্রঃ—মেলেরিয়া জ্বরে পেট লাউ হয়, পোঁদ ছিনা হয়। ছিনা জোঁক···সরু জোঁক।

ছিনাল, ছিনার ণ. (সং ছিনা—বেশ্যা। ছিনা +আল, আর—বেশ্যার ভাব বিশিষ্ট)। বেশ্যাতুল্যা ভ্রষ্টা নারী। ছিনালি ··ষ্য. (ছিনাল+ই)। ছিনালের ভাব।

ছিনি-মিনি ··ষ্য. (অনুকার শব্দ। তথাপি, নিক্ষেপ শব্দ মূলে থাকিতে পারে)। জলে খোলাম কুচি নিক্ষেপ (বাল-খেলায়)।

ছিন্ন ণ. (সং)। ছেঁড়া। ছিন্ন-ভিন্ন, ছিন্ন-বিচ্ছিন্ন ··ণ. (সং। সহচর শব্দ)। ছেঁড়া ও বিদীর্ণ; পৃথগ-ভূত।

ছিপ (গ্রাং)···সিপ দেখ। (২) ডাকাইতের দ্রুতগামী সরু নৌকা বিশেষ।

ছিপা · ধাতু. (ছাপা ধাতু দেখ)। ছিপাই—গুপ্ত করি। ছিপানা॥ (প্রায় চলিত নাই।

ছিপি···ষ্য. (চাপ ধাতু হইতে চাপি-চাবি)। বোতলের মুখে যাহা চাপা হয়, গুঁজি।

ছিপী ··ষ্য. (হিং। ছাপ হইতে)। যে কাপড় ছাপে, রঙ্গ দিয়া চিত্রিত করে।

ছিবড়া…ষ্য. (সং চর্বিত হইতে। কবিকঃ—ছোপড়া, কৃত্তিঃ—চিবুড়া। ও° ছিটা—সং শিষ্ট; ম° চিপাড়—যাহা চিপড়া বা রস-শূন্য করা হইয়াছে। ঢাকায় ছাবা। অতএব ছিবড়া ও ছোবড়া একার্থ নহে)। শাকাদির চর্বিত ও নিষ্কাশিত-রস ডাঁটা, প্রঃ—আখ খাইয়া ছিবড়া ফেলা।

ছিবা…ষ্য. (সং চর্বিত হইতে)। চর্বণে যে রস হয়। (কোথাও কোথাও পানের ছিবা, কোথাও বা ছেপ বলে)।

ছিম্‌নী (গ্রা°)…ষ্য. (সং ছেদনী)। লৌহাদি কাটিবার ছেনী।

ছিয়াত্তর…ণ. ষ্য. (সং ষট্‌সপ্ততি)। ছয় অধিক সত্তরি সঙ্খ্যাক,-সঙ্খ্যা ; ৭৬।

ছিয়ানব্বই, ছিয়ানই…ণ. ষ্য. (সং ষণ্ণবতি)। ছয় অধিক নব্বই সঙ্খ্যাক,-সঙ্খ্যা ; ৯৬।

ছিয়াল…ণ. (সং শ্রী—ছি+আল)। শ্রীসম্পন্ন, পুষ্ট।

ছিয়াশি…ণ. ষ্য. (সং ষড়শীতি)। ছয় অধিক আশি সঙ্খ্যাক,-সঙ্খ্যা ; ৮৬।

ছিরকা…সির্কা দেখ।

ছিরকা…ধাতু. (ছিটকা ধাতু দেখ)। ছিরকাই—বিন্দুর আকারে বিক্ষিপ্ত হই। ছিরকানা, ছিরকানি॥ (ছিটকা ধাতু কঠিন ও দ্রব উভয়বিধ দ্রব্যের বিক্ষেপে, ছিরকা দ্রব-দ্রব্যের বিক্ষেপে)।

ছিরা…ষ্য. (সং শ্রী হইতে)। শ্রী ; শ্রীমন্ত (মানুষের নাম)। হতচ্ছিরা…ণ. (সং হতশ্রী)। হতশ্রী, হতভাগ্য।

ছিরি…ষ্য. (সং শ্রী। সং প্রা° সিরী)। শ্রী, লক্ষ্মী। ছিরি-ছাঁদ…ষ্য. (সহচরশব্দ)। ছিরি ও ছাঁদ, শ্রী ও ছন্দ। বিচ্ছিরি…ণ. (সং বিশ্রী)। বিশ্রী। ছিরি-ফল…ষ্য. (সং শ্রীফল)। বিল্বফল (প্রাচীন পদে)।

ছিল…ধাতু. (সং ছল্লী—বল্কলে। ও° ছেল, হিং ছীল ছোল ধাতু। বাংতেও ছিল ও ছুল ধাতু একার্থ)। ছিলি—কাটারী ইত্যাদি দ্বারা ছাল বা উপরের অসমান অংশ দূর করি, কোদাল দ্বারা তৃণাবরণ দূর করি। ছেলা॥ ছেলা…ধাতু. (ছিল ধাতু আস্তে)। ছেলানা॥

ছিলকা ষ্য. (সং ছল্লিকা)। সরু বা সূক্ষ্ম ছাল ; পাতলা টুকরা।

ছিলা…ষ্য. (সং ছল্লি। ম° চিল্লা)। ধুতি শাড়ীর দুই প্রান্তের বহির্গত সূত্র বা দশী ; ধনুকের জ্যা।

ছিলিম…ষ্য. (ফা° চিলম)। হুঁকার কলিকা। এক ছিলিম তামুক—এক কলিকা।

ছিষ্টি (গ্রা°)…ষ্য. (সং সৃষ্টি)। সৃষ্টি (শুং পুঃ)। ছিষ্টি-ছাড়া…ণ. সৃষ্টিবাহ্য।

ছুঁ…ধাতু. (সং ছুপ ধাতু। ও° ছুঁ, হিং ছু ধাতু)। ছুঁই—স্পর্শ করি। ছোঁয়া॥ ছোঁয়া-ছুয়ি…ষ্য. পরস্পর স্পর্শ। ছোঁয়াছিয়া…ণ. (ছোঁয়াছুঁয়ি হইতে)। ছোঁয়াতে ছোঁয় বা চলিয়া আসে যাহা। ছোঁয়া…ধাতু. (ছুঁ ধাতু আস্তে)। ছোঁয়ানা॥

ছুঁই-ছুঁই…ব্য. (ছুঁ ধাতু দেখ)। স্পর্শ-আশঙ্কায়। ছুঁই-ছুঁই করা—শঙ্কা পাছে ছুঁইয়া ফেলে (শুচিবাতিকে)।

ছুঁচ…ছুচ দেখ। (২) (গ্রা°) ছ্যাৎ দেখ।

ছুঁচা…ষ্য. (সং চুঞ্চু, ছুছুন্দরী। ও° চুচুন্দরা। ঢাকায় চিকা)। (১) রাত্রিচর কীট-ভোজী জন্তুবিশেষ। (Musk shrew. Crocidura cærulea)। চক্ষু ক্ষুদ্র ; নাক দীর্ঘ সম্মুখে

বহির্গত। ভীত হইলে দেহের অঙ্গবিশেষ হইতে দুর্গন্ধ বাহির হয়। প্রঃ—কিচ্-মিচ করে কত ছুঁচা পণে পণ (কবিকঃ)—ছুঁচা কিচ্-কিচ করে, কিচ্-মিচ করে না। (২) নীচপ্রকৃতি লোক (গন্ধমুষিকের দুর্গন্ধ হেতু), প্রঃ—ছি ছি ওরে ছোঁচা ভেড়া ছার তোর জীবনে (মাঃ)। (ছুঁচা বাঁদর গোরু গাধা বোকা মেড়া ইত্যাদি প্রায় যাবতীয় চতুষ্পদ পশু মানুষের গালি হইয়াছে। হাতী ঘোড়া বিড়াল প্রভৃতি কয়েকটি হয় নাই)। (৩) অগ্নিবাণ বিশেষ, ছুঁচার মতন ঘুরিয়া বেড়ায়। প্রবাদে, (১) ছুঁচা মারিয়া হাত গন্ধানা—নীচলোককে দণ্ড দিতে গেলে যশ হয় না। (২) ঘরে ছুঁচার কীর্ত্তন বাইরে কোঁচার পত্তন—ঘরে সর্বদা কলহের কিচি-কিচি কিংবা লক্ষ্মীর অভাব, বাহিরে ভব্যতা প্রদর্শন যেন সব ভাল। (৩) সাপের ছুঁচা গেলা—সাপ যাহা দাঁত দিয়া ধরে তাহা গলার দিকে চলিয়া যায়। ছুঁচা ধরিলে দুর্গন্ধ-হেতু বাহিরে ফেলিতে চেষ্টা করে, কিন্তু পারে না। অতএব উভয় সঙ্কটে পড়া।

ছুঁচা···ধাতু. (সং শুচি, শৌচ হইতে)। ছুঁচাই—মলদ্বার ধুইয়া শুচি হই। ছোঁচানা॥

ছুচি-বাই···ষ্য. (সং শুচিবাতিক)। সর্বদা শুচি রক্ষা, সর্বদা অশুচি হইবার শঙ্কা। ছুচি-বাইয়া, ছুচি-বায়া, ছুচি-বেয়ে ··ণ. (ছুচি-বাই+ইয়া)। শুচি বাতিক-গ্রস্ত।

ছুট ··ধাতু. (সং ক্ষিপ্ত, সং-প্রাং ছুট্ট হইতে। ওংতে ছুট ধাতু সর্বত্র চলিত নাই। মংতে ছুট ধাতুর বাং অর্থ নাই। হিং ছুট ধাতু হইতে বাংতে আসিয়া থাকিবে)। ছুটি—বিক্ষিপ্ত হই, বেগে বহির্গত হই, মুক্ত হই; প্রঃ—ছুটিলাম পাপ হৈতে (চৈঃ চঃ), ছুটিয়া গিয়া ধরা, নেশা ছুটিল। ছোটা, ছুটন, ছুটনি॥ ছুটা-ছুটি ··ষ্য. একের পশ্চাতে অন্যের ধাবন, এদিকে ওদিকে দৌড়ন। ছুটি ··ষ্য. মুক্তি, বিদায়। ছুট ··ষ্য ছুটি, দৌড়ন; পরিত্যাজ্য, বাদ—প্রঃ—কেনা-বেচায় ছুট দিতে হয়। ছুটকা, ছুটকিয়া ·· ণ. যে বা যাহা বিক্ষিপ্ত হয়, পলায়ন করে, প্রঃ—ছুঃ গোরু। ছোটা ··ধাতু. (ছুট ধাতু আস্তে)। ছোটানা॥

ছুটলা···ণ. (ছোট+ল)। ক্ষুদ্র, অনির্দিষ্ট, প্রঃ—ছুঃ খরিদদার—অল্প দ্রব্যক্রেতা, যে কদাচিৎ ক্রয় করিতে আসে।

ছুড়, ছুর···ধাতু. (সং ছুট ছুর ধাতু ছেদন)। ছুড়ি, ছুরি—ছেদন করি, ছাল উন্মোচন করি, প্রঃ—পাঁঠা ছোড়া, ছোরা—পাঁঠার ছাল কাটা। ছোড়া, ছুড়ন॥ ছোড়া···ধাতু. (ছুড় ধাতু আস্তে)। ছোড়ানা॥

ছুঁড় · ধাতু (সং ক্ষিপ্ত, নিক্ষিপ্ত হইতে। ছুট ধাতু দেখ। ওংতে এই ধাতু নাই। হিং ছোড়না বাং ছাড়া)। ছুঁড়ি—নিক্ষেপ করি, প্রঃ—ইট ছোঁড়া। ছোঁড়া, ছুঁড়ন॥ ছোঁড়া ··ধাতু. (ছুঁড় ধাতু আস্তে)। ছোঁড়ানা॥

ছুঁড়ী ··ষ্য. (ছোঁড়া স্ত্রীং)। ছুকরী। দৃষ্টান্তে, ওঠ ছুঁড়ী তোর বিয়ে—বিনা আয়োজনে বিবাহ হয় না; তেমনই, আয়োজন না থাকিলে অপর কাজও হয় না।

ছুতা ··ষ্য. (সং সূত্র)। সূত্র, ছিদ্র, প্রঃ—ছুতা পেয়ে ভর্ৎসনা। ছুতা-নেতা···ষ্য. (সং সূত্র, সং নেত্র। সহচর শব্দ)। সূত্র, দোষ, ছল। ছুতা···ছুতার দেখ।

ছুতার···ষ্য (স° সূত্রধর। ম° সুতার; হি° সুতার, ও° বঢ়ই। বা° বাড়ই স° বর্ধকী—বা°তে দক্ষ ত্বষ্টা)। কাষ্ঠকর্মকার; প্রতিমা-নির্মাণকার। হিন্দুজাতিবিশেষ। স্ত্রী° ছুতা-রনী। পশ্চিম বঙ্গে ছুতারে চিড়া করে, প্রঃ—ছুতার হাটের মাঝে চিড়া কুটে খই ভাজে, কেহ করে চিত্র নিরমাণ (কবিকঃ)।

ছুবা ··ধাতু. (চুবা ধাতু দেখ)। ছুবাই—রঙ্গাদি জলে সিক্ত বা রঞ্জিত করি। ছোবানা॥ ছোব, ছোপ · ষ্য. রঙ্গ, দাগ।

ছুবা ··ধাতু. (ছো, ছোবলা দেখ)। ছুবাই—হা করিয়া কামড়াই, প্রঃ—দুরি গেলে ছুবায় কুকুরে (কবিকঃ)। ছোবানা॥

ছুবি ··ষ্য. (ছুবা ধাতু হইতে)। গোরুর নিমিত্ত খইল-জল-মাখা কাটা জাব।

ছুয়ারা ··ছোয়ারা দেখ।

ছুরী···ষ্য. (স° ক্ষুরী, ক্ষুরিকা, ছুরিকা)। ছোট কর্তরী (বড়—ছোরা)। পূর্বকালে কাতি শব্দ চলিত ছিল। ও°তে অদ্যাপি কাতি, তেলুগু কাত্তি)। দৃষ্টান্তে ক্ষীরের ভিতর হীরের ছুরী—মুখে মিষ্ট অন্তরে কাটারী। গলায় ছুরী দেওয়া—অতিবঞ্চনা করা। চাকু-ছুরী ···চাকু দেখ।

ছুল · ধাতু. (ছিল ধাতু দেখ)। ছুলি—ত্বক ও অসার দূর করি, মল দূর করি, প্রঃ—ডাব ছোলা, জিব-ছোলা। ছোলা॥ ছোলা ··ধাতু. (ছুল ধাতু আন্তে)। ছোলানা॥ প্রঃ—ফল ছোলাইয়া পাত্র ভরে শাঁসে (চৈঃ চঃ)।

ছুলি ··ছলি দেখ।

ছুঁচ ··ষ্য (স° সূচী)। সেলাই করিবার সূচ। ছুঁচলা ··ণ. (ছুঁচ+লা)। সূচীর তুল্য সরুমুখবিশিষ্ট, সরুমুখবিশিষ্ট। ছুঁচ-পানা ··ণ. সূচী-প্রায়, সরুমুখ। দৃষ্টান্তে, ছুঁচ হয়ে ঢোকা ফাল হয়ে বেরনা—সূচী সূক্ষ্ম, ফাল স্থূল, ইহা হইতে অল্পে অল্পে বহু অধিকার। (২) ছুঁচ চালাইতে চালাইতে বেট্যে চালানা— গুণ-ছুঁচে বেট্যে (বাটিয়) দোড়ী পরাইয়া গুণ-চট সিঁইবার সময় ছুঁচ সহজে চলিয়া যায়, কিন্তু দোড়ী যায় না। কিন্তু ছুঁচ এপাশে ওপাশে চালাইতে চালাইতে শেষে দোড়ী যাইবার পথও হয়।

ছে·· ষ্য. (স° ছেদ)। কাষ্ঠাদির ছেদ বা খণ্ড; প্রঃ—কাঠ ছে করা বা দেওয়া। ছেয়া··ষ্য. (স° ছেদ)। ছিন্ন বা কর্তিত খণ্ড; প্রঃ—কাঠের ছেয়া কমানা—লম্বায় ছোট করা। ছে··ষ্য. (স° পদ চ্ছেদ); পদচ্ছেদ (foot-step)। এক ছে এক ছে করিয়া যাওয়া—ধীরে ধীরে পা ফেলিয়া গমন।

ছেঃ, ছেছে ··ব্য. ছিঃ, ছিছি (অশিষ্ট)।

ছেঁক ··ব্য. (ছাঁক ধাতু দেখ)। তপ্ত তৈলাদি স্পর্শজনিত শব্দ, প্রঃ—ছেঁক করিয়া মাছ ভাজা; জ্বরের আরম্ভে গা ছেঁক্-ছেঁক করে—দেহ তপ্ত বোধ হয়, ভুয়েও গা ছেঁক করিয়া ওঠে—যেন তপ্ত তৈলে পড়ে, দেহ লোমাঞ্চিত হয়।

ছেঁক ··ধাতু. (বোধ হয় ছকা—চতুষ্ক কাটা হইতে ছেঁকা। হি° ছেঁকনা, ম° ছেকর্ণে ছকর্ণে—লেখার উপর রেখা করিয়া লেখা কাটা)। ছেঁকি—বেষ্টন করি, প্রঃ—তাহাকে মৌমাছিতে ছেঁকিয়া ধরিয়াছে। ছেঁকা॥

ছেঁক···ধাতু. (ছাঁক, সেক ধাতু দেখ)। ছেঁকি—আদগ্ধ করি, ভাজি। ছেঁকা॥ লোহা পোড়াইয়া গায়ে ছেঁকা দেওয়া—চর্ম দগ্ধ করিয়া রেখা বা চিহ্ন করা। (তু° ছ্যকা, ছেঁচকি)।

ছেকড়া···ণ. (সং ছিন্ন, ছিন্নীকৃত)। ছিন্ন বা ছিন্নীকৃত, প্রঃ—ছেকড়া ছেকড়া দই।

ছেঁচকি···ষ্য. (ছাঁক ধাতু হইতে)। জলে অল্প সিদ্ধ করিয়া পরে গরম তাওয়াতে তেল দিয়া ছাঁক শব্দে যে ব্যঞ্জন অল্প ভাজা হয়, যেমন নিম-ছেঁচকি। ছেঁচকি-পোড়া হওয়া—ছেঁচকির তুল্য আধ-পোড়া হওয়া।

ছেঁচড়··(সং ছিত্বর—ধূর্ত? হি° ছিচোরা—বা° ছিচকা চোর=ছিচোর—ছেঁচড়। সিঁদ চোর হইতেও ছেঁচোর—ছেঁচোড় অসিতে পারে)। ধূর্ত, যে সহজে ছাড়ে না; ছোট জিনিষের চোর বা ছিচকা-চোর। হাত-ছেঁচড়···ষ্য. (সং হট্ট-চৌরক)। হাটে বাজারে জনতায় ছিনিয়া চুরি করে যে।

ছেঁচড়া···ষ্য. (সং ছিত্বর—কুচরিত্র। ম° ছু-চোরা, ছছোরা—ছাবলা)। নষ্টচরিত্র, কূটবুদ্ধি, ধূর্ত (গালিতে। তু° ছেঁড়া)।

ছেঁচড়া···ষ্য. (ছাল+ছড় হইতে। তু° হি° ছিছড়া—ছাল। তু° ছেঁচড়, ছেঁচড়া লোক—যাহার ছাল ছেঁড়া? তু° ছেঁড়া)। মাছের আঁষ পোঁটা, শাগ, কুমড়ার খোলা প্রভৃতি ওঁছা দ্রব্য যোগে ব্যঞ্জন।···ধাতু. ছেঁচড়াই—বন্ধুর স্থানে ঘর্ষণ দ্বারা ছাল ছিন্ন হই। ছেঁচড়ানা॥

ছেঁচা··ছিঁচ ধাতু দেখ।

ছেড়··ষ্য. (ছাড়া হইতে)। সেতার বাজাই-বার সময় নায়কী তারে ডা বাজাইয়া পাশের তারে রা বাজানা।

ছেঁড়া···ণ. (সং ছিন্ন। ছিঁড় ধাতু দেখ)। ছিন্ন; সমাজভয়-ছিন্ন, প্রঃ—ছেঁড়া লোক; পরিশ্রমসাধ্য কিন্তু অকিঞ্চিৎকর, প্রঃ—ছেঁড়া কাজ; পিণ্ডীভূত, প্রঃ—ছেঁড়া দুধ। ষ্য. ছেদন। ছেঁড়া-খঁড়া···ণ. (ছিন্ন+খণ্ডিত। সহচর শব্দ)। ছেঁড়া, প্রঃ—ছেঃ কাগজ। ছেঁড়া লেঠা··যে লেঠা বা বিঘ্ন শেষ হয় না।

ছেতো ··ণ. (ছাতু+উয়া)। ছাতু—ছত্রাক-বিশিষ্ট। (ছেতো পড়া, ধরা।)

ছেদ···ধাতু. (সং ছিদ ধাতু ছেদনে)। ছেদি—খণ্ড করি, কাটিয়া খণ্ড খণ্ড করি। ছেদা॥ ছেদা···ষ্য. খণ্ডিত বা কর্তিত অংশ, ছেয়া। ছেদা··ধাতু. (সং ছেদ হইতে)। ছেদাই—ছেদ বা খণ্ড করি। ছেদানা॥ ছেদ···ষ্য. (সং)। খণ্ড, বিরাম, বিরামচিহ্ন (।)।

ছেঁদা···ষ্য. (সং ছিদ্র)। ছিদ্র; বড় ছিঁদ।

ছেঁদো ··ণ. (ছাঁদ+উয়া—ছাঁদুয়া)। ছন্দ-বিশিষ্ট; প্রবাদে—ছেঁদো কথা মাথার জটা খুলতে গেলে বিষম লেঠা। (২) ছন্দে কথা কহে যে, প্রঃ—ছেঁদো লোক।

ছেনা···ষ্য. (সং সন্তানিকা—ক্ষীরশর—হইতে বোধ হয় না। সং ছিন্ন হইতে। সুতরাং শব্দটি ছানী নহে, ছেনা। তু° আসা° ও° ছেনা, হি° ছেনা)। দুধ ছিড়িঁলে বা কাটিয়া গেলে যে পিণ্ড হয়; প্রঃ—নারিকেল শস্য ছানা শর্করা মধুর (চৈঃ চঃ); বিশা দরে ছেনা কিনি (কবিকঃ)। ছেনা-বড়া···ষ্য.(সং বটক—বড়া)। গুড়ে পক ছেনার বড়া; মিষ্টান্নবিশেষ।

ছেনী···ষ্য. (সং ছেদনী । সং ব্রশ্চন)। ধাতু কাটিবার মোটা বাটালী। (প্রাং ছিমনী)

ছেপ ··ষ্য. (সং ষ্ঠীব্) । থুথু । (রাঢ়ে অপ্রচঃ)

ছেবলা ··ছাবলা দেখ।

ছেমড়া···ণ. (সং ছমণ্ড—মৃত-পিতৃক, বন্ধু-হীন—শব্দকল্পঃ)। অশিষ্ট, দুর্জন।

ছেয়া···ষ্য. (সং ছেদ)। ছেদ, খণ্ড, খাদি।

ছেয়ানী···ষ্য. (সং ছেদনী) । ছেনী, প্রঃ—ছেয়ানীতে কেহ কাটে (কবিকঃ)।

ছেয়ে ··ণ. (ছাই+ইয়া—ছাইয়া—ছেয়ে)। লতাপাতার ভস্ম (ছাই) বর্ণবিশিষ্ট।

ছের···ধাতু. (ছট', ছড়া হইতে। ওং ছের ধাতু ; তুং ওং জগন্নাথের যাত্রার পর ছেরা পহঁরবা—পথে ছল ছড়ানা ও ঝাঁটানা) ছেরি—তরল মল ত্যাগ করি। ছেরা, ছেরানি॥

ছেরানি ··তরল মল।

ছেলা ··ধাতু. ছিল ধাতু দেখ।

ছেলী ··ষ্য. (সং ছেলকী। হিং ওং ছেলী)। ছাগ, ছাগলী (কবিকঃ)। (অপ্রচঃ)

ছেলে ··ষ্য.(সং ছল্লী—সন্তানে—মেঃ। ছল্লী—ছালিয়া—ছেলে। প্রাচীন বাংতে ছাও-য়াল, ছাবাল। ছাওয়াল+ইয়া=ছায়ালিয়া ছালিয়া—ছেলে হইতে ও পারে। ঢাকায় ছাইলা—অর্থাৎ ছালিয়া)। সন্তান। ছেলে-পিলে ··ষ্য. (মূলশব্দ ছালিয়া-পীলা। পীলা—সং পীলক—পিপড়া, পীলু—পরমাণু। ছেলে-পিলে···সন্তান-রূপ ক্ষুদ্র জীব কিংবা পরমাণুবৎ সন্তান। ওং পিলা—বালক, পিলী—বালিকা ; হিং পিল্লা—কুকুর-শাবক, পিল্লূ—কীট ; মং পীল—শাবক। তুং বাং পিল্-পিল। পূর্ববঙ্গে পোলা (সং পোত হইতে ?)—পুত্র সন্তান। অতএব পিলা—পিলে—সম্প্রতি অনুচর শব্দ)। সন্তানাদি। ছেলে-ছোকরা···ষ্য. (প্রায় সহচর শব্দ)। ছোট ও বড় বালক। ছেলে-মানুষ ··ষ্য. ছাওয়ালমানুষ, শিশু। ছেলে-মানুষি ··ষ্য. বালচাপল্য। ছেলে-ধরা ··ষ্য. শিশু-চোর। আটাসিয়া ছেলে, আটাস্যে ছেলে··· (আটমাস + ইয়া—আটমাসিয়া—আটা-সিয়া)। যে ছেলে আটমাস মাত্র গর্ভে থাকিয়া জন্মে; প্রঃ—আমি কি আটাসে ছেলে। ভয়ে ভুলব না ক চোক রাঙ্গালে। (রামপ্রসাদ)। আঁতুড়িয়া ছেলে, আঁতুড়্যে ছেলে ··এত শিশু যে এখনও সূতিকা-গৃহ ত্যাগ হয় নাই। কচি-ছেলে ··কোমল শিশু। কোলের ছেলে · শেষ সন্তান। দুধের ছেলে ··মাতৃস্তনদুগ্ধ পোষ্য। বেটা-ছেলে ··বালক, পুরুষ। মেয়ে-ছেলে ·· বালিকা, স্ত্রীলোক। দৃষ্টান্তে, ছেলের চেয়ে ছেলের গু ভারী—দেহ অপেক্ষা দেহের মল ভারী ; লক্ষণায়, গৌণদ্রব্যের আধিক্য।

ছেলেমি ··ষ্য. (ছেলিয়া+আমি—ছেলিয়ামি—ছেলেমি)। বালচাপল্য।

ছৈ···ছই দেখ।

ছোঁ · ষ্য. (সং ছম ধাতু—ভক্ষণে—হইতে)। উপর হইতে বেগে নামিয়া আক্রমণ বা গ্রহণ। সাপ ও চীল ছোঁ মারে, প্রঃ—কপালে তিলক দিতে সাপে মারে ছোঁ (কবিকঃ)।

ছোকরা ··ষ্য. (সং তোক—শিশু। ইহা হইতে ওং টোকা—বালক, টুকী—বালিকা। হিং ছোকরা ছোকরী)। বালক, যুবা। স্ত্রীং ছোকরী—ছুকরী। (ছোকরা, ছুকরী প্রায়ই নিন্দিতার্থে)।

ছোঁচা···ষ্য. (ছুঁচা হইতে)। বড় ছুঁচা—নীচ-প্রকৃতি, প্রঃ—কেহ ছোঁচা কেহ বোঁচ কেহ বা সরল (কবিকঃ)। স্ত্রী° ছুঁচী।

ছোঁচা··ধাতু. (সং শৌচ হইতে)। ছোঁচাই—মল-ত্যাগের পর জল-শৌচ করি। ছোঁচানা॥ (ছুঁচ ধাতু দেখ)

ছোট্··ণ. (সং ক্ষুদ্র—ছুট—ছোট্। তুং হিং ছুদ্র, ছুদর। চৈঃ অমৃতে—ছুটা পাণ বিঁড়া। ওং ছুটিআ, ক্ষুদ্রিয়া। হিং ছোটা—বস্তুতঃ ছুটা)। ক্ষুদ্র। ছোট্ট··ণ. (সং ক্ষুদ্র—ক্ষুদ্দ—ছুট্ট)। অতি ক্ষুদ্র। ছোট্-খাট্··ণ. (সহচর শব্দ)। ছোট্। ছোট্-বড়্··ণ. ক্ষুদ্র ও বৃহৎ। ছোট্কী, ছুট্কী (ছোট+ক+ঈ)। ছোট্ বউ। ছোট আদালত...অল্প দাবির বিচারালয় (a small cause court)। ছোট্ ঠাকুর··শ্বশুরের কনিষ্ঠ পুত্র। ছোট্ দিন··হ্রস্ব দিবা। ছোট্ নজর··ক্ষুদ্রদৃষ্টি, ক্ষুদ্র চেতা। ছোট্ বউ··কনিষ্ঠা বধূ। ছোট্ মা···ছোট বিমাতা। ছোট্ লোক··নীচ ব্যক্তি, ইতর লোক।

ছোট্···ষ্য. (সং কচ্ছোটিকা বা° কাছোটী হইতে, ক ঈ লুপ্ত)। ছোট্ কাছা ; (২) বস্ত্র, প্রঃ—এক ছোটে—উত্তরীয় বিনা ; দো-ছোট—উত্তরীয়। (৩) তুচ্ছ দ্রব্যের ছোট্ দোড়ী, প্রঃ—খড়ের ছোট্।

ছোটকী, ছুটকী··ছোট দেখ।

ছোটা···ছুট ধাতু দেখ।

ছোড়-ভঙ্গা··ণ. (সং ছত্রভঙ্গা ? শ্রেণীভঙ্গা ? ছাড়ি—সারি—শ্রেণী)। শ্রেণীভঙ্গা, প্রঃ—বরযাত্রী ছোড় ভঙ্গা হইয়া পড়িল।

ছোঁড়া···ষ্য. (ছোকরা হইতে)। ছোকরা। স্ত্রী° ছোঁড়ী—ছুঁড়ী।

ছোপ···ষ্য. (সং ক্ষুপ ধাতু হইতে বা° ছুপ ধাতু স্পর্শনে। তুং সং ক্ষেপ—লেপনে—মেঃ)। ঈষৎ রঙ্গ। ছোপানা···ণ. ঈষৎ রঞ্জিত।

ছোবড়া··ষ্য. (চোপা+ড়া)। নারিকেলাদি ফলের আঁশ। (ছিবড়া দেখ)

ছোবল··ষ্য. (সং কবল হইতে। কবল হইতে কামড়, খামল, চোবল, ছোবল)। মুখ বিস্তার করিয়া দংশন, প্রঃ—সাপে ছোবল মারে। ছোবলা··ধাতু. ছোবলাই, প্রঃ—সাপে ছোবলায়। (কামড়ানা সামান্য, তদপেক্ষা অধিক খাবলানা, তদপেক্ষা অধিক ছোবলানা)।

ছোঁয়া··ষ. ণ. ছুঁ ধাতু দেখ। ছোঁয়াছিয়া, ছোঁয়াছো, ছোঁয়াচো (গ্রা°)·ণ. (ছোঁয়া-ছুঁই+ইয়া—ছোঁয়া-ছুঁইয়া—ছোঁয়া ছুঁইয়া—ছোঁয়াছিয়া)। স্পর্শে জাত (contagious)। ছোঁয়াচ··ষ্য. (ছোঁয়া-ছুঁয়ি হইতে)। অপবিত্র স্পর্শ দোষ।

ছোয়ারা··ষ্য (হিং ছুআরা। ফা° খুর্মা দেখ)। শুষ্ক বন্য খর্জুরবিশেষ (Phoenix dactylifera)। প্রঃ—বাদাম ছোয়ারা দ্রাক্ষা পিণ্ডখর্জুর (চৈঃ চঃ)। (ছোয়ারা—বন্য, পিণ্ডখর্জুর—উত্তম)।

ছোল··ষ্য. (ছুল ধাতু দেখ)। ছুলিলে যাহা হয়, টুকরা, প্রঃ—শিং-ছোল—মহিষাদির শৃঙ্গে চিরনী ইত্যাদি করিবার সময় যে পাতলা টুকরা হয় (Shavings) ; ফলাদির ছাল, প্রঃ—পাকা নারিকেল ছোলে কাতা হয়। ছোলা···ছুল ধাতু দেখ।

ছোলঙ্গা··ষ্য. (সং মাতুলুঙ্গা হইতে)। বাতাবি নেবু, প্রঃ—নারঙ্গ ছোলঙ্গা টাবা কমলা

বীজপুর (চৈঃ চঃ)। (ফরিদপুরে ছোলঙ্গা শব্দ চলিত আছে)।

ছোলা, ছলা···ষ্য. (সং চণক—চড়া—চলা—ছলা। হিং চনা, বুট; ওং বুট, সোলা)। শিম্বাদিবর্গের কৃষিজাত শাক বিশেষ (The gram or Chick-pea. Cicer arietinum)। এই শাকের শুঁটীর বীজ।

ছোলা-ভাজা ··ষ্য. ভাজা ছোলা।

ছ্যা···ছি দেখ।

ছ্যুত···ণ. (সং)। অপবিত্র। ছ্যুত হাঁড়ী···অপবিত্র হাঁড়ী; ছ্যুত পড়া···অশুচি হওয়া। (ছ্যুত শব্দ বহু প্রচলিত। গ্রাং ছুঁত)।

জ।

জ ··ষ্য. (সং)। ব্যঞ্জন-বর্ণ, অক্ষর বিশেষ। (প্রাচীন ও গ্রাম্য বাঙ্গালায় য স্থানে জ বানান দেখা যায়।)

জ ··ষ্য. (সং যব। হিং জৌ, ওং জ)। প্রসিদ্ধ যব শস্য (Barley. Hordeum vulgare); এক ইঞ্চির চতুর্থাংশ।

জই···ষ্য. (সং যব হইতে হিং)। যব-সদৃশ কৃষিশস্য-বিশেষ (Oats. Avena sativa) এদেশের জই মানুষের ভোজ্য হয় না, ঘোড়ার খাদ্য হয়। বিশেষতঃ জই-এর খড় ঘোড়ার খাদ্য হইয়া থাকে। এই খড় পশুর পুষ্টিকর।

জউ ··ষ্য. (সং জতু)। লাক্ষা (lac)। (লাক্ষা নাম অপেক্ষা জউ নাম অধিক চলিত। সেকরা ফাঁপা গহনার ভিতর জউ পূর্ণ করে। পিত্তলাদি কুঁদিবার 'জউ'—ধুনা রজন তেল মিশাইয়া হয়)। জউ-পোকা·· লাক্ষা কীট (Tachardia lacca)। এই পতঙ্গ পলাশ অশ্বত্থ কুসুম শাল বদরী প্রভৃতি গাছে থাকিয়া রস খাইয়া বাঁচে। স্ত্রীং পতঙ্গ গাছের ডালেই থাকে। ইহাদের উদর হইতে ক্ষুদ্র ক্ষুদ্র রক্তবর্ণ কীট বহির্গত হইয়া ডাল লাল বর্ণ করিয়া তোলে। অধিকাংশ মরিয়া যায়; যে অল্প অন্য পতঙ্গ কিংবা পক্ষীর দেহে লাগিয়া কিংবা নিজ চেষ্টায় অন্য রস-বিশিষ্ট ডালে উপনীত হয়, তাহারাই বাঁচে। সেখানে তাহাদের পা খসিয়া যায়। পরে তাহাদের দেহ হইতে জউ নিঃসৃত হয়। লাক্ষা দেখ।

জওজ ··ষ্য. (আং জ়উজ)। স্বামী (আদাঃ)। জওজে শ্রীহরিদাস—শ্রীহরিদাস যার স্বামী।

জঁক ··জোঁক দেখ।

জঁক·· ষ্য. (সং যক্ষ—কুবের)। যক্ষকুবের। টাকার জঁক···কুবের তুল্য ধনবান্। জঁকের কড়ী, ধন···কৃপণের। গ্রাম্য জন বিশ্বাস করে, এক এক নদীর ও পুকুরের ঘাটে জঁক নামে দেবযোনি থাকে। তার উদর টাকায় ভরা, পিঠ কাছিমের মতন। সে টাকা লইয়া ব্যক্তি বিশেষের অপেক্ষা করে। অন্যে দৈবাৎ পিঠে পা দিলে সে জলের ভিতরে টানিয়া লইয়া মারিয়া ফেলে।

জক্-জক···ব্য. (সং জক্ষ ধাতু হসনে)। দীপ্তিতে,প্রায়ই ঝক্-ঝক। জক্-জকা···যাহা জক্-জক করিতে থাকে, যেন হাসিতে থাকে; প্রতিমার ডাক-সাজ বিশেষ, পিতলের পাতালা পাত (হিং জগ্‌জগা)।

জক্-শক, জক্-শকা ··ণ. (সং জক্ষ ধাতু ভক্ষণে; সং শক ধাতু শক্তি)। শক্তিহীন, অতিক্লান্ত।

প্রঃ—পাথর তুলিতে তুলিতে জকৃশক হওয়া, খাওয়া।

জখন (গ্রা°)···যখন দেখ।

জখম ··ষ্য. (ফা° জখম)। আঘাত, ক্ষত; আহত। জখমী···ণ. (জখম+ঈ)। আহত।

জগ ··ষ্য. (স° জগৎ)। জগৎ, প্রঃ—জগ ভরি লাজ (জ্ঞানদাস); জগভরি কলঙ্ক রহিল চিরদিন (চণ্ডীঃ); তোমার সেবক জগজন (কবিকঃ)। জগজন··জগৎ জন, প্রঃ—শূংপুঃ; আমি যে তোমার দাসী জগজনে জানে (মাঃ)। জগদল, জগমোহন দেখ।

জগ্‌জগা ··জক্‌জকা দেখ।

জগঝম্প ··ষ্য. (স° জগঝম্প—তাল বিশেষ। হয়ত জগৎ-ঝম্প হইতে। তু° জগদল)। মাটির একমুখা আনদ্ধ বাদ্য বিশেষ; এক প্রকার ছোট ঢাক্ বলা যাইতে পারে, কিন্তু ঢাকের নীচের দিক গোল।

জগৎ-সংসার ··ষ্য. (স°। সহচর শব্দ। স° গম ধাতু হইতে জগৎ, সৃ ধাতু হইতে সংসার। উভয় শব্দের অর্থ যাহা গতিশীল, অস্থায়ী)। সমস্ত জগৎ, জগতের লোক।

জগদল···ষ্য. (স° জগদ্দলন)। অতিশয় ভারী, এত ভারী যে ভারে জগৎ দলিত হয়। পূর্বকালে বুকে জগদল পাথর চাপাইয়া দণ্ড দেওয়া হইত, প্রঃ—বুকে তুলি দেহ পাসান জগদল (শূং পুঃ)।

জগন্নাথ-ভোগ···ষ্য. (স°)। জগন্নাথদেবের ভোগের নিমিত্ত মিষ্টান্ন বিশেষ (ও° নাম জগন্নাথ বল্লভ। চৈতন্য-মঙ্গল)।

জগমোহন···ষ্য. (স° জগন্মোহন)। ওড়িশার বড় বড় মন্দিরের যে ভাগে দর্শকেরা দাঁড়াইয়া ঠাকুর দর্শন করে; প্রঃ—নৃত্য গীত করি জগমোহনে বসিলা (চৈঃ চঃ)।

জঙ্গ···ষ্য. (ফা°। তু° স° জঙ্গ—যুদ্ধ)। যুদ্ধ। জঙ্গী···ণ. (জঙ্গ+ঈ)। যুদ্ধসম্বন্ধীয়। জঙ্গী লাট···(লাট দেখ)। প্রধান সেনাপতি (Commander-in-chief)।

জঙ্গা···ষ্য. (ফা°)। ময়ড়িচা। (বা°তে প্রায় চলিত নাই। জাঙ্গাল দেখ)।

জঙ্গল ··ষ্য. (স°—নির্জনস্থান—মেঃ। ও°তে ছোট বন, হি°তে বন, মরুদেশ)। এখানে ওখানে স্বতঃ উৎপন্ন ছোট বড় গাছের বন; আবর্জনাপূর্ণ স্থান। বনে জঙ্গলে, বন-জঙ্গল সহচর শব্দে জঙ্গল শব্দের স° অর্থ প্রায় আছে। যেখানে মানুষের বাস থাকে না, সেখানে জঙ্গল হয়। জঙ্গলা · ণ. (জঙ্গল+অ)। বন্য, অসভ্য। নানা রাগিণীর মিশ্রণে রাগিণী। জঙ্গলী ··ণ. (জঙ্গল+ঈ)। জঙ্গলে জাত; অসভ্য।

জঙ্গাল ··জাঙ্গাল দেখ।

জজ ··ষ্য. (ই° Judge)। প্রধান বিচারক। জজ-গিরি···ষ্য. জজের কর্ম। জজিয়তি···ষ্য. (জজ+ইত প্রত্যয়। ব্যাকরণ দেখ। কিংবা জজ+ঈয়—জজীয়,+তি)। জজের বৃত্তি।

জঞ্জাল···ষ্য. (স° ঝঞ্ঝানিল হইতে? তু° ঝঞ্ঝাট। জঙ্গাল শব্দ হইতেও জঞ্জাল আসিতে পারে। জঙ্গাল—জঙ্গাল—জঞ্জাল। স° জলাঞ্জল—শৈবাল—ইহা হইতে জঞ্জাল—যাহা শৈবালের তুল্য ব্যাপ্ত হয়। বোধ হয় ঝঞ্ঝানিল শব্দই মূল)। বিপদ, সঙ্কট, আবর্জনা; প্রঃ—ম্লেচ্ছ দেশে কর্পূর চন্দন অ°নিতে জঞ্জাল (চৈঃ চঃ); কোতোয়াল

ধূমকেতু তিলেকেতে পাড়িবে জঞ্জাল (ভাঃ); জঞ্জাল লাগাব যেয়ে মায়ের নিকট (মাঃ)। জঞ্জালিয়া ··ণ. ঝঞ্ঝাট-পূর্ণ, প্রঃ—জঃ কাজ।

জট, জঁট (গ্রা°)···ষ্য. (স° জটা—কেশ)। মাথার কেশ। জটিয়া ··ণ. (জট+ইয়া)। জটাবিশিষ্ট, দীর্ঘকেশবিশিষ্ট। জটলা···ণ. (স° জটাল। কিংবা জট+লা)। জটাযুক্ত; একত্রীকৃত; পরামর্শ নিমিত্ত মিলিত। জটা· ষ্য. (স°)। সংহত কেশ; সংহত, প্রঃ—চুলে জটা বাঁধে—চুল পরস্পর সংহত হয়। জটিল ··ণ. (স°)। জটাযুক্ত; বহুবিষয় হেতু দুর্বোধ। জটামাংসী···ষ্য. (স°)। হিমালয়ের শাকবিশেষের (Spikenard. Nardostachys jatamansi) মূলবৎ কন্দ। এই কন্দে জটাকার শিকড় থাকে। তৈল সুগন্ধি করিতে জটামাংসী লাগে।

জটালঙ্কা···সিজু দেখ।

জড়···ষ্য. (স° জটা—শিফা)। শিকড়, মূল, প্রঃ—আনিল বেণার জড় (চণ্ডীঃ)। জড়ী···ষ্য. গাছের সরু শিকড় (প্রায়ই ঔষধ)। জড়ী-বটী ··ষ্য. (জড়ী ও বটী—সহচর শব্দ। জড়ী-বড়ী নহে? হিং জড়ী-বুটী)। ঔষধার্থে গাছের শিকড়, বড়ী ইত্যাদি। জড়্জড়া, জড়্-জড়িয়া · ণ. জটাযুক্ত; জটাতুল্য পরস্পর লগ্ন। (স° জল হইতে)। ঈষৎ আর্দ্র।

জড়্···ণ. (স° জট ধাতু সংহতি হইতে। জড়া ধাতু দেখ)। সংহত, একত্রিত। জড়্-পুটলী···ণ. (সহচর শব্দ)। একত্রিত ও পুটলী করা (তু° পুটলী, কিংবা পুট+লী—আবৃত)।

জড়্···ণ. (স°)। নিস্তেজ, নিস্পন্দ, প্রঃ—শীতে জড় হওয়া। জড়-ভরত···ণ. (স°)। ভরতমুনির তুল্য নিস্পন্দ; মূর্খ; স্ফূর্তি-হীন। জড়-সড়্ ··ণ. (স° জড়—নিস্পন্দ; স° সন্ন—অবসন্ন, বিষণ্ণ)। নিস্পন্দ অবসন্ন, প্রঃ—ভয়ে জড়-সড়।

জড়া···ধাতু. (স° জটা—সংহত কেশ হইতে। স° জট ধাতু সঙ্ঘাত)। জড়াই—সংহত করি, বেষ্টন করি, কর্মে বা দোষে বদ্ধ করি; প্রঃ—চুল জড়াই,—মাথার কেশ বাঁধি, গায়ে কাপড় জড়াই, হাত দিয়া জড়া-ইয়া ধরা, মকদ্দমায় জড়ানা। জড়ানা॥ (বিপঃ—আ-জড়া)। জড়ানিয়া · ণ. (জড়ানা+ইয়া)। জটিল; পরস্পর মিশ্রিত, প্রঃ—জঃ লেখা। জড়িত ··ণ. (বা° জড়া ধাতু+ইত)। মিলিত,বেষ্টিত। জড়া-জড়ি ·· ষ্য. দুই বস্তু বা জনে পরস্পর বেষ্টিত। জড়াও (জড়োয়া গ্রা°) ··ণ. (হিং জড়াউ, জড়িত; ম° জড়াৱ, জড়ীত। জড়াও—জড়াঅ, ঢালাও—ঢালাঅ, ফালাও—ফালাঅ প্রভৃতি কয়েকটা শব্দ মূলে হি°। ৱ দিয়া বিশেষণ পদ বা° হইতে উঠিয়া গিয়াছে, ও°তে আছে। তু° করিবা, করা) মণি-খচিত প্রঃ—জড়াও গহনা।

জড়ী···জড় দেখ।

জড়ুল, জরুল···ষ্য. (স° জটুল)। মানুষের দেহের আজন্ম কৃষ্ণচিহ্নবিশেষ।

জত (গ্রা°)·· যত দেখ। (হি° জিতনা)

জন···ষ্য. (স°)। জীব, প্রঃ—জনপ্রাণী (সহচর শব্দ); ব্যক্তি—যেমন মানুষ-সংখ্যায়—চারি জন পুরুষ, বালক, কন্যা, স্ত্রী; লোক, বা মানুষ, প্রঃ—জনমানব (সহচর শব্দ); মোটা কাজ করিবার মানুষ, প্রঃ—

মুনিষ জন। কোথাও কোথাও মুনিষ (সং মনুষ্য) না বলিয়া কেবল জন বলে, যেমন, জন খাটাইয়া চাষ করা)। জনরব ··ষ্য. (সং)। লোকের রটা কথা, কিংবদন্তি। জনা··ষ্য. (সং জন হইতে। আ—অনাদরে)। জন, প্রঃ—সে জনা রসিক নয় (চণ্ডীঃ); এ জনার প্রাণগতিক—(তুং সং অয়ং জনঃ, সখীজন)। জনা-জাত ··(জন-যাত্রী, যাত্রী-জন)। প্রত্যেকে, প্রঃ—জঅনা যাত্রী এ ধম্মর মন্দির বেড়িআ গেল (শূংপুঃ)। জনা-জনা···প্রত্যেক জন। জনা-কি···জন প্রতি, প্রঃ—জনা কি পাঁচ টাকা। (প্রতি অর্থে কি আর পাওয়া যায় না। তুং শের-কে এক ছটাক—সের প্রতি)।

জনম···ষ্য. (সং জন্ম)। জন্ম (প্রায়ই পদ্যে, ও গ্রাং)। জনম ভর ··সারা জীবন, এ জন্মের সমস্ত সময়।

জনানা, জানানা ··ষ্য (ফাং জনানা)। নারী; পরিবার (শহরে চলিত)।

জনাব···ষ্য. (আং। সং শব্দসারে—জনাব্—লোক-পালক—সং জন-অব-ঘে ক্বিপ)। প্রভু; আজ্ঞে প্রভু (মুসলমানী উত্তরদানে)।

জনার···ষ্য. (সং যবনাল, যাবনাল, জাবনাল শব্দ হইতে। হিং জুনেরা, প্রায়ই মক্কা, ভুট্টা; ওং মক্কা)। ধান্যাদি বর্গের কৃষিশস্য বিশেষ (Maize, Indian corn. Zea mays)। আদি বাস দক্ষিণ আমেরিকা। বিহারে আদরও যেমন, চাষও তেমন বিস্তীর্ণ।

জনু··ব্য. (সং যেন; সং প্রাং জেণ.জণু। হিং জনে; ওং যেনে)। যেন। (প্রাচীন পদে)

জন্ম, জন্ম (গ্রাং) ··ষ্য. (সং)। জন্ম। (জন্ম মৃত্যু, জন্ম মৃত্যু-বিবাহ—এই পর্যায়ে প্রয়োগ)।

জন্ম-জন্ম···প্রতিজন্ম, একের পর অন্য জন্ম। জন্ম-তিথি ··যে তিথিতে জন্ম হইয়াছে। (এই রূপ জন্ম-দিন, জন্ম নক্ষত্র, জন্ম রাশি। জন্ম-দিন বঙ্গদেশে জন্ম তিথি)। জন্ম-তিথি, জন্ম-দিন পালা—যে তিথিতে জন্ম হইয়াছে, সেই তিথিতে ঠাকুর পূজাদি-বিধি পালন। জন্মশোধ·· জীবনে শেষ বার, প্রঃ—জন্ম শোধ দেখা—যেন দর্শনে জন্মের পরিশোধ হয়। জন্ম ··ধাতু. (সং জন্ম হইতে বাং নাম ধাতু জন্মা হয়, এবং বহুলোক জন্মা ধাতুর প্রয়োগ করে। কিন্তু, সকর্মক জন্মা ধাতু আবশ্যক হয় বলিয়া জন্ম অকর্মক ধাতুর প্রয়োগ হইয়াছে। তুং কম কমা, কামড় কামড়া ধাতু)। জন্মি—উৎপন্ন হই, প্রঃ—জনমিয়া (শূং পুঃ); গাছ জন্মিয়াছে, এ মাটিতে কাপাস জন্মে না। জন্মা॥ (বিপঃ, অ-জন্মা)। জন্মা ··ধাতু. (জন্ম ধাতু অস্তে)। জন্মাই—উৎপত্তি করাই। জন্মানা॥

জন্য, জন্যে ব্য. (সং জন্য—উৎপাদ্য, উৎপাদক); কারণ, হেতু। নিমিত্ত (নিমিত্ত অর্থে জন্য শব্দের প্রয়োগ গ্রাং, কিন্তু বহু প্রচলিত)।

জপ···ষ্য. (সং)। মন্ত্রাদির পুনঃ পুনঃ উচ্চারণ। জপ-মালা ষ্য. (সং)। উচ্চারণ-সংখ্যা করিবার তুলসী কাষ্ঠাদির মালা। জপমালা করা—(বৈষ্ণবের জপমালা হইতে) নিত্য সহচর করা। জপ-তপ জপ ও তপ (সহচর শব্দ)। জপ ··ধাতু. (সং জপ ধাতু কথন, জপন)। জপি—পুনঃ পুনঃ উচ্চারণ বা স্মরণ করি। জপা॥ জপা···ধাতু. (জপ ধাতু. অস্তে)। জপাই—উচ্চারণ বা স্মরণ করাই, কুমন্ত্রণা দিই। জপানা॥

জব্-জব···ব্য. (চব্-চব **দেখ**। **জবড়া** ধাতু **দেখ**)। রসাদি-হেতু অতি-সিক্ত, **প্রঃ**—ঘৃতে জব্জব কৈল নালিতার শাক (কবিকঃ); লালাতে মুখ **জব্জব** করে—মুখে অধিক লালা-নিঃসরণ হেতু। **জব্জবা**···ধাতু.; জব্জবানি ॥

জবড়জঙ্গ···ণ. (আ° জব্র—বল, ফা° **জঙ্গ**—যুদ্ধ ? হি° ঝাবড়-ঝল্লা—যেন ঝালর ঝোলা)। অনাবশ্যক বেশভূষায় পূর্ণ; অপরিপাটী।

জবর··ণ. (আ° জ্বর)। বলবান্, প্রবল, বৃহৎ। জোর-**জবর**··ষ্য. উৎপীড়ন। **জবর-দস্ত**··ণ. (আ°)। বলবান্। **জবরদস্তি**···ষ্য. বল-প্রয়োগ।

জবা··ষ্য. (সং। ও° নাম মন্দার)। উদ্যান-জাত রক্তবর্ণ পুষ্প ক্ষুপ বিশেষ (Hibiscus rosa-sinensis)। ফুল প্রায় বারমাস ফোটে। কিন্তু বীজ জন্মিতে দেখা যায় না। শ্বেতজবা·· ক্ষুপ-বিশেষ (Hibiscus syriacus)। ফুল শাদা। পাতার বোঁটা অপেক্ষা ফুলের বোঁটা ছোট। **পঞ্চমুখী জবা**··বহুদল **জবা**।

জবাই··ষ্য. (আ° জ্বিবা, জ্বীহা)। ধর্মমতে পশুবধ; বধ।

জবান·ষ্য. (ফা°। তু° সং জিহ্বা)। শব্দ, বাক্য। **জবানবন্দি**··ষ্য. (ফা°)। বর্ণনা (আদাঃ)। **জবানী**··ণ. মৌখিক, **প্রঃ**—**জবানী** বলিবে।

জবাব··ষ্য. (আ°)। উত্তর; অন্যের সহিত ঐক্য, প্রঃ—বাড়ীর এ পাশে থাম থাকিলে অন্য পাশে থাম রাখিয়া **জবাব** দিতে হয়। **জবাব-দেহি**··ষ্য. দায়িত্ব। **জবাব-শওয়াল**···উত্তর প্রত্যুত্তর, উত্তর-প্রশ্ন (প্রায়ই **শওয়াল জবাব**)।

জবে (গ্রা°)··ব্য. (সং যদা। হি° **জব**)। **যবে দেখ**। **জবে-তবে** (গ্রা° **জবে খবে**)···ণ. যবে অবসর হবে তবে করা যাবে, এইরূপ কল্পনায় অসম্পূর্ণ, প্রঃ—**কাজ জবে-খবে** করিয়া রাখা—অল্প করিয়া ভবিষ্যতের জন্যে ফেলিয়া রাখা।

জব্দ··ণ. (আ° জব্ত্—অধিকার, গ্রহণ)। অধিকৃত, পরাজিত, সংযত, **প্রঃ**—সম্পত্তি **জব্দ**, শত্রুকে **জব্দ** করা।

জম··ধাতু. (সং যম ধাতু বন্ধনে, যোজনে। ইহার সহিত সং **জম** ধাতুর (ভোজনে) সম্বন্ধ নাই। হি° জিমানা—খাওয়ানা। **জমি**—বদ্ধ, যুক্ত, সংঘাত হই, প্রঃ—হাতে টাকা **জমিলে**, পুকুরে **জল জমিয়াছে**, দুধ জমিয়া দই, গোলমালে গান **জমে** না। **জমা** ॥ **জমা**··ধাতু (জম ধাতু আস্তে)। **জমানা** ॥

জমক··ষ্য. (জম ধাতু হইতে ? চমক—দীপ্তি হইতে ?)। মরা সোনার রং ভাল সোনার মতন করিবার উপকরণ। যেমন, নুন ও ফটকিরি আধা-আধি ভাগে জলে বাটিয়া জিনিষে মাখাইয়া আগুনে পোড়াইয়া লাল করিবে। তার পর **জলে** ধুইবে। ফটকিরি ১, নুন ১, সোরা ॥০ ভাগে জলে ফোটাইবে। এই **জল জমক**। এই **জলে** সোনার জিনিষ ফুটাইলে সোনার হলুদ রং হইবে। তার পর, পিতলের কুঁচি দিয়া ঝাড়িয়া—পরিষ্কার করিয়া—গন্ধক ও তেঁতুল **জলে গরম** করিবে। (এই **জলে** অত্যল্প তুতিয়া মিশাইলে সহজে রং আসে)। এখন জিনিষের রং লাল

হইবে। জমক দিয়া সোনার রং করা এদেশী নহে। প্রায় এক শত বৎসর হইল ফরাসী দেশে জমক প্রথম আবিষ্কৃত হইয়াছিল। পূর্বকালে এদেশে কেবল পাকা সোনার গহনা হইত। একারণ জমকের রং আবশ্যক হইত না। কেবল তেঁতুল-গন্ধকের রং করিলেই চলিত। রূপা শাদা করিতে ফটকিরি ও নুন সমান ভাগ শীলে বাটিয়া জিনিষে মাখাইয়া পোড়াইবে। তার পর জলে ধুইয়া তেঁতুল-জলে ফুটাইয়া পিতলের কুঁচি মারিবে। (রাঢ়ের গ্রাম্য সেকরার জ্ঞানানুসারে জমকের এই বিবরণ লিখিত হইল)। (২) চমক, দীপ্তি, প্রভাব, প্রঃ—জাঁকজমক (সহচর শব্দ)।

জমকা···ধাতু· (জমা করি—হইতে)। জমকাই —জমা করি, লোক জমা করি, লোকের দৃষ্টি বদ্ধ করি। জমকানা॥ আসর জমকানা— আসরের দৃশ্য এমন করা যে দেখিলে লোকে মুগ্ধ হয়। (জম্-জম দেখ)

জমকাল্ ··ণ. (জমক+আল—যুক্ত)। দীপ্তি-যুক্ত, দৃষ্টি-আকর্ষণকারী। (অন্য রূপ, জাঁকাল)।

জম্-জমা·· ণ. (জম ধাতু দেখ। স° চম, জম ধাতু ভক্ষণে। স° চমৎকৃত শব্দের মূলার্থ ভক্ষিত, বিস্ময়ে অভিভূত। তথাপি, বোধ হয় জমা-জমা—জম্-জমা—একত্রীভূত)। সংঘাত, চমৎকৃত, প্রঃ—আসর জমানা— আসর জম্‌জমা করানা।

জমা ··ষ্য. (আ°)। সর্ব, সমষ্টি, একত্রীকৃত বস্তু, মোট; মূলধন, পুঁজি; মোটপ্রাপ্তি, আয়; জমির খাজানা; জোত। জমা-খরচ···জমা ও খরচ, আয় ও ব্যয়, প্রাপ্তি ও দেয়। জমা-খরচ করা—আয় ব্যয় লেখা, হিসাব করা। জমা-খরচ কাটা—জমা হইতে খরচ বাদ দেওয়া। জমা-খরচী ··জমা-খরচ সম্বন্ধী। জমা-ওয়াশীল···জমা—মোট রাজস্ব, ওয়াশীল—আদায়; দেয় এবং দত্ত। ওয়াশীল কাটিলে—বাদ দিলে যাহা থাকে তাহা বাকি বা কৈফিয়ৎ। জমা-ওয়াশীল-বাকি···জমা, আদায়, ও বাকি। জমা ··জমিদারের প্রাপ্য টাকা বা রাজস্ব। সদর জমা · জমিদারকে না দিয়া একাএক সরকারকে দিতে হয় যে কর। জমাই ··ণ. কর দিতে হয় যে জমির, প্রঃ—জমাই জমি। জমা-নবিস ষ্য. জমা-লেখক। জমাবন্দি ··ষ্য. প্রজার জমির জমার হিসাব, খাজনা আদায়ের কাগজ; অন্য নাম হস্তবুদ (rent-roll)। ণ. জমা ধার্য। ইস্তমরারী জমা···(আ°)। চির-কালের জন্য নির্দিষ্ট জমা। উঠ-বন্দি জমা··· (নদীয়ায়) এক বৎসরের নিমিত্ত জমা। ওয়াকফ জমা···(আ° রাকিফ)। মসজিদ রক্ষার নিমিত্ত দত্ত জমি। খয়রাতী জমা··· (আ°)। আয় হইতে দান নিমিত্ত দত্ত জমি। খানাবাড়ী জমা ··বাসস্থান করিতে দত্ত নিষ্কর জমা। খারিজা জমা ··(খারিজা দেখ)। রাজস্ব হইতে মুক্ত জমি, যে জমি জমিদারকে বিক্রয় করা হইয়াছে। (জমি দেখ)। জঙ্গাল বাড়ী জমা...পতিত জমির জমা। ঠিকা জমা ··কয়েক বৎসরের নিমিত্ত ইজারা লওয়া জমা। মুকদ্দমী জমা···(আ° মুকদ্দম—গ্রামের মণ্ডল)। পূর্বকালে গ্রামের মণ্ডল (ও° পধান—স° প্রধান) প্রায় জমি-দারের স্থানীয় ছিল। গ্রামের কর্ম-নির্বাহার্থে মণ্ডলকে দত্ত জমা। নজরাৎ জমা···(আ° নজর)। পীরের ভরণপোষণ ও পর্বে ব্যয়

নির্বাহার্থে দত্ত জমি। **পঞ্চকী জমা**···পঞ্চক বসিয়া যে জমা (প্রায়ই অল্প) ধার্য্য করা হয়। **মিয়াদী জমা**·(আ॰)। নির্দিষ্ট কালের নিমিত্ত পাট্টা দিয়া জমা। **মুকররী জমা**···(আ॰) এই জমা বৃদ্ধি হয় না। **মৌরসী জমা**·(তালুক দেখ)। চিরস্থায়ী জমা, মুকররী তুল্য কিন্তু দান বিক্রয় হইতে পারে না। **জমা**··ধাতু. (আ॰ জমা হইতে)। জমাই—সঞ্চয়, সংগ্রহ, সংহত করি। টাকা জমানা—অর্থ সঞ্চয় করা। কাঠ জমানা—বাটিয়া চাঁচিয়া সারাংশ আনা। (জম ধাতু দেখ।)

জমায়ৎ·ষ্য. (আ॰)। মিলন, সভা, দল, প্রঃ—লোক জমায়ৎ—লোকের মিলন বা দল।

জমাট···প. (হিং জমাবট—অর্থাৎ জমা-বৎ. জমা দেখ)। পিণ্ডবৎ. সংহত, প্রঃ—ছেনা জমাট—সংহত দুধ, জমাট দেহ—সংহতপেশী দেহ।

জমাদার···ষ্য. (আ॰ জম + ফা॰ দার)। সুবেদারের নিম্নস্থ কর্ম্মচারী; দারোগার নিম্নস্থ পুলিশ কর্ম্মচারী; মেথর। **জমাদারি**···জমাদারের কাজ।

জমি···ষ্য. (ফা॰ জমিন্)। ভূমি, কৃষিক্ষেত্র; মাটি (দেখ); কাপড়ের, চিত্রের গা। **জমিন্**··ষ্য. (ফা॰)। জমি, প্রঃ—এমন মানব-জমিন্ রইল পতিত (রামপ্রসাদ)। **জমি-জমা**···নিজের জমি ও জমার জমি; তেমন জমি হইতে প্রাপ্ত আয়; জমির জমা বা খাজানা; ভূ-সম্পত্তি। **জমি-জিরাৎ**··(আ॰ জিরাআৎ—চাষের জমি,—অনুচর শব্দ)। চাষ যোগ্য ভূমি। **জমি-জায়গা**···(সহচর শব্দ)। ভূমি। **জমি-বাড়ী**···(জমি ও সং বাটিকা—সহচর শব্দ)। ভূমি (তুং ঘর-বাড়ী)। **অনাবাদী জমি**··(সং অন + ফা॰ আবাদী)। যে জমির চাষ হয় নাই। **আওল জমি**··(আ॰ আব্বল)। প্রথম শ্রেণীর জমি। **দুয়ম, দোয়ম**··দ্বিতীয় শ্রেণীর; **সুয়ম, সোয়ম**·তৃতীয় শ্রেণীর। **আবাদী জমি**···যে জমির চাষ হয়। **খামার জমি**··(খামার দেখ)। যে জমির খাজানা না দিয়া উৎপন্ন শস্যের ভাগ দেওয়া হয়, রায়তী জমি নহে। **খিল জমি**··(সং খিল)। অ-কৃষ্ট ভূমি। **জোত-জমি**··(জোত দেখ)। জমিদারকে কর দিয়া প্রাপ্ত চাষের জমি। **জমার জমি**···যে জমির কর জমিদারকে দিতে হয়। অন্য নাম, মাল জমি। **চাকরান জমি**··(ফা॰ চাকর হইতে)। চাকরি নিমিত্ত দত্ত জমি, যেমন গ্রামের চৌকীদারকে চৌকীদারী চাকরান। **জোলান জমি**...যে জমির জল শীঘ্র মরে না। **ডাঙ্গা জমি** উচ্চ জমি, প্রায়ই নীরস বলিয়া নিকৃষ্ট। **দেবোত্তর জমি**··(সং দেবত্র—দেবত্তর—দেবোত্তর)। দেব-পূজা নিমিত্ত দত্ত ভূমি। **দো-জমি**··যে জমিতে দুই বার (বর্ষা ও শীতকালে) ফশল হয়। **নয়াবাদী জমি**··(ফা॰ নব আবাদী)। যে পতিত জমি নূতন কৃষি উপযোগী করা হইয়াছে। **নামাল জমি**—নিম্ন ভূমি, যে জমি নদীর বন্যায় প্লাবিত হয়। **পতিত, পড়ুয়া, পোঁড়ো জমি**··(সং পতিত হইতে পড়িয়া হইত। ওং পড়িআ)। অ-কৃষ্ট ভূমি। **সাবেক পতিত**···পূর্ব্বকাল হইতে পতিত; **হাল পতিত** বা **ফশল পতিত**···যাহাতে ফশল তোলা

হইয়াছে কিংবা হইয়া থাকে, এখন পতিত। বাজাপ্তি জমি···(বাজাপ্তি দেখ)। যে জমি পূর্বে নিষ্কর ছিল, পরে স-কর করা হইয়াছে, যেমন চাকরান-বাজাপ্তি (এই জমির খাজানা কম। একারণ কোথাও কোথাও আধাজমা জমি বলে)। বিষ্ণুপ্রীতি···(সং বিষ্ণু-প্রীতি)। বিষ্ণুর পূজা উদ্দেশে দত্ত ভূমি। ব্রহ্মোত্তর জমি ··(সং ব্রহ্মত্র—বস্তুতঃ ব্রহ্ম-পূজা উদ্দেশে)। ব্রাহ্মণকে দত্ত ভূমি। পীরোত্তর··· (পীর+উত্তর। দেবোত্তর দেখ)। মুসলমান পীর—ধর্মগুরুর উদ্দেশে দত্ত ভূমি। ফকীরান জমি ··ফকীরকে দত্ত জমি। মহৎত্রান জমি···(সং মহৎত্র?)। ব্রাহ্মণ ব্যতীত অন্য জাতীয় মহৎ ব্যক্তিকে দত্ত ভূমি। শুনা জমি ··শুকনা ভূমি; দো-জমি অপেক্ষা রসহীন। শিবোত্তর জমি ··(সং শিবত্র)। গ্রামের শিব-পূজা নিমিত্ত দত্ত জমি। শালি জমি ··আর্দ্র ভূমি; ইহাতে বৎসরে তিনবার ফশল হইতে পারে। লাখেরাজ, লাখরাজ জমি ·· (ফাং লা-খিরাজ)। নিষ্কর ভূমি। জমিদার ···(ফাং জমিন্দার)। সরকারের অধীনস্থ ভূম্যধিকারী (তালুকদার দেখ)। জমিদারি ···ষ্য. জমিদারের কাজ, অধিকার। জমি-দারী···ণ. জমিদার-সম্বন্ধীয়, প্রাঃ—জঃ সেরেস্তা।

জম্বুরা...ষ্য. (আং জম্বুরা)। দৃঢ় সাঁড়াশী (pliers)। (২) প্রতিমার ডাকসাজ বিশেষ, একপিঠ তামাল্ অন্য পিঠ রাঙ্গাল্ পিতলের পাতলা পাত।

জম্ম (গ্রাং)···ষ্য. (সং জন্ম)। জন্ম। কথায়, জম্মের মধ্যে কম্ম ··জন্মে—জীবনে এক কর্ম।

জয়-জয়-কার···ষ্য. (সং) জয়-জয়-ধ্বনি (প্রশংসায়)। জয়-জয়ন্তী ··রাগ-রাগিণী দেখ। জয়-ঢাক ষ্য. জয়ঘোষণা নিমিত্ত বৃহৎ ঢাক, বৃহৎ ঢাক। জয়-পত্র···ষ্য. জয়ের বিজ্ঞাপন-সরূপ পত্রিকা; সন্দেহভঞ্জন পত্র, কলহে নিমন্ত্রণ-পত্র।

জয়ত্রি·· জায়ত্রি দেখ।

জয়ন্ত ··রাগরাগিণী দেখ।

জয়ন্তী···ষ্য. (সং)। শিম্বাদি বর্গের ছোট তরু-বিশেষ (Sesbania ægyptiaca, var. bicolor)। বকফুলের গাছের সাদৃশ্য আছে, কিন্তু ফুল ছোট। ফুলের কলি বা মুকুল সোজা।

জয়পাল·· ষ্য. (সং। হিং জমাল)। মুহি-আদি বর্গের ছোট তরু-বিশেষ (Croton tiglium)। পাতায় তিনটা শিরা আছে, পাতা মসৃণ। পুং কেশর ১৫ হইতে ২০টা। বীজ হইতে প্রসিদ্ধ রেচক তৈল (croton oil) হয়।

জয়শ্রী রাগরাগিণী দেখ।

জর·· ধাতু.(সং জৃ ধাতু জীর্ণভাবে, পরিপাকে) জরি—জীর্ণ হই, পরিপক হই, বিলীন হই, প্রাঃ—রোদ জল খাইয়া কাঠখানা জরিয়া গিয়াছে। জরা॥ জরা···ধাতু. (জর ধাতু আস্তে)। জরানা॥ নুন দিয়া নেবু জরানা —নেবুর রসের পরিপাক সাধনা।

জর-কসী···ষ্য. (জরী, কসীদা দেখ)। সোনার তারের কাজ। (জরকাসী—জরি—ভাঃ)।

জর্-জর·· ণ. (সং জর্জর। সং জৃ ধাতু জীর্ণভাবে) প্রায় বিলয়-প্রাপ্ত, জীর্ণ, প্রাঃ—প্রেমে জর জর। জর-জরিয়া···ণ. (জর্-জর+ইয়া) প্রায় জর্জর, প্রাঃ—জর্-জরিয়া কাঠ। জীর্

জীর···ণ. জর্জর হইয়া শীর্ণ, প্রঃ—এমন রোগা যে বুকের হাড় জীর্-জীর করে।

জরদ··ষ্য. (ফা॰ জর্দ)। হরিদ্রাবর্ণ। **জরদ-ফুটকী**··ষ্য. কীট-গ্রাহী পক্ষী-বিশেষ (Grey bearded flycatcher. Cryptolopha)।

জরপেষগী···ণ. (ফা॰ জ়রেপেষগী—আগামী দাদন) তালুক দেখ।

জরারৎ··জিরাৎ দেখ।

জরিপ···ষ্য. (আ॰ জরীব—মাপিবার শিকল)। ভূমি-মাপন (survey)। ক্ষেত্রবন্দ জরিপ প্রত্যেকের অধিকারে যত জমি থাকে, তাহার মাপ (Cadastral survey)। **জরিপের চিঠা**··যে কাগজে ভূমির মাপ লেখা থাকে। স্তাথৎ-সন্ধানে, 'চারি হাতে কাঠা হয় বিশ কাঠাতে রসি। দীর্ঘে প্রস্থে জমী মাপি সারাকালী কসি॥ তদ তদ্ব তপ তপূ দীর্ঘের নির্ণয়। কাঠায় বেরিজ দিলে চিঠা পূর্ণ হয়॥' তদ—তৎ দক্ষিণে, তদ্ব—তৎ উত্তরে, তপ—তৎপশ্চিমে, তপূ-তৎপূর্বে। (স্তাথৎ··সেহা-খৎ। বেরিজ·· তেরিজের বিপরীত (?), বিয়োগ।)

জরিমানা···ষ্য. (আ॰)। অপরাধের দণ্ড ; অর্থ-দণ্ড।

জরী···ষ্য (ফা॰ জর—স্বর্ণ)। সোনালী কিংবা রুপালী তামার সুতা। এই প্রকার জরী ঝুটা (মিথ্যা)। সাচ্চা (সত্য) জরী সোনা কিংবা রুপার চেপটা তার। **জরী-জহরৎ**··(সহচর শব্দ। জহরৎ দেখ)। স্বর্ণাদির অলঙ্কার।

জরু···জোরু দেখ।

জরুর··ণ. (আ॰ জরুর)। অত্যাবশ্যক। **জরুরৎ**···ষ্য. (আ॰)। প্রয়োজন। **জরুরী**··ণ. (আ॰ জরুর+বা॰ ঈ)। অত্যাবশ্যক।

জর্জর···ণ. (স॰)। জীর্ণ, জর্-জর, প্রঃ—জর্জর ধুতি (কবিকঃ)।

জর্দা··ষ্য. (ফা॰ জর্দ)। হরিদ্রাবর্ণ। (২) পানের সঙ্গে খাইবার এক প্রকার তামুক। **জর্দা-পাড়িয়া**··হলুদা-পাড়-যুক্ত।

জল্-জল··ব্য. (স॰ জ্বল ধাতু হইতে)। উজ্জ্বলতায়, প্রঃ—চোখ জল-জল করে। (২) (জাল-জাল হইতে)। জালবৎ বহু-ছিদ্রময়ত্বে, প্রঃ—কাপড় জল-জল করে। (৩) (জল-জল হইতে)। জল ভাবে, প্রঃ—দুধ জল্জল করে। **জল্জলা, জল্-জলিয়া**··ণ. জল্-জল ভাব বিশিষ্ট।

জল···ষ্য. (স॰। পূর্বকালে বা॰তে জল শব্দের পরিবর্তে পানী শব্দ প্রচলিত ছিল। অদ্যাপি বা॰ ছাড়া অন্যান্য ভাষায় জল শব্দের চলন হয় নাই। বঙ্গাদেশের মুসলমান অদ্যাপি পানী বলে। ও॰তে পাণি, হি॰ পানী, ম॰ পাণী, উর্দু পানী। তেলুগু ভাষায় নীরলু (স॰ নীর+বিভক্তির লু), উদক মু (স॰ উদক+বিভক্তি মু), এবং জল-মু শব্দ চলিত আছে। নিম্নশ্রেণীর তেলুগু ডোম-নারীর মুখে উদক-মু শুনিতে পাওয়া যায়।) সামান্য জল ; বৃষ্টি; দ্রব, জলের মিশ্রণ। **জল উঠা**—জল দৃশ্য হওয়া, জল-নিঃসরণ, জলের বৃদ্ধি হওয়া। **জল করা**—দ্রব করা, দ্রবীভূত করা, জল সংগ্রহ করা। (অন্য অর্থ নীচে দেখ)। **জল খাওয়া**—জল পান করা, জল-পানের পূর্বে লঘু মিষ্টান্নাদি-ভোজন। **ডুবে ডুবে জল খাওয়া**—নিরম্বু উপবাসে লোক-চক্ষুর অন্তরালে স্নানের সময় জলে ডুবিয়া জল পান করা ; লক্ষণায়, বাহিরে সাধুতা প্রকাশ ভিতরে বঞ্চনা করা।

সাত ঘাটের জল খাওয়ানা—(বোধ হয়,) এমন তৃষার্ত্ত করা যে সে তৃষা মিটাইতে এক পুষ্করিণীর জল পর্য্যাপ্ত হয় না, সাত (কি-না অনেক) পুষ্করিণীর জল আবশ্যক হয়, অতিশয় ব্যাকুল করা। তু° তোর বিরহ-জ্বরে পতি যদি মরে, কোন ঘাটে খাবে পানী (কবিকঃ)। জল দেওয়া—পানার্থে জল-প্রদান, রুগ্ন অবস্থায় মুখে জল-প্রদান, পুণ্যার্থে জল-দান, বৃক্ষমূলে পুণ্যার্থে জল সেচন। জল ভাঙ্গা—জলের নির্গমন, জলে গমন। জল সরা—জল-নিঃসরণ। জল সহা, জল সাধা—বিবাহের পূর্ব্বে কন্যার নিমিত্ত জল-সংগ্রহ। (বোধ হয়, নানা নদনদীর পবিত্র জলে কন্যার অভি-ষেক হইতে এই প্রথার উৎপত্তি হইয়াছে। কবিকঃ,—কাঁখে হেমঝারি মেনকা সুন্দরী, জল সাধে ঘরে ঘরে। নানা লোকের বাড়ীতে পুণ্য-জল-সন্ধান। ওং‌তে পাণি সঞা। সাধ স্থানে সাহ হইয়া জল সাহা—সাওয়া, জল সহা—জল সওয়া হইয়াছে (সাধ ধাতু দেখ)। রাজাভিষেকে ও অন্য পুণ্য কর্ম্মে পুণ্যতীর্থের জল সংগ্রহ করিতে হয়। অধুনা বিবাহের কন্যা সখীসহ নদী-পুষ্করিণী-প্রভৃতি জলাশয়ে গমনপূর্ব্বক জল সংগ্রহ করে। তু° কুলবধূগণ উলসিত মন পানি সাইবারে সাজয়ে রঙ্গে ; পানি সাই শেষে ভবনে প্রবেশে—নবদ্বীপ-পরিক্রমা। জল হওয়া—দ্রব হওয়া, প্রঃ—নুন বর্ষাকালে জল হইয়া যায় ; বৃষ্টি হওয়া, প্রঃ—রোদ হয় জল হয় খেঁকশিয়ালীর বিয়ে হয় (শিশু-ছড়ায়)। জল-কর ··ষ্য. (স°)। নদী-পুষ্করিণী-আদির শুল্ক বা রাজস্ব ; পুষ্করিণী-আদির জলের বিস্তার যাহা দেখিয়া রাজস্ব নির্দ্দিষ্ট হয়। জল-খাবার··ষ্য. (জল-খাবার শব্দ আধুনিক ; পুরাতন শব্দ জলপান। খাবার—সম্বন্ধপদ)। জল খাবার সামগ্রী ; লঘু পথ্য, মিষ্টান্নাদি। জল-খাবারী ··ষ্য. জল পান করিবার ভোজ্যক্রয়ের নিমিত্ত পয়সা। জল-ছত্র···জলসত্র দেখ। জল-ছবি···ষ্য. জল দ্বারা যে চিত্র কাগজে বসাইতে পারা যায় (transfer picture)। জল-জীয়ন্ত ···ণ. জলে যেমন মাছ জীয়ন্ত থাকে তেমন সত্য, বর্ত্তমান। জল জীয়ন্ত মিছা কথা··· জীয়ন্ত যাহা, সত্য যাহা, তাহাকে মরা বলা, মিথ্যা বলা। জল-ঝড় ··ষ্য. বৃষ্টি ও ঝড়। জল-টুঙ্গী···ষ্য. (টুঙ্গী দেখ)। পুষ্করিণীর মাঝে বিশ্রাম বা কেলি-গৃহ। জল-তরঙ্গ ··ষ্য.জল-পূর্ণ বাটী দ্বারা বাদ্যবিশেষ ; বাটীতে অস-মান জল রাখিয়া কাঠি দ্বারা বাজানা হয়। জল দোষ ··ষ্য. পানীয় জলের দোষে জাত রোগ, অণ্ডকোষবৃদ্ধি রোগ (hydrocele)। জল-নালা ··ষ্য. পয়ঃ-প্রণালী। জল-নিকাশ ·ষ্য. জলের নির্গমন। জল-পথ ··ষ্য. নদী-খাল-রূপ পথ। জল-পড়া · ষ্য. যে জলে মন্ত্র পাঠ করা হইয়াছে। (তেল-পড়া দেখ)। লোকের বিশ্বাস, জল-পড়া খাইলে নজর-দোষে জাত অজীর্ণ-রোগ সারে। মন্ত্রপাঠ ঠিক হইয়াছে কি না, তাহার পরীক্ষা এই, পড়িলে জলপাত্রের তলে রক্ষিত মাপা খড়িকা বাড়িয়া উঠে, না বাড়িলে নজর দোষ লাগে নাই। জল-পীড়ি···ষ্য. পাদপ্রক্ষা-লনার্থে জল, তদনন্তর উপবেশনার্থে আসন, পাদ্য ও আসন। জলপাই···ষ্য. (পাই ?)। ফলকর বৃক্ষবিশেষ (Elæocarpus ser-

ratus)। রুদ্রাক্ষবৃক্ষ সদৃশ কিন্তু ছোট কুলের মতন। পূর্ববঙ্গের স্থানে স্থানে দেখা যায়। পূর্ববঙ্গের হিমালয়ে ও ত্রিবাঙ্কুড়ে জন্মে। লোকে ফলের (wild olive) কাঁচা শাঁস খায়,তেলে ফেলিয়া আচার করে। ফল নারিকেলিয়া। জলপাই···(জল-প্রাপ্তি); (মেদিনীপুরে) যে জমিতে সমুদ্রের জোয়ারের জল উঠে। জল-পাত্র ··ষ্য. ঘটী বা গাড়ু; রক্ষিতা স্ত্রী। জল-পান···ষ্য. জল পান; লঘু পথ্য; যাহা খাইয়া জল পান করিতে পারা যায় (অধুনা শহরে, জল-খাবার, জলযোগ)। জল-পানী · ষ্য. কর্মের পুরস্কারসরূপ বৃত্তি, (প্রায়ই) বিদ্যালয়ে পরীক্ষায় সফল হইলে মাসিক বৃত্তি (Scholarship)। জল-পিপলী···ষ্য. (সং জল-পিপ্পলী)। লতানিয়া বন্য শাকবিশেষ (Commelina salicifolia)। ভিজা স্থানে জন্মে। বাঘ-লালার সদৃশ গাছ। পাতা সরু রসাল, ফুল সুন্দর নীলবর্ণ। দুই গাঁইঠের মাঝের ডাঁটা দীর্ঘ। জল-পিঁপি ··ষ্য. কুলেচর বর্গের ১৫।১৬ আঙ্গুল দীর্ঘ পক্ষীবিশেষ (The Jacana. Metopidius indicus)। পুকুরে জলের ধারে, দলের মাঝে বসিয়া পোকা শামুক খায়। পিঁপিঁ শব্দ করে বলিয়া নাম। মাথা চক্‌চকা কাল, ছোট; ঠোঁট লম্বা আগা বাঁকা; লেজ-ছোট খয়রা। জল-বাতাস···ষ্য. জল-সম্পৃক্ত বাতাস; জল-বায়ু। জল-বায়ু···ষ্য. দেশের জল ও বায়ু (climate)। আয়ুর্বেদ বলেন, দেশ স্বাস্থ্যকর কিনা, তাহার বিচার করিতে হইলে দেশ কাল জল অনিল—এই চারির অবস্থা বুঝিতে হইবে। দেশ—মৃত্তিকা অর্থাৎ যে স্থানে থাকিতে হইবে; যেমন বালুকাম পার্বত্য, জলময়, নিম্নভূমি প্রভৃতি একপ্রক স্বাস্থ্য-বা অস্বাস্থ্য কর হইতে পারে ন কাল—ঋতু; ঋতুভেদে একই দেশ স্বাস্থ্য কিংবা অস্বাস্থ্যকর হইতে পারে। জল-পানীয় জল, ও অন্য আবশ্যক জল। অ —বায়ু; যেমন দেশবিশেষে পূর্ববায়ু পশ্চিমবায়ু শরীরের একপ্রকার হিতকর না। অতএব জলবায়ু বলিতে অধুনা সংক্ষে দেশের সমস্ত অবস্থা বুঝিতে হয়। হয়, ফা° আব হাওয়া হইতে জলবায়ু হইয়াছে। জল-বিছাটি ··(বিছাটি দেখ জলে ভিজানা বিছাটি গাছ। এই গাছ গ মারিলে অত্যন্ত জ্বালা করে। জল-ভসূকা জল-পূর্ণ (ভসূকা দেখ)। জল-মুহরী···ন নির্গম মুখ। জল-মুহান ··জল-নির্গ বড় মুখ। জল-যোগ ··জল-পান। সত্র ··ষ্য. (সং)। পানীয় জল- যেখানে পানীয় দান করা হয়। জল-সর ণ. যাহাতে জল নিঃসৃত হইয়াছে, জল হইয়াছে, যেমন জল-সরা কালী, জল দই। জল-সরানি ··ষ্য. (জল-সরা পানি পৃথক্-ভূত জল। জল-সার · ষ্য. (সং সার)। জলের আসার বা ধারা, ব কলশী জল ঢালিয়া জল-ধারা; স ব্যক্তির অন্তিম অবস্থায় জলাসার—নি কালের ব্যবস্থা। অসারে জল-সার·· উপায়। জল্‌জল···ণ. জল্‌জল, জল্‌-জলা, জল্‌জলিয়া ··ণ. জলবৎ, জল-জলা দুধ। জলটা ··ণ. (জ তা)। জল-সদৃশ, প্রাঃ—জলটা দুধ—যে প্রচুর জল মিশিয়াছে। তুং কালটা রং

…জলের ক্ষেত্রফল, প্রঃ—পুকুরের জল এক বিঘা। পুকুরে জল কত?—জলের গভীরতা কত। যথা, এক-চাটুয়া, এক-হাঁটু, এক-জাং, এক-কোমর, এক-বুক বা -ছাতি, এক-গলা, এক-মানুষ বা -পুরুষ, -বাঁশ; ডুবন-জল সাঁতার-জল, ইত্যাদি। পাথার জল…(সং পাথস্, পাথ—জল; পাথ+আর=পাথার—জল-পূর্ণ)। অগাধ জল। অথল জল…(সং অস্থল)। অতল জল, গভীর জল। জলে থই, থৈ পাওয়া—(সং স্থল—থই)। জলে স্থল পাওয়া। জল থই থই করা—বহু স্থলভাগ ডুবিয়া গভীর জলময় হওয়া। জলে টই-টম্বুর (টই টম্বুর দেখ। ও° টুবু টুবু, সং ডুবুক)। জলে পূর্ণ ও উচ্চ; লক্ষণায়, জল খাইয়া পেট টই-টম্বুর—উদর স্ফীত ও বিস্তীর্ণ। (ও° পেট টুমেইবা—পেট টই-টম্বুর করা)। জলময় …ণ. (সং জলময়; বলন্যাসে বা° গ্রা° জলম্ময়)। জলময়, জলে ব্যাপ্ত। জল-শাসন…জলাশয় খনন নিমিত্ত অল্প খাজনায় প্রাপ্ত জমি। জল…বিশেষ অর্থে, বৃষ্টি; প্রঃ—জল হইতেছে, পড়িতেছে—বৃষ্টি হইতেছে। এক-পসলা জল…(সং প্রসার হইতে পসলা। কবিকঃ—পসালা। উকীলের পসার—খ্যাতির প্রসার। প্রসার শব্দ সং আসার অর্থে জলের পসালা)। এক আসার। এক-তড়কা জল…তট-তট বা তড়-তড় শব্দে অকস্মাৎ এক পসলা। কবিকঃ—বেঙ্গ-তড়কা পড়ে বাজ বরিষে মুষলধারে জল।—বেঙ্গাতড়কা…বেং যেমন লাফাইয়া লাফাইয়া চলে তেমন বাজ পড়ে, এবং মুষলের তুল্য স্থূল ধারায় বৃষ্টি। এক তড়্-তড়া…(সং তট-তট)। অকস্মাৎ অল্প বৃষ্টি। তু° জলের তড়্-তড়া দেওয়া। জল ঢালা…প্রচুর বর্ষণ। ভারি বর্ষা…ভূরি বর্ষণ। ফিন্ ফিনা বৃষ্টি…ক্ষুদ্র বিন্দু-বিন্দু আকারে বর্ষণ। গুঁড়ি ঝাড়া…চাউলের গুঁড়ি যেমন চালনী দিয়া ঝাড়া হয়, ক্ষুদ্র-কণায় তেমন অল্পবৃষ্টি। ঝাড়িয়া জল হওয়া …মধ্যে মধ্যে একটু একটু বৃষ্টি না হইয়া একবারে সব বর্ষণ (ঝাড় ধাতু দেখ)। ঝম্-ঝম বৃষ্টি…(তু° সং ঝঞ্ঝা—ঝড় বৃষ্টি)। ঝম্ঝম শব্দে ভূরি বর্ষণ। ফোঁটা ফোঁটা, টোপা টোপা বৃষ্টি বড় বড় বিন্দুতে বৃষ্টি, যাহাতে জলে ফোঁটা বা টোপা উঠে। (ফোটা—সং স্ফুট ধাতু হইতে। বিপর্যয়ে টোফা—টোপা)। জলের, বৃষ্টির ছাট, ঝাট …বৃষ্টির আঘাত (ছাট দেখ)। জলের ঝাপটা…প্রবল ছাট বা ঝাট। জলের ঝিট …অল্প বা মৃদু ছাট। জল…ণ. (সং)। শীতল, প্রঃ—গায়ের রক্ত জল হওয়া। জল …ণ. (সং প্রাঞ্জল হইতে)। প্রাঞ্জল, প্রঃ —জল করিয়া বুঝাইয়া দেওয়া। (জল-তুল্য নির্মল, বা বিশদ, এমন ব্যাখ্যাও হইতে পারে। তু° তোমার কবিত্ব যেন গঙ্গাজলধার—চৈঃ চঃ)। জলা…ষ্য. (জল +আ)। জল-বিশিষ্ট বা জলময় স্থান, যে বিস্তীর্ণ নিম্নভূমি বর্ষাকালে জলমগ্ন থাকে। (বিল সবসময়ে জলপূর্ণ থাকে)। জলা… ণ. জল-বিশিষ্ট, জলে জাত, প্রঃ—জলা ঘাস। জলাঞ্জলি…ষ্য. (সং)। শব-দাহের পর চিতায় অঞ্জলি-পূর্ণ জল-নিক্ষেপ, চিতা-নির্বান নিমিত্ত। ইহা হইতে একেবারে শেষকর্ম। জলাঞ্জলি দেওয়া—একেবারে

পরিত্যাগ করা, প্রঃ—কুলে জলাঞ্জল।

জলাতঙ্ক⋯ষ্য. (সং। কিন্তু আয়ুর্বেদে নাম জলত্রাস)। পাগলা কুকুর শিয়াল বিড়াল কামড়াইলে রোগী জল দেখিয়া ভয় পায়। জল দেখিয়া ত্রস্ত হওয়া রোগ (hydrophobia)। জলুয়া,জ'লো⋯ণ. (সং জলবৎ হইতে বাং জল+উয়া)। জল-তুল্য, জল বিশিষ্ট, জল-মিশ্রিত, জলে জাত। প্রঃ—জ'লো দুধ,জ'লো বাতাস,জ'লো ঘাস।

জলদ⋯ণ. (আং। তুং সং দ্রুত)। দ্রুত, প্রঃ—জলদ-তেতালা। জলদি⋯ণ. (আং জলদী—শীঘ্রতা)। দ্রুত, শীঘ্র।

জলুই⋯ষ্য. (? তুং গলই)। লোহার গজাল।

জলুয়া⋯জল দেখ।

জলুস⋯ষ্য. (জিলা শব্দের অপভ্রংশ? জলসা?)। দীপ্তি। (২) (আং)। উপবেশন, সভা।

জল্লাদ⋯ষ্য. (আং)। ঘাতক।

জশম⋯ষ্য. (ফাং জেশন। হিংতে এক প্রকার পাথর। পুখরাজ? বোধ হয় প্রথমে এই পাথরের অলঙ্কার হইত)। পার্শ্ব-বিশিষ্ট ক্ষুদ্র স্তম্ভাকার সোনার বাহু-ভূষণ-বিশেষ।

জস্তা⋯ষ্য. (হিং ও। সং যশদ)। দস্তা (Zinc)। রূপ-জস্তা⋯ষ্য. (হিং)। রূপার তুল্য শাদা দস্তা-বিশেষ (pewter)। বস্তুতঃ রূপ-জস্তায় রাং ও সীসা থাকে। (৫ ভাগ রাঙ্গে ১ ভাগ সীসা মিশাইয়া উত্তম রূপদস্তা হয়)।

জহর⋯ষ্য. (ফাং। তুং সং গরল। গ স্থানে জ?)। গরল।

জহরৎ⋯ষ্য. (আং। তুং সং গহ্বর। গহ্বরে—খনিতে জাত?)। মণিমুক্তা। জহরতী⋯জহরৎ-সম্বন্ধীয়।

জহরী⋯ষ্য. (আং জওাহির+ঈ)। মণিমুক্তা বিক্রেতা। (জোহরী দেখ)।

জা⋯ষ্য. (বৈদিক সংস্কৃত। পরবর্তী সংতে জাত—শিশু। তুং ফাং জা, জাদা, জাদী—যেমন শাহজাদা)। (সমাসে) সন্তান, প্রঃ—ঘোষজা—ঘোষ বংশের সন্তান।

জা⋯ষ্য. (সং যাতৃ)। পতি-ভ্রাতৃ-পত্নী।

জা (গ্রাং)⋯ধাতু. যা ধাতু দেখ।

জাং⋯জাঙ্গ দেখ।

জাই⋯ষ্য. (সং জাতি)। মল্লিকাদি বর্গের প্রসিদ্ধ পুষ্পক্ষুপ (Jasminum grandiflorum)। বঙ্গদেশে কষ্টে হয়। আরণ্য প্রদেশে ফুলে গাছ ভরিয়া থাকে। এই পুষ্প দ্বারা প্রীতি জন্মে বলিয়া সং নাম জাতি। অন্য চলিত নাম চামেলী দেখ। (ওং জাই)।

জাইগীর⋯জায়গীর দেখ।

জাইট⋯জাঠ দেখ।

জাউ⋯ষ্য. (সং যবাগূ)। (ছয়গুণ) জল দিয়া সিদ্ধ-করা চাল, যব প্রভৃতির খুদ, প্রঃ—উদর পুরিয়া খেত আউটিয়া জাউ (মাঃ)।

জাওনা⋯ষ্য. (সং যা ধাতু হইতে)। জল যাইবার নালা,কুলি অপেক্ষা সরু জল-নালা।

জাওর⋯জাবর দেখ।

জাওলা⋯ষ্য. (?)। মাছ ধরিবার একপ্রকার টাঙ্গা। জাওলার টোপ জলে তল হইতে চারি আঁগুল উচ্চে থাকে।

জাঁক⋯ধাতু. (সং যন্ত্রক হইতে। যন্ত্রীকৃত হইতে?)। জাঁকি—যন্ত্রে বদ্ধ করিয়া চাপ দিই, প্রঃ—বালিশের খোলে তুলা জাঁকিয়া দেও, জাঁকিয়া বসিয়াছে—যেন যন্ত্র দ্বারা পেষণ করিয়া। জাঁক, জাঁকা

জ্যাঁক ··ষ্য. আড়ম্বর,দম্ভ। জ্যাঁক-জমক···ষ্য. (সহচর শব্দ। জমক দেখ)। আড়ম্বর, দীপ্তিশালী আড়ম্বর। জ্যাঁকা · ধাতু. (জ্যাঁক ধাতু আন্তে)। জ্যাঁকানা॥ জ্যাঁকাল···ণ. (জ্যাঁক +আল)। জমকাল, আড়ম্বর পূর্ণ। জ্যাঁকুয়া, জেঁকো···ণ. (জ্যাঁক+উয়া)। দম্ভ-প্রদর্শনপ্রিয়।

জাঁকড়···ষ্য. (জাঁক হইতে। জাঁক+ড়। হিং জাকড়)। দর্শন কিংবা পরীক্ষা নিমিত্ত দ্রব্যের বিনিময়ে অঙ্গীকার কিংবা টাকা জমা; ভূসম্পত্তি বাঁধা রাখা যে তাহার আয় হইতে কর্জা টাকার সুদ পাওয়া যাইতে পারে। জাঁকড়-বহি ··যে খাতায় জাঁকড়ের হিসাব থাকে। জাঁকড়ী ·ণ. (জাঁকড়+ঈ)। জ্যাঁকড়ে রক্ষিত, প্রঃ—জাঁঃ গহনা।

জাগ ··ধাতু (সং জাগৃ ধাতু জাগরণে)। জাগি —অনিদ্রিত থাকি, সচেতন থাকি, সতর্ক হই; দৃশ্য হই—প্রঃ—জলে মাথাটি জাগিতেছে। জাগা॥ দৃষ্টান্তে,—অন্ধ জাগ, না কিবা রাত কিবা দিন—অন্ধের দিন রাতি সমান; লক্ষণায়, সমান অবস্থা। জাগন্ত ·· ণ. (জাগ+অন্ত)। জাগরণশীল। জাগরণ ···ষ্য. (সং)। অনিদ্রা, রাত্রিকালে না ঘুমানা। জাগরণী···ণ. (জাগরণ+ঈ)। জাগরণ-সম্বন্ধীয়; পর্ববিশেষে রাত্রিকৃত্য; যাত্রাগান গাইয়া রাত্রিশেষ করা। জাগা ··ণ. জাগরণশীল, প্রঃ—জাগা ঘরে চুরি হয় না। জাগা ··ধাতু. (জাগ ধাতু অন্তে)। জাগানা॥

জাগ···ষ্য. (জাঁক হইতে?)। পত্রাদির মাঝে রাখিয়া ফল পাকানা (জাগ দেওয়া)। জাগা ···ধাতু. জাগাই—অপক্ক ফলকে গরমে রাখিয়া পাকাই। জাগানা॥

জাগীর···ষ্য. (ফাং জা—স্থান, গীর—গ্রহণ)। জায়গীর দেখ।

জাগ্রৎ · ণ. (সং)। জাগরণশীল, প্রঃ—জাঃ দেবতা।

জাঙ্গা···ষ্য. (সং জঙ্ঘা। কিন্তু সং জঙ্ঘা—জানু হইতে গুল্ফ পর্য্যন্ত অঙ্গ। বাংতে উরু অর্থ পাইয়াছে। এই রূপ, ওংতে জঙ্ঘ, হিং মং জাঙ্ঘ। বোধ হয়, সং জাঘনী—উরু হইতে জঙ্ঘা শব্দের অর্থান্তর ঘটিয়াছে)। উরু। জাঙ্গিয়া ষ্য. (জাঙ্গা+ইয়া)। যে ক্ষুদ্র বস্ত্র কেবল জাঙ্গা আবরণ করে, কিংবা জানু পর্য্যন্ত বিস্তৃত হয়।

জাঙ্গাল ··ষ্য. (সং জঙ্গাল—শব্দকল্পঃ)। উচ্চ আলি, রোধ বা বাঁধ (শূংপুঃ), উচা ডাঙ্গা (কবিকঃ)।

জাঙ্গাল ··ষ্য. (সং জাঙ্গুল—বিষ; সং জাঙ্গাল—জঙ্গাল-সম্বন্ধীয় হইতে। সং জঙ্গাল—বৈদ্যকঃ। ফাং জঙ্গার)। তাম্র-ঘটিত ঘাসবর্ণ রঙ্গবিশেষ (verdigris—an acetate of copper)। তামা-শেঁখো-গন্ধক-যোগ হেতু জাঙ্গাল-রঙ্গা বিষ।

জাচ · যাচ ধাতু দেখ। (হিং জাঁচ ধাতু)।

জাজিম ··ষ্য. (ফাং)। বিচিত্র বস্ত্রনির্ম্মিত আসন-বিশেষ।

জাঠা, জাঠী ·ষ্য. (সং যষ্টি)। সে কালের লোহার যষ্টির যুদ্ধাস্ত্রবিশেষ।

জাঠি, জাঠ · ষ্য. (সং যষ্টি। সং যষ্টি হইতে সংপ্রাং লঠ্‌ঠী। জাঠ শব্দ পরিবর্ত্তে লাঠ বা লাঠা শব্দও চলিত আছে। হিং জাঠ, মং লাট। ওং নাম কাঠ)। দীর্ঘ যষ্টি, পুষ্করিণীর ভাঁড়ারে অর্থাৎ মধ্যস্থলে পোতা কাঠ, (শূং

পুঃ—মালজাট—মল্লযষ্টি ?); ঘণাগাছের গর্ত্তে যে দীর্ঘ কাঠ ঘুরিয়া পিষিয়া সরিষা তিল প্রভৃতি হইতে তেল বাহির করে; হুঁকার নলিচা।

জাড় ..ষ্য. (সং জড—হিমগ্রস্ত, জাড্য—শীত-লব্ধ। মং জড—শীতল। তুং সং জল। হিং জাড়া, ওং জাড)। শীত (কৃত্তিঃ উং)। জাড় কাল ..শীতকাল। জাড় লাগা—শীত বোধ করা। জাড়ে হাত পা আড় ..শীতে আড়ষ্ট।

জাড়ি ..ষ্য. (জ্বর-জারি; জ্বর-জাড়ি। জ্বর হইতে জাড়ি—অনুচর শব্দ)। জ্বর। (অপ্রচলঃ)

জাড়ী ..ষ্য. (সং জটা হইতে। অগদবৃক্ষের শিকড়, প্রঃ–ধনের জাড়ি পড়িবেক তোমার হাতেতে (চৈঃ চঃ)। (অপ্রচঃ)

জাড্য ..ষ্য. (সং)। জড়তা; শীতবোধ; মূর্খতা।

জাড্য (গ্রাং) ..ষ্য. (সং দার্ঢ্য)। দৃঢ়তা, প্রঃ—লোককে জাড্য করিয়া ধরা; যাবে কোথা যোগী ঠাকুর জাড্য করে বল (মাঃ)—সত্য করিয়া।

জাত, জাৎ ..ণ. (সং জাত)। প্রশস্ত, আসল, প্রঃ–জাত সাপ। (২) আনীত,রক্ষিত প্রঃ—গোলাজাৎ করা—গোলাতে রাখা। ..ষ্য. (সং)। জাতি, প্রকার, প্রঃ—আমের অনেক জাত বা জাৎ আছে। (এখানে জাত—প্রকার—variety)।

জাত, জাৎ ..ষ্য (সং যাত্রা—উৎসব)। সমাগত বহু লোকের উৎসব, উৎসব উপলক্ষে বহু লোকের সমাগম, মেলা, প্রঃ—বারুণী দিনে দীঘির জাত বসে; শনি কুম্ভবারেতে করিহ মোর জাত (কবিকঃ)।

জাত ..ষ্য. (সং)। সমূহ, প্রঃ—দ্রব্য-জাত (কবিকঃ, ভাঃ)। ণ. উৎপন্ন, প্রঃ—কথা জাত হয়।

জাতক...ষ্য. (সং)। যে জন্মিয়াছে তাহার জন্মকোষ্ঠী; জাত-কর্ম। জাত-কর্ম ..ষ্য. (সং) শিশুর জন্মকালীন কর্ম। "তিন দিনে নিদয়ার সুপথ্য পাঁচন॥ পাঁচদিনে পাঁচুটি পাউস বিসর্জন। ছয়দিনে ষাট্যারা করিয়া জাগরণ॥ আটদিনে কৈল আট কলাই ধর্ম্মকেতু। নয় দিনে নবনক্তা কৈল শুভহেতু॥ ষষ্টিপূজা একুশে করিল একমাসে।"—কবিকঃ। অদ্যাপি প্রায় এইরূপ আছে। পাচন—গ্রাং পাঁচন। পাঁচটি গ্রাং পাঁচুটি—পাঁচ দিনে কৃত্য। পাউস? ষট্‌রা—ছয়দিনে বা রাত্রে কৃত্য, গ্রাং যেটেরা। আট কলাই—আটপ্রকার কলাই ভাজা। নবনক্তা—নব—নয়, নক্ত—রাত্রি—নবম রাত্রে কৃত্য, গ্রাং নত্তা। ষষ্ঠী পূজা—শিশুপালিকা (কৃত্তিকা)-ষষ্ঠী দেবীর পূজা।

জাঁত ..ষ্য. (সং যন্ত্র। ওং জন্তা)। যন্ত্র; সোনা রুপার তার টানিবার ছিদ্রযুক্ত ইস্পাত। (জাঁতা, জাঁতী দেখ)। জাঁত ..ধাতু. (সং যন্ত্র্ ধাতু সঙ্কোচ, বন্ধনে)। জাঁতি—যন্ত্রে বদ্ধ করি, যন্ত্র দ্বারা আকর্ষণ, পেষণ করি; প্রঃ—সিংহের দশন ভাঙ্গে অঙ্গে যেন জাঁতয়ে কিঙ্কর (কবিকঃ); জাঁতিয়া গাঁথিয়া সোণা সাঁড়াশীতে টানে গুণা, নিরূপণ সূতার সঞ্চার (কবিকঃ)—জাঁতিয়া—যন্ত্রে পরাইয়া, গাঁথিয়া—যন্ত্রের ছিদ্রে পরাইয়া। গুণা—তার (কবিকঙ্কণের সময়ে ফাং তার পরিবর্তে সং গুণ—শব্দ চলিত ছিল)। সূতার সঞ্চার—এক থাই সূতামাত্র

প্রবেশ করিতে পারে, এমন সূক্ষ্ম। জাঁতা॥ জাঁতা···ধাতু.(জাঁত ধাতু আস্তে)। জাঁতানা॥

জাঁতা···ষ্য. (সং যন্ত্র)। গম-কলাই পেষা যন্ত্র। (দুই 'পাটী' পাথর, মাঝে গুঁজি—কীলক। বাং জাঁতা, ওং চকী, হিং চক্কী, মং জাঁতে। পাথরের দুই চক্র বলিয়া চাকী। বাং ও মংতে সং যন্ত্র হইতে নাম)। (২) কামারের ভস্ত্রা (ওং ভাতিআ)।

জাতাঙ্কুর...ষ্য. (সং)। যবধান্যের জাত অঙ্কুর (মাঙ্গলিক)।

জাতি, জাত ··ষ্য. (সং জাতি) জন্ম, বংশ, ব্রাহ্মণাদি বর্ণ, প্রকার। প্রঃ—জাতিতে ব্রাহ্মণ—জন্মে। জাতি ব্রাহ্মণ জন্মে ব্রাহ্মণ, কর্মে অব্রাহ্মণ। জাতিতে মুসলমান—জন্মে। জাতিতে ম্লেচ্ছ—বংশ, ধর্মে। গুণ কর্ম-বিভাগে জাতির সৃষ্টি হইয়াছে। বস্তুতঃ ব্রাহ্মণ ক্ষত্রিয় বৈশ্য শূদ্র—চারি জাতি নহে, চারি বর্ণ। চলিত কথায়, হিন্দুর জাতি ছত্রিশ, প্রঃ—ছত্রিশ জাতের ভাত খাওয়া। জাতে উঠা—নষ্ট-বংশ পুনঃ-প্রাপ্তি। জাত ক্ষয়ানা—জাতি হারানা। জাত খাওয়া—জাতি নাশ। জাত-ভাই ··এক জাতির লোক। জাত দেওয়া—জাত্যন্তর গ্রহণ। জাত মারা—জাতি নাশ করা। জাত যাওয়া—জাতি নষ্ট হওয়া, অপবিত্র হওয়া। জাত লওয়া—সতীত্ব নাশ করা। জাতি-কুল ...(সহচর শব্দ)। বংশ। বে-জাত ··বিগত-জাতি,নষ্ট-জাতি। জাত্যংশ ··প্রধান চতুর্বর্ণের অন্তর্গত জাতি, প্রঃ—জাত্যংশে হীন।

জাঁতী···ষ্য. (সং যন্ত্র—জাঁতা, + ঈ ক্ষুদ্রার্থে)। সুপরী-কাটা কাতি। জাঁতী-কল ··জাঁতীর তুল্য কল, ইন্দুর-ধরা কল বিশেষ।

জাদ ··ষ্য. (? সং জতু হইতে ?)। খোপ, খোপনা, প্রঃ—সুরঙ্গ পাটের জাদে বিচিত্র কবরী বান্ধে (কবিকঃ)। (অপ্রচঃ)

জাঁদরেল (গ্রাং) · ষ্য. (ইং general হইতে)। সেনাপতি, নায়ক।

জাদু · ষ্য. (সং জাত –শিশু, আদরে উ। সং যাদব হইতেও আসিতে পারে। হিং জাঁতা—শিশু)। আদরে বাৎসল্যে শিশু। (ছেলেকে মা যেমন নীলমণি—কৃষ্ণ—বলিয়া ডাকেন, যাদু, যাদুমণি—যাদব, যাদবমণি—বলিয়াও ডাকেন। মাণিকে, লাউসেনকে যাদব নামে ডাকা হইয়া ছ)। জাদুমণি ··আদরে শিশুর নাম। জাদু··· উপহাসে, অশিষ্ট সম্বোধনে, প্রঃ—এবার জাদু দেখা যাবে।

জাদু ··ষ্য. (ফাং। প্রাচীন সং জাতু, জাতু-বিদ্যা)। কুহক, ভেলকি। জাদুগর, জাদুকর···ষ্য. (ফাং জাদুগর)। কুহকী। জাদুগরি ··ষ্য. কুহকবিদ্যা। জাদু-ঘর... (আধুনিক শব্দ। ইং museum—যেন কুহক দ্বারা আনীত দ্রব্যাগার)। অপূর্ব দ্রব্যাগার। জাদু-বিদ্যা ··হাতের ক্ষিপ্রতায় দ্রব্যের আবির্ভাব ও তিরোভাব। (ভোজবিদ্যা দেখ)।

জান···ধাতু (সং জ্ঞা ধাতু জান। সংতে জানাতি; এই হেতু দেশভাষায় জান ধাতু)। জানি—অবগত আছি, বুঝি। জানা॥ জানা-জানি...ষ্য. লোকের নিকট প্রকাশ। জানা-শোনা···ষ্য. পরিচয়, জ্ঞান। জানিত···ণ. (সং জ্ঞাত)। জানা, জ্ঞাত। না জানি... জানি না। ব্য-সরূপ প্রয়োগ হয়, 'না জানি কত দুঃখ আছে'—খেদে, বিস্ময়ে।

কি জানি ··সন্দেহ-প্রকাশে. ব্য-স্বরূপ, প্রঃ—কি জানি চোর আসিতে পারে। জানিতে, জান্তে ··(সং জানতঃ)। জ্ঞাত অবস্থায়, জ্ঞাত হইলে, প্রঃ—জান্তে একাজ করিত না—পূর্বে ফল জানিতে—বুঝিতে পারিলে। নিষেধে অ-জানা, অ—জান্তে। প্রঃ—অজান্তে পাপ নাই জান্তে পাপ—জ্ঞানকৃত কাজে পাপ, অজ্ঞানকৃত কাজে পাপ নাই। জানবি (গ্রা°) ··ণ. (সং জ্ঞাপিত হইতে)। জ্ঞাত, জানা, প্রঃ—জানবি লোক। জানবিৎ...ণ. (স. জ্ঞানী, বিৎ)। পরিচিত, জানা, প্রঃ -জানবিৎ লোক। জানা···ধাতু. (জান ধাতু আস্তে)। জানাই—প্রকাশ করি, বোধ করাই, জ্ঞাত করাই। জানানা জানানি॥ জানান ··ষ্য. ···ষ্য. বোধ, লক্ষণ-প্রকাশ, প্রঃ—বৃষ্টি হইবে,মেঘে জানান্ দিয়াছে ; রোগ জানাইয়াছে—রোগের লক্ষণ দেখা দিয়াছে। জান ...ষ্য. (সং জ্ঞ) দৈবজ্ঞ।

জান...ষ্য. (ফা°। সং জীবন)। জীবন, সারাংশ ; প্রেয়সী (জানানা দেখ)। সঙ্গীতে যে রাগে যে সুর অধিক লাগে কিংবা অধিক কাল স্থায়ী করিতে হয়, অপর নাম বাদী সুর।··(ফা° আঘাত করা)। সমাসে, যে হত করে, প্রঃ—রাহা-জান—পথদস্যু। জানোয়ার ··ষ্য. (ফা° জানবার)। জীবনবিশিষ্ট অর্থাৎ জীব. প্রায়ই চতুষ্পদ হিংস্র জন্তু ; নির্বোধ (গালিতে)। জান-বাচ্চা ··ষ্য. (জান—জীবন, স্ত্রী ; বাচ্চা—বৎস ; প্রায় সহচর শব্দ)। স্ত্রী-পুত্র, প্রঃ—জানবাচ্চা এক খাদে গাড়িব হারামজাদে (ভাঃ)।

জানানা · ষ্য. (ফা° জান। তুং সং জনী—নারী। আসা°-তে জনী চলিত আছে। জান+আনা)। নারীর যোগ্য ; ইহা হইতে নারী। জানানা-শওয়ারী...যে শওয়ারী বা যানে নারী আছে।

জানালা, জানলা ··ষ্য. (পর্তু° Janella—window। তুং জালানা—সং জালান্তর। জালনা শব্দও চলিত আছে)। ঘরে আলোকবায়ু-প্রবেশ-দ্বার, গবাক্ষ।

জাপটা ··ধাতু. (ঝাপটা, সাপটা, সাবটা—অন্যান্য রূপ। ও° জাপিবা, জাবুড়িবা—বেষ্টিত করিয়া ধরা ; ম° সাঁপড়ণেঁ—পতিত হওয়া, ধরা। তুং বা° চিতপটানা—চিতপাত হওয়া। অতএব সা, জা, ঝা,-পাটা। সা-পাটা—সং সম্পাতিত—মিলিত—করি, কিংবা সং সম্বেষ্টিত—করি। সম্ এর অনুনাসিকত্ব ম°-তে আছে। তুং ঝাঁপ ধাতু আবরণে)। জাপটাই—বেষ্টিত করি, বেষ্টন করিয়া ধরি। জাপটানা॥

জাফরান ··ষ্য. (আ° জাফরান। Ital. Zafferano। হিং জাফরান, অন্য না[ম] কেসর)। কুঙ্কুম। পারস্য ও কাশ্মী[র] দেশীয় শাকবিশেষের (Crocus sativus[)] ফুলের গর্ভকেশর। কখন কখন জাফরানে[র] সঙ্গে কুসুম ফুল মিশ্রিত হইয়া বাজা[রে] বিক্রয় হয়। কুঙ্কুম দেখ।

জাফরী···ষ্য. (আ°)। বাঁশের শলাতে রচি[ত] রন্ধ্র-পূর্ণ চাঁচ।

জাব...ষ্য. (সং যবস, জবস—ঘাস)। গোরু[র] খাবার নিমিত্ত কাটা খড়। জাবনা···ষ[্য.] (না—ক্ষুদ্রার্থে)। ছোট ছোট করিয়া কা[টা] খড়, প্রায়ই খইল-জল মিশ্রিত, ছুবি।

জাব ··ষ্য. (সং যাব—অলক্তক)। ঈষৎ রক্ত বর্ণ, প্রঃ—পুরানা কাঁসা ও ভরণে জাব ধরে —গায়ে ঈষৎ রক্তবর্ণ আবরণ পড়ে। (এই জাব হইতে কাঁসায় গাব ধরে।)

জাবকা ··ধাতু. (জব্-জব দেখ। জব্-জব করা —জাবকা)। জাবকাই—জল দিয়া মাখি, প্রঃ—কাঁথ দিবার কাদা জাবকানা ॥ কখন কখন 'জাব করা' বলা যায়।

জাবড়া···ধাতু. (জব্-জব হইতে। কিংবা চ্যাবিত হইতে। জোবড়া দেখ)। জাবড়াই —অতিসিক্ত করি, প্রঃ—ডাইলে ভাতে জাবড়া করা। জাবড়ানা॥ (জাবড়া শব্দ হইতে বুঝা যায়, জাবড় ধাতুও আছে)।

জাবড়ী বুড়ী ··(জাবড় ধাতু হইতে ?)। সুতিকা-গৃহের পশ্চাতে যে গোমুণ্ড হাড় সিন্দুর গোবর কড়ি দিয়া রাখা হয়।

জাবনিক ··যাবনিক দেখ।

জাবর, জাঅর ··ষ্য. (বোধ হয়, জাব হইতে। সং যবস—ঘাস। জাব+র—তৃণ-সম্বন্ধীয় কর্ম। ওং পাগুলি ; হিং পাগুর,জুগালী ; মং রোঁথ—সং রোমন্থন। রাঢ়ে জাবর, জাঅর প্রচলিত নাই। আছে পাঁজ (করা)— ভুক্ত তৃণ-পঞ্জী। ওং পাকল—পক্ক। সং পক্ক হইতে পাগুলি, পাগুর ? বাং পাগলা ধাতু দেখ। সং জৃ ধাতু জীর্ণ-করণে হইতে বাং জারা। সুতরাং সং জারণ হইতে জাবর আসিতে পারে না। বিশেষতঃ হিং জুগালী আসে না)। গবাদি-পশুর চর্বিত-চর্বণ বা রোমন্থন।

জাবেতা···ষ্য. (আং জাবিতা)। বিচারপদ্ধতি, প্রঃ—জাবেতা নকল—বিচারালয়ের নিয়মানুসারে প্রাপ্ত নকল (আদাঃ)।

জাম...ষ্য. (সং জম্বু। ওং জামু)। প্রসিদ্ধ উদ্যান-ফলতরুর (Eugenia jambolana) কৃষ্ণবর্ণ ফল। এই হেতু কাল-জাম বলা যায়। গুড়া-জাম, গুড়ু-জাম...ষ্য. (সং ক্ষুদ্রজম্বূ—ভাবপ্রকাশে)। ছোট বন্য তরু বিশেষ (Eugenia fruticosa)। ফল ছোট, মটর-কলাইর মতন, বিস্বাদ অম্ল। কেহ প্রায় খায় না। গোলাপ-জাম···ষ্য. কাল জামের তুল্য সুশ্রী তরু (Eugenia jambos)। পাকিলে ফল গোলাপী হয়। এই ফল (rose apple) দেখিতে ও ঘ্রাণে ভাল, কিন্তু ভক্ষণে কিছু নয়। বন-জাম··· বন্য ক্ষুপ বা ছোট তরু বিশেষ (Ardisia humilis)। পাতা একোত্তর, মসৃণ। ফুল প্রায় আরক্ত, পঞ্চদল। ফল গোল, প্রায় জামের মতন। কিন্তু জামের সহিত বন-জামের আকার ছাড়া অন্য বিষয়ে সাদৃশ্য নাই। বনজাম ছেলেরা খায়। এই জামের অন্য নাম ভুঁইজাম (সং কাকজম্বু ?)।

জামতা (গ্রাং)···জামাতা।

জামদানী···ষ্য. (ফাং। তুং জামা—বস্ত্র)। তাঁতে বুনিবার সময় ফুল-তোলা কাপড়।

জাম-বাটী···ষ্য. (ফাং জাম—বাটী। অতএব সহচর শব্দ। ফাং জাম—কাঁসার পিয়ালা। মালদহে জাম-খোরা। মং জাঁব—বাঁট দেওয়া জল পাত্র)। কাঁসার খুরা-হীন বড় বাটী।

জামরুল···ষ্য. (ইং Jambolana হইতে)। জম্বুকাদি বর্গের উদ্যান জাত ফল-তরু (Eugenia alba)। মাঝারি আকারের গাছ। সুশ্রী। বর্ষাকালে ফলে। ফল শাদা, মসৃণ, জলুয়া। মালয়দ্বীপ হইতে এই গাছ আনীত হইয়াছে।

জামা...ষ্য. (ফা° জামা—বস্ত্র, লম্বা কোর্তা)। সেঁআ গাত্রাবরণ, পিরাণ। জামা-জোড়া ·· ষ্য. (হি° জোড়া— জুতা)। জামা ও জুতা। পা জামা···ষ্য. সেঁআ পাদাবরণ বস্ত্র।

জামাই···ষ্য. (স° জামাতৃ)। কন্যার পতি। ঘর-জামাই· ·যে জামাই শ্বশুর-ঘরে বাস করে। স্ত্রী-জামাই· ·কন্যা ও কন্যার পতি। কথায়, ঘর-জামাইর পোড়ার মুখ মরা বাঁচা সমান সুখ। দৃষ্টান্তে, যম জামাই ভাগিনা কেহ নয় আপনা। জামাই-ষষ্ঠী···ষ্য. নূতন প্রচলিত পার্বণ। জ্যৈষ্ঠ-মাসের শুক্ল-ষষ্ঠী-তিথিতে জামাইর পূজা-পার্বণ।

জামি···ষ্য. (স°)। ভগিনী। (বা° অপ্রচঃ; ও°তে রাজ-পরিবারে প্রচলঃ)।

জামিন (গ্রা° জাবিন)···ষ্য. (আ°)। প্রতিভূ; আশ্রয়, প্রঃ—ভাঙ্গা খুঁটীতে জামিন দিয়া দাঁড় করাইয়া রাখা। জামিনদার ··ষ্য. প্রতিভূ। জামিনী ··ণ. জামিন-সম্বন্ধী। জামিনি···ষ্য. জামিন রাখা কর্ম। ফেল-জামিনি ··শান্তি-রক্ষার নিমিত্ত মুচলেকা (আদাঃ)। মাল-জামিনি · টাকা দিবার নিমিত্ত জামিন হওয়া। হাজির জামিনি·· উপস্থিত হইবার নিমিত্ত জামিন হওয়া।

জামীর ··(স° জম্বীর)। নেবু দেখ।

জামেয়ার...ষ্য. (?)। সর্বাঙ্গ ফুল-তোলা শাল বিশেষ।

জায় ··ষ্য. (ফা°—স্থান) তপসীল, বিবরণ।

জায়গা...ষ্য. (ফা° জায়—স্থান, গা—স্থান · বস্তুতঃ সহচর শব্দ। তু° স° জগৎ)। স্থান, অবকাশ; পাত্র।

জায়গীর...ষ্য. (ফা° জাগীর—জা—স্থান, গীর —গ্রহণ)। যুদ্ধ-কর্ম-নিমিত্ত দত্ত জমি; কর্মের পুরস্কার-স্বরূপ দত্ত জমি। জায়গীর-দার···ষ্য. (ফা°)। জায়গীর ভোগ করে যে।

জায়ত্রি ··ষা. (স° জাতিপত্রী। ও° জাইত্রি)। জায়-ফলের বীজের সুগন্ধ আবরণ বিশেষ (mace)। (কখন কখন জয়ত্রি)।

জায়দা ··ণ (আ° জাইদ, জয়াদা) উদ্বৃত্ত; অধিক।

জায়দাদ ··ষ্য (ফা°)। সম্পত্তি। মৌরসী জায়দাদ...পৈতৃক সম্পত্তি। নীলামী জায়দাদ ···নীলামে বিক্রেয় সম্পত্তি।

জায়ফল...ষ্য. (স° জাতি ফল)। মালক্কা দ্বীপের ও দক্ষিণ ভারতের শীতল স্থানের বৃক্ষ-বিশেষের (Myristica fragrans) ফল (nutmeg)।

জার · ধাতু (স° জৃ ধাতু ণিচ) জারি—জর্জর করি, প্রঃ- অমৃত বলিয়া গরল ভক্ষিণু, বিষেতে জারিল দে (চণ্ডীঃ) (দেহ—দে)। জারা ॥ জারা...ধাতু (জার ধাতু আস্তে)। জারাই, প্রঃ—নেবু জারাইয়া আচার। জারানা ॥ জারক · ষ্য. (স°)। জীর্ণকারক দ্রব্য।

জারা · ষ্য. (ই° Jarrah)। অষ্ট্রেলিয়া দ্বীপের বৃক্ষবিশেষ (Eucalyptus rostrata)। ইহার কাঠ (Jarrah wood) কলিকাতায় বিক্রয় হয়।

জারি...ণ. (আ°)। প্রচলিত, বর্তমান, প্রঃ ডিক্রি জারি করা—ডিক্রি মতন কাজ করা (আদাঃ)। জারি-জোরি, জারি-জুরি...ষ্য. (জারি, জোর)। প্রতাপ-প্রকাশ।

জারুয়া···ণ. (স° জার—উপপতি, +বা° উয়া)। জারজ (কবিকঃ)।

জারুল...ষ্য. (?)। ধাতক্যাদি বর্গের পুষ্পতরু বিশেষ (Lagerstrœmia flos-reginæ)। ফুল বড় বড়, প্রায় তিন আঙ্গুল চওড়া। কাঠে কাজ হয়, কলিকাতায় বিক্রয় হয়। আসাম ও চট্টগ্রামে ব্রহ্মদেশে এই গাছ জন্মে।

জাল...ষ্য. (সং)। মৎস্যাদি ধরিবার রজ্জু- কিংবা সূত্র-নির্মিত যন্ত্র; গবাক্ষ-ছিদ্র; সমূহ; ইন্দ্রজাল। মাছ-ধরিবার জালের নাম —(১) কুঁড়া-জালী···(ছোট জাল—জালী)। কাপড়ের ছোট ঝুলীর আকার। কুঁড়া দিয়া চার হয় বলিয়া নাম। ইহাতে বুসা মাছ পড়ে। (২) কলি বা ফেটা জাল...(সর্প-ফটার আকার বলিয়া ফেটা। সূচ্যাকার বলিয়া কলি নাম)। দুই পাশে বাঁশ দিয়া ত্রিকোণাকার জাল। ইহাতে চুনা মাছ পড়ে। (৩) খেয়া, খেপলা...(সং ক্ষেপ—নিক্ষেপ। ওং নাম খেপা। অন্য বাং নাম মাথা-ঘুরণী, ওং নাম মাথা-ঘুমা)। বিস্তৃত করিলে চক্রাকার, কুঞ্চিত করিলে গো-পুচ্ছের আকার। পুচ্ছের মুখে ডোর থাকে। মাথার উপরে ঘুরাইয়া নিক্ষেপ করা হয়। (৪) গাঁতি·(সং গ্রন্থন হইতে বাং গাঁথা) অল্প-পরিসর কিন্তু অতিদীর্ঘ জাল। খয়রা, মৌরলা প্রভৃতি ভাসা মাছের মাথা গাঁথা পড়ে বলিয়া নাম। (৫) ঘাট-গাঁতি...ফেটা জালের আকার, কিন্তু ছোট ত্রিকোণাকার। দুই পাশের বাঁশ ধরিয়া জাল ছুঁড়িয়া রাত্রে ঘাটের মাছ ধরা হয়। (৬) চাটনী...(চালনী হইতে)। চালনীর আকারের ছোট জাল। চাবি ··(চাপ ধাতু হইতে)। চালনীর আকার, কিন্তু বড়। পা দিয়া চাবিয়া, বা চাপিয়া মাছ ধরা হয়। (৭) ডোঁড়া...(সং ডোর হইতে)। ডোরের বা দোড়ীর বোনা দীর্ঘ আয়তাকার। ইহা দ্বারা কেবল পোনা মাছ ধরা হয়। (৮) পাশ...(সং পাশ)। বড় ফাঁদ খেয়া জাল। (৯) পোলো···(সং পলব, প্লব)। বাঁশের শলার ধুতুরা ফুলের আকারের চাবি-যন্ত্র বিশেষ। ইহাকে জাল বলা যায় না। সারেং...(সং শ্রেণী হইতে ?)। সূত্রনির্মিত, দীর্ঘ আয়তাকার, ভাসা জাল। অনেকগুলা জুড়িয়া লম্বা করিয়া পুকুরের এ মাথা ও মাথা করা হয়। জালের অঙ্গ,—কাঁঠি...(সংকণ্ঠী)। জালের নিম্ন প্রান্ত ভারী করিবার নিমিত্ত লোহার কিংবা পোড়ানা মাটির কণ্ঠী। লোচ, লোট···(সং লোচক)। জালের যে অংশে বা কোষে মাছ জমা হয়। সেত ··(সং সূত্র)। জালের প্রান্তের ও জাল টানিয়া তুলিবার ডোর। জাল বোনার শব্দ,—(১) কাঁড়িয়া, কেঁড়্যো...(কাণ্ড+ইয়া)। যষ্টি-খণ্ডে গুড়ানা সূতা বা দোড়ী। (২) জাল-বাটিয়া, জাল-বেট্যে...(বাটিয়া দেখ)। জাল বুনিবার শণের সরু দোড়ী। (৩) তাকুড়, তফিল...(ওং নাম সড়িঙ্গা। সং তর্কটী হইতে তাকুড়—যদ্দ্বারা সূতা কাটা হয়। ফাং তহবিল হইতে তফিল ? কোথাও কোথাও ইহাকে কেঁড়্যো বলে)। জাল বুনিবার লোহার কিংবা বাঁশের মাকু। ইহার দুই প্রান্ত চেরা বা খাঁজ-কাটা। পাতি...(সং পত্র)। বাঁশের পাতলা বাখারী। ইহা ধরিয়া জালের ফাঁদ তোলা হয়। অন্য নাম ফল-কাঠি—(সং ফলক) ফলা। ফালি...জালের যতখানি একবারে বোনা হয়। তুং কুমড়ার ফালি। পাশ

(ফেলা)...(সং পাশ)। জাল বুনিবার সময় যে অতিরিক্ত ঘর বা ফাঁশ ফেলা হয়। ইহা না থাকিলে জালের আকার ক্রমশঃ প্রসারিত হইতে পারে না। ফাঁদ, ফাঁশ... (ফাঁদ দেখ। সং পাশ)। জালের ঘর। পঁট, পোট (পড়া)..(সং পতিত)। জাল বুনিবার সময় যে ঘর বাদ পড়ে (ভুলে)। গাছের বীজ বুনিলে কোন বীজ হইতে গাছ না জন্মিলেও 'পঁট পড়া' বলা হয়। তেমন, জাল বুনিবার সময় কোন ফাঁশ ফাঁক পড়িলে 'পঁট পড়া' বলে।

জাল...ষ্য. (আং জআল। তুং সং জাল—ইন্দ্র-জাল, কপট)। কপট-লেখন; কৃত্রিমতা, কাপট্য। জাল-কাগজ,-খৎ ..কৃত্রিম কাগজ, খৎ। জালিয়াৎ...ষ্য. (আং জালিয়া+বাং আৎ?)। কপট লেখক। জালিয়তি ...ষ্য. জালিয়াতের কাজ। জাল-জালিয়তি... ষ্য. জাল-কর্ম, জালিয়াতের কর্ম (জাল শব্দই দুইবার)।

জাল-গাঁঠি...ষ্য. (জাল+গ্রন্থি? হিং জাল-গণ্ঠি)। শ্যামা ঘাসের মতন কিন্তু প্রণত বর্ষায়ু তৃণ-বিশেষ (Panicum javanicum)। দেড় হাত দুই হাত দীর্ঘ হয়। বড় জাল গাঁঠি ..জালগাঁঠির তুল্য ঘাস (P. setigerum)। লম্বা হইয়া শুইয়া বাড়ে।

জালতি . ষ্য. (সং জাল-পাত্রী)। গোরুর মুখের জাল; ফল পাড়িবার জাল-পাত্র।

জালনা...ষ্য. (সং জাল—গবাক্ষ—অঃ। জাল +বাং না—হ্রস্বার্থে। কিংবা সং জালান্তর হইতে। জালান্তর—গবাক্ষছিদ্র। জানালা দেখ। ঝরকা দেখ। ওং নাম পঞ্জর—সং পিঞ্জর)। ঝরকা।

জালা . ষ্য. (সং অলিঞ্জর)। জল রাখার বড় কলশী।

জালাতন ..জ্বালাতন দেখ।

জালিয়া, জেল্যে...ষ্য. (সং জালিক)। জাল দিয়া মৎস্যাদি ধরে যে জাতি, প্রঃ—সেই মৎস্য জালিয়া ধরিয়া লবে জালে (ভাঃ)। হিন্দু জাতি বিশেষ। স্ত্রীং জালিয়ানী, জেলেনী।

জালিয়াৎ ..জাল দেখ।

জালী...ষ্য. (সং জাল, জালক+বাং ঈ)। ছোট জাল, গবাক্ষ ছিদ্র; কুষ্মাণ্ডাদি-বর্গের যাবতীয় গাছের অচির-জাত ফল। এই ফল ফুলের নীচে থাকে। অন্য নাম সনি (সং সূন—পুষ্প)।

জাসু ..ষ্য. (আং জাসুস। হিং ঝাঁসু)। গুপ্ত-চর, প্রবঞ্চক। চোরের জাসু...চোরাই মাল রাখে যে (সং যক্ষ হইতে?)।

জাস্তি ..ণ. (আং জিয়াদতি হইতে)। জায়দা, অধিক।

জাহা (গ্রাং)...যাহা দেখ।

জাঁহা (গ্রাং)...যাহাঁ দেখ।

জাহাঁ...ষ্য. (ফাং জহান)। পৃথিবী। জাহাঁ-পনা ..ষ্য. (ফাং পনা—আশ্রয়দাতা)। পৃথিবীর আশ্রয়, প্রভু (বাদশাহ সম্বোধনে)।

জাহাঁবাজ...ণ. (আং জেহন--বুদ্ধি)। তীক্ষ্ণ-বুদ্ধি, কূটবুদ্ধি।

জাহাজ ..ষ্য. (আং জাহাজ)। অতিবৃহৎ নৌকা। জাহাজী ..ণ. জাহাজ-সম্বন্ধী; জাহাজে আনীত; বিদেশী। যে জাহাজে বাণিজ্যকারী, নাবিক। দৃষ্টান্তে, আদার বেপারীর জাহাজের খবর কেন—আদার খরিদদার অল্প, আদা বিক্রিয় হয় অল্প। জাহাজে অল্প সামগ্রী আসে না, আসে

প্রভৃত। এই হেতু, যাহার অল্প প্রয়োজন, তাহার অধিকে আগ্রহ সাজে না।

জাহান্নম...ষ্য. (আ° জহন্নম)। (মুসলমান ধর্মগ্রন্থের) নরক। জাহান্নামে যাওয়া—কুচরিত্রাদি হেতু বিনাশের পথে গমন।

জাহির...ষ্য. (আ°)। প্রচার, প্রকাশ, প্রঃ—বিদ্যা জাহির করা।

জিওল··ষ্য. (স° নাম জিঙ্গিনী। কিন্তু জিওল—বোধ হয় জীবল হইতে, যাহা শীঘ্র মরে না। রাঢ়ে নাম কা-শিমুলা দেখ)। আম্রাদি-বর্গের বৃক্ষবিশেষ (Odina wodier)। আমড়া গাছের সদৃশ। পাতা পক্ষাকার, বর্ষে বর্ষে ঝরিয়া পড়ে। গাছ হইতে অজস্র নির্যাস (জিওলী আঠা) বাহির হয়।

জিগর, জিগির...ষ্য. (ফা° জিগর)। সাহস, নির্বন্ধ।

জিজিয়া...ষ্য. (আ°)। অ-মুসলমানের (বাস্তবিক নাস্তিকের) প্রতি মুসলমান-বাদশাহের স্থাপিত কর।

জিজ্ঞাস··ধাতু. (স° জিজ্ঞাসা হইতে)। জিজ্ঞাসি—প্রশ্ন করি, জানিতে চাই, প্রঃ—ইহা জিজ্ঞাসিব গিয়া যথা পঞ্চানন (কৃত্তিঃ)। জিজ্ঞাসা॥ জিজ্ঞাসাবাদ··ষ্য. (স°)। জিজ্ঞাসা ও বিতর্ক।

জিঞ্জির...ষ্য. (ফা° জঞ্জীর)। শৃঙ্খল।

জিত··ষ্য. (স° জিতি)। জয়। ··ধাতু. (স° জিত হইতে জিতা ধাতু হইবার ছিল। জিন ধাতু দেখ)। জিতি—জয় করি, পরাজয় করি। জেতা॥ জিতা, জেতা ··ধাতু. (জিত ধাতু আন্তে)। জিতাই, জেতাই—পরাজয় করাই। জেতানা॥

জিদ, জেদ··ষ্য. (আ° জিদ)। নির্বন্ধ। জিদী, জিদ্দী···ণ. নির্বন্ধকারী, স্বেচ্ছাচারী।

জিন··ধাতু. (স° জিত শব্দ হইতে। জিত, জিন—দুই-ই হয়। ও°তে জিতিবা জিনিবা—বা° জেতা, জেনা। মেঘনাদবধে, "কে জিনিল কে হারিল? কহ ত্বরা করি"; "ইন্দ্রজিতে জিতি° তুমি॥")। জিনি—পরাজয় করি, বশীভূত করি, প্রঃ—যে জিনে বিচারে বরিবা তাহারে (ভাঃ)। জেনা॥ জিনা··ধাতু. (জিন ধাতু আন্তে)। জিনাই—পরাজিত করাই। জেনানা, জিনানা॥

জিন···জীন দেখ।

জিন··ষ্য. (স°)। বুদ্ধ।

জিন-বাড়ী··ষ্য. (স° অজিন—চর্ম+বাড়ী—যষ্টি)। ভ্রমর যন্ত্র ঘুরাইবার ধনুক (ও° কমানি)।

জিনি (গ্রা°)··যিনি দেখ।

জিনিয়া··ষ্য. (ই° Zinnia)। বিদেশী পুষ্প-শাক বিশেষ (Zinnia elegans)। গেঁদার মতন ফুল হয়। গাছ বর্ষায়ু। আধুনিক উদ্যানে দেখা যায়।

জিনিষ, জিনিস··ষ্য. (আ° জিন্স্)। বস্তু; সোনা রূপার আভরণ। জিনিষ-পাতি, জিনিষ-পত্র··জিনিষ সমূহ (পত্র দেখ)।

জিব··ষ্য. (স° জিহ্বা)। জিহ্বা। আল-জিব···ষ্য. (স° তালু-জিহ্বা। তালু—তাল—আল; অল-আকার জিহ্বা বা অল-জিহ্বা মনে হয় না)। তালুদেশের ক্ষুদ্র জিহ্বা (uvula)। অন্য নাম নুড়-নুড়ি—নড়ে বলিয়া নড় নড়ি, হ্রস্বার্থে নুড়-নুড়ি। জিব ছোলা··ষ্য. (বা° ছুল ধাতু হইতে

ছোলা)। জিহ্বানির্লেখন নিমিত্ত পাতলা সরু কোমল কাষ্ঠাদি পত্র। দাঁতে জিব কাটা —লজ্জায় দন্তদ্বারা জিহ্বা দংশন ; প্রঃ—দশনে রসনা কাটি গুড়ি গুড়ি যায় (ভাঃ)। জিবিয়া, জিবা ··ষ্য. (জিব+ইয়া,+আ)। জিহ্বাসদৃশ অঙ্গ, প্রঃ—ঘাণীর জিবিয়া বা জিবা। জামার জিবা ··পকেট।

জিম্‌নাষ্টিক···ষ্য. (ই· gymnastic)। ব্যায়াম।

জিম্মা ··ষ্য. (আ· জ্বিম্‌মা)। ন্যাস, রক্ষণ, দায়িত্ব, প্রঃ—ভাঁড়ার জিম্মা যাঁর কাছে মা, সে জন তোমার পদতলে (রামপ্রসাদ)। জিম্মাদার···ষ্য. যার কাছে ন্যস্ত।

জিয়ল ··জিওল দেখ।

জিয়া ··ষ্য. (বোধহয় সং দংশ হইতে। দংশ হইতে ডাঁশ, ডিঁয়া, জিঁয়া। ও· জন্দা। হি· নাম চিউঁচী,ম· মুঙ্গী)।.যে পিপিড়া দংশন করে। (পিপিড়া দেখ)।

জিয়াপুত, জিয়াপোতা ··ষ্য. (সং পুত্রঞ্জীব—ভাব-প্রকাশে। ভাব-প্রকাশে পুত্রঞ্জীব ও ইঙ্গুদী—পৃথক গাছ। অমরের টীকায় উভয়ে এক। ডাঃ উদয়চাঁদ পৃথক ধরিয়াছেন। ইঙ্গুদীর ফল মানুষে খায়, জিয়াপোতার ফল খায় না)। স্নুহি-আদি বর্গের পার্বত্য উচ্চ তরুবিশেষ (Putranjiva roxburghii)। পুং গাছ ও স্ত্রী গাছং পৃথক। পুং ফুলে পাপড়ি নাই, কেশর ২।৪ টা। স্ত্রী ফুলে ফল হয়। ফুল ছোট ছোট, ফলে ১টা আঁঠি। কাঠ শাদা, শক্ত।

জিয়াদা···ণ. (আ· জিয়াদ, জয়াদ—বৃদ্ধি)। উদবৃত্ত, অধিক। (জায়দা দেখ)।

জিরন্দাজ ··ষ্য. (ফা· জের+অন্দাজ)। দুবা। বৈঠকের লতাপাতা-আঁকা বা তোলা আচ্ছাদন।

জিরা ··ধাতু. (সং বিশ্রাম—প্রা· বিচরাম ; ইহা হইতে চিরাই—জিরাই)। জিরাই—বিশ্রাম করি। জিরানা॥ জিরান···ষ্য. বিশ্রাম। জিরান-কাট ··খেজুর গাছের রস-নির্গমে বিশ্রাম দিয়া পরে কর্তন-হেতু রস-নির্গমন।

জিরাৎ ··ষ্য. (আ· জরাআৎ, জিরাআৎ)। কৃষি ; চাষের জমি, প্রঃ—জমি-জিরাৎ।

জিরাফ ··ষ্য. (ই· giraffe)। আফ্রিকা দেশের দীর্ঘপদ দীর্ঘপুচ্ছ দীর্ঘগল দীর্ঘকর্ণ দীর্ঘজিহ্বা চতুষ্পদ বিশেষ। দশ হাত উচ্চ হয়।

জিল ··ষ্য. (সং ঝিল্লী)। উচ্চ সুর ; বেহালার তন্ত্রীবিশেষ।

জিলা···ষ্য. (আ· জিলা। তুং সং জ্বল্—দীপ্তি)। জেল্লা, দীপ্তি।

জিলা···জেলা দেখ।

জিলাপী ··ষ্য. (হি· জলেবী)। ঝিলাপী দেখ।

জিল্‌দ ··ষ্য. (আ·)। চম ; বহির বাঁধন চর্ম ; বহি।

জিল্‌ফা ··রাগিণী বিশেষ। রাগরাগিণী দেখ।

জিশু খ্রিষ্ট ··ষ্য. (ই· Jesus Christ)। খ্রিষ্টানদের উপাস্য মহাপুরুষের নাম।

জিহ, জিহি ··ষ্য. (সং জিহ্বা)। জিহ্বা (ভাঃ)। (অপ্রচলঃ)।

জিহাদ্‌, জহাদ ··ষ্য. (আ·)। নাস্তিকের বিরুদ্ধে মুসলমানের যুদ্ধ ; মুসলমান-ব্যতীত অন্য সম্প্রদায়ের বিরুদ্ধে যুদ্ধ।

জী···ষ্য. (সং জীব, জীবন হইতে। হি· জী)। (সমাদরে, বাৎসল্যে) প্রাণ-পুত্র, প্রঃ—

বাবাজী—বাবা-জীবন। জীউ দেখ। (হি' উর্দুতে অর্থ, মহাশয় ; তু' বা' বাবু)।

জী…ধাতু. (স' জীব্ ধাতু)। জী-ই—প্রাণ-ধারণ করি, প্রঃ—সেই জলে জীয়ে শাখা ফল ফুল হয় (চৈঃ চঃ)। জীআ, জীয়া ॥ জীআ, জীয়া ··ধাতু. (জী ধাতু আস্তে)। জীআই, জীয়াই—জীবিত করি। জীআনা ॥ জীয়ন্ত…ণ. (স' জীবন্ত)। যে বা যাহা জীবিত আছে।

জীউ…ষ্য. (স' জীব)। জীবন, প্রঃ—জীউ রাখা, জীউ-দান ; সমাদরে, বাৎসল্যে প্রাণ পুত্র, প্রঃ—বাবা-জীউ, রঘুনাথ-জীউ। (জী দেখ)।

জীন…ষ্য. (ই' jean)। মোটা ঘন-বোনা সূতার বস্ত্র-বিশেষ। জীন কাপড় বুনিতে চারি পাঁচটা 'ব' ও ঝাঁপ আবশ্যক হয়।

জীন…ষ্য. (ফা' ।. তু' স' পর্যান)। অশ্ব-পৃষ্ঠের পর্যান। জীন-শওয়ারী…ণ. অশ্বারূঢ়।

জীন…ষ্য. (আ')। প্রেত, দৈত্য।

জীন-বাড়ী…জিন-বাড়ী দেখ।

জীব…ষ্য. (স' জীব)। প্রাণী। জীব-জন্তু… (স'। সহচর শব্দ)। জীব। কৃষ্ণের জীব… যে প্রাণীকে শ্রীকৃষ্ণ সৃষ্টি করিয়া পালন করিতেছেন, এমন শ্রদ্ধার প্রাণী ; (শ্লেষে), কৃপার পাত্র। জীব…ব্য. (স' জীব)। হাঁচিলে 'জীবিত থাক' বলা। জীব…ষ্য. (স' জীব)। জীবন। জীবদ্দশা…জীবন-কাল। জীবৎমান…জীবিত, জীয়ন্ত। জীবন্-মৃত…জীবিত অবস্থায় মৃত, দেহ জীবিত, মন মৃত (ক্লেশে)। কথায়, জীব দিয়াছেন যিনি আহার দিবেন তিনি—ঈশ্বর জীবন দিয়াছেন, জীবনরক্ষার উপায়ও করিয়া দিয়াছেন। (ইহার তাৎপর্য্য এমন নয় যে মানুষ অলস হইয়া বসিয়া থাকিলে আহার আপনি জুটিবে)। জীবন…ষ্য. (স' জীবন)। জীবন ; বাৎসল্যে জীবন, প্রঃ—বাবাজীবন (জী, জীউ দেখ)।

জীয়ন্ত, জীবন্ত…ণ. (স' জীবন্ত। কিংবা বা' জী ধাতু+অন্ত—জীঅন্ত)। জীবিত, যে বাঁচিয়া আছে। জীয়ন্তে মরা…মৃততুল্য অবস্থায় বাঁচা (মনের ক্লেশে)। জল-জীয়ন্ত …জলে যেমন মাছ জীয়া থাকে, সে কথা যেমন সত্য, তেমনই।

জীয়াপুত…জিয়াপুত দেখ।

জীরা…ষ্য. (স' জীরক ; জীর্যতি অনেন—অঃটীঃ)। (১) ধন্যাদিবর্গের শাকবিশেষের (Cuminum cyminum) মউরীসদৃশ ফল-বিশেষ (cumin)। মরিচের সঙ্গে এই জীরা একত্র বাটা হইয়া রাঁধিতে লাগে। জীরা-মরিচের জীরা এই জীরা। (ভাব-প্রকাশে ইহার নাম জীরক, দীর্ঘজীরক (?)। বঙ্গদেশে ইহার চাষ হয় না, অন্যত্র হয়। (২) কাল জীরা, কৃষ্ণজীরা…অন্য এক বর্গের (Ranunculaceæ) বর্ষায়ু শাক-বিশেষের (Nigella sativa) কৃষ্ণবর্ণ ত্রিকোণ বীজ-বিশেষ (Black cumin)। ইহাও রাঁধিতে লাগে। (ভাবপ্রকাশে কৃষ্ণ-জীর নামে যে জীরার উল্লেখ আছে, তাহা এই জীরা কিনা, সন্দেহ। কারণ পৃথ্বী, কারবী উপকুঞ্চিকা—এই সব নাম হইতে প্রচলিত কাল জীরা বোধ হয় না)। (৩) কাল জীরা, শা-জীরা…ধন্যাদিবর্গের শাক বিশেষের (Carum bulbocastanum) কৃষ্ণবর্ণ মউরী-সদৃশ ফল বিশেষ (Black cara-

way)। কাশ্মীর, আফগানস্থান প্রভৃতি স্থানে এই জীরার জন্মস্থান। সেখানে ইহার গাছ প্রায়ই বন্য অবস্থায় দেখা যায়। (ভাবপ্রকাশের কারবী, উপ-কুঞ্চিকা নাম হইতে এই জীরা বোধ হয়)। (৪) মিঠা জীরা ··ধন্যাদিবর্গের বিদেশী শাক বিশেষের(Carum carui) শ্বেতবর্ণ মউরী সদৃশ ফলবিশেষ (European caraway)। এই জীরা বিলাত হইতে আসে। (কারোয়া দেখ)। কেহ কেহ ইহাকে শা-জীরা অর্থাৎ শ্বেত-জীরক বলে।

জীরা···ষ্য. (ফা॰)। শিকলের সাঁজোয়া বা কবচ।

জীর্ণ ··ণ. (সং)। পরিপক্ক, জর্জরিত, বৃদ্ধ। জীর্ণশীর্ণ·· ণ. (সং সহচর শব্দ)। জীর্ণ ও শীর্ণ। জীর্ণ জ্বর · বহুকালের পুরাতন জ্বর।

জুই, জুঁই···ষ্য. (সং যূথী)। মল্লিকাদি বর্গের প্রসিদ্ধ পুষ্প। গাছ লতানিয়া ক্ষুপ (Jasminum auriculatum); ফুল শাদা সুগন্ধ, গ্রীষ্মকালে ফোটে। (সং যূথ—পুষ্পবৃন্দ একবৃন্তে ধরে বলিয়া সং নাম যূথী, যূথিকা)। স্বর্ণজুই, হেমজুই ··(সং স্বর্ণ যূথিকা)। ফুল জুইর মতন, কিন্তু পীতবর্ণ ও গন্ধহীন (Jasminum heterophyllum)।

জুইপানা ··ষ্য. (সং যূথিকাপর্ণী)। বাসকাদি-বর্গের ক্ষুপ বিশেষ (Rhinacanthus communis)। ফুল শাদা ওষ্ঠবৎ, পুং কেশর ২টা। দক্ষিণভারতে নাম নাগমল্লী।

জুথ, জুঁথ ··ধাতু. (সং জুষ ধাতু আশ্রয়, উপযোগ, পরিতর্কণ। ও॰ হিং মং জোখ ধাতু তৌল, মাপ)। জুখি, জুঁখি --পরিমাণ করি, তৌল করি; প্রঃ— কাটিআ ছিড়িআ মাপিআ জখিআ সত হাথে হইল পোতা (শূং পুঃ)—মাপিয়া জুখিয়া শত হস্ত পোতা (বাড়ীর) হইল; দর করে এক মূলে জুঁখে লয় দুনা তুলে (ভাঃ)—এক মূল্যে দর করিয়া দুনা তুলায় জুঁখিয়া লয়। জোখা, জোঁখ ॥ জোঁখা দেওয়া—সমান কি না তাহা পাশে পাশে রাখিয়া দেখা। লেখা-জোখা করা—(সহচর শব্দ)। লেখা করা, হিসাব করা। মাপ-জোখ · (সহচর শব্দ)। মাপ।

জুঝ ··ধাতু. (সং যুধ ধাতু)। জুঝি—যুদ্ধ করি। জোঝা॥ লক্ষণায়, কর্মনির্বাহ, প্রঃ—প্রত্যহ রান্নাঘরে হাঁড়ীর সঙ্গে জোঝা যে-সে কথা নয়। জুঝা, জোঝা ··ধাতু. (জুঝ ধাতু আন্তে)। জোঝানা॥ জুঝারু··(জুঝ +আরু)। যোদ্ধা।

জুট···ধাতু (জুড় ধাতু দেখ। সং যৌট, যৌড ধাতু যোগে—হইতে ?) জুটি—যুক্ত হই, মিলিত হই, সম্ভাব্য হই, প্রঃ—সঙ্গীরা আর জুটিতে পারিল না, পরিতে একটু কাপড়ও জোটে না। জোটা॥ জোট ··ষ্য. দল, প্রঃ—জোট বাঁধা। জোট-পাট (পরে দেখ)। জোটা ··ধাতু. (জুট ধাতু আন্তে) জোটানা॥

জুড় ··ধাতু. (সং জুড ধাতু গতি, বন্ধন। সং যুক্ত হইতে ?)। জুড়ি—বন্ধন করি, যুক্ত করি, আরম্ভ করি, আবৃত করি, প্রঃ—দুই খানা কাপড় জুড়িয়া চাদর, তাঁতে কাপড় জোড়া, উড়ে এসে জুড়ে বসা; ক্ষণেকেতে বায়ুবেগে গগন যুড়িল মেঘে চতুর্দ্দিকে কলিঙ্গ নগর (কবিকঃ)। জোড়, জোড়া

জোড়ন ॥ জোড়া ··ধাতু. (জুড় ধাতু আস্তে)। জোড়ানা ॥

জুড়া···ধাতু (বোধ হয় জাড়—শীত হইতে)। জুড়াই—শীতল হই, প্রঃ—তাপ জুড়ায় (চৈঃ চঃ), এ মনের জ্বালা জুড়াই বিরলে (মেঘনাদবধঃ)। জুড়ানা ॥

জুড়ি···ষ্য. (জুড় ধাতু)। সমধর্মী সহচর (জুটি শব্দও বসে); যাত্রাগানের যে বয়স্ক গায়কেরা জোড় বাঁধিয়া গান করে; যে দুই জন মন্দিরা বাজায়। জুড়ি-দার ··ষ্য. (জুড়ি। ফা° দার অনাবশ্যক)। যাত্রা-গানের জুড়ি। জুড়ি-দারি ··ষ্য. (জুড়ির কাজ। জুড়ি ঘোড়া ··সমান দুই ঘোড়া।

জুৎ ··ষ্য. (স° যুতি—মিশ্রণ; স° যুক্তি)। উৎকৃষ্ট ধাতুর সহিত নিকৃষ্ট ধাতুর মিশ্রণ (alloy); এক শের তামার সহিত যে পরিমাণ দস্তা মিশানা হয়, যেমন এক শের তামার সহিত চৌদ্দ ছটাক দস্তা মিশাইলে, জুৎ—চৌদ্দ ছটাক দস্তা, অর্থাৎ যুক্তি—পরিমাণ বা ভাগ। (২) স্বাস্থ্য, সুবিধা, প্রঃ—শরীরের জুৎ নাই (স° দ্যুতি বা জ্যোতিঃ?)। জুৎ-আলা···ণ. স্বাস্থ্যসম্পন্ন, সুন্দর, সুবিধা-জনক। জুৎ মাফিক · পরিমাণ মতন, সুবিধা মতন। জুৎ-বরাৎ ··সুবিধা (বরাৎ দেখ)। জুৎ-জাৎ · (জাৎ—প্রচর শব্দ)। জুৎ।

জুত ··ধাতু. (স° যোক্ত্র, যোত্র হইতে)। জুতি—যুগাদিতে রজ্জু—প্রায়ই চর্মরজ্জু দ্বারা বাঁধি। জোতা ॥ গাড়ীতে ঘোড়া জোতা, লাঙ্গলে গোরু জোতা—চর্ম-রজ্জু দ্বারা বাঁধা। জোতা···ধাতু. (জুত ধাতু আস্তে)। জোতানা ॥

জুতা···ষ্য. (উর্দু। ও° জোতা, হি° জূতা; ম° জোতা। ও° বা°তে জুতা শব্দ পুরাতন নহে। কৃত্তিবাস, কবিকঙ্কণ, মাণিকে, পানই—স° উপানহ। চল্লিশ পঞ্চাশ বৎসর পূর্বে জোড়া, বিনামা, প'-পোষ (যা°) শব্দ চলিত ছিল। ও°তে জোড়া শব্দ অদ্যাপি চলিত আছে। স° পাদত্র হইতে পা লুপ্ত হইয়া দতা—জোতা—জুতা? কিংবা স° যোক্ত্র—বন্ধন চর্ম হইতে জোতা—জুতা। তু° ম° জুর্তে—চর্মবদ্ধ খড়ম)। পাদুকা। চটী জুতা···পাতলা জুতা, ঘোড়-তোলা জুতা নহে। ঘোড়-তোলা জুতা··· (স° ঘুট—গুল্ফ)। গোড়ালি-তোলা জুতা। জুতা-বরদার ··ষ্য. (ফা° বরদার)। পাদুকা-বাহক ভৃত্য। জুতাস্ত (করা) · ণ. (জুতা+বা° বস্ত—বিশিষ্ট অর্থে)। জুতা-বিশিষ্ট (করা), জুতা দ্বারা প্রহার। জুতা খাওয়া—পাদুকা দ্বারা প্রহার ভোগ করা, অতিশয় অপমানিত হওয়া। জুতা মারা—পাদুকা দ্বারা প্রহার। জুতা যোগানা—পায়ের কাছে জুতা ধরা। গোরু মেরে জুতা দান—গোরু হত করিলে হিন্দুকে প্রায়শ্চিত্ত করিতে হয়। হত গোরুর চর্ম-নির্মিত পাদুকা ব্রাহ্মণকে দান করিলে সে প্রায়শ্চিত্ত হয় না। জুতা···ধাতু. জুতাই—জুতা দ্বারা প্রহার করি। জুতানা ॥

জুতি ··ষ্য. (স° জ্যোতিঃ, দ্যুতি)। জ্যোতিঃ, প্রঃ—হেম জিনি দেহ জুতি (কবিকঃ)।

জুদা···ণ. (ফা°)। পৃথক। (প্রায় চলিত নাই)।

জুন···ষ্য. (ই° June)। ইংরেজী ষষ্ঠমাস নাম। (১৮।১৯ জ্যৈষ্ঠ হইতে ১৫।১৬ আষাঢ়)।

জুনিপোকা, জুনিপোক ··ষ্য. (সং জ্যোতিরিঙ্গণ হইতে জোনি—জুনি। ঢাকা, পাবনা, ফরিদপুর প্রভৃতি অঞ্চলেও জুনি)। জোনাকি পোকা।

জুব্বা···জোব্বা দেখ।

জুম ··ষ্য. (আ° জুলম হইতে)। জুলম, প্রঃ—বিস্তর লস্কর সঙ্গে অতিশয় জুম (ভাঃ)। (অপ্রচলঃ)।

জুমর, জুমল···ষ্য. (আ° জুমলা শব্দের বহুবচন)। মোট, সমষ্টি।

জুমলা ··ষ্য. (আ°)। মোট, সমষ্টি, প্রঃ—এইরূপে হিসাবে জুমলা যত হয়, ধার্য্য হয় সেই সুদ জানিবে নিশ্চয় (শুভঙ্করী)।

জুয়া···ধাতু (সং যোগ হইতে)। জুয়াই—যোগাই, যোগ্য হই, প্রঃ—এই পাপঘরে রহিতে নাহি জুয়ায় (কবিকঃ); ঐ সব সিদ্ধান্ত গূঢ় কহিতে না যুয়ায় (চৈঃ চেঃ); কর্ণ বলে সেই কথা মুখে না জুয়ায় (দাতাকর্ণ)। জুয়ানা॥

জুয়া···ষ্য. (সং দ্যূত)। পণ রাখিয়া ক্রীড়া। জুয়া-খেলা ··দ্যূত-ক্রীড়া। জুয়ার ··ষ্য. (দ্যূত +আর)। জুয়াখেলাসক্ত, প্রঃ—পূর্ব্ব সত্যযুগে এক জুআরের কথা (চৈতন্যমঙ্গল) জুয়ারী ···ষ্য. (দ্যূত+আরী)। দ্যূতক্রীড়াসক্ত। জুয়াচোর, জুয়াচ্চোর ··ষ্য. (দ্যূত-চৌর)। দ্যূতক্রীড়ায় যে প্রতারণা করে; অত্যন্ত ধূর্ত ব্যক্তি। জুয়াচোরি, জুয়াচ্চোরি ·· ষ্য. জুয়াচোরের কাজ, প্রতারণা। (চৈতন্য-মঙ্গলে, জুআর চোর, প্রঃ—জুআর চোরের কথা শুন এক চিত্তে; অতএব বোধ হয়, জুয়াচোর —বস্তুতঃ জুয়ার-চোর—সহচর শব্দ। এই কারণে জুয়াচ্চোর—চ এর দ্বিত্ব ঘটিয়াছে)।

জুয়াল, জুআল···ষ্য. (ও° জুআড়ি, হি° জুহড়, জুআ; ম° জুঁ। শূংপুরাণে জুআল। বোধ হয়, সং যুগ+বা° ল, আল—স্বার্থে)। রথ গাড়ী লাঙ্গাল প্রভৃতির যে কাঠ বা বাঁশ গোরুর কাঁধে বাঁধা থাকে। জুয়ালী···ষ্য. ছোট জুয়াল।

জুরি ··ষ্য. (ই° Jury)। বিচারালয়ে বিচারকের সহিত যাঁহারা ঘটনার সত্যাসত্য বিচার করেন।

জুল···ধাতু. জুট ধাতুর রূপান্তর—মিলিয়া-জুলিয়া—মিল ধাতুতে ল আছে বলিয়া জুট স্থানে জুল হইয়াছে। জুল ধাতুর অন্য পদ প্রচলিত নাই।

জুল-জুল ··ব্য. জ্বল-জ্বল দেখ।

জুলম, জুলুম ··ষ্য. (আ° জুলম)। উৎপীড়ন, অত্যাচার।

জুলাই···ষ্য. (ই° July)। ইংরেজী সপ্তম মাস নাম (১৬।১৭ আষাঢ় হইতে ১৫।১৬ শ্রাবণ)।

জুলাব, জোলাপ ··ষ্য. (আ° জুল্লাব)। ভেদক ঔষধ।

জুলী···ষ্য. (সং চুল্লী)। দীর্ঘ চুলী, প্রঃ—আখের গুড় পাক করিতে মাটিতে জুলী কাটা হয়; অল্প পরিসর দীর্ঘ খাদ। (শূং পুং—জোলি)। জোল দেখ।

জুল্‌ফি···ষ্য. (ফা° জুল্‌ফ)। কুন্তল, কাণঝাপটা, কর্ণমূলের নিকটের কেশ, (সং কাকপক্ষ; ও° গাল-মোচা—গালের মোছ। চণ্ডীদাসে জুলুফা। চণ্ডীদাসে এই শব্দ আসে কেন?)।

জুয়া, জুআ···জুয়া দেখ।

জূ-জূ···ষ্য. (সং জূঃ—পিশাচী—মেঃ; সং

জিঃ—পিশাচ)। অন্ধকারের পিশাচ (ও° অন্ধার-গুড়-গুড়ি)। জূ-জুর ভয় দেখানা —অন্ধকারে অ-দৃষ্ট পিশাচের ভয় প্রদর্শন; ইহা হইতে বৃথা ভয়-প্রদর্শন।

জে (গ্রা°)···যে দেখ।

জেঠ···ণ. (স° জ্যেষ্ঠ)। যাহা অগ্রে পাকে, প্রঃ—জেঠ ধান, অর্থাৎ নামি ধান নহে। জেঠিয়া, জেঠ্যে···. (জেঠ+ইয়া)। জেঠ পাকা সম্বন্ধীয়; যে জমিতে শস্য জেঠ পাকে।

জেঠা ··ষ্য. (স° জ্যেষ্ঠ-তাত)। পিতার জ্যেষ্ঠ ভ্রাতা। জেঠাই ··ষা. (স° জ্যেষ্ঠআর্যিকা। হি° জিঠানী—স° জ্যেষ্ঠতাত পত্নী)। জেঠার পত্নী। জেঠ-তাত, জেঠোত ভাই··· জ্যেষ্ঠতাতের পুত্ররূপ ভ্রাতা। জেঠশ্বশুর ·· শ্বশুরের জ্যেষ্ঠ ভ্রাতা। জেঠশাশুড়ী, জেঠ-শাশ···শ্বশুরের জ্যেষ্ঠভ্রাতার পত্নী। জেঠা · ণ (স° জ্যেষ্ঠতাত)। পিতার অগ্রজ—অতএব বহুদর্শী অভিজ্ঞ, ইহা হইতে প্রগল্ভ। জেঠামি ··ষ্য. (জেঠা+আমি)। প্রগল্ভতা।

জেঠী···ষ্য. (স° জ্যেষ্ঠী)। টিকটিকি, প্রঃ— জেঠি ডাক নীলাম্বর করিল শ্রবণ (কবিকঃ)। (পাঁজীতে জেঠী টিকটিকির ফল লেখা থাকে—কিন্তু যাহা জেঠী তাহা টিকটিকি)।

জেদ···জিদ দেখ।

জেন (গ্রা°)···যেন দেখ।

জেব ··ষ্য. (আ°)। জামার পকেট বা থলী।

জেমন (গ্রা°) ··যেমন দেখ।

জেয়াদা · জায়দা দেখ।

জের···ষ্য. (ফা°)। নিম্নস্থ হিসাব। ব্য. নীচে, প্রঃ—জের টানা—নীচে নামানা।

জেরবার···ণ. (ফা° জের—নীচে, বার—ভার)। ভার-গ্রস্ত, জর্জ্জরিত, প্রঃ—রোগে জেরবার।

জেরা···ষ্য. (আ° জুরা—অস্বীকার)। আদালতে আসামী ও সাক্ষীকে কূটপ্রশ্ন।

জেল···ষ্য. (ই° jail, gaol)। কারা। জেলখানা···ষ্য. ·কারাগার। জেল-খালাসী ···ষ্য. কারাদণ্ড হইতে যে মুক্ত হইয়াছে। (খালাসী কারণ—জেলে খাটিতে হয়)। জেল খাটা—কারাগারে দণ্ডভোগ করা। জেল দেওয়া—কারাগারে প্রেরণ।

জেলা···ষ্য. (আ° জিলা)। প্রদেশের ভাগ বা মণ্ডল, ডিষ্ট্রীক্ট; কাগজে হিসাবের এক এক সারি (জমিদারীঃ)। জেলাদার··· কাটাখালের কর্মচারী। জেলাদারি ·· জেলা-দারের কাজ।

জেলিয়া, জেল্যে ··ষ্য. (জালিয়া দেখ)। ধীবর, জাতিবিশেষ। স্ত্রী° জেলিয়ানী, জেলেনী। জেলে-মালা···জেলিয়া ও মালা (সহচর শব্দ)। মালা—মাল্লা—যে ধীবর নৌকা বাহে।

জেল্লা···ষ্য. (ফা° জিলা। তু° স° জল ধাতু, স° ঝিলী)। দীপ্তি।

জেহাদ···জিহাদ দেখ।

জৈন ··ষ্য. (স°)। বৌদ্ধ-সম্প্রদায়বিশেষ। বিহারে মহাবীর দ্বারা উৎপত্তি। দিগম্বর, শ্বেতাম্বর, স্থানকবাসী—তিন শাখা।

জৈবন (গ্রা°)···ষ্য. (স° যৌবন)। যৌবন।

জৈমিনি (গ্রা° জৈমুনি) ··ষ্য. (স° জৈমিনি)। পুরাতন ঋষি বিশেষের নাম। ইহাঁর নাম-স্মরণে বজ্রাপাত নিবারিত হয়, এই বিশ্বাসে বজ্রপাতের সময় লোকে জৈমিনি জৈমিনি

উচ্চারণ করে। (ওড়িশায় পণ্ডিতে আর এক বজ্রবারক—বৈশম্পায়নের নাম স্মরণ করেন)।

জো ··ষ্য. (সং যোত্র—যুগাদিবন্ধন রজ্জু; জোত্র দেখ। সং যোগ)। সূত্র, থাই; উপায়, সুযোগ, উত্তম অবসর, (নদীয়ায় এক অর্থ, ভূমির কর্ষণোপযোগী অবস্থা), তাঁতে কাপড় বুনিবার পূর্বে পাইট-করা সূতার জোড়া জোড়া বিভাগ। (কোন্ থাই কোন্টার সঙ্গে যাইবে তাহা স্থির করার নাম জো করা; এই জো অনুসারে ব তুলিতে হয়)। কাজের জো হারানা—কাজের সূত্র বা সুযোগ হারানা। দৃষ্টান্তে, জো পেলে জোলায় বোনে—সূত্র পাইলে অজ্ঞেও কাজ করিতে পারে।

জোক, জোঁক ··ষ্য. (সং যূক)। অস্থিহীন জল-কীট বিশেষ (Leech)। ছিনা জোক ··ক্ষীণ জলৌকা। জোকের মুখে চুন (বা নুন)··· লক্ষণায়, যেমন কুকুর তেমন মুগুর।

জোগা ··ধাতু. (সং যোগ হইতে)। জোগাই—মিলন, নির্বাহ করাই, যোগ হই, প্রঃ—বাগদি যোগার দোলা (কবিকঃ); মন জোগাইয়া চলা—মনের যোগ্য—মনের মতন আচরণ; মুখে কথা যোগায় না (প্রাচীন বাং জুয়া ধাতু দেখ)। জোগান, জোগানা। জোগানিয়া, জোগান্যে ··· (জোগান+ইয়া)। যে জোগান দেয়। মন জোগানিয়া কথা—মন যাহা চায়, তাহাতে সায় দেওয়া কথা। (যোগ ধাতু দেখ)।

জোগাড় ··ষ্য. (সং যোগ+বাং আড়)। আয়োজন, উপায়। জোগাড়-যন্ত্র ··(সহচর শব্দ)। উপায়। জোগাড়িয়া. জোগাড়ো ···ষ্য. (জোগাড়+ইয়া)। যে আহরণ করে, অন্যের সহায়। জোগাড় জাগাড়··· (জাগাড় উপচর শব্দ)। জোগাড়-টোগাড়। (যোগাড় দেখ)।

জোগী, জুগী ··ষ্য. (সং যোগী)। হিন্দুজাতি বিশেষ। স্ত্রীং জুগিনী।

জোচ্ছনা, জোন্‌তনা···ষ্য. (সং জ্যোৎস্না)। জ্যোৎস্না। কাগ-জোচ্ছনা ··রাত্রি শেষের অল্প জোৎস্না যখন ভোর হইল ভাবিয়া কাক কাকা শব্দ করিতে থাকে। ফুট-ফুটিয়া, ফুট্‌ফুট্যে জোচ্ছনা ··স্ফুট অর্থাৎ নির্মল আকাশহেতু স্ফুট জ্যোৎস্না। জোচ্ছনায় ফিন ফোটা—এমন জ্যোৎস্না যে গাছপালা ভিন্ন-ভিন্ন—স্পষ্টা-স্পষ্ট দেখা যায়। (ফিন্‌-ফিন দেখ)। (কোথাও কোথাও জোছনা জহন্ শব্দ আছে)।

জোট...ষ্য. (জুট ধাতু দেখ)। মিলন, দল জোট বাঁধা—দলবাঁধা, মিলিত হওয়া। এক জোটে—মিলিত হইয়া। জোট পাট ·· ষ্য. জোট—জোড়, পাট—পট্ট বস্ত্র; অতএব জোড়াপাট বা পাটের জোড়—ধুতি চাদর। ইহা হইতে সম্পূর্ণ আয়োজন। জোটা ·· ধাতু. জুটধাতু দেখ।

জোড় ··ষ্য. (জুড় ধাতু দেখ)। জোড়া, মিলন, যুগ্ম, যুগল। এক জোড় কাপড়—দুইখানা একত্রে। পাটের জোড়—পাটের ধুতি চাদর একত্রে বোনা। ধুতির জোড়—ধুতি ও চাদর। জোড় ভাঙ্গা—দুই সমান দ্রব্যের একটি পৃথক করা। জোড় লাগা—যুক্ত হওয়া; পাখী সাপ প্রভৃতি তির্যক প্রাণী-দম্পতীর মিলন, প্রঃ—যোড় ছাড়ি

মৃগপক্ষী করিছে আগমন (ক্তিঃ, অরণ্যে)। জোড়-ঘাই ··ষ্য. (জোড়—মিলন বা যোগ, ঘাই—ঘাতি)। হানি-পথ, যে পথে বা সন্ধিতে দুই দ্রব্য মিলিত হইয়াছে। জোড়-তাড়··ষ্য. (জোড়—মিলন, তাড়—তোড়া—মোচন)। যে যন্ত্রাদি দ্বারা দ্রব্য জুড়িতে ও পৃথক করিতে পারা যায়; লক্ষণায়, কাজের উপকরণ। জোড়া-তাড়া দেওয়া... ণ. কোন রকমে কাজের যোগ্য করা।

জোড়া···ণ. (জুড়ধাতু দেখ)। যুক্ত, বদ্ধ, নিযুক্ত, পূর্ণ।···ষ্য. সমকক্ষ, সমান দুই-খণ্ড। প্রঃ—কাজে হাত জোড়া আছে; ঘটীর জোড়া একটি হারাইয়াছে; এক জোড়া ধুতি; এক জোড়া জুতা—জুতার দুই খণ্ড বা পাটি। জোড়া···এক জোড়া শাল, প্রঃ—জামা জোড়া গায়ে দেওয়া—জামা ও শাল জোড়া,প্রঃ—অঙ্গ হৈতে খসাইয়া দিল খাসা জোড়া (কবিকঃ); পাদুকা, প্রঃ—জামা জোড়া পরা। জোড়া···কাঁসারীর বিশেষ অর্থে, তাতল পোড়াইয়া রাং দিয়া ধাতুর দুই খণ্ড যুক্ত করা, যেমন গাড়ুর নল রাং দিয়া জোড়া হয়,—অর্থাৎ প্রথম নির্মাণে জোড়া। তখন ঝালা বলা যায় না (ঝালা দেখ)।

জোত···ষ্য. (সং যোক্ত্র, যোত্র—যুগাদি-বন্ধন-রজ্জু, সম্পত্তি। ও° হিং জোত)। সামান্য ভূসম্পত্তি, যে জমির চাষ হয়, ভূম্যাদির অধিকার, চাষ। নিজ জোত··· স্বয়ং চাষের জমি। ভাগ-জোত···অন্যের সহিত চাষের জমি; যে জমির খাজনার পরিবর্তে উৎপন্ন খাদ্য ভাগ করিয়া লওয়া হয়। জোত ভোগ করা—প্রাপ্ত জমি দখলে রাখা। জোত-জমা ·· জমিদারের নিকট হইতে প্রাপ্ত জমির খাজানা, চাষের ও খাজনা পাইবার জমি, ভূসম্পত্তি। জোতদার···ষ্য. (ফা° দার)। রায়ৎ, যে জমিদারের নিকট হইতে চাষের জমি ভোগ করিতেছে। সে জমি অন্য রায়তকে চাষ করিতে দিলে এই রায়ত কোর্ফা-প্রজা হয় (প্রজা দেখ)।

জোত্র ··ষ্য. (সং যোত্র)। সূত্র, সুযোগ, প্রঃ—জোত্র পেয়ে মাহুদ্যা যুড়িল কুমন্ত্রণা (মাঃ)—সূত্র পাইয়া। (জো, জো-সো দেখ)।

জোন ··ষ্য. (জোচ্ছনা দেখ)। জ্যোৎস্না।

জোনাকী পোকা, জোনী পোকা, জুনী পোক ···ষ্য. (সং জ্যোতিরিঙ্গণ। ও° জুন্ত-জুন্তিআ পোক্)। খদ্যোত। (জুনীপোকা দেখ)

জোন্দা,জোঁদা...ষ্য. (? জিঁয়া পিপিড়া হইতে ? তু° টক-চুন। ও° জন্দা—বড় কৃষ্ণবর্ণ পিপিড়া। সং দংশ হইতে জিঁয়া)। এমন টক যে মুখে করিলে মুখ জ্বালা করে, প্রঃ—পথ শ্রমের জোন্দা, কিনহ তোরানি মন্দা, মরিচ সমান যার তার (কবিকঃ),—অম্লরস দ্বারা পথশ্রম দূর হয়। তোরানি—ও° শব্দ তোড়ানি, বা° আমানি। কেহ বলে তোয়ান্ন হইতে তোড়ানি। আমানি দেখ। মন্দা—ও° মন্দাএ, মুন্দাএ, বুন্দাএ—এক বিন্দু—অল্প পরিমাণ। মরিচ—লঙ্কা।

জোবড়া, জুবড়া ··ধাতু. (সং চ্যাবিত হইতে। রূপান্তর, জাবড়া)। জোবড়াই, জুবড়াই —অতিসিক্ত করি, প্রঃ—ঘৃতে জোবড়াইয়া

(কৃত্তিঃ লং),—অধিক ঘৃত মাখাইয়া। জোবড়া, জোবড়ানা ॥ (যখন জোবড়া শব্দ আছে, তখন জুবড় ধাতুও স্বীকার করিতে হইতেছে)। কালী-জোবড়া লেখা ·· কালী পড়াতে লেখা অস্পষ্ট।

জোব্বা ···ষ্য. (আ° জুব্বা)। লম্বা কোর্তা-বিশেষ। জোব্বা জোব্বী ·· (জোব্বী, জুব্বী—ছোট জোব্বা)। জোব্বা প্রভৃতি।

জোয়ান ··ণ. (ফা° জৱান, সংযুৱন)। যুবা। জোয়ান-মর্দ ··সাহসী পুরুষ। জোয়ানী···ণ. (জোয়ান+ঈ)। যৌবনকাল সম্বন্ধী, যৌবনকাল যোগ্য। জোয়ান—স্ত্রীলিঙ্গে যুবতী (গ্রা° জুবত্ত)।

জোয়ান, জোঁয়ান···ষ্য. (স° যমানী। হি° আজোয়ান)। ধন্যাদি বর্গের কৃষিজাত শাক-বিশেষের (Carum copticun) ফল (ajowan)। পানের মসলায় লাগে। জলের সহিত চোয়াইয়া জোয়ানের জল, আরক, তেল প্রভৃতি প্রস্তুত হয়। খোরা-সানী জোয়ান ··(হি° খুরসানী। স° পারসিক)। হিমালয়ের বঙ্গানাদিবর্গের বিষবৃক্ষ-বিশেষ (Henbane. Hyos-cyamus niger)।

জোয়ার, জুয়ার ··ষ্য. (স° উর্ধ্ব—জু, স° ৱার—জল, জুৱার—উচ্চ জল। হি° জুৱার, ম° ভরতী)। নদী কিংবা সমুদ্রের জল-বৃদ্ধি। জোয়ার—জল-বৃদ্ধি, ভাটা (ভাঁটা নহে)—জল-হ্রাস (ভাটা দেখ)। প্রঃ—ভাটি পানি উজান বহে কূল ভাঙ্গে স্রোতে (কৃত্তিঃ উং); ভ্রমেণ উজান ভাটি চৌদিকে কোঁচের বাটী (কবিকঃ); জুয়ার ভাটা বুঝিয়া লোহার বাড় দিল (কবিকঃ)। দৃষ্টান্তে, জোয়ারের জল···ক্ষণস্থায়ী বৃদ্ধি। জোয়ারী···ষ্য. (হি°)। নদীজলের উর্ধ্ব-গতি তুল্য,—ইহা মূলার্থ। ইহা হইতে, সেতার তানপুরা প্রভৃতি যন্ত্রের শওয়ারীর উপরে যে সূত্রখণ্ড দিয়া সুর উচ্চ করা হয়।

জোয়ার, জুয়ার···ষ্য. (স° যাৱনাল—যব ধান্যের তুল্য নাল—খড় যার। কেহ কেহ বলেন, স° যৱপ্রকার—এক প্রকার যব—হইতে)। মূলে স° যৱ শব্দ আছে)। ধান্যাদিবর্গের কৃষিজাত শস্যবিশেষ (The Indian or great millet. Sorghum vulgare)। গাছ আখগাছের মতন উচা হয়। খড় শক্ত, সোজা, শীষ বহু-বিভক্ত। চাল গোলাকার। বঙ্গদেশে ইহার চাষ বড়-একটা হয় না। বঙ্গদেশে চলিত নাম দে-ধান (স° দেৱ-ধান্য)। ভারতের উত্তর-পশ্চিম প্রদেশ, পঞ্জাব, বোম্বাই, মান্দ্রাজ প্রভৃতি প্রদেশে জোয়ার একটা প্রধান খাদ্য-শস্য। বর্ষা ও শীত—দুই কালের ফশল।

জোয়াল···জুয়াল দেখ।

জোর···ষ্য. (জোড় দেখ)। জোড়, এক জোড়া (প্রাচীন পদে)।

জোর ··ষ্য. (ফা°)। পরাক্রম, বল। জোর করা—বল প্রয়োগ। গায়ের জোর ··বাহু-বল। গায়ের জোরে···অন্য প্রমাণ নাই, বাহুবল মাত্র প্রমাণে। গা-জোরি ···বাহু-বল প্রয়োগ। জোর-জবর···(ফা°। সহচর শব্দ)। পরাক্রম,বলপ্রয়োগ। জোর-জবর-দস্তি ···(ফা°)। বলপ্রয়োগ, উৎপীড়ন। জোর-জুলম ··(আ°। সহচর শব্দ)। উৎপীড়ন।

জোর-জারি…(জারি—প্রচর শব্দ)। জোর। জোর-জবরি…(জোর-জবর+ই)। বল-প্রকাশ। জোরাল্ …ণ. (জোর+বা° আল)। বলবান্। কম-জোর…ণ. বলহীন, অদৃঢ়। জোর…ণ. অধিক, চড়া, প্রঃ—জোর দাম, জোর হুকুম। (তু° জবর দাম)।

জোরু…ষ্য. (উর্দু। জোড় বা জোড়া হইতে? তু° সঙ্গা)। ভার্যা (মুসলমানী ভাষায়)।

জোল…ষ্য. (জুলী দেখ)। অল্পপরিসর খানা, প্রঃ—খালে জোলে বনে টালে বেড়িয়াছে পর্ব্বত (কৃত্তিঃ, অরণ্যে)। (টালে—কোথাও কোথাও টিলা—উচ্চ ডাঙ্গা); দীর্ঘ নিম্ন-ভূমি, প্রঃ—জোল জমি। (জোলি—শূঃপুঃ)। জোলান…জোলতুল্য।

জোল (গ্রা°)…জুয়াল।

জোলা…ষ্য. (আ° জাহেল—মূর্খতা)। মুসল-মান মূর্খ তাঁতী যাহারা জালুয়া কাপড় বোনে প্রঃ—তাসন করিয়া নাম বলাইল জোলা (কবিকঃ)। স্ত্রী° জোলানী।…ণ. মূর্খ।

জোলাপ…ষ্য. (আ° জুলাব। পর্তু° Jalapa)। রেচক ঔষধ। জোলাপ লওয়া—রেচক ঔষধ সেবন। জোলাপ ধরা—রেচকের গুণ প্রকাশ হওয়া। জোলাপ খোলা—দাস্ত হওয়া। ('জোলাপ খাওয়া' বা°তে বলে না)। (২) কলম্বী-আদি বর্গের লতাবিশেষ (Ipomœa purga)। মেক্সিকো দেশের গাছ। এদেশে নীলগিরিতে এবং মসুরী পাহাড়ে চাষ হইতেছে। ইহার মূল জোলাপ নামে খ্যাত। দেশীয় জোলাপের গাছ তিঅড়ী।

জো-সো…ষ্য. (স° যোত্র, সূত্র—সহচর শব্দ। জো-সো করিয়া কাজ চালানা—সূতা টুতা দিয়া? অর্থ ভাল হয় না। হয়ত হি° জো—যে, সো—সে। জো-সো—যে-সে মানুষ কিংবা দ্রব্য)। যে-সে উপায়, অসুবিধা।

জো-জা…(জা—প্রচর শব্দ)। জো।

জোস্তাঁ (গ্রা°)…ষ্য. (স° জোৎস্না)। জ্যোৎস্না। জোস্তাঁ পোকা…খদ্যোত (জোন, জোনী পোক দেখ)।

জোহরী…ষ্য. (আ° জৌহর—মূল্যবান মণি+ ঈ)। মণিকার, মণিবিক্রেতা।

জোহার…ষ্য. (স° জয়কার হইতে। তু° জোকার। স্থানবিশেষে জয়জয়-কার আনন্দ-ধ্বনি অর্থে আছে। হি° জুহার—নমস্কার, ও° জোহার)। জোড়হাতে প্রণাম, প্রঃ—করে বীর বেণেরে জোহার (কবিকঃ); মাহুত হাতীর কাঁধে জানায় জোহার (ভাঃ)। (বর্তমানে অপ্রচলঃ। ও° হি°-তে রাজা প্রভৃতি মান্য ব্যক্তিকে প্রজা জোহার করে)।

জৌ…জউ, পোকা দেখ।

জ্ঞাত…ণ. (স°)। অবগত। জ্ঞাতসারে… (স° জ্ঞাতসারে)। জানিয়া, জানাইয়া। জ্ঞাতি, জ্ঞাত…ষ্য. (স° জ্ঞাতি)। দায়াদ, ভায়াদ। জ্ঞাতি-গোত্র…(স° সহচর শব্দ)। জ্ঞাতি-গোষ্ঠী…ষ্য. (স° সহচর শব্দ)। জ্ঞাতি ও পরিবার। জ্ঞাতি-কুটুম্ব…ষ্য. (স° সহচর শব্দ)। জ্ঞাতি ও পোষ্য বা পরিবার। বা°-তে কুটুম্ব শব্দের স° অর্থ ইদানী নাই। জ্ঞাতিত্ব…ষ). (স°)। দায়াদের ধর্ম, সপিণ্ড-ভাব। জ্ঞাতি-শত্রু…যে জ্ঞাতি অথচ শত্রু। জ্ঞাতিত্ব সাধা—বিদ্বেষ প্রকাশ।

জ্ঞান···ষ্য. (সং)। বোধ, জানা। **জ্ঞান করা**—বিবেচনা করা। **জ্ঞান পাওয়া**—বোধ, শিক্ষা পাওয়া। **জ্ঞানগম্য**···ণ. (সং)। জ্ঞানের আয়ত্ত। **জ্ঞানতঃ**···ব্য. (সং)। জানিয়া। **জ্ঞানবান্**··ণ. (সং)। বিচার-বুদ্ধিসম্পন্ন। **জ্ঞানবন্ত**··ণ. (সং জ্ঞানবৎ হইতে)। জ্ঞানবান। **জ্ঞানী**··ণ. (সং)। বোধ-সম্পন্ন। **ব্রহ্মজ্ঞানী**···ণ. (সং)। ব্রাহ্ম সম্প্রদায়ভুক্ত।

জ্যামিতি···ষ্য. (সং জ্যা—পৃথিবী,ধনুর গুণ। সং অর্থ করিলে জ্যামিতি ইং mensuration, trigonometry বরং বুঝায়। ইং geometry শব্দ সাদৃশ্যে বাং জ্যামিতি শব্দের উৎপত্তি। এই অর্থে ক্ষেত্রতত্ত্ব বা রেখা-গণিত শব্দ ছিল)। রেখাগণিত।

জ্যোতিষ্মতী··(সং)। লতা-ফটকী দেখ।

জ্যুতি, জ্যুৎ (গ্রাং)···ষ্য. (সং দ্যুতি। তুং আসাং জুই—অগ্নি)। দ্যুতি (কবিকঃ)।

জ্যৈষ্ঠ, জোষ্টি (গ্রাং)··ষ্য. (সং জ্যৈষ্ঠ)। জ্যেষ্ঠা নক্ষত্রযুক্ত মাস; দ্বিতীয়মাস নাম।

জ্যোতিষ··ষ্য. (সং জ্যোতিষ, জ্যোতিষ—জ্যোতিঃশাস্ত্র)। বাং-তে জ্যোতিষশাস্ত্রজ্ঞ, ফলগণক।

জ্বর··ষ্য. (সং)। গাত্রতাপ (fever), গাত্র-দাহ। **জ্বর জ্বর হওয়া**···ঈষৎ জ্বরবোধ। **জ্বরবোধ, জ্বরভাব**···ঈষৎ জ্বরভোগ। **জ্বর-জ্বালা**···ষ্য. (সং জ্বর,সং জ্বালা—অগ্নিশিখা; সহচর শব্দ)। জ্বরাদি রোগ। **জ্বরজ্বারি**··ষ্য. (সং জ্বালা—জ্বালি—জ্বারি)। **জ্বরঠুটা**···ষ্য. (বাং ঠোঁট+উয়া—ঠোঁটুয়া, ঠুঁটো, ঠুটা)। ঠোঁটের পাশে জ্বরহেতু ঘা। (অন্য নাম, আম-ঠুটা—সং আম হইতে)। **জ্বরবিকার**·· ষ্য. (সং সহচর শব্দ)। সন্নিপাত—ত্রিদোষজ বিকার। **আন্ত্রিক জ্বর**··(সং আন্ত্রিক)। অন্ত্রসম্বন্ধীয় জ্বর (enteric fever)। আন্তরিক জ্বর বাহ্যে প্রকাশ পায় না, কিন্তু ভিতরে ভোগ হয়। **একজ্বর**···যে জ্বরের বিরাম না হইয়া ভোগ চলে (continued fever)। **কফজ্বর**··শ্লেষ্মা হেতু জ্বর (catarrhal fevers) **ঘুষ্-ঘুষিয়া, ঘুষঘুষে জ্বর**··ঈষৎজ্বর, অস্পষ্ট জ্বর (ঘুষঘুষ দেখ)। **জ্বরাতিসার**···(সং)। জ্বর সহিত অতিসার(dysentric fever)। **জীর্ণজ্বর**···(সং)। পুরাতন জ্বর (cachexia)। **ডেঙ্গু জ্বর, ঠেঙ্গাজ্বর**···(ইং dengue হইতে বাং ঠেঙ্গা)। জ্বর-বিশেষ, মাথা ধরিয়া গাঁইঠে ব্যথা হইয়া প্রবলজ্বর বিশেষ। (গাঁইঠে ব্যথা হয় বলিয়া লোকে মনে করে যেন কেহ ঠেঙ্গা মারে)। **পালাজ্বর**··(সং পালি—শ্রেণী)। যে জ্বর এক দিন কিংবা দুই দিন অন্তর ভোগ হয় (tertian and quartan fever), ইহা মেলেরিয়া জ্বরবিশেষ। **পিত্তজ্বর**···(সং)। পিত্তদোষহেতু জ্বর (bilious fever)। **বাতজ্বর**···(সং)। আম-বাতদোষজ জ্বর (rheumatic fever)। **বাতিক জ্বর**··(সং)। শরীরের বায়ুদোষজ জ্বর (nervous fever)। **বিষমজ্বর**···সবিরামজ্বর। **মেলেরিয়া জ্বর**··· ইং (malaria)। সবিরাম কম্পসহ জ্বর বিশেষ (এই জ্বর এদেশে নূতন। এইহেতু ইহার সং নাম নাই)। **সন্তত জ্বর**···(সং)। অবিরাম জ্বর বা স্বল্পবিরাম জ্বর (remittent fever)। **সন্নিপাত জ্বর**··(সং)। কফ

পিত্ত বায়ু—এই ত্রিদোষজ জ্বর (প্রায়ই typhoid fever। বাস্তবিক adynamic fever)। জ্বর ··ধাতু. (সং জ্বর ধাতু)। জ্বরি—জ্বরগ্রস্ত হই। জ্বরা॥ জ্বরা ··ধাতু. (জ্বর ধাতু আস্তে)। জ্বরানা॥

জ্বল ··ধাতু. (সং জ্বলধাতু দীপ্তি,জ্বলন)। জ্বলি—অগ্নিশিখা বহির্গত করি, দীপ্ত হই, দগ্ধ হই প্রঃ—কাঠ জ্বলে, লোহা জ্বলে না, অন্যায় কথা শুনিলে গা জ্বলে; কীর্ত্তন শুনি বাহিরে তারা জ্বলিপুড়ি মরে (চৈঃ চঃ)। জ্বালা, জ্বলন॥ জ্বলন্ত ··ণ. (সং জ্বলৎ হইতে। কিংবা জ্বল ধাতু বাং অন্ত)। যাহা জ্বলিতেছে। জ্বলা···ধাতু. (জ্বলধাতু আস্তে)। জ্বলানা॥ গা-জ্বলানা কথা···যে কথায় গাত্র-দাহ হয়। জ্বলানিয়া ··ণ. (জ্বলান+ইয়া)। যাহা জ্বলায়।

জ্বল্-জ্বল···ব্য. (সং জ্বল ধাতু)। দীপ্তি-প্রকাশে, প্রঃ—রাত্রে বিড়ালের চোখ জ্বল্ জ্বল করে। জুল্-জুল ··ব্য. (জ্বল—জুল)। ক্ষুদ্র বস্তুর দীপ্তিপ্রকাশে, প্রঃ—ছেলে রাত্রে না ঘুমাইয়া জুল্-জুল করিয়া চাহিয়া থাকে। জ্বল্-জ্বলা···ণ. যাহা জ্বল জ্বল করিতেছে। এইরূপ, জুল্-জুলা।

জ্বাল···ধাতু. (সং জ্বালি ধাতু)। জ্বালি—দগ্ধ করি, উদ্দীপ্ত করি প্রঃ—কাঠ জ্বালি। জ্বালা॥ জ্বালন···ষ্য. জ্বালিবার কাঠ, ইন্ধন। জ্বালা-পোড়া···ষ্য. (সহচর শব্দ)। জ্বালা। জ্বালা-যন্ত্রণা···ষ্য. (সং। সহচর শব্দ)। যন্ত্রণা। জ্বালামুখী···ষ্য. (সং)। পাহাড়ের রন্ধ্র দিয়া বহির্গত অগ্নিশিখা। জ্বালা··· ধাতু. (জ্বাল ধাতু আস্তে। কিংবা সং জ্বালিত হইতে)। জ্বালাই—প্রজ্বলিত করাই। জ্বালানা॥ জ্বালানি···ষ্য. জ্বালাইবার কাঠ, ইন্ধন।

জ্বালাতন···ণ. (সং জ্বালিতং? আং জলা-বতন—দেশ হইতে দণ্ডহেতু নির্বাসন।) পীড়িত, জ্বালায় অস্থির, প্রঃ—হাড় জ্বালাতন করা।

ঝ।

ঝ···ষ্য. (সং)। ব্যঞ্জন বর্ণ, ব্যঞ্জন অক্ষর-বিশেষ।

ঝক্-ঝক···ব্য. (জক্-জক দেখ)। ধাতব দ্রব্যের দীপ্তিতে, প্রঃ—ঝক্‌ঝক ঝকি কাঞ্চনকঞ্চুকবিভা (মেঘনাদবধে)। ঝিক্-ঝিক···ব্য. ক্ষুদ্র ধাতব দ্রব্যের দীপ্তিতে, প্রঃ—কণ্ঠের চৌক ঝিক্‌ঝিক্ করে।

ঝকড়া···ষ্য. (ঝগড়া দেখ। ঝড় শব্দের মাঝে ক আগম। ক এখন গ হইয়াছে। তুং পাকড়ী—পাগড়ী, সং পট্টী হইতে)। কলহ, প্রঃ—ঝকড়ায় ঝড়ের আকার (ভাঃ)।

ঝক্-মক ··ব্য. (ঝক—দীপ্তি; মক—সং মনক ধাতু ভূষণে মনচ ধাতু দীপ্তি। চক্-মক দেখ। বোধ হয়, সং ম্রক্ষ ধাতু ম্রক্ষণ, স্নেহন হইতে মক; ঝক্-মক—দীপ্তি-মাখা)। ব্যাপ্ত দীপ্তিতে; প্রঃ—বিদ্যুৎ চক্‌মক করে, চিক্কণ ধাতুপাত্র ঝক্‌ঝক করে, নূতন ডায়মন-কাটা অলঙ্কার ঝক্‌মক করে। চিক্কণ ধাতুপাত্র তৈললিপ্ত হইলে দীপ্তির ব্যাপ্তি ঘটে, তখন তাহা ঝক্-মক করে।

ঝক-মারি···ষ্য. (হিং ঝক—ক্রোধ; ং ঝক্

মারিবা—দোষ স্বীকার করা; ম° ঝক মারণেঁ—ভুল করা। বোধ হয় স° ধক্ষ ধাতু নাশনে, ধুক্ষ ধাতু সন্দীপনে ক্লেশনে হইতে ঝক। ধোঁকা—ঘনঘন নিশ্বাস ত্যাগ; ধোঁকা—সন্দেহ, ভ্রম। তু° ঝুকি লওয়া। ঝা° মার ধাতু হইতে মারি)। ভুল, দোষ; ক্রোধনাশ নিমিত্ত দোষ স্বীকার। ঝকমারির মাশুল··পাপের প্রায়শ্চিত্ত।

ঝকা-ঝকি···ষ্য. (স° ধক্ষ ধাতু নাশনে হইতে ঝক, ধাক্কা। বা°তে ঝক্ ধাতুর প্রয়োগ নাই। ঝুক ধাতু আছে। ঝক ধাতু হইতে ঝকা-ঝকি)। টানা-টানি।

ঝগড়া··ষ্য. (ঝগড়া-ঝাটি শব্দ হইতে দেখা যাইতেছে, ঝগড়া শব্দের মূলে ঝড় আছে। ঝড় শব্দ স° নহে, ঝটিকা শব্দও নহে। স° ঝঞ্ঝা, ঝঞ্ঝাবাত হইতে ঝড়, ঝাটি, ঝাট। তু° ঝঞ্ঝাট। ঝড় হইতে ঝকড়—ঝগড় ঝগড়া। প্রথমে ক আগম, পরে ক স্থানে গ। প্রঃ—ঝকড় বিদ্যার বরে হয় কুলা ঝাটা (মাঃ), ঝকড়-বিদ্যা—ঝড় বিদ্যা, বায়ু-বিদ্যা? অন্যত্র, ঝকঁড়-ভঙ্গিনী কালী (মাঃ)। বাক্যের ঝঞ্ঝাবাত—ঝগড়া। ও°তে ঝগড়া শব্দ প্রায় নাই, প্রাচীন বা°তেও নাই। কৃত্তিবাসের 'জাঠি ঝগড়া' শব্দের অর্থ ভিন্ন। হি° ম° ঝগড়া, ও° কজি)। কলহ, বাক্যে উত্তর-প্রত্যুত্তর। ঝগড়া-ঝাটি ···ঝগড়া। ঝগড়া-মারামারি···বাক্‌যুদ্ধ ও হস্তযুদ্ধ। ঝগড়াটিয়া···ণ. (ঝগড়া+টা+ ইয়া)। ঈষৎ কলহপ্রিয়, কহলকারী।

ঝগড়া···ষ্য. (স° ঝটি—ক্ষুদ্র বৃক্ষ, স° ঝাট—নিকুঞ্জ। বৃক্ষশাখার প্রহরণ, প্রঃ—জাঠি ঝগড়া (কৃত্তিঃ), ঝটিতি করাহ মাতা ঝগড়া মোচন (কবিকঃ)। (অপ্রচঃ)।

ঝঞ্ঝন···ষ্য. (ঝন্‌ঝন ধ্বনি হইতে। স° নাম শণপুষিকা, ঘণ্টারবা)। শিম্বাদিবর্গের বন্য বর্ষায়ু শাকবিশেষ (Crotalaria retusa, C.sericea) দেখিতে শণ গাছের মতন। পাকা শুঁটী বাতাসে ঝন্-ঝন ধ্বনি করে।

ঝঞ্ঝনা, ঝঞ্ঝনি···ষ্য. (স° ঝম ধাতু)। ঝন্‌ঝন ধ্বনি, বজ্রপাত ধ্বনি।

ঝঞ্ঝা···ষ্য. (স°)। বৃষ্টিযুক্ত পবন।

ঝঞ্ঝাট···ষ্য. (স° ঝঞ্ঝাবাত)। ভূরি বর্ষণসহ প্রবলবাত্যা; নানা বিঘ্ন, আয়াস-সাধ্য কাজ।

ঝট··ব্য. (স° ঝটিতি)। শীঘ্র, দ্রুত। ঝট্-পট ···ব্য. দ্রুত; ছট্‌ফট। (ঝটকা ধাতু দেখ)।

ঝটকা···ষ্য. (ঝড় দেখ)। সহসা বাত্যা, ঝাট। (২) (স° জটা—জট+কা)। আনারস প্রভৃতি গাছের কোমল পাতা গাছ হইতে টানিয়া লইলে গোড়ায় যে কোমল অংশ থাকে; কেশাদির সহসা আঘাত, প্রঃ—গোরু লেজঝটকা মারে।···ধাতু. (স° ঝটিতি—দ্রুত হইতে? স° ঝট ধাতু সংঘাতে? তু° ঝাপটা; হি° ঝপট--বেগে আক্রমণ, ম° ঝপাটণেঁ—আক্রমণ করা)। ঝটকাই—দ্রুত আকর্ষণ ও প্রসারণ করি, প্রঃ—গোরু লেজ ঝটকায়। ঝটকানা॥ (রোগের যাতনায় প্রাণ ছট্‌পট, ছট্‌ফট করে, বিড়ালে ধরিলে পাখী ঝট্‌পট করে। ছট্-পট—আছাড় খায় ও পড়ে, অর্থাৎ উঠে পড়ে; ঝট্-পট—পিণ্ডের তুল্য সংঘাত হইয়া পড়ে)। ঝটা-পটি···পরস্পর ধারণ ও পতন।

ঝটিকা…স্ত্রী. (বাং ঝড় শব্দের সং রূপ। তুং বাং গড়ন—গঠন)। ঝড়।

ঝড় ··স্ত্রী. (সং ঝর—নির্ঝর, পর্বতাবতীর্ণ জল-প্রবাহ—অঃ। ঝড় শব্দের প্রাচীন অর্থ ভূরি বৃষ্টি। তুং ওং ঝড়ি—বৃষ্টি, হিং মং ঝড়, ঝড়ী—বহুকাল ব্যাপী বৃষ্টি। হিং ঝড়-বাতাস, ঝড়-তুফান—বাং বৃষ্টি ও প্রবল পবন। ঝড়—যাহা ঝরে—ভূরিবর্ষণ। বোধ হয় প্রাচীন বাংতে কেবল ঝড় শব্দের প্রয়োগ হইত না)। প্রবল পবন। ঝড় ঝাটি ··(সং ঝর, ঝরী—একই অর্থ)। প্রবল বাত্যা ও বৃষ্টি। ঝড়-বাতাস ··(সহচর শব্দ)। ঝড়। বিমুখিয়া ঝড় ··যে ঝড় বিপরীত দিক হইতে বহিতেছে (কবিকঃ)। ঝড়ুয়া, ঝ'ড়ো ··ণ. (ঝড়+উয়া)। ঝড়ে জাত, ঝড়ে আহত, প্রঃ—ঝ'ড়ো কাগ—যে কাক ঝড়-বৃষ্টি খাইয়াছে।

ঝড় ··ধাতু. (সং ঝৄধাতু জীর্ণীভাবে। তুং সং ধ্ব ধাতু চূর্ণন পতন)। ঝড়ি—জীর্ণ হইয়া ভূতলে পড়ি, প্রঃ—পুরাতন পাতা ঝড়িয়া পড়ে। ঝড়া॥ ঝড়া ··পূর্ব্ব বৎসরের যে ধান ঝড়িয়া পড়িয়াছিল সেই ধানের গাছ। ঝড়া-ধানগাছের ধান আগে পাকে, এই হেতু ক্ষেতেই নষ্ট হয়। (ওং বাঠজ্ঞা—জারজ)। ঝড়তি, (গ্রাং ঝলতা) ··স্ত্রী. যাহা ঝড়িয়া পড়ে, নষ্ট হয়। ঝড়তি-পড়তি ··(সহচর শব্দ)। যাহা ঝড়িয়া পড়ে, অপব্যয়। ঝড়া···ধাতু, (ঝড় ধাতু আস্তে)। ঝড়ানা॥ (ঝর ধাতু দেখ।)

ঝনকা···স্ত্রী. (ঝিন্‌ঝিনি দেখ)। যে গোরু পা টানিয়া টানিয়া চলে; পঙ্গু।

ঝনকাঠ···স্ত্রী. (সং ধরণম্—সেতু হইতে ঝন+কাষ্ঠ)। দ্বারের কপালীর দুই পাশে স্থাপিত পাটা বা কাষ্ঠ-দণ্ড (কবিকঃ)। (ঝন-কাঠের অপর নাম ডাঁশা সং নাগদন্ত। দ্বার-নির্ম্মাণের এই প্রাচীন রীতি ক্রমশঃ উঠিয়া যাইতেছে। ঝনকাঠের আকার মকরমুখা হইত)।

ঝন্-ঝন্···ব্য. (সং ধন, ধণ ধাতু শব্দে। তুং সং ঝঙ্কার, ঝনৎকার)। ঝন্‌ঝন্ শব্দে, শুষ্কদ্রব্যের পরস্পর ঘাতজন্য শব্দে। ঝঞ্জন, ঝন্‌ঝন্ ··ঘণ্টারবা গাছ। ঝন্‌ঝনা···বজ্র। ঝন্‌ঝনি ··ঝন্‌ঝন, প্রঃ—অসির ঝন্‌ঝনি (মেঘনাদবধে)। ঝন্‌ঝনিয়া···ণ. নাড়িলে যাহা ঝন্‌ঝন করে, প্রঃ—ঝন্‌ঝনিয়া কাঠ—এত শুখ্‌না। ঝন্‌ঝন ··ধাতু. ঝন্‌ঝন্ রব করে, প্রঃ—চিকুর ঝন্‌ঝনে। ঝন্‌ঝনানি, ঝন্‌-ঝনানা॥ ঝুনুঝুনু···অলঙ্কারাদির মৃদু মৃদু শব্দে, প্রঃ—ঝুনুঝু ঝুনুঝু নূপুর বাজে (মাঃ)।

ঝপ, ঝপ্-ঝপ ··ব্য. (সং ক্ষিপ্র। তুং থপ। তুং সং জব। হিং ঝপ)। শীঘ্র, দ্রুত, প্রঃ—ঝপ করিয়া, ঝপ্-ঝপ করিয়া খাইয়া ফেল।

ঝপ্-ঝপ···ব্য. (সং ঝম্প হইতে। কিংবা থপ্-থপ, ঢপ্-ঢপ দেখ)। জলে পদক্ষেপ-শব্দে। ঝপঝপানি।

ঝম্-ঝম···ব্য. (ঝন্‌ঝন দেখ। সং ঝঙ্কার)। ঝম্-ঝম ধ্বনিতে, প্রঃ—ঝম্‌ঝম করিয়া বৃষ্টি,পায়ের মল (বলয়) ঝম্‌ঝম করে (এখানে ঝন্‌ঝন বলা যায় না। ঝম্‌ঝম ধ্বনি গভীর ঝন্‌ঝন সহসাজাত)। ঝম্‌ঝমা···ধাতু। ঝমঝমানি॥ ঝম্‌ঝমিয়া, ঝম্‌ঝমা। ঝুম্-ঝুম ··ব্য. মৃদু ঝম্‌ঝম শব্দে, প্রঃ—ছোট

মল ও ঘুঙ্গুর ঝম্‌ঝম্ করে। ঝুম্‌ঝুমি···ষ্য. শিশুর ক্রীড়নক-বিশেষ, নাড়িলে ঝুমঝুম ধ্বনি হয়।

ঝর···ষ্য. (সং)। নির্ঝর, উচ্চ স্থান হইতে অবতীর্ণ জলপ্রবাহ, মৃত্তিকা ভেদ করিয়া যে জলধারা উঠে, প্রঃ—কুয়াতে ঝর থাকে। ঝরণা···ষ্য. (সং ঝর্+বাং না ক্ষুদ্রার্থে)। ছোট ঝর। ঝর···ধাতু. (সং ঝৃ ধাতু)। ঝরি—জীর্ণ হইয়া পড়ি, নির্ঝর হই, প্রঃ—গাছ হইতে শুখনা পাতা ঝরিয়া (তুং ঝড় ধাতু) পড়ে; ফোড়া হইতে রস ঝরিতেছে, গুড়ের মাৎ ঝরিলে ঝরা হয়; পুত্র না দেখিয়া মোর ঝরয়ে নয়ন (চৈঃ চঃ)—অশ্রু বহে। ঝরা, ঝরণ॥ ঝরা···ধাতু (ঝর ধাতু আস্তে)। ঝরাণা, ঝরাণি॥ ঝর-ঝর··· ব্য. নির্ঝর তুল্য জলধারায়, প্রঃ—ঝরঝর ঝরে অবিরল অশ্রুধারা (মেঘনাদ বধে); পুলকে পূরল তনু ঝরঝর ঘাম (জ্ঞানদাসঃ) পুরাতন চাল হইতে মাটি ঝর্‌ঝর করিয়া পড়ে। ঝর্‌ঝর্ ঝরে জাহ্নবী তায় (ভাঃ) —এখানে ঝরঝর—শব্দে (তুং সং স্থ ধাতু)। ঝির্‌ঝির্··ব্য. মৃদু পতনে, প্রঃ—ঝর হইতে ঝির্‌ঝির্ করিয়া জল আসিতেছে, ঝির্‌ঝির করিয়া বাতাস বহে, ধূলাও পড়ে (তুং সং ধ্ব ধাতু চূর্ণীভাবে, পতনে। তুং সং স্থ ধাতু গতিতে—সির্‌সির্—ছির্‌ছির্—ঝির্‌ঝির্)। ঝুরঝুর··ব্য. অতিমৃদু পতনে।

ঝরকা··ষ্য. (সং অধ্যলক্ষ্য। ধ্য স্থানে ঝ, ল—র, ক্ষ্য—খা, কা। হিং ঝরোখা, মং ঝরোকা, ওং ঝরকা বা জল্লাকবাটি—জালময় কপাট যাহাতে। সং জালক হইতেও ঝরকা আসিতে পারে)। গবাক্ষ, যাহার ভিতর দিয়া বাহির দৃশ্য হয়, প্রঃ—সখীগণ হেরই ঝরকহি ঝাঁপি (জ্ঞানদাসঃ); গবাক্ষ, জানালা, প্রঃ—ধূপাবলি রাখিল সকল ঝরকায় (মাঃ)।

ঝর-ঝরিয়া, ঝর্‌ঝরো···ণ. (জ্বল-জ্বলিয়া হইতে) উজ্জ্বল, প্রঃ—ঝরঝরিয়া ঘর, পরকাল ঝরঝরিয়া করা—অন্ধকার দূর না করিয়া উজ্জ্বল স্পষ্ট করা।

ঝরি··ষ্য. (ঝর—পয়ঃপ্রণালী হইতে)। নালী, কাঠে নালী। ঝরি-রাঁধা···ষ্য. ঝরি কাটিবার রাঁধা (কলিকাতায় ইং ploughplane শব্দের অপভ্রংশে পলু-পেলেন)।

ঝলক··ষ্য. (সং জলকা, ঝলা—আতপের উর্মি—মেঃ। সং ঝলা শব্দের মূল সং জলকা বোধ হয়। হেমচন্দ্রে জ্বালার্চি-র্জলকা। ঝ স্থানে হ হইয়া বাং হলকা, দলক)। তরঙ্গ, ক্রমাগত উর্মি, প্রঃ—ঝলকে ঝলকে রক্ত উঠিতেছে; ডুবিতে লাগিলা নৌকা ঝলকে ভরে জল (চৈঃ চঃ)। ···ধাতু. ঝলকি—তরঙ্গের আকারে দীপ্তি দিই, প্রঃ—মণিময় আভরণ চমকে ঝলকে (ভাঃ), অঙ্গুলীর আগে চাঁদ যে ঝলকে পড়িছে উছলি জোর (চণ্ডীঃ)। ঝলকা·· ষ্য. দ্রবদ্রব্যের তরঙ্গাকারে প্রবাহ, প্রঃ—এক ঝলকা জল খাইয়াছে। (হলকা—আতপের উর্মি—প্রঃ—প্রখর গ্রীষ্মের সময় বোধ হয় যেন আগুনের হলকা আসিতেছে। তুং হড়কা বান)।

ঝল্-ঝল···ব্য. (সং ঝল্লী—আতপের উর্মি। ঝলক দেখ)। যেন দীপ্তির তরঙ্গ খেলিতে থাকে, প্রঃ—ময়ুরকণ্ঠী কাপড়

ঝল্‌ঝল্ করে। ঝল্‌ঝলা, ঝল্‌ঝলিয়া…ণ. দীপ্তিশালী।

ঝল-ঝল…ব্য. (সং ঝলজ্বল। ঝুলন—দোলনে) ঝুলনভাবে, প্রঃ—বড় মশারি ঝলঝল করে—ঝুলিতে থাকে। ঝল্‌ঝলা, ঝল্ ঝলিয়া…ণ. অতি-পরিসর।

ঝলতা…ঝড়তি দেখ।

ঝল্‌-মল…ব্য. (সং ঝলা—আতপের ঊর্মি, কিংবা ঝলকা—অগ্নিশিখা ; সং মল্লক—দীপবৃক্ষ। ঝলা-মল্লক—যেন দীপ্তির তরঙ্গের বৃক্ষ)। দীপ্তির তরঙ্গে, প্রঃ—গলায় চাঁদের মালা করে ঝলমল (মাঃ)—দীপ্তিশালী দ্রব্যটি বৃহৎ না হইলে ঝল্‌মল করে না। ছোট হীরা ঝল্‌মল করে না ; ঝক্‌ঝক, কিংবা ঝক্‌মক করে ; কিন্তু রাংতার বড় আঁচলা ঝল্‌মল করে। ভাগতে, মণিময় নানা অলঙ্কার ঝলমল, মাণিকে, গলায় গরুড়মণি করে ঝলমল ; মেঘনাদবধে, ঝলমলি ঝলে অঙ্গে নানা আভরণ,—এখানে অলঙ্কার ও গরুড়-মণি নিশ্চয় বৃহৎ ছিল। শূং-পুরাণে, ঝলমল করে তথি মুকুতাপ্রবাল। চৈঃ-অমৃতে, সালঙ্কার হৈলে অর্থ করে ঝলমল,—বৃহৎ অলঙ্কার যেমন ঝল্‌মল করে, তেমন কবিতা সালঙ্কার হইলে করে। অন্যত্র, গঙ্গার লহরী জ্যোৎস্নায় করে ঝলমল (চৈঃ চঃ)। ঝল্‌-মলিয়া…ণ. ঝল্‌মল করে যাহা। ঝল্‌-মলানি॥

ঝলসা…ধাতু. (সং জ্বলিত হইতে। জ্বলিত—দগ্ধ সদৃশ—ঝলসা। হিং ঝুলস ধাতু)। ঝলসাই—তাপ-প্রাখর্যহেতু পীড়িত হই, ঈষৎ দগ্ধ হই, প্রঃ—রোদে চোখ ঝলসাইয়া যায়, আগুনের তেজে গাছ ঝলসাইয়া গিয়াছে। ঝলসানা॥

ঝা…ব্য. (ধাঁ শব্দের রূপান্তর)। বেগে গমনে প্রঃ—ঝাঁ করিয়া যাও।

ঝাঁই…ছাই দেখ।

ঝাঁই-ঝাঁই ব্য. (সং ধ্মা ধাতু শব্দে)। কানে তীব্র শব্দবোধে, প্রঃ—কাঁসার বাদ্যে কান ঝাঁই-ঝাঁই করে।

ঝাইল, ঝাঁল…ষ্য. (সং পালি—রাশি, শ্রেণী হইতে। তুং সং পুঞ্জক—বাং ঝাঁক)। সমান আকারের এক জোড়া, প্রঃ—এক ঝাইল গুণ (থলিয়া), এক ঝাইল কপাট—দ্বারের দুই খণ্ড। (কোথাও কোথাও বড় গুণকে ঝাইল বলে, তুং তিন বোঝারি ঝালি বহে ক্রম করিয়া,—চৈঃ চঃ ; বোঝারি—বোঝা বহে যে)।

ঝাইল, ঝাঁল…ঝালি, ঝাল দেখ।

ঝাউ…ষ্য. (সং ঝাবুক)। বন্য ক্ষুপবিশেষ। অনেক গুল্ম জন্মিয়া বনের মতন করে। নদীর তীরে, চরে জন্মে। পাতা ঝাঁইয়ের মতন। বাতাসে ঝাঁ—ঝাঁ শব্দ করে বলিয়া সং ঝাবুক (অঃ টীঃ)। দীর্ঘ নমনীয় ডাঁটায় ঝোড়া নির্মিত হয়। (১) বনঝাউ…পাতায় খোল নাই, একই গাছে পুং স্ত্রী পুষ্প জন্মে। ফল মাজুফলের মতন, এবং তৎপরিবর্তে বিক্রয় হয়। ফল তিনকোণা এবং ছোট (Tamarix gallica)। (২) লাল ঝাউ পাতায় খোল আছে, পুং ও স্ত্রী গাছ পৃথক (T. dioica)। (৩) বিলাতী ঝাউ…বিদেশী, অষ্ট্রেলিয়ার তরু (Casuarina equisetifolia)। পাতা ঝাঁইয়ের মতন, ছোট ছোট। ডাঁটা সরু সরু গোল লম্বা তারের মতন। ফল ছোট, গায়ে কাঁটা আছে। দ্রুত বাড়ে, সমুদ্রতীরে প্রচুর জন্মে।

(সং ঝাবুক বাং ঝাউ গাছের সাদৃশ্যে নাম হইয়াছে)।

ঝাঁক ··ষ্য. (সং পুঞ্জ হইতে ওং পঞ্জা। সং পুঞ্জক—পঞ্জাক, প-লোপে ঝাঁক)। পাখী পতঙ্গ ও মৎস্যের দল, প্রঃ—খঞ্জনা খঞ্জনী করে নানা ধ্বনি, বৈসএ ঝাকে ঝাক (শূং পুঃ)। (ঝাঁক শব্দ প্রাচীন। কৃত্তিবাসেও আছে)। ঝাঁক বাঁধা—দলে দলে থাকা।

ঝাঁক··ধাতু. (সং ধক্ক ধাতু নাশনে হইতে ধাক্কা)। ঝাঁকি—ধাক্কা দিই, কম্পিত করি, প্রঃ—গুণে চাল ভরিয়া ঝাঁকিলে তাহাতে আরও চাল ধরে। ঝাঁকা, ঝাঁকনি॥ ঝাঁকি মারা—হঠাৎ বেগে চালনা। ঝাঁকা · ধাতু. (ঝাঁক ধাতু আস্তে)। ঝাঁকানা॥

ঝাঁকড় ··ষ্য. (হিং ঝাঁকড়া—বন, বাং ঝোপ। সং ঝাট হইতে; মাঝে ক আগম। তুং ঝকড়া)। ঝোপ (অপ্রচঃ)। ঝাঁকড় মাকড় ···ষ্য. (মাকড় ? তুং ওং মাকড়া পাথর—উচানীচা আবুড়া-খাবুড়া পাথর—laterite)। ঝোপ, প্রঃ—ঝাঁকড়-মাকড় চুল নাহি আঁধি-সাঁধি (ভাঃ)—ঝোপের তুল্য। ঝাঁকড়া ···ণ. (ঝাঁকড়+আ)। ঝোপ-তুল্য, প্রঃ—ঝাঁকড়া চুল।

ঝাঁকরা ··ধাতু. (ঝাঁক ধাতু হইতে)। ঝাঁকরাই—বেগে কম্পিত করি, বেগে সঞ্চালিত করি, প্রঃ—গুণের মধ্যে চাল পুরিয়া ঝাঁকরাইলে চাল বেশী ধরে। ঝাঁকারা, ঝাঁকরানি॥ ঝাঁকারি ··ষ্য. বেগে সঞ্চালন।

ঝাঁকা···ষ্য. (সং ঢাক ধাতু হইতে। তুং হিং সং ঝাঁক ধাতু বাং ঢাকা। ঢাক ধাতু দেখ)। সং অধ্যঞ্চন ?)। ঝোড়া অপেক্ষা বিস্তৃত ও অগভীর বংশ-পাত্র। (ঝাঁকার মুখে ঢাকনী থাকে)। ঝাঁকা-মুটিয়া···ষ্য. যে মুটিয়া-মুনিষ ঝাঁকায় দ্রব্যাদি বহন করে।

ঝাঁকি...ঝাঁক ধাতু দেখ।

ঝাঁজ···ঝাঁঝ দেখ।

ঝাঁজি ··ষ্য. (সং জর্জর—বৈদ্যকঃ)। পচা পুকুরের ভাসা বা প্রায়-ডোবা শাক-বিশেষ (Utricularia)। পাতা বহুছিন্ন, সরু চুলের মত। এই পাতায় ছোট ছোট ফোস্কা থাকে। ফুলের বোঁটা জলের উপরে উঠে। ফুল ছোট, হলুদ। পুং কেশর দুইটা (কলিকাতা অঞ্চলে গাঁজ, কি-না জলজ অপুষ্পক উদ্ভিদ-বিশেষকেও (Chara) ঝাঁজি বলে)।

ঝাঁঝ · ষ্য. (সং ধ্মা ধাতু হইতে ধ্মা-ধ্মা—ঝাঁ-ঝাঁ—সংক্ষেপে ঝাঁঝ)। অগ্নির তেজ, সরিষা লঙ্কা প্রভৃতির কটুতা।

ঝাঁঝ ··ষ্য. (সং ঝর্ঝর)। দেবালয়ে বাজাইবার কাঁসার বাদ্যবিশেষ। বাজাইলে ঝাঁ-ঝাঁ শব্দ হয়।

ঝাঁঝরা ··ণ. (সং জর্জরীক—মেঃ)। বহুছিদ্র, প্রঃ—পিতলের পুরাতন বাসন কালে ঝাঁঝরা হয়। ঝাঁঝরী ··ষ্য. (সং ঝর্ঝর)। লোহার বা পিতলের বহুছিদ্র-বিশিষ্ট হাতা বা ছানতা।

ঝাঁ-ঝাঁ ··ব্য. (সং ধ্মা ধাতু অগ্নি-সংযোগে)। অগ্নি সংযুক্ত ভাবে, প্রঃ—রোদ ঝাঁ-ঝাঁ করিতেছে—যেন অগ্নিসংযুক্ত হইয়াছে।

ঝাট ··ব্য. (সং ঝটিতি)। ঝট, শীঘ্র (প্রাচীন বাং)।

ঝাঁট ··ষ্য. (ঝাঁটা দেখ। বোধ হয় ঝাটি, ঝাঁটি শব্দের ই লোপে)। ঝাঁটা দ্বারা গৃহাদি মার্জন, প্রঃ—ঘর ঝাঁট দেওয়া।···ধাতু.

(ঝাঁটা হইবার কথা)। ঝাঁটি—ঝাঁটাইয়া (রাঢ়ে ঝেঁটিয়ে)—(চৈঃ চঃ)।

ঝাঁটা···ষ্য. (সং ঝাট—মার্জন, যথা, ঝাটো নিকুঞ্জে কান্তারে ব্রণাদিনাংশ্চ মার্জনে—মেঃ। ঢাকায় পিছা—সং পুচ্ছ। হিং ঝাড়, ঝাড়ূ; মং ঝাড়ূ; ওং ছাঞ্চুনি। ঝাড় ধাতু দেখ। রাঢ়ে গ্রাং ঝেঁটা)। সম্মার্জনী, প্রঃ—ঝাঁটা পারা দুটা গোঁপ (কবিকঃ) —নারিকেল পাতার শিরার ঝাঁটা। অন্যত্র, ঝাঁটি, প্রঃ—ঝাঁটি জল দিয়া কৈল ভোজনের স্থল। ঝাঁটার মধ্যে গুঁজী—ছোট গোঁজ, কিংবা গুঁজি—যাহা গুঁজিয়া দেওয়া হয়—স্থূলমুণ্ড কীলক থাকে। পালা ঝাঁটা ·· ডালপালার সম্মার্জনী, যেমন খেজুরপাতার। (নারিকেল শিরার ঝাঁটা—খেঙ্গারা)। মুঁড়া ঝাঁটা ··মুণ্ডিত অর্থাৎ যে ঝাঁটার অগ্র ক্ষয়িত। ঝাঁটা মারা—যে সম্মার্জনীর দ্বারা গৃহের মলাদি আবর্জনা তিরস্কৃত হয়, তদ্দ্বারা প্রহার, কাজেই অত্যন্ত অপমান করা। ঝাঁটা মারিয়া বিদায় করা—অত্যন্ত অপমান করিয়া। মুড়া ঝাঁটা মারা—অপমানের চূড়ান্ত করা, মুড়া ঝাঁটার প্রহারে বিলক্ষণ আঘাতও লাগে। ঝাঁটার মুড়া ··ঝাঁটার মুণ্ড অর্থাৎ গোড়া, প্রঃ—মাথায় ঝাঁটার মুড়া মারে গণ্ডা দশ (মাঃ)। ঝাঁটা-পেটা করা—ঝাঁটা দ্বারা পেটা—পীড়িত করা। ঝাঁটার বাড়ি···(বাড়ি দেখ)। ঝাঁটা-রূপ প্রহরণ। ঝাঁটা-তারা···ষ্য. ঝাঁটার আকারের জ্যোতিষ্ক—ধূমকেতু। ঝাঁটা··· ধাতু. ঝাঁটাই (প্রায়ই ঝেঁটাই)—ঝাঁটা দ্বারা গৃহ মার্জন করি। ঝাঁটানা॥ (ঢাকায় ঝাঁটা শব্দ স্থানে পিছা; ঝাঁটা ধাতু স্থানে সোর ধাতু—সং অবস্থপ্ ধাতু অব-সর্পণে)।

ঝাটি ··ষ্য. (ঝাঁটা দেখ)। ঝাঁটা, প্রঃ—পথে ঝাটি দেই পবন সম্মার্জনী হাথে—(চৈতন্য-মঙ্গল)।

ঝাটি···ষ্য. (সং ঝাট, ঝটি—ক্ষুদ্রবৃক্ষ)। প্রাচীন কালের অস্ত্র বিশেষ। (বোধ হয় ক্ষুদ্র-বৃক্ষের আকারের প্রহরণ)। ঝাটি-ঝগড়া···ষ্য. (ঝগড়া—গ আগম; সং ঝট, ঝটি হইতে। সুতরাং সহচর শব্দ)। ঝাটি ও ঝগড়া নামক অস্ত্র, প্রঃ—ঝাটি ঝগড়া হাথ গরুড় কটাল (শূং পুঃ)—গরুড় কোটাল হাতে ঝাটি ঝগড়া লইয়া।

ঝাঁট্যাতি···ষ্য. (ঝাঁটা+বৃত্তি ? তুং চালতি, কুটতি)। ঝাঁট দেওয়া বৃত্তি যার। (অপ্রচঃ)

ঝাড় ·ষ্য. (সং ঝাট, ঝটি। হিং ঝাড়)। ক্ষুদ্র বৃক্ষ, সংহত-শাখ ক্ষুদ্র বৃক্ষ; কলা বাঁশ প্রভৃতি যে সকল গাছ একত্র অনেক জন্মে; লম্বিত দীপ-বৃক্ষ। ঝাড় বাঁধা—শাখা-বিশিষ্ট হওয়া। ঝাড়াল···ণ. ঝাড়-বিশিষ্ট।

ঝাড়···ধাতু. (সং ঝট, জট ধাতু সংঘাতে, রাশীকরণে। ইহা হইতে ঝাট—মার্জনে)। ঝাড়ি—মার্জিত করি, প্রঃ—বস্ত্রে স্থান ঝাড়ি (চৈঃ চঃ); সংহত করি, প্রঃ—ধান ঝাড়া—গাছ হইতে ধান্য পৃথক করিয়া রাশি করি, গা ঝাড়িয়া উঠা—গাত্রপেশী সংহত করিয়া; ভূত প্রেতাদি অপসারিত করি, মন্ত্রদ্বারা নিরাময় করি, প্রঃ—ঝাড়-ফুঁক। ঝাড়া॥ ঝাড়ন···ষ্য. (ঝাড়+অন)। ঝাড়া কর্ম, যাহা দ্বারা ঝাড়া—মার্জন করা যায়। ঝাড়া···ণ. সংহত, নির্মলীকৃত, স্পষ্ট, প্রঃ—ঝাড়া ধান, ঝাড়া

তিনঘণ্টা খাড়া ছিলাম—তিনঘণ্টার একটু ন্যূন নহে, যেন সংহত তিন ঘণ্টা। ...ষ্য. (হিং)। মলত্যাগ, প্রঃ—ঝাড়া ফেরা—বাং বাহ্যে ফেরা। ঝাল ঝাড়া—ঝাল রাশি করা, বিপক্ষের অঙ্গে রাশি করা, সুতরাং কটূক্তি-বর্ষণ। ঝাড়া ধাতু. (ঝাড় ধাতু আস্তে)। ঝাড়ানা॥ ঝাড়ানি ..ষ্য. (ঝাড়া+আনি)। ঝাড়া কর্ম, ঝাড়ার বেতন। ঝাড়াই ..ষ্য. (ঝাড়া+ই)। ঝাড়ন কর্ম। ঝাড়া-ঝোড়া ..ণ. (ঝোড়া—প্রচর শব্দ)। ঝাড়া, পরিষ্কৃত।

ঝাড়ী...ষ্য. (ঝাড় দেখ)। ছোট বন (প্রাচীন পদে। হিং)।

ঝাড়ু...ষ্য. (হিং)। ঝাঁটা। ঝাড়ু-বরদার ..ষ্য. যে পথ ঘাট ঝাঁট দেয়। ঝাড়ুকষ ..(হিং। সং কৃষ ধাতু হইতে কষ)। যে জমিদারের কাছারী ঝাঁট দেয়।

ঝাঁতলা ..ষ্য. (সং শীতলা হইতে অপভ্রংশে শাতলা, ঝাঁতলা। শীতলা—চলিত বাংতে পাটা-শেঅলা)। দোড়ী দিয়া বোনা এক প্রকার জলজ পাটা-শেঅলা গাছের মোটা আসন।

ঝানু...ণ. (সং ঝূণিঃ—ক্রমুকভেদেহপি দুষ্ট দৈবশ্রুতৌ—মেঃ। তুং ঝুনা নারিকেল। তুং আং জহীন—তীক্ষ্ণবুদ্ধি)। তীক্ষ্ণবুদ্ধি, চতুর। (তুং ঝুনি সর্ষা—যে সর্ষাতে ঝাঁঝ আছে)।

ঝাঁপ ..ধাতু. (বাং ঝাঁপা, ওং ঝাঁপিবা, হিং ঝাঁপনা,মং ঝাপণেঁ ঝাঁপণেঁ। সং ঝম্প—ঝম্ পত ধাতু হইতে। ঝম্ধাতুর অর্থ ভক্ষণ; ভক্ষণ করিতে পতন—ঝম্প? তুং ওং চীলে ঝাঁপিলা—চীলে ছোঁ মারিল। ঝম্প হইতে লম্ফ-ঝম্প। সে ঝম্প অন্য শব্দ। বোধ হয় সং পিধা ধাতু হইতে ধাপি—ঝাঁপি। তুং ওং পিন্ধা, হিং পিন্হা—বস্ত্র পরিধান)। ঝাঁপি—আবরণ করি, প্রঃ—ধীবর কাল হাতে লই জাল, ত্বরিতে ঝাঁপয়ে তারে (চণ্ডীঃ), সমুখে তাহার রূপ সদা মনে ঝাঁপে গো (চণ্ডীঃ), মুখে ঝাঁপিলা অম্বর (ভাঃ)। ঝাঁপা॥ ঝাঁপ ..ষ্য. বাঁশ দড়মা তালপাতা প্রভৃতির নির্মিত কপাট,যাহা দিয়া দ্বার ঝাঁপিতে—আবৃত করিতে পারা যায়। ঝাঁপি ষ্য. (ওং ঝাঁপি)। বর্ষার জল নিবারক তালপাতার পেটকাকার মস্তকাচ্ছাদন (ইহার অন্য নাম টোকা); বেত্রাদি নির্মিত পেটিকা, প্রঃ—এই ঝাঁপি যত্নে রাখ কভু না খুলিবে (ভাঃ)।

ঝাঁপ ..ষ্য. (সং ঝম্প)। উচ্চ হইতে লাফাইয়া পড়া; কাপড় গুণ চট প্রভৃতি বুনিবার সময় ব-এর উঠা বা নামা; পড়িয়ানের সূতা বা দোড়ী যাবার নিমিত্ত টানার সূতা বা দোড়ীর মাঝের ফাঁক (ওং ঝাঁপ); গাজনে যে দ্রব্যের উপর সন্ন্যাসী ঝাঁপ দিয়া পড়ে; যথা, আগুন-ঝাঁপ—অগ্নিকুণ্ডের উপর পতন, কাঁটা ঝাঁপ—কাঠের পাটায় বোঁটির আকারের কাঁটা মারা থাকে, তদুপরি পতন। নীচে খড়-কুটিভরা গুণ থাকে। ঝাঁপ ভাঙ্গা—গাজনের শেষ যেদিন সন্ন্যাসী লোহশলাকার উপর ঝাঁপ খায়। ঝাঁপা..ধাতু. (সং ঝম্প হইতে)। ঝাঁপাই—ঝাঁপ দিয়া পড়ি। ঝাঁপানা॥ ঝাঁপান...ষ্য. গাজনিয়া সন্ন্যাসীর কৃচ্ছ্র সাধন, অগ্নিলৌহাদি-শলাকা প্রভৃতির উপর পতন (তুং ওং ঝামু-ঝাঁপু—ঝামু—অগ্নি—সং ধ্মা ধাতু হইতে);

(রত্নাবতীর শালে ভর—শাল—শল্যে পতন বা শয়ন)। মনসার ঝাঁপান—মনসা—সর্পাধিষ্ঠাত্রী দেবীর প্রীত্যর্থে ঐন্দ্রজালিক ক্রীড়া। এই ক্রীড়া দুই পক্ষে হয়। এক পক্ষের গুনিন্ অন্য পক্ষের গুনিন্‌কে'বাণ' মারে। এই বাণে কখনও সাপ, কখনও ভিমরুল,কখনও বিছা প্রভৃতি আশ্চর্যজনক ব্যাপার জন্মে। (এখন নাকি বিদ্যাটি লোপ পাইয়াছে)। দশহরার দিন মনসার ঝাঁপান হয়। ঝাঁপ-নিয়া সন্ন্যাসী···যে সন্ন্যাসী ঝাঁপান করে।

ঝাপটা ··ষ্য. (সং ঝম্প—ঝাপ+টা)। বেগে হঠাৎ পতন, আঘাত, প্রঃ—গোরু কান-ঝাপটা মারে, বৃষ্টির ঝাপটায় কাঁথ ভাঙ্গে; চুলের গুচ্ছ, চুল হইতে লম্বিত পুষ্পগুচ্ছ; পুষ্পগুচ্ছের অনুকরণে মাথার সোনার ভূষণ বিশেষ (চুলে ঝাপটা আটকানা থাকিয়া ঝম্প দিতে থাকে বলিয়া নাম)। কান-ঝাপটা···কানের সমুখের কেশগুচ্ছ, জুলপি।

ঝাপটা···ধাতু. (জাপটা ধাতু দেখ)। ঝাপটাই —বেষ্টন করি, প্রঃ—লাউসেন উলটে ধরিল ঝাপটে, উলটিয়া উঠিল বাঘ (মাঃ)। —লাউসেন বাঘকে ঝাপটায়া ধরিল। ঝাপটানা ॥

ঝাপসা···ষ্য. (বাং ঝাঁপ ধাতু আবরণে+সা—সাদৃশ্যে—আবরণের সাদৃশ্য)। চোখের রোগ-বিশেষ (glaucoma), যাহাতে চোখে কুয়াসার মতন দেখায়। ঝাপসা দেখা—অস্পষ্ট দর্শন।

ঝাঁপা · ষ্য. (সং ঝম্প হইতে)। মাথার চুল হইতে লম্বিত পুষ্পগুচ্ছ, ঝাপটা, প্রঃ—চারিদিকে শালুক ফুলের ঝাঁপা দুলে (মাঃ)।

···ধাতু. ঝাঁপাই—ঝাঁপ দিই। ঝাঁপানা, ঝাঁপান (ঝাঁপ দেখ)॥ ঝাঁপাই-ঝোড়া··· (উচ্চ হইতে পতন—ঝাঁপাই, এবং ঝোলা ঝুল ধাতু হইতে—উচ্চ হইতে লম্বিত হওয়া; অতএব ঝাঁপাই-ঝোড়া প্রায় সহচর শব্দ)। উচ্চ হইতে বেগে পতন, আস্ফালন। ঝাঁপাই-ঝুড়···ধাতু. ঝাঁপাই-ঝুড়ি—ঝাঁপ দিই ও ঝুলিয়া পড়ি, প্রঃ—ছেলেরা জলে ঝাঁপাই-ঝোড়ে—উঠে পড়ে, ঝাঁপ দিয়া খেলা করে, প্রঃ—জলে ঝালি খেলে (কবিকঃ), দাবাই ঝুড়ে চলে (মাঃ)—দাবাইয়া ও ঝুড়িয়া—কাদা তুলিয়া।

ঝাঁপান ··ঝাঁপ দেখ।

ঝাঁপি···ঝাঁপ দেখ।

ঝাঁপুড়···ধাতু. (সং সম্পুট ধাতু সংশ্লেষণে)। ঝাঁপুড়ি—সংশ্লিষ্ট হই, সম্পুট—সাঁপুড়ার মতন হই, প্রঃ—গাছ ঝাঁপুড়িয়া পড়িয়াছে। ঝাঁপুড়া (প্রায়ই, ঝাঁপড়া)॥ (ওং ঝাঁপুড়া)। ঝাঁপুড়া, ঝাঁপড়া···ণ. ঝাঁপির সদৃশ, ঝোপ-সদৃশ, প্রঃ—ঝাঁঃ চুল, গাছ। (ঝোপসদৃশ হইলেও ঝোপ শব্দ হইতে ঝাঁপুড়া বোধ হয় না)। ঝাঁপুড়া ··ধাতু. (ঝাঁপুড় ধাতু আছে)। ঝাঁপুড়ানা, ঝাঁপড়ানা ॥

ঝামকা ··ধাতু. (ওং ঝমকা ধাতু। ধমকা ধাতু হইতে? বোধ হয় ঝম্প হইতে)। ঝামকাই—মাথা নাড়িয়া তর্জন করি। ঝামকা, ঝামকানি॥ মুখ-ঝামকা মারা, দেওয়া—মাথা বেগে চালিত করিয়া তর্জন করা।

ঝামর···ধাতু. (সং ধ্মা ধাতু অগ্নি-সংযোগে। ধ্মা—ঝাঁ, ঝাম। ঝাঁ-মরা—দাহে মরা। ঝাঁমরা, (কিংবা) কখন কখন ঝাঁই-মারা,

ছাঁই-মারা—নারিকেল-কোরা গুড়ের সহিত পাকে শুষ্ক করিলে ছাঁই)। ঝামরি—দাহে মরি, শুষ্ক হই, প্রঃ—রোদে গাছ ঝামরিয়া গিয়াছে, প্রঃ—নীল কমল ঝামরু হয়েছে মলিন হয়েছে দেহা (চণ্ডীঃ)। ঝামরা ॥ (কৃত্তিবাসে ঝাঁওরা, ও° ঝাঁউন্তি)। ঝামরা ··ধাতু. (বোধ হয় ঝাঁ-মারা)। ঝামরাই—দাহে শুষ্ক হই। ঝামরানা ॥

ঝামা···ষ্য. (স° ঝামক স° ধ্মা ধাতু হইতে)। অতিদাহে পিণ্ডীভূত ইষ্টক। ঝামা মারা—ঝামার অবস্থায় পরিণত হওয়া; ঝামা দ্বারা ঘষা।

ঝারা···ষ্য. (স° ধারা)। ধারা, জলধারা। সহস্র-ঝারা···সহস্রধারা কলশী, শালগ্রাম ঠাকুর ও তুলসী গাছের উপরে জল-ধারা।

ঝারা ··ষ্য. (ঝাড় হইতে)। চাল কিংবা ছাত হইতে লম্বিত কড়ির, শোলার, কিংবা ফুলের গৃহ-অলঙ্কার (ও° ঝাড়)।

ঝারি...ষ্য. (ধারা+ঈ—ঝারী। কিংবা স° ভৃঙ্গার হইতে)। জল-ধারা দিবার ভৃঙ্গার, ভৃঙ্গার, প্রঃ—শূঃপুঃ, চৈঃচঃ, কবিকঃ। কাঁখে হেম ঝারি—কবিকঃ; সোনার গাড়ু সোনার ডাবর সোনার সব ঝারি—কৃত্তিঃ অযোঃ। (ঝারি ও গাড়ু এক নহে। গাড়ু কুম্ভপৃষ্ঠ, ঝারি ঘটাকার)।

ঝাল ··ষ্য. (স° জ্বালা—দাহ। বোধ হয় ইহা হইতে স° ঝালি—ব্যঞ্জনবিশেষ)। জ্বালাকর কটুতা, প্রঃ—মরিচের ঝাল (চৈঃচঃ); গোলমরিচ লঙ্কা যোগে ব্যঞ্জন। ··ণ. কটু, প্রঃ—ঝাল ব্যন্নন। ঝাল ঝাড়া—কটু বচন-প্রয়োগ, ক্রোধ প্রকাশ দ্বারা দেহ হইতে কটুতা নিক্ষেপ করা, তীব্র ভর্ৎসনা করা। পরের মুখে ঝাল খাওয়া—অন্য দ্বারা আস্বাদ গ্রহণ, অন্য দ্বারা কাজ করানা। ঝালে ঝোলে অম্বলে এক···নানাবিধ অসঙ্গত পদার্থের মিশ্রণ।

ঝাল···ধাতু. (ও° উঝালিবা—পঙ্কোদ্ধার; হি° ঝালনা, ম° ঝালণেঁ। স° উদ্ধার—মোচন, উত্তোলন হইতে। উঝাল ধাতু দেখ)। ঝালি—উদ্ধার করি, দোষমুক্ত করি, ধাতু গলাইয়া সন্ধি জুড়ি, প্রঃ—পুরাতন পুকুর ঝালা—পঙ্কোদ্ধার করা, রাং দিয়া পিতলের ঘটী ঝালা—ছিদ্র বা ফাটা জোড়া। ঝালা ॥ নিষেধে, আ ঝালা। ঝালা ···ধাতু. (ঝাল ধাতু আস্তে)। ঝালানা ॥ ঝালানি ··ঝালার বেতন। ঝালাই ··ঝালা কর্ম। ঝাল ··ষ্য. (ঝাইল, ঝালি—শুদ্ধ রূপ)। রাং পিতল প্রভৃতি যাহা দিয়া ধাতু জুড়িতে পারা যায় (solder); সেচনী দিয়া জল সেচন করিতে জলভাণ্ডার। ঝালা··· কাঁসারীর বিশেষ অর্থে, আগুনে পাইন গলাইয়া দুই খণ্ড ধাতু জোড়া, যেমন পিতলের কলশী পিতলের পাইন দিয়া ঝালা হয়। ইহাকে জোড়া বলে না।

ঝালর ··ষ্য. (স° ঝল্লা। তু° হি° ঝাল—ঢেউ)। তরঙ্গের আকারে যে বস্ত্র মশারি চাঁদোয়া প্রভৃতির প্রান্ত হইতে ঝুলিয়া থাকে; (কিংবা) যাহার ঝাল—দীপ্তি আছে, এমন অলঙ্কার, ঝালরে মুক্তা কিংবা মুক্তা-তুল্য পুঁতি থাকে।

ঝালা ··ঝাল ধাতু দেখ।

ঝালা-পালা ··ষ্য. (স° জ্বালা, বা° পোড়া হইতে। জ্বালা-পোড়া—ঝালা-পালা। অনু-প্রাসের নিমিত্ত পোড়া শব্দ রূপান্তরিত।

অতএব সহচর শব্দ। তু° হি° ঝাল ঝালনা —পীড়া দেওয়া)। জ্বালা-পোড়া, প্রঃ—পান গুয়া গন্ধমালা অগ্নিসম দেয় জ্বালা করিলেক ঝালা পালা তনু প্রাণ রহেনা (ভাঃ রসমঞ্জরী); ঢাকের বাদ্যে কান ঝালা-পালা করে—কর্ণ পীড়িত করে।

ালি··ষ্য. (ঝাল ধাতু দেখ)। সেচনী দ্বারা জল সেচন নিমিত্ত জল ভাণ্ডার, প্রঃ—নাহি ঝালি কাটে বীর না ধরে সিয়নি (কবিকঃ)। (সেচনীর জল যে গর্ত্তে পড়ে তাহাকেও কেহ কেহ ঝালি বলে)।

ালি ··ষ্য. (?)। পেটিকা, পেঁড়া, প্রঃ—চৈঃ চঃ, প্রবোধচন্দ্রিকা।

 ··ষ্য. (স° দুহিতা হইতে পালি ধী, ধি, ধিতা। দহ স্থানে ধ, এবং ধ স্থানে পরে ঝ আসিয়াছে। স°তেও ধীলটি, ঝলা—দুহিতা শব্দের স্থানে বসিয়াছে। ধীলটি হইতে বা° ঝিঅড়ি। ধিতা হইতে ও° ঝিঅ, প্রাচীন বা° ঝিয় (কবিকঃ)। তু° হি° জীজী—বা° দিদী (ভগিনী)—পালি ধি-ধি স° দুহিতা হইতে। এ, এর বিভক্তি বসিলে ঝি স্থানে ঝিয় হয়)। কন্যা; কন্যা স্থানীয়া নারী; কন্যাস্থানীয়া পরিচারিকা (আধুনিক প্রয়োগ)। ঝি-মা ··আয়ী। বউ-ঝি লইয়া ঘর করা—(ঝি-বউ নহে। পুত্রবধূ ও দুহিতা—যাহাদের মান-রক্ষা গৃহস্থের কর্তব্য। ঝিয়ড়ী…ষ্য. দুহিতা, পরিবারের কন্যা, প্রঃ—লুঠিয়া লইল ধন ঝিউড়ী বহুড়ী (ভাঃ)—ঝিউড়ী বানান অপেক্ষা ঝিয়ড়ী, ঝিঅড়ী শুদ্ধ। ঝিয়াঁরী, ঝিআরি··ষ্য. ঝিয়ড়ী, প্রঃ—জনক ঝিআরি (শূং পুঃ, কৃত্তিঃ)। দৃষ্টান্তে, ঝিকে মেরে বউকে শেখানা—স্বীয় দুহিতাকে মাতা সহজে শাস্তি দিতে পারেন, পুত্রবধূ—যে অন্য নারীর কন্যা তাহাকে শাসন করিতে শাশুড়ী সঙ্কোচ বোধ করেন। ইহা হইতে, নিজ দ্বারা দৃষ্টান্ত-প্রদর্শন।

ঝিক ··ষ্য. (স° ধিক্ষ ধাতু সন্দীপন, ক্লেশন হইতে ধিক, ঝিক। অন্ত শব্দ ফিক। কিংবা স° ধ্মাক হইতে? ঝিঁক দেখ)। উৎক্ষেপ, বেগে বহির্গমন, প্রঃ—নাড়ী কাটা পড়িলে ঝিক দিয়া রক্ত পড়ে, প্রঃ—রুধির নিকলে জিক্ দিয়া (মাঃ)।

ঝিঁক ··ষ্য. (স° ধিক্ষ ধাতু সন্দীপন। কিংবা ধ্মাক হইতে। ও° নাম পথা—পক্ষ)। উনানের ভিতরের আগুন বাহির হইবার নিমিত্ত উনানের পরিধিতে পথ, অগ্নিধূম-নির্গম-পথ; উনানের পরিধির উপরে ধূমনির্গম-পথের মৃৎপিণ্ড।

ঝিক্-মিক··চিক্-মিক্ দেখ। প্রঃ—চিনিলাম আভরণ করে ঝিকিমিকি (কৃত্তিঃ, অযোং)।

ঝিকর ··ষ্য. (ঝিঁকুর দেখ)। কাঁকর (কৃত্তিঃ)। (অপ্রচঃ)।

ঝিঁকরা ··ধাতু. ঝাঁকরা ধাতু দেখ।

ঝিঁকা ··ষ্য. (ঝুঁক ধাতু দেখ। স° ধুক্ষ ধাতু হইতে)। হঠাৎ বেগে আকর্ষণ। ঝিঁকা মারা—নৌকার হাইল টানিয়া নৌকা চালনা। ঝিঁকা ··ধাতু. ঝিঁকাই—বেগে আকর্ষণপূর্বক চালাই। ঝিঁকানা॥

ঝিকুর···ষ্য. (বোধ হয়, ঘি-কুঁড়—ঘৃত-কুণ্ড——মস্তিষ্ক হইতে)। মস্তিষ্ক, প্রঃ—তাকে বলিয়া বলিয়া মাথার ঝিকুর নড়িয়া গেল, তবু সে শুনিল না। (ঝিকুর নড়া—এই এক প্রযোগ)।

ঝিকুঁর···ষ্য. (তু° ও° ঝিঙ্কর—কঙ্কর)। কাঁকর, প্রঃ—তৃণ ধূলি ঝিকুঁর সব একত্র করিয়া (চৈঃচঃ মধ্যলীলা (অপ্রচঃ)।

ঝিঙ্গা···ষ্য. (স° ঝিঙ্গী—ভাবপ্রকাশে ; স° ঝিঙ্গাক। বোধ হয় অর্বাচীন স°। হি° ঝীঙ্গা—চিংড়ীমাছ। হি° ঝীঙ্গা তরুই, তরুই—বা° ঝিঙ্গা। ও° নাম জহ্নী—স° জ্যোৎস্নী—সন্ধ্যার সময় ফুল ফোটে বলিয়া)। কুষ্মাণ্ডাদি বর্গের অংশুময় প্রসিদ্ধ গদাকার দশকোণ ফল। গাছ (Luffa acutangula) প্রতানী, ফুল পীতবর্ণ, পুং কিংবা স্ত্রী। পুং পুষ্পে ৩টা কেশর। (কোথাও কোথাও তরুই বলে। ধুন্দুল নামক ফলকেও কোথাও কোথাও তরুই বলে। ধুন্দুল—বৃহৎ প্রতানী, ফল বড়, পুং কেশর ৫)।

ঝি-ঝি (পোকা) ··ষ্য. (স° ঝিল্লী, ঝিল্লী। তু° স° ধন ধাতু)। পতঙ্গ বিশেষ। ইহার ডেনা ঝিল্লীময়। গ্রীষ্মকালে রৌদ্রের সময় বাবলা তেঁতুল প্রভৃতি গাছে বসিয়া ঝিঁঝিঁ শব্দে দিক পরিপূর্ণ করে। দৈর্ঘ্যে প্রায় দুই আঙ্গুল। মুখের চঞ্চু ছারপোকার তুল্য বেধন ও শোষণ উপযোগী। ঝিঁ-ঝিঁ···ষ্য. ঝিঁ ঝিঁ শব্দ।

ঝিঁঝিঁট ··ষ্য. (ঝিঁ-ঝিঁ হইতে?)। রাগ-রাগিণী দেখ।

ঝিট ··ষ্য. (ছিট ধাতু হইতে)। বৃষ্টি জলের আঘাত, ঝাট, ছাট।

ঝিটা-বেড়া, ছিটা-বেড়া · ষ্য. (ছিটা+বেড়া। ও° ঝাটি-মাটি)। কঞ্চির বেড়া করিয়া তাহাতে কাদা ছিটিয়া—লেপিয়া নির্মিত যে ঘর। (স° ঝিণ্টী—ক্ষুপবিশেষের বেড়া নহে)।

ঝিঁটী···ষ্য. (স° ঝিণ্টী)। বাসকাদি বর্গের বন্য ক্ষুপ বিশেষ (Barleria)। পত্র অভি-মুখী, পুং কেশর ২টা। কোথাও কোথাও ঝাটি বলে (শুংপুঃ)। কাঁটা ঝিটী ··ষ্য. (ও° নাম দাস-করণ্টা—স° দাসী, কুরণ্টক)। কাঁটা গাছ (B. prionites)। পুষ্প পীত-বর্ণ। শাদা ঝিঁটী···গাছে কাঁটা নাই, ফল দীর্ঘাকার, ফুল শাদা (B. cristata, var. dichotoma)। নীল ঝিঁটী···গাছ ঐ প্রকার। ফুল নীল (B. cristata)। লাল ঝিঁটী···গাছ ঐ প্রকার। ফুল বড়, আরক্ত, (স° নাম কুরবক)।

ঝিন্-ঝিনি···ষ্য. (ঝিম ধাতু দেখ। হি° ঝিন-ঝিনী, ও° ঝিমি-ঝিমি)। অঙ্গ-সুপ্তি (limbs going to sleep), চাপ পাইয়া পদাদি অঙ্গের অসাড়তা। (গোয়ুর পায়ের ঝনকা)।

ঝিনুক ··ষ্য. (স° নাম শুক্তি। ও° নাম ছামুকা—স° শম্বূক। শামুক হইতে ছামুক —ছিমুক—ঝিনুক। ছ স্থানে ঝ আসিতে পারে। তু° ছিনা (শীর্ণ)—ঝিনা (দহ)। জল-চর দ্বিখোলকী প্রাণী-বিশেষ (mussel)। (২) ঝিনুক-খোলার আকারের দুগ্ধপানের রূপা পিতলের চমস। ঝিনুক-খুলী··· ঝিনুকের খোলা।

ঝিম্-ঝিম···ষ্য. (ঝম্-ঝম দেখ)। বৃষ্টি লঘুতায়, প্রঃ—রিমি-ঝিমি শবদে বরিষে (জ্ঞান দাস)। ঝিমকানি...ষ্য. (ঝিমকা+পানি)। ঝিম্-ঝিম শব্দে বৃষ্টি, লঘুবৃষ্টি, প্রঃ —আসিনে মাসেত মেঘে বরিসএ ঝিমি-কানি (শূংপুঃ)।

ঝিম্-ঝিম···ষ্য. (ঝিমা ধাতু দেখ। ঝিন্-ঝিনি

দেখ)। দুর্বলতা, প্রঃ—অনশনে গা ঝিম্‌ঝিম করে। এই রূপ কারণে লোকে ঝিমায়।

ঝিমা…ধাতু. (বা° ঝিমানা, ও° ঝিমেইবা; হি° ঝুমনা—দোলিত হওয়া, ঝপানা—তন্দ্রা লওয়া; ম° ঝুমকণেঁ—গমন (বিশেষ) করা। ঝিমানা—ঢাকায় ঝোমন। ঘুম হইতে ঝিমনা? তু°হি° ঝুমনা—বা° ঘুমানা। স° হিম—শীতল হইতে হিমাই—ঝিমাই? মানুষ কি শীতবোধ করিলে ঝিমায়? বোধ হয়, স° সমাধি—ধ্যান, নিদ্রা—হইতে মাধি—ধিমা—ঝিমা। তু° আসা° সমাজিক—স্বপ্ন—স° সমাধিক হইতে)। ঝিমাই—নিদ্রাতুর হইয়া দোলিত হই। ঝিমানা॥

ঝিয়…ষ্য. ঝি দেখ। প্রঃ—মাঙ্গ ঝিয়ে খুল্লনা (কবিকঃ)।

ঝির্‌-ঝির…ঝর্‌-ঝর দেখ।

ঝিল…ষ্য. (হি°। ঝাল ধাতু দেখ)। বিল।

ঝিল…ষ্য. (হি°)। গানের খাইদ সুর।

ঝিল-মিলী…ষ্য. (হি°তে ঝিল-মিল—জলের কিংবা তারার ঝিকি-মিকি। তু° বা° ঝল্‌মল। ঝিল—দীপ্ত, মিল—মিলিত বা অদৃশ্য হয়, একবার দীপ্ত হইয়া পরক্ষণে অদৃশ্য হইলে ঝিল্‌মিল)। কাঠের পাটাখণ্ডের এমন কপাট যাহা বন্ধ হইলেও ভিতর দিয়া আলো বায়ু আসিতে পারে। পালকী-বাহকেরা পালকীর কপাটকে ঝিল্‌মিলী ও খড়্‌খড়ী বলে।

ঝিলাপী…ষ্য. (হি° জিলাবী। স° নাম কুণ্ডলী। তু° ও° ঝিলি—বিরীর দাইল-বাটা। বিরী হইতে ঝিলী?)। কুণ্ডলাকারে রচিত দাইলের মিষ্টান্নবিশেষ। ঝিলাপীর পেঁচ…ঝিলাপীর যেমন কুণ্ডল আছে, তৎতুল্য, কূটবুদ্ধি।

ঝিলি…ষ্য. (ও°)। বাটা বিরী দাইল (চৈতন্য মঙ্গল)। (অপ্রচঃ)।

ঝিলি-মিলি…ব্য. (ঝল্‌মল দেখ)। ঝল্‌মলের ন্যূন ভাবে প্রঃ—কণ্ঠে ঝিলিমিলি রাব করে ধিকি ধিকি (কবিকঃ)।

ঝিল্লী…ষ্য. (স° ছল্লী—ত্বক)। সূক্ষ্মচর্ম-বিশেষ (membrane)।

ঝী…ঝি দেখ। (বোধ হয় ঝি বানান অপেক্ষা ঝী বানান শুদ্ধ। একাক্ষর শব্দের স্বর প্রায়ই দীর্ঘ হয়। স্ত্রীলিঙ্গে ঈ রাখা সঙ্গত। ব্যুৎপত্তিতে পালি ধী ধি দুই-ই আছে)।

ঝীল…ঝিল দেখ।

ঝুঁক…ধাতু. (স° ধুক্ষ, ধিক্ষ ধাতু সন্দীপনে ক্লেশনে। বা° ঝোঁকা, ও° ঝুঁকিবা, হি° ঝুকনা, ম° ঝুকণেঁ)। ঝুঁকি—ভারে ক্লেশে হেলিয়া পড়ি। ঝোঁকা, ঝুঁকি, ঝোঁক॥ ঝোঁক…পতন-প্রবণতা। ঝুঁকি…ভারে হেলন, দায়িত্ব। ঝুঁকি লওয়া—ভার সহা। ঝোঁকা…ধাতু. (ঝুঁক ধাতু আস্তে)। ঝোঁকানা, ঝোঁকানি॥

ঝুঁজ…ধাতু. (স° ধুক্ষ ধাতু ক্লেশনে হইতে)। ঝুঁজি—বিন্দু-বিন্দুর আকারে নিঃসৃত হই, প্রঃ—হাত পা কাটিলে রক্ত ঝুঁজিয়া পড়ে। ঝোঁজা॥ (অধিক শুনিতে পাইনা)।

ঝুট…ষ্য. (স° জুষ্ট)। উচ্ছিষ্ট, অপবিত্র দ্রব্য, প্রঃ—না ছড়াও ঝুট (চৈঃ চঃ)। ঝুট-মুট…ণ. (হি°)। মিথ্যা। ঝুটা…ণ. মিথ্যা, কৃত্রিম, প্রঃ—ঝুটা হীরা। খোশ খবরের ঝুটাও ভাল—মিথ্যা হইলেও ভাল লাগে।

ঝুঁটা, ঝুঁটি…ষ্য. (স° জুট, জটা। ও° চুড়, হি° ম° কুবড়—কুব্জ)। মাথার চূড়ার আকারের কবরী, মাথার খোঁপা; গোরুর ককুদ।

ঝুড়...ধাতু (সং ধূর্ ধাতু হিংসায়)। ঝুড়ি— উচ্চ অংশ ছেদন করি. প্রঃ—বাঁশ ঝুড়িয়া ফেলা—বাঁশের গাঁইঠ কাটিয়া সমান করা ; আথ ঝোড়া—পাতা কাটিয়া ফেলা ; ছাগলটাকে কুকুর ঝুড়িয়া খাইয়াছে—টানিয়া টানিয়া মাংস কাটিয়া। ঝোড়া ॥ ঝোড়া··· ষ্য. ঝোড়া বাঁশ কঞ্চি দ্বারা নির্মিত পাত্র। (হিং ওড়া)। ঝুড়ী···ছোট ঝোড়া। ঝোড়া ...ধাতু. (ঝুড় ধাতু আস্তে। ঝোড়ানা ॥

ঝুড়ি-ঝুড়ি...ণ. (সং ভূরি। ঝোড়া—পাত্র হইতে নহে)। ভূরি ভূরি, বহু, প্রঃ—ঝুড়ি-ঝুড়ি প্রমাণ।

ঝুড়ী···ঝুড় ধাতু দেখ।

ঝুণা···ণ. (সং ঝূণি—পুগবিশেষ—মেঃ)। পাকা শুষ্ক ; পাকিয়া শুখাইয়া গুবাকবৎ কঠিন (নারিকেল) ; ধূর্ত।

ঝুণী...ষ্য. (সং ঝূণি হইতে)। উগ্র সর্ষপ-বিশেষ, অন্য নাম রাই। সরিষা দেখ।

ঝুন···ধাতু. (সং ধূর্ব্ ধাতু হননে। এই ধাতু হইতে সং ধূর্ত, ধূর্ণ। ধূর্ণ হইতে সং ঝূণি—পুগবিশেষে আসিয়া থাকিবে। ওং ঝুণ ধাতু)। ঝুনি—টুকরা টুকরা করিয়া ছিঁড়ি, রস টানিয়া শুষ্ক করি, প্রঃ—ডালকোত্তা ঝুনিয়া খায়, ছেলে বড় হইলে মাতৃস্তন প্রায়ই ঝুনিয়া খায়। ঝোনা ॥ ঝোনা··· ধাতু. (ঝুন ধাতু আস্তে)। ঝোনানা ॥

ঝুপ ··ব্য. (সং ক্ষিপ্র)। ক্ষিপ্র, প্রঃ—ঝুপ করিয়া যাও। ঝপ দেখ। ঝুপ-ঝুপ বা. ক্ষিপ্রতায়।

ঝুপরী...ণ. (ঝোপ+রী)। ছোট ঝোপের আকারের। ঝুপরী বন···ক্ষুপের বন। ঝুপরী ঘর···ছোট ও নীচা ঘর যেন ঝোপের মতন নুইয়া পড়িয়াছে। (খুপরী ঘরও ছোট ও নীচা, কিন্তু নুইয়া পড়ে না)।

ঝুপী ··ষ্য. (ঝোপ+ঈ—ঝোপী—ঝুপী)। ছোট ঝোপ।

ঝুমকা...ষ্য. (সং ঘূর্ণ হইতে)। কানের নিমিত্ত সোনার টোপরের আকারের আভরণ বিশেষ। ঝুমকা লতা ··প্রতানী লতা-বিশেষ (Passiflora. Passion flower)। আধুনিক উদ্যানে ইহার অনেক জাতি দেখিতে পাওয়া যায়। অধিকাংশ আমেরিকার গাছ। পাতা তিন-কানিয়া, ফুল সুগন্ধ প্রায়ই নীলবর্ণ, পঞ্চদল। বর্ষাকালে ফোটে। ফুলের ভিতরে সারি সারি কেশর থাকে। এই কেশর (পুং কেশর নহে) দেখিয়া ঝুমকা সাদৃশ্য বোধ।

ঝুম্-ঝুমি...ষ্য. (ঝুম্-ঝুম শব্দ করে বলিয়া)। ছোট ছেলেদের খেলনা বিশেষ।

ঝুমর, ঝুমুর...ষ্য. (সং ঝুমরি—শৃঙ্গাররস-প্রধান রাগিণী বিশেষ। হিং ঝুমর। বোধ হয় সং ঘূর্ণ ধাতু হইতে)। নিম্নশ্রেণী নারীদ্বারা ঘুরিয়া ঘুরিয়া অশ্লীল নৃত্য ও গীত।

ঝুর ··ধাতু. (সং অশ্রু হইতে)। ঝুরি—অশ্রুমোচন করি, প্রঃ—তোমাহেন বঁধু হেলায় হারায়ে ঝুরিয়া ঝুরিয়া মনু (মরিনু, চণ্ডীঃ), কত অনুরাগিণী ঝুরে অনুরাগে (জ্ঞানদাস) ; মূর্ত্তি দেখে সদাই মদন ঝুরে মরে (মাঃ)। ঝোরা ॥ (অঝুরু, অঝোর দেখ। আধুনিক কবি এই ধাতু বিস্মৃত হইয়াছেন)।

ঝুরি · ষ্য. (ঝুলিয়া থাকে বলিয়া ঝুলি—ঝুরি। তুং বাং আল ওং ওলম্ব—সং (অ-) বরোহ, ব স্থানে ও, রোহ স্থানে লম্ব।

অবরোহ হইতেও ঝুরি আসিতে পারে)। বটাদি বৃক্ষের সরু সরু জটা। (ঝূল অবরোহ—আল)।

ঝুরিভাজা…ষ্য. (সং চূর্ণ লইতে চুরি—ঝুরি। সং ধূলি হইতে ঝুলি—ঝুরি)। ভাজা মৎস্য-চূর্ণ; বটের ঝুরির আকারের দাইল-বাটার মিষ্টান্ন-বিশেষ (হিং)।

ঝুল…ধাতু. (সং দুল ধাতু দোলনে। দ স্থানে ঝ প্রায় হয় না, হয় জ। বোধ হয় সং হিন্দোল শব্দে দহ থাকাতে হইয়াছে)। ঝুলি—দুলি, লম্বিত হই। ঝোলা, ঝুলন॥ ঝোলা…দোলা, লম্বিত আধার। ঝুলী…(ঝোলা+ঈ)। ছোট ঝোলা। ঝোলনা…(ঝোলা+না হ্রস্বার্থে)। দোলনা, যাহাতে শিশু দুলিতে থাকে; ছোট ঝুলী। ঝোলা গুড়, মাছের ঝোল…ঝোল দেখ। ঝুলন…দোলন। ঝুলন যাত্রা…শ্রীকৃষ্ণের দোলন উৎসব, হিন্দোল। ঝুলা, ঝোলা…ধাতু. (ঝুল ধাতু আস্তে)। ঝোলানা॥

ঝূট…ণ. (হিং। ঝুট দেখ)। কূট, মিথ্যা, কৃত্রিম।

ঝূল…ষ্য. (সং ধূলি—ধূল—ঝূল। সং নাম ধুংধুমার)। রান্নাঘরের লম্বিত ধূম-অঙ্গার, মাকড়সার জালে বদ্ধ ধূলি। রান্নাঘরের ধুয়াঁ লাগিয়া—কালী ঝূল।

ঝেঁটা…ঝাঁটা দেখ। ঝেঁটা-খেগো…ণ. যে নিন্দনীয় কাজের জন্য ঝাঁটার প্রহার খাইয়া থাকে।

ঝেঁতলা…ঝাঁতলা দেখ।

ঝোঁক…ষ্য. (সং ঝুঁক ধাতু দেখ)। নতি।

ঝোড়…ষ্য. (সং ঝর)। বর্ষাকালের জল গড়াইয়া নিম্ন নালী। বন ঝোড়…বন ও ঝোড়। ঝোড় ঝাড়…ঝর ও ঝাড়—নিকুঞ্জাকারে গাছ বা বন। ঝোড়-ঝঙ্কার…ঝোড় ঝাড় (চৈতন্য মঙ্গল)।

ঝোড়া…ঝুড় ধাতু দেখ।

ঝোপ…ষ. (সং ক্ষুপ, ছুপ হইতে)। ক্ষুপ, বহুশাখ ক্ষুদ্র বৃক্ষ। ঝোপড়ী, ঝুপড়ী…ণ. (ঝোপ+ড়ী)। ঝোপ বিশিষ্ট। ঝুপী…(ঝোপ+ঈ)। ছোট ঝোপ। ঝুপী বন…ঝুপীর বন। ঝোপড়ী বন… ঝোপের বন। ঝোপ-ঝাপ…(ঝাপ—উপচর শব্দ)। ঝোপ ইত্যাদি। উপদেশে, ঝোপ বুঝিয়া কোপ—সুযোগ দেখিয়া আক্রমণ।

ঝোল…ষ্য. (সং নাম সূপ। সূপ—দালি। কবিকঃ—সূপ—রাঁধা দালি। জল হইতে ঝোল। ওং ঝোল, হিং ঝোল)। রাঁধা মৎস্য দালি ইত্যাদির জল, জল দিয়া রাঁধা মৎস্য-ব্যঞ্জনাদি, প্রঃ—তিক্ত সুক্ত ঝোল (চৈঃ চঃ)। ঝোলা…ণ. (জল+উয়া—জলুয়া—জোলা—ঝোলা)। যাহাতে জলের ভাগ অধিক থাকে, প্রঃ—ঝোলা গুড়। ঝোল-ঝাল…ঝোল ও ঝাল ব্যঞ্জন (বোধ হয় ঝাল—উপচর শব্দ)।

ঝোলনা…ঝুল ধাতু দেখ।

ঝোলা…ষ্য. (ঝুল ধাতু দেখ। ঝোল দেখ)। বস্ত্রাদির আধার। (চৈঃ চঃ-তে ঝালি, যথা, সে সব সামগ্রী এক ঝালিতে ভরিয়া।

ঝোলী, ঝুলী…(ঝোলা+ঈ)। ছোট ঝোলা।

ঞ।

ঞ…ষ্য. (সং)। চবর্গের অনুনাসিক বর্ণ, অক্ষর। বাং উচ্চারণে ইঅঁ। এই হেতু সং

গোস্বামী হইতে প্রাচীন বা° গোসাঞি। চবর্গে সংযুক্ত হইলে বা° উচ্চারণে ন কার তুল্য, যেমন চঞ্চল—উ° চন্‌চল, শুদ্ধ উ° চ'ন্‌চল।

ট।

ট...ষ্য. (স°)। ব্যঞ্জন বর্ণ,-অক্ষর বিশেষ।

টই-টম্বুর...ণ. (স° তটী (তীর)—টই ; স° অম্বু+র...অম্বুর—টম্বুর)। তীর পর্যন্ত জল-পূর্ণ, জলে স্ফীত, প্রঃ—জল খেয়ে পেট টই-টম্বুর। (জল দেখ)।

টই, টুঁই...ষ্য. (স° ততি—শ্রেণী, তটী—তীর)। ঘরের চালের মটকা (শুং-পুঃ ; বাঁকুড়া)। প্রঃ—টইভুঁই—মাটি হইতে ঘরের চাল পর্যন্ত।

টক...ব্য. (ত্বরা কর—তড়াক হইতে। টক্‌-টক দেখ)। শীঘ্র ; গবাদি-পশু তাড়নায়। (চট, ঝট, সট, পট, টপ দেখ)।

টক...ষ্য. (স° তক্র হইতে। তক্র—অম্ল—শব্দকল্পঃ)। অম্ল।...ধাতু. (তক্র হইতে ধাতু টকা হইবার ছিল। টক্ক হইতে হি° ও° খটা)। টকি—অম্ল হই, প্রঃ—দই টকিয়া গিয়াছে। টকা॥ টকা · ধাতু. (টক ধাতু আস্তে)। টকানা॥ টকুয়া, টকো ...ণ. (টক+উয়া)। অম্লাস্বাদ, প্রঃ—টকো আম।

টক্কর...ষ্য. (হি°—বা° ঠোকর)। প্রতিদ্বন্দ্বিতা।

টক্করা-টক্করি...ষ্য. পরস্পর প্রতিদ্বন্দ্বিতা, স্পর্ধা।

টক্‌-টক...ব্য. (অনুকার শব্দ। তু° স° টক্‌ ধাতু গতি)। টক্‌-টক ধ্বনিতে, প্রঃ—ঘড়ী টক্‌টক করিতেছে। টিক্‌-টিক...ব্য. টিক্‌-টিক ধ্বনিতে ; সর্বদা বিরক্তিপ্রকাশে। টিক্‌টিকি...ষ্য. জেষ্ঠী প্রাণী, টিক্‌-টিক ধ্বনি করে বলিয়া নাম।

টক্‌-টক...ব্য. (তক্‌-তক, টুক্‌-টুক দেখ)। প্রখর দীপ্তিতে, প্রঃ—লাল টক্‌-টক করে। টুক্‌-টুক...ব্য. (স° টুণ্টুক—রক্তবর্ণে ; যথা, টুণ্টকঃ শোণকল্পয়োঃ—মেঃ। স° তুক-তুকী)। ক্ষুদ্রবস্তুর মৃদু দীপ্তিতে, প্রায়ই লাল বর্ণে, প্রঃ—লাল টুক্‌-টুকা। টুক্‌-টুকা টুক্‌টুকিয়া, টুক্‌-টুক্যে...ণ. (টুক্‌-টুক+আ, ইয়া)। টুক্‌টুকবিশিষ্ট, লাবণ্য-বিশিষ্ট, প্রঃ—টুঃ ছেলে।

টগর...ষ্য. (স° তগর। ও° তগর)। তগরাদি-বর্গের পুষ্প-ক্ষুপ বিশেষ (Tabernamontana coronaria)। গাছ ক্ষীরী, মানুষের সমান উচা হয়। পাতা মৎস্যাকার। ফুল শাদা, রাত্রে সুগন্ধ। ফিরঙ্গী-টগর...ফিরঙ্গী টগর (Periwinkle. Vinca)। শাদা ফুল ও লাল ফুল, দুই জাতি সর্বদা দেখা যায়। গাছ প্রায় দেড় হাত উচা হয়, ঝাঁপুড়া। বার মাস ফুল ধরে। প্রাত ফুল হইতে ২টা শুঁটী হয়। (Vinca alba, V. rosea)। (ফা° গুল-ই-ফরঙ্গী। ও° সদা-বিহারী—সদা ফুল হয় বলিয়া)।

টগ্‌-বগ...ব্য. (তগ্‌বগ দেখ)। অগ্নিতে জলাদির স্ফুটন ধ্বনিতে, প্রঃ—ভাত টগ্‌-বগ করিয়া ফুটে।

টগরা...ণ. (স° টগরঃ হেলাবিভ্রমগোচরে —মেঃ। টগর+আ। কিংবা স° দিক্কর—বা° ডেকরা)। ধূর্ত, প্রগল্‌ভ।

টঙ্কার...ষ্য. (স°)। টং-এই ধ্বনি।

টং-টং...ব্য. (অনুকার শব্দ। তু° স° টঙ্কার)।

টানা তার বাজাইলে যে ধ্বনি; ছোট ঘড়ীর শব্দে, প্রঃ—টং-টং করিয়া ৩টা বাজিল। টিং-টিং···ব্য. টং-টং ধ্বনির মৃদুতায়। যে তারে টং-টং শব্দ বাহিরায়, সে তার অপেক্ষা সরু না হইলে টিং-টিং শব্দ বাহিরায় না। ইহা হইতে, সরু টিং-টিঙ্গা —যেন সরু তার, যাহা টিং-টিং শব্দ করে। টিং-টিঙ্গা কাপড়···যে কাপড়ের পরিসর অল্প। টুং-টুং···ব্য. ছোট ও সরু তার বাজাইলে যে শব্দ হয়। ইহা হইতে, ব্যবসা টুম্‌টাম চলা—এত ছোট ও অল্পপরিসর যেন ছোট সরু তার।

টঙ্গা, টং ণ. (সং তুঙ্গা। ফাং তঙ্গা—টান)। সর্বোচ্চ, প্রঃ—গাছের টঙ্গা ডালে আম আছে। রাগে টঙ্গা—ক্রোধে শরীর উন্নত (কিংবা সং টঙ্ক—ক্রোধ হইতে)।

টঙ্গাশ-টঙ্গাশ ··ব্য. (তুং সং টনক ধাতু বন্ধনে কিংবা সং তঙ্গা ধাতু কম্পনে, পদস্খলনে)। অবিরত ভ্রমণ-হেতু ক্লান্ত ভাবে; পা ভারিয়া গেলে, মাটি হইতে পা উচ্চ করিয়া ফেলিতে কষ্ট হইলে—যেন পা বাঁধা আছে কিংবা যেন ঝুলিয়া পড়ে—টঙ্গাশ-টঙ্গাশ করিয়া চলা বলা যায়।

টট্‌···ব্য. (চট হইতে তট। কিংবা ত্বরা হইতে)। পশ্বাদি চালনা শব্দে।

টন···ষ্য. (ইং ton)। ইংরেজী ওজন বিশেষ, ২০ হন্দর, ওজনে প্রায় ২৭।০ মণ। (ওজন দেখ)।

টনক···ষ্য. (বোধ হয়, সং টঙ্কিত—বদ্ধ হইতে। সং টঙ্ক, টনক ধাতু বন্ধনে। হিংতে টনক—টনটন শব্দে, কপালের পাশের শিরার দপ্‌দপানি)। স্মরণ-চেষ্টায় ললাটের শিরার হঠাৎ কুঞ্চন, প্রঃ—গরুড়ের কপালে টনক পড়য়ে তখনি (কৃত্তিঃ); কপালে টনক পড়ে (কবিকঃ)—হঠাৎ স্মরণ হওয়াতে। 'টনক পড়া', পরে 'টনক নড়া' হইয়াছে, প্রঃ—কপালে টনক নড়ে হাত হৈতে হাতা পড়ে, উছট লাগিয়া পদ টলে (ভাঃ)।

টন্‌কা · ণ. (সং টনক ধাতু বন্ধনে। মং টনকা)। সবল, টান, প্রঃ—রোগ ভোগের পর টন্‌কা হওয়া—দেহ পূর্বে শিথিল ছিল।

টন্‌-টন ··ব্য. (সং তন ধাতু বিস্তারে)। টান হেতু ব্যথায়, প্রঃ—ফোড়া টন্‌-টন করে যখন ফুলিতে থাকে, শিরা প্রসারিত হইয়া টন্‌-টন করে। টন্‌-টনানি॥ টন্‌-টনিয়া, টন্‌-টনা ··ণ. (টন্‌-টন+ইয়া, আ)। দূরে প্রসারিত, প্রঃ—টন্‌-টনিয়া জ্ঞান—যে জ্ঞান চারিদিকে প্রসারিত, সবদিক দেখিবার জ্ঞান (টান ধাতু দেখ।

টনিক ··ষ্য. (ইং tonic)। বলকারক ঔষধ।

টপ ··ব্য. (সং পট ধাতু গতি হইতে বাং পট—টপ। কিংবা টপ্‌-টপ দেখ)। শীঘ্রতায়, প্রঃ—টপ করিয়া লাফাইয়া পড়া। (টপকানা দেখ)।

টপ...ষ্য. (সং আটোপ—যেমন ঘটাটোপ। হিং টপ—আচ্ছাদন)। আচ্ছাদন। (টপকা ধাতু দেখ)।

টপকা...ধাতু. (বাং টপ—আচ্ছাদন। ওং টপিবা, হিং টপনা)। টপকাই—উল্লম্ফন করি, প্রঃ—প্রাচীর টপকাইয়া চোর আসিয়াছে। টপকানা॥

টপ্‌-টপ ··ব্য. (সং তিপ ধাতু ক্ষরণে। কিংবা ফোটা হইতে টোপা—টপ)। বড় বড় ফোটায়, প্রঃ—টপ্‌টপ করিয়া বৃষ্টি। টপ্‌-

টপানি ॥ টপাটপ...না থামিয়া, অবিরাম। টুপ্-টুপ ··আরও ছোট ফোটায়।

টপ্পা···ষ্য. (হি°—লম্ফ। তু° বা° টপকা ধাতু)। সংক্ষিপ্ত লঘুপ্রকৃতি গীত। টপ্পা-বাজ···ষ্য. টপ্পা গানে পটু। টপ্পা মারা (অশিষ্ট)—লাফাইয়া বেড়ানা, বৃথা গল্প করা।

টব ··ব্য টুব্-টুব দেখ।

টব...ষ্য. (ই° tub)। মাটি কাঠ প্রভৃতির বড় গামলা। ফুলের টব ··যে মাটির ডাবায় ফুল গাছ জন্মানা যায়; ফুলগাছ-সহিত টব।

টম্-টম ··ব্য. (স° স্তন ধাতু শব্দে)। প্রসারিত আনদ্ধ যন্ত্রের বাদ্যে, প্রঃ—ঢাকের টম্-টম বাদ্য।

টম্-টম ষ্য. (ই° tandem—প্রকৃত অর্থ, একটা ঘোড়ার পশ্চাতে আর এক ঘোড়া জুতিয়া যাহাকে চালাইতে পারা যায় এরূপ গাড়ী)। এক ঘোড়ায় টানা দুই চাকার গাড়ী। টম্‌টম্ হাঁকানা—টমটমের ঘোড়া চালানা।

টর···ণ (স° টল ধাতু ব্যাকুলতায় ?)। তীব্রতা হেতু ব্যাকুল, অজ্ঞান প্রঃ—নেশায় টর—টলিয়া পড়িলে।

টল · ধাতু (স° টল ধাতু বৈকল্যে)। টলি—বিচলিত হই, নীচে পড়ি, প্রঃ—টল-টল টলে টলিলা কনকলঙ্কা (মেঘনাদ-বধে)। আসন টলিয়াছে—নড়িয়াছে, অন্যত্র যাবার সম্ভাবনা হইয়াছে। টলা, টলন ॥ টলা··· ধাতু. (টল ধাতু আস্তে)। টলানা ॥ টল্-টল · ·ব্য. অস্থির ভাবে, প্রঃ—নেশায় মাথা টল্-টল করে, সমুদ্রে জাহাজে গা টল্-টল করে (টুল্-টুল দেখ)। টল্-টলানি ॥ টল্-টলিয়া, টল্-টলা...ণ. টল্-টল করে যাহা।

টল-টলায়মান···ণ. (স°)। কম্পমান, অস্থির।

টল্-বল···ব্য. (স° টল ধাতু বৈক্লব্যে ; স° বল ধাতু প্রাণনে)। অস্থির-সুস্থির ভাবে, প্রঃ—টলবল করে যেন পদ্মপত্রের বারি (মাঃ)—একবার নড়িতেছে, পরে স্থির হইতেছে, আবার নড়িতেছে। (এখানে টল্-টল শব্দ বসাইলে কেবল নড়ন বুঝাইত)।

টল্-মল···ব্য. (স° মল ধাতু হইতে মলিত, মর্দিত)। অস্থিরতা-হেতু মর্দিত ভাবে, প্রঃ—দুহুঁত ভাসিল জলে করস্থি টলমল (শূংপুঃ—দোঁহে জলে ভাসিয়া টল্-মল করিতে লাগিলেন; জিনি মদমত্ত হাতী গমন মন্থর-গতি, ধরণী করয়ে টলমল (জ্ঞানদাস); পদ-ভরে টল-মল, স্বর্গ মর্ত্ত্য রসাতল (ভাঃ)—এখানে শুধু বিচলন নহে ভারে মর্দন। ঢেউ দিলে নদীতে ডোঙ্গা টল্-মল করিতে পারে না, টল্-টল করে; ডোঙ্গাতে বহু আরোহী থাকিলে ভারে টল্-মল করিতে পারে। টল্-মলা, টল্-মলানি। টল্-মলিয়া, টল্-মলা···ণ. যাহা টল্‌মল করে।

টসকা···ধাতু. (স° রস হইতে টস। কিংবা স° তস ধাতু বস্তুহানিতে। হি° টসকনা—নড়া; হি° ঠসনা—ভাঙ্গা)। টসকাই—জীর্ণ হই, ছিদ্রবিশিষ্ট হই, প্রঃ—এতদিনেও কলশীটা টসকায় নাই—কলশী হইতে রস-ক্ষরণ হয় না, কলশী জর্জর হয় নাই। টসকানা ॥

টস্-টস···ব্য. (স° রস)। বিন্দু বিন্দু আকারে রসক্ষরণে, প্রঃ—চোখের লো টস্-টস করিয়া পড়িতে লাগিল; রস-পূর্ণতায় প্রঃ—নব-জ্বরে মুখ টস্-টস করে—রসাধিক্যে। টস্-টসিয়া, টস্-টসা কথা—রসিকতা-পূর্ণ, এমন

কথা যাহা শুনিলে ক্রোধ জন্মে (গ্রা॰ টেস-টেঁসিয়া)। টস্-টসানি ॥ টুস্-টুস...ব্য. ক্ষুদ্র বিন্দু পতনে।

টসা ··ধাতু. (সং রস হইতে)। টসাই—রস ক্ষরিত হই (বিন্দু বিন্দু আকারে), প্রঃ—রক্ত টসাইয়া টসাইয়া পড়িতেছে। টসা, টসানা ॥ টসা-টসা··বিন্দু বিন্দু।

টহরম...ষ্য. (ই॰ term)। যে সময় আদালত খোলা থাকে। টহরম-মহরম···ষ্য. (মহরম প্রচর শব্দ)। মাখা-মাখি ভাব, ঘনিষ্ঠতা।

টহল...ষ্য. (হিং—সেবা, কাজ, চাকরি ; সং চল্ হইতে চহল—টহল ?) পরিক্রমণ। ··ধাতু.। টহলি—পরিক্রমণ করি। টহলা ॥ টহলা···ধাতু. (টহল ধাতু আস্তে)। টহলানা॥ টহলিয়া...ষ্য. যে টহল করে। টহলদার ·· ষ্য. (হিং টহলরা)। যে ভৃত্যের কর্ম ঘোরা-ফেরা।

টা...ষ্য. (ঘণ্টা শব্দের সংক্ষেপে)। ঘণ্টা (বেলা), প্রঃ—চারিটা বাজিয়াছে—চারি ঘণ্টা সময় (মধ্যাহ্নের পরে) অতীত হইয়াছে।

টা ··প্রত্যয়. (প্রাচীন বাং গোটা ; যথা, এক গোটা অঙ্গুরীতে—একটা অঙ্গুরীতে। সং-তে হ্রস্বার্থে টী ছিল—যেমন বধূটী। গোটা শব্দের মূল একটা। গোটা দেখ। ব্যাকরণ দেখ)। সঙ্খ্যা-নির্দেশে, প্রঃ—পাঁচটা আম ; সামান্য বস্তু নির্দেশে, প্রঃ—গোরুটা শুইয়াছে ; অনাদরে নির্দেশে, প্রঃ—লোকটা না বলিয়া চলিয়া গেল ; প্রায়ই বৃহৎ ও কুৎসিৎ আকারে, প্রঃ—বাঘটা বিকট মূর্ত্তি বাড়ায় তখন (মাঃ)। টা পরিমাণ-বাচক নহে ; কেহ কেহ ভুল করে, বলে 'এতটা পরিমাণে,' 'এতটা পরিশ্রম'। এত—পরিমাণ বুঝায়। কদাচিৎ 'এতটা দুধ'—এখানে টা অনাদরে ; আদরে 'খানি', প্রঃ—এতখানি দুধ)। টায়ে-টোয়ে ··(টো উপচর শব্দ)। যত আবশ্যক ঠিক তত, কষ্টে। টায়-টায় ··যত আবশ্যক ঠিক তত, উদ্বৃত্ত নহে। (এখানে টা—সঙ্খ্যা ও পরিমাণ—দুই-ই বুঝায়। বস্তুতঃ টাএ টাএ, টাএ-টোএ)। টাক, টাএক... প্রত্যয়. (একটা—টাএক—টাক)। প্রায়িক পরিমাণ অর্থে, প্রঃ—দণ্ডটাক বেলা আছে, টাকা-টাক খরচ (এক ভিন্ন অন্য সঙ্খ্যা-বাচক শব্দের উত্তর এক, প্রঃ—টাকা পঁচিশেক। (টাএক অপ্রচলঃ হইতেছে।)

টাইপ ··ষ্য. (ই॰ type)। ছাপিবার অক্ষর।

টাইম, টাইন ··ষ্য. (ই॰ time)। সময়।

টাউন ··ষ্য. (ই॰ town)। নগর। টাউন-হল ···ষ্য. (town-hall)। যে অট্টালিকায় নগরবাসিগণের পরামর্শাদি কাজ হয়।

টাউর কাঁঠা ··টিয়ারী দেখ।

টাক ষ্য. (সং চক্র হইতে। চ স্থানে ত, ত স্থানে ট। টাকা হইতে ? হিং টাঁট—মাথার তালু)। মাথার চক্রাকার খলতি। টাকুয়া, টেকো ··ণ. (টাক+উয়া)। টাক-যুক্ত। টাক-পড়া মাথা ··যে মাথা খলতি-হেতু কেশহীন হইয়াছে।

টাক ··ধাতু. (সং তর্ক ধাতু তর্কণে। ও॰ টাক ধাতু। তাক দেখ)। টাকি—বিতর্ক আশা করি, লক্ষ্য করি, প্রঃ—মরণ টাঁকিলি বেটা অনাথা দেখিয়া (ভাঃ—টাঁকিলি—গ্রা॰), কিলায় নির্ঘাত তেকে কুঞ্জের উপর (মাঃ)। (মানিকে অন্যত্র তাগ ধাতু)। টাকা ॥

টাঁক···ধাতু. (সং টঙ্ক ধাতু বন্ধনে)। টাকি —সিঁয়া ক্ষুদ্র বস্তু জুড়ি, প্রঃ—বোতাম টাঁকা। কাপড় টাঁকা—ছেঁড়া জোড়া। টাঁকা॥ টাকা···ধাতু. (টাঁক ধাতু আস্তে)। টাকানা॥

টাকনা ··ষ্য. (চাখনা হইতে)। খাদ্য গলাধঃকরণ নিমিত্ত যে উপকরণ অল্প খাওয়া যায়, যেমন নুন, লঙ্কা।

টাকরা···ষ্য. (তু° ও° টাকরা—টক্‌-টক-রব ; হি° চটকারা—জিহ্বা দ্বারা সুস্বাদ দ্রব্য আস্বাদনে চট্‌-চট—টক্‌-টক রব। সং তালুক হইতে টাকরা আসা কঠিন)। তালু, মুখের যে অংশে জিহ্বা লাগাইয়া টক্‌-টক রব করিতে পারা যায়।

টাঁক-শাল···ষ্য. (সং টঙ্ক-শালা)। যে বাড়ীতে টাকা নির্মিত হইয়া থাকে (mint)।

টাকা···ষ্য. (সং টঙ্ক, তু°. টাঁকশাল। ও° টঙ্কা, প্রাচীন বা° তঙ্কা। তনকা দেখ। হি° টাঁকা, প্রায়ই রুপৈয়া ; হি° টকা—দু-পয়সা ; ম° রুপয়া ; ম° টকা,টক্কা—ষোল পয়সা। বা° টাকা সং টঙ্ক হইতে আসিয়াছে বটে, কিন্তু অর্থ-সম্প্রারণ ঘটিয়াছে)। রৌপ্য পূর্ণ-মুদ্রা (ওজনে ১৮০ গ্রেণ। রুপা ১১+তামা ১=১২)। টাকা-কড়ি ··(সহচর শব্দ)। টাকা ও মূল্যবান দ্রব্য। টাকাটা সিকাটা···(সিকি দেখ)। একটা টাকা হউক, অন্ততঃ একটা সিকি হউক (টা অনাদরে)। টাকা-মাকা, টাকা-ফাকা ·· (মাকা, ফাকা প্রচর শব্দ)। টাকা ইত্যাদি (অবজ্ঞায়)। টাকা-ভাঙ্গানি···ষ্য. টাকার পরিবর্তে স্বল্প মুদ্রা, টাকা ভাঙ্গাইয়া প্রাপ্য মুদ্রা। টাকা করা—অর্থ সঞ্চয় করা। টাকা গতানা—অন্যের নিকট দাদন দেওয়া। টাকা গছানা—অন্যের অনিচ্ছাসত্ত্বেও লওয়ানা। টাকা-ভাঙ্গানা—স্বল্প মুদ্রা দ্বারা টাকা বিনিময় করা। পাকা কড়াকিয়া বা মুদ্রা মান,—৪ কড়ায় ১ গণ্ডা। ৫ গণ্ডায় ১ পাই (সং পাদ,—আণকপাদ। ও° পাহি, হি° পাই)। ৪ পাইএ আনা ; '৪ পয়সায় আনা' বলা যায় না। (কিছু দিন পূর্ব পর্যন্ত আধুনিক পয়সা মুদ্রার নাম 'পাই' ছিল। এখনও হিসাবে সেই পাই চলিতেছে)। ইংরেজী আধুনিক মুদ্রা 'পাই' (pie ও° পাহুলা)। নাম সুবিধা-জনক হয় নাই। বা° পয়সা—পাই+সা—পাই-সদৃশ মুদ্রা। চৈঃ চঃ—পয়সা। হি° পৈসা, ও° পইসা। হাতে পাই-পয়সা নাই—যেন বুঝায় পুরাতন পাই অপেক্ষা পয়সা অল্পমূল্য। পাই-সদৃশ বলিয়া পয়সা। তু° টাকা-কড়ি, কড়া-ক্রান্তি)। আধলা···(সং অর্ধ+ল। ও° অধলা, হি° ম° অধেলা)। অর্ধপয়সা। ডবল-পয়সা···(ই° double-pice)। পয়সার দ্বিগুণ মুদ্রা (এক পয়সা ওজনে ১০০ গ্রেণ, এক ডবলপয়সা ওজনে ২০০ গ্রেণ)। পহলা, আধলা, পয়সা, ডবল-পয়সা তাম্রনির্মিত। ৪ পাইতে ১ আনা (সং·প্রা° আণক, ও° অণা। বৎসর কয়েক হইল এক-আনি মুদ্রা চলিত হইয়াছে। এই মুদ্রা নিকেল নামক ধাতু-বিশেষে নির্মিত)। ৪ আনাতে ১ সিকি (সং চতুষ্কী। ও° সউকী)। ৪ সিকিতে ১ টাকা। দু-আনি, সিকি, আধলি রৌপ্য-নির্মিত। (ব্যাকরণ-অনুসারে এক-আনী, দুআনী, সিকী, আধলী—ঈকারান্ত হয়)।

১৬ টাকায় ১ মোহর (পূর্বকালে স্বর্ণ মুদ্রা মোহর = ১৬ টাকা ছিল। এখন মোহর মুদ্রা চলিত নাই। মোহর—সং মুদ্রা হইতে মুদ্রা —মুঅরা—মুহরা—মুহর—মোহর। এখন মোহর মুদ্রার স্থান ইং সভরিন বাং নাম গিনি লইয়াছে। ইহার মূল্য ১৫ টাকা। কয়েক বৎসর পূর্বপ্রথম ইহার মূল্য ১০ টাকা ছিল।)

টাকা-চোর ··হাঁড়ী-চাঁচা দেখ।

টাকুয়া ··টেকো, টাক দেখ।

টাঙ্গান ··ষ্য. (সং টঙ্কণ। সং টঙ্ক ধাতু বন্ধনে। তুং বাং টনকা হওয়া রোগ ভোগের পর বল পাইলে। হিং টাঙ্গান)। যে অশ্বের অঙ্গপেশী দৃঢ়বদ্ধ ; পাহাড়িয়া টাটু।

টাঙ্গনা···ষ্য. (সং টঙ্গান)। সোহাগা (borax)।

টাঙ্গা ··ধাতু. (সং তুঙ্গা হইতে বাং টঙ্গা ; টঙ্গে তুলি—টাঙ্গাই। কিংবা সং টঙ্কিত —বদ্ধ হইতে। হিং টাংগনা, ওং টঙ্গা-ইবা)। টাঙ্গাই—উচ্চে লম্বিত করি, বদ্ধ করি। টাঙ্গানা॥ প্রঃ—মশারি টাঙ্গানা। —(কোথাও কোথাও টানা ধাতু, প্রঃ— বড় বড় চন্দ্রাতপ এখন টানাইলা—নবদ্বীপ-পরিক্রমা)। টাঙ্গা···ষ্য. মাছ ধরিবার উপায়বিশেষ। কঞ্চির মাথা হইতে কাঁটা-বাঁধা দোড়ী টাঙ্গানা থাকে। সেই কঞ্চি জলের ধারে পোতা হয়। মাছ কাঁটায় বিদ্ধ হইয়া ধরা পড়ে। (জাওলা দেখ।)

টাঙ্গী···ষ্য. (সং টঙ্গা, টঙ্কিকা। হিং টাঙ্গী)। কোল জাতির ভাষায় টাঙ্গির)। খড়্গ-ভেদ। (টাঙ্গীর ফলা ছোট, বাঁট লম্বা ; খাঁড়ার ফলা লম্বা, বাঁট ছোট)।

টাট...ষ্য. (সং আস্তরণ ? তুং হিং টাট, মং তরট। চাটাই দেখ)। পালানের উপরের আস্তরণ, চট ; তালপাতা বাখারী ও দোড়ী দিয়া বাঁধা আচ্ছাদন (টাটী দেখ)।

টাট ··ষ্য. (টাটি দেখ। হিং টাটিয়া—থালা)। পূজার উপকরণ-রক্ষার নিমিত্ত তামার থালা।

টাটকা ··ণ. (সং তৎকাল। ওং টটকা, হিং টট্‌কা, মং টবটবীত—বাং ডবডবা)। তৎকাল, সদ্য, তাজা, প্রঃ—টাটকা মাছ দুধ —যাহা পরে বিকৃত হইয়া পড়ে।

টাটকা ··ষ্য. (বাং তাক দেখ। তাক—দৃষ্টি হইতে ? হিং টট—বাং তাক। মাণিকে টটকা। তড়কা দেখ)। স্থির উর্ধ্ব-নেত্র (মৃত্যুর পূর্বকালীন) ; বিস্ময়-বোধ। শিশুর টাটকা লাগে—হঠাৎ চোখ উপরে উঠিয়া শিশু অজ্ঞান হয়। (রস-তড়কা দেখ)।

টাটা ··ধাতু. (সং তপ্ত হইতে তাত। হিং টটা ধাতু)। টাটাই—ব্যথা অনুভূত হই, তপ্ত হইয়া ব্যথা পাই, প্রঃ—ফোড়া টাটায়— তপ্ত হইয়া টানিয়া ধরে ; চোখ টাটায়— চোখে ব্যথা অনুভব করায়, ঈর্ষায় ব্যথা বোধ করায়। টাটানা, টাটানি॥

টাটর, টাটরা ··ণ. (সং তপ্ত হইতে তাত + র)। অতি শুষ্ক (মাটি), যাহা সহজে টাড়া যায় না।

টাটারা, টটরা ··ধাতু. (টাটা ধাতু হইতে)। টাটরাই—টাটাই। টাটারানা, টাটরানা॥

টাটি (গ্রাং টাঁটি)···ষ্য. (চাটু, তাটু, তাটি টাটি এক মূল হইতে ? তুং চাটি—প্রদীপ (চাটি-গাঁ), ওং তাটিআ—বাং বাটী)। মাটির বাটী বা খুরী।

টাটী···ষ্য. (টাট দেখ। হিং টট্টী)। তাল-পত্রাদির আবরণ, প্রঃ—তৃণ টাটি দিয়া চারিদিগ্ আবরিল (চৈঃ চঃ)।

টাটু···ষ্য. (হিং টট্টূ)। ছোট আকারের ঘোড়া। দল-টাটু···যে ছোট ঘোড়া দানা পায় না, দল তৃণ খাইয়া বাঁচে।

টাট্টী···ষ্য. (হিং টট্টী। টাটী দেখ)। মলমূত্র পরিত্যাগের নিমিত্ত ঘেরা স্থান। (হিংতে টট্টী যানা=বাং ঘাটে যাওয়া)।

টাঁড়·ধাতু. (তাড় ধাতু দেখ)। টাঁড়ি—বিদীর্ণ করি, প্রঃ—গোরু শিং দিয়া মাটি টাড়িয়া ফেলিয়াছে, গলা টাড়িয়া ঝগড়া করে। টাড়'॥ টাড়া···ধাতু. (টাড় ধাতু আস্তে)। টাড়ানা॥ টাড়ানি··শুকনা আচোট মাটি বিদারণ, বিদারণ-বেতন।

টাড়-বালা···ষ্য. (তুং সং তাড়ঙ্ক—তাড়পত্র বা তালপত্র—কর্ণভূষণ-বিশেষ)। প্রাচীন কালের হাতের বলয়-বিশেষ (শূঃ পুঃ)।

টান··ধাতু. (সং তন ধাতু হইতে তানি ধাতু)। টানি—বিস্তৃত, প্রসারিত, দীর্ঘ করি; আকৃষ্ট, শুষ্ক করি। প্রঃ—টানিয়া লম্বা করা, পেট টানিয়া ধরে—উদর আকৃষ্ট হইলে। টানা॥ টানা-টানি··পরস্পর আকর্ষণ; টানা-টানির সংসার— যে সংসার-নির্বাহ আয় ও ব্যয়ের পরস্পর আকর্ষণে চলে। টানা···ষ্য. তাঁতের যে সূতা টানিয়া রাখা হয়, কাপড়ের লম্বা দিকের সূতা; যাহা টানিয়া রাখে, প্রঃ—কানে মাকড়ি টানায় ঝুলাইতে পারা যায়। টানা-পড়িয়ান·ষ্য. (পড়িয়ান, পড়্যান দেখ)। তাঁতের লম্বা দিকের ও বিস্তার দিকের সূতা। টানা-পড়্যান করা—একই কাজ পুনঃ পুনঃ করা, আনা-গনা করা, ঘোরা-ফেরা। টানা-বোনা···তাঁতে-জোড়া লম্বা দিকের সূতা—টানা, টানার আড় দিকে বোনা। কিন্তু টানিয়া-বুনিয়া কাজ করা—দ্রব্যের অকুলান হইতে না দিয়া অল্পে শেষ করা। (বোধ হয় বুনিবার সূতা টানিয়া হইতে। ইহাতে অল্প সূতায় বোনা হয়।) টানা কাড়া··তাঁতে টানার সূতা লম্বা করিয়া আকর্ষণ, শানায় গাঁথিবার পূর্বকর্ম। টানা-পাখা··যে পাখা টানিয়া ছাড়িয়া দিলে বাতাস হয়, লম্বিত পাখা। টান··ণ. ষ্য. আকৃষ্ট, অশিথিল, গাঢ়; সংহত; আকর্ষণ; নদীর বেগ; সংসক্তি; মনোযোগ, প্রঃ—টান বাঁধা, টান শরীর, লেখা পড়ার টান, রক্তের টান। টানন··ষ্য. আকর্ষণ। টাননদার···ষ্য. যে টানে, যে কুঁদের দোড়ী টানিয়া কুঁদ ঘোরায়। টান-টৌন··(টৌন উপচর শব্দ)। টান।

টাপ...ষ্য. (সং স্থাপন হইতে? থাবা দেখ। ওং টাপু—খুর; হিং টাপ—অশ্বপদধ্বনি; মং টাপ—ঘোড়ার সম্মুখ পা দিয়া আঘাত)। ঘোড়ার গমন-বিশেষ। (২) কানের ও নাকের স্বর্ণের তিলকাকার ক্ষুদ্রভূষণ-বিশেষ।

টাবা··নেবু দেখ। নেবু বিশেষ (শূঃপুঃ)। টাবুয়া, টেবো...ণ. (টাবা+উয়া)। টাবা নেবু তুল্য স্ফীত, প্রঃ—টেবো গাল।

টার, টার-বালা·তাড়-বালা, টাড়-বালা দেখ।

টাল...ধাতু. (সং টল ধাতু হইতে। ওং টাᱚ, মং টাᱚ, হিং টাল ধাতু)। টালি—বিচলিত করি, বঞ্চনা করি, কালকর্তঃ

করি, প্রঃ—কোন রকমে সময় টালে, করিতে না পারে নিশা টালে-টোলে টালে (ভাঃ)। (নিশা—নিষা—অন্বেষণ)॥ টালা॥ টালনি···হেলন, বিচলন, প্রঃ—চূড়ার টালনী বামে ময়ুর-চন্দ্রিকা ঠামে (জ্ঞানদাস); চূড়ার ময়ুরপুচ্ছ,প্রঃ—ডাহিনে টালনী বাঁধে লটপট পাগ (জ্ঞানদাস)। টাল···ষ্য. এক পাশে হেলন, মোটা কাঠ বা কলসী কুঁদিবার মধ্যবিন্দু আশ্রয় না পাইলে যে পাশ অধিক সে পাশ অধিক ঘোরে, তখন বলা যায় টাল ধরা। টাল-মাটাল · ষ্য. (মাটাল—প্রচর শব্দ ? হিং টালমটাল)। বঞ্চনা, নড়চড়, প্রঃ—মাট-মাটাল করা—হচ্ছে হবে বলা, বৃথা আপত্তি দেখাইয়া কাল-বিলম্ব করা। টাল-টোল—ষ্য. (টোল —উপচর শব্দ)। টাল, বঞ্চনা। টালা ·· ধাতু. (টাল ধাতু আস্তে)। টালাই—বঞ্চিত করি, প্রঃ—কাজ টালাইয়া দেওয়া—নিজের কর্তব্য অন্যকে দিয়া নিশ্চিন্ত হওয়া। টালানা॥ টালি...ষ্য. টালা।

টালি, টাইল...ষ্য. (ইং tile)। পাতলা চওড়া ইট।

টি, টা···প্রত্যয়. (ব্যাকরণ দেখ)। সংখ্যা-নির্দেশে, আদরে বস্তু-নির্দেশে, প্রঃ—দুইটি আম, লোকটি বসিয়া আছে; পরিহাসে,প্রঃ—হাসিয়া কথাটি কয় (জ্ঞানদাস), ইত্যাদি। (টা হইতে টী, যেমন একটা একটী। অতএব টী বানান ঠিক। একটা অনির্দেশে, একটি আদরে অনির্দেশে, একটী এক-নির্দেশে)।

টিউটর···ষ্য. (ইং tutor)। শিক্ষক।

টিউসনি···ষ্য. (ইং tution)। শিক্ষকতা।

টিক···ধাতু. (সং স্থা ধাতু হইতে। তুং বাং তিষ্ঠ ধাতু। হিং ওং টিক ধাতু)। টিকি—থাকি, স্থিতি করি, প্রঃ—কোন রকমে টিকিয়া আছি, কাপড়খান টিকিবে না। টেকা॥ টেক-সই···ণ. (টেকা-সহ)। স্থিতিশীল, দৃঢ়। টেকা···ধাতু. (টিক ধাতু আস্তে)। টেকানা॥

টিক্-টিক···ষ্য. (সং ত্যক্ত হইতে তিক—টিক)। ত্যক্তকরণে, প্রঃ—টিক্‌টিক করিলে রাগ হয়।

টিক্‌টিকী···ষ্য. (টিক্‌টিক, টক্‌টক ধ্বনি করে বলিয়া নাম। সং চট্টনী—বৈদ্যকঃ। সং নাম পল্লী। ওং ঝিট-পিটি, হিং টিক-টিকী, মং পল্লি)। গৃহ-সরীসৃপ বিশেষ (The house gecko. Hemidactylus)। অঙ্গুলী নখবিশিষ্ট, স্ফীত; মস্তক অণ্ডাকার। টিক্‌টিক টক্‌টক শব্দ করে। (২) ছেলেদের খেলায় দ্বিতীয় অঙ্গুলীর উপর তৃতীয় অঙ্গুলী স্থাপন করিলে যে আকার হয়। (ইহার নানা নাম আছে, হুগলীর পশ্চিমাংশে আদা, পূর্বাংশে ঢেঙা, যশোরে একড়া, ইত্যাদি)।

টিক্-টিকী · ষ্য. (হিং। ইং triangle—টি এঙ্গাল হইতে ? ত্রিকাষ্ঠ হইতে ?)। ত্রিপাদ কাষ্ঠ যাগতে দোষীকে বাঁধিয়া ফৌজদারী কাছারীতে বেত মারা হইয়া থাকে। (২) (ইং detective হইতে)। আইন-লঙ্ঘনকারী দোষীকে যে পুলিশ-কর্মচারী অন্বেষণ করে।

টিকরা···ষ্য. (?)। শাখাশ্রয়ী বর্গের পক্ষী বিশেষ (The reed-warbler. Acrocephalus dumetorum)। ছোট,

৮ আঙ্গুল। উপরে বাদামিয়া খয়রা, পক্ষপুচ্ছ খয়রা। পুং স্ত্রীং একপ্রকার। শীতকালে বঙ্গদেশে আসে।

টিকলী...ষ্য. (সং তিলক হইতে বাং টিকা; টিকা+লী—টিকলী। হিং টিকলী)। চক্রাকার ক্ষুদ্রখণ্ড, প্রঃ—মুগের টিকলী—চক্রাকার মুগ-কলাইর ভাজা পিষ্টক-বিশেষ বা বড়া; আখের টিকলী—আখের চক্রাকার খণ্ড।

টিকা...ষ্য. (সং তিলক হইতে। ওং টিকা, হিং টীকা, মং টিকলা, টিকা)। (১) কপালে গোরচনা-চন্দনাদির ফোটা বা তিলক; (২) রাজা ও রাজপুত্রের কপালের তিলক (রাজটিকা); (২) বসন্তরোগ-প্রতিষেধ নিমিত্ত মানুষ কিংবা গোরুর বসন্তের রস-প্রয়োগ। টিকা দেওয়া—বসন্তরোগের বীজ সংক্রামিত করা। টিকাদার...যে বসন্তের টিকা দেয়। টিকাদারি...টিকাদারের কর্ম। (৪) (হিং টিকিয়া)। তামুক খাইবার নিমিত্ত অঙ্গার-চূর্ণের পাতলা বড়া।

টিকারা...ষ্য. (?)। ছোটবড় দুইটা করতাল-বিশেষ। পূর্বকালে হাতীর পিঠে রাখিয়া বাজানা হইত।

টিকিং...ষ্য. (ইং ticking)। গদী তোষক বালিশের খোল করিবার এক প্রকার মোটা ডোরালা কাপড়।

টিকিট...ষ্য. (ইং ticket। হিং টিকট, ওং টিকস)। প্রবেশ-অনুমতি-পত্র; মূল্য কিংবা অঙ্ক-লেখা পত্র। রেল-টিকিট...ষ্য. রেলগাড়ীতে আরোহণের অধিকার-পত্র। ডাক-টিকিট...ষ্য. ডাকে পত্রাদির প্রেরণমূল্য চিহ্নপত্র। টিকিট কাটা—মূল্য লইয়া রেল গাড়ীর টিকিট দেওয়া। (কট করিয়া কাটা হয় বলিয়া)।

টিকী...ষ্য. (চুটকী—চুটিকী হইতে। সং চূড়া, চুল হইতে ওং চুটি, হ্রস্বে চুটিকী)। মস্তকের কেশ-চূড়া। (অন্য নাম চৈতন-চুটকী)। টিকী দেখিতে না পাওয়া—মানুষের মূর্তি নহে, মাথার টিকীরও দর্শনাভাব।

টিঞ্চার...ষ্য. (ইং tincture)। সুরাতে দ্রবীভূত ঔষধ।

টিটকারি...ষ্য. (সং ধিক্কার)। নিন্দায় ধিক্-ধিক শব্দ (টিঃ দেওয়া)। প্রঃ—হাসিলা কেহ বা অট্টাহাসে টিটকারি (মেঘনাদবধ), (টিটকারি—টিটকার দিয়া)।

টিট্টিভ ষ্য. (সং। ওং টেটা)। পক্ষী-বিশেষ। সন্ধ্যাকালে টেঁ-টেঁ রব করিতে করিতে উড়িয়া যায়। বাং তিতই? (দেখ)।

টিন্-টিন...ষ্য. (সং তুঙ্গ—উচ্চ হইতে)। ক্ষুদ্র বস্তুর উচ্চ অবস্থানে, প্রঃ—কাপড় বহরে ছোট টিন্-টিন করিবে—উচ্চে থাকিবে, নীচে নামিবে না। টিন্‌টিনিয়া...ণ (টিন্-টিন+ইয়া) অল্পবিস্তার-বিশিষ্ট, হ্রস্ব।

টিপ...ধাতু. (সং টিপ ধাতু প্রেরণ, চালন। ওং টিপ ধাতু)। টিপি—চাপি, মর্দন করি, অঙ্গাদি সংবাহন করি, সংক্ষেপে লিখি; প্রঃ—লোহার বাটুল টিপে করে ফেলে চূর্ণ (মাঃ); গা টিপিয়া—সংবাহন করিয়া; গোপনে সঙ্কেত নিমিত্ত মন্ত্রণা নিমিত্ত অঙ্গ চাপিয়া; বোতলে ছিপি টিপিয়া বসাও। টেপা, টিপন, টিপনি॥

টিপ...ষ্য. (তুং সং টিপ্পনী। ওং টিপা)। সংক্ষিপ্ত লিপি, স্মারক-লিপি; কপালে

তিলক নিমিত্ত পতঙ্গাবিশেষের উজ্জ্বল হরিত ও নীলবর্ণ অঙ্গাবিশেষের ক্ষুদ্রাকার চক্র (ও° টিপা, হি° টিকালী)। (টিপ পরা। টাপ দেখ); সেলাইর এক এক ঘর। টিপন ··ষ্য. চাপা, মর্দন। টিপন-দাঁড়া...ষ্য. তাঁতের অঙ্গাবিশেষ, উঠা-নামা করাইবার নিমিত্ত পা দিয়া যে দাঁড়া—দণ্ড পরে পরে টেপা হয়। টেপা ··ধাতু. (টিপ ধাতু আস্তে)। টেপানা ॥ টেপা-টিপি ··ষ্য. পরস্পর টেপা, পরস্পর সঙ্কেত।

টিপারা...ষ্য. (স° ত্রিপুর হইতে)। ত্রিপুরা প্রদেশের লোক, ভাষা।

টিম্-টিম ··ব্য. (স° স্তিম ধাতু)। স্তিমিত ভাবে, প্রঃ—সভা টিম্-টিম করে—স্তিমিত, উৎসাহহীন হয়। টিম্-টিমা, টিম্-টিমিয়া···ণ. অনুজ্জ্বল, উৎসাহহীন, প্রঃ—টিম্-টিমা আলো—অনুজ্জ্বল।

টিয়া, টেয়া···ষ্য. (টি টি-টি রব করে বলিয়া টি +ইয়া—টিয়া। হি° তোতা। স° নাম শুক। প্রাচীন বা° ও বর্তমান ও° সুআ)। প্রসিদ্ধ হরিৎ বর্ণ শুক পক্ষী (Rose ringed paraquet. Palæornis torquatus)। ২১।২২ আঙ্গুল দীর্ঘ হয়। পুং পক্ষীর চোখের কাছে কৃষ্ণ রেখা, গালে গোলাপী কণ্ঠী। স্ত্রী পক্ষীর রেখা ও কণ্ঠী থাকে না।

টিয়ারি···ষ্য. (টেরি নামও আছে। ও° কণ্টী —কাঁটা আছে বলিয়া। রাঢ়ে নাম টাউর-কাঁটা। স° তুবরী শব্দ হইতে? তুবরস্তু, কষায়ে স্যাৎ—মেঃ। যে ফলে কষায় রস অধিক আছে, তাহারই একটা চলিত নাম টেরি)। কৃষ্ণচূড়াদি বর্গের বন্য অতি কণ্টকী ঝাঁপুড়া ক্ষুপ-বিশেষ (Cæsalpinia digyna)। দেখিতে নাটা গাছের মতন। শুঁটী, মসৃণ, চেপটা; দুই তিনটা বীজ থাকে। শুঁটীতে প্রচুর কষায় রস আছে। আসাম চাটিগাঁ ব্রহ্মদেশ ও বোম্বাই প্রদেশে বিস্তর জন্মে। (কণ্টী দেখ)।

টিলা ··ষ্য. (স° স্থলী হইতে। হি° টীলা)। ডাঙ্গা, পাহাড় (পূর্ববঙ্গে)। ঠিলা দেখ।

টী ··প্রত্যয়. (ব্যাকরণ দেখ। টি দেখ)। এক-সংখ্যানির্দেশে, প্রঃ—একটী টাকা চাই—অর্থাৎ দুই তিন নহে। (টি স্থানেও টী বসিয়া থাকে)।

টীন ··ষ্য. (ই° tin। স° নাম বঙ্গ, বা° রাং)। রাং-লেপা লোহার চাদর (tin-plate); দস্তা-লেপা লোহার ঢেউ তোলা চাদর (corru gated iron-sheet)।

টু, টুক, টুকু, টুকুন···প্রত্যয়. (ব্যাকরণ দেখ। তু° স° টুণ্টুক, ত্রুটি, স্তোক। স° স্তোক—হি° থোড়া)। অল্প পরিমাণে, প্রঃ—ওষুধ-টুকু; অল্প সময়-পরিমাণে, প্রঃ—একটু পরে যাচ্ছি, টুক চারি পরে (স° ত্রুটি হইতে)।

টুঁ···ষ্য. (উঁ শব্দ হইতে। ট আগম। প্রায়ই র আগম হয়, র ও ট স্থান পরিবর্তন করিতে পারে)। প্রশ্নের উত্তরে উঁ শব্দ, প্রঃ—এত বকিলাম টুঁ-শব্দ নাই।

টুআ ··ধাতু. (বোধ হয় টু-টু বা তু-তু হইতে। পালিত পক্ষী কুকুরকে তু তু শব্দে ডাকা হইয়া থাকে)। টুআই—উত্তেজিত করি, পাখীকে উড়িতে ছাড়িয়া দিই। টুআনা ॥ (টেকচাঁদে)।

টুইল...ষ্য. (ই° twill)। এমন বোনা কাপড় যে সূতার কোণা-কোণি বা তেরচা রেখা দেখায়।

টুক, টুকু...ষ্য (সং ত্রুটিঃ যথা, ত্রুটিঃ স্ত্রী সংশয়ে স্বল্পে স্বৈল্পেলা কালমানয়োঃ—মেঃ। টু দেখ)। ত্রুটি কাল, অল্প সময়, প্রঃ—একটুকু, একটু থাম, টুক চারি পরে হবে (টুক চারি প্রয়োগ বাঁকুড়ায় ও দক্ষিণ রাঢ়েও আছে)। (২) অল্প পরিমাণ (সং স্তোক, টুণ্টুক হইতে। ওং টিকিএ, হিং টুকসা)। টুক-টাক...ষ্য. (টাক উপচর শব্দ)। ছোটু খাটু (কাজ)।

টুক...ধাতু. (সং টীক ধাতু টীকা লেখা হইতে। তুং হিং টাঁকনা—লেখা, বাং টাঁকা—সেঁআ)। টুকি—স্মরণার্থে লিখিয়া রাখি, প্রঃ—কথাগুলা টুকিয়া রাখ, নতুবা ভুলিয়া যাইবে। টোকা॥ (তুং টিপ)। টোকা...ধাতু. (টুক ধাতু আস্তে)। টোকানা॥

টুক্-টুক...টক্-টক দেখ।

টুকনী...টুকরী দেখ।

টুকরা...ষ্য. (সং স্তোক—টুক+রা, টুক-রা। হিং টুকড়া)। ক্ষুদ্র অংশ, টুকরা-টাকরা...ষ্য. (টাকরা উপচর শব্দ)। কাটা ছেঁড়া ছোট খণ্ড। টুকরা করা—ছোট ছোট খণ্ডে বিভক্ত করা, খণ্ড খণ্ড করা।

টুকরী...ষ্য. (তুং হিং টোকরা—বড় ঝোড়া, টোকরী—ছোট ঝুড়ী। বাং টোকা, ওং টোকেই, শব্দ হইতে। টোকা—ছোট ঝাঁপি, টোপরের আকারের বৃষ্টি-নিবারক আচ্ছাদন। যথা, কবিকঃ, বিয়নী চালনী ঝাঁটা ডোম গড়ে টোকা ছাতা। টোকার সদৃশ—টোকারা, টোকরা; হ্রস্বে টোকরী)। বংশত্বকনির্মিত ছোট পাত্র, পাতিয়া। (অপভ্রংশে কোথাও কোথাও টুকনী, যথা, কক্ষে ঝুলি টুকনি হাতে)।

টুঙ্গা...ধাতু. (সং ত্রোটি—চঞ্চু। মং টোঁক, টোচ, টোঁচ—চঞ্চু, টোচণেঁ টোঁচণেঁ—চঞ্চুদ্বারা বেধন। হিং টুঙ্গানা, টুঙ্গারনা—চঞ্চুদ্বারা ঠোকরানা। ওং টুক ধাতু। নদীয়ায় টুক)। টুঙ্গি—(পাখীর ঠোঁট দিয়া) অল্প অল্প খাই, ঠুকরাইয়া ঠুকরাইয়া খাই, এক একটা করিয়া খাই। টোঙ্গা॥

টুঙ্গী...ষ্য. (সং তুঙ্গা—উচ্চ হইতে। ওং টুঙ্গি)। উচ্চ ও অন্য গৃহ হইতে পৃথক গৃহ, প্রঃ—নানা রত্নে নির্ম্মিত টঙ্গি শতে শতে (কৃত্তিঃ অযো), খিড়কি উত্তর ভাগে জল টুঙ্গি তার আগে (কবিকঃ)। (জল-টুঙ্গি—জলাশয়ে নির্মিত উচ্চ গোল গৃহ); পায়রা বসিবার উচ্চ মাচা (সং বিটঙ্ক)।

টুট...ধাতু. (সং ত্রুট ধাতু ছেদন, বিদীর্ণ-ভাবে। তুং সং ত্রুটিঃ—স্বল্পে)। টুটি—ন্যূন হই, স্বল্প হই, প্রঃ—টুটি যাকু জল (কবিকঃ), তোমার টুটিবে মান মোর যাবে জাতি প্রাণ (ভাঃ)। টুটা॥ টুট...ষ্য. (সং ত্রুটি)। ন্যূনতা, হানি, প্রঃ—মরাই-টুট—মরাই গোলাতে ধান রাখিলে শুখাইয়া পোকা খাইয়া যে ন্যূনত ঘটে। টুটা...ণ. বিদীর্ণ, প্রঃ—ভাঙ্গা-টুটা (হিং-তে টুটা—ভাঙ্গা)। টুটা...ধাতু. (টুট ধাতু আস্তে)। টুটানা॥ প্রঃ—আহার টুটান দেবী দিবসে দিবসে (কবিকঃ)।

টুঁটি, টুটি...ষ্য. (সং তুণ্ডি—মুখ, চঞ্চু; ত্রোটি—চঞ্চু। ওং টুণ্টি। মং টোচ, টোঁচ—চঞ্চু)। কণ্ঠ, প্রঃ—টুঁটি টিপিয়া মারা, টুঁটি ধরা—গলা বসা।

টুটি (গ্রাং)...ষ্য. (সং ত্রুটি)। ত্রুটি, কর্তব্যের হানি বা ন্যূনতা।

টুন ··টৌয়াইন দেখ।

টুন্-টুন···ব্য. টং-টং দেখ।

টুন্-টুনি···ষ্য. (টুণ্টুক, তুন্নবায়। ও° ছুঁচ-মুনিআ)। শাখাশ্রয়ী-বর্গের ক্ষুদ্র পক্ষী-বিশেষ (The Indian tailorbird. Orthotomus sutorius)। ৬।৭ আঙ্গুল দীর্ঘ, কিন্তু ডাক—টুউই-টুউই—উচ্চ। চঞ্চু ও মস্তক সমান দীর্ঘ। চঞ্চু সরু ও দীর্ঘ। এতদ্দ্বারা পাতার ধার সেলাই করিয়া বাসা নির্মাণ করে। (এই হেতু সং নাম তুন্নবায়, সৌচিক)। পক্ষ খয়রা। প্রঃ—আমি অতি ক্ষুদ্র জীব পক্ষী রাঙ্গা টুনি (চৈঃ চঃ)। (২) শাখাশ্রয়ী-বর্গের ক্ষুদ্র পক্ষীবিশেষ (The fantail warbler. Cisticola cursitans)। ভূমিচর, ঘাস ও শস্যক্ষেত্রে বেড়ায়। ৫।৬ আঙ্গুল দীর্ঘ। পুচ্ছ হ্রস্ব গোলাকার। উপরের পালখ খয়রা বা কাল, চঞ্চু ক্রমশঃ সূচল।

টুনি ··টুন্টুনি দেখ।

টুপী ··ষ্য. (হিং মং উর্দু টোপী, ও° টোপি। সং স্ফুট হইতে? তু° ফোটা—টোপা)। মাথার গোলাকার আবরণ। টুপী আলা ···ষ্য. (আলা প্রত্যয়)। টুপী মাথায় আছে যার; টুপী-বিক্রেতা।

টুব, টুব্-টুব ··ষ্য. (ডুব হইতে)। জলাদি-দ্রব্যে ক্ষুদ্র বস্তুর নিমজ্জন-শব্দে, প্রঃ—জলে ঢিল ছুড়িলে টুব করিয়া ডুবিয়া যায়। টব ··ব্য. বৃহৎ বস্তু ডুবিবার শব্দে, প্রঃ—তাল জলে পড়িয়া টব করিয়া ডুবিয়া যায়।

টুম্-টাম···ষ্য. (টাম উপচর শব্দ। টুম্—সং টুণ্টুক—স্বল্পে—মেঃ)। নগণ্য, তুচ্ছ কর্ম। টুম্টামিয়া···ণ. (ইয়া প্রত্যয়)। নগণ্য, প্রঃ—টুম্টামিয়া পূজা।

টুমুর··ষ্য. (সং তুবরিকা, তুবরী)। অড়র দেখ।

টুল···ষ্য. (ই° stool)। পৃষ্ঠহীন কাষ্ঠাসন, চউকী।

টুল্-টুল ··ষ্য. (ঢুল্‌ঢুল হইতে)। ক্ষুদ্র বস্তুর দোলনে। (২) (সং তূল হইতে)। তুলার মতন কোমল নমনীয় দ্রব্যে। (তু° তল্-তল)। প্রঃ—পাকিয়া ফুলিয়া টুল্-টুল করিতেছে।

টুলো ··ণ. টোল দেখ।

টুসকি · ষ্য. (সং ছোটিকা—বর্ণ-বিপর্যয়ে টোছিকা—টোসিকা—টোসকি। মং চুটকী)। বুড়া আঙ্গুল বেপে মাঝের আঙ্গুলে পড়িয়া শব্দ, প্রঃ—টুসকি মারা।

টুসী···ষ্য. (হিং টূসী—কলি, টূসা—অঙ্কুর)। ফলের কষী।

টেঅরা, টেওরা ··ষ্য. (সং তির্যক হইতে?)। নদী কূপ প্রভৃতি হইতে জল তুলিবার ঢেঁকী-কল। অন্য নাম লাঠা। তির্যক বাঁশ বা কাঠ উঠে নামে বলিয়া টেঅরা? (বাঁকুড়ায় নাম)।

টেক সই ··ণ. (টিক ধাতু দেখ)। টেকা—থাকা সহিতে পারে যাহা, স্থায়ী, প্রঃ—কাপড় দেশী হইলেই টেকসই হয় না।

টেঁক ··ষ্য. (সং টঙ্ক—খড়্গ-কোষ। টঙ্ক—টাঁক—টেঁক। তু° ও° অণ্টা—সং কটি)। কটিবস্ত্রে কোষ, প্রঃ—টেঁকে টাকা রাখা নিরাপদ নয়, টেঁক-ঘড়ী ··যে ছোট ঘড়ী টেঁকে রাখিতে পারা যায়। (২) নদীর বাঁকের মধ্য ভাগ। টেঁক-খর ··ণ. (সং

টঙ্ক—কোপ, খর—কর্কশ)। কোপে কর্কশ, টাকা-প্রাপ্তি-বিষয়ে কর্কশ, চাহিবামাত্র টাকা পাইতে ইচ্ছা করে যে। (সং টঙ্ক শব্দের অনেক অর্থ আছে ; যথা, টঙ্কো নীল কপিখে চ খনিত্রে টঙ্কণেঽস্ত্রিয়াম্। জঙ্ঘায়াং স্ত্রী পুমান্ কোষে কোপাঁসিগ্রাৱদারণে—মেঃ। বোধ হয় খনিত্র, টাঙ্গীর আকার হইতে নদীর টেঁক বলা হয়)।

টেকাঁ ··ষ্য. (টিক ধাতু দেখ)। স্থিতি, থাকা।

টেকো ··ষ্য. (সং তর্কু। ও° টাকু, হিং টুকৱা। তর্কু হইতে টাকু হইবার কথা। টাকু হইতে টাকো—টেকো হইতে পারে। বোধ হয় টাকু+উয়া—টাকুয়া—টেকো মনে করা ঠিক)। চরকার লৌহ-শলা।

টেকো ··ণ. (টাক+উয়া)। যার মাথায় টাক আছে।

টেক্কা ··ণ. (সং এক হইতে। একক—এক্কা—টেক্কা। ট আগম)। প্রথম, অদ্বিতীয়।···ষ্য. উৎকর্ষ, প্রতিদ্বন্দ্বিতা, প্রাঃ—টেক্কা দেওয়া—প্রথম হওয়া ; প্রথম তাস।

টেক্স (গ্রা° টেস্ক)···ষ্য. (ই° tax)। রাজকর। টেক্স-দারোগা ··(দারোগা দেখ)। টেক্স-আদায়কারী কর্মচারী।

টেঙ্গারা···ষ্য. (সং ত্রিকণ্টক। ও° কণ্টিআ। তেলুগু শেঙ্গাল অর্থাৎ শৃঙ্গাল—শৃঙ্গ-বিশিষ্ট ?)। অশকলা মৎস্যবিশেষ (Macrones vittatus)। কাদার মাছ, ৯।১০ আঙ্গুল দীর্ঘ হয়। লালচিয়া, কদাচিৎ কাল হয়। গায়ে পাঁচটা লম্বা ডোরা থাকে। দুইপাশে দুই এবং পিঠে এক কাঁটা আছে বলিয়া ত্রিকণ্টক নাম। ক্রুদ্ধ হইলে পিঠের পাখনা দাঁড়াইয়া উঠে ; এবং মাছটা কোঁ-কোঁ শব্দ করিতে থাকে। কাবাসিয়া টেঙ্গারা ··শাদা বলিয়া কাবাসিয়া অর্থাৎ কার্পাসবর্ণ। বড় হইলে নাকি একহাত দীর্ঘ হয় (Macrones cavasius)।

টেঙ্গা ··ষ্য. (বাঁকুড়ায় নাম)। জল তুলিবার লাঠা কল। (টেঅর দেখ)।

টেঁ-টেঁ ··ব্য. (অনুকার শব্দ। তু° চেঁ-চেঁ, চিঁ-চিঁ)। সদ্যজাত শিশুর ক্রন্দন-ধ্বনিতে। টে-টেঁ আনা, টেঁটেঁ আনি॥

টেড়া ··ণ. (সং তির্যক। ও° ঠেড়া। তেড়া দেখ)। তির্যক, বক্র, প্রাঃ—টেড়া কাঠ ; ক্রোধন, দুঃশীল, প্রাঃ—টেড়া মেজাজ (হিং টেৱা)। টেড়া-বাঁকা ··ণ. (প্রায় সহচর শব্দ)। তির্যকভাবে বাঁকা। টেড়ি ··টেরি দেখ।

টেনা···ষ্য. (সং তন্ত্র হইতে তানা, টানা। শূং-পুরাণে টানা—সূতা ; ও° টনা। ঢাকায় তেনা)। ক্ষুদ্র বস্ত্র, বস্ত্রখণ্ড ; ছোট ছেঁড়া কাপড়, নেকড়া, প্রাঃ—শতগাঁটি ছিঁড়া টেনা করি পরিধান (ভাঃ)।

টেপা ··টিপ ধাতু দেখ।

টেপারি ··ষ্য. (ই° strawberry নাম হইতে ? ফল টেপা যায় বলিয়া টেপারি নাম বোধ হয় না)। বঙ্গানাদি বর্গের বর্ষায়ু ফলশাক বিশেষ (Cape gooseberry. Physalis peruviana)। ফল ছোট, বেগুনের মতন বহুবীজ, কিন্তু অশ্বগন্ধার ফলের মতন ফুলের বহিচ্ছদে আবৃত থাকে। এই গাছ বিদেশী, পেরুদেশের ; বন্য টেপারিও আছে, কদাচিৎ দেখিতে পাওয়া যায়।

টেপির···ষ্য. (ই° tapir)। আমেরিকার খুলচর্ম হ্রস্বগল দীর্ঘ-ওষ্ঠ চতুষ্পদবিশেষ।

টেবিল···ষ্য. (ই° table)। পাদবিশিষ্ট কাষ্ঠ প্রস্তরাদির পট্ট, মেজ; পদক বা সারণী।

টেবো···টাবা দেখ।

টেয়া···টিয়া দেখ।

টের ··ষ্য. (স° তীর—নদীকূল)। প্রান্ত, প্রঃ —গাঁয়ের এক টেরে ঘর।

টের ··ষ্য. (স° তীর্থ হইতে। তু° ঠার। স° তীর্থ শব্দের নানা অর্থ আছে; তন্মধ্যে শাস্ত্র উপায় আদি বা উৎপত্তি, পথ—মেঃ)। ইঙ্গিত, সন্ধান, প্রঃ—'ক্রোধ হলে মৌন ভাব কেহ টের পায় না।' হাসনে দিলেক টেরা মাহুদ্যা পাত্র (মাঃ)—মাহুদ্যা (মহামদা) পাত্র হাসন নামক সেনা-পতিকে টেরা দিলেক—ঠার করিল। টের-টার ··(টার উপচর শব্দ)। টের।

টেরচা···টেড়চা দেখ।

টেরা···ণ. (স° টেরক। হি° টগরা, ও° টেরা। স° তুণ্ডীকেরী হইতে টেরক ?)। বক্রচক্ষু (quinsy)।

টেরি ··ষ্য. (স° তির্যক হইতে। টেড়া দেখ)। তির্যক সীমন্ত, মাথার চুলের তির্যক বিন্যাস (টেরি কাটা)।

টেরী···টিয়ারী দেখ।

টেরেন, টেন···ট্রেন দেখ।

টেরেম, টেম ··ট্রাম দেখ।

টেলিগ্রাফ, টেলিগেরাপ (গ্রা°)···ষ্য. (ই° telegraph)। তার-যোগে সংবাদ।

টেলিফোন···ষ্য. (ই° telephone)। তার-যোগে কথাবার্তা।

টেঁস···ণ. (টস হইতে ? টেঁস-টেঁসা দেখ)। রসিক, প্রঃ—টেঁস ফিরিঙ্গী—যে ফিরিঙ্গী ইংরেজীতে অনর্গল রসিকতা করে—(উপ-হাসে) অর্থাৎ পারে না।

টেঁস-টেঁস···ব্য. (টস্-টস দেখ। টস্-টস হইতে অশিষ্টতা ও গ্রাম্যতায় টেঁস্-টেঁস)। রসপূর্ণ ভাবে, প্রঃ—টেঁস্-টেঁস করিয়া কতকগুলা কথা শুনাইল—এমন রস দিয়া যে তাহাতে ক্রোধ জন্মে। টেঁস্-টেঁসা, টেঁস্-টেঁসিয়া···ণ. (আ, ইয়া, প্রত্যয়)। রসযুক্ত, ছল-পূর্ণ, প্রঃ—টেঁস্-টেঁসা কথা।

টৈ-টম্বুর···টই-টম্বুর দেখ।

টোকরী ··টুকরী দেখ।

টোকা···ষ্য. (? স° রক্ষা হইতে ? তু° টোকরী, টুকরী, ও° টোকেই। ও° টোকা)। বৃষ্টি-নিবারক গোলাকার ছোট আচ্ছাদন, ঝাঁপি, প্রঃ—বিয়নী চালনী ঝাঁটা ডোম গড়ে টোকা ছাতা (কবিকঃ)।

টোকা···ষ্য. (টক্-টক ধ্বনি হইতে)। টক্-টক ধ্বনি করিয়া আঘাত, প্রঃ—কপাটে টোকা মারা—আঙ্গুল দিয়া মৃদু আঘাত করা।

টোকা···টুক ধাতু, টুঙ্গা ধাতু দেখ।

টোঙ্গা···ষ্য. (স° তুঙ্গা। তু° টঙ্গা, টুঙ্গী)। উচ্চ অল্পভূমিখণ্ড। টোঙ্গী, টুঙ্গী··· টোঙ্গা অপেক্ষা অল্প-পরিসর ভূমি। এই ভূমি প্রায়ই শূচ্যাকার।

টোঙ্গার, টোঙ্গারা ··ণ. (প্রকৃতিবাদ অভিধানে, "টোঙ্গার—তোমর—তৈমুর শব্দজ"; টোঙ্গার-সদৃশ—টোঙ্গারা)। ম্লেচ্ছভাবাপন্ন, কু-চরিত্র, মন্দ, প্রঃ—টোঙ্গার লোক, টোঙ্গার জমি—অনুর্বর।

টোটকা ··ষ্য. (সং তৎকাল হইতে বাং টাটকা; টোটকা শব্দ টাটকা শব্দের রূপান্তর। টাটকা-টোটকা, টোটকা-টোটকী, দুই রূপ আছে। হিং-তে টোটকা—অর্থে মন্ত্র। সং তন্ত্র হইতে টোটকা ?)। তৎকাল ফল পাইবার ঔষধ বা মন্ত্র। টোটকা-টোটকী···ষ্য. (টোটকী উপচর শব্দ)। টোটকা।

টোটা···ষ্য. (সং চূত—আম্র—হইতে চূতা—তোতা—টোটা। ওং তোটা)। আম্রফলোদ্যান, প্রঃ—দুইদিকে টোটা সব যেন বৃন্দাবন (চৈঃ চঃ)। (অপ্রচলঃ)।

টোটা ··ষ্য. (সং ত্রুটি হইতে ?)। আখ-গাছের অভ্যাপাত-বিশেষ। কীটের দ্বারা ছোট ছোট গাছের কলি নষ্ট হয়। এই কীট বা পোকা শাদা দুর্গন্ধ।

টোটা···টুট ধাতু দেখ।

টোটা ··ষ্য. (?)। বন্দুকের কার্তুস।

টো-টো···ব্য. (সং অট ধাতু ভ্রমণে। তুং সং অটাট্যা)। উদ্দেশ্যহীন ভ্রমণ, প্রঃ—টো-টো করিয়া রোদে বেড়ায়, (প্রায়ই বলা যায়, বোলে)।

টৌড়ী···টোরী দেখ।

টোপ···ষ্য. (সং লোভ হইতে। ল স্থানে ড-ট হইতে পারে। তুং লোভের নিকটে যদি ফাঁদ পাতা যায় (ভাঃ)। ওং থোপ, হিং টোপ। মং নাম আমিষ)। মৎস্যাদি ধরিবার আমিষাদি লোভ। কথায় (অশিষ্ট), টোপ ধরে না ঠোকরায়—ছলনা করে।

টোপ ··ষ্য. (সং স্ফুট হইতে ফোটা, ফোটা শব্দের বর্ণ-বিপর্যয়ে টোপা ?)। বুদ্‌বুদ, বুদ্‌বুদ আকারে স্ফীত অঙ্গ। টোপনা ···ষ্য. সেকরা যে বিঁধনী দ্বারা টোপ তুলে। টোপসা···ণ. (টোপ+সা—সাদৃশ্যে)। টোপ—স্ফীত বুদ্‌বুদ-সদৃশ। টোপা ··ষ্য. বুদ্‌বুদ, প্রঃ—টোপা-টোপা বৃষ্টি, টোপা-পানা—পানা দেখ।

টোপর ··ষ্য. (টোপ+র হইতে ? সং ত্রপু—রাং। ত্রপু—তাপুর—তোপর—টোপর ?) বরের মাথার মুকুট, রাংতা (ও সোলায়) নির্মিত ত্রাপুষ (সং)।

টোপা ··টোপ দেখ।

টোয়াইন, টুন ··ষ্য. (ইং twine)। পাক-দেওয়া সূতা।

টোরী ··রাগ-রাগিণী দেখ।

টোরী ··ষ্য. (সং তুবরী ইতি তোরী—ভাবপ্রকাশে)। সর্ষপ-বিশেষ।

টোল···ষ্য. (সংস্কৃত নহে। ওং মং-তে নাই, সে সে ভাষায় মঠ, চৌপাড়ী। হিং টোল—সভা, মণ্ডলী। হিং টোলা—পটী। সং তল, স্থল হইতে টল, টোল। তুং টোলা)। সংস্কৃত-বিদ্যালয়। টোলুয়া, টুলো ··ণ. (টোল+উয়া)। টোলে শিক্ষিত, টোল-সম্বন্ধীয়।

টোল ··ষ্য. (সং তল। ওং টোলা)। তৈজস পাত্রাদিতে জাত তল বা নিম্ন অংশ। টোল খাওয়া, পড়া—তৈজস পাত্রের কোন অংশ বসিয়া যাওয়া।

টোল ··ষ্য. (ইং toll)। পথ কিংবা শাঁকো দিয়া যাইবার অনুমতির মূল্য।

টোলা ··ষ্য. (সং তল। হিং)। পল্লী, নগরের পাড়া। টোলী, টুলী ··(টোলা+ঈ)। ছোট পল্লী।

টোসকি, টুসকি···ষ্য. (সং ছোটিকা। টুসকি

দেখ)। অঙ্গুলি-স্ফোটন। (হাই উঠিলে তুড়ি বা টুসকি দেওয়া নিয়ম আছে। কারণ অন্যমনস্ক হইয়া হাই তুলিলে কখন-কখন নীচের চোয়াল এত অধিক নামিয়া যায় যে তাহা সহজে উপরে উঠে না। হাই তুলিবার সময় দুই আঙ্গুল একত্র করিতে করিতে চোয়ালেরও অনুরূপ ক্রিয়া স্মরণ হয়, তখন বিপদের শঙ্কা থাকে না)।

ট্রাম···ষ্য. (ই° tramway)। লোহার রেলে চালিত ঘোড়ার গাড়ী।

ট্রেজারি, তেরেজারি··ষ্য. (ই° treasury)। সরকারী কোষ।

ট্রেন··ষ্য. (ই° train)। রেল-গাড়ীর শ্রেণী, রেল-গাড়ী।

ঠ।

ঠ···ষ্য. (স°)। ব্যঞ্জন বর্ণ, অক্ষর বিশেষ।

ঠক, ঠক্-ঠক···ব্য. (স° স্তক, ষ্টক ধাতু প্রতিঘাতে)। কঠিন বস্তুর প্রতিঘাতশব্দে, প্রঃ—নাইর উপর হাতুড়ী পিটিলে ঠক্-ঠক শব্দ হয়, শীতে দাঁতে দাঁতে ঠক্-ঠক করিয়া কাঁপে। লক্ষণায়,দুই দ্রব্যের ঘাত-প্রতিঘাত, প্রঃ—বাড়ীতে টাকা ঠক্-ঠক করিতেছে। ঠক্-ঠকি···ষ্য. যাহা ঠক্-ঠক করে। ঠক্-ঠকি তাঁত···যে তাঁত চালাইবার সময় ঠক্-ঠক শব্দ হয় (মাকু চালাইবার মেড়া ধারের কাঠে মাথা ঠোকাতে ঠক্-ঠক শব্দ হয় (Fly-shuttle loom)। ঠক্-ঠকি···কঠিন ব্যাপার। ঠক্-ঠকানি···ষ্য. ঠক্-ঠক ধ্বনি। ঠুক্-ঠুক···ব্য. ছোট কঠিন বস্তুর মৃদু প্রতিঘাত শব্দে। ঠুক ধাতু দেখ।

ঠক··ধাতু. (স° স্থগ, ষ্টগ ধাতু গোপনে)। ঠকি—প্রতারিত হই, প্রঃ—কাপড় কিনিতে বেশ ঠকিয়াছে; ক্লান্ত হই, প্রঃ—কাঠ চেলাইতে চেলাইতে ঠকিয়া গিয়াছে। (ও° থক ধাতু)। ঠকা, ঠকন॥ ঠকা···ধাতু. (ঠক ধাতু আস্তে)। ঠকানা॥ ঠকা-ঠকি···ষ্য. পরস্পর প্রতারণা, দুরূহ কাজ। ঠকানিয়া ··ণ. (ঠকান+ইয়া)। যাহাতে ঠকায়, প্রঃ—ঠকানিয়া কথা, কাজ। ঠক, ঠগ···ষ্য. (স° স্থগ—ধূর্ত)। ধূর্ত; ধূর্ত দস্যু, নরহন্তা; প্রঃ—ঠেকেছে ঠকের ঠাঁই আর যায় কোথা (মাঃ)। দৃষ্টান্তে, ঠক বাছিতে গাঁ উজাড়—দলের সবাই ধূর্ত। ঠকামি··ষ্য. (ঠক+আমি)। ঠকের বৃত্তি, কাজ।

ঠগ··ঠক দেখ। ঠগী··ণ. (ঠগ+ঈ)। ঠগ— ধূর্ত-নরহন্তা-সম্বন্ধীয়, ঠগ-দমন-সম্বন্ধীয়।

ঠং-ঠং···ব্য. (অনুচর শব্দ)। কাংস্য বাদ্যে। ঠন্-ঠনানি॥

ঠনকা···ষ্য. (স° স্তন+বা° কা। তু° স্তন হইতে হি° থন)। দুধের চাপে প্রসূতীর স্তন-পীড়া। (কোথাও কোথাও থুমকা বলে)।

ঠন্-ঠন···ব্য. (অনুচর শব্দ)। কাংস্য পাত্রাদির আঘাত শব্দে। ঠন্-ঠনানি॥ ঠুন্-ঠুন···ব্য. ক্ষুদ্র লঘু কাংস্যাদির আঘাত শব্দে, প্রঃ—ঝাড়ের কলম ঠুন্-ঠুন করে। ঠুনকা···ণ. (ঠুন+কা)। ঠুন করিয়া ভাঙ্গে যাহা, ভঙ্গুর, প্রঃ—ঠুনকা কাঁচ।

ঠমক···ষ্য. (স° থাম হইতে? ঠাম দেখ। থমকা ধাতু দেখ। হি° ঠুমক)। তালে তালে নৃত্য, চলন; হাবভাব-সহ গতি-ভঙ্গি (থামিয়া থামিয়া চলন হইতে?

নৃত্যের সময় পায়ের ঘুঙ্ঘুরের ঠুন্-ঠুন শব্দ হইতে ? তু° হি° টমক—তাল ঠুংরী)। ঠমক …ষ্য. বাদ্যযন্ত্র-বিশেষ।

ঠর্-ঠর…ব্য. (থর্-থর দেখ)। কম্পে, প্রঃ—রাগে ঠর্-ঠর করিয়া চলিয়া গেল—ক্রোধে কাঁপিতে কাঁপিতে। ঠর্-ঠরানি ॥

ঠা ··ষ্য. (স° দৃষ্টি। তু° ঠাওর)। দৃষ্টি, সম্মুখ ; প্রঃ—ঠায় জিনিসটা আছে দেখিতে পাওনা ?

ঠা ··ষ্য. (স° স্থান—ঠান—ঠাঁই—ঠা। তু° ও° ঠা)। স্থান, এক স্থান, প্রঃ—হাত পা ভাঙ্গিবে যেন বসে থাকে ঠায় (মাঃ) ; ঠায় ঠায় জল দাঁড়াইয়াছে—স্থানে স্থানে। ঠাঁই দেখ।

ঠা…ব্য. (স° স্থা ধাতু)। স্থির বা ধীর-ভাবে, মন্দ মন্দ, প্রঃ—ঠা বাজানা। ঠা-ঠা দেখ।

ঠাই…ব্য. (স° ষ্ঠৈ ধাতু শব্দে)। ঠা-শব্দে, প্রঃ—ঠাই করিয়া চড় মারিল।

ঠাঁই ··ষ্য. (স° স্থান। স°প্রা° ঠাণ—প্রঃ—কহ জননীর ঠান (জ্ঞানদাস); প্রাচীন বা° ঠাঞি)। স্থান ; ভোজনস্থান, প্রঃ—ঠাঁই করা (ও° ঠা করা)। ঠাঁই-নাড়া ··ণ. ষ্য. স্থান পরিবর্তিত ; এক স্থান হইতে অন্য স্থানে অস্থায়ী বাস। ঠাঁইএ, ঠিঁএ ··স্থানে, নিকটে, প্রঃ—আমার ঠাঁইএ, ঠিঁএ এখন পয়সা নাই। (প্রাচীন ঠাঞি, প্রঃ—পসারীর ঠাঁঞি অন্ন (চৈঃ চঃ)—ঠাঁই—নিকটে।

ঠাওর, ঠাঅর, ঠাহর ··ষ্য. (স° দৃষ্টিগোচর হইতে ? দৃষ্টি—ইঠি—ঠি—ঠা ; গোচর—ওচর—ওঅর। দৃষ্টিগোচর—ঠা-ওর ঠা-অর। হ আগমে ঠাহর। হি° ঠহরনা, ও° ঠউরিবা—স° স্থির হইতে, অর্থ থাকা। তু° বা° ঠার)। দৃষ্টিগোচর, অনুভব, প্রঃ—রাত্রে পথ ঠাওর হইল না, ঠাওর করিয়া দেখা—নিরীক্ষণ করা। ঠাওরা…ধাতু. ঠাওরাই—দৃষ্টিগোচর করি ; অনুভব, অনুমান করি। ঠাওরানা ॥

ঠাকরণ ··ঠাকুরাণী দেখ।

ঠাকুর ·ষ্য. (স° ঠক্কুর—অর্বাচীন স°। তু° হি°তে ঠাকুর—নাপিত, ঠাকুরাণী—নাপিতিনী। ও° ঠাকুর—দেবতা)। আর্য, প্রভু, কর্তা, প্রঃ—দানীর ঠাকুর (জ্ঞানদাস); ব্রাহ্মণ, প্রঃ—বামুন ঠাকুর ; দেবতা, প্রঃ—ঠাকুর-দেবতা (সহচর শব্দ); পিতা, প্রঃ—পিতা-ঠাকুর (সহচর শব্দ), বাপের ঠাকুর ··পিতার পিতা ; শ্বশুর, প্রঃ—ঠাকুর-জামাই ··শ্বশুরের জামাই ; পাচক-ব্রাহ্মণ (কলিকাতায় আধুনিক প্রয়োগ)। ঠাকুরাণী, ঠাকুরণ ··ষ্য. (ঠাকুর স্ত্রী°)। মান্যা নারী, ব্রাহ্মণী, গুরুপত্নী, দেবী। ঠাকুরালী, ঠাকুরাল…ষ্য. (ঠাকুর+আলী। তু° চতুরালী)। ঠাকুরের যোগ্য ব্যবহার। ঠাকুর-ঠুকুর…ষ্য. (ঠুকুর—উপচর শব্দ)। ঠাকুর। ঠাকুর-বাড়ী…ষ্য. দেবতা-বাটিকা। ঠাকুর-মাঁড় ··ষ্য. (স° মণ্ডপ—মাঁড়)। দেবমণ্ডপ। ঠাকুর-সেবা…ষ্য. দেবপূজাদি। ঠাকুরের দুয়ার ধরা—দেবতার আশ্রয়-লাভেচ্ছায় ঠাকুর-মণ্ডপের দ্বার গ্রহণ করা,ঠাকুর অভীষ্ট-সিদ্ধি করিবেন এই বিশ্বাসে থাকা। ঠাকুর-দুঁড়য় হত্যা দেওয়া—অভীষ্ট-লাভের আশায় ঠাকুরের নিকট অনাহারে আত্মহত্যা করা, অনাহারে পড়িয়া থাকা। ধন্না দেওয়া—ধরণা—স° ধারণা—আত্মসমর্পণ করা। ঠাকুরের ভর হওয়া—ঠাকুরের আবির্ভাব

হওয়া। ইহার পূর্বলক্ষণ, যে ব্যক্তিকে ভর হয় সে নিরন্তর মাথা চালে, নির্বাক হইয়া থাকে, কদাচিৎ বিড়্‌বিড় করিয়া বকে, ইত্যাদি। ঠাকুর ··পিতা; শ্বশুর এবং শ্বশুরের ভ্রাতা। ঠাকুর-জামাই ··শ্বশুরের জামাই, ননদীর স্বামী। ঠাকুর-ঝী ··শ্বশুরের ঝী, ননদী। ঠাকুর-পো ··শ্বশুরের পুত্র, দেবর। ঠাকুর-দাদা···ঠাকুর-তাত, মান্য তাত, পিতামহ, মাতামহ। (সম্বোধনে প্রায়ই দাদামশায়)। ঠাকুর-মা···পিতার মাতা, (সম্বোধনে প্রায়ই, দিদী কিংবা দিদী-মা; মাতার মাতা—আয়ী)। ঠাকুরণ-দিদী···ঠাকুরাণী দিদী, মান্যা ভগিনী। ঠাকুরাণ ··ষ্য. (ঠাকুরালী শব্দের অপভ্রংশে)। ঠাকুরালী, প্রঃ—এ তোমার কোন ঠাকুরাণ (জ্ঞানদাস)—অপ্রচলঃ।

ঠাট ··ষ্য. (সং স্থিতি হইতে। ওং ঠাটু)। (১) স্থিতি, আধার, প্রঃ—মাটির প্রতিমার ঠাট অর্থাৎ কাঠাম। (২) সেতার বীণা প্রভৃতি যন্ত্রের পর্দা বা সরণী-সমূহের বিশেষ স্থিতি। অচল ঠাট ··যে যন্ত্রের (যেমন বীণার) পর্দা বা ঘাটি সরাইতে হয় না। সচল ঠাট ···যে যন্ত্রের (যেমন সেতারের) পর্দা বা ঘাটি সরাইতে হয়। (৩) সৈন্যশিবির, প্রঃ—কুড়ে ঠাট ডুবিল তাম্বুতে এল বান (ভাঃ)। (৪) সৈন্যদল, প্রঃ—(কবিকঃ), রামের ঠাট (কৃত্তিঃ), ডাকে ঠাট কাট কাট মালসাট মারে (ভাঃ) (ওংতে সৈন্যদল)। (৫) যাত্রা, লোকশ্রেণী, প্রঃ—বরযাত্র ঠাট (কবিকঃ)। (৬) সমাবেশ-শোভা, প্রঃ—করনখ চাঁদের ঠাট, বংশী উপর করে নাট (চৈঃ চঃ)। (৭) রীতি, ভঙ্গি, প্রঃ—আগো মেনে একি ঠাট ঠাটে কহে হীরা (রামপ্রসাদের বিদ্যাসুন্দরে); আছিল বিস্তর ঠাট প্রথম বয়সে (ভাঃ); ঠাকুরের ঠাট দেখে জ্বলে যায় গা (মাঃ); বংশের পুরাতন ঠাট বজায় রাখা। ঠাট করা—অঙ্গ বা বাক্যভঙ্গি করা (ঠাট্টা ?)।

ঠাটা (গ্রাং) ··ষ্য. ঠাট্টা দেখ। উপহাস।

ঠাটারী ··ষ্য. (সং স্থালকার। ওং থঠারী, হিং থটেরী)। থালা-বাটী-নির্মাণকারী কাঁসারী (বাংতে অধিক প্রচলঃ নহে)।

ঠাট্টা···ষ্য. (সং টট্টরী; যথা, টট্টরী স্যান মৃষাবাদে—মেঃ। হিং ঠট্টা, ওং ঠটা। কৃত্তিবাসে (লং) ঠাটা। উপহাস। ঠাট্টা-বিদ্রূপ···ষ্য. (সহচর শব্দ)। উপহাস ও অঙ্গভঙ্গি। ঠাট্টা-বাজি ··ষ্য. উপহাস। ঠাট্টা বাটখারা··· (বাটখারা ?)। উপহাস, ঠাট্টা-তামাসা।

ঠা-ঠা ··ব্য. (সং স্থা ধাতু)। স্থিরভাবে,থাকিয়া-থাকিয়া, মন্দমন্দ, প্রঃ—ঠা-ঠা চলা, ঠা-ঠা ঢেঁকীতে পাদ-দেওয়া; বাঁয়াতে ঠা ঠা আঘাত।

ঠাড় ··ণ. (সং স্থির হইতে। হিং ঠহরনা—থাকা)। স্থির, প্রঃ—রঘু ভিক্ষা লাগি ঠাড় না হয় সিংহদ্বারে (চৈঃ চঃ)। (অপ্রচলঃ)। ঠার ধাতু দেখ।

ঠাণ্ডা ··ণ. (হিং ঠণ্ডা। সং শান্ত হইতে ? ওং ঠাণ্ডা)। শান্ত, প্রঃ—ঠাণ্ডা মেজাজ, রাগ ঠাণ্ডা করা—দমিত, নিবৃত্ত, শীতল, প্রঃ—হাত পা ঠাণ্ডা, ঠাণ্ডা জল। ষ্য. শৈত্য, গ্রীষ্মাভাব, প্রঃ—ঠাণ্ডায় ঠাণ্ডায় যাওয়া—সকালে-সন্ধ্যায়; শরদী, প্রঃ—ঠাণ্ডা লাগা। ঠাণ্ডাই ··ষ্য. (হিং ঠণ্ডাই)। শীতলতা, যে পানীয় দ্বারা দেহ শীতল হয়

ঠাম ··ষ্য (সং ধামন্—ধাম। ধাম দেহে গৃহে রশ্মৌ স্থানে জন্মপ্রভাবয়োঃ—মেঃ)। দেহ, প্রঃ—কাহাঁ সে ত্রিভঙ্গ ঠাম কাহাঁ সেই বেণুগান, কাহাঁ সেই যমুনাপুলিন (চৈঃ চঃ); গৃহ, স্থান, প্রঃ—হাম নাহি যাওব সো পিয়াঠাম (বিদ্যাপতি), প্রভাতে উঠিয়া ভয়ভীত হৈয়া আসিলা রাধার ঠাম (চণ্ডীঃ)। সুঠাম ··ণ. সুদেহ, সুষ্ঠু। (ধাম —ধামক হইতে ঠমক?—প্রভাব?)

ঠার ··ধাতু. (সং স্তৃ, স্তৄ—আচ্ছাদনে। ওং ঠার ধাতু। হিং মংতে বাং অর্থে নাই)। ঠারি—চোখের পাতা দিয়া চোখ আচ্ছাদন করি, চোখ দিয়া ইঙ্গিত করি, ইঙ্গিত করি। ঠারা॥ প্রঃ—আঁখি ঠারা, চোখ ঠারা। ঠার ··ষ্য. ইঙ্গিত, চক্ষু-হস্ত দ্বারা ইঙ্গিত, হাব। ঠেরা, দেখ। ঠার-ঠোর ·· (ঠোর—উপচর শব্দ। ঠুলি দেখ)। ঠার, প্রঃ—ঠারে-ঠোরে কথা কহা।

ঠার ··ধাতু. (সং স্থল ধাতু গতিনিবৃত্তি। হিং ঠহর ধাতু)। ঠারি—স্থির হই, প্রঃ—ঠারি রহল তাহাঁ যাই (জ্ঞানদাস)। ঠারা॥ (অপ্রচলঃ)। ঠাড় দেখ।

ঠাশ···ব্য. (সং ঠৈ ধাতু শব্দে। ঠা-শব্দ—ঠাশ)॥ ঠা-শব্দে, প্রঃ—ঠাশ করিয়া চড় মারা। ঠাই দেখ।

ঠাস ··ধাতু. (সং স্তন্ভ, স্তৃন্ভ; স্তুভ ধাতু রোধে। ঠুস দেখ। ওং ঠেঁস, হিং ঠাস, মং ঠস ধাতু)। ঠাসি—জড়ীকৃত, রুদ্ধ করি, নিবিড় করি, চাপ দিয়া প্রবেশ করাই, প্রঃ—বালিশের খোলে তুলা ঠাসা। ঠাসা॥ ঠাসা-ঠাসি···নিবিড়, পরস্পর গাত্র-ঘর্ষণ। ঠাস, ঠাসা···ণ. নিবিড়, ঘন, প্রঃ—কাপড়ের ঠাস বুনন, ঘরে ঠাসা মাল। ঠাসা···ধাতু. (ঠাস ধাতু আস্তে)। ঠাসানা॥

ঠাসা ··ষ্য. (সং স্থাসক—জলবুদ্‌বুদ—হেমঃ) হিং ঠপ্পা, ওং মং ঠসা)। লোহা কিংবা কাঁসার ছাঁচ বা নক্‌সা যাহার উপরে সোনা রূপার পাত রাখিয়া পিটিয়া সেকরা পাতের আকার ঠাসার অনুরূপ করে (ইং die)।

ঠিঁ (গ্রাং) ··ঠাঁই দেখ।

ঠিক ··ধাতু. (সং স্থগ ধাতু সংবৃতি, গোপন। ঠক, ঠেক ধাতু দেখ)। ঠিকি—গতি রুদ্ধ হই, প্রঃ—চলে কি বাহনে ঠিকে কোন স্থানে (চণ্ডীঃ)। ঠিকিয়া শেখা—ঠকিয়া শেখা (ঠক ধাতু দেখ)। ঠেকা॥ ঠিক ·· ণ. স্থিত, স্থাপিত, স্থির; যোগ্য, স্বাভাবিক; সমান, রীতিমত, সম্পূর্ণ; সত্য, নিরূপিত। বিঃ—বে-ঠিক। ঠিক করা—স্থিত, স্থির, সম্পূর্ণ করা। ঠিক দেওয়া—স্থিতি দেখা, মোট করা। ঠিকে ভুল—সমষ্টিতে ভুল। ঠিকা ···ণ. স্থিরীকৃত, নির্দিষ্ট কালের নিমিত্ত নিযুক্ত। ঠিকা দেওয়া—বেতন নিরূপিত করিয়া কাজ করিতে দেওয়া। ঠিকা-দার··· ষ্য. (ফাং দার)। যে ঠিকায় কাজ লয়। ঠিকা-দারি...ষ্য. ঠিকা-দারের কাজ। ঠিকজী ···ষ্য. (ঠিক+পঞ্জী)। যে পত্রে জন্মকাল স্থির করিয়া লেখা থাকে, সংক্ষিপ্ত জাতক-পত্র। ঠিকা ··ধাতু. (ঠিক ধাতু আস্তে)। ঠিকাই, ঠেকাই—স্থিতি করাই, স্থির করাই। ঠিকানা, ঠেকানা॥ ঠিকানা···ষ্য. স্থান, আবাস, সীমা (তুং হিং ঠীক—ঘর) ; সংস্থান, জোগাড়, আয়োজন। ঠিক-ঠিকানা ···ষ্য. কূল-কিনারা; নিদর্শন, চিহ্ন। ঠিক-

ঠাক···(ঠাক উপচর শব্দ)। ঠিক, নিরূপিত, নির্দিষ্ট।

ঠিকর··ধাতু (তু° ঠোকর—বাধা। ঠক্-ঠক দেখ। সং স্তক, ষ্টক ধাতু প্রতিঘাতে হইতে?)। ঠিকরি—বাধা পাইয়া বিক্ষিপ্ত হই, প্রঃ—ইটটা কাঠে ঠিকরিয়া মাথায় পড়িল, রোদে চোখ ঠিকরিয়া যায়—যখন চোখে বস্তু দর্শন হয় না। ঠিকরা॥ ঠিকর··· ণ. তীক্ষ্ণ, প্রঃ—ঠিকর দুপর বেলা।

ঠিকরা···ষ্য. (স্থিতি-করা হইতে? টুকরা হইতে?)। যে মৃৎ বা কঙ্কর-খণ্ড ছিদ্র পথে অধোগমন রোধ করে, যেমন তামুক খাবার কলিকার ঠিকরা—মাটির গুলী যাহা তামুককে স্থিতি করায়। চৈঃ চঃ-তে ঠিকারি—খোলা ভাঙ্গা। ঠিকরী···ষ্য. (ঠিকরা+ঈ)। ছোট ঠিকরা। ঠিকরা কলাই·ষ্য. শিম্বাদি বর্গের প্রায় বন্য কলাইবিশেষ। মাষকলাই তুল্য, কিন্তু, কৃষ্ণবর্ণ ছোট। ভাল সিদ্ধ হয় না বলিয়া নাম। (মাষকলাই আকৃষ্ণ)।

ঠিল···ধাতু. (সং স্থল ধাতু গতি। বাং ঠেলা ও° ঠেলিবা হিং ঠেলনা। মং ঠেল—প্রচুর। প্রায়ই ঠেল ধাতু শোনা যায়)। ঠিলি—চালনা, প্রেরণ করি, প্রঃ—ঠেলে মাথা দিয়া (চৈঃ চঃ)। ঠেলা॥ ঠেলা···ষ্য. চালনা, আক্রমণ, চাপ, প্রঃ—এখন করিতেছ, পরে ঠেলা বুঝিবে; যাহা দ্বারা চালনা করিতে পারা যায়। ঠেল···ষ্য. চাপ, প্রঃ—বানের জলের ঠেল লাগিয়া কাঁথ ভাঙ্গিয়াছে। ঠেলা···ণ. প্রচুর, প্রঃ—পুকুরে মাছ ঠেলা আছে। ঠেলা··· ধাতু. (ঠিল ধাতু আস্তে)। ঠেলানা॥

ঠিলা··ষ্য. (সং স্থলী)। উচা ডাঙ্গা, প্রঃ—ঠিলায় এক মঠ পাইল (চৈঃ চঃ)। টিলা দেখ। (অপ্রচলঃ)।

ঠিলী···ষ্য. (সং স্থলী। তু° স্থালী—থালী, হিং ঠিলিয়া—মাটির কুজা)। পিত্তলের ছোট কলশী।

ঠুক··ধাতু. (সং স্ত্যৈ ষ্ট্যৈ—শব্দে। তু° ধাক্কা, ঠক্-ঠক। কিংবা ধুক্ষ ধাতু ক্লেশনে। তু° হিং ঠুক, ও° ঠুকা ধাতু)। ঠুকি—(কঠিন দ্রব্যে কঠিন দ্রব্য দ্বারা) আঘাত করি, প্রঃ—গজালটা কাঠে ঠুকিয়া বসাও। ঠোকা, ঠুকন। ঠোকা···ধাতু. (ঠুক ধাতু আস্তে)। ঠোকানা॥ ঠুক-ঠাক···ষ্য. (ঠাক—উপচর শব্দ)। মৃদু আঘাত।

ঠুকরা···ধাতু. (সং ত্রোটি—পক্ষিচঞ্চু। টুঙ্গা ধাতু দেখ)। ঠুকরাই—ঠোঁট দিয়া আঘাত, দংশন করি; প্রঃ—পাখীতে ঠুকরাইয়া খাইয়াছে। ঠুকরানা॥ ঠোকরা ধাতু দেখ।

ঠুঁটা···ণ. (সং স্থাণু হইতে। হিং ঠুণ্টা। মং থোঁটা—স্থাণু। তু° সং থূর্ণ, থেঁতা)। শাখা-প্রশাখাহীন, প্রঃ—ঠুঁটা গাছ; অঙ্গুলিহীন, কুষ্ঠরোগে অঙ্গুলিহীন, প্রঃ—ঠুটা খোঁড়া হয়ে যেন ঘরে বসে থাকে (মাঃ)।

ঠুনকা···ণ. (ঠন্-ঠন দেখ। ঠুন করে বলিয়া)। যাহা ঠুন্ শব্দে ভাঙ্গে, ভঙ্গপ্রবণ, যেমন কাঁচ, কাঁসা।

ঠুনকা···ঠনকা দেখ।

ঠুংরী···ষ্য. (হিং ঠুমরী—পয়ার ছন্দবিশেষ)। কাওয়ালীর সদৃশ তালবিশেষ; রচনায় টপ্পা, তালে আদ্ধা কাওয়ালী কিংবা ঠুংরী, এমন গীত।

ঠুলি···ষ্য. (সং স্থূ, স্তৃ ধাতু আচ্ছাদনে। ঠার দেখ)। হাব, অঙ্গভঙ্গি, ছল, প্রঃ—চেঙ্গড়া ভুলায়ে খায় কত জানে ঠুলি (ভাঃ)। (অপ্রচলঃ)।

ঠুলী···ষ্য. (ঠুলি দেখ)। আবরণ, গবাদি পশুর চোখের আবরণ, প্রঃ—চামঠুলি (কবিকঃ)। ঠোল্ দেখ।

ঠুস··ধাতু. (ঠাস ধাতু দেখ)। ঠুসি—জড়ীকৃত, স্তম্ভিত, নিবিড় করি। ঠোসা, ঠুসন॥ ঠোস··ষ্য. নিবিড়, টান, প্রঃ—পেট ঠোস মারিয়া আছে—টান হইয়া বিষ্টম্ভ বা বিষ্টব্ধ হইয়া; প্রঃ—এমন ঠুসন ঠুসিয়াছে যে আর কথা কইতে হবে না,—স্তম্ভিত করিয়াছে। ঠোসা··ধাতু. (ঠুস ধাতু আস্তে)। ঠোসানা॥

ঠেং, ঠেঙ্গা··ষ্য. (সং টঙ্ক, টঙ্গা—পদ; যথা, টঙ্গাঃ জঙ্ঘায়াং—মেঃ। হিং টাঙ্গা। বাং ঠেং উচ্চারণে ঠ্যং। ইহা হইতে মূল শব্দ ঠাঙ্গা পাইতেছি। তুং সং প্রতিষ্ঠান—পদ)। পদ (অশিষ্ট), শীর্ণপদ, প্রঃ—পাখীর ঠেং। এক-ঠেঙ্গা করা—পাঠশালায় গুরুমশায় ছাত্রকে এক পায়ে ভর দিয়া দাঁড় করাইয়া এক-ঠেঙ্গা করেন (দণ্ড দিবার অভিপ্রায়ে)।

ঠেক··ধাতু. (ঠিক ধাতুর রূপান্তর। ঠেক ধাতুই অধিক চলিত আছে)। ঠেকি—বাধা পাই, ঠকি, স্পর্শ করি, প্রঃ—তুমি যদি পরীক্ষায় ঠেক গুণবতী (কবিকঃ); ঠেকিলি ঠকের ঠাই কোথা যাবি আর (মাঃ); ভাতে কাপড় ঠিকিয়াছে। ঠেকা॥ ঠেক··ষ্য. যাহাতে রোধ করে, প্রতিরোধ; বৃক্ষাদি যাহাতে পালকীর গতি রুদ্ধ হইতে পারে (রাঢ়ের দোলিয়া-কাহার ভাষায়); তালপাতার বোনা ডোল (হিং ঠেক—আধার)। ঠেকা··ষ্য. বাঁশের বেতীর বড় ঝোড়া (ওং টোকেই)। ঠেকনা··ষ্য. (ঠেক+না)। যদ্দ্বারা আশ্রয় দেওয়া যাইতে পারে, প্রঃ—হাঁড়ীটা তিনটা ঠেকনা দিয়া বসাও। ঠেকা··ধাতু. (ঠেক ধাতু আস্তে)। ঠেকানা॥ ঠেকা-ঠেকি···পরস্পর স্পর্শ।

ঠেকা···ষ্য. (ঠোকা হইতে)। বোল না বাজাইয়া কালমাত্রাজ্ঞাপক আঘাত, নিরলঙ্কার তাল। আড়া-ঠেকা···ষ্য. (সং অর্ধ—আড়া)। অর্ধ-তালবিশেষ।

ঠেকা···ঠেক দেখ।

ঠেকুয়া, ঠেকো···ণ. (সং স্থগিত হইতে। ঠেক ধাতু দেখ)। সঙ্গাতি হইতে স্থগিত বা পৃথক্কৃত।

ঠেঙ্গা··ষ্য. (সং টঙ্গা হইতে। ঠেং দেখ)। পায়ের মতন লম্বা কিন্তু সরু লাঠি, প্রঃ—ঠেঙ্গা লঞা উঠিল প্রভু পড়ুয়া মারিবার (চৈঃ চঃ)। লাঠি-ঠেঙ্গা··(সহচর শব্দ)। লাঠি ও লাঠির মতন কাঠ বাঁশ। ঠেঙ্গা···ধাতু. ঠেঙ্গাই—ঠেঙ্গা দ্বারা প্রহার করি। ঠেঙ্গানা, ঠেঙ্গানি॥ ঠেঙ্গা-ঠেঙ্গি···ঠেঙ্গা লইয়া পরস্পর মারা-মারি। ঠেঙ্গাড়া···ষ্য (ঠেঙ্গা+আড়া)। যে দস্যু পথিককে ঠেঙ্গাইয়া মারে। ঠেঙ্গাড়িয়া···ণ. (ঠেঙ্গাড়া+ইয়া)। ঠেঙ্গাড়ার তুল্য বৃত্তি যার, দস্যু। ঠেঙ্গা জ্বর···ষ্য. (ইং dengue fever। Dengue হইতে? ঠেঙ্গা হইতে?)। জ্বরবিশেষ যাহাতে হাতে পায়ে এত ব্যথা হয় যেন কেহ ঠেঙ্গাইয়াছে। (জ্বর দেখ)।

ঠেটা, ঠেঁটা…ণ. (সং ধৃষ্ট। তু° হি° ঠেট হিন্দী—অসভ্য গ্রাম্য হিন্দীভাষা)। ধৃষ্ট, প্রগল্‌ভ, নির্লজ্জ. প্রঃ—পানগুয়া নিত্য লয় ঠেঁঠা (কবিকঃ); মর মর ঠেটা মাগী চুপ করে থাক (মাঃ), বলে বেটা ঠেটা ঠোঁট-কাটা বর্ব্বর নিগূঢ় (মাঃ)। স্ত্রী° ঠেঁটী। ঠেঁটাপনা, ঠেঁটামি…ষ্য. (ঠেঁটা+পনা, আমি)। ঠেঁটার ভাব, নির্লজ্জতা।

ঠেঁটী…ষ্য. (ঠুঁটা শব্দের সহিত সম্বন্ধ থাকিতে পারে)। বিধবার পাড়হীন শাড়ী বা ধুতি।

ঠেরা…ঠার দেখ। (অপ্রচলঃ)।

ঠেল…ধাতু. (ঠিল দেখ)। ঠেলি—চালনা করি, অপসারিত করি, প্রঃ—না ঠেলেহ ছলে (চণ্ডীঃ)। ঠেলা॥

ঠেস…ধাতু. (ঠাস, ঠুস ধাতু দেখ)। ঠেসি—নিবিড় করি, স্তম্ভিত করি, প্রঃ—ঠেসিয়া খাইবে না, কাঁথ ঠেসিয়া বইস। ঠেসা॥ ঠেস…ষ্য. নিবিড় সন্নিবেশ, প্রঃ—বালিশে ঠেস দিয়া বইস। ঠেসা…ধাতু. (ঠেস ধাতু আস্তে)। ঠেসানা॥ ঠেসান…ষ্য, আধার, আশ্রয়, প্রঃ—বালিশের ঠেসান পিঠে দেও। ঠেস-ঠোস…ষ্য, (ঠোস—উপচর শব্দ? ঠুস ধাতু দেখ)। কোন প্রকার ঠেস।

ঠোকর, ঠোক্কর…ষ্য. (ঠক হইতে। যাহাতে ঠক্ শব্দ করে)। হঠাৎ কঠিন দ্রব্যে আঘাত, প্রঃ—পায়ে ঠোকর লাগা।

ঠোকরা…ধাতু. (সং ঠো, ঠ—মণ্ডলে শূন্যে—মেঃ। ঠো—মণ্ডলাকার গর্ত+করা হইতে? তু° ও° খুম্পিবা—খুম্প—গুম্ফ—গর্ত? সং ত্রোটি—পক্ষী-চঞ্চু হইতে? তু° হি° ম° চোঁচমারনা, ম° টেঁাচ চোঁচ মারণেঁ। চোঁচ, টোঁচ—সং চঞ্চু)। ঠোকরাই—কঠিন চঞ্চুদ্বারা আঘাত করি, সরুমুখ শস্ত্রাদি দ্বারা গর্ত করি, প্রঃ—পাখী ঠোকরায়, কাটারীর মুখ দিয়া নারিকেল ঠোকরাইয়া ছেঁদা কর। ঠোকরানা॥

ঠোঙ্গা…ষ্য. (সং তুণ হইতে? সং দ্রোণ দোনা—ঠোঙ্গা? ও° ঠোলা, দেখ)। বাঁশের পাতিয়ার কিংবা শাল প্রভৃতির পাতার মোচার আকারের ছোট পাত্র, প্রঃ—আসিয়া পড়িল ঠোঙ্গা চন্দ্রাবলীর ঘরে (চণ্ডীঃ)। ঠুঙ্গী…(ঠোঙ্গা+ঈ)। ছোট ঠোঙ্গা।

ঠোঁট…ষ্য. (ও° ওষ্ঠ, হি° ওঁঠ হোঁঠ, ম° হোট হোঁট, আসা° ওঁঠ। সং অধরোষ্ঠ হইতে রোষ্ঠ—ঠোঁট? সং ত্রোটি হইতে? তু° ও° খণ্ট, আসা° হি° ঠোঁট—পাখীর চঞ্চু)। ওষ্ঠ। (সংতে ওষ্ঠ উপরের ঠোঁট, অধরোষ্ঠ নীচের ঠোঁট)। ঠোঁটকাটা…ণ. ঠোঁট কাটা যার, নির্লজ্জ। স্ত্রী° ঠোঁটকাটী। (গন্নাকাটা…ণ. (ও° গ্রহন-খণ্ডিআ—অর্থাৎ গ্রহণ খণ্ডিত)। যাহার উপর ঠোঁট কাটা।)

ঠোনা…ষ্য. (ঠোঙ্গার আকার বলিয়া? সং তর্জ্জনী হইতে? ঢাকায় ঠোংনা, হি° ঠোঙ্গা। ও°তে মুখি—সং মুষ্টি। আসা° ঠোঙ্গোনা)। মুষ্টিবদ্ধ তর্জনীর পর্ব, প্রঃ—বসায় বুড়ির গালে বজ্রমাণ ঠোনা (মাঃ), ঠকঠাক গণ্ডাচারি ঠনা মারে ঠোটে (মাঃ)। ঠোনা…ধাতু. ঠোনাই—ঠোনাদ্বারা প্রহার করি। ঠোনানা॥

ঠোলা…বড় ঠুলী। ঠুলী দেখ।

ঠোস…ঠুস ধাতু দেখ।

ড

ড ··ষ্য. (সং)। ব্যঞ্জনবর্ণ, অক্ষরবিশেষ। শব্দের মধ্যে ও অন্তে উচ্চারণে ড় হয়। (ব্যাকরণ দেখ)।

ডগ, ডগা ··ষ্য. (ওং ডক্ষ ; হিং মং ডগ—পদক্ষেপ। সং তঙ্গ ধাতু গতি হইতে)। অগ্রভাগ, বৃক্ষশাখাগ্র। ডগী ··ষ্য. (ডগ+ঈ)। ছোট সরু ডগ।

ডগ্-ডগ ··ব্য. (সং রাগ—রক্তবর্ণ)। রক্তবর্ণ, প্রঃ—লাল ডগ্-ডগ।

ডগ-মগ্ ··ণ. (হিং ডগ-মগ, ডগ-ডগ—কম্পমান, স্ফুরিত। বোধ হয় সং তঙ্গ ধাতু কম্পন, সং মঙ্গ ধাতু গতি হইতে)। কম্পিত, স্ফুরিত, প্রঃ—রসভরে ডগমগ অঙ্গ (জ্ঞান-দাস) ; কাঁচা সোণা জিনিঞা গৌরাঙ্গ ডগমগি (চৈতন্যমঙ্গল) ; ডগমগ তনু রসের ভরে (ভাঃ)।

ডগলা··ষ্য. (ডগ+লা)। বৃক্ষের সরু অগ্র-প্রদেশ।

ডগালী ··ষ্য. (ডগ, ডগলা দেখ)। বৃক্ষের অগ্রসহ শাখা, বৃক্ষের কর্তিত সরু শাখা।

ডগী ··ষ্য. (ডগ দেখ)। বৃক্ষের কোমল অগ্রসহ শাখা।

ডঙ্ক··ষ্য. (সং দংশন)। দংশন, প্রঃ—হেন বুঝি খুল্লনাকে হৈল সাপডঙ্ক (কবিকঃ)। (অপ্রচলঃ)।

ডঙ্কা ··ষ্য. (ডং ডং শব্দ করে বলিয়া ?)। সং দুন্দুভি ?)। ঢাক। ডঙ্কা মারিয়া—ঢাক বাজাইয়া। নবডঙ্কা ··নূতন ঢাকবাদ্য ? (অশিষ্টে)।

ডজন ··ষ্য. (ইং dozen)। দ্বাদশ সংখ্যা। ডজন দরে—প্রতি বারটার মূল্য লইয়া।

ডণ ··ষ্য. (সং দণ্ড)। ডণ্ডাকারে দেহের ব্যায়াম-বিশেষ। ডণ টানা (ওং হিং দণ্ড ফেলা)—নৌকার দাঁড় টানিবার মতন ব্যায়াম করা।

ডণ্ড (গ্রাং)···ষ্য. (সং দণ্ড)। শাস্তি ; ষাটি পল সময়।

ডবকা ··ণ. (তুং হিং ডবকা—মোটা, ডব—পরাক্রম, ডবকনা—চমকনা ; মং ডবক, ডবকা—বাং ডোবা পুকুর। হিং ডব—সং দর্প ? ডবকা—দর্পে স্ফীত ? ডুব ধাতু হইতে ডোবা ; যৌবনে ডুবিয়াছে যে ?) যৌবন-স্ফীতা, যৌবনগর্বিতা (যুবতী), প্রঃ – ডবকা মেয়ে।

ডব্ ডব...ব্য. (ডুব ধাতু হইতে)। রসে ডুবু-ডুবু ভাবে, প্রঃ—ডব্-ডবা চোখ—রসপূর্ণ, বিস্ফারিত। ডব্-ডবা ··ণ, ডব্-ডব ভাব-বিশিষ্ট। ডব্-ডবানি॥

ডবল ··ণ. (ইং double)। দ্বিগুণ, প্রঃ—ডবল-পয়সা—যে মুদ্রা (মূল্যে, ভারে) পয়সার দ্বিগুণ। ডবল করা—দ্বিগুণ, দোহারা করা।

ডম্ফ ··ষ্য. (সং দম্ভ হইতে ? ফাং হিং ডফ) আনদ্ধ বাদ্যযন্ত্র-বিশেষ।

ডর ··ষ্য. (সং দর—ভয়ে—অঃ)। ভয়। ভয়-ডর ··ষ্য. (সহচর শব্দ)। ভয়।···ধাতু. (সং দৃধাতু)। ডরি—ভীত হই, প্রঃ—সে ডরিবার মানুষ নয়। ডরা॥ ডরা ··ধাতু. (ডর ধাতু আন্তে)। ডরাই—অন্য হইতে ভীত হই, ভয় করি, প্রঃ—আমি কি ডরাই সখী ভিখারী রাঘবে (মেঘনাদবধ)। ডরানা॥

ডহন (গ্রাং) ··ষ্য. (সং দহন) দহন, জ্বালা, প্রঃ—নিজের ডহনে জ্বলিতেছি।

ডহর…ষ্য. (সং দর—গর্তে ; দর—দঅর—ডহর)। নিম্নস্থান, বিস্তীর্ণ গর্ত, বিল, প্রঃ—ডহর ডাঙ্গর সব একুই সুসর (শূং পুঃ), ডাঙ্গা ডহর সোসর করহ সকল বাট (কৃত্তিঃ, অযোং)। ডহর-করঞ্জা ··যে করঞ্জগাছ নিম্নভূমির পাশে জন্মে। ডহর-কুঁড়…ষ্য. (কুঁড়—কুণ্ড—নিম্নস্থান। সহচর শব্দ)। নিম্নভূমি, যে ভূমিতে বর্ষাকালে জল জমে। ডহরা ··ণ. গভীর।

ডাং…ষ্য. (সং দণ্ড)। ডাঙ্গা দেখ।

ডাইন…ণ. (সং দক্ষিণ)। দক্ষিণ, প্রঃ—ডাইন হাত। ডাইনে আনিতে বাঁয়ে নাই—জমাখরচ হিসাবে ডাইনে খরচ করিতে বামে জমা নাই। ডাইনে যায়—লাঙ্গল গাড়ী টানিবার গোরু বাঁয়ের গোরু অপেক্ষা বলবান হয় ; লক্ষণায়, নায়ক হয়। ডাইনিয়া, ডাইন্যে ··ণ. (ডাইন+ইয়া)। দক্ষিণস্থিত, দক্ষিণে-ভব, দক্ষিণ হইতে প্রবাহিত, প্রঃ—ডাঃ বাতাস।

ডাইনী, ডাইন…ষ্য. (সং ডাকিনী—কালীগণ-বিশেষ)। যে নারী কু করে, ছোটছেলের প্রতি কু-দৃষ্টি করে। (কুৎসিৎ কদাকার ইতরজাতীয়া বৃদ্ধানারীকে গ্রাম্যজন ডাইনী বলিয়া আশঙ্কা করে। ইহারা না-কি ছোট ছেলের স্বাস্থ্য দেখিলে, তাহাকে কিছু খাইতে দেখিলে এমন কুদৃষ্টি করে যে ছেলে ক্রমে ক্রমে শীর্ণ হইতে থাকে) ইহার প্রতীকার ঝাড়-ফোঁক। লোকের জ্ঞান, কাওর-কামিখ্যায় গেলে ডাইনীবিদ্যা শিখিতে পারা যায়)। কথায়, জন্ম গেল ছেলে খেয়ে আজ বলে ডাইন—অর্থাৎ কুমন্ত্রণা করা নূতন নহে।

ডাইল, ডাল…ষ্য. (সং দালি দালী, যথা দলিতস্তু শমীধান্যং দালির্দালী স্ত্রিয়ামুভে—ভাবপ্রকাশে। ওং ডালি, হিং ডাল, মং ডাল্ল। বাং ডাল নহে, ডাল দেখ)। মুগ-মসুর প্রভৃতি কলাই দলিত করিয়া তুষ ছাড়াইলে দাইল হয়। ডাইল রাঁধা, অরাঁধা দুইই বুঝায়। লবণাদিযুক্ত জলে-সিদ্ধ দালি সং-তে সূপ, কবিকঃ-তেও।

ডাইস…ষ্য. (ইং die, বহুবচনে dies)। লৌহাদি ধাতুর ইস্কুরুপ কাটিবার যন্ত্র ; ছাঁচের ঠাসা (ঠাসা দেখ)।

ডাক…ধাতু. (বাং ওং তে এই ধাতু। হিং মং-তে ডাক ধাতুর অর্থ ভিন্ন। বোধ হয় মূল ভিন্ন। শব্দকল্পে ডী ধাতু উড্ডয়ন হইতে ডা—ডাকিনী শব্দ। ডাকিনী উড়িয়া যাইত। মেদিনীতে ডা—ডাকিনী। সং ড—শব্দে। ইহা হইতে প্রালিতে ডাক শব্দ অর্থাৎ ডঙ্কার। তুং হুঙ্কার)। ডাকি—রব করি, প্রঃ—ডাকিল শকুনি তার মাথার উপর (কবিকঃ), আহ্বান করি, প্রঃ—ডাকিলে শুনে না। ডাকা॥ ডাক…ষ্য. শব্দ, ধ্বনি, প্রঃ—বড় ডাকে কথাটী কহিতে যে না পারে (চণ্ডীঃ); লোকপ্রবাদ, প্রঃ—ডাকের কথা (তুং সং ডাক—পিশাচবিশেষ, স্ত্রীং ডাকিনী। ওং-তে ডাক-ঋষি); পত্রবহন, পত্রপ্রেরণ ; পত্র (পূর্বকালে পথে বাঘভালুক ও দস্যুর ভয়ে পত্রবাহক চীৎকার করিতে করিতে পত্র লইয়া যাইত)। ডাক-নাম …যে নামে মানুষকে আহ্বান করা হয়। (রাশি-নাম নহে)। ডাক-ঘর··যে ঘরে প্রেরণযোগ্য পত্র দেওয়া হয়, পোষ্টআপিস।

ডাকমাশুল ··পত্রাদি বহন নিমিত্ত পোষ্ট আফিসে দিতে হয় যে শুল্ক। ডাক-মুন্সি ·· পোষ্ট-মাষ্টার। স-ডাক ··ণ. (সং সহ সমাসে স)। ডাকমাশুলসহিত (কদর্য শব্দ)। ডাকুয়া, ডেকো··ষ্য. (ডাক+উয়া)। পত্র-বাহক। ডাক বসানা—দূরে দূরে বাহকাদি নিযুক্ত করা। এক ডাকের পথ—যত পথ হইতে মানুষের ডাক—চীৎকার শুনিতে পাওয়া যায়। ডাক-হাঁক (সহচর শব্দ)। আহ্বান। ডাক-হরকরা ··যে পত্র বিলি করে। ডাক-সুরৎ···(সুরৎ দেখ)। নামে, কথাবার্তায়, প্রঃ—ডাকসুরৎ পাঁচ বিঘা, মাপে কিছু কম। ডাকা···ণ (ডাক+আ)। চীৎকার সহ, প্রঃ—ডাকা-চুরি (কবিকঃ)—চীৎকারসহ চুরি অর্থাৎ ডাকাতি; ডাকাইত; ডাকাতি, প্রঃ—দিবস দুপরে হৈল সাত নায়ে ডাকা (কবিকঃ)। ডাকা-বুকা, ডাকা-বুকুয়া, ডাকা-বুকো···ণ. ডাকাইত-তুল্য বুক—সাহস যার। ডাক-সিদা (গ্রাং ডাক-সাইদা)···ণ. ডাক-সিদ্ধ, সুপ্রসিদ্ধ, প্রঃ—রাজার দরবারে যার ডাকসিদ্যা নাম (মাঃ)। ডাক-ডোক···(ডোক উপচর শব্দ)। আহ্বান। ডাকা···ধাতু. (ডাকধাতু আস্তে)। ডাকানা॥ ডাকা-ডাকি ··ষ্য. পরস্পর তারস্বরে আহ্বান।

ডাক, ডাক-সাজ ··ষ্য. (সং টঙ্ক ধাতু বন্ধনে, তুং মং ডকণে—আঁটা)। রাংতার যে সজ্জা বা ভূষণ প্রতিমায় আঁটা হয়।

ডাক-তুরুপ ··ষ্য. (তুরুপ দেখ)। তাসের খেলাবিশেষ।

ডাক-পাখী, ডাহুক ··ষ্য. (সং দাত্যুহ, ডাহুক, ওং ডাহুক্)। কুলেচরবর্গের পক্ষী-বিশেষ (water-hen. Amaurornis phœnicurus)। ১৬।১৭ আঙ্গুল। মাথা বুক শাদা, পিঠ পাংশুবর্ণ, চঞ্চু সবুজ। পলাই-বার সময় পুচ্ছ তুলিয়া পলায়। জলের ধারে বসে, ঝোপে বাসা করে,কক্‌ক-কোআ—কোআ-কোআ, কিংবা কুক্‌কুক ডাক।

ডাকাইত, ডাকাত···ষ্য. (ডাকা—শব্দ+ইত) যে দস্যু চীৎকার করিতে করিতে লুঠ করে। (বহু না হইলে এবং ডাক না থাকিলে ডাকাইত বলা যায় না। না থাকিলে চোর মাত্র)। ডাকাইতের, ডাকাতের সর্দ্দার—নেতা; গোলালোক—যাহারা অস্ত্রখেলা জানে না, চুরি করিতে জানে। ডাকাতি ·· ষ্য. ডাকাইতের কর্ম, ডাকাইত দ্বারা লুণ্ঠন। দিনে দুপরে ডাকাতি—ডাকাতি রাত্রে হয়, দিনে দুপরে যদি ডাকাতি হয়, তাহা হইলে অতিশয় ভীষণ সাহসী ডাকাইতের কর্ম। ডাকাতিয়া···ণ. (ডাকাত+ইয়া)। ডাকা-তের যোগ্য, প্রঃ—কৃষ্ণের যে ডাকাতিয়া বক্ষঃ (চৈঃ চঃ); ডাকাতিয়া বাঁশী—এমন বাঁশী যাহা ডাকিয়া—লোক জানাইয়া মন প্রাণ হরণ করে।

ডাক্তার ··ষ্য. (ইং doctor)। ইংরেজী-বিদ্যায় পারদর্শী; ইংরেজী মতে রোগ-চিকিৎসক। সংক্ষেপে ডাঃ। ডাক্তারি··· ষ্য. রোগ-চিকিৎসক ডাক্তারের বৃত্তি। ডাক্তারী···ণ-ডাক্তারসম্বন্ধীয়, প্রঃ—ডাক্তারী দোকান। ডাক্তারখানা··· ষ্য. ইংরেজী ঔষধালয়। নেটিভ ডাক্তার···(ইং native) নিম্নশ্রেণীর স্বল্পশিক্ষিত ডাক্তার।

ডাগর ··ণ. (রঙ্গপুরে ডাঙ্গার; আসাং ডাঙ্গর

ডাঙ্গারীয়া—বৃহৎ, মহৎ ; হিং ডিঙ্গার—মোটা ; ওং ডেঁঙ্গা—বাং ঢেঙ্গা ; মং ঢঙ্ক—অতিদীর্ঘ॥ সং দীর্ঘ শব্দের অপভ্রংশ। তুং দিঘল গাঁ, দিঘড়া দিগড়া গ্রাম)। বৃহৎ, বড়, প্রঃ—ছেলেটি ডাগর হইয়াছে, আষাঢ়ের বেলা ডাগর ; ডাক দিয়া ডুমনী ডাগর ডাক ছাড়ে (মাঃ)। ডাগর ডগুর ...(ডুগুর—উপচর শব্দ। তুং ঠাকুর-ঠুকুর)। প্রায় বড়।

ডাঙ্গা, ডাং...ষ্য. (সং দণ্ড)। দণ্ড, ছোট বংশখণ্ড, প্রঃ–ঝোড়াতে মোট তুলিতে ডাং বাঁধা। গুলী-ডাঙ্গা—দণ্ড দিয়া গুলী—প্রায়ই ছোট কাটি নিক্ষেপ—খেলা-বিশেষ, গুলীডাণ্ডা। ডাঙ্গা-পিটা ..ণ.ডাঙ্গা—দণ্ডদ্বারা পিটিয়া বেড়ায় যে, নির্ভীক।

ডাঙ্গাশ...ষ্য. (সং অঙ্কুশ। ড আগম। ওং নাম গজবাগ—গজবল্গা)। গজাদি-পশু-চালনের অঙ্কুশ। (শূং পুঃ—ডকবুশ)।

ডাঙ্গা ..ষ্য. (সং তুঙ্গা হইতে। হিং ডাঙ্গা—পর্বতের চূড়া)। উচ্চভূমি। (শূং পুঃ—ডাঙ্গর)। ডাঙ্গা-ডহর ..(প্রতিচর শব্দ)। উচ্চভূমি ও নিম্নভূমি। ব্রহ্ম-ডাঙ্গা ..অনুর্বর উচ্চভূমি। (ব্রাহ্মণের বাসের যোগ্য, এত উচ্চ। অতএব বোধ হয় অন্য জাতির বাস নিম্নভূমিতে হইত)। দৃষ্টান্তে, জলে কুমীর ডাঙ্গায় বাঘ—জলাশয়ের পাড়—ডাঙ্গা ; অতএব উভয় পথেই বিপদ। (বরিশালে ডাঙ্গা অর্থে ক্ষেতের যে স্থান দিয়া ডোঙ্গা যাইতে পারে। বোধ হয় ডোঙ্গা হইতে এই শব্দ)।

ডাঙ্গুরো...ষ্য. (বোধ হয় ডাং—দণ্ড+রা। তুং হিং ডোহারা—(সং দর্বি+রা)—যে নারিকেলের মালা দিয়া আখের রস এক পাত্র হইতে অন্য পাত্রে ঢালা যায়)। এক পাত্র হইতে অন্য পাত্রে আখশালের আখের রস লইবার ছোট হাঁড়ী।

ডাঁট ..ণ. (সং দৃঢ়। আসাং ডাঠ)। দৃঢ় প্রঃ—রোগভোগের পর দেহ ডাঁট হয়, কাপড় ডাঁট আছে ; প্রঃ—কঠিন জাঁতির কাছে গুয়া কত ডাঁট (মাঃ)।

ডাঁটা...ষ্য. (সং দণ্ড)। গাছের সরু ডাল ; সরু গাছ ; লম্বা ফল, প্রঃ—শজিনা ডাঁটা। (কোথাও কোথাও শাগথাড়াকে ডাঁটা বলে)।

ডাঁটী ..ষ্য. (সং দণ্ড—ডাঁটা+ঈ)। ছোট ডাঁটা, ছাতা প্রভৃতি ধরিবার দণ্ড।

ডাঁড় ষ্য. (সং.দণ্ড)। নৌকা চালাইবার বহিত্র ; পোষা পাখী বসিবার দণ্ড ; ঝোড়া প্রভৃতি তুলিবার কাঠি বা ডাঙ্গা।

ডাঁড়কাগ (গ্রাং) ..দাঁড়কাগ, কাগ দেখ।

ডাঁড়া (গ্রাং) . দাঁড়া দেখ। পিঠের শির-দাঁড়া ; জমির সরু আইল ; রীতি (ধারা হইতে)

ডাঁড়ী (গ্রাং)...দাঁড়ী দেখ।

ডাঁড়ুকা...ষ্য. (দাঁড়ুকা দেখ। সং দণ্ড-বেষ্টিকা হইতে)। তস্করাদির পদবন্ধন শৃঙ্খল, প্রঃ—শূং পুঃ, খনার বচন, চৈঃচঃ,কবিকঃ ; লোহার বলয় (ঠাকুরের নিকট বাঁধিয়া রাখিতে ছেলেপিলের, পাঁঠার পায়ে ডাঁড়ুকা দেওয়া হয়।)

ডাণ্ডা...ধাতু. দাঁড়া ধাতু দেখ। (প্রাচীন বাং)।

ডাণ্ডী···ষ্য. (সং দণ্ড)। সেতারের দণ্ডাকার কাঠ।

ডানকুনি···ষ্য. (সং দণ্ডোৎপল)। বর্ষায়ুঃ ঋজুশাক বিশেষ (Canscora decussata)। নাল চতুষ্কোণ, পত্র অভিমুখী; পুষ্প শ্বেত, যুক্ত-চতুর্দল; কেশর চারি, একটা দুইটা দীর্ঘ; ফল দ্বিকোষ; বীজ ক্ষুদ্র বহুকোণ। শীতকালে ফল পাকে। জলের ধারে ক্ষেতে গাছ জন্মে। (২) ডানকুনি,ডানকোনা···ক্ষুদ্রমৎস্যবিশেষ,মৃগেলের মতন লম্বা কিন্তু ক্ষুদ্র। দানকোনী দেখ।

ডানা, ডেনা···ষ্য. (ওং ডেণা, হিং ডৈনা। মংতে পক্ষ। সং ডীন হইতে? ডেনা অধিক শুদ্ধ)। পাখীর পক্ষ।

ডানি, ডাইনা···ণ. (সং দক্ষিণ)। দক্ষিণ। কথায়, ডাইনায় আনিতে বাঁয়ে নাই— ডাইনায় খরচ, বাঁয়ে জমা। খরচ করিতে জমা শেষ হয়, অর্থাৎ যত্র আয় তত্র ব্যয়।

ডাব ··ষ্য. (ডাবা দেখ। ওং নাম পইড়)। অপক্ব নারিকেল। নেআপাতী ডাব··· অপুষ্ট ডাব (নেআ—স্নেহ, পাতী—পত্র। যে ডাবে স্নেহপদার্থ অর্থাৎ শাঁস পত্রবৎ পাতলা আছে)।

ডাবর·· ষ্য. (ডাবা দেখ)। ধাতু-নির্মিত পাত্র, প্রঃ—থালি খুরি ডাবরে পুরিয়া লহি চন্দন (শূং পুঃ); মুখ ধুইবার আচমনক; পান রাখিবার ধাতুনির্মিত পাত্র।

ডাবা · ষ্য. (ডিবা—সাজা পান রাখিবার ধাতুপাত্র, ডাবর তদপেক্ষা বড়, ডাবা আরও বড়, প্রায়ই মাটির। ওং-তে ডবা প্রচলিত নহে, পান-ডিবা প্রচলিত আছে। হিং ডব্বা—তেল রাখিবার চর্মপাত্র, ডব্বু— লোহার দর্বি (সং), ডিবিয়া ডিব্বা ডিব্বী— বাং ডিবা। মং ডর—নারিকেল মালা, ডরলা ডরলী—নারিকেল মালার দর্বি। অতএব সং দর্বি—হাতা হইতে ডাব,ডাবর, শব্দের উৎপত্তি)। মাটির বড়-মুখ বড় পাত্র-বিশেষ।

ডামর···ষ্য. (হিং। সং ধূনক হইতে?)। সহ্যাদ্রি পর্বতের তরু-বিশেষের (Vateria indica) ধূনার তুল্য নির্যাস বিশেষ (white dammar, Indian copal)। তার্পিন তেলের সহিত মিলাইয়া বার্ণিশ হয়।

ডামা-ডোল···ষ্য. (বোধ হয় ধামা—পাত্র, ডোল—পাত্র হইতে। সহচর শব্দ। হিং ডাম্বাডোল অন্য শব্দ)। ধামা ও ডোল, ডোলের মতন স্ফীত বা বৃহৎ।

ডায়মন ··ষ্য. (ইং diamond—হীরা)। কাটা হীরার মতন পল। ডায়মন-কাটা···ণ. পল তোলা।

ডার ··ধাতু. (হিং। সং দ্রাহ ধাতু নিক্ষেপে বাং ঢাল ধাতু)। ডারি—নিক্ষেপ করি, প্রঃ—আমারে ডারিয়া দিল (চণ্ডীঃ), সিংহদ্বারে গাবী আগে সেই ভাত ডারে (চৈঃ চঃ)। ডারা। (অপ্রচলঃ)।

ডা-রা ডা-রা···ব্য. সেতার বাজাইতে শিখিবার সাঙ্কেতিক ধ্বনি। ডে-রে ডা-রা···দ্রুত অঙ্গুলি-সঞ্চালনে।

ডাল···ষ্য. (সং দলিক; যথা, দলিক দারুণী হেমঃ। ওং ডাল, হিং ডাল, মং ডাহলী)। বৃক্ষশাখা, শাখা। ডাল-পালা···ষ্য. (সং পল্লব—পালা)। শাখা ও পত্র। ডালা··· ষ্য. (ডাল+আ-স্বার্থে)। শাখা, ডাল। ডালী···ষ্য. (ডাল+ঈ)। ক্ষুদ্র ক্ষুদ্র শাখা।

(ডালা দেখ)। ডাল-কোত্তা···ডালের মতন দীর্ঘাকার কুকুর (কুকুর দেখ)। ডাল···ধাতু. ডালাই—বৃক্ষের ক্ষুদ্র ক্ষুদ্র শাখা ছেদনকরি। ডালানা ॥

ডালনা (গ্রাং)··ষ্য. (দালনা দেখ)। দলিয়া পক্ক ব্যঞ্জন, ঘণ্ট।

ডাল · ডাইল দেখ।

ডালা···ডাল দেখ।

ডালা···ষ্য. (সং ডল্লকং বংশাদি নির্ম্মিত পাত্রম্ — শব্দকল্পঃ। ব্রহ্মবৈবর্ত্তপুরাণে। কিন্তু অর্বাচীন। শব্দসারে, অনার্য্য শব্দ। বোধ হয় মূলে সং দল—খণ্ড। বংশাদি-নির্মিত বড়মুখ পাত্র, বাঁশের বেতীর বড়মুখ পাত্র, প্রঃ—কুল তেয়াগিনু ভরম ছাড়িনু লই কলঙ্কের ডালা (চণ্ডীঃ), যৌবনের ডালা (মঃ)। ডালী··ষ্য. (ডালা+ঈ)। ছোট ডালা; ডালায় যাহা দেওয়া হয়, ফলাদি উপহার; পেড়া বাক্স প্রভৃতির উপরিভাগ।

ডালিম··ষ্য. (সং দাড়িম, দালিম্ব, দাড়িম্ব। ওং মং ডাল্লিম্ব, হিং ডারিম। ফাং নাম অনার)। প্রসিদ্ধ অম্ল-মধুর বহুবীজ ফল (pomegranate)। গাছ (Punica granatum) ছোট, ভারতবর্ষের প্রায় সর্বত্র আছে, রসামাটিতে ভাল বাড়ে না। বেদানা··যে ডালিমের বীজ থাকে না। ডালিমা, ডালিম্ব ষ্য. (ওং নাম)। পিষ্টকবিশেষ (চৈতন্য মঙ্গলে)। গমচুর্ণ জলে সিদ্ধ করিয়া ডালিমের বীজের আকারে কাটিয়া ঘিতে ভাজা, অর্থাৎ ডালিম্ব-বীজাকার খাজাপুঞ্জ।

ডালিয়া · ষ্য. (ইং Dahlia)। গেঁদার মতন কিন্তু বৃহৎ বিদেশী পুষ্পবিশেষ।

ডালী ··ডালা দেখ।

ডাঁশ ··ষ্য. (সং দংশ)। মক্ষিকাবিশেষ, প্রায়ই চতুষ্পদ জন্তুকে দংশন করে।

ডাঁসা···ষ্য. (সং নাগদন্ত। দন্ত হইতে দাঁতা —দাঁচা—ডাঁসা ?)। গৃহপ্রাচীরে প্রোথিত-মূল ক্ষুদ্র দণ্ড।

ডাঁসা ··ধাতু. (বোধ হয় দর পাচা—আধপাকা হইতে ? দরপাচা—দাচা—ডাঁসা। তুং ওং দরপাচিলা—সং দর-পাকা। দর—সং অর্ধ। সং দংশ হইতে)। ডাঁসাই—প্রায় পক্ক দংশনযোগ্য হই, প্রঃ—আম ডাঁসাইয়াছে পাড়িলে চলে। ডাঁসানা ॥

ডাহা···ণ. (? ঢাকা নগরীর নাম হইতে ? তুং ঢাকা—ঢাহা, টাকা—টাহা (ঢাকায় ইতর প্রয়োগ)। ঢাহা—ডাহা ?)। অবিকল প্রঃ—ডাহা মিথ্যা (ঢাকাই মিথ্যা ?—ঢাকা রাজধানী থাকিবার সময় প্রবঞ্চনা কি অধিক ছিল ? তুং কলিকাতাই বাবু। ডাঁসা (অর্ধপক্ক)—ডাহা ? ডাহা মিথ্যা—কাঁচা মিথ্যা ? তুং কাঁচা পচাল (গালি)।

ডিঙা ··ষ্য. (সং ডীন। ওং ডিআ, ডেঁই)। লম্ফ, প্রঃ—ডিঙা মারিয়া চলিয়া গেল। প্রঃ—মাঃ। অপ্রচলঃ হইতেছে। ডিঙ্গা ধাতু দেখ।

ডিঁয়া···ষ্য. (ঝিঁয়া দেখ)। পিপিলিকাবিশেষ।

ডিগ্‌ডিগা ··ণ. (সং দীর্ঘ)। লম্বা ও সরু, প্রঃ—মানুষটি ডিগ্‌ডিগা—দীর্ঘ ও কৃশ।

ডিগবাজি...ষ্য. (ডিঙ্গানা-লম্ফ; বাজি ফাং), শূন্যে লাফ দিয়া উলুটাইয়া পড়া খেলা।

ডিগ্রি ··ষ্য. (ইং degree)। উষ্ণমানাদি যন্ত্রের অংশ।···ষ্য. (ইং decree)। বিচারকের আজ্ঞা, শাসন (আদাঃ)।

ডিগ্রিদার ··ষ্য. (ফা° দার)। যে ব্যক্তির পক্ষে আদেশ হইয়াছে। ডিগ্রিজারি করা —আদালতের আদেশ পালন করা। ডিগ্রি-ডিসমিস ··বিচারকের অনুকূল কিংবা প্রতিকূল আদেশ (আদাঃ)।

ডিঙ্গালী ··ষ্য. (কুমড়া দেখ)। ডিঙ্গী—জাহাজে বিদেশ হইতে আগত কুমড়া, গুড়কুমড়া।

ডিঙ্গা ··ষ্য. (স° দ্রোণ)। নৌকা, প্রঃ—গোঁজে বান্ধি রাখে ডিঙ্গী লোহার শিকলে (কবিকঃ—এখানে ডিঙ্গা বৃহৎ ছিল)। ডিঙ্গী ··ষ্য. (ডিঙ্গা+ঈ)। ছোট নৌকা। দৃষ্টান্তে, শুখনা ডাঙ্গায় ডিঙ্গা ডুবায়—যেখানে শঙ্কা ছিল না, সেখানে বিপদ উপস্থিত।

ডিঙ্গা ··ধাতু. (স° ডীন হইতে। ও° ডেঁ ধাতু। হিং তে কূদনা, ফাঁদনা; ম°তে উডণেঁ কুদণেঁ—বা° ডিঙ্গানা। হিং ম°তে লাফ ধাতুও নাই)। ডিঙ্গাই—উর্ধ্বদিকে লাফাইয়া উত্তীর্ণ হই, প্রঃ—প্রাচীর বেড়া ডিঙ্গানা। (গর্ত ডিঙ্গানা বলা যায়, এখানে লাফানা বলাও যায়। লাফানা—সমভূমিতে অল্প উচ্চে; ডিঙ্গানা —উল্লম্ফনে, ঝাঁপানা—উচ্চ হইতে নিম্নে)। ডিঙ্গানা॥

ডিপজিট···ষ্য. (ই° deposit)। অন্যের নিকট ন্যাস, প্রঃ—টাকা ডিপজিট করা, আমানত। ডিপজিটর ··ষ্য. (ই° depo sitor)। আমানতকারী, ন্যাসকারী।

ডিপো ··ষ্য. (ফরাসী)। যেখানে মাল সঞ্চিত হয়; প্রঃ—কয়লাডিপো। কুলীডিপো··· যেখানে প্রেরণ পূর্বে কুলী একত্র করা হয়।

ডিপুটী···ষ্য. (ই° deputy)। প্রতিনিধি, প্রঃ—ডিপুটী মাজিষ্টর, ডিপুটী ইন্‌স্‌পেক্টর। ডিপুটী বাবু···নিম্নতন মাজিষ্টর। ডিপুটী-গিরি···ডিপুটীর কাজ। ঘটীরাম ডিপুটী··· এক ডিপুটী মাজিষ্টরের নাম মুচিরাম ছিল। তিনি বিচারকার্য ভাল বুঝিতেন না। লোকে উপহাসে তাহাঁকে ঘটীরাম ডিপুটী বলিত। ইহা হইতে অকর্মণ্য ডিপুটী।

ডিবা···ষ্য. (ডাবা দেখ)। সাজা পান প্রভৃতি রাখিবার ধাতু নির্মিত কটুয়া।

ডিম ··ষ্য. (স° ডিম্ব)। ডিম্ব। কথায়, ঘোড়ার ডিম—অশ্বাণ্ড যেমন মিথ্যা, তেমন। ঘুঘু-ডিম···ঘুঘু পাখীর ডিম্ব, তৎতুল্য ক্ষুদ্র অণ্ড। বায়া-ডিম···(স° বাম—প্রতিকূল হইতে? তু° বাম হইতে বাঁয়া—বাদ্য)। পক্ষীর যে অণ্ড হইতে ছানা জন্মে না।

ডিমকা ··ধাতু. (স° ডিম্বিকা—মাংস-বুদ্‌বুদ্)। ডিমকাই—মাংসের ক্ষুদ্র ক্ষুদ্র ডিম্ব হই, মাংসের বুদ্‌বুদ্ জন্মি, প্রঃ—ঘা ডিম-কাইয়াছে, শীঘ্র পুরিয়া উঠিবে। ডিমকানা॥ ডিমকি···ষ্য. (স° ডিম্বিকা)। বুদ্‌বুদ্, প্রঃ—পচা জলে ডিমকি উঠে, ফোড়া পুরিবার সময় ডিমকি উঠে।

ডিম্-ডিম ··ব্য. (স°)। বাদ্যবিশেষে, ডমরুর বাদ্যে। ডিম্-ডিমী ··ষ্য. ডমরু। ডেম্-ডেম···ব্য. ডেম্‌ডেম বাদ্যে।

ডিমা ··ষ্য. (স° ডিম্বক হইতে। স° নাম পিণ্ডি)। পায়ের পশ্চাৎভাগের ডিম্বাকার পেশী।

ডিষ্ট্রীক্ট ··ষ্য. (ই° district)। যে জেলায় জজ-আদালত আছে।

ডিস্‌মিস···ষ্য. (ই° dismiss)। বর্জ্জন, পরিত্যাগ, প্রঃ—মকদ্দমা ডিসমিস—অগ্রাহ্য (আদাঃ)।

ডিহি···ষ্য. (ফা°দেহ্। তু° স° দেশ)। কয়েকখানি গ্রাম লইয়া জমিদারের প্রধান কর্ম্মচারীর বাস (কবিকঃ)। ডিহি-খরচ ...ডিহিতে খরচ। ডিহিদার··ডিহির কর্ত্তা।

ডুকর··ধাতু. (স° ডো-শব্দে। ডো-করা হইতে)। ডুকরি—উচ্চস্বরে কাঁদি ' ডুকরা॥ (অপ্রচলঃ)।

ডুগ্‌-ডুগী···ষ্য. (ডুগ্‌-ডুগ করে বলিয়া)। সাপ-খেলাড়া মালের ডমরু বাদ্য; বালকদের খেলা করিবার ছোট ঢোলক (ও° ঢুলকী—ঢোলকী)।

ডুগী··ষ্য. (ডুগ্‌-ডুগ শব্দ হইতে)। বাঁয়া-তবলার বাঁয়া।

ডুব···ধাতু. (স° বুড ধাতু ত্যাগ আচ্ছাদনে, বা°তে কোন কোন স্থানে বুড় ধাতু। এইরূপ ও° হি° ম°তে বুড ডুব ধাতু)। ডুবি—নিমজ্জিত হই। ডুবন, ডোবা॥ ডোবা··· ষ্য. যে গর্ত্ত বা ছোট পুকুরে ডুবিতে পারা যায়, গড়িয়া। ডুবন-জল···জলের যে গভীরতা থাকিলে মানুষ ডুবিয়া পড়ে। ডোবা···ধাতু. (ডুব ধাতু আস্তে)। ডোবানা॥

ডুব-ডুবি···ষ্য (স° ডমরু)। সাপ খেলাইবার মাল-দের ডমরু নামক আনদ্ধ বাদ্যযন্ত্র।

ডুবারী···ষ্য. (ডুব+আরী)। যে জলে ডুবিয়া থাকিতে দক্ষ। (কবিকঃ-তে ডুবারু)। (২) প্লববর্গের ১২ আঙ্গুল দীর্ঘ পক্ষী বিশেষ (The Dabchick. Podicipes albipeunia)। মাথা কাল, পেট শাদা, বুক খয়রা। চঞ্চু সোজা, অগ্র ধারালা, পক্ষ ছোট, পুচ্ছ প্রায় নাই। জলে ডুবিয়া পাখা ও পা দিয়া সাঁতার দেয়।

ডুমুর···ষ্য.(স° উড়ুম্বর। ও° ডিম্বিরি)। প্রসিদ্ধ নাতিদীর্ঘ বৃক্ষ-বিশেষ। গাছের প্রকাণ্ডে ফল ধরে বলিয়া এক স° নাম জঘনেফলা (তু° উড়ুম্বর বৃক্ষ যৈছে ফলে সর্ব্ব অঙ্গে—চৈঃ চঃ)। গাছ হইতে প্রচুর জল নিঃসৃত হয় বলিয়া আর এক স° নাম ফল্গু। ডুমুরের দুইজাতি প্রসিদ্ধ। (২) ছোট ডুমুর (স° কাকো-ডুম্বরিকা—কাক ডুমুর) ···ফল ছোট আমরা রাঁধিয়া খাই (Ficus hispida)। (২) বড় ডুমুর বা যজ্ঞ-ডুমুর (স° উড়ুম্বর) · ফল বড়, ঔষধে লাগে (Ficus glomerata)। দৃষ্টান্তে, ডুমুর-ফুল হওয়া—ডুমুর ফুল যেমন অদৃশ্য থাকে, তেমনই দেখা না দেওয়া। (যাহাকে লোকে ডুমুরের কাঁচা ফল বলে, তাহার ভিতরে বস্তুতঃ অসংখ্য ফুল থাকে)। কাবুলী ডুমুর (কাবুলী নাম আঞ্জীর) বড় বড়, পাকিলে মিষ্টাস্বাদ ও ভক্ষ্য (Figs)।

ডুরী··ডোরী দেখ।

ডুলি...ষা. (স°)। কচ্ছপ বিশেষ।

ডুলী··দোলা দেখ।

ডেং-ডেং···ব্য. (অনুকার শব্দ)। ডঙ্কার বা ঢাকের . বাদ্যে। ডে-ডেং—ডেং···ব্য ঢাকের বাদ্যে।

ডেক...ষ্য. (ফা° দেগ)। তামার হাঁড়ী। ডেকচি···ষ্য. (হ্রস্বার্থে—ফা° চি)। ছোট ডেক।

ডেক···ষ্য. (ই° deck)। জাহাজের পাটাতল।

ডেকরা··ণ. (স° দিকর—যুবা; ডিঙ্গার—

ধূর্ত—মেঃ)। প্রগলভ যুবা, প্রঃ—কি বলে ডেকরা বড় যে চেগরা, ঐ কথা ফিরা ফিরা (ভাঃ। চেগরা—চাঙ্গাড়া); প্রগলভ ধূর্ত, প্রঃ—কোথা হৈতে বুড়া এক ডোকরা বামণ (ভাঃ)—(ডেকরা স্থানে ভুলে ডোকরা)।

ডেঙ্গার...ষ্য. (সং ডিঙ্গার—খল ধূর্ত—শব্দ-কল্পঃ। ওং ডাগরা)। মাথর বড় উকুণ, প্রঃ—ডেঙ্গর উকুণ নীকী করে ইলিবিলি (ভাঃ)।

ডেঙ্গা...ডাঙ্গা দেখ।

ডেঙ্গো...ণ. (ডাঙ্গা+উয়া)। নীরস উচ্চ ভূমিজাত, প্রঃ—ডেঙ্গো খাড়া—লাল নটিয়া শাগ (Amarantus gangeticus); বিপত্নীক, প্রঃ—ডেঙ্গো মানুষ; নারীহীন, প্রঃ—ডেঙ্গো বাড়ী। (সং রণ্ড হইতে? আসাং ডঙ্গুরা; গ্রাং ওং আণ্ডলা—বিপত্নীক)।

ডেঙ্গো জ্বর...জ্বর দেখ।

ডেড়...ণ. (সং সার্দ্ধেক। দেড় দেখ)। এক এবং আধ। ডেড়া, ডেড়িয়া...ণ. (ডেড় +আ,+ইয়া)। এক এবং আধ বিশিষ্ট, প্রঃ—ডেড়া দাম।

ডেড়ি...ণ. (দেড় হইতে)। একের অধিক, অতিরিক্ত, প্রঃ—কবিকঃ; এক পাশে ভার-বিশিষ্ট, যেমন কাঁধে ভার বহিবার সময় এক দিকে ভার না থাকিলে।

ডেড়ি (গ্রাং)...দেড়ি দেখ। প্রঃ—কুজ্ঞানী এই বুড়ী কার্য্য কৈল ডেড়ি—বিলম্ব; কপালের ডেড়ি (মাঃ)—অদৃষ্টের ফের।

ডেঁপো...ণ. (বোধ হয় ডাঁপ+উয়া—ডাঁপুয়া হইতে। সং দম্ভ হইতে ডাঁপ। তুং হিং টিপোর—দর্প, ওং ঢম-পণা—দম্ভীর ব্যবহার)। দম্ভী। ডেঁপো-পনা...ষ্য. ডেঁপোর ব্যবহার।

ডে-ফল, ডেঁ-ফল...ষ্য. (সং ডহু। ওং ডেউট)। উদ্যান-জাত অম্ল ফল-বিশেষ, অন্য নাম মাঁদার (দেখ)।

ডেম, ড্যাম...ব্য. (ইং damn)। নরকে যাও, (গালিবিশেষ)।

ডেমি...ষ্য. (ইং demy)। বিশেষ প্রমাণের কাগজ বিশেষ, আদালতে দরখাস্ত লিখিবার কাগজ বিশেষ। (এই কাগজ মিডিয়াম কাগজের প্রমাণ অপেক্ষা ছোট)।

ডেমেজ...ষ্য. (ইং damage)। ক্ষতি। ডেমেজ মাল...যে দ্রব্য প্রায় নষ্ট হইয়া গিয়াছে।

ডেরা...ষ্য. (হিং। ডার ধাতু দেখ)। অল্প কালের নিমিত্ত ঘর বা আশ্রয়, তাঁবু। ডেরা ডাণ্ডা ফেলা—তাঁবু ও গোঁজ ইত্যাদি সন্নিবেশ করা, অল্পকালের নিমিত্ত বাস করা।

ডেলা...ষ্য. (সং দলি)। পিণ্ড, প্রঃ—ময়দা ডেলা-বাঁধা হইয়া গিয়াছে, দলা (দলক—জ্ঞানদাস); ঢেলা।

ডেশ, ড্যাশ...ষ্য. (ইং dash)। বাক্যের পদ-সমূহের মধ্যে রেখা।

ডেস্ক...ষ্য. (ইং desk)। লিখিবার নিমিত্ত আধার।

ডোকরা, ডোকলা...ডেকরা দেখ।

ডোজ...ষ্য. (ইং dose)। ঔষধের মাত্রা।

ডোব...ষ্য. (ডুব ধাতু দেখ)। গর্ত্ত। ডোবা...ষ্য. গড়িয়া, যে গর্ত্তে বর্ষাকালে ডুবন জল থাকে। পচা ডোবা...যে ডোবায় গাছ

পচিয়া গিয়াছে। ডোবা ··ধাতু. (ডুব ধাতু আস্তে)। ডোবানা॥

ডোঁড়া ··ষ্য. (ডোর হইতে)। দোড়ীর বোনা লম্বা মাছ-ধরা জাল। জাল দেখ।

ডোঙ্গা · ষ্য. (সং দ্রোণী। হিং ডোঙ্গী)। তালগাছের কাঁড়ীর লম্বা দ্রোণ বা নৌকা; কলা খোলের নির্মিত দ্রোণ (শ্রাদ্ধাদিতে লাগে)। ডোঙ্গা-কল ··ষা. জলসেচনের দ্রোণ বা তালগাছের ডোঙ্গা।

ডোম,ডম···ষ্য. (সং)। হিন্দুজাতি বিশেষ। স্ত্রীং ডোমনী। ডোমের বাসন ··ডোম জাতি বাঁশের পাত্র গড়ে, (এবং কোথাও কোথাও বাদ্য বাজায়)। ইহা হইতে বংশ-নির্মিত পাত্রাদি। ডোম-চিল···চিল দেখ। দৃষ্টান্তে, বাঁশবনে ডোম কানা—দুই দশটার মধ্যে ভালটা বাছা সহজ, বহুর মধ্যে সহজ নহে।

ডোম ··ষ্য. (ইং dome)। দীপাদির গোলা-কার আবরণ।

ডোমনী···ষ্য. (?)। কপাট ঝুলাইতে যে লৌহ চৌকাঠের বাহুতে বদ্ধ থাকে।

ডোর · ষ্য. (সং দোর, ডোর)। পাট (পট্ট), কাপাস প্রভৃতির সরু মসৃণ দোড়ী, প্রঃ—ছেদন করিয়া দেও পিরীতের ডোরি (চণ্ডীঃ)। মাছ-ধরা ডোর···মসৃণ ও দৃঢ় সূত্র। ডোর-কাঁটা···মাছ-ধরা ডোর ও বড়িশ। ডোরী, ডুরী···ষা. সরু ডোর, হাতে কবচ ধারণের সূতা, প্রঃ—পাটের ডুরি (শূং পুঃ)। ডোরিয়া, ডুরে৷ ··ণ. (ডোর+ইয়া)। ডোর সূত্রের শ্রেণিযুক্ত, প্রঃ—ডোরিয়া শাড়ী। ডোরা···ষ্য. (ডোর+আ)। রেখা। ডোরা-ডোরা···ণ. রেখা-বিশিষ্ট।

ডোল...ষ্য. (সং কণ্ডোল—অঃ)। ধান্যাদি রক্ষার বাঁশের বেতীর গোল গভীর পাত্র, প্রঃ—স্রোতে ভেসে গেল মোর কাপাসের ডোল (কবিকঃ)—কাপাসপূর্ণ ডোল।

ডৌল ··ষ্য. (সং ডম্বর—আকৃতি, বিলাস হইতে? বাং দেউল হইতে? তুং সুঠাম। হিং মং ডৌল—প্রকার)। সৌষ্ঠব। ডৌল-শুদ্ধ · সৌষ্ঠবসম্পন্ন, সুদর্শন। সু ডৌল ·· সুঠাম।

ড্রয়িং · ষ্য. (ইং drawing)। রেখা-চিত্র।

ড্রাম ··ওজন দেখ।

ড্রিল ··ষ্য (ইং drill)। অঙ্গচালনাদি কর্ম-অভ্যাস।

ড্রেন ··ষ্য. (ইং drain)। পয়ঃনালা, নর্দামা।

ঢ।

ঢ...ষ্য. (সং)। ব্যঞ্জন বর্ণ, অক্ষর বিশেষ।

ঢং-ঢং...ব্য. (অনুকার শব্দ। তুং সং ধ্বন ধাতু শব্দে)। কাংস্যবাদ্যে, প্রঃ—ঢং-ঢং করিয়া ঘড়ীতে ৪টা বাজে। ঢং-ঢঙ্গানি॥

ঢক, ঢক্ ঢক ··ব্য. (সং ঢৌক ধাতু গতিতে)। পানীয় গলাধঃকরণে, প্রঃ—ঢক করিয়া ওষুধ খাইয়া ফেল। ঢুক, ঢুক্-ঢুক···ব্য. অল্পে অল্পে পানীয় গলাধঃকরণে।

ঢঙ্গ···ব্য. (সং দম্ভ। দম্ভস্তু কৈতবে—মেঃ। হিং ঢব, বাং ঢপ, ওং ধম্ এক বোধ হয়। সং ভঙ্গি হইতেও ঢঙ্গ আসিতে পারে)। ছল, প্রঃ—পরম পবিত্র মোরে কৈল এই ঢঙ্গে (চৈঃ চঃ); দম্ভী, দম্ভ্য, প্রঃ—সাধু নহ ঢঙ্গ বেটা (কবিকঃ)।

ঢঙ্গ-ঢঙ্গাতি · (ঢঙ্গব্যক্তি—ঢঙ্গাতি ?)। ধূর্ত, প্রঃ—ঢঙ্গঢঙ্গাতি নহি (কবিকঃ)।

ঢন্-ঢন···ব্য. (সং ধ্বন, ধ্বণ ধাতু শব্দে। তুং ঝন্‌ঝন)। শুষ্ক কাষ্ঠাদির শব্দে, শুষ্ক শীর্ণতায়, প্রঃ—শীর্ণ গোরু মানুষও ঢন্-ঢন করে। ঢন্-ঢনানি॥ ঢন্ ঢনা, ঢন্-ঢনিয়া...ণ. এমন শুষ্ক ও জর্জর যে নড়িলে ঢন্-ঢন শব্দ হয়। ঢন্না···ণ. ঢন্-ঢন ঝন্ ঝন শব্দ করে এমন শুষ্ক, প্রঃ—ঢন্না কাঠ।

ঢপ...ষ্য. (সং ভাব হইতে। হিং ঢব)। ভাব, ভঙ্গি ; কীর্তন গানবিশেষ, যেমন মধুকানের ঢপ। ঢপ-সঙ্গীত · এক প্রকার পাঁচালী।

ঢপ, ঢপ-ঢপ ··ব্য. (সং স্তূপ ধাতু উচ্ছ্রায়ে। ঢিপী দেখ)। বৃহৎ শিথিল বস্তুতে আঘাত শব্দে, প্রঃ—ঢাকের চর্ম—শিথিল হইলে ঢপ্-ঢপ করে। ঢপ্ ঢপানি॥ ঢিপ, ঢিপ্-ঢিপ···ব্য. ক্ষুদ্র স্তূপে আঘাত শব্দে, প্রঃ—ঢিপ্ ঢিপ করিয়া বালিশে ঠেঙ্গানা। ঢিপ্-ঢিপানি॥ ঢপ্-ঢপা, ঢপ্-ঢপিয়া ··ণ বৃহৎ স্তূপাকার, অসংহত।

ঢর্-ঢর···ব্য. (ঢল ধাতুর রূপান্তর)। ঢল্-ঢল দেখ। প্রঃ—রসে তনু ঢর-ঢর (জ্ঞানদাস)। ঢর্-ঢর···ষ্য. (সং ধ ধাতু বয়োহানিতে)। জীর্ণতায়, জর্জরীভাবে, প্রঃ—বাঁশটা ঢর্ ঢর করিতেছে। ঢর্-ঢরা, ঢর্ ঢরিয়া ··ণ জীর্ণ, জর্জর।

ঢল···ধাতু. (সং হ্বল ধাতু চলনে। হিং ঢল, ওং মং ঢঠ ধাতু)। ঢলি—অবনত হই, বিহ্বল হই, প্রঃ—নিদ্রায় ঢলি, হাসিতে হাসিতে ঢলিয়া পড়ে। ঢলা, ঢলন॥ ঢল ·· ষ্য. কুমনিম্নতা, প্রঃ—পুকুর পাড়ের ঢল ; উচ্চভূমি হইতে যে বৃষ্টিজল নীচে গড়ায়, প্রঃ—ঢল নামে। ঢলা...ধাতু. (ঢল ধাতু আস্থে)। ঢলানা॥ প্রঃ—কি ঢলান ঢলালি,—কামক্রোধাদি দ্বারা বিহ্বল হইয়া। ঢলানী···ষ্য. যে নারী ভাব ঢলায়। ঢল্-ঢল ·· ব্য. তারল্যে, বিহ্বলতায়, প্রঃ—ঢল্-ঢল কষিত কাঞ্চনতনু গোরী (জ্ঞানদাস); আ মরি আ মরি সঙ্গিনী সকল,ভাবে ঢল ঢল হাসে খল্-খল, টল্-টল ধরণী (রামপ্রসাদ)। ঢল্ ঢলা, ঢল্-ঢলিয়া · ণ. তরল, যেন দ্রবীভূত,প্রঃ—ঢল্ ঢলিয়া চোখ। ঢুল্-ঢুল··· ব্য. ক্ষুদ্র বস্তুর অবনমনে, প্রঃ—আঁখি ঢুল্-ঢুল। ঢুল-ঢুলা, ঢুল্-ঢুলিয়া·· ণ. যাহা ঢুল্ ঢুল করে।

ঢাক · ধাতু. (সং ঢৌক ধাতু গতি, আবরণে, প্রঃ—বদনং ঢৌকতে। বাং ঢাকা, হিং ঢাঁকনা, মং ঢাঁকণেঁ, ঝাঁকণেঁ। ঢোকা ঢাকা এক ধাতু হইতে)। ঢাকি—আবৃত করি। ঢাকা॥ নিঃ—আ-ঢাকা। ঢাকন ···ষ্য. আচ্ছাদন, পিধান। ঢাকনা···ষ্য. আচ্ছাদন,যদ্দ্বারা আবৃত করিতে পারা যায়। ঢাকনী···ষ্য. ছোট ঢাকনা (ওং ঢাঙ্কুণি) ঢাকা-ঢোকা দেওয়া—(ঢোকা উপচর শব্দ ?)। কোন ক্রমে সংবৃত করা। ঢাকা ··ধাতু. (ঢাক ধাতু আস্থে)। ঢাকানা॥

ঢাক···ষ্য (সং ঢক্কা)। প্রসিদ্ধ আনদ্ধ বাদ্যযন্ত্রবিশেষ। জয়-ঢাক...বৃহৎ ঢাক, তাহাতে বকের পালখ (গজরা) বাঁধা থাকে। ঢাকী ··ষ্য. (ঢাক+ঈ)। ঢাকবাদ্যকর। ঢাক-ঢোল ··ষ্য (সহচর শব্দ) ঢাক ও ঢোল, প্রঃ—ঢাকঢোল বাদ্য বাজে

শিবের মন্দিরে (কবিকঃ)। ঢাক পেটা, ঢাক বাজানা—প্রচার করা। ধর্মের ঢাকে কাঠি পড়ে—অধর্ম আচরণ লুকানা থাকে না। ঢাকের বাদ্য থামিলেই মিষ্ট—বহু-কালব্যাপী ঢাকের বাদ্য শ্রুতিসুখকর নহে। দৃষ্টান্তে, ঢাকের কড়ীতে মনসা বিকায়—মনসা ঠাকুরপূজার সময় ঢাক বাজানা হয়। ঢাকীকে যে বেতন দিতে হয়, তার তুলনায় পূজার ব্যয় অল্প; ইহা হইতে লক্ষণায়, আনুষঙ্গিকে ব্যয়বাহুল্য।

ঢামালি…ষ্য (সং দম্ভ—ঢাম+আলি। আসাং ধেমালি। ওং ঢগ ঢমাঠি। তুং বাং দামাল)। অহঙ্কার, দর্প (প্রাচীন বাং)।

ঢাল ··ষ্য. (সং)। দুশ্ছেদ্য চর্ম নির্মিত দেহ-রক্ষক, ফলা (মাণিকে ঢাল শব্দ স্থানে ফলা)। ঢালী · ষ্য. (ঢাল+ঈ)। ঢাল-ধারী।

ঢালকী ··ষ্য. (তুং ধানুকী)। যে ঢাল ধরিয়া যুঝে (কবিকঃ)।

ঢাল ··ধাতু. (সং হ্বালি ধাতু চালনে। সং দ্রাহ ধাতু নিক্ষেপে ? তুং হিং ডার ধাতু)। ঢালি—নির্গলিত প্রবাহিত করি, প্রঃ—থালাতে জল ঢাল, আজ মেঘ ঢালিবে—প্রচুর বর্ষণ করিবে। ঢালা॥ টাকা ঢালা—প্রচুর অর্থ ব্যয় করা। ঢালন-দার…ষ্য. (ফাং দার)। যে ঢালে, যে পিত্তলাদি আওটাইয়া ছাঁচে ঢালে। ঢাল-সুমার করা—নিক্ষেপ পূর্বক গণা; ইহা উহাতে উহা ইহাতে দেওয়া। ঢালা·· ধাতু. (ঢাল ধাতু আস্তে)। ঢালানা॥ ঢালাই···ষ্য. (ঢালা+ই)। ঢালা-কর্ম। ঢাল, ঢল··· ষ্য. প্রবণতা, ক্রমনিম্নতা। ঢালু···ণ, (ঢাল+উ)। ক্রমনিম্ন। ঢালাও, ঢালাও ···ণ. (হিং হইতে)। এত যে গণিতে না পারিয়া ঢালিয়া দিতে হইয়াছে, প্রচুর, প্রঃ—ঢালাও লুচিসন্দেশ; বিস্তীর্ণ, প্রঃ—ঢালাও বিছানা।

ঢিক··ধাতু. (সং ধিক্ষ, ধুক্ষ ধাতু ক্লেশনে)। ঢিকি—ক্লিষ্ট হই, প্রঃ—ঢিকিতে ঢিকিতে পথ চলা। ঢেকা॥ (ঢিক ধাতু হইতে ঢিকিতে, অপভ্রংশে ঢিকুতে হয়। অন্য পদ অপ্রচলঃ)।

ঢিক-ফাজিল ··ষ্য (সং অধিক হইতে ঢিক। ঢের দেখ। বর্ধমান জেলায় ঢের স্থানে ঢেক, ঢিক হয়। ফাজিল—কমজমা)। দুই অসমান রাশির মধ্যে অধিক রাশির কিয়দংশ লইয়া ন্যূন রাশির সমতা। যেমন দুই খণ্ড জমি পরিমাণে সমান না হইলে বৃহৎ খণ্ডের কিয়দংশ লইয়া দুই খণ্ড সমান করা—ঢিক-ফাজিল ভাঙ্গা। তেমনই, দাঁড়ী পাল্লায় দুই দ্রব্যের ওজন সমান না হইলে ঢিক-ফাজিল ভাঙ্গিতে হয়, অর্থাৎ দুই দিকের ভারের মধ্য লইতে হয়।

ঢি-ঢি ··ষ্য. (ধিক্-ধিক্)। ধিক্-ধিক রব, অপযশ, প্রঃ—এ কাজ কি ছাপা থাকে, চারিদিকে ঢি ঢি পড়িয়া গিয়াছে। ঢি-ঢিকার …ষ্য. (সং ধিক্-ধিক্কার)। ধিক্কার রব। (তুং টিটকারি)।

ঢিপ, ঢিপ্-ঢিপ···ব্য. (সং স্তূপ হইতে)। স্তূপে প্রহার শব্দে। ঢিপ করিয়া গড় করা—হঠাৎ মাথা দ্বারা ভূমিতে আঘাত করা। ঢিপা···ধাতু. ঢিপাই—স্থূলদ্রব্যে প্রহার করি। ঢিপানা, ঢিপানি॥

টিপী...ষ্য. (সং দ্বীপ)। উচ্চ ভুমি খণ্ড, প্রঃ —উই-টিপী ; স্তূপ।

টিবরী···ষ্য. (টিপ—দ্বীপ হইতে ?)। বোল্টু ইস্কুরুপ আঁটিবার মাদী ধাতু-খণ্ড (nut)। (২) (দীপ হইতে)। কেরোসীন দীপ (দোয়াতের আকারের)।

টিমা ণ. (সং মন্থর। মাঠ দেখ)। মন্থর, মন্দ মন্দ গতি, প্রঃ—টিমা লোক, টিমা-তেতালা।

টিল···ষ্য. (সং দলি. দলনী। ওং ঢেলা, টেল্লা, হিং ডেলা ঢেলা ; মং ঢোলা)। লোষ্ট্র। দৃষ্টান্তে, অন্ধকারে টিল মারা, ছোঁড়া—সন্ধান না করিয়া কাজ করা। টিলটি মারিলে পাটিকালটি খেতে হয়—টিল প্রায়ই মৃৎখণ্ড, পাটিকাল ভাঙ্গা ইট,—দুই বিপক্ষের মধ্যে যে আক্রমণকারী হয়, তাহাকেই অধিক ক্ষতি সহ্য করিতে হয়। টিলা ...ধাতু. টিলাই—টিল নিক্ষেপ দ্বারা আঘাত করি। টিলানা॥ (ঢেলা দেখ)।

টিলা...ণ. (সং শিথিল ; সংপ্রাং সঢিল। ওং ঢিলা)। শিথিল, প্রঃ—টিলা বাঁধন ; অব্যবস্থিত, প্রঃ—টিলা মানুষ।···ষ্য. শৈথিল্য, আলস্য, প্রঃ—কাজে টিলা দেওয়া, করা। টিলামি···ষ্য. (টিলা + আমি)। টিলার ভাব, শৈথিল্য।

টীট ·ণ. (সং ধৃষ্ট)। ধৃষ্ট, নির্লজ্জ।

টুক···ধাতু. (সং ঢৌক ধাতু গতি)। টুকি—প্রবেশ করি। ঢোকা॥ (ঢাকা দেখ)। ঢোকা...ধাতু. (টুক ধাতু আস্তে)। ঢোকানা॥

টুঁড়···ধাতু. (সং ঢুণ্ঢ ধাতু অন্বেষণে)। টুঁড়ি—অন্বেষণ করি। ঢোঁড়া॥

টুণ্ড ··ধাতু (সং ঢুণ্ঢ ধাতু অন্বেষণে)। টুণ্ডি—অন্বেষণ করি, অন্বেষণ নিমিত্ত ভ্রমণ করি, প্রঃ—নিকুঞ্জ ভাঙ্গিয়া দণ্ডে, আহল বিহল টুণ্ডে ঝিঁটী ঝাউ ঝরণা গহন (কবিকঃ)। অধুনা টুঁড় ধাতু।

টুপ, টুপ-টাপ...টপ, টিপ দেখ।

টুল ··ধাতু. (টল ধাতু দেখ। সং হ্বল ধাতু হইতে। সং দুল ধাতু হইতে ? তুং সং দুল ধাতু হইতে ঢোলক বাদ্যযন্ত্র)। টুলি—পতিত হই ; দুলি, নিদ্রাতুর হইয়া দুলি। ঢোলা॥ টুল···ষ্য. নিদ্রালস্য, নিদ্রালস্যে দোলন। টুলা, ঢোলা ··ধাতু. (ধাতু আস্তে)। টুলাই—দুলাই, প্রঃ—চামর টুলায় (কৃত্তিঃ) ; পাতিত করি, প্রঃ—মহল টুলাব তার না রাখিব মাটি (মাঃ)। ঢোলানা॥ ঢোলাই···ষ্য. পাতিত করা কাজ, সে কাজের বেতন।

টুলী···ষ্য. (ঢোল দেখ)। ঢোল-বাদ্যকর, ঢোলী। (২) শণ-ফল, বীজ বাহির করিয়া লইলে যে শূন্য ফল থাকে।

টুষা···ধাতু. (সং ধর্ষণ হইতে। সং ধুষ ধাতু ধর্ষণে, হিংসায়। তুং ওং ভুস হিং মং টুস ধাতু)। টুষাই—মাথা কিংবা স্থূল দ্রব দ্বারা প্রহার করি, প্রঃ—মাতায় মাতায় টুষাইয়া মাতা করিল চুর (কৃত্তিঃ লং ; মাতা —মাথা)। টুষানা॥ (টু দেখ)। (শৃঙ্গদ্বারা আঘাত—গুতাঁনা।

টু ··ষ্য. (সং ধুষ ধাতু হিংসায়)। পশু-যুদ্ধে মাথায় মাথায় আঘাত, প্রঃ—মেড়া লড়াই করিবার সময় টু মারে।

টু-টু ··ব্য. (সং ধূ ধাতু কম্পনে। ধূ ধূ দেখ)। কিছু নয়, তৃণহীন বালুকামাত্র।

টেআ ··ধাতু. (ঢেউ দেখ)। টেআই—

তরঙ্গিত করি, প্রঃ—ঢেআইয়া জল ভর—তরঙ্গ জাত করিয়া উপরের তৃণাদি সরাইয়া। ঢেআনা ॥

ঢেউ···ষ্য. (হিংতে ঢেউ আছে বটে, কিন্তু লহর অধিক চলিত। ওং-তে লহড়ি, মংতে লাট লহর, আসা° ঢৌ। বাংতে ঢেউ কোথা হইতে আসিল? সং ব্বগু—কুব্জ—হইতে? ব্বগু—ঢাউ—ঢেউ?)। লহরি। ঢেউ-খেলানা ··ণ. তরঙ্গিত।

ঢেউ...ষা. (? হিং ঢক, দাঙ্গী। সং দক্ষিণ হইতে?)। অন্যের সম পরিমাণ, প্রঃ—কলশীর ঢেউ পিতল লও,—কলশীর সমান ওজনের।

ঢেঁকলী···ষ্য. (ঢেঁকি হইতে)। কূপাদি হইতে জল তুলিবার ঢেঁকি কল, লাঠা।

ঢেকা···ষ্য. (সং ধিক্ষ ধাতু ক্লেশনে হইতে। ধাক্কা দেখ)। ধাক্কা, প্রঃ—ঢেকা মারি পুরী বাহির রাখিলেন লৈয়া (চৈঃ চঃ); ঢেকা মারে একেবারে শত শত জন (কবিকঃ); ঢেকা দিয়া কোটালের ভাই লয়ে যায় (ভাঃ)। (অধুনা প্রায় অপ্রচলঃ)।

ঢেঁকি, ঢেঁকী···ষ্য. (ওং ঢেঙ্কি; হিং ঢেঁকা ঢেঁকী। হিংতে ধান-কুট্টী নামও আছে। ধান-কুটি—যাহা দ্বারা ধান কোটা যায়—সংক্ষেপে ধান্‌কি—ধাঁকি—ঢেঁকি হইতে পারে। মাণিকে, 'ঢক ঢক করে ঢেঁকি'—অর্থাৎ ঢক-ঢক শব্দ হইতে ঢেঁকি? লোকে বলে ঢেঁকি ঢেঁকশ-ঢেঁকুশ শব্দ করে। তুং ঢেকা—সং ধিক্ষ ধাতু ক্লেশনে হইতে। ধিক্ষ ধাতু হইতেও ঢেঁকি শব্দ আসিতে পারে। যাহা দ্বারা ঢেকা মারা যায়, তাহা ঢেকি—ঢেঁকি। বোধ হয় ধান-কুটি শব্দের সংক্ষেপে ঢেঁকি)। ধান্যাদি কুটিবার পাদ-চালিত স্থূল কাষ্ঠ। (উদূখল মূষল—ধান রাখিবার কাঠের গড় (গর্ত্ত) ও মূষল—বহু প্রাচীন যন্ত্র। এই যন্ত্র অদ্যাপি ভারতের দক্ষিণে ও পশ্চিমে চলিতেছে। বঙ্গ ও ওড়িশায় ঢেঁকি প্রাচীন উদূখল মূষলের স্থান লইয়াছে। উদূখল (হিং ওখলী, মং উখলী) —কাষ্ঠ নির্মিত ধান্য পাত্র; ইহাতে ধান্য রাখিয়া দুই হাতে মূষল উত্তোলন করিয়া বেগে ধান্যে আঘাত করিতে হয়। ঢেঁকিতে হাতের কাজ পা দিয়া হয়)। ঢেঁকির অঙ্গ, —(১) ঢেঁকি ··প্রায় চারি হাত দীর্ঘ স্থূল কাষ্ঠ। (২) পোয়া, পোআ···(সং পাদ)। যূপ-কাষ্ঠের আকারের কাষ্ঠদ্বয়। (৩) আকশলী, আঁকশলী...(সং অক্ষশলা)। যে শলা পোয়াতে থাকিয়া ঢেঁকির উঠিবার পড়িবার সাহায্য করে। (৪) মুষলী ··ষ্য. (কোথাও কোথাও মোনা বলে। বোধ হয় মণি হইতে। তুং মোনা কাটা)। মুষল। (৫) শামা ··(সং শাম্ব। যথা, শম্বঃ স্যান্‌ মুষলা-গ্রস্থ লোহমণ্ডলকে—মেঃ)। মুষলের অগ্র-ভাগের লৌহবলয়। গড়...(সং গর্ত্ত, গড়)। প্রাচীন উদূখল স্থানীয় গর্ত্ত। গড়-কাঠ ···গড়ের তলের কাষ্ঠ। (তলে কাষ্ঠ না দিলে মাটিতে মুষল পড়ে)। সতা ·· (সং সপ্তন্নী হইতে)। এক দিকের আকশলী ক্ষয় পাইয়া নীচা হইলে যে পাতলা কাঠ পোয়াতে রাখিয়া ঢেঁকিকে সেদিকে উচ্চ করা হয়। ঢেঁকি-শাল (প্রাং ঢেঁশকাল) ··ঢেঁকিশালা। ঢেঁকির লেজ—যাহাতে পাদ-দেওয়া হয়। এক কি দুই জন লেজে পাদ দিয়া ঢেঁকি দ্বারা ধান

ভানে (ভাঙ্গে), চিড়া খই প্রভৃতি কোটে। অপর একজন গড়ের কাছে বসিয়া গড়ের ধান হাতে করিয়া নাড়িয়া দেয়—গ্রা° সেঁকুত (দেখ) দেয়। প্রবাদে, (১) ঘরের ঢেঁকি কুমীর—ঢেঁকি কতকটা কুম্ভীরের মতন দীর্ঘ। কুম্ভীরে যেমন মানুষ খায়, আঘাত করে, সেঁকুত-দিঅনী অসাবধান হইলে তাহার হাতে কখন কখন মাথায় মুষল পড়িয়া তাহাকে আহত করে। ইহা হইতে, যে ঘরের ছিদ্র বলিয়া দিয়া অনিষ্ট করে। (২) এক গাঁয়ে ঢেঁকি পড়ে অন্য গাঁয়ে মাথা ব্যথা—ঢেঁকির অবিরাম ঢক্-ঢক শব্দে নিকটস্থ ব্যক্তির কর্ণপীড়া জন্মে। কিন্তু দূরস্থ ব্যক্তির কর্ণপীড়া জন্মিতে পারে না। ইহা হইতে, এক ঘরের কলহ বা কষ্ট দেখিয়া অন্য লোকের সমবেদনার মূলে স্বার্থ থাকিবার সম্ভাবন। (৩) ঢেঁকিশালে যদি মাণিক পাই তবে কেন পর্বতে যাই—বাড়ীতে ঢেঁকিশাল থাকে, এত নিকটে যদি কাম্যবস্তুর লাভ হয়, তবে কে দূরে পর্বতে তাহা অন্বেষণ করিতে যায়? (৪) ছিল ঢেঁকি হ'ল তুল কাটিতে কাটিতে নির্মূল—এক ছুতার ঢেঁকি গড়িতেছিল। সে এমন দক্ষ যে ঢেঁকি চাঁচিয়া চাঁচিয়া তুলে (তুলাযন্ত্রে) দাঁড় করাইল, শেষে তুলও হইল না। লক্ষণায়, সুন্দর করিতে গিয়া দ্রব্য নষ্ট করা। (৫) ঢেঁকিশাল দিয়া কটক যাওয়া—ঢেঁকিশাল বাড়ীর পশ্চাৎ-ভাগে, দক্ষিণ ব্যতীত অন্য ভাগে থাকে, বঙ্গের দক্ষিণে কটক। বাড়ীর দক্ষিণ দ্বার দিয়া কটক যাইবার সোজা পথ। সে পথে বাহির না হইয়া অন্য পথে বাহির হওয়া। লক্ষণায়, সোজা পথ ছাড়িয়া ঘোর পথে যাওয়া। তু° ইল্লী দিয়া দিল্লী যাওয়া। (বোধ হয় আরও কথা আছে। পূর্বকালে বাড়ীর স্ত্রীলোকে লুকাইয়া শ্রীক্ষেত্র দর্শনে যাইত। কটক দিয়া শ্রীক্ষেত্র যাইতে হইত। দক্ষিণে সম্মুখ-দ্বার দিয়া বাহির না হইয়া অন্য দ্বার খিড়কি-দ্বার দিয়া বাহির হইত। ইহা হইতে, সোজা পথে না গিয়া ঘোর পথে যাওয়া।) ঢেঁকির কচ্-কচি ··(ঢেঁকি ঢেঁকচ-ঢেঁকচ (অর্থাৎ ঢেঁক-ঢেঁক-শব্দ) করে। ঢেঁকচ হইতে কচ)। ঢেঁকির উঠা-পড়ার বৃথা শব্দ; লক্ষণায় বৃথা তর্কবিতর্ক। ঢেঁকি-শাগ ··অপুষ্পক শাক বিশেষ (Fern)। চাটিগাঁ ও পূর্ববঙ্গের অন্যান্য স্থানে ছায়াবৃত রসা ভূমিতে জন্মে। পাতা দীর্ঘ, অগ্রভাগ ঈষৎ বক্র। নবোদ্গত পত্র হাতীর শুঁড়ের মতন বাঁকিয়া থকে। ইহা হইতে ঢেঁকি নাম।

ঢেকুর · ষ্য. (স° উদ্গার। ও° এউড়ি, হেউড়ি; হি° ডেকার, ঢকার; ম° ঢেঁকর। ঢাকায় ঢেকা। স° উদ্গার শব্দের অপভ্রংশে যে ঢেকুর, তাহা ও° এউড়ি শব্দ না থাকিলে হঠাৎ বিশ্বাস হইত না। উদ্গারে এউ—হেউ শব্দ হয় বলিয়া ও° এউড়ি, হেউড়ি মনে হইতে পারে। কিন্তু অনুকারত্ব আকস্মিক বোধ হয়)। উদ্গার। খই-ঢেকুর খই চুঁইলে যেমন গন্ধ হয় যে ঢেকুরের তেমন গন্ধ থাকে। চোঁআ ঢেকুর—খই-চোঁআ ঢেকুর।

ঢেঙ্গা···ণ. (স° দীর্ঘাঙ্গক? তু° হি° ধীঙ্গা—

পুষ্ট। ও° ডেঙ্গা। ঠেঙ্গা হইতে? ঠেঙ্গা—দীর্ঘ যষ্টি)। দীর্ঘ, প্রঃ—ঢেঙ্গা মানুষ। স্ত্রী°—ঢেঙ্গী।

ঢেঁটা…ঠেঁটা দেখ।

ঢেঁড়শ…ষ্য. (সং ঢিণ্ডিশ—বৈদ্যকঃ। ঢিণ্ডিশ শব্দ অর্বাচীন। ও° ভেণ্ডি, বাংতেও কোন কোন স্থানে ভেঁড়ি। বোধ হয় ভেঁড়া-শৃঙ্গী নাম প্রথমে ছিল (মেষ-শৃঙ্গের তুল্য বক্র ফল বলিয়া), পরে ঢেঁড়শ এবং এই নামের সংস্কৃত রূপ পরে ঢিণ্ডিশ হইয়াছে)। জবাদি-বর্গের কৃষিজাত ফলশাক-বিশেষ (Lady's fingers. Hibiscus esculentus)। ফল লম্বা, ক্রমশঃ সরু, মেষ-শৃঙ্গ-তুল্য বাঁকা, পিচ্ছিলরস। পাকিলে ফল ফাটিয়া যায়।

ঢেঁড়া, ঢেঁটরা…ষ্য. (সং ভেরি—পটহ-বিশেষ?)। মাটির এক-মুখা আনদ্ধ বাদ্য-বিশেষ। দুই হাতে দুই কাঠী দিয়া বাজানা হয়; প্রঃ—জাহাঙ্গীর ঢেঁড়া দিলা সকল সহরে (ভাঃ)—ঢেঁড়া দেওয়া—ঢেঁড়া বাদ্য বাজাইয়া রাজাজ্ঞা ঘোষণা করা। ঢেঁড়া, ঢেঁটরা পিটানা—বাদ্য দ্বারা ঘোষণা করা, ঘোষণা করা।

ঢেঁড়ী…ষ্য. (ভেঁড়া শৃঙ্গের তুল্য বাঁকা বলিয়া ভেঁড়া হইতে?)। নারীর কানের স্বর্ণ অলঙ্কার-বিশেষ। (আজ-কাল গহনাটি অপ্রচলঃ)। পোস্ত-ঢেঁড়ী… পোস্ত-ফল (হিং টীণ্ডরা)।

ঢেঁড়ো (গ্রা°)…ষ্য. (তু° হিং ঢোড়া—বৃথা দৃশ্য। সং ডুণ্ডুভ সর্প নাম হইতে? ঢোঁড়া সাপ—সাপ বটে, কিন্তু, বিষহীন, তেমন ঢেঁড়ো কাজ—নামে কাজ, ফলে বৃথা)। বৃথা কর্ম, প্রঃ—ঢেঁড়োতে পড়া—মিছা কাজে; কিছুই না, প্রঃ—ঢেঁড়ো হবে—কিছুই হবে না, যেমন ঘোড়ার ডিম। (বোধ হয় এই বহু প্রচলিত গ্রা° শব্দটির মূল রূপ ঢাঁডুয়া)। ডেড়ি দেখ।

ঢেপ্-ঢেপ…ঢপ্-ঢপ দেখ।

ঢেপসা…ণ. (ঢিপি-সদৃশ—ঢিপসা—ঢেপসা)। স্তূপ-সদৃশ, কদাকার।

ঢেমন…ণ. (ঢেমনী দেখ)। কুচরিত্র, প্রঃ—ঢেমন ঢোসরগুলা জানে ঢের ঢঙ্গ (মাঃ), কি বলে ঢেমন মাগী মালাকারের মেয়ে (মাঃ); জারজ, প্রঃ—জারুয়া ঢেমন (কবিকঃ)। ঢেমনা…ণ. (ঢেমন+আ)। জারজ (গালিতে)। ঢেমনা-বেধো… (বিধবা হইতে বেধো। অতএব সহচর শব্দ)। জারজ (গালিতে)।

ঢেমনা…ষ্য. (সং ধামন্—গৃহ হইতে? ঢেমন হইতে? লোকের বিশ্বাস, এই সাপ গোখুরা সাপের সঙ্গে জোড় লাগে। ও° ঢমণা)। নির্বিষ দণ্ডাকার সর্পবিশেষ (Zamenis mucosus)। দণ্ডাকার বলিয়া কোথাও কোথাও নাম দণ্ডাস আছে। চারি পাঁচ হাত দীর্ঘ হয়। লেজ এক হাত। দেহের ঊর্ধ্বভাগ ইটবর্ণ, নিম্নভাগ আপীত, পশ্চাৎ দিকে অঙ্গুরী চিহ্ন আছে। তুণ্ড ঈষৎ বহির্গত, চক্ষু বৃহৎ। গোয়াল-ঘরে প্রায়ই দেখা যায়, ইঁদুর পাখী খায়। ঢেমনা কেঁচো…কেঁচো দেখ।

ঢেমনী…ষ্য. (সং ধমনী—হট্টবিলাসিনী—অঃ)। উপ-পত্নী।

ঢের…ণ. (সং অধিক? ভূরি? ও° ঢের; হিং ঢের ঢেক; মং ঢেল। বাংতে

কোথাও কোথাও ঢেক আছে)। অধিক, প্রচুর।

ঢেরা···ষ্য. (সং হীরক—হীরা হইতে। হীরা—ঢীরা—ঢেরা। হিং ঢেরা। তেলুগুতে তিককড়—বাং তাকুড়। ওংতে শব্দ কিংবা দ্রব্যটি প্রচলিত নাই)। (১) পাট ও শণের দোড়ী কাটিবার কাঠের চতুর্ভুজ যন্ত্র-বিশেষ, ইহার ভুজ—পাখী (সং পক্ষ), মাঝে নাকী (সং নাসিকা) কিংবা আঁকুশী (সং অঙ্কুশ) থাকে। (২) +—এই চিহ্ন। এই চিহ্নের সং নাম বজ্রচিহ্ন, বজ্র অর্থে—হীরক। হীরার স্বাভাবিক সংস্থান এই রূপ। যে লিখিতে জানে না, সে দলীলে এই ঢেরা-চিহ্ন করিয়া দেয় (সস্তক দেখ)। পুথী লিখিবার সময় যেখানে ফাঁক পড়ে, সেখানে (সং) কাকপদ-চিহ্ন দেওয়া হয়। যুগল কাকপদ=ঢেরা-সহি। ঢেরা-সহি, ঢেরা-সই···ষ্য. (সহি, সই দেখ)। ঢেরা-চিহ্ন লেখা।

ঢেলা···ষ্য. (সং দলি। দলি—দিল—ডিল—ঢিল। সং লোষ্ট, লেষ্টু শব্দের বর্ণবিপর্যয়েও ঢেলা আসিতে পারে। হিং ডলা, ঢেলা; ওং ঢেলা, ডেলা)। লোষ্ট্র (ঢিল দেখ। ঢিল ছোট, ঢেলা বড়। অতএব বোধ হয় ঢিলী শব্দ ছিল। এখন ঢেলী শব্দ কাহারদের ভাষায় আছে, অর্থ, ছোট ঢেলা, ভাঙ্গা ইট-পাথর)। ঢেলা-মারা···ষ্য. লোষ্ট্র-নিক্ষেপ দ্বারা প্রহার; বিবাহের দিন ঘরযাত্রীকে ঢেলা দ্বারা প্রহার। (প্রাচীন আসুর বিবাহের শেষ চিহ্ন)। ঢেলা-ভাঙ্গানি ··ষ্য. ঢেলা-মারা হইতে রক্ষা পাইতে মিষ্টান্ন কিংবা অর্থদান। ঢেলা ··ধাতু. ঢেলাই—ঢেলা নিক্ষেপ দ্বারা প্রহার করি। ঢেলানা॥

ঢেঁশকাল (গ্রাং)···ঢেঁকিশাল দেখ।

ঢোক ··ষ্য. (ঢুক ধাতু হইতে; তুং ঘোট। কিংবা সং স্তোক। ওং ঢোক্)। যে পরিমাণ পানীয় একবারে গলায় ঢোকাইতে পারা যায়, প্রঃ—এক ঢোক জল।

ঢোকা ··ঢুক ধাতু দেখ।

ঢোঁড়া ··ঢুঁড় ধাতু দেখ। ঢোঁড়া জাল··· জাল দেখ।

ঢোঁড়া ··ষ্য. (সং ডুণ্ডুভ, ধোড। ওং ধেণ্ডুঅ)। নির্বিষ, ভীরু সর্প-বিশেষ (Hypsirhinus ?)। স্থূলদেহ, গোল, খয়রা, চিহ্নহীন। ২৸০ হাত দীর্ঘ হয়। জলে কাদায় থাকে, মাছ খায়।

ঢোল···ষ্য. (সং)। কাঠের দু-মুখা আনদ্ধ বাদ্যবিশেষ। এক মুখে কাটি, অন্য মুখে হাত দিয়া বাজানা হয়। ঢোলী, ঢুলী···ষ্য. (ঢোল+ঈ)। ঢোলবাদ্যকর। ঢোলক···ষ্য. (ঢোল+ক)। ছোট ঢোল, কিন্তু দুই মুখে হাত দিয়া বাজানা হয়। ঢোলকী···ষ্য. (ঢোলক+ঈ)। ছোট ঢোলক; ঢোলক বাদ্যকর। ঢোল ··ণ. ঢোলতুল্য, ঢোল তুল্য স্ফীত, প্রঃ—মড়াটা ফুলিয়া ঢোল হইয়াছে। ঢোল-কাণ ·ষ্য. (সং শিথিল—ঢিলা শব্দের রূপান্তরে ঢোল ?)। দীর্ঘক শশক ? (কবিকঃ)। ঢোল-সমুদ্র···ষ্য (সং ঢোলসমুদ্রিকা)। ছোট (প্রায় দে হাত) বন্য শাকবিশেষ (Leea macrophylla)। কিন্তু পাতা বৃহৎ (এজন্য ও নাম হাতীকানী—হস্তিকর্ণ তুল্য বৃহৎ প য়ার)। বর্ষাকালে জন্মে, অন্য সময় দেখ

যায় না। পুষ্প গোয়ালী-লতার পুষ্প-সদৃশ।

ঢোলা...ণ. (সং ঢোল+আ। সং শিথিল—ঢিলা হইতে)। স্ফীত ; শিথিল। ঢোলা-পাতা...কাগুড়া দেখ। (রাঢ়ে নাম)।

ঢোসর...ণ. (সং ধূসর—গর্দভ হইতে ? হিং ঢূসর—বৈশ্য জাতিবিশেষ ; ইহারা আপনা-দিগকে বামুন বলে)। শঠ, প্রঃ—ঢেমন ঢোসর (মাঃ)।

ঢোসা...ঢুস ধাতু দেখ।

ণ।

ণ...ষ্য. (সং)। ব্যঞ্জন-বর্ণ, অক্ষরবিশেষ। টবর্গের অনুনাসিক বর্ণ। বাংতে ন-তুল্য উচ্চারণ।

ত।

ত...ষ্য. (সং)। ব্যঞ্জন-বর্ণ, অক্ষরবিশেষ।

ত...ব্য. (সং তু)। পাদপূরণে, প্রঃ—শূংপুঃ, চৈঃচঃ। যথা, নীরে ত নিরমিল কাআ নাম নিরঞ্জন (শূংপুঃ)—নীরে অধিকরণ কারক, ত পাদপূরণে। পরে এই ত অধিকরণ কারকের বিভক্তি হইয়াছিল। অদ্যাপি আসামে, রঙ্গপুরে ত (৭) বিভক্তি আছে। অন্যত্র তে হইয়াছে। (২) অবধারণে,প্রঃ—আমি ত বলিয়াছি। (৩) পক্ষান্তরে, প্রঃ—তোমার ত যাওয়া ঠিক আছে। (৪) সমুচ্চয়ে, বাক্য উপন্যাসে, প্রঃ—তাই ত, কি করা যাবে, সব ভাল ত।(৫) (সং ততঃ, তদা)। তবে, প্রঃ—তুমি যাও তো আমি যাব ; তবে তো বিপদ্ (এই অর্থে ত না লিখিয়া তো লেখা ভাল। ব্যাকরণ দেখ)।

হয় ত...যদি হয় তবে,—মূলার্থ এই, প্রঃ—হয় ত আজি বৃষ্টি হইবে—যদি বৃষ্টি হয়, তবে আজি হইবে ; ইহা হইতে, আধুনিক প্রয়োগে সন্দেহ, সম্ভাবনা বুঝায়। তো দেখ।

তঃ, ত . প্রত্যয় (সং তস্)। হইতে, প্রঃ—প্রসঙ্গতঃ—প্রসঙ্গ হইতে। (তঃ স্থানে ত বানান ঠিক নহে)।

ত ..ণ. (তত দেখ)। তত, প্রঃ—তদ্দিন।

তক...প্রত্যয়. (হিং। সং ততঃ ?)। পর্যন্ত প্রঃ—এ তক—এ পর্যন্ত, কাহাঁ তক—কি পর্যন্ত।

তক্-তক ..ব্য. (সং তক ধাতু হসনে ; সং তর্ক ধাতু দীপ্তিতে)। দীপ্তিতে, প্রঃ—দালান ধুইবার পর তক্-তক করে—যেন হাসিতে থাকে, দালান হাসিতেছে—এরূপ প্রয়োগও আছে। (জলের দীপ্তি তক্-তক ; তেলের দীপ্তি চক্-চক, কুচ্-কুচ ; ধাতুর দীপ্তি ঝক্-ঝক—এই দীপ্তি তরল না হইলে জক্-জক।) তক্-তকা, তক্-তকিয়া...ণ. তক্-তক দীপ্তি-শালী। তিক্-তিক.. ক্ষুদ্র বস্তুর জলীয় দীপ্তিতে ; অল্প দৃষ্টিতে, প্রঃ—পানা পুকুরে সে ডুবিয়া পড়িয়াছিল, কেবল মাথাটি তিক্-তিক করিতেছিল। তুক্-তুক ..অতি ক্ষুদ্র বস্তুর মৃদু দীপ্তিতে। (চক্-চক=তক্-তক, চিক্-চিক=তিক্-তিক, চুক্-চুক=তুক্-তুক)।

তক্-তক...ব্য. (সং তিক ধাতু গতি। তুং টক্-টক ; হিং টচ-টচ, টিক-টিক। ওংতেও এই রূপ)। গোরু চালাইবার অব্যক্ত শব্দে।

তকৃত···ষ্য. (আ° তখ্‌ত)। রাজসিংহাসন।

তকৃতপোষ ··ষ্য. (আ° তথ্‌তপোষ—বসিবার আস্তরণ)। এমন খাট যাহার শয়ন স্থান কাঠের পাটার।

তকৃতা···ষ্য. (আ° তথ্‌তা। তু° স° তক্ষিত)। পাটা, কাঠের পাটা; কাগজের এক ফর্দ। তকৃতী···ষ্য. ছোট পাটা; পট্টাকার স্বর্ণ অলঙ্কার বিশেষ। তকৃতা-নামা ··ষ্য. (ফা° তথ্‌তেরোআঁ—যে রাজাসন বাহিত হয়) বিবাহের বরের উন্মুক্ত যান-বিশেষ।

তক্‌-বক্‌, টক্‌-বক, টগ্‌-বগ···ব্য. (স° তক্ষ ধাতু উন্মোচনে, বক্ষ ধাতু সংঘাতে। তক্‌-বক—একবার উন্মুক্ত, পরবার সংঘাত অর্থাৎ ফুলিয়া উঠা ও সঙ্কুচিত হওয়া)। তাপে জলস্ফোটনশব্দে।

তকৃমা···ষ্য. (তুর্কী তমগা, অপভ্রংশে তকৃমা)। শাসনপট্ট।

তকৃরার··ষ্য. (আ°)। তর্ক, আপত্তি। তক্‌-রারী···ণ. তর্কযোগ্য।

তকৃলিফ·· ষ্য. (আ° তকৃলীফ)। কষ্ট।

তকল্লব···তগল্লব দেখ।

তকুড়···ষ্য. (স° তর্কু)। জাল বুনিবার দোড়ী রাখার মাকু। অন্য নাম তফীল। জাল দেখ।

তক্ষক···ষ্য. (স°)। নাগরাজবিশেষ; সূত্র-ধার, বিশ্বকর্মা; দক্ষকর্মা।

তখন···ব্য. (স° তৎক্ষণ)। সে সময়। তখনি ব্য.···(তখন+ই)। সে সময়েই।

তক্ষণি···ব্য. (তৎক্ষণ+ই)। তৎক্ষণাৎ।

তথ্‌ত···ষ্য. (আ°)। রাজসিংহাসন।

তগর ··ষ্য. (স°)। টগর দেখ।

তগল্লব (গ্রা° তকল্লব)··ষ্য. (আ°)। বঞ্চনা। তগল্লবী···ণ. বঞ্চনাপূর্ণ, প্রঃ—তঃ কথা।

তঙ্কা···ষ্য. (স°)। টাকা, প্রঃ—তঙ্কা প্রতি অষ্ট গণ্ডা সের প্রতি ধর (শুভঙ্করী), শত তঙ্কা দিল সাধু পিঞ্জরের বাণি (কবিকঃ)।

তচ্‌নচ···ণ. (হি° তহস-নহস। স° তস ধাতু উপক্ষয়ে, নশ ধাতু বিনাশে)। নষ্ট, প্রঃ—ফুলের বাগান ভেঙ্গে তচ্‌নচ করে; গ্রাম তচ্‌নচ হবে না কি (টেকচাঁদ)।

তছরুপ···তসরুপ দেখ।

তছু ··সর্বনাম. (স° তস্য)। তাহার (প্রাচীন পদে)।

তজ্‌দিক...তসদিক দেখ।

তজ্‌বিজ···ষ্য. (আ° তজ্‌বীজ)। বিচার, বিবেচনা।

তঞ্চ ··ষ্য. (স° বঞ্চন হইতে? কিন্তু ব স্থানে ত দেখা যায় না। স° তঞ্চ ধাতু সঙ্কোচ হইতে?)। বঞ্চনা, প্রঃ—কূটবুদ্ধি কোতোয়াল তঞ্চ করে নানা (রামপ্রসাদের বিদ্যাসুন্দর)। তঞ্চক ··ষ্য. প্রবঞ্চনা, প্রঃ—আমার সঙ্গে তঞ্চক করিবে না।

তটস্থ ··ণ. (স°—তটে স্থিত; ইহা হইতে উদাসীন)। বা°-তে ভয়কাতর, বোধ হয় ভয়ে তটস্থ—ভয়ে উদাসীন—কিংকর্তব্য-বিমূঢ়।

তড়কা ··ষ্য. (স° তাড়কা-রাক্ষসী নাম হইতে? স° তড় ধাতু তাড়না হইতে? টাটকা লাগা দেখ)। আক্ষেপ-রোগ, মৃগী-রোগের ন্যায় লক্ষণবিশিষ্ট রোগবিশেষ (convulsion)। (প্রায়ই, রস-তড়কা)।

তড়্‌-তড়···ব্য. (স° তট, তড ধাতু আঘাতে। তু° স° তট-তট)। বৃষ্টিপতন শব্দে, প্রঃ—

তড়্-তড় করিয়া বৃষ্টি আসিল ; ঘুট ঘুট অন্ধকার শিলার তড়তড়ী (ভাঃ), বৃষ্টিল শিলা তড়তড়-তড়ে (মেঘনাদবধে)। তড়্-তড়া...ষ্য. তড়্-তড় শব্দে হঠাৎ বৃষ্টি, জলপ্রক্ষেপ, প্রঃ—এক তড়-তড়া বৃষ্টি, পথে জলের তড়্-তড়া দেও। তড়্-তড়ানি॥ তড়্-তড়িয়া...ণ. (তড়্-তড়+ইয়া)। তড়্-তড় শব্দবিশিষ্ট।

তড়্-বড়...ব্য. (সং তট ধাতু উন্নতি, বড ধাতু আরোহণ ; কিংবা বল ধাতু প্রাণন—বল করা)। বেগে লাফাইয়া উঠায়,উথান ও বলপ্রয়োগে। (দড়্-বড় দেখ)। তড়্-বড়ানা॥ তিড়্-বিড়...ব্য. এদিক্ ওদিকে বাঁকায়, লম্ফ-চেষ্টায়। তিড়্-বিড়া...ণ. চঞ্চল, যে অল্পেই চমকিয়া লাফাইয়া উঠে।

তড়াক...ব্য. (সং ত্বরা+ক্)। অতি বেগে।

তড়ি-ঘড়ি (গ্রাং)...ব্য. (ত্বরা করি—অপভ্রংশে)। অতি শীঘ্র।

তত ..ণ. (সং তাবৎ। তুং গ্রাং উং তত ; ওং তেতে, হিং তেতা। সং ততি—শেষের ই লুপ্ত, তুং রীতি—রীত)। তাবৎ, তৎপরিমিত। (তুংযত—সাং যাবৎ)। (সংক্ষেপে তত সমাসে ত হয়)।

ততেক...ণ. (সং ততি+ক স্বার্থে। ওং তেতিকি)। তাবৎপরিমিত। (তুং যতেক)।

ততোধিক...ণ. (সং ততঃ+অধিক)। তদপেক্ষা অধিক, প্রঃ—তেতোধিক পাপী।

তৎকাল...ব্য. (সং)। সে সময় ; শীঘ্র, প্রঃ—আসিব তৎকাল আজ্ঞা দেও না মোরে যেতে (মাঃ)। তৎপর...ণ. (সং)। তার পর ; তাহাতেই নিযুক্ত।

তৎতরিয়া...ণ. (সং তরস্+তরস্+ইয়া)। ত্বরাকারী, ব্যগ্র।

তত্ত্ব ..ষ্য. (সং)। সং-তে—যাথার্থ্য, বার্তা ; ইহা হইতে বাং তে বার্তা পাইবার অভিপ্রায়ে দূত বা বাহকের সহিত প্রেরিত মিষ্টকাদি। অন্য নাম ব্যভার (সং ব্যবহার। ওংতেও ব্যভার)। তত্ত্ব-তল্লাস... ষ্য. (তল্লাস দেখ। সহচর শব্দ)। সংবাদ-গ্রহণ।

তত্রত্য...ণ. (সং)। তৎস্থানভব, প্রঃ—তত্রত্য বৃক্ষ।

তত্রাচ...ব্য. (সং তথাচ—অপভ্রংশে)। তথাচ।

তথা...ব্য. (সং)। এই প্রকার, এবং, প্রঃ—রাম তথা শ্যাম পীড়িত ; (যথা পরে তথা), প্রঃ—যথা রাম তথা শ্যাম—দুই-ই অসুখ। তথাপি...ব্য. (সং)। তবু। (যদিও যদ্যপি পরে তথাপি আসে)। তথৈব...ব্য. (সং)। ঠিক এই প্রকার। তথৈবচ...ব্য. (সং)। এই প্রকার। তথাচ...ব্য. (সং)। সং-তে এবং, এবং এই ; বাংতে তথাপি, প্রঃ—এত বলা গেল, তথাচ গেল না। (তুং অথচ)। তথাস্তু...ব্য. (সং)। তাই হউক। তথায়...ব্য. (সং তত্র। ওং সেঠা, হিং তহাঁ, মং তেথেঁ)। সেখানে। (যথায় পরে তথায়, প্রঃ—যথায় রাম তথায় শ্যাম—যেখানে রাম সেখানে শ্যাম)।

তথি ..সর্বনাম. (সং তৎহি)। তাহা, প্রঃ—নাভি-সরোবর তথির উপর তনুরুহাঙ্কুরদাম (কবিকঃ), প্রঃ—নাসায় দোলয়ে মতি হীরার জড়িত তথি (কবিকঃ)। ব্য. তথা, এবং, প্রঃ—সুশীল ভগবান তথি বনমালী (কৃত্তিঃ আত্মপরিচয়)।

তদনন্তর...ব্য. (সং তৎ+অনন্তর)। তার পর।

তদন্ত··ষ্য. (সং তৎ+অন্ত)। সেখানে শেষ; ইহা হইতে শেষ, অনুসন্ধান। তদবধি···ব্য. (সং তৎ+অবধি)। সে পর্যন্ত, তখন হইতে। তদ্দণ্ড...ষ্য. (সং তৎ+দণ্ড) সে দণ্ড—সময়, প্রঃ—তদ্দণ্ডে পলায়ন। তদ্বৎ···ণ. (সং তৎ+বৎ)। সে প্রকার (তদ্বৎ বানান ঠিক নহে)।

তদারক···ষ্য. (আং—ধারণ)। অনুসন্ধান, নির্বাহ।

তদ্বির··ষ্য. (আং তদবীর)। অনুষ্ঠান, নির্বাহ, উপায়। তদ্বিরী···ষ্য. যে তদ্বীর করে।

তনকা, তনখা···ষ্য. (ফাং তনখা; সং টঙ্ক—টাকা; প্রাচীন বাং তঙ্কা)। বেতন, মাসিক প্রাপ্য টাকা।

তন্ত্র-ধারক···ষ্য. (সং)। শক্তিপূজায় যে ব্রাহ্মণ তন্ত্র দেখিয়া বিধি বলিতে থাকেন। লক্ষণায়, উপদেষ্টা। তন্ত্রমন্ত্র···ষ্য. (সং)। তন্ত্রের মন্ত্র, তন্ত্র (ঔষধ) ও মন্ত্র (সহচর শব্দ)। প্রঃ—তন্ত্র-মন্ত্র করা—ঔষধ ও মন্ত্র প্রয়োগ করা।

তন্দুর··ষ্য. (ফাং তনুর হইতে উর্দু তন্দুর। পর্তুং Tenden—to mould bread)। পাওরুটী সেকিবার উনান।

তন্ন-তন্ন···ণ. (সং তৎ+ন)। তাহা নহে তাহা নহে, ইহা হইতে নিরীক্ষণ, প্রঃ—তন্ন-তন্ন করিয়া দেখা।

তপ...ষ্য. (সং তপঃ)। ব্রত, তপশ্চরণ। (জপ-তপ; তপ-জপ নহে)।

তপসী···ষ্য. (সং তপস্বী?)। কণ্টকপত্রী সমুদ্রমৎস্যবিশেষ (mangoe fish. Polynemus paradiseus)। কই মাছের মতন, ১০।১২ আঙ্গুল। দেহ চেপটা, সোনারঙ্গ। সমুদ্র হইতে গঙ্গায় আসে। (ভাঃ—তপসিয়া)।

তপসিল···তফসিল দেখ।

তপাস···ধাতু. (সং তপস্ ধাতু হইতে? তপস্যা—তপশ্চরণ, কৃচ্ছ্র সাধন)। তপাসি—তপঃক্লেশ করি, অন্বেষণ করি, প্রঃ—বিকল হইয়া, নারী তপাসিয়া ফিরেন সকল স্থানে (ভাঃ)। (কবিকঙ্কণ, মাণিকেও আছে)। তপাসা॥ (অপ্রচলঃ)।

তপ্পন (গ্রাং)··ষ্য. (সং তর্পণ)। জলদান পূর্বক পিতৃযজ্ঞবিশেষ, প্রঃ—স্নানতপ্পন (শূং পুঃ)।

তফরা···ষ্য. (আং? হইতে?)। ঝড়ে জাত বৃহৎ তরঙ্গ। তফরাখানা···(তফরা-খণ্ড?)। বিনষ্ট।

তফসিল··ষ্য. (আং তফসীল)। বিবরণ, যাবতীয় পদ।

তফাৎ···ষ্য. (আং তফাবৎ)। অন্তর।

তফিল...ষ্য. তহবিল দেখ। মাছ-ধরা জাল বুনিবার মাকু।

তব···সর্বনাম. (সং তব)। তোমার (পদ্যে)। প্রাচীন তুয়া।

তব (গ্রাং)···ষ্য. (সং স্তব)। স্তব। তব-তুতি (গ্রাং)...স্তব-স্তুতি (সহচর শব্দ)।

তব...ব্য. (হিং)। তখন, তদা। তবে দেখ। তবহুঁ···ব্য. (হিং)। তখনও। (প্রাচীন পদে)।

তবক...ষ্য. (আং)। সোনারুপা ধাতুর সূক্ষ্ম পত্র; পাত।

তবক···ষ্য. (তুর্কী তুপক)। আগুন দিয়া গুলী ছুড়িবার প্রাচীন বন্দুক। (কবিকঃ)।

তবকী···ষ্য. (ক্যু তুপাকচী, তপাকী)। যে তবকে গুলী ছোড়ে।

তবলা···ষ্য. (আ° তবল—ঢাক, তবলা—এক জোড়া ঢোল)। আনদ্ধ বাদ্যবিশেষ। বাঁয়া-তবলা...বাম হাতে বাজাইবার বাঁয়া, ডাইন হাতে বাজাইবার তবলা। এই হেতু তবলার এক নাম ডাইনিয়া। তবলী...ষ্য. সেতারের তুম্বের মুখের পাতলা কাষ্ঠ-পট্ট।

তবিয়ৎ...ষ্য. (আ° তবীআৎ)। মেজাজ, শরীর-স্বাস্থ্য।

তবিল (গ্রা°)··তহবিল দেখ। তবিলদার...কোষাধ্যক্ষ। তবিলদারি···কোষাধ্যক্ষের কাজ, প্রঃ—আমায় দেও মা তবিলদারি (রামপ্রসাদ)।

তবু··ব্য. (তবে দেখ। তবেও শব্দের রূপান্তরে। ও° তেবে, হি° তৌভী, ম° তরী)। তথাপি। (তবুও—অশুদ্ধ; কারণ তবু শব্দেই ও আছে)।

তবে··ব্য. (স° তর্হি, তদা। স° কদা, যদা, তদা শব্দের দ স্থানে ব হইয়া কবে, যবে, তবে। তবে, ও° তেবে, হি° তধী (স° তর্হি), ম° তেব্‌হাঁ)। তাহা হইলে; বাক্য-উপন্যাসে। তবে-সে··তবে, (তু° সে-না), প্রঃ—ইথে পার তবে-সে পাইব (ভাঃ)।

তমস্সুক··ষ্য. (আ° তমস্সুক)। ঋণস্বীকার-পত্র। তমস্সুকী...ণ, তমস্সুকসম্বন্ধীয়।

তমাদি...ষ্য. (আ°—স্থিতিকালনিয়ম)। নির্দিষ্ট কাল গত (আদাঃ)।

তমাল···ষ্য. (স°)। কালস্কন্ধস্তমালে স্যাৎ তিন্দুকে জীবকদ্রুমে—মেঃ; কালস্কন্ধস্তমালঃ স্যাৎ তাপিচ্ছঃ—অঃ। তমালের অন্য স° নাম কালস্কন্ধ, তিন্দুক, জীবক-দ্রুম, তাপিচ্ছ। কৃষ্ণবর্ণ স্কন্ধ—কাণ্ড বলিয়া কালস্কন্ধ; গাছ শ্যামল বলিয়া তমাল; সহজে মরে না বলিয়া জীবকদ্রুম; তাপ নাশ করে বলিয়া তাপিচ্ছ। কিন্তু অমরে, তিন্দুকঃ স্ফূর্জকঃ কালস্কন্ধশ্চ শিতি-সারকে—এখানে তিন্দুক—তেঁদ গাছের নামও কালস্কন্ধ। অর্থাৎ অমরে তিন্দুক ও তমাল ভিন্ন ভিন্ন বৃক্ষ, মেদিনীতে এক। ফোটে বলিয়া স্ফূর্জক, কৃষ্ণবর্ণ সার বলিয়া শিতিসারক। হি°তে তেঁদ, বা°তেও তেঁদ গাছ আছে। আবলুস, কেন্দু, গাব দেখ। তমাল গাছকে বা°তে তমাল বলে। ও°তে কেন্দু, হি°তে তমাল তেন্দু)। গাব গাছের তুল্য তরুবিশেষ (Diospyros tomentosa)। গাবগাছ চিরশ্যামল মধ্যমাকৃতি; পাতা দুই সারি, রোমহীন উজ্জ্বল, প্রায় আয়ত। তমাল গাছের পাতা ঝরে। বল্কল কৃষ্ণবর্ণ, ফাটিয়া যায়। পুড়িবার সময় চড়্‌-চড়্ শব্দ করে (স° স্ফূর্জক)। পাতা অণ্ডাকার (তিল গাছের পাতার মতন কিন্তু বড়)। কোমল পাতা দুই পিঠেই রোমশ, পাকা পাতা কেবল নীচের পিঠে রোমশ। তমাল গাছ কাটিয়া দিলে আবার গজায় এবং অরণ্যে যেখানে একটা জন্মে, সেখানে শিকড় হইতে অনেক গাছের উৎপত্তি হয়। (স° জীবকদ্রুম)। পাকা কাঠের সার কৃষ্ণবর্ণ, আবলুসতুল্য, কিন্তু প্রায়ই খদিরবর্ণ রেখাযুক্ত থাকে। (প্রকৃত আবলুস-গাছ দক্ষিণ-ভারতে বিশেষতঃ সিংহলে জন্মে; কেন্দুর কৃষ্ণবর্ণ

সারও আবলুস নামে প্রসিদ্ধ আছে। বিহার মধ্যভারত হইতে বোম্বাই প্রদেশ গাব ও কেন্দুর দেশ বলা যাইতে পারে। পশ্চিম-বঙ্গের গ্রামেও দুই একটা গাব ও তমাল গাছ দেখিতে পাওয়া যায়। ওড়িশার অরণ্যে তমাল-গাছ কেন্দু নামে পরিচিত। বৃন্দাবনের তমাল=বাং তমাল, ওং কেন্দু। বাং গাব=ওং মাকড়া কেন্দু। অমর-কোষে তিন গাছের নাম পাওয়া যায়, যথা, তিন্দুক, কাকেন্দু বা কাকতিন্দুক, আর তমাল। তিন্দুক হইতে হিং তেঁদ, কাকেন্দু হইতে ওং বাং কেন্দু। কিন্তু দেশীয় প্রচলিত নাম সং কোষের নাম হইতে ভিন্ন হইয়াছে। মেদিনী-কোষের তমাল নাম অমর-কোষের তিন্দুক ও তমাল বোধ হয়। অমরের কাকেন্দু, যে নাম হইতে বাং হিং ওং কেন্দু—বনগাব (Diospyros montana) বোধ হয়। তিন্দুক ও তমাল-ফল মানুষে খায়; কাকেন্দু-ফল তিক্ত, বোধ হয় কাকে খায়। বন-গাব গাছ বড় হয় না, ফলও ছোট। হিংতে ইহাকে বিষতেন্দু বলে। ইহার এক জাতের গায়ে কাঁটা থাকে। কালিদাসের তমালতালীবনরাজি-নীলা—তমাল কৃষ্ণবর্ণ, বোধ হয় দক্ষিণ-ভারতের গাব গাছ। দাম্পল দেখ)।

তম্বি···ব্য. (আং তম্বীহ্। তুং সং তুম্ব ধাতু পীড়নে, তম্ব ধাতু হিংসায়)। তর্জন, ভর্ৎসনা।

তয়, তহ···ব্য. (আং ফাং। তুং সং তায়—বিস্তারে)। ভাঁজ, প্রঃ—কাপড় তয় করা—ভাঁজ বা পাট করা।

তয়নাতি··ব্য. (আং তায়ুনাতী)। বিশেষ কাজের নিমিত্ত নিযুক্ত প্রহরী। জমিদারের তয়নাতি প্রজার নিকট খাজনা আদায় করে।

তয়ফা···তায়ফা দেখ।

তয়ার...ণ. (ফাং তইআর)। নির্মিত, প্রস্তুত। তয়ারী···ণ. নির্মিত, রচিত; শিক্ষিত। (তৈয়ার দেখ)।

তর...ধাতু. (সং তৃ—তরণে)। তরি—উত্তীর্ণ হই, অতিক্রম করি, প্রঃ—তরিলা সে দায় (ভাঃ)—সে দায় হইতে তরিলা। তরা॥

তরা ··ধাতু. (তর ধাতু আস্তে)। তরানা॥

তর ··প্রত্যয়. (সং তর। ফাংতেও তর প্রত্যয় আছে, যেমন তর-ব-তর)। (বাংতে) অতি অর্থে, প্রঃ—খরতর খরা (কবিকঃ), দুহুঁ প্রেম অতিতর (ভাঃ), নিকটে হরির ঘর নহে অতি দূরতর (ভাঃ)। এইরূপ, গুরুতর, ক্ষীণতর, ঘোরতর, বহুতর। প্রঃ—গাড়ী করে এনেছিল নৌকা বহুতর (ভাঃ)।

তর ··ব্য. (আং তরহ—মূর্তি,বৃত্তান্ত)। প্রকার, প্রঃ—কেমন তর কথা—কেমন তর একার্থ, সুতরাং তর অনাবশ্যক প্রাং। তুং কেমন ধারা কথা। বে-তর···ণ. বে-আড়া। তর-বে-তর ··ণ. নানাবিধ।

তরকারি...ব্য. (ফাং তরকারী—কাঁচা শাগ-পাত। উর্দুতে প্রায়ই, মাংস। তুং সং তাপহরী—তহরী—ভাবপ্রকাশে—হলুদ ও ঘি দিয়া ভাজা মাষকলাইর বড়ী ও চাল জলে সিদ্ধ করিয়া পরে সৈন্ধব আদা ও হিঙ্গু মিশ্রিত করিলে যাহা হয়। তুং আং তাহিরী—হলুদ দিয়া রাঁধা ভাত)। রাঁধা ব্যঞ্জন। তরি-তরকারি···ব্য. (ফাং তর—কাঁচা, রসযুক্ত)। আ-রাঁধা শাগ-পাতা।

তর্‌-তর···ব্য. (সং তৃ হইতে তারা—যাহা

আকাশে দীপ্তি বিকিরণ করে)। চিক্কণ দীপ্তিতে, প্রঃ—তর তর তর চাঁদ-মণ্ডল(ভাঃ)। তর্-তরা, তর্-তরিয়া ··ণ. দীপ্তিশালী।

তর্-তর ··ব্য. (সং ত্বর ধাতু বেগে)। বেগে, দ্রুতগমনে, প্রঃ—চারি দিকে তরঙ্গ জলের তরতরী (ভাঃ)·—বেগে ধাবন ; তর্-তর, ত্বর্-ত্বর কাজ করা। তর্-তরা, তর্-তরিয়া, তত্তরিয়া···ণ. (তর্-তর+আ, ইয়া) বেগে কার্যকারী, ক্ষিপ্রহস্ত, ব্যগ্র।

তরফ ··ষ্য. (আ°)। দিকে, পক্ষে। তরফদার ...ষ্য. (পূর্বকালে) তালুকদারের নিকট হইতে রাজস্ব-আদায়কারী ; চিরস্থায়ী বন্দ বস্তের পর তালুকদার। ইহা হইতে, উপাধি বিশেষ। এক-তরফা ··ণ. এক পক্ষীয় (আদাঃ)। বর-তরফ ··ণ. বহিষ্কৃত।

তরমুজ ··ষ্য. (সং তরম্বুজ। ফা° তরবুজ। ও° তরমুজ)। কুষ্মাণ্ডাদি-বর্গের প্রসিদ্ধ জলময় সুস্বাদু ফলবিশেষ (water melon. Citrullus vulgaris)। ফল মানুষের মাথার মতন প্রায় গোল, চিক্কণ, পাকিলেও হরিতবর্ণ থাকে।

তরশু···ব্য. (সং তৃতীয় শ্বঃ)। তৃতীয় দিবসে।

তরস্ত (গ্রা°) ··ণ. (সং ত্রস্ত—ভীত। সং তরস্বী—দ্রুতগামী)। দ্রুত।

তরা···তর ধাতু দেখ।

তরাই···ষ্য. (হি°। সং তলদেশ)। পর্বতের তলদেশ।

তরাজু ··ষ্য. (ফা°। তুং সং নারাচী, যথা, নারাচ্যেষণিকায়াং—মেঃ। ও° তরাজু, তেলুগু ত্রাসু—ফা° হইতে ?)। দাঁড়ী-পাল্লা, তুলা, প্রঃ—দরিদ্রকে ধন দেন তরাজু ধরিআ (শূং পুঃ)—শূং-পুরাণে কয়েকটি যাবনিক শব্দ আছে। তরাজু—কবি-কঙ্কণেও আছে। (অপ্রচলঃ)।

তরাল (গ্রা°)···ষ্য. (সং তরবারি—তরআলি —তরআল—তরাল। তুং দ্বাররান—দর আন—দরান গ্রা°)। তরবারি।

তরাস···ষ্য. (সং ত্রাস। তুং ফা° তর্স)। ত্রাস, প্রঃ—প্রভু খায়েন তরাসে (চৈঃ চঃ), স্মরিলে পূর্ব্বের কথা, মরি মা, তরাসে (মেঘনাদবধে)। তরাসিয়া···ণ. (তরাস+ইয়া)। যে অল্পে ত্রাস পায়। ভয়-তরাসিয়া ···ণ. ভয়ে ত্রস্ত। (বিপরীত, ডাং-পিটা, ডাকা-বুকা)।

তরি-তরকারি ··তরকারি দেখ।

তরিবৎ ··ষ্য. (আ° তর্বীয়ৎ)। শিক্ষা, আচরণ।

তরুই ··ষ্য. (হি°। তরুতে চড়ে বলিয়া ?)। পরোল দেখ। এক নাম ধুন্দুল আছে।

তরু-লতা ··ষ্য. (সং নাম কামলতা)। কলম্বী-আদি বর্গের উদ্যানজাত বর্ষায়ুঃ রোহিণী-বিশেষ (Quamoclit pinnata)। পাতা বিচ্ছিন্ন, ফুল রক্তবর্ণ। তরুতে আরোহণ করে বলিয়া বাং নাম তরুলতা। এই লতা দিয়া কুঞ্জ রচিত হইতে পারে বলিয়া ও° নাম কুঞ্জলতা। বড় তরু-লতা ··ষ্য. বন্য লতা-বিশেষ (Quamoclit phœnicea)। পাতা পানের মতন ও বড় বড়। ফুল তরু-লতার মতন।

তরে ··ব্য. (সং ত ধাতু তরণ, অতিক্রমণ হইতে। তুং ও° পাঁই—পাইবার নিমিত্ত ; হি° লিয়ে—লইবার নিমিত্ত ; ম° করিতাং —করিবার নিমিত্ত। চারি ভাষায় চারি শব্দ)। নিমিত্তে, জন্যে, প্রঃ—শিশু কান্দে

ওদনের তরে (কবিকঃ) ; গিয়াছিলে মোর তরে কত ধন লয়ে (ভাঃ)।

তরোয়াল ··ষ্য. (স° তরবারি, তরবাল)। তরবারি, খড়্গ।

তর্ক···ষ্য. (স°)। বাদানুবাদ। তর্কবিতর্ক··· ষ্য. (স°। সহচর শব্দ)। তর্ক, সন্দেহ-প্রকাশ।

তর্জন ··ষ্য. (স°)। ভয়-প্রদর্শন। তর্জন-গর্জন ···ষ্য. (স°। সহচর শব্দ)। ভয়-প্রদর্শন।

তর্জমা···ষ্য. (আ°)। অনুবাদ, ভাষান্তর।

তর্জা ··ষ্য. (আ° ফা° তরজীবন্দ—যে শ্লোকের একটা চরণ পরে পরে আসে—হইতে ?)। শ্লোকবিশেষ, প্রঃ—আচার্য্য তর্জ্জা পড়ে কেহ বুঝিতে না পারে (চৈঃ চঃ); কবিগানবিশেষ। নিম্নশ্রেণী লোকের প্রিয়। তর্জায় ঢোল বাজে।

তর্তিব···ষ্য. (আ°)। ক্রম, একোত্তর-সঙ্খ্যা। তর্তিব-ওয়ারি, ওর্তিব-আরি ··ণ. (ফা° বারি)। সঙ্খ্যানুগত। তর্তিবী নম্বর ··(ই° number)। সঙ্খ্যানুক্রম।

তর্মিম ··ষ্য. (আ° তর্মীম)। সংশোধন। (আদাঃ)।

তল ··ষ্য. (স°)। পৃষ্ঠ, নিম্নতল, নিম্নদেশ। (তলা দেখ)।

তলআর···ষ্য. (স° তলবার)। খড়্গ।

তল্‌-তল···ব্য. (স° তল ধাতু গতিতে)। টিপিলে তলে—নিম্নে গতিতে ; প্রঃ—পাকা আম তল্‌-তল করে, পাতলা পিতল বাটীতে তল—টোল—পড়ে। তল্‌-তলা, তল্‌-তলিয়া ···ণ. তল্‌-তল করে যাহা। তুল্‌-তুল ··ব্য. কোমল ক্ষুদ্র বস্তুর তল্‌-তল ভাবে। তুল্‌-তুলা, তুল্‌-তুলিয়া ··ণ. তুল্‌-তুল করে যাহা।

তলব ··ষ্য. (আ°)। আহ্বান, বেগ ; বেতন, প্রঃ—কাছারীতে তলব ; মাসে দশটাকা করিয়া তলব পায়। তলবানা ··ষ্য. প্রতি আহ্বানে দেয় অর্থ (জমিঃ) ; তলব করিবার ব্যয়।

তলা···ষ্য. (স° তল)। পৃষ্ঠ, প্রঃ—হাতের তলা ; নিম্নপ্রদেশ, প্রঃ—পায়ের তলা, জুতার তলা ; প্রতিষ্ঠা, প্রঃ—এক-তলা, দু-তলা, তে-তলা বাড়ী ; বীজবপন-ক্ষেত্র, প্রঃ—ধানের তলা করা, (ক্ষুদ্রার্থে তলী) ; অট্টালিকা, বৃক্ষাদির আধারস্থান, প্রঃ—শিব-তলা, গাজন-তলা, বট-তলা।···ধাতু. তলাই—তলে গিয়া পড়ি, প্রঃ—ঘটী আর পাবে না, তলাইয়া গিয়াছে। তলানা॥ তলানি···ষ্য. (তল+পানি)। তলের জল, আবিল জল। তলা-চোঁআ···হাঁড়ীতে রস না থাকিলে ব্যঞ্জন যেমন চুঁইয়া যায়, গৃহস্থের অর্থরূপ রস না থাকিলে সে তেমন তলা-চোঁআ—নির্ধন। তলা-রসা ·· ণ. তলা চোঁআর বিপরীত, সধন।

তলাও ··ষ্য. (হি°। স° তলক)। পুষ্করিণী।

তলাই ··তালাই দেখ।

তলাক···তাল্লাক দেখ।

তলাশ···তল্লাস দেখ।

তলী···ষ্য. (স° তল+ঈ)। তল, তলা দেখ। অধোদেশ, সংলগ্ন দেশ, প্রঃ—সহর-তলী। টোলা দেখ।

তল্পী ··ষ্য. (স° তল্প—শয্যা)। শয্যাদি, বস্ত্রাদির বস্তা। তল্পীদার···ষ্য. (দার ফা°)। তল্পী-বাহক। তল্পী-তল্পা···(তল্পা—উপচয় শব্দ)। তল্পী বোচকা প্রভৃতি।

তল্লাট···ষ্য. (তৎ+লাট=তল্লাট)। সে

প্রদেশ, প্রঃ—সে তল্লাটে দেখা যায় না—সে প্রদেশে।

তল্লাশ, তল্লাস...ষ্য. (তুর্কী তলাশ)। অনুসন্ধান। ..ধাতু. তল্লাশি—অনুসন্ধান করি, প্রঃ—তল্লাশিয়া দেখিব, তল্লাসি (ভাঃ)। তল্লাশা, তল্লাসা ॥

তষ্টি-রাম ..ষ্য. (সং তুষ্টি হইতে ? যে অল্পেই তুষ্ট হয়, বস্তুতঃ হয় না)। শ্রাদ্ধাদিতে আচার্য ব্রাহ্মণাদি যাহারা যোগ্য দানের নিমিত্ত বসিয়া থাকে, সময়ে সময়ে ঘটী বাজাইয়া দান প্রার্থনা করে। (রাম দেখ)। উপমায়, তষ্টিরামের মত বসিয়া থাকা—যতক্ষণ না পায়, ততক্ষণ না উঠা। তষ্টিয়া...ণ. তষ্টিরামের তুল্য নির্বন্ধশীল, নাছোড়।

তস্দিক...ষ্য. (আং তসদীক)। সত্য প্রমাণ, মিলানা (আদাঃ)।

তস্বী...ষ্য. (আং.)। জপমালা (ভাঃ)।

তস্বীর...ষ্য. (আং)। চিত্রপট।

তসর...ষ্য. (সং ত্রসর। সং ত্রসরঃ—সূত্রবেষ্টনম্—অঃ। কৌশেয়ং পটাম্বরং ত্রসরবস্ত্রঞ্চ—ভাবপ্রকাশে)। আরণ্য কোষকীটের গুটীর সূত্র।

তস্রুপ...ষ্য. (আং তসর্রুফ)। ক্ষতি।

তস্লা...ষ্য. (? তুং উর্দু তসলা—যে পিতল থালায় ময়দা থাসা হয়, থাসা-থালা ? আং তসলস্থুল—শৃঙ্খল হইতে ?)। নালী, ফুকর, প্রঃ—জল-তসলা; হুড়কা বা খীল, প্রঃ—লোহার কপাটে তার তাম্রের তসলা (মাঃ)।

তস্লিম ..ষ্য. (আং তসলীম)। বন্দনা, সম্ভাষণ।

তস্য ..সর্বনাম. (সং তদ্ শব্দের সম্বন্ধ পদ)। তাহার, প্রঃ—শ্রীনাথ-দাস তস্য পত্নী রামমণি (প্রায়ই দলিলপত্রে। তুং কস্য)।

তহ-খরচ...ষ্য. (ফাং)। বাজে খরচ (?)।

তহখানা...ষ্য. (ফাং) মাটীর নীচের ঘর।

তহবিল (গ্রাং তবিল, তফিল)...ষ্য. (আং তহবীল)। কোষ, মজুত টাকা। তহবিলদার...ষ্য. কোষরক্ষক। তহবিলদারি—ষ্য. কোষরক্ষকের কর্ম।

তহরির ..ষ্য. (আং তহরীর)। লেখন, অস্ত্রের নিমিত্ত লেখন-বেতন (আদাঃ)।

তহসিল (গ্রাং তসীল) ..ষ্য. (আং তহসীল)। আদায়। তহসিলদার ..ষ্য. যে খাজনা আদায় করে। তহসিলদারি...ষ্য. তহসিলদারের কর্ম। খাস তহসিল...সরকারের রাজস্ব আদায়।

তহি...ব্য. (সং তত্র হি)। সেথানে, প্রঃ—কানু তহি উপনীত (জ্ঞানদাস)।

তহু...সর্বনাম. (সং তৎ)। তাহাতে (প্রাচীন পদে)।

তা...সর্বনাম. (সং তদ্)। তাহা, সে, প্রঃ—তাকে বলিবে; তা কি করিব।...ব্য. (সং ততঃ)। বাক্য-উপন্যাসে, প্রঃ—তা, কি করিবে, যা হবার হয়েছে। তা-ই...(সং তৎ হি)। সে-ই, তাহা। তা ছাড়া...অব্য. ব্যতীত। সকল তা...সকল কাজ, প্রঃ—সকল তাতেই বাধা। তাই ত...সেই তবে, সেই বটে, (বাক্যউপন্যাসে)।

তা...ষ্য. (সং তার)। তার, তার-মোড়া, প্রঃ—গোঁফে তা দেওয়া—গোঁফের প্রান্ত মুড়িয়া তারের মতন করা; প্রঃ—গোঁফে দেয় তার (কবিকঃ), অন্যত্র, গোঁপে তোলা, চাড়া; গৌরবে গর্জ্জিয়া কয় গোঁপে দেয় তার (মাঃ)।

তা ··ষ্য. (স° তাপ)। তাপ। ডিমে তা দেওয়া—পাখী দ্বারা আবরণ করিয়া আবশ্যক তাপে রাখা (তু° ও° ডিম্ উমেইবা —উষ্ম করা)।

তা ··ষ্য (আ° তখ্‌তা, তা)। পট্টাকার খণ্ড, প্রঃ—এক তা কাগজ।

তাঁ···সর্বনাম. (তা দেখ)। মান্য ব্যক্তি সম্বন্ধে বসে। তাঁর, তাহাঁর, তাঁহার·· সম্বন্ধপদ; তাঁকে, তাহাঁকে তাঁহাকে · কর্মপদ।

তাং···ষ্য. (তারীখ শব্দের সংক্ষেপে)। তারিখ, প্রঃ—সন ১৩২০ সাল, তাং ৭ বৈশাখ।

তা-ই···তা দেখ।···ব্য. (প্রাচীন বা° তেঞি, তেঁই)। সেই হেতু।

তাই···ষ্য. (স° তাপ হইতে। তু° স° তাপ— হি° তাই)। চেপটা কটাহসদৃশ ছোট হাঁড়ী।

তাই-তাই···ব্য. (স° তালি, করতালি হইতে তাই)। শিশুর করতালি-শব্দে।

তাইৎ···ষ্য. (আ° তাইদ—সাহায্য)। সাহায্য, সেবা, প্রঃ—শরীরের তাইৎ করা।

তাইদ ··ষ্য. (আ°)। প্রমাণপত্র। তাইদ-নবিস · ষ্য. (নবিস দেখ)। তাইদ লেখক তাইদ-নবিসি ··ষ্য. তাইদ-লেখকের কাজ।

তাইন (গ্রা°) ··ষ্য. (ই° time)। সময়।

তাইস · ষ্য. (আ° তাসীর)। প্রভাব, ফল, শাস্তি (টেকচাঁদ)। (অপ্রচ°ঃ)।

তাউই, তালই...ষ্য. (স° তাতগু—ক্ষুদ্র তাত। তু° হি° তাউ—জেঠা, স° তাত)। ভাই কিংবা বইনের শ্বশুর (প্রবোধচন্দ্রিকা)।

তাউস ··ষ্য. (আ°)। ময়ূর, প্রঃ—তখ্‌ত- তাউস—ময়ূর সিংহাসন; ময়ূরমুখা এসরাজ (স° নাম মায়ূরী)।

তাওয়া···ষ্য. (স° তপ্তক—ভাবপ্রকাশে)। তাপ দিবার লোহার চেটকা পাত্র, ভাজন। ···ধাতু. তাওয়াই—তাপ করি, তপ্ত করি, প্রঃ—তায় জাঁতা (মাঃ)—কামারের ভস্ত্রা দ্বারা আগুন করে। তাওয়ানা॥

তাক ··ষ্য. (স° তর্ক ধাতু দীপ্তিতে জ্ঞানে। স° তিক তিগ, তিঘ ধাতু ঘাতে; তু° মরণ তেকে—টেকে বসিয়া আছে। বা° তিক, তিগ, তাক করা—শর নিক্ষেপকালে বধ্যের প্রতি স্থিরদৃষ্টি হওয়া—তাকানা। তু° ও° তিখ, লাখ(স° লক্ষ্য); হি° তাক, টক— দৃষ্টি; ম° টুক—তীক্ষ্ণ দৃষ্টি, কৌশল (বা° তুক)। অতএব বোধ হয়, স° তর্ক ধাতুর সহিত স° অন্য ধাতুর অর্থ মিশিয়াছে)। আবদ্ধদৃষ্টি, লক্ষ্য, প্রঃ—গাছের ডালে বসিয়া ভালে, তাক করে একদিঠে (চণ্ডীঃ) —ডালে ভাল বসিয়া একদৃষ্টে লক্ষ করে; সুযোগ, প্রঃ—তাক বহিতে দেওয়া। তাকা···ধাতু. (স° তর্ক শব্দ হইতে। আধুনিক। হি° হইতে)। তাকাই— বিতর্ক করি, আবদ্ধদৃষ্টি হই, মনোযোগ করিয়া দেখি। তাকানা॥ তাক-বাগ··· ষ্য. (প্রায় সহচর শব্দ)। তাক বা তিক— একদৃষ্টিতে অবলোকন বা সন্ধান, বাগ— স° বল্‌গা-- আয়ত্তি। তাক মাফিক··· (মাফিক দেখ)। লক্ষ্য অনুসারে, ঠিক সময়ে।

তাক ··ষ্য. (উর্দু। তু° বা° থাক)। (লজ্ঞা, দেওয়ালে কাঠের আধার।

তাক···ষ্য (আ°)। অদ্বিতীয়, আশ্চর্য, প্রঃ—দেখিয়া তাক লাগা।

তাকৎ · ষ্য. (আ°)। শারীরিক শক্তি।

াক তদ্বি ··ষ্য. (তাকৎ হইতে তাক ? কিন্তু তদ্বি ?)। শারীরিক স্বাস্থ্যবিষয়ে মনোযোগ।

াকাবি ··ষ্য. (আ° তকাবী)। কৃষিযন্ত্রাদি-ক্রয় নিমিত্ত কৃষককে টাকা দাদন।

াকিদ ··ষ্য. (আ°)। স্মারক, আদেশ, বলপ্রয়োগ।

াকিয়া ··ষ্য. (ফা° তকিয়া। ও° তকিআ, হি° তকিয়া, ম° তক্যা)। ঠেস দিবার মোটা বালিশ। (চণ্ডীদাসে ঠেসনা বালিশ)।

তাকুড় ··ষ্য. (স° তর্কু, তকুটী)। সূতা কাটিবার লৌহ কিংবা বংশশলা। এই শলার নিম্ন প্রান্তে ভারী চাকতি (তর্কু-পীঠ), কিংবা বাঁটুল (তর্কু-পিণ্ড) থাকে, উপর প্রান্তে নাকী (নাসিকা) থাকে। ঢাকায় সূক্ষ্ম সূত্র তাকুড় দিয়া কাটা হইত। তাকুড়ের পর চরকা উদ্ভাবিত হইয়াছিল। চরকার টাকুয়া ফলে তাকুড় মাত্র।

তাকুৎ (গ্রা°) ··ষ্য, (আ° তাকৎ হইতে ?) নিয়ম-পালন, স্বাস্থ্যরক্ষার নিয়ম-পালন।

তাগা···ষ্য. (স° তন্তুক। ঢাকায় টাগা—ঘুন্‌সি। ধাকা দেখ। হি° তগ্গা, ধাগা)। ডোর, ঠাকুরের নামে বাহুতে সূত্র (তাগা বাঁধা,পরা, ধারণ। অভিপ্রায়, আপনাকে সে ঠাকুরের কাছে ডোর দিয়া বাঁধিয়া রাখা।); স্বর্ণাদি ধাতুর বাহুবলয়, অনন্ত। প্রঃ—কোথা বান্ধবিরে তাগা শিরে সর্পাঘাত (রামপ্রসাদের বিদ্যাসুন্দর)। দৃষ্টান্তে, শিরে যখন সর্পাঘাত, তাগা দিবে কোথা—পায়ে সর্পাঘাত হইলে পায়ের উপরে তাগা বাঁধা হয়, নতুবা হৃৎপিণ্ডে বিষ চলিয়া যায়। শিরে সর্পাঘাত হইলে তাগা বাঁধিবার স্থান পাওয়া যায় না, বিষ সহজে মস্তিষ্কে সঞ্চালিত হয়। ইহা হইতে বিষম বিপদ্।

তাগাড় ··ষ্য. (তুর্কী তগার)। যে গর্তে চুন-সুরকি মিশানা হয়।

তাগাদা···ষ্য. (আ° তকাজা,—জ স্থানে দ)। পুনঃ পুনঃ প্রার্থনা। (তাকিদ দেখ)।

তাগী···ষ্য. (স° তক্ষণ হইতে ? তাগা—সূতার মতন সরু বলিয়া ?)। সরু বাটালী। (২) মাছ ধরিবার সূতী (নদীয়ায় তগী)।

তাগীদ ··তাকিদ দেখ।

তাঙ্গাড়া, তাংড়া · ধাতু. (স° ত্র্যঙ্গাটং শিক্যভেদে—মেঃ। ম° তাঙ্গাড় ধাতু পায়ে বাঁধা। আসা° তাঙ্গার ধাতু উৎকর্ষ করা)। তাঙ্গাড়াই—শিকাতে বাঁধি, গুণে পুরি, প্রঃ—এত চাল এই গুণে তাঙ্গাড়াইবে না—ধরিবে না। তাঙ্গাড়ানা।

তাচ্ছল্য, তাচ্ছিল্য···ষ্য. (স° তুচ্ছ হইতে। তু° তুচ্ছ-তাচ্ছল্য, যেমন তুক-তাক। কিন্তু, এই রূপে তুচ্ছ-তাচ্ছ হয়। বোধ হইতেছে, তুচ্ছ তাচ্ছ শব্দ গ্রামে প্রচলিত)। অবজ্ঞা। (তাচ্ছল্য—প্রবোধচন্দ্রিকায়)।

তাজ ··ষ্য. (আ°)। উচ্চ মুকুট।

তাজা···ণ. (ফা°)। সজীব, নূতন, টাটকা।

তাজিয়া · ষ্য.(আ°)। করবালা নামক স্থানে হাসন-হোসেনের যে কবর আছে, তাহার প্রতিমা। মহরমের সময় শিয়া মুসলমান তাজিয়া করিয়া থাকে।

তাজী·· ষ্য. (ফা°)। আরবদেশীয় অশ্ববিশেষ।

তাজ্জব···ণ. (আ° তআজ্জুব)। আশ্চর্য-জনক, বিস্ময়কর, প্রঃ—তাজ্জব বাপার।

তাঞ্জাম···ষ্য. (উর্দু তাম ঝাম)। দুই বাহকের যানবিশেষ, বরের দোলাবিশেষ।

তাড়, তাড়-বালা···ষ্য. (সং তাটঙ্ক)। হাতের অলঙ্কারবিশেষ (অধুনা অপ্রচলিত), প্রঃ—সোনার নূপুর তাড়বালা (জ্ঞানদাস)।

তাড়···ধাতু. (সং তড়ধাতু তাড়ন, আঘাতে)। তাড়ি—তাড়ন করি, বিদারণ করি, প্রঃ—গলা তাড়া, মাটি তাড়া। তাড়া॥ তাড়া···ধাতু. (তাড় ধাতু আস্তে)। তাড়ানা॥ তাড়ানিয়া, তাড়ান্তে···ণ. (তাড়ানা+ইয়া)। যাহাতে তাড়িত করে, অপ্রিয়, প্রঃ—তাঃ কথা। তাড়া-হুড়া···ষ্য. (হুড় ধাতু দেখ। সহচর শব্দ)। তাড়ন। তাড়া-ফোড়া···ষ্য. বিদারণ ও উচ্ছেদন (সহচর শব্দ)। তাড়া-তুড়ি···ষ্য. (তুড় ধাতু দেখ। সহচর শব্দ)। তাড়না।

তাড়া-তাড়ি···ষ্য. (সং ত্বরা-ত্বরি। হিং তুরন্ত। মং তাডাতুডী, তাডা-তোডী)। সত্বর।

তাড়া···ষ্য. (সং তাল হইতে। অঙ্গুষ্ঠ হইতে মধ্যমাঙ্গুলি পরিমাণ—এক তাল)। গোছা, (হালা দেখ)। তাড়ী···ষ্য. (তাড়া+ঈ)। ছোট তাড়া; তালপাতা কাগজ প্রভৃতির বলয়।

তাড়ী···ষ্য. (সং তালকী, তালী—তাড়ী) তালগাছের মাদকরস, বৃক্ষাদির মাদকরস, প্রঃ—খেজুর-তাড়ী।

তাড়ু···ষ্য. (সং তর্দু—দারুহস্তক—হেমঃ)। কাঠের হাতা।

তাত···ষ্য. (সং তপ্ত)। তাপ। তাতা···ণ. (তাত+আ)। তপ্ত। তাতা আগুন···এত তপ্ত যেন অগ্নি বোধ হয়। তাত-বাত···ষ্য. (প্রতিচর শব্দ)। গ্রীষ্ম ও শীত। তাত-রসা···ণ. তাপ ও রসযুক্ত, একবারে শুষ্ক নহে। তাত সয় ত বাত সয় না—গ্রীষ্ম সহে, শীত সহে না। তাত···ধাতু. তাতি—তপ্ত হই তাতা॥ তাতা-পোড়া···তপ্ত ও দগ্ধ তাতা···ধাতু. (তাত ধাতু আস্তে)। তাতানা॥

তাঁত···ষ্য. (সং তন্ত্র)। বস্ত্রবয়ন-যন্ত্র। দেশী তাঁত···দেশীয় তাঁত যাহাতে হাত দিয়া মাকু ঠেলিতে হয়। ঠক্-ঠকি তাঁত···ঠক্-ঠকি নাম অল্পদিনের (এই কোষকারের রচিত)। গ্রামে বলে, কলের তাঁত। কাপড় বুনিবার সময় ঠক্-ঠক শব্দ হয় বলিয়া; কিংবা মাকুকে মেড়া ঠুকিতে থাকে বলিয়া। এই তাঁত বঙ্গদেশের হুগলী জেলায়, বিশেষতঃ শ্রীরামপুরে প্রায় দুই শত বৎসর হইতে প্রচলিত আছে। মাকু ঠেলিবার উপায়টি বিলাতে আবিষ্কৃত। মেলা তাঁত···যে তাঁতে লম্বা থান বোনা যাইতে পারে। এ নিমিত্ত তাঁতের বাহির নরাজ কাঠির হয়। কাঠি দোড়ী দিয়া টানা থাকে। তাঁত-ঘর···—তন্তু-শালা, যে ঘরে তাঁত বোনা হয়। তাঁত বোনা—তাঁতে কাপড় বোনা। তাঁতী···ষ্য. (সং তন্ত্রী)। যে তাঁতে কাপড় বোনে; জাতিবিশেষ। স্ত্রীং তাঁতিনী। তাঁতের অঙ্গ—(১) নরাজ—যে মোটা বেলনে বুনিবার সূতা গুড়ানা থাকে; (ক) বাহির-নরাজ—যে নরাজে টানার সূতা, (খ) কোল নরাজ—যে নরাজে বোনা কাপড় গুড়ানা হয়। (২) শানা—যে সরু শলার—'বাড়ের' ভিতর দিয়া টানার সূতা (জোড়া জোড়া) পরানা থাকে। ইহা দ্বারা খাই জোড়া ঠিক থাকে। শানা-গাঁথা

—শানার ভিতর দিয়া সুতা পরানা। (৩) ব—যে সূত্রময় ফাঁশের ভিতর টানার সুতা একটী একটী করিয়া ঝুলিতে থাকে। ব তোলা—ব-এর ভিতর দিয়া সুতা পরানা। (৪) নাচনী পাখী—যার দুই প্রান্ত হইতে ব ঝুলানা থাকে। তাঁত বুনিবার সময় উপর নীচে উঠিতে নামিতে থাকে বলিয়া নাচনী, পক্ষীর আকার বলিয়া পাখী। (৫) টিপন-দাঁড়া—ব উঠা-নামা করাইতে নীচের যে দণ্ড পা দিয়া টিপিতে হয়। (৬) দক্তি—যে কাঠের উপর দিয়া মাকু যাতায়াত করে। (৭) মাকু—যাহার ভিতরে নলীতে পড়িয়ানের সুতা গুড়ানা থাকে। (৮) মেড়া—ঠক্-ঠকি তাঁতের মাকুকে আঘাত করিয়া এ পাশ হইতে ও পাশে চালাইয়া দেয়। (৯) মতি কাঁটা—যে পাতলা বাখারি দ্বারা তাঁতে বোনা কাপড় বিস্তৃত করিয়া রাখা হয়।

তাঁত, তাঁত ··ষ্য. (সং তন্ত্র, তন্তু)। ছাগাদির অন্ত্র-তন্তু।

তান ··ষ্য. (সং তান—বিস্তার, গীতাঙ্গ-বিশেষ)। গীতের স্বরবিস্তার। গ্রাম্য জন 'তান ধরা'কে 'রাগিণী টানা'ও বলে। গ্রাম্য যাত্রায় তারস্বরে রাগিণীর রূপ-প্রদর্শন বা আলাপ করা—তান ধরা। ইহাকে কণ্ঠস্বর-যন্ত্রের পরং বা কর্তব বলা যাইতে পারে, এজন্য গীতের গাম্ভীর্য-বৃদ্ধি হয়। কিন্তু, প্রায়ই বিফল যাত্রার ব্যর্থ প্রয়াস মনে হয়। তান না-কি উনপঞ্চাশ কোটি আছে। তান-মান···ষ্য. তান ও মান (মান দেখ)। গীতের স্বরবিস্তার ও স্বরপরিমাণ। তানা-না-না ··গীতারম্ভে স্বর-বিস্তার। তানা-না-না করিয়া পরে গীত আরম্ভ হয়। এই হেতু তানা-না-না করিয়া কাজ সারা—প্রকৃত কাজে হাত না দেওয়া, অবান্তর কাজ করিয়া প্রকৃত কাজ অসম্পূর্ণ রাখা। তান-পুরা ··ষ্য. তান পূর্ণ করে রাখে বলিয়া নাম তানপুরা ?—তন্ত্রী যন্ত্র-বিশেষ। অন্য নাম তম্বুরা, তাম্বুরা—তুম্ব—লাউ আছে বলিয়া তম্বুরা, তাম্বুরা ; কিংবা তুম্বুরু গন্ধর্ব দ্বারা আবিষ্কৃত বলিয়া তম্বুরা, তাম্বুরা (তাম্বুরা দেখ)। তাম্বুরা হইতে অপভ্রংশে তানপুরা।

তানাক (গ্রাং) ··ষ্য. (হিং। হিং তলাক, তক। সং স্থান-তক)। তুং হিং থানক—স্থান)। তক, পর্যন্ত।

তাফতা ··ষ্য. (ফাং)। এক প্রকার পট্টবস্ত্র (বাফতা দেখ)।

তাবৎ ··ণ. (সং)। তত, তত সময়, অবধি। যাবৎ-তাবৎ ··যেমন-তেমন, প্রঃ—যাবৎ তাবৎ করিয়া কাজ সারা।

তাঁবা···ষ্য. (সং তাম্র। সং প্রাং তাম্ব। ওং তম্বা)। তাম্র ধাতু ; তাম্রনির্মিত বাহুবলয় (ধর্মপণ্ডিতের)। তামা দেখ।

তাবিজ ··ষ্য. (আং তবীজ)। বাহুভূষণ-বিশেষ, কবচ।

তাঁবী ··ষ্য. (সং তাম্র হইতে তাঁবা+ঈ)। তাম্রনির্মিত কুণ্ড, তাম্রনির্মিত দণ্ডাদি-কালমাপক ঘট।

তাঁবু···ষ্য. (আং তাম্বু)। পটবাস। (ইং tent)।

তাবে, তাঁবে (গ্রাং)···ষ্য. (আং তাবে—ভৃত্য)। অধীনতা। তাবেদার···ষ্য. অধীন ব্যক্তি। তাবেদারি···ষ্য. আনুগত্য।

তামড়ি···ষ্য. (সং তাম্রা)। তাম্রবর্ণ উপ-রত্নবিশেষ (garnet)।

তামলী ··ষ্য. (সং তাম্বূলী, তাম্বুলিক)। পান-বিক্রেতা জাতিবিশেষ। স্ত্রী° তামলিনী।

তামা, তাঁবা ··ষ্য. (সং তাম্র)। তাম্র, ধাতু-বিশেষ, প্রঃ—রাঙ্গা তামা বারি করি (ভাঃ)। তামা তুলসী হাতে করা—(বোধ হয়) তাম্রকুণ্ডের জল ও তুলসী হাতে করা। তাম্রকুণ্ডে বিষ্ণুপূজার জল থাকে। হয় ত ধর্ম্মঠাকুরের পূজক 'পণ্ডিতে'র তাম্রবলয় হইতে তামা-তুলসীর তামা। এই দুই হাতে লইয়া দিব্য গালা—শপথ করা। তামাটিয়া, তামাটে ··ণ. (তামা+টা—তামাটা—তাম্র ণ,+ইয়া)। তাম্রবর্ণযুক্ত, ঈষৎ তাম্রবর্ণ।

তামাক ··তামুক দেখ।

তামাম ··ণ. (আং তমাম)। সমুদায়, সম্পূর্ণ।

তামাশা ··ষ্য. (আং তমাশা—দৃশ্য, যাত্রা)। পরিহাস, আনন্দোৎসব। রঙ্গ-তামাশা, হাসি-তামাশা ·(সহচর শব্দ)। পরিহাস। (তামাশা অর্থে আনন্দোৎসব, বা যাত্রা—বাংতে প্রচলিত নাই, উর্দুতে আছে)।

তামিল ··ষ্য. (আং তামীল)। অনুষ্ঠান নিষ্পাদন, প্রঃ—হুকুম তামিল করা—আজ্ঞা পালন করা।

তামিল ··ষ্য. (তামিল শব্দ)। মাদ্রাজ ও দক্ষিণ-ভারতের লোকবিশেষ, সে লোকের ভাষা।

তামুক, তামাক ··ষ্য. (পর্তুগীজেরা নাম আনে tabaco। ইহা হইতে ওং হিং মং উর্দু তম্বাকু। বাং তামুক। কৃত্তিঃ কবিকঃ প্রভৃতি হইতে এ পর্যন্ত তামুক শব্দ বঙ্গের সর্বত্র প্রচলিত আছে। শহরে ইদানী তামাক। আবও বিকৃত হইয়া তবাক। অর্বাচীন সং তাম্রকূট। প্রায় পাঁচ শত বৎসর হইল, আমেরিকা হইতে ইয়ুরোপে তামুক আসিয়াছে। প্রায় চারি শত বৎসর হইল,এ দেশে পর্তুগীজেরা লোককে তামুক-খাওয়া শিখাইয়াছে। বিলাত হইতে তামুকের বীজ আনাইয়া এ দেশে তামুকের চাষ করাইয়াছে। এ দেশে তামুক-গাছ বন্য আকারে ছিল, কিন্তু কেহ তামুক-খাওয়া জানিত না। চরকাদি আয়ুর্বেদে ধূমপানের উল্লেখ আছে, কিন্তু তাহাতে তামুক নাই। ওংতে চলিত নাম ধুআঁ-পত্র। সং ধূমবর্তিকা—ওং পিকা)। বঙ্গানাদি বর্গের বর্ষায়ুঃ শাকবিশেষ (Nicotiana)। ইহার কয়েকটি জাতি আছে। কিন্তু কোন্ জাতি হইতে কোন্ জাতের উৎপত্তি হইয়াছে, তাহা অদ্যাপি অজ্ঞাত আছে। ভুরস্থট, ভেলসা, মতিহারী, হিঙ্গালী প্রভৃতি জাতের নাম। ভুরস্থট—হুগলী জেলায় দামোদর নদের পাশে ভুরস্থট (সং ভূরিশ্রেষ্ঠ) পরগণা। এই স্থানে জাত তামুক—ভুরস্থট তামুক দক্ষিণ রাঢ়ে প্রসিদ্ধ। ইহা নিকৃষ্ট। ভেলসা—নরম তামুক, হয়-ত বিলাতী হইতে নাম ভেল। হিঙ্গালী—উৎকৃষ্ট তামুক, হয়-ত ইঙ্গলিশ হইতে নাম। হিঙ্গলীর পর গুণে পুলা তামুক। বিষপাত—মতিহারীর নাম, অতি উগ্র তামুক। ডগী—তামুক গাছের ডগের পাতা। ইহা কড়া নয়, মিঠা নয়। গুড় মাখাইয়া পচাইয়া—গুড়ুক তামুক। অম্বর—সুগন্ধ হইতে অম্বরী তামুক (অম্বরী দেখ)। তামুকপত্র—দোক্তা। দোক্তা চুণের সহিত পানে চর্বণ করা—দোক্তা

খাওয়া। গুড়ুক, অম্বরী তামুক—কলিকাতে আগুন-সাহায্যে ধূমে পরিবর্তিত করিয়া খাওয়া—তামুক খাওয়া। ধনিয়া মউরী প্রভৃতির সহিত শুষ্ক তামুক-পাতা চূর্ণ করিয়া—গুণ্ডী। পানের মশলা করিয়া গুণ্ডী চর্বিত হয়। তামুকখোর···(খোর দেখ)। তামুকে আসক্ত।

তাম্বু···ষ্য. (আ°)। তাঁবু, পটবাস, প্রঃ—তাম্বু-ঘর (কবিকঃ)।

তাম্বুরা···ষ্য. (আ°)। তানপুরা নামক তন্ত্রী-যন্ত্র।

তাম্বুলী···ষ্য. (সং)। পান-গুআ-বিক্রয়ী জাতি বিশেষ, তামলী।

তায়দাদ···ষ্য. (আ° তাদাদ)। সঙ্খ্যা, নির্দিষ্ট টাকা (জমিদারীঃ)। তায়দাদ জমা···নির্দিষ্ট জমার পরিমাণ। তায়দাদ-ভুক্ত···ণ. (ভুক্ত—সং)। নির্দিষ্ট সঙ্খ্যার অন্তর্গত (জমিদারীঃ)।

তায়ফা···ষ্য. (আ°—দল)। নাচনীর দল, নাচনীর গীতবিশেষ।

তার···ষ্য. (সং তন্ত্র)। ধাতুসূত্র ; সূত্রবৎ আকার, প্রঃ—গুড় পাক করিলে ঘন হইয়া তার কাটে—আঙ্গুল করিয়া তুলিলে সূত্র কাটে ; গোঁপে দেয় তার (কবিকঃ)—তা দেখ। তারের খবর···টেলিগ্রাফ। তার-কষ···ষ্য. (হি°)। যে টানিয়া সোনারূপার তার করে। তারকষি···ষ্য. কষিয়া—টানিয়া—যে সরু তার হয়, তাহাতে নির্মিত অলঙ্কার। তার···ষ্য. (সং)। আস্বাদ, প্রঃ—ব্যঞ্জনের তার। সু-তার···ণ. সুস্বাদু।

তারপলিন···ষ্য. (ই° tarpaulin)। আলকাতরা-মাখানা মোটা সূতার পাল।

তারপিন···ষ্য. (ই° turpentine)। সরল নামক গাছের তরল নির্যাস, বার্নিশে লাগে।

তার···ধাতু. (সং তারি ধাতু)। তারি—পার করি, নিস্তার করি, প্রঃ—তারিতে হবে মা তারা। তারা॥

তারা...ষ্য. (সং)। আকাশের দীপ্তিশালী জ্যোতিষ্ক, প্রঃ—ধ্রুব-তারা···ধ্রুব নামক তারা, যে তারা আকাশে নিশ্চল দেখায় ; নক্ষত্রের এক এক জ্যোতিষ্ক, প্রঃ—তিনটি তারায় শ্রবণা নক্ষত্র ; উল্কা, প্রঃ—তারা খসিয়া পড়ে ; চক্ষুর কৃষ্ণবর্ণ মধ্যভাগ (pupil)। পুরাণে বৃহস্পতির ভার্যা, রামায়ণে বালির ভার্য্যা, তন্ত্রে দ্বিতীয়া শক্তি। একতারা দেখা—রাত্রি আগমে নভোমণ্ডলে একটী তারা দেখা। একতারা দেখিলে মঙ্গল হয় না, যতক্ষণ অন্য তারা দেখা না যায়, ততক্ষণ আকাশ হইতে চক্ষু ফিরাইতে নাই (শব্দকল্পঃ দেখ)। তারা-হার···ষ্য. (সং তারা-হার। বোধ হয় সং তার-হার শব্দের সহিত মিশিয়াছে। সং তার-হার—মুক্তাহার)। সোনার তারার মাল্য। তারা-চিহ্ন···ষ্য. লিখিবার সময় টীকা করিবার * চিহ্ন।

তারা···ণ. (সং তার)। উচ্চ স্বর। সুর দেখ।

তারিখ···ষ্য. (আ° তারীখ)। মাসের দিন। সন তারিখ···বৎসর ও মাসের দিন। (তারিখ গণিবার শব্দ—পহেলা, দোসরা, তেসরা, চৌঠা, পাঁচই (বা পাঁচই) ইত্যাদি, উনিশে ইত্যাদি)। ফলানা তারিখ···অমুক দিন।

তারিফ···ষ্য. (আ° তারীফ)। প্রশংসা।

তাল···ষ্য. (সং)। তালাদিবর্গের দীর্ঘ তরু-

বিশেষ (The palmyra palm. Borassus flabellifer)। এক একটা গাছ ৬০।৭০ হাত উচ্চ হয়, কিন্তু ব্যাসে ১।০ হাত থাকে। চৈত্রমাসে ফুল ধরে। ফলের ব্যাস অঙ্গুষ্ঠ হইতে মধ্যমাঙ্গুলি পর্যন্ত হয়। ভারতের সর্বত্র গাছ জন্মে, দক্ষিণভারতে অধিক। তাল-শাঁস ··ষ্য. (সং তাল-শস্য)। অপক্ক তালফলের কোমল শস্য। তালাঙ্কুর, তাল-কুর ··ষ্য. (সং তালাঙ্কুর)। পাকা ফলের অঙ্কুরোদ্গমে লঘু শস্য। তাল-কাঁড়ী ··ষ্য. তালগাছের কাণ্ডের সার (ত্বক্)। তালগাছের আঁতী ··(সং অন্ত্র)। তালগাছের মধ্যস্থ অসার অংশ। তাল-বাখড়া ·····ষ্য. (বাখড়া দেখ। ও° বাঞ্জা)। তালগাছের শুষ্ক পত্রের দীর্ঘ বোঁটা; অন্য নাম ডাঁটা। তাল-ষাঁড়া ··ষ্য. (সং ষণ্ড—বৃক্ষ হইতে ? তু° ও° ষণ্ড—গজা)। কোমল তালপাতার বোঁটার গোড়া যাহা গাছকে বেষ্টন করিয়া থাকে। ইহার রস গোরুর রোগচিকিৎসায় লাগে। তালগাছের ভুঁড়া ··তালগাছের পুং-পুষ্পমঞ্জরী। চুল-চুলিয়া ··ষ্য. (চুল+ইয়া)। যে চাদর দ্বারা তাল খেজুর প্রভৃতির মঞ্জরী আবৃত থাকে। তেআঁঠিয়া তাল ··যে তালফলে তিনটা আঁঠি থাকে। তাল-পুকুর ··ষ্য. যে পুষ্করিণীর পাড়ে তালগাছ আছে। সপ্ততাল বেধ ··শর দ্বারা সাতটা তালগাছ ভেদ। সাত-তাল বহা—সাগরের লহরি উপরি উপরি সাতটা তালগাছের মতন উচ্চ হওয়া। তাল-কাছাড়া হওয়া—তালগাছ কাটিলে তাহা যেমন লম্বা হইয়া পড়িয়া যায়, কাছাড় খায়—তেমন হওয়া। তাল পাকানা, তাল করা—তাল-ফলের তুল্য পিণ্ড করা। তিলকে তাল করা—তিলবীজকে তালফল তুল্য বৃহৎ মনে করা, নগণ্যকে গণ্য করা। তাল···ষ্য. (সং)। অঙ্গুষ্ঠ ও মধ্যমাঙ্গুলি পর্যন্ত পরিমাণ, (তাড়া, হালা দেখ); করতল দ্বারা আঘাত। তাল ঠোকা—করতল দ্বারা বাহুর আস্ফোট। তাল···ষ্য. (সং)। সঙ্গীতের কালক্রিয়ামান। সং-তে আছে, হর গৌরীর নৃত্য হইতে তালের উৎপত্তি। হর-নৃত্য—তাণ্ডব, গৌরী-নৃত্য—লাস্য। তাণ্ডব ও লাস্যের আদ্যবর্ণ হইতে তা-ল শব্দ। ছন্দ ব্যতীত নৃত্য হয় না; তাল দ্বারা কাল পরিমিত হইয়া ছন্দ প্রকাশিত হয়। গীত বাদ্য নৃত্য—এই তিনের নাম সঙ্গীত (গীত অর্থে সঙ্গীত বলা ভুল)। সঙ্গীতের ছন্দ প্রকাশ করিতে কালপরিমাণের প্রয়োজন, কাল পরিমাণ করিতে তালের প্রয়োজন। কর-তালি কিংবা অন্য আঘাত দ্বারা কাল জ্ঞাপিত হয়। ইহার নাম তাল দেওয়া বা তাল রাখা। তালের সমাপ্তি—সম্। সমে আসিবার পূর্ববর্তী তিনবার আঘাত—তেহাই (সং ত্রিঘাত)। তালের মাত্রানুসারে করতালি দ্বারা বিভাগ জানাইয়া শেষ বিভাগস্থানে কর-তালি না দেওয়া—ফাঁক (সং ফক্ক—সঙ্গীতদামোদরে)। আড় ··(সং অরাল)। কুটিল। আড়া···(সং অর্ধ)। আধ। জলদ ··(দেখ। সং দ্রুত)। দ্রুত। ঠা ··(সং স্থির, ধীর)। ধীরে ধীরে। ঢিমা ··(সং মধ্য)। বিলম্বিত। দুন ··(সং দ্বিগুণ)। দ্বিগুণ দ্রুত। ফের ··(সং প্রত্যা-বর্তন)। তালের পুনরাবর্তন। পরং ··(সং

প্রবন্ধ)। তালের অলঙ্কারবিশেষ। তাল-কানা…গ. বাদ্যের তাল বুঝিতে পারে না যে; তালের সমের ঘর বুঝিতে পারে না যে, লক্ষণায়, ঠিক সময়ে যে কথা কহিতে বা কাজ করিতে জানে না। তালমানজ্ঞান …তালের মাত্রাজ্ঞান। বে-তালা…তাল-হীন, তালের বহির্ভূত। [এখানে ৺কৃষ্ণধন বন্দ্যোপাধ্যায়ের গ্রন্থ হইতে প্রচলিত তালের অবয়ব প্রদর্শিত হইতেছে। গানে পদ থাকে। কালপরিমাণ ব্যতীত পদ হয় না। যত কালকে একক-স্বরূপ ধরা হয়, তাহা মাত্রা। মাত্রা-সমষ্টিতে পদ। অথবা, পদের গুরু লঘু উচ্চারণ কালের নাম মাত্রা। পুনঃ পুনঃ এক নিয়মে গুরু লঘু উচ্চারণবিশিষ্ট পদের নাম ছন্দ। গানের ছন্দের যে পদে প্রস্বন বা বলন্যাস করিতে হয়, আঘাত দ্বারা তাহা প্রদর্শন করা তাল দেওয়ার উদ্দেশ্য। অধিক বলের সহিত উচ্চারণ স্থান—সম। তালের শেষ বা অবকাশ-স্থান—ফাঁক। ছন্দের একবার পূর্ণ আবৃত্তি—ছন্দের এক ফের বা আওর্দা (সং আবৃত্তি)। প্রচলিত তালে চারি পদ আছে। তিন পদে তালি বা আঘাত, একটাতে অনাঘাত বা ফাক দিতে হয়। দ্বিতীয় তালি—সম। তালের যে স্থানে আঘাত দিবার নিয়ম, ছন্দের সে স্থানে প্রস্বন না থাকিলে—আড় (সং অরাল)। যে তালের প্রত্যেক পদকে চারি সমান অংশে ভাগ করিতে পারা যায়, তাহা চতুর্মাত্রিক তাল, যেমন কাওয়ালী। এরূপ তালে চারি চারি মাত্রা অন্তরে প্রস্বন পড়ে। যে তালের প্রত্যেক পদকে তিন সমান অংশে ভাগ করিতে পারা যায়, তাহা ত্রিমাত্রিক তাল, যেমন একতালা। এরূপ তালে তিন তিন মাত্রা অন্তরে প্রস্বন পড়ে। যে তালের পদে মাত্রাসঙ্খ্যা অসমান, তাহা বিষমমাত্রিক, যেমন যৎ। এরূপ তালে অসমান মাত্রা অন্তরে প্রস্বন পড়ে। বাঁয়া ও মৃদঙ্গ বাদ্যে তালের ছন্দ প্রকাশের নাম ঠেকা। ঠেকার এক ফেরের মধ্যে কণ্ঠে কিংবা যন্ত্রে দুই ফের হইলে দুন ঠেকা, চারি ফের হইলে চৌদুন ঠেকা বলে। [তালের অবয়ব, সঙ্কেত—মাত্রা—১, সম—*, ফাঁক—°, পদ বিভাগ—।]

চতুর্মাত্রিক তাল—৪ পদ, ১৬ মাত্রা।

(১) কাওয়ালী ১১।১*১।১১।১°১।

(২) ঢিমা কাওয়ালী বা ঢিমা তেতালা
১১১১।১*১১১।১১১১।১°১১১।
(কাওয়ালীর দ্বিগুণ বিলম্বিত।)

(৩) ঠুংরী ১*১।১১। (কাওয়ালীর অর্ধ।)

(৪) ছেপকা ১*১।১১।১°১।১১।
(কাহার্বা এইরূপ।)

(৫) আড়া-ঠেকা ১১।১১১১।১*১১১।১১১১।১°১।
(এক পদ অর্ধ ভাগে বিভক্ত বলিয়া আড়া)।

(৬) মধ্যমান ১১১১১১।১১১১১১১১১।
১*১১১১১১১।১১১১১১১১১১।১°১।
(আড়াঠেকার দ্বিগুণ।)

ত্রিমাত্রিক তাল—৪ পদ, ১২ মাত্রা।

(১) খেমটা ১*১১,১১১।১°১১।১১১।

(২) আড়া-খেমটা ১১।১১১।১*১১।১১১।১°।

(৩) একতালা ১*১১।১১১।১°১১।১১১।
(খেমটাও এইরূপ।)

(৪) অন্ত একতালা ১*১১১।১১১১।১১১১।

(৫) চৌতাল ১*১।১°১।১১।১°১।১১।১১।

বিষমমাত্রিক তাল।

(১) পোস্তা—২ পদ,৭ মাত্রা। (যৎএর অর্ধ)।

১*১১।১১১১।

(২) সুরফাঁক—৩ পদ,১০ মাত্রা। ফাঁক নাই।

১*১১১।১১।১১১১।

(৩) রূপক—৩ পদ, ৭ মাত্রা।

১১।১১।১*°১১ (তেওটের অর্ধ।)

(৪) তেওরা—৩ পদ, ৭ মাত্রা।

১১।১১।১*১১।

(৫) ধামার—৩ পদ, ১৪ মাত্রা।

১*১১১।১১১১১।১১১১।

(৬) ঝাঁপতাল—৪ পদ, ১০ মাত্রা।

১*১।১১১।১°১।১১১।

(৭) যৎ—৪ পদ, ১৪ মাত্রা।

১*১১।১১১১।১°১১।১১১১।

(৮) তেওট—৪ পদ, ১৪ মাত্রা।

১১১১।১*১১।১১১১।১°১১।

(৯) আড়া চৌতাল—৪ পদ, ৭ মাত্রা।

১*।১১।১১।১১।

(১০) পঞ্চম শওয়ারী—৮ পদ, ৩০ মাত্রা।

১১১।১১।১*১১১।১°১১১।১১১১।

১°১১১।১১১১।১°১১১।

এই সকল সাঙ্কেতিক রূপ দেখিলে বোধ হয় যে, আরও অনেক প্রকার তাল হইতে পারে। সংস্কৃত সঙ্গীতশাস্ত্রে অনেক তাল বর্ণিত আছে। কিন্তু সে ব্রহ্মতাল, ইন্দ্রতাল ইত্যাদি প্রায় লুপ্ত হইয়া অন্য তাল প্রচলিত হইয়াছে। একতাল, ত্রিতাল, চতুস্তাল, পঞ্চতাল, রূপক প্রভৃতি কয়েকটি নাম সংস্কৃত। কাওয়ালী, কাহার্বা, তেওরা (সং তীব্রর জাতি হইতে?) প্রভৃতি তাল-নাম হইতে উৎপত্তি বুঝা যাইতেছে। দশকোষী (সং) এখন কেবল কীর্তন-গানে আছে।

তাল-চটা...ষ্য. (সং তাল-চটক)। শাখাশ্রয়ী-বর্গের পাংশুবর্ণ পক্ষিবিশেষ (the swallow shrike)। তালগাছে বাসা করে বলিয়া নাম তাল-চটক। দৈর্ঘ্যে ৯।১০ আঙ্গুল, পুং-স্ত্রী একবর্ণ। চঞ্চু ক্রমশঃ সরু, ঈষৎ বক্র। পুচ্ছ হ্রস্ব; কিন্তু পক্ষ বৃহৎ, এ কারণ অনেক ক্ষণ উড়িতে পারে, এবং উড়িতে উড়িতে পোকা ধরিয়া খায়। (কাবাসিয়া দেখ)।

তাল-চোঁচ...ষ্য. (সং তালচঞ্চু)। লালবর্ণ পক্ষী-বিশেষ। লেজের উপরে শাদা দাগ থাকে। ঘরের কড়ি-বরগায় গৃহচটকের মতন বাসা করে।

তালমূলী...ষ্য. (সং। অন্য সং নাম ভূ-তালী, তালপত্রিকা)। শাকবিশেষ (Curculigo orchiodes)। মাটিতে আলু হইতে জন্মে, পাতা লম্বা সরু, তালপাতার মতন। ফুল হলুদা, গন্ধহীন, ছয় দলে বিভক্ত। বাজারে শিকড় কাল-মুষলী নামে ঔষধার্থে বিক্রয় হয়।

তালা...ষ্য. (সং তালক)। চাবি। তালা-চাবি...তালার চাবি-কাটি।

তালা...ষ্য. (সং তাল, তালক)। আঘাত, বধিরতা, প্রঃ—কানে তালা লাগে।

তালা...ণ. (আং তাআলা)। সর্বশ্রেষ্ঠ, প্রঃ—খোদা তালা (মুসলমানী ভাষায়)।

তালাই...ষ্য. (সং তলাচী—শব্দকল্প:)। সরু বোনা চাটাই। (চাটাই মোটা)।

তালাক ··ষ্য. (আ° তলাক)। (মুসলমানী ভাষায়) পতিপত্নীত্যাগ (তালাক দেওয়া); শপথ, তাল্লাক।

তালি··ষ্য. (স° করতালি)। করতালের আঘাত; ছিন্ন বস্ত্রে যোজিত বস্ত্রখণ্ড; কর্ণের বধিরতা। দৃষ্টান্তে,—এক হাতে তালি বাজে না—দুই পক্ষ নইলে কলহ হয় না।

তালিকা···ষ্য. (স°। আ°)। দ্রব্যনামপত্র, ফর্দ। (স°তে তালিকা, তারিক শব্দের এই অর্থ)।

তালিম···ষ্য. (আ° তালীম)। শিক্ষা, প্রঃ—যাত্রাদলের ছেলে তালিম করা।

তালী ··ষ্য. (স°)। তালগাছের সদৃশ তরু-বিশেষ (The talipot palm. Corypha umbraculifera)। এই গাছ হঠাৎ দেখিলে তালগাছ বলিয়া মনে হয়। কিন্তু তালগাছ অপেক্ষা কিছু মোটা, পাতা বৃহৎ। ইহার ফুল একবার হয়, প্রায় চল্লিশ বৎসর বয়স হইলে। তার পর ফল পাকিলে গাছ মরিয়া যায়। (এই কারণে, অমরকোষে, তৃণরাজাহ্বয়স্তালী,— তালী তৃণরাজ)। দক্ষিণভারতে অরণ্যে ইহার জন্মস্থান। বঙ্গদেশে দুই একটা রোপিত হইয়া থাকে। (কালিদাসের তমালতালী-বনরাজিনীলা—দক্ষিণ দেশের বর্ণনা)।

তালীশপত্র ··ষ্য. (স°)। হিমালয়ের দেবদারু-আদি বর্গের তরুবিশেষ (The silver fir. Abies webbiana)। (হি°তে তালীশ-পত্র যে গাছ, বা°তে সে গাছ পানিয়ালা, তেজপাত)।

তালুক···ষ্য. (আ° তআল্লুক)। ভূসম্পত্তি,—জমিদারের অধীনে গ্রামাদি অল্প ভূসম্পত্তি। তালুকদার ··ষ্য. তালুকের স্বামী। তালুক-দারি ··ষ্য. তালুকদারের বৃত্তি। তালুক-মুলুক···(প্রায় সহচর শব্দ)। গ্রামাদি ভূসম্পত্তি। তালুক করা—তালুক সম্পত্তি উপার্জন করা, তালুকদারি করা। পত্তনী তালুক ··(স° পত্তন)। বর্দ্ধমানের মহা-রাজার অধীনস্থ সম্পত্তি। ইহার স্বামী—পত্তনীদার। দর-পত্তনী তালুক···পত্তনীদারের অধীনস্থ সম্পত্তি। সে-পত্তনী তালুক ··দর-পত্তনীদারের অধীনস্থ তালুক। মুকররী তালুক ·· যে মহলের খাজনা নির্দিষ্ট বৎসরের নিমিত্ত নির্দিষ্ট থাকে। ইস্তেমরারী তালুক···যে মহলের খাজনা বাড়ে না। চাকরান তালুক ··যে মহল পূর্বকালে সরকারী চাকরির বেতনসরূপ প্রদত্ত হইত।

তাল্লাক ··তালাক দেখ।

তাস ··ষ্য. (আ°)। জরী; মসৃণ সূত্র। তাসের সূতা—তাস কাগজে (?) জড়ানা মসৃণ সূতা।

তাস···ষ্য. (আ° ?)। খেলিবার চিত্রিত কাগজখণ্ড। চিত্র চারিপ্রকার,—ইস্‌কাপন (বোঁটা সহিত কৃষ্ণবর্ণ পান), হরতন (বোঁটাহীন রক্তবর্ণ পান), চিড়িতন (বিল্ব-পত্রের ন্যায়, ত্রিপর্ণ পাতা), রুইতন বা রুহিতন (রক্তবর্ণ তির্যক্ আয়ত)। এইরূপ চিত্রের নাম রঙ্গ। প্রত্যেক রঙ্গের ১৩খানা করিয়া কাগজ বা তাস, যথা,—টেক্কা (এক।১), দুরী (২), তিরী (৩), চৌকা (৪), পঞ্জা (৫), ছক্কা (৬), সাতা (৭) আটা (৮), নহলা (৯), দহলা (১০), গোলাম (গোলামের চিত্র, ১), বিবী (বিবীর চিত্র, ২), সাহেব (সাহেবের চিত্র, ৩)। এক এক চিত্রের

সঙ্খ্যার নাম ফোঁটা। অতএব চারি রঙ্গের কাগজ সঙ্খ্যায় ৫২ খানা, ফোঁটায় ৪ × ১৬। কিন্তু খেলিবার সময় ফোঁটার সঙ্খ্যা অধিক ধরা হয়। দুই জনে খেলার নাম বিন্তী, দুই দুই জনে এক পক্ষ হইয়া চারি জনে খেলার নাম গ্রাবু (এই নাম তত চলিত নহে)। শেষোক্ত খেলা প্রসিদ্ধ। ইহাতে দুরী তিরী চৌকা পঞ্জা ছক্কা বাদ দিয়া অবশিষ্ট ৪×৮=৩২ খান তাস লাগে। তাস ··ধাতু. তাসি—চারি রঙ্গের তাস মিশাই। তাসা॥ (ধাতু তাসা না হইয়া তাস। প্রয়োগবাহুল্যে ? না, সং তস্ ধাতু উৎক্ষেপণে হইতে ? তু° ই° toss)। তাস কাটা—৩২ খানা তাস দুই ভাগ করিয়া খেলায় একটা রঙ্গ প্রধান নির্বাচন করা। এই প্রধান রঙ্গের নাম তুরুপ (পর্তু° trunfo, ই° trump)। তখন অন্য রঙ্গ—বদ্‌-রঙ্গ। তাস দেওয়া, বাঁটা —চারিজন খেলুআড়কে ৮ খানা করিয়া দেওয়া। ভেস্তা···প্রত্যেকের হাতে ৮ খানা করিয়া না আসা (ভুলে)। গ্রাবু খেলায় টেক্কার ১১, দহলার ১০, গোলামের ১, বিবীর ২, সাহেবের ৩ ফোঁটা ধরা হয়। কিন্তু প্রধান রঙ্গ অর্থাৎ তুরুপের নহলার ফোঁটা ১৪, গোলামের ফোঁটা ২০ ধরা হয়। এই রূপে ৩×২৭+১×৬০=১৪১ ফোঁটা। ইহা ছাড়া, খেলিতে খেলিতে যে পক্ষের শেষ পিট হয়, সে পক্ষ "হাতের পাঁচ" অতিরিক্ত ৫ ফোঁটা পায়। সুতরাং মোট ফোঁটা ১৪৬=৭ কুড়ি ৬ ফোঁটা। তাস পেটা—তাস দ্বারা ভূমিতে আঘাত করা। ইহা হইতে চারি জনের প্রদত্ত বা পেটা তাস একত্রে এক 'পিট' হয়। যে পক্ষের ফোঁটা দুই কুড়ি সাতের কম হয়, সে পক্ষ হারে। হারিলে বিপক্ষ একখান তাস ধরে (অ-খেলা তাস উপড় করিয়া হারি গণে)। এক পক্ষের তাসে তুরুপের সাহেব বিবী আসিলে "ইস্তক" হয়। ইস্তক আসিলে অন্য পক্ষকে অন্ততঃ তিন কুড়ি ফোঁটা সংগ্রহ করিতে হয়। করিতে না পারিলে সে পক্ষের হারি হয়। এক পক্ষের হাতে এক রঙ্গের তিনখানা তাস পরে পরে আসিলে "বিন্তী" হয়। বিন্তী হইলে অন্য পক্ষকে অন্ততঃ (২ কুড়ি ৭)+১ কুড়ি=৩ কুড়ি ৭ ফোঁটা দেখাইতে হয়। কুড়ি অধিক বলিয়া বিন্তী নাম (পর্তু° vinte। সং° ত্রিংশতি)। এক রঙ্গের চারিখানা তাস পরে পরে আসিলে "পঞ্চাশ"। যে পক্ষ পঞ্চাশ পায়, সে পক্ষ পঞ্চাশ ফোঁটা সংগ্রহ করিতে পারিলে জয়ী হয়। সে খেলায় অন্য পক্ষ ইস্তক পাইলে পঞ্চাশ ফোঁটার পরিবর্তে ষাটি ফোঁটা রাখিলে জয় হয়। ইস্তক লইয়া পঞ্চাশ হইলে না খেলিয়াই জয় হয়। চারি রঙ্গের গোলাম, কিংবা বিবী, কিংবা সাহেব, কিংবা টেক্কা এক হাতে আসিলে; অথবা একই রঙ্গের পাঁচ-খানা তাস পরে পরে আসিলে "শ" হয়। শ পাইলেও না খেলিয়া জয় হয়। এক পক্ষ ক্রমে ক্রমে পাঁচবার জয়ী হইলে সে পক্ষ অন্য পক্ষের বিরুদ্ধে "পঞ্জা" তাস ধরে। এক পক্ষ একটীও পিট না পাইলে অন্য পক্ষ জয়ী হইয়া "ছক্কা" তাস ধরে। পঞ্জা হইবার সময় ছক্কা হইলে দুইএ মিলিয়া "বম" হয়। তুরুপ করা—তুরুপ রঙ্গের তাস দেওয়া। ফেরাই

(ই° free ?) বে-রঙ্গের এমন তাস যাহার উচ্চ তাস আর না থাকে। টেক্কা সকলের উচ্চ, সাতা নীচু।

তাসন ··ষ্য. (স° ত্রসর ; যথা, ত্রসরঃ সূত্র-বেষ্টনম্—হেমঃ। তসর পাট বুনিবার পূর্বে মাঁড় মাখানা, প্রঃ—তাসন করিয়া নাম বলাইল জোলা (কবিকঃ); সূতা প্রসারিত করা, মাঁড় মাখানা, ফেরানা প্রভৃতি পাটি।

তাসা···ষ্য. (আ°)। আনদ্ধ বাদ্যবিশেষ। ··তাস শব্দ দেখ।

তাহা ··সর্বনাম. (স° তৎ)। সে (মানুষ, দ্রব্য, গুণ, কর্ম)। তা দেখ।

তাহাঁ, তাঁহা ··সর্বনাম. (স° তৎ)। সে (মান্য দেবতা মানুষ)।···ব্য. (হি° তহাঁ)। সেখানে, প্রঃ—ঠারি রহল তাহাঁ যাই (জ্ঞানদাস)। তাহাঁতক ··ব্য. সে পর্যন্ত। তু° কাহাঁতক, যাহাঁতক।

তিউড়ী ··ষ্য. (স° ত্রিপুটা, ত্রিবৃতা, ত্রিবৃৎ—অঃ)। কলম্বী-আদি বর্গের বৃহৎ রোহিণী-বিশেষ (Operculina turpethum. Ipomœa turpethum)। লতার গায়ে ডেনা বা পুট আছে। পাতা বড় বড়, ফুল বড় বড় শাদা পঞ্চদল। ফল চারি কোণা, পাকিলে উপর দিকে পেড়ার ডালার মতন খসিয়া যায়। বীজ কাল। মূল রেচক বলিয়া খ্যাত আছে। (২) (স° ত্রিপুটী)। খেঁসারি কলাই। (৩) মিশ্রিত তিন জাতীয় দাইল।

তিক ··ষ্য. (তাক দেখ)। লক্ষ্য।

তিকিচ্ছা (গ্রা°) ··ষ্য. (স° চিকিৎসা)। চিকিৎসা (গ্রা° চিকিচ্ছা—তিকিচ্ছা)।

তিকুড় ··ষ্য. (স° তবক্ষীর—শব্দকল্প:)। দেশী পালোবিশেষ। আরারুট দেখ।

তিক্তরাজ ··ষ্য. (বা° নাম। স° নাম রোহিতক। ও° বা° রোহাণ)। নিম্বাদি বর্গের তরু-বিশেষ (Amoora rohituka)। গাছের মাথার দিকে বহু শাখা। কাঠ নিম-কাঠ অপেক্ষা অল্প লোহিত। পাতার ধার কাটা নহে। কোমল পাতা রোমশ। পর্ণ ৫।৭ জোড়া। ফুল ছোট, শাদা, ত্রিদল। ফল পাকিলে তিন খণ্ডে ফাটিয়া যায়। (অমরে, রোহিতকঃ প্লীহশত্রুর্দাড়িম-পুষ্পকঃ—রোহিতকের ফল দাড়িমপুষ্প তুল্য)।

তিক্তশাক ··ষ্য. (স°—অঃ)। বরুণ গাছ দেখ।

তিক্ষ (গ্রা°) · ণ. (স° তিক্ষ্ণ)। তিক্ষ্ণ, প্রঃ—তিক্ষ মেজাজের লোক।

তিখড়া ··ধাতু. (তিক্ষ+ড়া)। তিখড়াই—হঠাৎ বেগে লাফাইয়া উঠি, প্রঃ—জ্বরে ছেলে তিখড়াইয়া উঠে। তিখড়ানা ॥

তিজারৎ, তেজারৎ · ষ্য. (আ° তিজারৎ)। বাণিজ্য ব্যবসায়। তিজারতী ··ণ. ব্যবসায়-সম্বন্ধীয়।

তিজেল ··ষ্য. (স° তিতিল—নাঁদা—শব্দ-কল্পঃ। পর্তু° Tigela—a small shallow metallic vessel হইতে ?)। তাই অপেক্ষা উচ্চ হাঁড়ী। ইহা চেপটা, কিন্তু বড়মুখা।

তিড়িং-বিড়িং ··ব্য. (তড়্-বড় দেখ)। এদিকে ওদিকে বক্রতায়, নর্তনে, প্রঃ—ছোট ও শীর্ণ ছেলে তিড়িং-বিড়িং করিয়া নাচে, লাফায় ; চিংড়ি মাছ তিড়িং-বিড়িং করিয়া লাফায়। (তিড়িং-বিড়িং—

অনিয়ত ভাবে কৃশ দেহের নর্তন বা লম্ফন; থপ্-থপ—স্থূল দেহের)।

তিত···ধাতু. (সং তিপ ধাতু ক্ষরণ হইতে তিপ্ত; তিপ্ত হইতে। তুং সং তপ্ত হইতে বাং তাত ধাতু)। তিতি—সিক্ত হই, প্রঃ—রাত্রের হিমে কাপড়খানা তিতিয়া গিয়াছে; তিতায় তিতিল দেহ (চণ্ডীঃ)—তিক্তরসে তিতিল; কান্দিয়া তিতায় মাটি সাধু হয়ে বেশে হয় চোর (ভাঃ)। তেতা। তিতা ··ধাতু.(তিত ধাতু আস্তে)। তিতানা॥

তিতই···ষ্য. (সং টিট্টিভ?)। কূলেচর-বর্গের পক্ষীবিশেষ (The lapwing. Sarcogrammus indicus)। ১৬।১৭ আঙ্গুল দীর্ঘ। চঞ্চু নাতিদীর্ঘ, পক্ষ দীর্ঘ, পদ দীর্ঘ, মাথা কৃষ্ণবর্ণ, পুচ্ছ শ্বেত; চক্ষুর সম্মুখে লাল চর্ম-থলী ও চক্ষুর পশ্চাৎ হইতে এক শাদা ডোরা পিঠ পর্যন্ত বিস্তৃত থাকে। মাঠে জলের ধারে জোড়া জোড়া বসে, ও টিট্-টুটিট্ ডাকে।

তিতা (গ্রাং তিঁতা)···ণ. (সং তিক্ত)। তিক্ত। আ-তিতা···ণ. ঈষৎ তিক্ত, অ-তিক্ত।··· তিত ধাতু দেখ।

তি-তি···ব্য. (তুং চিঁ-চিঁ, তু-তু)। পোষা পায়রা হাঁস প্রভৃতি ডাকিতে।

তিতি-বিরক্ত (গ্রাং)··ণ. (সং ত্যক্ত-বিরক্ত)। ত্যক্ত-বিরক্ত।

তিত্তির···ষ্য. (সং)। বিষ্কিরবর্গের ১৬।১৭ অঙ্গুলি দীর্ঘ পক্ষীবিশেষ (Partridge)। এক জাতি—গৌর-তিত্তির (Grey partridge. Francolinus pondicerianus) পাংশুবর্ণ, তাহাতে গৌরবর্ণ তিলচিহ্ন থাকে। লোকে পোষে, খায়। গ্রামের ধারের পাহাড়ে বনে থাকে। কাল তিত্তির (Black partridge. Francolinus vulgaris) পক্ষীর মাথার পার্শ্ব গলা বুক পেট কৃষ্ণবর্ণ। এই তিত্তির উত্তর-ভারতে দেখা যায়। পুং-তিত্তিরের পায়ে কাঁটা থাকে। আর এক জাতি (Arboricola torqueola) হিমালয়ে দেখা যায়। ইহার মাথা খয়রা, বুক পাংশুবর্ণ। তিত্তির পক্ষী তি-তি করিয়া ডাকে।

তিথি ··ষ্য. (সং)। চান্দ্র মাসের এক দিন। জন্ম-তিথি···যে তিথিতে জন্ম হইয়াছে। তিথি মানা—স্মৃতি শাস্ত্রানুসারে তিথিকৃত্য করা। তিথির গ্রাং নাম—পিতিপদ্ (সং প্রতিপৎ), দুতীয়া, (সং দ্বিতীয়া), তিতীয়া (সং তৃতীয়া), চতুথী (সং চতুর্থী), দোয়াদশী (সং দ্বাদশী), তিরোদশী (সং ত্রয়োদশী), পুন্নমী (সং পূর্ণিমা। ওং তেও পুন্নমী, কিন্তু গ্রাং নহে)।

তিন্ (গ্রাং)··ষ্য. (সং তৃণ)। তৃণ, প্রঃ—মাঠে তিন্ পর্যন্ত নাই।

তিন···ণ. (সং ত্রিণি। ওং তিনি; আসাং তিনি, তিন; হিং তীন; মং তীন। সং ত্রিণি হইতে তিনি, শেষের ই লোপে তিন। বাং উংতে প্রায়ই তীন)। ৩ সঙ্খ্যা,-সঙ্খ্যক। তিন-কড়ী···তিনটা কড়ি দিয়া কেনা সন্তান, মানুষের নামবিশেষ। তিন কথা···অশুভ কথা, গালি (তিন সঙ্খ্যা বিযোড়; বোধ হয় ইহা হইতে তিন সঙ্খ্যা অশুভ)। তিন কাল··বাল্য, যৌবন, প্রৌঢ়ত্ব। তিন কাল গিয়া এক কালে ঠেকা—বার্ধক্য অবশিষ্ট। তিন কুল···পিতা, মাতা, ও শ্বশুরের কুল। তিন কুলে কালি দেওয়া—

তিন কুলে দুর্নাম কলঙ্ক করা। তিন করা—অশুভ করা, প্রাঃ—ছেলের তিন করি···অশুভ, মৃত্যু কামনা করি (ভর্ৎসনার)। তিন দণ্ডী···(সং ত্রিদণ্ডী—সন্ন্যাসিবিশেষ)। বাংতে ব্রাহ্মণের তিনগুণ তিন পইতা।

তিনি···সর্বনাম. (সং তৎ। প্রাচীন বাং তিঁহ, তেহঁ—সং তৎ শব্দের বহুবচনে তে। বাংতে গৌরবে বহুবচন ও অনুনাসিক)। মান্য পুরুষ ও স্ত্রীনির্দেশে কর্তাকারকে। অন্য কারকের বিভক্তি বসিলে তাঁ, তাঁহা হয়। যেমন, তাঁ-কে তাঁহাকে, তাঁর তাঁহার ইত্যাদি।

তিনিশ···ষ্য. (সং। অন্য সং নাম স্যন্দন। ইহা হইতে ওং বন্ধন, হিং সন্দন)। শিম্বাদি-বর্গের আরণ্য তরুবিশেষ (Ougenia dalbergioides)। কাঠ শক্ত, ঈষৎ ইটবর্ণ, প্রায়ই বাঁকা। এই কাঠ দ্বারা রথের চাকা হয়। (এই হেতু সং নাম স্যন্দনো নেমী রথদ্রুঃ—অঃ)। বসন্তকালে পাতা ঝরিয়া পড়ে। বনে একত্রে অনেক জন্মে (এই হেতু সং নাম তিনিশ?)। বিহার, ওড়িশায়, মধ্যভারতে পাওয়া যায়।

তিপান্তর (গ্রাং)...ণ. (সং ত্রিপ্রান্তর)। বৃক্ষশূন্য তিনটা মাঠ যেখানে, প্রাঃ—বৃহৎ তিপান্তর মাঠ।

তিপ্পান্ন, তেপ্পান্ন···ষ্য ণ. (সং ত্রিপঞ্চাশৎ)। তিন অধিক পঞ্চাশ সংখ্যা,-সংখ্যক ; ৫৩।

তিমি···ষ্য. (সং)। (সংতে) মহাকায় মৎস্যবিশেষ (whale)।

তিয়র···ষ্য. (সং তীবর)। মৎস্যজীবী জাতি-বিশেষ; স্ত্রীং তিয়রনী। (২) (পুরীর জুলিয়া জাতির দেওয়া তেলুগু নাম)। সমুদ্রের বিজুলী মাছ (Narcine timlei)। গোলাকার দেহ, প্রায় এক হাত, পুচ্ছ দীর্ঘ। কাঁধের পাখনার কাছে বৈদ্যুতিক অঙ্গ আছে। এই হেতু এই মাছ ধরিতে গেলে হাতে বিক্ষোভ হয়, এবং সহজে কেহ ধরিতে চায় না।

তিয়াত্তর···ষ্য. ণ (সং ত্রিসপ্ততি)। তিন অধিক সত্তরি সংখ্যা,-সংখ্যক ; ৭৩।

তিয়ারী···ষ্য. (সং ত্রিপাঠী, ত্রিবেদী। হিং তিবারী। ওংতে তিআড়ী, ত্রিপাঠী—দুইই আছে)। তিন বেদ পড়িতে যোগ্য যে ব্রাহ্মণ। অধুনা, পশ্চিমা ব্রাহ্মণের উপাধি-বিশেষ। (তেওয়ারী দেখ)।

তিয়াষ···ষ্য. (সং তৃষা, স্বরবিপ্রকর্ষে তৃআষ—তিআষ—তিয়াষ)। তৃষা (পদ্যে)। (তির্ষা দেখ)।

তিরানব্বই, তিরানই...ষ্য. ণ. (সং ত্রিনবতি) তিন অধিক নব্বই সংখ্যা,-সংখ্যক ; ৯৩।

তিরাশি···ষ্য. ণ. (সং ত্র্যশীতি)। তিন অধিক আশি সংখ্যা,-সংখ্যক ; ৮৩।

তিরিশ (গ্রাং)···ত্রিশ দেখ।

তিরী (গ্রাং)···ষ্য. (সং স্ত্রী। তুং আসাং তিরী, তিরোত ; ওং তির্‌রী)। স্ত্রী, নারী (প্রাচীন পদে)।

তিরী···ষ্য. তিন ফোঁটাযুক্ত তাস। (তাস দেখ)।

তিরোদশী (গ্রাং)...ষ্য. (সং ত্রয়োদশী)। ত্রয়োদশী তিথি।

তির্পল···ষ্য. (ইং tarpaulin)। আলকাতরা-মাখানা পাল। *

তির্ষা···ষ্য (সং তৃষা। হিং তির্ষা)। তৃষা।

তিল·ষ্য. (সং। ওং নাম খসা—সং খস্ খস

—পোস্ত ; হিং তিল, মং তীল্ঠ ; উর্দূ জিঞ্জলি)। কৃষিজাত তৈলপ্রদ প্রসিদ্ধ বীজ। শ্বেত ও কৃষ্ণ-ভেদে তিল দুই প্রকার। কৃষ্ণতিল-তৈল প্রসিদ্ধ। তিলের চাষ দুই সময়ে হয়, ভাদ্রমাসে—ভাদই, মাঘমাসে—মাঘী। মাঘী তিল কৃষ্ণতিল। শ্বেত কৃষ্ণ ব্যতীত আর এক তিল—কাট তিল আছে। বোধ হয় কটা রঙ্গের বলিয়া কটা—কাট। কিংবা গ্রীষ্মকালে পাকে বলিয়া কাট-(কাঠ-) তিল। গাছ বর্ষায়ুঃ শাকবিশেষ (Sesamum indicum)। আয়ুর্বেদে তিলতৈলের (Gingelly or Sesame oil) প্রশংসা আছে এবং বহুকাল হইতে এ দেশে তিল ভোজ্য হইয়া আছে। তর্পণ শ্রাদ্ধাদিতে যব তিল লাগে। তিল কেঁচকা ··তিলের শুঁটী ঝাড়িয়া লইলে যে শুকনা গাছ থাকে। (এইরূপ, সরিষার কেঁচকা)। (২) তিলাকার চিহ্ন (সং তিল, তিলকালক), আচিল, প্রঃ—বাম নাসার উপরে আচিল। হৃদয়ে আছয়ে সাত তিল (কবিকঃ) ; (৩) অত্যল্প সময় (তাম্রীর ছিদ্রপথে ৩২ তোলা জল প্রবেশ করিলে এক পল সময় হয়। অসংখ্য তিলে এক তোলা হয় ; সুতরাং এক তিল সময় অত্যল্প সময়, প্রঃ—তিল তিল বাড়ি যায় (চণ্ডীঃ) ; (৪) তিলপ্রমাণ স্থান, অত্যল্প অংশ ; (৫) এক কড়ার আশি ভাগের এক ভাগ। তিলা, তিলিয়া ··ণ. (তিল+আ, তিল+ইয়া)। তিলযুক্ত, প্রঃ—তিলিয়া লাড়ু—(প্রায়ই শ্বেত) তিলযুক্ত লাড়ু ; তিল-চিহ্নযুক্ত, প্রঃ—তিলিয়া কোকিল। তিল-কাঞ্চন করা—কিঞ্চিৎ তিল ও স্বর্ণ দিয়া পিতৃমাতৃশ্রাদ্ধ করা। তিল তুলসী জল—লইয়া দান করিতে হয়, প্রঃ—এ তনু সঁপেছি তিল তুলসী-দল দিয়া (জ্ঞানদাস)। তিলকে তাল করা—নগণ্যকে গণ্য করা। তিলার্ধ...ণ. (তিল +অর্ধ)। তিলের আধ ; সূক্ষ্ম কাল, স্থান, অংশ। তিলেক ··ষ্য. (তিল+এক)। এক তিল সময়, প্রঃ—তিলেক বিলম্ব নাহি চল মোরে লয়ে (ভাঃ)। তিলা-ফুটকিয়া ··ণ. (তিলা ও ফুটকিয়া ; সহচর শব্দ)। তিলচিহ্ন ও ফুটকী-চিহ্নবিশিষ্ট। তিল-কুটা···ষ্য. (সং নাম তিলপিষ্টক)। কোটা তিল দিয়া রচিত তিলিয়া লাড়ু।

তিলক ··ষ্য. (সং)। ললাটাদিতে চন্দনাদির তিলাকার চিহ্ন (অন্য সং নাম তমালক, চিত্রক—ও' চিতা)। প্রঃ—হরিতাল তিলকে শোভিত হৈল ভাল (কবিকঃ)—বোধ হয় হরিতাল নহে, হরিতাল বর্ণের ; কারণ গোরোচনার তিলক প্রসিদ্ধ। স্নানের পর মৃত্তিকার, হোমের পর ঘৃতাক্ত ভস্মের, তিলক-ধারণ বিধেয়। স্নানের পর পূজার পূর্বে দেহের দ্বাদশ স্থানে তিলক করিতে হয় ; যথা,—ললাটে, কণ্ঠে, বাহুদ্বয়ে, বক্ষে, নাভিতে, পার্শ্বদ্বয়ে, কর্ণদ্বয়ে, মস্তকে, পৃষ্ঠে। স্নানের পর ব্রাহ্মণ ও বৈষ্ণবের ললাটে ঊর্ধ্ব-পুণ্ড্র—দুই ঊর্ধ্বরেখা ; ক্ষত্রিয়, শাক্ত ও শৈবের ত্রিপুণ্ড্র—তিন ঊর্ধ্বরেখা ; বৈশ্যের অর্ধচন্দ্র ; শূদ্রের বর্তুল তিলক, করা বিধি। তিলকমাটি...তিলক করিবার মৃত্তিকা, গঙ্গা-মৃত্তিকা, বৃন্দাবনের মৃত্তিকা, কিংবা অন্য চিক্কণ মৃত্তিকা। এই মৃত্তিকা মৃদ্বর্ণ কিংবা পীতবর্ণ। কদাচিৎ গৈরিকমৃত্তিকা। তিলকা

...তিলক (অলকা দেখ)। তিলক-কামোদ ...রাগরাগিণী দেখ।

তিলী... ষ্য. (সং তিলিন্ ?)। তিলবিক্রেতা; হিন্দু জাতিবিশেষ। স্ত্রীং—তিলিনী। (তেলী দেখ)।

তিষ্ঠ...ধাতু. (মূলে নামধাতু, সং তিষ্ঠ ক্রিয়াপদ হইতে)। তিষ্ঠি—থাকি, প্রঃ—তিষ্ঠিতে পারিলাম না। তিষ্ঠানা ॥ (এখানে নামধাতুর লক্ষণ)।

তিসী . ষ্য. (সং অতসী। ওং নাম ফেসি; হিং তীসী, অলসী; মং অলশী)। কৃষিজাত তৈলপ্রদ বীজবিশেষ (Linseed)। অন্য নাম মসীনা। শীতকালের ফশল। ফুল পঞ্চ-দল, আকাশনীলবর্ণ। তিসী গাছের (Linum usitatissimum) বল্কল হইতে পূর্বকালে ক্ষৌমবস্ত্র—খুঞা (linen) প্রস্তুত হইত। কিন্তু আশ্চর্য এই, অধুনা বীজের নিমিত্ত তিসীর চাষ হইতেছে, তিসী গাছের ছাল হইতে যে সূত্র (flax) হইতে পারে, তাহা কৃষকেরা জানে না। আরও আশ্চর্য, যে গাছে ভাল বীজ হয়, সে গাছের ছালে সূত্র ভাল হয় না। অতসীকুসুম-শ্যাম—অতসীপুষ্প নীলবর্ণ; কেহ কেহ শণ বৃক্ষ মনে করিয়া পীত-বর্ণ অর্থে অতসীপুষ্পবর্ণ লিখিয়াছেন। (অমর-টীকায় জালসূত্রোপযোগি শণ ইতি খ্যাতে)।

তিঁহ...সর্বনাম. (সংতে বহুবচন)। তিনি (প্রাচীন বাং)।

তিহাই...ষ্য. (সং তৃতীয়। হিং)। তৃতীয় অংশ; তৃতীয় ব্যক্তি বা মধ্যস্থ। (তাল শব্দে তেহাই দেখ)।

তীখড়, তোখড়...ণ. (সং তীক্ষ্ণ—ষ স্থানে খ, ণ স্থানে ড়)। তীক্ষ্ণ, তীক্ষ্ণবুদ্ধি।

তীত...ণ. (সং তিক্ত)। তিতা (চণ্ডীঃ)।

তীয়র...তিয়র দেখ।

তীর...ষ্য. (সং)। নদ্যাদির তট। তীরস্থ করা . মৃত্যু নিমিত্ত গঙ্গাতীরস্থ করা।

তীর...ষ্য. (ফাং)। বাণ, শর। তীর ছোড়া, চালা, মারা—তীর নিক্ষেপ। তীরন্দাজ...ষ্য. (ফাং)। শরনিক্ষেপক। তীর...শাঙ্গা হইতে চাল তুলিয়া ধরিয়া রাখিবার লম্বভাবে স্থাপিত কাঠ। তীরের উপরে পাড়ি স্থাপিত হয়। শাঙ্গার উপরে যে কাঠের আধারে তীর দাঁড়ায়, তাহাকে বইঠনা (বা, বৈঠনা) বলে।

তীর্থ...ষ্য. (সং)। পুণ্যক্ষেত্র। তীর্থ করা—তীর্থ দর্শন করা, তীর্থে কৃত্য করা।

তু ..তু তু দেখ।

তুই...সর্বনাম. (সং ত্বং। ওং হিং তু, মং তুঁ)। নীচ ব্যক্তির প্রতি; আদরে বাৎসল্যে দেবতা ও মনুষ্য প্রতি। বিভক্তি যোগ হইলে তুই স্থানে তো হয়। যথা,—তোকে, তোর। তুই-তো-কারি...ষ্য. তুই, তোর শব্দ প্রয়োগ (অসম্মানে)।

তুক...ষ্য. (সং তান্ত্রিক ?)। কুহক, উপায়, প্রঃ—তুক করা। তুক-তাক...(তাক উপচর শব্দ)। কৌশল, উপায়।

তুক্-তুক...ব্য. ধুক্-ধুক দেখ, প্রঃ—প্রাণ তুক্-তুক করে—হৃৎপিণ্ড ধুক্-ধুক করে। তক্-তক দেখ।

তুচ্ছ...ণ. (সং)। অসার, হীন। তুচ্ছ-তাচ্ছল্য ...(তুচ্ছ হইতে তাচ্ছল্য)। হেয় জ্ঞান। (তাচ্ছল্য, তাচ্ছিল্য দেখ)।

তুড়···ধাতু. (সং তুট ধাতু কলহ করণে, তুড ধাতু ভেদে, তুদ ধাতু পীড়নে)। তুড়ি—পীড়ন করি, হিংসা করি, ভাঙ্গি। তোড়, তোড়া, তুড়ন, তুড়ি ॥ তোড়া · ধাতু. (তুড় ধাতু আস্তে)। তোড়ানা ॥ নদীর তোড়···প্রবলবেগ; মুখের তোড়···শব্দবহির্গমন-বেগ, বাগ্মিতা (তোড় দেখ)।

তুড়্-তুড়ি··ষ্য. (অনুকার শব্দ। তু° থুৎকার)। ঠোঁটে ঠোঁটে লাগাইয়া তুড়্‌তুড় ধ্বনি। তুড়্-তুড়ি খেলা · ছেলেদের তুড়্-তুড়ি শব্দ করা। ছেলের মা বলেন, তুড়্-তুড়ি খেলিলে জ্বর হয়। কারণ ছেলের গায়ে থুতু পড়ে।

তুড়ি···ষ্য. (তুড় ধাতু ভেদ হইতে)। অঙ্গুলি-স্ফোট, দুই অঙ্গুলির পরস্পর ঘর্ষণে শব্দ। (তুড়ি দেওয়া)। তুড়ি মারিয়া চলিয়া গেল —অবজ্ঞায় অঙ্গুলিস্ফোট করিয়া।

তুড়ি-লাফ (গ্রা° থুড়ি লাফ)··ষ্য. (সং ত্বরা হইতে তুড়ি)। ত্বরিতে লম্ফ, প্রাঃ—ছেলে তুড়ি-লাফ খাইয়া উঠিতেছে—অকস্মাৎ লাফাইয়া উঠিতেছে।

তুড়ী···তোড়ী দেখ। রাগরাগিণী দেখ।

তুতিয়া, তুঁতিয়া··ষ্য. (সং তুত্থ,তুত্থক—তুতা, +ইয়া—স্বার্থে তুতিয়া, তুঁতিয়া গ্রা°)। তু° ও° তুতিআ, হিং তথা, মং মোর-চুত (সং ময়ূরতুত্থ)। তাম্রঘটিত নীলবর্ণ উপরস বিশেষ (Blue stone. Copper sulphate)।

তুতী···ষ্য. (ফা°। হিং)। শাখাশ্রয়ী বর্গের পক্ষীবিশেষ (The rose finch. Carpodacus erythrinus)। ছোট, ৭।৮ আঙ্গুল। মাথা গলা বুক গোলাপী, পিঠ খয়রা, বসন্তকালে রক্তবর্ণ হয়। শীতকালে এ দেশে আসে। লোকে পোষে। তুৎ-ফল খায় বলিয়া নাম তুতী।

তুৎ-বলাঙ্গা···ষ্য. (?)। বৃক্ষবিশেষের তোক-মারির মতন বীজ। এই বীজ সরু, লম্বা, কৃষ্ণবর্ণ; জলে ফেলিলে ফুলিয়া উঠে। (তোকবলাঙ্গা ?)।

তুঁৎ··তূৎ দেখ।

তুঁদ, তুন তূঁদ, তূন দেখ।

তুন্দুর···তন্দুর দেখ।

তুফান · ষ্য. (আং) আং-তে প্রবল ঝড়-বৃষ্টি। (এই অর্থে ও° হিং-তে)। বাং-তে ঝড়ে জাত জলের প্রবল তরঙ্গ। (সমুদ্রের তুফান, নদীর ঢেউ)।

তুবড়া ধাতু. (সং তুবর—কষায়—অঃ। কষায় রসে চর্ম সঙ্কোচ করে। ইহা হইতে তুবরানা—তুবড়ানা)। তুবড়াই—চর্মাদি কুঞ্চিত হই, প্রাঃ—বুড়া হইলে গাল তুবড়াইয়া যায়। তুবড়ানা ॥ (কখন কখন তুবড় ধাতু পদও শোনা যায়,যথা,—আম শুখাইয়া তুবড়িয়া গিয়াছে। এই তুবড় ধাতু হইতে তোবড়া)।

তুবড়ী··ষ্য. (সং তুম্ব—লাউ হইতে তুম্বরী। হিং তোঁবী, মং তুতারী। তু° তুম্বুরা, তাম্বুরা)। বাজিকরদিগের বাঁশীবিশেষ। এই বাঁশীর গোড়ায় লাউ-খোলার বায়ু-কোষ থাকে (বিশেষতঃ দক্ষিণ-ভারতের বাজিকরদিগের)।

তুবড়ী...ষ্য. (সং তুম্ব—লাউ হইতে ? তু° হিং তোমড়ী। তড়্-বড় করিয়া ফোটে বলিয়া তড়্-বড়ি—তুবড়ী ?)। অগ্নিবাণ-বিশেষ। তুম্ব—লাউ আকারের মাটির ভাঁড়ে বারুদ ও লোহার চুর থাকে। মুখে অগ্নি-

সংযোগে লোহার চুর স্ফুলিঙ্গ আকারে উৎক্ষিপ্ত হয়। (চাঁপা ফুলের সাদৃশ্যে ও° নাম চম্পা)।

তুম-তানা-নানা ··ষ্য. (অনুকার শব্দ)। গীত গাইবার সময় স্বরবিন্যাস।

তুমর ··ষ্য. (আ° তুমার)। দীর্ঘ হিসাব, মোট হিসাব (জমিঃ)।

তুমি ··সর্বনাম. (স° ত্বং। প্রাচীন বা° তুহ্মি। ও° তুম্ভে)। মান্য ব্যক্তির প্রতি কর্তা-কারকে। বিভক্তিযোগে তুমি স্থানে তোমা হয়; যথা,—তোমাকে, তোমার, তোমা দ্বারা।

তুমুল ··ষ্য. ণ. (স° তুমুল—রণসঙ্কুলে)। ব্যাকুল রব, বিশৃঙ্খল, বিষম, প্রঃ—তুমুল কাণ্ড, ব্যাপার।

তুম্ব ··ষ্য. (স°)। অলাবু; সেতারাদি যন্ত্রের লাউ।

তুম্বুরু ··ষ্য. (স°—ভাবপ্রকাশে। হি° নাম তেজবল)। নারাঙ্গাদি বর্গের ছোট কণ্টকী তরুবিশেষ (Zanthoxylum alatum)। কাঠ শাদা, ঘন। পাতা অভি-মুখী; পাতার বোঁটায় পাখা আছে। ফুল ছোট ছোট পীতবর্ণ। পুং-স্ত্রী বৃক্ষ পৃথক্। ফল পাকিলে ফাটিয়া যায়। বীজ উজ্জ্বল কৃষ্ণবর্ণ। ইহা নেপালী ধনিয়া নামে বাজারে বিক্রয় হয়। শূলঘ্ন বলিয়া ঔষধে লাগে। হিমালয়, দার্জিলিঙ্গ, খাসিয়া পাহাড়ের গাছ।

তুয়া, তুআ ··সর্বনাম. (স° তব—সম্বন্ধপদ হইতে)। তোমার, প্রঃ—তোমারে ছাড়িয়া যে সুখে আছিনু, নিবেদি যে তুয়া পায় (চণ্ডীঃ)।

তুরক, তুরুক ··ষ্য. (স° তুরুষ্ক হইতে)। তুরুষ্ক দেশের লোক, তুর্কী। তুরক-শওয়ার, তুরুক-শওয়ার ··তুর্কী অশ্বারোহী সৈন্য। (চৈঃ চঃতে তুড়ুক)। তুরকী···ণ. তুরুষ্ক-দেশজাত (লোক, ভাষা)।

তুরপন ··ষ্য. (ফা° তুরফান। তু° ফরাসী turbine)। সূত্রধরের ভ্রমর যন্ত্র।

তুরিতে (গ্রা°) ব্য. (স° ত্বরিত)। শীঘ্র।

তুরী ষ্য. (স° তূর্য। হি° তুরহী)। তু-তু কিংবা পেঁ-পেঁ ধ্বনিকারী শিঙ্গাবিশেষ (bugle)। পিতলের দীর্ঘ নলের এক মুখে ধুতুরা থাকে, অন্য মুখে ফুঁকিতে হয়।

তুরপা···ধাতু (তুরপন হইতে ?)। তুরপাই —সোজা সেলাই করি। তুরপানা॥ (বোধ হয় ধাতুটি তুরপ। তু° হি° তুরপনা)।

তুরষ্ক, তুরুষ্ক···ষ্য. (স° তুরুষ্ক)। তুর্কী দেশ; আনীলহরিত মণিবিশেষ (ফরাসী turquois—turkish)।

তুরুক...ষ্য. (তুর্ক)। তুর্কী সেনা। (চৈঃ চঃ-তে তুড়ুক)। তুরুক-শওয়ার···অশ্বা-রোহী সেনা।

তুরুপ···ষ্য. (পর্তু° trunfo। ই° trump)। তাস খেলা দেখ।

তুরুম··ষ্য. (?)। কাঠের আধার যাহার ছিদ্রে দোষীর পা কিংবা পা-হাত প্রবেশ করাইয়া রাখিয়া শাস্তি দেওয়া হইত (ই° stocks)।

তুর্কী...ষ্য. (তুর্কী)। তুরষ্কদেশজাত, সে দেশের লোক, ভাষা, ঘোড়া।

তুর্মলী, তুর্মলীন ষ্য. (ই° tourmaline। সিংহলী নাম। স° ত্রিবল্লী আধুনিক নাম)। সিংহলের মণিবিশেষ।

তুল··ধাতু. (সং উৎ-তুল ধাতু উত্তোলনে)। তুলি—উত্তোলন, উদ্‌গীরণ, উৎপাদন, নিষ্পাদন, সংগ্রহ, রক্ষণ করি, প্রঃ—মুখ তুলিয়া চায় না, দুধ তুলিয়া ফেলিয়াছে—বমন, ধান হইতে দশ টাকা তুলিয়াছে—উৎপাদন, জমি তুলিয়া দেওয়া—অন্যের জমিতে কৃষি নিষ্পাদন, কাপড় তুলিয়া রাখা—রক্ষণ। তোলা ॥ তোলা কাপড়··যে কাপড় যত্নে তুলিয়া রাখা হয়, কদাচিৎ পরা হয়। হাটের তোলা···পণ্য দ্রব্য যাহা তুলিয়া লইতে পারা যায়। গা তোল-তোল করা—বমি বমি করা। তোলা-পাড়া, তোল-পাড়...ষ্য. উত্তোলন ও পাতন, ব্যাকুলতা, বিহ্বলতা। তোলা·ধাতু. (তুল ধাতু আস্তে)। তোলানা ॥ তোলানা·· বমন। তোলানি·· (তোলা+পানি)। বমিত পানি ও অন্যান্য দ্রব্য। (তুল ধাতুর বমন অর্থ অধিক প্রচলিত নাই, সে অর্থে তোলা ধাতু (সং উৎ-তোলিত) অধিক শুনিতে পাওয়া যায়; প্রঃ—দুধ তোলাইতেছে)।

তুল (গ্রাং)··ষ্য. (সং তুমুল)। তুমুল, বিবাদসঙ্কুল, প্রঃ—তুল বাধিয়াছে—তুমুল ব্যাপার ঘটিয়াছে।

তুল···তুল দেখ।

তুল-কালাম·ষ্য. (আং তূলকলাম—দীর্ঘ বাক্যবিন্যাস)। দীর্ঘ সমালোচনা, বিবাদ।

তুল-তুফান...ষ্য. তুমুল তুফান, তুলকালাম।

তুল্‌-তুল··ব্য. (সং তুল ধাতু বহির্গমনে, নিঃসারণে)। যাহা অন্তর্গত, তাহার বহির্গমনে, প্রঃ—ভয়ে প্রাণ তুল্‌-তুল করে—যাই-যাই করে। (২) (সং তূল হইতে)। তুলাসাদৃশ্যে, তুলাতুল্য কোমলতায়, প্রঃ—ছেলের গা এত নরম যে, তুল্‌-তুল করিতেছে। তুল্‌-তুলা, তুলতুলিয়া··ণ. যাহা তুল্‌-তুল করে। তল্‌-তল দেখ।

তুলসী···ষ্য. (সং)। প্রসিদ্ধ ক্ষুপ; পত্র দিয়া বিষ্ণুপূজা হয়। এ কারণ প্রায়ই বিষ্ণুমন্দিরের নিকটে গাছ (Ocimum sanctum) রোপিত হইয়া থাকে। এই গাছের গোড়া মোটা হয়, এবং কুঁদিয়া তুলসীর মালা করা হয়। ফুলের বোঁটা যত লম্বা, ছদ (বাহিরের আহরিত আবরণ) তত লম্বা। (ওং নাম লণ্ডা বগুলি)। কৃষ্ণ-তুলসী··ষ্য. (সং)। তুলসীর জাতিবিশেষ। ফুল আরক্ত, ডাঁটা কৃষ্ণরক্ত, পাতা সুগন্ধ। বাবই তুলসী··ষ্য. (সং বর্বর, বাবর। অন্য সং নাম অজগন্ধিকা। ওং নাম দুলভা—বোধ হয় ভুলে সং দুরালভা হইতে)। ফুল শাদা, ডাঁটা সবুজ, গাছ সুগন্ধ (Ocimum basilicum)। কোথাও কোথাও গুলাল তুলসী বলে। রামতুলসী··ষ্য. তুলসীসদৃশ ক্ষুপবিশেষ (Ocimum gratissimum)। উদ্যানে রোপিত হয়, কারণ গাছ অতি সুগন্ধ। ফুল শাদা আপীত। ঠাকুরকে তুলসী দেওয়া—মঙ্গলকামনায় শ্রীহরির চরণে অর্পণ। তুলসী মারা—গোল আলু, বেগুন প্রভৃতি কৃষিজাত গাছের রোগবিশেষ। গাছের পাতা বিকৃত হইয়া তুলসীপাতার মতন ছোট হয়। রোগের কারণ এক জাতি সূক্ষ্ম উদ্ভিদ।

তুলা···ষ্য. (সং)। তুল বা উন্মানদণ্ড; শতপল পরিমাণ (সংতে প্রয়োগ); তুলা-

রাশি; স্তম্ভোপরিস্থিত কাষ্ঠ বা তোড়া। তুলা দান ··দানকর্তার দেহের ভারের সমান স্বর্ণ-রৌপ্য-ধান্যাদি দান। তুলা করা—তুলাদান করা। তুলা-কোটি ··ষ্য. (সং)। নূপুর, প্রঃ—কবিকঃ।

তুলা ··ষ্য. (সং তূল)। কার্পাসাদি। কাপাস তুলা ··কার্পাস। শিমুল তুলা ··শিমুল ফলের অন্তর্গত তুলা। এইরূপ, আকন্দ-তুলা। (সং তূল্ শব্দের বিকারে তুলা। তূল্ শব্দও চলিত আছে)। তুলা-ধোনা করা—কাপাস তুলাকে যেমন ধনুক দিয়া ধুনিয়া বিপর্যস্ত করা হয়, তেমন করা। তুলা-ফুড়কী···ষ্য. (সং নাম তুন্নবায়)। পক্ষীবিশেষ। গাছের পাতা ফুড়িয়া সেলাই করে বলিয়া নাম। টুন্‌টুনী দেখ।

তুলারু ··ষ্য. (বাং নাম, কিন্তু অধুনা অপ্রচলঃ)। বন্য চতুষ্পদবিশেষ (শশক ? কান তোলা থাকে বলিয়া ?), প্রঃ—বায়ু ভর করি ধায় তুলারু ঘোড়ারু (কবিকঃ)।

তুলি···ষ্য. তূলি দেখ।

তুল্যমূল্য···ণ. (সং)। সমান মূল্যবান্, প্রঃ—স্তুতিনিন্দা মৃত্তিকা মাণিক্য তুল্যমূল্য (ভাঃ)।

তুষ ··ধাতু. (সং তুষ ধাতু)। তুষি—তুষ্ট করি, প্রঃ—এত তুষিয়াও মন পাইলাম না। তোষা॥ তোষা...ধাতু. (তুষ ধাতু আস্তে)। তোষানা॥

তুষ, তুঁষ ··ষ্য. (সং তুষ)। ধানের ত্বক্। তুষাটি ··ষ্য. (তুষ+মাটি)। তুষমিশ্রিত মৃত্তিকা লেপকর্ম। খড়টির পরে ও পাটটির পূর্বে প্রতিমায় তুষাটি কর্ম করা হয়। তুষানল...ষ্য. (সং)। তুষের অগ্নি, যাহা অল্পে অল্পে পুড়িতে থাকে। তুষ-তুষলি ··ষ্য. বালিকাদের ব্রতবিশেষ। পৌষ মাসে কৃত্য। নূতনধানের তুষ ও গোবর দূর্বা দিয়া ডেলা করা হয়। পরে সরিষা ফুল দিয়া পূজা হয়। স্বামীর ধনধান্য-কামনায় ব্রত।

তুস্‌কা (উং তুষ্‌কো)...ষ্য. (? সং তুচ্ছ হইতে ? হিং তুছ—তুচ্ছ হইতে ? তেসরা হইতে ?)। ইহা নয়, উহা নয়, এমন কাজ, প্রঃ—এত তুস্‌কা করিতে পারি না; তুস্‌কা হবে—কিছুই হবে না (কারণ ইহা উহা না হইলে আর কি হবে)।

তুহুঁ···সর্বনাম. (সং ত্বং হি)। তুমি-ই (প্রাচীন পদে)।

তুহ্মি ··সর্বনাম. তুমি দেখ। (প্রাচীন বাং)।

তু, তু-তু···বা. কুকুরকে ডাকিবার শব্দ। (কুকুর-ছানা ডাকিতে কুর্‌-কুর্। বাং তু, তু-তু; ওং ছুঃ ছিঃ; হিং তো তো; মং ছু-ছু—কুকুর তাড়াইবার শব্দ। হিং তো, মং ছু—কুকুর লেলাইবার শব্দেও)।

তুৎ, তুঁৎ ··ষ্য. (সং তূদ, নূদ। নূদঃ—অশ্বত্থাকারে ব্রহ্মদারুণি—অঃ-টী। কিন্তু তুৎ গাছ অশ্বত্থাকার ? তুৎ গাছের পাতা অশ্বত্থ-পত্রাকার। তূদ—ভাবপ্রকাশে। আং তুৎ)। কৃষিজাত ক্ষীরী ক্ষুপ বা ক্ষুদ্র তরুবিশেষ (Morus indica)। পাতা একোত্তর। ইহার পাতা তুৎ পোকা বা রেশম পোকার খাদ্য। পাকা ফল (mulberry) অম্লমধুর, মানুষের খাদ্য। শীতকালে ফল পাকে। তুৎ-পোকা ··যে পতঙ্গ তুৎপাতা খাইয়া বাঁচে, পাট-পোকা।

তুন, তুঁদ...ষ্য. (সং তুন্ন। হিং তুন; ওং নাম মহালিম্বু—মহানিম্ব। অন্য সং নাম নন্দীবৃক্ষ—নন্দি আনন্দকর বলিয়া। কিন্তু,

অন্ত সং নাম কুবেরক—কুৎসিতদেহত্বাৎ —অঃ টঃ। এক বৃক্ষের এমন দুই বিপরীত নাম হইয়াছে? তুন গাছ দেখিতে কুৎসিত নহে)। নিম্বাদিবর্গের উচ্চ তরুবিশেষ (Cedrela toona)। কাঠ (Indian mahogany) লঘু কোমল লাল, পাকা মেহগনি কাঠের মতন, কিন্তু আঁশ মোটা। ফুল শাদা শাদা, ছোট। বীজ চেপটা, বীজের দুই দিকে ডেনা আছে।

তুল…ষ্য. (সং তুলা)। তৌল করিবার এক-পাল্লা যন্ত্র, প্রঃ—পরাণরতন পিরীতি পরশ, ঝুকিনু হৃদয়-তুলে (চণ্ডীঃ)। তুল-ডাঁটী… তুলের দণ্ড, প্রঃ—তুলডাঁটী পারা দুটী হস্ত দেখ মোর (রামেশ্বরের শিবায়ন)।

তুল, তুলা…ষ্য. (সং তূল, তূলক)। কাপাস শিমুল প্রভৃতি ফলের রোআ (সং রোম। তুং হিং রুঈ—বাং কাপাস)। তুলট…ণ. (তুল+ট নির্মিত অর্থে)। তুল দ্বারা নির্মিত কাগজ। পূর্বকালে তুলর কাগজ করিয়া হরিতাল ও তেতুল বীজের কাই লেপিয়া পরে গিলা দ্বারা চিক্কণ করা হইত। তূলি… ষ্য. (সং)। চিত্রসাধনী। হয় ত প্রথমে তুলর বর্তিকা ছিল, এখন ছাগাদি পশু-লোমে তুলি নির্মিত হইয়া থাকে। তূলী… ষ্য. (সং)। তুলময়ী শয্যা, তোষক, প্রঃ—কবিকঃ, চৈঃ চঃ। তূলি, তুলি ষ্য. (সং তূলি—আকাশ হইতে)। চাঁদোয়া, প্রঃ—নেতপাট সিংহাসন উপরেতে তুলি (কৃত্তিঃ); ঝুগলিয়া তুলি (কৃত্তিঃ লং)—হোগ‌লার ঝাঁপ।

তে…ণ. (সং তৎ)। সে, প্রঃ—তে কারণে —সে কারণে।

তে…ণ. (সং ত্রি)। তিন,—এই অর্থে অন্য শব্দের পূর্বে বসে, যথা, তে-কোণা.. ত্রিকোণ, তে-ঘর…তিন ঘর, তেইশ…তিন +বিশ, ইত্যাদি।

তেঅড়া ·ণ. (সং তির্যক্—তির্ঝা—তিজরা —তেঅড়া। তেরচা দেখ)। তির্যক বক্রীভূত।…ধাতু. তেঅড়াই—বাঁকি, প্রঃ—কাঁচা কাঠের পাটা রোদে তেঅড়াইয়া যায়। তেঅড়ানা॥

তেউড়…ষ্য. (সং ত্রিপুট—শর হইতে?)। কলা, বাঁশ, আখ প্রভৃতি গাছের পাশের শাখা হইতে জাত চারা, অন্য নাম পুঁকী (ওং ওধি, উধি)।

তেউড়ি…তিউড়ী দেখ।

তেঁই, তেঞি · ব্য. (সং তৎশব্দের তৃতীয়া তেন সংপ্রাঃ তেহিঁ)। তে কারণে, সে হেতু, প্রঃ—আছি তেঁই তরুতলে বসে (রামপ্রসাদ)। (অপ্রচলঃ। অধুনা, তাই)।

তেইশ…ষ্য. ণ (সং ত্রয়োবিংশতি)। তিন অধিক বিশ সঙ্খ্যা,-সঙ্খ্যক; ২৩। তেইশা, তেইশে…ষ্য. (তেইশ+আ,+ইয়া)। তেইশ দিনে কৃত্য, তেইশ দিনের দিন।

তেওয়ারী…ষ্য. (সং ত্রিবেদী। হিং তিবারী)। ব্রাহ্মণের উপাধিবিশেষ।

তে-কাঁটা মনসা, তে-শিরা মনসা…ষ্য. (সং ত্রিকণ্ট। অন্য সং নাম বজ্রী, বজ্রদ্রুম। মনসাতে কোথাও কোথাও সিজ বলে, বজ্রদ্রুমকে বাজবারণ বলে। বাস্তবিক, বজ্রবৎ দৃঢ় কাঁটা আছে বলিয়া বজ্রদ্রুম। সামান্য লোকে মনে করে, এই গাছের গুণে বাজ পড়ে না। গাছের অঙ্গপ্রত্যঙ্গাদিতে বিশেষ দেখিলে সামান্য লোকে সে গাছের

বিশেষ গুণ অনুমান করে। তু° বাঘ-নখা গাছের বীজ বাঘের নখের মতন,অতএব তাহা সাপে কাটার ঔষধ। ঈষুর, ঈশের মূলের গাছের ফুল বিচিত্র, অতএব তাহা সাপে কাটার ঔষধ, ইত্যাদি)। সুহি-আদি বর্গের ক্ষীরী বৃক্ষবিশেষ (Euphorbia antiquorum)। প্রায়ই বেড়াতে জন্মে, ১২।১৩ হাত উচা হয়। তিন সারি কাঁটা, তিনটা শিরা আছে বলিয়া বা° নাম। পাতা ছোট ছোট, অত্যল্প; তাহাও খসিয়া পড়ে। সুতরাং পাতাহীন দেখায়।

তে-কাঠা···ষ্য. (স° ত্রিকাষ্ঠক)। তিনটা কাঠে নির্মিত আধার; তে-পায়া।

তে-কোণা...ণ. (স° ত্রিকোণ)। তিনকোণ-বিশিষ্ট।

তেখন (গ্রা°) ··ব্য. (স° তৎক্ষণ)। তেক্ষণ, তখন।

তে-চল্লিশ ··ষ্য. ণ. (স° ত্রয়শ্চত্বারিংশৎ, ত্রিচত্বারিংশৎ)। তিন অধিক চল্লিশ সঙ্খ্যা, -সঙ্খ্যক; ৪৩। (অনুরূপ, তেতাল্লিশ)।

তে-চোখো ··ষ্য. (তে+চোখ+উয়া)। ক্ষুদ্র মৎস্যবিশেষ, তিন চারি আঙ্গুল। যেন ক্ষুদ্র খরশুলা। পিঠে পাখনা নাই, পুচ্ছের নিকট উপরে নীচে পাখনা। মুখ বিস্তৃত। লেজ সোজা, ফিঙ্গার মতন নয়। কপালে একটা শাদা মুক্তা-চিহ্ন থাকাতে লোকে চোক বলিয়া ভুল করে।

তেজ...ষ্য. (স° তেজঃ; ফা° তেজ—তীক্ষ্ণ)। তাপ, প্রতাপ, দীপ্তি, তীক্ষ্ণতা। বাজার তেজ··দুর্মূল্যতা। তেজী···ণ. (বা° তেজ+ঈ)। তেজস্বী। তেজাল ··ণ. তেজ+আল)। তেজস্কর। তেজি-মন্দি ··ষ্য. দামের হ্রাসবৃদ্ধি। তেজিয়ান ··ণ. (তেজ-বান)।~তেজস্বী, প্রঃ—তেজিয়ান পুরুষের ত্রিগুণ প্রকাশ (মাঃ)।

তেজ··ধাতু. (স° ত্যজ ধাতু)। তেজি—ত্যাগ করি। তেজা॥ (পদ্যে)।

তেজ···ণ. (স° তৃতীয়। হি° তীয়া, তীজা)। তৃতীয়, প্রঃ—তেজবর—যে বর তৃতীয় বার বিবাহ করিতেছে, তেজপক্ষে বিবাহ—তৃতীয় বারে। (দোজ দেখ)।

তেজপাতা, তেজপাত···ষ্য. (স° তেজপত্র, ত্বকৃপত্র। স° ত্বক্ হইতে তেজ আসিয়া থাকিবে। কিন্তু স° ত্বকৃপত্র,ত্বচ—দারুচিনী গাছের নাম। এই দুই গাছ পৃথক্, কিন্তু দারুচিনী গাছের পাতাও তেজপাতা হয়)। পূর্বহিমালয় ও খাসিয়া ত্রিপুরা প্রভৃতি পূর্ব-ভারতের নাতিদীর্ঘ চিরশ্যামল তরু-বিশেষ (Cinnamomum tamala. The cassia cinnamon)। পাতা সুগন্ধ বলিয়া রন্ধনে লাগে।

তেজারৎ···তিজারৎ দেখ।

তে-ঠেঙ্গিয়া, তে-ঠেঙ্গো···ণ. তিন ঠেং—পা—বিশিষ্ট।

তেড়া ··ণ. (স° তির্যক্)। বাঁকা। তেড়া-বাঁকা ··ণ. (সহচর শব্দ)। বাঁকা।

তেড়ী···টেরি দেখ।

তে-তলা···ণ. (স° ত্রিতল)। তিন তলবিশিষ্ট, প্রঃ—তে-তলা বাড়ী। ষ্য. তৃতীয় তল।

তেতা (গ্রা°)···ষ্য. (স° ত্রেতা)। ত্রেতাযুগ।

তেতাল্লিশ···ষ্য. ণ. (স° ত্রিচত্বারিংশৎ)। তিন অধিক চল্লিশ সঙ্খ্যা,-সঙ্খ্যক; ৪৩। তে-চল্লিশ (চ স্থানে ত হইয়া তেতাল্লিশ; তু° চল্লিশ—চাল্লিশ)।

তে-তাস···ষ্য. তিন তাস লইয়া খেলাবিশেষ।

তেঁতুল...ষ্য. (সং তিন্তিড়ী ; ওং তেন্তুল্লি ; ড হইতে লকারে আসিয়াছে। অন্য সং নাম চিঞ্চা হইতে তেলুগু চিন্তা—চ স্থানে ত। হিং ইম্‌লি—সং অম্লিকা। সং তিম ধাতু ক্লেদনে। পাকা তেঁতুলে ক্লেদ থাকে বলিয়া নাম)। প্রসিদ্ধ অম্লফল। ভারতবর্ষের সর্বত্র তেঁতুল গাছ (Tamarindus indica) আছে। বসন্তকালে নূতন পাতা হয়, কিন্তু গাছ হইতে পুরাতন পাতা একবারে ঝরিয়া পড়ে না। কৃষ্ণচূড়াদিবর্গের গাছ। কিন্তু পুষ্পদল তিনটা, পুং-কেশর তিনটা। লোকে তেঁতুলগাছের তলে শোয় না, কারণ তেঁতুল-পাতা হইতে অম্লবাষ্প উদ্‌গীর্ণ হয়। তেঁতুল-কাঠ কঠিন বলিয়া আথমারা গুঁড়ী করিতে, ঘনা-গাছ করিতে লাগে। জ্বালানি করিতে তেঁতুল-কাঠ শ্রেষ্ঠ। (বাবলা, পলাশ প্রভৃতি এইরূপ)। বাঘা তেঁতুল··এত টক যে, গন্ধে বাঘা পলায়। দৃষ্টান্তে, যেমন বুনো ওল তেমন বাঘা তেঁতুল—বন্য ওল সুসিদ্ধ হইলেও খাইবার সময় গলা কুট্‌-কুট করে। তখন অতি-অম্ল তেঁতুল খাইলে কুট্‌কুটানির কিছু নিবৃত্তি হয় ; লক্ষণায়, শঠের সহিত শাঠ্য।

তেত্রিশ··ষ্য. ণ. (সং ত্রয়স্ত্রিংশৎ)। তিন অধিক ত্রিশ সঙ্খ্যা,-সঙ্খ্যাক ; ৩৩।

তেঁদ··ষ্য. (সং তিন্দুক)। কেন্দু দেখ।

তেঁদড়...ণ. (উং তেঁদড়—তান-দড় ? টান দড় ?)। যে উপদেশ মানে না, দুর্বৃত্ত।

তেন···ব্য. (তেমন)। তেমন, প্রঃ—যেন রঘু রাজা তেন পালে প্রজা (কবিকঃ) ; ণ. প্রঃ—যেন রূপ তেন গুণ উত্তম বেভার (কবিকঃ)। যেন-তেন করিয়া কাজ করা—যেমন তেমন। (যেন দেখ)।

তেনা··টেনা দেখ।

তে-পায়া···ষ্য. (সং ত্রিপদী, ত্রিপদ। ত্রি স্থানে তে—ফাংতে সে হইয়া সে-পায়া)। তিন পদবিশিষ্ট আধার।

তেপ্পান্ন··তিপ্পান্ন দেখ।

তে-বাচক···ণ. (সং ত্রি-ৰাচক)। তিনবার 'সত্য' শব্দ বলিয়াছে যে। তুং তে-সত্য করা।

তেমত··ব্য. (তেমন দেখ)। সে মতন, তেমন।

তেমন·ব্য. (সং তৎ+বাং বন্ত—মন্ত তুল্যার্থে সং ৰৎ। অর্থাৎ সং তদ্‌ৰৎ। তৎ স্থানে তে হইয়া ওং ও প্রাচীন বাং তেমন্ত, তে স্থানে সে হইয়া ওং সেমন্ত। হিং মং তৈসা—সং তৎসদৃশ। সং তথা, সং প্রাং তিম, কিন্তু তিম হইতে তেমন্ত, তেমত আসিতে পারে না। তেমন্ত—ন লোপে তেমত, ত লোপে তেমন)। তদ্‌-বৎ, সেই মতন। তেমনই···সে মতনই। তেমনি··কোন কাজের নহে, অকর্মণ্য, প্রঃ—তেমনি তেমনি গান। তেমন··ব্য. (সং তস্মিন্‌ কালে)। সে সময়ে, প্রঃ—যেমন শুনিলাম,তেমন আসিলাম। (প্রায়ই, তেমনি)।

তে-মাথা...ণ. (সং ত্রিমস্তক)। তিন পথ একত্র মিলিয়াছে যেখানে, তেরাস্তা।

তে-মুহানি, তে-মুয়ানি···ষ্য. (ত্রি+মুখ+পানি)। যেখানে নদীর তিন মুখ মিলিয়াছে। তে-মোহানা···তিন নদীর সঙ্গমস্থল

তেয়াই···ষ্য. (? সং তীর হইতে ?) নদীতে মাছ ধরিবার নিমিত্ত তাহাতে পোতা উচা কাঠ। এই কাঠে বসিয়া জালিয়ারা মাছ ধরে।

তেয়াগ···ষ্য. (সং ত্যাগ)। ত্যাগ।···ধাতু. তেয়াগি—ত্যাগ করি, প্রঃ—ব্যাসের হইল ক্রোধ, তেয়াগিয়া উপরোধ, গঙ্গারে কহেন কটুভাষে (ভাঃ)। (পদ্যে)।

তেয়াৎ···ষ্য. (আং এহ্‌তেয়াৎ)। সতর্কতা, প্রঃ—তেয়াৎ করে না—পশ্চাৎ দেখে না।

তের···ষ্য. ণ. (সং ত্রয়োদশ। বাস্তবিক শব্দটি তেরহ। শেষে হ ছিল বলিয়া উং তের্ না হইয়া তের)। তিন অধিক দশ সঙ্খ্যা, -সঙ্খ্যক ; ১৩। তেরই, তেরই···ষ্য. মাসের ত্রয়োদশ দিবস।

তেরচা, তেড়চা ··ণ. (সং তিরশ্চীন, তির্যচ্। ও তের্‌ছা)। বক্র, বক্রগামী, প্রঃ—তেরছে পড়িল আলি মাথা কাটি গেল (চৈঃ চঃ)।

তেরস্পর্শ (গ্রাং)···ষ্য. (সং ত্র্যহস্পর্শ)। এক দিনে তিন তিথির যোগ।

তে-রাত্ত (গ্রাং)···ষ্য. (সং ত্রিরাত্র)। তিন অহোরাত্র উপবাস, প্রঃ—তেরাত্ত করা।

তেরিজ···ষ্য. (?)। বিবরণপত্র ; গণিতে যোগ করণ। (বেরিজ—বিয়োগ করণ)।

তেরি-মেরি···ষ্য. (হিং তেরা—তেরী, মেরা—মেরী)। তোর-মোর বলা, ক্রোধে হিন্দী বাৎ বলা।

তেঁরিয়া ··ণ. (হিং তেরি-মেরি+ইয়া—তেরি-মেরিয়া—তেঁরিয়া)। উগ্রস্বভাব।

তেরেস্তা ··ষ্য. (পর্তুং trinta)। প্রমরা খেলার শব্দবিশেষ।

তেল···ষ্য. (সং তৈল। সংপ্রাং তেল্ল, ওং তেল, হিংমং তেল। গ্রাং ওং নাম মালপা। মালপোয়া দেখ)। তৈল। ফুলেল তেল··· (ফুল+তেল=ফুলেল)। পুষ্প-সুবাসিত তৈল। তেল মাখা—সং তৈলম্রক্ষণ (মাখ ধাতু দেখ)। আভাং করিয়া মাখা—সং অভ্যঙ্গ—তৈল মর্দন করিয়া। তেলা···ণ. (তেল+আ)। তৈলবিশিষ্ট, তৈললিপ্ত। তেল-তেলা, তেল-তেলিয়া·· ণ. তৈললিপ্ত, চিক্কণ। তেলা-তেলা...ণ. যেন তৈললিপ্ত। তেল-চক্-চকিয়া...ণ. তৈললেপ হেতু চিক্কণ (চক্-চক দেখ)। তেল-চিকটা··· চিকটা দেখ। তেলে জলে মিশ খায় না—মেশে না। তেলা মাথায় তেল দেওয়া—ধনীকে ধনদান, রুক্ষ মাথায় দিলে হিত হইতে পারে। তেল-তামাক করা—তেল মাখিয়া তামুক খাওয়া, প্রঃ—তেল-তামাকে পিত্তনাশ, যদি হয় বার মাস। তেলে বেগুনে জ্বলিয়া উঠা—তপ্ত তৈলে বেগুন ভাজিবার সময় বেগুনের যে অবস্থা হয়, সেই রূপ অবস্থা হওয়া, ক্রোধে দগ্ধ হওয়া। পায়ে তেল দেওয়া—তৈল দিয়া পদসংবাহন করা, অতিশয় আনুগত্য করা। নাকে তেল দিয়া ঘুমানা—স্বচ্ছন্দে নিদ্রা যাওয়া, নিশ্চিন্ত থাকা। (নাকে তেল দিলে নিঃশ্বাসের ব্যাঘাত হয় না, নিদ্রা ভাঙ্গে না)।

তেলা-কুঁচা...ষ্য. (সং নাম তুণ্ডীকেরী, বিম্বী। ওং পুং-গাছের নাম গোরুখিআ—গোরু খায় যাহা ; স্ত্রীং গাছের নাম কাইঞ্চি কাঁকুড়ি—কাইঞ্চি বাং কুঁচ-বীজের তুল্য—পাকা ফল লাল বলিয়া, কাঁকুড়ি কাঁকুড় বা শসার মতম ফল বলিয়া। বাং তেলা—

চিক্কণ, কুঁচা—কুঁচবর্ণ; তেলাকুঁচা—চিক্কণ গুঞ্জাবর্ণ ফল যার। সং বিম্ব—শোভা—আছে বলিয়া বিম্বী। সং তুণ্ডকেরী-শব্দের তুণ্ড হইতে তেলা মনে আসিয়া থাকিবে। তুণ্ড—মুখ—ওষ্ঠের সহিত উপমা দেওয়া হয় যার—অঃ টীঃ)। কুষ্মাণ্ডাদি বর্গের বন্য প্রতানীবিশেষ (Cephalandra indica)। পুং স্ত্রী গাছ পৃথক্ পৃথক্। ফুল শাদা; ফল স্থূল পটোলের মতন, পাকিলে কুঁচবর্ণ হয়। এই হেতু ওষ্ঠের উপমা।

তেলানা···ষ্য. (তে-রে-না)। তে-রে-না ইত্যাদি কতকগুলি নিরর্থক শব্দ। রাগ ও তালযোগে এই শব্দ গাওয়া হয় (গীত-সূত্রসারে)।

তেলানিয়া, তেলান্যে···ণ. (তল+পানি+ইয়া ? তলে মাত্র পানি যাতে—তলপানিয়া—তলানিয়া—তেলানিয়া)। চেটকা, অগভীর, প্রঃ—তেঃ পুকুর, তেঃ বাটী; ক্রমনিম্ন পাড় যে পুকুরের।

তেলা-পকা, তেলা-পোকা···ষ্য. (সং তৈল-পক। অপভ্রংশে পোকা)। তৈলপায়িকা। (আরসলা দেখ)।

তেলিনী-পোকা···ষ্য. দক্ষিণ-ভারতের উগ্রগন্ধ উগ্রবীর্য পতঙ্গবিশেষ (Mylabis coleoptera)। কাজে বিদেশীয় canthadari তুল্য।

তেলী···ষ্য. (সং তৈলিক)। হিন্দু জাতি-বিশেষ। স্ত্রীং তেলিনী। তেলীমালী, তেলী-তাম্‌লী···(সহচর শব্দ)। হিন্দুজাতিবিশেষ (প্রায় সমান শ্রেণী বলিয়া সহচর শব্দ)। (তেলী—তৈলকার, তিলী—তিলকার)।

তেলেঙ্গা...ষ্য. (সং ত্রৈলিঙ্গ, ত্রৈলঙ্গ। ত্রিলিঙ্গ—ত্রিকলিঙ্গ হইতে)। ওড়িশার দক্ষিণস্থিত প্রদেশবিশেষের ভাষা, লোক। বর্তমান শুদ্ধ নাম তেলুগু।

তেলো···ষ্য. (সং তাল+বাং উয়া—স্বার্থে =তালুয়া—তেলো। তুং আখুয়া—এখো)। করতল। (২) (সং তালু+উয়া স্বার্থে)। তালু।

তেলো···ষ্য. (তেল+উয়া)। মাছের তালুতে জাত স্নেহপদার্থ বা তেল।

তেষট্টি···ষ্য. ণ. (সং ত্রিষষ্টি)। তিন অধিক ষাটি সঙ্খ্যা,-সঙ্খ্যক; ৬৩।

তেষ্টা (গ্রাং)...ষ্য. (সং তৃষ্ণা)। তৃষ্ণা, প্রঃ—খিদা তেষ্টা। (তেষ্টা শব্দ যেমন গ্রাং, খিদা শব্দও তেমন)।

তে-সনী...ণ. (তে+সন+ঈ)। তিন বৎসরের নিমিত্ত।

তেসরা···ষ্য. ণ. (সং ত্রিশররী ? ব্যাকরণ দেখ। ওং হিং মং তিসরা)। তৃতীয় দিবস; তৃতীয়, প্রঃ—তেসরা লোককে জিজ্ঞাসিবে।

তেহ ··সর্বনাম. (সং তৎ শব্দের বহুবচনে তে+হ। তুং সেহ)। সে (প্রাচীন বাং)।

তেঁহ···সর্বনাম. (তেহ দেখ)। মান্যে তিনি (প্রাচীন বাং)।

তেহাই ··তিহাই দেখ। তাল শব্দ দেখ।

তে হরা···ণ. (হরা দেখ। তিন গুণ।

তৈছনে···ব্য. (তে-ক্ষণে। তুং যৈছনে)। তেক্ষণে, তখন (প্রাচীন পদে)।

তৈছে··ব্য. (হিং তৈসা—সং তৎসদৃশ)। তাদৃশ, প্রঃ—চৈঃ চঃ, প্রাচীন বাং।

তৈজসপাত্র, তৈজসপত্র...ষ্য. (সং তৈজস-পাত্র)। ধাতুপাত্রাদি। (পত্র দেখ)।

তৈয়ার···ণ. (ফাং তইআর)। নির্মিত, সম্পূর্ণ

উপস্থাপিত। (প্রা° তোয়ের)। তৈয়ারি··· ষ্য. নির্মাণ। (প্রা° তোয়েরি)। তয়ার দেখ।

তৈলঙ্গ···তেলেঙ্গা দেখ।

তৈসা···ণ. (হি°। স° তাদৃশ)। তাদৃশ (প্রাচীন বা°)।

তো, ত ··ব্য. (স° তদা, স° প্রা° তো। হি° তো, ও° ত)। তদা, তবে, প্রঃ—যদি বল, তো করি। (২) (স° তু°)। পাদ-পূরণে, বাক্য-উপন্যাসে, প্রঃ—তাই তো, তাই ত, কি হবে ?

তো (প্রা°) ··তয় দেখ।

তোক···ষ্য. (আ°)। শৃঙ্খল, প্রঃ—শূং পুঃ, চৈঃ চঃ, কবিকঃ; লুঠি নিল নারী গাড়ী দিল বেড়ী তোক (ভাঃ)—পায়ে বেড়ী শিকল। (অপ্রচলঃ)। (২) পরিবর্তন দ্বারা বিভাগ, একের পরিবর্তে অন্য, প্রঃ—বিষয়-সম্পত্তি তোক ভাগ করিয়া লওয়া।

তোকমারি···ষ্য. (হি° নাম)। তুলস্যাদি বর্গের ক্ষুদ্র ক্ষুপবিশেষের (Lallemantia roybana) বীজ। এই বীজ গরম জলে ফুলিয়া উঠে।

তোটক···ষ্য. (স° ত্রোটক)। কবিতাছন্দ-বিশেষ।

তোটা···টোটা দেখ।

তোড় ··ষ্য. (স° তূর্ণি—বেগ ? স° তুড় ধাতু তোড়ন হইতে ?)। বেগ, প্রঃ—তোড়ে বৃষ্টি হইল; তোড়ের তরঙ্গে তরী তারা হেন ছোটে (মাঃ); প্রায়ই, শব্দ-সহ জল-তরঙ্গের বেগ।

তোড়ং···ষ্য. ণ (ই° trunk)। দীর্ঘ পেড়া-বিশেষ, প্রায়ই ধাতুপত্রের।

তোড়-জোড় ··ষ্য. (তুড় জুড় ধাতু দেখ)। যাহা দ্বারা তোড়া—ভাঙ্গা, এবং জোড়া যায়; আবশ্যক উপকরণ।

তোড়া ··ষ্য. (স° তুলা—গৃহাণাং দারুবন্ধায়—মেঃ। হি° টোড়া)। কাঁথ হইতে বহির্গত ছোট ছোট কাঠ বা বাঁশ (তোড়া খুঁটী-স্থানীয় হইয়া পাইড় ধরিয়া রাখে); দ্বারের মাথার কাঠ বা বাঁশ; যে কাঠ বা বাঁশ দিয়া ভারী দ্রব্য চাগাইয়া সরাইতে পারা যায়।

তোড়া···ষ্য. (স° তূণ। হি° তোড়া)। টাকা-পয়সা রাখিবার বড় থলী।

তোড়া···ষ্য. (আ° তুর্‌রাহ্)। পুষ্পগুচ্ছ। তোরা দেখ।

তোড়ানি···ষ্য. (ও° তোরানি। তোলা+পানি)। আমানি, প্রঃ—কবিকঃ।

তোড়ী ··রাগরাগিণী দেখ।

তোতোলা, তোতলা···ণ. (তো-তো+লা; স° রার=লা। ও° শব্দ—খনা)। তো-তো করিয়া কথা কহে যে, স্খলিত-বাক্।··· ধাতু. তোতোলাই, তোতলাই—তো-তো রব করিয়া কথা কহি। তোতোলানা, তোতলানা॥

তোতা···ষ্য. (উর্দু)। শুকপক্ষী (টিয়া দেখ)। প্রঃ—ময়না শালিক টিয়া তোতা কাকাতুয়া (ভাঃ) (—টিয়া আবার তোতা ? ভারতে এমন ভুল আরও আছে। সেজারু দেখ)।

তোপ···ষ্য. (তুর্কী)। কামান। তোপ-খানা···যেখানে কামান থাকে। তোপ দাগা—কামানের বারুদ দাহ করা, বারুদে আগুন দেওয়া।

তোপচিনী ··ষ্য. (তোপচিনি—ভাবপ্রকাশে; অন্য নাম দ্বীপান্তর বচ)। বিদেশীয় (পারস্য দেশীয় ?) বচ-বিশেষ।

তোফা···ণ. (আ° তোহ্ফাহ্)। অপূর্ব,উৎকৃষ্ট।

তোবা···ব্য. (আ° তওবা)। হা!, হা ঈশ্বর! (মুসলমানী ভাষা)।

তোমর···ষ্য. (স°)। যুদ্ধে নিক্ষেপ-যোগ্য শাবল।

তোয়াক্কা···ষ্য. (আ° তরাক্কো)। আশা,ভরসা।

তোয়াজ···ষ্য. (আ° তরাজ্জো)। মন আকর্ষণ, উপদেশ।

তোয়ালে, তোয়ালিয়া···ষ্য. (পর্তু° toalha; ই° towel)। হাত-মুখ মুছিবার মোটা রুমাল, গামছা।

তোরা···ষ্য. (ফা° তোরাহ্)। উষ্ণীষের ভূষণসরূপ পক্ষ, পুষ্পগুচ্ছ, প্রঃ—ভাঃ।

তোল-তোল···তুল ধাতু দেখ।

তোল-পাড়···তুল ধাতু দেখ।

তোলা ··ষ্য. (তুল ধাতু দেখ)। হাটের বেপারীর নিকট হইতে যাহা বিনামূল্যে তুলিয়া লওয়া হয়, প্রঃ—পরম্পরা আছে মোর মণ্ডলিয়া তোলা (কবিকঃ)। তোলা তোলা—তোলা সংগ্রহ করা।

তোলা ··ষ্য. (স° তোলক)। ওজন দেখ।

তোলো ··ষ্য. (স° তুলা—ভাণ্ড+উয়া=তুলুয়া—তোলুয়া—তোলো। হি° তৌলা)। ভাত-রাঁধা বড় হাঁড়ী (কলিকাতায়)। (হিজ্জেল, তাই হাঁড়ী দেখ)।

তোষক···ষ্য. (ফা°)। কার্পাস তুলার শয্যা, পাতন। (কৃত্তিঃ, কবিকঃ—তুলি—স° তূলিকা, তূলবতী। সে সময়ে তোষক শব্দ চলে নাই কি ?)

তোষাখানা···ষ্য. (ফা°)। বহুমূল্য দ্রব্যাদির ভাণ্ডার।

তোষামোদ···ষ্য. (স° তোষ—হর্ষ, আমোদ—হর্ষ)। মন যোগানা, খোসামোদ। (বোধ হয় খোসামোদ শব্দসাদৃশ্যে তোষামোদ শব্দের নূতন উৎপত্তি)।

তোসদান···ষ্য. (উর্দু। কার্তুস-দান—তোসদান)। বন্দুকের কার্তুস রাখিবার বাক্স।

তোঁহার···সর্বনাম. (প্রাচীন বা° তুহ্মর। ও° তুম্ভর)। তোমার (প্রাচীন পদে)।

তৌজি ··ষ্য. (আ° তৌজী)। রাজস্ব-তালিকা।

তৌল···ধাতু. (স° তৌল হইতে তৌলা ধাতু হইত)। তৌলি—তুলা দ্বারা উন্মান করি, প্রঃ—মাছ তৌলিয়া চলিয়া গেল। তৌলা ॥ তৌলা···ধাতু. (স° তৌলিত হইতে)। তৌলাই—তুলিত করি। তৌলানা ॥

ত্যক্ত-বিরক্ত ··ণ. (স°। সহচর শব্দ)। বিরক্ত। (গ্রা° তিতি-বিরক্ত)।

ত্যজ ··ধাতু. (স° ত্যজ ধাতু)। ত্যজি—ত্যাগ করি। ত্যজা ॥ (পদ্যে)

ত্রাহি···ক্রিয়া. (স° ত্রৈ ধাতু লোট হি)। ত্রাণ কর, বাঁচাও। ত্রাহি ত্রাহি ডাক ছাড়া—রক্ষা কর রক্ষা কর রবে চীৎকার করা।

ত্রিকটু···ষ্য. (স°)। শুঁঠ মরিচ পিপুল—এই তিন কটু।

ত্রিজগৎ···ষ্য. (স°)। স্বর্গ মর্ত পাতাল এই তিন জগৎ, ভূমণ্ডল (অত্যুক্তিদোষে)।

ত্রিপণ্ড···ণ. (স°)। তিন বেদে জ্ঞান আছে যার, তীক্ষ্ণ-বুদ্ধি, প্রঃ—বালকটী অতিশয়

ত্রিপণ্ড, মা সরস্বতীকে একেবারে জলপান করিয়া বসিল (টেকচাঁদ)। (অপ্রচলঃ)।

ত্রিপদী···ষ্য. (সং)। তিন পদবিশিষ্ট কবিতা।

ত্রিপ্রান্তর···ণ. (সং)। তিনটা বিস্তীর্ণ প্রান্তর আছে যার, প্রঃ—ত্রিপ্রান্তর মাঠ।

ত্রিফলা ··ষ্য. (সং)। আমলকী, হরীতকী, বয়ড়া (সমপরিমাণে)।

ত্রিভুবন ··ষ্য. (সং)। (অত্যুক্তিতে) ভূমণ্ডল, প্রঃ—ত্রিভুবনে কোথাও দেখা যায় না, ভূমণ্ডলের কোথাও।

ত্রিশ...ষ্য. ণ. (সং ত্রিংশৎ)। তিন দশ সঙ্খ্যা,-সঙ্খ্যক ; ৩০। ত্রিশা, ত্রিশে···ণ. মাসের ত্রিশ দিবসে।

ত্রিশূল ··ষ্য. (সং)। তিনটা লৌহ-শূল একত্র বদ্ধ থাকে যে প্রহরণে ; ত্রিশূলাকার চিহ্ন (†)।

ত্রিসীমানা ··ষ্য. (সং ত্রি+বাং সীমানা)। তিন সীমা, সীমা, প্রঃ—ত্রিসীমানা মাড়ায় না।

ত্বর ··ষ্য. (সং ত্বরা। ওং ত্বর—অবসর)। ত্বরা : (বাংতে বিপরীত অর্থ) ধৈর্য, অবসর, প্রঃ—একটু ত্বর নাই, এত তাড়া-তাড়ি কেন। ত্বরা ··ষ্য. (সং)। বিলম্ব-অসহিষ্ণুতা, বেগ। ত্বরাত্বরি ··ব্য. সত্বর।

থ।

থ ··ষ্য. (সং)। ব্যঞ্জন-বর্ণ-,-অক্ষর-বিশেষ।

থ ··ণ. (সং থ—পর্বত—মেঃ। তুং থকারে পাথর তুমি—ভাঃ)। অচল, নিশ্চেষ্ট, প্রঃ—শুনিয়া থ হইয়া বসিল। (২) (সং স্থিতি)। স্থিতি, বিধি, প্রঃ—কাজের থ নাই।

থই ··ষ্য. (সং স্থল। তুং হিং থাহ)। তল, প্রঃ—নদীতে বাঁশে থই পাওয়া যায় না।

থইথই···ব্য. (সং বিস্তৃতি ?)। জলের বিস্তৃতিতে, প্রঃ—মাঠে জল থই-থই করে।

থউকা, থাউকা ··ষ্য. (তুং হিং থক্কা—রাশি ; সং স্তবক। থোকা দেখ)। মাপ-জোখ না করিয়া রাশি, প্রঃ—থউকা দরে মাছ কেনা।

থক্-থক···ব্য. (সং স্তবক। কিংবা সং স্তক ধাতু প্রতিঘাতে। হিং থক্কা—পিণ্ডীকৃত)। রাশির আকারে, পিণ্ডের আকারে, প্রঃ—থক্-থকা গয়ার—যেন স্তবকে স্তবকে।

থকিত ··ণ. (সং স্থগিত) স্থির, নিবর্তিত প্রঃ—কালা নাম শুনিয়া থকিত হয় চিত (জ্ঞানদাস)।

থটারী ··ষ্য. (ঠাটারী দেখ। ওং থঠারী)। কাংস্যকার।

থত-মত ··ব্য. (থ-মতন ? থ দেখ)। ভয়ে শোকে মুগ্ধ বা নির্বাক্‌ভাবে। (থত মত খাওয়া)।

থপ, থপ্-থপ···ব্য. (সং স্থাপন হইতে)। স্থান-ব্যাপনে, প্রঃ—থপ করিয়া বসিয়া পড়া, থপ্-থপ করিয়া চলা—বৃহৎ পদতল স্থাপন করিয়া, হাতী থপ্-থপ করিয়া চলে। থপ্-থপা, থপ্-থপিয়া···ণ. থপ্-থপ ভাব-বিশিষ্ট।

থমকা...ধাতু. (সং স্তম্ভীকৃত হইতে। থাম ধাতু দেখ)। থমকাই—স্তম্ভিত হই, হঠাৎ স্থির হই, প্রঃ—যাইতে যাইতে থমকাইলে যে ? জল থমকাইয়াছে, আর তোড় নাই। থমকা॥ (ঠমক দেখ)।

থম্-থম...ব্য. (সং স্তম্ভ ধাতু)। স্তম্ভিতভাবে,

প্রঃ—দীঘির জল থম্‌-থম করে। থম্‌-থমা। প্রঃ—বানের জল থম্‌-থমা খাইয়াছে।

থর...ষ্য. (সং স্তর)। স্তর, প্রঃ—পবাল মুকুতা থরে থর (শূং পুঃ), থরে থরে সাজানা। থর-কাটা...ণ. স্তরে স্তরে বিন্যস্ত, সজ্জিত। থরে বিথরে···থরে থরে।

থর্‌-থর ··ব্য. (সং স্থবির)। স্থবিরভাবে, বৃদ্ধের কম্পনে, প্রঃ—হীরা থর-থর কাঁপিছে ডরে (ভাঃ), এখনও কাঁপে হিয়া মম থর-থরি (মেঘনাদবধঃ)। থর্‌-থরানি ॥

থর-হর...ব্য. (থর্‌-থর দেখ। থ স্থানে হ)। থর্‌-থর কম্পনে, প্রঃ—ডরএ জম কাঁপএ থর-হর (শূংপুঃ)। থর্‌-হরি··ণ. (থর্‌-থর+ঈ)। থর্‌-থরবিশিষ্ট, প্রঃ—থর্‌-হরি কম্প। (থর-হরী হইবার কথা)।

থল ··ষ্য. (সং স্থল)। স্থল, প্রঃ—জলে পরিপূর্ণ, থল মাত্র নাই। থলপদ্ম···স্থলপদ্ম দেখ।

থল্‌-থল···ব্য. (সং শিথিল ? সং স্থল হইতে)। যেন পৃথক্‌ পৃথক্‌ স্থল—অংশ—বুঝিতে পারা যায়, প্রঃ—মেদল দেহ থল্‌-থল করে, শিথিল পেশীও করে। থল্‌-থলা, থল্‌-থলিয়া···ণ. থল্‌-থল ভাববিশিষ্ট (থস্‌ থস দেখ)।

থলিয়া, থল্যে···ষ্য. (থলী+ইয়া। তুং হিং থৈলা, মং থৈলা থৈলী)। বড় থলী, গুণ।

থলী··ষ্য. (সং স্থলী, স্থালী)। টাকা-কড়ী রাখিবার সূত্রনির্মিত পাত্র। (সং নাম স্যূত)।

থলুয়া, থল্যে···ণ. (স্থল+উয়া)। স্থলবিশিষ্ট, প্রঃ—থলুয়া হুকা—যে হুকাতে অধিক স্থল ধরে, কিংবা যাহা রাখিতে অধিক স্থল আবশ্যক হয়।

থস্‌-থস···ব্য. (সং স্থা ধাতু)। স্তবক-স্তবকে, প্রঃ—বালি-মেশা কাদা থস্‌-থস করে—আঁট নাই। থস্‌-থসা, থস্‌-থসিয়া...ণ. শিথিল, অসংহত, প্রঃ—থস্‌-থসা শরীর।

থাক ··ধাতু. (সং স্থা ধাতু+ক। তুং হিং থা, ওং থিলা=বাং ছিল। থাক ধাতু অসম্পূর্ণ। বর্তমান কাল ব্যতীত অন্য কালে হয় না)। থাকি—স্থিতি করি, বিদ্যমান হই। থাকা॥

থাকা ··ধাতু. (থাক ধাতু আস্তে)। থাকানা॥ প্রঃ—আমি থাকাইব—থাকাব (কদাচিৎ অন্য কালে)। থাক...ষ্য. স্থিতি, প্রঃ—বন্যা থাক খাইয়াছে, আর বৃদ্ধি নাই। থাক-দম...ষ্য. স্থিতি, প্রঃ—থাকদম খাওয়া, বৃদ্ধি না হওয়া।

থাক ··ষ্য. (সং স্তবক)। শ্রেণী, প্রঃ—থাকে থাকে জিনিস, থাক-ছাড়া ; ব্রাহ্মণের শ্রেণীবিশেষ, মেলী ও অমেলে কুলক্রিয়া হইলে থাক ঘটে ; আধার, কাঁথের ভিতরে কিংবা বাহিরে দ্রব্যাদি রাখিবার আধার। (তুং তাক)।

থাকবস্তা...ষ্য. (হিং থাক—সীমাসূচক পাকা থাম)। জমির সীমা-জরিপ (cadastral survey)।

থান ··ষ্য. (সং স্থান)। স্থান, প্রঃ—থান-ছাড়া হওয়া ; দেবতার থান (গ্রাং)।

থান ··ষ্য. (সং তন্ত্র—টানা হইতে)। তাঁতের এক টানায় যত লম্বা বস্ত্র হয়। (থান ছোট হইতে পারে)। থান-ফাড়া···ণ. একটা থান হইতে ফাড়া বা চেরা, প্রঃ—থা[ন] ধুতি। থান··ষ্য. রত্ন ও স্বর্ণালঙ্কারের সংখ্যা প্রঃ—পাঁচ থান গহনা।

থান...ষ্য. (সং স্থাণু)। খুঁটী, প্রঃ—হাজা

হাজার দেখে থানে বান্ধা বাজী (ভাঃ)—বাজী—ঘোড়া। (অপ্রচলঃ)।

থানকুঁড়ি, থানকুনি···থালকুঁড়ি দেখ।

থানা ··ষ্য. (সং স্থান)। রাজকর্মচারীর উপবেশনস্থান, প্রঃ—জম রাজার বসিবার থানা (শূং পুঃ); কোটালের স্থান, অবরোধ নিমিত্ত সৈন্যসমাবেশ, প্রঃ—দুয়ার জুড়িয়া দেয় থানা (কবিকঃ), থানা দিয়া পূর্ব্বদ্বারে বসিয়াছে (থানা দেওয়া); ডাকাইতের নির্জ্জন স্থান, প্রঃ—থানা করা, পাতা—ডাকাতির পূর্বে যে নির্জ্জন স্থানে ডাকাইত একত্র হয়; গাছের বীজ বুনিবার স্থান, প্রঃ—থানা করিয়া লাউ-বীজ রোআ। থানাদার...ফাঁড়িদার। পুলিশ-থানা ··যে থানায় পুলিশ থাকে।

থাপ, থাপা ··ষ্য (সং স্থাপ)। করতল, করতলচিহ্ন (ধান ঝাড়িয়া রাশি করিয়া হাতের চিহ্ন দেওয়া হয়, উদ্দেশ্য, ধান চুরি গেলে জানা পড়িবে (হিং থাপা)। থাপী...ষ্য. কুম্ভকার যে ছোট পাটা বা পিটনা দ্বারা কাঁচা হাঁড়ী পিটে। থাপন (গ্রাং)···ষ্য. স্থাপন।

থাপড়, থাবড়··ষ্য. (সং স্থাপনা। সং স্থাপ—বাং থাবা; থাবা+ড়)। থাবা, বিস্তৃত করতল, প্রঃ—মুখে তার থাবড় মারিল গোটা কুড়ি (মাঃ)।

থাপ্পড়···ষ্য. (হিং। থাপড় দেখ)। চপেটাঘাত।

থাবড় ··ধাতু. (সং স্থাপিত, স্থাবর হইতে থাবড়া ধাতু হইবার কথা। থাবড়, থাবড়া—দুই-রূপই আছে)। থাবড়ি—স্থাপন করি, প্রঃ—পাছা থাবড়িয়া বসিল। থাবড়া॥

থাবড়া···ধাতু. (সং স্থাপিত হইতে)। থাবড়াই—স্থাপিত করি, প্রঃ—মুখ থাবড়াইয়া পড়িয়া গেল। থাবড়ানা॥ থাবড়ি খাওয়া—বিস্তারিত হওয়া, প্রঃ—থাবড়ি খেয়ে বসা।

থাবড়া ··ণ. (সং স্থপুট)। উচানীচা বিস্তৃত, প্রঃ—এক থাবড়া গোবর (বাং থাবড় ধাতু হইতে ?))।

থাবর (গ্রাং) ··ষ্য. (সং স্থাবর)। স্থাবর, প্রঃ—থাবর অস্থাবর সম্পত্তি। (অস্থাবর —অথাবর নহে)।

থাবা ··ষ্য. (সং স্থাপনা)। বিড়াল, ব্যাঘ্র ইত্যাদি পশুর পদতল, সম্মুখ পদতল (করতল); মানুষের বিস্তৃত করতল, প্রঃ—এক থাবা ভাত।

থাম ··ধাতু. (সং স্তম্ভ ধাতু। হিং ও থাম, মং থাম্ব ধাতু)। থামি—গতিরোধ করি, রোধ করি। থামা॥ চলিতে চলিতে থামা—চলন রোধ, গোল করিতে করিতে থামা—শব্দ রোধ। থামা·· ধাতু. (থাম ধাতু আস্তে)। থামানা॥ থাম ··ষ্য. (ওং খম্বা, হিং খম্ভা, মং থাম্ব। সং স্কম্ভ—স্তম্ভ হইতে থাম্ব, খম্বা)। পাকা গাঁথনির স্তম্ভ (সং স্তম্ভ ধাতু দৃঢ়ীকরণ—যাহাতে পতন রোধ করে—তাহা থাম। এই অর্থে কোথাও কোথাও খুঁটী বুঝায়)।

থারী···ষ্য. (সং স্থালী)। থালী (নবদ্বীপ-পরিক্রমা)।

থাল, থালা···ষ্য. (সং স্থাল)। বিস্তৃতমুখ কাংস্যাদি-নির্মিত অগভীর পাত্র। থালার আকার অনুসারে নাম,—কাঞ্চন-থালা···কানা উচা নহে, পরন্তু অল্প উচা হইয়া বাহির দিকে গড়াইয়া পড়া; বগী থালা···

কানা অল্প উঁচা, কিন্তু সোজা; বেলী থালা···কানা উচা। এইরূপ, মিহি থালা, বালেশ্বরী থালা, ইত্যাদি। থালী···ষ্য. (থালা+ঈ)। ছোট থালা।

থালকুঁড়ি, থানকুনি···ষ্য. (সং নাম মণ্ডূকপর্ণী। ওং থলকুঁড়ি)। ধন্যাদি বর্গের ছোট বন্য শাকবিশেষ (Hydrocotyle asiatica), কিন্তু ধন্যা, মউরি প্রভৃতি গাছের সঙ্গে সাদৃশ্য অল্প। ভিজা স্থানে জন্মে। পাতা ভেক-পৃষ্ঠের তুল্য (এই হেতু সং নাম মণ্ডূকপর্ণী), কিংবা ৫-অঙ্কের তুল্য। ফুল শাদা। (সং নাম মাণ্ডূকী হইতে কুঁড়ি; কিন্তু, থাল ? পাতা থালার আকার বলিয়া ? উত্তর ও মধ্যবঙ্গে আর এক জাতি (H. rotundifolia) আছে। ইহার পাতা গোল হইয়া পানের মতন। ইহা হইতেও ঠিক থালের আকৃতি আসে না)।

থাস...ধাতু. (ঠাস ধাতু দেখ)। থাসি—মর্দিত করি, প্রঃ—ময়দা থাসিয়া রুটী বেলা। থাসা॥ থাসা··ধাতু. (থাস ধাতু আস্তে)। থাসানা॥

থিত্···ণ. (সং স্থিত)। স্থিত, প্রঃ—থিত হইয়া বসা—বাড়ীঘর করিয়া গুছাইয়া বাস করা। থিতা···ধাতু. থিতাই—স্থিত হই, প্রঃ—জলের কাদা থিতাইয়াছে। থিতানা॥ (থিত ধাতু হইতে থিতনা শব্দও আছে। এই হেতু আস্ত থেতা ধাতু আছে। থিতা ধাতুর গ্রাং থিনা ধাতু)।

থিয়েটর···ষ্য. (ইং theatre)। নাট্যশালা (গ্রাং থেটর)। থিয়েটরী···ণ. থিয়েটর-সম্বন্ধীয়, থিয়েটরের যোগ্য।

থির ··ণ. (সং স্থির। ওংতেও থির গ্রাং নহে)। স্থির, প্রঃ—ভণয়ে বিদ্যাপতি, শুনহ যুবতি, চিত থির নাহি হোয় (বিদ্যাপতি)। থির্ বাঁধা—মনঃ স্থির করা, প্রঃ—ভুজের ভঙ্গিমা দেখি কেবা থির বাঁধে (নবদ্বীপ-পরিক্রমা)। থির্-থির···ব্যং স্থির ভাবে, প্রঃ—বোলে থির্-থির (পূং. পুঃ)—স্থিরে স্থিরে—ধীরেধীরে বলে।

থু··ধাতু (সং স্থাপি ধাতু। বোধ হয় প্রথমে থা পরে থু ধাতু আসিয়াছে)। থুই—স্থাপিত করি, রাখি, প্রঃ—বিচারিয়া রুদ্র নাম থুইল প্রজাপতি (কবিকঃ)। থোআ, থোওয়া॥ (প্রায় দেড় শত বৎসরের মধ্যে দক্ষিণরাঢ় হইতে ধাতুটি উঠিয়া গিয়াছে। কিন্তু, দেওয়া-থোওয়া শব্দে এখনও থু ধাতু আছে। অন্য স্থানে রাখ ধাতুর প্রয়োগ হয়)।

থুঃ··ব্য. (সং থূ থূ)। নিষ্ঠীবন ত্যাগশব্দে, ঘৃণাপ্রকাশে। থুঃ, ছিঃ··ব্য. ঘৃণায়, অবজ্ঞায়। থু থু··ষ্য. (সং)। নিষ্ঠীবন (থু-থু ফেলা, উঠা)। থু-থু করা—নিন্দা করা। থুঅ্ ষ্য. থুথুর আকারের সূক্ষ্ম উদ্ভিদ। (প্রায়ই, থো দেখ)। থুথু-পোকা ··ষ্য. গাছের উৎকুণবিশেষের এক দশা থুথুর মতন শাদা ফেনিল পদার্থের মধ্যে থাকে।

থুড়··ধাতু. (সং থুর্ব ধাতু হনন, থূর্ণ)। থুড়ি—ছোট ছোট খণ্ডে কাটি, প্রঃ—মাংস থুড়িয়া। থোঁড়া॥ থোড়া···ধাতু. (থুড় ধাতু আস্তে)। থোড়ানা॥

থুড়ি··ব্য. (সং থূর্ণ—বিনষ্ট হইতে ? সং ত্রুটি দোষ হইতে ? তুং হিং থুড়ী—ত্রুটি, অপমান)। এক কথা কহিতে কহিতে অন্য

কথা ভ্রমে কহিলে, যেমন শ্রীবিষ্ণু, রাম ইত্যাদি বলা হয়, তেমন থুড়ি। থুড়ি—যেন সব গেল; কিংবা ত্রুটি—দোষ হইল।

থুড়ি-লাফ ··ষ্য. (তুড়ি দেখ)। তোড়ে—বেগে লাফ; প্রঃ—থুলি লাফে পেরাতাম খাজুরের খানা (মাঃ)—(থুড়ি—থুলি গ্রা°)—খাজুরের খানা থুড়িলাফ খাইয়া পার হইতাম; ছেলে থুড়ি-লাফ খায়—হঠাৎ লাফাইয়া উঠে।

থুৎকড়ি, থুৎকুড়ি···ষ্য. (স° থুৎকার)। থুথু, প্রঃ—এ কি থুৎকুড়ি দিয়া ছাতু গোলা (টেকচাঁদ)।

থুতনি·· ষ্য. (থুতি দেখ)। গবাদি পশুর অধরোষ্ঠ।

থুতি···ষ্য. (স° ত্রোটি হইতে। ও° থোড়)। অধরোষ্ঠ, চিবুক, প্রঃ—ভুমে ঠেকে থুতি হাঁটু কাণ ঢেকে যায় (ভাঃ)।

থুতু···ষ্য. (থুথু দেখ)। মুখের রস বা লালা।

থুপ্-থুপ ··থপ্-থপ দেখ।

থুপ···ধাতু. (স° ধুপ ধাতু দীপ্তিতে। ধুপ ধাতু হইতে ধোপা। বোধ হয় স° স্তূপ মিশিয়াছে)। থুপি—কাপড় স্তূপ করিয়া কাচি। থোপা॥ থুপা, থোপা···ধাতু. (থুপ ধাতু আস্তে)। থোপানা॥

থুপি···ষ্য. (স° স্তূপ হইতে)। লেখার কালী শুকাইবার নিমিত্ত পাঁশের থলী; স্থূল তুলি।

থুপী...ণ. (থোবা+ঈ)। থোবার আকার-বিশিষ্ট, প্রঃ—থুপী বেগুন—যে বেগুন থোবা থোবা ধরে।

থুবড়া···ণ. (স° স্থবির)। স্থূল-দেহ বালক।

থুবড়ী···ণ. স্থূলদেহ অবিবাহিতা কন্যা। (তু° স° পৃথুকা)।

থুবড়া···ধাতু. থাবড়া দেখ।

থুর্-থুর···থর্-থর দেখ। থুর্-থুরা, থুর্-থুরিয়া ···ণ. এত জীর্ণ-শীর্ণ যে দাঁড়াইলে থুর্-থুর করিয়া কাঁপিতে থাকে, প্রঃ—থুর্‌থুরা বুড়ী।

থূল···ণ. (স° স্থূল)। স্থূল। (ও°তেও থূল গ্রা° নহে)।

থেই-থেই···ব্য. (অনুকার শব্দ)। ঢোল বাজাইবার সময় অনুকার; ধীরে ধীরে নৃত্যে (স° স্থির হইতে)।

থেকে···ব্য. (থাক ধাতু হইতে থাকিয়া—সংক্ষেপে থেকো—থেকে)। স্থিতি করিয়া, স্থান হইতে, প্রঃ—কুথা থাকে আইলেন হংস কুথা তুন্ধার ঘর (শূ°পুঃ)—থাকে—থেকে (প্রাচীন্ কালে থাকে ছিল)। কোথা থেকে এলে—কোন্ স্থান হইতে; অপেক্ষা, প্রঃ—তোমার থেকে বুঝে ভাল।

থেঁতলা···ধাতু. (থেঁতা দেখ। চুঁটা দেখ। থেঁতা করা—থেঁতালা—থেঁতলা)। থেঁতলাই—পেষিত করি, প্রঃ—জুতা দিয়া কাদা থেঁতলাইবে না। থেঁতলানা॥

থেতা···ধাতু. (স্থিত ধাতু আস্তে)। থেতাই—স্থিতি করাই, গুছাই, প্রঃ—ঘর-দ্বার থেতাইয়া রাখ। থেতানা॥

থেঁতা (গ্রা°)...থোঁতা দেখ।

থেবড়া···থাবড়া দেখ।

থেলো···থালুয়া দেখ।

থৈ, থৈ-থৈ···থই, থেই-থেই দেখ।

থৈকর···ষ্য. (স° স্থপতি; থই—থই+কর)। স্থপতি, রাজ (স° স্থপতি—অট্টালিকা-

নির্ম্মাণকারী), প্রঃ—মুল বান্ধিবারে আনিল থৈকর (কবিকঃ)। (অপ্রচলঃ)।

থো···ষ্য. (থুথুর মতন শাদা বলিয়া? সং থ—রোগবিশেষ)। পচা ফলে, পুরানা কাসন্দিতে জাত শাদা তুলার মতন সূক্ষ্ম উদ্ভিদবিশেষ (mould)। কোথাও কোথাও ছাতা বলে। (থো, থ পড়া)।

থোওয়া···থু ধাতু দেখ। দেওয়া-থোওয়া—দেওয়া ও অবশিষ্ট রাখা।

থোক···ষ্য. (সং স্তবক)। সমূহ, রাশি, প্রঃ—এক থোকে পঁচিশ টাকা।

থোকা··ষ্য. (সং স্তোক—অল্প। তুং ওং থোক—অল্প)। জমিদারী সেরেস্তায় জমাবন্দির সংক্ষিপ্ত বিবরণ হিসাব। প্রত্যেক প্রজার জমির ও জমার হিসাব।

থোড়···ষ্য. (তুং ওং থোর—ওষ্ঠ, হস্তিশুণ্ড—সং অধর। ঢাকায় থোর—জঙ্ঘা। ঢাকায় থোড়—কলার মোচা, ভারালি—কলার থোড়। ভারালি—তুং আসাং ভরি—পদ, যে হেতু দেহের ভার পড়ে। অতএব ভারালি শব্দের মূলার্থ পদ। সং নাম কদলীদণ্ড। ওং কদলী মঞ্জা—মঞ্জরী। মং থোঁট—সং স্থাণু। ধানগাছ থোড় বাঁধে—সং স্তম্বকরি=ধান্য। থোড় শব্দের মূল কি? সং স্থাণু? সং স্থূল?)। কলাগাছের মোচার দীর্ঘ বোঁটা, প্রঃ—প্রভু যাঁর নিত্য লয় থোড় মোচা ফল (চৈঃ চঃ)। থোড় বড়ী খাড়া···(ড় দ্বারা অনুপ্রাস হেতু প্রয়োগ)। একই উপকরণ। (২) ধানগাছের শীষ যখন পাতা হইতে বহির্গত হয় নাই (হিং থোল), প্রঃ—ধানে থোড় বাঁধে, গজায়। গর্ভ-থোড়···ধানগাছের পত্রগর্ভস্থ থোড়।

থোড়া···ষ্য. (হিং। সং স্তোক)। অল্প, একটু। (বাংতে চলিত নাই)।

থোড়া··থুড় ধাতু দেখ।

থোঁতা··ণ. (হিং থোতরা, থোথলা—ভোঁতা; ওং থোন্তরা থোবরা; মং থোঁটা থোঁট—সং স্থাণু। সং থূর্ব—বিনষ্ট হইতে? ভোঁতা দেখ)। সম্পীড়িত, ভুগ্ন, প্রঃ—দাঁতনের মুখ থোঁতা করা, বকিয়া বকিয়া মুখ থোঁত হয়। থোঁতা মুখ ভোঁতা করা—তুং মড়ার উপর খাঁড়ার ঘা।

থোপ, থোপা···ষ্য. (সং স্তূপ)। পুচ্ছের অনুকরণে সূত্রগুচ্ছ। থোপী, থুপী···ষ্য (থোপ+ঈ)। ছোট গুচ্ছ। থোপনা···ষ্য (থোপ+না)। গোরুর পুচ্ছের লোমগুচ্ছ।

থোবা···ষ্য. (সং স্তবক)। পুষ্পাদির স্তবক।

থোর, থোরি···থোড়া। (প্রাচীন পদে)।

দ।

দ···ষ্য. (সং)। ব্যঞ্জন-বর্ণ, অক্ষরবিশেষ। হাড় গোড়-ভাঙ্গা দ··(হাত গোড়=হাড় গোড়)। যে দ অক্ষরে হাত-পা ভাঙ্গা দেখায়।

দ··ষ্য. (সং দর—গর্ত্ত; যথা,—দরোহস্ত্রী সাধ্বসে গর্ত্তে কন্দরে তু দরী মতা—মেঃ দর—দঅ—দহ। এ এর পরে থাকিলে দ স্থানে দয় হয়)। দহ, নদীগর্ভে গর্ত্ত ব নিম্নস্থান, প্রঃ—নদীতে দ পড়ে; মাতঙ্গ পড়িলে দয়ে পতঙ্গ প্রহার করে (ভাঃ) কাজে দ পড়া—যেন গর্ত্ত হইয়া বিঘ্ন পড়া শিয়াল-দ···শিয়ালের গর্ত, ঝিনা-দ···ঝী গর্ত্ত।

দ…ধাতু. দহ ধাতু দেখ।

দং…ব্য. (ফা° দমুন শব্দসংক্ষেপে)। নিমিত্তে, প্রঃ—দং জলকর ২৷৶০—জলকর নিমিত্ত (জমা বা খরচ) ২৷৶০।

দই…ষ্য. (স° দধি—দহি—দই)। দধি। দই বসানা, পাতা (দধি-স্থাপনা)—দুধকে দইতে পরিণত করার উপায় করা। বসানা—জমানা। (তু° ও° বসা-দই, যাহা ঘোল-দই নহে)। দইএর সাজা…সজ্জা (কলিকাতায় দস্থল)। খাঁটি দুধ এক সের হইতে তিন পোয়া উৎকৃষ্ট দই হয় (সাজার গুণ ও বসাইবার গুণ থাকা চাই)। সাজ দই…সদ্য-পাতা দই। উপমায়, ভিজা ভাতে দই—মুখরোচক হয় না।

দইয়াল…দয়াল, দোয়েল দেখ।

দঁক…ষ্য. (স° দকং—জল—হেমঃ। বোধ হয়, স° উদকং হইতে দকং। তু° স° দমঃ কর্দমে—মেঃ)। গভীর তরল পঙ্ক। হাতীর দঁকে পড়া—হাতী পঙ্ক হইতে উঠিতে পারে না; লক্ষণায়, ধনাঢ্য কিংবা প্রসিদ্ধ ব্যক্তির গভীর বিপদে পড়া।

দক্তী…ষ্য. (তকৃতা—তকৃতী হইতে? ও° দকৃতী)। তাঁতের যে তক্তীর উপর দিয়া মাকু যাতায়াত করে।

দক্ষিণ…ণ. (স°)। ডাইন, প্রঃ—দঃ হাত, দঃ পাশ; সূর্যোদয়কালে সূর্য প্রতি মুখ করিয়া দাঁড়াইলে ডাইন, প্রঃ—দঃ দিক্। দক্ষিণ হস্তের ব্যাপার…ভোজন। দক্ষিণা…ষ্য. (স°)। পুরোহিতের প্রাপ্য বেতন, ভোজনের পর ব্রাহ্মণকে পুরস্কার বা পাথেয়। ডাকে, বামুন বাদল বান দক্ষিণা পেলেই যান—ব্রাহ্মণের কৃত কর্মের দক্ষিণা; দক্ষিণ দিক্ হইতে বাতাস বহিতে থাকিলেবাদল ও বন্যা শেষ বুঝিতে পারা যায়। (বঙ্গদেশের সর্বত্র এ নিয়ম নহে)। দক্ষিণিয়া, দক্ষিণ্যে…ণ. (দক্ষিণ+ইয়া)। দক্ষিণদিক্‌ভব, দক্ষিণদিক্‌বর্তী, প্রঃ—দক্ষিণ্যে বাতাস। (বোধ হয়, দক্ষিণা শব্দের রাঢ়ীয় উচ্চারণে দক্ষিণে শোনায়। তু° দান-দক্ষিণে)।

দখনো…ণ. (দক্ষিণ+উয়া—দক্ষিণুয়া—দখনো)। দক্ষিণদিক্‌ভব, দক্ষিণ-দেশভব, প্রঃ—দঃ বাতাস, দঃ গোরু।

দখল…ষ্য. (আ°)। অধিকার, ভোগ; অভ্যাস, আয়ত্তি। দখল-নামা…যে পত্রে অধিকার স্বীকৃত হয়। দখলি…ষ্য. দখল। দখলি-স্বত্ব…অধিকার। দখলিকার…অধিকারী। দখলী…ণ. অধিকারভুক্ত, অধিকৃত, প্রঃ—দঃ জমি। ভোগ-দখল (সহচর শব্দ)। ভোগ। নিঃ—বে-দখল।

দগড়…ষ্য. (স° দ্রগড়। রগড় দেখ)। মাটির ছোট নাগরাবিশেষ। (নদীয়ায় ডগর)। দগড়ে রগড় দেওয়া—দগড় নামক বাদ্য-যন্ত্রে কাঠির ঘর্ষণ (রগড়) করা। এই রূপে দগড় বাজানা হয়।

দগ্-দগ…ব্য. (স° দহ ধাতু সন্তাপে)। সন্তাপে, জ্বলনে, প্রঃ—হিয়া দগ্-দগ—যেন হৃদয় পুড়িতে থাকে; এ দুঃখ আমার চিত্তে দগ্-দগ জ্বলে (মাঃ)। দগ্-দগি…ষ্য. জ্বালা, প্রঃ—এই বড় দগ্-দগি অন্তরে রহিল (মাঃ)। দগ্-দগানি॥

দগ্ধ…ধাতু. (স° দগ্ধ হইতে)। দগ্ধি—দহি, প্রঃ—পরাণ দগ্ধিতেছে। দগ্ধা, দগ্ধন॥

দগ্ধা…ধাতু. (দগ্ধ ধাতু আস্তে)। দগ্ধাই—পোড়াই। দগ্ধানা॥ (দগ্ধা ধাতু স্থানে

প্রায়ই দগ্ধ ধাতুর প্রয়োগ হয়, প্রঃ—দগ্ধিয়া দগ্ধিয়া মারা—দগ্ধাইয়া।

দঙ্গল...ব্য. (সং জঙ্গল—অরণ্য হইতে। হিং—মল্লক্রীড়াস্থান)। অরণ্য, দল, প্রঃ—লোকের দঙ্গল—লোকারণ্য; নববাবুদিগের দঙ্গল (প্যারীচাঁদ)।

দজ্জাল...ণ. (আং)। মিথ্যাবাদী, বঞ্চক (কদাচিৎ প্রচলঃ)।

দড়...ণ. (সং দৃঢ়। প্রাচীন বাং দঢ়। আসাং ডাট)। দৃঢ়, প্রঃ—বাঁশের চাইতে কঞ্চি দড়; আটে পিঠে দড় ত ঘোড়ার পিঠে চড় —অঙ্গপ্রত্যঙ্গ দৃঢ় না হইলে অশ্বারোহণে সুখ নাই। (২) কঠিন, প্রঃ—ভিতরেতে দড় ভাত (চৈঃ চঃ)—শক্ত ভাত (ওং দহড়)। (৩) নিপুণ, প্রঃ—সিদ্ধিতে নিপুণ দড় (ভাঃ)—সিদ্ধি সেবনে নিপুণ।

দড়-কচা...ব্য. (দড়ি+সং কচ—কেশ, বাং কচা—তৃণ-রজ্জু)। দোড়ি-দোড়ি-ভাব, প্রঃ—শুধনা বেগুন পোড়াইলে দড়কচা মারে। (দড়-কাঁচা দেখ)।

দড়-কাঁচা...ণ. (দর কাঁচা। সং দর—অর্দ্ধ। দর দেখ)। আধ-কাঁচা, অ-সিদ্ধ, প্রঃ—অল্প আগুনে পোড়াইলে বেগুন দড়-কাঁচা মারে—কোন্ অংশ সিদ্ধ হয়, কোন্ অংশ হয় না, কাঁচা থাকে।

দড়্-দড়...ব্য. (সং দল ধাতু বিদারণে)। দলিত বা বিদীর্ণভাবে, প্রঃ—দড়্-দড় করিয়া চলা—যেন মাটি দলিত, বিদীর্ণ হইতে থাকে, এত তেজে। (জীর্ণ বস্তু, দড়্-দড় করে—ধড়্-ধড়, ঝর্-ঝর শব্দের অপভ্রংশে)।

দড়-পাকা...ণ. (সং দর—ঈষৎ—মেঃ)। ঈষৎ-পক্ক।

দড়্-বড়...ব্য. (সং দল ধাতু বিদারণে, বল ধাতু বধে। অতএব দড়্-বড় সাঙ্কেতিক শব্দ)। দলিত বিনষ্টভাবে, প্রঃ—দেখিয়া মেনকা রাণী পলায় দড়-বড়ি (কবিকঃ)—মাটি দলিত ও হত করিয়া; দড়্-বড়ি চড়ি ঘোড়া অমনি চাবুক (ভাঃ); অশ্বের দড়বড়ি দাঁতের কড়মড়ি বারণ-বৃংহিতা তার (মাঃ),—অশ্বের দড়বড়ি—বেগে ও বলে গমন। ঘোড়া দড়বড়ি (মেঘনাদবধে)—ঘোড়াকে দড়বড় করিয়া চালাইয়া। দড়্-বড়িয়া...ণ. যে হঠাৎ উঠিয়া চলিয়া কাজ করে। দড়-বড়ানি॥

দড়মা...ব্য. (মাদুর হইতে? মাদুর—দুরমা—দরমা—দড়মা)। নল গাছের ডাঁটা চিরিয়া নির্ম্মিত মোটা মাদুরবিশেষ।

দড়া...ব্য. (দোড়ী দেখ)। মোটা দোড়ী। দড়া-দড়ী...(দড়ী সরু)। মোটা ও সরু দোড়ী। দড়া...ধাতু. দড়াই—দোড়ী দিয়া বাঁধি, প্রঃ—দড়ায়ে পায়ে উঠয়ে তাহে; থাকি থাকি দেই কোঁকে (চণ্ডীঃ)। দড়ানা॥

দড়াম্...ব্য. (সং দণ্ড+আম্—শব্দে)। দণ্ডের তুল্য সোজা পতন-শব্দে, প্রঃ—দৌড়িতে দৌড়িতে দড়াম্ করিয়া পড়িয়া গেল। (তুং তাল-কাছাড়া)।

দড়ি...দোড়ী দেখ।

দঢ়...ণ. (সং দৃঢ়। দড় দেখ)। দৃঢ়, প্রঃ—জ্ঞানদাসে কহে দঢ় করি থাক বুক (জ্ঞানদাস); (কবিকঃ)। দঢ়া...ধাতু. দঢ়াই—দৃঢ় করি (প্রাচীন পদে)। (অপ্রচলঃ)।

দণ্ড...ব্য. (সং)। যষ্টি; দমন; চারি হাত পরিমাণের যষ্টি; ষাটি-পল কাল-পরিমাণ (২৪ মিনিট)। দণ্ডকলশ...ব্য. (সং নাম

দণ্ডোৎপল)। ডানকুনি গাছ দেখ। দণ্ডবৎ হওয়া—ভূমিতে দণ্ডবৎ পতিত হওয়া, ভূমিতে দণ্ডবৎ সোজা পড়িয়া প্রণাম, প্রঃ—দণ্ডবৎ হয়ে মুনি করিল প্রণাম (ভাঃ)। (দণ্ডবৎ করি নাথে, দণ্ডবৎ হই)। এক্ষণে, দণ্ডবৎ বলিলে সোজা দাঁড়াইয়া জোড়হাতে প্রণাম বুঝায়। খুরে দণ্ডবৎ… যাহার নিকট দণ্ডবৎ হইতেছি তাহাকে গোরু বলা; গোরু যেমন খুর দিয়া চাটি মারে, তেমন যে গোঁয়ার সর্বদা ত্যক্ত-বিরক্ত করে, তাহাকে নমস্কার (গালিতে)। দুটি পায়ে দণ্ডবৎ…কাতরোক্তি, ক্ষমা-প্রার্থনা (ব্যঙ্গচ্ছলে)। দণ্ড-বিধি…ষ্য. (সং)। দুষ্টের শাসন-বিষয়ক বিধান (আদাঃ, Penal code)। দণ্ড-মুণ্ড…ষ্য. (সঙ্কর শব্দ)। দণ্ড ও মস্তক। দণ্ডমুণ্ডের কর্তা, যিনি দণ্ড দিতে পারেন, এমন কি, মাথাও লইতে পারেন।

দণ্ডাস…ঢেমনা সাপ দেখ।

দণ্ডি…ষ্য. (সং দণ্ড হইতে)। ব্রাহ্মণের পইতা দণ্ডপ্রমাণ লইয়া তিনফের করিয়া গ্রন্থি। একদণ্ডি পইতা—এক গ্রন্থি যে পইতায়।

দত্ত…ষ্য. (সং দত্ত, যেমন দেবদত্ত, যজ্ঞদত্ত হইতে)। হিন্দুজাতির পদবীবিশেষ।

দধি…ষ্য. (সং)। দই। দধিকালী…হাঁড়া কিংবা হাঁড়ীর দই পরিমাণ। শুভঙ্করী আর্যা,—"গলা তলা ফাঁড় আদি যতেক মাপ হবে। তত ভাগের এক ভাগ অঙ্গুলী ধরিবে। উর্দ্ধে হবে যতেক অঙ্গুলী নিরূপণ। উভয় অঙ্গুলী লয়ে করিবে পূরণ। একুনে অঙ্গুলী যত যতনে রাখিবে। পঞ্চ সের দর দিয়া তাহারে হরিবে। হরিলে অঙ্গুলী যত কষিতলে রয়। এক এক অঙ্গুলে তার পাকি সের হয়।"—গলা, তলা, ফাঁড় (—পেট—) যত আঙ্গুল বেড়। এই তিনের একভাগ × উর্দ্ধে যত আঙ্গুল। এই পরিমাণ ÷ ৫ = পাকি সের ?। পঞ্চসের দর—কি ?

দনা…ষ্য. (সং দমনক। ওং দহনা, হিং দৌনা)। সোমরাজ্যাদি বর্গের শাক-বিশেষ (Artimisia indica)। পাতা পক্ষচ্ছিন্ন, নিম্নপৃষ্ঠ রোমশ। মঞ্জরী হেলিয়া পড়ে। পাতায় ঈষৎ গন্ধ আছে। নাগ-দনা…ষ্য. (সং নাগদমনক)। ঐ প্রকার শাক (Artimisia vulgaris. The Indian worm-wood)। কিন্তু পাতা চেপটা, বেশী কাটা, নীচে দীর্ঘরোমশ। পাতা সুগন্ধ। এই হেতু কি সাপ আসে না ? লোকের বিশ্বাস, পাতার গন্ধে রাত্রে ভূতপ্রেত পলায়।

দনাই…ষ্য. (সং জনার্দন—জনা—দনা + আই—আদরে)। জনার্দন নাম।

দন্ত…ষ্য. (সং। তুং ফাং দন্দান)। দাঁত; ৩২ অঙ্ক। দন্তপাটি…ষ্য. দন্তপঙ্‌ক্তি। দন্তস্ফুট…ণ. যাহাতে দাঁত ফুটাইতে পারা যায় না, এত কঠিন; লক্ষণায় দুর্বোধ্য। দন্তাল…ণ. (দন্ত + আল)। দন্তবিশিষ্ট, বৃহৎ দন্ত বিশিষ্ট। (দাঁত দেখ)।

দন্তী…ষ্য. (সং)। মুষ্টী আদিবর্গের মূল ক্ষুপ-বিশেষ (Baliospermum axillare)। পাতা অণ্ডাকার, দন্তুর, ঈষৎ লোমশ, ত্রিশীর। পাতার গোড়ায় দুইটা অর্বুদ আছে। ফল তিন-আঁটিয়া। উত্তর ও পূর্ববঙ্গে গাছ আছে।

দপ, দপ্-দপ···বা. (সং দৃপ ধাতু গর্ব,পীড়ন, সন্দীপনে; দীপ ধাতু জ্বলনে)। সন্দী-পনে, প্রঃ—দপ্ করিয়া দীপ জ্বলিল; দপ-দপদপ দপয়ে মণি (ভাঃ) পীড়ায় প্রঃ—ব্যথায় মাথা দপ্-দপ করে; গর্বে, প্রঃ—দব্দবা দেখ। দিপ্-দিপ··ব্য. পীড়ন, সন্দীপনের মৃদুতায়। ঢুপ্-ঢুপ··ব্য. অতি-মৃদুতায়। ঢুপ্দাপ দেখ। দপ্-দপা ষ্য. (সং দর্প)। দর্প, প্রতাপ।

দপ্তর...দফ্তর দেখ।

দপ্প (গ্রাং)··ষ্য. (সং দর্প)। দর্প।

দফা··ষ্য. (আং দফা)। বিষয়, প্রকরণ, পদ। দফা-দার ষ্য অল্প সেনার পতি; চৌকী-দারের উপরিস্থ কর্মচারী, পুলিশ-রিপোর্টার। দফাদারি··ষ্য. দফাদারের কর্ম। দফা রফা, দফা সারা—কোন বিষয় অবশিষ্ট না রাখা। দফা-দফা...পৃথক্ পৃথক্; পুনঃ পুনঃ। দফে...পুনশ্চ।

দফাল...ধাতু. (দুই ফালি হইতে। সং স্ফল ধাতু সঞ্চলন, তাড়নে)। দফালি—দু-ফাল করি, আস্ফালন দ্বারা দুই খণ্ড করি, প্রঃ—ছেলেরা জল দফালিয়া বেড়াই-তেছে। দফালা॥ দফাল··ষ্য. আস্ফালন, প্রঃ—অগ্নির দফালে যেন ষাঁড়ের গর্জ্জন (কবিকঃ)। (সং দর্প হইতে?)।

দফ্তর, দপ্তর··ষ্য. (আং দফ্তর)। খাতা-পত্র। দফ্তর-খানা···দফ্তর রাখার স্থান। দফ্তরী··যে খাতাপত্র রাখে,যে বহি বাঁধে।

দব্-দব...দপ্-দপ দেখ।

দব্-দবা···ষ্য. (দপ্-দপ দেখ। তুং আং দবদবা)। প্রতাপ, প্রভুত্ব। দব্-দবানি ···ষ্য. দব্-দবা।

দম···ধাতু. (সং দম ধাতু)। দমি—উপশান্ত হই, বিনত হই। দমা॥ দমা··ধাতু. (দম ধাতু আস্তে)। দমানা॥

দম···ষ্য. (ফাং)। শ্বাস, প্রঃ—দম লওয়া। দম-মারা···শ্বাসরুদ্ধ। নাকে-দম···প্রাণ বহির্গত হওয়ার উপক্রম। পেটবুক সমে-দম ···শ্বাস লইলে যেমন পেটবুক ফুলিয়া উঠে, তেমন। বে-দম হওয়া···শ্বাসরোধ। বে-দম মারি (মার)··এমন প্রহার যে, নিশ্বাস রোধ হয়। দম-কল··ষ্য. (ফাং দম+সং কলা—কল)। যে যন্ত্র দ্বারা বাতাস টানিয়া উচাতে জল তুলিতে পারা যায় (water-pump)। ঘড়ীতে দম দেওয়া—ঘড়ীর ইস্প্রিং মুড়িয়া দেওয়া, যেন ঘড়ী শ্বাসপূর্ণ করা হয়। (২) বঞ্চনা, প্রঃ—দম দিয়া ভুলানা। দম-বাজ··ণ. (ফাং)। বঞ্চক, ধূর্ত। দম-বাজি··ষ্য. বঞ্চনা।

দমক...ষ্য. (সং দম+ক স্বার্থে? তুং সং শ্বামন্—শক্তি। ফাং দম?)। দমন, চাপ, প্রঃ—নৌকায় দমক দেওয়া। দমকা ··ণ. (দমক+আ)। হঠাৎ বেগবান্, প্রঃ—দমকা বাতাস—মধ্যে মধ্যে হঠাৎ প্রবল ঝড় (তুং সং পত্রাকা—বাত্যা)।

দমঘোষ··ষ্য. (সং)। মহাভারতে দমঘোষ রাজার পুত্রের নাম শিশুপাল। ঘোষ ও পাল উপাধিবাচক ছিল না। কিন্তু বাংতে ঘোষ ও পাল উপাধিবাচক। এই হেতু কথাটা শুনিলে লোকে আশ্চর্য বোধ করে। লক্ষণায়, বাপ যাহা করে নাই বা হয় নাই, বেটা তাহা করিতেছে বা হইতেছে।

দম্-দম···ব্য. (সং দম্ভ ধাতু দম্ভে, প্রেরণে।

স° ভ্রম ধাতু গতিতে)। দম্ভপ্রকাশক শব্দে, প্রঃ—দামামা দম্‌দম (ভাঃ); দম্ভ-প্রকাশক গমনে, প্রঃ—দম্‌দম করিয়া চলা। দুম, দুম্-দুম ··ব্য. দুম শব্দে, প্রঃ—গাছ হইতে দুম করিয়া তাল পড়ে, দুম্-দুম করিয়া বম ফুটে, বন্দুকের আওয়াজ হয়। দুম্-দাম···ব্য. (দাম—উপচর শব্দ)। দুম শব্দে, প্রঃ—দু[illegible]দুরন্ত কিল দুম-দাম পিটে (মাঃ)। (ধম্-ধম দেখ)।

দম্‌দমা ··ষ্য. (আ°)। মাটির উচা ডাঙ্গা।

দমনক ··ষ্য. (স°)। দনাগাছ দেখ।

দম্বল (কলিকাতায় গ্রা°) ··ষ্য. (স° দধ্যম্ল)। দই পাতিবার সাজা। (রাঢ়ে শব্দটি অজ্ঞাত)।

দয়মন্তী (গ্রা°) ··ষ্য. (স° দময়ন্তী)। নলরাজার মহিষীর নাম।

দয়া···ষ্য. (স°)। দয়া। দয়া-মায়া ··(স°। প্রায় সহচর শব্দ)। দয়া-দাক্ষিণ্য ··(স°। প্রায় সহচর শব্দ)। দয়া-ধর্ম···(স°। প্রায় সহচর শব্দ)। প্রঃ—দয়াধর্ম তোমার শরীরে কিছু নাই (মাঃ)। দয়াল...ণ. (স° দয়ালু)। দয়ালু।

দয়াল (গ্রা° দোয়েল)···ষ্য. (স° দধিকুল? ঢাকায় দধিকুল। দক্ষিণরাঢ়ে দইআল-চাকা। ভারতে, ছাতারিয়া করকটে ফিঙ্গা দহিয়াল। ও° দইআল। শব্দটি দইয়াল, সংক্ষেপে দ'য়াল—দোয়েল)। শাখাশ্রয়ী বর্গের পক্ষী-বিশেষ. (The magpie robin. Copsychus saularis)। ১০।১২ আঙ্গুল। পা লম্বা, পুচ্ছ পক্ষ সমান লম্বা, পুচ্ছ পক্ষ মাথা কৃষ্ণবর্ণ, উদর শ্বেত। (এই হেতু নাম দধিআল?)। স্ত্রীপক্ষী ধূম্রবর্ণ। বাড়ীর বাগানে ভোরে শীষ দেয়, সরু সুরে শীষ দেয়। মাটিতে নামিয়া পোকা খায় এবং দৌড়াইবার সময় পুচ্ছ উচ্চ করে। লোকে আঠা-কাঠি দিয়া অনায়াসে ধরে।

দর ··ষ্য. (স° আ-দর হইতে? দ্রব্য হইতে?)। মূল্য। দর-দাম ··ষ্য. (সহচর শব্দ)। মূল্য। দর দস্তুর ··ষ্য. (প্রায় সহচর শব্দ)। দাম ও বিক্রয়সম্বন্ধীয় নিয়ম বা পাওনা। দর-দস্তুরি ··ষ্য. দর-দস্তুরের ভাব। দর-কসুরি···ষ্য. (কসুর দেখ)। দরে হ্রাস।

দর ··ণ. (স°)। অল্প, লঘু, প্রঃ—দর কর হিয়া (কবিকঃ)—হৃদয়ভার লঘু কর। (তু° ও° দর-দর হাস—মৃদু হাস্য)। (২) (স°—অর্ধ)। আধ, প্রঃ—দর-পোড়া, দর-কাঁচা।

দর · ব্য. (ফা°, তু° অন্তঃ)। অধীন, নিম্ন অর্থে, প্রঃ—দর-পত্তনী, দর-দালান।

দরকার ··ষ্য. (ফা° দর—অন্তঃ, কার—কার্য; কাজে লাগে যাহা)। প্রয়োজন। দরকারী ···ণ. (দরকার+ঈ)। প্রয়োজনীয়। বে-দরকার ·বিনা প্রয়োজন। বে-দরকারী ·· অপ্রয়োজনীয়।

দরখাস্ত ··ষ্য. (ফা° দরখ্‌আস্ত)। আবেদন, প্রার্থনা। দরখাস্তকারী···ষ্য. (স° কারী)। যে আবেদন করিতেছে, প্রার্থী।

দরজা ··দরোজা দেখ।

দরদ ··ষ্য. (ফা° দরদ। তু° স° দরৎ—ভয়)। পীড়া, ব্যথা, প্রঃ—পায়ে দরদ, দরদের লোক—ব্যথার ব্যথী। দরদী··ষ্য. যে অন্যের ব্যথায় ব্যথা বোধ করে।

দর্-দর ··ব্য. (স° দ্রু ধাতু)। দ্রবীভাবে,

দ্রব ক্ষরণে, প্রঃ—দুর্‌-দুর দেহ বয়ে ছুটে কাল-ঘাম (মাঃ)—(এখানে দর্‌দর হইতে পারিত)।

দর-দালান ··ষ্য. (ফা॰)। দালানের ভিতরের দালান।(দালান দেখ)।

দরপেষ ··ষ্য. (ফা॰)। দায়র (আদঃ)।

দরবার ··ষ্য. (ফা॰ দর—অন্তঃ, বার—বাটিকা)। রাজসভা ; আবেদন। দরবারী··ণ. (দরবার+ঈ)। দরবার-যোগ্য, দরবার-সম্বন্ধীয়।

দরবেষ ··ষ্য. (ফা॰)। ফকীর, প্রঃ—দরবেশ হঞা আমি মক্কায় যাইব (চৈঃ চঃ)।

দরমাহা ··ষ্য. (ফা॰)। মাসিক বেতন, তন্‌খা।

দরমিয়ান ··ব্য. (ফা॰ অন্তরে, ভিতরে)। উল্লেখ করিয়া, অন্তরে রাখিয়া, শপথ করিয়া, প্রঃ—ঠাকুর দরমিয়ান কহিতেছি।

দরশন ··ষ্য. (স॰ দর্শন। হি॰)। দর্শন, প্রঃ—ঠাকুর দরশনে গিয়াছে।

দরাজ ··ণ. (ফা॰)। বিস্তীর্ণ, উন্মুক্ত, প্রঃ—দরাজ জায়গা।

দরান (গ্রা॰) ··দরোয়ান দেখ।

দরিয়া···ষ্য. (ফা॰)। সাগর। দিল-দরিয়া···ণ. (ফা॰ দরিয়াদিলী)। সাগরতুল্য বিস্তীর্ণ অন্তঃকরণ যাহার, মহানুভব।

দরিয়াফ্‌ত ··ষ্য. (ফা॰)। অনুসন্ধান।

দরী · ষ্য. (স॰ দর—গর্ত+ঈ)। ছিদ্র-বিশিষ্ট লৌহখণ্ড, যার উপরে (লাল-পোড়) লোহা রাখিয়া বিঁধনী দিয়া ছিদ্র করা হয়। অন্য নাম মুহরী।

দরী···ষ্য. (ফা॰ দারাঈ—লাল রেশম কাপড় হইতে ? ডোর দিয়া বোনা—ডোরী—দোরী ?)। ছোট পাতলা শতরঞ্চ, আস্তরণ।

দরুন ··ব্য. (ফা॰ দরুন—ভিতরে)। কারণ, নিমিত্ত। (সংক্ষেপে দং)।

দরোয়ান, (গ্রা॰ দরান) ··ষ্য. (ফা॰ দর—স॰ দ্বার+ফা॰ বান—স॰ অর্থ পাল)। দ্বার-পাল।দরোয়ানি, দরানি···দ্বারপালের কর্ম।

দরোজা ··ষ্য. (ফা॰ দর্‌বাজা)। দ্বার।

দর্গা···ষ্য. (ফা॰ [illegible]াহ্‌)। মুসলমানদের পুণ্যস্থান।

দর্জন · ষ্য. (ইং dozen)। ডজন, ১২টা।

দর্জী ··ষ্য. (ফা॰)। সৌচিক। দর্জীগিরি ··দর্জীর কর্ম।

দর্বেষ ··ষ্য. (ফা॰)। ফকীর, মুসলমান ভিক্ষুক। (দরবেষ দেখ)।

দর্শ ..ধাতু. (স॰ দৃশ ধাতু)। দর্শি—প্রকাশিত করি, পাই, প্রঃ—ওষুধে ফল দর্শিবে। দর্শা॥ দর্শা ··ধাতু. (দর্শ ধাতু আস্তে)। দর্শাই—প্রদর্শন করি। দর্শানো॥ দর্শন ··ষ্য. (স॰। বা॰ দর্শ+অন)। দেখা, দৃষ্টি। দর্শন-ডালী ··ণ. (স॰ দর্শনধারী। হি॰ ও॰ দর্শনধারী.। সুদর্শন (স॰ দর্শন—আকৃতি)। কথায়, আগে দর্শনডালী পরে গুণ বিচারি—আগে আকার-পরীক্ষা, পরে গুণ-পরীক্ষা। দর্শনী ··ষ্য. (দর্শন+ঈ)। দর্শনে—দেখাতে—দিতে হয় যে বেতন, ভিজিট।

দল·· ষ্য. (স॰)। (১) এক ধর্মের, এক উদ্দেশ্যের নিমিত্ত সম্প্রদায়, প্রঃ—নেড়া-নেড়ীর দল, যাত্রার দল—যাত্রা গায়ক-সম্প্রদায়। (২) গোষ্ঠী, প্রঃ—আখড়ার দল. দল বাঁধা—গোষ্ঠী হওয়া, সম্মিলিত হওয়া, দল পাকানা—দল বাঁধিবার জোগাড় করা। স্বদল ··নিজপক্ষীয় দল ;

বে-দল ··অপরপক্ষীয় দল। ঘরদল··· মিত্রগোষ্ঠী ; পরদল···শত্রুগোষ্ঠী। দলপতি ···গোষ্ঠীনায়ক। দলাদলি ··ষ্য. (বা°। তু° কানাকানি, মুখামুখি)। দুই দলে বিভাগ-বশতঃ কলহ, শত্রুতা। দল-বল···ষ্য. (দল—সৈন্যদল, বল—সৈন্য। প্রায় সহচর শব্দ)। পক্ষীয় লোকজন। (৩) বেধ, প্রঃ—কপাটের পাটার দল, দলে পুরু। (৪) পাইনের নিমিত্ত রূপা তামার খাইদ, কোন্ কোন্ দলে দস্তাও থাকে। পাইন পত্রাকার বলিয়া নাম দল (সেকরার শব্দ)। (৫) জলে জাত পত্রবহুল তৃণাদি। (৬) ধান্যাদিবর্গের জলজ তৃণবিশেষ (Panicum crus-galli, var. stagninum)। শ্যামা-ঘাসের তুল্য। খড় দুই হাত পর্যন্ত লম্বা হয়। পচা পুকুর ভরিয়া ফেলে। দল-টাটু ··টাটু দেখ। দলপিঁপি···জলপিঁপি দেখ।

দলই···ষ্য. (সং দলপতি। ও° দলৈই)। দলপতি, সেনাদলপতি, প্রঃ—সিংহদারের দলই (চৈঃ-চঃ); জাতির পদবীবিশেষ।

দলক···ষ্য. (সং জল হইতে? সং দর্দুর—মেঘ? নদীয়াতে চল)। প্রবল বর্ষণ, প্রঃ—তিন দলকে জ্যৈষ্ঠ কামাই—জ্যৈষ্ঠমাসে তিনবার ভূরিবর্ষণ হয়।

দল্-দল···ষ্য. (সং দল ধাতু)। শিথিলতায় প্রঃ—কাঁচা মাটির উপর চলিলে মাটি দল্-দল করে (তু° সং দলাঢ্য—দল্-দলা কাদা)। দল্-দলা, দল্-দলিয়া···ণ. (আ, ইয়া)। দল্-দল করে যাহা।

দল্-মল···ষ্য. (সং দল, মল ধাতু)। দলিত মলিত ভাবে, প্রঃ—দলমল দোলে মুণ্ডের মাল (ভাঃ)—মালার ভারে দেহ দলিত ও মর্দিত হয়।

দলিজ, দলুজ···ষ্য. (ফা° দহ্লীজ। তু° সং দেহলী)। বৈঠকখানা-সরূপ ছোট মেলা। ইহার দুই পাশে দুই ঘর থাকে, প্রায়ই বাড়ীপ্রবেশপথে দলিজ বা দলুজ হয়। প্রঃ—দলিজ মসিদ নানা ছান্দে (কবিকঃ—বঙ্গবাসীর সংস্করণ)।

দলীল···ষ্য. (আ°)। লেখ্য প্রমাণ, নিদর্শন। দলীল-দস্তাবেজ···ষ্য. (সহচর শব্দ)। লেখ্য প্রমাণাদি। দলীলী···ণ. (দলীল+ঈ)। দলীলসম্বন্ধীয়, দলীল আছে যার।

দলুয়া, দ'লো ··ষ্য. (সং দল—খণ্ড+উয়া। হিং দলিয়া—মোটা গুঁড়া)। গুড় হইতে মাৎ ঝরাইয়া লইলে যে পাণ্ডুরবর্ণ চিনী হয়। মাৎ ঝরাইতে ময়রা-শেঅলা লাগে।

দশ ··ণ. ষ্য. (সং দশন্। ম° দহা, দশ। ফা° দহ)। দশ-সংখ্যক, দশ সংখ্যা ; ১০। দশক ··ষ্য. (সং)। দশ—এই রাশি। দশকিয়া ·ষ্য. (দশক+ইয়া)। দশক-সম্বন্ধীয় গণিত। দশ-বিশ···দশ হইতে বিশ এই দুই সংখ্যার মধ্যে এক সংখ্যা, দশের ন্যূন নহে, বিশের অধিক নহে। দশকোষী···ষ্য. (সং তাল দেখ)। গীত-বিশেষ, প্রায়ই কীর্তন-গীতবিশেষ। দশচক্রে ভগবান্ ভূত—এক ব্যক্তির নাম ভগবান্ ছিল। দশজনে বলে, সে মানুষ নহে, ভূত। এইরূপ শুনিতে শুনিতে ভগবান্ শেষে নিজে ভূতযোনি বলিয়া বিশ্বাস করিয়াছিল। লক্ষণায়, দশজনের কুমন্ত্রণায় সাধুও অসাধু প্রতিপন্ন হইতে পারে। দশ-পঁচিশ খেলা···(প্রায়ই) নারী জনের

খেলাবিশেষ। কতকটা পাশা খেলার মতন। চারি জনে ৭টা কড়ী লইয়া খেলে, দুই দুই জনে এক পক্ষে। এক একজন কড়ী হাতে করিয়া চালিতে থাকে। এক কড়া কড়ী চিৎ হইলে ১০, পাঁচ কড়া চিৎ হইলে ২৫, "দান" ধরা হয়। ইহা হইতে খেলার নাম। **দশপুত্র বার** ··বালিকাদের ব্রতবিশেষ। পিঠলীর দশটা পুতুলা করিয়া পূজা করে। এই ব্রত বৈশাখ মাসে করা হয়। **দশবাহুচণ্ডী, দশবাইচণ্ডী**·· ষ্য. (গাছের বাহু—শাখা দেখিয়া এই নাম)। পুষ্প-শাকবিশেষ (The leopard flower. Belamcanda chinensis। পুরাতন নাম Pardanthus chinensis)। উদ্যানে রোপিত হয়। পাতা তরবারির মতন; দুই সারি। ফলের উপরে ফুল, ফুল বর্ষাকালে ফোটে, নির্গন্ধ। ফুলের বাহির-পিঠ হলুদা, ভিতর-পিঠ রক্ত-নারঙ্গা। ভিতর-পিঠে তিল-চিহ্ন আছে। **দশমাহী** ··ষ্য. (সং মাস। ফাং মাহ)। দশম-মাস সম্বন্ধীয় আদায়, দশম মাসে দিতে হয় যে রাজকর (জমিদারীঃ)। (ষষ্মাহী দেখ)। **দশমূল** ··ষ্য. (সং)। বেল শোণা গামার পারুল গণিয়ারী শাল পানি চাকুলা বৃহতী কণ্টকারী গোক্ষুর—এই দশ গাছের মূল (পাচন নিমিত্ত)।

দশর (গ্রাং) ··ষ্য. (সং দশহরা)। দশহরা, জ্যৈষ্ঠ শুক্লদশমী, পাঁজীর কৃত্যবিশেষ। **দশরা** ·ষ্য. (হিং)। দুর্গাদেবী-পূজায় বিজয়া-দশমী, দুর্গাপূজা।

দশা ··ষ্য. (সং)। অবস্থা; দুরবস্থা, প্রঃ—আহা, কি দশা হইয়াছে; ভাব, ঠাকুরের ভর হইলে যে উন্মাদ জন্মে (লোকের দশা হয়, লোকে দশা পায়); **দশী**। ব্য. অনুতাপে, প্রঃ—আঃ দশা!

দশী···ষ্য. (সং দশা)। বস্ত্রের অন্তসূত্র বা ছিলা, প্রঃ—খড়েতে ছিঁড়িয়াছে পাট কাপড়ের দশী (কৃত্তিঃ, অযোং)। **দশী-কাপড়** ··যে কাপড়ের দশী আছে। **দশী-সূতা** ··মোটা সূতা, দশীর তুল্য সূতা।

দস্ত...ষ্য. (ফাং)। হস্ত (তুং দস্তআনা—দস্তানা)। **দস্তক** ··ষ্য. (ফাং)। অনুমতি-পত্র, আদেশপত্র (জমিদারীঃ)

দস্তখৎ · ষ্য. (ফাং)। স্বীকারসূচক স্বাক্ষর। **দস্তখতী**··ণ. (ফাং)। স্বাক্ষরিত। **দস্ত বে-দস্ত** ··(ফাং)। এক হাত হইতে অন্য হাতে, হাতে হাতে (জমিদারীঃ)।

দস্তা···ষ্য. (সং যশদ। ওং জস্তা, মং জস্ত, হিং দস্তা)। ধাতুবিশেষ (zinc)।

দস্তা···ষ্য. (ফাং দস্তাহ্)। খলের মুষল, যেমন হামাম দস্তা। (দিস্তা দেখ)।

দস্তানা ··ষ্য. (ফাং। দস্ত দেখ)। হাতের মোজা।

দস্তাবেজ ··ষ্য. (ফাং দস্তাবীজ। ফাং দস্ত—সং হস্ত; হাতে যাহা লওয়া হয়, হাতে সাবধানে ধরা হয়)। লেখ্য প্রমাণ, দলীল। **দলীল-দস্তাবেজ** ..(সহচর শব্দ)।

দস্তী ··ষ্য. (ফাং)। হস্তসম্বন্ধীয়, হাত, প্রঃ—চারি দস্তীর কাঠা।

দস্তুর ··ষ্য. (ফাং)। নিয়ম, রীতি, চালি। **দস্তুর-মাফিক** ··(ফাং মুয়াফিক)। রীতি অনুসারে। **বে-দস্তুর**···নিয়মবাহ্য। **দস্তুরী** ··(ফাং)। রীতি অনুসারে প্রাপ্য।

দস্যি (গ্রাং) ··ষ্য. (সং দস্যু)। দস্যু, দুষ্ট, প্রঃ—দস্যি ছেলে (প্রায়ই আদরে)।

দহ...ধাতু. (সং দহ ধাতু)। দহি—পুড়ি, প্রঃ—পরাণ দহে বিরহে। দহা, দহন॥ (প্রায়ই পদ্যে)।

দহ, দ ··ষ্য. (দ দেখ)। নদীগর্ভে 'অতল' গর্ত, প্রঃ—কালী-দহ। দয়ে মজানা—নদীর দহে জলের ভ্রমি থাকে, এই হেতু দহের উপর দিয়া নৌকা-চালনায় বিপদের শঙ্কা করিতে হয়। ইহা হইতে, বিনাশে ফেলা।

দহরম মহরম ··ষ্য. (ফা° দর্হম-বর্হম—উলট-পালট)। মাখামাখি ভাব, আত্মীয়তা, বাধ্যবাধকতা।

দহলা··ষ্য. (দহ+লা)। তাসের দশ-ফোঁটা তাস।

দা···ষ্য. (সং দাত্র। ও°তে দা—কাস্তিয়া, তু° শূং পুঃ দাইআ—কাস্তিয়া দিয়া কাটিয়া)। কাটারী (দক্ষিণরাঢ়ে এই অর্থ অপ্রচলঃ)। দা-কাটা...কাটারী দিয়া কাটা, যেমন তামুক (ঢেঁকীতে কোটা নহে)। কাঠ-দা ··কাঠ-কাটা কাটারী (কবিকঃ)।

দাঁ, দাঁও ··ষ্য. (হি° দাঁৱ। সং দান)। সুযোগ। দাঁ মারা—সুযোগে লাভ করা।

দাই ··ষ্য. (সং ধাত্রী)। প্রসূতীর প্রসবকার্যে সাহায্য করিবার নারী; দুগ্ধপোষ্য শিশুর পালিকা মাতা।

দাইদ, দাদ ··ষ্য. (সং দদ্রু। পূর্ববঙ্গে দাউদ। ও° জাদু। হি° দাদ। বা°তে দাদ নহে)। দদ্রু—চর্মরোগবিশেষ (ring worm)। দাদমারি ··ষ্য. (সং দদ্রুমর্দন + ও° জাদু-খাই)। কাঞ্চনাদিবর্গের বন্য ক্ষুপবিশেষ (Cassia alata)। পাতা বড়, পর্ণও বড়, দশ বার জোড়া। ফুল বড় বড়, নারঙ্গা-পীত, শরৎকালে ফোটে। শুঁটীর দুই পাশে পাখনা থাকে। পাতায় দদ্রু বিনষ্ট হয় বটে, কিন্তু অত্যন্ত জ্বালা করে। (২) বর্ষাম্বুঃ শাকবিশেষ (Ammania baccifera, or vesicatoria)। বর্ষাকালে ক্ষেতের ধারে জন্মে। বহুশাখ, পাতা অভিমুখী, মৎস্যাকার। ফুলে দল নাই। ফল প্রায় গোল, এককোষ। কাঁচা পাতা ছিঁচিয়া দেহে লাগাইলে ফোস্কা উঠে।

দাইল ··ষ্য. (সং দালি। ও° জালি, দ স্থানে জ। ডাইল দেখ)। জাঁতায় ভাঙ্গা কলাই; রাঁধা দাইল। (কবিকঃ—সূপ)। দাইলপুরি ··ষ্য. (সং পূরিকা)। কচুরী-বিশেষ; দাইল-পোরা লুচী। বিঅলি দাইল ···বিঅলি দেখ।

দাউ-দাউ···বা. (সং দারু-অগ্নি, তু° দাবা-নল)। দীর্ঘ শিখা-সহ জ্বলনে, প্রঃ—ঘরের চাল দাউ দাউ করিয়া জ্বলিতে লাগিল।

দাউদী · ষ্য. (ফা°)। গুল-দাউদী—চন্দ্র-মল্লিকা দেখ।

দাঁও ··দাঁ দেখ।

দাওয়া···ষ্য. (সং দারু্ট—মন্ত্রণাগৃহ)। দ্বার-পিণ্ড, ঘরের সম্মুখের পিণ্ড, প্রঃ—(কবিকঃ)।

দাওয়া···ষ্য. (ফা° দাৱা)। প্রার্থনা, স্বত্ব-প্রমাণ-প্রার্থনা। দাওয়া দার···ষ্য. যে দাওয়া করে বা যার দাওয়া আছে। দাওয়া-দাবি · দাবি দেখ।

দাওয়াই···ষ্য. (আ° দৱা)। ঔষধ। দাওয়াই-খানা ··ঔষধালয় (বা°তে দাওয়াই তত প্রচলঃ নহে)।

দাওরা···দায়রা দেখ।

দাওলী···ষ্য. (সং দাত্র+বা° লী)। ঘাস উপড়াইবার ক্ষুদ্র কাস্তিয়াবিশেষ।

দাক্ষিণাত্য…ণ. (সং)।. দক্ষিণদেশীয়।…ষ্য. দক্ষিণাপথ (Deccan)।

দাখিল…ণ. (আং)। প্রবিষ্ট, সন্নিবিষ্ট, উপস্থিত, প্রঃ—কর দাখিল করা। দাখিলী…ণ. যাহা নিবিষ্ট করা হইয়াছে। দাখিল-খারিজ…সরকারী খাতায় জমির মালিকের নাম পরিবর্তন,এক নাম গিয়া অন্য নাম বসা (আদাঃ)। দাখিলা…ষ্য. (ওং নাম পাউতি —সং প্রাপ্তি)। খাজনা-প্রাপ্তি-স্বীকারপত্র। দাখিলার পাঠ…দাখিলায় যাহা লিখিতে হয়। চেক-দাখিলা…(ইং check)। যে দাখিলার পাঠ ছাপা এবং যাহার নকল থাকে।

দাগ…ধাতু. (সং দাহঃ—সং প্রাং দাঘো—দাঘ —দাগ। তুং ফাং দাগ—চিহ্ন)। দাগি— উত্তপ্ত লৌহাদি দ্বারা দগ্ধ করি, প্রঃ— গোরু দাগা, কামান দাগা; চিহ্নিত করি। দাগা॥ দাগ…চিহ্ন, কলঙ্ক, রেখা, অঙ্ক, প্রঃ—পাঁচের দাগ—পাঁচ অক্ষর চিহ্ন দেওয়া হইয়াছে যাহাতে। দাগনী… (দাগ ধাতু অনী)। যে লৌহ দ্বারা দাগা যায়। দাগা…দহন, চিহ্নকরণ, অঙ্কন; আদর্শ-চিত্র, প্রঃ—পাঠশালায় গুরুমশায় দাগা দেন—আদর্শ অক্ষর উল্লেখন করেন; মনে দুঃখের রেখা। দাগা বুলানা—গুরুমশায়ের দাগার উপর খড়ী বুলানা—ভ্রমণ করানা, অভ্যাস করা। খড়ী দাগা—খড়ী দিয়া লেখা। দাগ-রাজি…ষ্য. (দাগ—চিহ্ন, রাজি—রাজের কাজ)। পাকা বাড়ীর দেওয়াল কিংবা ছাতের চিড়-ফাট বালি-চুন দিয়া সংস্কার। দাগবিলি খতিয়ান…আসামীর তেরিজ, যে খাতায় প্রত্যেক প্রজার নাম, জমার ও জমির পরিমাণ লেখা থাকে। অন্য নাম খোকা। দাগী…ণ. (দাগ+ঈ)। চিহ্নবিশিষ্ট, কলঙ্কবিশিষ্ট। দাগা…ধাতু. (দাগ ধাতু আস্তে)। দাগানা॥ দাগা…ষ্য. (ফাং)। প্রবঞ্চনা, প্রঃ—দাগা দেওয়া। দাগাবাজ… ষ্য. (ফাং)। শঠ। দাগাবাজি…ষ্য. শঠতা। দাগাদার…ষা. (ফাং)। কলঙ্ক করে যে, দাগাবাজ, ফেরববাজ। দাগাদারি…কলঙ্ক-কর কর্ম।

দাঙ্গা…ষ্য. (হিং দঙ্গা। ফাং জঙ্গ—যুদ্ধ হইতে জঙ্গা—দঙ্গা)। মারামারি। দাঙ্গা-হাঙ্গামা (সহচর শব্দ)। দাঙ্গাবাজ… ণ. দাঙ্গাতে নিপুণ, দাঙ্গা প্রিয় যার।

দাড়…ষ্য. (সং ধারা। ওং দাড়ু)। অস্ত্র-শস্ত্রের ধারা।

দাঁড়…ষ্য. (সং দণ্ড)। কাঠী; ঘোড়া তুলিবার গায়ের কাঠী; চারি হাত পরিমাণের বাঁশ বা যষ্টি; নৌকার বহিত্র; পোষা পাখী বসিবার দণ্ড। দাঁড়-কাগ…কাগ দেখ, প্রঃ—হায় বিধি পাকা আম দাঁড়-কাকে খায় (ভাঃ)—যার যে যোগ্য নয়, তার তা পাওয়া। দাঁড়ী…ষ্য. (দাঁড়+ঈ)। যে নৌকার দাঁড় টানে, প্রঃ—ঝড়ে ডিঙ্গা হয় কাতি দাঁড়িতে ধরিতে নারে দাঁড় (কবিকঃ); (দাঁড়+ঈ—হ্রস্বার্থে)। দণ্ডাকার রেখা, তুলার দণ্ড। (দাঁড়ী দেখ)।

দাড়া, দাঢ়া…ষ্য. (সং দংষ্ট্রা, দাঢ়া)। কাঁকড়া চিংড়ী পিপিড়া প্রভৃতির সন্দংশ।

দাঁড়া…ষ্য. (সং দণ্ড)। জমির অন্তারী আইল বা শির; ধারা, ব্যবহার, প্রঃ—নকল লেখিয়া দিব লাউসেনী দাঁড়া (মাঃ)। উলুটা

দাঁড়া ··বিপরীত বা অসঙ্গত রীতি। ··ধাতু. (প্রাচীন দাণ্ডা)। দাঁড়াই—দণ্ডবৎ হই, যাইতে যাইতে থামি। দাঁড়ানা ॥ দাঁড়াইয়া আসা—সঙ্গে যাওয়া, ভয় দূর করিতে সঙ্গে যাওয়া। খাড়া দাঁড়ানা—সোজা দণ্ডায়মান হওয়া। খাড়া-দম দাঁড়ানা—বহুক্ষণ সোজা দাড়াইয়া থাকা। দাঁড়ানিয়া···ণ. (দাড়ানা+ইয়া)। যাহা দণ্ডবৎ থাকে, যাহা সোজা থাকে।

দাড়ি···ষ্য. (সং দাঢ়িকা। ও° দাঢ়ি)। শ্মশ্রু। দাড়ি কামানা—শ্মশ্রুর ক্ষৌরকর্ম। দাড়ি ফেলা—দাড়ি কামানা, দাড়ি না রাখা। চাপ-দাড়ি (চাঁপ নহে)···ঘন দাড়ি যেন চাপ হইয়া আছে। দাড়িয়া, দেড়ো ··ণ. (দাড়ি+ইয়া)। দাড়ি-বিশিষ্ট। (খোসা, মাকুন্দ দেখ)। বুকে বসিয়া দাড়ি উপড়ানা—অত্যাচার করা।

দাড়িম···ষ্য. (সং দালিম্ব, দাডিম্ব)। ডালিম দেখ।

দাঁড়ী···ষ্য. (সং দণ্ড। দাঁড় দেখ)। লেখায় ছেদসূচক ক্ষুদ্র উর্ধ্বরেখা (কষি—তির্যক্ রেখা)। দাঁড়ী দেওয়া—দণ্ডাকার রেখা করিয়া শেষ করা। দাঁড়ী টানা—দীর্ঘ উর্ধ্বরেখা করা। দাঁড়ীপাল্লা···ষ্য. (সং দণ্ডপালী। দণ্ড—দাঁড়+ঈ ক্ষুদ্রার্থে=দাঁড়ী, পালী—পাত্র—পাল্লা)। দাঁড়ীর দুই পাশে পালী ঝুলাইয়া দ্রব্য ওজন করিবার যন্ত্র, তরাজু।

দাঁড়ুকা···ষ্য. (সং দণ্ডিকা)। পায়ের নিমিত্ত লোহার বেড়ী, প্রঃ—দাঁড়ুকা সহিত ডুবি কাহাঁ বহি গেল (চৈঃ-চঃ)। (ডাঁড়ুকা দেখ)।

দাঢ়া, দাড়া···ষ্য. (সং দংষ্ট্রা, সংপ্রা° দাঢা)। দাড়া দেখ।

দাণ্ডা...ষ্য. (সং দণ্ড)। ছোট যষ্টি। দাণ্ডা-গুলী...গুলী-দাণ্ডা দেখ।

দাণ্ডা ··ধাতু. দাঁড়া ধাতু দেখ।

দাঁত···ষ্য. (সং দন্ত। মুখের কাটিবার, ছিঁড়িবার, চিবাইবার দন্ত; দাঁতের তুল্য উন্নতাবনত অংশ-পঙ্ক্তি, যেমন করাতের দাঁত। দুধিয়া, দুধো দাঁত...শিশুর দুগ্ধপোষ্য অবস্থায় যে দাঁত বাহির হইয়া পরে খসিয়া পড়ে (milk teeth)। সামনার দাঁত ···মুখের সম্মুখস্থিত দন্ত। কষের, কোয়াষের দাঁত···(মুখ-কোষ—কোআষ—কোয়াষ?)। মুখের গালের দিকের চিবাইবার দাঁত। চিরনী দাঁত ··(শিশুর) যে দাঁতের অগ্রভাগ চিরনীর তুল্য কাটা-কাটা। ফকলা, ফোকলা দাঁত···সমুখের দুই পাঁচটা দাঁত পড়িয়া গেলে কথা কহিবার সময় ফক্-ফক করে অর্থাৎ ফাঁক থাকে বলিয়া ফাকা-রব (ফাক-লা—ফকলা; কিংবা ফোকলা দেখ) বাহির হয়; যে দাঁতের পাটির সমুখের দুই পাচটা নাই। আক্কেল দাঁত ··মুখের কষের শেষের দিকের দাঁত। এই দাঁত ১৭ হইতে ২৫ বৎসর বয়সের মধ্যে উঠে। এই হেতু নাম (ইং wisdom teeth)। দাঁতুয়া, দেঁতো ··ণ. (দাঁত+উয়া)। দন্তসম্বন্ধীয়, দীর্ঘদন্তবিশিষ্ট। দেঁতো হাসি···যে হাস্য অন্তরের নহে, কেবল মুখের। দাঁত-কপাটি লাগা—দন্তরূপ কপাট বন্ধ হওয়া, হনুগ্রহ। দাঁতের পাটি ··(সং দন্তপঙ্ক্তি। ও° পাটি—দন্ত)। দন্তপঙ্ক্তি। বত্রিশ পাটি দাঁত ···মুখের দুই পাটি দাঁত (পূর্ণবয়স্ক ব্যক্তির

৩২টা দাঁত থাকে । ছুধিয়া দাঁত ২০টা)। দাঁত-কড়মড়ি ··ষ্য. (সং দন্তকড়মড়ি)। দাঁতে দাঁতে ঘর্ষণ দ্বারা কড়মড় শব্দ। দাঁত-খোঁটা···খড়িকা, যাহা দ্বারা দাঁতে লগ্ন দ্রব্যাদি বাহির করিয়া ফেলিতে পারা যায়। দাঁতে কুটা লওয়া, করা—দাঁতে তৃণ ধরিয়া অপরাধ স্বীকার করা (গোরু তৃণ খায় ; আপনাকে গোরু বলিয়া প্রচার করা)। বিষদাঁত ··বিষধর সর্পের যে দাঁত দিয়া গরল ক্ষরিত হয়। ছুই পাশের ছুই বিষ-দাঁতের নাম 'কাল', 'বিকাল'। বিষদাঁত ব্যতীত যে অন্য দাঁত, তাহার নাম আহার-দাঁত। দাঁত ··ধাতু. (দাঁত হইতে ধাতু দাঁতা হইবার ছিল)। দাঁতি—উদ্গত-দন্ত হই, প্রঃ—গোরু দাঁতিয়াছে। দাঁতা॥ দাঁতন ··ষ্য. (সং দন্তধারন—দন্ত-আঅন= দাঁতান হইবার ছিল। তুং ওং দাস্তুআনি —সং দন্ত-ধারনী। সং দন্তপরন ধরিলে দন্ত-অঅন—দাঁতন আসিতে পারে)। দন্ত-মার্জন ; দন্ত-মার্জন কাষ্ঠ। (সং দন্তধারন অর্থে দন্ত-মার্জন ও দন্তকাষ্ঠ)।

দাঁতা ··ষ্য. (সং নাগদন্ত। ডাঁসা, ঝন্‌কাঠ দেখ)। দ্বারের ছুই পাশের নাগদন্ত অর্থাৎ ভিত্তিতে প্রোথিতমূল দণ্ড। (ভিত্তির অন্য স্থানে হইলে ডাঁসা)।

দাদ...ষ্য. (হিং দাদ)। দাদ দেখ।

দাদ···ষ্য. (ফাং। তুং সং দা ধাতু হইতে দত্ত। তুং দাদন)। বিচার, ন্যায়বিচার (কোথাও কোথাও, প্রতিশোধ অর্থ আছে, প্রঃ— দাদ তোলা)। দাদ-ফরিয়াদ...ষ্য. (ফাং)। ন্যায়-বিচার প্রার্থনা। দাদ-বে-দাদ ··ন্যায়-বিচারের নিমিত্ত জেদ।

দাদন ··ষ্য. (ফাং। তুং সং দান)। দ্রব্য কিংবা কার্যের মূল্যস্বরূপ অগ্রিম দান। দাদনী···দাদনসম্বন্ধীয়।

দাদরা ··ণ. (সং। দর্দরঃ ঈষৎভগ্নভাজনে—মেঃ। ওং দদরা হাণ্ডি, দদরা না—নৌকা)। জীর্ণ, প্রায়-ভগ্ন, ঝাঁঝরা।

দাদরা···ষ্য. (সং দর্দুর—ভেক)। বাদ্যে তাল-বিশেষ, ভেকের প্লুতগতির তুল্য যাহার গতি।

দাদা···ষ্য. (সং তাত। ওং দদা, দদাই (বা ককাই), আসাং দদাই—খুল্লতাত,ওং দাদি (আসাং ককাই)—জ্যেষ্ঠতাত। তুং ইং daddy। হিং ভাঈ, মং ভাউ)। জ্যেষ্ঠ ভ্রাতা। (দাদার পত্নী—ভাইজ ; সম্বোধনে বউ। দাদা শব্দের স্ত্রীলিঙ্গ রূপ দিদী)। দাদাঠাকুর···ষ্য. (সং তাত—দাদা)। ব্রাহ্মণকে সম্বোধনে (শূদ্রাদি বলিয়া থাকে)। ঠাকুরদাদা ··ষ্য. ঠাকুরের—পিতার—তাত অর্থাৎ পিতামহ (ওং জেজে বাপা)। দাদা-শ্বশুর ··শ্বশুরের পিতা। দাদা-মশায় ··(দাদা-মহাশয়)। পিতামহ মাতামহ (সম্বোধনে)।

দাঁদাড়, দাঁদাল ··ধাতু. (সং দর্দর—ঈষৎ ভগ্ন-ভাজনে—মেঃ। অতএব দাঁদাড়া, দাঁদালা ধাতু হইবার কথা)। দাঁদাড়ি, দাঁদালি—লম্পঝম্প দ্বারা অতিশয় মর্দিত করি, প্রঃ—দাঁদুড়িয়া (কৃত্তিঃ কিং), মেঅটা ছেলে কোলে পিঠে চাপিয়া শরীরটা দাঁদালিয়া দেয়। দাঁদাড়া, দাঁদালা॥

দাদু···ষ্য. (সং দদ্রু)। দাদ, প্রঃ—কবিকঃ।

দান ··ষ্য. (সং)। পুণ্যার্থে বিতরণ, বিতরণ ; কড়ী ও পাশা খেলায় যত অঙ্ক পড়ে। দান-ধ্যান...ষ্য. (সং। সহচর শব্দ)। দান-

দক্ষিণা ··ষ্য. (সং। সহচর শব্দ)। দান যেমন দক্ষিণা তেমন—দানের পর দক্ষিণা দিতে হয় (নতুবা দানে পুণ্য হয় না। দানের মূল্য অনুসারে দক্ষিণার পরিমাণ হইয়া থাকে। দানী·· ষ্য. (দান ঈ—বিশিষ্ট অর্থে)। যে দান বা বেতন বা শুল্ক গ্রহণ করে, প্রঃ—অগ্রদানী; উৎকলের দানী রাখে চন্দন দেখিয়া। তাহা এড়াইল রাজপত্র দেখাইয়া॥ (চৈঃ-চঃ); সঙ্গে এক বট নাহি ঘাটী দান দিতে (চৈঃচঃ)—ঘাটী পার হইবার শুল্ক; বট—কড়া। দানুয়া, দেনো···ণ. (দান+উয়া)। দানের যোগ্য, প্রঃ—দেনো ঘড়া।

দান ··ষ্য. (ফা। তুং সংধান)। আধার, প্রঃ—শামা-দান। দানী···ষ্য. (ফা। তুং সং ধানী)। আধার, প্রঃ—নস্যদানী—নস্যধানী।

দানকোনী ··ষ্য. (সং দণ্ডোৎপল। অন্য সং নাম শঙ্খপুষ্পী)। বর্ষায়ুঃ বন্য শাকবিশেষ (Canscora decussata)। জলের ধারে ও ভিজা ক্ষেতে জন্মে। ডাঁটা চারি-কোণা। (সং দণ্ড—দান, ডাঁটা কোণা বলিয়া কোণী)। পাতা অভিমুখী, ত্রিশিরা। ফুল শাদা, চতুর্দল, বর্ষাকালে ফোটে।

দানকুনি, ডানকুনি···ষ্য. (সং দণ্ডিক)। শকলী মৎস্যবিশেষ (Perilampus laubuca)। চারি পাঁচ আঙ্গুল অপেক্ষা বড় হয় না। কাঁধের পাখনার উপরে একটা কাল চিহ্ন আছে।

দানা···ষ্য. (ফা)। শস্যবীজ; কলাই (হিং অর্থ), প্রঃ—ঘোড়ার দানা; অন্ন, প্রঃ—লোকের দানা মারা, দানাপানি—অন্নজল; ধান কলাই প্রভৃতি শস্যের তুল্য আকার, এই আকারের দ্রব্য, প্রঃ—গুড়ে দানা বাঁধে, মিছরির দানা; বয়স্কা নারীর সোনার কণ্ঠ-ভূষণবিশেষ। ইহা শস্য-বীজের আকারে নির্মিত হইয়া মাল্যাকারে কণ্ঠে পরা হয়।

দানা ··ষ্য. (সং দানব)। দানব। দানা পাওয়া—দানব-প্রাপ্তিত—দানাতে পাওয়া (তুং ভূতে পাওয়া)—মরিয়া পুনর্বার জীবিত হওয়া যেন দানব আসিয়া মৃতদেহে প্রবেশ করে। ভাল খাওয়া-পরা পাইলেও কেহ কেহ শুখাইয়া যায়। তখন বলা হয়, তাহাকে দানায় পাইয়াছে, কারণ, দানায় পাইলে লোকে খায় না, খাইলেও দেহ পুষ্ট হয় না।

দানিশবন্দ ··ণ. (ফা দানিশমন্দ)। ধর্মশীল (কবিকঃ)। (অপ্রচলঃ)।

দানী···ষ্য. (দান-দেখ)। যে দান, শুল্ক, কর গ্রহণ করে, প্রঃ—দানী নাহি ছোড়য়ে বিক্রম-লোভ (জ্ঞানদাস); যে চোরাই মাল রাখে, প্রঃ—দানী ভাঁড়া যায় (ভাঃ)।

দাপ···ষ্য. (সং দর্প)। দর্প, প্রতাপ। দাপট...ষ্য. (সং দর্প, দৃপ্ত)। প্রতাপ, পরাক্রম, প্রঃ—চরণের দাপটে পাষাণ হয় চুর (মাঃ)।

দাপনা · ষ্য. (সং দর্বি হইতে? আসাং দপনা—বৃহৎ একখণ্ড মাংস)। জানুর উপরে উরুর পেশী, প্রঃ—অঙ্গুলী মুড়িয়া যায় সাপিনী ফিরিয়া চায়, ছুঁয়ে যায় বাদিয়ার দাপনা (চণ্ডীঃ)।

দাব ··ধাতু. (সং দম ধাতু। তুং সং দমন—প্রাং দবন)। দাবি—শাসন করি, চাপি, প্রঃ—পাঁচনি-বেত্র বাম কক্ষে দাবই (জ্ঞান-

দাস)। দাবা॥ দাব ··স্ত্রী. দমন। দাবা·· ধাতু. (দমিত হইতে)। দাবাই—শাসিত করি। দাবানো॥

দাবড়া ··ধাতু. (দাপট হইতে)। দাবড়াই—পীড়ন, তর্জন করি। দাবড়ানো॥

দাবড়ি ··ষ্য. (দাপট হইতে)। দমন নিমিত্ত তর্জন। (দাবড়ি দেওয়া)।

দাবা ·সংরঞ্জ খেলা দেখ।

দাবি...ষ্য. (ফা°)। অধিকার, স্বত্বপ্রার্থনা (demand)। দাবিদার...ষ্য. অধিকার-প্রার্থী। দাবি-দাওয়া···ষ্য. (সহচর শব্দ)। দাবি। দাবিপত্র...ষ্য. দাবি যে কাগজে লেখা হইয়াছে।

দাম ··ষ্য. (সং দ্রম্য)। মূল্য। দামী···ণ. (দাম+ঈ)। মূল্যবান্।

দাম ··ষ্য. (সং দামন্—রজ্জু)। জলজ দল।

দামড়া ষ্য (সং দম্য—বৎসতর—স্ত্রেমঃ। দম্য—দাম+ড়া। ও° দামড়ি)। ছিন্নমুষ্ক বৃষ।

দামড়ি··ষ্য. (সং দ্রাম্য+ড়ি। হি° দমড়ী)। পয়সার অষ্টমাংশ।

দাম্না···ষ্য. (?)। শাখাশ্রয়ী-বর্গের পক্ষী-বিশেষ (The orange-headed ground-thrush. Geocichla citrina)। ১০।১২ আঙ্গুল। মাথা ও নীচের পালখ নারঙ্গ-খয়রা, উপরের নীলাভ। পক্ষে শাদা শাদা ফোঁটা আছে। বর্ণে পুং স্ত্রী বিভিন্ন।

দামামা ··ষ্য. সং দম্মম—দণ্ডঢক্কা—শব্দকল্প। ফা° দম্মামা)। বড় নাগরা। (অন্য নাম ধামামা)।

দামাল···ণ. (সং দন্ত+বা° আল=দন্তাল—দামাল)। দুরন্ত, প্রঃ—দামাল ছাবাল ছুটি (ভাঃ)।

দাম্পল ·ষ্য. (হি° দম্পল—বোধ হয়, সং তমাল শব্দ হইতে তমাল—দম্পাল। ও° নাম সত্যাম)। নাগকেশরাদিবর্গের মঠাম শ্যামল মধ্যমাকার তরুবিশেষ (Garcinia xanthochymus)। প্রায় মূল, বড় বড়, নিবিড় শ্যামল, চিক্কণ শাখা শ্যামল; ফুল শাদা সুগন্ধ, বসন্তকালে ফুটে। ফল পাতি-নেবুর মতন বড়, কুলের মতন চিক্কণ, কিন্তু অতি অম্ল। কেহ কেহ প্রায়। গোড়ার কাছ হইতেই বহু শাখা-প্রশাখা হয়। কেহ কেহ এই গাছকে তমাল বলিয়া ভুল করে। খাসিয়া পাহাড়ে, চট্টগ্রামে, ব্রহ্মদেশে ও দক্ষিণাপথে এই গাছ প্রচুর জন্মে। ওড়িশায় দুই একটা দেখিতে পাওয়া যায়।

দায় ··ষ্য. (সং—যৌতুকাদি দেয়)। নৈমিত্তিক ব্যাপার, নৈমিত্তিক ব্যাপারে ব্যয়; ক্ষতি-পূরণ; কর্তব্য, প্রঃ—কুল-পীড়ির দায় থাকুক সন্তাষ না পায় (কবিকঃ)। দায়-গ্রস্ত···ণ. (সং)। নৈমিত্তিক কর্ম করিতে হইবে যাহাকে। কন্যাদায়···কন্যার বিবাহ-রূপ কর্মে ব্যয়। পিতৃ-মাতৃদায়···পিতামাতার শ্রাদ্ধাদি কর্মে ব্যয়। পেটের দায়...অন্ন-চিন্তা। দায়-দৈব ··দায়কর্ম ও দৈবকর্ম (প্রায় সহচর শব্দ)। দায়-দফা . দায় এবং অন্য বিষয়, (দফা দেখ)। দায় পড়া—কর্তব্য প্রতিপালনে বাধ্য হওয়া। দায়ী ···ণ. (সং)। যাহাকে দায়ে পড়িতে হইয়াছে।

দায়র, দায়ের ণ. (ফা° দায়র)। যাহার নিষ্পত্তি করিতে হইবে। দায়ের করা—মকদ্দমা রুজু করা (আদাঃ)। দায়রী,

দায়েরী ..ণ. যাহা বিচারনিমিত্ত উপস্থিত করা হইয়াছে।

দায়রা...ষ্য. (আ° দৌরা—পরিভ্রমণ)। জজের দ্বারা ফৌজদারী বিচার। দায়রা সপরদ্দ করা ..জজের ফৌজদারী বিচারে ফেলা।

দার ..প্রত্যয়. (ফা°। তু° স° ধর) যার আছে বা যে করে রাখে, প্রঃ—জমিদার —যার জমি আছে, গড়ন-দার—যে গড়ন করে অর্থাৎ গড়ে, শিঙ্গাদার—শৃঙ্গধর, হিস্সাদার—অংশদার (গ্রা° অংশিদার)।

দারি...প্রত্যয়. কর্ম অর্থে। দারী ..প্রত্যয়. সম্বন্ধীয় অর্থে, প্রঃ—জমিদারী সেরেস্তা।

দারা...ষ্য. (স° দারঃ—পুংলিঙ্গ। বহুবচনে দারাঃ। এই বহুবচনে প্রয়োগ হইয়া থাকে। ভার্য্যা জায়াহথ পুং ভূম্নি দারাঃ স্যাৎ—অঃ)। পত্নী, প্রঃ—দারা সুতা—স্ত্রী ও কন্যা।

দারী...ষ্য. (স° দার—পত্নী+ঈ—বিশিষ্ট অর্থে। তু° ও° দারী—বেশ্যা)। স্ত্রীবিশিষ্ট, প্রঃ—দারী সন্ন্যাসী করি আমারে কহিবে (চৈঃ চঃ)। (অপ্রচলঃ)।

দারু ..ষ্য. (স° বিদারক)। বারুদ। (এই অর্থ ও°তে। বা°তে অপ্রচলঃ)।

দারু ..ষ্য. (ফা°)। মদ। (ইতর লোকের ভাষায়)।

দারুচিনী, দারচিনী . ষ্য. (স° দারু—কাষ্ঠ; কাষ্ঠ মিষ্ট বলিয়া চিনী। স° নাম গুডত্বক্— ত্বক্—বল্কল মিষ্ট বলিয়া)। দক্ষিণভারতের সুগন্ধ তরুবিশেষ (The Cinnamon tree. Cinnamonum zeylanicum)। পাতা পুরু, উপর পিঠ চিক্কণ, ত্রি-শিরা। শুখনা ছাল পানের ও রাঁধিবার মশলা। তেজপাতের গাছও দেখিতে এই প্রকার। তেজপাতের ত্বক্‌কে লোকে দারুচিনী বলিয়া ভুল করে। তেজপাতের গাছ খাসিয়া পাহাড়, ত্রিপুরা, ব্রহ্মদেশে জন্মে।

দারুব্রহ্ম ..ষ্য. (স°)। জগন্নাথ। দারুব্রহ্মা ...ষ্য. (স°)। বিশ্বকর্মা (কবিকঃ)। দারু-হরিদ্রা ষ্য. (স°)। হিমালয়ের কণ্টকী ক্ষুপ-বিশেষ (Berberis aristata)। কাষ্ঠ হরিদ্রাবর্ণ, মূলও হরিদ্রাবর্ণ, তিক্ত। ঔষধে লাগে।

দারোগা ..ষ্য. (ফা°)। তত্ত্বাবধায়ক ; পুলিশ চৌকীদার ও কনষ্টবলের নায়ক। দারোগা-গিরি ..ষ্য. দারোগার কর্ম।

দারোয়ান (গ্রা°) ..দরোয়ান দেখ।

দাল ষ্য. (হি° দাল)। দাইল দেখ।

দালনা ..ষ্য. (স° দাল—দলন+না)। দলিত করিয়া রাঁধা তরকারি, ঘণ্ট।

দালান ..ষ্য. (ফা°। তু° স° অলিন্দ)। বৃহৎ কক্ষ ; অট্টালিকা। দর-দালান .কক্ষের অন্তর্গত কক্ষ, অট্টালিকার ঘেরা বারাণ্ডা।

দালাল ..ষ্য. (আ° দল্লাল)। ক্রয়বিক্রয়ের মধ্যস্থ। দালালি...দালালের কর্ম, দালালের প্রাপ্য বেতন। ফোঁপল-দালালি ..(ফোঁপল দেখ)। ফোঁপল—ফাঁপা+নারিকেল—যে নারিকেলের অঙ্কুর উদ্গত হইতেছে, তৎ-তুল্য অসার দ্রব্যের বা কর্মের মধ্যস্থ, নিরর্থক মধ্যস্থ।

দালিম...ডালিম দেখ।

দাস...ষ্য. (স°)। ভৃত্য ; ধীবর, কৈবর্ত ; শূদ্র জাতি। দাস-খৎ ..(পূর্বকালে, কোথাও কোথাও অদ্যাপি, দাস-দাসীর ক্রয়বিক্রয় হইত)। দাসবিক্রয়পত্র, প্রঃ—রাই পাঠাল

মোরে, দাসখৎ দেখাবার তরে (চণ্ডীঃ)। দাসী ··ভৃত্যা; ধীবরী; শূদ্রা (শূদ্রা নারীর নামের পরে বসে)। (প্রকৃত দাসী—যে নারী ক্রয় করা হইয়াছে। ইহা হইতে চাকরানী। ক্রীতদাসী অর্থ ও°তে আছে)। অধুনা বা°তে দাসী শব্দ স্থানে ঝী, চাকরাণী, প্রচলঃ হইয়াছে।

দাস্যা...ষ্য. (স° দাসী শব্দের ষষ্ঠীর রূপ দাস্যাঃ। বোধ হয় দাস্যাঃ সদৃশী হইতে)। বিধবা শূদ্রার নামের পরে বসে। (সধবা কিংবা অবিবাহিতা শূদ্রা নারী—দাসী)।

দাস্ত ··ষ্য. (ফা° দস্ত)। মলত্যাগ, বাহ্যে। দাস্ত খোলা—মল নির্গত হওয়া।

দাহ··ষ্য. (স°)। ভস্মীকরণ; শব-দাহ; জ্বালা, গাত্র দাহ।

দি···ধাতু. (স° দা ধাতু। বা° দেআ, দেওয়া; ও° দেবা, হি° দেনা, ম° দেণেঁ। চারি ভাষাতেই দি স্থানে দে হইয়াছে)। দি-ই—দান অর্পণ স্থাপন রক্ষা নির্বাহ সম্পাদন করি। দেওয়া, দেআ ॥ (স° দা ধাতুর তুল্য বা° দি ধাতুর নানা অর্থ হয়)। ঋণ দেওয়া—অর্পণ; শোধ দেওয়া—ঋণ প্রত্যর্পণ; প্রাণ দেওয়া—ত্যাগ; কান দেওয়া—শ্রবণ; চোখ দেওয়া—দর্শন; সময় দেওয়া—নির্দিষ্ট সময় বর্ধন; রোদে দেওয়া—স্থাপন; মন দেওয়া—মনোযোগ; বাক্য, কথা দেওয়া—প্রতিজ্ঞা; কপাট দেওয়া—রোধ; পরীক্ষা দেওয়া—পরীক্ষায় উপস্থিত হইয়া উত্তর দান; ইত্যাদি। অন্য ক্রিয়ার সহিত কর্ম-নিষ্পত্তি বুঝায়, প্রঃ—করাইয়া দেওয়া, শোনাইয়া দেওয়া, বলিয়া দেওয়া, খুলিয়া দেওয়া, ইত্যাদি। দেআ (দেওয়া) থোআ—দান ও স্থাপন, দেওয়া। খাওয়া-দাওয়া—(খাওয়া আছে বলিয়া দেওয়া না হইয়া দাওয়া)—স্বয়ং ভোজন ও অন্যকে ভোজ্যদান। অনুজ্ঞা পদে, দেও, দাও দুই-ই হয়। (ব্যাকরণ দেখ)। দেআ···ধাতু. (দি ধাতু আস্তে)। দেআনা ॥ (দেওয়ানা রূপ দেওয়া রূপের তুল্য নিরর্থক)। (দিয়া, দেনা দেখ)।

দি, দিগ বিভক্তি. (স° আদি, আদিক হইতে। ব্যাকরণ দেখ)। বহুবচনে, প্রঃ—বালকদি-কে বালকদিগ-কে বলিবে।

দিক, দিগ··ষ্য. (স° দিক্। স° দিশ্ হইতে। ও° দিগ)। পূর্বাদি দিক্; পার্শ্ব, পক্ষ, প্রঃ—বাঁ দিক্—বাম পার্শ্ব, দু দিক্ হারানা—দুই পক্ষ, দুই কল্প; দশ অঙ্ক। চৌদিক, চৌদিগ...চতুর্দিক। দিক্ বাঁধ ষ্য. বন্যা হইতে গ্রামরক্ষার্থে গ্রাম সীমানায় বাঁধ। দিগ্-বিদিক্ ··ষ্য (স°। প্রায় সহচর শব্দ)। চারি দিক্ ও চারি বিদিক্—চারিদিকের মধ্যবর্তী প্রদেশ। দিগ্-বিদিক্জ্ঞানশূন্য···ণ. (স°)। দিশা-হারা।

দিক ··ণ. (আ°)। বিরক্ত, ক্লিষ্ট। দিক্দারি, দিগ্দারি · ষ্য. বিরক্তি, ক্লেশ। দিক্-সিক ··ণ. (সিক—প্রচর শব্দ?)। ত্যক্ত-বিরক্ত।

দিগ্গজ ··ষ্য. (স°)। পুরাণে অষ্ট গজ দ্বারা অষ্টদিক্ (দিক্ ও বিদিক্) রক্ষিত হইয়াছে। দিগ্গজ পণ্ডিত ··পাণ্ডিত্যে দিক্হস্তীতুল্য, সর্বশাস্ত্রের রক্ষক। দিগ্দিগন্তর...ষ্য. (স°)। নানা দেশ। দিগ্ভুল···দিক্ভ্রম।

দিগর···বিভক্তি. (ফা°)। এবং অন্যে, প্রঃ—ফলমূল দিগর—ফলমূল প্রভৃতি।

দিগার, দিগের (গ্রা°)···ষ্য. (দিক+আর—যে দিক—দেশ রক্ষা করে)। চৌকীদার। (প্রাচীনকালে দিগার নাম ছিল। কোটালের অধীনে দিগার থাকিত। অদ্যাপি দিগার শব্দ প্রচলঃ আছে)। প্রঃ—দিগার কোটাল প্রজা সদ্দার সকল (মাঃ)। দিগারি...ষ্য. দিগারের কর্ম, প্রঃ—পঞ্চাশ কাহন চাই আমার দিগারি (কবিকঃ)। দিগার-কোটাল ··(সহচর শব্দ)। চৌকীদার।

দিঠি ··ষ্য (স° দৃষ্টি)। দৃষ্টি, প্রঃ—কি ভুরু-ভঙ্গিমা দিঠি সুরঙ্গিমা যোগিজন মন হরে (পদ্যে); থাক মোর দিঠে (শূৎ পুঃ)—দৃষ্টিতে—নিকটে; দ্বাদশ অঙ্গুলী করিয়া কাঠি সূর্য্যমণ্ডলে দিয়া দিঠি (খনা)—শঙ্কু দ্বারা ছায়া পরিমাণ করিতে "সূর্য-মণ্ডলে দৃষ্টি দিয়া" অর্থ হয় না। অর্থ করিতে হইবে,. সূর্যের দিকে রাখিয়া বা ধরিয়া।

দিঢ় (গ্রা°)···ণ. (স° দৃঢ়)। দৃঢ়।

দিদী, দিদি ··ষ্য. (হি° জীজী। দ স্থানে জ হয়। ও° রাজপরিবারে জেজে, অন্যত্র অপ্পা। স° দুহিতা—পালি ধি হইতে ধি-ধি—দিদি ? বোধ হয় দাদা হইতে দাদী—দিদী) জ্যেষ্ঠা ভগিনী। দিদী-মা ঠাকুর-মা, পিতামহী মাতামহী (সম্বোধনে)। দিদী-শ্বাশুড়ী···শ্বশুরের মাতা।

দিন···ষ্য. (স°)। সূর্যোদয় হইতে অপর সূর্যোদয় (দিবস); সূর্যোদয় হইতে সূর্যাস্ত পর্যন্ত সময় (দিবা), প্রঃ—দিনের বেলা, দিনমান—দিন পরিমাণ; সময়, প্রঃ—দিন থাকিতে টাকার জোগাড় করা। দিনক্ষণ ··(স°। সহচর শব্দ)। শুভ দিন। দিনকাল···(স°। সহচর শব্দ)। কাল, প্রঃ—যে দিনকাল পড়িয়াছে। দিনরাত, দিনরাত, রাতদিন, রাতদিন ·· রাত্রিদিন, অহোরাত্র; নিরন্তর। দিনে-দুপরে ··দিনের বেলা, দুপ্রহর সময়ে। বড় দিন ··খ্রিষ্ট-জন্ম উপলক্ষে খ্রিষ্টানদিগের পর্ব (উৎসব বলিয়া বিশেষণ, বড়)। আজ মাসের ক দিন···সৌর মাসের দিনসঙ্খ্যা। আজ পাঁচদিন বা পাঁচই, বারদিন বা বারই, (দিন—ই)। চিরদিন···দীর্ঘকাল, প্রঃ—চিরদিন পরে পাইয়াছি লাগ আর না দিব ছাড়িয়া (জ্ঞানদাস)।

দিনায় ··ষ্য. (স° দৈনিক ?)। দৈনিক, প্রঃ—দিনায় রোজনামা—দৈনিক আয়ব্যয় হিসাব (জমিঃ)।

দিনামার···ষ্য. (ই° Denmark)। ডেনমার্ক দেশীয় লোক, ভাষা।

দিনিকা, দিনকা···ষ্য. (স° দিনিকা)। এক দিন কৃত কর্মের বেতন, একদিন নিমিত্ত ভৃত্য।

দিবস ··ষ্য. '(স°)। অহোরাত্র। বা°তে সূর্যোদয় হইতে পরসূর্যোদয়। এই হেতু সোমবার রাত্রি বলিলে সোমবার দিন ও সে দিনের রাত্রি বুঝিতে হয়।

দিবা···ষ্য. (স°)। সূর্যোদয় হইতে অস্ত পর্যন্ত কাল, প্রঃ—দিবামান। দিবানিশি··· (নিশি দেখ)। দিবারাত্রি।

দিবি-দিবি ··ষ্য. (? ই°তেও Divi-Divi)। কৃষ্ণচূড়াদিবর্গের ছোট তরুবিশেষ (Cæsalpinia coriara. The American sumach)। আমেরিকা হইতে আনীত।

ফুল ছোট ছোট হলুদা, শরৎকালে ফুটে। শুঁটী পাক-দেওয়া। কষায় রসের জন্য প্রসিদ্ধ। বোম্বাই প্রদেশে গাছ জন্মিতেছে।

দিব্ব (গ্রা°)..ষ্য. (সং দ্রব্য)। দ্রব্য।

দিব্বি (গ্রা°)...ষ্য. (সং দিব্য)। শপথ, (দিব্বি করা, গালা)।..ণ. মনোহর, প্রঃ—দিব্বি ছেলেটি।

দিমাক...দেমাক দেখ।

দিয়ড়ি ..ষ্য. (সং দীপ্তি। "জ্বলন্ত দীপতি"—কৃত্তিঃ অরং)। মশাল, প্রঃ—দিয়ড়ি ধরে দানাগণ (কবিকঃ)। (এখন কেবল উপমায় দিয়ড়ি শব্দ চলিত আছে, প্রদীপ যখন অত্যন্ত দীপ্ত হইয়া উঠে, তখন বলা যায়, যেন দিয়ড়ি জ্বলিতেছে। সং দীপিকা—মশাল)।

দিয়া...ব্য. (সং দ্বারা হইতে? ব্যাকরণ দেখ)। দ্বারা, প্রঃ—ছুরি দিয়া কাটা, কলম দিয়া লেখা। (দি ধাতু ধরিলে অর্থ হয় না। সং আ-দা ধাতু হইতে পারে)।

দিয়ালা...দেওআলা দেখ।

দিয়ালী...ষ্য. (সং দীপাবলী, দিপালী)। কার্তিক অমাবস্যায় দীপাবলী-উৎসব।

দিয়াশলাই...ষ্য. (সং দীপশলাকা)। দীপ শলাকা।

দিল...ষ্য. (ফা°)। মন। দিল-খোষ.. প্রফুল্লমন; যে বা যাহা মন প্রফুল্ল করে। দিল-দরিয়া ..সমুদ্রতুল্য বদান্য। দিলদার ...ণ. মহানুভব। বে-দিল...ণ. অনিচ্ছুক।

দিলাসা...ষ্য. (ফা°—সান্ত্বনা)। শপথ।

দিল্লীকা লাড্ডু...দিল্লী নগরে প্রস্তুত লাড্ডু—দেখিতে সুন্দর, কিন্তু স্বাদে কদর্য।

দিশ...ষ্য. (সং)। দিক্, প্রঃ—চৌদিশে কত আছে আনে (জ্ঞানদাস)। (অপ্রচলঃ)। দিশ-পাশ ..(দিশ—দিক, পার্শ্ব—পাশ; অতএব সহচর শব্দ)। দিক; লেখা-জোখা, গণনা; রীতি (সং দিশ, দিক অর্থে রীতি আছে), প্রঃ—কাজের দিশপাশ নাই।

দিশা ..ষ্য. (সং)। দিক, রীতি, সন্ধান, প্রঃ—কাজের দিশা পাওয়া যায় না; প্রঃ—ফিরে যায় বাসা না পায় দিশা (খনার বচন); ততঃ কথাদিশা (চৈতন্যমঙ্গল)—কথার সুর (ওংতে দিশা—গানের সুর)। দিশা-হারা ..ণ. দিক্‌ভ্রান্ত। দিশা লাগা—দিশাহারা হওয়া।

দিষ্ট (গ্রা°) ..ণ. (সং দৃষ্ট)। দৃষ্ট। দিষ্টান্ত (গ্রা°) ..ষ্য. (সং দৃষ্টান্ত)। উপমান, দৃষ্টান্ত। দিষ্টি (গ্রা°) ..ষ্য. (সং দৃষ্টি। তুং দিঠি)। দৃষ্টি।

দিসি ..ষ্য. (সং দিবস)। দিবস, প্রঃ—নিশি-দিসি কাঁদি (চণ্ডীঃ), নিশি-দিসি তুয়া সেবি রচিল মুকুন্দ কবি (কবিকঃ); —দিবানিশি। (নিশি ইকারান্ত হওয়াতে দিসি ইকারান্ত)।

দিস্তা ..ষ্য. (ফা° দস্তা)। ২৪ তা কাগজ; হামামের ডাঁটি (হামামদিস্তা—খল ও মুষল)।

দীঘল...ণ. (সং দীর্ঘ—দীঘর—দীঘল)। দীর্ঘ। দীঘলিয়া...ণ. (দীঘল+ইয়া)। দীর্ঘ, দীর্ঘপ্রায়।

দীঘি...ষ্য. (সং দীর্ঘিকা)। বৃহৎ সরোবর।

দীন...ণ. (সং)। দরিদ্র, দুঃখিত। দীন-দুঃখী, দীন-দরিদ্র। দীন-হীন.. ণ. (সং। সহচর শব্দ)। দুঃখী, দরিদ্র।

দীন...ষ্য. (আ°)। ধর্ম, মুসলমান ধর্ম। বে-দীন . ণ. অধার্মিক।

দীয়া, দী · ষ্য. (সং দ্বীপ। ব্যাকরণ দেখ)। জল বেষ্টিত ভূমি. নূতন উৎপন্ন ভূমিখণ্ড।

দু ··ধাতু. দুহ ধাতু দেখ।

দু ··দুই দেখ। সমাসে দুই স্থানে দু, দো হয়। প্রঃ—দু-খানি, দু-তলা, দু-কাঠি।

দুঃখিত ··ণ. (সং)। দুঃখী, দরিদ্র, প্রঃ—দুঃখিত কাঙ্গাল আনি করায় ভোজন (চৈঃ চঃ)। (ও'তে)।

দুঅ ··ণ. (সং দুর্ভাগ)। দুর্ভাগ্য (ধিক্কারে)। ···ব্য. (সং ধূত হইতে। ধুৎ দেখ)। ভর্ৎসিত, নিরস্ত, নিন্দায়, প্রঃ—দুঅ, হেরে গেল।

দুঅ-ভাষা ··ষ্য. (সং দ্বিভাষা)। দ্বিমত, সন্দেহ।

দুআ-ভূআ ··ষ্য. (বোধ হয় দ্বিভাষা হইতে)। সন্দেহ, প্রঃ—দুই এক মাসে রঙ্গ করে দুআ-ভুয়া। তিন এক মাস হতে চিহ্ন গেল পাওয়া॥ (মাঃ)—দুই এক মাসে গর্ভের লক্ষণে সন্দেহ ছিল। (দুয়া-ভুয়া বানানও আছে। শব্দটি প্রায় অপ্রচলঃ)।

দু-আওরি...ণ. (দুবার হইতে। তুং দোবারা)। দুই বার করিয়া।

দুআনি ··ষ্য. টাকার অষ্টমাংশ মুদ্রা। টাকা দেখ।

দুই ··ণ. ষ্য. (সং দ্বৌ)। দুই সংখ্যক, দুই সংখ্যা, ২। (অন্য শব্দের সহিত সমাসে পূর্বে বসিলে দুই স্থানে দু, দো হয়। যথা, দু-গুণ, দু-বার, দু-তলা, দো-কর, দো-রসা)। দুই-এ যাওয়া—মলত্যাগের অনুমতি পাইবার নিমিত্ত গুরুমশায়কে পাঠশালার পড়ুয়া দুই অঙ্গুলী প্রদর্শন করে। দুই-এর বাহির, দুই-এর বার ··ইহা উহার বাহির, অযোগ্য; কোন কাজের নয়। দু-এক, দু-তিন, দু-চারি···অত্যল্পসংখ্যক।

দু-কাঠি ··ষ্য (দুই+কাঠি)। দুইটা কাঠি, প্রঃ—দু-কাঠি বাজাইলে ঝগড়া হয়।

দু-কুল ··ষ্য. (দুই+কুল)। দুই বংশ, মাতৃকুল পিতৃকুল।

দু-কূল ··ষ্য. (দুই+কূল)। নদীর দুই তট।

দুখ ··ষ্য. (সং দুঃখ)। দুঃখ, ক্লেশ। দুখী··· ণ. (সং দুঃখী)। দুঃখী; স্ত্রীং দুখিনী। দুখ-সুখ, সুখ-দুখ ··সুখ-দুঃখ।

দু-খান...ষ্য. (দুই খানা)। দুই খণ্ড, দুই স্থান, প্রঃ—দুটা দুখানে হইলেই মঙ্গল —যেমন সন্তান-প্রসবকালে।

দুগ্‌গন্ধ (গ্রাং)...ণ. (সং দুর্গন্ধ। পালি দুগ্‌গন্ধ)। দুর্গন্ধ।

দুগ্ধাল···ণ. (সং দুগ্ধ+বাং আল)। দুধাল, প্রঃ—দুগ্ধাল ধেনু (কৃত্তিঃ, অযো)।

দু চালা ··চাল দেখ।

দু-চোখুয়া, দু-চোখো · ণ. (দুই+চোখ+উয়া)। দুই দিকে—ভাল মন্দ—হিত অহিত—দৃষ্টি যার।

দু-টানা ··ণ. দুই দিকে মনের টান যার।

দুড়্-দুড়, দুর্-দুর ··ব্য. (দড়্-দড়, দুর্-দুর দেখ)। সং দুল ধাতুও আসে)। গর্জনে, প্রঃ—মেঘ দুড়্ দুড় করে—যেন বিদীর্ণ হইতে থাকে; দুড়-দুড় দুড়-দুড় করে বিমুখিয়া ঝড় (কবিকঃ)—ঝড়ের গর্জনে।

দুৎ...ব্য. ধুৎ দেখ।

দুতীয়া (গ্রাং)...ষ্য. (সং দ্বিতীয়া। ওং দুতীয়া, হিং দুতীয়া)। দ্বিতীয়া তিথি।

দুঁদিয়া, দুঁদো...ণ. (সং দ্বন্দ্ব+ইয়া)। কলহকারী, একগুঁয়া।

দুধ…ষ্য. (সং দুগ্ধ। ওং দুধ্; প্রায়ই, নিত্যানি—নিত্য যে পানি লাগে; হিং মং দূধ)। স্তনদুগ্ধ, বৃক্ষাদির ক্ষীর বা শাদা রস। দুধ আওটানা, ফুটানা, জ্বাল দেওয়া—পাক করা। দুধ ছেঁড়া, কাটা—বিকৃত হওয়া। দুধের বেসালি, দুধের কেঁড়ো…দেখ। দুধের বলক তোলা—বলক দেখ। দুধ দেওয়া—দুগ্ধদান, পানার্থে দান, দুধ খাইতে দেওয়া। দুধ তোলা—বমন। দুধ নামা—স্তনে দুধ আসা। কুলায় শুয়ে দুধ খায়—নবজাত শিশুকে কুলাতে শোআনা হইয়া থাকে; উৎপ্রেক্ষায়, তৎতুল্য শিশু। কচি ছেলে তুলায় দুধ খায়—উৎপ্রেক্ষায়, নবজাত শিশু যে কিছু বুঝে না, জানে না। গলা টিপিলে দুধ বাহিরায়—এত শিশু যে দুগ্ধ পান করিয়া জীবিত আছে। দুধের ছেলে·দুগ্ধপোষ্য শিশু। দুধে-আলতা…ণ. দুধে অল্প অলক্ত মিশাইলে যে রঙ্গ হয়, পাটলবর্ণ। দুধ-কলমী··কলমী দেখ। দুধ-কম্বল·প্রসবের পূর্বে গাভীর দুগ্ধসঞ্চার হেতু স্তনের নিকটবর্তী স্থানের স্ফীতি। (কম্বল, তুং গলকম্বল)। দুধ-কুসুমা··ষ্য. দুধ দিয়া ঘোটা সিদ্ধি, প্রাঃ—দুধ কুসুম্ভায় আজি হয়েছে বাসনা (ভাঃ)—(কুসুম্ভা অর্থে সিদ্ধি নাই। কুসুম—বোধ হয় সিদ্ধির কুসুমজটা। পাতার সহিত ফুলও ঘোটা হয়)। দুধ-খড়ী··ষ্য (সং·দুগ্ধপাষাণ)। শ্বেতবর্ণ পাথর, এমন খড়ী যাহা দিয়া শাদা লিখিতে পারা যায়, কিন্তু ফুলখড়ী নহে। দুধিয়া··ণ. (দুধ+ইয়া)। দুগ্ধযুক্ত, দুগ্ধের তুল্য। দুধিয়া কেঁচো··কেঁচো দেখ। দুধিয়া দাঁত··দাঁত দেখ। দুধিয়ালতা…ষ্য. (সং নাম দুগ্ধিকা, তিক্তদুগ্ধ)। অর্কাদিবর্গের দীর্ঘায়ুঃ লতাবিশেষ (Oxystelma esculentum) পাতা সরু, ফুল বড় বড় শাদা, ভিতরে গোলাপী। গ্রীষ্মকালে পাতা ঝরিয়া পড়ে। বীজে তুলা আছে। গাছ বেড়ায় চড়ে, জঞ্জাল করিয়া থাকে। গাছের রস দুধের মতন বলিয়া নাম।

দু-ধারী··ণ (দুই+ধার+ঈ)। দুই পার্শ্বে অবস্থিত, প্রাঃ—দুধারী দোকান।

দুধাল…ণ. (দুধ+আল)। যে (গাই) দুধ দিতেছে, যে অধিক দুধ দেয়। (খাড় গাই—যে গাই দুধ ছাড়াইয়াছে)।

দুন···ণ. (সং দ্বিগুণ)। তাল দেখ।

দুনা··ণ (সং দ্বিগুণ)। দ্বিগুণ, প্রাঃ—দুনা দাম; দুনা বর্ষা ঊনা শীত—যে বৎসর অধিক বর্ষা হয়, সে বৎসর শীত কম হয়।

দুনিয়া··ষ্য. (আং)। জগৎ। দুনিয়া-দারি··জগতের কাজ, সংসারধর্ম। দুনিয়া-দারি মুসাফীরি সেরেফ আনা জানা—মুসাফীর যেমন কোথাও স্থায়ী হয় না, লোকও তেমন সংসারে আসিতেছে যাইতেছে।

দুপ··ব্য. (সং স্তূপ হইতে)। স্তূপের পতনশব্দ (প্রায়ই ধুপ)। দুপ-দাপ··ব্য. (দাপ—প্রচুর শব্দ)। দুপ্ শব্দে।

দুপর··ষ্য. (সং দ্বিপ্রহর)। দুই প্রহর বেলা, মধ্যাহ্ন কাল। দু-পহরিয়া··ষ্য. (হিং ও নাম)। বাঁধুলী দেখ। পুষ্পশাকবিশেষ। দেড় হাত উচা হয়। ফুল গাঢ় রক্তবর্ণ, সাত রাত্রি ফুটে। মধ্যাহ্নে ফুল ফুটে বলিয়া নাম। বন্য গাছ, কিন্তু উদ্যানের শোভা।

দু-পাক…ণ. (সং দ্বিপক)। দুইবার পক; দুইবার পাক দেওয়া হইয়াছে যে দোড়ী বা সুতা।

দু-ফাল…ণ. (দুই ফালি)। দুই ফালি বা খণ্ড করা হইয়াছে যাহা, প্রঃ—শরে বিন্ধে দুফাল করিতে পারি সিলে (মাঃ)—শিলাকে।

দুব্বল (গ্রাং) ‥দুর্বল।

দুব্বা (গ্রাং)…দূর্বা দেখ।

দু-ভাপা ‥ণ. দুইবার ভাপানা, যেমন চাল। (ভাপা দেখ)।

দুম্-দুম…দম্-দম দেখ।

দুমড়া (গ্রাং)…ধাতু. (দু-মুখ+ড়া—দুমুহড়া—দুমড়া। কলিকাতায়)। দুমড়াই—মুড়ি, ভাঁজ করি। দুমড়ানা॥

দু মনা ‥ণ. (সং দ্বিমনাঃ)। দুই দিকে মন যাইতেছে যার, যার সংশয় যায় নাই।

দু-মালা ‥ণ. ভাঙ্গিলে দুইটা মালা হইতে পারে, এমন পাকা (নারিকেল)।

দুমুখা-,দুমুখো-সাপ ‥ষ্য (সং দ্বিমুখ—রাজসর্পে বৈদ্যকঃ। দুমুখ+আ ; দুমুখ+উয়া—দুমুখুয়া—দুমুখো)। মাটিয়া রঙ্গের ছোট সর্পবিশেষ। মুখ ও পুচ্ছ-প্রান্ত দেখিতে এক প্রকার বলিয়া নাম।

দুম্বা…ষ্য. (ফাং দুম—পুচ্ছ। দুম্বক—বৈদ্যকঃ)। গাড়লবিশেষ। এই গাড়লের পুচ্ছ মেদল ও স্ফীত হয়।

দুয়ম, দোয়েম ‥ণ. (ফাং দুয়ম)। দ্বিতীয়, দ্বিতীয় শ্রেণীর।

দুয়া…ণ. (সং দুর্ভাগা)। দুর্ভাগা,—দুয়া রাণী আর সুয়া রাণী। প্রঃ—ধ্রুবের জননী হৈলা স্বামীতে দুর্ভাগা (চৈতন্যমঙ্গল ,—দুয়া।

দুয়াদশী (গ্রাং)…ণ. (সং দ্বাদশী)। দ্বাদশী তিথি।

দুয়ার…ষ্য. (সং দ্বার)। দ্বার, প্রঃ—কুঠারি কোদালি লহ দুয়ার করিতে (চৈঃ চঃ); দ্বারপিণ্ডী, প্রঃ—দুয়ারে বসিয়া ভাত খাই। ঘর-দুয়ার ‥গৃহ ও দ্বার, গৃহ। দুয়ারী…ষ্য. (সং দ্বারী)। দ্বারী, দ্বারপাল। দুয়ার-রোধি, দুয়ার-রোঁধি‥ষ্য. দ্বারের মাথার কাঁথ যে কাঠ বা বাঁশ ধরিয়া রাখে; যাহা দ্বারের উর্ধ্বদেশ রোধ করে।

দুর্-দুর…ব্য. (সং দৃ ধাতু ভয়ে)। ভয়ে বুক দুর-দুর করে, প্রঃ—হিয়া কাঁপে দুর্ দুর পাছে যাই মরে হে (ভাঃ)। দুর্-দুরানি॥ (দর্-দর দেখ)।

দুরদৃষ্ট (গ্রাং দুরাদিষ্ট) ‥ষ্য. (সং দুরদৃষ্ট)। দুর্ভাগ্য।

দুরন্ত…ণ. (সং। তুং ফাং দরিন্দা)। দুর্দম, প্রঃ—পিরীতি দুরন্ত কে বলে ভাল (চণ্ডীঃ)। দুরন্ত-পনা…(পনা প্রত্যয়)। দুষ্টামি।

দুরন্ত…ষ্য. (Lat. Duranta plumieri—হইতে)। আমেরিকার কাঁটা ক্ষুপবিশেষ। বেড়ার নিমিত্ত আধুনিক বাগানে রোপিত হইতেছে। মানুষ অপেক্ষা কিছু উচা হয়। ফুল নীলবর্ণ, থোবা থোবা হয়। ফল মটরের মতন, নারঙ্গাবর্ণ।

দুরমুশ ‥ষ্য. (সং দ্রুম-শাখা ? হিং দুরমচ, দুরমট। ধুরমুশ দেখ)। ভারী মুগুর বা পিটনা। দুরমুশ করা—দুরমুশ দিয়া পেটা।

দুরস্ত ‥ণ. (ফাং)। ঠিক, যথার্থ। লেফাফা দুরস্ত ‥কাগজপত্রে ঠিক (কাজে নয়)।

দুরালভা ‥ষ্য. (সং। দুর্লভা। অন্য সং নাম যবাসা)। বিহার ও উত্তর পশ্চিমাঞ্চলের কাঁটা ক্ষুপবিশেষ (Alhagi maurorum)।

দুরী‥ষ্য. (দুই হইতে)। দুই ফোঁটাযুক্ত তাস।

দুর্গা (গ্রা° দুগ্‌গা) ··ষ্য. (স°)। দুর্গাদেবী। দুর্গা বল—মিথ্যা কথনে বা শ্রবণে যে পাপ হয়, তাহা নষ্ট করিতে দুর্গা নাম উচ্চারণ। দুর্গা বলিয়া বাহির হওয়া—যাত্রার পূর্বে দুর্গতিহারিণী দুর্গার শরণ-ভিক্ষা।

দুর্ঘোর···ণ. (স°)। অতি ভয়ানক।

দুর্দণ্ড্য ·ণ. (স°)। দুর্ধর্ষ, প্রঃ—দুর্দণ্ড্য প্রতাপ।

দুর্দান্ত···ণ. (স°)। দুরন্ত।

দুর্যোগ···ষ্য. (স°) দুর্দিন, বৃষ্টিবাদলা।

দুল...ধাতু. (স° দুল ধাতু)। দুলি—ঝুলি, দোল খাই। দোলা, দুলন॥ দোলা···ধাতু. দুল ধাতু আস্তে)। দোলানা॥ দুল···নারী-দিগের কানের স্বর্ণালঙ্কারবিশেষ। আকার নিমফলের মতন। দোলে বলিয়া নাম।

দুলকি···ষ্য. (দুল ধাতু)। ঘোড়ার চালিবিশেষ।

দুল্‌-দুল···ব্য. (স° দুল ধাতু)। দোলনে, প্রঃ—বেগুন দোলে দুল্‌-দুল (ছেলেদের ছড়ায়)।

দুলাল ··ণ. (দুল ধাতু হইতে। দুল+আল—দোলে যে? হি° দুলার—স্নেহ)। পিতা-মাতার আদরে কোলে যে দোল খায়, প্রঃ—আলা ঘরের দুলার মত ঢলিতে ঢলিতে (প্রবোধচন্দ্রিকা); তাহে বাপের দুলাল নহ (চৈতন্যমঙ্গল)। (২) দোলনবিশিষ্ট, প্রঃ—তরল তাল, গতি দুলাল, নাচে নটিনী নটন-সুর (জ্ঞানদাস)। আলালের ঘরের দুলাল ···আলা—ধনবান্ ব্যক্তির আদরিয়া পুত্র। স্ত্রী° দুলালী, প্রঃ—বাপের দুলালী ছিলি তাহে তিলাঞ্জলি দিলি (রামপ্রসাদের বিদ্যা-সুন্দর)। দুলালচাঁপা···(আধুনিক নাম)। চাঁপা দেখ।

দুলিচা ··ষ্য. (দরী+চা—ছোট দরী?) কাপাস সূতার ছোট গালিচা।

দুলিয়া, দুল্যে ··ষ্য. (স° দোলা+বা° ইয়া—দোলিয়া)। দোলাবাহী; দোলা-পালকী-বাহক হিন্দুজাতিবিশেষ। স্ত্রী° দুলিয়ানী, দুলেনী।

দুষ···ধাতু. (স° দুষ ধাতু)। দুষি—দোষী করি, দোষ দিই। দোষা॥ দোষ···ষ্য. (স°)। অপরাধ।

দুষ্‌থ···ষ্য. (স°)। দুঃখ, প্রঃ—অপার আনন্দে দুষ্‌খ জন্মাইলি চিত্তে (মাঃ)। (প্রায়ই গ্রা° প্রয়োগ)। দুষ্‌খী·· ণ. (স°)। দুঃখী। স্ত্রী° দুষ্‌খিনী (পদ্যে)।

দুষ্ট···ণ. (স°)। দুর্জন। দুষ্টামি···ষ্য. (দুষ্ট+আমি)। দুষ্ট ব্যবহার। দুষ্টপনা ··ষ্য. (পনা প্রত্যয়)। দুষ্ট ব্যবহার। নষ্ট-দুষ্ট ·ণ. (স°। সহচর শব্দ)। দোষী, কুচরিত্র।

দুষ্পাচ্য···ণ. (স° দুষ্পচ)। বিলম্বে জীর্ণ হয় যাহা, প্রঃ—(প্রবোধচন্দ্রিকা)।

দুষ্‌মন ··ষ্য. (ফা°। তু° স° দুষ্টমনা)। শত্রু। দুষ্‌মনি···ষ্য. শত্রুতা। দুষ্‌মন চেহারা—শত্রুর আকার; বিকট আকার।

দুসরা ··দোসরা দেখ।

দু-সূতী ··ণ. (দুই+সূত্র+ঈ)। দুই খাই সূতায় নির্মিত।

দুহ, দু···ধাতু. (স° দুহ ধাতু)। দুহি, দুই—দোহন করি। দোহা, দোআ॥ দোহাল, দোআল···যে গাই দোহে। দোহা, দোআ ···ধাতু. (দুহ, দু ধাতু আস্তে)। দোহাই, দোআই—দুগ্ধ দোহন করাই; ভারবহনে শিক্ষিত বা সমর্থ করাই। দোহানা, দোআনা॥ দোআনা বলদ···যে বলদকে

ভারবহন করিতে শেখানা হইয়াছে। দৃষ্টান্তে, এঁড়ো গোরু তো টেনে দো—এক ব্যক্তির দুধ দরকার। দোহাল বলিল, গোহালে সব এঁড়ো গোরু। তখন উত্তর হইল, তবে টানিয়া দোহ। অর্থাৎ গরজের তুল্য বালাই নাই। হাতদোহা করা—যে গাইর বাছুর নষ্ট হইয়াছে, তাহাকে বাছুর দ্বারা না পানাইয়া দোহা।

দুঁহা, দুহা···ষ্য. (দুই হইতে। প্রাচীন বা° অন্য রূপ, দোঁহা। ও°)। দুই জনা। দুঁহে ·· দুই জনে। দুঁহার, দুঁহাকার ··দুজনের।

দু·হাতিয়া, দু·হেত্যে···ণ. (দুই হাত+ইয়া)। দুই হাত পরিমিত; দুই হস্তে ধৃত, প্রঃ—দুহাতিয়া বাড়ি।

দূতী···ষ্য. (স°)। বার্তাবাহনী বা কুট্টনী; সখীসম্বাদ গানে বৃন্দা সখী।

দূর (গ্রা° ধুর)...ণ. (স°। ফা° দুর) নিকট নহে, প্রঃ—দূর দেশ। ষ্য. দূর দেশ, প্রঃ—দূরের কথা। দূরান্তর···ষ্য. অতি দূর দেশ। দূরাদূর···ণ. (দূর+অদূর)। অতি দূরবর্তী। দূর হ—নিকট হইতে যা। দূর্-দূর করা—দূরে যা দূরে যা বলা। দূর ছি করা—অবজ্ঞা সূচক বাক্য কহা। (অপ্রিয় মানুষ ও প্রাণী মাত্রকেই 'দূর দূর' শব্দে তাড়ানা হয়। ছিঃ, ছি ছি শব্দ আজকাল ইতর প্রাণীর প্রতি প্রযুক্ত হয় না। কিন্তু, তু° ছি ছি বলে ঠেলে ফেলে উঠে দিল রড় (মাঃ), তু° ও° ম° ছুঃ ছুঃ)।

দূরবীন···ষ্য. (স° দূরবীক্ষণ। হি°)। দূরবর্তী বস্তু দেখিবার যন্ত্রবিশেষ (telescope)।

দূর্বা (গ্রা° দুব্বা)...ষ্য. (স°)। ধান্যাদিবর্গের প্রসিদ্ধ তৃণবিশেষ (Cynodon dactylon)। দীর্ঘায়ুঃ লতানিয়া ঘাস। হাড়ে দূর্বা গজানা—খাইতে না পাইয়া মরিয়া হাড় মাটিতে পরিণত হইলে তাহাতে ঘাস গজানা —ভর্ৎসনায়।

দৃষ্ট ··ষ্য. (স° দৃষ্টি, ই লুপ্ত)। দৃষ্টি, প্রঃ—খরতর দৃষ্টে (কবিকঃ), যার দৃষ্টে মৃত্যু হরে (ভাঃ)। তদ্দৃষ্টে ··তাঁহা দৃষ্টি করিয়া।

দে ··ষ্য. (স° দেহ)। দেহ.(প্রাচীন পদে)।

দে···ষ্য. (স° দেব হইতে। অন্যান্য ভাষায় দেও)। হিন্দুজাতির পদবীবিশেষ।

দেঅর···ষ্য. (স° দেবর)। স্বামীর কনিষ্ঠ ভ্রাতা। (সম্বোধনে ঠাকুর-পো)।

দেআলা...ষ্য. (স° দেবালয়। দেহারা দেখ)। দুগ্ধপোষা শিশুর স্বপ্নে হাস্য, যেন দেবালয় দেখিয়া আনন্দপ্রকাশ। (দেয়ালা দেখা)।

দেউটি···ষ্য. (স° দীপ্তি। দিয়ড়ি দেখ)। মশাল, প্রঃ—সন্ধ্যাতে দেউটি সবে জ্বলে ঘরে ঘরে (চৈঃ চঃ); (কবিকঃ)।

দেউড়ি···ষ্য. (স° দেঅলী। ও° দেঅড়ি)। বাটীর মুখ্য দ্বার, প্রঃ—বরাতি দেউটি নাহি ছাড়ে (কবিকঃ),—বরাতি—বরযাত্রী। (আজকাল শহরে ফাটক বলে; গ্রামে ফাটক অর্থে কারাগার)।

দেউল···ষ্য. (স° দেবকুল)। দেব-মন্দির। দেউল দেওয়া—দেউল নির্মাণ করানা। দেউল-দেহারা···ষ্য. (সহচর শব্দ)। দেউল।

দেউলা, দেউলিয়া···ষ্য. (স° দেবল—দেউল +আ, ইয়া)। দেব-প্রতিমা-পরিচারক। (শূং পুঃ—দেউল্যা)। স্ত্রী° দেউলানী।

দেউলা···ণ. (হি° দিবালা। স° দীপ+আলা)। নিঃসম্বল। (ব্যবসায়ী নিঃসম্বল হইলে সে অবস্থা জানাইবার অভিপ্রায়ে বাড়ীতে

দিবসে দীপ জ্বালিয়া রাখে)। (Insolvent)।

দেওতাড়া, দেতাবা ··ষ্য. (সং দেবতাড, দেবদালী)। ধান্যাদিবর্গের প্রায় সোজা ঘাসবিশেষ (Andropogon caricosus)।

দেওয়া ··দি ধাতু দেখ।

দেওয়ান ··ষ্য. (ফাং দীবান)। রাজস্বমন্ত্রী। দেওয়ানি···দেওয়ানের কর্ম। দেওয়ানী··· দেওয়ানের যোগ্য, অর্থ-অধিকারসম্বন্ধীয় (আদাঃ)। (দেওয়ান ফাং দীবান—রাজসভা। ইহা হইতে, দেওয়ানী আম·· রাজসভা, দেওয়ানী খাস ··মন্ত্রীগণের বিচারালয়)। দেওয়ানজী ··দেওয়ান-মহাশয় (জী দেখ)।

দেওয়াল ··ষ্য. (ফাং দীবার)। প্রাচীর, কাঁথ। (পাকা ঘরের দেওয়াল, কাঁচা ঘরের কাঁথ। তুং জৌয়ের দেয়াল দিল অতি মনোহর (কবিকঃ)—জৌ—জতুর দেওয়াল, কাঁথ নহে)। দেওয়াল-গীর ··ষ্য. (ফাং)। দেওয়াল-দীপ। দেওয়ালগীরী ··ষ্য. (ফাং)। দেওয়ালে বদ্ধ দীপাধার।

দেওয়ালী, দেআলী…ষ্য. (সং দীপাবলী)। কার্তিক অমাবস্যা তিথির দীপোৎসব।

দে-কাঠি···ষ্য. (সং দীপকাষ্ঠ। তুং দেরখা)। দীপ জ্বালিবার নিমিত্ত গন্ধক-লিপ্ত কাঠি বা শলা, দীপশলাকা।

দেখ···ধাতু. (সং দৃশ ধাতু। চারি ভাষাতেই দেখ ধাতু আছে। দৃশ ধাতুর শ স্থানে খ হইয়া, দেখ। হিংতে দিখ ধাতুও আছে। ষ স্থানে খ হয়, শ স্থানে প্রায় হয় না। বোধ হয়, দৃশ শকারের পূর্বে ঋ থাকাতে শ ঠিক উচ্চারিত হইত না। তুং সং দ্রক্ষ্যতি, অদ্রাক্ষীৎ, দ্রষ্টা, দৃষ্ট)। দেখি—দর্শন, জ্ঞান, সাক্ষাৎকার করি। দেখা॥ দেখা .. ধাতু. (দেখ ধাতু আস্তে)। দেখানা॥ দেখ ধাতুর আরও অনেক অর্থ আছে। যথা, ভাবিয়া দেখা—ভাবিয়া ঠিক করা; করিয়া দেখা—করিয়া বোঝা; দেখ দেখি—তুমি বুঝিতে চেষ্টা কর,—আমি দেখি, তুমি পার কি না; তোকে দেখিব—তর্জনে ভয় প্রদর্শন করা; দেখিস যেন হারায় না—সাবধান হইবে যেন; 'একবার চোখের দেখা দেখে আসি'—মনের মতন দেখা না হউক। (তুং রান্না রাঁধা, কান্না কাঁদা, ঘরকন্না করা)। দেখা করা - দর্শন। দেখা-শোনা করা—তত্ত্বাবধান। দেখা-সাক্ষাৎ করা—(সহচর শব্দ)। দর্শন-পরিচয়াদি। দেখন-হাসি ··যাকে দেখিলে আনন্দ হয়, এবং মুখে হাসি দেখা দেয়। দেখ দেখানা, দেখ-দেখানিয়া ··ণ. (দেখন+আ, ইয়া)। যাহা দেখাইতে হয়, দেখাইবার নিমিত্ত দেখা প্রীতির নিমিত্ত নহে, প্রাঃ—দেখ-দেখানা একখান কাপড় দিয়াছে—লোক দেখাইবার তরে, ইচ্ছাপূর্বক নহে। ···ষ্য. দর্শক, প্রাঃ—বিবাহ-বাড়ীতে দেখ-দেখানিয়া কত লোক জোটে—বিবাহ দেখিতে। দেখতা ··ণ. (দেখ+ইত—দেখিত হইতে)। দৃষ্ট, প্রাঃ—আমার দেখতা সে ধনী। (তুং জানিত)। দেখিল্…ণ. (দেখিত হইতে)। দৃষ্ট, প্রাঃ—দেখিল চুরি তবু কবুল করিলনা।

দেখা ··ধাতু. (সং দৃশ্য হইতে। ওং সং দিশ ধাতু। দেখ ধাতু দেখ)। দেখাই—দৃশ্য হই, প্রাঃ—কেমন সুন্দর দেখাইতেছে, এমন কর্ম ভাল দেখাইবে না। দেখানা॥

দেড়…ণ. (সং অধ্যার্ধ। ধ্যর্ধ—ঢেড়—দেড়। কিংবা সার্ধ—অর্ধ—দেড়)। অর্ধ অধিক এক। দেড়িয়া…ষ্য. (দেড়+ইয়া)। দেড় সম্বন্ধীয় গণিত, দেড়গুণ।

দেড়ি…ষ্য. (দেড় হইতে ?)। বাঁকের দুই পাশের কেবল এক পাশে ভার থাকিলে দেড়ি ভার হয়, প্রঃ—এক ঘড়া অবশেষ দেখি মহাবীর, নিতে নারে দেড়ী ভার হইল অস্থির (কবিকঃ)। অন্যত্র, কিছু কার্য্য আছে দেড়ী; লেখা জোখা নাহি দেড়ি (কবিকঃ)—দেড়ি শব্দের প্রাচীন অর্থ এখন লুপ্ত হইয়াছে।

দেঁড়ো…ণ. (দাঁড়া ধাতু হইতে দাঁড়+উয়া)। দাঁড়াইয়া নিক্ষেপযোগ্য, প্রঃ—দেঁড়ো কোদাল।

দেঁতো…ণ. (দাঁত+উয়া)। দাঁত দেখ।

দেত্তা…দেওতারা গাছ দেখ।

দেদার…ণ. (ফাং. দিল্-দার হইতে ?)। প্রচুর, প্রঃ—দেদার টাকা।

দেধান…ষ্য. (সং দেবধান্য)। জোয়ার দেখ। ধান্যাদিবর্গের শস্যবিশেষ (Broom corn. Sorghum saccharatum)। আখ গাছের মতন গাছ হয়। বঙ্গে অত্যল্প দেখা যায়। উত্তরভারতে কৃষি হয়। ডাঁটা মিষ্ট বলিয়া গোরুর উৎকৃষ্ট খাদ্য।

দেন…ষ্য (দেনা দেখ)। ঋণ। দেনদার… ঋণী। দেন-মোহর…অর্পণ অঙ্গীকারপত্রে স্বাক্ষর।

দেনা…ষ্য. (হিং দে, বাং দি ধাতু হইতে)। দিতে হইবে যাহা, দেয় টাকা, ঋণ। দেনা-পাওনা…যাহা দেয় এবং যাহা প্রাপ্য। দেনা-দার…ঋণী। পত্র দেনা বালি-দেওয়ান-গঞ্জ—বালি-দেওয়ানগঞ্জ গ্রামে পত্র দিতে হইবে।

দেনো…দান দেখ।

দেব…ষ্য. (সং দেব)। দেবতা; ব্রাহ্মণ; ব্রাহ্মণ জাতির পদবী। স্ত্রীং দেবী। দেব-শর্মা…(সং শর্মন্)। ব্রাহ্মণজাতিবাচক উপাধি, প্রঃ—ঈশ্বরচন্দ্র দেবশর্মা। দেব-গিরি…রাগরাগিণী দেখ। দেব-দ্বিজ…ষ্য. (সং। সহচর শব্দ)। দেবতা ও ব্রাহ্মণ। দেবা…ষ্য. (দেব+আ—অনাদরে)। অনাদরে দেবতা, প্রঃ—যেমন দেবা, তেমন দেবী—স্বামী যেমন, স্ত্রী তেমন (দুষ্ট)। তুং যেমন হাঁড়ী, তেমন শরা। দেব্যা…ষ্য. (দেবী শব্দের ষষ্ঠীর রূপ দেব্যাঃ। দেব্যাঃ সদৃশী হইতে)। বিধবা ব্রাহ্মণীর উপাধি। (তুং দাস্যা, শ্রীমত্যা)।

দেবতা…ষ্য. (সং দেবতা)। দেব-দেবী; ব্রাহ্মণ (প্রায়ই সম্বোধনে); মেঘ, প্রঃ—দেবতার গতিক—মেঘের অবস্থা, দেবতা ঢালিবে—প্রচুর বর্ষণ হইবে।

দেবত্তর…ষ্য. (সং দেবত্র)। দেব-সেবার্থে ভূমি। জমি দেখ।

দেবদারু…ষ্য. (সং দেবদারু। হিং দেবদার)। উত্তর পশ্চিম হিমালয়ের দীর্ঘ তরুবিশেষ (The Himalayan cedar. Cedrus deodara)। এক এক গাছ ১৫০-১৮০ হাত উচা হয়। কাঠ আপীতরক্ত, সুগন্ধ, শক্ত। শাখাগ্র নুইয়া পড়ে। (২) (হিং নাম দেবদারী)। আতৃপ্যাদিবর্গের উচ্চ তরুবিশেষ (Polyalthia longifolia, or, Guatteria longifolia)। পাতা দীর্ঘ মৎস্যাকার, ধার তরঙ্গিত। ফুল ত্রিদল,

এক ফুল হইতে অনেক ফল হয়। সং দেবদারু গাছের তুল্য উচ্চ হয় বলিয়া এই গাছের নাম দেবদারু হইয়াছে। প্রঃ— (কৃত্তিঃ লং, কবিকঃ)।

দেবোত্তর ··দেবত্তর দেখ।

দেমাক...ষ্য. (আং দমাগ, দিমাগ)। গর্ব, দর্প। দেমাকী ··ণ. (দেমাক+ঈ)। গর্বিত। দেমাকিয়া, দেমাকে···ণ. (দেমাক+ইয়া)। গর্বী, অভিমানী।

দেয়ান ··দেওয়ান দেখ।

দেয়াল···দেওয়াল দেখ।

দেয়ালা···দেআলা দেখ।

দেয়ালিনী...দেউলিয়ানী (জ্ঞানদাস)। দেউল দেখ।

দেয়াসিনী ··ষ্য. (সং দেবরাসিনী। তুং ওং ভুআসিনী—সং ভূরাসিনী। দেবকন্যা; বিদেশিনী (চণ্ডীঃ)।

দেরখা···ষ্য. (সং দীপরক্ষা। ওং দীপ-রখা)। দীপ রাখিবার কাষ্ঠনির্মিত আধার।

দেরাজ ··ষ্য. (ইং drawers)। কাঠের টেবিল আলমারী প্রভৃতির যে বাক্স টানিয়া আনিতে ও ভিতরে ঢুকাইতে পারা যায়।

দেরি ··ষ্য. (ফাং দের)। কালবিলম্ব।

দেশ ··ষ্য. (সং)। পৃথিবীর অংশবিশেষ; স্বগ্রাম। স্বদেশ...নিজের জন্মদেশ, মাতৃভূমি। বিদেশ ··অন্য দেশ। প্রদেশ ·· দেশের অন্তর্গত অংশবিশেষ, যেমন ভারতবর্ষ দেশের এক প্রদেশ বঙ্গ। দেশী···ণ. (সং দেশিন্)। স্বদেশ-জাত। দেশ-বিদেশ ··সর্বদেশ। দেশ-বিদেশে রাষ্ট্র ···সর্বদেশে প্রচারিত। দেশ-মুখ ··ষ্য. (সং দেশমুখ্য)। মণ্ডল। দেশান্তর... ষ্য. (সং)। অন্য দেশ, দূরবর্তী দেশ। দেশান্তরী · ণ. (সং)। অন্যদেশগত, দূরদেশবাসী, প্রঃ—"করিয়া সন্ন্যাস হইবেন দেশান্তরী"; (কবিকঃ)। দেশ-নালা... গ্রামের জলনির্গমনালী, কুলি। দেশাম ·· ষ্য. (দেশ-নিমন্ত্রণ)। দেশের—স্বগ্রামের নিকটস্থ গ্রামের সকলকে ভোজনের নিমিত্ত নিমন্ত্রণ। দেশোয়াল ··ষ্য. (হিং দেসৱাল)। স্বদেশী। দেশ ··ষ্য. (সং)। রাগরাগিণী দেখ।

দেহড়ী, দেহলী···দেউড়ি দেখ।

দেহারা···ষ্য. (সং দেবালয়—দেআলা—দেহারা)। দেউল, প্রঃ—দেহারা দেউল নহি পরবত সকল (শূঃ পুঃ), (কবিকঃ)। (অপ্রচলঃ)।

দৈ ··দই দেখ।

দৈবাৎ ··ব্য. (সং)। কারণ ব্যতিরেকে, দৈব কারণে। দৈবি (গ্রাং) ··দৈবাৎ। দৈবি-সৈবি ··(সৈবি—প্রচর শব্দ)। দৈবাৎ।

দৈষৎ···ষ্য. (আং দহ্ষৎ)। আশঙ্কা।

দো···দুই হইতে। সমাসে দুই, দু স্থানে দো হয়। যেমন, দো-ফলা আম—যে আম বৎসরে দুইবার ফলে। দো, দো-জমি ··যে জমিতে বৎসরে দুইবার ফশল হয়, দোআঁশ জমি।

দোআ, দোয়া ··দুহ ধাতু দেখ।

দোআ ··ষ্য. (আং দুআ)। আশীর্বাদ, ঈশ্বরের নিকট প্রার্থনা।

দো-আঁশ...ণ. (দুই অংশ)। যে মাটিতে মৃত্তিকা ও বালুকা প্রায় সমপরিমাণে আছে (loam)। মাটি দেখ। দো-আঁশলা···ণ. (দো আঁশ+লা)। যাহাতে দুই জাতির অংশ আছে, সঙ্কর (hybrid)।

দোকতা···ষ্য. (দুই-কাটা ?)। শুখনা তামুক-পাতা।

দো-কর...ণ. (দুই+করা)। দুইবার করা, প্রঃ—কাজ দোকর করা।

দোকলা·· ণ. (তু° একলা)। দ্বিতীয় ব্যক্তি।

দোকান ··ষ্য. (ফা° দুকান)। পণ্যশালা। দোকান করা—দোকান খোলা। দোকানী, দোকান-দার...ষ্য. দোকানের স্বামী। দোকানী-পসারী ··(পসারী দেখ। সহচর শব্দ)। দোকানী। দোকান-দারি ·· দোকানদারের কর্ম। দোকানদারী ·· দোকানদারের যোগ্য, দোকানদার সম্বন্ধীয়, প্রঃ—দোকানদারী বুদ্ধি। দোকান-পাট... ষ্য. (পাট দেখ)। দোকানে বেচা-কেনা।

দো-খেঁচড়া ··ণ. (দুই+খেঁচা+ড়া) দুইদিকে খেঁচা—টানা—আছে যাহা। দো-খেঁচড়া কাজ—এ দিকে কিছু ও দিকেও কিছু কাজ। তু° আধা-খেঁচড়া।

দোঘা-শালা (গ্রা° দোগাশাল)···ষ্য. (স° দোহশালা—যেখানে গাই দোহা হয়)। গোরু থাকিবার ফাঁকা চালা। (পাগা দেখ)।

দোছোট···ষ্য. (দ্বিতীয়+ছোট দেখ)। উত্তরীয় (গ্রা°)।

দো-ছোটি···ণ. (দুই+কাছোটি দেখ)। দুই কাছা যার, প্রঃ—দোছোটি করিয়া পরে বার হাথ শাড়ী (কবিকঃ)।

দোজ...ণ. (স° দ্বিতীয়ঃ স°প্রা° দোজো। হি° দুজা)। দ্বিতীয়। দোজবর···দ্বিতীয় বার বর। দোজ-বরিয়া ··ণ. দ্বিতীয়বার বিবাহিত বরের। দোজপক্ষ...দ্বিতীয় পক্ষ, প্রঃ—দোজ পক্ষের স্ত্রী—দ্বিতীয়বার বিবাহের স্ত্রী।

দো-জমি...(দুই+জমি)। যে জমির মাটিতে বালি ও মৃত্তিকা দুই আছে ; যে জমিতে বৎসরে দুইবার ফশল হয়।

দোড়ী, দঁড়ী...ষ্য. (স° দোরক, ডোর, ডোরক —শব্দকল্পে)। রজ্জু। (ডোর দেখ)। দড়া—মোটা দোড়ী। দোড়ী ভাঙ্গা—দোড়ী পাক দিয়া খিলানা। গলায় দোড়ী ··উদ্‌বন্ধনে প্রাণত্যাগ কর (ভর্ৎসনায়)। দোড়ী-কলশী জোটা—গলায় দোড়ী দিয়া কলশী বাঁধিয়া জলে ডুবিয়া মরিবার আয়োজন, আত্মহত্যা, প্রঃ—না মিলিল দড়ী না মিলিল কড়ী কলসী কিনিতে তোরে (ভাঃ)।

দোড়ী-বাজ (গ্রা° ধড়ীবাজ)···ণ. (বাজ দেখ)। দোড়ীর উপরে বাজি করে যে, অত্যন্ত শঠ।

দো-তরফা···ণ. (দুই+তরফ+আ)। দুই পক্ষ সম্বন্ধীয়, প্রঃ—দো-তরফা ডিগ্রি।

দো-তারা ··ণ. (দুই +তার+আ)। দুই তার —কাটি—যাহাতে একত্র আছে, প্রঃ—দোতারা শপ। দো-তারিয়া, দো-তেরো···ণ. দুই কাটিবিশিষ্ট।

দো-নর...ণ. (নর দেখ)। দুই সারি আছে যাতে, প্রঃ—দোনর হার।

দো-নলা···ণ. (দুই+নল+আ)। দুই নল বা চোঙ্গা আছে যে বন্দুকে।

দোন, দোনী, দুনী·· ষ্য. (স° দ্রোণ)। জল তুলিবার ছোট ডোঙ্গা বা পাত্র-বিশেষ।

দোনা···ষ্য. (স° দ্রোণ)। গাছের পাতায় গড়া পাত্র, ঠোঙ্গা, প্রঃ—দোনা ব্যঞ্জনে ভরি করেন প্রার্থনা (চৈঃ চঃ)—কলাগাছের খোলের দোনা।

দোনী···ষ্য. (দোন দেখ)। জল-সেচনের ডোঙ্গা এমন স্থাপিত যে ঢেঁকির মতন

উঠিতে নামিতে পারে। ডোঙ্গা জল-পূর্ণ হইয়া উপরে জল ঢালে।

দোপুটী, দোমুটী, দোপাটী ··ষ্য. (সং দ্বিপুট। প স্থানে ম হইয়া দুমুটী, দোমুটী। ওং নাম হরগৌরা। শূংপুঃ—দুই বটী)। বর্ষায়ুঃ পুষ্প-শাকবিশেষ (Balsam. Impatiens balsamina)। ফুলদল অসমান, বিচিত্র-বর্ণ। ছদ (দলের বাহিরের পুট) দলের মতন রঙ্গিন বলিয়া নাম দ্বিপুট পাকা ফল ফাটিয়া বীজ ছড়াইয়া পড়ে।

দো-পাট্টা...ষ্য (দুই+পাট্টা—সং পট্ট। মং দুপেটা। ওং দো-পট্টা)। মোটা কাপড়ের দুই খণ্ড মাঝে লম্বা সেলাই করিলে যে চওড়া চাদর হয়। দুই পটীতে নির্মিত বলিয়া নাম।

দো-পিঁয়াজা ··ষ্য. (দুই+পিঁয়াজ+আ)। মাংসের ব্যঞ্জন-বিশেষ। মাংসের দ্বিগুণ পিঁয়াজ দেওয়া হয় বলিয়া নাম। নিজের রসেই মাংস সিদ্ধ হয়।

দো-ফলা···ণ. (দুই+ফল+আ)। বৎসরে দুইবার ফলে যে গাছ।

দোবজা...ষ্য. (?)। দো-পাট্টা, মোটা চাদর।

দো-বারা ··ণ. (দুই+বার+আ)। দুইবার নির্মল করা হইয়াছে যাহা, যে চিনী।

দোবে ..ষ্য. (সং দ্বিবেদী)। পশ্চিমাঞ্চলের ব্রাহ্মণের উপাধিবিশেষ।

দো-ভাষী···ষ্য. (দুই+ভাষা+ঈ)। দুই ভাষা জানে যে।

দোমুটী...দোপুটী দেখ।

দোয়জ ··ণ. (দোজ দেখ)। দ্বিতীয় পক্ষের, প্রঃ—দোয়জ বনিতা (কবিকঃ)। (অপ্রচলঃ)।

দোয়া...ষ্য. (আং দআ। দোআ দেখ)। ঈশ্বরের আশীর্বাদ প্রার্থনা (কবিকঃ)। দোয়া-দবা...ষ্য. (দৱআ—ঔষধ)। ঈশ্বরের আশী-র্বাদ ও ঔষধ—এই দুই রোগপ্রতিকারক। তুং ঔষধ-শান্তি।

দোয়া...দুহ ধাতু দেখ।

দোয়াৎ, দোৎ ··ষ্য. (আং দৱাৎ)। ওংতে দুআত্, মংতে দউৎ, দৌৎ। ওং দেশী নাম কাঠোঘটী কাঠী ঘড়ী ; তেলুগু শিরা-বুড্ডি, —শিরা—কালী)। মসীপাত্র। দোয়াৎ-কলম ...দোয়াৎ ও লিখিতে কলম। দোয়াৎ... কালীর দোয়াতের আকারের দীপ, প্রঃ— কেরোসীনের দোয়াৎ।

দোয়ার, দোহার...ষ্য. (ধ্রুব=ধুআ ; ধুআ—দোহা+আর)। গানে যাহারা ধুয়া ধরিয়া রাখে। দোয়ারি, দোহারি...ষ্য. দোয়ারের কর্ম।

দোয়েম...দোয়ম দেখ।

দোয়েল ··দয়াল পাখী দেখ।

দোর (গ্রাং)...দুয়ার দেখ।

দো-রসা...ণ. (দুই+রস+আ) দোআঁশ, প্রঃ—দোরসা মাটি ; অল্প রসযুক্ত।

দোরন্ত...দুরস্ত দেখ।

দোরী · দরী দেখ।

দো-রোখা...ণ. (ফাং দোরুখা)। যাহার (শাল ইত্যাদির) দুই পিঠই সমান।

দোল...ষ্য. (সং)। শ্রীকৃষ্ণের ঝুলন। দোলমঞ্চ ...ষ্য. (সং)। শ্রীকৃষ্ণের দোলন নিমিত্ত স্তম্ভোপরি নির্মিত মন্দির। দোলযাত্রা...ষ্য. (সং যাত্রা—উৎসব)। শ্রীকৃষ্ণের দোলন-উৎসব। দৃষ্টান্তে, সাজ করিতে দোল ফুরায় দোলযাত্রা দেখিতে বেশভূষায় সময় ক্ষেপ

করা, অভিপ্রেত ছাড়িয়া আয়োজনই সার করার তুল্য। দোল-দুর্গোৎসব ··ষ্য. দোল উৎসব ও দুর্গা উৎসব (সহচর শব্দ)। দোলা··ষ্য. (সং)। শিশুর দোলন-শয়ন নিমিত্ত ঝোলা। দোলনা ··ষ্য. (সং দোলা +বাং না--হ্রস্বার্থে)। ছোট দোলা। দোল, দোল্‌-দোল · ষ্য. দোলন, প্রঃ—দোলায় শিশু দোল খায়। চউদোল, চৌদল ··ষ্য. (সং চতুর্দোল)। ঠাকুর-প্রতিমা ও বিবাহার্থী বরের নিমিত্ত চারি বাহকের দোলা। চৌদোলা করা—চারি বাহক দ্বারা ঝুলাইয়া বহন। দোলা ··শববহনের খাট, প্রঃ—"বাঁশের দোলায় চড়ে কে হে বট যাচ্ছ চলে শ্মশানঘাটে"। দোলিয়া···দুলিয়া দেখ।

দোলী···ডুলী দেখ।

দোলমা ··ষ্য. (ফাং)। আলু বেগুন প্রভৃতির ভিতরে মশলা পুরিয়া পক্ব ব্যঞ্জন।

দোল-মাল···ব্য. (দল্‌-মল হইতে)। দল্‌-মল ভাবে, প্রঃ—উড়ি পড়ে ঘর গোলা করে দোলমাল (কবিকঃ)। (অপ্রচলঃ)।

দোলাই···ষ্য. (হিং মং দুলাই)। যে শীতবস্ত্র কাঁধ হইতে ঝুলিতে থাকে।

দো-শালা···ষ্য.(দুই+শাল+আ)। এক জোড়া শাল। শাল-দোশালা ··(সহচর শব্দ)। শাল।

দো-শালা...দোঘা-শালা দেখ।

দোসর...ষ্য. (দোসরা দেখ)। দ্বিতীয় ব্যক্তি, সঙ্গী, প্রঃ—একা রাম রক্ষা নাই দোসর লক্ষ্মণ ; প্রাণের দোসর ভাই গেল পরলোক (কবিকঃ), রাইয়ের দোসর (জ্ঞানদাস)।

দোসরা ··ণ. (সং দ্বিতীয়। হিং মং ওং দুসরা। ব্যাকরণ দেখ)। দ্বিতীয়, দ্বিতীয় দিন, প্রঃ—আজ মাসের দোসরা।

দোস্ত...ষ্য. (ফাং)। মিত্র, বন্ধু। দোস্তি... ষ্য. (ফাং)। মিত্রতা।

দোহরা, দোহারা ··ণ. (দুই+হরা। ব্যাকরণ দেখ)। দ্বিগুণ ; নাতিস্থূল, প্রঃ—দোহরা শরীর।

দোহা.. দুহ ধাতু দেখ।

দোহা, দোঁহা ··ষ্য. (হিং। সং দ্বিপদা)। শ্লোক-বিশেষ, ছন্দ-বিশেষ।

দোঁহা ··দুহুঁ দেখ।

দোহাই ··ষ্য. (আং দোআ ? হিং দুহাই)। সুবিচার, দয়া। রাজার দোহাই দেওয়া—রাজার নিকট সুবিচার প্রার্থনা করা।

দোহাল, দোআল ··ষ্য. (দোহ+আল)। যে গাই দোহে (দুহ ধাতু দেখ)। দোহালি ·· দোহালের কর্ম।

দৌড় ··ধাতু. (সং দ্রু ধাতু পলায়নে। তুং অভিদুদ্রাব—আভিমুখোন অধাবৎ)। দৌড়ি —বেগে ধাবিত হই। দৌড়ন, দৌড়না, দৌড়নি, দৌড়া॥ দৌড় ··ষ্য. ধাবন, বিস্তার, প্রঃ—লম্বা দৌড়। দৌড় ধাপ ··ষ্য. (সং ধাবন—ধাপ। সহচর শব্দ)। দৌড়ন। দৌড়া দৌড়ি...একের পশ্চাতে অন্যের ধাবন। দৌড়া ··ধাতু. (দৌড় ধাতু আস্তে)। দৌড়ানা॥

দৌলৎ···ষ্য. (আং)। ধন, ঐশ্বর্য। ধন-দৌলৎ ...ষ্য. (সহচর শব্দ)। ঐশ্বর্য। দৌলৎখানা ·· ষ্য. ধনীর অট্টালিকা, (বিপঃ—গরীবখানা)। দৌলৎমন্ত ণ. (ফাং দৌলৎমন্দ)। ধনবান্‌।

দ্রাক্ষা ··আঙ্গুর দেখ।

দ্রোণ · ষ্য. (সং)। ধান্যাদি পরিমাপবিশেষ, পঁশরি। দ্রোণপুষ্পী...ঘলঘষা দেখ।

দ্বন্দ্বজ (গ্রা°) ··ষ্য. (স° দ্বন্দ্ব+যুগ্ম)। কলহ।

দ্বার...ষ্য. (স°)। গৃহপ্রবেশপথ, দুয়ার। দ্বারী, দুয়ারী ··ণ. (দ্বার+ঈ)। দ্বাররক্ষক; দ্বারবিশিষ্ট, প্রঃ—দক্ষিণদ্বারী ঘরের রাজা, পূর্বদ্বারী তার প্রজা। পশ্চিমদ্বারীর মুখে ছাই, উত্তরদ্বারীর কাছেও না যাই॥—অর্থাৎ দক্ষিণদ্বারী ঘর উৎকৃষ্ট; পূর্বদ্বারী কিছু ভাল; পশ্চিমদ্বারী নিকৃষ্ট, কারণ, অপরাহ্নে রৌদ্র আসে, এবং রাঢ়ে (ও ওড়িশায়) পশ্চিম দিক্ হইতে প্রবল বৃষ্টি হয়; উত্তরদ্বারী—সকল বিষয়ে নিকৃষ্ট। অন্যরূপ, পশ্চিম দ্বারী ঘরের তাপ, উত্তরদ্বারী ঘরের পাপ। দ্বারস্থ ··ণ. (স°)। ভিক্ষার নিমিত্ত অন্যের দ্বারে উপস্থিত।

দ্বারা...ব্য. (স° দ্বার শব্দের তৃতীয়ার রূপ। স° দ্বার—উপায়, সম্মুখ, দুয়ার। প্রাচীন সংস্কৃতে করণ কারকে দ্বারা পাওয়া যায় না। গত তিন চারি শত বৎসরের সংস্কৃতে পাওয়া যায়)। করণে, উপায়ে। (ব্যাকরণ দেখ)।

দ্বিধা ··ষ্য. (স° দ্বিধা—দুই খণ্ডে, প্রঃ—পৃথিবী দ্বিধা হও; দুই প্রকারে)। বাং‌তে অন্য অর্থ, সন্দেহ, দ্বৈধভাব, প্রঃ—কন্যা তোরে দিব দ্বিধা না করিহ চিত্তে (চৈঃ চঃ)।

দ্বিভাব···ষ্য. (স° দ্বিভাব—দুই ভাবযুক্ত)। বাং‌তে, দুই প্রকার ভাব, দ্বৈধীভাব।

ধ।

ধ···ষ্য. (স°)। ব্যঞ্জন-বর্ণ, -অক্ষর-বিশেষ।

ধ ··ষ্য. (স° ধব। ও° ধ)। হরীতক্যাদি বর্গের আরণ্য তরু-বিশেষ (Anogeissus latifolia)। কাঠ শাদা বলিয়া স° নাম ধব। কাঠ দৃঢ়, কিন্তু ভিজিলে পচিয়া যায়। গাছ হইতে ধ আঠা পাওয়া যায়।

ধক্-ধক···ব্য. (স° ধুক্ষ ধাতু সন্দীপনে, ক্লেশনে)। সন্দীপনে, প্রঃ—ধক ধক ধক ভালে অনল (ভাঃ); ক্লেশনে, প্রঃ—ফোড়া ধক্-ধক করে। ধক্-ধকানি॥ ধিক্-ধিক···ব্য মৃদু সন্দীপনে। ধিকি-ধিকি ··আরও মৃদু জ্বলনে। ধুক্-ধুক্ ··ব্য. দীপ্তিতে, প্রঃ—ধুক্-ধুকি—গলার অলঙ্কার, যাহা ঝিক্‌ঝিক করে, প্রঃ—গলে দোলে ধুক-ধুকী করে ধক্-ধক (ভাঃ)—ধক্-ধক হইতে ঝক্-ঝক (দেখ); ক্লেশনে, প্রঃ—প্রাণ ধুক্-ধুক করে।

ধকল ·ষ্য. (ধাক্কা+ল। হি° ধকেল—ধাক্কা)। ধাক্কা, পীড়ন, প্রঃ—পাতলা কাপড় ধকল সহে না।

ধইঞ্চা···ধনিচা দেখ।

ধড়···ষ্য. (স° ধট—দাঁড়িপাল্লার দাঁড়ী। ইহার সাদৃশ্যে)। মাথা ছাড়া সমস্ত দেহ, প্রঃ—তাহা দেখি প্রাণ মোর নাহি রহে ধড়ে (চৈঃ চঃ)।

ধড়্-ধড় ··ব্য. (স° দৃ ধাতু বিদারণে। স° দর্দর)। জীর্ণ কাষ্ঠাদির বিদীর্ণ ভাবে। (অন্য রূপ, ঢর-ঢর)। ধড়্-ধড়ানি॥ ধড়্-ধড়িয়া, ধড়্-ধড়া ··ণ এত জর্জর যে অংশ শিথিল ও পৃথক্‌প্রায় হইয়াছে।

ধড়্-পড়, ধড়্-ফড় ··ব্য. (ধারণ ও পতন। বোধ হয়, ধ আ.ছ বলিয়া পরে প স্থানে ফ)। উত্থান ও পতনে, প্রঃ—বাণবিদ্ধ ভগ্নপদ করে ধড়ফড় (চৈঃ চঃ)—মৃগ; মন করে ধড়-ফড় (ভাঃ), বুক ধড়্-পড় করে—

চাঞ্চল্যে। ধড়্-পড়া, ধড়্-ফড়া...ধাতু. ধড়্-পড়াই, ধড়্-ফড়াই—ব্যাকুল হইয়া এটা ওটা ধরি এবং তৎক্ষণাৎ পড়িয়া যাই, ব্যাকুল হই। ধড়্-পড়ানি, ধড়্-ফড়ানি॥ ধড়্-পড়িয়া, ধড়্-ফড়িয়া···ণ. অল্প কারণে অতিচঞ্চল, ব্যাকুল।

ধড়া···ষ্য. (সং ধটী—চীরবস্ত্র)। কটিবস্ত্র, প্রাঃ—শ্রীকৃষ্ণের ধড়া-চূড়া—কটিবেষ্টন-বস্ত্র ও মস্তকের চূড়া; পোষাক।

ধড়াম··ব্য. (সং ধট—দাঁড়ী। কিংবা দড়াম হইতে)। লম্বা সোজা হইয়া পতনশব্দে।

ধড়াশ··ব্য. (ধড়+আশ—শব্দে) ধড়শব্দে, স্থূল বস্তুর পতনশব্দে।

ধড়ী বাজ··দোড়ী বাজ দেখ।

ধন··ষ্য. (সং)। বিত্ত, সম্পত্তি, গো-ধান্যাদি; প্রিয় বস্তু; যোগচিহ্ন (+)। ধন-কড়ি, ধন-দৌলৎ, ধন-সম্পত্তি, ধন ধান্য, ধন-জন, ধন-প্রাণ, ধন-মান··সহচর ও প্রায় সহচর শব্দে ধন—বিত্ত, অর্থ। ধন-প্রাণে মরা—ধন ও প্রাণ—দুই-ই বিনষ্ট। ধন-প্রাণে মজা—ধন ও প্রাণ ডোবা, দুই নষ্ট। মূল-ধন... ব্যবসায়ে লগ্ন টাকা, ব্যবসায়বিত্ত। বর্বরস্য ধনক্ষয়ঃ··(সং)। বর্বর অজ্ঞের ব্যসনহেতু ধনক্ষয়। ধন··প্রিয় বস্তু, স্নেহপাত্র, প্রাঃ—বাছা-ধন, বাপ-ধন; আদরে শিশু; শিশুর শিশ্ন। ধনঞ্জয়···(প্রহারেণ ধনঞ্জয়ঃ—হইতে)। প্রহার। ধনঞ্জয়ের পালা·· প্রহার দ্বারা তাড়ানা। ধনি··ষ্য. (সং ধনিকা)। ধনবতী নারী, ভামিনী (গানে)। ধনী···ণ. (সং ধনিন্)। ধনবান্। ···ষ্য. স্বামী, মহাজন।

√ধন··ব্য. (সং ধণ, ধন, ধ্বণ, ধ্বন ধাতু শব্দে)। শব্দসহ নৃত্যে। ধিন্-ধিন্···ব্য. বাদ্যের ও নটনর্তনের শব্দে।

ধনশ্রী··রাগরাগিণী দেখ।

ধনিচা··ষ্য. (সং জয়ন্তী হইতে?)। শিম্বাদি-বর্গের দীর্ঘ শীর্ণ ক্ষুপবিশেষ (Sesbania cannabina)। গাছ জয়ন্তী-তুল্য, কিন্তু ছোট ও বর্ষায়ুঃ, শুঁটী সোজা। পানের বরজে ডাঁটা লাগে, ছালে গোটা তামুক-পাতা বেঁধা হয়। আজকাল জমিতে গাছ-সার সবুজ চাষ হইতেছে।

ধনু··ষ্য. (সং)। ধনুক; চারি হাত পরিমাণের দাঁড়। ধনুষ্টঙ্কার··ষ্য. (সং)। রোগবিশেষ (tetanus), ইহাতে দেহ পৃষ্ঠদিকে ধনুকের মতন বাঁকিয়া পড়ে।

ধনুক·ষ্য. (সং ধনু+ক স্বার্থে)। বাণ ও বাঁটুল নিক্ষেপের ধনু। তীর-ধনুক···তীর ও ধনুক। ধনুকের খাড়া বা কাঁড়—কার্মুক, ছিলা—বৃক্ষছল্লিনির্মিত গুণ, হুল—অলাকার অগ্র বা কোটি। প্রাঃ—ধনুকের হুলে বান্ধি রাখে (কবিকঃ)। ধনুক-ধারী·ষ্য. ধনুর্ধর (রামচন্দ্র)। ধনুর্ধর (গ্রাং ধনুদ্ধর)·· বীর পুরুষ। ধনুক-ভাঙ্গা পণ···(সীতার বিবাহের পণ হইতে)। অসাধ্য বা দুঃসাধ্য পণ।

ধনেশ··ষ্য. (সং ঘনেশ? হিং ঘনেশ)। শাখাশ্রয়ীবর্গের প্রায় দুই হাত দীর্ঘ পক্ষী-বিশেষ (Hornbill. Anthracoceros coronatus)। কালাতে সবুজ রং। চঞ্চু বক্র, বৃহৎ; চঞ্চুমূলে বক্র শৃঙ্গ থাকে। পাখী বনে থাকে, গাছে কাদা দিয়া বাসা করে। পাটিয়াল ধনেশ···প্রায় ১॥০ হাত দীর্ঘ পক্ষী (Lophoceros birostris)।

পাংশুবর্ণ। চঞ্চু বক্র, শৃঙ্গা ছোট, সম্মুখে বহির্গত।

ধন্দ, ধন্দা ··ষ্য. (সং ধনদ—ধনদাতা। ও° ধন্দা, কাম-ধন্দা—কর্ম ও ধন্দা)। অর্থোপার্জন চেষ্টা, অর্থোপায়, প্রঃ—নিজের ধন্দে ঘোরা। ···ষ্য. (সং দ্বন্দ্ব। ধাঁদা দেখ)। রহস্য; ৫ ঃ—এ বড় লাগল ধন্ধ (চণ্ডীঃ), জগতে লাগিত ধন্দ (ভাঃ); সুখদুঃখ, রাগদ্বেষ ইত্যাদি বিরুদ্ধ যুগ্ম; সংসার-সংগ্রাম।

ধন্না ··ষ্য. (সং ধরণ, ধরণা—ধর্না—ধন্না)। চালের অবলম্বন বাঁশ বা কাঠ। ঢেঁকিশালের ধন্না···যে বাঁশ ধরিয়া পাদ-দিঅনী পাদ দেয়। ধন্না···ষ্য. অনশনে উপবেশন। ধন্না দেওয়া—দ্বারে অনশনে বসিয়া প্রাপ্য-লাভ-চেষ্টা।

ধন্য (গ্রাং ধন্নি) ··ণ. (সং)। শ্লাঘ্য, সৌভাগ্যবান্। ধন্য-ধন্য-রব ··মহৎ কর্মের প্রশংসায় কৃতীকে ধন্য ধন্য বলা। ধন্যবাদ · ষ্য. ধন্য—এই বচন। ধন্যবাদ করা—ধন্য বলা। আপনাকে ধন্যবাদ ··(ইংরেজীর অনুকরণে) আপনি ধন্য—ইহা বলিতেছি।

ধন্যা, ধনিয়া · ষ্য. (সং ধন্যা, ধন্যাক)। তাম্বূল ও রন্ধনের প্রসিদ্ধ গোলপ্রায় উপকরণবিশেষ (Coriander)। ইহার গাছ (Coriandrum sativum) বর্ষায়ুঃ, বহুশাখ শাক। ভারতের বিভিন্ন প্রদেশে বিভিন্ন সময়ে কৃষি হয়। ফুল শাদা বা ঈষৎ রক্ত। ধনিয়ার চাল ··(ধন্যাতণ্ডুল)। ধনিয়া ফলের বীজ, এই বীজ পৃষ্ঠে গোল, উদরে খোল। (চৈঃ-চঃ—ধনিয়া)।

ধপ···ব্য. (সং স্থাপ হইতে)। বিস্তৃত শিথিল বস্তুর পতনশব্দে। ধপাশ···ব্য. ধপ্-শব্দে পতনে। ধপাৎ ··ব্য. ধপ্ভাবে, স্থাপনে, প্রঃ—ধপাৎ করিয়া বসা।

ধব ··ধ দেখ।

ধব্-ধব, ধপ্-ধপ ··ব্য. (সং ধাব ধাতু। সং ধবল)। ধবল বর্ণে, প্রঃ—শাদা ধব্ধব করে। ধবুয়া, ধবো ··ণ. (ধব+উয়া)। শুক্লবর্ণ। ধব্-ধবিয়া, ধব্-ধব্যে ··ণ. (ধব্-ধব+ইয়া)। ধব্-ধব করে যাহা।

ধবল · ষ্য. (সং)। শুক্লবর্ণ; শ্বেতকুষ্ঠ নামক রোগবিশেষ (Leucoderma)। (সং আয়ুর্বেদে নানাবিধ চর্মরোগের সামান্য নাম কুষ্ঠ)। ধবলা, ধলা ··ণ. (ধবল+আ)। শুক্লবর্ণ। ধবলী··ষ্য. (সং)। শুক্লা গাই। ধবলী শ্যামলী···শুক্লবর্ণ গাই ও কৃষ্ণবর্ণ গাই (কৃষ্ণযাত্রাগানে)।

ধম্-ধম···ব্য. (সং ধ্ম, ধ্মা ধাতু শব্দে) গম্ভীর ধঁ ধঁ শব্দে। ধম্-ধম করিয়া পেটা—প্রহারে ধঁ-ধঁ শব্দ হয়। ধমাধম ··পরে পরে ধম্-ধম আঘাত। ধুম্-ধুম ··ব্য. ক্ষুদ্র বস্তু আঘাতে, ধুঁ-ধুঁ শব্দে।

ধমক···ষ্য. (সং ধ্ম, ধ্মা ধাতু শব্দে। ধমকরা—ধমকা, ধমক)। ভর্ৎসনা, এমন তর্জন যাহাতে মনে পীড়া জন্মিতে পারে; চর্মবাদ্যাদির ধ্মা ধ্মা শব্দে, প্রঃ—ধাও ধাও ধামামা ধমকে কাঁপে ধরা (মাং)। (২) কাহার ভাষায়, উচ্চ হইতে অবরোহণ (চড়ির বিপরীত)। ধমকা ধাতু. ধমকাই—তর্জন করি। ধমানা, ধমকানি॥

ধম্ম ··ধর্ম দেখ। ধম্ম-কম্ম...ধর্ম ও কর্ম (ও° কাম ধাম)। ধম্ম-ঘট···স্বীয় জাতি বা ব্যবসায় রক্ষার্থে ঘটস্থাপনাপূর্বক প্রতিজ্ঞা।

ধম্ম-পত্ত…ধর্মপত্র। ধম্মপুত্ত… ধর্মপুত্র। ধম্মিষ্ঠ…ধর্মিষ্ঠ। অধম্মো…অধর্মিয়া, অধার্মিক।

ধর · ধাতু. (সং ধৃ ধাতু। সং ধৃ ধাতু সকর্মক অকর্মক দুই রূপ আছে। বাংতেও ধর ধাতু সকর্মক অকর্মক দুই-ই হয়। ধাতু সকর্মক ; কিন্তু ভিন্ন ভিন্ন শব্দ সহযোগে অকর্মক ও নানার্থ হইয়াছে। তুং কর, লাগ ধাতু)। (১—অকর্মক) ধরি—হই, উৎপন্ন হই, প্রঃ—গাছে ফুল ধরিয়াছে ; থাকি, প্রঃ—পাঁচ দিন ধরিয়া বর্ষা ; প্রভাব বিস্তার করি, প্রঃ—ঔষধ ধরিয়াছে ; স্থান পাই, প্রঃ—ঘটীতে জল ধরে না, মুখে হাসি ধরে না ; মনোনীত হই, প্রিয় হই, প্রঃ—কাপড়খানা মনে ধরে না ; পীড়িত হই, ভারী হই, প্রঃ—মাথা ধরা, পা কোমর গলা ধরা, মুখ ধরা (কণ্ডূয়ন) ; শেষ হই, বর্ষণ শেষ করি, প্রঃ—বৃষ্টি ধরিয়াছে, আকাশ ধরিয়াছে। (২—সকর্মক) ধরি—ধারণ করি, রাখি, প্রঃ—ছাতা ধরিয়া দাঁড়া, প্রাণ ধরিয়া আছি ; গ্রহণ করি, প্রঃ—দোষ ধরা ; পরিধান করি, প্রঃ—ভেখ ধরা ; আশ্রয় করি, প্রঃ—ঠাকুরের দুয়ার ধরা, পায়ে ধরা ; আরম্ভ করি, প্রঃ—গান ধর, আগুন ধরিয়াছে ; আক্রমণ করি, প্রঃ—চোর ধরা ; সংগ্রহ করি, বধ করি, প্রঃ—মাছ ধরা ; পালন করি, প্রঃ—নিয়ম ধরা ; শাসনে রাখি, প্রঃ—মাল সাপ ধরিয়াছে, দুর্দান্ত ছেলেকে ধরিয়া রাখে সাধ্য কি ? কর কিংবা মূল্য দিয়া ভোগ করি, প্রঃ—রাম আমার জমি ধরে ; হলকর্ষণ করি, প্রঃ—দিন দুই বিঘা জমি ধরা সোজা নয় ; অবধারণ করি, প্রঃ—গণিয়া চোর ধরিতে জানে, ধরা কথা (অবধারিত) ; দৃষ্টান্ত গ্রহণ করি, প্রঃ—ধর রামের পিতৃভক্তি তিনি পিতার সত্যপালনের জন্যে বনে গেলেন ; পরিমাণ করি, প্রঃ—দাঁড়ী ধরা, দোড়ী ধরা। ধরা, ধরণ, ধরণা। ধরণ…ষ্য. (সং)। অবলম্বন, রীতি, ভঙ্গি ; অবর্ষণ। আকাট ধরণ…কাষ্ঠবৎ শুষ্কতা, অবর্ষণ। ধরণ-ধারণ…ষ্য. রীতি-নীতি, চালি-চলন। ধরণা, ধন্না…ধন্না দেখ। ধরতি…ষ্য. (ধর ধাতু তি)। পূরণ। (ধরা-কাট…ষ্য. ধরা—সংযম, কাট—সংযম)। অবধারিত নিয়ম বা সংযম ধরাট…ষ্য. (ধরা+কাট হইতে ক লুপ্ত)। পানাহারে সংযম, কঠিন নিয়ম, প্রঃ—ধরাটে না থাকিলে কেবল ঔষধে কি হইবে। ধরাটি…ষ্য (ধরা+বৃত্তি)। ক্রয়বিক্রয়ে অবধারিত বৃত্তি বা ছাড়ি। ধরা-পাগড়া, ধর-পাগড়…ষ্য. (সং প্রগ্রহ হইতে হিং পাগড়া, পাকড়া)। শাসন, আক্রমণ। ধরা-বাঁধা…ষ্য. (প্রায় সহচর শব্দ)। অবধারিত ও নিয়মবদ্ধ। ধরা ধরি… ষ্য. পরস্পর ধারণ, বহু জনে ধারণ। ছেলে-ধরা…ষ্য. যে ছোট ছোট ছেলেকে চুরি করে। ধরা…ধাতু. (ধর ধাতু আন্তে)। ধরানা।

ধর…ষ্য. (সং ধারণকর্তা)। হিন্দুর পদবী-বিশেষ।

ধরা…ষ্য. (সং)। পৃথিবী, ধরিত্রী। দৃষ্টান্তে, ধরাকে শরা জ্ঞান করা—দম্ভে পৃথিবীকে শরা তুল্য মনে করিয়া কাজ করা।

ধরাট, ধরাটি…ধর ধাতু দেখ।

ধর্তব্য (প্রাং ধত্তব্য)…ণ. (সং)। গ্রহণযোগ্য, বিচারযোগ্য।

ধর্ম (গ্রা॰ ধম্ম)···ষ্য, (সং ধর্ম। পালি, সংপ্রা॰ ধম্ম)। শাস্ত্রানুযায়ী আচার, প্রঃ—মনুর ধর্মশাস্ত্র, হিন্দু-ধর্মে গোহিংসা নিষিদ্ধ; সৎ কর্ম, কর্তব্য, প্রঃ—ধর্ম করা, দান-ধর্ম, ধর্ম-কর্ম, পুণ্য-ধর্ম করা, চোরা না শুনে ধর্মের কাহিনী; পুণ্য, প্রঃ—দরিদ্রকে দান করিলে ধর্ম হয়; স্বভাব, গুণ, প্রঃ—কলির ধর্ম কলহ, তাপের ধর্ম দাহিকা, মানবধর্ম, পশুধর্ম; যম, প্রঃ—ধর্ম জানেন, আমি জানি না (যম—মানুষের যাবতীয় কর্ম লক্ষ্য করিতেছেন); ঈশ্বর ও পরলোক সম্বন্ধীয় বিশ্বাস, প্রঃ—তিনি ব্রাহ্মধর্মে দীক্ষিত; সাম্প্রদায়িক বিশ্বাস বা মত, প্রঃ—খ্রীষ্টান ধর্ম। (এই অর্থ আধুনিক, ইং religion শব্দের অর্থ হইতে আসিয়াছে। এইরূপে, এ দেশে হিন্দু মুসলমান খ্রিষ্টান ব্রাহ্ম আর্য জৈন বৌদ্ধ প্রভৃতি ধর্ম নাম হইয়াছে। এই অর্থ আধুনিক বলিয়া—তোমার ধর্ম কি? —জিজ্ঞাসিলে দেশের সাধারণ লোক প্রশ্ন বুঝিতে পারে না। ধর্ম শব্দের মূল অর্থ—যাহা ধরিয়া রাখে, স্থিতি করায়, দেহ মন আত্মার কল্যাণ করে। এই হেতু, মহাভারতে ধর্মস্য তত্ত্বং নিহিতং গুহায়াং। অমরকোষে ধর্মের নাম পুণ্য শ্রেয়ঃ সুকৃত (পাপের বিপরীত); ইহা হইতে, হিন্দুর পক্ষে, বেদবিহিত কর্মের নাম ধর্ম; এবং ধর্ম অর্থে পুণ্য যম (শরীর আত্মার সাধনাপেক্ষ কর্ম; কাজেই, ন্যায়, আচার স্বভাব—অমরকোষ)। ধর্ম-কর্ম, ধর্ম-কার্য···ধর্মানুষ্ঠান, পুণ্যকর্ম। ধর্ম-ঘট ·· (সং—বৈশাখ মাসে ব্রাহ্মণকে দাতব্য জলপূর্ণ ঘট)। ধর্মরক্ষার্থে, ব্যবসায় বা জাতির শ্রেয়ঃ-রক্ষার্থে, ধর্মরূপ ঘট স্থাপন পূর্বক প্রতিজ্ঞা। ধর্ম নাশ, ধর্ম নষ্ট করা—পাতিব্রত্য-ধর্ম হানি করা। ধর্ম-পত্নী ··শাস্ত্রানুসারে বিবাহিতা পত্নী। ধর্ম-পুত্র ··শাস্ত্রানুসারে উৎপাদিত পুত্র; পুত্রকর্মার্থে গৃহীত পুত্র; যুধিষ্ঠির। ধর্মপুত্র যুধিষ্ঠির...যে যুধিষ্ঠির ধর্মের পুত্র ছিলেন তত্তুল্য সত্যবাদী। ধর্ম-পিতা, ধর্ম-বাপ ··ধর্মানুসারে যিনি পিতা; পিতৃধর্মপালনার্থে যিনি পিতা হইয়াছেন। ধর্ম-মা·· ধর্মপালনার্থে যিনি মাতা হইয়াছেন। ধর্ম-ভাই ··গুরু-ভাই। ধর্ম-শালা··· ধর্মার্থে যে শালা—বাটী—সাধারণকে ভোগ করিতে দেওয়া হইয়াছে, অথিতিশালা। ধর্মের ঢাক বাজা—ন্যায় গুপ্ত থাকে না। ধর্মিয়া ··ণ. (ধর্ম+ইয়া)। ধার্মিক, ধর্মশীল। (বিপঃ—অধর্মিয়া)। ধর্ম-ঠাকুর ...নিরঞ্জন ঠাকুর, প্রঃ—তুমি ধর্ম্ম নিরাকার তুমি সংসারের সার (কবিকঃ, শিবের প্রতি ব্রহ্মার স্তব)। ন দেবায় ন ধর্মায়—এই কথায় বোধ হয়, দেব হইতে ধর্মের প্রভেদ করা হইয়াছে। ধর্ম্মমঙ্গল নামে বহু গ্রন্থে ধর্ম-ঠাকুরের মাহাত্ম্য বর্ণিত আছে। ধর্ম-পুরাণ নামে এক পুরাণ (বাঙ্গালা ভাষায়) আছে। শূন্য-পুরাণের প্রথমে ধর্ম কিরূপে এই পৃথিবী সৃষ্টি করিয়াছিলেন, তাহা বর্ণিত আছে। উত্তরবঙ্গ হইতে রাঢ় দিয়া ওড়িশা পর্যন্ত ধর্ম-সেবক আছে। যোগী জাতি নিরঞ্জনধর্মী। নিরাকার হইলেও ধর্মঠাকুরের প্রায়ই পাথরের কচ্ছপমূর্তিতে পূজা হইয়া থাকে। পাশে, (প্রায়ই এক) 'কামিন্যা' থাকেন। নাম এইরূপ, পঞ্চানন্দ, জগৎ-রায়, যাত্রা-সিদ্ধি, দল-মাদল, ক্ষুদি-রায়, কালু-রায়, বাঁকুড়া-রায়, খেলারাম, স্বরূপ-

নারায়ণ, ইত্যাদি। জালিয়া, চণ্ডাল, ডোম প্রভৃতি জাতি পূজক। পূজক 'পণ্ডিত', 'ধর্মপণ্ডিত' নামে খ্যাত, এবং চিহ্নস্বরূপ ডানি হাতে 'তামা'—(তাম্রবলয়) পরেন। এক এক ধর্মঠাকুরকে শ্রোত্রিয় ব্রাহ্মণেও পূজা করেন। সেথানে ধর্মঠাকুর শিবঠাকুর হইয়াছেন। সময়ে সময়ে নানা স্থানের বিগ্রহ একত্র করিয়া পূজা হয় (গ্রহাহরণ দেখ)। কোন কোন ধর্মঠাকুরকে মদ্য অর্পণ করা হয়, ছাগবলিও হয়। পূজার মন্ত্র, বাঙ্গালা ও অপভ্রষ্ট সংস্কৃতের মিশ্রণ। পূজার মন্ত্র, পূজকের জাতি, ঠাকুরের রূপ প্রভৃতি ধরিলে ধর্মঠাকুরেরর মূলে বৌদ্ধধর্ম বুঝিতে পারা যায়। (গাজন দেখ)।

ধলা ··ধবল দেখ।

ধষ ··ধাতু. (সং ধৃষ ধাতু হিংসায়, ধর্ষণ)। ধষি —দম্ভপ্রকাশে বিপর্যস্ত করি, প্রঃ—পাঞ্জর ধষিয়া গেল (চণ্ডীঃ)। ধষা॥ ধষ-মষ ·· ধাতু. (সং ধৃষ হিংসায়, সং মৃশ ধাতু আক্রমণে)। ধষি-মষি—বিপর্যস্ত, নষ্ট করি, পরাভূত করি, প্রঃ—দুরন্ত ছেলে বিছানা ধষিয়া-মষিয়া দেয়, প্রঃ—ধুসে মুসে সকল লইবে ধরা ধন (মাঃ)। ধষা-মষা॥

ধস ··ধাতু. (সং ধ্বন্‌স ধাতু ধ্বংসে, অধঃপতনে, অবসংসনে)। ধসি—স্খলিত হই, নীচে পড়ি, প্রঃ—নদীর বাঁধ ধসিয়া গিয়াছে। ধসা॥ ধস···ষ্য. স্খলন, চ্যুতি, প্রঃ—নদীর ধস, নদী ধস খায় (গ্রাং ধাস)। ধসা-রোগ ·· গোল-আলুর রোগ-বিশেষ (Potato-rot. Phytophthora infestans)। ইহাতে আলু পচিয়া যায়। ধসা ··ধাতু (ধস ধাতু আস্তে)। ধসানা॥ (ঢুসা ধাতু দেখ)।

ধস্তা ··ধাতু. (সং ধ্বস্ত হইতে)। ধস্তাই—বিধ্বস্ত করি। ধস্তানা॥ ধস্তা-ধস্তি...পরস্পর আক্রমণ, পরাভব।

ধা···ধাতু. (সং ধাব্ ধাতু গতি, বেগে)। ধাই —বেগে চলি (পশ্চাতে কিংবা সম্মুখে), প্রঃ—ধেয়ে (ধাইয়া) এল (আইল) বরের বাপ। ধাওয়া॥ ধাওয়া···পশ্চাদ্ধাবন। ধাওয়া-ধাই ··পরস্পর অনুধাবন, ব্যস্তভাবে গমনাগমন, প্রঃ—চারিদিগে ধাওয়া ধাই রাজার আওাসে (কৃত্তিঃ)—আওাসে—আবাসে। ধাওয়া ··ধাতু. (ধা ধাতু আস্তে। ধাআ ধাতুও মনে করা যাইতে পারে)। ধাওয়ানা॥ (বাং ঢেউ—এই ধাব্ হইতে? জল ঢেআইয়া কলশী ভরা – জল ধাওয়াইয়া নহে কি?)

ধা···ষ্য. (সং ধৈবত)। গীতের সপ্ত সুরের ষষ্ঠ সুর।

ধাঁ, ধাঁ-ধাঁ ··ব্য. (সং ধ্মা ধাতু শব্দে। বোধ হয় গতি অর্থে সং ধাব্ ধাতু হইতে)। ধাঁ-ধাঁ শব্দে (অন্য রূপ ঝাঁ); শীঘ্রগতিতে, প্রঃ—ধাঁ করিয়া যাও (ধাঁ শব্দে?)। ধাঁ ধাঁ কাজ শেষ কর—শীঘ্র শীঘ্র।

ধাই, দাই ··ষ্য. (সং ধাত্রী)। শিশুপালিকা; যে নারী সন্তানপ্রসব করায়।

ধাই···ষ্য. (সং ধাতকী)। পুষ্পক্ষুপবিশেষ (Woodfordia floribunda)। তাম্রবর্ণ পুষ্পের নিমিত্ত উদ্যানে প্রায়ই রোপিত হইয়া থাকে। পুষ্প বসন্তকালে ফোটে। পুষ্প ষট্‌দল, দ্বাদশকেশর। ফুলে কষায় রস আছে বলিয়া কাপড় রং করিতে ও ঔষধে লাগে।

ধাউড়িয়া, ধাউড়া···ণ. (সং ধারক—জাতি-

বিশেষ)। লিপিবাহক জাতিবিশেষ (এখন দেখা যায় না)। ...ণ. (সং ধারিত হইতে)। বিস্তীর্ণ, প্রাঃ—তালপাতার চালা এমন ধাউড়া করিয়াছ যে অল্প ঝড়েই পড়িয়া যাইবে।

ধাউস ··ষ্য. (?)। কাগজের বৃহৎ ঘুড়ী।

ধাওয়া···ধা ধাতু দেখ। (হিং ধারা)।

ধাক ··ষ্য. (তাগা দেখ। হিং মং ধাগা)। দুই তিন খাই পাক-দেওয়া সূতা।

ধাক্কা ··ষ্য. (সং ধক্ক ধাতু নাশনে; সং ধাক—স্তম্ভ। ওং হিং ধকা। সং ধুক্ষ ধাতুও হইতে পারে। বেগে আঘাত, হঠাৎ আঘাত, প্রাঃ—নফরে হুকুম দিয়ে মারে তারে ধাক্কা (কবিকঃ)। (কবিকঃ ও ভাঃ-তে ঢেকা শব্দও আছে, প্রাঃ—ঢেকা দিয়া কোটালের ভাই লয়ে যায় (ভাঃ)। অধুনা ঢেকা প্রায় অপ্রচলঃ)। ধাক্কা খাওয়া—নিজে; ধাক্কা দেওয়া, মারা—অন্যকে।

ধাঁগড় ··ষ্য. (?)। সাঁওতাল জাতিবিশেষ। (ইহারা গোধা—গোসাপ ধরিয়া খায়। গোধা হইতে?)।

ধাঁচা ··ষ্য. (ওং ঢাঞ্চা; হিং টাঁচা—ঠাট। সং ছন্দ হইতে ছাঁদ—দাঁছ—ধাঁছা?)। ছাঁদ, ভঙ্গি, প্রাঃ—লোকের ধাঁচা।

ধাড়া···ষ্য. (সং ধট। ওং ধড়া, মং ধট)। বড় দাঁড়ী-পাল্লা। ধাড়া বাঁধা—দুই পাল্লা সমান করা।

ধাড়া গ্রাং)···ষ্য. (সং ধারা)। বেড়া, বেষ্টন।

ধাড়া···ষ্য. (সং ধারা—সৈন্যের অগ্রিম স্কন্ধ হইতে)। হিন্দুজাতির পদবীবিশেষ।

ধাড়িয়া, ধেড়ো···ণ. (ধাড়ী+ইয়া। ধাড়ী দেখ)। ধাড়ীর যোগ্য, ধাড়ীযুক্ত (ধাড়ী—পুং ধাড়িয়া), প্রাঃ—বুড়া বয়সে ধেড়ো রোগ—বুড়া বয়সে ধাড়ীর যোগ্য কর্ম, পুত্রোৎপাদন ইচ্ছা।

ধাড়িয়া, ধেড়ে ··ষ্য. (সং উদ্র হইতে)। উদ্-বিড়াল।

ধাড়ী ··ষ্য (সং ধাত্রী)। যে ছাগীর (ও এই-রূপ পশুর) বৎস হইয়াছে, প্রাঃ—ধাড়ী ছাগল; বালকদের খেলায় প্রধান বা নায়ক, প্রাঃ—যম যদি ধাড়ি সাজে আছে প্রতিকার (কৃত্তিঃ, কিং)। বুড়া ধাড়ী... বৃদ্ধ-ধাত্রী, বৃদ্ধ অথচ বাল-নায়ক।

ধাতু, ধাত ··ষ্য. (সং)। কফ পিত্ত বায়ু শরীরের তিন ধাতু; রস রক্ত মেদঃ মজ্জা শুক্র মাংস অস্থি শরীরের সপ্ত ধাতু; কর-নাড়ী, প্রাঃ—আর ধাত পাওয়া যাইতেছে না; সোনা রূপা ইত্যাদি পার্থিব বিকার; শব্দের মূল; প্রকৃতি। ধাতু-ক্ষয় ··বীর্য-ক্ষয়। ধাত চালা, ধাতের ব্যারাম ··প্রমেহ রোগবিশেষ (gonorrhœa); ইহাতে শুক্রধাতু ক্ষরণ হয়। সপ্তধাতু, যথা,—স্বর্ণ রৌপ্য তাম্র রঙ্গ লৌহ সীসা দস্তা। অষ্ট ধাতু, যথা,—স্বর্ণ রৌপ্য তাম্র রঙ্গ লৌহ সীসা দস্তা পারা।

ধাঁদা···ষ্য. (সং দ্বন্দ্ব। ধন্দ দেখ)। সুখ দুঃখ, শীত-গ্রীষ্মাদি বিরুদ্ধ যুগ্ম, ইহা হইতে সংসার-চিন্তা; রহস্য, প্রাঃ—ধাঁদায় পড়া—বুঝিতে না পারা। (২) (সং ধুন্ধুমার—অর্থাৎ ধুম-ধূম+আর—ঝুল যাহা ধুম বদ্ধ করে)। অস্পষ্টতা, অস্পষ্ট দর্শন (যেন চোখে ধূম লাগিয়াছে), প্রাঃ—চোখে ধাঁদা লাগে; প্রাঃ—রতনসম্ভবা বিভা নয়ন ধাঁধিয়া ধায় অগ্রে (মেঘনাদবধ)।

ধাধস ··ষ্য. (সং সাধ্বস—ভয়, সম্ভ্রম)। প্রিয়-

বিরহে চিত্ত চাঞ্চল্য, চিন্তা, প্রঃ—নিদের আলসে বঁধুর ধাধসে তাহারে করিনু কোরে (চণ্ডীঃ)—কোরে—কোলে; প্রেমাবেশ, প্রঃ—(জ্ঞানদাস)।

ন··ষ্য (সং ধান্য। ধান্য শব্দের মূলার্থ যাহা পোষণ করে। তুং অন্ন। পূর্বকালে ধান্য ও ব্রীহি এক ছিল। অমরে ধান্যং ব্রীহিঃ; মেদিনীতে ধান্যং ব্রীহিষু; হেমচন্দ্রে ধান্যন্তু শস্যং; অর্থাৎ যে সকল শস্য দ্বারা দেহপোষণ হয়। কেহ ধান্যপঞ্চ গণনা করিতেন, যথা, শালি ব্রীহি শূক শিম্বি ক্ষুদ্র; কেহ বা সপ্তদশ গণিতেন। শূকধান্য যেমন যব, ক্ষুদ্রধান্য অন্য নাম তৃণধান্য যেমন কঙ্গু, শিম্বি বা শমীধান্য যেমন কলাই, ব্রীহিধান্য যেমন তিল, শালি ধান্যই ধান নামে খ্যাত। কিন্তু সং-তে ধান ত্রিবিধ, যথা, শালি—হৈমন্তিক, ষষ্টিক (ষাটিয়া)—গ্রৈষ্মিক, আশু (আউশ)—বার্ষিক; অর্থাৎ গ্রীষ্মকালে বর্ষাকালে হেমন্তে যে তিন প্রধান জাত পাকে। যখন ক্ষেত্রে থাকে, তখন তুষ থাকিলে ধান্য, নিস্তুষ করিলে তণ্ডুল, সিদ্ধ করিলে অন্ন)। প্রসিদ্ধ শস্য (rice, unhusked rice, paddy); ধান গাছ, প্রঃ—ধান কাটা; (গাছ ধানও বলা যায়); রতির চতুর্থাংশ ভার ("grain" পাকা রতি ধরিলে প্রায় ১ গ্রেণ হয়)। বীজ-ধান··গাছ করিবার নিমিত্ত যে ধান রক্ষিত হইয়াছে (ওং বিহন—সং বীজন?)। বীচ··(সং বীজ) ধানের চারা। ধানের থোড় হওয়া··(সং স্তম্বকরি—স্তম্ভ—গোছা ঝাড় হয় বলিয়া? থোড় দেখ)। শীষ হইবার পূর্বে গাছের স্থূলত্ব (হিং থোল। সং স্থূল?)। গর্ভথোড়···ধান গাছের মধ্যভাগের স্থূলত্ব। ফুলা···ফুলযুক্ত। ঘোড়ামুখা···ণ. শীষের ঘোড়ার মুখের তুল্য বক্রতা-বিশিষ্ট। ডাকের কথায়, থোড় তিরিশে ফুলা বিশে ঘোড়ামুখা তের দিন—থোড় হবার ত্রিশ দিন, ফুল হবার বিশ দিন, আর ঘোড়া-মুখা হবার তের দিন পরে ধান পাকে। ক্ষীর-মুখী··ণ. শীষে ধানের ক্ষীর অর্থাৎ চাউলের দ্রব অবস্থা হইলে। শীষ··ষা. (সং শীর্ষক)। ধান্যমঞ্জরী। শীষের ডালী··(ডাল+ঈ)। শীষের শাখা। ধানের শুঙ্গা, শুঁআ···(সং ধান্যশূক)। ধানের শৃঙ্গা (awn)। ধানের চিটা··অন্য নাম আগড়া। ধান গাছ কাটা হইলে—খড়; ক্ষেতে যে গোড়া থাকে—নাড়া (কোথাও কোথাও ধানের খড় অর্থে নাড়া শব্দ চলিত আছে)। খড়ে পত্র—পালা। পত্র মাড়া হইলে—পল, পোয়াল। গাছের গোড়ার দিকের যে পাতার খড় থাকে না—মাংসুয়া পালা (সং মাংস+উয়া। ওংতেও এই উচ্চারণ)। ধান কাড়ান—বোনা ধানের ক্ষেতে লাঙ্গল দ্বারা তৃণাদি মারা। ডাকের কথায়, আষাঢ়ে কাড়ান নামকে (নাম নিমিত্ত, অর্থাৎ কাড়ানা হইয়াছে বলিতে)। শ্রাবণে কাড়ান ধানকে। ভাদরে কাড়ান শীষকে। আশ্বিনে কাড়ান কিসকে (বৃথা)। নিড়ান—নিস্তৃণীকরণ। ধান বোনা—ছড়াইয়া বীজ বপন। ধান রোআ—বীজতলায় চারা করিয়া রোপণ। ধান কাটা—গাছ কাটা (সংতে ধান্যচ্ছেদনম্, পরে ধান্যকর্তনম্)। ধান ঝাড়া—কাঠের পাটায় কিংবা বাঁশের আগড়ে গাছ ধরিয়া শীষসহিত আছাড়িয়া খড় হইতে ধান

পৃথক করা। ধান মাড়া—ধানের শীষ মর্দন; প্রায়ই গোরুর পা দিয়া। মাঝে খুঁটী (সং মেধী; কোথাও কোথাও মেইকাঠ বলে) রাখিয়া দোড়ী দিয়া বাঁধা এক সারি গোরু গাছের উপরে ঘুরিয়া ঘুরিয়া চলিতে চলিতে ধান মাড়া হয়। ধান সারানা—আগড়া বা চিটা, খড়-কুটি হইতে ভাল ধান পৃথক করা (প্রায়ই বাতাসে ধরিয়া)। ধানের জাত—ধানের কত জাত আছে, তাহা বলা দুঃসাধ্য। কারণ,ভূমি কৃষি গ্রীষ্মবর্ষাদি ঋতুভেদে ধানের আকার-প্রকার পরিবর্তিত হয়। কাজেই ধানভেঁদে বহু নাম হইয়াছে। মোটা-মুটি, ধান এক বলা যাইতে পারে (Oryza sativa। সং ব্রীহি, ফা° বিরিঞ্জি হইতে Oryza, rice শব্দ)। ধান পাকার কাল হইতে নাম, (১) আউশ··(সং আশু)। শীঘ্র পাকে বলিয়া, প্রঃ—আউশ ধানের চাষ লাগে তিন মাস। (২) কেলেশ ধান ··(কালশ হইতে)। কৃষ্ণবর্ণ ধান, আউসের ১০।১৫ দিন পরে পাকে। (৩) ষাটিয়া···(সং ষষ্টিক ধান্য)। ষাটি দিনে পাকে বলিয়া নাম। বঙ্গে ইহা তেমন প্রচলিত নহে। (৪) লঘু-ধান ··লঘু অল্পকালে পাকে বলিয়া নাম। এই ধান কার্তিকের শেষে পাকে। (৫) হৈমন্তিক (প্রা° হেঁঅৎ)···হেমন্তে পাকে। এই ধানই শ্রেষ্ঠ। ইহার দুই ভাগ আছে। (ক) লাল (সং রক্তশালি), (খ) শাদা বা শালি (সং শালি)। (৬) বোরো · (সং বোরব—বৈদ্যকে। বোধ হয় দেশীয় নামের সংস্কৃত-করা নাম। ধান বড় বড় বলিয়া বড়ো—বোরো নহে কি?)। ইহাকে গ্রীষ্মের আউশ বলা যাইতে পারে। জলাতে বোরো ধান হয়। আউশ-বীজ হইতে বোরোর চাষ হয়। উড়ী-ধান ··(সং নীবার)। বন্য ধান, অন্য নাম ঝড়া। যে ধান পাকিয়া গাছে লাগিয়া থাকে, তাহারই চাষ হইতে পারে। কারণ কাটা, বহা, ইত্যাদি না হইলে শস্য গৃহগত হইতে পারে না। ঝড়া ধান পাকি-লেই ঝরিয়া পড়ে, সুতরাং গৃহগত করা কঠিন। পূর্বকালে উড়ীধান সংগ্রহ করার নাম উঞ্ছবৃত্তি ছিল। এই লক্ষণ হইতে জানা যায়, উড়ীধান বন্য। বোধ হয় এই ধান হইতে যাবতীয় ধানের উৎপত্তি হইয়াছে। আশ্চর্য এই, কৃষকেরা ক্ষেতে ঝড়া ও কৃষির ধান-গাছ চারা-অবস্থাতেই চিনিতে পারে। ধানের অভ্যাপাত (সং—বিঘ্ন)। (১) কেদো মারা...(কাদুয়া—কেদো)। কাদায় পচিয়া গাছের গোড়ার রোগবিশেষ। এক সূক্ষ্ম উদ্ভিদ ইহার কারণ। (২) গাঁধি-পোকা···(সং গন্ধিক)। দুর্গন্ধ পোকা দ্বারা ধানের রোগ। (৩) ভেঁপো ··কীট-বিশেষ। (৪, শাঁখী ··(শঙ্খ হইতে)। কীট-বিশেষ। (৫) ধানের গু ··(হিং নাম কাগুআ)। ধানের রোগবিশেষ। ধানের চালের পরিবর্তে কাল ধুলা দেখা যায়। এক জাতি সূক্ষ্ম উদ্ভিদ (Tilletia fœtans) এই রোগের কারণ। ধানুয়া, ধেনো···ণ. (ধান+উয়া)। ধান সম্বন্ধীয়, প্রঃ—ধেনো ব্যাপারী; ধানে জাত, প্রঃ—ধেনো মদ—(এই মদ কিন্তু ধান হইতে না করিয়া আতপ চাল হইতে করা হয়। চালের সঙ্গে ধান থাকে বলিয়া নিন্দায় ধেনো নাম হইয়াছে। সং পৈষ্টিক)। ধান-দূর্বা···বর ও মান্য ব্যক্তির আশীর্বাদ করিতে ধান্য ও দূর্বা। দৃষ্টান্তে, ধান ভানিতে

শিবের গীত—অসংলগ্ন বাক্য ('শিবের গীত' স্থানে 'মহীপালের গীত'ও বলে)। কত ধানে কত চাল মাপে কিংবা ওজনে কত ধান হইতে কত চাল পাওয়া যায়। চাল ধানের হিসাব জানা গৃহস্থমাত্রের কর্তব্য। ধানবাড়ি ··ষ্য. (সং ধান্যবৃদ্ধি)। ধান ঋণ দিয়া ধানে বৃদ্ধি লভ্য। বাড়ি ধান ··যে ধান বৃদ্ধি নিমিত্ত দেওয়া হইয়াছে কিংবা হইবে।

ধানী (গ্রাং)...ষ্য. (সং ধনী)। মূলধন যার, ব্যবসায়ে ধনী।

ধানুকী···ষ্য. (সং ধানুষ্ক)। ধনুর্ধর, যে ধনুর্বাণ লইয়া যুদ্ধ করে (কবিকঃ)।

ধান্যেশ্বরী · ষ্য. (সং শব্দ রচিত)। ধেনো মদ (মাতাল ভাষায়)।

ধাপ ··ষ্য (সং স্থাপন। মং ধান)। শিঁড়ীতে পদস্থাপন-স্থান, পইঠা।

ধাপ-ধাড়া গোবিন্দপুর...ষ্য. (কোন গ্রামের নাম)। বহু দূরবর্তী অগম্য স্থান।

ধাপ্পা···ষ্য. (হিং ধপ্পা—আঘাত, ক্ষতি। বোধ হয় ধাপ্পা ও থাপড় থাপ্পড় মূলে এক)। প্রতারণা। ধাপ্পা দেওয়া—হবে হবে বলিয়া বৃথা আশ্বাস দেওয়া। ধাপ্পা মারা (অশিষ্ট)।

ধাব ··ধাতু. (সং ধাব ধাতু গমনে)। ধাবি—দ্রুত গমন করি। (পদ্যে)। ধাবমান···ণ. (সং-তে ধাবমান পদ হয় না)। ধাবিত, প্রঃ—(প্রবোধচন্দ্রিকায়)।

ধাবকা ··ষ্য. (সং ধাবন—আক্রমণ, পশ্চাৎ-ধাবন)। অভ্যাস, প্রঃ—প্রতিদিন সন্ধ্যা হইলে গা সিড়্-সিড় করে, এই ধাবকা না গেলে শরীর ভাল হবে না; হেপা, প্রঃ—আইন আদালতের ধাবকায় ইংরাজীর চর্চা বাড়িয়া উঠিল (টেকচাঁদ)—এই অর্থে অপ্রচলঃ (হেপা দেখ)।

ধাবড়া ··ষ্য. (বোধ হয় থাপড়া হইতে)। থাপড়া, বিস্তৃত কদাকার মূর্তি, প্রঃ—কালী-ধাবড়া লেখা। ধাবড়া ··ধাতু. ধাবড়াই—বিস্তৃত কদাকার হই, প্রঃ—কালী পড়িয়া লেখা ধাবড়ায়। ধাবড়ানা॥

ধাম...ষ্য. (সং ধামন্। যথা, ধাম দেহে গৃহে রশ্মৌ স্থানে জন্মপ্রভাবয়োঃ—মেঃ)। স্থিতি বা নিবাস, প্রঃ—লোকের নাম-ধাম; দেবদেবী ও বৈষ্ণবের স্থান, প্রঃ—মথুরায় চারি ধাম—পবিত্র স্থান।

ধামন, ধামনা ··ষ্য. (সং ধন্বন্—কাঠে ধনু হয় বলিয়া। ওং ঢামন, হিং ডেনগান)। বহুবার-সদৃশ তরুবিশেষ (Cordia macleodii)। মধ্যভারত ছোটনাগপুর ওড়িশার অরণ্যে আছে। মাঝের কাঠ (সার) লালচিয়া, সুন্দর চিত্রবিচিত্র। কাঠের আঁশ লম্বা লম্বা বলিয়া ধনুক ও বাঙ্গীর কাঠ হয়। বঙ্গদেশে দেখা যায় না।

ধামা···ষ্য. (সং ধামক—পরিমাণবিশেষ। যথা, মাষকো হেমধামকৌ—ভাবপ্রকাশে। হিং ধামা)। ধান-চাল রাখিবার বেতের গভীর পাত্রবিশেষ। ধামী ··ষ্য. (ধামা+ঈ)। ছোট ধামা। ধামা-ধরা · ণ. ধান-চাল মাপিবার সময় যে ধামা ধরিয়া থাকে, এবং মাপকের ইঙ্গিতে এ দিকে ও দিকে ধরে। ইহা হইতে, যে অন্যের অনুবর্তী হয়।

ধামামা ··ষ্য. (সং ধ্মা ধাতু শব্দে। ধ্মা-ধ্মা শব্দ করে বলিয়া ধামামা)। দামামা বাদ্য।

ধামালী···ষ্য. (সং দম্ভ+আলী। তুং চতুরালী, নাগরালী। তুং ওং ঢগঢমালি।

বা° দামাল দেখ। বালকের কৌতুকে দন্তপ্রকাশ, প্রঃ—যদি সে ধামালী করে আইসে মোর স্থানে (কলঙ্কভঞ্জন)—করে—করিয়া।

ধার...ষ্য (সং—ঋণ—মেঃ। উদ্ধার অঃ); পরে আর এক অর্থ—প্রান্ত। (১) ঋণ। (কর্জার শুদ দিতে হয়, ধারের শুদ দিতে হয় না)। ধার-উধার ··(সং ধার, উদ্ধার সহচর শব্দ)। ঋণ। ধার-কর্জ ··(সহচর শব্দ)। ধার। ধারে কেনা—মূল্য পরে দিব অঙ্গীকার করিয়া কেনা (ও° কাল্হি, সং কালিকা—ক্রমদেয়ে বস্তুমূল্যে। তু° বা° কাল-কাল করা—কালি দিব কালি দিব বলা)। ধারে বেচা—ক্রেতার ঋণ হইল জানাইয়া বা জানিয়া বেচা (ধারে বেচা—বাক্য অসঙ্গত বটে, কিন্তু চলিত আছে)। ধার-করা ··ণ. ঋণসরূপ গৃহীত। ধারী···ণ. (ধার+ঈ)। ঋণী। ধারুয়া, ধেরো··ণ. (ধার+উয়া)। ধারসম্বন্ধীয়, প্রঃ—ধেরো টাকা; ঋণী। ধার-ধোর ·· (ধোর উপচর শব্দ)। ধার-টার। (২) প্রান্ত, পার্শ্ব; অস্ত্রশস্ত্রাদির ধারা; দ্রবাদির ধারা। ধারিয়া, ধেরো ··ণ. (ধার+ইয়া)। প্রান্তে গত, প্রঃ—নদীর ধেরো—নদীর তটস্থিত শ্মশানগত (গালিতে)। ধার ·· ধাতু. (সং ধার, ধৃ ধাতু)। ধারি—ঋণী হই, প্রঃ—কারো ধার ধারে না, দশ টাকা ধারে। ধারা॥

ধারক···ষ্য. (সং)। ধারণকর্তা, প্রঃ—তন্ত্রধারক; রেচকের বিপরীত ঔষধ।

ধারণা ··ষ্য. (সং—চিত্তের স্থির বন্ধন—হেমঃ)। চিত্তের স্থিরতা; অনুভব, বোধ।

ধারা···ষ্য. (সং)। জলাসার, প্রঃ—শ্রাবণের ধারা; জলস্রোত; রীতি, প্রঃ—সে দেশের ধারা এমন; শ্রেণী, ক্রম, বিধি, প্রঃ—আইনের ২১১ ধারা—আইনের ২১১ সংখ্যার বিধি।

ধারাটি ··ষ্য. (ধার—প্রান্ত+মাটি)। দ্বার-পিণ্ডাদির প্রান্তমাটি, প্রান্ত, প্রঃ—ইট দিয়া ধারাটি বাঁধা।

ধারানি ··ষ্য. (ধারা+পানি। বৃষ্টিজল, বৃষ্টির গড়ানিয়া জল।

ধারা-পাত...ষ্য. (ধারা—ক্রম, পাটী; পাত—পত্র)। পাটী-গণিত পত্র, যে পত্রে—পুস্তকে—সামান্য গণিতক্রম লিখিত থাকে।

ধারাল, ধারালা...ণ. (ধারা+ল, ধার+আলা)। তীক্ষ্ণাগ্র।

ধার্য (প্রা° ধাজ্জ)···ণ. (সং)। ধারণযোগ্য, প্রঃ—শিরোধার্য—মস্তকে ধারণীয়, পালনীয়; স্থিরীকৃত, নির্দিষ্ট, প্রঃ—কথা ধার্য, বিবাহ ধার্য, ধার্য দিনে উপস্থিত।

ধাষ্টামি (গ্রা°)...ধৃষ্টামি দেখ।

ধাশ ··ষ্য. (সং হুতাশ হইতে)। অগ্নির উত্তাপ।

ধিক্-ধিক, ধিকি-ধিকি···ধক্-ধক দেখ।

ধিঙ্গী···ণ. (সং ধনিকা হইতে?। ম শিঙ্গী)। যৌবনগর্বিতা, প্রঃ—এই সহচরীগণ এক ধিঙ্গী এক জন উদ্দেশেতে করি নমস্কার (ভাঃ)—এক ধিঙ্গী এক জন—কেহবা ধিঙ্গী, কেহবা এক এক জন—পুরুষ অর্থাৎ পুরুষভাববিশিষ্ট।

ধিৎকার (গ্রা°) ··ষ্য. (সং ধিক্কার)। ধিক্কার, নিন্দাবোধ।

ধিন্-ধিন···ব্য. ধন্-ধন দেখ।

ধিমা ··ণ. (ঢিমা দেখ। সং মধ্যম হইতে) মধ্যম, নাতিদ্রুত, প্রঃ—ধিমা আঁচ, ধিমা চাল, ধিমা তেতালা।

ধীট, ঢীট ··ণ. (সং ধৃষ্ট। মং ধীট)। প্রগল্ভ, নির্লজ্জ।

ধীর ··ণ. (সং)। ধৈর্যশালী ; গম্ভীর ; নম্র, বিনীত। ধীরে ধীরে ··ব্য. মন্দ মন্দ, অল্পে অল্পে। ধীরে-সুস্থে · (সহচর শব্দ)। অল্পে অল্পে বেগে নয়, রহিয়া-বসিয়া।

ধু ··ধাতু. (সং ধাব ধাতু হইতে ? ধাব ধাতু মার্জনে, শুদ্ধীভাবে, শুদ্ধীকরণে। ধাব হইতে ধু—বহু পরিবর্তন। কিন্তু ওং হিং মংতেও ধু ধাতু। বোধ হয় ধুপ ধাতু দীপ্তিতে হইতে। কিংবা সং ধৌত হইতে ধু আসিয়া থাকিবে)। ধুই—জলে মার্জিত শুদ্ধ শুক্ল করি। ধুঅন, ধোআ, ধোয়া॥ ধোআ কাপড় ধৌত বস্ত্র,শুক্লীকৃত বস্ত্র। পা ধোয়া জল ··যে জলে পদ ধৌত করা হইয়াছে। (ধুইবা স্থানে ধোবা হইয়া পা-ধোবার জল—যে জলে পা ধুইতে হইবে)। ধোআ, ধোয়া ··ধাতু. (ধু ধাতু আস্তে)। ধোআনা, ধোয়ানা॥

ধুঁ ··ধাতু (সং ধূ, ধূ ধাতু কম্পনে হইতে ? বাং ধুআঁ ধাতুও প্রয়োগ-বাহুল্যে ধুঁ হইয়া থাকিবে)। ধুঁই—ধূম নির্গত হই, প্রঃ—কাঠ ধুঁইয়া ধুঁইয়া পুড়িতেছে। ধোঁআ॥ (ধোঁআ দেখ)।

ধুআ, ধুয়া...ষ্য. (সং ধ্রুবক, ধ্রুবপদ)। গীতের বিশেষতঃ কীর্তন-গীতের যে পদের পরিবর্তন হয় না, এবং যে পদ প্রধান গায়কের সঙ্গীরা (দোহার)গায়, যেমন, জয় রাধা-গোবিন্দ বল। ধুআ ধরা—ধুআ গান করা ; একই কথা গ্রহণ করা, একই প্রার্থনা করা।

ধুআঁ, ধুয়াঁ ··ষ্য. (সং ধূম। ঢাকায় ধুমা)। ধূম। ধুআঁটিয়া, ধুআঁট্যে···ণ. (ধূম+তা —ধুআঁটা+ইয়া)। ধূম্র, ধূমসদৃশ, প্রঃ—দুধে ধুআঁট্যে গন্ধ। ধুআঁ · ধাতু. ধুআঁই—ধূমনির্গমন করি, প্রঃ—ভিজা কাঠ ধুআঁইয়া ধুআঁইয়া জ্বলে। ধুআঁনা॥ (ধোআঁ, ধুঁ দেখ)।

ধুঁক...ধাতু. (সং ধুক্ষ, ধিক্ষ—সন্দীপনে, ক্লেশনে, জীব ন। ধক্-ধক্ ধুক্-ধুক দেখ)। ধুঁকি—ক্লেশে ঘন ঘন শ্বাস গ্রহণ করি। ধোঁকা॥ ধোঁকা ··সন্দেহ, বিতর্ক। ধোঁকা ···ধাতু. (ধুঁক ধাতু আস্তে)। ধোঁকানা॥

ধুকড়ী ··ষ্য. (হিং। ধোকড়া দেখ)। ছোট ধোকড়া, থলী।

ধুক্-ধুক ··ধক্-ধক দেখ।

ধুচনী ··ষ্য. (বাং ধু ধাতু হইতে ধুঅন, ধুঅনী। ধুঅনী—ধুচনী। বাংতে ধুঅনী—যে নারী চাল ধোয়। এই হেতু পৃথক করিতে ধুচনী —চ আগম। ওং চাউ-ধোআ—যদ্দারা চাল ধোআ হয়)। চাল ধুইবার—ক্ষালিত করিবার—বংশপাত্র।

ধুৎ···ব্য. (সং ধুত—ত্যক্ত, ধুত—নিরস্ত, ভর্ৎসিত। সংপ্রাং ধু। গ্রাং দুৎ। হিং দুৎ)। নিন্দায়, নিরস্তবাক্যে, প্রঃ—ধুৎ সে কথা নয় ; ধুৎ তোর—তোর বাক্য ধুৎ।

ধুতলিয়া ··ণ. (ধুতুরা+ইয়া)। যে ধুতুরা ফল খাওয়াইয়া মারে (চৈতন্যমঙ্গলে)। (অপ্রচলঃ)।

ধুতি ··ষ্য. (সং ধৌতি। ওং ধোতি, তেলুগু ধোতি, হিং ধোতী, মং ধোতর, ধোত্র।

বা'তে ধোতি না হইয়া ধুতি হইবার কারণ, ধো পরে তি—ই। শূন্যপুরাণে ধৌতি, যথা, কেমন বরন আপুনি কেমন পরিছ ধৌতি। যে বস্ত্র ধৌত করিতে পারা যায়, কিংবা করিতে হয়, তাহা ধৌতি; পট্টবস্ত্র ধৌত না করিলেও শুদ্ধ)। পুরুষের পরিধেয় বস্ত্র। (পূর্বকালে ধুতি নারীবস্ত্রও হইতে পারিত; যথা, পার্ব্বতী রূপবতী হরিদ্রাযুত ধুতী পরিয়া বসিল আসনে (কবিকঃ); পরিয়া লোহিত ধুতি বাম দিকে শিবদূতী (কবিকঃ)। পূর্বকালে ধুতি দুর্লভ ছিল। এখনও ভারতের বহু স্থানে লম্বা ধুতি প্রায় অজ্ঞাত। কাপড় দেখ। এ কারণ ধুতি অর্থে উৎকোচ ছিল, অর্থাৎ ধুতি-রূপ পুরস্কার হইতে সামান্য উৎকোচ অর্থ ছিল। যথা, বিনা উপকারে খায় ধুতি (কবিকঃ)—উপকার না করিয়া পুরস্কার বা উৎকোচ লয়; টাকা সিকা নিত্য খায় ধুতি (কবিকঃ)। ভারতেও, ধুতী খেয়ে ছেড়ে দিল মালিনী পলায়। তু' পালি লঞ্চ, ও' লাঞ্চ—উৎকোচ। বোধ হয় সং লজ্জা হইতে। লজ্জানিবারক বস্ত্র? কিংবা তু' ও' লুগা, বা' হি' লাঙ্গটি, লেঙ্গ, লঙ্গাড়)। ধুতি-চাদর ··কটিতে পরিধেয় ধুতি ও ঊর্ধ্ব-দেহ আবরণের উত্তরীয়।

ধুতুরা, ধুতরা ··ষ্য. (সং ধুস্তুর। উন্মত্ত কিতব ধূর্ত প্রভৃতি ধুস্তুরের সং সংজ্ঞার মূল ধুতুরার বীজের মাদকতা শক্তি)। বঙ্গাদি বর্গের বন্য শাকবিশেষ। ফুল শাদা ও কাল ভেদে দুই জাতি সর্বদা দেখা যায়। শাদা ধুতুরার (Datura alba) ফুল শাদা; কাল ধুতুরার (Datura fastuosa) ফুল নীচে শাদা, উপরে বেগুনা। ছোটনাগপুরে ও কখন-কখন উদ্যানে আর এক জাতি কাল (বেগুনা) ধুতুরা দেখা যায়।

ধুঁধুল ··ষ্য. (সং ধূমাবলী? দীপাবলী?)। কার্তিক অমাবস্যায় শ্যামাপূজার রাত্রে পিতৃলোকের তৃপ্ত্যর্থে পিষ্টক (পুরপিঠা) ও দীপদান।

ধুন ··ধাতু. (সং ধু, ধূ ধাতু কম্পনে। ধুনোতি পদ হয়। ইহা হইতে বা'তে ধুন ধাতু। ও'তে ভিণ ধাতু। বোধ হয় ধ স্থানে ভ মাত্র)। ধুনি—আঘাত দ্বারা কম্পিত করি, ধনু দ্বারা তুলার রোঁআ ভিন্ন ভিন্ন করি। ধোনা ॥ মানুষকে তুলা-ধোনা করা—অতিশয় প্রহার দ্বারা সর্বাঙ্গ শিথিল করিয়া দেওয়া। ধোনা ··ধাতু. (ধুন ধাতু আন্তে) ধোনানা ॥ ধুনারী, ধুনারু ··ষ্য. (ধুনা+আরী, আরু)। যে তুলা ধোনে। (ধনুকের নাম আছাড়)।

ধুনা ·ষ্য. (সং ধূনক, ধূপন। ও' ঝুনা। ধ স্থানে ঝ)। শালবৃক্ষের সুগন্ধ নির্যাস (resin)। ধুনা-চুর··ষ্য. (ধূনকচূর্ণ? কিন্তু আধার অর্থ আসে না। যাহাতে ধূনকচূর্ণ নিক্ষিপ্ত হয়? কলিকাতায় ধুনচি; কিন্তু আধার অর্থে বা'তে চি প্রত্যয় নাই। বোধ হয় ধুনাচুর শব্দের অপভ্রংশে। ও'তে উন্তেই—অগ্নিধান)। ধুনা পোড়াইবার অগ্নিধান, প্রঃ—গঙ্গাজল দিআ সুদ্ধ কৈল ধুনাচুর (শূং পুঃ); দপ দপ সম্মুখে জ্বলিছে ধুনাচুর (মাঃ), হুর হুর করিয়া জ্বলে ধুনাচুর দণ্ড (মাঃ)। ধুনা সেবা ··শিবের গাজনে অধোমুখ সন্ন্যাসীর অগ্নি-সেবা। আগুনে ধুনা দেওয়া হয় বলিয়া ধুনাসেবা।

ধুনী ··ষ্য. (হিং ধুনী। সং ধূম)। সাধু সন্ন্যাসীর ধূমসেবন। কাঠ পোড়াইয়া রাখিয়া ধূম করা হয়।·

ধুন্দিয়া···ষ্য. (?)। জৈনসম্প্রদায়বিশেষ।

ধুন্দুল ··ষ্য. (সং নাম ধামার্গব; অন্য নাম দীর্ঘপটোলিকা)। পারুল দেখ। কেহ কেহ তরই বলে।

ধুপ্-ধাপ ··ছুপ্-দাপ দেখ।

ধুম্-ধাম ··ধূম দেখ।

ধুম্-ধুম ··ছুম্-ছুম দেখ।

ধুম-ধড়াক্কা···ধূম দেখ।

ধুবপদ (গ্রাং) ··ধ্রুপদ দেখ।

ধুবমুশ ··ষ্য. (ছুরমুশ দেখ। সং ধূলি—ধুর ? মৃষ ধাতু বধে হইতে মুশ ?)। কাঠ কিংবা লোহার ভারী মুগুর। ধুরমুশ করা – ধুবমুশ দ্বারা পিটিয়া সমান করা।

ধুরা ··ষ্য. (সং ধুর্)। গাড়ীর অক্ষ। (সংতে ধুর্ অর্থে শকটের রথের যুগ, যুগের যে অংশ বাহনের স্কন্ধে থাকে। ইহা হইতে ধুরন্ধর)।

ধুলা ··ষ্য. (সং ধূলি। ধুলা মুলা তুলা প্রভৃতি শব্দের উকার দীর্ঘ লিখিবার কারণ নাই। সং শব্দের বাং রূপান্তরে সং বানান সব স্থলে রাখা চলে না)। ধূলি। ধুলা-খেলা···ষ্য. ধুলা লইয়া বালক বালিকার খেলা। ধুলা গুঁড়া ··ষ্য. (সহচর শব্দ)। ধূলি বা গুঁড়া। ধুলা-ঘর ··ষ্য. ধুলা-খেলার ঘর, প্রঃ—ধুলাঘরে দিতেছিনু পুতুলের বিয়া (ভাঃ)। ধুলা-পায়ে··· পথভ্রমণে পাদলগ্ন ধূলি সহিত, ভ্রমণের পর পা ধুইতে না ধুইতে। ধুলা-পায়ে লগ্ন—বিবাহের পর কন্যার দ্বিরাগমন-কাল নিমিত্ত অপেক্ষা না করিয়া বিবাহের পরেই কন্যাকে শ্বশুরালয়ে প্রেরণরূপ লগ্ন-কাল। ধুলা-বালি ··ষ্য. (সহচর শব্দ)। ধুলা ও বালি। ধুলা-চটা···ষ্য. (সং ধূলি-চটক)। শাখাশ্রয়ী বর্গের ছোট পক্ষী-বিশেষ (Finch lark. Pyrrhulauda grisea)। ভরতপক্ষীর সদৃশ। পুং-পক্ষীর বুক কৃষ্ণবর্ণ, স্ত্রী-পক্ষীর শ্বেত। মাঠে চরে, হঠাৎ উঠে নামে। খেলা-ধুলা ·· খেলা-দোলা। (দোলা অপভ্রংশে ধুলা)।

ধুসা···ষ্য. (হিং ধুস্সা। সং দ্বিশাট ?)। লোমশ শীতবস্ত্রবিশেষ। যে লোমে শাল হয়, সেই লোমের মোটা লোমে ধুসা হয়।

ধুয়া · ধুআ দেখ।

ধূ-ধূ ··ব্য. (সং ধূ ধাতু কম্পনে)। অগ্নি-শিখার কম্পনে, উত্তপ্ত বায়ু কম্পনে, প্রঃ—জ্যৈষ্ঠ মাসে মধ্যাহ্নের সময় নদীর বালি ধূ ধূ করিতে থাকে—বালির উপরে উত্তপ্ত বায়ু কাঁপিতে থাকে; আগুন ধূ-ধূ করিয়া জ্বলে—তখন আগুনের শিখা উচ্চ হইয়া কাঁপিতে থাকে।

ধূনা, ধূনী ··ধুনা, ধুনী দেখ।

ধূপ ··ষ্য. (সং)। গন্ধধূমবর্তি। পাঁচ, ছয়, আট, ষোল, গন্ধদ্রব্য-যোগে পঞ্চাঙ্গ, ষড়ঙ্গ, অষ্টাঙ্গ, ষোড়শাঙ্গ ধূপ হয়। মুথা গুগ্‌গুল চন্দন তেজপত্র কুষ্ঠ অগুরু বালা ধুনা জটামাংসী সরল কাঠ প্রভৃতি সুগন্ধ দ্রব্যে ধূপ হয়। ধূপ-ধুনা···ষ্য. (সহচর শব্দ)। ধূপ ও ধুনা, প্রঃ—পুরে বৈসে গন্ধবেন্যা গন্ধ বেচে ধূপ ধুনা (কবিকঃ)। ধূপ-দীপ ··ষ্য. (সহচর শব্দ)। ধূপ ও দীপ (পূজায়)। ধূপ...ষ্য. (ওং অর্থে)। দেবতার পূজা ও পূজান্তে ভোগ।

ধূপছায়া...ষ্য. রঙ্গিন বস্ত্রবিশেষ। ইহার টানা লাল, পড়্যান নীল।

ধূম···ষ্য.(সং ধ্বন ধাতু শব্দে হইতে ধুন—ধুম। ধূপ শব্দের অর্থও মিশিয়া থাকিবে। ধূপ—যেমন শ্রীমন্দিরে ধূপ)। কোলাহল-শব্দ, ঘটা, জাঁক। ধূম-ধাম ··ষ্য. (ধাম—উপচর শব্দ)। ধূম। ধূম-ধড়াক্কা ··ষ্য. (ধর-ধর হইতে ধড়াক্কা। তুং ফাং তুম-তরাক)। কোলাহল শব্দ ও ধর-ধর শব্দ।

ধূমড়ী ··ষ্য. (সং ধূম+ড়ী)। ধূমসী।

ধূমনচিতি···চিতী দেখ।

ধূমপান···ষ্য. (সং)। তামুকের ধূম-সেবন। (তাম্রকূট-ধূম সেবন অর্থে ধূমপান শব্দ আধুনিক)।

ধূমসা ··ণ. (সং ধূম+সা সাদৃশ্যে)। ধূম-সদৃশ কদাকার ও কৃষ্ণবর্ণ ; স্থূল কুৎসিৎ, প্রঃ—ধূমসা মাগী, ধূমসা ইঁদুর। স্ত্রীং ধূমসী। ধূমসা—ধাতু. ধূমসাই—প্রহার দ্বারা কুৎসিৎ কদাকার করি, প্রঃ—পিটিয়া ধূমসাইয়া দেওয়া। ধূমসানা॥ (ধ্বংস হইতে ?)

ধূম্বা ··ণ. (সং ধূম্যা—ধূমসমূহ। ওং ধুমা। তুং সং ধূমাবতী)। কদাকার স্থূল।

ধূব (গ্রাং) ··দুব।

ধূর্ত (গ্রাং ধুত্ত) ··ণ. (সং ধূর্ত)। শঠ। ধূর্ত পনা ··ষ্য. (পনা দেখ)। ধূর্ত ব্যবহার। ধূর্তামি ··ষ্য. (ধূর্ত+আমি)। ধূর্তপনা।

ধূল···ষ্য. (সং ধূলি)। গণিতে কড়ার ভাগবিশেষ (তুং রেণু) ; ক্ষেত্রপরিমাণ-বিশেষ, প্রঃ—কাঠায় কাঠায় ধূল পরিমাণ (শুভঙ্করী),—কাঠা-পরিমাণ লইয়া ধূল করা—কালী করা। (ধূলিতে, মাটিতলে গণিত করা হয় বলিয়া ?)। ধূল ধাপড়···ষ্য. (সং ধূলি হইতে ধূল। কিন্তু ধাপড় ? সং স্থাপন ?)। ধূলা আঁশ ইত্যাদি, প্রঃ—কাপড় ছিঁড়িয়া ধূলধাপড় উড়িয়া গিয়াছে ; এইরূপ, প্রহার দ্বারা ধূলধাপড় উড়ানা। ধূলট ··ষ্য. (ধূলি+মাটি—ধূলাটি—ধুলট)। হরিসংকীর্তনের পর ভাবাবেশে ধুল ও মাটিতে গড়ানা। ধূলট করা—ধূলায় দেহ ধূসর করা।

ধূলা···ষ্য. (সং ধূলি)। ধুলা দেখ।

ধৃষ্টামি, ধৃষ্টাম্ (গ্রাং ধাষ্টামি) ··ষ্য. (সং ধৃষ্ট+বাং আমি)। ধৃষ্টতা, নির্লজ্জতা।

ধেআ...ধাতু. (সং ধৈ ধাতু ধ্যানে)। ধে-আই—ধ্যান করি, প্রঃ—যে যারে ধেআয়, সে তারে পায়। ধেআনা॥ ধেআন ·· ধ্যান (শূং পুঃ)। (ধেয়া ধাতু দেখ)।

ধেই-ধেই...ব্য. (সং ধাব ধাতু বেগে)। নৃত্য-চাঞ্চল্যে। ধেই-ধেই করিয়া নাচা—ধাবন-সহ নৃত্য। (থেই-থেই—স্থিরভাবে)।

ধেঁড়শ ··ঢেঁড়শ দেখ।

ধেড়্যো, ধেড়ে ··ধাড়ী দেখ।

ধেনো···ধান দেখ।

ধেয়া···ধেআ ধাতু দেখ। ধেয়ান ··ধ্যান।

ধৈরজ, ধৈরয ··ষ্য. (সং ধৈর্য)। ধৈর্য, প্রঃ—'ধৈরজ না মানে'। (পদে)।

ধৈর্য, ধৈর্য্য ··ষ্য. (সং)। ধীরতা, সহিষ্ণুতা, প্রঃ—ধৈর্য ধরা। (বাংতে গ্রাং ভাষায় বিশেষণও হয়, প্রঃ—ধৈর্য্য হয়ে থা।

ধোআ, ধোয়া···ধু ধাতু দেখ।

ধোআনি···ষ্য. (ধোআ+পানি)। যে জলে ধোআ হইয়াছে, যে জল ধুইয়া গড়াইয়া

আসিয়াছে। ধোআট ··ষ্য (ধোআ+মাটি)। যে মাটি ধুইয়া আসিয়াছে।

ধোকড় ··ণ. (হি°—বলবান)। বলবান্, প্রঃ—মাকড় ... লে ধোকড় হয়—মানুষ বলবান্ হয় (?)।

ধোকড়া ··ষ্য. (ধাকা—সুতা হইতে)। মোটা সুতার বস্ত্র, থলী। ধুকড়ী ··(হি°—থলী)। ছোট থলী।

ধোঁকা ··ধুঁক ধাতু দেখ। (হি° ধোখা)।

ধোপ ··ষ্য. (স° ধাবন হইতে আসা কঠিন। স° ধূপ ধাতু দীপ্তি হইতে বা° ধুপ ধাতু—ধোপ)। ধাবন, শুক্লীভাব, প্রঃ—কাপড়খান পাঁচ ধোপ পাইয়াছে। ধোপা, ধোবা...ষ্য. (স° ধূপ ধাতু হইতে ধূপক—ধূপা—ধোপা—ধোবা। শ্রীহট্টে মেদিনীপুরে ধুপা। হি° ম° ধোবী। ও° ধোবা। স° ধূপ—গন্ধবর্তি। ধোপার কর্ম বস্ত্রের কেবল দীপ্তিসাধন শুক্লীকরণ নহে, ধূপনও ছিল। বাসী-করা দেখ। রজক—যে বস্ত্র (ধৌত করিয়া) রঞ্জিত করে। ওড়িশায় ধোবার দুই কর্ম, বস্ত্রধাবন ও কাষ্ঠচ্ছেদন। ইন্ধন নিমিত্ত কাষ্ঠচ্ছেদন-কর্ম স° ধূপ ধাতু সন্তাপন হইতে আসিয়া থাকিবে)। বস্ত্রধাবক; জাতিবিশেষ। স্ত্রী° ধোপানী, ধোবানী। ধোপার ভাটী ··(স° ভাণ্ড হইতে)। যে সচ্ছিদ্র বড় হাঁড়ীতে কাপড় ভাপানা হয়। ধোপার পাট···যে কাষ্ঠপট্টে বস্ত্র আঘাত করা হয়। ধোপা-নাপিত···ধোপা ও নাপিত। ধোপা-নাপিত বন্ধ—এক-ঘরিয়া করিতে। ধোপা—বস্ত্র সুন্দর করে, নাপিত (নরসুন্দর) দেহ সুন্দর করে। এই হেতু ধোপা-নাপিত বন্ধ হইলে মানুষকে অসুন্দর অশুচি থাকিতে হয়। ইহাই সামাজিক শাসন। চাষা-ধোবা···যে ধোপা জাতি এখন চাষী হইয়াছে; জাতি-বিশেষ।

ধোয়া...ধু ধাতু, ধোআ দেখ।

ধোয়াট, ধোয়ানি···ধোআট, ধোআনি দেখ।

ধোলাই···ষ্য. (হি°। বা° ধোআই। ল আগম হিন্দীতে। তু° চোলাই, সেলাই)। ধোআ কর্ম, ধোআর বেতন।

ধোসা ··ধুসা দেখ।

ধ্যান ··ষ্য. (স°)। চিন্তা, এক বিষয়কজ্ঞান-ধারা। ধ্যান-ধারণা···ষ্য. (স°। সহচর শব্দ)। একাগ্রচিন্তা।

ধ্রুং, ধ্রুবং···ষ্য. (স° ধ্রুবক শব্দের সংক্ষেপে)। ধুআ।

ধ্রুপদ···ষ্য. (স° ধ্রুবপদ)। গুরু প্রকৃতি গীত-বিশেষ, (গান দেখ); তালবাদ্যবিশেষ। ধ্রুপদী···ষ্য. (ধ্রুপদ+ঈ)। ধ্রুপদ গানে দক্ষ যে।

ধ্বজা···ষ্য. (স° ধ্বজ)। পতাকা। ধ্বজা-পতাকা···(সহচর শব্দ)। পতাকা।

ধ্বস ··ধস দেখ। ধ্বসা···ষ্য. (স° ধ্বংস হইতে)। ধসা দেখ।

ধ্বস্তা-ধ্বস্তি ··ষ্য. (স° ধ্বস্ত—নষ্ট, পতিত)। পরস্পর পাতিত পরাভূত করার চেষ্টা।

ন।

ন···ষ্য. (স°)। ব্যঞ্জন-বর্ণ,-অক্ষর-বিশেষ। ত-বর্গের অনুনাসিক বর্ণ। স্থানভেদে লোক-মুখে ন স্থানে ল, ল স্থানে ন হয়। শব্দের আদ্য ন-ল-কারের এইরূপ পরি-

বর্ত্তন হয়। যেমন, লূন—নূন, সাত-লর হার—সাত-নর হার, লা-চার—না-চার, না (নৌকা)—লা, নথ (ঘুড়ী উড়াইবার ডোর)—লথ, নুকসান—লোকসান। দুই চারি স্থলে ন-লকারের পরিবর্ত্তনে অর্থান্তর হইয়াছে। যেমন, লোহা (ধাতু), নো নোআ (সধবার আয়তি লৌহ); লড়, নড় ধাতু।

ন··ষ্য. ণ. (সং নব)। নয় সঙ্খ্যা, নয় সঙ্খ্যক, প্রঃ—ন-দশ ঘর, ন জন। (২) (নব—নূতন হইতে)। চতুর্থ, বড় মেজ সেজর পরে যে, প্রঃ—ন দাদা, ন বউ, ন কাকা।

ন···ধাতু. (সং ন হি হইতে)। নহ ধাতু দেখ। নইলে—নহিলে দেখ।

নং···ষ্য. (ইং number)। নম্বর শব্দের সংক্ষেপে নং, প্রঃ—২১০ নং বাড়ীতে—যে বাড়ীর নম্বর—অঙ্ক ২১০।

নই···ষ্য. ণ. (সং নবতি)। নব্বই।

নই··ষ্য. (সং নদী। ও° নই)। নদী।

নওবৎ...নহবৎ, নৌবৎ দেখ।

নকড়া-ছকড়া··ণ. (কড়ি খেলার দান হইতে?)। অবজ্ঞাত, তৃণবৎ গণ্য; তুং হিরণ্য দাস মুলুক মিল নকড়া করিয়া (চৈঃ চঃ)। (ছকড়া-নকড়া দেখ)।

নকতা···ষ্য. (হিং। ও° নকি-হাঁস)। হংসাদি-বর্গের বৃহৎ পক্ষীবিশেষ (The comb duck. Sarcidiornis melanotus)। মাথা শাদা, তাহাতে কাল কাল ফুটকী থাকে। পুংপক্ষীর মাথায় চর্ম্মের চূড়া থাকে। বড় বড় জলাতে দুই দশটা একত্র চরে।

নকর···ষ্য. (ফাং নৌকর)। ভৃত্য, চাকর। নকরি···ষ্য. চাকরি।

নকল···ষ্য. (আং)। অনুকরণ, প্রতিলেখ; পরিহাস। নকল-নবিস··ষ্য. (নবিস দেখ)। লিপি-কর, লেখক। নকল-নবিসি··নকল-নবিসের কর্ম্ম। নকলী···ণ. কৃত্রিম, আসল নহে; অনুকরণদক্ষ, ভাঁড় (আং নক্কাল)। সাত নকলে আসল ভেস্তা—একের পর এক অনুকরণ করিতে করিতে শেষে মূলের সহিত বিভিন্ন হইয়া পড়ে।

নকাশি···ষ্য. (আং নক্কাষী)। সোনা-রূপায় খুদিয়া কাজ।

নকিব···ষ্য. (আং নকীব)। রাজ্যের সংবাদ-বাহক; বাদশাহের নিকট পরিচয়দাতা।

নকুটি···ষ্য. (?)। শাখাশ্রয়ীবর্গের পাঁচ ছয় আঙ্গুল দীর্ঘ পক্ষীবিশেষ (A martin. Cotyle sinensis)। পক্ষ খয়রা। নদীর ধারে দলে দলে বাসা করে।

নকুল···ষ্য. (সং নকুলী—কুঙ্কুম—হেমঃ)। সিদ্ধিপানের পর ভোজ্য (ভাঃ)। (অপ্রচলঃ। দুধ-কুসুমা দেখ)।

নক্শা··ষ্য. (আং নকৃষ)। চিত্র, রেখাচিত্র (drawing); অনুকরণ, তামাসা।

নখ···ষ্য. (সং)। অঙ্গুলির অগ্রস্থ উপাস্থি। নখর···ষ্য. (সং)। পশুপক্ষ্যাদির দীর্ঘ বক্র নখ। নখ-কোণি··ষ্য. নখকোণ-বৃদ্ধি। নখ-শূলী···ষ্য. নখের পাশের চর্ম্মের ছেদনে শূলবেদনা। (বোধ হয় নখ-চুলী—চুলের আকারে যে চর্ম্ম উঠে)। নখী...ণ. (সং)। নখরবিশিষ্ট।...ষ্য. (সং)। সমুদ্রের শম্বূক-বিশেষের (Fasciolaria) মুখের খোলা। উত্তাপে সুগন্ধ বাহির হয় এবং তৈলে ভাজিয়া কবিরাজী তৈল সুগন্ধ করা হয় (Lat. Unguis odoratus. Greek onyx)।

নখ, লখ ··ষ্য. (ফ্রা° নখ)। ঘুড়ী উড়াইবার ডোর।

নখানি ··ষ্য. (নখ+পানি)। নখের জল, যে জলে নখ ডুবিয়াছে।

নখ্‌তা ··ষ্য. (সং নক্ষত্র)। নক্ষত্র, প্রঃ—মাস নখতা তিথিযুতা (খনা)। (অপ্রচলঃ)।

নগদ...ষ্য. (আ° নক্‌দ)। সঙ্গে সঙ্গে দত্ত, উপস্থিত টাকা, প্রঃ—নগদ দশ টাকা—দিবার বা চাহিবার সময়ে দেওয়া হইল দশ টাকা; অল্প আয়াসে কিংবা বিনা ব্যয়ে লব্ধ, প্রঃ—বিদ্যা নগদ হবে (অশিষ্ট)। নগদা...ণ. (নগদ+আ)। নগদ বেতন লইয়া কাজ করে যে, দিনিকা। নগদী ··ষ্য. (নগদ+ঈ)। নগদ খাজনা আদায় করে যে পাইক (জমিদারীঃ)।

নগর ··ষ্য. (সং—নগ ইব রাজতে—নগরং—পর্বতের ন্যায় সুদৃশ্য ও বৃহৎ। নগরে দেবমন্দির প্রাসাদ আপণ শোভন-রাজমার্গ থাকে—অঃ টীঃ)। শহর। নগরিয়া ··ণ. (নগর+ইয়া)। নগরসম্বন্ধীয়, নগরবাসী, প্রঃ—নগরিয়া ভাই (কবিকঃ)। (আজ কাল, শহরিয়া)। নগর-কীর্তন···নগরে চলিয়া চলিয়া হরিনাম-কীর্তন।

নগিজ...ণ. (ফা° নজদীক)। নিকট।

নঙ্গর ··ষ্য. (সং লাঙ্গল হইতে। লাঙ্গল—পালি নঙ্গল। ও° লঙ্গাঠ, হি° লঙ্গার, ম° নাঙ্গার, পালি লঙ্কার)। নৌকা বদ্ধ করিবার লৌহ লাঙ্গল। (কবিকঙ্কণে কিন্তু শব্দটি নাই)।

নঙ্গা···ণ. (হি°। সং নগ্ন)। উন্মুক্ত, খোলা, প্রঃ—নঙ্গা তলোয়ার।

নচ্‌নচ...ব্য. (সং নৃত ধাতু নর্তনে। ও° নকু-নকু, চ স্থানে ক)। দীর্ঘ বস্তুর নমনীয়তায় শিথিলতায়।

নচেৎ...ব্য. (সং ন চেৎ)। নইলে, না হইলে।

নচ্ছার ··ণ. (সং নিঃসার)। অসার, হেয়, লজ্জাহীন (গালিতে)।

নজর ··ষ্য. (আ°)। দৃষ্টি; উপঢৌকন বা ভেট। বড়, উচা নজর ··উদার দৃষ্টি। ছোট নজর···অনুদার দৃষ্টি। রাজাকে নজর দেওয়া—ভেট নিমিত্ত অর্থাদি। ছেলেকে নজর দেওয়া—কু-দৃষ্টি, কু-নজর। নজর লাগা—কু দৃষ্টির আক্রমণ। উপর-নজর···উপরদিকে দৃষ্টি। উপর-নজরিয়া ··ণ. পর-নারীর মুখের দিকে যে পুরুষ, এবং পর-পুরুষের মুখের দিকে যে নারী দৃষ্টি করে। ইহা দোষাবহ এবং শিষ্টাচারবিরুদ্ধ। নজরানা···ষ্য. (আ°)। দর্শনী অর্থাদি, উপঢৌকন। নজরবন্দি রাখা—দৃষ্টির মধ্যে রাখা, আটক রাখা।

নজির ··ষ্য. (আ° নজীর)। দৃষ্টান্ত (আদাঃ)।

নট...ষ্য. (সং)। নর্তক; নাট্যকার অভিনেতা; জাতিবিশেষ। স্ত্রী° নটী, নটিনী (পদ্যে)। নটী ··ষ্য. (সং)। বেশ্যা; অভিনয়কারিণী। নটবর···ষ্য. (সং)। নর্তকশ্রেষ্ঠ। নটন···ষ্য. (সং—অঃ)। নর্তন, প্রঃ—নাচে নটিনী নটন সুর (জ্ঞানদাস)। নটুয়া ··ণ. (নট+উয়া) নটতুল্য। নট...ষ্য. (সং)। রাগিণী-বিশেষ। রাগরাগিণী দেখ। নট-নারায়ণ···ষ্য. (সং)। রাগবিশেষ। রাগরাগিণী দেখ।

নট··ণ. (সং নষ্ট)। নষ্ট, নষ্টচরিত্র, লম্পট। নট-ঘট··ষ্য. নটের—নষ্টের সহিত ঘটনা—মিলন; অবৈধ প্রণয়।

নটিয়া, নটে্য···ষ্য. (সং নাম তণ্ডুলীয়—বীজ (বা ফল) তণ্ডুলাকার বলিয়া। ও॰ নেউটিআ। হিং নাম চোলাই—চাউল হইতে। সং লুণ্টক—বৈদ্যকঃ। এই নাম অর্বাচীন। বোধ হয় সং তণ্ডুলীয় শব্দ হইতে তঁউলিয়া—নটিয়া)। মারিষাদিবর্গের বর্ষায়ুঃ শাকবিশেষ ((Amarantus)। কাঁটা-নটিয়া···ষ্য. (সং নাম তণ্ডুলীয়, মারিষ)। বন্য কাঁটা শাকবিশেষ (Amarantus spinosus)। পুংকেশর পাঁচটা। লাল নটিয়া, ডেঙ্গো শাগ, নটিয়া খাড়া ·· ষ্য. (সং নাম মারিষ)। কৃষিজাত স্থূল বর্ষায়ুঃ শাকবিশেষ (A. gangeticus)। পুং কেশর তিনটা। ডাঙ্গায় জন্মানা হয় বলিয়া ডেঙ্গো। কৃষি হেতু ইহার নানা জাত হইয়াছে, যেমন, গোবরিয়া-নটিয়া, শাদা-নটিয়া, বাঁশ-নটিয়া,গুড়-নটিয়া, কন্‌কা-নটিয়া, ইত্যাদি। বাঁশ-নটিয়া—লম্বা মোটা সবুজবর্ণ, স্বাদু নহে। গোবরময় মাটিতে জন্মিয়া গোবরিয়া নটিয়া প্রায় অখাদ্য। লাল-নটিয়া, গুড়-নটিয়ার ডাঁটা শিকড় লাল ও সুস্বাদু। চাঁপা-নটিয়া···ষ্য. (সং চণ্ডালক ?)। বর্ষায়ুঃ লতানিয়া শাকবিশেষ (A. polygamous)। পুং-কেশর তিনটা। শাদা-নটিয়া···ষ্য. উচা নটিয়া-শাকবিশেষ (A. blitum. var., oleracea)। খাইতে স্বাদু নহে।

নড়্···ধাতু. (সং নড ধাতু ভ্রংশে। লড় ধাতু দেখ)। নড়ি—বিচলিত হই, শিথিল হই, ভ্রষ্ট হই। নড়ন, নড়া॥ নড়্-নড়·· ব্য. শিথিল বন্ধনে,প্রঃ—বুড়া হইলে দাঁত নড়্‌নড় করে। নড়্-চড়··ষ্য. (চল হইতে চড়। সহচর শব্দ)। অস্থিরতায়, প্রঃ—কথার নড়্-চড়—স্খলন। নড়ন-চড়ন ·· নড়্-চড়্। নড়্-বড়···ব্য. (সং নড ধাতু ভ্রংশে, সং বৃ, বৃত ধাতু আবরণে, সেবায়)। ভ্রংশ ও আবরণে, প্রঃ—ছোট ছেলে দশ-হাতী কাপড় পরিয়া নড়্-বড় করে,—কাপড় খোলে ও পরে; প্রঃ—অস্থিসন্ধি ছুটি চর্ম্ম করে নড়বড়ে (চৈঃ চঃ)—(পরপদের মিলের নিমিত্ত নড়-বড়ে, বস্তুতঃ নড়্-বড়) নড়্-বড়িয়া···ণ. (নড়্-বড়+ইয়া)। নড়্-বড় করে যে, যে কাজ গুছাইয়া করিতে পারে না।

নড়কা···ধাতু. (নড় হইতে)। নড়কাই—এখানে ওখানে নড়িয়া নড়িয়া বড়সীতে মাছ ধরি। নড়কানা॥

নড়া···ষ্য. (সং নলকী হইতে) সরু হাত, শিশুর কোমল হাত।

নড়িয়া-ভোলা, নড়্যে ভোলা···ণ. (নড় ধাতু হইতে নড়িয়া ? হলা—ভোলা ?)। দুর্বল কৃশ, প্রঃ—নঃ মানুষ, গোরু।

নড়ী···ষ্য. (লাঠি হইতে) সরু লাঠি। অন্ধের নড়ী···অন্ধের যষ্টি, প্রঃ—ডানি করে ভাঙ্গা নড়ী বামকক্ষে ঝুড়ী (ভাঃ)।

নৎ-নৎ···ব্য. (সং নৃত ধাতু নর্ত্তনে)। নমনীয় ভাবে, শিথিলবন্ধন হেতু কম্পনে। (নচ্-নচ দেখ)।

নতা, নেতা...ষ্য. (সং নক্তক—বস্ত্র, নেত্র—বস্ত্র)। সূতা, ছল, প্রঃ—ছুতা-নতা, ছুতা-নেতা।

নতুবা···ব্য. (সং নতু—নিষেধ, বা বিকল্প)। নচেৎ।

নতুন (গ্রাং)···ণ. (কলিকাতায় গ্রাং। আসা

নতুন)। নূতন। (তু° নৈতন, নৌতুন দেখ)।

নত্তা (গ্রা° লত্তা)···ষ্য. (সং নব-নক্তক—নবম রাত্রি)। জাত শিশুর নবম রাত্রিতে করণীয় উৎসব।

নথ, নৎ···ষ্য. (সং নস্ত—নাসিকা, নাথ—নাসপ্রোতরজ্জু। ও° হিং মং নথ)। নারী-নাসিকার·স্বর্ণের বলয়-ভূষণবিশেষ, প্রঃ—বাঁ নাকে বেসর আর ডানি নাকে নত (মাঃ)— বেসর (সং)— অর্ধচন্দ্রাকৃতি ভূষণ। নথী···ষ্য. (নথ+ঈ)। বলয়াকারে দোড়ী-গুচ্ছ, (কনুই ও আঙ্গুল দিয়া) গুটানা দোড়ী বা সুতা। (২) গাঁথা কাগজ (আদাঃ)।

নদারৎ ··ণ. (ফা° নদারদ)। শূন্য, হীন, প্রঃ—খাতির নদারৎ—খাতিরের অভাব, বে-খাতির।

নদী, নই···ষ্য. (সং নদী। ও° নই, আসা° নৈ। নদী। নদ-নদী···ষ্য. (নদ পুং শব্দ, নদী স্ত্রী° শব্দ)। নদীসমূহ। নদী-নালা···ষ্য. (নদী ও নালী। সহচর শব্দ)। নদী খাল প্রভৃতি। প্রঃ—নদী নালা একাকার—কোন্‌টা নদী কোন্‌টা নালা বুঝিতে পারা যায় না, জল-পূর্ণতা হেতু। কানা নদী··· যে নদীর মুখ বুজিয়া গিয়াছে। ডাকে, একা নদী বিশ কোশ—বিশ ক্রোশ হাঁটিতে যে সময় লাগে, এক নদী পার হইতে তত সময় লাগে।

নদিয়ার চাঁদ, নদ্যের চাঁদ···ষ্য. (নবদ্বীপ—শুং পুঃ নঅদিব; নঅদিব— নদিয়া —নদ্যে)। নবদ্বীপের চন্দ্র—গৌরচন্দ্র।

নধর · ণ. (সং নবজলধর শব্দ-সংক্ষেপে)। স্থূল মাংসল চিক্কণ, প্রঃ—নঃ দেহ।

ননদ...ষ্য. (সং ননন্দৃ)। পতির ভগ্নী। ননদাই...ষ্য. (সং নন্দা+পতি) ননদের পতি।

ননী ··ষ্য. (সং নবনীত, নবনী)। দধি হইতে জাত স্নেহ পদার্থ। (দুগ্ধ হইতে জাত—মাখন)।

ননী···ষ্য. (হিং নন্না, নন্নী—ক্ষুদ্র, শিশু। সং নন্দক, নন্দি—আনন্দজনক হইতে)। শিশুর আদরের নাম।

নন্দী ভৃঙ্গী ··ষ্য. (সং নন্দী ভৃঙ্গী—শিবের অনুচর)। শিবের অনুচর; লক্ষণায়, অনুচর।

নফর···ষ্য. (আ°)। চাকর, প্রঃ—(কৃত্তিঃ)। চাকর-নফর · ষ্য. (সহচর শব্দ)। চাকর।

নব-ডঙ্কা···ষ্য. (ডঙ্কা দেখ)। বৃদ্ধাঙ্গুষ্ঠ।

নবমল্লিকা · ষ্য. (সং। অন্য নাম সপ্তলা)। মল্লিকাদিবর্গের পুষ্প ক্ষুপবিশেষ (Jasminum arborescens)। তরুতুল্য, কিন্তু বহু স্থূল শাখা হেতু গুঁড়ী হয় না। পাতা অণ্ডাকার; চিক্কণ; ৪।৬ আঙ্গুল লম্বা, ৩।৪ আঙ্গুল চওড়া। পুষ্পমঞ্জরী ত্রি-ভক্ত; পুষ্প বড় বড় শাদা সুগন্ধ; প্রান্ত দশ বার ভাগে ছিন্ন। বিহার ছোটনাগপুরে জন্মে। বঙ্গে প্রায় দেখা যায় না। গ্রীষ্ম-আরম্ভে ফুল ফুটে। (নেয়ালী দেখ)।

নবরঙ্গ···ষ্য. (সং নবরঙ্গ)। নূতন রঙ্গ, নূতন কাণ্ড। নবরঙ্গা···ষ্য. অম্লোনিকাদি বর্গের চারি ছয় আঙ্গুল উচা প্রায় বর্ষায়ুঃ শাকবিশেষ (Biophytum sensitivum)। পাতা পক্ষাকার গুচ্ছাকার। পর্ণ

প্রায়ই দশ জোড়া, হাত দিলে মুদিয়া যায়। ফুল পীতবর্ণ, বর্ষাশেষে ফোটে। কেশর ১০টা, পাঁচটা ছোট, পাঁচটা বড়। ফল পঞ্চকোষ। বীজ অনেক। পথের ধারে জন্মে। (হি° নাম লকচানা)।

নবশাখ··ষ্য. (স° নবশাখা হইতে। নব—নয়, শাখা—শাখ ; তু° ধারা—ধার। কেহ কেহ মনে করিয়াছেন, স° শায়ক—বাণ হইতে শাক। কিন্তু শাখ শব্দ আসে কেন ? শায়ক করিলে অর্থও আসেনা। শব্দকল্পদ্রুমের পরাশরসংহিতার প্রমাণ অন্যত্র প্রকাশিত গ্রন্থে পাওয়া যায় না। প্রাচীন প্রমাণ থাকিলে বঙ্গ দেশ ব্যতীত অন্যত্র নবশাখ গণনার চিহ্ন থাকিত)। প্রাচীন বৈশ্য জাতির নয় শাখা, যে নয় জাতি গ্রাম-সমাজে লাগে; যথা, কামার, কুমার, গন্ধবণিক, তাঁতী (আশ্বিন তাঁতী), তামলী, তেলী, নাপিত, বারই, মালাকার। ইহাদের জাতি-পরমাণিক (প্রামাণিক, প্রধান) আছে। স্থানভেদে এই নয় জাতির পরিবর্তে অপর দুই এক জাতি গণিত হয়, যেমন মোদক। পরমাণিক স্বজাতির মধ্যস্থালি করেন।

নবাৎ··ষ্য. (স° নৈবেদ্য হইতে। ও° নবাত—শুষ্ক গুড়)। পাক-করা গুড়ের চাকতি যাহা নৈবেদ্যে দেওয়া হয়, প্রাঃ—(চৈঃচঃ)।

নবান্ন··ষ্য. (স° নবান্ন)। পৌষ মাসে হৈমন্তিক ধান্য কাটা হইলে সেই উপলক্ষে পার্বণ। নূতন আতপ চাল নারিকেল গুড় প্রভৃতি ভক্ষণে নবান্ন করা হয়।

নবাব...ষ্য. (আ° নবাব)। প্রভু, ধনাঢ্য পুরুষ। **নবাবি**··ষ্য. (নবাব+ই)। নবাবের বৃত্তি বা ব্যবহার। **নবাবী**··ণ. (নবাব+ঈ)। নবাবের যোগ্য। **নবাব-নাজিম**..ষ্য. (আ° নাজিম—ব্যবস্থাপক)। যে নবাব ব্যবস্থাপক ও শাসক।

নবিস··ষ্য. (ফা° নবীস)। লেখক, লেখে যে, প্রাঃ—নকল-নবিস—যে নকল লেখে। (ই° নভিস—novice শব্দ ভ্রমে এক নূতন অর্থ—শিক্ষার্থী—হইতেছে। যেমন, শিক্ষা-নবিস—শিক্ষার্থী, ছাত্র)। **নবিসি**··ষ্য. লেখাকর্ম। **নবিসিন্দা**··ষ্য. (ফা°)। লেখক (জমিঃ)।

নব্বই, নই··ষ্য. ণ. (স° নবতি)। নব-দশ-সঙ্খ্যা,-সঙ্খ্যক ; ৯০।

নভেম্বর, নবেম্বর··ষ্য. (ই° november)। ইংরেজী একাদশ মাস নাম (১৪ই কার্তিক হইতে ১৪ই অগ্রহায়ণ)।

নভেল, নবেল··ষ্য. (ই° novel)। রস-প্রধান উপকথা।

নম··ধাতু. (স° নম ধাতু)। নমি—প্রণত হই, নমস্কার করি। (পদ্যে)।

নমঃ, নম্··ষ্য. (স° নমঃ—নতি)। পূজার মন্ত্রে নমঃ-শব্দ। **নমঃ নমঃ** করিয়া সারা—পূজার অন্য অন্য কর্ম না করিয়া কেবল নমঃ শব্দ উচ্চারণ ; লক্ষণায়, উপরি উপরি কাজ শেষ করা।

নমশূদ্র, নমঃশূদ্র··ষ্য. (বোধ হয়, নিম্ন হইতে নম। তু° নাম। নমঃ লিখিবার হেতু ?)। হিন্দুজাতি বিশেষ। (কোন্ কোন্ স্থানে চাঁড়াল নাম চলিত)।

নমস্কার···ষ্য. (স°)। সমানে সমানে মাথা নোআইয়া অভিবাদন। (গুরুজনকে বা°-তে নমস্কার নহে, প্রণাম)। **নমস্কারী**··ণ. (নমস্কার+ঈ)। নমস্কারকালে দিতে হয়

বাস্র। (দ্বিরাগমনের সময় বধূ প্রণামী-বস্ত্র লইয়া যায়, কলিকাতায় নমস্কারী-বস্ত্র। প্রণামী রাঢ়ে)।

নমহুঁ ··ব্য. (সং নমঃ+বাং হ ধাতু হইতে হঙ, হঙো)। নত হই, প্রণাম করি, প্রঃ—প্রাচীন বাং।

নমাজ ··ষ্য. (ফাং। তুং সং নমস্)। মুসলমানের ঈশ্বর-উপাসনা।

নমুদ ··ষ্য. (ফাং)। বাহ্য দৃশ্য, আরম্ভ-প্রদর্শন।

নমুনা...ষ্য. (ফাং)। আদর্শ, দৃষ্টান্ত।

নম্বর ··ষ্য. (ইং number)। অঙ্ক, সঙ্খ্যা। ···ণ. অঙ্কযুক্ত, প্রঃ—৫ নম্বর বাড়ী—যে বাটীর অঙ্ক ৫। নম্বর মকদ্দমার নম্বর বা অঙ্ক হইতে মকদ্দমা, প্রঃ—এক নম্বর করা। নম্বরী ··ণ. (নম্বর+ঈ)। নম্বরযুক্ত; ফৌজদারী আদালতের নম্বরযুক্ত, প্রঃ—নম্বরী মকদ্দমা—ফৌজদারী মকদ্দমা।

নয়, ন ··ষ্য. ণ. (সং নব)। নয়-সঙ্খ্যা,-সঙ্খ্যক; ৯। (সমাসে নয় স্থানে ন হয়, প্রঃ—ন জন)।

নয় ··ক্রিয়া. (ন+হয়)। না হয়, প্রঃ—এটা সাপ নয় (নহ, ন ধাতু দেখ)। ··ব্য যদি তাহা না হয় তবে। নয় ত ··ব্য. যদি তাহা না হয় তবে। (বিপরীত—হয় ত)।

নয়ন-জুলী...ষ্য. (সং নয়ন—আ-নয়ন। জোল হইতে জুলী)। জলনয়ন-পথ, পথের পাশের কাটা জল-নালী।

নয়নসুক...ষ্য. (হিং নৈনসুখ)। সূক্ষ্ম বিলাতী বস্ত্রবিশেষ।

নয়লি...ণ. (সং নব+লী। অন্যরূপ, নহলি। হিং নবেলা)। নব, প্রঃ—একে কাল হৈল মোর নয়লি যৌবন (চণ্ডীঃ)।

নয়ান···ষ্য. (সং নয়ন। তুং বয়ান)। নয়ন (প্রাচীন পদে)।

নয়াফটকী···লতা-ফটকী দেখ।

নর···ষ্য. (সং, ফাং)। পুং, প্রঃ—নর পাখী। স্ত্রীং মাদী। নর-ক্রুপ···যে ক্রুপ অস্ত্র ক্রুপের মাদীর ভিতরে আঁটে।

নর···ষ্য. (সং লহরি)। পঙ্‌ক্তি, প্রঃ—পাঁচ-নর, সাত-নর—পাঁচ সাত পঙ্‌ক্তি আছে যে স্বর্ণহারে।

নরম...ণ. (ফাং। তুং সং নম্র, নম্য)। কোমল, নমনীয়, নম্র। নরম-গরম ··ণ. (প্রতিচর শব্দ)। কটু ও কোমল। নরমা···ধাতু. নরমাই—কোমল হই। নরমানা॥

নরাজ···ষ্য. (? সং নাম বেম, বাপদণ্ড। ওং নরাজ্, হিং লপেটন। ফাং নাম দন্দ, সং দণ্ড। সং নারাচ—লৌহ-বাণ হইতে?)। যে দুই বেলনে তাঁতের টানার সূতা টানা থাকে। (তাঁত দেখ)।

নরুন···ষ্য. (সং নখরঞ্জনী। ওং নহরুণী)। নখ কাটিবার নাপিতের শস্ত্রবিশেষ। নরুনিয়া ···ণ. (নরুন+ইয়া)। নরুনের তুল্য, প্রঃ—নঃ মুখ।

নর্দমা···ষ্য. (? সং জলমার্গ?)। ময়লা জলের নালা। (ভাল জলের, যেমন বৃষ্টিজলের নালা,—পয়নালা)।

নল...ষ্য. (সং)। চোঙ্গা; ধমন; দৈর্ঘ্য-পরিমাণবিশেষ (সং নল্ব), দৈর্ঘ্য পরিমাণের বাঁশ; আঠা-কাঠিতে পাখী ধরিবার নল (প্রায়ই, সাতনলা); ধান্যাদিবর্গের দীর্ঘায়ুঃ পাঁচ ছয় হাত দীর্ঘ তৃণবিশেষ (Phragmites karka)। ছেঁচিয়া পিটিয়া বুনিয়া দরমা

হয় (সং নলপট্টক)। নল ও খাগড়া প্রায় এক। প্রবাদে, বাঘে মহিষে যুদ্ধ হয়, নল-খাগড়ার প্রাণ যায়। নল-ধাওয়া মন্ত্রসিদ্ধ নলের ধাবন—গমন। দুই খান লম্বা কঞ্চি দুই জন লোক দুই হাতে পাশে সমান্তরে ঝুলাইয়া দাঁড়ায়। জড়ী ও মন্ত্রের গুণে 'নল' দুইখানি একত্র হয় বাঁকে, লোক দুজনকে টানিয়া লইয়া যায়। নল-ধাওয়া করিবার পূর্বদিন সন্ধ্যা-বেলা নল 'জাগাইতে'—জীবিত করিতে হয়। চোর ধরিতে, চুরি-করা জিনিষ খুজিতে নল-ধাওয়া করানা হয়। নলা...ষ্য. (সং নলক)। সচ্ছিদ্র অস্থি, যেমন জঙ্ঘার; ইহা হইতে, শিশুর সরু হাত, নড়া। নলী ...ষ্য. (সং নলিকা, নলী)। ছোট সরু নল, সূতা গুটাইবার সরু নল। নলুয়া···ষ্য. (নল+উয়া)। নল দিয়া পাখী-মারা ব্যাধ; নল দিয়া বেড়া করে যে জাতি। নলা···ধাতু. (নল হইতে)। নলাই—নল যোগ করি, নল দিয়া আনি। নলানা॥ নলিয়ান, নল্যেন··ণ. (নলে-আনা)। নল দিয়া প্রাপ্ত; নল দিয়া প্রাপ্ত নূতন, প্রঃ—নল্যেন গুড়—নূতন খেজুর গুড়।

নলপা··ধাতু. (সং নল ধাতু দীপ্তি। নালয়তি পদ হয়। নল+পা—দীপ্তি+পা ধাতু। তুং হিং লপকনা -বাং নলপানা, যথা হিং বিজলী লপকতী হৈ—বিদ্যুৎ নল পাইতেছে)। নলপাই—দীপ্তি পাই, দূরে দীপ্ত হই। নলপানা॥

নলিচা···ষ্য. (সং নল+চা হ্রস্বার্থে ফাং। ফাং নইচা)। হুকার জোঠ।

নষ্ট···ণ. (সং)। হত, বিপদ্গ্রস্ত; ভ্রষ্ট-ধর্ম, দুষ্ট, কুচরিত্র। নষ্টামি···ষ্য. (নষ্ট+আমি)। দুষ্টামি। নষ্ট-দুষ্ট··ণ. (সহচর শব্দ)। নষ্ট।

নসিব···ষ্য. (আং নসীব)। অদৃষ্ট।

নস্য···ষ্য. (সং)। নাসিকার হিতজনক চূর্ণ-বিশেষ, প্রায়ই তামুকপত্রচূর্ণ।

ন স্যাৎ···ষ্য. (সং ন স্যাৎ ক্রিয়াপদ)। নাস্তি, অস্বীকার, প্রঃ—ন স্যাৎ করা।

নহ, ন···ধাতু. (সং ন+বাং হ ধাতু)। নহি, নই—না হই, হই না। নহ ধাতু অসম্পূর্ণ; ইদানী কেবল বর্তমান কালের পদ চলে। প্রাচীন বাং-তে নহিল, নহিলা ক্রিয়াপদ ছিল। প্রঃ—তথাপি নহিল তিন বাঞ্ছিত পূরণ (চৈঃ চঃ)। নহিলে, নইলে··(নহ, ন ধাতু ইলে প্রত্যয়)। না হইলে, প্রঃ—নহিলে এমন চরিত নয় (জ্ঞানদাস)। নইলে নয়—না হইলে হয় না কাজ চলেনা।

নহবৎ, নবৎ···ষ্য. (আং নৌবৎ—সময়)। কাড়া-নাকড়া কাঁসি ও শানাই বাদ্য। নির্দিষ্ট সময়ে এই বাদ্য বাজাইবার রীতি। নহবৎ-খানা, নবৎ-খানা···নহবৎ বাজাইবার স্থান, (প্রায়ই) উচ্চ মঞ্চ। (নৌবৎ দেখ)।

নহর···ষ্য. (আং। তুং সং লহরি)। খাল।

নহলা...ষ্য. (সং নখ—নহ+লা। হিং)। ছোট কর্ণিক।···ষ্য. (সং নব+লা)। নয় ফোঁটা-যুক্ত তাস।

নহলি···ণ. (নয়লি দেখ)। নূতন, প্রঃ—নহলী যৌবন (কবিকঃ)।

না, লা···ষ্য (সং নৌ। ওং লা, নাহা। হিং মং নাব)। নৌকা, প্রঃ—শূন্য কলসী শুখনা না (খনা), নায়ে ভরি লয়ে

নানাজাতি দ্রব্যজাত (ভাঃ), বসিলা নায়ের বাড়ে নামাইয়া পদ (ভাঃ)। (এ, এর পরে থাকিলে না স্থানে নায় হয়)। দৃষ্টান্তে,দুই নায়ে পা — উভয় কল্প অবলম্বন, প্রায়ই বিপত্তির হেতু। নাইয়া, নায়া, নেয়ে ··ষ্য. (না + ইয়া)। নাবিক। (জ্ঞানদাসে নায়্যা, অর্থাৎ নাইয়া)।

না ··ধাতু. (সং স্না ধাতুর স লুপ্ত)। নাই— স্নান করি। নাআ, নাওয়া ॥ নাআ, নাওয়া ···ধাতু. (না ধাতু আস্তে)। নাআনা, নাওয়ানা ॥ নাআ-খাআ, নাওয়া-খাওয়া ·· স্নান-ভোজন।

না ··ব্য. (সং ন। ব্যাকরণ দেখ। শৃং পুঃ— ন, না)। নিষেধে, প্রঃ—হবে না; অনুরোধে (সং নু) প্রঃ—আপনি করুন না; প্রশ্নে (সং নু) প্রঃ—তুমি যাবে না? বিকল্পে, সংশয়ে (ক্রিয়াপদের পূর্বে বসে), প্রঃ—করিতে না করিতে, বলিতে না বলিতে, না করিবে করিও না, একজন না একজন করিবে; অভাবে, প্রঃ—না রাম না গঙ্গা; প্রশ্নের উত্তরে, ব্যাখ্যানে প্রঃ— ঠাকুরঘরে কে? না আমি ত কলা খাইনি। নাক ··(নিশ্চয়ে ক)। নিশ্চিতার্থে নিষেধে প্রঃ—সে যাবে নাক্ (এই ক অপ্রচলঃ হইতেছে)। না-কি···ব্য. (সং কিং নু)। বিতর্কে প্রশ্নে, ব্যাখানে, প্রঃ—কাঁটা আছে না কি? দাদা-ঠাকুর না কি?। না না...ব্য. নিষেধ দৃঢ়ীকরণে, প্রঃ—না না, যাবে না। না ··ব্য. (ফাং। সং ন)। অভাবে, প্রঃ— না-পসন্দ, না-রাজ, না-হক।

নাং...ষ্য. (সং নঙ্গা, নারঙ্গা)। উপপতি। নাংনী · যে নারী উপপতি করে।

নাংট,নাংটা ··ণ. (সং নগ্ন—নগ্ণ—নাগণা— নাগড়া—নাগটা—নাঙ্গাটা। ওং লঙ্গাড়া, হিং নঙ্গা, মং নাগটা নাগড়া)। উলঙ্গ; নির্লজ্জ। নাংটা-পনা...ষ্য. নির্লজ্জতা, ছেঁড়া-পনা। (নেংট দেখ)।

নাঃ ··ব্য. (না দেখ)। নিশ্চিত নিষেধে, প্রঃ—নাঃ থাক।

নাঅর···ষ্য. (সং নাগর)। নাগর (চণ্ডীঃ)। স্ত্রীং নাঅরী।

নাই···ব্য. (সং নহি, নাস্তি। প্রাচীন নাঞি। ওং নাহিঁ। সংপ্রাং নাংহি)। নিষেধে, অভাবে, প্রঃ—ঘরে চাল নাই। ক্রিয়াপদের পরে বসিলে অতীতকালে নিষেধ বুঝায়, প্রঃ—করেন নাই। সংক্ষেপে, সামান্য অতীতে নি, প্রঃ—করেন নি। নাই···ব্য. বিতর্কে, না হয়, প্রঃ—তিনি নাই গেলেন তুমি যাও। নাই ত নাই···না থাকে প্রয়োজন নাই। নাই বা···ব্য. বিকল্পে, প্রঃ— তিনি নাই বা গেলেন। (ব্যাকরণ দেখ)।

নাই···ষ্য. (সং স্নেহ। প্রাচীন বাং নেহা। আসাং নেহা)। স্নেহ, অত্যাদর, প্রঃ— বালককালাবধি বিশেষ নাই পাইয়া থাকিবে (টেকচাঁদ), কুকুরকে নাই দিলে কুকুর মাথায় চড়ে।

নাই···ষ্য. (সং নাভি)। নাভি; চাকার মধ্যবর্তী হাঁড়ী; কামারের লৌহপিণ্ড (নিয়াই দেখ); তালার মাঝের কীল। নাইকুণ্ড ···ষ্য. (সং নাভিকুণ্ড। সং কুণ্ড—গর্ত)। নাভিকূপ। নাই-কুণ্ডলী···ষ্য. (কুণ্ড হইতে কুণ্ডলী)। নাইকুণ্ড। নাই কাটা—নাভিনাড়ী কর্তন (শিশুর)।

নাই-আঁকড়া, নেই-আঁকড়িয়া ··ণ. যাহা নাই, তাহাকে আঁকড়িয়া থাকে যে, কিংবা ন্যায় (অপভ্রংশে নেই) ধরিয়া থাকে যে; কূটতার্কিক।

নাইয়া, নেয়ে ··ষ্য. (বা° না+ইয়া)। নাবিক, নৌকার দাঁড়ী বা মাঝী।

নাউড়া, নাউড়ে…ষ্য. (স° নৌ—নাউ+ড়া। ম° নাব্রাডী, ও° নাউড়ি। হি° নাৱ—নৌকা)। নৌ-বাহক, নাবিক, প্রঃ—ওরে নাউড়ে জলেত রচিলা স্থান (শূং পুঃ)।

নাক ··ষ্য. (স° নক্রং নাসায়াং—মেঃ। ও° নাক্, হি° ম° নাক)। নাসিকা। নাকুয়া··ণ (নাক+উয়া)। দীর্ঘ নাসিকাবিশিষ্ট। নাকী ··ণ. (নাক+ঈ)। নাকে জাত, প্রঃ—নাকী স্বর।…ষ্য. নাসিকা, নাকের তুল্য অঙ্গ, প্রঃ—ঢেরার নাকী। নাকের ছেঁদা ··নাসাছিদ্র। নাকের পাতা ··নাসাপক্ষ। নাকের গোড়া ··নাসামূল, নাসাবংশ (স°)। নাকের ডগা, আগা ··নাসাগ্র। নাকের সিকনি ··নাসিকামল, সিঙ্ঘন (স°)। নাকের পোঁটা ··প্রায়ই শিশুর সিকনি (অশিষ্ট)। খেঁদা নাক ··(স° নঃক্ষুদ্র)। ক্ষুদ্র নাসিকা। বোঁচা নাক…স্থূল নাসাগ্র। কাটারী নাক ··দীর্ঘাকার সূক্ষ্মাগ্র নাক। নাক-কলাই ··নাকের কলাই আকারের ক্ষুদ্র স্বর্ণভূষণ। নাক-ছবি, নাক-চাবি ··নাকের পানের আকারের ক্ষুদ্র স্বর্ণভূষণ। নাক-কাটা··ণ. কর্তিত নাক যার, নির্লজ্জ। স্ত্রী° নাক-কাটী। নাক-খৎ দেওয়া—মাটিতে নাক ঘষিয়া লিখিয়া দেওয়া যে আর সে দোষ হইবে না। নাক-মলা খাওয়া—নিজের নাক মলিয়া বলা যে সে দোষ আর হইবে না। নাকে-মুখে ভাত গোঁজা—তাড়াতাড়ি ভাত খাওয়া। নাকের জলে চোখের জলে করা—কাঁদিলেই চোখের জলের সঙ্গে সঙ্গে নাক দিয়াও জল পড়ে, ইহা হইতে গভীর যাতনায় ফেলা। কথায়, নিজের নাক কাটিয়া পরের যাত্রা-ভঙ্গ করা—অন্যের অনিষ্ট কামনায় নিজের ক্ষতি করা। নাক-ফোড়া···ণ. বিদ্ধ নাসিকা যার, প্রঃ—নাক-ফোড়া বলদ। নাক তোলা—ঘৃণা প্রকাশ করিতে নাসিকা উত্তোলন। নাক সিটকানো—অতিশয় ঘৃণা প্রকাশ করিতে নাক হঠাৎ কুঞ্চিত করা। নাক তুলিয়া কথা কহা—হাবভাব দেখাইতে, প্রঃ—নাক তুলে কথা কয় ভুলাতে নাগর (মাঃ)।

নাকছিকনী ··ষ্য. (স° ছিক্কণী। হি° নকছিকনী)। সোমরাজাদি বর্গের বর্ষায়ুঃ বন্য লোমশ ক্ষুদ্র শাকবিশেষ (Centipeda orbicularis)। অন্য নাম মেচেতা, হেঁচেতা। শীতকালে ক্ষেতে জন্মে। পাতার ধারে দাঁত, আগা চওড়া। ফুল হলুদ।

নাকড়া ··ষ্য. (নাগরা দেখ)। ছোট নাগরা, যাহা কাড়ার সহিত বাজানা হয়।

নাকরা·· ষ্য. (ফা° নাখ্‌রহ্)। খেলা, কৌতুক, প্রঃ—(প্রবোধচন্দ্রিকা)। (বহুপ্রচলিত)। (নেকরা দেখ)।

নাকানি ··ষ্য. (নাক+পানি)। নাকে জল প্রবেশ, নাকে পর্যন্ত জল অর্থাৎ জলে নিমজ্জন; লক্ষণায়, বিপদ্‌সাগরে পতন। নাকানি-চোবানি ··ষ্য. (চুব ধাতু দেখ)। জলে নিমজ্জন, জলে ডোবা; কূটপ্রবন্ধে, বিষম-বিঘ্নে নিমজ্জন।

না-কারা ··ণ. (ফা°)। অকর্মণ্য, প্রঃ—নাকারা জিনিষ। (বা°তে অধিক চলিত নাই)।

নাকাল···ণ. (হি°। স° ন কাল—কাল অবসর ·। দেওয়া)। অপদস্থ, ব্যতিব্যস্ত।

নাকী···নাক দেখ।

নাকুয়া···নাক দেখ।

নাখচ ··ণ. (ফা° নাকস। তু° আ° নাকিস, নস্‌খ)। রহিত, নগণ্য, অকর্মণ্য।

নাখুদা···ষ্য. (ফা°)। জাহাজ বা বড় নৌকার অধ্যক্ষ ; যে (মুসলমান) জাহাজে মাল আমদানি রপ্তানি করে।

নাগ ··ষ্য. (স°)। গোক্ষুরা, কেঅটিয়া সর্প। স্ত্রী° নাগিনী (বা°), নাগী (স°)। নাগকেশর ···নাগেশ্বর দেখ। নাগদনা ··(স° নাগ-দমনী)। দনা দেখ। নাগফণা···ফণী-মনসা দেখ। নাগ বেড়েলা···বেড়েলা দেখ। নাগপঞ্চমী ··নাগপূজার্থে শ্রাবণ মাসের শুক্লপঞ্চমী।

নাগর ··ষ্য. (স°)। নগরবাসী, সভ্যভব্য লোক ; রসিক পুরুষ। স্ত্রী° নাগরী। নাগর-দোলা···বৃহৎ দোলাবিশেষ। ইহাতে একত্র অনেক লোক ঘুরিতে পারে। চক্রাকারে এবং উপর নীচে, দুই প্রকারে ঘুরিতে পারিবার দুই প্রকার নাগর-দোলা হয়। নাগর মুথা···মুথা দেখ। নাগরালি ··ষ্য. (নাগর+আলি। তু° ঠাকুরালি)। নাগরের যোগ্য ব্যবহার ; রসিকতা। নাগরিয়া ··ষ্য. (স° নাগরিক। নাগর+ইয়া)। নাগরিক, নগরবাসী। (প্রাচীন পদে)।

নাগরা···ষ্য. (আ° নক্করা)। মাটির কিংবা তামার একমুখা বৃহৎ আনদ্ধ বাদ্যবিশেষ। নাগরা দেওয়া—নাগরা পিটিয়া ঘোষণা করা। নাকড়া ··ছোট নাগরা।

নাগরা ··ষ্য. (নাগরা বাদ্যতুল্য বৃহৎ ? নগর হইতে ?)। বড় দেশী জুতা।

নাগরিয়া...নাগর দেখ।

নাগরী ··ষ্য. (স° দেব-নগরী)। অক্ষরবিশেষ যাহাতে সংস্কৃত লেখা হইয়া থাকে।

নাগরী ··ষ্য. (স° নগর হইতে ?)। খেজুর গুড়।

নাগল ..নাঙ্গল দেখ।

নাগা ··ষ্য. (স° নগ্ন)। নগ্ন সন্ন্যাসীবিশেষ। (২) (স° নাগ হইতে ?)। আসামের পার্বত্য জাতিবিশেষ।

নাগাইদ, নাগাদ ··বা. (বা° লাগ ধাতু হইতে। লাগিত—লগ্ন। লাগ+ইত)। পর্যন্ত, প্রঃ—কলিকাতা নাগাইদ যাইবে, মাসের শেষ নাগাদ বর্ষা হইবে। (রাঢ়ে লাগাদ)।

নাগাড় (গ্রা°)...লাগাড় দেখ।

নাগাল (গ্রা°) ··লাগাল দেখ।

নাগেশ্বর·· ষ্য. (স° নাগকেশর)। নাতি-দীর্ঘ পুষ্পতরুবিশেষ (Mesua ferra)। সুন্দর মন্দিরাকার। বসন্তকালে নবপত্র রক্তবর্ণ ধারণ করে। ফুল শাদা সুগন্ধ, বৈশাখে ফোটে। পুংকেশর বহু, পীতবর্ণ। এই হেতু নাম নাগ-(পীত) কেশর।

নাচ...ধাতু. (স° নৃত ধাতু)। নাচি—নর্তন করি, গাত্রবিক্ষেপ করি, প্রঃ—আহ্লাদে বুক নাচিয়া উঠিল। নাচন, নাচনি, নাচা॥ নাচ··ষ্য. নৃত্য (ও° নাট্)। নাচনী...ষ্য. (নাচন+ঈ)। নর্তকী। নাচনী পাখী...তাঁত দেখ। নাচ-আলী

...নর্তকী। নাচা-কোঁদা...ষ্য. (সহচর শব্দ)। আহ্লাদে নৃত্য, লম্ফ ইত্যাদি। নাচন্তীর নাহি লাজ দেখন্তীর লাজ...যে নাচে সে নাচন্তী ; যে দেখে সে দেখন্তী (তু° আসা° নাচঁতী, দেখঁতী, ইত্যাদির অঁতী-প্রত্যয়। অঁতী=অন্তী)। নাচা···ধাতু. (নাচ ধাতু আস্তে)। নাচাই—নর্তন করাই, কুমন্ত্রণা দিয়া উত্তেজিত করি। নাচানা ॥

নাচাড়ী··ণ. (নাচ+আড়ী)। যে গানের ছন্দে নৃত্য করা হয়, নাচিতে নাচিতে যে ছন্দ আবৃত্তি করা হয়, প্রঃ—কৃত্তিঃ। (অপ্রচলঃ)। গ্রা° লাচাড়ী।

নাচার...ণ. (ফা°)। উপায়শূন্য ; অবশ্যম্ভাবী।

নাছ, নাচ...ষ্য. (? সং লজ্জা হইতে ?)। বাড়ীর পশ্চাৎদ্বার, প্রঃ—নাপিতিনী বসি আছয়ে নাচে (চণ্ডীঃ), পাষাণে রচিল নাচবাট (কবিকঃ), জন্মে জন্মে হঙো তাঁর নাছের কুকুর (বৈষ্ণবপদ), চন্দনে চর্চ্চিত বটে জম রাজার নাছ (শূং পুঃ)—এখানে নাছ—বাড়ীপ্রবেশদ্বার। (এই বহুপ্রচলিত শব্দের মূল কি ? ঢাকায় পাছদুয়ার। সং লজ্জা—গ্রা° নজ্জা, সং লজ্জ নজ্জ ধাতু। লজ্জানিবারক দ্বার—লাছ-দুয়ার—নাছ-দুয়ার ?)।

নাছি···ষ্য. (সং নাসা হইতে)। লোহার কাঁটার যে মুখ পিটিয়া ভোঁতা করা হয় (rivet)।

না-ছোড়-বন্দা···ণ. যে বন্দা (ফা°)—ভৃত্য কিছুতে ছাড়ে না, নির্বন্ধশীল।

নাজনা...ষ্য. (সং শোভাঞ্জন—শজিনা—শজনা ; অঞ্জন হইতে নাজনা)। বারমাসিয়া শজিনা গাছ (হুগলী)।

না-জানি...ব্য. (সং ন জানে। হি° নজানে)। থেদে, আশ্চর্যে : আমি জানি না, কে জানে ? প্রঃ—না জানি কত কষ্ট পাইতেছে ?

নাজিম...ষ্য. (আ° নাজীম)। শাসনকর্ত্তা, উচ্চকর্মচারী, প্রঃ—নায়েব নাজিম।

নাজির···ষ্য. (আ° নাজীর)। পরিদর্শক, আদালতের কর্মপরিদর্শক, পেয়াদার নায়ক। নজারৎ...ষ্য. (ফা°)। নাজিরের আপিশ।

নাজুক (গ্রা°)...লাজুক দেখ।

নাজেহাল...ণ. (আ° নজাহাল—অন্তিম দশা)। ব্যতিব্যস্ত, বিপদ্গ্রস্ত।

নাঞি ··নাই দেখ।

নাট ··ষ্য. (সং)। অভিনয়, রঙ্গ, প্রঃ—সব নাটের গুরু কা° (চণ্ডীঃ) ; নর্ত্তক বাদক ভাট নবদ্বীপে যার নাট, আসি সবে নাচে পাএ। প্রাত (চৈঃ চঃ) ; এরূপে করিয়া হাট ঘরে গিয়া আর নাট, বাঁকা মুখে কথা কহে চোখা (ভাঃ)। নাটমন্দির···ষ্য. (সং)। দেউলের সম্মুখস্থিত যে মন্দিরে গীত-বাদ্য হয়। নাটশাল ···ষ্য. নাট্যশালা (শূং পুঃ)। নাটুয়া ..·ণ. (নাট+উয়া)। নাট করিতে দক্ষ, নাটকারী। (তু° ও° নাটুআ পিলা—যে বালক নৃত্য করে)।

নাটা···ষ্য. (নাটাই দেখ)। তাঁতীর নাটাই, বাঁশের শলার মন্দিরাকার নাটাই।···ধাতু. নাটাই—নাটাতে সূতা গুটাই। নাটানা ॥

নাটা, নাটা করঞ্জা...করঞ্জা দেখ।

নাটাই, লাটাই...ষ্য. (সং নর্তকী)। সূতা

গুটাইবার বাঁশের শলার চতুষ্কোণ আধার; প্রঃ—সুতা নিল নাটাই সহিত (কবিকঃ)।

নাটুয়া ··নাট দেখ।

নাড়...ধাতু. (সং নাড়ি ধাতু। নড় ধাতু দেখ)। নাড়ি—বিচলিত করি, স্থানান্তরিত করি। নাড়া॥ নাড়া-চাড়া...(সহচর শব্দ)। স্থানচ্যুতি। নাড়া···ধাতু. (নাড় ধাতু আস্তে)। নাড়ানা॥

নাড়া ··ষ্য. (সং নল, নলক. ওং নড়া)। ক্ষেতের ধান কাটিয়া লইলে ধানগাছের যে গোড়ার অংশ থাকে। (ঢাকায় নাড়া—খড়)।

নাড়ী···ষ্য. (সং নালী, নালি; নাডী, নাডি)। শিরা, গর্ভশিরা; একদণ্ড কাল। নাড়ী কাটা—জাত শিশুর গর্ভনাড়ী ছেদন। নাড়ী টেপা—হাতের রক্তশিরা টেপা—টিপিয়া দেহের দোষ নিরূপণ করা। নাড়ী ছাড়া—হাতের রক্তশিরায় রক্ত গমনাগমন বন্ধ হওয়া। নাড়ী-নক্ষত্র...ষ্য. (সং) জন্ম-নক্ষত্র; জন্মের বিবরণ। নাড়ী-ব্রণ ··ষ্য. রক্তশিরার উপরে জাত ব্রণ। নাড়ী ভুঁড়ী...ষ্য. (সহচর শব্দ)। অন্ত্রনালী ও ভুঁড়ী, উদরের মধ্যে যে সকল অঙ্গ আছে (viscera)।

নাড়ু (গ্রাং)...ষ্য. (সং লড্ডু)। লাড়ু, প্রঃ—চিনিপাকে নাড়ু কৈল কর্পূরাদি দিয়া (চৈঃ চঃ)।

নাতক...ষ্য. (আং নাৎক—শেষ আদেশ)। ধরিবার আদেশ (arrest)। (আদাঃ)।

নাত-জামাই, নাতনী···নাতি দেখ।

নাতা, লাতা...ষ্য. (সং নক্তক, লক্তক। নক্তক কর্পটৌ—অঃ। সং নেত্রক হইতে নহে)। ছেঁড়া কাপড়, নেকড়া; যে নেকড়া দিয়া মাটির ঘর নিকানা হয়। নাতা-কাঁথার হাঁড়ী ··যে হাঁড়ীতে প্রাচীন গৃহিণী ঘরকন্নার নিমিত্ত নেকড়া ও এইরূপ ক্ষুদ্র ক্ষুদ্র বস্তু রাখিতেন।

নাতান (গ্রাং) ··নাতোয়ান দেখ।

নাতি...ষ্য. (সং নপ্তৃ)। পৌত্র, দৌহিত্র। নাতিবউ...ষ্য. (সং নপ্তৃ-বধূ)। নাতির পত্নী। নাতিনী, নাতনী, নাতিন ··ষ্য. (নাতি শব্দের স্ত্রীলিঙ্গ রূপ)। পৌত্রী, দৌহিত্রী। নাতিন-জামাই, নাত-জামাই··· ষ্য. নাতিনীর পতি। নাতি-পুতি···ষ্য. (প্রায় সহচর শব্দ)। নাতি ও পৌত্রী (কিংবা পুত্র)।

নাতোয়ান...ণ. (ফাং নাতুআন)। অসমর্থ, খাজনা দিতে অসমর্থ (জমিঃ)। বিপঃ—সাতোয়ান।

নাথি (গ্রাং)···ষ্য. (লাথি দেখ)। পদাঘাত, প্রঃ—তাঁরে নাথি মাইল প্রভু নিত্যানন্দ (চৈঃ চঃ)।—(মাইল—মারিল)।

নাদ ··ষ্য (সং)। ধ্বনি, গভীর ধ্বনি; কাঠে লোহার কাঁটা মুড়িয়া দিবার সময় কাঁটার মাথায় যে লৌহপিণ্ড (যেমন বাইস কিংবা ভারী হাতড়ী) ধরা হয়।

নাঁদ, নাঁদা ··ষ্য. (সং নন্দা—অলিঞ্জরে। সং নান্দীপট)। বড় ডাবা; গুড় রাখিবার পুরু কলশী; কুয়ার গায়ের মাটির পাট। গুঁজি-নাঁদা...দুই দিক সরু ছোট কলশী। (পূর্বকালে গুঁজি-নাঁদায় টাকা রাখিয়া ঘরের কাঁথে পুতিয়া রাখা হইত)। গুঁজি-নাঁদা আকারে নারিকেলের মতন, একারণ সহজে ভাঙ্গে না। নাঁদা-পেটা (অপভ্রংশে হাঁদা-

পেটা) ণ. যে লোকের উদর নাঁদার মতন বিস্তৃত। (নাদস-নুদস দেখ)।

নাদনা···ষ্য. (স° নদ্ধ—বদ্ধ, স° নহ্ ধাতু বন্ধনে। তু° হি° নাধনা। লাদনা দেখ)। লাদনা, তোড়া, প্রঃ—মণ্ডপে ফটিকের থাম লাগে চন্দন নাদন (শূং পুঃ)—চন্দনকাঠের নাদন—তুই থামের মাথায় খিলানের পরিবর্তে কাঠের তোড়া বা সরদল।

নাদনা···ষ্য. (লাদ ধাতু দেখ)। উইঢিপী, প্রঃ—কাষ্ঠ জিনি কলেবর কর তারে জর জর, অঙ্গে কর উএর নাদনা (শীতলা-মঙ্গল)।

না-দুরস্ত ··ণ. (ফা°)। বে-ঠিক।

নাদস-নুদস···ণ. (নন্দা—নাঁদ সদৃশ—নাদস, তুন্দ—নুদ সদৃশ? নুদ দেখ)। স্থূল-কলেবর, স্ফীতোদর।

নানক-পন্থী···ষ্য. (স° নাণকপন্থী)। শিখ-দিগের আদিগুরু নানক; তাঁহার পথাবলম্বী সম্প্রদায়। ইহাঁদের ধর্মগ্রন্থের নাম গ্রন্থ, গ্রন্থ-সাহেব। নানক-শাহী · ষ্য (ফা° শাহ —মহারাজ)। প্রাচীন শিখ পয়সা। এই পয়সার পাচ ছয়টাতে এক আনা হয়।

নানখুদাই·· ষ্য. (ফা° নান স° অন্ন; আ° নানখতাই)। একপ্রকার মিষ্ট রুটি।

নানা...ণ. (স°)। বহু। নানাদি (গ্রা°) ·· ণ. (স° নানাবিধ। কিংবা নানা+আদি। ও° নানাদি)। নানাবিধ, প্রঃ—এ কাজ করিলে নানাদি কথা উঠিবে। নানান···ণ. (নানা শব্দের একপ্রকার বহুবচনের রূপ। তু° মৈথিলী লোক এক বচন, লোকনি বহুবচন; ই লোপে লোকন হয়। প্রাচীন আসা°তেও নানান ছিল। তু° বা° গুলান। তু° স° ফলানি, বনানি—ফল বন শব্দের বহুবচনে)। বহুবিধ, প্রঃ—নানান দেশের নানান ভাষা। নানারূপ ··ণ. (স°)। অনেক প্রকার, নানাবিধ।

নানা···ষ্য. (হি°। স° তাত হইতে। ও° ননা)। মাতামহী। স্ত্রী° নানী। (বা°তে প্রায় অপ্রচলঃ)।

নান্দ ··ষ্য. (নাঁদ দেখ। হি° নান্দ)। মাটির বড় কলশী, প্রঃ—নান্দে নান্দে মদ্যপান গঙ্গার গহ্বরে (চৈতন্যমঙ্গল)।

না-পসন্দ ··ণ. (ফা°)। অমনোনীত।

না-পাক ··ণ. (ফা°। ফা° পাক—শুচি)। অশুচি (ভাঃ)। (অপ্রচলঃ)।

না-পাজ্জি (গ্রা°) ··ণ. (স° ন+পার্য)। অগত্যা।

নাপান, নাপানি (গ্রা°)···ষ্য. (লাফান অপ-ভ্রংশে)। লাফানা, যৌবনগর্বে চাঞ্চল্য, প্রঃ—নাপান ঝাঁপানে যায় ডানি বামে নাহি চায়, উত্তরিলা যথা মজুন্দার (ভাঃ), প্রঃ—(মাঃ)—লাফাইয়া ঝাঁপাইয়া। নাপানী ···ষ্য. যে নারী যৌবনগর্বে লাফাইয়া চলে, যে পরপতি দেখিয়া চঞ্চল হয়, প্রঃ—সে বলে নাফানী আলো না জান আপনা। চাঁদে দেখি দেখিয়াছি তোর সতীপনা (ভাঃ)। (নাফান, নাফানী অধিক চলিত)।

নাপিত ··ষ্য. (স°—অঃ)। ক্ষৌরকার জাতি-বিশেষ। স্ত্রী° নাপিতিনী, নাপতিনী।

নাফরা ··লাফরা দেখ।

নাব (গ্রা°)···ধাতু. (নাম ধাতু দেখ)। নাবি—নিম্নে যাই, অবতরণ করি। নাবা॥ নাব···ণ. নিম্ন। নাবাল···ষ্য. নিম্ন স্থল, প্রঃ—নাবাল দেশ, নাবালে ধান জন্মে ভাল।

নাবড়, নেবড় ·গ্রা. (সং নীবর—ভিক্ষু, পরিব্রাট্) । বৈরাগী, নির্বোধ, প্রঃ—নিন্দ্যানন্দ প্রিয় বড় নাবড় শ্রীগর্ভ (চৈতন্যমঙ্গল) ; শঠ প্রবঞ্চক, প্রঃ—ঠক নাবড় (কবিকঃ) ; মাঃ। (রাঢ়ে গ্রাং লেবড়—নির্বোধ) ।

নাবালগ, নাবালক ··ণ. (ফাং নাবালিগ) । অপ্রাপ্তবয়ঃ (আদাঃ) ; বালক। নাবালগী, নাবালকী ··ণ. নাবালগসম্বন্ধীয়।

নাম ··ধাতু. (সং নামি ধাতু নতি। শূং পুঃ, মাঃ, ওং নাম্ব ধাতু। নাম্ব হইতে নাব ধাতু ভাষাভেদে চলিত আছে) । নামি—অবরোহণ, অবতরণ, নিম্নে গমন, করি। নামা॥ নামা-উঠা...উঠা-নামা, আরোহণ অবরোহণ। নামু ·ণ. (সং নিম্ন) । নিম্ন। ··ষ্য. নিম্ন স্থান। নামসা ··ণ. (নিম্ন সদৃশ) । প্রায় নিম্ন, অপেক্ষাকৃত নিম্ন। নামাল...ণ. নিম্ন স্থল, নাবাল। নামা ধাতু. (নাম ধাতু আস্তে) । নামানা॥ নামানা · ষ্য. ভেদ। নামানি উঠানি ··ভেদ-বমি।

নাম...ষ্য. (সং নামন্। ফাং নাম) । অভিধা, সংজ্ঞা, বাচক শব্দ ; খ্যাতি, যশঃ। সুনাম ··ষ্য. সুখ্যাতি। বদ্-নাম ··ষ্য. (ফাং বদ) । অখ্যাতি, অপযশঃ। নাম করা—উদাহরণ দেওয়া, নাম উল্লেখ বা স্মরণ করা, হরিনামাদি উচ্চারণ করা, যশঃ অর্জন করা। নাম কাটানা—দল হইতে বাহির হওয়া। নাম কাটা ··ণ. বহিষ্কৃত। নাম-গন্ধ ··ষ্য. (সং গন্ধ—লেশ, সম্বন্ধ—মেঃ) । ঈষৎ আভাষ, সম্বন্ধ, প্রঃ—এত বয়স হইল, বিয়ের নামগন্ধ নাই। নাম-জাদা...ণ. (ফাং নামজাদ) । বিখ্যাত। নাম-ডাক···ষ্য. খ্যাতি, প্রঃ—নামডাক ছিল যত সকল হইল হত (ভাঃ) । নাম ধরা—গুরুজনের নাম উচ্চারণ করা, প্রঃ—জানহ স্বামীর নাম নাহি ধরে নারী (ভাঃ) ; একে একে সকলের নাম পরীক্ষা করা। নাম-ধাম ··ষ্য. (ধাম দেখ) । নাম ও বাস। নাম-মাত্র ·ণ. অত্যল্প, যাহা কেবল নামে আছে বস্তুতে নাই বা অত্যল্প। নাম লওয়া—অন্যের নামের ভরসা করা, প্রঃ—হরি নাম লওয়া। নাম লেখানা—দলে প্রবেশ করা। নামের দল ··হরিনামকারীর দল। নাম ··ব্য. (সং নাম) । বিতর্কে, প্রশ্নে, প্রঃ—কি নাম তার সঙ্গো দেখা হয় নাই ?

নামতা ··ষ্য. (নাম-নক্ষত্র হইতে) । নামের নক্ষত্র, প্রঃ—মাস নামতা তিথিযুতা ভা দিয়া হর রে পুতা (খনা, নক্ষত্রগণনায়)—রে পুত্র, মাস নামের নক্ষত্রের অঙ্ক (যেমন বৈশাখে বিশাখা ১৬) এবং তিথির অঙ্ক যোগ করিয়া ভ (২৭) দিয়া হরণ কর।

নামতা ··ষ্য. (সং নামপত্র) । ধারাপাতের গুণনগণিত-পত্র। নামতার ঘর—অঙ্কপাটি, প্রঃ—তিনের ঘর মুখস্থ করা। (আড়াইয়া, দেড়িয়া, পৌনে, সওয়াইয়া দেখ) ।

নামনা...ষ্য. (নাম ধাতু) । বটের ঝুরি।

না-মঞ্জুর ··ণ. (ফাং) । পরিত্যাজ্য, পরিত্যক্ত, অস্বীকৃত (আদাঃ) । না-মঞ্জুরি ··ষ্য. পরিত্যাগ, অস্বীকার। না-মঞ্জুরী...ণ. অস্বীকৃত।

নামসা ··নাম ধাতু দেখ।

নামা ··ষ্য. (সং নামন্—নামা) । নাম, সংজ্ঞা, প্রঃ—পাখী নামায় দেখিতে পাই না—পাখী নাম যার এমন প্রাণী।

নামা ··ষ্য. (ফাং নামহ্) । সমাসে শব্দের পরে

বসিয়া, পত্র, লেখ্যপ্রমাণ ইত্যাদি বুঝায়, প্রঃ—রোজ-নামা, ওকালৎ-নামা।

নামাবলী ··ষ্য. (সং)। দেব-নামাবলীচিত্রিত উত্তরীয়।

নামাল ··নাম ধাতু দেখ।

নামি, নাবি ··ণ. (নাম ধাতু)। যাহা বিলম্বে পাকে, প্রঃ—নামি ফশল।

নায়ক...ষ্য. (সং)। কাব্যনাটকাদির প্রধান বর্ণনীয় পুরুষ; নারীর প্রণয়ী পুরুষ; নেতা; স্বামী; যিনি দেবদেবীর মঙ্গলগীত শ্রবণ করান (শূঃ পুঃ, কবিকঃ, ইত্যাদি)। নায়িকা···ষ্য. (সং)। কাব্যনাটকাদির প্রধান বর্ণনীয়া নারী; নায়কের প্রণয়িনী; দেবীপূজায় অষ্টদেবী। নায়কী···ষ্য. (নায়ক+ঈ)। সেতারাদি তন্ত্রী যন্ত্রের প্রধান তার।

নায়র ··ষ্য. (সং নাগর)। নাগর (প্রাচীন বৈষ্ণব-পদে)। স্ত্রীং নায়রী।

নায়্যা ··না দেখ।

নায়েব···ষ্য. (আং নায়ব)। প্রতিনিধি; ডিক্রির কর্তা (জমিঃ); নিম্নকর্মচারী, প্রঃ—নায়েব মুন্সী, নায়েব নাজির। নায়েবি ··ষ্য. নায়েবের কর্ম। নায়েবী...ণ. নায়েবের যোগ্য, প্রঃ—নায়েবী বুদ্ধি।

নার...ধাতু. (ন+পার ধাতু। আসাং নোৱার ধাতু। প্রাচীন বাংতে অধিক চলিত ছিল। ইদানী রাঢ়ের পশ্চিম-উত্তর ভাগে, বিশেষতঃ সাঁওতাল জাতির ভাষায় প্রচলিত আছে)। নারি—পারি না, প্রঃ—চুপে চুপে কোন-রূপে আমি ইহা নারি (ভাঃ)।

নারাঙ্গা, নারাঙ্গী ··ষ্য. (সং নাগরঙ্গ, নারঙ্গ)। কমলা নেবু। (নেবু দেখ)।

বন-নারাঙ্গা ··ষ্য. এরণ্ডাদিবর্গের চির-শ্যামল তরুবিশেষ (Gelonium multi-florum)। পাতা একোত্তর, চিক্কণ, ছিদ্র-ময়। পুং স্ত্রী গাছ পৃথক পৃথক। ফুল ছোট ছোট, পীতবর্ণ, গ্রীষ্মকালে ফুটে। ফল পাকিতে অনেক সময় লাগে, পরে ফাটিয়া দুই তিন শাঁসল খণ্ডে বিভক্ত হয়। ফলের আকার কতকটা নারাঙ্গা নেবুর মতন গোল বলিয়া নাম।

নারাঙ্গা ··ষ্য. (সং নারঙ্গ ফল হইতে?)। (প্রায়ই শিশুর) কঠিন রোগবিশেষ (Erysipelas)। দেহের স্থানে স্থানে লাল হইয়া ফুলিয়া উঠে, এবং ক্ষত হইয়া রস পড়ে।

নারাজ···ণ. (ফাং)। অসন্তুষ্ট, অসম্মত। নারাজি···ষ্য. অসম্মতি।

নারিকেল, নারকেল···ষ্য. (সং নারিকেল। নারিকান নালযুক্তপুষ্পাদীনি ঈরয়তি—অংটীঃ। অমরে অন্য নাম লাঙ্গালী—বোঁটা সহিত ফল লাঙ্গালাকার বলিয়া। ওং নড়িআ, হিং নারিয়ল,মং নারল। শূং পুঃ—নারিকল, কলিকাতায় নারকোল। দক্ষিণ রাঢ়েও নার-কোল। প্রসিদ্ধ ফলবিশেষ (Cocoanut)। গাছ (Cocos nucifera) গ্রীষ্মমণ্ডলে সমুদ্রনিকটবর্তী বালুকাময় প্রদেশে জন্মে। কদাচিৎ বৃহৎ নদীর ধারে সমুদ্র হইতে দূরে জন্মিতে দেখা যায়। ভারতের মধ্যে মাদ্রাজে প্রচুর। নারিকেল গাছের প্রায় সর্ব অঙ্গ আমাদের কাজে লাগে। কাঁচা ফল—ডাব, পাকা—নারিকেল, পাকা ও শুখনা—ঝুণি নারিকেল। নারিকেল-ফুল···ষ্য. স্বর্ণের নারিকেলপুষ্পাকার বাহুভূষণবিশেষ। নারি-

কেলী ··ণ. নারিকেল সদৃশ, প্রঃ—নারি-কেলী কুল।

নারিশ ··ষ্য. (সং নিরীশ—ফাল—অঃ—হইতে)। বাহির দিকে বাঁকানা করাতের দাঁত।

নারী···ষ্য. (সং)। নরের স্ত্রীজাতি ; ভার্যা, প্রঃ—যেমত চোরের নারী (চণ্ডীঃ)। নর-নারী...ষ্য. (সং)। মানবজাতি।

নাল···ষ্য. (সং নাল—উৎপলাদি দণ্ড, মৃণাল)। শালুক দেখ।

নাল···ষ্য. (আং)। অশ্বাদির লৌহপাদুকা। নাল-বন্দ ··ষ্য. যে নাল বাঁধে। নাল-বন্দি ···ষ্য. নাল-বাঁধা কাজ।

নালা···ষ্য. (সং নালী, নালক। ওং নাळ)। জল-নালী। দেশ-নালা···ষ্য. গ্রামের বর্ষার জলনিকাশের প্রণালী, কুলি। নালী···ষ্য. (নালা+ঈ)। সরু জলপ্রণালী। দৃষ্টান্তে, নালা কাটিয়া জল আনা—নালা কাটিয়া নদীর জল গ্রামে আনিলে সে নালা কালে নদীর আকার ধরিয়া গ্রামের সর্বনাশ করে। ইহা হইতে, বিপদ্ ডাকিয়া আনা।

না-লায়েক···ণ. (ফাং না-লায়ক)। লায়েক নহে যে, অযোগ্য।

নালিতা ··ষ্য. (সং নলিত। অন্য সং নাম নাড়িকা। ডাঁটা নলাকার বলিয়া নাম)। পাটশাক (দেখ)।

নালিশ ··ষ্য. (ফাং নালিষ)। অভিযোগ। নালিশী ··ষ্য. (নালিশ+বাং ঈ)। যে বিষয় লইয়া অভিযোগ।

নালী...ষ্য. (সং)। প্রণালী, ছোট নালা। নালী-ঘা···নালীর আকারে ক্ষত (sinus)।

নাশ···ধাতু. (সং নশ ধাতু বিনাশে। সং নাশ শব্দ হইতে নাম ধাতু হইত)। নাশি—নষ্ট করি, প্রঃ—দারিদ্র্যে গুণরাশি নাশে (কবিকঃ)। (পদ্যে)।

নাস···ষ্য. (সং নস্য)। নাকের নিমিত্ত মাদক-চূর্ণবিশেষ, প্রায়ই তামুকপাতার। নাস-দানী···ষ্য. (ফাং দানী। তুং সং ধানী)। নস্য-আধার।

নাসপাতি···ষ্য. (ফাং নাষপাতী)। সং নাম অমৃতফল—ভাবপ্রকাশে)। কাবুলী ফলবিশেষ (Pear)। ইহার গাছ (Pyrus communis) হিমালয়ে এবং দক্ষিণে নীলগিরিতে জন্মে। হিমালয়ের মধ্যে কাঙ্গারা প্রদেশে উত্তম নাসপাতি হইতেছে নাসপাতি দেখিতে আপেল অর্থাৎ সেও তুল্য। কিন্তু সেও কমলানেবুর মতন ধার-চাপা প্রায় গোল ; নাসপাতির গোড়ার ধার চাপা নহে, ছেলা-খেলা লাটিমের মতন। সেও বর্ষায়, নাসপাতি শরতে পাকে।

নাসা···ষ্য. (সং)। দ্বারাদির উর্ধ্বস্থিত কাষ্ঠ, নাগদন্ত, ডাঁসা ; একপাশ নাকের মতন ক্রমশঃ নিম্ন এমন কাষ্ঠাগ্র (bevel) ; নাকের ভিতরে পেঁয়াজের মতন স্ফীতি (polypus of the nose)।

নাস্তা ··ষ্য. (ফাং)। জলপান।

নাস্তা-নাবুদ···ষ্য. (ফাং নীস্তনাবুদ। ন+আস্ত—সং ন+অস্তি=নাস্তি ; ন+বুদ =সং ন ব্রর্ততে অর্থাৎ নাই)। বিধ্বস্ত, ব্যতিব্যস্ত।

নাস্তি·· ষ্য. (সং ন+অস্তি—ক্রিয়া)। নাই ; অভাব, নিষেধ, প্রঃ—নাস্তি করা।

নাহ···ষ্য. (সং নাথ)। নাথ, প্রঃ—গৌর গোকুলনাহ—(প্রাচীন বৈষ্ণব পদে)।

না-হক…ণ. (ফা°)। মিথ্যা, মিথ্যামিথ্যি, প্রঃ—নাহক আদর অধিক বাড়য় (জ্ঞানদাস)। (হক দেখ)।

নি…ধাতু. (সং নী ধাতু প্রাপণে, নয়নে)। নি-ই—বহন, আনয়ন, চালন করি, প্রঃ—টাকা নিয়া চল, মাথায় ভার নিয়া চলিতে পারে না; অপহরণ করি, প্রঃ—কাপড় নিয়া পলাইয়াছে। নেআ, (নেওয়া)॥ নেআ…ধাতু. (নি ধাতু আস্তে)। নে-আনা॥ প্রঃ—তাহাকে দুষ্কর্মে নেআইতেছে। (ন ল উচ্চারণে ভুল করিয়া লোকে নি ধাতু স্থানে ল ধাতুপদ প্রয়োগ করে। বা° ল ধাতু সং লভ ধাতু হইতে আসাতে অর্থের সাদৃশ্য ঘটিয়াছে। (ল ধাতু দেখ)।

নি…ব্য. (সংতে নি অব্যয় দ্বারা নানা অর্থ প্রকাশিত হয়)। বা°-তে শব্দের পূর্বে বসিয়া নিষেধে, অভাবে, প্রঃ—নি-কম্মা লোক, নি-খুঁৎ লেখা, নি-সাড় ঘুম, ইত্যাদি।

নি…ব্য. (নাই দেখ)। নাই শব্দের রূপান্তরে সামান্য ভূতকালে প্রঃ—এ সব টাকার তোড়া চোরে কেন হরে নি' (ঈশ্বরগুপ্ত)। (ব্যাকরণ দেখ)।

নি…ষ্য. (সং নিষাদ শব্দ হইতে। হিং নিখাদ)। গীতের সপ্তস্বরের সপ্তম স্বর।

নিং…নিবেদক শব্দের সংক্ষেপে।

নিঃ…নির্ দেখ।

নিঅড়ে…ব্য. (সং নিকটে)। নিকটে, প্রঃ—পরভুর নিঅড়ে গিআ (শূং পুঃ)। (প্রাচীন বাংতে)।

নিউমোনিয়া…ষ্য. (ই° pneumonia)। ফুস্ফুসের প্রদাহ-রোগ।

নিকট…ণ. (সং)। সমীপবর্তী, ঘনিষ্ঠ, প্রঃ—গ্রাম নিকট, নিকট সম্পর্কের লোক। নিকটে…ব্য. শীঘ্র, প্রঃ—নিকটে আসিব ঠাকুর (চৈতন্যমঙ্গল); সমীপে, প্রঃ—নিকটে গ্রাম নাই, তাহার নিকটে টাকা পাইবে।

নিকট…ধাতু. (সং নির্-কুষ ধাতু হইতে। নিকষ ধাতু দেখ)। নিকটি—নিষ্কর্ষণ করি, প্রঃ—নিকটিয়া দাঁত (মাঃ)। (অপ্রচলঃ)।

নি-কড়িয়া, নি-কড়্যে…ণ. (নি+কড়ি+ইয়া)। কড়ি—ধন—নাই যার, নির্ধন।

নি-কম্মা…ণ. (বা° নি+কম্ম+আ। তুং সং নিষ্কর্ম্ম)। কর্মহীন, কর্মের অযোগ্য।

নিকর…ষ্য. (সং। যথা, নিকরো নিবহে সারে ন্যায়-দেয়-ধনে নিধৌ—মেঃ)। সার, রাশি, প্রঃ—ঊর্দ্ধদরে সারা হয়, হরণ অঙ্ক হয় নিকর (শুভঙ্করী)। নিকর জমা…নিশ্চিত রাজস্ব (ret revawne)। জমি নিকর করা—নিশ্চয় করা, রাশি পরিমাণ করা।

নিকল…ধাতু. (সং নির্গল ধাতু। হিং নিকল ধাতু)। নিকলি—নির্গলিত হই, প্রঃ—তুলিয়া আছাড়ে ভূঞে শোণিত নিকলে মুঞে দুই অঙ্গে বহে ঘামজল (কবিকঃ)। নিকলা॥ (কৃত্তিঃ-তে প্রচুর প্রয়োগ আছে। অধুনা অপ্রচলঃ)।

নিকষ…ধাতু. (সং নির্-কুষ ধাতু)। নিকষি—অপনয়ন, নিষ্কাশন করি, প্রঃ—চৈঃ চঃ। নিকষা॥ (পদ্যে)।

নিকা…ষ্য. (আ° নিকাহ্—বিবাহ)। মুসলমান মধ্যে বিধবা-বিবাহ,প্রঃ—আপন তরফ নিয়া বসিল অনেক মিঞা, কেহ নিক

কেহ করে বিয়া। মোল্লা পড়িয়া নিকা দান পায় সিকা সিকা, দোয়া করে কলমা পড়িয়া (কবিকঃ)।

নিকা...ধাতু. (সং নিক্ত হইতে। সং নিজ ধাতু নির্মলীকরণে)। নিকাই—গোময়াদি লেপন দ্বারা শুদ্ধ নির্মল করি। নিকানা॥ নিকানা পোছানা...ণ. পবিত্রীকৃত ও মার্জিত (সহচর শব্দ)। ঘর-নিকানা মাটি···যে মাটি জলে মিশাইয়া ঘর নিকানা যায়।

নিকা, লিকা···ষ্য. (সং অক্ষ হইতে ? ও° অখ্। বাংতে অখা আখা হইবার সম্ভাবনা ছিল। কিংবা নীক দেখ)। গাড়ীর চাকার অক্ষ।

নি-কাট ··ণ. (সং নি=নিশ্চয়ে, কাট ধাতু)। রসহীন, প্রঃ—জমি নিকাট করা—জমির জল কাটাইয়া শুষ্ক করা।

নি-কামী ··ণ. (নি—নিষেধে, কামী)। কর্মের অযোগ্য, নিষ্কর্মণ্য.)

নিকাল···ষ্য. (হিং। সং নিষ্কালন।) বহিস্করণ, প্রঃ—নিকাল দেওয়া।

নিকাশ···ষ্য. (সং নিষ্কাশ)। বহির্গমন, প্রঃ—জল নিকাশ করা; শেষ, সমাপ্তি, প্রঃ—হিসাব নিকাশ করা। নিকাশী...ণ. নিকাশ করা হইয়াছে যাহা, প্রঃ—নিকাশী জল, নিকাশী টাকা—প্রাপ্য টাকা। নিকাশি ··ষ্য. নিকাশ, বহির্গতি।

নিকী, লিকী···ষ্য. (সং লিক্ষা—নিক্ষা)। উকুনের ডিম্ব।

নিকুট...ধাতু. (সং নির+কুষ ধাতু। সং নিষ্কুষিত—নিষ্কাসিত)। নিকুটি—নিষ্কাসিত করি; প্রকাশিত করি, প্রঃ—দাঁত নিকুটিয়া (মাঃ)। (নিকট ধাতু দেখ)। (অপ্রচলঃ)।

নিকৃতি···ষ্য. (সং নারাচী হইতে নিকি+পাত্রী =নিকিতী ? তুং দাঁড়ীপাল্লা। সং নিষ্ক+পাত্রী ? ওং নিকিতি, হিং নিকৃতী)। যে লৌহময় ছোট তুলাযন্ত্রে লৌহবাণ থাকে। নিকৃতির বাটী···নিকৃতির ধাতুময় পাল্লা। নিকৃতির ওজন...নিকৃতি দ্বারা সূক্ষ্ম উন্মান। নিকৃতির কাঁটা···নিকৃতির বাণ, উন্মান ঠিক হইলে যেমন কাঁটা বামে কিংবা দক্ষিণে হেলে না, তেমন; অর্থাৎ একটুকুও এদিক ওদিক না হওয়া।

নি-খরচা···ষ্য. (নি+খরচা)। বিনা অর্থব্যয়, প্রঃ—নি-খরচায় গঙ্গাস্নান। নিখরচিয়া, নিখরচ্যে···ণ. (নিখরচ+ইয়া)। ব্যয় নাই যাতে বা যার।

নি-খাওন্তা···ণ. (নি+খা ধাতু+ওন্তা। তুং আসা° ওঁতা প্রত্যয় (কর্তৃবাচ্যে)—খাওঁতা—যে পুরুষ খায়। সং তৃ প্রত্যয় হইতে তা। বাংতে এরূপ শব্দ অধিক নাই। (ব্যাকরণ দেখ)। যে পুরুষ অধিক খাইতে পারে না। স্ত্রী° নিখাওন্তী।

নিখাদ···ষ্য. (হিং। সং নিষাদ)। গীতের সপ্ত সুরের নি স্বর।

নিখুঁৎ···ণ. (নি+খুঁৎ। হিং নিখোট)। খুঁৎ—দোষ—নাই যাতে। (খুঁৎ দেখ)।

নিখুঁতি···ষ্য. (?)। মণ্ডাবিশেষ, প্রঃ—কৃত্তিঃ।

নিগম···ষ্য. (সং নির্গম)। নির্গম, প্রঃ—নিগম জানে না—বিপদ্ হইতে উদ্ধারের উপায় জানে না। আগম-নিগম...ষ্য. (সং আগম নির্গম)। আগমন ও নির্গমন, প্রঃ—আগম জানে নিগম জানে না—যেমন অর্জুনপুত্র অভিমন্যু ব্যূহে আগম

জানিতেন তথা হইতে নির্গম জানিতেন না।

নিগম...ষ্য. (সং)। বেদ, প্রঃ—আগমে আছে নিগমে নাই,—আগম—তন্ত্রশাস্ত্র। আগম-নিগম ··ষ্য. (সং। সহচর শব্দ)। তন্ত্র ও বেদ, সর্বশাস্ত্র।

নিগা, নিঘা ··ষ্য. (ফাং নিগা। তুং সং নিরীক্ষণ। ওংতে মংতে নিঘা—সং নিধ্যান হইতে ?)। মনোযোগ, বিশেষ দৃষ্টি, প্রঃ—নিগা করিয়া দেখা। নিঘা-পনা···ষ্য. (পনা —ব্যবহার)। সেবা, দেখাশুনা।

নিগূঢ়···ণ. (সং)। গুপ্ত, প্রচ্ছন্ন।···ষ্য. গুপ্ত কথা, গুপ্ত বিষয়, প্রঃ—কথাটার নিগূঢ় কি ?

নি-ঘিন্না ··ণ. (সং নির্ঘৃণ)। ঘৃণাশূন্য, প্রঃ—এমন নির্ঘৃণ মোরে কেবা কৃপা করে (চৈঃ চঃ)।

নিঙ্গাড়...ধাতু. (চণ্ডীদাসে নিঙ্গাড়, কবিকঙ্কণে নিচোড়, মাণিকে নিঙ্গুড় ধাতু। বাং নিঙ্গাড়া, ওং চুপুড়িবা, হিং নিচোড়না, মং চেঙ্গারণেঁ। সং নিগ্ন ধাতু শুদ্ধি হইতে নিঙ্গিত। নিঙ্গিত হইতে নিঙ্গাড়া ধাতু। বোধ হয় ভুলে নিঙ্গাড় ধাতুও আসিয়াছে)। নিঙ্গাড়ি—নিষ্পিষ্ট করি, রসশূন্য করিতে চাপি, প্রঃ—মুঠা করে সর্ষে নিঙ্গুড়ি মাথে তেল (মাঃ)—নিঙ্গুড় ধাতু গ্রাং। নিঙ্গাড়া॥ নিঙ্গাড়া···ধাতু. (সং নিঙ্গিত হইতে)। নিঙ্গাড়াই—নিষ্পেষিত করিয়া রসহীন করি, প্রঃ—কত চাঁদ নিঙ্গাড়িয়া মুখানি মাজিয়াছে (জ্ঞানদাস)। নিঙ্গাড়ানা॥

নিচয়···ষ্য. (সং)। নিশ্চয়। (পদ্যে)।

নিচোড়···ধাতু. (নিঙ্গাড় ধাতু দেখ)। নিচোড়ি—চাপিয়া রসহীন করি, প্রঃ—মুঠে নিচোড়িয়া তাহে দিল আদারস (কবিকঃ)। নিচোড়া॥ (অপ্রচলঃ)।

নিচ্চিন্দি (গ্রাং)···ণ. (সং নিশ্চিন্ত। পালি নিচ্চিন্তো। হিং নিচিন্ত। ওং নিচিন্দি)। নিশ্চিন্ত।

নিচ্ছিন্দি (গ্রাং)···ণ. (সং নিশ্চিত)। নিশ্চিত, নির্ধারিত।

নিছ ··ধাতু. (সং নির্মঞ্ছন—নির্+মন্চ্ ধাতু ধারণ, পূজন। তুং প্রাণরাজ্য করোঁ প্রভুপদে নির্মঞ্ছন—চৈঃচঃ। তুং নীরাজন—দেবদেবীর সম্মুখে আরতি। আরতি করিয়া দেবদেবীর অঙ্গে স্পর্শ করাইয়া নিক্ষেপ। এই নিক্ষেপ অর্থও বাংতে আসিয়াছে। নি-ক্ষিপ ধাতু হইতে নিছ ধাতু সহজে আসে। ওং নেউছালি)। নিছি—বরণ করিতে স্পর্শ করাইয়া নিক্ষেপ করি, প্রঃ—পণ্ডিতে বেদ গান নিছিআ পেলেন (ফেলেন) পান, হুলুই পড়এ ঘনে ঘন (শূং পুঃ); শিরে দিয়া দুর্বাধান নিছিয়া ফেলিল পান (কবিকঃ); শিব প্রদক্ষিণ গোরী কৈল সাতবার, নিছিয়া ফেলিল পান কৈল নমস্কার (কবিকঃ)। (২) বরণ করিয়া নিক্ষেপ করি, প্রঃ—শ্যাম বন্ধুর সনে পিরীতি করিয়া নিছিয়া দিলাম কুল (চণ্ডীঃ); জাতি যৌবন ধন নিছিয়া ফেলিব শ্যামপায় (জ্ঞানদাস)। (৩) গ্রহণ করি, প্রঃ—ভুবন ভরিয়া অপযশ ঘোষণা, নিছিয়া লইনু মাথে (জ্ঞানদাস)। (৪) অপহরণ করি, ছিনাই, প্রঃ—পরাণ নিছিয়ে তোমার নয়ান কাজরে (জ্ঞানদাস); দেউল নিছিয়া দিল পঞ্চরত্ন ধন (কবিকঃ) নিছা, নিছনি॥ নিছনি···ষ্য. বরণ, প্রঃ—

চরণের নিছনী ফুল (ক·বিকঃ) ; বরণীয় বস্তু, প্রঃ—ঘরে যাই লইয়া নিছনি (ভাঃ)। নিছনি-ডালা ··বরণ-ডালা (ভাঃ)। নিছনি ··ষ্য. অশ্বগজাদির দেহের বস্ত্র (তু° সং নীরাজন-বিধি), প্রঃ—সতেক হাথ নেতে কৈল ঘোড়ার নিছনি (শূং পুঃ)। (অপ্রচলঃ)।

নিছক, নিছু···ণ. (হি° নিছক্কা। সং নিসর্গজ ?)। অবিমিশ্র, শুদ্ধ, প্রঃ— সেখানে নিছক বালি।

নিজ···ষ্য. (সং)। আপনি, স্বয়ং। নিজ খরচ ···আপনার নিজের ব্যয়। নিজ জোত··· নিজের জমি নিজে চাষ। নিজস্ব···ষ্য. (সং)। আপনার অধিকৃত।

নিজাম···ষ্য. (আ°)। রাজ্যশাসক। নিজামৎ ···ষ্য. (আ°)। রাজ্যশাসন। নিজামতি ···ষ্য. নিজামৎ কার্য। নিজামতী···ণ. নিজামৎসম্বন্ধীয়।

নিজ্জশ, নিজ্জাশ (গ্রা°)···ব্য. (সং নিশ্চয়) নিশ্চয়, প্রঃ—এই সব রস নির্যাস করিব আস্বাদ (চৈঃ চঃ)—নিশ্চয়।

নিঝ্ঝুম···ণ. (সং নির্ধূন)। নিষ্কম্পিত, নির্বাত।

নিট্‌-পিটা ··ণ. (নড়্‌-বড়, নিড়্‌-বিড় হইতে)। দুস্তোষণীয়, যাহার কাজে শৃঙ্খলা নাই ; শৃঙ্খলাহীন (কাজ)।

নিটল, নিটোল···ণ. (সং নিস্তল। যথা, বর্তুলং নিস্তলং বৃত্তং—অঃ)। বর্তুলাকার, টোল নাই যাতে। (টোল দেখ)।

নিটুট···ণ. (নি·ত্রুটি)। ত্রুটিশূন্য, নির্দোষ।

নিটোল···নিটল দেখ।

নিঠা-কাঠা···ষ্য. (সং নিষ্ঠা-কাষ্ঠা)। নিষ্ঠার কাষ্ঠা বা সীমা, প্রঃ—একাদশীর নিঠা-কাঠা উপাস করা—বিধিসম্মত উপবাস।

নিঠুর···ণ. (সং নিষ্ঠুর। হি° নিঠুর)। নিষ্ঠুর (পদ্যে)। নিঠুরাই···ষ্য. (সং নিষ্ঠুরতা)। নিষ্ঠুরতা, প্রঃ—না করিহ নিঠুরাই (চৈঃ চঃ)। নিঠুর-পনা···ষ্য. নিষ্ঠুর ব্যবহার।

নিড়া···ধাতু. (সং নিস্তৃণ হইতে। নিস্তৃণ— নিইণ—নিড়)। নিড়াই—ক্ষেত্রাদি নিস্তৃণ করি। নিড়ানা॥ নিড়ানি, নিড়ান ··ষ্য. নিস্তৃণীকরণ। নিড়ানী···ষ্য. যে শস্ত্র দ্বারা নিস্তৃণ করিতে পারা যায়, যেমন দাউলী।

নিড়্‌-বিড়···নড়্‌-বড় দেখ। নিড়-বিড়া···ণ. যে কেবল নড়ে চড়ে, শীঘ্র কাজ শেষ করিতে পারে না।

নিৎ, নিতি...ব্য. (সং নিত্য)। নিত্য, প্রঃ— সখী কহে নিতি এ পথে যাই (চণ্ডীঃ)। নিতই...নিত্য-ই, প্রঃ—নিতই নূতন।

নিতাই ··ষ্য. (সং নিত্যানন্দ)। সাধারণে শ্রীচৈতন্যদেবের অগ্রজ বলিয়া পরিচিত। কিন্তু ইনি বীরভূমের একচক্রা গ্রামে হাড়াই পণ্ডিতের পুত্র ছিলেন। পরে এক সন্ন্যাসীর সহিত বহুতীর্থাদি ভ্রমণ করিয়া পরিশেষে নবদ্বীপে শ্রীগৌরাঙ্গের সহিত সম্মিলিত হন। শ্রীগৌরাঙ্গদেব ইহাঁকে দাদা সম্বোধন করিতেন। নিত্যানন্দ গৃহী হইয়া ছিলেন। কথিত আছে, মহাপ্রভুর অগ্রজ বিশ্বরূপ সন্ন্যাস গ্রহণের পর দেহত্যাগ করিয়া তাহাঁর তেজ নিত্যানন্দে সঞ্চারিত করিয়াছিলেন।

নিতান্ত, নিতান্ত (গ্রা°)···ণ. (সং নিতান্ত)। অত্যন্ত, অধিক ; অবশ্য, প্রঃ—নিতান্ত করিয়া কই মনে যেন রয় হে (ভারতে, রস-মঞ্জরী)।

নিত্ত (গ্রা°)·· ষ্য. (স° নৃত্য। স°প্রা° নিত্ত)। নৃত্য।

নিত্য-নৈমিত্তিক···ষ্য. (স°)। নিত্য যাহা করিতে হয়, এবং নিমিত্ত পড়িলে যাহা করিতে হয়।

নিতি, নিত্তি (গ্রা°)···নিৎ দেখ।

নিথর···ণ. (স° নি+স্থির)। স্থির, নিস্তব্ধ। (পদ্যে)।

নিদ···ষ্য. (স° নিদ্রা। হি°)। নিদ্রা, প্রঃ—চণ্ডীঃ, প্রাচীন বা°।

নিদয়···ণ. (স° নির্দয়)। নির্দয় (পদ্যে)।

নিদাটি···ষ্য. (নিদ্রা+মাটি)। মন্ত্রসিদ্ধ ধুলি (যেমন ইন্দুরগর্তের) নিক্ষেপ দ্বারা নিদ্রালুতা। (নিদালি দেখ)।

নিদান···ষ্য. (স°)। মূল কারণ, প্রঃ—রোগের নিদান; রোগনিদান-গ্রন্থ, যেমন মাধব-করের; অবসান, প্রঃ—পরাণে বাঁচে না বাঁচে, নিদান দেখিয়া আসিনু হেথায়, কহিনু তোহারি কাছে (চণ্ডীঃ)—অন্তিম অবস্থা। নিদান হওয়া—মৃত্যু আসন্ন হওয়া। নিদান পক্ষে...অন্ততঃ।

নিদালি...ষ্য. (স° নিদ্রা হইতে। নিদ্রা—নিদার—নিদালি। কিংবা নিদাটি দেখ)। গাঢ় নিদ্রা, তন্ত্রমন্ত্র দ্বারা গাঢ় নিদ্রা, প্রঃ—কৃত্তিঃ (লং)।

নিদ্দা, নিদ্দ (গ্রা°)···ষ্য. (স° নিদ্রা)। নিদ্রা, প্রঃ—দিবা গেল বৃথা কর্ম্মে রাত্তি গেল নিদ্দে না ভজিনু শ্রীকৃষ্ণের পদারবিন্দে।

নিদ্দোষী (গ্রা°)··নির্দোষী দেখ।

নিদ্ধাজ্জ (গ্রা°)···ণ. (স° নি র্য)। নির্ধার্য, নিশ্চিত।

নিদ্রা···ষ্য. (স°)। নিদ্রা। নিদ্রা দেওয়া, যাওয়া—ঘুমানা। ("ঘুম দেওয়া", "ঘুম যাওয়া" হয় না)।

নি-ধান···ণ. (স° নি-র্ধান্ত)। ধান্তশূন্ত, প্রঃ—নিধান করিয়া থই (কবিকঃ)।

নিধ্‌ধনী (গ্রা°) ··ণ. (স° নির্ধন)। নির্ধন, প্রঃ—নিধ্‌ধনীর ধন হওয়া। (নির্ধনী দেখ)।

নিধার্য্য...ণ. (স° নির্ধার্য)। নির্ধার্য, নিশ্চিত, প্রঃ—নিবেদন শুন রাজা নিগূঢ় নিধার্য্য (মাঃ)—প্রায়ই নিদ্ধাজ্জ।

নি-নামী···ণ. (নি+নামী)। নাম—খ্যাতি নাই যার।

নিন্দ ··ধাতু. (স°)। নিন্দি—দোষ কহি, অপবাদ কহি, গুণে পরাজিত করি। (পদ্যে)। নিন্দুক (গ্রা°)···ষ্য. (স° নিন্দক)। নিন্দক।

নিপট···ণ. (স° নির্ভর—অতিশয়। স° নির্ভট—দৃঢ়। ও° হি° ম° নিপট—অত্যন্ত)। অতিশয়, প্রঃ—ঘুরণি নিপট (চণ্ডীঃ); স্পষ্ট, প্রঃ—নিপট বাহ্য হৈলে (চৈঃ চঃ)—স্পষ্ট বাহ্যজ্ঞান হইলে।

নিপাত···ষ্য. (স°)। অধঃপতন; মৃত্যু, প্রঃ—নিপাত যাও (গালিতে)।

নিপিত্তিয়া, নিপিত্ত্যে···ণ. (নি+পিত্ত+ইয়া)। ঘৃণারহিত। (শরীরের পিত্ত ধাতু হইতে ক্রোধ ঘৃণার উৎপত্তি) :

নিব...ধাতু. (স° নির্‌+বা ধাতু নির্বাণে)। নিবি—নির্বাণ হই, প্রঃ—দীপ নিবিয়াছে। নেবা॥ নিবা, নেবা···ধাতু. (নিব ধাতু আস্তে)। নিবানা, নেবানা॥ (নিভ ধাতু দেখ)।

নিব ··ষ্য. (ই° nib)। কলমের মোচ।

নিবড়···ধাতু. (স° নি-বৃৎ ধাতু। ও° হি°)।

নিবড়ি—নিবৃত্ত, সমাপ্ত হই, প্রঃ—এগার নিবড়ে যবে বারতে প্রবেশ (কৃত্তিঃ আত্ম-পরিচয়), কবিকঃ। (অপ্রচলঃ)। (নিবাড় দেখ)।

নিবর্ত্ত...ণ. (সং। সং নিবৃত্ত)। নিবৃত্ত, প্রঃ—নিবর্ত্ত করিয়া কৈল স্বচ্ছন্দগমন (চৈঃ চঃ)।

নিবাড়··ণ. (সং নির্ব্বৃত্ত। সং নীরর—পঙ্ক ?)। অবশেষহীন, প্রঃ—ভাঁড় হইতে নিবাড় করিয়া তেল কাড়া।

নিবার··ধাতু. (সং নিবার হইতে)। নিবারি—নিবারণ করি, প্রঃ—চিত্তের অনল কত চিতে নিবারিব (চণ্ডীঃ)। নিবারা॥ (পদ্যে)।

নিবেদ...ধাতু. (সং নিবেদ হইতে)। নিবেদি—সমর্পণ, জ্ঞাপন করি, প্রঃ—নিবেদি তব পায়—তোমার পদে। (পদ্যে)। নিবেদন ···ষ্য. (সং) । সমর্পণ, প্রঃ—ঠাকুরকে নৈবেদ্য নিবেদন করা; জ্ঞাপন, প্রঃ—সবিনয় নিবেদন। নিবেদন পাওয়া (গ্রাং ?) —সবিনয়ে জ্ঞাপন করা।

নিবেশ···ষ্য. (সং নিবেশ)। স্থান; বাড়ী, প্রঃ—আপনার নিবেশ ?—আপনার স্থান —দেশ কোথায় ?

নিভ··ধাতু. (নিব ধাতুর রূপান্তর, অপ্রচলঃ হইতেছে। ওং লিভ ধাতু)। নিভি—নির্বাণ হই। নিভা, নেভা॥ নিভা···ধাতু. (নিভ ধাতু আস্তে)। নিভাই—নির্বাপিত করি। নিভানা॥ প্রঃ—নিভান আগুনি দিলা জ্বালি (জ্ঞানদাস)।

নিভাউ···ণ. (সং নির্বাণ)। অন্তর্হিত।

নি-ভাঁজ··ণ (নি+ভাঁজ। সং ভঙ্গ—দোষ, শঠতা—হইতে ভাঁজ)। অবিমিশ্র, যাহাতে মিশাল বা শঠতা করা হয় নাই, প্রঃ—নিভাঁজ তেল।

নিম··ষ্য. (সং নিম্ব। রোগ নমিত করে বলিয়া নিম্ব, নিম্বু—অঃ টীঃ। ওং নিম্ব লিম্ব)। প্রসিদ্ধ গ্রাম্য তরুবিশেষ (The margosa. Melia azadirachta)। পাতা ছাল তিক্ত। মাঝের কাঠ লাল। ফুল শাদা, দূর হইতে সুগন্ধ। মহানিম, ঘোড়ানিম··ষ্য. (সং মহানিম্ব)। নিমের তুল্য তরুবিশেষ (The Persian Lilac. Melia azedarach)। পাতা দ্বিধা ত্রিধা পক্ষাকার, বর্ষমধ্যে একবার ঝরিয়া পড়ে। ফুল আ-নীল-লোহিতবর্ণ। নিমফল···ষ্য. (সং নিম্বফল)। নিম্ববৃক্ষের ফল; শিশুর কটির নিম্বফলাকৃতি ভূষণবিশেষ। নিমফুল···ষ্য. (সং নিম্ব+বাং ফুল)। নিম্ববৃক্ষের পুষ্প; নারী-করের নিম্বপুষ্পাকৃতি ভূষণবিশেষ।

নিম···ণ. (ফাং নীম—অর্ধ। তুং সং নেম—অর্ধ)। অর্ধ, প্রায়, প্রঃ—নিম রাজী—প্রায় সম্মত।

নিমক···ষ্য. (ফাং নমক—স্বাদ। হিং)। লবণ। নিমকের চাকর···প্রভুর অন্নে প্রতিপালিত ভৃত্য। নিমক-হারাম··ণ. (ফাং নমক-হরাম)। অকৃতজ্ঞ। নিমক-হারামি···ষ্য. অকৃতজ্ঞতা। নিমক-মহল···ষ্য. যে মহলে প্রদেশে লবণ উৎপন্ন হয়। নিমকী···ষ্য. ময়দা ঘি নুন কালজীরা দিয়া প্রস্তুত কড়্‌-কড়িয়া লুচী।

নিমন্ত্রণ (গ্রাং নিমন্তন্ন)···ষ্য. (সং। ওং নেওঁতা)। ভোজনার্থে আহ্বান। নিমন্ত্রণ করা, দেওয়া, প্রঃ—নিমন্ত্রণ দিল দক্ষ সুর-

নাগ-নরে (কবিকঃ)। নিমন্ত্রণ-রক্ষা ··নিমন্ত্রণ পালন।

নিমাই···ষ্য. (নিম্ব—নিম+আই—আদরে। নিম্ব তিক্ত বলিয়া ?)। শ্রীচৈতন্যের মাতৃদত্ত নাম।

নিমাইৎ, নিম্বাইৎ···ষ্য. (নিম্ব+ইত)। নিম্বার্ক নামক বৈষ্ণব-সম্প্রদায়বিশেষ। নিম্বার্ক সম্প্রদায় মাধবাচার্যের অনুগত।

নিমিখ···ষ্য. (সং নিমিষ)। নিমিষ (বৈষ্ণব-পদে)।

নিমুকা ··আকনাদি দেখ।

নিয়ড়···ণ. (সং নিকট)। নিকট, প্রঃ—কৃত্তিঃ, কবিকঃ, মাঃ। (অপ্রচলঃ)।

নিয়ৎ (গ্রাং) ··ষ্য. (সং নিয়তি)। অদৃষ্ট, প্রঃ—নিয়ৎ ছিল তাই মরিয়াছে।

নিয়ৎ·· ষ্য. (আং)। অভিলাষ, মানস, ব্রত-অঙ্গীকার, প্রঃ—ঠাকুরের কাছে নিয়ৎ করা।

নিয়র···ণ. (সং নিকট। প্রায়ই নিয়ড়)। নিকট, প্রঃ—সীতাপতি নিয়রে চলত অতি উনমত হোই (নবদ্বীপপরিক্রমা)। (অপ্রচলঃ)।

নিয়াই, নিহাই···ষ্য. (সং নাভি। ওং নেহি, হিং নিহাই, মং ঐরণ। সং নাম স্থূণা। অধুনা বাংতে প্রায়ই, নেই, নাই)। লৌহ-পিণ্ড যাহার উপরে কামার লৌহ পিটে, প্রঃ—নিয়াই উপরে রেখে পিটে ধুমধাম (কবিকঃ)। কানী-নিয়াই···যে নিয়াইর এক দিক ক্রমশঃ সরু (কান হইতে কানী)। চউকী নিয়াই···যে নিয়াইর পৃষ্ঠ চতুষ্কোণ।

নিয়াচ (গ্রাং) ··ষ্য. (সং নবরীজ)। কাদায় ধান্যের বীজ বপন দ্বারা চারা।

নিয়ান···ষ্য. (সং লৌহবৃন্ত হইতে। ওং নিহাণ)। যে বাটালীর বাঁট লোহার।

নিয়ারা···ণ. (সং নিরালয় হইতে ? ওং হিং নিয়ারা)। পৃথক।

নিয়ারিয়া···ষ্য. (হিং নিয়ার+ইয়া)। যে সেকরার দোকানের অঙ্গার-পাঁশ-ধুলা হইতে সোনা-রুপা পৃথক করে।

নিয়োজ...ধাতু. (সং নিযোগ হইতে)। নিয়োজি—নিযুক্ত করি, প্রঃ—নিয়োজিল তার সঙ্গে ভারী দশ জন। (কবিকঃ)। (পদ্যে)।

নিয়োগী ··ষ্য. (সং)। কর্মসচিব; পদবী-বিশেষ।

নির্···উপসর্গ. (সং নির্—নির্ণয়, নিষেধে)। বাংতে বিশেষ্যের পূর্বে যুক্ত হইয়া নিষেধ বুঝায়, প্রঃ—নির্জলা—জলা নহে, নির্গাঁই—গাঁই নাহি যার, নির্ভুল—ভুল নাই যাতে।

নিরংশী...ণ. (নির্+অংশী। সং নিরংশ)। অংশী নহে যে, প্রঃ—রামপ্রসাদ বলে কুপুত্র ব'লে, আমায় নিরংশী করেছে।

নিরখ...ধাতু. (সং নির্+ঈক্ষ ধাতু দর্শনে)। নিরখি—নিরীক্ষণ করি, প্রঃ—নহি বিভাবসু আমি, দেখ নিরখিয়া রাবণি (মেঘনাদবধঃ)।

নিরপরাধী···ণ. (বাং নির্+অপরাধী)। নিরপরাধ।

নিরম···ধাতু. (সং নির্মা ধাতু হইতে)। নিরমি—নির্মাণ করি। (পদ্যে)।

নিরস, নিরেস (গ্রাং) ··ণ. (সং নীরস—রস-শূন্য। ওং নিরসা, হিং নিরস, মং নিরস নরস)। অপ্রীতিকর, নিকৃষ্ট। নিরসা · ণ. (বাং নি+রসা)। শুষ্ক, স্বাদহীন।

নিরস্ত···ণ. (সং)। প্রত্যাখ্যাত।

নিরাকরণ···ষ্য. (সং—নিবারণ, প্রত্যাখ্যান)।

বিরোধী বিষয়ের প্রত্যাখ্যান, প্রকৃত বিষয় নির্ধারণ।

নিরাট (গ্রা° নিরেট)...ণ. (স° নির্ভট—দৃঢ় —শব্দকল্প: । বোধ হয়, স° নির্ভর—গাঢ় হইতে নির্ভট, কিংবা স° নির্দর—সার, কঠিন—হইতে নিরাট। যথা, নির্দরং নির্ভরে সারেঽন্যবত্তু কঠিনে—মেঃ। নিপট দেখ) ও° নিদা, হি° নিরেট নিগ্গর, ম° ঘট্ট। ঘট্ট —(নির্)-ভট)। সারগর্ভ, নীরন্ধ্র।

নিরানব্বই, নিরানই ··ষ্য. ণ. (স° নবনবতি)। নয় অধিক নব্বই-সঙ্খ্যা, সঙ্খ্যক ; ৯৯। নিরানব্বইর ধাক্কা···শত পূরণের নিমিত্ত ব্যগ্রতা।

নিরালা...ণ. (স° নিরালয়। তু° স° নিঃশলাক —নির্জন)। নির্জন।

নিরিক-চিরিক···ণ. (নড়্-চড়্ হইতে)। যে সর্বদা নড়্-চড়্ করে, দুস্তোষণীয়।

নিরিখ...ষ্য. (ফা° নিরখ)। বাজার-দর। জমি নিরিখ করা—কত খাজনা হইতে পারে তাহা স্থির করা।

নিরিবিলি ··ণ. (স° নিভৃত হইতে ?)। নিরালা, নির্জন।

নিরেট ··নিরাট দেখ।

নিরোগা (গ্রা°)···ণ. (স° নীরোগ। বা° নির্+রোগা)। রোগহীন।

নির্গাঁই, নির্গাঞি···ণ. (নির্+গাঁই)। গাঁই নাই যার।

নির্ঘণ্ট ··ষ্য. (স°)। অনুক্রমণিকা, তালিকা।

নির্ঘাত ··ণ. (স°—বজ্রবিশেষ)। বজ্রবৎ কঠোর, নিষ্ঠুর, প্রঃ—মারিল সেনের বুকে নির্ঘাত সন্ধান (মাঃ)।

নির্জলা···ণ. (নির্+জলা)। জলা নয় যাহা।

নির্দম···ণ. (নির্+দম)। দম—শ্বাস—নাই যাতে যার, প্রঃ—নির্দম প্রহার—যে প্রহারে শ্বাসরোধ হয়।

নির্দোষী...ণ. (নির্+দোষী)। দোষী নহে যে। (স° নির্দোষ)।

নির্ধনী ··ণ. (নির্+ধনী)। ধন নাই যার। (স° নির্ধন)।

নির্বংশিয়া, নির্বংশ্যে···ণ. (নির্+বংশিয়া)। বংশ নাই যার, যে নির্বংশ হইয়াছে (গালিতে)।

নির্ভর...ণ. (স°—গাঢ়, দৃঢ়, নিতান্ত—অঃ। নিঃশেষেণ ভরো ভারোঽত্র—অঃটীঃ। তথা মেঃ—নির্দরং নির্ভরে সারেঽন্যবত্তু কঠিনেঽত্রপে—নির্দর নির্ভর সার কঠিন অলজ্জা)। দৃঢ়, সার, প্রঃ—নির্ভর সাক্ষী। ··ষ্য. ভার, প্রঃ—লোকের কথায় নির্ভর করা—লোকের কথা দৃঢ় বা সার মনে করা। (এই অর্থ বা°তে আধুনিক। ইংরেজী to depend upon—কথার অনুবাদে উৎপত্তি। বস্তুতঃ বা°তে এই অর্থ কেবল ইংরেজী-শিক্ষিত লোকের নিকট পাওয়া যায়)।

নির্ভুল ·ণ. (নির+ভুল)। ভুল নাই যাতে।

নির্মলা, নির্মলী ··ষ্য. (স° নির্মলা। অন্য স° নাম কতক, অম্বুপ্রসাদ। ও° নির্মল্লী)। কুচিলার সদৃশ মধ্যমাকৃতি আরণ্য তরুবিশেষ (Strychnos potatorum)। ওড়িশা, বিহার, মধ্যভারত ও পশ্চিম ভারতে আছে। পাকা ফল কৃষ্ণবর্ণ। বীজ গোল। এই বীজ ঘষিয়া কাদা জল নির্মল করা হয়। এজন্য নাম (The clearing nut)।

নির্মা···ধাতু. (স°)। নির্মাই—রচি, নির্মাণ করি। (পদ্যে)।

নিলজ্জ (গ্রা°) ··ণ. (স° নির্লজ্জ) । নির্লজ্জ ।

নিলাম ··ষ্য. (পর্তু° leilas হইতে উর্দু)। সাধারণের মধ্যে যে অধিক মূল্য দেয় তাহাকে বিক্রয়। নিলামী···ণ. নিলাম হইবে কিংবা হইয়াছে যাহা। নিলামযোগ্যতা··· নিলাম হইবার যোগ্যতা।

নিশ-পিশ ··লিস-পিস দেখ।

নিশা ··নিষা দেখ।

নিশান ··ষ্য. (ফা° নিষান)। ধ্বজা, চিহ্ন; লক্ষ্য। নিশান করা—লক্ষ্য করা, তিক করা। নিশানা ··ষ্য. নিদর্শন, চিহ্ন সঙ্কেত। নিশানী ··ণ. নিশানযুক্ত, চিহ্নিত। নিশান-দেহি···ষ্য. (নিশান+দেহি— দেওয়া) নিদর্শনকার্য, প্রদর্শন।

নিশান ··নিসান দেখ।

নিশি, নিশী···ষ্য. (স° নিশীথ হইতে। থ সহজে লুপ্ত হয়। নিশীথ—অর্ধরাত্রে, রাত্রিমাত্রকে—মেঃ)। রাত্রি, প্রঃ—নিশি-দিশি কাঁদি (চণ্ডীঃ)—দিশি—দিসি—দিবস; নির্ম্মাণ করিতে হৈল নিশি অবসান (কবিকঃ); না জানি বিহান-নিশি (জ্ঞান দাস); নারীর যৌবন নাথ 'নিশির স্বপন (মাঃ); পাতায় পাতায় পড়ে নিশির শিশির (মদনমোহন)। (এইরূপ, পূর্ব হইতে বাংতে নিশি শব্দ চলিত আছে। চণ্ডীদাসের সর্বত্র নিশি, কোথাও নিশা নহে। নিশা—স°; নিশি—বা°, স° নিশীথ হইতে)। নিশি-কান্ত ··ষ্য. রজনীকান্ত, চন্দ্র। নিশি-জল ··ষ্য. রাত্রে পৃথক রক্ষিত পানীয় জল। নিশি-দিন, দিবা-নিশি ···দিবারাত্রি, নিরন্তর। নিশি-দিশি···(স° দিবস হইতে দিঅস—দিস—দিসি। নিশি শব্দে শি আছে বলিয়া বানানে দিশি)। নিশি-দিন, প্রঃ—নিশি-দিশি অবিরতজাগিতে ঘুমিতে কত(জ্ঞানদাস)—ঘুমিতে—ঘুমাতে; নিশিদিশি বরণ ধেয়ান (জ্ঞানদাস); পুষ্প বনে পক্ষীগণে নিশি-দিশি জাগে (ভাঃ)। (চণ্ডীদাস ও জ্ঞানদাস নিশি-দিশি পদের অনুরাগী ছিলেন। এই রূপ, চৈতন্যমঙ্গলে)।

নিশী ··ষ্য. (স° নিশাচরী। কিংবা বা° নিশি +ঈ)। নিশাচরী ভূতযোনিবিশেষ। ইহারা রাত্রে নিদ্রিত মানুষকে ডাকিয়া বনেবাদাড়, কখন কখন বড় বড় গাছের উপরে লইয়া যায়। পরে গায়ের রক্ত চুষিয়া খায়, কারণ নিশী-পাওয়া মানুষ শুখাইয়া যায়। প্রতীকার, রাত্রে তিনবার না ডাকিলে উত্তর দিতে নাই। (somnambulism)।

নিশ্চয়...ষ্য. (স°)। নির্ণয়, সিদ্ধান্ত, প্রঃ—সে কথার নিশ্চয় কি ?।···ব্য. নিশ্চিত, অবধারিত, প্রঃ—নিশ্চয় যাব। নিশ্চয়তা ...ষ্য. (স°-করা, কিন্তু, ভুলে; তু° সত্যতা)। নিশ্চয়।

নিশ্চিন্দি (গ্রা°)···ণ. (স° নিশ্চিন্ত)। নিশ্চিন্ত, প্রঃ—নিশ্চিন্দি বসিয়া আছে।

নিশ্বাস ··ষ্য. (স° নিশ্বাস—নাসানির্গত বায়ু)। নাসানির্গত বায়ু, প্রঃ—নিশ্বাস ফেলা, নিশ্বাস বহে, নিশ্বাস টেপা—নিশ্বাস না ফেলা; নাসাপ্রবিষ্ট বায়ু, প্রঃ—নিশ্বাস নেআ, নিশ্বাস টানা। (বাংতে নিশ্বাস অর্থে প্রাণবায়ু। তথাপি, নাসানির্গত বায়ু —অর্থ অধিক চলিত। নাসাপ্রবিষ্ট বায়ু —শ্বাস। তু° শ্বাস টানা, শ্বাসের ব্যামোহ)। নিশ্বাস প্রশ্বাস...ষ্য. (সহচর শব্দ)। নিশ্বাস। (প্রশ্বাস—প্রায়ই, নাসাপ্রবিষ্ট বায়ু)।

নিষা ··ষ্য. (সং অন্বেষা,অন্বেষণ। ওং অনইসা, অনিসা)। অন্বেষণ, প্রঃ—করিতে না পারে নিশা টালে-টোলে টালে (ভাঃ)।

নিষেধ...ধাতু. (সং নিষেধ হইতে)। নিষেধি—নিষেধ করি, প্রঃ—নিষেধিলে নাহি মানে ধরম বিচার (চণ্ডীঃ)। নিষেধা ॥ (প্রায়ই পদ্যে)।

নিষ্পত্ত···ষ্য. (সং নিষ্পত্তি। শেষের ই লুপ্ত। তুং রীতি—রীত)। নিষ্পত্তি, বিচার শেষ, প্রঃ—মকদ্দমা নিষ্পত্তের তারিখ।

নিষ্পাপী ··ণ. (নির্+পাপী)। পাপী নহে যে।

নিষ্ফলা···ণ. (সং—স্ত্রীলিঙ্গে)। নিষ্ফল, প্রঃ—নিষ্ফলা যাত্রা।

নিসত্যা···ণ. (বাং নি+সত্যা)। সত্যহীন, সত্যপালনে পরাঙ্মুখ, প্রঃ—নিসত্যা পাপীর মুণ্ডে পড়ুক বজ্জর (মাঃ)।

নিসত্ত্ব (গ্রাং)···ণ. (নির্+সত্ত্ব)। নিঃসত্ত্ব, সারহীন।

নিসন্ধি...ণ. (সং নিঃসন্ধি)। সন্ধি—জোড় নাই কিংবা দেখা যায় না যাতে।

নিসাদল···ষ্য. (ফাং নৌষাদর, নৌসাদর। সং নরসার)। মৃত্তিকাজ বিদেশী বণিক দ্রব্য-বিশেষ (sal-ammoniac. Ammonium chloride)। লম্বা সুতার মতন। চুনের সহিত মাড়িলে উগ্রগন্ধ বাষ্প বাহির হয়।

নিসান···ষ্য. (সং নিস্বান। আসাং নিসান)। বাদ্যযন্ত্রের শব্দ, প্রঃ—হারে সই শুনি যবে বাঁশীর নিশান (চণ্ডীঃ); রণে দিল পদ্মাবতী দুন্দুভি নিশান (কবিকঃ)। (নিশান শব্দ চলিত বলিয়া নিসান স্থানে ভুলে নিশান বানান)।

নিসিন্দা···ষ্য. (সং সিন্ধুক, সিন্দুবার—অঃ। অন্য সং নাম নির্গুণ্ডী—অঃ। স্যন্দয়তি স্রাবয়তি জলং—সিন্দুঃ স্বার্থে ক—সিন্দুক, সিন্ধুক—অঃ টীঃ। কিন্তু, জং স্রাবের লক্ষণ পাওয়া যায় না। বোধ হয়, সিন্ধু-দেশে জন্মে বলিয়া নাম। সিন্ধুং বৃণোতি—সিন্ধুবার—অঃ টীঃ। জলের ধারে জন্মে বলিয়া নাম। নিঃশেষেণ গণ্ডাতে চূর্ণাতে—নির্গুণ্ডী—অঃ টীঃ। ফুল বেগুনা বর্ণ বলিয়া ওং নাম বেগুনিআ। হিং নিগুণ্ডী, ইনুছুর। রাঢ়ে প্রায়ই ইঁঞু)। ভাণ্ডী-রাদি বর্গের বড় ক্ষুপবিশেষ (Vitex negundo)। ডাঁটা রোমশ। পাতা সুগন্ধ। পাতায় ৩।৫টা আঙ্গুল, নীচের পিঠ রোমশ। ফুল ছোট ছোট বেগুনাবর্ণ, গ্রীষ্মবর্ষায় ফুটে। প্রায়ই, বহু একত্র জন্মে। প্রঃ—নিম্ব নিসিন্দা রস (চৈঃ চঃ)।

নিসী···মিসী দেখ।

নিসুপ্তি···ষ্য. (সং নিসুপ্তি)। গাঢ় নিদ্রা।

নিস্তার···ধাতু. (সং নিস্তার হইতে)। নিস্তারি—উদ্ধার, পার করি। নিস্তারা ॥ (পদ্যে)।

নিস্তি···ষ্য. (ইং nest)। বিভিন্ন পরিমাণের এক বস্তু সংগ্রহ, প্রঃ—নিস্তির কাপড়।

নিস্তেজ···ণ. (সং নিস্তেজস্)। দুর্বল, ক্ষীণ।

নিহাই···নিয়াই দেখ।

নিহাৎ···ণ. (আং নিহায়ৎ—আধিক্য)। অত্যন্ত।

নিহানী...নিয়ান দেখ।

নিহাল···ণ. (ফাং)। ধনবান্, সুখী।

নীক···ষ্য. (সং নীকা—জলনালী)। কাদা কিংবা বালির উপরে গাড়ী গেলে যে নালা হয়।

নীচ ··ণ. (সং)। নিম্ন ; অপকৃষ্ট। নীচ লোক···ক্ষুদ্রচেতা মানুষ। নীচা···ণ. (নীচ+আ)। নিম্ন। নিচুয়া, নীচো··· ষ্য. (নীচ+উয়া)। নিম্নস্থান, নিম্নতল। নীচল···ষ্য. (নীচ+স্থল ? নীচ+ল)। নিম্নস্থান, প্রঃ—নীচল ছাড়িয়া উঁচলে উঠিতে পড়িনু অগাধ জলে (জ্ঞানদাস)। (অপ্রচলঃ)। নীচে · ব্য. (সং নীচৈঃ)। অধোভাগে, নিম্নস্থানে।

নীট···ণ. (ইং net)। নিকর, সারা, প্রঃ—নীট কত দাম ?—ছাড়ি বাদ ইত্যাদি ধরিয়া কত সারা দাম।

নীৎ ··ষ্য. (সং নীতি। নীত বানানে নীত্ পড়িবার শঙ্কা আছে)। নীতি, প্রঃ—রীৎ-নীৎ জানা।

নীল···ষ্য. (সং। নীলী—নীলগাছ)। নীলবর্ণ; নীলরঙ্গ; শিম্বাদিবর্গের নীলরঙ্গ-উৎপাদক বৃক্ষবিশেষ (Indigofera)। নীলগাছের অনেক জাতি আছে। দেশভেদে এই সকল জাতির অল্পাধিক কৃষি হইয়া থাকে। বঙ্গদেশে যে নীলের কৃষি হয়, তাহা ক্ষুপ (Indigofera sumatrana)। ইহার মোটা মোটা অনেক শুঁটী হয় ; প্রতি শুঁটীতে ৮।১০ টা বীজ হয়। পর্ণ চওড়া অপেক্ষা লম্বা অধিক। শুখনা নীলগাছের নাম গোঁজা। নীলকুঠী ··নীলগাছ হইতে নীলরঙ্গ উৎপাদনের বাড়ী। নীলকর···ষ্য. যে নীল উৎপাদন করে। নীলের হোজ, হোজ... (ইং house) নীলগাছ পচাইয়া নীলরঙ্গ করিবার পাকা ঘর (vat)। বন-নীল ··ষ্য. বন্য নীলগাছ। ইহা কৃষিজাত নীলগাছের সদৃশ, কিন্তু দেশভেদে নানা জাতি দেখিতে পাওয়া যায়। নীলকণ্ঠ···ষ্য. (সং নাম চাষপক্ষী। সংতে যে পাখীর নাম নীলকণ্ঠ, বাংতে তাহা নীলকণ্ঠ নহে। সংতে অর্থ নীল ময়ূর, দাত্যূহ, খঞ্জন। বাং নীলকণ্ঠের ওং নাম ভরদ্বাজ)। শাখাশ্রয়ী বর্গের প্রায় একহাত দীর্ঘ পক্ষীবিশেষ (The Jay of Europeans. The Indian roller, Coracias indica)। পক্ষ নীলবর্ণ, কণ্ঠ নীল-রক্তবর্ণ, চঞ্চু কাকচঞ্চুর মতন কিন্তু চাপা। পোকা খায়। কণ্ঠ নীলবর্ণ বলিয়া বোধ হয় এই পক্ষী নীলকণ্ঠ শিবের প্রিয় বোধ হইয়াছে। প্রঃ—নীলকণ্ঠ উড়ি ফিরে মণ্ডলী দিছেন শিরে, অন্নপূর্ণা ক্ষেমঙ্করী হয়ে (ভাঃ)। দুর্গাপূজার পর বিজয়ার দিন নীলকণ্ঠ পাখী দেখিলে শুভ হয়। (সংতে কিন্তু এই বিশ্বাস খঞ্জন বা খঞ্জরীট পক্ষী সম্বন্ধে ছিল। শব্দকল্পে নীলকণ্ঠ দেখ)। নীলকণ্ঠ·· হরিদ্রাদি বর্গের বৃহৎ শাকবিশেষ (Curcuma cæsia)। অন্য নাম কাল-হলুদ। হলুদ দেখ। নীলকলমী ··কলমী দেখ। নীলগাই···ষ্য. গবাদি বর্গের নীলাভ পশুবিশেষ (Boselaphus tragocamelus)। দেখিতে ঘোড়ার মতন। পশ্চাৎপদ ছোট। পুচ্ছ দীর্ঘ। পুং স্ত্রীর ঘাড়ে কেসর থাকে। কিন্তু কেবল পুং পশুর শৃঙ্গ হয়। নীলপদ্ম...পদ্ম দেখ। নীল ফিঙ্গা···ফিঙ্গা দেখ। নীলফিঙ্গা পাখী ফিঙ্গার তুল্য, কিন্তু বর্ণ কৃষ্ণনীল। নীলমণি ··(সং)। মূল্যবান্ মণিবিশেষ ('sapphire)। কথায়, সবে ধন নীল-

মণি—অন্য ধর্ম কিছু নাই, আছে এক মূল্যবান্ নীলমণি। নীল-মণি ··ষ্য. শ্রীকৃষ্ণের আদরিয়া নাম। নীল-মাছি ··ষ্য. (সং নীলা, নীলমক্ষিকা)। বড় বড় নীলবর্ণ মক্ষিকাবিশেষ (Blue bottle)। প্রায়ই বিষ্ঠার উপরে বসে। নীল…ষ্য. (সং নীলকণ্ঠ)। শিব, গাজনের শিব। নীলের উপোষ · গাজনে শিবের প্রসাদকামনায় উপবাস। চড়কের পূর্বদিনের উপবাস। নীল-বড়ী ··নীলগাছ হইতে উৎপাদিত নীল রঙ্গা। বড়ী বা বড়ার আকারে কাটা হইয়া বিক্রয় হয় বলিয়া নাম।

নীল-ডাউন ··ষ্য. (kneel down)। পা মুড়িয়া আঁঠুতে উপবেশন; পাঠশালায় পড়ুয়াকে গুরুমশায়ের দণ্ডবিশেষ। ইহার নানা রূপ আছে। এক রূপে, পা ফাঁক করিয়া আঁঠু মুড়িয়া দাঁড়ানা। আঁঠু মাটিতে ঠেকে না। একারণ ভয়ঙ্কর যন্ত্রণা হয়।

নীলা···ষ্য. (সং নীল। হিং নীলম্)। নীলমণি।

নীলাম ··নিলাম দেখ।

নীলাম্বরী···ষ্য. (সং নীল+অম্বর—বস্ত্র)। নীলরঙ্গে রঞ্জিত শাড়ী।

নীলোৎপল···ষ্য.(সং। অন্য নাম সৌগন্ধিক)। পদ্ম, সুঁদী দেখ।

নীহারিকা···ষ্য. (সং নীহার—হিম হইতে আধুনিক)। গগনে অস্পষ্ট বাষ্পপুঞ্জ (nebula)।

নু ··ধাতু. (সং নত। নত হইতে নতাই—নআই—নোআই হইবার কথা। কিন্তু, আদ্য রূপ আবশ্যক বলিয়া ধাতু নু হইয়াছে)। নুই—নত হই। নোআ, নোয়া॥ নোআ, নোয়া···ধাতু. (নু ধাতু আস্তে)। নোআনা, নোয়ানা॥

নুইয়া, নুয়ে···ষ্য. (সং লোহ—নো+ইয়া—নোইয়া—নুইয়া)। লৌহবলয় দ্বারা বদ্ধ পদ যার (মানুষ, ছাগ); ধর্মের নামে উৎসৃষ্ট ছাগ ইহার পায়ে লোহার বালা বা ডাঁড়ুকা দেওয়া হয়। গাজনে নুইয়া বলিদান হয়। বলিদানের পর নুইয়া জাগানা হয়। নুইয়ার মুড়টা একটা হাঁড়ীতে রাখিয়া সারারাত্রি ধর্মের গান হয়। অপুত্রক নারী ধর্ম-মঙ্গলের লাউসেন মনে করিয়া এই নুইয়া কোলে করিয়া গান শুনে। (লাউসেন কি নুইয়া—লৌহবলয় পরিতেন?)। কোল-নুইয়া··· প্রধান নুইয়া পাঁঠা ব্যতীত এক ছোট পাঁঠা।

নুড়্‌নুড়ি ··নড়্‌নড় দেখ।

নুড়া ··ষ্য. (সং তৃণ-উলপ—তৃণ ও উলু খড়? তৃণ-উল্কা? ও নিআ-মুণ্ডা—অগ্নি-মুণ্ডা? তৃণ-উল্কা, তৃণ-উলপ—ণউলা—নুলা—নুড়া)। আগুন ধরাইবার তৃণমুষ্টি, খড়মুষ্টি। নুড়ী…ছোট নুড়া। শণ-নুড়ী…শণের গোছা, প্রঃ—বায়ুতে পাকিয়া চুল হৈল শণ-নুড়ি (ভাঃ)—শণ-নুড়ী—শাদা শণের গোছা।

নুড়ী···ষ্য. (সং লোষ্ট্র—লোড়া, নুড়ী)। ছোট লোড়া, ছোট প্রস্তরখণ্ড।···নুড়া দেখ।

নুতি···ষ্য. (সং)। স্তব, পূজা, প্রণাম।

নুদ ··ষ্য. (সং তুন্দ—উদর)। স্ফীত বা বর্ধিত উদর। অন্য নাম ভুঁড়ি। নুদা, নুদুয়া, নুদো···ণ. (নুদ+আ, উয়া)। তুন্দিল, যার উদর বর্ধিত। (নাদস নুদস দেখ)।

নুনি···ননী দেখ।···ষ্য. (সং নূতন হইতে? হিং নুনী। তুং হিং নন্নী—ক্ষুদ্র, শিশু)। শিশুর লিঙ্গ।

নুনিয়া, নুন্যে···ষ্য. (সং লবণিকা। ওং নুন-নুনিআ)। বর্ষায়ুঃ কোমল হ্রস্ব শাকবিশেষ। পাতা ক্ষুদ্র সরু চেপটা; ফুল পীতবর্ণ। পতিত স্থানে জন্মে। দুই জাতি দেখিতে পাওয়া যায়। (১) বড়-নুনিয়া...পাতা আধ ইঞ্চি কিংবা অধিক দীর্ঘ, অনেক ফুল একত্র ধরে,ফুলদল পাঁচ (Portulaca oleracea)। (২) ছোট-নুনিয়া···পাতা আধ ইঞ্চি অপেক্ষা ছোট, ফুল একটী একটী, দল চারি, বৃন্ত চারি পাতায় বেষ্টিত থাকে। (Portulaca quadrifida)।

নুরী···ষ্য. (?)। ক্ষুদ্র পক্ষীজাতিবিশেষ।

নুলা···ণ. (লুলা দেখ)। হাত ভাঙ্গা যার।

নুন, নুন···ষ্য. (সং লবণ, সংপ্রাং লোণ। ওং লুণ, হিং লোন নোন লুন। মং নাম মীঠ—সং মিষ্ট, লোণ। বাংতে নুন, লোণ—দুই রূপ। লোণা দেখ)। খাদ্য লবণ, প্রাঃ—নুন দিয়া রঘুনাথ সেই অন্ন খায় (চৈঃ চঃ)। করকচ নুন···ষ্য. (সং কটক, কডক)। সমুদ্রজল রৌদ্রে শুখাইয়া প্রাপ্ত লবণ। মান্দ্রাজ ও বোম্বাই প্রদেশে এইরূপে লবণ প্রস্তুত হয়। সে দেশে বিলের লোণা জল হইতেও করকচ প্রস্তুত হইয়া থাকে। বঙ্গদেশে যে করকচ বিক্রয় হয়, তাহার কিয়দংশ আফ্রিকা, এমন কি স্পেন দেশ, হইতে আসে। করকচে খাদ্য লবণ ব্যতীত মাটি ও অন্যান্য লবণ থাকে। সৈন্ধব লবণ, সিন্ধুক নুন··(সিন্ধুদেশজাত—সৈন্ধব, সিন্ধুক)। পঞ্জাব দেশের খনি হইতে প্রাপ্ত লবণ। এই লবণ প্রায় বিশুদ্ধ। ইহাতে শতভাগে প্রায় ৯৯ ভাগ বিশুদ্ধ লবণ,আধ ভাগ খারী নুন (sodium sulphate)। পাঙ্গা নুন···(সং পাংশুজ—উদ্ভিদ পাংশু হইতে উৎপন্ন)। অগ্নিপক্ক শাদা লবণ। বঙ্গ দেশের পাঙ্গা নুন প্রায়ই বিলাতী। শাকম্বরী লবণ ··রাজপুতানার সম্বর হ্রদের লোণা জল শুখাইয়া প্রাপ্ত লবণ। ইহাও সূর্যপক্ক, কিন্তু করকচের মতন মিশ্র। বিট নুন···(সংবিট)। হরীতকীর সহিত পক্ক অপরিষ্কৃত খাদ্য লবণ। এই লবণ অন্ন-পাচক বলিয়া খ্যাত। খারী নুন···(ক্ষার হইতে। খারী দেখ)। লোণা মাটি হইতে পৃথক্কৃত ক্ষারাস্বাদ লবণবিশেষ (an impure sulphate of soda)। গবাদি পশুর রেচকরূপে লাগে। নুন খাওয়া —প্রদত্ত অন্ন ভোজন করিয়া অনুগত হওয়া, প্রাঃ—তোমার লবণ খাই উচিত সুধিতে চাই (মাঃ)। (পূর্বকালে দেশবিশেষে লবণ দুষ্প্রাপ্য না হইলে লবণের সহিত উপকারের উপমা হইত না)। নুন খেয়ে গুণ গাওয়া—কৃতজ্ঞতা প্রকাশ করা। নুন-শোধা—প্রত্যুপকার করা, প্রাঃ—সুধিব সেনের নুন সাধিব কামনা (মাঃ)। দৃষ্টান্তে, কাটা ঘায়ে নুনের ছিটা—জ্বালার উপর নূতন জ্বালা।

নুনবোড়া···ষ্য. (? সং নাম পদ্মা ? কিন্তু পদ্মা পদ্মচারিণী—স্থলপদ্ম)। দীর্ঘায়ুঃ বহুশাখ ক্ষুদ্রশাকবিশেষ (Ionidicum suffruticosum)। ঘাসের মধ্যে সর্বত্র জন্মে। ফুল গোলাপী (এই হেতু সং পদ্মা ?), পঞ্চদল, নীচের দল বৃহৎ। ফল ত্রিকোষ।

নূর···ষ্য. (আং—দীপ্তি)। গ্রাং প্রয়োগে, মুসলমানের দাড়ী।

নেং-নেং···ব্য. (সং লন্গ ধাতু হইতে লঙ্গ—লেজ। লেজসমূপ হওয়া—নেং-নেং করা।

শব্দটি লাং লাং হইতে নাং-নাং—বিকৃত হইয়া নেং-নেং)। অনুগমনে, পশ্চাৎ পশ্চাৎ গমনে, প্রঃ—খাবার লোভে পেটুক ছেলে রান্নীর পেছু-পেছু নেং-নেং করে। (তুং দুষ্টা নারীর নাং। তুং লাঙ্গাড়)।

নেঅটা…ণ. (সং স্নেহপ্রাপ্ত। স্নেহ—নেহ—নেঅ)। স্নেহপ্রাপ্ত, আদরিয়া, প্রঃ—নেঃ ছেলে।

নেআপাতী ··ডাব দেখ।

নেআলী ··ষ্য. (সং নবমালিকা)। মল্লিকাদি-বর্গের বন্য মল্লিকাবিশেষ (Jasminum arborescens)। প্রায় সোজা বৃহৎ ক্ষুপ। পাতায় পর্ণ নাই, পাতা অণ্ডাকার। ফুলে সাতটা পাপড়ী বলিয়া এক সং নাম সপ্তলা। ফুল শাদা বড় বড় সুগন্ধ, বসন্তকালে ফুটে। মধ্যভারতের ও বোম্বাই প্রদেশের গাছ। (নবমাল্লিকা দেখ)।

নেই ··ব্য. নাই (অপভ্রংশে)।

নেই ষ্য. নাই দেখ।

নেউট, নেওট ··ধাতু (সং নি-বৃৎ ধাতু। ওং লেউট ধাতু)। নেওটি—নিবর্তিত হই, ফিরিয়া আসি, প্রঃ—কৃত্তিঃ; তোমার আজ্ঞাতে সুখে নেউটি আসিব (চৈঃ চঃ); নেউটিয়া লাউসেন না আসিবে আর (মাঃ)। নেওটা॥ (নেউট অপেক্ষা নেওট শুদ্ধ)। (অপ্রচলঃ)।

নেউল ··ষ্য. (সং নকুল। ওং নেউল)। নকুল—নউল—নেউল। তুং নেপুর)। দীর্ঘ শীর্ণ-দেহ পশুবিশেষ (The mongoose. Herpestes mungo)। মুখ ছুঁচলা। আকার তুলনায় স্বভাব হিংস্র। দৃষ্টান্তে, সাপে নেউলে ভাব—অহি-নকুলসম্বন্ধ যেমন কদাপি প্রীতিকর হয় না।

নেওয়ার ··ষ্য. (হিং নেবার, নিবার)। মশারি ও খাটিয়ার নিমিত্ত সূতার মোটা ফিতা।

নেকড়া ··ষ্য (সং নক্তক, লক্তক—নাকটা—নাকড়া—নেকড়া। কাপড় দেখ)। জীর্ণ বস্ত্রখণ্ড। নেকড়া-পোঁদা ··ণ. (নেকড়া +পোঁদ+আ)। ছিন্ন বস্ত্রখণ্ড পরিধান যার, অতি দরিদ্র।

নেকড়া, নেকড়িয়া, নেকড়ে ··ষ্য. (সং নাম তরক্ষু—নেকড়ে ইতি খ্যাতে—অঃটীঃ। ওং নাম নেপাঠি; হিং হুডাড়, হোঁদড়, ভেড়িয়া; মং লাণ্ডগা। সং নৃহরি—ব্যাঘ্র হইতে? তুং হিং নাহর। হোঁদড় দেখ)। কুকুরসদৃশ, কিন্তু দীর্ঘপুচ্ছ থয়রবর্ণ হিংস্র আরণ্য পশুবিশেষ (The Indian wolf. Canis pallipes)। ভেড়া মারে বলিয়া হিংতে ভেড়িয়া। নেকড়াকে বাঘ বলা যায় বটে, কিন্তু আকারে ব্যাঘ্র হইতে ভিন্ন। নেকড়ার মাথা লম্বা, কুকুরের মতন।

নেকরা (গ্রাং লেখরা) ··ষ্য. (ফাং নখরা—নেকামি। নেকা দেখ)। ছল, ছলে ক্রীড়া, প্রঃ—দুষ্ট ছেলে কুকুরের সঙ্গে নেকরা করে—হয় ত খাবার দিতে যায়,কিন্তু কুকুর লইতে আসিলে খাবার সরাইয়া নেয়। (নাকরা দেখ)।

নেকা ··ণ. (ফাং নেক—সাধু। মং-তে নেক—সৎ। ফাং নেক-দিল—সৎমনা; নেক-নজর—সু-দৃষ্টি। বদশব্দের বিপরীত নেক)। সাধু; যে অসাধু সাধু সাজে। স্ত্রীং নেকী। নেকামি ··ষ্য. (নেকা+আমি)। সাধুর ভাব। নেকা-পনা ··ষ্য. নেকার ব্যবহার। ডাকে, নেকা বোকা টিলা-কাছা তিনে না

প্রত্যয় বাছা—যে জানিয়াও দেখায় জানে না—সে নেকা।

নেকার···ষ্য. (সং ন্যক্কার)। বমন, প্রঃ—দিনে দিনে বল টুটে সদাই নেকার উঠে, নাহি জানি সত্য মিথ্যা বাই (কবিকঃ)—গর্ভ হইলে বমন। গা নেকার-নেকার করা—বমনেচ্ছা।

নেকো···ণ. (নাক+উয়া—নাকুয়া—নেকো)। নাকুয়া। (নাক দেখ)।

নেঙ্গাচা···ধাতু. (সং লঙ্গ ধাতু খঞ্জ। লঙ্গ+সদৃশ—লঙ্গাচা—লাঙ্গাচা—নাঙ্গাচা)। নেঙ্গাচাই—খঞ্জবৎ চলি, পায়ের আঙ্গুলে ভর দিয়া দাঁড়াই। নেঙ্গাচনা॥ নেঙ্গাচাইয়া বড় হওয়া—পায়ের আঙ্গুলে ভর দিয়া দাঁড়াইয়া দীর্ঘ হওয়া; লক্ষণায় তুং পা ফুলিয়া কলা-গাছ হওয়া।

নেঙ্গা···ণ. (সং নগ্ন)। উন্মুক্ত। নেঙ্গা তলোয়ার—কোষ হইতে বহিষ্কৃত তরবারি।

নেচি (গ্রাং) ··লেচি দেখ।

নেজ (গ্রাং)···ষ্য. (লেজ দেখ। সং লন্গ ধাতু হইতে লাঙ্গুল। লঙ্গ—লঞ্জ—লাঁজ—নাজ—নেজ)। পশুপক্ষ্যাদির পুচ্ছ। নেজা···ষ্য. মৎস্যাদির পুচ্ছ; বাণ (পুচ্ছ থাকে বলিয়া) (কবিকঃ)। নেজা-মুড়া ··ষ্য. পুচ্ছ ও মুণ্ড। (প্রতিচর শব্দ)।

নেজুড় (গ্রাং)···লেজুড় দেখ।

নেঞ্জা ··ণ. (সং নিরঞ্জন)। নিরঞ্জন ধর্মঠাকুর, প্রঃ—নেঞ্জা অবতার (শূং পুঃ)।

নেংটা···ণ. (সং নগ্ন। বোধ হয় পূর্বে নগ্ন হইয়া পরে নগ্ট—নাংট্—নেংটা। কিংবা সং নগ্নাট। নাংটা দেখ)। নিলর্জ্জ। নেংটা-পনা···নির্লজ্জ ব্যবহার, ছেঁড়ামি।

নেংটি ··ষ্য. (লাঙ্গাটি হইতে। লেঙ্গাটি দেখ)। কৌপীন।

নেটা...ণ. (লেটা দেখ)। বামহাতে দক্ষ যে।

নেড়···ষ্য. (সং লণ্ডা, লেণ্ড)। লম্বাকৃতি বিষ্ঠা। নেড় বাহে হওয়া—লম্বাকৃতি বিষ্ঠা ত্যাগ।

নেড়া···ণ. (সং নগ্ন। প্রাচীন নাণ্ডা। ওং নণ্ডা, লণ্ডা। নাংটা দেখ)। মুণ্ডিতকেশ, প্রঃ—নেড়া মাথা একে তায় নাই দাড়ি চুল (মাঃ)। স্ত্রীং নেড়ী। নেড়া-নেড়ী...বৈষ্ণবসম্প্রদায় মুণ্ডিতমস্তক হইয়া থাকেন। একারণ (অশিষ্টে), বৈষ্ণব-বৈষ্ণবী। নেড়া-বোঁচা···ণ. নেড়া ও বোঁচা (সহচর শব্দ); অলঙ্কার-হীন। নেড়া-মুড়া···ণ. (সহচর শব্দ)। মুণ্ডিতকেশ, মুণ্ডিতশাখ।

নেড়্যে, নেড়ে ··ণ. (নাড়িয়া—নেড়্যে। নেড়া+ইয়া—নেড়িয়া—নেড়্যে। (অশিষ্টে, গালিতে) মুসলমান। (পূর্বকালে মুসলমান মাথার সম্মুখের চুল কামাইত)। পাতি নেড়্যে ··(পাতি দেখ)। নামে মুসলমান ধর্মে কর্মে নহে, সামান্য মুসলমান।

নেত···ষ্য. (সং নেত্র। স্যাজ্জটাংশুকয়োঃ নেত্রং—অঃ। নেত্র—জটা, অংশুক)। সূক্ষ্ম পট্টবস্ত্র। (পূর্বকালে নেত বসন বিখ্যাত ছিল। প্রঃ—সুনার কলসি নিল নেতর বসন (শূং পুঃ); নেত-পাট···নেত্র (বা নেত্রিক) ও পট্ট (কৃত্তিঃ); নেতধটি (চৈঃ চঃ) —নেত্রবস্ত্রের ধড়া; নেতের আঁচল ভিজে নয়নের জলে (মাঃ)। (অধুনা নেত অজ্ঞাত হইতেছে। মশারি করিতে তসরের নেত এখন আছে, এবং অনুকরণে "হাওয়া-শাড়ী"

হইতেছে। নেত বস্ত্র—সূক্ষ্ম পট্টবস্ত্র, যাহাতে নেত্রাকার ছিদ্র কিংবা চিত্র থাকিত ?)।

নেতা...নাতা দেখ।

নেতাড়,নেতুড়···ষ্য. (সং নেত্র—নেত জটা—পট্টবস্ত্র+আড়)। অবিরল পঙ্‌ক্তি বা ধারা, যেন নেতবস্ত্রের অঞ্চল মাটিতে লোটাইয়া যাইতেছে। প্রঃ—বিবাহের নেতাড় মিটে নাই—বিবাহ উপলক্ষে কর্মের শেষ হয় নাই; পথে গুয়ের নেতাড়—বিষ্ঠার ধারা।

নেত্র··ষ্য. (সং)। চোখ; ৩ অঙ্ক, প্রঃ—একে চন্দ্র দুইএ পক্ষ তিনে নেত্র।

নেপুর··ষ্য. (সং নূপুর)। নূপুর, ক্ষুদ্র ঘণ্টিকা-বলয়, প্রঃ—কবিকঃ।

নেপো···ষ্য. (সং নপ্তা—নাতি হইতে ? ভেঁপো হইতে ?)। ফাজিল চালাক লোক, প্রঃ—যার ধন তার ধন নয় নেপোয় মারে দই—পরিশ্রম না করিয়া সুখভোগ করে। (কেবল এই কথায় নেপো শব্দ পাওয়া যায়। পৃষ্ঠে কটিতে বালক আরোহণ করাইয়া বাহক এই কথা বলে। উৎপত্তি কি ?)।

নেবড়···নাবড় দেখ।

নেবা···ষ্য. (নেবু হইতে ? নেবু পীতবর্ণ বলিয়া ?)। চোখে পাণ্ডুবর্ণ দর্শন রোগ (jaundice)।

নেবু...ষ্য. (সং নিম্বূ—ভাবপ্রকাশে। সং নিম্বূ—কাগজী পাতী নেবু। ইহা হইতে নেবু শব্দ জাতিবাচক হইয়াছে। ও° নেম্বু, হি° নীম্বু, ম° নিম্বুনী,ফা° লিমু, ই° lemon, lime)। উদ্যানজাত প্রসিদ্ধ অম্লরস ফল। গাছ (Citrus) প্রায়ই শল্যকী, পাতা একটিয়া, চিরশ্যামল। ফুল শাদা শাদা সুগন্ধ। ফল বহুকোষ বহুবীজ। (অমর-কোষে নাগরঙ্গ জম্বীর মাতুলুঙ্গ এই তিন নাম পাওয়া যায়। অর্থাৎ যাবতীয় নেবু এই তিন জাতির অন্তর্গত করা হইয়াছে। নাগ-রঙ্গ হইতে বা° নারাঙ্গি, জম্বীর হইতে বা° জামীর বা গোঁড়া নেবু, মাতুলুঙ্গ হইতে ছোলঙ্গ বা টাবা নাম পাইতেছি। উদ্ভিদ্-বিদ্যায়, বাতাবী নেবু ছাড়া ভারতবর্ষে আর দুই জাতি গণ্য হইয়া থাকে। এক জাতি নারঙ্গ, অন্য জাতি জম্বীর। নারঙ্গজাতির (Citrus aurantium) ফল প্রায় গোল, প্রায়ই চাপা; কোমল শাখা আহরিৎ; ফুল শাদা, যাহাতে পুং-কেশর তাহাতে ফল হয়। ফল বৎসরে একবার হয়। জম্বীর জাতির (Citrus medica) কোমল শাখা বেগুনা, ফুল প্রায়ই বাহির পিঠে ঈষৎ লাল, যে ফুলে পুং কেশর, সে ফুলে ফল হয় না। ফুল ফল বৎসরে একাধিক বার হয়। এই দুই জাতির অনেক জাত আছে। এই বিভাগানু-সারে জম্বীর ও মাতুলুঙ্গ একজাতীয়)। (১) কমলা নেবু···(কমলা—কুমিল্লা নগর নাম হইতে ? প্রকৃতিবাদে—রম্ভাফলং তিন্তিড়ীকং কমলা নাগরঙ্গকম্। ফলান্যেতানি ভোজ্যানি এভ্যোঽন্যানি বিবর্জয়েৎ॥—শিষ্ট প্রয়োগ। —কিন্তু সংস্কৃত শ্লোক রচনা দুর্লভ নহে। বৈদ্যগ্রন্থে কমলা নাম নাই। বৈদ্যক-শব্দসিন্ধু নামক গ্রন্থে তন্ত্রসার হইতে কমলা শব্দে নিম্বুকবিশেষ অর্থ প্রদত্ত হইয়াছে। চৈঃ-চরিতামৃতে, "নারঙ্গ ছোলঙ্গ টাবা কমলা বীজপুর।" তবে অনেক দিন হইতে কমলা নাম বা°তে চলিত আছে। ওড়িশার গ্রামে কমঠা, কম্বঠা (কম্বলা) নাম চলিত আছে। মেদিনীকোষে, কম্বল শব্দের এক

অর্থ নাগরাজ। নাগরঙ্গ নাগরাজ শব্দদ্বয়ের ব্যুৎপত্তিগত অর্থ এক, কিন্তু নাগরাজ অনন্ত সর্প। বোধ হয় বা° কমলা নাম ও°-তে, ও° ভাষার রীত্যনুসারে কমঠা, কম্বঠা আকার পাইয়াছে। বা°তে নারাঙ্গি, ও° নারঙ্গা, হি° ম° নারিঙ্গী। বস্তুতঃ শ্রীহট্টের নারাঙ্গির নাম কমলা। স° নাগরঙ্গ শব্দের গ লোপে নারঙ্গ। ইহা হইতে আ° ফা° নারন্‌জ, পর্তু° laranga, ফরাসী oranger, ই° orange। অমরটীকায়, নার্যঙ্গমিব ফলমস্য—নার্যঙ্গ; নাগরঙ্গে তু নারঙ্গো নার্যঙ্গঃ। কিন্তু ইহা কবি-কল্পনা বোধ হয়, নাগরঙ্গ শব্দের অপভ্রংশে নার্যঙ্গ হইয়া থাকিবে। স° নাগ—রঙ্গ, সীসক—মেঃ। বোধ হয়, নাগ—পীতবর্ণ ফল বলিয়া নাগরঙ্গ। তু° নাগকেশর)। শিথিলত্বক্ মিষ্ট নারঙ্গ-বিশেষ। এই নেবু দক্ষিণবঙ্গে মিষ্ট হয় না। খাসিয়া পাহাড়ের কমলা সিলেটী (শ্রীহট্টের) কমলা নামে খ্যাত। ব্রহ্মদেশেও কমলা জন্মিতেছে। (বোধ হয় এই হেতু অমরে নাগরঙ্গের নামান্তর ঐরাবত—ইরাবত্যা ৱিদ্যতে। অন্য টীকা কাল্পনিক)। নাগপুর ও ভারতের অন্য প্রদেশেও নারঙ্গ জন্মে। (নাগপুরে জন্মে বলিয়া নাগরঙ্গ? তু° বীজপুর)। নাগপুরী কমলা বৎসরে দুই-বার—গ্রীষ্মে ও শরতে—পাকে। এই কমলা অতি মিষ্ট, গাছে পাকিতে না পাকিতে পাড়া হয় বলিয়া হরিতবর্ণ থাকে। (২) করুণা নেবু, কর্ণা নেবু…জামীরের জাত-বিশেষ। (৩) গোঁড়া নেবু…জামীর। জামীরের গা গোঁড়ের (নাভিবৃদ্ধির) মতন উচা উচা বলিয়া নাম গোঁড়া (ও° কন্ধিআ)। (৪) জামীর…(স° জম্বীরঃ—জম্ব্যতে অশ্যতে। অন্য নাম দন্তশঠ—এত অম্ল। অন্য নাম জম্ভীর—জম্ভয়তি অত্যম্লত্বাৎ মুখব্যাদানং কারয়তি)। ইহাই গোঁড়া নেবু, করুণা নেবু। এই নেবু অণ্ডাকার, মাঝারি আকার; ছাল পুরু। পা°তও অণ্ডাকার (Lemon. Citrus medica, var. limonum)। (৫) কাগজী নেবু…অম্লরস ক্ষুদ্র নেবু (Lime. Citrus medica, var. acida)। ছাল কাগজের মতন পাতলা বলিয়া নাম কাগজী। (৬) পাতি নেবু…কাগজীর জাত। কাগজী লম্বা, পাতি ছোট গোল। (৭) টাবা নেবু…(স° মাতুলুঙ্গ। ইহা হইতে অন্য নাম ছোলঙ্গ। ম° মহাঠুঙ্গ। ফা° তুরঞ্জ। ও° টভা নেবু। অন্য স° নাম বীজপুর)। নেবু বড় বড় বলিয়া টাবা (?), প্রায় গোল, ঈষৎ অম্ল অতি সুগন্ধ (মা নিষেধে হৃদ্যত্বাং ন তুলাং গচ্ছতি মাতুলুঙ্গঃ—অঃটীঃ)। এই নেবুর গাছ কদাচিৎ রোপিত হয় (Citron. Citrus medica, var. typica.)। (৮) নারাঙ্গি…কমলা নেবু দেখ। (৯) বাতাবী নেবু…(যবদ্বীপের বাতাভিয়া নগরের নাম হইতে)। প্রায় দুই শত বৎসর এই বৃহৎ নেবু এ দেশে আনীত হইয়াছে। বঙ্গে ও উত্তরভারতে প্রচুর জন্মিতেছে। বঙ্গে শরৎকালে পাকে। ফুল সুগন্ধ। দুই জাত আছে, এক জাতের রোআ শাদা, অন্য জাতের লাল। (বড় বাতাবী pomelo, মাঝারি shaddock. Citrus decumana)।

নেম…নিম দেখ।

নেম (প্রা°)…য্য. নিয়ম, শপথ।

নেয়ালী…নেআলি দেখ।

নেয়ে...ষ্য. (না+ইয়া—নাইয়া—নেয়ে। না দেখ)। নাবিক।

নেলা...ধাতু. লেলা দেখ।

নেলা-খেপা...ণ. (পালি নেলা—নির্দোষ। বোধ হয় লালা+উয়া—লালুয়া—লেলো—নেলো। পরে খেপা—আ আছে বলিয়া নেলা। নির্বোধ লোকের মুখ দিয়া লালা-স্রাব হয়। সং ক্ষিপ্ত—খেপা : সহচর শব্দ)। নির্বোধ মূর্খ।

নেশা ..ষ্য. (আ° নষা—মাদক। তু° সং নিদ্রৌষধ)। মাদক। নেশাখোর ..ণ. নেশায় আসক্ত যে। নেশায় চুর ..নেশায় পূর্ণ (চুড়-চুড় দেখ)।

নেহ ..ষ্য. (সং স্নেহ। হি° নেহ, আসা° নেহা)। স্নেহ (প্রাচীন পদে)।

নেহাৎ ..নিহাৎ দেখ।

নেহার, নেহাল ..ধাতু. (হি° নিহার, ম° নেহাল ধাতু। সং নিভল ধাতু। সং নিভালন—দর্শন)। নেহারি, নেহালি—নিরীক্ষণ করি। নেহারা, নেহালা ॥ (পদ্যে। হের ধাতু দেখ)।

নেহাল...নিহাল দেখ।

নৈকষ্য...ণ. (সং নিকষ হইতে নৈকষ্য। বাংতে বিশেষণ)। খাঁটি, শুদ্ধ, প্রঃ—নৈকষ্য কুলীন।

নৈতন (গ্রা°)...ণ. (সং নূতন। তু° যৌবন—গ্রা° যৈবন। ও° গ্রা° নৈতন)। নূতন। (নৌতন, নতুন অপর গ্রা°)।

নৈবচ ..ব্য. (সং নৈব চ)। এই প্রকার নহে।

নৈবেদ্য (গ্রা° নৈবিদ্দি)...ষ্য. (সং নৈবেদ্য)। ঠাকুরকে নিবেদনযোগ্য আমান্ন-ব্যঞ্জনাদি। বড় নৈবেদ্য ..পরিমাণে অধিক যে নৈবেদ্য। কুচা নৈবেদ্য...ছোট ছোট নৈবেদ্য। নৈবেদ্যের উপকরণ...ফলমূলাদি।

নৈরাকার (গ্রা°) ..ণ. (সং নিরাকার)। নিরাকার।

নৈরাশ ..ণ. (সং নৈরাশ্য হইতে। আসা° নৈরাশ। সং নিরাশ—ই স্থানে ঐ আরও অনেক শব্দে আছে। বিমুখ—বৈমুখ, নিরাকার—নৈরাকার)। নিরাশ, প্রঃ—দৈবে করিল নৈরাশ (চণ্ডীঃ); আশায় নৈরাশ করে সাধিলে বিবাদ (মাঃ)।

নো...ষ্য. (সং লোহ)। এয়ো স্ত্রীর বামহাতের লৌহবলয়। তু° আভরণ সব লয়ে সুধু কৈল হাত। বাম হাতে লৌহমাত্র প্রকাশে আয়ত (কবিকঃ)।—শুধু হাত—আভরণ-শূন্য। (এয়ো দেখ)। (২) পায়ের লৌহ-বলয়, ডাঁড়ুকা। (মুয়া দেখ)।

নো ..ষ্য. (সং লোচ, লোত)। অশ্রু, প্রঃ—কানাড়াকে ভগবতী বড় মায়া মো (মোহ)। নেতের আঁচলে চণ্ডী মুছালেন নো॥ (মাঃ)।

নোংরা...ণ. (সং ন্যক্—ঘৃণ্য, ন্যক্কার—ঘৃণা। বোধ হয় ন্যক্কার+আ—ন্যক্কারা—নোংরা)। ঘৃণাজনক, অপবিত্র। নোংরামি...ষ্য. (নোংরা+আমি)। নোংরার ধর্ম, অপবিত্র কর্ম।

নোক্তা ..ষ্য. (আ° নুকৃতা)। বিন্দু, ফারসী অক্ষরের বিন্দু।

নোকসান, লোকসান...ষ্য. (আ° নুকসান)। ক্ষতি। (গ্রা° লোসকান)।

নোট (গ্রা° লোট) ..ষ্য. (ই° note. Currency note)। টীকা, টিপ্পনী ; মুদ্রাসূচক পত্র। পাঁচ কেতা, কিতা নোট...পাঁচ খণ্ড

নোট। (কিতা দেখ)। হেণ্ড-নোট···ষ্য. (ই° hand-note) ! হাতচিঠা, টাকা কর্জ লইবার হাতচিঠা।

নোটিশ,নুটিশ...ষ্য. (ই° notice)। বিজ্ঞাপন।

নোড়, নোয়াড়ি...ষ্য. (স° লবণী। ণ স্থানে ড় হইয়া লঅড়ী—লোড়—নোড়। ও° নর-কোল্লি। স° লবণী—লড়ী—নর; কোল্লি —স° কোল—কুল-ফলের আকার বলিয়া)। ম্লুহিআদিবর্গের ফলবৃক্ষবিশেষ (Otaheite gooseberry. Cicca disticha)। পাতা বর্ষে বর্ষে ঝরিয়া পড়ে। ফল আমলকীর আকারের, শাদা, অম্ল। প্রঃ—আমড়া নোয়াড়ি পাকা চালতা (কবিকঃ)। (দক্ষিণ-রাঢ়ে নাম শিল-আমড়া—শিল-আমলা)।

নোড়া·· ষ্য. (স° লোষ্ট্র হইতে লোষ্ট—লোড়া। ও° নাম শিল্লপুআ—শিলাপুত্র)। শিলে বাটনা বাটিবার লোড়া বা প্রস্তর।

নোতুন ··নতুন দেখ।

নোনা ··ষ্য. (পর্তু° annona হইতে)। আতা দেখ।

নোয়া (গ্রা°) ··ষ্য. (স° লোহক)। লোহা। আয়তিলক্ষণ নো। (নো দেখ)।

নোয়াড়ি··নোড় দেখ।

নোলক···ষ্য. (লোলক দেখ। ঢাকায় লট-কন)। নাকের নিম্বফলাকৃতি ভূষণবিশেষ।

নোলা (গ্রা°)···লোলা দেখ।

নৌকা-ফুল ··ষ্য. (নৌকার আকার হইতে)। জলজ শাকবিশেষ (Monochoria hastæfolia)। ফুল নীলবর্ণ, নৌকার মতন। পাতার বোঁটা লম্বা, বাণের আকার; ফুলের বোঁটাও লম্বা। ছোট ছোট নদীর খালের ধারে জন্মে।

নৌতুন ··ণ. (স° নূতন; স° নবতন? ইহা হইতে আধুনিক গ্রা° নোতুন। আসা°তেও নোতুন, নতুন)। নূতন, প্রঃ—শূং পুঃ; নৌতুন তৃণ (জ্ঞানদাস); রচিল নৌতুন গীত (কবিকঃ); মাঃ।

নৌবৎ ··ষ্য (ফা°—পালা, পরে অর্থ বাদ্য)। নহবৎবাদ্য, প্রহরে প্রহরে বাজানা হয় বলিয়া। নৌবৎ-খানা · ষ্য. যে মঞ্চে নৌবৎ বাজানা হয়। (নহবৎ দেখ)।

প।

প···ষ্য. (স°)। ব্যঞ্জনবর্ণ-, অক্ষর-বিশেষ।

পঁ, পঁ-পঁ···ব্য. (অনুকার শব্দ)। শানাইর শব্দে। পঁ ধরা—প্রধান বাদকের অনুগামী হওয়া, অন্যের কথায় সায় দেওয়া। অন্য রূপ, পোঁ, পোঁ-পোঁ। পিঁ, পিঁ-পিঁ···পিঁ, পিঁ-পিঁ শব্দে। পুঁ, পুঁ-পুঁ ··পুঁ শব্দে। পেঁ, পেঁ-পেঁ···শিশুর ক্রন্দনধ্বনিতে।

পইছা, পৌহুচা···পৌহুচা দেখ।

পইট ··ণ. (স° পতিত)। পতিত, ফাঁক, প্রঃ—জাল বুনিতে বুনিতে পইট পড়ে, বীজ বুনিলে এক একটা পইট পড়ে—চারা বাহির হয় না। পইট ··পোট দেখ।

পইঠা...ষ্য. (স° প্রতিষ্ঠা। ম° পায়টা)। পাদ-পীঠ, পিঁড়াতে উঠিবার ধাপ।

পইতা, পৈতা···ষ্য. (স° পবিত্র)। ব্রাহ্মণাদির যজ্ঞসূত্র। পইতা ফেলা—পইতা ধারণ, পইতা ধারণ-ত্যাগ। পইতা-ধারী···পইতা ধারণ করিয়াছে যে। পইতা-ধারী বামুন··· পবিত্র সূত্রমাত্র যে ব্রাহ্মণের এক লক্ষণ হইয়াছে, এবং যাহার অন্য লক্ষণ নাই।

পইতার দণ্ডি…দণ্ডি দেখ। পইতা কাটা…পইতার সুতা কাটা। দৃষ্টান্তে, চেনা বামুনের পইতার দরকার কি—পইতা দেখিয়া বামুন কি না বুঝিতে পারা যায়। (বঙ্গদেশে ব্রাহ্মণ ব্যতীত অন্য জাতি গলায় পইতা পরে না, পরিলেও বাহিরে দেখাইতে পারে না। কারণ, পইতা দেখিলে লোকে ব্রাহ্মণ বলিয়া প্রণাম করে)।

পক, পক্-পক…ব্য. (সং পক্ষ ধাতু গ্রহণে, কিংবা ভক্ষ ধাতু ভক্ষণে)। ভক্ষণ-শব্দে, দ্রুতভোজনে, প্রঃ—পক্-পক করিয়া ভাত গেলা—না চিবাইয়া।

পকেট…ষ্য. (ইং pocket)। জামার থলী, জেব।

পকান্ন…ষ্য. (সং)। ঘৃতপক্ব খাদ্য যেমন লুচী।

পক্ষ…ষ্য. (সং। সংতে পক্ষ শব্দের নানা অর্থ আছে; যথা অমরে, মাসার্ধক, পাখীর পাখা, শরের পাখা, সহায়। মেদিনীতে,—পার্শ্ব, গৃহ, সাধ্য (ন্যায়ের), বিরোধ, বল, সখা, চুল্লীরন্ধ্র, রাজকুঞ্জর। এই রূপে কালান্তরে পক্ষ শব্দের অর্থ সম্প্রসারিত হইয়াছে। সং পক্ষ ধাতু গ্রহণে—এই মূল)। পাখীর পাখা; পক্ষী, প্রঃ—মৃগ-মাংস পক্ষমাংস যেবা রুচি হয়; চান্দ্র মাসার্ধ, প্রঃ—অন্ধকার পক্ষ, আঁধার পক্ষ—কৃষ্ণপক্ষ; জ্যোৎস্না পক্ষ—শুক্লপক্ষ; পার্শ্ব (ওং পাখ), প্রঃ—কোন পক্ষে কত লোক; সহায়, দল, প্রঃ—স্বপক্ষ বিপক্ষ, পক্ষভুক্ত; ন্যায়ের সাধ্য বিষয়, প্রঃ—পূর্ব-পক্ষ অপরপক্ষ; বিকল্প, প্রঃ—দ্বিতীয় পক্ষে বিবাহ; ২ অঙ্ক (ওংতে বেণি), প্রঃ—একে চন্দ্র দুইএ পক্ষ। পক্ষান্ত…ষ্য. (সং)। অমাবস্যা কিংবা পূর্ণিমা।

পক্ষান্তর…ষ্য. (সং)। অন্য দিক, বিচার্য বিষয়ের অন্য পার্শ্ব। পক্ষাঘাত…ষ্য. (সং)। দেহের এক পার্শ্বের অবশতা রোগ (paralysis of one side, hemiplegia)। পক্ষপাত…ষ্য. (সং)। অনুগ্রহ, আসক্তি। পক্ষপাতী…ণ. (সং)। অনুগ্রাহক, এক পক্ষে আসক্ত।

পক্ষীরাজ…ষ্য. (সং—গরুড়)। গরুড়ের তুল্য বেগবান (এবং আকাশগামী)। পক্ষীরাজ ঘোড়া…অতিবেগশালী (ও আকাশগামী) (প্রায়ই ব্যঙ্গচ্ছলে)।

পখাল…ষ্য. (ওং পখাল। সং প্রক্ষালিত হইতে। পাখাল ধাতু দেখ)। জলে প্রক্ষালিত অন্ন, এক প্রকার পান্তা ভাত।

পগ-মিল…ষ্য. (ইং pug-mill)। কাদা মিশাইবার লোহার কল।

পগার…ষ্য. (সং প্রাকার, কিংবা প্রাগার—আগার)। জঙ্গাল, (উদ্যানের) উচা সীমা-আলি, প্রঃ—পগার খন্দক খানা উলু কেশে নল বেণা (কবিকঃ)—খানা না কাটিলে পগার তুলিতে পারা যায় না; পালিটা পাদপ আছে সেনের পগারে (মাঃ)। পগার পার হওয়া—সীমা-আলির বাহির হওয়া।

পগ্গ…ষ্য. পাগ। (অশিষ্ট)।

পঙ্খী, পংখী…ষ্য. (সং পক্ষী। তুং হিং মং পংখা)। পাখী (প্রায়ই ব্যঙ্গে, তুং রূপচাঁদ পঙ্খী)।

পঙ্ক…ষ্য. (সং)। পাঁক; খুলী চুন জলে মিশাইয়া চুনের পাঁক। (বাংতে পঙ্ক,

পাঁক—যাহা জলে পচিয়া সূক্ষ্ম স্তরে সঞ্চিত হয়। সং-তেও পন্‌চ, পচ ধাতুর পচন অর্থ)। পঙ্কের কাজ…চুনপঙ্ক দেওয়ালে ঘষিয়া মসৃণ করা (সং‌তে বজ্রলেপ)।

পঙ্গপাল…ষ্য. (সং পতঙ্গ—পঙ্গ, সং পালি —পঙ্‌ক্তি। অন্য. সং নাম শলভ—শলতি সম্মীল্য যাতি—বহু একত্রে উড়ে বলিয়া)। ঋজুপত্রী শস্যভোজী পতঙ্গবিশেষ (locust. Acridium)। (পোকা দেখ)। (বাং‌তে চতুষ্পদ পশুর পাল বলা যায়। পাখী কিংবা ফড়িঙ্গের পাল বলা যায় না)। (২) পঙ্গপালের তুল্য বহু লোক।

পচ…ধাতু. (সং পচ ধাতু বিনাশোন্মুখীভাবে। হিং‌তে পাক অর্থে)। পচি—বিকৃত বিনষ্ট-প্রায় হই। পচা॥ পচা…ণ. পাকা অপেক্ষাও পাকা, বিকৃত। পচা-গলা…ণ. পচা ও গলিত (সহচর শব্দ)। পচা…ধাতু. (পচ ধাতু অন্তে)। পচানা॥ পচানি…ষ্য. (পচা+পানি)। পচা জল। পাট-পচানি… যে জলে পাট গাছ পচানা হইয়াছে। পচা-পুকুর…যে পুকুরের জলের উদ্ভিদ পচিয়া গিয়াছে। পচা ভাদ্র…ভাদ্র মাসে বায়ু আর্দ্র থাকে। সে সময়ে প্রায়ই বাতাস থাকে না। শরীরে ঘর্ম নির্গত হইতে পারে না। খাদ্য দ্রব্যাদিও শীঘ্র বিকৃত হয়। পচ্‌-পচ…ব্য. পচা-পচা ভাবে, প্রঃ—কাদা পচিয়া পচ্‌-পচ করে। মুখ দিয়া পচ্‌-পচ করিয়া থুথু উঠে—মুখের স্বাদ বিকৃত হইলে উঠে। পচ্‌-পচিয়া, পচ্‌-পচানি॥

পচাই…ষ্য. (হিং পচবাই, পচুই)। চাল পচাইয়া যে মদ হয়।

পচাত্তর…ণ. ষ্য. (সং পঞ্চসপ্ততি)। পাঁচ অধিক সত্তরি-সংখ্যক, -সংখ্যা ; ৭৫।

পঁচানব্বই, পঁচানই…ণ. ষ্য. (সং পঞ্চনবতি। পাঁচ অধিক নব্বই-সংখ্যক,-সংখ্যা ; ৯৫।

পচা-পাত…ষ্য. (বাং)। তুলসাদিবর্গের কদাকার শাকবিশেষ (Pagostemon patchouli)। পাতা সুগন্ধ, শুখাইলেও সুগন্ধ থাকে। কেশ-তৈলাদি সুগন্ধ করিতে লাগে।

পচাল…ষ্য. (সং পঞ্চালিকা পাঁচালী হইতে ?)। অত্যন্ত অশ্লীল গালি। (পচাল পাড়া)। পচালিয়া কথা…(পচাল+ইয়া)। অশ্লীল বাক্য।

পঁচাশি…ণ. ষ্য. (সং পঞ্চাশীতি)। পাঁচ অধিক আশি-সংখ্যক, -সংখ্যা ; ৮৫।

পঁচিশ…ণ. ষ্য. (সং পঞ্চবিংশতি)। পাঁচ অধিক বিশ সংখ্যক, -সংখ্যা ; ২৫।

পচ্ছিম (গ্রাং)…ষ্য. (সং পশ্চিম)। পশ্চিম দিক। পচ্ছিমা… ণ. (সং পশ্চিমা)। পশ্চিমদিগ্‌ভব, পশ্চিম-দেশজাত, প্রঃ— পচ্ছিমা লোক।

পছন্দ…ষ্য. (ফাং পসন্দ)। রুচি, অনুমোদন, নির্বাচন। পছন্দ-দার…ষ্য. যে পসন্দ করে, যার সুরুচি আছে। পছন্দ-সই…ণ. রুচি বা নির্বাচনযোগ্য। বে-পছন্দ…ণ. অনুমোদিত নহে, অমনোনীত।

পঞ্চ…ণ. (সং পঞ্চন্‌)। পাঁচ। (বাং‌তে সংখ্যাবাচক শব্দের সহিত সমাসে পঞ্চ স্থানে পন, পঁচ, পঁয় হয় ; যথা, পন-র, পঁচি-শ, পঁয়-ত্রিশ। কোন্‌ কোন্‌ শব্দে পঞ্চ থাকে ; যথা, পঞ্চ-ান্ন)। পঞ্চাঙ্গ… (সং)। পাঁজি, ইহাতে তিথি বার নক্ষত্র যোগ করণ—এই পাঁচ বিষয় লিখিত থাকে।

পঞ্চাঙ্গ শুদ্ধি...(সং)। তিথি বার নক্ষত্র যোগ করণ বিষয়ে শুভ। পঞ্চামৃত...(সং)। পাঁচ মিষ্ট ও বলকর দ্রব্যের সংযোগ, যথা, দধি দুগ্ধ ঘৃত মধু শর্করা। পঞ্চানন...(সং)। পঞ্চমুখ শিব (গ্রা° পঞ্চানন্দ); পণ্ডিত ব্রাহ্মণের উপাধির সহিত শেষে সমাসে বসে, যেমন তর্ক-পঞ্চানন। পঞ্চ-কল্যাণ...(সং নাম পঞ্চাঙ্গ)। যে ঘোড়ার চারি পা এবং কপালে শাদা থাকে। পঞ্চ-কষায়...(সং)। জাম শিমুল বেড়েলা বকুল কুল—এই পাঁচ। (কিন্তু, পাঁচটাতেই কষায় রস নাই)। পঞ্চ গব্য...(সং)। গোরু হইতে প্রাপ্ত পাঁচ দ্রব্য, যথা, দুগ্ধ দধি ঘৃত মূত্র গোময়। পঞ্চ-গুড়ি...(বাং গুঁড়ি)। পাঁচ রঙ্গের চূর্ণ, যথা, শ্বেত কৃষ্ণ রক্ত পীত নীল। আতপ তণ্ডুল দ্বারা শ্বেত, অঙ্গার দ্বারা কৃষ্ণ, ইট দ্বারা রক্ত, হরিদ্রা দ্বারা পীত, শীম-পাতার রসে রঞ্জিত চাল-গুঁড়ি দ্বারা নীল। (শীম-পাতার রস বস্তুতঃ হরিৎবর্ণ। কিন্তু বর্ণ জ্ঞানের অভাবে হরিৎবর্ণের সহিত নীল ও কৃষ্ণ অভিন্ন বোধ হইয়াছে। এই হেতু শ্রীরামচন্দ্র নবদুর্বাদলশ্যাম, শ্রীকৃষ্ণ ও কালীর প্রতিমা নীলবর্ণ করা হইয়া থাকে)। পঞ্চ-জন...(সং)। (বেদে) মানুষের পাঁচ শাখা বা জনপদ; পাঁচ মানব-জাতি; মানুষ, গ্রামের পাঁচ জনা। পঞ্চ তিক্ত...(সং)। আয়ুর্বেদে, নিম গুলঞ্চ বাসক পটোলপাতা কণ্টকারী। (কিন্তু কণ্টকারী—তিক্তমধ্যে গণ্য হইল কেন?)। অন্য পঞ্চতিক্ত—মহিষ বরাহ ছাগ ময়ূর রোহিতক মৎস্য—ইহাদের পিত্ত। পঞ্চ-তীর্থ...(সং)। পুষ্কর-আদি পাঁচ প্রধান তীর্থ; পুরীতে মার্কণ্ডেয় আদি পাঁচ স্থান। পঞ্চ-দেবতা...(সং)। নিত্য পূজনীয় গণেশ সূর্য্য বিষ্ণু শিব দুর্গা। পঞ্চ-নদ...(সং)। শতদ্রু-আদি পাঁচ প্রসিদ্ধ নদযুক্ত দেশ, পঞ্জাব। পঞ্চ-পল্লব...(সং)। পূজার ঘটে স্থাপনীয় পাঁচ বিশেষ গাছের পাতা, যথা, আম্র অশ্বত্থ বট পাকুড় ডুমুর। (আম্র পরিবর্তে বকুল)। পঞ্চ-পাত্র...(সং)। দেবপক্ষে দুই এবং পিতৃপক্ষে তিন—এই পাঁচ শ্রাদ্ধ। পঞ্চ-প্রদীপ...(সং)। আরতির নিমিত্ত পাঁচ সংযুক্ত-দীপ। পঞ্চ বটী...(সং পঞ্চবটী)। অশ্বত্থ বট বিল্ব অশোক আমলকী—এই পাঁচ বৃক্ষের বন। পঞ্চবাণ...(সং পঞ্চবাণ)। কন্দর্প, ইহার পাঁচ পুষ্পের বাণ আছে, যথা, পদ্ম অশোক আম্র নবমল্লিকা নীলোৎপল। পঞ্চ-ভূত...(সং)। ক্ষিতি অপ্ তেজ মরুৎ ব্যোম। পঞ্চ-মকার...(সং)। তান্ত্রিক সম্প্রদায়বিশেষের পাঁচ পূজা-সাধন, যথা, মৎস্য মাংস মদ্য মুদ্রা মৈথুন। পঞ্চমুখী...(সং)। পাঁচ মুখবিশিষ্ট, যেমন জবা-ফুল। পঞ্চ-মূল...(সং)। আয়ুর্বেদমতে পাঁচটি বৃক্ষ-বিশেষের মূল। স্বল্প ও বৃহৎ ভেদে পঞ্চমূল অনেক প্রকার। তন্মধ্যে স্বল্প পঞ্চমূল এই,—শালপানী চাকুলা বৃহতী কণ্টকারী গোক্ষুর। বৃহৎ পঞ্চমূল এই,—বিল্ব শোনা গামার পারুল গণিয়ারী। পঞ্চমূলের পাচন হয়। পঞ্চ-রত্ন...(সং)। পাঁচ প্রধান রত্ন। এই পাঁচ গণনায় মতভেদ আছে। একমতে, হীরা নীলা মাণিক মুক্তা প্রবাল। (২) বাংতে সং পঞ্চ-প্রাসাদ

অর্থে পঞ্চরত্ন (তু° নবরত্ন) শব্দের প্রয়োগ হয়। মন্দিরের মাঝে এক চূড়ার চারি দিকে চূড়া থাকিলে পঞ্চরত্ন হয়। পঞ্চ-রস ·· (স° পঞ্চলোহক)। সোনা রূপা তামা রাং সীসা এই পাঁচ ধাতু। পঞ্চ-লবণ ··(স°)। সৈন্ধব, সৌবর্চ্চল (সোচল দেখ), বিট, উদ্ভিদ, সামুদ্র—এই পাঁচ প্রকার লবণ (নুন দেখ)। পঞ্চ-শস্য ··(স°)। ধান যব মুগ মাষ তিল। (কেহ কেহ মাষ কলাই পরিবর্তে শ্বেত সরিষা ধরেন)। (এই রূপ আরও অনেক পঞ্চ আছে। দুই অর্থে পঞ্চ গণিত হইয়া থাকে; (১) সজাতীয়ের মধ্যে যে পাঁচটি প্রধান, যেমন পঞ্চ-অমৃত, পঞ্চ-রত্ন, পঞ্চ-বাণ; (২) পাঁচ দ্রব্যের সংযোগ, যেমন পঞ্চপ্রদীপ, পঞ্চ-পাত্র)। (পাঁচ দেখ)।

পঞ্চক···ষ্য. (স°)। পঞ্চসমূহ, পাঁচ জন; পাঁচ জনে যাহা করা হয়। পঞ্চক বসানা—গ্রামের পাঁচ জন মিলিয়া চাঁদা বসানা; পাঁচ জনের—গ্রামের সকলের প্রতি যে কর বসানা হয়। পঞ্চকী জমা...জমা দেখ। সরকারী পঞ্চকী···সরকারকে দিবার কর; জমিদারী পঞ্চকী...জমিদারকে দিবার কর। বে-পঞ্চকী···যে জমির কর দিতে হয় না।

পঞ্চম ··ষ্য. (স°)। গীতের পঞ্চম সুর, পা-সুর; প্রঃ—কোকিলে পঞ্চম গায়; রাগবিশেষ (ছয় রাগের মধ্যে তৃতীয়); রৌপ্যনির্মিত নারীপাদ-ভূষণবিশেষ (পঞ্চম ধ্বনি করে বলিয়া?); মাদ্রাজ প্রদেশের 'পঞ্চমবর্ণ', ব্রাহ্মণাদি চারি বর্ণের অতিরিক্ত নিম্ন শূদ্র জাতি; ইং ১৮৪২ সালের পাঁচ আইন (রাজস্বসংক্রান্ত)। পঞ্চমী··ষ্য. (স°)। পঞ্চমী তিথি; প্রতি মাসের শুক্লপঞ্চমী ব্রত, (এই ব্রত ছয় বৎসরে পূর্ণ হয়)। শ্রীপঞ্চমী ··ষ্য. (স°)। মাঘ মাসের শুক্লপঞ্চমী। এই দিন সরস্বতী পূজা। নাগপঞ্চমী...নাগ দেখ। এই দিন মনসা পূজা।

পঞ্চরং ··ষ্য. (স° পঞ্চরঙ্গ)। রঙ্গ-তামাসা; সৎরঞ্জ খেলায় হারি বিশেষ (সৎরঞ্জ দেখ)।

পঞ্চান্ন ··ণ. ষ্য. (স° পঞ্চপঞ্চাশৎ)। পাঁচ অধিক পঞ্চাশ-সঙ্খ্যক,-সঙ্খ্যা; ৫৫।

পঞ্চায়ৎ ··ষ্য. (স° পঞ্চৎ। কিংবা পঞ্চ+ ইত—যুক্ত)। গ্রামের "পঞ্চজনা", গ্রামের নির্বাচিত পাঁচ প্রধান মনুষ্য। পঞ্চায়তি··· ষ্য. গ্রামের পঞ্চজনার কর্ম। পঞ্চায়তী···ণ. পঞ্চায়তের কৃত, পঞ্চায়ৎ সম্বন্ধীয়।

পঞ্চাশ···ণ. ষ্য. (স° পঞ্চাশৎ) পাঁচ দশ সঙ্খ্যক,-সঙ্খ্যা; ৫০।

পঞ্জা···ষ্য. (ফা°)। পাঞ্জা দেখ; তাস দেখ।

পঞ্জাব ··ষ্য. (ফা°। স° পঞ্চ+আপ—জল)। পঞ্চনদ প্রদেশ। পঞ্জাবী···পঞ্জাব দেশীয় লোক, ভাষা; এক প্রকার লম্বা ঢিলা জামা।

পঞ্জুড়ী···পাশা দেখ।

পট ··ব্য. (হি°)। শীঘ্র, চট।

পট, পট্‌-পট···ব্য. (স° পট ধাতু বিদারে ছেদনে)। ছেদন; বিদারণ শব্দে, প্রঃ—দোড়ী পট্ করিয়া ছিঁড়ে। (অন্য রূপ, পড়, পড়্-পড়)। পটাৎ ··ব্য. (স° পটৎ)। পট শব্দে। পটাক ··ব্য. (পট+করিয়া)। পট শব্দে। পুট্, পুট্-পুট ··ব্য. (পট হইতে)। ছেদন বিদারণ মৃদু শব্দে ক্ষীণ

পরিষদ্গ্রন্থাবলী—সং ৩৮

বাঙ্গালা ভাষা

দ্বিতীয় ভাগ

বাঙ্গালাশব্দ-কোষ

(তৃতীয় খণ্ড)

লালগোলাধিপতি
রাজা রাও শ্রীযুক্ত যোগেন্দ্রনারায়ণ রায় বাহাদুরের
অর্থানুকূল্যে প্রকাশিত।

কলিকাতা
অপার সারকুলার রোডের ২৪৩৷১ নং বাড়ীতে, বঙ্গীয়-সাহিত্য পরিষৎ হইতে
শ্রীরামকমল-সিংহের
প্রকাশিত

সন ১৩২১

সূচনা।

একবারে সমগ্র বাঙ্গালাশব্দ-কোষ-প্রকাশে কালবিলম্ব দেখিয়া চারি খণ্ডে প্রচার করা যাইতেছে। ইহাতে কোষ-সমালোচনার অবসর হইবে এবং সমালোচক মহাশয়ের অনুগ্রহে কোষ-পরিশিষ্টে দোষ-প্রতিকারের চেষ্টা হইতে পারিবে। শব্দ-সংগ্রহ, অর্থান্তর-প্রকাশ কিংবা ব্যুৎপত্তি-নির্ণয় একজনের পক্ষে দুরূহ। আশা আছে, দশ জনের ভার স্কন্ধে লইয়া কোষ-কার সমাপ্তিস্থানে যাহাতে উপস্থিত হইতে পারেন, তদ্‌বিষয়ে তাঁহারা আনুকূল্য-দানে পরাঙ্মুখ হইবেন না।

কোষের শব্দ। বাঙ্গালা ভাষায় বহু বহু সংস্কৃত শব্দ চলিতেছে। বস্তুতঃ বিভক্তিহীন যাবতীয় সংস্কৃত শব্দ বাঙ্গালা সাহিত্যে চলে। যে সকল শব্দ স্পষ্ট সংস্কৃত, উচ্চারণে না হইলেও বানানে সংস্কৃত, সে সকল শব্দের নিমিত্ত সংস্কৃতশব্দ-কোষ আছে। কিন্তু বাঙ্গালা প্রয়োগে যে সকল সংস্কৃত শব্দের অর্থান্তর ঘটিয়াছে, সে সকল শব্দ এই কোষে পাওয়া চাই। তদ্‌ব্যতীত বাঙ্গালা ভাষায় প্রচলিত যাবতীয় শব্দের ব্যুৎপত্তি অর্থ-প্রয়োগ-প্রদর্শন এই শব্দ-কোষের উদ্দেশ্য। অতএব আবশ্যক শব্দ প্রথমে এই কোষে অন্বেষণ করিবেন; ইহাতে না পাইলে কিংবা ইহাতে প্রাপ্ত অর্থ সুসঙ্গত বোধ না হইলে, সংস্কৃতশব্দ-কোষে অন্বেষণ করিবেন। প্রচারিত অধিকাংশ বাঙ্গালা-অভিধান মুখ্যতঃ সংস্কৃত-অভিধান বলা যাইতে পারে।

বর্ণবিন্যাসরীতি। এই কোষে অ-আ বর্ণানুক্রমে শব্দ বিন্যস্ত হইয়াছে। অ বর্ণের পর অং অঃ; এইরূপ, আ বর্ণের পর আং আঃ; ইত্যাদি। চন্দ্রবিন্দুযোগে স্বর অনুনাসিক হয়। যে স্বর অনুনাসিক হয়, সে স্বরের পরে চন্দ্রবিন্দুযুক্ত শব্দ নিবিষ্ট হইয়াছে। যেমন কাক শব্দের পরে কাঁক। কারণ, চন্দ্রবিন্দু-যোগে স্বর দীর্ঘ হয়; অপিচ শব্দবিশেষে চন্দ্রবিন্দুর যোগাযোগ অদ্যাপি বিচার্য হইয়া আছে।

প্রচলিত বানানে অনেক শব্দের ব্যঞ্জনে অসংযুক্ত স্বর স্থানে য় হইতেছে, যেন য় উচ্চারণে ঈষৎ আকার মাত্র। যেমন, সং শৃগাল বাঙ্গালায় শিআল না হইয়া শিয়াল হইয়াছে। তথাপি, যে শব্দে অ দিলে উচ্চারণ ঠিক আসে, অপিচ শব্দ বুঝিতে কষ্ট হয় না, সে শব্দে য় না দিয়া অ দেওয়া গিয়াছে। যেমন সং দেবর বাং দেয়র না লিখিয়া দেঅর লেখা হইয়াছে। কিন্তু য় ফলা-উচ্চারণে সংস্কৃত য়-কারের উচ্চারণ লুপ্ত হয় নাই। র্য-উচ্চারণও সংস্কৃতের তুল্য আছে। সত্য শব্দ বাঙ্গালা উচ্চারণে সত্ত নহে; অর্ঘ্য মহার্ঘ শব্দের র্ঘ্য র্ঘ উচ্চারণে ভেদ আছে। কাশীদাসী মহাভারত প্রভৃতি পুরাতন গ্রন্থে হল্য পাল্য প্রভৃতি পদে য়-ফলার উচ্চারণ সংস্কৃত তুল্য। এই সাদৃশ্যে, কাটা হইতে কাটিয়া শব্দ সংক্ষেপে কেট্যে, পাহাড়িয়া সংক্ষেপে পাহাড্যে বানান করা গিয়াছে।

শব্দে ই ঈ, উ ঊ, জ য়, ণ ন, শ ষ স সম্বন্ধে বানান-ভেদ আছে। অতএব ই না পাইলে ঈ, ঈ না পাইলে ই দেখিবেন। এই রূপ, অন্য স্বর ও ব্যঞ্জনে। কেহ কেহ অ স্থানে ও, উ করে। এখানে ও উ ত্যাগ করিয়া অ গ্রহণ করিতে হইবে। যেমন, চাকরি স্থানে চাকুরি, গণা স্থানে গুণা গ্রাম্য রূপ আছে।

ক-কারের শেষে ক্ষ-কারের স্থান যুক্তি-সিদ্ধ। অন্তঃস্থ ব কার বাঙ্গালায় নাই, এই ব-কারের অক্ষরও নাই। এ কারণে, যাবতীয় বাদি শব্দ এক বর্গ্য-ব-বর্ণের অন্তর্গত হইয়াছে।

নূতন অক্ষর।ˋ—এই অক্ষরের উচ্চারণ লুপ্তপ্রায় ইকার। যেমন, সং খলি বা' খইল সংক্ষেপে খˋল; সং কলা বা' কালি সংক্ষেপে কাˋল। অ ই, আ ই বর্ণের মাঝে ˋ বর্ণের স্থান হইয়াছে। ৱ—এই অক্ষর অন্তঃস্থ বকার-জ্ঞাপক। সংস্কৃত হিন্দী মরাঠি ফার্সী প্রভৃতি শব্দে ৱ-কার আছে। ळ—এই অক্ষর হলন্ত শব্দের ল, উচ্চারণে ল-ড এর মধ্যবর্তী। মরাঠী ওড়িয়া প্রভৃতি ভাষায় এই বর্ণ আছে। শব্দের উচ্চারণ জানাইবার অভিপ্রায়ে অন্য দুই চিহ্ন আবশ্যক হইয়াছে। কাল শব্দ উচ্চারণ-ভেদে সময় ও কৃষ্ণবর্ণ বুঝায়। সময় অর্থে কাল হলন্ত, কৃষ্ণবর্ণ অর্থে অকারান্ত। এই অকারান্ত উচ্চারণ জানাইতে ল-অক্ষরের নীচে কষি, যেমন কাল্, দেওয়া গিয়াছে। এইরূপ, অন্যত্র। কদাচিৎ একারের বিকৃত উচ্চারণ জানাইতে, কদাচিৎ বিদেশী-শব্দের একারের তির্যক উচ্চারণ জানাইতে ে উলুটাইয়া, ৃ লেখা গিয়াছে।

শব্দ-বিন্যাস। যাবতীয় শব্দ বিশেষ্য, বিশেষণ, ক্রিয়া, সর্বনাম, অব্যয়—এই পাঁচ ভাগে বিভক্ত হইয়াছে। এতদ্ব্যতীত, বিভক্তি ও প্রত্যয়ও কিছু আছে। অর্থ ও প্রয়োগ বিশদ করিবার অভিপ্রায়ে এই ভাগের উৎপত্তি। ক্রিয়াপদ না দিয়া ধাতু দেওয়া গিয়াছে। বর্তমান কালে উত্তম পুরুষের ক্রিয়াপদও প্রদর্শিত হইয়াছে। যেমন, গড়...ধাতু. গড়ি—নির্মাণ করি। প্রত্যেক ধাতু হইতে স্বল্পাধিক শব্দ উৎপন্ন হইয়াছে; যেমন, গড় ধাতু হইতে গড়া, গড়ন। এই রূপ যাবতীয় শব্দ ও তৎসমুদয়ের অর্থ অনাবশ্যক বিবেচনায় লিখিত হয় নাই। অধিকাংশ আস্ত ধাতু (সং ণিজন্ত) সামান্য ধাতুর শেষে, কদাচিৎ পৃথক্ পঙ্ক্তিতে নিবিষ্ট হইয়াছে। যেমন, খেল ধাতুর শেষে খেলা ধাতু পাওয়া যাইবে। ধাতুর আদ্যে ই উ থাকিলে আস্ত-রূপে ই স্থানে এ, উ স্থানে ও হয়। এই সাধারণ সূত্র মনে রাখিলে আস্ত ধাতু পাইতে ভুল হইবে না।

গ্রন্থলাঘব নিমিত্ত এক এক প্রধান শব্দের নীচে তৎসম্পর্কীয় শব্দ যোজিত হইয়াছে। ঘর দেখ। অতএব আবশ্যক শব্দ প্রথমে যথাস্থানে অন্বেষণ করিবেন; সেখানে না পাইলে ধাতুর নীচে দেখিবেন। সমাসবদ্ধ শব্দ প্রধান শব্দের নীচে দেখিবেন। যেখানে এক শব্দের নানা রূপ প্রদত্ত হইয়াছে, সেখানে প্রথম রূপ প্রায়ই শিষ্টসাহিত্যে গণ্য, পরবর্তী রূপ সংক্ষিপ্ত কিংবা গ্রাম্য।

ব্যুৎপত্তি। গ্রন্থ-সমাপ্তির পর ব্যুৎপত্তি-নির্ণয়ের রীতি বলা যাইবে। বাঙ্গালা ভাষায় সংস্কৃত ফার্সী আর্বী ইংরেজী প্রভৃতি শব্দ ও তত্তৎ ভাষার শব্দ হইতে বহু ভ্রষ্টশব্দ

আছে। এতদ্ব্যতীত "দেশজ" অনেক শব্দও আছে। কিন্তু কোনটা দেশজ, তাহা নির্ণয়ের পথ পাই নাই। এই শব্দ সংস্কৃত কিংবা অন্যান্য ভাষা হইতে আসে নাই, ইহা দেশজ, বঙ্গদেশজ, ভারতদেশজ—এই সিদ্ধান্ত করিতে বিদ্যা-বুদ্ধি-সাহসে কুলায় নাই। এ কারণে 'দেশজ' ব্যুৎপত্তি কোথাও দেখা যাইবে না। যেখানে প্রদত্ত ব্যুৎপত্তিতে পাঠকের সন্দেহ হইতে পারে, সেখানে ভ্রংশের ধারা-প্রকাশে প্রয়াস করিয়াছি। সন্দেহ না থাকিলেও ওড়িয়া, হিন্দী, মরাঠী প্রভৃতি ভাষা হইতে অনুরূপ শব্দ তুলিয়াছি। সে সে ভাষায় কি বলে, তাহাও জানিবার প্রয়োজন হইতে পারে। যেখানে বুৎপত্তি নির্ণীত হইতে পারে নাই, সেখানে প্রশ্নার্থক চিহ্ন (?), কিংবা অন্য ভাষার শব্দের সহিত প্রশ্নার্থক চিহ্ন দেওয়া গিয়াছে।

অর্থ। সমুদায় শব্দের মুখ্য অর্থ এবং অনেকের গৌণ অর্থও দেওয়া গিয়াছে। প্রয়োগে, কথায়, দৃষ্টান্তে অর্থ পরিস্ফুট হইয়া থাকিবে। প্রয়োগ দ্বারা কোথাও অর্থ, কোথাও বানান, কোথাও প্রচার কাল প্রকাশের প্রয়াস হইয়াছে। অব্যয় শব্দের ভাবার্থ অধিকরণ কারকে লিখিত হইয়াছে। যে সকল গাছের ও জন্তুর বাঙ্গালা নাম আছে, সে সকল বিনিশ্চয় নিমিত্ত দুই একটা লক্ষণ দেওয়া হইয়াছে। পরে Flora of British India, Fauna of British India নামক প্রামাণিক গ্রন্থ হইতে বৈজ্ঞানিক লেটিন নাম, কদাচিৎ ইংরেজী নাম উদ্ধৃত হইয়াছে। গ্রন্থ শেষ হইলে বিস্তারিত ভূমিকা ও ভ্রমসংশোধনপত্র প্রদত্ত হইবে।

কটক।
সন ১৩২১।

শ্রীযোগেশচন্দ্র রায়।

সাঙ্কেতিক অক্ষর ।

অঃ অমরকোষ ।

অঃটীঃ অমর-কোষের টীকা (চন্দ্রমোহন ভট্টাচার্য্য-পরিশোধিত)।

অপ্রচলঃ অপ্রচলিত ।

অশিষ্ট ভদ্রসমাজে অপ্রচলিত ।

আ° আর্বী ।

আদাঃ আদালতের ভাষায় ।

আপ্তে বামন আপ্তে কৃত সংস্কৃত-কোষ ।

আসা° আসামী ।

ই° ইংরেজী ।

উ° উচ্চারণ ।

উর্দু উর্দু ।

ও° ওড়িয়া ।

কবিকঃ কবিকঙ্কণ-চণ্ডী ।

কৃত্তিঃ কৃত্তিবাস (লং --লঙ্কাকাণ্ড, ইত্যাদি)।

গ্রা° গ্রাম্য, অশিক্ষিত নরনারীর ভাষায় ।

চণ্ডীঃ চণ্ডীদাস ।

চৈঃ চঃ চৈতন্য-চরিতামৃত ।

জমিঃ জমিদারী ভাষায় ।

তু° তুলনা কর, বিচারে আন ।

নিঃ নিষেধার্থ শব্দ ।

ণ. বিশেষণ ।

পর্তু° পর্তুগীজ ভাষায় ।

পুং পুংলিঙ্গ রূপ ।

প্রঃ প্রয়োগ ।

প্রচলঃ প্রচলিত ।

প্রা° প্রাকৃত ।

বা° বাঙ্গালা ।

বা° প্রা° বাঙ্গালা প্রাকৃত (কথাভাষা)।

বিঃ বিপরীতার্থ শব্দ ।

বৈদ্যকঃ বৈদ্যকশব্দসিন্ধু (উমেশচন্দ্র গুপ্ত-সঙ্কলিত)।

ব্য. অব্যয় ।

ভাঃ ভারতচন্দ্র ।

ম° মরাঠী ।

মা° মাণিকগাঙ্গুলীর ধর্ম্মমঙ্গল ।

মেঃ মেদিনীকোষ ।

যা° যাবনিক (আর্বা ফার্সী)।

শব্দকল্পঃ শব্দকল্পদ্রুম ।

শব্দসার শব্দসার অভিধান (গিরিশ বিদ্যারত্নের)।

শূঃপুঃ শূন্যপুরাণ ।

ষ্য. বিশেষ্য ।

স° সংস্কৃত ।

স° প্রা° সংস্কৃত প্রাকৃত ।

স্ত্রী° স্ত্রীলিঙ্গরূপ ।

হি° হিন্দী ।

হেমঃ হেমচন্দ্রকোষ ।

দ্রব্য ভঙ্গো।(অন্য রূপ পুড়, পুড়্-পুড়)।
পট্-পটি ··ষ্য. পট্-পট শব্দ, প্রঃ—কোড়ার পট্-পটি (ভাঃ)—কড়া—রশির প্রহারে চর্ম বিদীর্ণ হইলে।
পট···ষ্য. (সং)। চিত্রপট। (পটে—বস্ত্রে চিত্র লেখা হয় বলিয়া)। পটুয়া···ষ্য. (সং নাম পটকার। বাং পট+উয়া)। পটকার, পট-লেখক।
পট ··ধাতু. (সং পুট ধাতু সংশ্লেষণে। পোট ধাতু দেখ)। পটি—মিলিত হই, এক হই, সম্মত হই, প্রঃ—দামে পটে না। পটা॥
পটা···ধাতু. (পট ধাতু আস্তে)। পটানা॥
পটকা···ষ্য. (সং পট ধাতু বিদারে)। পট শব্দে বিদীর্ণ হয় যাহা, অগ্নিবাণবিশেষ; মৎস্যের উদরস্থ বায়ু-কোষ। পটকা···ধাতু. পট-কাই—রুগ্ন দুর্বল হই। পটকানা॥ রোগা-পটকা...ণ. রুগ্ন ও রোগপীড়িত (সহচর শব্দ)।
পট-তাল···ষ্য. (সং)। তাল বাদ্যবিশেষ।
পট-বন্ধক ··ষ্য. (পাট্টা দেখ। হিং)। নির্দিষ্ট কালের মধ্যে সুদ সহিত আসল টাকা শোধ হইবে, এই নিয়মে বন্ধক।
পট-মঞ্জরী···(সং)। রাগ-রাগিণী দেখ।
পটল ··ষ্য. (সং পটল—নেত্র-পটল। পটোল নহে)। চক্ষুর পাতা, প্রঃ—পটল তোলা—চোখের পাতা উপরে তুলিয়া মরা।
পটা···ধাতু. পট ধাতু দেখ।
পটান্তর···ষ্য. (সং পট+অন্তর)। অন্য চিত্র, তুলনা, উপমা (আসাং ওংতে চলিত)।
পটাশ···পট দেখ।
পটী···ষ্য. (সং পট্টী। হিং পট্টী)। দীর্ঘ অংশ, গ্রামের ক্ষেত্রের বস্ত্রের কাগজের দীর্ঘ অংশ।
পটীদার ··ণ. যে কাপড়ে পটী বসানা হইয়াছে।
পটুকা ··ষ্য. (সং পট—বস্ত্র। হিং মং পটকা)। কোমর-পটী; দীর্ঘ বস্ত্রখণ্ড যাহা অশ্বাদির দেহে বেষ্টন করিয়া দেওয়া হয়।
পটুয়া···ষ্য. (পট+উয়া)। পট-লেখক জাতি-বিশেষ; পট্টসূত্রবিক্রয়ী। (পাট দেখ)।
পটোল···ষ্য. (সং। ওং পোটোল্, হিং পলবল, মং পড়বল। সং পটোলঃ—দোষান্ পাটয়তি—অঃটীঃ)। কুষ্মাণ্ডাদি বর্গের ফল-শাকবিশেষ (Trichosanthes dioica)। পুং স্ত্রী গাছ পৃথক, ফুল শাদা, দল কেশবৎ ছিন্ন। পাতা তিক্ত; ফলও তিক্ত, কৃষিগুণে স্বাদু।
পট্ট ··ষ্য. (সং পট্টঃ পেষণপাষাণে তৃণাদীনাঞ্চ বন্ধনে। চতুষ্পথে তু রাজাদিশাসনান্তর-পীঠয়োঃ—মেঃ। পট্ট—শিলাপট্ট, পটী, চতুষ্পথ, পাট্টা, পীড়ি। অন্যান্য অর্থও আছে, যথা, নগর. উত্তরীয়াদি (এক-পাট্টা, দোপাট্টা), উষ্ণীষাদি (পাগড়ী), কৌষেয় বা রেশম, ইত্যাদি। পট্ট বস্ত্র, পট্ট উষ্ণীষ অর্থ লইয়া কয়েক শব্দের সহিত সমাস হয়। তখন অর্থ, শ্রেষ্ঠ বা প্রধান)। শ্রেষ্ঠ, যিনি পট্ট—পাগড়ী রাজার নিকট পাইয়াছেন, প্রঃ—পট্ট-নায়ক—উপাধিবিশেষ (চৈতন্য-মঙ্গলে পট্টনা), পট্টদেবী—যিনি রাজপাটে বসেন, বাং পাটরাণী। পাট দেখ।
পট্টু···ষ্য. (হিং। সং পট্ট—বস্ত্র হইতে)। মোটা লোমশ বস্ত্রবিশেষ।
পঠন···ষ্য. (সং)। পড়া (পড়া)। পঠন-পাঠন··ষ্য নিজে পড়া অন্যকে পড়ানা।
পড়···ধাতু. (সং পত ধাতু হইতে চারি

ভাষাতেই পড় ধাতু। চারি ভাষাতেই পড় ধাতু নানার্থ হইয়াছে। সং পত ধাতু—গতি, পতন, ভ্রংশ, ঐশ্বর্য, স্মৃতি)। পড়ি—নিম্নে পতিত স্খলিত চালিত হই, প্রঃ—গাছ হইতে ফল পড়ে, ভাঙা ছাদ হইতে ইট পড়ে, খালটা দূরে নদীতে পড়িয়াছে; আকাশ হইতে পতিত বৃষ্ট হই, প্রঃ—জল পড়িতেছে, চৈত্র মাসে শিল পড়ে; নিষ্ক্রান্ত হই, প্রঃ—শিরা কাটিলে রক্ত পড়ে; পদানত হই, প্রঃ—পায়ে পড়িয়া ক্ষমা চাহে; আক্রান্ত হই, প্রঃ—জ্বরে পড়িয়াছে; নিক্ষিপ্ত হই, প্রঃ—ভাগাড়ে গোরু পড়িলে শকুনি উড়ে; মধ্যস্থ হই, প্রঃ—দাদা পড়িয়া বিবাদ ভাঙ্গিয়া দিলেন; ধৃত হত হই, প্রঃ—জালে মাছ পড়ে; আক্রমণ লুণ্ঠন অভিপ্রায়ে উপস্থিত হই, প্রঃ—বাড়ীতে ডাকাইৎ পড়িয়াছে; উপস্থিত হই, প্রঃ—সন্ধ্যার সময় বালিগ্রামে পড়িবে, বাধা পড়িয়াছে, কথাটা মনে পড়িল না; উৎপন্ন হই, প্রঃ—কাসন্দিতে থো পড়িয়াছে; আরম্ভ হই, প্রঃ—শীত পড়িয়াছে; হই, ঘটি, প্রঃ—সুখের সময় পড়িয়াছে, দোড়ী ভিজিয়া টান পড়িয়াছে; স্পৃষ্ট হই, প্রঃ—থালায় হাত পড়ে নাই (নূতন আছে); বিবাহে দত্ত হই, প্রঃ—কন্যাটি দুঃখীর ঘরে পড়িয়াছে; জাতিচ্যুত হই, প্রঃ—জাতিতে পড়িয়াছে; ব্যয়িত হই, প্রঃ—ঘর করিতে শত টাকা পড়িবে; হ্রস্ব হই, কমি, প্রঃ—বেলা পড়িলে বেড়াইবে, জ্বর পড়িলে উঠিবে; ধার ভোঁতা হই, প্রঃ—কাটারীর ধার পড়িয়া গিয়াছে; শূন্য হই, প্রঃ—বাড়ী পড়িয়া আছে; অকৃষ্ট থাকি, প্রঃ—জমি পড়িয়া থাকিলে উর্বরা হয়; অনাদায় হই, প্রঃ—ধানের ব্যবসায়ে টাকা পড়ে না (তুং ডুব ধাতু), বাকি পড়িতে পারে; গণিতে ফল আসি, প্রঃ—সোনার রতি পড়ে তত (শুভঙ্করী); ব্যয় গণিলে মূল্য হই, প্রঃ—কলিকাতা হইতে আনাইলে জুতার দাম ছয় টাকা পড়িবে; অংশে প্রাপ্য লব্ধ হই, প্রঃ—প্রত্যেকে পাঁচ টাকা পড়িবে; নির্মাণ ব্যয় হই, প্রঃ—ঘটী ঢালিতে পাঁচ টাকা পড়িবে। ইয়া প্রত্যয়ান্ত পদের পরে বসিয়া, পড় ধাতু সে পদের মূলার্থ দৃঢ় করে, প্রঃ—শুইয়া পড়, বসিয়া পড়, উঠিয়া পড়, নামিয়া পড়, হইয়া পড়িল, ইত্যাদি। পড়া, পড়ন ॥ পড়ন ষ্য ··নির্মাণব্যয়, দূর হইতে আনয়ন-ব্যয়সমেত মূল্য। পড়তা...ষ্য. দ্যুতক্রীড়াদির 'দান'-পতন, সৌভাগ্য-উদয়; আনয়ন-বহন-ব্যয়-সমেত মূল্য। পড়তি ··ষ্য. ক্ষতি, হানি। (তুং ঘাটতি)। পড়তি-ঝড়তি...ষ্য. (সহচর শব্দ)। ক্ষতি, হ্রাস। পড়ন্ন··বহনাদি-ব্যয়-সমেত মূল্য। পড়ন্ত...ণ. যাহা কমিতেছে, প্রঃ—পড়ন্ত রোদ। পড়া··ণ. পতিত, অকৃষ্ট, প্রঃ—পড়া জমি। পড়ুয়া, পোড়ো ·· ণ. (সং পতিত)। পতিত, শূন্য, প্রঃ—পোড়ো বাড়ী। পড়া···ধাতু (পড় ধাতু আস্তে)। পড়ানা ॥ (এই ধাতুর পদ কদাচিৎ লাগে)।

পড়, পঢ়...ধাতু. (সং পঠ ধাতু। প্রাচীন বাং আসাং ও হিং পঢ়, মং পঢ ধাতু)। পড়ি, পঢ়ি—পাঠ আবৃত্তি অভ্যাস করি। পড়া, পঢ়া ॥ লেখাপড়া করা—লিখিতে পড়িতে শেখা; মন্ত্র পড়া—মন্ত্র আবৃত্তি করা; ময়না

পড়িতে পারে—শ্রব্ধ আবৃত্তি করিতে; প্রত্যহ পড়িলে পাঠ মনে থাকে - অভ্যাস। জল-পড়া, তেল-পড়া···ষ্য. যে জলে তেলে মন্ত্র পাঠ করা হইয়াছে। পড়ীয়া, পড়ীয়ে ·· ণ. (পড়া+ঈয়া)। পঠনশীল। পড়ুয়া, প'ড়ো...ষ্য. (পড়া+উয়া)। পাঠক, ছাত্র। পড়া, পঢ়া...ধাতু. (পড়, পঢ় ধাতু আস্তে)। পড়াই, পঢ়াই—পাঠ করিতে শিখাই, কুমন্ত্রণা দিই। পড়ানা, পঢ়ানা॥ পাখী পড়ানা—পাখীকে শব্দ আবৃত্তি করিতে শেখানা। পাখী-পড়ানা করা—পাখী যেমন না বুঝিয়া যাহা শোনে তাহা আবৃত্তি করে, তেমন করিয়া লোককে শেখানা।

পড়, পড়্-পড় ··ব্য. (পট্ দেখ)। সময়-ব্যাপী বিদারণ শব্দে, প্রঃ—কাপড়খানা পড়্-পড় করিয়া ছিঁড়িয়া গেল। (কিন্তু পট্-পট করিয়া—পুনঃ পুনঃ পট্ শব্দ করিয়া। দোড়ী পট্ করিয়া ছিঁড়ে, পড়্ করিয়া ছিঁড়ে—পট্-শব্দ ক্ষণিক, পড়্-শব্দ দীর্ঘ)। পড়্-পড়ানি।

পড়তা, পড়তি...পড় ধাতু পতনে দেখ।

পড়ন...পড় ধাতু পতনে দেখ।

পড়শ ··ষ্য. (সং পটীৱাসী, প্রতিৱেশী—পড়শী হইতে)। পার্শ্ব, প্রতিবেশী, প্রঃ—পড়শের গাঁ, লোক। পড়শী···ষ্য. পটীবাসী, প্রতিবেশী। (পাড়া-পড়শী দেখ)।

পড়া···পড় ধাতু দেখ। পড়া, পড়ুয়া, প'ড়ো···ণ. (পড়া উচ্চারণে ড়া দীর্ঘ হয়। ও° পড়িআ)। পতিত, পরিত্যক্ত, প্রঃ—পড়া জায়গা, পড়াতে গোরু চরানা—কৃষি পরিত্যক্ত স্থানে, প'ড়ো বাড়ী—বাসপরিত্যক্ত বাড়ী।

পড়া, পঢ়া···ষ্য. (সং পটহ)। আনদ্ধ বাদ্য-বিশেষ, প্রঃ—মঙ্গল পড়া (কবিকঃ)।

পড়াং, পড়াং-পড়াং...ব্য. (পড়—আম—শব্দে)। প্রহারে পট্ শব্দে, প্রঃ—পড়াং-পড়াং করিয়া বেত মারা—টান দ্রব্যের প্রহার শব্দে। পিড়িং-পিড়িং দেখ।

পড়াশ···ব্য. (পড়—আশ্—শব্দে)। প্রহারে পটাশ শব্দে।

পড়িছা.. ষ্য. (সং পরিজ্ঞা—যাজ্ঞিকে পরিচারকে —মেঃ। ও° পড়িজ্জা)। পূজা-পরিচারক, প্রঃ—চৈঃ চঃ, চৈতন্যমঙ্গল; প্রঃ—পূজা-চর্য্যা হরিবেক যত দেবালয় (চৈতন্যমঙ্গল)। (ভুলে আচর্য্যা)।

পড়ি-নাতি...ষ্য. (সং প্র-নপ্তা। আসা° পরি-নাতি, ও° পণ্-নাতি, ম° পণ-তূ)। প্রনপ্তা, নাতির পুত্র, প্রঃ—কৃষ্ণ বলেন ধ্রুব তুমি ব্রহ্মার পড়ি-নাতি (চৈতন্যমঙ্গল)। স্ত্রী° পড়ি-নাতিনী (অপ্রচলঃ)।

পড়িয়ান, পড়্যান···ষ্য. (সং প্রতিমান)। দাঁড়ীপাল্লার ওজন করিবার বাটখারা।··· ষ্য. (সং প্রতিৱাণি। সং ৱাণি—তাঁত বোনা। ও° পড়িআন; হি° বানা ভার্ণী; ম° ৱাণা। সং প্রতিতন্ত্র শব্দেরও অপভ্রংশ হইতে পারে। বা°তে ও°তে ভরণি শব্দও চলিত আছে। ভরণি—যাহা দ্বারা ভরণ—পূরণ হয়)। তাঁতের টানার তির্যক সূতা। টানাপড়িয়ান করা—এ দিকে ও দিকে ঘোরা।

পড়িয়াল···ষ্য. (সং পট্ট—গ্রাম+আল—পট্টীআল)। গ্রামের পটীর মণ্ডল বা কর্তা; পদবীবিশেষ।

পড়ুয়া, প'ড়ো...ষ্য. (পড়া+উয়া)। পাঠার্থী ছাত্র, প্রঃ—চৈঃ চঃ।

পঢ়…ধাতু. (সং পঠ ধাতু। পড় ধাতু দেখ)। পঢ়ি—পাঠ করি। পঢ়া॥ পঢ়া…ধাতু (পঢ় ধাতু আন্তে)। পঢ়ানা॥ প্রঃ—অব হি মদন পঢ়ায়ব পাঠ (বিদ্যাপতি)। (অপ্রচলঃ)।

পঢ়া…ষ্য. (সং পটহ)। পড়া নামক আনদ্ধ বাদ্যবিশেষ।

পণ…ষ্য. (সং)। কুড়ি গণ্ডা বা চারি বুড়ী। পণকিয়া…ষ্য. (সং পণক+বাং ইয়া)। পণসম্বন্ধীয় গণিত। পণ…ষ্য (সং)। মূল্য, প্রঃ—কন্যাপণ; প্রতিজ্ঞা, প্রঃ—ধনুকভাঙ্গা পণ। পণ ফাজিল…বিক্রয়ের পর যে টাকা উদ্বৃত্ত হয় (আদাঃ)।

পণ্ড…ণ. (সং)। নিষ্ফল।

পণ্ডিত…ণ. (সং। পণ্ডা—শাস্ত্রজ্ঞান+ইত)। শাস্ত্রজ্ঞ, বিদ্বান্; সংস্কৃতভাষাজ্ঞ; ধর্ম-পণ্ডিত। পণ্ডিতাই…ষ্য. (পণ্ডিত+আই। তুং বামনাই। আসাং পড়িতালী—যেমন নাগরালী)। পাণ্ডিত্য-প্রকাশ। পণ্ডিতি…ষ্য. (পণ্ডিত+ই)। পাণ্ডিত্য। পণ্ডিতী…ণ. (পণ্ডিত+ঈ)। পণ্ডিতের যোগ্য।

পতকা (গ্রাং)…ষ্য. (সং পতাকা)। পতাকা। ধ্বজা-পতকা……ষ্য. (সহচর শব্দ)। পতাকা।

পতঙ্গা…ষ্য. (সং পতঙ্গ, পতঙ্গিকা)। শর-কাঠির মাথায় বদ্ধ তালপাতার রচিত পুষ্প বাণ; ছেলেদের খেলানাবিশেষ, ইহা খেজুর-পাতা তাল-পাতা বাঁশের বেতীর রচিত পুষ্পবিশেষ, বাতাসের মুখে ধরিলে ঘুরিতে থাকে; বকম গাছ (দেখ)।

পতর…ষ্য. (সং পত্র)। ধাতুর পাতলা পাত, ধাতুর সরু ছোট পাত।

পতিত…ণ. (সং)। অকৃষ্ট (পড়া দেখ। ও' পড়িআ, মং পডীত); স্বধর্ম কিংবা স্বজাতি-ভ্রষ্ট।

পতিয়া…ধাতু. (সং প্রত্যয় হইতে। হিং)। পতিয়াই—প্রত্যয় যাই। পতিয়ানা॥ (প্রাচীন বাং)।

পত্তন…ষ্য. (সং—নগর। তুং আং বতন—জন্মভূমি)। নগর, প্রঃ—বিশাখা-পত্তন; স্থাপন, আরম্ভ, প্রঃ—গোড়া পত্তন করা। (পাতন হইতে?)।

পত্তনি…ষ্য. (সং পত্তন—নগর)। ইংরেজ-রাজ হইতে প্রাপ্ত গ্রামাদি যাহার কর দিতে হয়। পত্তনি তালুক…পত্তনি। পত্তনি-দার…ষ্য. (ফাং দার)। যিনি পত্তনি লইয়াছেন। দর-পত্তনি·ষ্য. (ফাং দর—অন্তঃ-বর্তী)। পত্তনি-দারের অধীনস্থ পত্তনি। সে-পত্তনি…ষ্য. (ফাং সে—তিন)। দর-পত্তনিদারের অধীনস্থ পত্তনি।

পত্তি (গ্রাং)…পথ্য।

পত্র…ষ্য. (সং)। পাতা; লিপি, অঙ্গীকার কিংবা আদেশ-লিপি, প্রঃ—দান-পত্র, বাটোয়ারা-পত্র, বিক্রয়-পত্র, যৌতুক-পত্র। পত্র-পাঠ…ষ্য. (সং)। পত্র-পঠন, প্রঃ—পত্র-পাঠ আসিবে-পত্র পড়িবামাত্র বিলম্ব না করিয়া। পত্রী…ষ্য. (সং)। লিপি।

পত্র…ষ্য. (সং পাত্র—ভাণ্ড, কোষ হইতে)। সমূহ, প্রঃ—তৈজসপত্র—তৈজস পাত্রাদি, জিনিষ-পত্র—দ্রব্যাদি, কাগজ-পত্র—কাগজ ইত্যাদি। (সমূহ অর্থে পত্র শব্দ ওংতেও আছে)।

পত্রিঙ্গা…ষ্য. (সং পতঙ্গ—পক্ষী)। শাখা-শ্রয়ী বর্গের পক্ষীবিশেষ। অন্য নাম বাঁশপাতা পাখী (দেখ)। বড় পত্রিঙ্গা…

মধুপায়ী ক্ষুদ্র পক্ষীবিশেষ (Blue-tailed bee-eater. Merops philipinensis)।

...ষ্য. (সং)। রাস্তা; উপায়। পথ-কর ··ষ্য. পথ-নির্মাণের নিমিত্ত টেক্স। ঘোর পথ, ঘোরা পথ ··যে পথে গেলে ঘুরিয়া যাইতে হয়। সোজা পথ...ঋজু পথ। হাঁটা পথ... যে পথে হাঁটিয়া যাইতে হয়। কু-পথ···ষ্য. (সং)। কদর্য পথ। সু-পথ ··ষ্য. (সং)। সুগম পথ, শ্রেষ্ঠ পথ। (সং পথিন্ শব্দ সমাসে শেষে বসিলে পথ হয়, যেমন দৃষ্টি-পথ, সৎ-পথ)।

...ান ·ষ্য. (সং প্রস্থান)। প্রস্থান, প্রঃ— কৌতুকে উলুকে চেপে কৈলাস পথান (মাঃ)।

...্য (গ্রাং পত্তি)···ষ্য. (সং—হিত, রোগীর যোগ্য ভোজ্য)। বাংতে অন্ন-ভোজন, প্রঃ—জ্বর ভোগের পর পথ্য করিয়াছেন— অন্ন পথ্য। (কিন্তু কুপথ্য, সুপথ্য শব্দে সংস্কৃত অর্থ দেহের অহিতকর হিতকর ভোজ্য অর্থ আছে)।

...··ষ্য. (সং। পদ—শব্দ, বাক্য, ব্যবসায়, প্রদেশ, পাদ, পদচিহ্ন, স্থান, শ্লোকপাদ প্রভৃতি অর্থ—মেঃ)। চরণ; পদদ্বয়-বিস্তার; প্রদেশ বা অধিকার; সম্মানসূচক অধিকার; বাক্যস্থিত শব্দ; শ্লোক ও গীতের চতুর্থাংশ; প্রকরণ, বিষয়। পদার্থ ··ষ্য. (সং)। শব্দের অর্থ; বস্তু। পদক···ষ্য. (সং)। সারণী; কণ্ঠের ভূষণবিশেষ।

...বি···ষ্য. (সং)। পথ; অবস্থা; অধিকার; অধিকারসূচক সংজ্ঞা বা উপনাম, প্রঃ— পদবি রায়।

...ব্রজ ··ষ্য. (সং পদব্রজ্যা। সং ব্রজ—গোষ্ঠ, পথ)। পদ দ্বারা গমন, প্রঃ—পদব্রজে আসা—হাঁটিয়া।

পদী ··ষ্য. পদ্মিনী বা পদ্মাবতী নাম সংক্ষেপে। (২) অন্য নাম পেদো—পাদ-গন্ধ হইতে। ওং নাম পাটরা—অর্থাৎ পাদ-রা। দৃঢ়পত্রী ষট্‌পদীবিশেষ (Lady bird)। লাল কিংবা হলুদাবর্ণ, তাহাতে কাল ফুটকী; কিংবা কৃষ্ণবর্ণ তাহাতে শাদা লাল হলুদা ফুটকী থাকে। গুড়ি গুড়ি চলে, সুন্দর উড়িতেও পারে। বাগানে শসা কুমড়া প্রভৃতি গাছে থাকে। ইহার পোকা (larva) জব-পোকা খাইয়া ফেলে। এক জাতির দেহে ফুটকী থাকে না। পোকা দেখ।

পদীপ (গ্রাং)...ষ্য. (সং প্রদীপ। পালি পদীপ। গ্রাং পিদিপ, পিদিম)। প্রদীপ, প্রঃ—শুং পুঃ।

পদ্ধিৎ (গ্রাং)···ষ্য. (সং পদ্ধতি)। বংশবাচক উপনাম বা পদবি।

পদ্ম···ষ্য. (সং। পালি পদুম। আসাং পদুম। ওং পদ্ম)। পঙ্কজ প্রসিদ্ধ পুষ্পবিশেষ (lotus)। শ্বেতপদ্ম রক্তপদ্ম এক জাতির (Nelumbium speciosum) দুই জাত (variety)। (রক্তপদ্ম—রক্তকমল গ্রাং রক্তকম্বল, নহে)। পদ্ম গ্রীষ্মকাল হইতে ফুটিতে থাকে। কাঁচা ফল মানুষে খায়। নীলপদ্ম···ষ্য. (সং নাম নীলোৎপল)। পঙ্কজ নীলবর্ণ শালুকবিশেষ (Nymphæa stellata)। (শালুক-ফুল শাদা; রক্তকমল শালুকের তুল্য, কিন্তু রক্তবর্ণ; নীলপদ্ম বা নীলকমল শালুকের তুল্য, কিন্তু নীলবর্ণ)। অন্য নাম নীলকমল। ইহার দুই জাত আছে। এক জাতের ফুল ছোট,

আ-নীল; অন্য জাতের ফুল বড়, নীল। বড় নীলপদ্ম সাধারণ নহে। স্থল-পদ্ম ··ষ্য. (সং। স্থলপদ্ম। অন্য সং নাম পদ্মচারিণী। স্থলকমল—ভাবপ্রকাশে তথাপি নাম গুলি পুরাতন সংস্কৃত নহে)। জবাদিবর্গের পুষ্প-ক্ষুপবিশেষ (Hibiscus mutabilis)। গাছ ৫।৬ হাত উচা হয়। বড় বড় পাতা। শরৎকালে ফুল ধরে। এই ফুল প্রথমে শাদা, পরে পদ্মবর্ণ হয়। (এই হেতু সং নাম পদ্মচারিণী)। পদ্ম কাঁটা ··ষ্য. (সং পদ্ম কণ্টক,পদ্মিনী-কণ্টক)। ত্বক্‌রোগ-বিশেষ (Lichen papillaris) পদ্মনালের কাঁটার মতন দেখিতে বলিয়া নাম। পদ্ম-কাষ্ঠ ··ষ্য. (সং)। পদ্মতুল্য সুগন্ধ কাষ্ঠ-বিশেষ। পদ্মগুলঞ্চ ··গুলঞ্চ দেখ। পদ্মনাভ ···ষ্য. (সং)। বিষ্ণু। শয়নে পদ্মনাভ··· শয়নকালে পদ্মনাভ-(বিষ্ণুর এক নাম) স্মরণ; শয়ন। পদ্মরাগ...ষ্য. (সং)। লাল পদ্মতুল্য বর্ণবিশিষ্ট মাণিক্যবিশেষ (spinel ruby)। পদ্মবীজ···ষ্য. (সং)। পদ্মের ফল। এই ফল বীজের মতন বলিয়া নাম। পদ্মিনী ··ষ্য. (সং)। সং-র্তে পদ্মগাছ বা পদ্মের ঝাড়, যাহাতে পদ্ম ধরে। বাংতে (প্রায়ই) পদ্ম। (এই রূপ, কমলিনী, মৃণালিনী)। পদ্ম ··ণ. (পদ্মের তুল্য বহুদল বলিয়া)। বহুদল, প্রঃ—পদ্ম-করবী, পদ্ম-জবা।

পন···ষ্য. (ইং pound)। ইংরেজী পাউণ্ড-প্রতিমান। ইহার ওজন এক ডবল পয়সা-কম আধ শের। পনী···ণ. (পন+ঈ)। এক পন ভারবিশিষ্ট,প্রঃ—১৬ পনী কাগজ—যে ২০ দিস্তা বা ১ রিম কাগজের ওজন ১৬ পন।

পনর (গ্রাং পনের)··ণ. ষ্য. (সং পঞ্চদশ। পালি পন্নরস। ব্যাকরণ দেখ)। পাঁচ অধিক দশ-সঙ্খ্যক,-সঙ্খ্যা; ১৫। পনরই, পনরই···সৌর মাসের পঞ্চদশ দিন।

পনা···প্রত্যয়. (সং পণ—ব্যবহার)। ব্যবহারে, প্রঃ—গিন্নী-পনা।

পনা···প্রত্যয়. (ফাং পনাহ্। তুং সং পা ধাতু পালনে)। আশ্রয়ে, প্রঃ—জাহাঁ-পনা—পৃথিবীর আশ্রয় (বাদশাহ সম্বোধনে)।

পনীর...ষ্য. (ফাং)। গোবৎসের আমাশয়-রস দ্বারা কাটানা দুধের ছেনা (cheese)।

পনে (গ্রাং)···ব্য. (পরে—অপভ্রংশে)। পরে, প্রঃ—সময় থাকিলে পনে করা যাইবে, গেলে পনে দেখা যাবে।

পনের...পনর দেখ।

পন্থ...ষ্য. (সং পথিন্ শব্দ হইতে সং পন্থাঃ। পন্থা হইতে)। পথ, প্রঃ—পন্থ বিপথ নাহি মানে (জ্ঞানদাস)। (অপ্রচলঃ)। পন্থা···ষ্য. (সং পন্থাঃ)। পথ, উপায়। পন্থী···ণ. পথধারী, প্রঃ—কবীর-পন্থী, নানক-পন্থী, খ্রিষ্টপন্থী।

পব্ব...পর্ব দেখ।

পব্বত···পর্বত দেখ। কথায়, হাত ঝাড়িলে পব্বত—হাতে এত স্বর্ণমুদ্রা আছে যে, ঝাড়িলে তাহা পর্বতপ্রমাণ হইতে পারে (স্তুতিতে)।

পমেটম···ষ্য. (ইং pomatum. অন্য নাম pomade। লেটিন pomum—আপেল বা সেও ফল। পূর্বে এই ফল হইতে পমেটম হইত)। কেশের নিমিত্ত ঘৃতবিশেষ।

পম্প···ষ্য. (ইং pump)। উপরে জল তুলিবার কলবিশেষ, বোমাকল; পাত্র বায়ুশূন্য

করিবার যন্ত্রবিশেষ। পম্প, পম্প-জুতা, পম্প-সু...ষ্য. (ইং pump ; pump-shoe)। তলা-পাতলা চটী জুতা বিশেষ।

পয়...ষ্য. (সং ভগ—সৌভাগ্য। ভগ—ভয়—পয়। তুং মং পায়গুণ—ভাগ-গুণ)। সৌভাগ্য। পয়মন্ত...ণ. (পয়+মন্ত)। সৌভাগ্যবান্। (নিষেধে, অপয়া...ভাগ্যহীন, লক্ষ্মীছাড়া)।

পয়গম্বর (গ্রাং পগম্বর) ..ষ্য. (ফাং)। মুসলমান-ধর্মে ঈশ্বরপ্রেরিত ভবিষ্যদ্বক্তা।

পয়জার...ষ্য. (ফাং)। চটী জুতা। পয়জার... ধাতু. পয়জারি—চটীজুতা দ্বারা প্রহার করি। পয়জারা ॥ পিয়াজ-পয়জার...ষ্য. (পিয়াজ, প্যাজ ..পাদুকা। অতএব সহচর শব্দ)। পাদুকা-প্রহার।

পঁয়তাল্লিশ ..ণ. ষ্য. (সং পঞ্চচত্বারিংশৎ। পঞ্চ-চাল্লিশ—পঁয়তাল্লিশ)। পাঁচ অধিক চল্লিশ-সঙ্খ্যা,-সঙ্খ্যক ; ৪৫।

পঁয়ত্রিশ...ষ্য. ণ. (সং পঞ্চত্রিংশৎ)। পাঁচ অধিক ত্রিশ-সঙ্খ্যা,-সঙ্খ্যক ; ৩৫।

পয়দল...পায়দল দেখ ; পদাতি, প্রঃ—শূং পুঃ।

পয়দা ..ণ. (ফাং)। প্রসূত, জাত।

পয়নালা...ষ্য. (সং পয়ঃনালক)। জলনির্গম-প্রণালী। পয়নালী...ষ্য. সরু জলনালী (a water-pipe)।

পয়-পয় ..ব্য. (সং ভূয়ঃ ভূয়ঃ)। পুনঃ পুনঃ, বারম্বার, প্রঃ—পয় পয় বারণ করা।

পয়মাল...ণ. (ফাং পাএমাল। পা, পাএ= সং পাদ—পায়)। পদ দ্বারা মর্দিত ; বিনষ্ট, প্রঃ—ফশল পয়মাল করা।

পয়লা, পইলা...(পহিলা দেখ)। প্রথম দিন, প্রথম।

পয়সা...ষ্য. (সং পাদ হইতে পাই ; পাই-সদৃশ—পাইসা—পয়সা। হিং পৈসা ; ওং পইসা, ময়মনসিংহে পইসা)। এক আনার চতুর্থাংশ মুদ্রা। পয়সা-আলা...ণ. (আলা —বিশিষ্ট)। ধনবান্। পয়সাকিয়া, পয়-সাক্যে...ণ. (পয়সা+ক+ইয়া)। তুং পণকিয়া, শতকিয়া)। এক পয়সা মূল্য-যার, প্রঃ—পয়সাকিয়া সূতা। পয়সানিয়া ...ণ. (পয়সাকিয়া রূপান্তরে। তুং কড়া-কিয়া—কড়ানিয়া)। পয়সাকিয়া, প্রঃ—পয়সানিয়া টিকিট। পাই-পয়সা...পাই দেখ।

পঁয়ষট্টি ..ণ. ষ্য. (সং পঞ্চষষ্টি)। পাঁচ অধিক ষাটি সঙ্খ্যক,-সঙ্খ্যা ; ৬৫।

পয়াড় ..ষ্য. (সং প্রবাহ)। আলির উপর দিয়া জলস্রোত, প্রঃ—অতিবৃষ্টির পর গ্রামে পয়াড় বহে।

পয়ান ..ষ্য. (সং প্রয়াণ) প্রস্থান, গমন, প্রঃ—একলি কয়ল পয়ান (বিদ্যাপতি)—একলা প্রয়াণ করিল ; হংসাদিক পয়ানা (খনা)—হংস—শ্বাস, প্রাণত্যাগ ; বিজয়া দশমী দিনে করিলা পয়ান (চৈঃ চঃ)।

পয়ান, পোয়ান..ষ্য. (সং পবন। যথা, পবনং কুম্ভকারস্য পাকস্থানে—মেঃ। আসাং পাগ-শালি। ওং উহ্যা—সং উখা—চুল্লী। হিং আঁবা ওং উম্ভেই—সং উদ্ধান বাং উনান)। কুমারের বাসন পোড়াইবার বৃহৎ চুলী। পয়ান-শালা, পোয়ান-শাল...যেখানে পয়ান আছে। ইহার উপরে চাল থাকে।

পয়ার..ষ্য. (সং পদ+বাং আর—বিশিষ্ট অর্থে ওং পআর)। পদবিশিষ্ট রচনা, বাঙ্গালা ছন্দ-বিশেষ, ইহাতে চৌদ্দ অক্ষর থাকে।

পর্...ধাতু. (সং পরি-ধা ধাতু। পরি-ধা—পরি-হা—পরি-হি—পরি। তুং সং দা—বাং দি, সং পা—বাং পি ধাতু। বাং পরা, ওং পিন্ধা (সং পিধান), হিং পিনহানা (সং পি-নাহ) বা পহিরানা, মং নেসর্ণে)। পরি—পরিধান, দেহে ধারণ করি, প্রঃ—কাপড় পরা, জুতা পরা। পরা॥ পরন ··ষ্য. পরিধান, প্রঃ—পরনে ধুতি। পরা ··ধাতু. (পর ধাতু আস্তে)। পরাই—পরিধান করাই ; প্রবিষ্ট করাই, প্রঃ—ছুঁচে সুতা পরাও। পরানা॥

পর...ষ্য. (সং প্রহর। ওং পহর। পহর দেখ)। প্রহর, প্রঃ—দু-পর বেলা ; চারি পরে সাত ডিঙ্গা করিয়া নির্ম্মাণ (কবিকঃ)।

পর ··ব্য. (সং উপর)। উপর, প্রঃ—রাস্তার পর দিয়া নালা। (রাঢ়ে প্রায় অপ্রচলঃ)। (পদ্যে)।

পর...ণ. (সং)। অন্য, ভিন্ন, প্রঃ—পর কাজ, পর গাঁ, পর-বশ। পর ··ষ্য (সং)। শত্রু, প্রঃ—পর-দল ; অন্য ব্যক্তি, প্রঃ—আপনার পরের কাজ। পর-গাছা···ষ্য. অন্য গাছে জন্মে যে গাছ (বন্দা দেখ)।

পর···ষ্য. (ফাং। তুং সং পল)। পাখীর পালখ। (ওংতেও চলিত। ঢাকায় ফইর)।

পরং···ষ্য. (সং প্রহরণ—তালভেদ ! কিংবা সং প্রবন্ধ)। ঢাক ঢোল প্রভৃতির বাদ্যালঙ্কার।

পরকলা...ষ্য. (ফাং পরকালৢ)। কাচ ; ডাক সাজের মাঝের কাচের আরশী।

পরকিৎ (গ্রাং) ··ষ্য. (সং প্রকৃতি)। প্রকৃতি, স্বভাব, প্রঃ—লোকের পরকিৎ এমনই বটে।

পরখ ··ষ্য. (সং পরীক্ষা)। পরীক্ষা, বিনিশ্চয়। পরখ ··ধাতু. পরখি—পরীক্ষা পর্যালোচনা করি। পরখা॥ সোনা পরখা...সোনার গুণ পরীক্ষা। পরখ-দার···ষ্য. (ফাং দার)। পরীক্ষক। পরখা···ধাতু. (পরখ ধাতু আস্তে)। পরখানা॥

পরগনা ··ষ্য. (ফাং পরগনা। সং প্রগণ)। জিলার ভাগ, রাজস্ব অনুসারে প্রদেশভাগ। (পূর্ব্বকালে কয়েকটা ডিহি লইয়া পরগনা হইত)।

পর গাছা···পর দেখ। বন্দা দেখ।

পর চালা···চালা দেখ।

পর-চুল, পর-চুলা···ষ্য. ছদ্মবেশ নিমিত্ত পরের চুল।

পরজ ·রাগরাগিণী দেখ।

পরটা ··ষ্য. (হিং পরাঠা, পরাঁঠা। পর পর—আটা—পরাটা)। গমের আটার পর পর স্থাপিত ও ঘিয়ে ভাজা পিষ্টকবিশেষ, প্রঃ—পাক করে পদ্মিনী পরটা পিঠে বসি (মাঃ) —পিঠে—পিঠা।

পরণ ··পর ধাতু দেখ।

পরত ··ষ্য. (সং প্রতি—ব্য.—ব্যাবৃত্তি, ব্যাপ্তি। হিং)। ভাঁজ, প্রস্থ। (পরল দেখ)।

পরতাল···ষ্য. (সং পরতোল)। পুনর্বার তৌলন, মাপন, প্রঃ—পরতাল জরিপ। পরতাল ··ধাতু. পরতালি—পুনর্বার তৌল করি, মাপি। পরতালা॥ পরতালা...ধাতু. (পরতাল ধাতু আস্তে)। পরতালানা॥

পরতীত...ণ. (সং প্রতীত)। প্রতীত, প্রঃ—প্রাচীন পদে।

পরতেক...ণ (সং প্রত্যক্ষ)। প্রত্যক্ষ, প্রঃ—সেই স্বপ্ন পরতেক (চৈঃ চঃ)। (অপ্রচলঃ)।

পরদেশী ··ণ. (সং পরদেশীয়)। ভিন্ন দেশবাসী।

পরব···ষ্য. (সং পর্ব)। উৎসব।

পরবর···ষ্য. (ফা° পর্‌বর)। প্রতিপালক (প্রায়ই সমাসে), প্রঃ—গরিব-পরবর—দুঃখীপ্রতিপালক।

পরবশ...ণ. (সং পরবশ)। পরাধীন।

পরবস্তি...ষ্য. (ফা° পরবরিস)। জীবিকা-নির্বাহ। পরবস্ত ··ণ. প্রতিপালিত।

পরবা (গ্রা°)···পরোয়া দেখ।

পরমাই···ষ্য. (সং পরমায়ুঃ)। পরম আয়ুঃ, প্রঃ—কবিকঃ।

পরমাণিক ··ষ্য. (সং প্রামাণিক)। জাতির প্রধান যিনি সে জাতির সমাজব্যবস্থা করেন; নাপিত। (নাপিতের পরমাণিক—মূর্ধনিয়া—গ্রা° মুদ্ধন্যে)।

পরমান্ন ··ষ্য. (সং। অন্য সং নাম ক্ষীরিকা)। পায়স, দুগ্ধ ঘৃত শর্করা-যোগে পক্ক অন্ন, পাকশেষে এলাচি কর্পূরাদি যোগে সুবাসিত করা হয়। (সং-তে পায়স পরমান্ন এক। বাং-তে সুজি চিড়া প্রভৃতির পায়স, চালের পরমান্ন)।

পরল···ষ্য. (সং পটল—গৃহাচ্ছাদনে—অঃ)। চালের নিম্নে কাঁথের উপরিভাগ, প্রঃ—পরলে ২ যেন বেড়ায় সাপিনী (কৃত্তিঃ লং); মূষিক হইয়া রাধা পরলে বসিল (কলঙ্ক-ভঞ্জন)।

পরল···ষ্য. (সং পুর হইতে)। পরত, প্রঃ—সাত পরল (কৃত্তিঃ লং)। (পুর দেখ)।

পরলোক ··ষ্য. (সং)। লোকান্তর, মৃত্যু।

পরশ ··ষ্য. (সং স্পর্শ)। স্পর্শ। পরশ-পাথর ··ষ্য. (সং স্পর্শপ্রস্তর। অন্য সং নাম স্পর্শমণি)। কাল্পনিক প্রস্তরবিশেষ, যে প্রস্তরের স্পর্শে লোহা সোনা হয়।

পরশু···ষ্য. (সং)। কুঠার, টাঙ্গি।

পরশু ··ব্য. (সং পরশ্বঃ)। আগামী দিনের পর দিন কিংবা আগত দিনের পূর্ব দিন।

পরষ ··ধাতু. (সং পরি-বিষ ধাতু ব্যাপ্তি, পরি-বেষণে। ও° পরস, হি° পরোস ধাতু)। পরষি—ভোজ্য বণ্টন করি, পরিবেষণ করি, প্রঃ—পরিসএ জনক ঝিআরি (শূং পুঃ), পরষে রামা (কবিকঃ), ডানি করে ধরি অন্ন পরশেন মাতা (ভাঃ)। পরষা॥ (ধাতুটি অপ্রচলঃ হইতেছে)।

পরা···পর ধাতু দেখ।

পরাণ...ষ্য. (সং প্রাণ। শূং পুঃ—পান)। প্রাণ, জীবন। পাঁচ পরাণ ··পঞ্চপ্রাণ বায়ু। পরাণি ··ষ্য. প্রাণ, প্রঃ—গোরা যেন পরাণের পরাণি (নবদ্বীপপরিক্রমা)। (প্রাণ দেখ)।

পরামশ (গ্রা°)···ষ্য. (সং পরামর্শ)। পরামর্শ, মন্ত্রণা।

পরামাণিক...পরমাণিক দেখ।

পরি ··ব্য. (সং উপরি)। উপরি (পদো)।

পরিছা ··পড়িছা দেখ।

পরিচ্ছন্ন ··ণ. (সং)। আবৃত, আচ্ছন্ন, সজ্জিত। পরিষ্কার-পরিচ্ছন্ন ··পরিষ্কৃত ও সজ্জিত।

পরিচ্ছিন্ন...ণ. (সং)। বিভক্ত, প্রঃ—পরিচ্ছিন্ন নাহি সন্ধ্যা দিবস রজনী (কবিকঃ)।

পরিতোষ···ষ্য. (সং)। সন্তোষ, তৃপ্তি।

পরিত্তান (গ্রা°)···ষ্য. (সং পরিত্রাণ)। পরিত্রাণ।

পরিত্যজ্য (গ্রা°) ··ণ. পরিত্যাজ্য।

পরিত্রাহি (গ্রা° পরিত্তাহি)··ষ্য. (সং-তে ক্রিয়াপদ)। রক্ষা কর রব, প্রঃ—নগরের লোক সব পরিত্রাহি ডাকে (মাঃ)।

পরিপাটি …ষ্য. (সং)। অনুক্রম, সুরীতি, প্রঃ—দানের করিল রাজা অতি পরিপাটী (কৃত্তিঃ)।…ণ. বাং-তে, সুশৃঙ্খল, সুরীতি-সঞ্জাত।

পরিপোষণ…ষ্য. (সং)। পরিপালন, প্রঃ—সংসার পরিপোষণ।

পরিবার…ষ্য. (সং)। পোষ্য, প্রঃ—বড় পরিবার; পত্নী (আধুনিক অর্থ)। স্ত্রী-পরিবার…ষ্য. (প্রায় সহচর শব্দ)। স্ত্রী ও পরিবার। পরিবার পরিজন…ষ্য. (সহচর শব্দ)। পরিবারবর্গ।

পরিশ, পরিশ পিপল…ষ্য. (সং পারিশ পারিষ—ভাবপ্রকাশে। অমরের, গর্দভাণ্ডে কন্দরাল-কপীতন-সুপার্শ্বকা-প্লক্ষশ্চ—এই সকল নামও পারিষের আছে—শব্দকল্পঃ)। জবাদিবর্গের তরুবিশেষ (The tulip or Portia tree. Thespesia populnea)। পাতা পানের আকার, অগ্র অশ্বত্থের পাতার মতন লম্বা (এই হেতু বাং-তে পিপল, সং পিপ্পল শব্দ পরিশ সহিত যুক্ত হইয়াছে। ফুল বড় বড় হরিদ্রাবর্ণ, বর্ষাকালে ফোটে। ফল গর্দভের অণ্ডকোষ তুল্য বলিয়া সং গর্দভাণ্ড, পাকুড় গাছের মতন পাতা বলিয়া এবং গাছ চিরিলে হলুদা রস নির্গত হয় বলিয়া সং প্লক্ষ নামও পাইয়াছে। চট্টগ্রাম ও সুন্দরবনে এবং দক্ষিণভারতে সমুদ্র-নিকটবর্ত্তী প্রদেশে প্রচুর জন্মে। (পরিশ, পারিশ নাম তামিল নাম)।

পরিষ্কার…ষ্য. (সং)। নির্ম্মলতা, শোধন, মার্জ্জন, সজ্জিতকরণ।…ণ. বাংতে পরিষ্কৃত নির্ম্মল। পরিষ্কার-পরিচ্ছন্ন…ণ. (বাংতে সহচর শব্দ)। নির্ম্মলীকৃত ও সজ্জিত।

পরিহর…ধাতু. (সং পরি-হৃ ধাতু—হরণে)। পরিহরি—ত্যাগ করি। (পদ্যে)।

পরিহার…ষ্য. (সং)। দোষের মার্জ্জনা; বিসর্জ্জন, বিদায়, প্রঃ—কৃত্তিঃ, কৃতাঞ্জলি পুটে পরিহার (গুরুদক্ষিণা), পরিহার মাগে।

পরী…ষ্য. (ফাং। পর—পক্ষ আছে বলিয়া)। পক্ষবিশিষ্ট দেবীতুল্য নারীবিশেষ (ফাং গ্রন্থের। তুং অপ্সরা); পরীতুল্য সুন্দরী নারী। ডেনা কাটা পরী—রূপে পরী, পক্ষ থাকিলে পরী বলা যাইতে পারিত)।

পরীক্ষ…ধাতু. (সং পরি-ঈক্ষ ধাতু)। পরীক্ষি—দোষ গুণ বিচার করি। (পদ্যে)। পরীক্ষা…ষ্য. (সং)। দোষগুণ বিচার। পরীক্ষা লওয়া—দোষ-ক্ষালনের নিমিত্ত পরীক্ষার হেতু দ্রব্যাদি-গ্রহণ। (পূর্ব্বকালে নানাবিধ পরীক্ষা ছিল। সং শুক্রনীতি দেখ। কবিকঃ-তে খুল্লনার পরীক্ষা দেখ)। পরীক্ষা লওয়া—আধুনিক অর্থ, জিজ্ঞাসাবাদ ও কার্য দ্বারা উৎকর্ষ বিচার করা।

পরেষান…ণ. (ফাং)। বিপন্ন, বিহ্বল। পরেষানি…ষ্য. (ফাং)। বিপদ, বিহ্বলতা।

পরোয়া…ষ্য. (ফাং পর্‌বা)। চিন্তা। বে-পরোয়া…ণ. (ফাং)। নিশ্চিন্ত, স্বাধীন।

পরোয়ানা…ষ্য. (ফাং পরওআনাহ্)। লিখিত আদেশ (আদাঃ)।

পরোল…ষ্য. (সং দীর্ঘপটোলিকা। অন্য বাং নাম তরই, তরুই। ওং তরড়া)। কুষ্মাণ্ডাদিবর্গের ঝিঙ্গার তুল্য বৃহৎ প্রতানীবিশেষ (Luffa ægytiaca)। পুং ফুলে কেশর ৫টা, ফল বড় পীতবর্ণ, দশ-শিরা। তিতা পরোল…পরোল তুল্য বন্য

গাছ (L. amara)। পুং পুষ্পে কেশর ৩টা। ফল তিক্ত, ভেদক।

পর্দা ··ষ্য. (ফা°)। বস্ত্রাদির আচ্ছাদন; পট, ঝাণ্ডপট; গোপন। চোখের পর্দা···চোখের পাতা। চোখের পর্দা না থাকা—নির্লজ্জ হওয়া। পদানসীন ··ণ. (ফা° নষীন—উপবেশন)। আবরণের ভিতরে থাকে যে; কুলবধূ। পর্দা ফাঁই (গ্রা°) ··পর্দা ফাঁক, প্রঃ—পরনের কাপড় ছিঁড়িয়া পর্দা ফাঁই হইয়াছে (অশিষ্ট)। পর্দা···ষ্য. সেতারের বিভিন্ন সুর প্রকাশের লোহা বা পিতলের আড়ী বা ঘাটী। বে-পর্দা ··ণ. (ফা°)। অনাচ্ছাদিত, আবরণহীন।

পর্ব (গ্রা° পব্ব) ··ষ্য. (স° পর্বন্)। উৎসব, অধ্যায়, প্রঃ—আঠার পর্ব মহাভারত; ব্যাপার, প্রঃ—শুন পর্ব্ব গর্ব খর্ব গর্ভবতী ঝী (ভাঃ); ভঙ্গী, প্রঃ—পর্ব ছাড় আসল কথা কি; পর্ব্ব করিয়া বেড়ানা।

পর্বত (গ্রা° পব্বত)···ষ্য. (স° পর্ব্+ত—যাহাতে গ্রন্থি আছে)। প্রস্তরাদির পর্বত। পাহাড়-পর্বত···ষ্য. (সহচর শব্দ)। পর্বত। উপমায় হাত ঝাড়িলে পর্বত—হাতের মুঠায় এত টাকা থাকে যে, সে টাকাতে পর্বত হইতে পারে (স্তুতিবাদে)। পর্বতের আড়ালে থাকা—পর্বতে ঝড় লাগে, তাহার পশ্চাতে যে থাকে তাহাকে ঝড় সহিতে হয় না; ইহা হইতে ধনী লোকের আশ্রয়ে থাকা।

পর্মিট ··ষ্য. (ই° permit)। শুল্ক-আদায়ের ঘর হইতে মাল সরাইবার অনুমতিপত্র।

পর্যটক···ষ্য. (স°)। ভ্রমণকারী।

পর্যন্ত···ষ্য. (স°)। সমীপে, প্রান্তে, সীমায়।

পর্শ ··ষ্য. (স° স্পর্শ)। স্পর্শ। পর্শ...ধাতু. (স° স্পর্শ ধাতু)। পর্শি—স্পর্শ করি। পর্শ ॥ পর্শা···ধাতু. (পর্শ ধাতু আস্তে)। পর্শানা ॥

পসর্···ষ্য. (স° প্রসব)। সন্তান-প্রসব।

পল ··ষ্য. (স°)। চারি তোলা উন্মান; এক দণ্ড কালের ষাটি ভাগের এক ভাগ, প্রঃ—পলকে আয়ু বার দিন (খনা)—পলকে—পল প্রতি; খড়ের পাতা (পোয়াল দেখ)।

পল ··ষ্য. (ফা° পহলু)। পার্শ্ব। পল-তোলা ··ণ. যাহার পার্শ্ব করা হইয়াছে, প্রঃ—পল-তোলা হীরা। তে-পল···ত্রিপার্শ্ব। চৌপল···চতুঃপার্শ্ব। পলিয়া, পল্যে···পার্শ্ব-বিশিষ্ট, প্রঃ—আট-পলিয়া।

পলক···ষ্য. (স° পল—কাল-পরিমাণ নিমেষ দ্বারা গণিত হইত। ২৫ নিমেষে পল)। যাহা দ্বারা পল পরিমাণ করিতে পারা যায়, চক্ষুর নিমেষ, প্রঃ—রাত্রে চোখের পলক পড়ে নাই।

পলকা···ণ. (স° পলীকৃত—শুক্লতাপ্রাপ্ত। ও° পলুখা)। অসার, প্রঃ—পলকা কাঠ—গাছের ছালের নীচের অসার অংশ; জীর্ণ, প্রঃ—পল্লকা শরীর। পলকা···ধাতু পলকাই—জীর্ণ পলিত হই। পলকানা ॥

পলটন···ষ্য. (ই° battalion। উর্দু)। যুদ্ধের নিমিত্ত সজ্জিত সৈন্যদল। কালা পলটন···এদেশীয় সৈন্যদল। গোরা পলটন···ইয়ুরোপীয় সৈন্যদল।

পলতা···ষ্য. (স° পটোলপত্র, পটোললতা)। পটোল গাছের পাতা। (এই হেতু পলতা-পাতা বলা ভুল)।

পলস্তারা ··ষ্য. (ই° plaster)। গৃহভিত্তিতে লেপ। (স° পুস্ত)।

পলা ··ষ্য. (স° পল—চারি তোলা পরিমাণ হইতে। ও° ম° পঠা, হি° পলা)। পল-পরিমিত তেল ঘি মাপিবার লোহার চমস-বিশেষ, পাত্র হইতে তেল ঘি তুলিবার লোহার চমস।

পলা···ষ্য. (স° প্রবাল)। সমুদ্রের প্রাণীবিশেষের (Red coral. Corallium rubrum) লালবর্ণ খোলা। আরবসাগরের তট-নিকটস্থ সাগরে পাওয়া যায় এবং উপরত্ন গণ্য হয়। (উর্দু নাম সং-ই-মর্জান)। পলা-কাঁঠী···ষ্য. (প্রবালকণ্ঠী)। প্রবালের কণ্ঠী।

পলা, পালা···ধাতু. (স° পরা-অয়ন=পলায়ন হইতে। পরা=পলা। উপসর্গটি বা°তে ধাতু হইয়াছে। তু° পর ধাতু)। পলাই, পালাই—ভয়াদি হেতু প্রস্থান করি, প্রঃ—এই যুক্তি কর পলাইতে (কৃত্তিঃ), যত রাজ-পুত্র আসি পলায় হারিয়া (ভাঃ)। পলানা, পালানা।

পলাও, পোলাও···ষ্য. (ফা° পলাও, পুলাও। তু° স° পলান্ন—পল আমিষ+অন্ন)। মৎস্য কিংবা মাংসের যুষে সিদ্ধ অন্ন।

পলাতক···ণ. (স° পলায়িত)। যে পলায়ন করিয়াছে, প্রঃ—আমি নই পলাতক আসামী (রামপ্রসাদ)।

পলারী···ষ্য. (পলা+আরী—পলপরিমিত পাত্র)। ছোট উচা-কানা থালী।

পলাশ ··ষ্য. (স°। অন্য স° নাম কিংশুক। ও° পঠাশ। হি° নাম ঢাক)। শিম্বাদিবর্গের মধ্যমাকৃতি তরুবিশেষ (Butea frondosa)। গাছ আঁকা-বাঁকা। পাতা ত্রিপর্ণ, শীতা-বসানে ঝরিয়া পড়ে। (বিস্তৃত পত্র বলিয়া নাম পলাশ—অঃ টীঃ। কিন্তু পলং পত্রং অশ্নাতি ত্যজতি—পলাশ—ব্যুৎপত্তি আরও ভাল)। বসন্তাগমে শুকচঞ্চুবর্ণ পুষ্পে গাছ ভরিয়া যায়। (শুকতুণ্ডের ন্যায় পুষ্প বলিয়া নাম কিংশুক—অঃ টীঃ)। ভারতের সর্বত্র পলাশ গাছ আছে। এক এক স্থানে পলাশ-বন হয়। ছাল চিরিয়া দিলে রক্তবর্ণ নির্যাস বা আঠা (Bengal kino) বাহির হয়। ফুল জলে সিদ্ধ করিলে এক সুন্দর রং পাওয়া যায়। কিন্তু রং কাঁচা। এ কারণ পূর্বকালে ইহা দ্বারা আবীর রঞ্জিত করা হইত। পলাশ-বীজকে পলাশ-পাপড়া বলে। ভূ-পলাশ...ষ্য. (স° নাম হস্তিকর্ণ পলাশ)। পলাশ তুল্য গাছ (B. superba)। কিন্তু স্থূল প্রতানী। এই হেতু নাম ভূ পলাশ। পলাশ অপেক্ষা ফুল বৃহৎ। মধ্য ও দক্ষিণ-ভারতে জন্মে।

পলি···ষ্য. (স° পলল—পঙ্ক। পালি পলি। আসা° পল, পলস। ও° পটু)। নদীর বানের জলের পাঁক বা কাদা (বালি নহে), প্রঃ—আথল পলি (শূং পুঃ)।

পলিতা···ষ্য. (স° প্রদীপ্ত পালি পলিত্ত। কিন্তু অর্থান্তর হয়। স° বর্তিকা—বরিতা —পলিতা। ও° পলিতা, হি° পলীতা। তু° আ° ফতীলা)। দীপবর্তিকা, প্রঃ—কামানে পলিতা দিয়া কাঁপাইল মাটি (মাঃ)। (কেরোসীন দীপের পলিতা, প্রদীপের শলিতা)।

পলু পোকা ··ষ্য. (স° পল্লব—পলু)। তুৎ পাতা খায় যে কৃমি (mulberry silk worm. Bombyx)। বড় পলু ছোট পলু দেশী পলু প্রভৃতি নানা জাতি আছে।

পলু ··ষ্য. (ই॰ plough)। বই বাঁধিয়া পাতার ধার কাটিবার ছুরীবিশেষ। পলু-পেলেন ··ষ্য. (ই॰ plough plane)। plane—রাঁধা, plough—ঝরি কাটা রাঁধা)। কাঠে ঝরি-কাটা রাঁধা।

পলো, পোলো · ষ্য. (স॰ পলৱ)। মাছ ধরিবার ঝোড়াবিশেষ। (জাল দেখ)।

পল্লী · ষ্য. (স॰। ম॰ পাল)। টিক্‌টিকি অপেক্ষা বৃহৎ ও চিক্কণ সরীসৃপবিশেষ। পল্ল—ধান্যাদির পালই, গাছে ঘরের কাঁথে চড়ে।

পল্লী-গ্রাম ··ষ্য. (স॰, কিন্তু সহচর শব্দ। অনেকে মনে করেন, পল্লী শব্দ গ্রামের বিশেষণ,কিন্তু তাহা নহে। পাড়া-গাঁ দেখ)। পল্লী, গ্রাম। (বৃহৎ হইলে গণ্ড-গ্রাম)।

পশ...ধাতু. (স॰ প্র-ৱিশ ধাতু। ও॰তে পশ ধাতু বহু প্রচলঃ)। পশি—প্রবিশি, প্রঃ—আচম্বিতে পচা গন্ধ নাসাতে পসিলাম (শূঃ পুঃ), প্রঃ—পৈশে (চৈঃ চঃ)—পশে। (পৈশে—পইশ ধাতু হইতে। ইহা শুদ্ধ ; কারণ প্রৱিশ—পইশ)। পশা॥ (অধুনা পদ্যে)।

পশ্‌তা ··ধাতু. (স॰ পশ্চাৎতপ্ত হইতে)। পশ্‌তাই—পশ্চাৎ তপ্ত হই, অনুশোচনা করি। পশতানা॥

পশম ··ষ্য. (ফা॰ পষম। তু॰ স॰ পশুলোম)। ছাগমেষাদির লোম (wool)। পশমী···ণ. পশমনির্মিত। পশমিনা ··ষ্য. (ফা॰)। পশম বস্ত্র, ছাগ মেষাদির হ্রস্ব লোমজাত বস্ত্র।

পশরী, পশেরী···ষ্য. (পঞ্চশের+ঈ ঢাকায় পানসারা)। পাঁচ-শেরী পড়িয়ান (ওজন দেখ)।

পশু···ষ্য. (স॰। যথা, ইত্যাদয়ো মৃগেন্দ্রাদ্যা গৱাদ্যাঃ পশুজাতয়ঃ—অঃ)। চতুষ্পদ জন্তু ; ছাগ ; মূর্খ (গালিতে)। পশু-পক্ষী··· চতুষ্পদ জন্তু ও পক্ষী।

পশ্চিম (গ্রা॰ পচ্চিম)···ণ. (স॰ পশ্চিম্)। সূর্যোদয় দিকের পশ্চাৎ দিক্। পশ্চিমা (গ্রা॰ পচ্চিমা) ··ণ. (পশ্চিম+আ)। পশ্চিম-দেশীয়। পশ্চিমিয়া, পশ্চিম্যে ··ণ. (পশ্চিম +ইয়া)। পশ্চিমদিগ্‌ভব, প্রঃ—পশ্চিমিয়া ঝড়; পশ্চিমদেশীয়। পশ্চিমা রোগ···গোরু দেখ।

পশ্বাধম (গ্রা॰) ··ণ. (পশু+অধম)। পশুর অধম।

পষ্ট ··ণ. (স॰ স্পষ্ট)। স্পষ্ট। পষ্টাপষ্টি ··ণ. অতি স্পষ্ট।

পসন্দ, পছন্দ...ষ্য. (ফা॰ পসন্দ্)। অভিলাষ, রুচি, গ্রহণ।...ণ. মনোমত, নির্বাচিত। বে-পসন্দ...ণ. গ্রহণ-অযোগ্য, অসুন্দর।

পসরা···ষ্য. (স॰ পণ্য-শরাৱ ? পসারী দেখ। ও॰ পসরা)। যে পাত্রে পণ্য দ্রব্য বিক্রয়ার্থ রাখা হয়, প্রঃ—রসের পসরা কাছে (জ্ঞান-দাস); পণ্যদ্রব্য-সম্ভার।

পঁসরী···পঁশরী দেখ।

পসলা ··ষ্য. (স॰ প্রৱর্ষণ হইতে। ম॰ পহাঊ)। বেগবান্ বর্ষা, প্রঃ—এক পসলা বৃষ্টি।

পসার···ষ্য. (স॰ প্রসার)। পণ্যবিক্রয়, প্রঃ—কেহ দূরে করএ পসার (শূঃ পুঃ) ; ব্যবসায়-বিস্তার। পসার ··ধাতু. পসারি—প্রসারিত করি, প্রঃ—দুই হাত পসারিয়া (চৈঃ চঃ)। পসারা॥

পসারী···ষ্য. (হি॰ পনসারী—স॰ পণ্যশালা+ ঈ ? পণ্য-শরাৱ+ঈ ? ম॰ পসারী)। দেশীয় ঔষধাদি বিক্রেতা। স্ত্রী॰ পসারনী।

পত্থান (গ্রা°)···ষ্য. (স° প্রস্থান)। প্রস্থান। (অন্য রূপ পথান, পিঠ-টান)।

পহর, পর···ষ্য. (স° প্রহর)। প্রহর বেলা। আট পহর ··দিবা রাত্রি। আট-পহরিয়া···ণ. অষ্টপ্রহর ধারণযোগ্য। অষ্টম-পহর ·· অহোরাত্রব্যাপী হরিনামকীর্তন। পহরী (গ্রা°) ··ষ্য. (স° প্রহরী)। প্রহরী, প্রঃ—শূং পুঃ।

পহা···ধাতু. পোহা ধাতু দেখ।

পহিরণ ··ষ্য. (স° পরিধান)। পরন, পরিধান, প্রঃ—বৈষ্ণবপদে, ভাঃ। (অপ্রচলঃ)।

পহিলা, পহেলা...ণ. (স° প্রথম। ব্যাকরণ দেখ)। প্রথম ; প্রথম দিন। (সংক্ষেপে পইলা, পয়লা)। পয়লা প্রথমে—সর্ব-প্রথমে।

পহুঁ, পহু ··ষ্য. (স° প্রভু)। প্রভু, প্রঃ—গোরা পহুঁ পদ দুই করিয়া ভরসা (নবদ্বীপ-পরিক্রমা), বৈষ্ণবপদে।

পহুঁচে···পঁইছা দেখ।

পহুঁছ, পৌঁছ···ধাতু. (ও° পহুঞ্চ, হি° পহুঁচ পহোঁচ, ম° পোহঁচ। স° প্র-অঞ্চ ধাতু গতিতে ? তাহা হইলে পোহঁচ ধাতু। হ সন্নিকটে চ স্থানে ছ)। পহুঁছি—উপনীত হই। পহুঁছা॥ পহুঁছা সংবাদ ··উপনীত হইবার সংবাদ। পহুঁছা ··ধাতু. (পহুঁছ ধাতু আস্তে)। পহুঁছানা॥

পা ··ধাতু. (স° প্র+আপ ধাতু প্রাপ্তি। অন্য তিন ভাষাতেও পা ধাতু)। পাই—লাভ করি, প্রাপ্ত হই ; বশীভূত করি, প্রঃ—না জানি কি দেবতা দানবে তারে পাইল (জ্ঞানদাস), শীত পায় ; প্রসাদ ভোজন করি, প্রঃ—চৈঃ চঃ (ও°তে এই অর্থ বহুপ্রচলঃ)। পাওয়া॥ পাওনা (বাস্তবিক পা-অনা) ··ষ্য. প্রাপ্য। দেনা-পাওনা... যাহা দিতে হইবে এবং যাহা পাইতে হইবে (প্রতিচর শব্দ)। পাওয়া...ধাতু. (পা ধাতু আস্তে)। পাওয়ানা॥

পা ··ধাতু. (স° পা ধাতু পানে। এই পা ধাতু হইতে বা° পি ধাতুও হইয়াছে)। পাই—জলসিক্ত হই, প্রঃ—জল সেচনে জমি পাইয়াছে—পেয়েছে। পাআ, পাওয়া॥ পাআ, পাওয়া ··ধাতু. (পা ধাতু আস্তে)। পাআনা, পাওয়ানা॥

পা···ষ্য. (স° পাদ, পদ। তু° ফা° পা)। সমগ্র পদ, জঙ্ঘা, চরণ। (হাত শব্দের মতন পা শব্দের ব্যাপক অর্থ আছে। স° পাদ হইতে পাঅ—পায়। ম° পায় হি° পাও। এই হেতু এ এর বিভক্তি বসিলে পা স্থানে পায় হয়)। পা-চালি—পাদচালনা। পায়ের ডিমা···জঙ্ঘার পশ্চাতের ডিম্বাকার পেশী (স° পিণ্ডিকা)। পা ভাঙ্গা—(প্রায়ই) জঙ্ঘার অস্থি ভাঙ্গা। পা ব্যথা করা—জঙ্ঘার ব্যথা হওয়া। পায়ের বাঁধন ছেঁড়া—অবিরাম আনা-গনা হেতু পদের স্নায়ু-বন্ধন ছেঁড়া, তখন পা তুলিতে ফেলিতে কষ্ট হয়। পা পা ··এক পা এক পা করিয়া, ধীরে ধীরে। চলি চলি পা পা শিশুকে চলিতে শিখাইবার ক্রম। পা ফাটা—পদতল বিদীর্ণ বা স্ফুটিত হওয়া। পা ফেলা—পদ স্থাপন, পদক্ষেপ। পা বাড়ানা—সম্মুখ দিকে পা লওয়া, সম্মুখে পদক্ষেপ করা। পায়ে করা—পা দিয়া স্পর্শ বা ধারণ। পায়ে ধরা—প্রার্থনা নিমিত্ত পদধারণ, অতিশয়

মিনতি করা। পায়ে পড়া—পদানত হওয়া (কাতর হইয়া)। পায়ে তেল দেওয়া—পদতলে তৈল দিয়া সংবাহন করা, সন্তোষ সাধন করা। নিজের পায়ে নিজে কুড়াল মারা—নিজে পদহীন অসমর্থ হওয়া, নিজের হানি করা। পা ভারী হওয়া—গর্ভিণীর পায়ে রস-সঞ্চার হেতু পা ভারী হওয়া। (পায়া ভারী—অন্য)। ধুলা পায়ে ··পা না ধুইয়া, আসিবামাত্র।

পা ··ষ্য. (সং পঞ্চম)। গীতের সপ্ত সুরের মধ্যে পঞ্চম সুর।

পাং···ষ্য. (সং পঙ্ক হইতে পাঙ্ক—পাং ?) বড় মাছ, বিশেষতঃ চিংড়ি মাছ ধরিবার ঘুণী-বিশেষ। (অল্প জলের—পাঁকের—মাছ ধরা যন্ত্র বলিয়া পাং ? এই যন্ত্রের দুই মুখ কোণ করিয়া ভিতর দিকে থাকে)।

পাঅই···ষ্য. (সং নাম থাকিলে পারক, পারকী হইবে)। শাখাশ্রয়ীবর্গের সারীসদৃশ পক্ষীবিশেষ। দেশী পাঅই ··১০।১১আঙ্গুল দীর্ঘ পাংশুবর্ণ পক্ষী (grey-headed myna. Sturnia malabarica)। চঞ্চু ছোট সরু, পুচ্ছ সুচলা। পুং স্ত্রী একবর্ণ। বনে গাছে গাছে দলে দলে থাকে, পোকা ও ফুলের মধু খায়। কদাচিৎ মাটিতেও নামে। মুঞ্জোর পাঅই ··১১।১২ আঙ্গুল পক্ষীবিশেষ (Temenuchus pagodarum)। মাথা কাল, পক্ষ নিম্নভাগ শাদা। মাথায় চুড়া আছে। চঞ্চু পরিমাণে মাথার অর্ধেক। এই পাঅই মাটিতে বেশী বেড়ায়।

পাই ··ষ্য. (সং পাদ—পায়—পাই)। চতুর্থাংশ; এক আনার চতুর্থাংশ; এক পণের চতুর্থাংশ; ক্ষেতের চতুর্থাংশ, প্রঃ—পাই টাক জমি পতিত আছে; পুষ্করিণীর চতুর্থাংশ (বাঁকুড়া বীরভূমে); এক পয়সার তৃতীয়াংশ মুদ্রা (ওং পাওলা, মং পাৱলা) (ইং pie)। (টাকা দেখ)।

পাইক···ষ্য. (সং পাদিক, পায়িক। ফাঁং পাইক)। পদাতিক, চৌকিদার; সংবাদ-বাহক, প্রঃ—কৃত্তিঃ, চৈঃ চঃ। ভগ্ন-পাইক ···ষ্য. যুদ্ধভঙ্গ-সংবাদবাহক। পাইক-পেয়াদা···ষ্য. (সহচর শব্দ)। পদাতিক সংবাদবাহক। পাইক-শিখ ··ষ্য. (সহচর শব্দ)। পদাতিক ও শিখ প্রহরী।

পাইকার ··ষ্য. (ফাং)। খুচরা বিক্রেতা। মহাজনের কাছে পাইকার অধিক পরিমাণে পণ্য কিনিয়া অল্পে অল্পে বিক্রয় করে। পাইকারি···ষ্য. পাইকারের প্রাপ্য বা লভ্য। পাইকারী ··ণ. পাইকার সম্বন্ধীয়, প্রঃ—পাঃ—দোকান।

পাইখানা ··ষ্য. (ফাং)। মলত্যাগ স্থান বা গৃহ।

পাইজ, পাঁজ ··ষ্য. (সং পঞ্জি)। তুলার শূন্যগর্ভ বর্তিকা; গবাদি পশুর ভুক্ত তৃণ। পাইজ করা—তুলার নল করা। পাইজ কাটা—রোমন্থ করা (ওং পাকুলি, হিং পাগুর, মং রঁৱথ। সং প্রোদ্গার হইতে পাগুর, সং রোমন্থ হইতে রঁৱথ। বঙ্গের স্থানবিশেষে জাবর কাটা বলে)।

পাইট, পাঁট ··ষ্য. (সং পাটী—অনুক্রম—শব্দকল্পঃ। ওং পাইটি। বোধ হয় মূল সং পঙ্‌ক্তি। তেলুগু পাইটি—কর্ম)। কর্মের অনুক্রম, কর্মপরম্পরা। ঘরের পাঁট সারা—গৃহের নিত্য কর্ম শেষ করা। জমির পাঁট করা—কৃষি-উপযোগী করা। পাঁট-

করণী, পাট-কন্নী···ষ্য. যে নারী ঘরের পাইট করে, চাকরানী। নায়্যা-পাইট—নাবিক ও নৌকার অন্য কর্মকারী (কবিকঃ)। (অপ্রচলঃ)। পাইটাল,পেটেল ··ষ্য. (পাইট+আল)। সহকারী, যে ক্ষুদ্র ক্ষুদ্র কর্ম করিয়া কর্মনিষ্পত্তির সাহায্য করে।

পাইন, পীন...ষ্য. (সং পায়না। সং পৈ ধাতু শোষণে। শস্ত্রের ধারা মৃদু মধ্য তীক্ষ্ণ-করণ প্রক্রিয়ার নাম পায়না ; যথা—সুশ্রুতে, "সা চ ক্ষারোদকতৈলনিমজ্জনভেদেন ত্রিধা। ক্ষারপায়িতং শল্যাদিচ্ছেদনে। উদক-পায়িতং মাংসাদিপাটনে। তৈলপায়িতং শিরাব্যধনাদৌ চ।" লৌহ শস্ত্র উত্তপ্ত করিয়া ক্ষারে ডুবাইয়া শীতল করিলে মৃদু, জলে করিলে মধ্য, তৈলে করিলে তীক্ষ্ণ ধারা হয়। ক্ষারে—কাষ্ঠভস্মে। পানা ধাতু দেখ)। লৌহ অস্ত্রশস্ত্রের ধার পাকা করিতে জলাদি দ্রব্যে নিমজ্জন, প্রঃ—কাটারীতে পীন দেওয়া ; সোনা রুপা জুড়িবার নিমিত্ত অপেক্ষাকৃত অল্প তাপে দ্রবণীয় সঙ্কর ধাতু (যেমন সোনার পাইন—সোনা ৷৹ আনা রুপা তামা ১ রতি, রুপার পাইন—রুপা ৷৹ আনা কাঁসা কিংবা পিতল ১ রতি)। (ওং পাতিআ—পত্রাকার বলিয়া ; হিং টাঁকা—(সং টঙ্ক) যাহা দ্বারা টাঁকা—জোড়া যায় ; মং ডাক, ডাঁক—(সং টঙ্ক) মূল অর্থ ধাতুপত্র। তুং বাং ডাক-সাজ—ধাতুপত্রের সজ্জা)। পাইন-মরতা ··পাইন যোগ হেতু অলঙ্কারের স্বর্ণাদির নিকৃষ্টতা।

পীনফল ··পানিফল দেখ।

পাইল, পাল ··ষ্য. (সং ফাল—কার্পাস বস্ত্র হইতে বাং ফালি। ফালি জুড়িয়া নির্মিত বলিয়া পাইল। কিংবা সং পালি শ্রেণি,সেতু হইতে। বাং-তে শব্দটি পাল নহে। হিং পাল ; ওং পাঠ (আধুনিক), গ্রাং তলাই)। নৌকা ও জাহাজের পবন-ধারকবস্ত্র ; সামান্য চাঁদোয়া।

পাইশ ··পাঁশ দেখ।

পাউণ্ড···ষ্য. (ইং pound)। ইংরেজী পড্যান-বিশেষ। (ওজনে এক ডবল পয়সা কম আধশের)। সংক্ষেপে পন। (২) গোরু বাছুর আটক রাখিবার খোঁয়াড়।

পাউশ ··ণ. (সং পাংশু)। শুষ্ক শিথিল মৃত্তিকা জল পাইলে যাহা পাংশুবৎ হইয়া ফাঁপিয়া উঠে, প্রঃ—ধূলা-পাউশ হওয়া। (২) গর্ভিণীর প্রসবগৃহের পাংশু ইত্যাদি, প্রঃ—পাউস বিসর্জ্জন (কবিকঃ)। (অপ্রচলঃ)। (৩) (সং পার্শ্ব হইতে)। ডিম ছাড়িবার পূর্বে পুং স্ত্রী মাছের মিলন।

পাউলী···ষ্য. (সং পাদ—পাঅ—পাও+লী। তুং মং পায়লী—চারিশের পরিমাণ)। কানা-উচা ঘটীবিশেষ (বোধ হয় প্রথমে পাউলীতে পাঁচ পোয়া—পঁশেরীর পাদ-পরিমিত—জল ধরিত)।

পাওনা···ষ্য. (পা ধাতু দেখ)। প্রাপণ, প্রাপ্তি। পাওনা-দার...ষ্য. (ফাং দার)। প্রাপক। পাওনা-থোওনা···(পা ধাতু থু ধাতু দেখ। পাওনা—প্রাপ্তি, থোওনা—স্থাপন। (এমন দুই অর্থবাচক শব্দের একত্র প্রয়োগ কদাচিৎ আছে)। প্রাপ্তি।

পাওয়া···ষ্য. (পা ধাতু দেখ)। প্রাপ্তি। পাওয়া-থোওয়া···ষ্য. (পাওনা দেখ)। প্রাপ্তি।

পাঁওরোটি, পাঁউরুটি···ষ্য. (পর্তু॰ pao—bread। ফরাসী pain—bread, roti—toasted; pain-roti—toasted bread। ম॰তে পাঁৱ)। আটায় জল মাখাইয়া ঈষৎ পচাইয়া উত্তাপে ফোলানা রুটি বা পিঠা-বিশেষ (loaf)।

পাক···ষ্য. (স॰)। রন্ধন, প্রঃ—অন্ন পাক করা; সিঝান, ফুটান, প্রঃ—কবিরাজী তেল পাক করা, গুড় পাক ধরে; ভুক্ত অন্নাদি জীর্ণীকরণ; জীর্ণীকরণ, প্রঃ—অনাহারে শরীর পাক পাওয়া; পক্কতা, প্রঃ—আম পাক ধরে; পরিণতি, প্রঃ—কর্মের পাক; কর্মের ফল, হেতু, প্রঃ—জামাতার পাকে হৈল ঘরে সাপভয় (কবিকঃ); উপায়, প্রঃ—কোন পাকে সে পত্রী আইলা প্রভু স্থানে (চৈঃ চঃ); শুক্লতা, প্রঃ—চুলে পাক ধরে; জলভ্রমি, প্রঃ—পাকে ফিরে ডিঙ্গা যেন কুমারের চাক (কবিকঃ); ভঙ্গ, ব্যাবৃত্তি, প্রঃ—দোড়ী পাক দেওয়া, পাক পড়া—পাক খর হওয়া। পাক···ণ. (স॰ পক্ক)। পক্ক, সিদ্ধ, প্রঃ—পাক তেল। পাক-চক্র···ষ্য. (স॰)। কর্মপাকের চক্র, কর্মফল-পরম্পরা, প্রঃ—দশজনের পাকচক্রে বিপদ। পাকনা···ষ্য. (পাক+না)। ছোট জলভ্রমি বা আবর্ত; ক্ষেতের জল-কাদায় হলকর্ষণ, প্রঃ—পাকনা দেওয়া। পাক-নাড়া···ষ্য. পাক দিয়া অর্থাৎ ঘুরাইয়া নাড়া, প্রঃ—বাঘের দশন ভাঙ্গি লেজে ধরি দেয় পাক-নাড়া কবিকঃ)। পাক-মোড়া···ষ্য. দোড়ী দিয়া বাঁধিয়া দোড়ীতে পাক দেওয়া, প্রঃ—নানা ছাঁদে বাঁধে পাক-মোড়া (চণ্ডীঃ)—দেয় পাক-মোড়া। পাক-শাক···ষ্য. (শাক—প্রচর শব্দ। বোধ হয় ফা॰ পাক-সাফ—নির্মল—শব্দসাদৃশ্যে বা॰ পাক-শাক)। রন্ধনাদি। পাক-সাট...পাখ-সাট দেখ। পাক-সাঁড়াশী ··ষ্য. যে সাঁড়াশী দিয়া সোনা রুপার তার পাক দিতে পারা যায় (pliers)। পাকল···ণ. (স॰—অগ্নি)। অগ্নিতুল্য রক্তবর্ণ বা দীপ্ত, প্রঃ—হীরারে জিজ্ঞাসে চক্ষু করিয়া পাকল (ভাঃ)। পাকলা···ণ. (স॰ পাক—পরিণতি+লা)। পাকা। পাক ···ধাতু. (স॰ পাক, পক্ক হইতে)। পাকি—পক্ক হই, প্রঃ—আম পাকে; পুড়িয়া কঠিন হই, প্রঃ--পুড়িয়া ইট পাকে (বিপঃ আমা); পরিণত পূর্ণতাপ্রাপ্ত হই, প্রঃ—বয়সে বুদ্ধি পাকে; স্ফোটকাদির পুয হই, প্রঃ—ফোড়া পাকে; কেশাদি শুক্ল হই, প্রঃ—বুড়া হইলে চুল পাকে। পাকা॥ পাকা···ধাতু. (পাক ধাতু আস্তে)। পাকাই—পক্ক করি, প্রঃ—আম পাকানা; সিদ্ধ নিষ্পন্ন করি, প্রঃ—বিবাহ পাকানা, কথা পাকানা; সূত্রাদি ব্যাবৃত্ত করি, প্রঃ—সূতা পাকানা, প্রঃ—মুক্তার হার লেগেছে রতনে পাকানা (শূং পুঃ)। পাকানা॥ পাকা...ণ. (স॰ পক্ক)। পক্ক যেমন ফল; ঘৃতাদিপক্ক যেমন পাকা ফলার; কঠিন নিরাট যেমন পাকা কাঠ; বয়সে বৃদ্ধ যেমন পাকা মাছ; জ্ঞানী যেমন পাকা লোক; ইট পাথরনির্মিত যেমন পাকা বাড়ী; সত্য যথার্থ যেমন পাকা কথা পাকা ওজন পাকা মাপ; স্থায়ী যেমন পাকা রং; আইন আদালতে গ্রাহ্য যেমন পাকা দলীল পাকা খাতা। (পাকী দেখ)। কাঁচা-পাকা···ণ. কাঁচা ও

পাকা-মিশ্রিত, প্রঃ—কাঁচাপাকা জল—উষ্ণ ও শীতল জল। পাকা-পাকি...ণ. অতি-নিশ্চিত, প্রঃ—পাঃ কথা। পাকামি, প্যাকাম...ষ্য. (পাকা+আমি, আম)। অকালপক্কতা। পাকা-পোক্ত ··ণ. (পোক্ত দেখ)। পাকা। পাকা ··ষ্য. (সং পাক—শিশু, যথা, পাকঃ পরিণতৌ শিশৌ—মেঃ, পাকঃ বালঃ—হেমঃ)। শিশুর আদরের নাম।

পাঁক···ষ্য. (সং পঙ্ক)। তরল কর্দম, পুষ্করিণীর তলার কাদা। পাঁকই, পাঁকুই···ষ্য. (পাঁক +ই। বোধ হয় পাঁক+ক্ষত)। পায়ের আঙ্গুলের গলইতে পাঁকে জাত ক্ষত, প্রঃ—ভাদ্রপদ মাসে পায়ে পাঁকুই দুর্বার (কবিকঃ)। পাঁকুয়া, পেঁকো···ণ. (পাঁক+উয়া)। পাঁকে জাত, পঙ্কসম্বন্ধীয়, প্রঃ—পেঁকো মাছ, পেঁকো গন্ধ।

পাকড়া··ধাতু. (হিং। সং প্রগ্রহ হইতে)। পাকড়াই—বন্ধন ধারণ আক্রমণ করি। পাকড়ানা॥ ধর-পাকড়, ধরা-পাকড়া ·· (সহচর শব্দ)। ধরা-ধরি, ধরা-বাঁধা, আক্রমণ।

পাকড়ী...ষ্য. (পাখড়ী দেখ)। ফুল দল, প্রঃ—চাঁপার পাকড়ী দিয়া গড়িল অঙ্গুলী (ভাঃ)। (প্রাচীন বাং)।

পাকনা পাক দেখ।

পাকল, পাকলা···পাক দেখ।

পাকসাট ··ষ্য. (সং পক্ষ—পাখ, বাং ছাট—সাট। তুং মালসাট)। পাখার আঘাত, প্রঃ—পাকশাট মারি কেহ খেদাইতেছে দূরে (মেঘনাদবধঃ)।

পাকা ··পাক দেখ।

পা-কাটি, পেঁকাটি··ষ্য. (পাট-কাঠি)। গাছ পাটের কাঠি বা ডাঁটা। পাকাটিয়া, পেঁকুটে···ণ. (পাকাটি+ইয়া)। পা-কাটির তুল্য শীর্ণ (ও দীর্ঘ)।

পাকাল...ষ্য. (সং প্রক্ষালিত হইতে। তুং পখাল)। প্রক্ষালিত অন্ন, (প্রায়) পান্তা ভাত, প্রঃ—কবিকঃ। (অপ্রচলঃ)।

পাঁকাল···ষ্য. (সং পঙ্কাল। অন্য নাম পঙ্ক-গতি)। পঙ্কচর সরু কদাকার মৎস্যবিশেষ (Mastacembelus pancalus)। শল্ক ক্ষুদ্র, নাই বলিলে হয়। থুৎনি নাকের সমুখে। প্রঃ—(কবিকঃ)।

পাকী ··ণ. (সং পক্ক হইতে)। পাকা, দৃঢ়, স্থায়ী, গুরু। (পাক, পাকা দেখ)। পাকী মালা—যে মাল্য তৈলাদিযোগে দৃঢ় হই-য়াছে, পাকী শের—বড় কিংবা ব্যবহারে যথার্থ শের—যেমন ৮০ তোলায় শের। (কাঁচী শের—প্রায়ই ৬৪ তোলায়। কাঁচী দেখ)। পাকী ছুঁচ ইস্পাতের সূচ; ইত্যাদি।

পাকুড় ··ষ্য. (সং পর্কটী। প্লক্ষো জটী পর্কটী—অঃ। নির্যাস—আঠা ক্ষরে বলিয়া প্লক্ষ; জটা—শাখা হইতে শিকড় জন্মে বলিয়া জটী; বটের সহিত সম্পর্ক—সাদৃশ্য আছে বলিয়া পর্কটী—অঃ টীঃ। অনেক স্থানে বট ও পাকুড় একত্র রোপিত হয়, এবং লোকে কথায় বট-পাকুড় বলে)। অশ্বত্থাদিবর্গের অশ্বত্থতুল্য তরুবিশেষ (Ficus infectoria)। কিন্তু অশ্বত্থের তুল্য বৃহৎ হয় না। কোমল শাখা ক্ষুদ্র রোমশ। পাতায় লেজ নাই। ফল মটর কলাইর মতন ছোট, পাকিলে শাদা হয়। এই গাছ উত্তর ও পশ্চিম ভারতে অধিক জন্মে।

পাকে…(পাক দেখ)। নিমিত্তে, প্রঃ—নিত্য আসে তোর পাকে (ভাঃ)। পাকে-প্রকারে …(প্রায় সহচর শব্দ)। কৌশলে, পাকচক্রে।

পাখ…ষ্য. (সং পক্ষ)। পক্ষীর পাখা, প্রঃ—প্রাচীন বাং। পাখ-পাখালী…ষ্য. (সহচর শব্দ)। পাখী।

পাখড়া…ষ্য. (সং পক্ষ+ড়া)। পিঠের দুই অস্থি-ফলক, অংস-ফলক (shoulder-blades); পাকা ফাটা ফলের এক এক পক্ষ, যেমন শিমুলের।

পাখড়ী…ষ্য. (সং পক্ষ+ড়ী। ওং পাখুড়া, হিং পখড়ী, মং পাকল্ঠী)। ফুলের দল, পাবড়ী।

পাখণ্ড…ণ. (সং পাষণ্ড)। পাষণ্ড (প্রাচীন বাং)।

পাখনা…ষ্য. (সং পক্ষ—পাখ, পাখ+না হ্রস্বার্থে)। ছোট পক্ষ, মাছের বুক পিঠ পেটের ছোট পাখা (fins)।

পাখম, পেখম…ষ্য. (সং পক্ষ শব্দে সংপ্রাং অম্ বিভক্তি। তুং ফুলম্)। ময়ূরের পুচ্ছ-পক্ষ, প্রঃ—পেকম ধরিয়া নাচে ময়ুর ময়ূরী (কবিকঃ)। চাঁদা…(সং চন্দ্রক)। পাখমের চন্দ্রাকার চিহ্ন।

পাখর…ষ্য. (পক্ষীরাজ হইতে)। পক্ষবিশিষ্ট অশ্ব (মাঃ)। (অপ্রচলঃ)।

পাখ-সাট…ষ্য. (পক্ষ+ছাট)। পক্ষের আঘাত।

পাখা…ষ্য. (সং পক্ষ। পক্ষ দেখ)। পাখীর পাখা; পাখার আকারের দ্রব্য, যেমন জাহাজের পাখা (paddle); ব্যজনী; উনানের ছিদ্র (সং পক্ষ চুল্লীরন্ধ্র—মেঃ)। তাল-পাখা…তালপত্রের ব্যজনী। টানা-পাখা…যে পাখা টানিয়া ছাড়িয়া দিলে বাতাস হয়। দু-পাখা উনান…যে উনানের দুইটা ছিদ্র, যাহার উপরে দুইটা হাঁড়ী বসিতে পারে। চারি-পাখা উনান…যে উনানের চারিটা ছিদ্রের উপরে চারিটা হাঁড়ী বসিতে পারে। পাখা করা—পাখা দ্বারা বাতাস বহানা। পাখা গড়া—পাখা নির্মাণ। পাখা উঠা…পিপিড়ার পাখা উঠে মরিবার তরে—ইহা হইতে মৃত্যুর উপায় করা।

পাখাজ (গ্রাং)…পাখোয়াজ দেখ।

পাখাল…ধাতু. (সং প্রক্ষাল ধাতু। পালি পক্খাল ধাতু)। পাখালি—জল দিয়া প্রক্ষালিত করি, প্রঃ—পাখালে চরণ (কৃত্তিঃ); প্রঃ—পাখালি চরণে মুছিলা বসনে বসিল সুনার খাটে (শূং পুঃ)। পাখালা॥ পাখালা…ধাতু. (পাখাল ধাতু আস্তে)। পাখালানা, পাখলানা॥

পাখাল…ষ্য. (ওং পখাল)। প্রক্ষালিত জলে ধৌত অন্ন, প্রঃ—চৈতন্যমঙ্গল। (কবিকঃ—পাকাল)।

পাখী, পাখ…ষ্য. (সং পক্ষী। কিংবা বাং পাখা+ঈ)। পক্ষী। পাখী-পাখালী…ষ্য. (পাখা+আলী—বিশিষ্ট অর্থে। অতএব পাখালী অনুচর শব্দ)। পক্ষী পতঙ্গ ইত্যাদি। পাখী-ধরা…ষ্য. যে পাখী ধরে, পাখী-শিকারী বা ব্যাধ। পাখী-মারা…ব্যাধ জাতিবিশেষ। পাখী-লতা…ইষুলতা দেখ।

পাখী…ষ্য. (সং পক্ষক। পাখা+হ্রস্বার্থে ঈ)। চরকার অরা; খড়-খড়ীর এক এক পক্ষ। রাম-পাখী…ষ্য. মুরগী (অশিষ্টে)। পাখিয়া, পেখ্যে…ষ্য. (পাখী

+ইয়া)। পক্ষীর পক্ষের আকারের তাল-পত্রাদির বৃষ্টিনিবারক দেহাচ্ছাদক।

পাখুড়া···ষ্য. (সং পক্ষ—পাখ+ড়া—পাখড়া—পাখুড়া)। কাঠ চাঁচিবার বাইস-বিশেষ। (পাখুড়ার ফলা কোদালের মতন, বাইসের ফলা কুড়ালের মতন বদ্ধ থাকে)।

পাখোয়াজ···ষ্য. (হিং পখাবজ। পাখে—পার্শ্বে আওয়াজ যার ?)। বড় মর্দলবিশেষ। পাখোয়াজী···ষ্য. পাখোয়াজ বাজাইতে দক্ষ ব্যক্তি।

পাগ···ষ্য. (সং পাক। হিং পাগ)। গুড় কিংবা চিনীর রস ফুটাইলে যে গাঢ়তা হয়।

পাগ, পাগড়ী···ষ্য. (পাগ, কিংবা পাগড়ী, শব্দ মং তেলুগু ওং বাং আসাং হিং সব ভাষাতে আছে। অতএব দেশজ হইতে পারে না, যদিও ওড়িশার "প্রাকৃতসর্বস্ব" নামক প্রাকৃত ভাষার পুথীতে দেশজ লিখিত আছে। সং প্রগ্রহ—ধারণ ; পট্ট-প্রগ্রহ-শব্দের পট্ট লুপ্ত হইলে প্রগ্রহ—পাগ পাগড়ী থাকে। বোধ হয় মূলে এই শব্দ ছিল। কিংবা সং পট্ট হইতে পাগ। তুং সং পদ—মং পগ ; মং পাগোটে —পাগড়ী)। পট্ট-উষ্ণীষ, প্রঃ—মাতায় (মাথায়) বান্ধিল পাগ (কৃত্তিঃ), হে পাগধারী পাসরেছ নবীন কিশোরী (চণ্ডীঃ), পাগখানি বান্ধে ভাঁড়ু নাহি ঢাকে কেশ (কবিকঃ)—পাগখানি এত ছোট। জ্ঞানদাসেও পাগ। মাণিকেও পাগ পাগড়ী—দুই রূপ আছে। বোধ হয়, প্রাচীন রূপ, পাগ ; অদ্যাপি গ্রামে পাগ ; শহরে পাগড়ী—হিং পগড়ী হইতে। শব্দ প্রগ্রহ কিংবা পট্ট বলিয়া অশিষ্ট বাং পগ্গ হইয়াছে।

পাগল···ণ. (সং)। বাতুল। পাগলা...ণ. (পাগল+আ—আদরে অনাদরে)। ক্ষিপ্ত, নির্বোধ। স্ত্রীং পাগলী, পাগলিনী (পদ্যে)। পাগলাই···ষ্য. (পাগল+আই)। পাগলামি, প্রঃ—পাগলাই না করিহ না ছড়াও ঝুট (চৈঃ চঃ)—ঝুট—উচ্ছিষ্ট। (অপ্রচলঃ)। পাগলামি···ষ্য. (পাগল+আমি)। পাগলের ভাব বা ব্যবহার। পাগলামির ছিট ··(সং ছটা—রেখা)। পাগলামির অল্প লক্ষণ, ঈষৎ বাতুলতা। পাগলা···ষ্য. শিব। পাগলী ···ষ্য. দুর্গা, প্রঃ—পাগলার চৌদ্দ পাগলীর আট এই নিয়ে কাল কাট (খনা)—শিব-চতুর্দশী ও মহাষ্টমী ব্রত। পাগলা-খানা, পাগলা গারদ ..ষ্য. বাতুলাশ্রম।

পাগলা···ধাতু. (সং প্রোদ্গার হইতে। তুং আসাং পাগুল, ওং পাকুলি, হিং পাগুর। পাঁজ কাটা দেখ)। পাগলাই—দন্তহীন মাড়ি দ্বারা চর্বণ করি, প্রঃ—বুড়া পাগলাইয়া পাগলাইয়া খায়। পাগলানা ॥

পাগা, পাগা-দোড়ী···ষ্য. (সং প্রগ্রহ, প্রগ্রাহ। যথা, প্রগ্রাহস্তু তুলাসূত্রে বৃষাদিপ্রগ্রহে-ঽপি চ। প্রগ্রহস্তু তুলাসূত্রে হয়াদিরশ্মৌ রশ্মৌ চ—মেঃ। ওং পগা। হিং পাগা—অশ্বারোহী সেনাদল। মং পাগা—অশ্বশালা, এক নায়কের অধীনস্থ সেনা, পাগোরা—দোড়ী ; পাঘা—গোরুবাঁধা দোড়ী)। গবাদি-পশুবন্ধন-রজ্জু। (গো-শালার অশ্ব-শালায় যে দোড়ী দিয়া গো অশ্ব বাঁধিয়া রাখা হয়)।

পাঙ্গা···ষ্য. (সং পাংশুলবণ—উদ্ভিদ পাংশু হইতে জাত লবণ। ইহাই মূল অর্থ। পরে অর্থ মৃত্তিকাজাত লবণ—বর্ণসাদৃশ্যে। পরে, অগ্নিপক্ব সামুদ্র লবণ)। নুন দেখ।

পাঙ্গাশ…ণ. (সং পিঙ্গাশ—নীল পীত মিশ্র-বর্ণ। অন্য রূপ পিঙ্গা, পিঙ্গল। হয় ত পাংশু হইতে পাঙ্গা, তৎসদৃশ পাঙ্গাস। অন্য চলিত রূপ ফেকাসিয়া)। নীল-পীতবর্ণ, রক্তহীন বর্ণ, প্রঃ—জলে বহুক্ষণ থাকিলে আঙ্গুল পাঙ্গাশবর্ণ হয়। পাঙ্গাশিয়া,পাঙ্গাশে…ণ. পিঙ্গলবর্ণসদৃশ। পাঙ্গাশ…ষ্য. (সং পিঙ্গাশ)। সিলন্ধ তুল্য চেপটা অশল্কী মৎস্যবিশেষ (Pangasius buchanani)। মুখ চওড়া; গোঁফ চারিটা, সরু। ২৸০ হাত দীর্ঘ ও চারি পাঁচ শের হয়। মাছে তেল প্রচুর। ভদ্রলোকে খায়, কিন্তু পাঙ্গাশ মাছ বিষ্ঠা ভক্ষণ করে।

পাঁচ ··ণ. ষ্য. (সং পঞ্চন্)। পঞ্চ-সঙ্খ্যক, পঞ্চসঙ্খ্যা ; ৫। (পঞ্চ দেখ)। পাঁচ জনে··· পঞ্চজন,পরামর্শ কিংবা কর্ম নিষ্পত্তির নিমিত্ত পঞ্চজন, সাধারণ লোক। পাঁচ-চুলা ··চুল দেখ। পাঁচটি, পাঁচটা···ষ্য. (ও° পাঁচ-আতি—সং পঞ্চরাত্রি হইতে। তু° ষটরা বা ষেটেরা)। পঞ্চম রাত্রে কৃত্য জাতকর্ম-বিশেষ। (জাতকর্ম দেখ)। পাঁচ-নর ··ষ্য. (সং লহর হইতে নর)। পাঁচ সারি-যুক্ত কণ্ঠমালা-বিশেষ। পাঁচ-মিশালী···পাঁচ দ্রব্য মিশ্রিত হইয়াছে যাহাতে; নানা দ্রব্যের মিশ্রণ। পাঁচ হাতিয়ার···(হাতিয়ার দেখ)। ঢাল তরবাল তীর ধনুক বর্শা—এই অস্ত্র ও শস্ত্র। পাঁচী, পাঁচ-পাঁচী···ণ. (পাঁচ+ঈ)। পাঁচ জনে যেমন করে তেমন, প্রঃ—পাঁচী ধুতি; সর্বদা যেমন ঘটে, প্রঃ—পাঁচ-পাঁচী বেভার।

পাঁচ···ধাতু. (সং পঞ্চ ধাতু ব্যক্তীকরণে, বিস্তারে। যথা, পাঁচিল পাঁচালী—কবি কর্ণের ভণিতা। ও° পাঁচ ধাতু বিস্তারে, প্রায়ই চিন্তনে)। পাঁচি—অনুমান করি, প্রঃ—করে পাঁচা-পাঁচি। পাঁচা॥ (পাঁচা কদাচিৎ ব্যবহার হয়। আঁচা দেখ)।

পাঁচ, পাঁচা···ধাতু. পেঁচ ধাতু দেখ।

পাচক···ষ্য. (সং)। পাককর্তা, রন্ধনকর্তা। স্ত্রী° পাচিকা। (সং পাচকী)।

পাচড়া···ষ্য. (সং পিচ্চট—পিচড়া হইতে)। খোস (খস)। খোস-পাচড়া...(সহচর শব্দ)। খস ও এই রূপ চর্মরোগ (scabies)।

পাচন, পাঁচন (গ্রা°)···ষ্য. (সং পাচন। ও° পাঞ্চন)। দেহের রস-পাক-কারক মূলাদির কাথ।

পাচনী, পাচন-বাড়ি, পাঁচনী···ষ্য. (সং প্রাজন। ও° পাঞ্চণ)। গবাদি তাড়নদণ্ড, প্রঃ—পাচন-বাড়ি (শূং পুঃ); সারথির হাত হইতে খশিল পাঁচনি (কৃত্তিঃ লং); বাঁকুয়া পাঁচনি হাতে রঙ্গিয়া রাখাল সাথে (জ্ঞান-দাস)। (রাঢ়ে অপ্রচলঃ)।

পা-চালি ··পা দেখ।

পাঁচালী...ষ্য. (সং পঞ্চালিকা, পঞ্চালী। তু° পঞ্চালিকা· করিল প্রকাশ—কবিকঃ। সং পাঞ্চালী—ছন্দোবিশেষ)। ছন্দোবিশেষে রচিত গান।

পাঁচি ··ণ. (হি° পচরাই। পচা হইতে)। ভাত পচাইলে যাহা জন্মে, প্রঃ—পাঁচি মদ, পাচোয়াই মদ।

পাচিত্তি (গ্রা°)...প্রায়শ্চিত্ত। (আসা° পরাচিৎ, ও° পরাচিত্তি)।

পাচীর, পাঁচীর ··ষ্য. (সং প্রাচীর। প্রাচীরং প্রান্ততো বৃতি—অঃ)। বাটীবেষ্টন করিবার দেওয়াল। (ঘরের পাচীর

নহে ; ঘরের কাঁথ কিংবা দেওয়াল। বাড়ী ঘিরিবার পাচীর)।

পাচোয়াই…ষ্য. (হিং পচবাই)। পাঁচি মদ।

পাছড়া, পাছড়ী…ষ্য. (সং প্রাস্তার ? প্রচ্ছদ ? ওং পাছুড়ি)। স্থূল প্রাবারক, ছুপাট্টা (কবিকঃ)।

পাছা…ষ্য. (সং পশ্চাৎ হইতে। সং স্ফিচ্ ?)। নিতম্ব, পোঁদ। পাছা-পোড় ··পোড় দেখ।

পাছাড়…ধাতু. (পাছুড় হইতে ?)। পাছাড়ি—নিক্ষেপ করি, প্রঃ—কে কারে আছাড়ে কে কারে পাছাড়ে (ভাঃ)। পাছাড়া॥

পাছাড়ী…ণ. (সং পশ্চাদ্‌বর্তী)। পশ্চাতের, পেছলী, প্রঃ—পাছাড়ী পা।

পাছু…ব্য. (সং পশ্চাৎ)। পরে। আগু-পাছু··ষা. অগ্রপশ্চাৎ। (পাছু—রাঢে পেছু চলিত)।

পাছুড়…ধাতু. (সং প্রস্ফুট ধাতু হইতে। সং প্রস্ফোটন—সূর্প ; যথা, প্রস্ফোটনস্তু সূর্পে স্যাৎ তাড়নে চ বিকাসনে—মেঃ। ওং পাছুড় ; হিং পছোড়, পেচ, ফটক ; মং ফটক ধাতু)। পাছুড়ি—কুলা দ্বারা ধান চালের আগড়া তুষ আবর্জনা দূর করি। পাছুড়া॥ পাছুড়া…ধাতু. (পাছুড় ধাতু আস্তে)। পাছুড়ানা, পাছড়ানা॥

পাছে…ব্য. (সং পশ্চাৎ)। পরে, প্রঃ—পাছে লোকে কিছু বলে—আশঙ্কায়।

পাঁজ…ষ্য. (ফাং পঞ্জা। পাঞ্জা দেখ)। পদচিহ্ন, প্রঃ—কাদায় পাঁজ পড়ে।…পাঁইজ দেখ।

পাঁজর, পাঁজরা…ষ্য. (সং পঞ্জর)। বক্ষঃ-পঞ্জর, প্রঃ—পাঁজর ভাঙ্গিল কিলে (কবিকঃ)। বুকের পাঁজরা—বুকের হাড়।

পাঁজলা ·ষ্য. (সং অঞ্জলি হইতে)। আঁজলা, প্রঃ—কৃত্তিঃ লং। (অপ্রচলঃ)।

পাজা…ধাতু. (ওং পজা ; হিং পাজ—জোড়া, মং পাজ—ধার করা। সং পিঞ্জ, পিজ ধাতু হিংসা দীপ্তি হইতে)। পাজাই—লোহার অস্ত্র-শস্ত্রের অগ্র আগুনে পোড়াইয়া পিটিয়া বাড়াই, প্রঃ—ভোঁতা কুড়াল পাজাইয়া ধার করা। পাজানা॥

পাঁজা…ষ্য. (ফাং পন্‌জহ্। সং পঞ্চ)। হস্ত-বেষ্টন, প্রঃ—পাঁজা করে চন্দ্রকেতু ধরিল সত্বর (ভাঃ)।

পাঁজা…ষ্য. (ফাং পজাবা। ওং ভাটি ; মং ভট্টী ; হিং পজবা, ভট্টী)। ইট পোড়াইবার ভাটী, প্রঃ—কুম্ভার পোড়ায় পাঁজা (কবিকঃ)। পাঁজারী…ষ্য. (পাঁজা+আরী)। যে ইটের পাঁজা সাজায় ও পোড়ায়।

পা-জামা…ষ্য. (ফাং পাএ-জামা)। ইজার।

পাঁজি, পাঁজী…ষ্য. (সং পঞ্জি, পঞ্জী। সং পঞ্চাঙ্গ শব্দ হইতে পঞ্জিকা)। বার তিথি নক্ষত্র যোগ করণ—এই পঞ্চ-জ্ঞাপক গ্রন্থ। পাঁজি-পুথী··ষ্য. পাঁজি পুথী ইত্যাদি। পাঁজি দেখা—পাজিতে বারাদি অবগত হওয়া। ডাইরেক্টরী পাঁজি…(ইং directory)। যে পাঁজিতে দেশের লোকের নাম ধাম লিখিত থাকে। ফুল পাঁজি··(ইং full)। পূর্ণাঙ্গ পাঁজি, বৃহৎ পাঁজি। হাপ পাঁজি…(ইং half)। ছোট পাঁজি। দৃষ্টান্তে, হাতে পাঁজি মঙ্গলবার—আজি মঙ্গলবার কি না তাহা হাতের পাঁজি দেখিলেই জানিতে পারা যায়, অন্যত্র অনুসন্ধানে প্রয়োজন নাই ; কাম্য বস্তু সুলভ্য।

পাজী ··ণ. (হিং। সং পদজ বা পজ্জ—শূদ্র ?)। নীচ, দুষ্ট (গালিতে)। পেজেমি,পেজেম্··ষ্য. (পাজী+আমি—পাজ্যামি—পেজেমি। অপভ্রংশে কদাচিৎ পেজোমি)। পাজীর ধর্ম। ··ণ. পাজীর যোগ্য।

পাঞ্জর, পাঞ্জড়··ষ্য. (সং পাদমঞ্জীর। ফাং পাজেব)। নারীর পাদনূপুর।

পাঞ্জা ··ষ্য. (ফাং পন্‌জহ্, পন্‌জা। সং পঞ্চ)। বিস্তৃত করতল, থাবা; করতলের ছাপ। পাঞ্জা কষা-কষি ··হাতের আঙ্গুল ধরিয়া দুই জনের টানাটানি। বরাবরি পাঞ্জা... বাধাহীন ভাল রাস্তা (কাহার-ভাষায়)।

পাট ··ষ্য. (সং পট্ট। পট্টঃ পেষণপাষাণে ব্রণাদীনাঞ্চ বন্ধনে। চতুষ্পথে তু রাজাদিশাসনান্তরপীঠয়োঃ ॥—মেঃ। পরে পট্ট শব্দের অন্য দুই এক অর্থ আসিয়াছিল। বাংতে অনেক অর্থ হইয়াছে)। (১) নগর, গ্রাম, প্রঃ—বীরসিংহ তার পাট পাঠাইয়া দিল ভাট লিখিয়া এ সব সমাচার (ভাঃ)। শ্রীপাট ··দীক্ষাগুরুর বাস-গ্রাম। (২) পীঠ, সিংহাসন, প্রঃ—ওমা শ্রীসূর্য্য বসিল পাটে নায়ে লবে গো (রামপ্রসাদ); সুনার পাটেত বেসাতির বৈসএ হাট (শূং পুঃ)—সোনার পাটে। পাট-রাণী ··যে রাণী সিংহাসনে উপবেশন করেন, রাজার প্রধানা মহিষী। পাট-হাতী ··যে হস্তী সিংহাসনে রাজাকে বহন করে। (৩) সম্মান, প্রঃ—বংশের পাট রাখা। (৪) কাষ্ঠপট্ট, ধোবা যে কাঠের পীঠে কাপড় কাচে, ঘাণীর যে পাটায় ঘণা বসিয়া গোরু তাড়ায়। (৫) যুগের এক খণ্ড, প্রঃ—কপাটের, জাঁতার, ছালার পাট। (৬) কুয়ার গায়ের নাঁদ। (৭) কাঁথ দিবার সময় যত উচ্চ করিয়া এক এক বার কাদা চাপানা হয়, প্রঃ—চারি পাট কাঁথ গলে (কবিকঃ)—বৃষ্টিতে। (৮) শিবগাজনের সন্ন্যাসী যে লৌহশলাবিদ্ধ কাঠের পাটায় ঝাঁপ ভাঙ্গে। পাট ভাঙ্গা—এই পট্টে পতন। (৯) ভাঁজ, প্রঃ—কাপড় করা। (১০) পট্ট (কিংবা পট-বস্ত্র—অঃ মেঃ), রেশম পাট, প্রঃ—পাটের জোড়, পাটের শাড়ী, পাটের ব্যবসায়, পাটের চাষ—তুৎ পোকা পালিয়া রেশম উৎপাদন। (১১) রেশম তুল্য অংশুময় কৃষিজাত ক্ষুপবিশেষ। (হিং নাম ঝুট—মিথ্যা, অর্থাৎ প্রকৃত পাট নহে। ঝুট-পট্ট হইতে ঝুট মাত্র আছে। ওং ঝুট্। ওংতে অংশু অর্থে পট্; এই রূপে ঝুট-পট্, শণ্-পট্, ইত্যাদি। ঝুট হইতে ইং jute। পূর্বকালে অংশুর নিমিত্ত পাটগাছের চাষ হইবার প্রমাণ পাওয়া যায় না। পাটগাছের সং নাম নলিত, নাড়ীক, পট্টশাক—ভাবপ্রকাশে। বাং নালিতা শাগ—খাবার তিক্ত শাগ। পাটকাঠি নলাকার বলিয়া নলিত, নাড়ীক নাম। পরে পাটগাছের কৃষি হওয়াতে গাছ-পাট, পাট নাম হইয়াছে। এ কারণ রেশম-পাট, গাছ-পাট—দুই নাম আবশ্যক হয়। বোধ হয় ইংরেজ রাজত্ব আরম্ভের পর অংশুর নিমিত্ত পাটগাছের কৃষি হইতেছে। কিন্তু, কৃত্তিবাসে (লং), যেন পাটুয়া নায়ের ভরা—এখানে গাছ পাট পাইতেছি। শণের অংশু দ্বারা গুণ হয়। ভ্রমে ইংরেজে পাটকে gunny মনে করিয়াছে। এই রূপ ভ্রমে সং শণ হইয়াছে ইং hemp। কিন্তু, ইং hemp অর্থে নানাবিধ অংশু বুঝায়। কোথাও কোথাও, যেমন নদীয়ায় গাছ-পাটকে

কোষ্টা বলে। কোষ—গুটী কোষ, কৌষেয় —পট্টবস্ত্র—শব্দ হইতে কোষ্টা। বোধ হয় কোষ+তা—তুল্যার্থে, তু° আঁইষ্টা। অর্থাৎ যে কারণে স° পট্ট হইতে পাট শব্দ, সেই কারণে স° কোষ হইতে কোষ্টা শব্দ)। পাট-গাছের অনেক জাতি আছে। কয়েক জাতির শুঁটী লম্বা, অপরের শুঁটী গোল। প্রায় দুই জাতির চাষ হইতেছে। এক জাতির শুঁটী গোল, কিন্তু উচ্ছাফলের মতন বিষমগাত্র (Corchorus capsularis)। অন্য জাতির শুঁটী দীর্ঘ, শুঁটীর চঞ্চুও দীর্ঘ (Corchorus olitorius)। প্রথমোক্ত জাতির কোমল পাতা আমরা নালিতা বলি। ইহা ঈষৎ তিক্ত। অন্য জাতির পাতা তিক্ত নহে। এ কারণ অনেকে শাগ করিয়া খায়। ক্ষেতে হয় বলিয়া ক্ষেতিয়া—খেট্যে নামও আছে। এই দুই জাতি ব্যতীত অন্য কয়েক জাতি বন্য অবস্থায় জন্মে। তিতা পাট, বুনো পাট নামে এই সব জাতি খ্যাত।

পাট ··ষ্য. (স° পট্ট পট হইতে। বোধ হয় পটীর আকারে বোনা হইয়া পরে জোড়া হয় বলিয়া পাটি, পাট হইয়াছে)। দোড়ীর বোনা থলিয়া, প্রঃ—আতব তণ্ডুল যব আসে পাটি পাটি (কৃত্তিঃ লং), লইয়া টাকার পাট চলে বীর গোলাহাট (কবিকঃ), পাট পাট ভেসে গেল পোদ্দারের কড়ি (মাঃ)। ধানের পাট···যে পাট ধান্যপূর্ণ করা হইয়াছে।

পাট-করণী, পাট-কন্নী···ষ্য. (পাটি—পাইট—পাট। পাইট দেখ)। যে নারী ঘরের পাইট —মার্জনাদি গৃহকর্ম করে। (আধুনিক নাম চাকরানী বা ঝী)।

পাট-কাঠি ··পাকাটি দেখ।

পাটকেলে...ণ. (পাটকাল দেখ)। পাকা-পোড় ইটবর্ণ, পাটলবর্ণ।

পাটটি···ষ্য. (পাট+মাটি)। কাঁথ মসৃণ করিবার নিমিত্ত পাট-কাটা (গাছ-পাট কাটা) ও মাটি মিশাইয়া কাঁথে লেপন কর্ম্ম (কোদার প্রতিমা গড়িবার সময়েও পাটটি করিতে হয়। পরে সূক্ষ্ম কর্ম্মের নিমিত্ত তুলাটি আবশ্যক হয়)। গ্রা° পেটৌটি।

পাটন···ষ্য. (স° পত্তন)। নগর, প্রঃ—বিশাখা-পত্তনম্—বিশাখা দেবীর পাটন। (পাটনা নাম পত্তন হইতে। পাটলীপুত্র-পত্তন শব্দের পাটলীপুত্র লুপ্ত)। (২) পট্ট, প্রঃ—কর্ণের পাটন যে পর্ব্বতের গুঁড়ি (কৃত্তিঃ লং)—কানের পাটা।

পাটনী···ষ্য. (শব্দটি—রাঢ়ে অজ্ঞাত। নদীয়া যশোরে প্রচলঃ। হি° পটনী—নেয়ে। পত্তন —পাটন হইতে। এক এক পত্তনের পাশে যে নদী, সে নদীর লোক—পাটনী। পার-করণী হইতে পারানী—পাটানী—পাটনী হইতে পারে। কিন্তু নারী বুঝাইত)। খেয়া ঘাটের নৌকার মাঝি, প্রঃ—পাটনীর বেশ (কৃত্তিঃ), সেই ঘাটে খেয়া দেয় ঈশ্বরী পাটনী (ভাঃ)। (রাঢ়ে ঘাট-মাঝি)।

পাট-পোকা ··ষ্য. (স° পট্ট হইতে পাট। পোকা দেখ)। যে পতঙ্গ পাটের গুটী বাঁধে (The silk-moth. Bombyx)।

পাটলী, পারুল···ষ্য. (স° পাটলি, পাটলী, পাটলা। ফল ফাটিয়া যায় বলিয়া নাম)। নাতিবৃহৎ তরুবিশেষ (Stereospermum suaveolens)। পাতায় তিন—পাঁচ জোড়া বড় বড় পর্ণ। ফুল অতি সুগন্ধ, বড় ঘণ্টাকার, পাটলবর্ণ (কৃষ্ণরক্ত বর্ণ), গ্রীষ্ম-

কালে ফুটে। পুংকেশর ৪টা; ২টা লম্বা, ২টা ছোট। ফল দীর্ঘ, সোজা নীলরক্তবর্ণ। পশ্চিম, উত্তর, মধ্যভারতে, ব্রহ্মে প্রায়ই জন্মে।

পাট-রাণী···পাট দেখ।

পাট-হাতী, পাট-হাথী···পাট দেখ।

পাটা···ষ্য. (সং পট্ট। পাট দেখ। শুং পুঃ—পটা, ওং পটা)। কাষ্ঠাদির পট্ট বা তক্তা; ঘণাগাছের পাটা যাহাতে ঘণা বসে; রাজের কাষ্ঠ-পট্টী যাহা দ্বারা ঘষিয়া দেওয়াল সমান করে; আবরণবস্ত্র, প্রঃ—এক পাটা—এক খণ্ড চাদর, দো-পাটা—দুই খণ্ড মাঝে সেলাই করা চাদর; কটিতে বস্ত্রাদি রাখিতে স্বর্ণাদির পট্টী; পাট্টা। বুকের পাটা ··বক্ষঃপট্ট বিস্তৃত হইলে সাহসী বুঝায়। ইহা হইতে, সাহস।

পাটাতন···ষ্য. (সং পট্টতল। পট্টাচ্ছদন ?)। নৌকাতে লোকের বসিবার বিস্তৃত তল। (নীচে খোল, উপরে পাটাতন। ইং deck)।

পাটার··ষ্য. (সং পট্ট—পাটা+র—স্বার্থে। মং পঠার)। পালান ভিড়িবার পটী।

পাটালী···ষ্য. (পাটা+লী)। পাক-করা গুড় কাঠের পাটায় ফেলিয়া পাটা-করা মিষ্টক।

পাটা শেঅলা ··শেঅলা দেখ।

পাটি···ষ্য. (সং পালি পঙ্‌ক্তি। আসাং পারি)। পঙ্‌ক্তি, শ্রেণী, প্রঃ—দাঁতের পাটি, কএর পাটি—কবর্গ।

পাটিকাল...ষ্য. (কৃত্তিবাসে (সুং), ইটাল পাথাল খান মারে যে দেখে ডাগর; ভারতে, গোহাড় ইটাল ইট শূন্য হৈতে পড়ে। মাণিকে, কপালে দিলেক তুলে পাটীকাল গুঁড়ি। প্রবোধচন্দ্রিকায়, পাটিগেল। অতএব ভারতচন্দ্রের সময় পর্যন্ত ইটাল, পরে পাটিকাল আসিয়াছে। ইটাল অদ্যাপি আছে। গ্রাং হিটাল। ইট+আল—ইটাল। বোধ হয় ইটা+ল—স্বার্থে কিংবা হ্রস্বার্থে। পাকা ইটাল—পাকি ইটাল=পাটিকাল—পাকা পোড়া ইট অর্থাৎ আমা ইট নহে)। পাকা-পোড় ইট, প্রঃ—নির্ম্মিলা মিলিয়া স্বর্ণ পাটিকেলে মঠ চিতার উপরে (মেঘনাদবধ)—পাটিকাল অপভ্রংশে পাটিকেল—পাটকেল। দৃষ্টান্তে, ইট মারিলে পাটিকাল খাইতে হয়—ইট আমাও হইতে পারে। অন্যের অল্প ক্ষতি করিলে নিজের অধিক ক্ষতি সহিতে হয়। পাটকালিয়া, পাটকেল্যে···ণ. (পাটিকাল+ইয়া)। পাটিকাল তুল্য, প্রঃ—পাটকেল্যে রং।

পাটিয়া, পেটো···পাটী দেখ।

পাটী...ষ্য. (সং)। অনুক্রম, প্রঃ—পাটীগণিত—যে গণিতে সুন্দর ক্রম আছে।

পাটী···ষ্য. (সং পট্ট, পট্টী)। কাষ্ঠাদির সরু পট্ট; পাড়ী; দীর্ঘ অল্প পরিসর ভূমিখণ্ড; মস্তকের সম্মুখের কেশের চিক্কণ পট্ট আকার, প্রঃ—দুসন্ধ্যা চিরনী ধরি পাড়ে মোহন পাটি (কবিকঃ)—মোম দিয়া পট্টের আকার প্রদান করে; ধান্যাদি রাখিবার গুণ, প্রঃ—আতব তণ্ডুল যব আনে পাটি পাটি (কৃত্তিঃ লং), পাটি ভরি নিল খই (কবিকঃ)—পাট দেখ; শীতল পাটী গাছের ছালে বোনা আসনবিশেষ (পটী পটী বুনিয়া শেষে জোড়া হয় বলিয়া। পূর্ববঙ্গে—মাদুর), প্রঃ—সাজিয়া সুরঙ্গ নিল পাটি (কবিকঃ)। শীতলপাটী···ষ্য. হরিদ্রাদিবর্গের সর্বজয়া-গাছের সদৃশ দীর্ঘ ক্ষুপবিশেষ

(Clinogyne dichotoma)। পূর্ববঙ্গ ও চট্টগ্রামে জন্মে। ডাঁটা বেতের মতন, দ্বিধা শাখাবিশিষ্ট। পুংকেশর ১টা পরিণত হয়। গর্ভকোষ ত্রিধাবিভক্ত, ত্রিগর্ভ। পাটিয়া, পেট্যে...ষ্য. (পাটী+ইয়া—তুল্যার্থে)। কেশের পাটী, প্রঃ—পাকা কেশে পেটে পেড়ে করে পরিপাটী (মাঃ)।

পাটুয়া, পেটো...ণ. (পাট—অংশু+উয়া)। পাট সম্বন্ধীয়, প্রঃ—নাভি গভীর যেন পাটুয়া নায়ের ভরা (কৃত্তিঃ লং)—যে না পাটে ভরা হইয়াছে; পট্টবৎ অংশুর রজ্জু, প্রঃ—কলার পাটুয়া (চৈঃ চঃ)—কলাগাছের বাসনার দোড়ী।

পাটোয়ারী...ষ্য. (সং পট্টবারিন্। সং পট্ট—রাজশাসনপত্র। হিং পটবারী)। জমিদারের নিযুক্ত গ্রামের জমিজমার হিসাব-লেখক।

পাট্টা, পাটা...ষ্য. (সং পট্ট)। উত্তরীয়, চাদর। এক পাট্টা...যে মোটা চাদর একটী পট্টে নির্মিত। দো-পাট্টা...যে মোটা চাদর দুই পট্ট জুড়িয়া নির্মিত। (২) জমি ভোগ করিবার জমিদারের প্রদত্ত অনুমতিপত্র। পাট্টা-দার ...ষ্য. যে প্রজা পাট্টা—জমিদারের অনুমতি—পাইয়াছে। পাট্টা-সেলামি...ষ্য. পাট্টা লইবার সময় জমিদারকে প্রজা যে নজর বা অর্থ দেয়। পাট্টা-কবুলিয়ৎ...ষ্য. (প্রতিচর শব্দ)। জমিদার পাট্টা দেন, প্রজা কবুলিয়ৎ দেয়; অতএব উভয়ের অঙ্গীকারপত্র।

পাঠ...ষ্য. (সং)। আবৃত্তি, প্রঃ—মন্ত্র পাঠ করা; অধ্যয়ন, প্রঃ—গীতা পাঠ করা; পাঠ্য গ্রন্থ, পাঠ্য অংশ, প্রঃ—পাঠ পড়া; লেখ্য, যাহা লিখিবার নিয়ম, প্রঃ—চিঠির পাঠ।

পাঠক...ষ্য. (সং)। পুরাণাদি পাঠকর্তা, অধ্যাপক; ছাত্র, প্রঃ—পাঠ-শালা—বিদ্যালয় (ওং চাটশাল্ডি—সং ছাত্রশালা); ব্রাহ্মণের উপাধিবিশেষ। পাঠ-শালা...ষ্য. (সং)। বিদ্যালয়, দেশীয় নিম্ন বিদ্যালয়। (পাঠশালার শিক্ষক—গুরুমশায়, বিদ্যালয়ের শিক্ষক—পণ্ডিত)।

পাঠা...ধাতু. (সং প্রস্থাপিত হইতে)। পাঠাই ...প্রস্থাপিত করি, প্রেরণ করি। পাঠানা॥

পাঁঠা...ষ্য. (আসাং পাঠা। ওং পাঠা—ছোট ছাগ স্ত্রীং পাঠী। তুং হিং পাঠা পঠিয়া—পূর্ণবয়স্ক জন্তু (প্রায়ই হস্তী)। হিং পট্‌ঠা—পুষ্ট জন্তু; পঠোর—ছাগ, মেষ। মং বকরা,বোকড। ওং বোদা—বড় ছাগ; হিং বোতু। সং বস্ত—ছাগ—অঃ; বস্ত হইতে পাঁঠা)। ছাগ, বলিদানের যোগ্য ছাগ। স্ত্রীং পাঁঠী। বোকা পাঁঠা...বড় ছাগ যাহার বয়স অনেক হইয়াছে। স্ত্রীং ছাগল ধাড়ী। পাঁঠী-বেচা...যে পণ লইয়া কন্যার বিবাহ দেয়।

পাঠান...ষ্য. (উর্দু পঠান)। লাহোরের উত্তর-পশ্চিমবাসী মুসলমান জাতিবিশেষ, আফগান। স্ত্রীং পঠাননী।

পাড়...ধাতু. (সং পাট্ট পাতি ধাতু বিদারণে পাতনে)। পাড়ি—পাতিত করি, প্রঃ—ফল পাড়িতেছে, জ্বরে পাড়িয়াছে; নিক্ষিপ্ত করি, প্রঃ—বান্ধিয়া আনিয়া পাড়ে লক্ষ্মীর চরণে (চৈঃ চঃ); প্রয়োগ করি, প্রঃ—গালি পাড়া; আরম্ভ করি, প্রঃ—কথা পাড়া। পাড়া॥ পাড়া...ধাতু. (পাড় ধাতু আস্তে)। পাড়ানা॥

পাড়...ষ্য. (সং পাটক—রোধ—মেঃ)। নদী

পুষ্করিণী আদির জলরোধক উচ্চ আলি। (আড়া দেখ)।

পাড়ন…ষ্য (সং পাতন। পাড় ধাতু দেখ)। যাহা পাতা যায় যেমন শয্যায়, চালে; যাহা প্রথমে বিছানা যায়; তাঁতে বুনিবার পড়িয়ান; পাতন-কর্ম। (ওড়ন-পাড়ন দেখ)।

পাড়…ষ্য. (সং পট্টী কিংবা সং পালি)। খুঁটার মাথায় স্থাপিত যে লম্বা কাঠ বা বাঁশ চাল ধরিয়া রাখে, পাড়ি; কাপড়ের প্রান্তের পটী। পাড়িয়া, পেড়ো…ণ. (পাড়+ইয়া)। পাড়বিশিষ্ট (বস্ত্র)। শাদা-পেড়ো…ণ. যে বস্ত্রের পাড় রঞ্জিত নহে। কালা-পেড়ো…ণ. যে বস্ত্রের পাড় কৃষ্ণবর্ণ। পাছা-পাড়…ণ. যে শাড়ীর লম্বা দিকে প্রায় মাঝে পাড় আছে। বে-পাছা…ণ. যে শাড়ীর পাছা-পাড় নাই। ফুলম্-পাড়…যে পাড়ে ফুল বোনা হইয়াছে।

পাড়া…ষ্য. (সং পল্লী হইতে নহে, সং পাটক হইতে। যথা, পাটকঃ গ্রামার্ধে—হেমঃ; পাটকঃ কটকান্তরে—মেঃ। পাটক পট্ট পত্তন পট্টন শব্দগুলির অর্থ প্রায় এক। পাটক—পাড়া; পট্ট—পটী; পট্টন—পাটন, পাটনা; পত্তন—যেমন বিশাখাপত্তনম্। পাটনা গ্রাম অর্থে ওড়িয়ায় যেমন মানসিং-পটণা। তুং হিং ওং মং পেট—হাট বা বিক্রয়স্থান)। গ্রামের অংশ। পাড়া-গাঁ…ষ্য. (সহচর শব্দ)। পাড়া ও গাঁ। (পাড়া-বিশিষ্ট গ্রাম নহে। সে অর্থ হইলে পাড়া-গাঁ—বৃহৎ গ্রাম, গণ্ডগ্রাম হয়)। প্রঃ—পাড়া-গাঁয়ের কথা স্বতন্ত্র—ছোট গ্রামের, গ্রামের। আদ পাড়া গাঁ (গ্রাং অজ পাড়া-গাঁ) …যে গ্রাম অদ্যাপি আদ্য অবস্থায় আছে। (সং আদ্য—আইদ—অজ)। পাট-পড়শী…ষ্য. (সং পট্টবাসী+পট্টবাসী)। পাড়া-পড়শী, প্রঃ—পাটপড়শী নাহি আসে দেখি দিগম্বর (কবিকঃ)। পাড়া-পড়শী…ষ্য. (পট্টবাসী—পড়শী, কিংবা সং প্রতি-বেশী)। পাড়াবাসী ও পটীবাসী, প্রতি-বেশী, প্রঃ—উচিত কহিতে নাই এ পাড়া-পড়শী (জ্ঞানদাস)। পাড়া-বেড়ানিয়া…ণ. (পাড়া-বেড়ান+ইয়া)। পাড়ায় পাড়ায় ভ্রমণ করা স্বভাব যার। পাড়া-বেড়ানী…ষ্য. যে নারী গৃহে না থাকিয়া পাড়ায় পাড়ায় ভ্রমণ করে। (দোষাবহ বলিয়া গালি)। পাড়া ভাঙ্গিয়া পড়া, আসা—পাড়ার যাবতীয় নরনারী। পাড়া মাথায় করা, পাড়া মাথায় তোলা—এত কোলাহল কিংবা শব্দ যে পাড়ার যাবতীয় নরনারী শুনিতে পায়। অন্য সময় শব্দ থাকে না; কাঁদিয়া, গালি পাড়িয়া, বিবাহের বাজনায় পাড়া মাথায় উঠে—সকলের কানে (যাহা মাথায়) উঠে। দৃষ্টান্তে, যার বিয়ে তার মনে নাই পাড়া-পড়শীর ঘুম নাই—যার কর্তব্য তার চেষ্টা আবশ্যক, পাড়ার লোকের চেষ্টা বৃথা।

পাড়ি…ষ্য. (সং পট্টি)। কাঁথের সোজা খড়ের চাল ধরিয়া রাখিবার লম্বা সরু কাঠ কিংবা মোটা বাঁশ, প্রঃ—পাঁচ পাড়ি চারি খুঁটি চারি চাল করিল চৌরস (কবিকঃ)। (পাইড় দেখ)।

পাড়ি…ষ্য. (সং পার হইতে? পালি—সেতু—হেমঃ? ওং পারি)। নদীর এ পার হইতে ও পারে গমন, প্রঃ—নদীতে পাড়ি দেওয়া—নৌকা দ্বারা যেন সেতু নির্মাণ, প্রঃ—

"সারাদিন কাটালে ঘাটে বসে সন্ধ্যাবেলা ধরলে পাড়ি।"

পাঁড়ে, পাণ্ডে···ষ্য. (সং পণ্ডা+ইয়া —পাণ্ডিয়া—পাণ্ডে—পাঁড়ে)। ব্রাহ্মণের উপাধিবিশেষ। পানি-পাঁড়ে···যে পশ্চিমা ব্রাহ্মণ রেল-ষ্টেসনে পানীয় জল দেয়।

পাণ্টালুন,পেণ্টুল···ষ্য. (ফরাসী pantalon)। পা-জামাবিশেষ।

পাণ্ডা··ষ্য. (ওং হিং পণ্ডা। সং পণ্ডা—শাস্ত্রজ্ঞান)। তীর্থ-স্থান-অভিজ্ঞ।

পাণ্ডু···ষ্য. (সং)। চক্ষুর পীতবর্ণপ্রাপ্তি রোগবিশেষ (jaundice)।

পাত···ধাতু. (সং পাতি ধাতু)। পাতি—স্থাপিত করি, প্রঃ—বিছানা পাতা ; সজ্জিত করি, প্রঃ—দই পাতা, চিনী-পাতা দই, কামারের শাল পাতা, দোকান পাতা ; সম্বন্ধ-স্থাপন করি, প্রঃ—সই পাতা ; উৎপন্ন করি, প্রঃ—পবনে পাতিল ঝড় (জ্ঞানদাস)। পাতা ॥ কান পাতা—শোনা, শুনিয়া গ্রাহ্য করা, প্রঃ—আমার কথায় কান পাতে না। পাতন···ষ্য. যাহা শয্যার নিমিত্ত প্রসারিত করা হয়। পাতা···ধাতু. (পাত ধাতু আস্তে)। পাতানা ॥ পাতানা মামা···মাতৃবন্ধু মামা নহে, কৃত্রিম সম্বন্ধে মামা।

পাত, পাৎ···ষ্য. (সং পাত্র, পত্র)। ভোজ্যপাত্র ; গাছের পাতায় রচিত পাত্র ; গাছের পাতা ; পত্রাকার ধাতু। পাত করা—ভোজ্য পাত্র স্থাপনা। পাত পাড়া—অনাহূত হইয়া ভোজন নিমিত্ত পাত্র স্থাপনা।

পাতক্সান (গ্রাং)···ষ্য. প্রাতঃস্নান।

পাতকুয়া, পাৎকো···ষ্য. (সং পাতালকূপ)। গভীর কূপ, কূপ।

পাতকোয়া··ষ্য. (? ওং কুক্কুটোয়া)। কাকের তুল্য পরিমাণের পক্ষীবিশেষ। খয়রা রং, পেট অল্প কাল। গাছে থাকে। বেং ফড়িঙ্গ খায়। কোয়া কোয়া ডাকে।

পাত-খোলা··ষ্য. পাতার মতন পাতলা পোড়া খোলা। গর্ভিণী নারী খোলার সোঁদা গন্ধ হেতু ভক্ষণ করে।

পাতড়া, পাৎড়া··ষ্য. (পাত-তাড়ী দেখ। পাৎ+ড়া)। পাত-তাড়ী, পত্র-সমষ্টি, পুথীর পত্র।

পাত-তাড়ী, পাৎ-তাড়ী···ষ্য. (সং পত্র—পাৎ, পাতা। সং তাল হইতে তাড়া, তাড়ী)। তালপত্রের তাড়ী। পাত-তাড়ী গুটাইয়া প্রস্থান—জিনিষ-পত্র গুছাইয়া লইয়া পলায়ন, কাজ শেষ না করিয়া পলায়ন।

পাতন···পাত ধাতু দেখ। (২)···ষ্য. কানের পাতা বা পাটা, প্রঃ—কর্ণের পাতন যেন হুগলিয়া তুলি (কৃত্তিঃ লং)—হোগলার ঝাঁপ। (অপ্রচলঃ)।

পাতনা···ষ্য (পাতা+না হ্রস্বার্থে)। ছোট ছোট পাতা, খড়-কুটি, প্রঃ—ধান্যরাশি মাপি বৈছে পাতনা সহিতে (চৈঃ চঃ)। (অপ্রচলঃ)।

পাত-নামা··ষ্য. (সং পত্র ফাং নামা)। মুখপত্র ও লেখন (সহচর শব্দ), আরম্ভ। পাত-নামা করা—কর্মআরম্ভ করা।

পাত-রাজ··ষ্য. (পত্ররাজ ?)। পাংগড়িয়া সর্পবিশেষ। সুন্দর বনে আছে।

পা-তল, পাস্তল···ষ্য. (সং পাদ-তল, পাদস্থল। আং পথান—পদস্থান)। শয্যার যে স্থানে পদ থাকে।

পাতলা, পাৎলা ... ণ. (সং পত্রতুল্য। ওং পতলা। চৈঃ চঃ—পাতল মৃৎপাত্র। বাং পাতা+লা—পাৎলা)। সরু, শীর্ণ, ক্ষীণ; তরল। পাতলা ফিন্‌ফিনা...সরু ও ফাঁক ফাঁক, যেমন কাপড়। পাতলা দুধ ...জল-মিশ্রিত দুগ্ধ।

পাতশা...ষ্য. (ফাং)। বাদশা, সম্রাট।

পাতা...ষ্য. (সং পত্র। ওং পত্র)। বৃক্ষের পত্র; চোখের পত্র; বৃক্ষপত্রের ভোজ্য পাত্র, পাৎ। পাতার বোঁটা ...(সং বৃন্ত। সংপ্রাং বোণ্ট)। পত্রবৃন্ত। পাতার শির ...(সং শিরা)। পত্রশিরা, প্রায়ই মধ্যশিরা। পাতার ধার ...(সং ধারা)। পত্রপ্রান্ত। পাতা করা—ভোজ্য পাত্র স্থাপনা। পাতা পাড়া—ভোজনলোভে পাত্র স্থাপনা। পাত পড়া—ভোজন।

পাতা ...ষ্য. (হিং পতা। সং পতাকা)। সংবাদ, চিহ্ন।

পাতান,পাতাম ...ষ্য. (পত্র হইতে)। লোহার পত্রাকার শলা। ইহা দ্বারা নৌকার তক্তা জোড়া হয়।

পাতা-পা...ষ্য. (পত্র+পদ)। পত্রাকার জোড়া অঙ্গুলি যে পায়ের, যেমন হাঁসের।

পাতাল...ষ্য. (সং)। পৃথিবীর অধোদেশ। পাতাল কত দূরে দেখা—কর্মের শেষ দেখা; মন্ত্রণার শেষ করা। পাতাল-গরুড়ী...বৃক্ষ-বিশেষ। পাতাল-কোঁড় ...ষ্য. (কোঁড় দেখ)। ছাতা উদ্ভিদ।

পাতি ...ষ্য. (সং প্রত্যয়। হিং পাতী)। প্রত্যয়, প্রঃ—চৈঃ চঃ। (অপ্রচলঃ)। পাতিয়া, পাত্তা দেখ।

পাতি ...ণ. (সং পঙ্‌ক্তি—পাঁতি—পাতি? আসাং পাতি; যেমন পাতি হাঁহ—পাতি হাঁস; ওং পাতি—ছোট যেমন পাতি-শিয়াল)। সামান্য, প্রঃ—পাতি নেবু—যে নেবু সাধারণ, কাগজী নহে; পাতি হাঁস—রাজহাঁস নহে; পাতি নেড়ো—মোগল পাঠান নহে। পাতি পাতি...পঙ্‌ক্তি ধরিয়া, প্রঃ—পাতি-পাতি করিয়া খোজা।

পাতি...ষ্য. (সং পত্র, পত্রী)। পত্র; তাল খেজুর প্রভৃতির পাতা-চেরা; সংবাদ; নিদর্শন,পাত্তা। জালের পাতি ...জাল দেখ।

পাঁতি ...ষ্য. (সং পঙ্‌ক্তি)। শ্রেণী, প্রঃ—দশনের পাঁতি—দন্তপঙ্‌ক্তি; শাস্ত্রীয় বচন; ছাঁদ, প্রঃ—কথার পাঁতি।

পাতিয়া...ধাতু. (সং প্রত্যয় হইতে)। পাতিয়াই—প্রত্যয় করি, প্রঃ—এমন কথায় পাতি-য়ায় কোন জন (কবিকঃ)। (পদ্যে)।

পাতিয়া, পেত্যে...ষ্য. (পাতা+ইয়া)। পত্রে নির্মিত পাত্র; পত্রাকার বাঁশের পাত্র, চুবড়ি।

পাতিল ...ষ্য. (সং পাতিলী। তুং ফাং পাতীলা, পতীলী—বড়-মুখা হাঁড়ী বা কটাহ। মং পাতেলী)। বড়-মুখা চেপটা ছোট হাঁড়ী।

পাত্তা ...ষ্য. (সং পত্র, প্রত্যয়)। সংবাদ।

পাত্র...ষ্য. (সং। যথা, পাত্রং স্রুবাদৌ পর্ণে চ ভাজনে রাজমন্ত্রিণি তীরদ্বয়ান্তরে যোগ্যে—মেঃ)। যজ্ঞাদির পাত্র; ভাজন বা বাসন, আধার; রাজমন্ত্রী; যোগ্য; বিবাহযোগ্য বর; উপাধিবিশেষ। পূর্ণপাত্র · তণ্ডুলপূর্ণ শরা। প্রশস্ত পাত্র ...বরণ ডালা। পাত্রমিত্র ...ষ্য. (সং। সহচর শব্দ)। রাজসভাসদ্‌। নাটকের পাত্র...(সং—হেমঃ)। নাটকো-ল্লিখিত ব্যক্তি। কৃপাপাত্র...কৃপাযোগ্য।

পাত্রস্থ করা—কন্যাদানযোগ্য বরকে অর্পণ করা। পাত্রী··ষ্য. (পাত্র স্ত্রী°)। বিবাহ-যোগ্যা কন্যা; তাম্রকোশী।

পাথর··ষ্য. (সং প্রস্তর। হিং পৎথর, ওং পথর্, মং পথর)। প্রস্তর, পাষাণ; প্রস্তর-নির্মিত থালা। পাথরা···(পাথর+আ)। কুৎসিৎ অচিক্কণ প্রস্তর। পাথরিয়া, পাথর্যে ···ষ্য. (পাথর+ইয়া)। প্রস্তরনির্মিত, প্রস্তরযুক্ত; প্রস্তর-ছেদক বা কর্তক। পাথরী···ষ্য. (পাথর+ঈ)। ক্ষুদ্র প্রস্তর; মূত্রাশয়ে অশ্মরী রোগ (gravel)। গয়েশ্বরী পাথর...গয়ার কৃষ্ণবর্ণ প্রস্তরবিশেষ (chlorite)। বালেশ্বরী পাথর ··বালেশ্বরের কৃষ্ণ-মুগবর্ণ প্রস্তরবিশেষ (ওং মুগণি। মুদ্গবর্ণ বলিয়া। chlorite)। কোচ পাথর···(বাঁকুড়ায় নাম)। শাদা কচুর তুল্য স্ফটিক প্রস্তর (quartz)। হাঁসা পাথর··হংসতুল্য শ্বেতবর্ণ স্ফটিক প্রস্তর (quartz)। বালিয়া পাথর, বেল্যে পাথর···বালুকা সংহত হইয়া জাত প্রস্তর (sand stone)। চাকড়া পাথর··সরু সরু বালি জমিয়া যে পাথর পট্টাকারে দেখা যায় (fine sand stone)। ইহাতে বাটনা বাটিবার শীল ও বাটালী ইত্যাদি ধার করিবার পাথর হয়। মাটিয়া পাথর, মেটো পাথর··মাটির তুল্য কোমল প্রস্তরবিশেষ (soap-stone), প্রঃ—কবিকঃ। মাকড়া পাথর ··(সং মর্কটক —মাকড়সা হইতে। ওং। বাং-তেও প্রায় চলিত)। ছিদ্রবহুল ইটবর্ণ প্রস্তর-বিশেষ (laterite)। নূতন কাটায় কোমল, পরে কঠিন হয়। পূর্বকালে অট্টালিকাদি এই পাথরে হইত। ইদানী পুষ্করিণীর ঘাট হয়। উপমায়, পাথরে পাঁচ কীল—এত সৌভাগ্য যে প্রস্তর পাঁচ কীলে ভগ্ন হয়।

পাথরকুচি ··ষ্য. (কোথাও কোথাও হেম-সাগর বলে। কিন্তু হেমসাগর অন্য গাছ। ওং-তে হেমসাগর)। দীর্ঘায়ুঃ দুই হাত দীর্ঘ শাকবিশেষ (Bryophyllum calycinum)। পাতা পুরু মাংসল রোমহীন অম্ল। বর্ষাকালে ছায়াতে পাতা রাখিলে পাতার ধার হইতে অঙ্কুর বাহির হইয়া অনেক গাছ হয়। ফুল বড় বড়, বেগুনা-লালবর্ণ, শীতকালে ফুটে। ফুল চতুর্দল, কেশর আট। এই গাছ নাকি দেশী নহে। প্রায় দুই শত বৎসর পূর্বে মলক্কা দ্বীপ হইতে এ দেশে আনীত হইয়াছে। (বোধ হয়এই হেতু ভুলে দেশী হেমসাগর নামও পাইয়াছে। হেমসাগরের পাতা ছিন্ন-ছিন্ন, ফুল হলুদা ছোট, বর্ষাকালে ফুটে)।

পাথর-চুর···ষ্য. (সং পাষাণভেদী। ওং রুক্মিণী-হাত-পোছ—অর্থাৎ রুক্মিণীর গামছা।)। তুলস্যাদি বর্গের কদাকার শাকবিশেষ (Coleus aromaticus)। পাতা সুগন্ধ পুরু মাংসল, ভাঙ্গিলে মচ্‌মচ করে। ফুল ছোট ছোট ঈষৎ নীল। (সং নাম পাষাণ-ভেদী হইল কেন ?)।

পাথরিয়া, পাথরী···পাথর দেখ।

পাথার...ষ্য. (সং পাথোধর। পাথ, পাথস্—জল)। সমুদ্র, প্রঃ—অকূল পাথারে পড়া। সমুদ্র তুল্য গভীর, প্রঃ—নদীতে পাথার জল। (চৈঃ চঃ—পাঁথার্। পাঁথার গ্রাং অপ্রচলঃ)।

পাথালি ··ষ্য. (সং পাৰ্শ্বল—পাথাল+ই।

আসা° পথালি—প্রশ্ন)। পা ধরিয়া উত্তোলন। পাথালি কোলা ··পা ধরিয়া কোলে তুলিয়া লওয়া, প্রঃ—সীতা রথে তোলে রাবণ করিয়া পাথালি কোলা (কৃত্তিঃ)।

পাদ ··ব্য. (স° পর্দ ধাতু অপানশব্দে। ম° পাদ, ও° পাড)। অপানশব্দ, বাতকর্ম। পাদ ··ধাতু. পাদি—অপান বায়ু ত্যাগশব্দ করি। পাদা॥ পাদা···ধাতু. (পাদ ধাতু আস্তে)। পাদানা॥ পাদানা...ক্লেশে ফেলা। পাদুয়া, পেদো...ণ. যে পাদে; পাদগন্ধযুক্ত; দুর্গন্ধ ষট্‌পদীবিশেষ। পদী দেখ।

পাদ্‌-দি··ধাতু. (পাদ—পা, দি—দেওয়া। কেহ কেহ বলে পাড়দি। ও° পারদি)। পাদ-দি—ঢেঁকির লেজে পা দিয়া চাপিয়া ঢেঁকি উঠাই নামাই। পাদ-দেওয়া॥

পাদরি ··ব্য. (পর্তু° padre। তু° স° পিতৃ পুরোহিত)। খ্রিষ্টানের পুরোহিত। পাদরিগিরি··পাদরির কর্ম।

পাদশাহ, পাৎশা ··ব্য. (ফা°)। বাদশাহ, সম্রাট।

পাঁদাড়...ব্য. (স° প্রাধ্বন্? ও° পন্দাড়। স° প্রান্তর হইতে? তু ও° পন্বার—যেমন সমুদ্র পন্বার। আঁদাড় দেখ)। বাড়ীর পশ্চাৎদেশ।

পা-দান···ব্য. (ফা° । তু° স° পাদধান)। পদস্থাপনের আধার, পাদপীঠ।

পাদুক (গ্রা°)···ব্য. (স° পাদোদক। ও° পাদুক)। পদ-ধৌত জল।

পান···ব্য. (স° পর্ণ)। দীর্ঘায়ুঃ লতাবিশেষের (Piper betle) প্রসিদ্ধ পত্র। পানগাছ যেখানে সেখানে জন্মে না। আর্দ্র ও সমোষ্ণ বায়ুতে জন্মে। এ নিমিত্ত তৃণাদিচ্ছাদিত গৃহ (পানের বরজ) কিংবা গুয়ার ঘন বাগান আবশ্যক হয়। ভারতের সকল প্রদেশে পান চাষ হইতেছে। প্রদেশ ভেদে পানের জাত নানা হইয়াছে। বঙ্গে, দেশী পান ও ছাঁচি পান—এই দুই জাত জন্মিতেছে। ছাঁচি পান মচ্‌মচিয়া। (ছাঁচি দেখ)। কর্পূরকাতী বা কর্পূরপাতী পানের সুবাস কর্পূরের তুল্য। এই পান মধ্যভারতে জন্মে। প্রঃ—কর্পূর-পাকা পান সরস গুয়া (কবিকঃ)। গোটা পান···একটা পূর্ণাঙ্গ পান। সাজা পান গুবাকাদি দ্রব্য সহ সজ্জিত। পান-মশলা ··পানে খাবার মশলা। পান ডিবা ··ডিবা দেখ। পান-দান ··পান দিবার আধার, ডিবা। পানের খিলি··· খিলি দেখ। পান দেওয়া—কাহাকেও কাজে নিয়োগ করিতে হইলে পূর্বকালে তাহাকে পান দেওয়া হইত। পান দিয়া সম্মান দেখাইয়া বরণ করা হইত (কবিকঃ)। অদ্যাপি গ্রামে বিবাহাদি কার্যে পানসুপারি দিয়া নিমন্ত্রণ করা হয়। কবিকঃ—মুখ হৈতে খসে পাণ—মনের চাঞ্চল্যে, ব্যাকুলতায়। পান-দর্পণ ··নখদর্পণ-তুল্য; এক অনূঢ়া বালিকা তেল-মাখানা পানে দৃষ্টি করিয়া চোর বলিয়া দেয়। পানতামাক করা—পান খাইতে খাইতে তামুক সেবন।

পান ··ব্য. (স° পান—দ্রবদ্রব্যের গলাধঃকরণ। ইহা হইতে পরিমাণ? স° মান হইতে?)। একবারে সেবনের যোগ্য ঔষধপরিমাণ।

পান-কপ্‌পুর···ব্য. (স° করিলে কর্পূরপর্ণ হয়)। নারঙ্গাদি বর্গের ক্ষুপবিশেষ (Clausena heptaphylla)। পাতায়

প্রায়ই সাতটা পর্ণ থাকে। পাতায় কর্পূর-গন্ধ আছে বলিয়া নাম। পূর্ববঙ্গে জন্মে। অন্যত্র উদ্যানে রোপিত হয়।

পানই...ষ্য. (সং উপানহ্। ও° পাণ্ডোই, হি° পনহী, ম° ব্রহাণ পায়তণ)। চর্মপাদুকা, প্রঃ—কৃত্তিঃ। (নদীয়ায় পানাই। এই জুতার উপরে একটা সরু পটী থাকে)।

পান-কাঁটা...ষ্য. (সং পর্ণ—পান)। নারী-কেশের নিমিত্ত পানের আকারের কাঁটা।

পানতি...ষ্য. (পান+বৃত্তি—পানতি)। পান-বিক্রেতা জাতিবিশেষ।

পানা...ধাতু. (সং পারনা। পাইন দেখ। ও° পানি। হি° পৈনা ধাতু)। পানাই—লৌহাদি কঠোর করি, প্রঃ—সাত নারিকল জলে দাখানি পানিঅল (শূং পুঃ)—পানাইল। পানানা॥ ইস্পাৎ পানাইবার বর্ণ,—আরসলা বর্ণ, হলুদা বর্ণ, নীলবর্ণ, ময়ূরকণ্ঠবর্ণ, জবা বর্ণ, লাউফুল বর্ণ। ইস্পাৎ ব্যতীত ভরণও পানাইয়া কঠোর করা হয়।

পানা...ষ্য. (সং আপীন। ও° পান্হা)। গবাদির স্তনমণ্ডল, পালান। ²পানা...ধাতু. (হি° পন্হা ম° পান্হ ধাতু)। পানাই—গাইর বাঁটে দুধ নামি। পানানা॥

পানা...ষ্য. (ফা°। তু° সং পারন—বিস্তারে—মেঃ)। বিস্তার, প্রঃ—কাপড়ের পানা; বেধ, প্রঃ—কাঁথের পানা।

পানা...ষ্য. (সং পানক)। শর্করাদিমিশ্রিত পানীয়।

পানা...প্রত্যয়. (সং প্রায় হইতে পারা। পারা রূপান্তরে)। তুল্য অর্থে, চাঁদ-পানা মুখ। (ব্যাকরণ দেখ)।

পানা...ষ্য. (সং বারিপর্ণী। অন্য সং নাম পৃশ্নি। ও° দল্ল)। জলজ ভাসন্ত শাকবিশেষ, প্রঃ—কলঙ্ক পানায় সদা লাগে গায় ছাঁকিয়া খাইল যদি (চণ্ডীঃ)। বড় পানা, টোকা পানা ...ষ্য. (সং নাম কুম্ভিকা। হি° জল-খুম্বি। ও° দল্ল)। কচু-আদি বর্গের পুকুরের জলের শাকবিশেষ (Pistia stratiotes)। একটি গাছ হইতে বহু জন্মিয়া পুকুর ছাইয়া ফেলে। পাতা অণ্ডাকার। গাছের পাতা এমন সাজানা যে উলুটাইয়া দেখিলে তাল-পাতার টোকার মতন দেখায়। পানার পাঁশে জমির সার হয় না। কারণ ইহাতে যে লবণ (Potassuim chloride and sulphate) থাকে, তাহাতে জমি অনুর্বরা হইয়া পড়ে। গুঁড়ি পানা, ক্ষুদে পানা...ষ্য. এই পানার পাতা খুব ছোট, যেন মাছের আঁইষ। শিকড় দুই একটি শাদা সূতার মতন। এই পানাও অল্পকালে পুকুর ছাইয়া ফেলে। (Duckweed. Lemna)। ইন্দুর-কানী পানা...ষ্য. (সং উন্দুরুকর্ণী। অন্য নাম আখুকর্ণী ও° মুষাকানি—মূষিককর্ণী)। পচা জলের বর্ষায়ুঃ অপুষ্পক শাকবিশেষ (Salvinia cucullata) পাতা খয়রবর্ণ, এমন মোড়া যেন ইন্দুরের কান। ইহার ফুল হয় না, রেণু হয়। পাঁশে কোন কাজ হয় না।

পানি...ষ্য. (সং পানীয়। প্রাচীন বাংতে বহু প্রচলিত ছিল। ও° পাণি, হি° পানী; ম° পাণী)। জল; মণির দীপ্তি। দানা-পানি...ষ্য. (দানা দেখ)। অন্ন-জল। কাল পানি...সাগর। বিলাতী পানি ...সোডা লেমোনেড ইত্যাদির জল। লাল পানি...মদ্য। পানি

ভাঙ্গা—প্রসবের পূর্ব্বে জলস্রাব। (জল ভাঙ্গা—জল দিয়া চলা)। পানি-কলা… ষ্য. জলনিমগ্ন শাকবিশেষ (Ottelia alismoides)। পুকুরে জন্মে। শিকড়ের কাছ হইতে পাতা গোছা হইয়া জন্মে। এই পাতা লম্বা, এই হেতু নাম পানি-কদলী—পানি-কলা। ফুল শাদা শাদা ত্রিদল। ফলে পাখা আছে। পানিকাক, বড় পানিকৌটী…ষ্য. (সং নাম জলকাক। পানি-কাকটী—পানিকাঅটী—পানিকৌটী। ও° পানি-কোআ)। প্লববর্গের পক্ষী-বিশেষ (The large cormorant)। প্রঃ—তিত্তিরী তিত্তিরা পানিকাক পানি-কাকী (ভাঃ)। পানিকৌটী প্লববর্গের প্রায় এক হাত দীর্ঘ পক্ষীবিশেষ (The little cormorant. Phalacrocorax javanicus) চঞ্চু সরু চাপা অগ্রে বাঁকা। পক্ষ ছোট। পুচ্ছ কালতে সবুজ। পিঠ পক্ষ পদ ধূসর। উড়িতে জলে সাঁতার দিতে ডুবিতে পারে। পানি-কাওয়া…(হিং। পানিকাক হইতে)। পানিকৌটী সদৃশ পক্ষীবিশেষ (The brown-headed gull)। সমুদ্র-তীরে থাকে। পানি-কাঞ্চড়া…ষ্য. (কাঁকুড়া দেখ)। কাঞ্চড়া সদৃশ শাকবিশেষ (Commelina salicifolia)। ডাঁটা সরু সরু লম্বা। ফুল ছোট ছোট, মহানীল বর্ণ। পানি-জমা…ষ্য. (?)। নাতিবৃহৎ বৃক্ষ কিংবা ক্ষুপবিশেষ (Salix tertrasperma)। নদীর ধারে ও ভিজা জায়গায় একত্র অনেক জন্মে। কাঠ ঈষৎ রক্ত; ছালে লম্বা লম্বা নালী থাকে। পুং স্ত্রী বৃক্ষ পৃথক পৃথক। পল্লব লোমশ। পাতা মৎস্যাকার। বর্ষে বর্ষে ঝরিয়া পড়ে। নূতন পাতা বাহির হইলে ফুল ধরে। পুং-কেশর ২টা, ফল দ্বিকোষ। পানি-ডোবি…ষ্য. প্রসহবর্গের দিবাচর এক হাত দীর্ঘ পক্ষীবিশেষ (The harrier. Cericus)। পক্ষ ধূসর দীর্ঘ সরু; পুচ্ছ দীর্ঘ; চঞ্চু চাপা, অগ্র বাঁকা। গলায় পালখ-গুচ্ছ থাকে। শীতকালে বঙ্গ-দেশে আসে, জলায় চরে। মাটির নিকট দিয়া উড়িয়া যায়, এবং পোকা গিরগিটি ধরিয়া খায়। পানিতুয়া…ষ্য. চালগুঁড়ি ও ছেনা-যোগে মিষ্টান্নবিশেষ। ঘিতে পাক হইয়া চিনীর রসে ফেলা হয়। (বোধ হয় চিনীর রসরূপ পানিতে ফেলা হয় বলিয়া পানিত+উয়া—পানিতুয়া)। পানি-ফল… ষ্য. (সং পানীয় ফল—বৈদ্যকঃ। অন্য সং নাম শৃঙ্গাটক। ও° শিঙ্গাড়া)। জলজ শাকবিশেষের (Trapa bispinosa) প্রসিদ্ধ ফল (The water chestnut)। পচা পুকুরের জলে ভাসিয়া জন্মে। পাতা দ্বিরূপ। পুষ্প চতুর্দ্দল শ্বেতবর্ণ বর্ষাকালে অপরাহ্ণে ফোটে। ফলে দুই শৃঙ্গ আছে বলিয়া এক সং নাম শৃঙ্গাটক। কাশ্মীরে পানি-ফল প্রচুর জন্মে। পানি-ফল ছাড়াইয়া শুখাইয়া গুঁড়া করিলে পানি-ফলের পালো হয়। পূর্ব্বকালে এই পালো পলাশফুলের রঙ্গে নারঙ্গাবর্ণ করিয়া আবীর করা হইত। পানিভুনুকি…(ভোসকা, ফোসকা দেখ)। গর্ভস্থ জল। পানি-বসন্ত…বসন্ত দেখ। পানি মরিচ…বন্য শাকবিশেষ (Polygonum serrulatum)। নদীর, পুকুরের, জলার ধারে জন্মে। পাতা এক একটী। পাতার গোড়ায় উপপত্র নলাকারে বেষ্টন করিয়া

থাকে। ফুল ছোট ছোট, শাদা। ইহার তুল্য অনেক জাতি আছে। পানি-লাজক, পানি-লাজুক...ষ্য. বব্বূলাদি বর্গের জলার গাছবিশেষ (Neptunia oleracea)। গাছ লতাইয়া যায়। পাতা দ্বিধা পক্ষাকার, ছুঁইলে মুদিয়া যায় (লজ্জাবতী দেখ)। ফুল ছোট ছোট, লালচিয়া। পানি-শিঅলী...ষ্য. (সং নাম কালানুশারিকা। ওং পাণিসিউল্হি)। জলজ শাকবিশেষ (Limnanthemum indicum)। পুকুরে জন্মে। পাতা কুমুদ পাতার মতন। ডাঁটা ভাসিয়া জন্মে, গাঁইট হইতে শিকড় হয়। ফুল ছোট দলপ্রান্ত ছিন্ন-ছিন্ন। ফুলের গোড়া পীতবর্ণ বলিয়া শেফালীর সাদৃশ্যে শিঅলী নাম। আর এক জাতি পানিশিঅলী (L. cristatum) আছে। ইহার ফুলদল ছিন্ন-ছিন্ন নহে। আকারেও কিছু ছোট। ফুল ছোট বলিয়া এই জাতিকে ছোট পানি-শিঅলী বলে।

পানিআলা, পানিয়ালা...ষ্য. (সং প্রাচীনা-মলক)। ছোট তরুবিশেষ (Flacourtia cataphracta)। গুঁড়িতে কাঁটা হয়, ডালে থাকে না। পুং স্ত্রী গাছ পৃথক। ফুলে দল নাই। বৈঁচির সদৃশ ফল পাকিলে কাল হয়, কিন্তু বড়। একারণ কখন কখন উদ্যানে রোপিত হয়।

পানিল...ষ্য. (ইং panel)। চারিধার উচা কাষ্ঠ-পট্ট। পানিল-কপাট...যে কপাট একখানা পাটার না হইয়া অনেক পানিলে নির্মিত।

পানিসা, পানসিয়া ...ণ. (পানি+সা—সাদৃশ্যে। পানিসা+ইয়া—সাদৃশ্যে)। জলপ্রায়; জল-তুল্য স্বাদহীন।

পানি-সরা, পানসা...ণ. (পানি+সর ধাতু)। যাহা হইতে জল নিঃসৃত হয়। পানসা দাঁত—যে দাঁতের গোড়া হইতে অল্পেই রক্তস্রাব হয়।

পানে...ব্য. (সং প্রতি। তুং সং পশ্চাৎ হইতে পেছুতে=পেছুনে)। প্রতি অর্থে, প্রঃ—ছেলের পানে তাকাও।

পান্তর (গ্রাং)...ষ্য. (সং প্রান্তর। হিং ওং পান্তর)। প্রান্তর (বৃক্ষাদিশূন্য দূরপথ)।

পান্‌তা...ষ্য. (পানী ভাত—পান্‌তা—পান্তা। আসাং পইতা। প্রথম আ আসাং-তে প্রায়ই অ হয়)। যে ভাত জলে ভিজাইয়া রাখা হইয়াছিল, তপ্ত ভাত নহে। (ভাত দেখ)।

পান্‌তোয়া...পানি দেখ।

পান্থপাদপ...ষ্য. (সং কিন্তু ইদানী রচিত)। ছোট তরুবিশেষ (The Traveller's tree. Ravenala madagascariensis)। মাদাগাস্কার দ্বীপ হইতে আনীত। শোভা নিমিত্ত উদ্যানে রোপিত হইয়া থাকে। ইহার পাতা কলাপাতার মতন। কিন্তু দুই সারি হয়। পাতার দীর্ঘ বোঁটায় জল থাকে। এই হেতু নাম। (কিন্তু কলাগাছেও জল অল্প থাকে না। কদলী শব্দের ব্যুৎপত্তি দেখ)।

পান্না...ষ্য. (হিং পন্না। সং পর্ণ—বৃক্ষ-পত্রবৎ হরিতবর্ণ বলিয়া সং পর্ণ পান্না নামক স্থানে আকর বলিয়াও পান্না। পর্ণ পাওয়া যায় বলিয়া আকরস্থানের নাম পান্না ?)। মরকত মণি (emerald)।

পান্‌সী...ষ্য. (? পানি-হংসী ?)। ছোট নৌকা। (পান্‌সীর আকার হংসের মতন)।

পাপড়া...ষ্য. (হি॰ ।)। হিমালয়ের ক্ষুদ্র শাক-বিশেষ (Podophyllum emodi)। ইহার মূলে রেচক ঔষধ (podophyllum) হয়।

পাপড়ী···ষ্য. (সং পর্পটী—পাঁপর দেখ)। পাতলা পাঁপরের তুল্য আকারবিশিষ্ট। পাপড়ী খয়র···খয়র দেখ।

পাপড়ী···ষ্য. (পাখড়া দেখ। পাখড়া হইতে পাখড়ী—পাপড়ী)। পুষ্পদল।

পাঁপর, পাঁপড়···ষ্য. (সং পর্পটী—মেঃ। পর্পট—ভাবপ্রকাশে)। ছোলা কিংবা মুগ বাটার সহিত হলুদ নুন জীরা সাজিমাটি হিং মিশাইয়া পাতলা রোটীবিশেষ। পাঁপর-ভাজা···ঘিতে ভাজা পাঁপর।

পাঁপর...ষ্য. (ইং pauper)। নিঃস্ব; নিঃস্ব বলিয়া সরকার হইতে মকদ্দমা।

পাপিয়া···ষ্য. (হি॰ পপীহা। সং পিক হইতে। পিক+ইয়া—পিকিয়া—পপীহা ?)। চাতক পক্ষী, প্রঃ—চৈত্রে চাতক পক্ষী পিউ-পিউ ডাকে (চৈতন্যমঙ্গল)। চাতক (Coccyster jacobinus) দেখ। ইহার আর এক নাম কোলা-বুলবুল। কারণ মাথায় শিখা আছে। প্রায় এক হাত দীর্ঘ। কালতে সবুজ রং। পুং স্ত্রী এক রঙ্গের। পক্ষ হ্রস্ব গোল। পুচ্ছ তদপেক্ষা দীর্ঘ। কেহ কেহ চোখ-গেল-পাখী (Hawk cuckoo. Hierococcyx varius) কেও পাপিয়া বলে।

পা-পূজা ··ষ্য. (সং পাদ-পূজা)। গুরুজনের পদযুগল পূজা।

পা-পোষ···ষ্য. (ফা॰। পোষ দেখ)। পাদুকা। (পূর্বকালে জুতা শব্দ প্রচলঃ ছিল না। তৎকালে পা-পোষ, বিনামা শব্দের ব্যবহার ছিল)।

পাব···ষ্য. (সং পর্ব। হি॰ পোর, আসা॰ ও ম॰ পাব)। সং-তে পর্ব ও গ্রন্থি শব্দের অর্থ এক (অঃ, মেঃ) ; এই কারণে অমাবস্যা যাহা দুই (চান্দ্র) মাসের সন্ধি তাহার নাম পর্ব। ইক্ষুর এক নাম পর্বযোনি—কারণ পর্ব—গাঁইঠ হইতে জন্মে। এই মূলার্থ হইতে বা॰ ও ম॰-তে)। দুই গ্রন্থির মধ্যবর্তী অংশ, প্রঃ—বাঁশের পাব, আঙ্গুলের পাব।

পাবড়া, পাবড়ী···পাখড়া, পাখড়ী দেখ।

পাবদা···ষ্য. (সং পর্বতমৎস্য—বৈদ্যকঃ। ও॰ পবতা)। অশকলী শ্বেতবর্ণ মৎস্যবিশেষ (The butter fish. Callichrous pabda)। বাচা মাছ সদৃশ। নীচের ঠোঁঠ দীর্ঘ, গোঁফ দুই কিংবা চারি। কানী পাবদা ···প্রায় দেড় হাত দীর্ঘ হয় (Callichrous bimaculatus)।

পামরী···ষ্য. (হি॰। সং পরিস্তোম—আস্তরণ হইতে ?)। এক প্রকার রেশমী (কিংবা পশমী) বস্ত্র, প্রঃ—কবিকঃ।

পামরী ··ণ. (সং পামর—স্ত্রী॰)। নীচ বা মূর্খ নারী।

পামা ··ষ্য. (সং পামন্)। চর্মরোগবিশেষ। অনেক ফুস্‌কুড়ি একত্র উঠিয়া রস নির্গত করে (Eczema)।

পায়···ষ্য. (সং পয়ঃ)। জলনালী (কাহার-ভাষায়)। পায় কোলে—কোলে—সম্মুখে পয়ঃনালা।

পায়···পা দেখ।

পায়খানা···পাইখানা দেখ।

পায়চারি, পায়চালি···ষ্য. (সং পাদচারি)। পাদচারণ।

পায়দল···ণ. (ফা॰ পায়দার। পাদবিশিষ্ট, পায়ে হাঁটিয়া।

পায়রা···ষ্য. (স॰ পারাবত। ও॰ পারা। স॰ পারাবত—বত লুপ্ত হইয়া পারা, মাঝে য় আগম হইয়া পায়রা)। গৃহপালিত প্রসিদ্ধ পক্ষীবিশেষ (Pigeon. Columba intermedia)। পক্ষ দীর্ঘ ক্রমশঃ সরু, পা সরু, পুচ্ছ ছোট। বক্-বক্ টুকুম্ ডাকে। স্ত্রী॰ পায়রী। পোষা পায়রার নানা জাত আছে। যেমন লট্বা (স॰), গোলা—সামান্য (গোলা দেখ), গেরোবাজ, গলা-ফুলা, ইত্যাদি।

পায়স··ষ্য. (স॰ পায়স)। পরমান্ন, দুধে পাক-করা সুজী চিড়া ইত্যাদি। পরমান্ন দেখ।

পায়া··ষ্য. (ফা॰। স॰ পাদ)। চতুষ্পদ জন্তু, খাট, চৌকী প্রভৃতির পাদ ; সম্মান মর্য্যদা, প্রঃ—পায়া ভারী—গুরু পদসম্মান।··ষ্য. (স॰ পাদ হইতে)। এক মণের চতুর্থাংশ যে কলশীতে ধরে, প্রঃ—গুড়ের পায়া ; গুড় রাখিবার মোটা কলশী, প্রঃ—দশশেরী পায়া, আধমণী পায়া। (কিন্তু দশসেরের ন্যূন হইলে পায়া বলা যায় না)।

পার···ষ্য. (স॰। পারং পরতটে প্রান্তে—মেঃ)। নদীর অপর তট, প্রঃ—পারে যাওয়া। আর পার···অপর তট। এ পার···এই তট। ও পার··অই তট। এপার ওপার··এই পৃষ্ঠ হইতে অন্য পৃষ্ঠ, প্রঃ—বাজিয়া বীরের বুকে পৃষ্ঠে হল ফার (মাঃ)—ফার গ্রা॰—বাণ বুকে ঢুকিয়া পিঠে বাহির হইল। পার করা—নদীর অপর তটে লওয়া, কর্ম্মের শেষ দেখানা। পার পাওয়া—শেষ দেখা। পার-ঘাট···নদীর যে ঘাটে পারে যাইবার নৌকা থাকে। পারা-পার···ষ্য. নদীর এপার হইতে ও পারে যাতায়াত। পারা ··ধাতু. পারাই—পরতটে যাই। পারানা ॥ পারানি...পারে গমন ; পারে যাইবার ঘাটের শুল্ক।

পার··ধাতু. (স॰ পার ধাতু কর্ম্মসমাপ্তি, সামর্থ্য। ও॰ পার ধাতু)। পারি—সমর্থ হই, কর্ম্মসমাপ্তি করি, প্রঃ—আমি পারি না ; আঁটিয়া উঠি, প্রঃ—সকলের মুলে কালা তারে না পারিবে (চণ্ডীঃ)। স॰-তে শক ধাতু যেমন, হি॰ ম॰-তেও তেমন। বা॰তে শক ধাতু স্থানে পার ধাতু। নার ধাতু দেখ)। পারা ॥ তুমি পারিলেও পারিতে পার—পারিলেও যদি কর্ম্মসমাপ্তি করিতে চাও, পারিতে—সমাপ্ত করিতে, পার—সমর্থ হও। তু॰ তুমি গেলেও যাইতে পার। পারা · ধাতু. (পার ধাতু আস্তে)। পারানা॥ পারা-পারি...ষ্য. সামর্থ্য, শক্তি। পারক, পারগ...ণ. (স॰)। সমর্থ, পটু।

পারণ, পারণা··ষ্য. (স॰)। উপবাসব্রতের পর প্রথম ভোজন।

পারৎ...ণ. (স॰)। সমর্থ। পারৎ পক্ষে—যদি পার তবে, যদি সমর্থ হও তবে।

পারশী, পার্সী··ষ্য. (স॰ রূপ পারশীক)। পারস্য দেশের প্রাচীন অধিবাসী। ইহারা এখন বোম্বাইতে বাস করিতেছে।

পারা··ষ্য. (স॰ পারদ)। পারদ ধাতু (mercury)।

পারা··প্রত্যয়. (স॰ প্রায় হইতে। ও॰ পরি, ম॰ পরী। তু॰ ফা॰ বার, প্রঃ—শাহবার—শাহ তুল্য)। তুল্য অর্থে, প্রঃ—চাঁদ-পারা মুখ ; অনুমানে, প্রঃ—শরস্তম্ভ বিদ্যা জান হেন বুঝি পারা (কবিকঃ), অভাগারে একদিন

না ছাড়িবে পারা (ভাঃ)। (এই অর্থে ইদানী অপ্রচলঃ হইতেছে। ওংতে ও পশ্চিম উত্তর রাঢ়ে প্রচলঃ)।

পাবানি...ষ্য. পারা ধাতু দেখ।

পারিষ ··পরিশ দেখ।

পারুল ··পাটলী দেখ।

পার্বণ ··ষ্য. (সং পার্ব্বণ)। পর্ব, পর্ব উপলক্ষে উৎসব। বার মাসে তের পার্বণ–দ্বাদশ সৌর মাসে দ্বাদশ অমাবস্যা কিংবা পূর্ণিমা হইয়া এগার দিন অধিক হয়। ইহা হইতে, হিন্দুর অনেক পর্বদিন আছে। পার্বণী ··ষ্য. পার্বণে প্রদেয় বস্ত্রাদি।

পার্বতীয়া...ণ (সং পার্ব্বতীয়)। পার্বতীয়।

পার্লেমেণ্ট ··ষ্য. (ইং parliament)। জনসভা। এই সভা দেশের আইন করেন।

পার্শেল ··ষ্য. (ইং parcel)। পুটলী, পুলিন্দা।

পার্সলি ··ষ্য. (ইং parsely)। ধন্যাকাদিবর্গের ইয়ুরোপীয় শাকবিশেষ (Petroselinum sativum)। পাতা বহু ছিন্ন। লোকে বাঁধিয়া খায়।

পাল...ধাতু. (সং পাল ধাতু পালনে)। পালি—রক্ষা করি। পালা॥ অশৌচ পালা—অশুচি কালের বিধি অনুসরণ করা (সং পালন)। পালা ··ধাতু. (পাল ধাতু আস্তে)। পালানা॥

পাল ··ষ্য. (সং)। পালক, রক্ষক; উপাধিবিশেষ।

পাল...পাইল দেখ।

পাল···ষ্য. (সং পালি—কোণ, ক্রোড়, পঙ্ক্তি —অঃ; পালি—কর্ণলতাগ্র, অস্ত্রের কোটি, পঙ্ক্তি, ক্রোড়, প্রদেশ, ছাত্রাদির দেয়—মেঃ; পালি—কর্ণলতিকা, সেতু, আলি, কোণ কোটি—হেমঃ;—পরে পরে নূতন নূতন অর্থ আসিয়াছে)। (১) গবাদি চতুষ্পদ জন্তুর সমূহ (ওং পল্, মং কঠপ—সং কলাপ)। (বাংতে চতুষ্পদ ব্যতীত অন্য প্রাণীর পাল বলা যায় না। কিন্তু, পঙ্গা-পাল দেখ)। (২) গবাদি চতুষ্পদ জন্তুর সঙ্গম, প্রঃ—গাইকে পাল দেখানা—ক্রোড়, গাই পাল লইয়াছে—ক্রোড়। (৩) নদ্যাদির তটভূমি (ওং পাল্। তুং ঢাকায় পালান—শস্যোদ্যান)।

পালং, পালঙ্ক ··ষ্য. (সং পালঙ্কী, পালঙ্ক্যা)। পুত্তিকাদি বর্গের বর্ষায়ুঃ খাদ্য শাকবিশেষ (Spinach. Spinacia oleracea)। পুং স্ত্রী গাছ পৃথক, ফুল বিভিন্ন। বীট পালং ···ষ্য. (ইং Beet। বাং পালঙ্কী)। পুত্তিকাদিবর্গের বর্ষায়ুঃ স্থূলমূল শাকবিশেষ (The beet. Beta vulgaris)। একই পুষ্প পুংস্ত্রী, সমান। মূলে ইক্ষুর তুল্য শর্করা আছে। এই হেতু ইয়ুরোপে ইহার প্রচুর কৃষি হইয়া থাকে। চুকা পালং...ষ্য. (সং চুক্র। চুক্র—অম্ল)। বর্ষায়ুঃ, কদাচিৎ দীর্ঘায়ুঃ অম্ল শাকবিশেষ (Rumex vesicarius)। শিকড়ের নিকট হইতে গোছার আকারে পাতা বাহির হয়। পাতা বাণের আকার। ছদে ফল আবৃত থাকে। চুকা পালং পুত্তিকাদি বর্গের নহে।

পালই···ষ্য. (সং পল্লক)। ধানের—গাছের ও খড়ের—গাদা, প্রঃ—পালই দিআ (শূং পুঃ)। পালই দেওয়া—গাদা করা; পালই ভাঙ্গা—গাদা ভাঙ্গা।

পালকি··ষ্য. (সং পল্যঙ্ক। সংপ্রাং পল্লঙ্ক। ওং পালঙ্কি, গ্রাং ওং পানিকি। মাণিকে

এক স্থানে পাঙ্কি)। পর্যঙ্ক আকারের নর-বাহ যানবিশেষ, প্রঃ—পালকী প্রস্তুত করে যোগায় কাহার (মাঃ)। (কাহার দেখ। দোলা দেখ)।

পালঙ্ক, পালং···ষ্য. (সং পালঙ্ক, পর্যঙ্ক)। উচ্চপাদ খট্টা। (পালঙ্কে কারুকার্য অধিক থাকে)। পালং-পোষ...ষ্য. (ফাং পোষ—আচ্ছাদন)। পালঙ্ক। (তুং তক্তা-পোষ)।

পালখ···ষ্য. (সং পক্ষ হইতে পাখ। মাঝে ল আগম। বোধ হয় ফাং পর—পালখ—শব্দের পাইয়া ল আগম। আসাং পাখি ; ওং পর, হিং মং পর)। পাখীর পাখার পত্র।

পালট··ধাতু. (ওং মং পালট, মং পরত, হিং পালট ধাতু। সং পরাবর্ত,প্রত্যাবৃত্ত হইতে)। পালটি—পরাবর্তন, প্রত্যাবর্তন করি, প্রঃ—পদ আধ যায় পিয়া চায় পালটিয়া (চণ্ডীঃ)। পালটা ॥ উলটা-পালটা···ণ. (তুং হিং উলট-পলট, ওং লেউট-পালট, মং উলটা-পালটা)। একের স্থানে অন্য পরিবর্তিত। পালটা জবাব···প্রত্যুত্তর। পালটা ···ধাতু. (সং পরাবর্তিত, প্রত্যাবৃত্ত হইতে)। পালটানা ॥

পালা ··ধাতু. (সং পরা-অয়=পলায় ধাতু। কোথাও কোথাও পলা ধাতুও চলিত আছে, কিন্তু তাদৃশ প্রসিদ্ধ নহে)। পালাই—ভয়াদি হেতু দ্রুত প্রস্থান করি, প্রঃ—ব্রহ্মা বলে সত্য করি না পালাব আমি (কৃত্তিঃ)। পালানা ॥ পালানিয়া ··ণ. (পালানা+ইয়া)। পলায়নশীল। পালাই পালাই ডাক ছাড়া—এস পালায়ন করি—এই রব করা। পালা-হুড়কী...ণ. (হুড়কা দেখ)। যে নারী স্বামীর বাড়ীর দ্বারের হুড়কা খুলিয়া রাত্রে বাপের বাড়ীতে পালায়।

পালা, পালি···ষ্য. (সং পালি)। বার, নির্দিষ্ট পূজক কিংবা সেবাইতের কাজ ; গানের বিষয়, প্রঃ—যোল পালা গান।

পালা · ষ্য. (সং পল্লব। ওং পালু, মং পালা)। পাতা, প্রঃ—আম পালা, বাঁশ পালা ; পল্লব, প্রঃ—ডাল-পালা—(প্রায় সহচর শব্দ) ; গাছের ডালের বোঝা, প্রঃ—নদীতে পালা রাখা—মাছের বাসের নিমিত্ত, পরে পালা তুলিয়া মাছ ধরা হয় ; শিশির-জমা তুষার (frost। সং প্রালেয়—তুষার হইতে ? পাতার মতন দেখিতে বলিয়া পল্লব হইতে ?)। ডাল-পালা ··শাখা প্রশাখা ; পুত্র পৌত্রাদি। মাঙ্‌সিয়া পালা...(সং মাংস+ইয়া। মাংস উচ্চারণে মাঙ্‌স। বোধ হয় পূর্বে এই উচ্চারণ ছিল। অদ্যাপি ওড়িয়া ভাষায় আছে)। খড়ের পাতা যাহার ডাঁটা থাকে না।

পালান ··ষ্য. (সং পালন—সদ্যপ্রসূতা গো-দুগ্ধ—শব্দকল্পঃ। কিংবা বাং পানা হইতে। চাটিগাঁয়ে ওলান। ওং উধু—সং উধঃ, মং ওটী। হিং অন—সং স্তন। বাং ঠনকা দেখ)। গাভীর আপীন। পালান সরা—প্রসবের পূর্বে আপীন স্থূল হওয়া।

পালান···ষ্য. (সং পর্যাণ, পল্যয়ন। সং প্রাং পল্লাণ)। বলদের ও অশ্বের পিঠের পর্যাণ।

পালি ··ষ্য. (সং পালি—রাশি। কিংবা সং পারী—গো-দোহনপাত্র। ওং পাহিলি—পরিমাণপাত্র, হিং পালী—পরিমাণপাত্র)। ধান চাল মাপিবার পাত্র, ধান চালের মাপবিশেষ (কোথাও কোথাও পাঁচ শেরী বা

পশরীর নামান্তর) ; বাঁশ তালপাতা প্রভৃতির বোনা ছোট পাত্র, প্রঃ—ছেলে পালিতে মুড়ি খায়। পালি ··ষ্য. (স° পালি—পঙ্‌ক্তি। তু° বা° পাঁতি শাস্ত্রবচন। এই রূপ, যে ভাষায় বুদ্ধদেব উপদেশ দিতেন, তাহার নাম পালি হইয়াছিল। পাল দেখ)। মগধ দেশের পূর্বকালের ভাষাবিশেষ পালি ···পালা। পালি-পার্বণ ··ষ্য. (স°। প্রায় সহচর শব্দ)। পালি ও পার্বণ, নিত্য-নৈমিত্তিক কর্ম।

পালিটা-মাঁদার ··ষ্য. (স° পারিভদ্র ; যথা, পারিভদ্রে নিম্বতরুর্মন্দারঃ পারিজাতকঃ—অঃ। পারিভদ্র—পালিটা, মন্দার—মাঁদার। দুই নাম একত্রে। তু° আকন্দ। ও° নাম পাঠধুআ। রাঢ়ে অন্য নাম চোরপালটা)। শিম্বাদি বর্গের নাতিদীর্ঘ গ্রাম্য তরুবিশেষ (The Indian coral tree. Erythrina indica)। নূতন শাখায় কাল কাঁটা থাকে। কাঠ শাদা নরম হালকা। তিন পর্ণে পাতা। বসন্ত কালে পাতা ঝরিয়া পড়ে, তখন গাঢ় রক্তবর্ণ ফুলে গাছ ভরিয়া যায়। বঙ্গদেশে প্রায়ই বেড়াতে পগারে জন্মে। বঙ্গের সমুদ্রতীরবর্তী স্থানে অধিক জন্মে। (ইহা স্বর্গের পারিজাত অবশ্য নহে)।

পালিশ...ষ্য. (ই° polish। স° নাম পরিকর্ম। চলিত বা° ঘষা-মাজা, নিবাড় করা। ও° নিবাড়। স° নিবৃত্ত—সমাপ্ত)। ঘষিয়া-মাজিয়া মসৃণতা কর্ম ; লাক্ষাদি-লেপন। ফ্রেঞ্চ পালিশ · (ই° French polish)। কোহলে লাক্ষাদ্রব।

পালো ··ষ্য. (স° পলল। যথা, পললং তিলচূর্ণে চ পঙ্কে মাংসে নপুংসকম্—মেঃ। পলল—পঙ্ক+উয়া—পললুয়া—পালুয়া—পালো। ও° পাঠ্‌অ)। শঠী পানিফল যব প্রভৃতি কুটিয়া জলে নিক্ষেপ করিলে যে শাদা পঙ্কবৎ পদার্থ জমে। (strach)।

পালোয়ান ··ষ্য. (ফা° পহল্‌বান। তু° স° পল্য—তেজস্বী)। ব্যায়ামক্রীড়ক। পালোয়ানি ··ষ্য. কুস্তি।

পালটা · পালট ধাতু দেখ।

পাল্লা ··ষ্য. (স° পল্লব হইতে)। বৃক্ষশাখা, প্রঃ—পাল্লা শসা—যে শসা ডাল ধরিয়া উঠে (ক্ষেতের শসা লতাইয়া যায়) ; উত্তরীয়, প্রঃ—ধুতি-পাল্লা।

পাল্লা ··ষ্য. (স° পালি। পালি দেখ)। ও° হি° পল্লা)। ব্যবধান বা অন্তর, প্রঃ—দূর পাল্লা পড়া ; পালি বা পাত্র, প্রঃ—দাঁড়ীর পাল্লা ; কপাটের এক খণ্ড। পাল্লা দেওয়া—লম্বা মাপা, বিক্রম পরীক্ষা করা।

পাশ ··ষ্য. (স° পার্শ্ব)। হি° পাস। ও° পাখ—স° পক্ষ)। পার্শ্ব। পাশ-মোড়া ··শয়নে পার্শ্বপরিবর্তন।

পাশ···ণ. (ই° pass)। উত্তীর্ণ, পরীক্ষায় সফল, প্রঃ—পরীক্ষা পাশ হওয়া (পাশ করা—অশুদ্ধ। তু° ফেল হওয়া। ফেল করা—অন্য অর্থ)।···ষ্য. প্রবেশ নিমিত্ত লিখিত অনুমতিপত্র।

পাঁশ...ষ্য. (স° পাংশু—ধূলি ; গোময়)। কাষ্ঠ-ভস্ম। ছাই-পাঁশ ··(ক্ষার—ছাই। সহচর শব্দ)। কাষ্ঠাদির ভস্ম ; ভস্ম তুল্য অকিঞ্চিৎকর, প্রঃ—না করিলে ছাই-পাঁশ হবে—কিছু ক্ষতি হইবে না। ধুলা-পাঁশ...ষ্য. (স° ধূলি+পাংশু। সহচর শব্দ)। ধূলি ও কাষ্ঠাদির ভস্ম। ঘুটিয়া পাঁশ...গোময়-

ভস্ম। পাঁশ-কুড়...ষ্য. (সং পাংশুকূল)। পাঁশের রাশি, যেখানে পাঁশ ফেলা হয়।

পাশলী...ষ্য. (সং পাশক)। রৌপ্য পাদ-ভূষণবিশেষ, প্রঃ—রজতপত্র পাশুলি (চৈঃ চঃ), গঙ্গাভক্তিতরঙ্গিণী।

পাশা···ষ্য. (সং পাশক—অঃ মেঃ)। ১, ২, ৫, ৬ বিন্দুযুক্ত গজদন্তনির্মিত অক্ষ বা শারি (সং)। পাশা-খেলা···অক্ষক্রীড়া। (পূর্বকালে বিনা পণে পাশা-খেলা হইত না। এই হেতু পাশার 'দান')। ছক ··ষ্য. (সং চতুষ্ক। সং নাম শারিফল, শারিপট্ট, অষ্টাপদ)। পাশার গুটী চালাইবার ঘর-কাটা পট্ট বা অন্য আধার। ঘুটী ··ষ্য. (সং গুটী)। কাষ্ঠগুলিকা, যাহা ছকে চালাইয়া হারি-জিত নিরূপিত হয়। কাঁচা পাকা—গুটী দুই প্রকার। আড়ি...(সং আলি হইতে। সং নাম গ্রহ)। গুটী চালাইবার সময় পথে আলি—রোধস্বরূপ থাকাতে যেখানে গুটী মারা যায়, সেই স্থান। যুগ...(সং)। দুইটি গুটী একত্র অবস্থান। পাশার দান···অক্ষ-পাত। (সং আদান হইতে)। (১) তিন পোয়া ··তিনটি এক অর্থাৎ ১+১+১=৩। (সং পাদ—পোয়া)। (২) চক ··২+১+১=৪ (সং চতুষ্ক—চক)। পঞ্জুড়ী ···জুড়ী—দুই সমান অঙ্ক লইয়া পাঁচ অর্থাৎ ২+২+১=৫। (৪) তিন দুরী ·· তিনটি দুই অর্থাৎ ২+২+২=৬। (৫) ছতিন নয়...১+২+৬=৯। (৬) কচে বার...কচ=১ লইয়া দ্বাদশ অর্থাৎ ১+৫+৬ (কচ ?)। পোয়া বার ··পোয়া এক সহিত দ্বাদশ, অর্থাৎ ১+৬+৬=১৩। পাশা এই রূপ পড়িলে খেলায় সুবিধা হয়। ইহা হইতে, কাজের সুবিধা, সৌভাগ্য। পোয়া বার তের...পোয়া+বার=তের। ষোল···৫+৫+৬। সে পনর···সে—তিনটা মিলিয়া ১৫, অর্থাৎ ৫+৫+৫। সতর · ৬+৬+৫।

পাশা···ষ্য. (ফাং)। তুরস্ক দেশে প্রদেশ-শাসনকর্তা, সেনাপতি।

পাশাড়ী···ণ. (সং পার্শ্ববর্তী)। পার্শ্ববর্তী, প্রঃ—দুই পাশাড়ী বনে বাঘ আছে।

পাশী ··ষ্য. (সং পাশ+ঈ)। খেজুর ও তাল গাছের রস-সংগ্রহকারী মুসলমান জাতি-বিশেষ। পায়ে পাশ—ফাঁশ—বাঁধিয়া গাছে চড়ে বলিয়া নাম। (২) যে ব্যাধ দোড়ীর ফাঁশ দিয়া পাখী ধরে। (পাষি দেখ)।

পাঁশুটা, পাঁশুটিয়া, পাঁশুট্যে ··ণ. (সং পাংশু+তা+আ, ইয়া)। পাংশুবৎ, ভস্মবৎ, প্রঃ—পাঁশুটা বর্ণ।

পাশুলি, পাসলি ··পাশলী দেখ।

পাশ্চাত্য...ণ. (সং)। ভারতের উত্তর পশ্চিম প্রদেশজাত; ইয়ুরোপীয়।

পাষাণ ··ষ্য. (সং)। পাথর; দাঁড়ীপাল্লার দুই পাল্লা সমান করিতে যে পাষাণ বা ইট পাল্লায় চাপাইতে হয় (ওং পাসঙ্গা, হিং মং ফাং পাসঙ্গ্‌)। পাষাণ ভাঙ্গা—পাষাণ দিয়া দুই পাল্লা সমান করা।

পাষাণভেদী ··ষ্য. (সং। সং পাষাণভেদন)। লতানিয়া অপুষ্পক শাকবিশেষ (Selaginella)। পাতা ছোট ছোট, অতি সুন্দর; দ্বিরূপ, সারি সারি যেন কর-জোড় করিয়া থাকে। এই হেতু সং এক নাম কর-জোড়ি (বৈদ্যকঃ)। পাহাড়ে ছায়াবৃত স্থানে জন্মে। (পাথর-চুর দেখ)।

পাষা, পাষি ··ষ্য. (সং পাষ্ণি—গুল্‌ফ)। কোদাল কুড়াল প্রভৃতি শস্ত্রের মাথা।

পাষ্টি···ষ্য. (সং পাষ্ণি—জিগীষা হইতে)। পাশা।

পাস ··ণ. (ফাং)। তুচ্ছ নগণ্য, প্রঃ—পাস কাগজ; তাসের বেরঙ্গা।···ষ্য. (ইং pass)। পাশ দেখ।

পাসর ··ধাতু. (সং বিস্ম ধাতু বিস্মরণে। ওং পাসোর ধাতু। ওং প্রাং বিছর ধাতু)। পাসরি —বিস্মৃত হই, প্রঃ—পূর্ব্ব সর্ব্ব জ্ঞান কেন পাসরিলা এবে (ভাঃ), পাসরি কেমন করে (মাঃ)। পাসরা ॥ (অধুনা প্রায়ই পদ্যে)।

পাসলি...পাশলি দেখ।

পাহাড় ··ষ্য. (সং পর্ব্বত হইতে ওং পহাড়, হিং মং পহাড়। পর্ব্বত—পাবট—পাহাড়। সং পাষাণ হিং পাহন হইতেও পাহাড় আসিতে পারে। কিংবা সং পাটক—বাং পাড়—পাহাড়)। অনুচ্চ পর্বত, উচ্চ আলি, প্রঃ—সমুদ্রতটের বালির পাহাড়—বালি আড়ী; পুষ্করিণীর পাড়। পাহাড়-পর্বত ···ষ্য. (সহচর শব্দ)। পাহাড়। পাহাড়িয়া, পাহাড়্যে···ণ. (পাহাড়+ইয়া)। পাহাড়-সম্বন্ধীয়, পাহাড়ে জাত; পাহাড়ের অধিবাসীর ভাষা। পাহাড়ী···ষ্য. (পাহাড়+ঈ)। পাহাড়ে বাসকারী; রাগরাগিণী দেখ।

পাহারা···ষ্য. (সং প্রহর, প্রহরক হইতে)। রক্ষার্থে জাগরণ, শান্তিরক্ষা। কড়া পাহারা ...যেখানে বিনা অনুমতিতে কেহ গমন করিতে পারে না। পাহারালা...ষ্য. (সং নাম প্রহরী। পাহারা+আলা। হিং পাহারা-ৱালা)। প্রহরী (প্রহরে প্রহরে রক্ষী পরিবর্তন হয় বলিয়া), রক্ষী।

পি···ধাতু. (সং পা ধাতু হইতে পিবতি হয়। সং পী ধাতু পানে। ওং হিং মং-তেও পি ধাতু)। পি-ই—পান করি, প্রঃ—যাঁর ফুটা লৌহপাত্রে প্রভু পিল জল (চৈঃ চঃ), দুই ধারা পিয়ে তারা শব-আরোহিনী (ভাঃ), আপনি শোণিত পিয়া (প্রবোধচন্দ্রিকা)। পিআ, পিয়া ॥ (অধুনা কেবল পদ্যে। বাছুর পিয়াছে—বাছুর দুগ্ধ পান করিয়াছে, এই এক প্রয়োগ আছে)। পিআ, পিয়া···ধাতু. (পি ধাতু আস্তে)। পিআনা; পিয়ানা ॥

পিঁ...পঁ দেখ।

পিউলী ··ষ্য. (পীতবর্ণ ফুল বলিয়া পীতফুলী-নাম ?)। পুষ্পবৃক্ষবিশেষ, প্রঃ—বান্ধুলী পিউলী মালতী জাতি (ভাঃ)। (Hypericum cernuum ? ইহা ক্ষুপ, পাতা দীর্ঘ মৎস্য, ফুল বড় বড় পীতবর্ণ)।

পিউলী···ষ্য. (সং পীত+লী)। গোরোচনা।

পিক, পিচ, পীক, পীচ···ষ্য. (তুং সং পিঞ্জ ধাতু রং করা; পিঞ্জলবর্ণ রস বলিয়া পানের পিচ্ছা ? ওং পিচ, হিং মং পীক)। পান চিবাইলে যে লাল রস হয়। পিক-দান, পিক-দানী ··ষ্য. (ফাং)। পিক ফেলিবার পাত্র (সং নাম প্রতিগ্রহ। ভারতে নাম অমৃতী। অমৃত নামক স্থানের নাম হইতে ?)।

পিঙ্ক ··ষ্য. (ইং pink)। ইয়ুরোপীয় ফুল গাছ-বিশেষ (Dianthus)। শীতকালে শহরে উদ্যানে রোপিত হয়। ইহার ফুল পদ্মবর্ণ।

পিচ···পিক দেখ। পিচকারি···ষ্য. (পিচ-শব্দ করে বলিয়া ? তুং সং পিঞ্জ ধাতু রঞ্জনে। রঞ্জিত জল দিয়া রঞ্জিত করে যাহা —পিচকারি ?)। দূরে জলধারা নিক্ষেপের যন্ত্রবিশেষ (syringe), প্রঃ—চুয়া চন্দন

ভরি পিচকারি (জ্ঞানদাস)। পিচকারি ছোঁড়া—পিচকারি দ্বারা রঞ্জিত জল নিক্ষেপ করা। পিচকারি দেওয়া লওয়া—পিচকারি দ্বারা দেহমধ্যে জলাদি প্রবিষ্ট করা।

পিচটি ··ষ্য. (স° পিচ্চট—নেত্ররোগবিশেষ)। চোখের ক্লেদ।

পিচড়া, পিঁচড়া...ষ্য. (স° পিচ্চট)। পিচটি।

পিচ্-পিচ···বা. (পচ্-পচ দেখ। স° পিঞ্জ ধাতু পিঞ্জাণীভাবে, অব্যক্ত শব্দে)। পিচ্ শব্দে, মুখের লালা চর্বিত পানের রস নিক্ষেপে, প্রঃ—পিচ্-পিচ করিয়া থু-থু ফেলা, পানের পিচ ফেলা।

পিচ-বোর্ড···ষ্য. (ই° paste board)। আঠা দিয়া জমানা কাগজের পাতলা পাটা।

পিচাশ (গ্রা°) ··ষ্য. (স° পিশাচ)। পিশাচ, প্রঃ—প্রেত ভূত পিচাস প্রমথ বুলে ধেয়ে (মাঃ)।

পিছন, পেছন···ব্য. (স° পশ্চাৎ, পশ্চাৎ-বদন ?)। পশ্চাৎ, প্রঃ—পিছন ফিরিয়া বসা—পশ্চাৎমুখ করিয়া, পেছনে পেছনে আসা। অন্য রূপ, পেছু।

পিছ-পা···ণ. (স° পশ্চাৎপদ)। পশ্চাৎপদ।

পিছল··ণ. (স° পিচ্ছিল)। ক্লেদ হেতু মসৃণ। পিছলা···ধাতু. পিছল স্থানে খসি, প্রঃ—পা পিছলাইয়া পড়িয়া গেল। পিছলানা॥

পিছা···ধাতু. (স° পশ্চাৎ হইতে)। পিছাই—পশ্চাৎ হই, পশ্চাৎ করি, প্রঃ—সে পিছাইয়া পড়িবে, তাকে পিছাইয়া চল। পিছানা॥

পিছাড়ী, পিছালী···ণ. (স° পশ্চাৎবর্ত্তী)। পশ্চাৎবর্ত্তী। পিছালী পা...পশ্চাৎ পদ।

পিছু, পেছু··ব্য. (স° পশ্চাৎ)। পশ্চাৎ, পরে।

পিছু-মোড়া ··ণ. পশ্চাৎ দিকে হাত মুড়িয়া বাঁধা, প্রঃ—কবিকঃ।

পিঁজ...ধাতু. (স° পিঞ্জ ধাতু দীপ্তি। স° পিঞ্জন—তূল-স্ফোটন ধনু—হেমঃ)। পিঁজি—দুই হাতের আঙ্গুল দিয়া প্রসারিত করি, প্রঃ—তুলা পেঁজা। পেঁজা॥ পেঁজা ··ধাতু. (পিঁজ ধাতু আস্তে)। পেঁজানা॥

পিঁজরা ··ষ্য. (স° পিঞ্জর)। পিঞ্জর, খাঁচা। পিঁজরা-পোল··ষ্য. (হি°)। বৃহৎ পিঞ্জরাকারে ঘেরা স্থান।

পিট ··ধাতু. (স° পিট ধাতু সংঘাত, শব্দ)। পিটি—প্রহার দ্বারা সংঘাত করি, প্রঃ—ছাদ পেটা ; প্রহার আঘাত করি, প্রঃ—ঢাক পেটা, তাস পেটা,—তাস দ্বারা ভূমি আঘাত করা। পেটা, পিটন॥ পিট...ষ্য. তাস খেলায়, যে কয়খানি তাস পেটা হইয়াছে। পিটন ··ষ্য. প্রহার, আঘাত। পিটন-বাজি ···ষ্য. প্রহাররূপ বাজি খেলা। পিটনা ··ষ্য. যে কাষ্ঠ দ্বারা মৃত্তিকাদি সংঘাত করা হয়। পেটা ··ধাতু. (পিট ধাতু আস্তে)। পেটানা।

পিট্-পিট ··ব্য. (স° পিট ধাতু শব্দে। স° পীড ধাতু ক্লেশনে)। পিট্ শব্দে, কলহশব্দে, প্রঃ—বউএর সঙ্গে পিট্-পিট করে ; পীড়নে, প্রঃ—ঘামাচি হইলে ঘামে গা পিট্-পিট করে। পিট্-পিটা॥ পিট্-পিট—মিট্-মিট (দেখ),প্রঃ— চোখ পিট্-পিট করা—পুনঃ পুনঃ নিমেষ ফেলা, মৃদু দৃষ্টি করা।

পিটলী ··ষ্য (স° পিণ্ডাল,পিণ্ডার)। এরণ্ডাদি-বর্গের তরুবিশেষ (Trewia nudiflora)। বসন্তকালে পাতা ঝড়িয়া পড়ে, এবং নূতন পাতা হইতে না হইতে ফুল ধরে। পাতা পানের মতন। পুং ও স্ত্রী গাছ পৃথক।

পুং মঞ্জরী দীর্ঘ, ঝুলিতে থাকে। (ও° নাম জন্দা-খাই—জঁদা—কাঠ পিপিড়া ফুলে ফুলে বেড়ায় বলিয়া)। ফল গোল কঠিন। কাঠ নরম।

পিট্টান (গ্রা°)···ষ্য. (স° প্রস্থান—পট্ঠান—পিট-ঠান)। প্রস্থান, প্রঃ—পিট্টান দেওয়া—প্রস্থান করা।

পিঠ, পিট (গ্রা°) ··ষ্য. (স° পৃষ্ঠ। ও° পিঠি। শূং পুঃ—পিঠা)। দেহের পৃষ্ঠ, দ্রব্যের গাত্র। পিঠ-দাঁড়া···ষ্য. (স° পৃষ্ঠদণ্ড)। দেহের পৃষ্ঠদণ্ড, ৫ ঃ—কুঁজভরে পিঠ দাঁড়া ভূমিতে লোটায় (ভাঃ)। পিঠ মোড়া···ণ. দুই হাত পিঠের দিকে মুড়িয়া বাঁধা। পিঠা-পিঠি···ব্য. পরে পরে, প্রঃ—পিঠা-পিঠি দুই বেটা। পিঠ লওয়া—প্রতিদ্বন্দ্বী হওয়া, প্রাঃ—কেহ যদি পিট নেয় (মাঃ)। পিঠা ·· ধাতু. পিঠাই—পৃষ্ঠে করি। পিঠানা॥ গাই পিঠায়—গাই বৃষকে পৃষ্ঠে করে, পাল লয়।

পিঠা···ষ্য. (স° পিষ্টক)। তণ্ডুলাদির পিষ্টক। পোড়া, ভাজা, ছাঁকা, সিজা (জলে কিংবা জলের ভাপে)—এই চারি উপায়ে পিঠা হয়। উপাদানে চাল-বাটা, দাল-বাটা, (কদাচিৎ ময়দা)—এই তিন। ইহার সহিত নারিকেল, ছেনা, গুড়, ও ক্ষীর এবং কোন্ কোন্ পিঠায় পাকা কলা, পাকা তালের রস প্রভৃতি থাকে। দেশভেদে পিঠার নানা ভেদ আছে। এখানে কয়েকটা নাম করা যাইতেছে। আশুকা পিঠা···(প্রথমে আশু ধান্যের চালে হইত। ও° চিতউ পিঠা, ফরিদপুরে চিতই পিঠা। ও° চিতা অমাবস্যা ম° পিঠোরী—শ্রাবণ অমাবস্যা। এই দিন আশু ধান্যের পিঠালি দ্বারা চিত্র করা হয়। বার্ষিক ও হৈমন্তিক—ধান্য দ্বিবিধ। পৌষ মাসে যেমন হৈমন্তিক নবান্নের সহিত পৌষলী পিঠা, তেমন শ্রাবণ মাসে বার্ষিক (বর্ষা-জন্য) নবান্নের সহিত আশুকা পিঠা)। পিঠালির কূর্মাকার পিষ্টক জলের বাষ্পে সিদ্ধ করা হয়। দৃষ্টান্তে, আশুকা খায় ফোর গণে না—লোকে আশুকা খায় তৃপ্ত হয়, কিন্তু ইহার ফোর—রন্ধ্র—গণে না, অর্থাৎ খায় দেয় বেড়ায়, সংসারের ব্যয় ছিদ্র বুঝিতে চেষ্টা করে না। এলো-পিঠা ···আলো-চাউলের বলিয়া। অন্য নাম গড়-গড়িয়া পিঠা···পুর পিঠা। গড়াইয়া যাইতে পারে বলিয়া নাম। গুড়-পিঠা··· পিঠালির সহিত গুড় মিশাইয়া তেলে কিংবা ঘিয়ে ভাজা পিঠা (ও° নাম কাকরা)। গুড়-পিঠা ভাজিবার সময় উনান হইতে আগুন কাহাকেও দিতে নাই, কারণ সে ব্যক্তি আগুন বারিয়া দিতে পারে। তন্ত্রমন্ত্র দ্বারা আগুন বারিতে পারা যায়। বারিলে আগুনের আঁচ ঠিক থাকে না, পিঠা ফোলে না কাঁচা থাকে। (কবিকঃ—অনল বারিলে হয় জল। এখন গ্রা° ভারিলে)। তাল-পিঠা ···তালের ক্লেদ সহ পিঠালি মিশাইয়া তেলে কিংবা ঘিয়ে ভাজা পিঠা। পুর-পিঠা···(স° পুরপিষ্টক)। চাল গুঁড়িতে গরমজল মিশাইয়া কাদার মতন করিয়া পরে পানি-ফলের আকার দেওয়া হয়। ইহার ভিতরে নারিকেল, ছেনা, ক্ষীর প্রভৃতির পুর থাকে। পরে জলে সিঝানা হয়। পুলী-পিঠা···(স° পুলিকা-পিষ্টক)। চাল গুঁড়ি কিংবা গমের ময়দার ছোট ছোট পুর-পিঠা। এই পিঠা দুধে পাক-করা হয়। ভাজা-পিঠা···

মুগ-বাটার বড়া তেল কিংবা ঘিয়ে ভাজা। মেলা পিঠা···মুগ-বাটা ও গমের ময়দা মিলাইয়া-মিশাইয়া সরু চাকুলী। সরু চাকুলী, চাকুলী··(সং শস্কুলী। ও° চকুলী)। বিরী বাটিয়া পাতলা চাকার মতন করিয়া ভাজা পিঠা। অন্য নাম আলি পিঠা। কৃত্তিবাসে মুগের সাউলি। মণ্ডা,ক্ষীরপুলী দেখ। পিঠা-খলা···ষ্য. (সং খল্লিকা)। পিঠা ভাজিবার খলা বা মৃত্তিকার তাওয়া। (খোলা নহে। খোলা গভীর কটাহাকার)। পিঠা পানা··· (পিষ্টক+পানক। প্রায় সহচর শব্দ)। পিষ্টক ও শর্করাদির পানক। পিঠা-পায়স ···(পিষ্টক+পায়স। প্রায় সহচর শব্দ)। পিষ্টক ও পায়স।

পিঠালি···ষ্য. (সং পিষ্ট। পিষ্টিকা—পিষ্ট দাইল —ভাবপ্রকাশে। পিষ্টচালি—পিষ্টালি—পিঠালি)। বাটা চাল, প্রঃ—প্রচুর পিঠালি দিবে পাক হয় যেন (মাঃ)।

পিড়্‌-পিড়্‌ · ব্য. (সং পীড ধাতু ক্লেশনে)। পীড়নে, প্রঃ—লঙ্কা খাইলে মুখ পিড়্‌-পিড়্‌ করে। পিড়্‌-পিড়া ঝাল।

পিঁড়া···ষ্য. (সং দ্বারপিণ্ডী। ও° পিণ্ডা। প্রাচীন বা° পিণ্ডা। শূং পুঃ—পিড়া—ভুলে ?)। দ্বারের সম্মুখস্থ গৃহভিত্তি. প্রঃ—গৃহপিণ্ডায় রহিলা পড়িয়া (চৈঃ চঃ), পিঁড়া বান্ধে দিয়া শিলা (কবিকঃ)। কথায়, পিঁড়ায় ব'সে পেঁড়োর খবর—স্বগৃহে বসিয়া দূরবর্তী পাণ্ডুয়া নগরের সংবাদ গ্রহণ অসাধ্য। পিঁড়ী···(পিঁড়া+ঈ)। উপবেশন নিমিত্ত পাকা গাঁথা পীঠ বা পিণ্ড, প্রঃ—তার তলে পিঁড়ি বাঁধা পরম চিক্কণ (চৈঃ চঃ)। পীড়ি দেখ।

পিড়িং···ষ্য. (সং স্পৃক্কা)। শিম্বাদিবর্গের বর্ষায়ুঃ ছোট শাকবিশেষ (Trigonella corniculata)। তিন পর্ণে পাতা। ফুল ছোট ছোট হলুদ। শুঁটী চেপটা বাঁকা। (মেথি গাছও প্রায় এই রূপ। মেথির সোজা গাছ, দুই একটা ফুল, শুঁটী লম্বা বক্রাগ্র)।

পিড়িং-পিড়িং···ব্য. (সং পিট ধাতু শব্দে)। সরু তারের আঘাতশব্দে, প্রঃ—সেতার লইয়া পিড়িং-পিড়িং করা।

পিণ্ডারী···ষ্য. (হিং পিণ্ডারা। মং পেণ্ঢারী। মং পেণ্ট, পেট—বাণিজ্য স্থান, হাট। সং পত্তন। পেঠ+অরি, আরী ?) ।মহারাষ্ট্রীয় অশ্বারোহী দস্যু।

পিণ্ডী-খেজুর···ষ্য. (সং পিণ্ডী—খর্জুর ভেদ)। খেজুর দেখ।

পিতল···ষ্য. (সং পিত্তল। অমরে নাম রীতি, আরকূট; মেদিনীতে রীতি, পিত্তল। সং রী ধাতু ক্ষরণে। তাম্র অপেক্ষা শীঘ্র দ্রব হয় বলিয়া রীতি। পিত্ত+লা ধাতু নাশ করে বলিয়া পিত্তল ? পিত্তবর্ণ বলিয়া ?) । তামা-দস্তার সঙ্কর ধাতু (brass)। তামা দস্তা জুৎ অনুসারে নানাবর্ণের পিতল হইতে পারে। বিশেষতঃ রাং, সীসা যোগে পিতলের গুণান্তর হয়। বেঙ্গা পিতল···(ভাবপ্রকাশে পিঙ্গলা রীতি—পিঙ্গল পিতল। বোধ হয় ইহা হইতে পাঙ্গা—বেঙ্গা)। পিঙ্গলবর্ণ পিতল, প্রঃ—সোণা রূপা নহে বাপা এ বেঙ্গা পিতল (কবিকঃ)। পিতলের পাইন···যে পাইনে পিতল আছে; যে পাইন দিয়া পিতল জোড়া হয় (যেমন একশের পিতলে এক ছটাক রাং মিশাইলে)।

পিতি (গ্রা°)···ব্য. (স° প্রতি)। প্রতি। (স° প্রতি স্থানে গ্রা° বা°-তে পিতি হয়, যথা, পিতিজ্ঞা, পিতিপদ, পিতিষ্ঠা (পুখরী পিতিষ্ঠা —শূং পুঃ), পিতিফল ইত্যাদি।

পিত্তয় (গ্রা°)···ষ্য. (স° প্রত্যয়)। প্রত্যয়।

পিত্তাবধি (গ্রা°)···ষ্য. (স° প্রত্যাহারধি)। প্রত্যহ, প্রঃ—পুড়ে মরে পিত্যাবধি সে ভুটার সনে (মাঃ)।

পিত্তাশা, পিত্তাশ (গ্রা°) ··ষ্য. (স° প্রত্যাশা)। প্রত্যাশা। পিত্তাশী ··প্রত্যাশী।

পিত্তি ··ষ্য. (স° পিত্ত)। দেহের পিত্ত ধাতু। পিত্তি পড়া—ক্ষুধার সময়ে ভোজ্য না পাইয়া পিত্তাশয়ের পিত্ত উর্ধ্বগামী হইয়া আমাশয়ে আসা। পিত্তি রক্ষা—ভোজন করিয়া পিত্তকে স্বস্থানে রাখা। পিত্তি চোঁআ—আমাশয়ে পিত্ত পড়িয়া জীর্ণ হইলে।

পিথিবি, পিথিমি (গ্রা°) ··ষ্য. (স° পৃথিবী)। পৃথিবী, প্রঃ—শূং পুঃ।

পিদিপ, পিদিম (গ্রা°) ··ষ্য. (স° প্রদীপ)। প্রদীপ। (শূং পুঃ—পদীপ, ময়মনসিংহে পদীম)।

পিন...ষ্য. (ই° pin)। কাগজপত্র জুড়িবার ধাতুনির্মিত কাঁটা ; কাঠের কাঁটা বা খীল। (পেনা দেখ)।

পিনাফোর ··ষ্য. (ই° pinafore)। শিশুর জামাবিশেষ।

পিনাস ··ষ্য. (?)। বাদ্যযন্ত্রবিশেষ (জ্ঞানদাস)।

পিনে (গ্রা°)···ব্য. (স° প্রতি। আসা° পিনে)। দিকে, প্রঃ—কোন পিনে দেখছিস্।

পিন্ধ···ধাতু. (স° পিনদ্ধ—পরিহিত হইতে। আসা° ও° পিন্ধ, হি° পহিন, ম° ঝিজ ধাতু)। পিন্ধি—পরিধান করি। পিন্ধা॥ (প্রাচীন বা°)।

পিপলাশ···ষ্য. (? রাঢ়ে নাম)। তরুবিশেষ। পাতা ও ছাল জল দিয়া মথিলে হড়-হড়িয়া লালা হয়। পাতা একোত্তর, রোমহীন, মৎস্যাকার, প্রমাণে চম্পক পাতার মতন। গ্রীষ্মকালে ফুল হয়। উপচ্ছদ ২+২। ইহার মধ্যে অনেক পুং পুষ্প। পুং পুষ্পে কেশর অনেক। (Euphorbiaceæ ?)।

পিপা···ষ্য. (পর্তু° pipa, ই° pipe)। তেল রং প্রভৃতি রাখিবার কাঠের ঢাক।

পিপাসা···ষ্য. (স°। হি° পিয়াস। ও° শোষ। ম° শোষ—অতি তৃষ্ণা, সামান্য তৃষ্ণা—তহান)। পানেচ্ছা। তামুকের পিপাসা—ধূমপানেচ্ছা। দৃষ্টান্তে, দুধের পিপাসা (কিংবা সাধ) কি ঘোলে মিটে—কদাচ মিটে না।

পিপিড়া, পিঁপড়া···ষ্য.(স° পিপীল, পিপীলিকা। ও° পিপুড়ি। হি° চিউন্টী, ম° মুঙ্গী)। প্রসিদ্ধ ষট্‌পদী বা কীটবিশেষ (Formicidæ)। আকারে ও স্বভাবে অনেকটা মধুমক্ষিকার তুল্য। পিপিড়ার কটি ক্ষীণ; স্ত্রী জাতির হুল থাকে। পুং ও স্ত্রীর পাখা হয়। ক্লীবের পাখা হয় না। (১) আম পিপিড়া... আমগাছে অধিক দেখা যায়। আমগাছের পাতা জড়াইয়া ডোলের আকারে বাসা বাঁধে। হুল দিয়া দংশন করে। ইহার ডিমে মাছ-ধরা টোপ হয় বলিয়া এক নাম টিপি পিপিড়া। রং পাকা আমের মতন। (২) কাঠ পিপিড়া···কৃষ্ণবর্ণ। আম জাম প্রভৃতি গাছের ছালের নীচে থাকে। দাঢ়া দিয়া দংশন করে। দংশনে অতিশয় জ্বালা করে। (৩) কানা ঝিঁআ···(ঢাকায় জুআ। ও° অন্দা।

ঝিঁআ দেখ)। ভ্রমরের তুল্য কৃষ্ণবর্ণ। লম্বা সারি বাঁধিয়া চলে। হুল ফুটাইলে জ্বালা করে। কানা—কারণ সারি ছাড়িলে এদিক ওদিক ঘুরিয়া বেড়ায়, যেন পথ দেখিতে পায় না। খুদিয়া, খুদ্যে পিপিড়া…ছোট ছোট লাল পিপিড়া। কামড়াইলে অল্প জ্বালা করে। গুড়িয়া, গুড্যে ডিআঁ…(ঢাকায় ডাআ। ডিআঁ দেখ)। কাল কাল ছোট, গুড়ে থাকে কামড়ায় না। ঘেসো পিপিড়া… পাঁশুটা। বর্ষাকালে ঘাসের মধ্যে বেড়ায় গায়ে চড়ে। কামড়াইলে জ্বালা করে। ধাওয়া পিপিড়া…কাল ও পাঁশুটা, ছোট ছোট। গায়ে ধাইয়া চড়ে, কিন্তু কামড়ায় না।

পিপুল, পিঁপুল…ষ্য. (সং পিপ্পলী—পিপর্তি পালয়তি রোগাৎ—অঃ টীঃ। শুণ্ডাকারে ধরে বলিয়া অন্য নাম শৌণ্ডী—অঃ)। তাম্বূলাদিবর্গের দীর্ঘায়ুঃ লতাবিশেষের (Piper longum) কাঁচায় শুখানা ফল (Long pepper)। বঙ্গদেশে ও দক্ষিণ ভারতে ইহার চাষ হয়। গজপিপুল…ষ্য. (সং গজপিপ্পলী, করিপিপ্পলী)। কচু-আদি বর্গের স্থূল বৃহৎ প্রতানীবিশেষ (Scindapsus officinalis)। পাতা বড় বড়, গোড়ায় বাসনা। পুষ্পমঞ্জরী কচুর মতন খোলে ঢাকা থাকে। ফলমঞ্জরী করিশুণ্ডের মতন স্থূল বলিয়া নাম।

পিয়…ণ. (সং প্রিয়। পালি পিয়)। প্রিয়, প্রঃ—পিয়নাথ, পিয়দশী—প্রিয়দশী (অশোকশাসনে)। পিয়া…ণ. (সং প্রিয়া)। প্রিয়া, প্রঃ—হাম নাহি যাওব সো পিয়াঠাম (বিদ্যাপতি); চণ্ডীঃ; প্রাচীন পদে। পিয়সী…ণ. (সং প্রেয়সী)। প্রেয়সী। (পিয়ারী দেখ)।

পিয়ন…ষ্য. (ফরাসী peon—বাং পাইক, সং পায়িক, পদাতিক)। আপিশের পাইক।

পিয়ল, পিয়র…ণ. (সং পীব্বর)। পীবর, প্রঃ—পিয়র পয়োধর (কৃত্তিঃ)।

পিয়াজ, পিঁয়াজ…ষ্য. (ফাং পিয়াজ। তুং সং নাম পলাণ্ডু—পলতি রক্ষতি রোগাৎ পিপর্তি ধাতূন্ বা—অঃ টীঃ। আসাং পনরু। পল—পত্র-বেষ্টিত অণ্ডাকার বলিয়া? তুং সং নাম সুকন্দক—অঃ, শোভন কন্দ বলিয়া)। পত্রাবৃত তীব্রগন্ধ প্রসিদ্ধ কন্দবিশেষ (Onion. Allium cepa)। পাতা নলাকার। ফুলের সঙ্গে কন্দকও থাকে। পুষ্পমঞ্জরী—শাঁই (শমী?), কলি। গন্ধপিয়াজ…পিয়াজ তুল্য কন্দবিশেষ (The shallot. A. ascalonicum)। পুষ্পমঞ্জরীতে কেবল পুষ্প থাকে। উদ্যানে চাষ হইয়া থাকে। বন-পিয়াজ…পিয়াজ তুল্য কন্দবিশেষ (The Indian squill. Urginea indica)। পাতা হইবার পূর্বে ফুল ধরে। মঞ্জরী উপচ্ছদে ঢাকা থাকে না। বিহারে কিছু কিছু জন্মে। কিন্তু আদি স্থান দক্ষিণ হিমালয়। ভুঁইকন্দ নামক আর এক প্রকার পিয়াজ দক্ষিণে সাগর-বালুকায় জন্মে (Bombay squill. Scilla indica)। ছোটনাগপুরেও নাকি জন্মে।

পিয়াদা…ষ্য. (ফাং। সং পদাতি)। পদাতি। পিয়াদা মসিল দেওয়া—(ফাং মহসীল) টাকা আদায় নিমিত্ত পদাতি নিয়োগ করা।

পিয়ার, প্যার…ণ. (হিং। সং প্রিয়)। প্রিয়।

পিয়ারী, প্যারী···ণ. (হি॰ । স॰ প্রিয়া—পিয়া+রী)। প্রিয়া ; রাধিকা।

পিয়াল···ষ্য. (স॰—অঃ। প্রিয়াল মূল শব্দ)। আম্রাদিবর্গের আরণ্য তরুবিশেষ (Buchanania latifolia)। ফল কৃষ্ণবর্ণ ছোট, মানুষভক্ষ্য। আঁঠির শাঁস (হি॰তে চিরোঞ্জী) বাদামের মতন সুস্বাদু। ইহার তেল হি॰তে চিরোঞ্জী তেল নামে খ্যাত।

পিয়াস··ষ্য. (হি॰। স॰ পিপাসা)। পিপাসা (পদ্যে)। **পিয়াসী**··ণ. (পিয়াস+ঈ)। পিপাসাতুর।

পিয়াস (গ্রা॰)···ষ্য. (স॰ প্রয়াস। প্রত্যাশা)। প্রয়াস ; প্রত্যাশা। **পিয়াসী**···ণ. প্রয়াসী ; প্রত্যাশী।

পিয়াসাল··ষ্য. (স॰ পীতসাল। অমরে—পীতসালক সর্জক আসন বন্ধূকপুষ্প প্রিয়ক জীবক। কাষ্ঠ বা সার পীত বলিয়া পীতসার—পীতসাল। নির্যাস ত্যাগ করে—সর্জক। আসন—যেমন চৌকী প্রভৃতি হয় বলিয়া আসন। ফল রক্তবর্ণ বলিয়া বন্ধূকপুষ্প কিন্তু পিয়াসালের ফুল পীতবর্ণ, শুখাইবার সময় রক্তবর্ণ হয়। কাঠ সুন্দর বলিয়া প্রিয়ক। শীঘ্র মরে না বলিয়া জীবক। এই জীব হইতে হি॰ বীজসাল। পীত শব্দ হইতেও বীজ আসিতে পারে। বনে ও॰ বীজা। আসন দেখ)। শিম্বাদিবর্গের আরণ্য উচ্চ তরুবিশেষ (The Indian kino tree. Pterocarpus marsupium)। ইহার কাঠ পীত ও আরক্তপীত, আঁশ খদিরবর্ণ। গাছ হইতে গাঢ় রক্তবর্ণ নির্যাস (gum kino) বাহির হয়। দক্ষিণ ও মধ্যভারত হইতে ওড়িশা ও বিহার পর্যন্ত পিয়াসাল গাছ জন্মিতেছে। কাঠে দ্বার চৌকী বাকস প্রভৃতি হয়। দোষ এই, জল লাগিলে পীত রং বাহির হয়।

পিরান···ষ্য. (উর্দু)। জামা, প্রঃ—জরীর পহিরণ (ভাঃ)—জরীর পিরাণ।

পিরালী··পীরালী দেখ।

পিরীতি, পিরীৎ···ষ্য. (স॰ প্রীতি)। প্রণয়, প্রেম,প্রঃ—কৃত্তিঃ, প্রাচীন বৈষ্ণবসাহিত্য ; অবৈধ প্রণয়, প্রঃ—বড়র পিরীতি বালির বাঁধ (ভাঃ)।

পিল···পীল দেখ।

পিল্‌-পিল··ব্য. (স॰ পীলক—পিপীলিকা)। পিপীলিকা তুল্য বহুত্বে, প্রঃ—গর্ত হইতে পিপিড়া পিল্‌-পিল্ করিয়া বাহির হয়।

পিলসুজ···ষ্য. (আ॰ ফতীল সোজ—পিতল দীপ)। পিতলের দীপবৃক্ষ।

পিলা·ষ্য. (স॰ প্লীহা)। প্লীহা, প্লীহা বৃদ্ধি রোগ। পেটের পিলা চমকানা—ত্রাসে প্লীহার কম্পন। (প্লীহার—না হৃৎপিণ্ডের?)।

পিলা··ষ্য. (স॰ পীলক—পিপীলিকা—হেমঃ। ছেলে পিলা দেখ) : শিশু। (পিলা শব্দের স্বতন্ত্র প্রয়োগ নাই)।

পিলু··রাগরাগিণী দেখ।

পিষ··ধাতু. (স॰ পিষ ধাতু)। পিষি—চূর্ণ করি, প্রঃ—গম পিষিয়া ময়দা করা। পেষা॥ **পেষা**··ধাতু. (পিষ ধাতু আস্তে)। পেষানা॥

পিস-বোট··পিচ-বোর্ড দেখ।

পিসী··ষ্য. (স॰ পিতৃস্বসৃ—পিই-অসি—পিসী)। পিতার ভগিনী। পুং পিসা। (তু॰ মাসী—মাসা)। **পিস-তাত ভাই**··(পিসা-তাত—পিসতাত)। পিসীপুত্র। **পিসতাত বইন**··পিসীকন্যা। **পিস-শ্বশুর**...পিসারুপ

শ্বশুর। পিস-শাশুড়ী, পিস-শ্বাস ··পিসীরূপ শাশুড়ী।

পিসু ··ষ্য. (হি° পিসু)। ডাঁশ (flea)। (বাংতে চলিত নাই)।

পিস্তল···ষ্য. (পর্তু° pistole, ই° pistol)। এক হাতে চালাইবার ছোট বন্দুক।

পীক, পীচ ··পিক, পিচ দেখ।

পীচ···ষ্য. (ই° pitch)। আলকাৎরা ফুটাইয়া প্রাপ্ত ঘন চট্‌চটা আঠা।

পীচ ··ষ্য. (ই° peach)। শ্যামলপত্র মধ্যমাকার ফলতরুবিশেষ (Prunus persica)। উদ্যানে রোপিত হয়। ফল রোমশ, আঁঠি নালীযুক্ত। (হি° নাম আরু)। ইহার এক জাতের ফল রোমহীন (nectarine)। ফল বর্ষাকালে পাকে।

পীড়া, পিঁড়া ··ষ্য. (স° পীঠ। স° পীড়া হইতে প্রভেদ করিতে অনুনাসিক)। পট্টাকার কাষ্ঠাসন। পীড়ী, পিঁড়ী ··ছোট পীড়া, প্রঃ—চাপিয়া বসিতে দিল গাম্ভারের পীঁড়ি (কবিক:)—গামার কাঠের হালকা ও মসৃণ শাদা পীঁড়ি প্রসিদ্ধ। আসনপীড়ী হইয়া বসা—(পীঠাসন। আসন ও পীঠ সমার্থক)। আসনে উপবিষ্ট হওয়া।

পীতসাল···ষ্য. (পীত-সার=পীতসাল)। পিয়াসাল দেখ।

পীতাম্বরী ··ষ্য. (স° পীতাম্বর। শাড়ীর বিশেষণ বলিয়া পীতাম্বরী)। লাল টানা হলুদা পাড়নের শাড়ীবিশেষ। (পীতাম্বর—পীতবর্ণ পট্টবস্ত্র)।

পীনাস ··ষ্য. (স° পীনস)। নাকের অর্শ রোগবিশেষ (polypus of the nose)।

পীয়ল ··ণ. (স° পীবর)। পীবর। (পদ্যে)। (পিয়ল দেখ)।

পীর...ষ্য. (ফা°)। মুসলমান পুণ্যাত্মা। পীরতলা...পীরের স্থান। (মাটির পোড়ানা ঘোড়া পীরের আস্তানে থাকে)। পীরের সির্ণী··পীরের নিমিত্ত শর্করা। সত্যপীর, সত্যনারায়ণ...এক পীরের নাম। নারায়ণরূপে হিন্দুরও উপাস্য হইয়াছেন। কিন্তু সত্য নামে কোন পীর ছিলেন না। পাঁচ পীর · নৌকার মাঝির উপাস্য পাঁচ জন পীর। তন্মধ্যে গাজি সাহেব ও বদর প্রসিদ্ধ হইয়াছেন। পীরান ··ষ্য. (পীর+ গান)। পীরচরিত গান (উত্তরবঙ্গে)। পীরান···ষ্য. পীর নিমিত্ত দত্ত ভূম্যাদি। পীর-পয়গম্বর ··ষ্য. (প্রায় সহচর শব্দ)। পীর। পীরালী ··পীর আলী প্রায় চারিশত বৎসর পূর্বে যশোরের শাসনকর্তা ছিলেন। তাঁহার দত্ত অন্নস্পর্শদুষ্ট ব্রাহ্মণ —পীরালী বামুন। কলিকাতার প্রসিদ্ধ ঠাকুরবংশের এই কলঙ্ক আছে। এই বংশের উদ্ভাবিত পাগড়ী—পীরালী পাগড়ী।

পীল ··ষ্য. (স° পীলু—অ:। ফা° পীলহ্)। হস্তী। পীলখানা···হস্তীশালা। পীলপায়া ...হস্তীপদ; স্তম্ভ. সীমাপ্রদর্শক ছোট স্তম্ভ। পীলুড়ি...শৎরঞ্চ খেলায় হারিবিশেষ। এই হারিতে রাজা গজের চারি পাশে ঘুরিতে থাকেন।

পীল...ষ্য. (ই° pill)। ঔষধের পুরিয়া।

পীলা···ণ. (স° পীত, পীতল হইতে)। পীতবর্ণ। পীলা মাটি ··পীতবর্ণ মৃত্তিকাবিশেষ।

পীলু ··ষ্য. (স° পীলু—অ:। অন্য নাম গুড়ফল)। বৃহৎ ক্ষুপবিশেষ (Salvadora per-

sica)। কাষ্ঠ কোমল, ঈষৎ পীত। ডাল ফুল ঝুলিতে থাকে। পাকা ফল লাল। সিন্ধু পঞ্জাব প্রদেশে গাছ জন্মে। বিহারের পশ্চিমেও দুই একটা আছে। (হিং নাম জাল)।

পু, পুহ···ধাতু. (সং প্র-ভা ধাতু হইতে। প্রভাত, প্রভার হইতে পোহা। কিন্তু পোহা আস্ত রূপ হইয়াছে। ওং পাহ ধাতু) পুই, পুহি—প্রভাত হই, প্রঃ—রাত পুইয়াছে। পোআ, পোহা ॥ পোআ, পোহা ···ধাতু. (পু পুহ ধাতু আস্তে)। পোআই, পোহাই—প্রভাত করি, প্রঃ—বসিয়া বসিয়া রাত পোহাইলাম; প্রভাব পাই, রৌদ্রাদি লাগাই, প্রঃ—রোদ পোআনা; সহি, প্রঃ—সংসারের জ্বালা পোহাইতে পারি না। পোআনা, পোহানা ॥ পোআ, পোহা ··ধাতু. (সং প্রভাত হইতে)। পোআই, পোহাই—প্রভাত হই, প্রঃ—রাত পোহাল ফরসা হইল। পোআনা, পোহানা।

পুং ··ব্য. (সং পুনশ্চ)। পুনশ্চ শব্দের সংক্ষেপে। ...ষ্য. পুংলিঙ্গ।

পুই, পুঁই ··ষ্য (সং পুতিকা। উপোদিকা—অঃটীঃ। পোতিকা, পুতিকা। কিন্তু কলম্বীর নাম উপোদিকা—জলে জন্মে বলিয়া। পুঁইগাছে অধিক জল আছে বলিয়া উপোদিকা—অঃটীঃ। ইহা ঠিক বোধ হয় না)। পিচ্ছিলরস খাদ্য লতা-শাকবিশেষ (Basella alba)। বন-পুই ···পুই সদৃশ, কিন্তু ডাঁটা লাল (B. rubra)।

পুকী, পুঁকী ··ষ্য. (সং পুত্রিকা, পুত্রকী। পোকা দেখ)। উদরের ছোট কৃমিবিশেষ (thread worm)। এই কৃমি ক্ষুদ্র সুতার মতন। (২) কলা, হলুদ, আদা প্রভৃতি গাছের ছোট চারা, প্রঃ—কলা লাগাবে মায়ে পুতে—গাছের সঙ্গে যেন পুকী থাকে; (৩) তাল খেজুর প্রভৃতির নূতন চারা। (পোয়া বেঁজি মুকী দেখ)।

পুকুর, পুখর···ষ্য. (সং পুষ্করিণী। পুষ্কর—জল থাকে বলিয়া। পালি পোক্খরণী। সংপ্রাং পোক্খর—সং পুষ্কর। প্রাচীন বাং পোখর, পোখরি পুখর। ওং পোখরি, আসাং পুখুরি, মং পোখর)। পুষ্করিণী, প্রঃ—আশ্রম পুখরি আড়া (কবিকঃ)। (পুখর ঠিক, পুকুর গ্রাং)। পুকুর পাড় ··পুষ্করিণীর পাটক বা পার, প্রঃ—ঢেলা কাটি ফেলে যেন পুখরের পাড় (কবিকঃ)। পুকুরের ভাঁড়ার··জলভাণ্ডার, পুকুরের মধ্যস্থল। জাঠ, জাঠি ··(যষ্টি)। প্রতিষ্ঠার সময়ে পুষ্করিণীর মধ্যস্থলে যে দীর্ঘ কাষ্ঠ পোতা হয়। ইহা দ্বারা জলের গভীরতা জানা উদ্দেশ্য ছিল। লোকে হঠাৎ গড়াইয়া পড়িলে জাঠ ধরিয়া উঠিতে পারিত। পুকুর-গাবা···ষ্য. (গর্ভ হইতে গাবা)। পুষ্করিণীর জলের ধারের ভূমি। এঁধো পুকুর...যে পুষ্করিণী জলজ লতা-পাতায় আচ্ছন্ন থাকাতে জলে আলো পড়ে না। খিড়কী-পুকুর ·· বাড়ীর পশ্চাৎ ভাগে যে পুকুর থাকে। ঘর-পুকুর···বাড়ীর নিকটবর্তী যে পুকুর। পুকুর হদ হওয়া—জলজ গাছে এমন আচ্ছন্ন যে তিলমাত্র ফাঁক থাকে না, এত স্থূল গাছ যে উপর দিয়া ছোট ছোট জন্তু চলিয়া যাইতে পারে, প্রঃ—হাদিয়া দহ—"যার নামস্র বয়ে যায় দশ যোজন পানি।" "তাহার উপরে পথ গরু মানুষ বুলে।"—হাদিয়া—

হদ+ইয়া—হদিয়া—হাদিয়া। সং হত, হরিৎ হইতে হদ ? ।

পুখরাজ···ষ্য. (হিং । সং পুষ্পরাজ)। উপরত্ন-বিশেষ (topaz)। প্রায়ই আপীত বর্ণ হয়।

পুঙ্খানুপুঙ্খ ··ণ. (সং পুঙ্খ—বাণমুল। বাণের পক্ষও মনে করা যাইতে পারে। তথাপি অর্থ হয় না। বোধ হয়, পক্ষানুপক্ষ হইতে। অমরকোষে পুঙ্খোনুঙ্খঃ পদ আছে। বোধ হয় ইহার সাদৃশ্যে পক্ষানুপক্ষ পরিবর্তে পুঙ্খানুপুঙ্খ। পক্ষ শব্দ হিং মংতে পংখ)। সবিশেষ। পুঙ্খানুপুঙ্খ-রূপে অনুসন্ধান—বিচারের পূর্বপক্ষ অপর পক্ষ সমুদায় পক্ষ অনুসন্ধান (তুং পাতি-পাতি করিয়া অনু-সন্ধান)।

পুছ···ধাতু. (সং প্রচ্ছ ধাতু হইতে পৃচ্ছতি পদ। পালি পুচ্ছ ধাতু। ওং পচার, হিং পুছ ধাতু)। পুছি—জিজ্ঞাসি, প্রশ্ন করি, প্রঃ—সেই দূতে পুছে বাত(খনা) ; তবে দিগ্বিজয়ী ব্যাখ্যার শ্লোক পুছিল (চৈঃ চঃ)। (কেহ পুছে না—এই রূপ প্রয়োগে চলিত)। পোছা ॥ পোছা···ধাতু. (পুছ ধাতু আস্তে)। পোছানা ॥

পুঁছ···ধাতু. (সং প্র-উঞ্ছ ধাতু প্রোঞ্ছনে। পালি পুঞ্ছ ধাতু। ওং পোছ, হিং পুঁছ পোঁছ, মং পুস ধাতু)। পুঁছি—মার্জন করি, প্রঃ—কাপড় দিয়া গা পোঁছা ; মুখ পোঁছে ধড়ার আঁচলে (কবিকঃ)। পোঁছা॥ পোঁছ ··ষ্য. প্রলেপ, লেপন, প্রঃ—এক পোঁছ রং দেওয়া (সং পুস্ত)। পোঁছ মাটি—কুমার হাঁড়ী গড়িবার সময় যে মাটি দিয়া হাঁড়ীর গা মাজিয়া দেয় এবং যাহা দিয়া হাঁড়ী জোড়ে। পোঁছা ··ধাতু. (পুঁছ ধাতু আস্তে)। পোঁছানা ॥ (তুং মুছ ধাতু)।

পুজ ··ধাতু. (সং পুজ ধাতু পুজনে। পুজ ধাতু পরিবর্তে ভজ ধাতুর পদও বসে। টাকা পুজিল না, টাকা ভজিল না। হিং পুজ ধাতু ভরা)। পুজি—পূরণ করি, প্রঃ—দোকানের হিসাবে টাকা পুজিল না—জমার অঙ্ক পাওয়া গেল না। পোজা ॥ পোজা···ধাতু. (পুজ ধাতু আস্তে)। পোজানা ॥

পুঁজি ··ষ্য. (সং পুঞ্জ—রাশি)। ধনরাশি, ব্যবসায়ের ধন। পুঁজি-পাটা ··ষ্য. (সং পাত্র—ভাণ্ড হইতে পাটা। পাটা অনুচর শব্দ। ওং পাণ্টি)। পুঁজি।

পুঞ্জা···ষ্য. (সং পুঞ্জ হইতে। ওং পুঞ্জা)। এক গণ্ডা, প্রঃ—কবিকঃ। (অপ্রচলঃ)।

পুট ··ষ্য. (সং পুট। সং পুট ধাতু সংশ্লেষণ, দীপ্তি, চূর্ণীকরণ। বাংতে পুট পুটলী, পুড় পোড়, পুড়ি প্রভৃতি শব্দে আছে)। আবরণ, পত্রাদিরচিত পাত্র, মুছি ; দ্রাবক, প্রঃ—সোনা গলাইবার পুট।

পুট ··ষ্য. (ইং pit)। শিরদাঁড়া হইতে বাহুসন্ধি পর্যন্ত অংশ। পুটহাতা ··শির-দাঁড়া হইতে করতল পর্যন্ত অংশ (দর্জীর মাপে)।

পুঁটকি·· ষ্য. (পোঁটা হইতে)। পায়ুর অভ্যন্তর। (অশিষ্ট)।

'পুটকিয়া···ণ. (সং পুট ধাতু চূর্ণীকরণ। কিংবা সং পট ধাতু বিদার ছেদন হইতে। পটকা দেখ)। ক্ষণনাশী, প্রঃ—রোগা-পুটকিয়া ছেলে।

পুটলী···ষ্য. (সং পুট+লী। মং পুডকা। পোটলা, পুলা দেখ)। ছোট পোটলা।

পুটিং···ষ্য. (ইং putty)। কাঠে পরকলা

আঁটিবার মর্দ্দিনা তেল ও খড়ী গুঁড়ার মিশ্রণ; ধুনা তেল ইটগুঁড়া প্রভৃতির মিশ্রণ।
টিয়া, পুঁটিয়া···ষ্য. (সং পুট। পুট+ইয়া)। গাড়ীর চাকার পরিধি কাঠ ; দোড়ীর প্রান্তের স্থূল গাঁইঠ ; স্বর্ণাদি অলঙ্কারের মিলন-মুখ।···ণ. (সং পুট—সংশ্লেষণে)। অতি কৃপণ, যে সর্বদা পুটলী বাঁধিতেছে।
টৌ···ষ্য. (পোঁটা দেখ। পোঁটা স্ত্রীং। হিং পঠিয়া)। শিশুকন্যা।
ঠী, পুঁঠী··ষ্য. (সং প্রোষ্ঠী। ওং নাম কেরাণ্ডি)। ছোট শকলী মৎস্যবিশেষ। প্রায়ই নারঙ্গাবর্ণ; পেটের পাখনার উপরে পিঠের পাখনা। গোঁফ নাই। কাঞ্চন পুঠী ...প্রায় ছয় আঙ্গুল। কাঞ্চন বা নারঙ্গাবর্ণ বলিয়া নাম (Barbus conchonius)। তিতা পুঠী...ছোট, তিক্ত (B. chola)। ফুটনী পুঠী··চারি আঙ্গুল, ফুট-ফুট করে বলিয়া (B. phutunis)। সরণা পুঠী... (সং মহাসফর)। চৌদ্দ পনর আঙ্গুল (B. sarana)। উপমায়, পুঠী মাছের প্রাণ—পুঠী মাছ অল্প জলে থাকে। সে জল শীঘ্র শুখাইয়া যাইতে পারে। যে অল্পেই নিস্ব হয়। পুঠী মাছের ফর-ফরানি—(তুং সফরী ফর্‌ফরায়তে)। অল্প বিদ্যায় পাণ্ডিত্যের আস্ফালন।
পুড়···ধাতু. (সং পুট ধাতু হইতে। ওং পুড। হিং মংতে সং জ্বল ধাতু হইতে। বাংতেও জ্বল ধাতু আছে)। পুড়ি—দগ্ধ হই (যেন গোময়-লেপ পুটে), জ্বালা করি, প্রাঃ—চুনে গাল পুড়িতেছে। পোড়া॥ পুড়নি···জ্বালা, দাহ, প্রাঃ—সংসারে কত পুড়নি আছে। পোড়··দাহ, পুটে দাহ। খর-পোড়··ণ অতিদগ্ধ। পোড়া...ধাতু. (পুড় ধাতু আস্তে)। পোড়ানা। জ্বালা-পোড়া... (সহচর শব্দ)। জ্বালা। মড়া-পোড়া··· শবদাহ। বেগুন-পোড়া···বেগুন পোড়াইলে যে খাদ্য হয়। কপাল পোড়া—অদৃষ্ট মন্দ হওয়া। পোড় দেখ।
পুড়া, পুঁড়া···ষ্য. (সং পুট—পাত্র,চূর্ণ। কিংবা সং পূল ধাতু রাশীকরণে হইতে পুলক)। গুঁড়ি, গুঁড়িপূর্ণথলী। (২)ধান্যাদি রাখিবার খড়ের আধার (ওং ওল্লিআ, মং পুলা), খড়ের পাত্রে রক্ষিত ধান্যাদি, প্রাঃ—হাল বলদ দিবা খুড়া দিবা হে বিচের পুঁড়া ভেনে খাইতে ঢেঁকি কুলা দিবা (কবিকঃ)।
পুড়ি···ষ্য. (সং পুট ধাতু চূর্ণীকরণে)। উগা কাস্তিয়া প্রভৃতি চিতাইলে যে দাঁত বাহির হয় ; ধাতুপত্রে বিঁধনী দিয়া ছিদ্র করিবার সময় পত্রের যে ছিন্ন অংশ বাহির হয় (ওং পুড়ি। ইং burr)।
পুণ্য, (গ্রাং পুন্নি)···ষ্য. (সং পুণ্য)। পুণ্য। পুণ্য-ধর্ম···(সহচর শব্দ)। পুণ্য। পুণ্য-পুকুর ···(পুণ্যপুষ্করিণী)। বালিকা ব্রতবিশেষ। বৈশাখ মাসে করিতে হয়। পুষ্করিণী দান করিয়া পুণ্য সঞ্চয় ও আয়তির মঙ্গল কামনা উদ্দেশ্য। কথায়, বাপের পুণ্যে গঙ্গা লাভ—গঙ্গাপ্রাপ্তি পুণ্য ব্যতিরেকে হয় না। যদি হয়, তবে পিতৃপুণ্যে, নিজের পুণ্যে নহে। পুণ্যাহ (গ্রাং পুণ্যে)···ষ্য. (সং পুণ্যাহ)। পবিত্র দিন ; যে পবিত্র দিনে প্রথম লভ্য হয়, যে দিন জমিদারের নববর্ষ আরম্ভ হয়। পুণ্যে গাছ...পুনর্নবা দেখ।
পুত, পুৎ···ষ্য. (সং পুত্র)। পুত্র, প্রাঃ—বাপে পুতে (ভাঃ)। দৃষ্টান্তে,এক পুতের আশ নদী-

তীরে বাস—এক পুত্র চিরজীবী হইবে এবং নদীতীরে বাসবাটী চিরস্থায়ী হইবে, এমন আশা করিতে পারা যায় না। গরিবের পুতের ঘোড়া রোগ—নির্ধনের পুত্রের অশ্বারোহণ অভিলাষ দুঃখের কারণ।

পুত...ধাতু. (সং প্রোত—ভূগর্ভনিহিত; প্রোথিত—প্রোথ—গর্ত+ইত। ওং পোত ধাতু। বোধ হয় পূর্বে বাংতেও পোত ধাতু ছিল)। পুতি···গর্ত-নিহিত করি, প্রঃ—চেয়াড়ে খুড়িয়া পোতে সপ্ত ঘড়া ধন (কবিকঃ)। পোতা॥ পোৎ···ষ্য. গর্তের গভীরতা যাহাতে কিছু পুতিতে হইবে। পোতা...ধাতু. (পুত ধাতু আস্থে)। পোতানা॥

পুত্-পুত্, পুতু-পুতু···ব্য. (সং পুত্র-পুত্র)। পুত্রজ্ঞানে, স্নেহে আশঙ্কায়,প্রঃ—আদরের বস্তু পুতু-পুতু করিয়া রাখে, কাহাকেও দিতে চায় না।

পুতল, পুতুল···ষ্য. (সং পুত্রিকা—অঃ, পুত্তলি)। খেলিবার পুত্তলি। পুতলী...ছোট পুত্তলি। চোখের পুতলী···চোখের তারা। পুত্তল, পুৎল···ষ্য. (সং পুত্তলি)। প্রতিমূর্তি, যেমন লক্ষ্মীর পুত্তল শাদা। (এখানে পুতল, পুতুল নহে)। পুৎল-নাচ—মনুষ্যাদির প্রতিমূর্তির চেষ্টা বা অঙ্গভঙ্গি। (পুতুলনাচ নহে)।

পুতী···ষ্য. (হিং পোতী। সং প্রোত হইতে)। কাচের ছোট ছোট মুক্তা।

পুথী, পুঁথি···ষ্য. (সং পোস্তী। সংপ্রাং পোৎথী। ওং হিং মং পোথী। হিং পোথা —বড় পুথী)। পুস্তক, অ-মুদ্রিত পুস্তক। পাঁজি-পুঁথি···ষ্য. (প্রায় সহচর শব্দ)। পাঁজি ও অন্য পুস্তক। পুথীর ডোর··সে দোড়ী দিয়া পুথী বাঁধা হয়। পুথীর মলাট···(মল+কাঠ)। যে কাঠ পুথী রক্ষা করে। খুঙ্গি পুথী · খুঙ্গি দেখ।

পুদিনা···ষ্য. (ফাং পোদিনাহ্)। সং পূতনী)। তুলস্যাদিবর্গের সুগন্ধ ক্ষুদ্র শাকবিশেষ (Mentha viridis)। ইহার চাটনি হয়।

পুনরায়···ব্য. (সং পুনরপি—পুনরই—পুনরায়)। পুনর্বার।

পুনর্নবা ··ষ্য. (সং পুনর্নবা—অঃ। গ্রাং পুন্নে। ওং পুরুণি। কাটিয়া দিলেও নূতন উৎপত্তি হয় বলিয়া পুনর্নবা নাম)। বহুশাখ ছোট শাকবিশেষ (Bœrhaavia repens)। পাতা জোড়া জোড়া পুরু; ফুল ছোট ছোট, অনেক একত্র ধরে। ইহার দুই তিন জাত আছে। শ্বেত পুনর্নবা··ফুল শাদা; রক্ত পুনর্নবা···ফুল পদ্মবর্ণ।

পুনর্বিয়া···ষ্য. (সং পুনর্বিবাহ)। পুনর্বিবাহ; কন্যার প্রথম ঋতু।

পুনশ্চ ··ব্য. (সং)। পুনর্বার; পুনর্বার লিখিত হইতেছে (সংক্ষেপে পুঃ)।

পুনি...ব্য. (সং পুনঃ। ওং পুণি, হিং পনি, পন)। পুনঃ। (প্রাচীন বাং)।

পুন্‌কা শাগ···ষ্য. (?)। নটিয়া শাগ-বিশেষ।

পুন্নমী (গ্রাং)···ষ্য. (সং পূর্ণিমা। ওংতে পুন্নমী গ্রাং নহে)। পূর্ণিমা তিথি।

পুন্নাগ···ষ্য. (সং। কেহ কেহ সুলতান-চাঁপা কাঠ-চাঁপা বলে। ওং পুনাং)। নাগকেশরাদি বর্গের সুন্দর তরুবিশেষ (Mast wood. Alexandrian laurel. Calophyllum inophyllum)। পাতা বড় চিক্কণ, শ্যামল। ফুল শাদা সুগন্ধ চতুর্দল, জ্যৈষ্ঠমাসে ফোটে।

ফল পাকিলে পীতবর্ণ। বীজ হইতে আহরিৎ তৈল (পুনাং তেল। Pinnay oil) হয়। জ্বালিলে অত্যন্ত ধুআঁ হয় ও দুর্গন্ধ ছাড়ে। কিন্তু দগ্ধ-ক্ষতে আমবাতাদি রোগে হিতকর। ভারতবর্ষে পূর্ব ও পশ্চিম উপকূলে জন্মিতেছে। কাঠ লালচিয়া, কঠিন। স্থূরঃ

পুন্নাগ···ষ্য. (সং—বৈদ্যকঃ। ও° ছুরি-অনা)। পুন্নাগ সদৃশ সুন্দর তরুবিশেষ (Ochrocarpus longifolius)। পাতা পুরু, প্রতি গাঁইঠে তিনটা থাকে। ফুল শীঘ্র ফোটে না, প্রথমে দুই খণ্ডে বিভক্ত হয়। সুগন্ধ শাদা। ভারতের পশ্চিম উপকূলে, ওড়িশা চাটিগাঁয়ে আছে। (কেহ কেহ এই গাছকে ভুলে নাগেশ্বর মনে করে)।

পুন্নি (গ্রাং) ··পুণ্য। পুন্নিমান ··পুণ্যবান্।

পুন্না, পুন্নে ··ষ্য. (সং পুণ্যাহ)। পুণ্য দেখ।

পুপ্ফ ··ষ্য, (সং পুষ্প। সংপ্রাং পুফ্ফ। তুং হিং পুহুপ)। পুষ্প, প্রাঃ—বিদ্যাপতি, শৃং পুঃ।

পুয়া ·ষ্য. (সং পুত্র। পুকী, পোয়া দেখ)। গাছের চারা, প্রাঃ—বেগুন পুয়া।

পুয়াতী, পোয়াতী ··ষ্য. (সং পুত্রবতী)। সসত্ত্বা নারী। পুয়াতী খালাস হওয়া—সন্তান প্রসব করা। দৃষ্টান্তে, ছেলের নামে পুয়াতী বর্তে —গর্ভ-রক্ষা হেতু সসত্ত্বা নারী উপাদেয় ভোজ্য গ্রহণ করে, যেন বস্তুতঃ নিজের অভিলাষ পূরণ নহে। লক্ষণায়, প্রবন্ধ দ্বারা অভিলাষ সাধন।

পুঁয়ে সাপ ··ষ্য. (? পুঁকী হইতে ? পুকী দেখ)। নয় দশ আঙ্গুল দীর্ঘ মাটিয়া রঙ্গের সর্পবিশেষ (Typhlops braminus)। তুণ্ড গোল, পুচ্ছ ক্ষুদ্র। কেঁচোর মতন মাটির নীচে থাকে। প্রাঃ—ভাঃ। পুঁয়ে···ষ্য. (?)। শিশুর শীর্ণতা রোগবিশেষ। পুঁয়ে পাওয়া—শুখাইয়া যাওয়া। (পুঁয়ে সাপ দেহ চাটিলে না কি লোকে শুখাইয়া যায় ? বোধ হয়, পুঁই+ইয়া—পুঁইয়া—পুঁয়ে। পুই শাগের মতন পীত বা হরিদ্বর্ণ হওয়া। chlorosis ?)।

পুর ··ধাতু. (সং পুর ধাতু)। পুর ধাতু দেখ।

পুর ··ষ্য. (সং পুরম্—পুষ্পাদীনাং দলাবৃত্তিঃ—মেঃ)। আবৃত্তি (whorl), প্রাঃ—পাঁচপুর করিয়া কাপড় বাঁধা। (পরল দেখ)।

পুর-চার···ষ্য. (সং পুরশ্চরণ হইতে)। পূর্ণ আয়োজন, প্রাঃ—পুর-চার করিয়া ভোজন।

পুর-কায়ৎ···ষ্য. (সং পুরীকর্তা। তুং হিং কড়কৈৎ—সেনা কর্মচারী)। নগরাধ্যক্ষ; জাতি পদবীবিশেষ।

পুরবী···ষ্য. পূরবী দেখ। রাগরাগিণী দেখ।

পুরসুৎ···ষ্য. (সং পুরণসূত্র। ও° খৎ-কষ)। সমান্তরে রেখা করিবার ছুতারের যন্ত্রবিশেষ (marker)।

পুরানা ··ণ. (সং পুরাতন। ও° হিং পুরানা, আসাং পুরানি সং পুরাণ হইতে নহে)। পুরাতন, প্রাঃ—পুরানা কাসন্দি, পুরানা কাপড়, লোক দলীল ঘর, ইত্যাদি। পুরানা পাপী ··যে বাল্যকাল হইতে পাপ করিতেছে।

পুরিয়া···ষ্য. (সং পুটক, পুলক। হিং পুড়িয়া। পুড়া দেখ)। পত্রাদি দ্বারা মোড়া দ্রব্য, প্রাঃ—এক পুরিয়া ঔষধ।

পুরিয়া···রাগরাগিণী দেখ।

পুরী···ষ্য. (সং)। নগরী, ভবন, প্রাঃ—শ্রীক্ষেত্র পুরী; সন্ন্যাসীর উপাধিবিশেষ (অন্য এক

উপাধি গিরি)। পুরী খাক করা—গৃহ ভস্মীভূত করা। পুরী-খাগী ··যে নারী গৃহ নষ্ট করিয়াছে। (গালিতে)।

পুরু...ণ. (সং—প্রচুর—অঃ)। প্রচুর, বহু, প্রাঃ—পুরু-ভুজ—যে প্রাণীর বহু বাহু আছে (polyp) (অক্ষয়কুমার দত্ত)।

পুরু···ণ. (সং পৃথু ? সং পুর—পুষ্পদলাদির আবৃত্তি—মেঃ। পুর, পরল দেখ)। স্থূল, প্রাঃ—পুরু কাপড় ; পুর বা আবৃত্তি, প্রাঃ—পাঁচ পুরু করিয়া কাপড় জড়ানা। পুরু-সুরু ···ণ. (সুরূপ—শোভন রূপবিশিষ্ট)। স্থূল ও শোভন। পুরুষ্ঠ (গ্রা·) ··অতি স্থূল, বর্ধিত।

পুরুত, পুরুৎ···ষ্য. (সং পুরোহিত)। পুরোহিত। পুরুৎ-ঠাকুর...(ঠাকুর—ব্রাহ্মণে)। পুরোহিত ব্রাহ্মণ, দেবপূজক।

পুরুল···পরোল দেখ।

পুরুষ ··ষ্য. (সং)। নর। স্ত্রী· স্ত্রী। পুরুষ-জন ···(সহচর শব্দ)। কোনও পুরুষ। পুরুষ-মানুষ...(সহচর শব্দ)। নর। স্ত্রী· মেয়েমানুষ। পুরুষ ··সন্তান, প্রাঃ—চারি পুরুষ অর্থাৎ শতবৎসর। পুরুষানুক্রমে ··সন্তান-পরম্পরায়।

পুল...ষ্য. (ফা·। তুং সং পূরণ—পালি সেতু)। সাঁকো। পুলবন্দি···ষ্য. (ফা·)। পুল বাঁধা, পুল বাঁধার নিমিত্ত ব্যয় বা কর।

পুলক···ধাতু. (সং পুলক হইতে)। পুলকি——রোমাঞ্চিত হই, প্রাঃ—সঘন পুলকে যেন শিমুলের তরু (চৈঃ চঃ)—শিমুল গাছের কাঁটার মতন গা কাঁটা দিয়া উঠে। (পদ্যে)।

পুলি···ষ্য. (সং পুলক, পুলিন হইতে ?)। পায়ুর অভ্যন্তর। (পুঁটকি দেখ)।

পুলিঙ্গা (গ্রা·) ··ষ্য. (সং পুংলিঙ্গা। আসা· পুল্লিঙ্গা ও· পুলিঙ্গা, হি· ম· পুল্লিঙ্গা)। পুংলিঙ্গা।

পুলিন্দা ··ষ্য. (হি· পুলন্দা। সং পুল ধাতু সঙ্ঘাতে)। পুটলা, পুটলী।

পুলটিষ···ষ্য. (ই· poultice)। তিসী, গমের চকল প্রভৃতি জলে উষ্ণ ও কোমল করিয়া প্রলেপ।

পুলিপিলাং ··ষ্য. (পোর্ট ব্লেয়ার হইতে পুলি, ও পিনাং শহরের নাম হইতে)। দ্বীপান্তর।

পুলিশ ··ষ্য. (ই·। গ্রীক পোলিস—নগরী। তুং সং পুরী)। দেশে শান্তি রক্ষা ও আইন রক্ষার নিমিত্ত নিযুক্ত লোক। পুলিশী ··ণ. (পুলিশ+ঈ)। পুলিশ সম্বন্ধীয়। পুলিশ দারোগা···দারোগা দেখ। পুলিশ-ডায়েরি ···ষ্য. (ই· diary)। থানার রোজনামা।

পুষ...ধাতু. (সং পুষ ধাতু)। পুষি—ভরণ, পোষণ করি। পোষা॥ পোষা···ণ. গৃহপালিত, পালিত (বন্য নহে), প্রাঃ—পোষা বিড়াল। পোষা-পালা ··পোষণ ও পালন। পোষা...ধাতু. (পুষ ধাতু আন্তে)। পোষানা॥ (পোষা ধাতু দেখ)। পোষক প্রমাণ ··যে প্রমাণ সাক্ষ্য সমর্থন করে।

পূজ ··ধাতু. (সং পূজ)। পূজি—পূজা করি। পূজা॥ (পদ্যে)। পূজা-অর্চা...ষ্য. (সং অর্চা—পূজা। সহচর শব্দ)। পূজা। পূজা-পার্বণ···ষ্য. (সং। সহচর শব্দ)। পূজা ও পার্বণ। পূজারী ··ষ্য. (সং পূজাহারী—পূজার উপকরণ আহরণ করে যে। জা পরে হ আছে বলিয়া ও· পূঝারী)। দেবপূজক ব্রাহ্মণ,প্রাঃ—(চৈঃ চঃ); বাটীর পূজারি ব্রাহ্মণ (টেকচাঁদ)—বাটীর ঠাকুর পূজা করে যে

ব্রাহ্মণ। (কেবল ব্রাহ্মণ প্রায়ই নিম্নশ্রেণীর। এই কারণে পাচক কর্ম করেন, ও°তে পুঝারী—পাচক ঠাকুর)।

[পু]জ, পুঁজ···ষ্য. (স° পূয)। স্ফোটকাদির ক্লেদ (pus)।

[পু]ব, পুব্ব (গ্রা°)...ষ্য. (স° পূর্ব)। পূর্বদিক্। পুবিয়া, পুব্যে ··ণ. (পুব+ইয়া)। পূর্ব-দেশীয়, পূর্বদিগ্‌ভব, প্রঃ—পুব্যে বাতাস।

[পু]র···ধাতু. (স° পুর ধাতু। বা°তে পুর ধাতুও হয়)। (১) অকর্মক। পুরি—পূর্ণ হই, প্রঃ—জলে নদী পুরিয়াছে; তৃপ্ত হই, প্রঃ—সাধ পুরিল; পুষ্ট হই বর্ধিত হই, প্রঃ—দেহ পুরিয়া উঠিয়াছে, ঘা পুরিয়াছে; যত আবশ্যক তত হই, পর্যাপ্ত হই, প্রঃ—টাকা পুরিয়াছে। পুরা, পোরা ॥ পুরা দম ·· পূর্ণ শ্বাস। পুরাপুরি ··পরিপূর্ণ। ভর-পুর ··ণ. (সহচর শব্দ)। ভরা পুরা। পুরা, পোরা ...ধাতু. (পুর ধাতু আস্তে)। পুরানা, পোরানা ॥ (বোধ হয় পুর ধাতু স° পূর্ণ হইতে)। পুর ··ধাতু. (স° পুর ধাতু)। (২) সকর্মক। পুরি—পূর্ণ করি, প্রঃ—পেট পুরিয়া ভাত খাও; বায়ু পূর্ণ করি, যেমন বাঁশী; যুক্ত করি, প্রঃ—খালি ছাগলা বুষে চাঁদা মিথুনে পুরিয়া বেদা (খনা)—মেষ মাসে ০, বৃষ মাসে ১, মিথুন মাসে ৪ যোগ করিয়া; পূরণ বা গুণন করি, তিনকে পাঁচ দিয়া পুরিলে পনর হয়। পুরণ, পুরা ॥ পুর ··ষ্য. যদ্দ্বারা পূর্ণ করা যায়, প্রঃ—পুর-পিঠা—যে পিষ্টকের ভিতরে ছেনা নারি কেল প্রভৃতি থাকে। পুরণী···ষ্য. (স° পূরণী—পটারম্ভক-সূত্রেষু—মেঃ)। যত হাত কাপড় বুনিতে হইবে, সূতা তত হাত লম্বায় ভাগ করিয়া আবশ্যক সূত্রসংখ্যা। এ নিমিত্ত দেওয়ালে গোঁজের উপর দিয়া সূতা মাপিতে হয়। পুরণী করিবার সময় সূতার জো করা—জোড়া জোড়া করিয়া লওয়া—চাই।

পুর্-পুর্···ব্য. (স° পূর্ণ)। পূর্ণতায়, প্রঃ—সন্দেশে পুর্-পুর্ করিয়া হাঁড়ী ভরা।

পুরী···ষ্য. (স° পুরিকা—ভাবপ্রকাশে। মাষ-কলাই বাটার সহিত লবণ আদা হিং মিলিত করিয়া ময়দার মধ্যে পূরণ করিয়া পিষ্টক করিবে, পরে ঘৃতে কিংবা তৈলে ভাজিবে। —অর্থাৎ আধুনিক কচুরী বা দালপুরী)। লুচীবিশেষ; লুচী (হি°তে)।

পূরবী ··ষ্য. (স° পূর্বী)। রাগরাগিণী দেখ।

পূর্বাহ্ণ···ষ্য. (স° পূর্বাহ্ণ)। সূর্যোদয় ও মধ্যাহ্নের মধ্যবর্তী কাল। পূর্বাহ্ণে···মধ্যাহ্নের পূর্ব-সময়ে; কাজের পূর্বে (আধুনিক পণ্ডিতী ভাষায়)।

পূলা···ষ্য. (স° পূলক—পুটলী। তু° আসা° বিলাক)। পুড়া বা পুঁড়া।

পূলী ··ষ্য. (স° পূলিকা)। পিঠা দেখ।

পৃষ্ঠ...ষ্য. (স°)। মানুষ দেহের পশ্চাৎ ভাগ, পিঠ; অন্য প্রাণীর উপরিভাগ; গাত্র, প্রঃ—ভূ-পৃষ্ঠ; পত্রাদির অন্য পার্শ্ব, প্রঃ—পৃষ্ঠের লিখিত কাপড় আনিবে; পুস্তকের পত্র-পৃষ্ঠ। পৃষ্ঠ-ব্রণ ··ষ্য. (স°)। পৃষ্ঠের বৃহৎ বৃত্তাকার বিস্ফোটক (carbuncle)। পৃষ্ঠা ···ষ্য. (স° পৃষ্ঠক)। পুস্তকের পত্রপৃষ্ঠ। পৃষ্ঠাঙ্ক, পৃষ্ঠা গণিবার অঙ্ক।

পৃহা (গ্রা°) ··ষ্য. (স° স্পৃহা)। ইচ্ছা, গ্রহণেচ্ছা, প্রঃ—অন্নে পৃহা নাই।

পেঁক্-পেঁক···ব্য. (তু° স° পিক—বস্তুতঃ

পেঁক্-পেঁক করে)। হাঁসের রবে। পেঁক্-পেঁকানি॥

পেঁকাটি (গ্রা°)...পা-কাঠি দেখ।

পেকিং...ষ্য. (ই° packing)। পুলা, মোট ইত্যাদি বাঁধা কর্ম।

পেঁকুটিয়া, পেঁকুট্যে...ণ. (পাকাঠি+ইয়া—পা-কাঠিয়া—পাকাঠ্যে—পেঁকুট্যে। তু° হাতুড়্যে)। পাট-কাঠি তুল্য শীর্ণ।

পেঁকো...পাঁক দেখ।

পেখ...ধাতু. (স° প্র-ঈক্ষ ধাতু প্রেক্ষণে)। পেখি—নিরীক্ষণ করি, প্রঃ—পেখনু রামা (বিদ্যাপতি), দেউল উত্তর দ্বারে সে মূর্তি পেখল (জ্ঞানদাস)। (প্রাচীন পদে)।

পেখম্...ষ্য. (স° পক্ষম্। পালি পেকখুন)। পাখম দেখ।

পেখ্যে...ষ্য. (পাখা+ইয়া—পাখিয়া—পেখ্যে। ও° পখিআ)। পাখা দেখ।

পেগম্বর (গ্রা°)...পয়গম্বর দেখ।

পেঁচ...ধাতু. (স° পৃচ ধাতু সম্পর্ক, যোগ)। পেঁচি—করাতের মতন করিয়া শস্ত্র চালাইয়া চিরি, প্রঃ—শরীর পেঁচিয়া সবে ঔষধ বসায় (ভাঃ)। পেঁচা॥ পেঁচা...ধাতু. (পেঁচ ধাতু আস্তে)। পেঁচানা॥

পেঁচ...ষ্য. (ফা°)। আবর্ত, বস্ত্রের আবর্ত; দুর্বোধ্য বিষয়; সঙ্কট; ইস্কুরুপ। পেঁচাল...ণ. (পেঁচ+আল)। পেঁচযুক্ত, প্রঃ—পেঁচাল বুদ্ধি—কুটবুদ্ধি। তু° ঝিলাপীর পেঁচ।

পেঁচা...ষ্য. (স° পেচক। আসা° ফেঁচা, ও° চেঁপা)। রাত্রিচর প্রসহ পক্ষী-জাতিবিশেষ (owl)। পেঁচার চক্ষু বড়, সম্মুখ দিকে নিবদ্ধ (এই হেতু এক স° নাম উলূক। হি° উল্লু), চঞ্চু হ্রস্ব বক্র; মস্তক বৃহৎ। চক্ষুর চারিপাশে পালখ বিস্তৃত থাকাতে মূর্তি গম্ভীর দেখায়। পক্ষ খয়রা। নখর দ্বারা অন্য প্রাণী বিনাশ করে। পেঁচার অনেক জাতি আছে। কাল পেঁচা...প্রায় ১৬।১৭ আঙ্গুল দীর্ঘ, চক্-চকা খদিরবর্ণ, কপাল শাদা, পাখা লম্বা। মুখভঙ্গি শ্যেন পক্ষীর তুল্য। একত্র পাঁচ সাতটা থাকে। কুক্-কুক্-কুক রব করে। কখন কখন করুণস্বরে ডাকে। এই হেতু লোকে মনে করে কাল—মৃত্যু—পেঁচা। (Hawk owl. Ninox scutulata)। ছোট কাল পেঁচা...প্রায় ১০।১১ আঙ্গুল দীর্ঘ। পিঠে পাখায় লম্বা ডোরা আছে। (The jungle owlet. Glaucidium radiatum)। কোটরিয়া পেঁচা...১০।১২ আঙ্গুল দীর্ঘ। শাদা তিলিয়া। পক্ষ গোল। উদরে তির্যক রেখা। বাড়ীর কোটরে বাসা করে। (এই হেতু স° নাম পেচক—পচতি গচ্ছতি কোটরম্—অঃটীঃ। বোধ হয়, কেচা-কেচা-কেচা, কিংবা পেচা-পেচা রব করে বলিয়া পেচক)। শিয়াল যেমন প্রহরে প্রহরে ডাকে, এই পেঁচাও তেমন ডাকে। (The spotted owlet. Athene brama)। লক্ষ্মী-পেঁচা...১৮।১৯ আঙ্গুল দীর্ঘ। মুখ শাদা মাথা পিঠ ছাবকা ছাবকা। পাখা পা লম্বা। (The barn owl. Strix flammea)। এই পেঁচা লক্ষ্মী—ধান্যাদির গোলায় থাকে বলিয়া নাম। হুতুম পেঁচা...এক হাত অপেক্ষা কিছু অধিক দীর্ঘ। খয়রা। নখর বক্র ধারাল। ভয়ানক গম্ভীর—হুউম হুউম শব্দে ডাকে। এই হেতু নাম। (The brown fish owl. Ketupa ceylonensis)।

পেঁচা-কোনা··ণ. (পাঁচ-কোণা নহে। পেঁচ কোণ হইতে)। কোণে কোণে পেঁচ থাকাতে কোণ দেখা যায় না অথচ সমানও নয় এমন, প্রঃ—মাটির ছাঁচ গড়িবার দোষে ঢালা পিতল পেঁচা-কোনা হয়।

পেঁচাও ··ণ. (হিং পেঁচরা। বাং হইলে পেঁচোয়া হইত)। পেঁচবিশিষ্ট, প্রঃ—পেঁচাও লোক।

পেঁচো···ষ্য. (পঞ্চানন্দ হইতে। সং পূতনা হইতে ?)। শিশুর ধনুষ্টঙ্কার রোগবিশেষ (Convulsion. Tetanus)। লোকে মনে করে পঞ্চানন্দ নামক উপদেবতার আক্রমণ। (পঞ্চানন্দ নামক ধর্মঠাকুর আছেন। অনেক ধর্মপণ্ডিত ওঝা আছেন। ছেলেকে পেঁচোতে পাইলে চিকিৎসা করেন। কবিকঙ্কণে, শিশুর জন্মের পর সোমোই (সোমনাথ) ওঝাকে ডাকা হইয়াছিল।

পেছন...ব্য. (সং পশ্চাৎবদন ?)। পশ্চাৎমুখ, প্রঃ—পেছন ফিরিয়া বসা ; পিছন।

পেছলী...ণ. (সং পশ্চাৎ, পশ্চাৎবর্তী)। পশ্চাৎবর্তী, প্রঃ—পাঁঠার পেছলী পা।

পেছু...ব্য. (সং পশ্চাৎ)। পশ্চাৎ, প্রঃ—পেছু পেছু আসা। পেছু ডাকা—পশ্চাৎ হইতে গমনোদ্যত ব্যক্তিকে আহ্বান। ইহাতে যাত্রা সিদ্ধ হয় না। পেছু লওয়া... অনিষ্ট করিবার অভিপ্রায়ে পশ্চাৎ অনুগমন।

পেজ ··ষ্য. (ইং page)। পুস্তকের পত্রপৃষ্ঠা। আট-পেজী...যে কাগজ-খণ্ডকে ভাঁজ করিলে আট পৃষ্ঠা হয়।

পেঁজা ··পিঁজ ধাতু দেখ।

পেজোমি ··পাজি দেখ।

পেট...ষ্য. (সং পিটক পেটক পেডা মঞ্জুষা —অঃ। পেটক—পেড়া সদৃশ হেতু বাং হিং পেট, ওং পেট্, মং পোট। কিন্তু দেহে একটী পেটক নহে, চারিটা আছে। চারিভাষাতেই চারি স্থান বুঝায়)। (১) উদর ; উদর-পৃষ্ঠ, উদর-মধ্য। উপর পেট ·· উদরের উর্দ্ধভাগ। তল-পেট···উদরের অধোভাগ। খালি পেট···শূন্য উদর, অভুক্ত অবস্থা। ভরা পেট···পূর্ণ উদর, উদরের ভুক্ত অবস্থা। মরা পেট···লঘু কিংবা অল্প ভোজনে যে উদর শীর্ণ। নাঁদা-পেটা··· নাঁদের মতন স্ফীত উদর যার। লাউ-পেটা ·· লাউর মতন মধ্যভাগ স্ফীত উদর যার। প্রঃ—লোণা পানি খেয়ে সাধু লাউপান পেট (কবিকঃ)—সেকালে মেলেরিয়া থাকিলে লোণা পানি না খাইয়াও লাউপানা পেট হইতে পারিত। পেট কামড়ানা— উদরমধ্যে এমন ব্যথা যেন কিছুতে উদরকে কামড়াইতেছে ও ছাড়িতেছে। পেট খোঁচা, মারা—যেন কিছুতে খুঁচিতেছে, উদরশূল। পেট বেঁধা—যেন কিছুতে বিঁধিতেছে। পেট টানা—যেন কিছুতে টানিতেছে। পেট টালা—কোন প্রকারে উদর পূরণ ও জীবন যাপন। পেট ডাকা—উদরমধ্যে শব্দ হওয়া। পেট ঠোস মারা—বিষ্টব্ধ হওয়া। পেট আঁটা—কোষ্ঠ বদ্ধ হওয়া। পেট ধরা —অতিসারের নিবৃত্তি। পেট ফাটা—অতি ভোজনে উদর যেন বিদীর্ণ। পেট ভরা— উদর পূরণ। পেট-ভাতা···ণ. পেটের নিমিত্ত ভাত মাত্র খাইয়া, কেবল খাইতে পাইয়া (বেতন না লইয়া)। পেট-রোগা···ণ. অজীর্ণ-রোগী। পেট-মরা···ণ. শীর্ণোদর। পেট-সর্বস্ব, পেটার্থী ··ণ ভোজন-লোলুপ।

পেটের অসুখ··উদরাময়। পেটের আগুন—জঠরাগ্নি (অগ্নি—যাহাতে ভুক্ত দ্রব্য জীর্ণ হয়)। পেটের দুঃখ—অন্নচিন্তা। পেট কল্-কল, খল্‌খল, গড়্-গড়, ঘড়্-ঘড়, চন্-চন (ক্ষুধায়), টন্-টন (টানে), ফুট্-ফুট, হড়্-হড় দেখ। (২) গর্ভ। পেট করা—(অবৈধ) গর্ভোৎপাদন। পেট খসা—গর্ভপাত। পেট ফেলা—গর্ভপাতন। পেট হওয়া—গর্ভোৎপত্তি। পেটের ছেলে—নিজের (মায়ের) সন্তান। (৩) অন্তঃকরণ। পেটে কথা রাখা—প্রকাশ না করা। পেটের কথা—নিভৃত মনের চিন্তা। (৪) মস্তিষ্ক। পেটে পেটে বিদ্যা—মস্তিষ্কের অংশে অংশে নানা বিদ্যা বা কুচিন্তা (তু° ঘটে বুদ্ধি)। পেট ফাটা—ঈর্ষা হেতু মাথা বিদীর্ণ হওয়া। প্রবাদে, পেটে খেলে পিঠে সয়—অন্নে প্রতিপালিত হইলে প্রহারও সহ্য হয়, এক দিকে বৃদ্ধি পাইলে অন্য দিকে ক্ষতি সহিতে পারা যায়। পেটে খিদা মুখে লাজ—গ্রহণেচ্ছা থাকিতে অনিচ্ছা প্রকাশ। পেটাও ··ণ. (হি° । বা° পেটোয়া হইতে)। অধীন, পক্ষস্থ। পেটী···ষ্য. (পেট+ঈ)। মৎস্যাদির পেট, প্রঃ—পেটীর মাছ। পেটুক ···ণ. (পেট+উক; হি° পেটূ)। ঔদরিক।

*পেট, পেট্-পেট···ব্য. (স° স্ফুট ধাতু স্ফোটনে হইতে)। বেঁধনে, প্রঃ—ছুঁচ দিয়া পেট করিয়া ফুড়িয়া দিলে।

পেটরা ··ষ্য. (স° পেট+রা। ম° পেটারা)। পেঁড়া।

পেটা···পিট ধাতু দেখ।

পেটাও···পেট দেখ।

পেটাঙ্গি···ণ. (পেট+অঙ্গ+ইন্। সাষ্টাঙ্গ শব্দ সাদৃশ্যে)। ভূমিতে উদর স্থাপনা করিয়া, প্রঃ—পেটাঙ্গি গায় করে দণ্ডবৎ নমস্কার (চৈঃ চঃ)। (ও° পেটেই)। (অপ্রচলঃ)।

পেটারি···ষ্য. (স° পেটিকা। ও° পেড়ি-পেড়িকা। অর্থাৎ পেটিকা,পেড়িকা তুল্য ফল বলিয়া)। জবাদিবর্গের বন্য ক্ষুপবিশেষ (Abutilon indicum)। ফুল নারঙ্গবর্ণ, সন্ধ্যাকালে ফোটে। ফলে ১৫ হইতে ২০টা পেড়া থাকে। শীতকালে ফল পাকে। প্রাচীনা গৃহিণী গেরি মাটির জলে পেটারি ডুবাইয়া গৃহভিত্তিতে পদ্ম-চিত্র করিতেন।

পেটারী···ষ্য. (স° পেটিকা হইতে। পেট+আরী)। ঝিনুক।

পেটী...পেট দেখ।

পেটুক...পেট দেখ।

পেটে (গ্রা°)···ষ্য. কেশের প টি, প্রঃ—পাকা কেশে পেটে পেড়ে করে পরিপাটী (মাঃ)। পাটী দেখ।

পেটেণ্ট···ষ্য. (ই° patent)। নির্দিষ্ট কালের নিমিত্ত গভর্মেণ্ট দ্বারা নির্ধারিত বিক্রয়-অধিকার।

পেটেল—ষ্য. (পাটি···পাইট+আল=পাটিয়াল, পেটেল)। যে তাঁত বোনার সূতার পাইট করিয়া দেয়; সহকারী।

পেটো ··ণ. (পাট+উয়া—পাটুয়া—পেটো)। গাছ পাট হইতে প্রাপ্ত,প্রঃ—পেটো দোড়ী।

পেড়া,পেঁড়া···ষ্য. (স° পেডা—অঃ)। বেত্রাদি-নির্মিত বাক্স। পেড়ী, পেঁড়ী···ষ্য. (পেড়া, পেঁড়া+ঈ)। ছোট পেড়া, মঞ্জুষা। পেড়া · ষ্য. ক্ষীর শর্করাযোগে পেটকাকার মিষ্টান্ন-বিশেষ, প্রঃ—কেহ পেড়া কেহ নাড়ু কেহ পিঠা পানা (চৈঃ চঃ)।

পেণ্ট্‌লেন, পেণ্ট্‌ল···ষ্য. (ই° pantaloons)। ইজার (a kind of trousers)।

পেত্নী, পেঁতী···ষ্য. (স° প্রেত+বা° নী—প্রেতনী—পেতনী। প্রেতো ভূতান্তরে—মেঃ)। ভূতযোনির স্ত্রীজাতি। (পেতনী রাত্রে মাথায় আগুনের মালশা লইয়া মাঠে দৌড়িয়া বেড়ায়। কেন, কেহ জানে না। কিন্তু, মাঠে আগুন জ্বলিতে নিবিতে দেখিলে পেতনীর কাজ বুঝিতে পারা যায়। লক্ষণায়, কুৎসিৎ অনাচার বালিকা ও যুবতীকে পেতনী বলা যায়। শাওড়াগাছের পেতনী...শাওড়া গাছ কদাকার; সুতরাং তাহাতে যে পেতনী বাসা করে, সেও কদাকার হইবে। লক্ষণায়, কুরূপা শীর্ণ যুবতী।

পেত্যো···ষ্য. (পাত্র, পত্র+ইয়া=পাতিয়া—পেত্যো। ও° পাচিআ—ত স্থানে চ)। তাল পাতা, বাঁশের বেতী, প্রভৃতির নির্মিত ছোট পাত্র, প্রাঃ—কাস্তা বুনে কুলা পেথে তাহা বেচে খাই (মাঃ)—পেথে—পেত্যো, কাস্তা—স্ত্রী। সিঁদুর-পেত্যো...নারীর প্রসাধন-পেটিকা।

পেঁতে (গ্রা° অশিষ্ট)···ষ্য. (স° পঙ্‌ক্তি—পাঁতি)। শাস্ত্রীয় বচন।

পেথম (গ্রা°)···ণ. (স° প্রথম)। প্রথম।

পেদো···পাদ দেখ।

পেন...ষ্য. (ই° pen)। কলম। ষ্টীল পেন··· (ই° steel pen)। ইস্পাতের কলম। পেন-কলম ··পাখীর পালখের কলম।

পেনসন···ষ্য. (ই° pension)। কর্মে অশক্ত কিংবা কর্ম হইতে বহিষ্কৃত কর্মচারীকে প্রদেয় মাসিক তনখা।

পেনসিল···ষ্য. (ই° pencil)। কাঠে পোরা অঙ্গার-বর্তি। সেলেট পেনসিল···সেলেট পাথরে লিখিবার প্রস্তরবর্তি।

পেনা···ষ্য. (ই° pin)। কাঠে আল বিঁধ করিয়া আঁটিবার সরু শলা।

পেনাম, পেন্নাম (গ্রা°)·· ষ্য. (স° প্রণাম। শুং পুঃ—পনাম, পন্নাম, পরনাম)। প্রণাম। পেনাম হই—প্রণত হই। পেনামী, পেন্নামী ...ণ. প্রণামকালে দেয়।

পেপরমিণ্ট...ষ্য. (ই° peppermint)। তুলস্যাদিবর্গের পুদিনা সদৃশ শাকবিশেষ (Mentha piperita)। পুদিনা অপেক্ষা এই শাকের তীব্র আস্বাদ।

পেঁপে···ষ্য. (মালয় দেশে নাম হইয়াছিল পপয়া। ইহা হইতে পেপে, পেঁপে। আমেরিকার গাছ পর্তুগীজেরা প্রায় চারি শত বৎসর হইল এ দেশে আনিয়াছিল। পরে সংস্কৃত নাম পপীতা পপোতা—বৈদ্যকঃ—পাইয়াছে। ভারতের প্রায় সর্বত্র পপয়া পপেয়া নাম। ও°তে অমৃতভণ্ডা নাম রচিত হইয়াছে। ব্রহ্মদেশেও নূতন নাম হইয়াছে। ও° ভণ্ডা—কলার মোচা। কলার মোচার মতন আকার বলিয়া ভণ্ডা)। কোমলকাষ্ঠ দ্রুত-বর্ধিষ্ণু ক্ষীরী নাতিদীর্ঘ উদ্যান-তরু-বিশেষ (Carica papdya)। পুং স্ত্রী গাছ পৃথক। ফল ভাণ্ডাকার মিষ্ট (Papaw)। পেঁপের আঠায় মাংস জীর্ণ হয়।

পেঁ-পেঁ, পেন্‌-পেন...পঁ-পঁ দেখ।

পেয়াজ-পয়জার···পয়জার দেখ।

পেঁয়াজ...পিঁয়াজ দেখ।

পেয়াদা···পিয়াদা দেখ।

পেয়ারা, পিয়ারা···ষ্য. (আমেরিকার গাছ।

এ দেশে সংস্কৃত নাম পারেবত (বৈদ্যকঃ)—পাইয়াছে। দেশের নানা প্রদেশে নানা নাম হইয়াছে। ওংতে পিজুড়ি, হিংতে অমরূৎ—অমৃত, মং তে পেরু)। জম্বুকাদিবর্গের ছোট ফলতরুবিশেষ (Psidium guyava)। গ্রীষ্মকালে ফুল হয়। ফুল শাদা। গাছ প্রায়ই বাঁকা হয়, কাঠ শক্ত। পাটনা ও এলাহাবাদ অঞ্চলের পেয়ারা (guava) উৎকৃষ্ট। গাছে কষায়ীন আছে।

পেয়ালা ··ষ্য. (ফাং পিয়ালা। তুং পান-আলয়)। বাটি, মদ্যপানপাত্র।

পেরু...ষ্য. (পর্তুং Peru—a turkey cock)। আমেরিকার বৃহৎ কুক্কুটবিশেষ (Turkey)।

পেরেক...প্রেক দেখ।

পেরেড···ষ্য. (ইং parade)। দর্শন কিংবা ক্রীড়া নিমিত্ত সৈন্যসমাবেশ।

পেরোজা...ষ্য. (ফাং ফীরোজা হইতে সং পেরোজম্, পেরজম্—শব্দকল্পঃ)। পারস্য দেশের নীল-হরিৎবর্ণ উপরত্নবিশেষ (turquois)। (অন্য নাম তুরুষ্কমণি)।

পেল···ধাতু. (সং পেল ধাতু গতি। রাঢ়ে অপ্রচলঃ। আসাং তে ওং-তে নদীয়ায় প্রচলঃ)। পেলি—চালিত করি, প্রেরণ করি, প্রঃ—পেলা-পেলি ঠেলা-ঠেলি (মাঃ); নিক্ষেপ করি, প্রঃ—বৈষ্ণবপদে। পেলা॥ পেলারাম ···যে রামকে ফেলিয়া দেওয়া হইয়াছে; মানুষের নামবিশেষ। পেলা···ষ্য. গান কিংবা যাত্রার সময় গায়ককে যে পুরস্কার রুমালে বাঁধিয়া নিক্ষেপ করা হয়, ফেরি। পেলা...ধাতু. (পেল ধাতু আস্ত)। পেলানা॥

পেল ··ষ্য. (সং পেল—মুষ্ক, পেলক—মুষ্ক—হেমঃ। হিং পেলড়)। মুষ্ক; শিশ্ন (গ্রাং অশিষ্ট)। পেল দেখানা—বঞ্চনা করা। (তুং কলা দেখানা, এঁড় দেখানা)।

পেলাস ··ষ্য. (ইং pliers)। দৃঢ় সাঁড়াশী-বিশেষ, জম্বুরা। (কবিকঃ—শিয়াড়ী)।

পেলেগ···ষ্য. (ইং plague)। মহামারী-বিশেষ।

পেল্লয় (গ্রাং)...ষ্য. (সং প্রলয় হইতে)। প্রলয়। (অশিষ্ট)।

পেশ ··ণ. (ফাং)। সম্মুখবর্তী, উপস্থিত। পেশকার ··যে কর্মচারী আবেদনাদি বিচারকের নিকট উপস্থিত করেন, সেরিস্তাদারের নিম্নস্থ কর্মচারী। পেশকারি···পেশকারের কর্ম। পেশকশ···ষ্য. (ফাং)। উপহার, সেলামী।

পেশবাজ ··পেশোয়াজ দেখ।

পেশমান · ণ. (ফাং পষেমান)। অনুতপ্ত, দুঃখিত। পেশখানি · ষ্য. অনুতাপ।

পেশা···ষ্য. (ফাং)। বৃত্তি, ব্যবসায়। পেশাদার ··ষ্য. ব্যবসায়ী। পেশাদারি...ষ্য. ব্যবসায়ীর বৃত্তি বা ভাব। পেশাদারী ··ণ. পেশাদার সম্বন্ধীয়।

পেশোয়া...ষ্য. (ফাং পেশরা)। পুরোহিত, নায়ক।

পেশোয়াজ...ষ্য. (ফাং পিষরাজ)। ঘাঘরা, প্রঃ—পেশবাজ ইজার ধমকে ছিঁড়া গেল (ভাঃ)। আজিকালি পেশোয়াজ নর্তকীর পরিচ্ছদ।

পেস্তা···ষ্য. (ফাং পিস্তে। সং পিস্ত, অভিষুক)। আম্রাদিবর্গের বৃক্ষবিশেষের (Pistacia vera) ফল (Pistacia-nut)। আফগানিস্তানের পশ্চিম বালকদেশ হইতে কাবুলীরা এ দেশে আনে।

পেন্‌সাব...প্রস্রাব দেখ।

পৈঠ্যা...পইঠা দেখ।

পৈতা · পইতা দেখ।

পৈত্রিক (গ্রা°)···পৈতৃক।

পৈরাগ ··ষ্য. (স° প্রয়াগ)। প্রয়াগ তীর্থ, প্রঃ—পৈরাগের মাধব (শূং পুঃ)।

পো···ষ্য. (স° পোত—শিশু—অঃ। স° পুত্র হইতে ও°তে পুঅ। এ, এর পরে থাকিলে পো স্থানে পোয় হয়। কারণ পোত—পোঅ —পোয়)। পুত্র, প্রঃ—পেটের এক পো, বাদিয়ার পো (কবিকঃ)। দত্তের পো— দত্তপুত্র। শিয়ালের পো···শৃগালপুত্র (উপকথায়)। মায়ে পোয়ে · মাতা পুত্রে।

পো ··ষ্য. (স° পাদ)। চতুর্থাংশ, প্রঃ—নদী এক পো হইয়াছে; হস্তের চতুর্থাংশ, প্রঃ— চৌদ্দ পো হওয়া—লম্বায় ৩।০ হাত হওয়া —শুইয়া পড়া; শেরের, বিঘার চতুর্থাংশ; এক শতের চতুর্থাংশ, প্রঃ—সাত পো টাকা—১৭৫ টাকা।

পোঁ...পঁ দেখ।

পোক, পোকা...ষ্য. (স° পুত্তিকা, পুত্রিকা— পুইকা—পোকা; স° পুলক—পুঅক— পোক। ও° পোক্ · হি° পিলুৱা, পিল্লু। ম° কীড়া। প্রজাপতি দেখ। ও°তে পোক্ পক্ষী বা পখী, এই দুই ভাগ। পোক্ যাহা উড়িতে পারে না, পখী যাহা পারে। হেমচন্দ্রে, কৃমি অন্তর্জাত, কীট বহির্জাত, কৃমি ও কীট উভয়ের এক নাম পুলক। কৃমি-কোশোত্থ বলিয়া কৌশেয় বস্ত্র। এখানে কৃমি অন্ত-র্জাত। সেইরূপ, কৃমিঘ্ন বিড়ঙ্গা—বিড়ঙ্গা উদরের কৃমি নাশ করে। অমরটীকায়, শাকাদিকং কামতি—ক্রিমি। অতএব কৃমি কেবল উদরের ক্রিমি নহে। কীট ধাতু গতি। কীট চলিতে পারে। ঋ° প্রয়োগে, কীট পতঙ্গ—কীট যে প্রাণী উড়িতে পারে না, পতঙ্গ যে উড়িতে পারে)। কৃমি (grub, maggot), প্রঃ—পচা মাংসে পোক ধরে; কীট কৃমিবৎ যাবতীয় প্রাণী, যেমন ছার-পোকা, শুয়া পোকা, আমের পোকা, ইত্যাদি। পোকা-মাকড় —কৃমি কীট পতঙ্গ এবং মাকড়সা—অর্থাৎ যাবতীয় ক্ষুদ্র প্রাণী। (স° পতঙ্গ হইতে ফড়িঙ্গা। উড়িতে কিংবা লাফাইয়া যাইতে না পারিলে ফরিঙ্গ নহে)। পুকী··ক্ষুদ্র পোক, যেমন উদরের ক্ষুদ্র সূত্র-কৃমি বা°তে অল্প পোকার নাম আছে। তাহা স্থানভেদে প্রায়ই বিভিন্ন হইয়াছে। সে সকল পোকা ধান্যাদি শস্যের অভ্যাপাত, সে সকলেরও নাম নাই। এখানে কয়েকটা নাম করা যাইতেছে। নিশ্চয়-সুবিধা নিমিত্ত প্রাণীবিদ্যার অনুযায়ী করিয়া না লেখা যাইতেছে। (১) কৃমি···পোকের তুল প্রাণী (Vermes)। কৃমি কেঁচো জোঁ দেখ। · (২) শতপদী ··তেঁতুলিয়া-বি বিছালী কাঁদরাই দৃষ্টান্ত (Myriopoda) (৩) অষ্টপদী···কাঁকড়া বিছা, বর্ষাপোক এঁটেলী, খোসের পোকা ইত্যাদি। ইহাদে মাথা ও বুক জোড়া। এখানে আটটা থাকে। পা ছাড়া সমুখে দাঁড়া থা (Arachnida)। (৪) ষট্‌পদী...মক্ষি প্রজাপতি প্রভৃতি দৃষ্টান্ত। ইহাদের দে মাথা বুক পেটে বিভক্ত (Insecta মাথায় দুই গোঁফ (antennæ), বুকে ছয় এবং (অনেকের) চারি পাখা (পত্র) থাকে

ছয় পা বলিয়া ষট্‌পদী (Hexapoda)। পক্ষী দ্বিজ, কারণ অণ্ড এক জন্ম, পক্ষী অপর জন্ম। প্রজাপতি চতুর্জ; ইহার অণ্ড প্রথম জন্ম, পোক বা কৃমি (larva) দ্বিতীয় জন্ম, পুলক (pupa) বা কোষ তৃতীয় জন্ম, প্রজাপতি চতুর্থ জন্ম। কোন কোন ষট্‌পদী দ্বিজ, অণ্ড হইতে যে পোকা হয় তাহা প্রায় পূর্ণাঙ্গ। আরসলা এইরূপ; প্রভেদ এই আরসলার পোকার পাখা থাকে না। পাখা ও জন্মান্তর দেখিয়া প্রাণীবিদেরা ষট্‌পদীকে কয়েক বর্গে ভাগ করিয়াছেন। এখানে কয়েকটা স্থূল ভাগ দেখাইয়া ষট্‌পদীর নাম লেখা যাইতেছে। পোকা-মাকড়ের নাম বাং ভাষায় অল্পই আছে। যে কয়েকটা আছে, তাহাও কৃষির অভ্যা-পাত বলিয়া হইয়াছে। (১) অপত্রী ষট্‌পদী ...ইহাদের পাখা আদৌ হয় না, জন্মে দ্বিজ। ধুলা-পোকা (Lepisma) এক দৃষ্টান্ত। ভিজা ঘরের পুরানা কাগজপত্রে এই পোকা থাকে। হাত দিলে হাতে শাদা ধুলা লাগিয়া যায়। (২) অর্ধপত্রী ..এই বর্গে নানাবিধ ষট্‌পদী আছে। ইহারা দ্বিজ; ইহাদের পাখা আছে, নাইও। মুখ পক্ষীচঞ্চুর তুল্য; তদ্দ্বারা ইহারা খাদ্য বিঁধিয়া রস শোষণ করিতে পারে। আমাদের মাথার উকুন,এই-রূপ। পাখার প্রয়োজন না থাকাতে উকুনের পাখা হয় না। আঁইষা-পোকা (Scale-insects, Coccidæ) নামে এক বৃহৎ বিভাগ আছে। কৃমিদানা, জউ পোকা বা লাক্ষাকীট দেখ। ইহাদের স্ত্রী পোকা ও কৃমি (larva) প্রায় গোল আঁইষের আকারে গাছে লাগিয়া থাকে। আঁইষা-পোকা অড়র তুৎ নারিকেল সুপরী প্রভৃতি গাছের অনিষ্ট করে। জব পোকা (বা জাব-পোকা) (Aphidæ) গাছের উকুনবিশেষ। দেহ ক্ষুদ্র কোমল, চক্ষু ও গোঁফ বড় বর্ণ সবুজ কাল পিঙ্গল। দেহ ক্ষুদ্র বটে, কিন্তু এত অধিক জন্মে যে কৃষকের ক্ষতি হয়। দিন কতক মেঘলা করিলে সরিষা মূলা গাছের পাতার নীচের পিঠে, বোঁটায় জব পোকা প্রায়ই দেখিতে পাওয়া যায়। এইরূপ অন্যান্য গাছেও থাকে। জব পোকার তুল্য পাতা-ডাঁশ (Psyllidæ) পাতা ও কুঁড়ি আক্রমণ করে। ইহাদের পাখা হয়, কিন্তু ইহারা না উড়িয়া লাফায়। এক কৃষ্ণবর্ণ জাতি আমের মুকুলে ধরে। থু-থু পোকা (Cuckoo-spit) এক পাতা-ডাঁশের কৃমি বা পোক। ঝিঁ-ঝিঁ পোকা (Cicadidæ) মোটা। মাথা ছোট কিন্তু চওড়া, বুকে আঁটা, চোখ বড় বড়। পুং ঝিঁ-ঝিঁ শব্দ করে। ইহার উপরের দুই পাখা লম্বা, এবং চারি-পাখাই এক রকম চক্‌-চকা ও স্বচ্ছ। ছারপোকার (Cimex) পাখা হয় না, কিন্তু ইহার তুল্য অনেক পোকার পাখা হয়। উপর পাখার সমস্ত কিংবা অর্ধেকটা দৃঢ়, নীচের পাখা পাতলা ও ঝিল্লী। ছারপোকার পেট হইতে একটা দুর্গন্ধ রস নির্গত হয়। এই রূপ, ধানের গাঁধি-পোকা (দেখ) (Lepto-corisa acuta) ছারপোকাবিশেষ। ইহার দেহ পিঙ্গল শীর্ণ দীর্ঘ। গাঁধি পোকার তুল্য অনেক পোকা রবী ফশলের হানি করে। জলের ধারে জলুয়া পোকা থাকে। ইহাদের পা ও গোঁফ লম্বা। জলের উপর দিয়া দ্রুত চলিয়া যাইতে পারে। (৩) ঋজু-

পত্রী…ইহাদের উপর পাখা পুরু, নীচের পাখা তালপাতার মতন ভাঁজা থাকে। কয়েক জাতি দীর্ঘ পদসাহায্যে লাফাইতে পারে,কয়েক জাতি দৌড়াইতে পারে। প্রায় সকলেই শব্দ করিতে পারে। উচ্চিমড়া (দেখ। Gryllidæ) ভাঁজা পিছালী পা দিয়া দূরে লাফাইয়া পড়িতে পারে। ঘুর্ঘুরা পোকা (দেখ) সম্মুখের পা দিয়া বালিতে গর্ত্ত করে। গঙ্গা ফড়িঙ্গা, পঙ্গপাল, ফড়িঙ্গা দেখ। আরসলা (Blattidæ) ধাবক। আরসলার ডিম্ব-কোষকে লোকে আরসলার ডিম মনে করে। (৪) জালপত্রী …ইহাদের পাখা দেখিতে জালের মতন, এবং চারি পাখাই সমান। ঝিল্লী-ফড়িঙ্গা (ফড়িঙ্গা দেখ) ইহার দৃষ্টান্ত। উই পোকা এই বর্গের অন্তর্গত। যাহাদের পাখা হয়, তাহারা অপরাহ্ণে বর্ষার পর ঝাঁকে ঝাঁকে "বাদলা পোকা" হয়। জালপত্রীর মধ্যে কয়েকটা হঠাৎ দেখিতে মাছি কিংবা প্রজাপতির মতন। (৫) দৃঢ়পত্রী…ইহাদের উপর পাখা দৃঢ়। ইহারা যখন বসিয়া থাকে, তখন দুই পাখা মাঝে মিলিয়া নীচের ঝিল্লীময় পাখা ও কোমল দেহ রক্ষা করে। ইহারা কামড়াইয়া কামড়াইয়া খাদ্য ভক্ষণ করে। আমাদের শস্যের অধিকাংশ পোকা দৃঢ়পত্রী। ইহারা চতুষ্পদ, কিন্তু কতকগুলার কৃমির পা থাকে না। কৃমি গাছের হানি করে। মাটিতে, গাছে, জলে, তিনেরই দৃঢ়পত্রী আছে। আকারে ক্ষুদ্র ঘুণ হইতে বৃহৎ কাঁচ-পোকা ও গোবরিয়া পোকা আছে। গোবরিয়া পোকা ও বিষ্ঠা পোকা (Scarabæidæ) মাটিতে গর্ত্ত করিয়া থাকে। ইহারা বড় বড়, ইহাদের অনেক জাতি আছে। মালপোকা (Dynastinæ. Oryctes) নারিকেল গাছের মজ্জায় গর্ত্ত করে। গণ্ডারের খড়্গের মতন একটা খড়্গ মালপোকার কপালে থাকে। পচা পোকা (Cicindelidæ) প্রসিদ্ধ পতঙ্গ। দেখিতে সুন্দর। ইহারা পচা জীবজন্তুর দেহ ভক্ষণ করে। ধামসা পোকা প্রায় আধ ইঞ্চ লম্বা, ধানের গাঁধি পোকা ও শেঁখো পোকা ধরিয়া খায়। ধামসার মাথা বড়, চোখ বড়,দৃঢ়পত্র লম্বা ও ফোটকা। কাঁঠী পোকা দেখিতে জাল-কাঁঠীর মতন। ইহারা পুকুর ডোবার জলে থাকে, কিন্তু মাংসাশী। কানকোটরী (Desmestidæ) ছোট ; কানের কোটরে প্রবেশ করিতে শোনা যায় না। ইহার কৃমি লোমশ বস্ত্র খাইয়া ফেলে। শুয়ারিয়া পোকা কাল লোমশ ক্ষুদ্র কৃমি। শুয়া পোকার কিংবা শূয়ারের সদৃশ বলিয়া নাম হইয়াছে। এই পোকা পচা মাংসে দেখা যায়, তুৎ পোকা খাইয়া পাট-কৃষকের ক্ষতি করে। জোনী পোকা (Lampyris) পিঙ্গলবর্ণ। স্ত্রী জোনী-পোকার পাখা হয় না। কোড়াপোকা (Cockchafer. Melolonthinæ) গাছের হানি করে। স্থূল পোকা শিকড়, আর কাল ও খয়রা রঙ্গের কোড়া রাত্রে পাতা খায়। দৃঢ়পত্রীর মধ্যে কতকগুলার মাথা বা গলা লম্বা। এ কারণে এই গুলাকে মুণ্ডিয়া পোকা (Curculionidæ, or weevils) বলে। ইহাদের গোঁফ দ্বিভঙ্গ। অনেকে আমাদের গৃহরক্ষিত শস্যাদির বিস্তর হানি করে। চেলে পোকা (Calandra) এই রূপ। ইহা ছোট পিঙ্গলবর্ণ। ইহার

কৃমি চাল ও গমের ভিতরে থাকে। আম পোকা (Cryptorhynchus) পাকা আমে থাকে। ইহা কাল, কিন্তু ইহার কৃমি শাদা পদহীন। চিড়া-কোটা (Rhynchophorus) ছোট; নারিকেল ও খেজুর গাছে ছিদ্র করিয়া চিড়ার তুল্য কুটিয়া ফেলে। ডাইলের মধ্যে এক শাদা সরু কৃমি দেখা যায়। ইহা ঘোড়া-পোকার কৃমি। ইহা (Bruchidæ) ঠিক মুণ্ডিয়া নয়। মড়িচা পোকা বা শেঁখো পোকা নীলকৃষ্ণ। ইহার গায়ে সরু সরু লোম আছে। এই পোকা (Hispa) ধান পাতার কোমল অংশ খাইয়া শিরামাত্র রাখে। ইহার কৃমিও ধানগাছের হানি করে। পদ্মী পোকা (Lady birds. Coccinellidæ) রূপে সুন্দর, কিন্তু দুর্গন্ধ। দেহ কূর্মতুল্য, পাখার উপরে ফোটকা থাকে। ইহারা আঁইষা ও জব পোকা খাইয়া কৃষকের হিত করে। ঘুণের (Ptinidæ) কৃমি শাদা। বাঁশ কাঠ বই চামড়া ছিদ্রময় করিয়া ফেলে। পুরাতন পুথীর ছিদ্র এক জাতীয় গ্রন্থ-ঘুণের কার্য। ইহাই গ্রন্থকীট। (৬) রেণুপত্রী··· প্রজাপতি এই বর্গের দৃষ্টান্ত। প্রজাপতির গায়ে হাত দিলে হাতে রেণুবৎ আঁইষ লাগিয়া যায়। ইহা হইতে বর্গের নাম। ইহারা লম্বা শুঁড় দিয়া ফুলের মধু ও অন্য রস শোষণ করিয়া লয়। রেণুপত্রী চতুর্জ। কৃমি লম্বা গোল, প্রায়ই লোমশ। এই লোমশ কৃমির নাম শুয়া পোকা। কৃমির বুকের ছয় পা আসল, অন্য পা গাছপালা ধরিতে লাগে। কোন কোন কৃমি জোকের মতন দেহ উচা ও সোজা করিয়া ডিঙ্গাইয়া ডিঙ্গাইয়া চলে। কতকগুলার কৃমির লোম হয় না। পাট-প্রজাপতির (Bombycidæ) পলু-পোকা এই রূপ। পাটপ্রজাপতির নাম ফর্করা। লেদা পোকা (Cutworms. Noctuidæ) ধান ও রবী ফশলের হানি করে। ইহার প্রজাপতি ছোট শাদা। দিনের বেলা লুকাইয়া থাকে বলিয়া ইহার নাম চোরা পোকাও আছে। মাজরা-পোকা (Borer. Chilo) ধান ও গমগাছের বিশেষতঃ আখগাছের মজ্জায় ছিদ্র করে। বেগুনেরও এক মাজরা-পোকা আছে। ক্ষুদ্র প্রজাপতির (Tiniedæ) মধ্যে কাপড়িয়া পোকা কাপড় খায়। সরুই পোকা (Tinea) হামারের ধানে থাকিয়া তাহা শস্যহীন করে। চালে থাকিয়া অনেক চাল সূতা দিয়া জড়াইয়া ফেলে। পোকা সরু বলিয়া নাম সরুই। (৭) দ্বিপত্রী···মশা মাছির দুই পাখা। ইহাদের নীচে পাখা দুই সরু দাঁড়ের আকার ধরে। মশা মাছি বিঁধিতে ও চুষিতে পারে। দ্বিপত্রী চতুর্জ। ইহাদের পোকা কৃমিতুল্য। মশার কৃমির মাথা বড়, নীলমাছির কৃমির মাথা সরু। জলে, ঘাসের গোড়ায়, পচা জীবজন্তু ও শাগ-পাতায় দ্বিপত্রীর কৃমি থাকে। মশার পুলকও জলে থাকে। মশা, মাছি দেখ। (৮) সন্ধিপত্রী ··পিপিড়া মউ-মাছি ভ্রমর প্রভৃতি এই বর্গের অন্তর্গত। দেহের বিকাশে সহজ বুদ্ধির প্রকাশে এই বর্গ অপর সকলের উপরে। ইহাদের প্রতি পাশের দুই পাখা সন্ধিদ্বারা যুক্ত। অনেকের কৃমির পা হয় না, অনেকের উদরপ্রান্ত হুলে (অলে) পরিণত হয়। কোন কোন জাতি গাছের পাতা বিঁধিয়া ক্ষত করে। তখন ক্ষত বড় হইয়া স্ফোটক (gall)

হয়। মাজুফল এইরূপ স্ফোটক। টীপ-পোকার (কুমারিয়া পোকা দেখ) পেট কাটিয়া মেয়েরা কপালের টীপ করে। এই পতঙ্গ নানাবর্ণ দেখিতে সুন্দর (Ichneumonidæ) নিঃশব্দে সঞ্চরণ করে এবং রেণুপত্রীর পোকা ধরিয়া ডিম পাড়ে। কুমারিয়া-পোকা কপাটে, বাক্সের ছিদ্রে কাদার ঘর করে। ইহারা বোলতাবিশেষ। উই বাদলাপোকার মতন পিপিড়ারও পাখা উঠে। পিপিড়ার পুলককে অনেকে ডিম মনে করে। (মউমাছি বোলতা ভীমরুল ভ্রমর দেখ)।

পোক্ত, পোক্তা...ণ. (ফা॰ পুখ্‌ত)। মজবুৎ, পক্ক। পাকা-পোক্ত...ণ. (সহচর শব্দ)। পাকা, স্থায়ী।

পোখরাজ...পুখরাজ দেখ।

পোঙ্গা...ষ্য. (হি॰ পোঙ্গা—চোঙ্গা; বোঙ্গা—ফাঁপা বাঁশ। বোধ হয় ফুকা—ফুকনী শব্দ হইতে)। পোঁদ। (অশিষ্ট গ্রা॰)।

পোঁছ...পুঁছ ধাতু দেখ। (স॰ প্র-স্তর হইতে? তু॰ হি॰ পুচারা ও॰ পোছ)। মৃত্তিকাদির সূক্ষ্ম লেপ।

পোট...পইট, পঁট দেখ।

পোট...ধাতু. (স॰ পুট ধাতু মিলনে। স॰ পোট—সংশ্লেষ)। পোটি—মিলিত হই, প্রঃ—দামে আমার সঙ্গে পোটিবে না। পোটা॥ (প্রায়ই পট ধাতু হইতে পটা। ও॰ পট ধাতু)।

পোটলা...ষ্য. (স॰ পুট+লা। স॰ পোট্টলী। হি॰ পোট, পোটলা। মোট দেখ)। বস্ত্র-বদ্ধ দ্রব্য। পোটলী, পুটলী...ষ্য. ছোট পোটলা।

পোটা, পোঁটা...ষ্য. (স॰ পোত—শিশু—অঃ)। শিশুর আদরিয়া নাম। পুটী, পুঁটী...ষ্য. (স॰ পুত্রিকা)। কন্যার আদরিয়া নাম। পোঁটা...ষ্য. (স॰ পুত্রিকা—পোকা হইতে)। শিশুর নাসিকার ঘন শিকনি; মাছের অন্ত্রাদি, প্রঃ—সফরীর পেট চিরি বার করে পোঁটা (মাঃ)।

পোড়...ষ্য. (পুড় ধাতু দেখ)। পুটে দাহ, প্রঃ—পোড়ের ভাত—যে ভাত গোময়াদির পুটে সিঝানা হইয়াছে; দাহ, প্রঃ—খরা-পোড়। পোড়া...ণ. দগ্ধ, প্রঃ—পোড়া কপাল—দগ্ধ ললাট। পোড়া-কপালিয়া...ণ. যাহার ললাট—অদৃষ্ট দগ্ধ হইয়াছে। পোড়া-মুঞে...ণ. (পোড়া+মুখ+ইয়া—পোড়া-মুইয়া—পোড়ামুঞে)। যাহার মুখ দগ্ধ হইয়াছে, প্রঃ—পোড়ামুঙে কাক (মাঃ)—ঙে—অপেক্ষা ঞে বানান ঠিক। পোড়ার মুঞে, পোড়ার মুখো...ণ. (পোড়া-র, র আসে কেন?)। দগ্ধানন (গালিতে)।

পোত, পোতা...ষ্য. (স॰ পোত; যথা, পোতঃ শিশৌ বহিত্রে চ গৃহস্থানে চ বাসসি—মেঃ)। গৃহের মেঝে পর্যন্ত উচ্চ ভূমি, প্রঃ—ইন্দ্রনীল পাষাণে রচিত কৈল পোতা (কবিকঃ)। (ভিত্তি—কাঁথ—মেঃ। অনেকে পোত স্থানে ভুলে ভিত্তি-স্থাপন বলেন)। (২) বহিত্র, সমুদ্রযান, প্রঃ—পোতা মাঝি (কবিকঃ)—পোতের মাঝি। ইহা হইতে বলিষ্ঠ ব্যক্তি। পোতদার...ষ্য. (স॰ পোত-ধারী। স॰ পোত+ফা॰ দার)। পোতের স্বামী, পোতবণিক (কবিকঃ)।

পোতা...ষ্য. (ফা॰ ফোতা, পোতা; আ॰ ফৎক)। অণ্ডকোষ।

পোদ...ষ্য. (স° পৌণ্ড্রক। পৌণ্ড্র শব্দ হইতে শব্দশিক্ষার সূত্রানুসারে পোঁদ—পোদ হয়। প্রবোধচন্দ্রিকায়, পুণ্ডক)। হিন্দু-জাতিবিশেষ।

পোঁদ ··ষ্য. (স° প্রোথ। প্রোথ—কটি, স্ফিক্, গর্ত। আসা° পোন্দ—পোঁদের কাপড়। ও° নাম গাণ্ডি, হি° চুতড় ; ম° পুঠা—স° প্রোথ)। কটি, প্রঃ—নেংটে পোঁদ ; নিতম্ব, প্রঃ—পোঁদ থাবড়াইয়া বসা ; পায়ু, প্রঃ—লেঙ্গটী-পোঁদা, কোপনী-পোঁদা ; গোড়া, প্রঃ—পোঁদ-পাকা—মাথায় না পাকিয়া পায়ে পাকা, অকালপক্ব ; আধার বা তলা, প্রঃ—হাঁড়ীর পোঁদ (ও° গাণ্ডি, হি° পেঁদা)। (শিষ্ট সমাজে পোঁদ শব্দ অপ্রচলিত হইতেছে। পরিবর্তে পাছা—নিতম্ব, তলা—আধার ইত্যাদি শব্দ চলিতেছে)।

পোদ্দার ··ষ্য. (ফা° ফোতেদার। ফোতা—রাজস্ব। পোতদার দেখ)। খাজাঞ্চি বা ধন-রক্ষক। স্ত্রী° পোদ্দারনী। পোদ্দারি ·· পোদ্দারের কর্ম, পোদ্দারের প্রাপ্য। পরের ধনে পোদ্দারি—পরের ধনের হিসাব রাখা, অন্যের ধন লইয়া ব্যয় করা।

পোনা···ষ্য. (স° পোতাধান—পোনার ঝাঁক—হেমঃ। ও° পহনা)। মাছের ছানা, প্রঃ—রুই-পোনা, শউল পোনা, চিংড়ি-পোনা। পোনা-মাছ ··রুই কাতলা প্রভৃতি যে সকল শ্রেষ্ঠ মাছের পোনা সংগ্রহ করিয়া পুষ্করিণীতে পালা হয়।

পোন্দা (অশিষ্ট)···ষ্য. পোঁদ। পোন্দা চাক... (চাক—ফাট)। পোঁদ ফাটা।

পোয়া ··ষ্য. (স° পাদ)। চতুর্থাংশ, প্রচলিত পরিমাণের চতুর্থাংশ। পো দেখ। (২) পাদ-কাষ্ঠ, প্রঃ—ঢেঁকির পোয়া। চৌদ্দ পোয়া করা—পাঠশালার দণ্ডবিশেষ। বালকের দেহপ্রমাণে পা ফাঁক করিয়া তাহাকে দাঁড়াইতে হয়। বালক বাম হাত পিঠে রাখিয়া দেহ নোয়াইয়া দক্ষিণ হাতের এক অঙ্গুলি দ্বারা ভূমি স্পর্শ করে। পোয়া বারু ...পাশা দেখ।

পোয়া···ষ্য. (স° পোতক, পুত্রক। পুয়া দেখ)। গাছের চারা, প্রঃ—আমের পোয়া।

পোয়াতী ··পুয়াতী দেখ।

পোয়ান···পয়ান দেখ।

পোয়াল···ষ্য. (স° পলাল, পল—খড়। ও° পাল ; ম° পরাল ; হি° পয়াল পরাল)। ধানগাছের কোমল খড়। (গোরু দিয়া ধানগাছ মাড়াইয়া পোয়াল করা হয়)। প্রঃ—পোয়াল কুড় (কবিকঃ)—পোয়াল গাদা।

পোল···পুল দেখ।

পোলা...ষ্য. (স° পুলক—কৃমিকীট—হেমঃ। ম° পোরা)। শিশু (পূর্ববঙ্গে)। ছেলে-পিলা দেখ।

পোলো...জাল দেখ।

পোষা...ধাতু. (স° পোষ হইতে)। পোষাই—পোষণ, পালন, ধারণ করি, প্রঃ—এক ঘরে যদি না পোষে তায় (চণ্ডীঃ)—পোষে—পোষায়, এ কাজ আমাকে পোষায় না—আমাকে পোষণ বা পালন করে না। পোষানা॥

পোষা ··পুষ ধাতু দেখ।

পোষ ··প্রত্যয়. (ফা°)। আচ্ছাদন অর্থে,

প্রঃ—পা-পোষ—পাদুকা, খোর-পোষ… গ্রাসাচ্ছাদন। পোষাক…ষ্য. (ফা° পৌষাক)। পরিচ্ছদ। কাটা পোষাক…কাপড় কাটিয়া সেলাই করিয়া যে পরিচ্ছদ নির্মিত হয়। পোষাকী…ণ. পরিচ্ছদের যোগ্য, ঘটা হইলে পরিধানযোগ্য। খোশ-পোষাকী… সুন্দরপরিচ্ছদধারী।

পোষ্ট…ষ্য. (ই° post)। চিঠি-পত্রাদি প্রেরণের সরকারী উপায়, ডাক। পোষ্ট-আপিস · (ই° post office)। যেখানে ডাকের চিঠি প্রেরণ নিমিত্ত গৃহীত হয়। পোষ্ট-কার্ড…(ই° post card)। যে কাগজখণ্ডে সংবাদ লিখিয়া পাঠাইতে পারা যায়। পোষ্ট-মাষ্টার·· (ই° post master)। পোষ্ট আপিসের কর্তা। আউট পোষ্ট…(ই° out post)। দেশের শান্তি-রক্ষকশালার দুরস্থ আড্ডা, ফাঁড়ী। বেয়ারিং পোষ্ট…(ই° bearing post)। যে পত্রাদির মাশুল প্রাপ্য আছে।

পোষ্টাই…ষ্য. (স° পুষ্টতা। পুষ্ট+আই)। পুষ্টি।

পোষ্টাবর…ণ. (স° পোষ্টৃ—পোষ্টা+বর)। যিনি পোষণ পালন করেন। (পত্র-ব্যবহারে)।

পোষ্য (গ্রা° পুষ্যি)…ণ. (স°)। যাহাকে পুষিতে পালিতে হয়। পোষ্য-পুত্র ··ষ্য. (স°)। পুত্রার্থে গৃহীত পুত্র। পোষ্যবর্গ ··ষ্য. (স° পোষ্য-ব্বর্গ)। যে পরিজনদিগকে পুষিতে হয়। পোষ্য…ণ. সুবিধাজনক, প্রঃ—পুকুরটা বাড়ীর পোষ্য নহে। গর-পোষ্য,বে-পোষ্য…ণ. (গর, বে দেখ)। বাড়ী হইতে দুরস্থ বলিয়া অসুবিধাজনক।

পোস…ষ্য. (স° প্রসৃতি—দুই পল পরিমিত, এক অঞ্জলির অর্ধ—ভাবপ্রকাশে। ম° পসা ও° পোস্)। এক হস্তের অঞ্জলি, কর-কোষ। (লোট দেখ)।

পোস্ত ··ষ্য. (ফা°। স° নাম খস্‌তিল)। আফিম গাছের বীজ (poppy-seed)। পোস্তদানা…পোস্ত। পোস্ত ঢেঁড়ী…পোস্ত ফল।

পোস্তা…ষ্য. (ফা° পুষ্‌-তাহ্‌। তু° ফা° পুষ্ত —স° পৃষ্ঠ। তু° স° পস্ত্য—গৃহ)। পাকা দেওয়াল স্থায়ী করিতে দেওয়ালের পশ্চাতের প্রাকার। (গাজা-দেওয়ালী দেখ)।

পোহা…পু, পুহ ধাতু দেখ।

পৌহুচা··ষ্য. (স° প্রকোষ্ঠ হইতে। হি° পৌহচা, ম° পোহঁচী—মণিবন্ধ)। প্রকোষ্ঠের ভূষণবিশেষ, প্রঃ—রতন পহুঁচে (জ্ঞানদাস)।

পৌছ…পহুঁছ ধাতু দেখ।

পৌটী··ষ্য. (স° পাদ+টী ?)। ধান-চালের মাপবিশেষ,১৬ বিশা (কবিকঃ, ও°)।

পৌত্তলিক…ষ্য. (স° পুত্তল হইতে)। পুতুল-পূজক। (প্রতিমা-পূজক অর্থে ভুল। পুত্তল ও প্রতিমা এক নহে)।

পৌনে··ণ. (স° পাদোন—পাওন—পাউন। ম° পাউণ')। পাদোন, প্রঃ—পৌনে দুই —সিকি কম দুই।

পৌষ (গ্রা° পোষ)…ষ্য. (স° পৌষ। ও° পুস্)। মাস নাম বিশেষ। পৌষালী…ণ. (পৌষ+আলী। তু° চৈতালী)। পৌষ মাসে উৎপন্ন, প্রঃ—পৌষালী গুড়।

প্যারী…ণ. (স° প্রিয়া—পিয়া+আরী= পিয়ারী। তু° বধূ+আরী—বহুয়ারী)। প্রিয়া; রাধিকা।

প্রকাণ্ড…ণ. (স°। কিন্তু অর্থ বৃক্ষের মূল হইতে শাখা পর্যন্ত অংশ অর্থাৎ বা° গুঁড়ী।

নমাসে পরে বসিলে প্রশস্ত। বাংতে প্রশস্ত শব্দও অর্থান্তর প্রাপ্ত হইয়াছে)। প্রশস্ত, বৃহৎ, প্রঃ—প্রকাণ্ড দেহ, প্রকাণ্ড কাণ্ড।

প্রকাশ ··ধাতু. (সং প্রকাশ ধাতু)। প্রকাশি —স্পষ্ট করি, প্রকাশিত করি। প্রকাশা॥ (পদ্যে)। প্রকাশক···ষ্য. [illegible]। যে গ্রন্থাদি মুদ্রিত করায়।

প্রচার···ধাতু. (সং প্রচার ধাতু)। প্রচারি— প্রচলিত করি, ঘোষণা করি। প্রচারা॥

প্রজা (গ্রাং পেজা)···ষ্য. (সং। প্রজা লোকে চ সন্তানে—মেঃ। প্রজা-বৃদ্ধি—সন্তান বৃদ্ধি)। লোক বা জন, প্রঃ—দেউলিয়া প্রজা—দেউলিয়া ব্যতীত যাহারা ঠাকুরের পূজা করায়; রাজার অধীনস্থ লোক; জমিদারের নিকট যে কর দিয়া জমি ভোগ করে। কটিকনা প্রজা...নিয়মে বদ্ধ প্রজা; এক নীলকুঠি অন্য নীলকুঠির প্রজা। কোরপা প্রজা···(ওং কোড়পাহি,হিংকোলা-ইতি। সং ক্রোড় হইতে কোর। সং পক্ষ হইতে পাই, পাহি? ওং পাহি, হিং পাহী। তুং মং কুঠ—বর্গ পক্ষ)। কোর্ফা দেখ। খুদ-কস্তা প্রজা···যে প্রজা জমিদারের গ্রামে বাস করিয়া সেই গ্রামের জমি ভোগ করে। (খুদকস্তা দেখ)। নাতোয়ান প্রজা···নাতোয়ান দেখ। পাইকস্তা প্রজা... যে প্রজা অন্য গ্রামে বাস করে। অন্য নাম পাহি; স্থানী নহে। পেটাও প্রজা···অধস্তন প্রজা,সিকিমি আসামী। স্থিতিবান্ প্রজা··· কায়মী প্রজা। প্রজাই···ষ্য. (প্রজা+ আই। তুং বামনাই)। প্রজাত্ব। প্রজাই স্বত্ব...প্রজা হওয়াতে স্বামীত্ব। রাজা-প্রজা ···(প্রভিচর শব্দ)। একে রাজা অন্যে প্রজা। প্রজা বিলি করা—জমি প্রজাকে দেওয়া।

প্রজাপতি (গ্রাং পেজাপতি)···ষ্য. (শব্দটির রূপ সংস্কৃত, কিন্তু মূলনির্ণয় কঠিন। সংতে নাই, বাং প্রজাপতি শব্দ চলিত হইতেছে। গ্রাম্য জন পথী বলে। আসাং পখিলা অর্থাৎ পাখী সদৃশ। হিং তিতরী—তিত্তীর পক্ষীর তুল্য চিহ্নবিশিষ্ট বলিয়া। মং পিঞ্জালেঁ— পিঞ্জালবর্ণ বলিয়া। হয়ত হলুদা কিংবা চুনে হলুদা বর্ণ বলিয়া বাং প্রথমে পিঞ্জবতী পরে প্রজাপতি নাম হইয়াছে। তুং ইং butter-fly)। রেণুপত্রী ষট্‌পদী (moths and butterflies)। যখন বসে, তখন কোন প্রজাপতি পাখা পিঠের উপরে সোজা রাখে, কোন প্রজাপতি মেলিয়া রাখে। এই রূপে দুই বৃহৎ বিভাগ করিতে পারা যায়। বিশেষ লক্ষণ গোঁফে পাওয়া যায়। প্রথমোক্ত প্রজাপতির গোঁফের ডগা মোটা, দ্বিতীয়োক্তের ডগা সরু। এই দুই বিভাগের নাম করিতে হইলে মোটা-গোঁফুয়া ও সরু-গোঁফুয়া বলিতে পারা যায়। মোটা-গোঁফুয়া (butterfly) প্রায়ই দিবা-চর। সরু-গোঁফুয়া (moth) প্রায়ই রাত্রি-চর। কতকগুলার দেহ স্থূল, পাখায় দেহ ঢাকা পড়ে না। প্রজাপতির লোমশ কৃমি বা পোকার নাম শুয়া-পোকা। কতকগুলার কিন্তু লোম হয় না। (পোকা দেখ)।

প্রণম···ধাতু. (সং প্রণম ধাতু)। প্রণমি— প্রণত হই। (পদ্যে)।

প্রণাম (গ্রাং পেনাম, পেন্নাম)···ষ্য. (সং প্রণাম)। দেবতাকে, উচ্চ জাতিকে ও জ্যেষ্ঠকে নমস্কার। সাষ্টাঙ্গ প্রণাম···

দেহের অষ্ট অঙ্গ ভূমিতে লোটাইয়া প্রণাম। দণ্ডবৎ প্রণাম…ভূমিতে পড়িয়া দণ্ডবৎ সোজা হইয়া প্রণাম (দণ্ডবৎ দেখ)। উচ্চশ্রেণীকে নিম্নশ্রেণী "দণ্ডবৎ" বলে, কিংবা "রামরাম" বলে। (আত্মারামকে—নারায়ণকে—প্রণাম ?)। নমস্কার…সমানে সমানে নমস্কার। গড় করা…গড় দেখ। জোহার করা—জোহার দেখ। প্রণাম খাটা—ঠাকুরের উদ্দেশে সাষ্টাঙ্গ প্রণাম করিতে করিতে ঠাকুরের নিকট যাওয়া। অন্য শব্দ, সেবা দেওয়া। প্রণামী…ণ. (প্রণাম+ঈ)। প্রণামকালে প্রদেয়। যাহা সম্মুখে রাখিয়া প্রণাম কর্ত্তব্য, প্রঃ—প্রণামী টাকা।

প্রণালী…ষ্য. (সং)। জল-নালী; ধারা, রীতি।

প্রতি…ব্য. (সং প্রতি উপসর্গ ও অব্যয় রূপে নানাবিধ অর্থ প্রকাশ করে। বাংতে ব্য. হইয়া সংস্কৃতের কয়েকটি অর্থ প্রকাশ করে)। (১) অভিমুখে, প্রঃ—নদী প্রতি গমন করিলেন (প্রায়ই, দিকে); (২) ভাগে, প্রঃ—রামের প্রতি বনবাস; (৩) বাক্য সম্বন্ধে,হর প্রতি পার্বতী বলিতেছেন; (৪) বীপ্সার্থে, প্রঃ—ঘর প্রতি দুইজন আসিবে। শব্দের পূর্বে বসিলে বীপ্সা বুঝায়, প্রঃ—প্রতি বর্ষে ফল ধরে—বর্ষে বর্ষে; প্রতি গৃহে দুর্গাপূজা হয়,—গৃহে গৃহে। প্রতি স্থানে কখন কখন প্রত্যেক বসে, প্রঃ—প্রত্যেক বার আসিলেন না,—প্রতিবারে।

প্রতিচক্ষু…ষ্য. (সং প্রতিচক্ষুস্—ইদানী রচিত)। চশমা।

প্রতিমা (গ্রাং পিতিমা)…ষ্য. (সং)। প্রতিমূর্তি, দেবতার প্রতিমূর্তি, প্রঃ—কেহ করে প্রতিমা কেহ বা করে পট। গরীব কাঙ্গাল যারা তারা আনে ঘট। (মাঃ)—ঘট পট প্রতিমা—এই তিন আকারে পূজাবিধি। ঘটে ও প্র[illegible] পূজা বজো, পটে পূজা ওড়িশায় প্রচলিত আছে। ব্রাহ্মণগৃহের কাঁথে ব্রাহ্মণী চিত্র লেখেন। শীম-পাতা ঘষিলে কৃষ্ণবর্ণ হয়। তদুপরি খড়ী মাটির চিত্র লেখেন।

প্রতুল…ণ. (সং ? সং প্রচুর হইতে। চ—ত, র—ল)। প্রচুর, পর্যাপ্ত, প্রঃ—এ বৎসর বর্ষা না হইলে প্রতুল হবে। (সং প্রতিকূল হইতে ?)।

প্রত্যয়…ষ্য. (সং)। নিশ্চয়জ্ঞান, বিশ্বাস, প্রঃ—প্রত্যয় হয়; প্রত্যয় যাওয়া।—নিশ্চয়জ্ঞান প্রাপ্তি। (তুং বিশ্বাস যাওয়া)।

প্রত্যাদেশ (গ্রাং পিত্তাদেশ)…ষ্য. (সং প্রত্যাদেশ)। দেবতার আদেশ জ্ঞাপন।

প্রত্যেক…ণ. (সং)। একে একে সমুদয়।

প্রথা…ষ্য. (সং—খ্যাতি)। রীতি।

প্রদর…ষ্য. (সং)। নারী-রোগবিশেষ। এই রোগে জরায়ু হইতে প্রায়ই শ্বেতস্রাব হয় (Leucorrhæa)।

প্রদীপ (গ্রাং পিদিপ, পিদিম)…ষ্য. (সং প্রদীপ)। প্রদীপ। (প্রদীপে শলিতা শুইয়া থাকে, ইং লম্পে দাঁড়াইয়া থাকে। লম্প দীপ বটে, কিন্তু প্রদীপ নহে)।

দীপ…ষ্য. (সং)। ছোট প্রদীপ। দুর্গা-প্রদীপ…(সং)। মাটির ছোট দীপ। পঞ্চপ্রদীপ…(সং)। পাঁচটা জোড়া দীপ। পঞ্চ দেখ।

প্রফুল্লিত···ণ.(সং ব্যাকরণে অশুদ্ধ। আনন্দিত, আহ্লাদিত প্রভৃতি শব্দসাদৃশ্যে বাং)। প্রফুল্ল; বিকশিত, প্রঃ—প্রফুল্লিত ফুলে অলি পায় বনস্থলে (মেঘনাদ-বধ)।

প্রবন্ধ···ষ্য. (সং)। রচনা; কূটরচনা, প্রঃ—প্রবন্ধ করিয়া কথা বলা—ঘুরাইয়া।

প্রবর্ত···ষ্য. (সং প্রবর্ত)। প্রবর্তন, আরম্ভ, নিয়োগ।···ণ. (সং প্রবৃত্ত)। প্রবৃত্ত, রত, প্রঃ—প্রবোধচন্দ্রিকা।

প্রবাল...ষ্য. (সং প্রবাল)। পলা দেখ।

প্রবেশ···ধাতু. (সং প্র-বিশ ধাতু। সং প্রবেশ হইতে)। প্রবেশি—প্রবেশ করি। (পদ্যে)।

প্রবোধ ··ধাতু. (সং প্রবোধ—জ্ঞান হইতে)। প্রবোধি—জ্ঞান জন্মাই, সান্ত্বনা করি। (পদ্যে)।

প্রম (গ্রাং)··ষ্য. (সং প্রেম)। প্রেম, প্রঃ—গ্রাং গানে।

প্রমাই (গ্রাং)··ষ্য. পরমায়ুঃ।

প্রমাণ···ষ্য. (সং)। নিশ্চয়ের হেতু, শাস্ত্র, সাক্ষী, পরিমাণ।···ণ. আবশ্যক পরিমাণের, প্রঃ—প্রমাণ ধুতি।

প্রমারা ··প্রেমারা দেখ।

প্রমুখাৎ···(সং প্রমুখ—মুখ+পঞ্চমী বিভক্তি)। মুখ হইতে।

প্রমেহ...ষ্য. (সং)। মূত্রদোষ, মেহরোগ (urinary discase)। মেহ প্রায়ই মূত্রপথের স্রাববিশেষ (gonorrhœa)।

প্রযুক্ত···ণ. (সং)। প্রকৃষ্টরূপে যুক্ত।...ব্য. (সং)। হেতু, প্রঃ—দয়া প্রযুক্ত ছাড়িয়া দিলেন।

প্রয়োজন (গ্রাং প্রিয়জন)···ষ্য. (সং)। কার্য, হেতু (মেঃ)। প্রয়োজনীয়···ণ. আবশ্যক, আকাঙ্ক্ষিত। প্রয়োজনীয় কার্য··· প্রয়োজন।

প্রলয় ··ষ্য. (সং)। জগতের ধ্বংস।···ণ. ভয়ঙ্কর, অতি বৃহৎ, প্রঃ—পৃষ্ঠেতে প্রলয় কুঁজ মাথা যেন ঝুড়ি (মাঃ)।

প্রসব...ধাতু. (সং প্রসব হইতে)। প্রসবি—গর্ভমোচন করি,উৎপত্তি করি। (পদ্যে)।

প্রশংস ··ধাতু. (সং প্র-শন্‌স ধাতু)। প্রশংসি—প্রশংসা করি। প্রশংসা॥ (পদ্যে)।

প্রশস্ত...ণ. (সং)। প্রশংসনীয়, শ্রেষ্ঠ; ইহা হইতে বাংতে বৃহৎ, বিস্তীর্ণ, প্রঃ—প্রশস্ত পথ। (প্রকাণ্ড, সঙ্কীর্ণ দেখ)।

প্রসাদ (গ্রাং পেসাদ)··ষ্য. (সং প্রসাদ)। প্রসন্নতা, অনুগ্রহ; দেবতা ও গুরুজনের ভুক্তাবশিষ্ট। ব্রাহ্মণের প্রসাদ পাওয়া—ব্রাহ্মণের ভুক্তাবশেষ ভোজন করা। মহাপ্রসাদ ··জগন্নাথদেবের ভোগের অন্ন। প্রসাদাৎ···(সং প্রসাদ+পঞ্চমী বিভক্তি)। প্রসন্নতা হেতু, অনুগ্রহ হেতু।

প্রসার ··ধাতু. (সং প্রসার হইতে)। প্রসারি—বিস্তার করি। (পদ্যে)।

প্রস্ত...ষ্য. (সং প্রতি হইতে? প্রতি—পরত—প্রস্ত? তুং মং প্রত, প্রতি)। প্রতি লেখ, প্রঃ—দুই প্রস্ত হিসাব (copy) প্রতিনিধি, প্রঃ—তিন প্রস্ত কাপড়—একা প্রয়োজনের তিন কাপড়।

প্রস্তাব···ষ্য. (সং প্রস্তাব—অবসর—অঃ) প্রসঙ্গ; কর্তব্য-নির্দ্দেশ, প্রঃ—তাহা প্রস্তাবে কাজ করিলে ফল হইবে না উপ-ন্যাস, উপ-ক্ষেপ (proposal, suggestion)। প্রস্তাবিত···ণ. প্রস্তুত।

প্রস্তুত···ণ. (সং)। স্তুত; আরব্ধ

নিষ্পন্ন। বাং'তে, নিষ্পন্ন, নির্মিত, প্রঃ— অন্ন প্রস্তুত, গৃহ প্রস্তুত হইয়াছে। অপ্রস্তুত ··ণ. উত্তরদানে উদ্‌যুক্ত নহে, বিহ্বলচিত্ত।

প্রস্থ (গ্রা° পন্থ)···ষ্য. (সং)। বিস্তার, প্রঃ— দৈর্ঘে প্রস্থে চারিহাত। (গ্রা° দীগ্‌ঘে. পন্থে)।

প্রস্রাব (গ্রা° পেস্‌সাব)···ষ্য. (সং প্রস্রাব। ও° হি° পিশাব)। মূত্র। প্রস্রাব করা— স্বেচ্ছায় মূত্রত্যাগ করা। প্রস্রাব ফেরা— মূত্রত্যাগ করিয়া প্রত্যাবর্তন। তু° বাহ্যে করা, বাহ্যে ফেরা। পূর্বকালে (এবং অদ্যাপি নদীয়া যশোরে নারীভাষায়) লঘ্বী করা—লঘুক্রিয়া—মূত্রত্যাগ অর্থে ছিল। ওড়িয়া পণ্ডিত লঘ্বী শঙ্কা—মূত্রত্যাগের বেগ—বলেন। কৃত্তিবাসে (আদ্যে), "লগ্‌গি গুর্ব্বি করিবে যে এক দৌড় অন্তরে।" মাণিকে, 'বেটা দেয় লঘ্‌ঘি করে তুলে বাম পা।' গুর্বী করা—মলত্যাগ। প্রস্রাবের পীড়া ···মূত্রদোষ; মূত্রবেগজনিত পীড়া।

প্রহ্লাদ ··ষ্য. (সং)। হিরণ্য-কশিপুর পুত্র। উপমায়, দৈত্যকুলের প্রহ্লাদ...দৈত্যরা অত্যাচারী অসংযতচিত্ত ছিল। প্রহ্লাদ দৈত্যকুলে জন্মিয়াও হরিভক্ত হইয়াছিলেন। লক্ষণায়, অত্যাচারী দুর্জন-বংশে সাধুর আবির্ভাব।

প্রাইজ ··ষ্য. (ই° prize)। পরীক্ষায় প্রাপ্ত পুরস্কার।

প্রাইমারি···ণ. (ই° primary)। প্রথম, প্রঃ—প্রাইমারি ইস্কুল—যে বিদ্যালয়ে বালকবালিকা বিদ্যা আরম্ভ করে।

প্রাকৃত ··ণ. (সং)। নীচ, প্রঃ—প্রাকৃত জন; প্রকৃতি-সম্বন্ধী, প্রঃ—প্রাকৃত ভূগোল; সংস্কৃত-প্রকৃতিক ভাষাবিশেষ (প্রকৃতিঃ সংস্কৃতং তত্র ভবং তত আগতং বা প্রাকৃতম্ —শব্দকল্পঃ)। সংস্কৃত-প্রাকৃত··যে সংস্কৃত ভাষা লোকমুখে প্রচলিত ছিল। বাঙ্গালা-প্রাকৃত ··যে বাঙ্গালা ভাষা লোকমুখে প্রচলিত আছে।

প্রাথমিক···ণ. (সং-নূতন রচিত)। প্রথম (primary)।

প্রাণ, পরান··ষ্য. (সং প্রাণ—প্র-অন ধাতু জীবনে। শ্বাসত্যাগ প্রাণের লক্ষণ। ইহা হইতে প্রাণ—শ্বাসবায়ু)। নিশ্বাস, প্রঃ— প্রাণ বাহির হওয়া—আর না প্রবেশ করিলে—মরণ; জীবন, জীবনীশক্তি, প্রঃ— প্রাণ-নাথ প্রাণেশ্বর; হৃৎপিণ্ড, প্রঃ— চিন্তায় প্রাণ ধড়্‌-পড় করে; মন, প্রঃ— প্রাণের কথা কই; আত্মা, প্রঃ—প্রাণ-বিয়োগ—শরীর হইতে বিয়োগ; প্রাণের তুল্য প্রিয় পাত্র; সার, প্রঃ—কাব্যের প্রাণ কবিত্ব। প্রাণান্ত...মৃত্যু। প্রাণান্ত পরিচ্ছেদ ...(অন্ত পরিচ্ছেদ—একই অর্থ)। মৃত্যু পর্যন্ত সীমা। প্রাণাধিক ··প্রাণ অপেক্ষাও প্রিয়। প্রাণ-ধারণ...প্রাণ রক্ষা, জীবিত থাকা। প্রাণী, পরানী ··প্রাণ, প্রঃ— কেমন করিছে প্রাণী (চণ্ডীঃ)। পাঁচ প্রাণী ...পঞ্চপোষ্য, পোষ্যবর্গ। প্রাণী...জন্তু (animals)। পরাণ-পুরুষ··আত্মা।

প্রায় ··ব্য. (সং প্রায়ম্। প্রায়ো মরণানশনে মৃত্যৌ বাহুল্যতুল্যয়োঃ—মেঃ)। অনশনে মৃত্যু-কামনা, প্রঃ—প্রায়োপবেশন)। বাহুল্যে, প্রঃ—প্রায় গৃহে অন্ন—অধিকাংশ বাড়ীতে (প্রতি গৃহে—সকল গৃহে); প্রায়

কথা কহে না—অধিকাংশ সময়ে, প্রায় ঘটে—কদাচিৎ ঘটে না। (২) তুল্যে, প্রঃ—কনকলতার প্রায় জনকদুহিতা (ক্বত্তিঃ অরণ্য)। (পারা দেখ)। প্রায়ই···ব্য. (প্রায়+ই)। অধিক সময়ে, অধিক স্থলে।

প্রিয়ঙ্গু...ষ্য. (সং শব্দ, কিন্তু অর্থান্তরিত। সং প্রিয়ঙ্গু দুই, শ্যামালতা ও কঙ্গু। শ্যামালতা দেখ)। নিম্বাদিবর্গের নাতিবৃহৎ আরণ্য তরুবিশেষ (Aglaia roxburghiana)। কাঠ লোহিত দৃঢ়। প্রায়ই পাঁচ পর্ণে পাতা, আ-হরিত। ফুল ছোট ছোট। ফল খড়বর্ণ, রোমশ, কুলের মতন বড়। পশ্চিম ভারত হইতে মেদিনীপুর পর্যন্ত এই গাছ আছে। ইহার সদৃশ এক গাছ চাটিগাঁয়ে খাসিয়া পাহাড়ে আছে।

প্রিন্সিপাল···ষ্য. (ইং principal)। কলেজের অধ্যক্ষ।

প্রিভি কৌন্সিল···ষ্য. (ইং privy council)। রাজা বা রাণীর মন্ত্রীসভা।

প্রেক, পেরেক···ষ্য. (পর্তুং prego)। লোহার কাঁটা।

প্রেমারা···ষ্য. (পর্তুং primeiro—প্রথম)। পণ রাখিয়া তাস খেলা বিশেষ। প্রায়ই চারিজনে খেলে। একজনের হাতে চারি রঙ্গের চারিখানা তাস পড়িলে প্রেমারা বলে। ইহা হইতে খেলার নাম।

প্রেস...ষ্য. (ইং press)। জাঁকিবার যন্ত্র; চাপিয়া অক্ষর ছাপিবার যন্ত্র; যাহারা সংবাদ-পত্র প্রকাশ করে।

প্রেসিডেন্ট···ষ্য. (ইং president)। সভা-পতি; সমিতির প্রধান, প্রঃ—ইউনিয়ানের প্রেসিডেন্ট।

প্রোফেসর···ষ্য. (ইং professor)। যে শিক্ষক সাধারণে ইংরেজীতে বিদ্যা শিক্ষা দেন (অধ্যাপক—সংস্কৃতে বিদ্যা শিক্ষা দেন); কলেজের মাষ্টার।

প্রোবেট...ষ্য. (ইং probate)। আদালতে উইলের প্রমাণ।

প্লায়াস্···পেলাস দেখ।

প্লেগ···পেলেগ দেখ।

ফ।

ফ···ষ্য. (সং)। ব্যঞ্জন-বর্ণ,-অক্ষর,-বিশেষ।

ফং-ফং···ব্য. (ফক্-ফক দেখ)। ফাকা ভাবে প্রঃ—প্রতিমা বিসর্জনের পর চণ্ডীমণ্ডপ ফং-ফং করে।

ফক্...ব্য. (ফক্কিকা হইতে)। না জানাইয়া, অদৃশ্যে, প্রঃ—সে ফক্ করিয়া পলাইয়াছে।

ফক্-ফক···ব্য. (সং ফক্ক ধাতু মন্দগতি। ফক্কিকা)। ফাঁকা ভাবে, প্রঃ—ছেলে পিলে স্থানান্তরে গেলে বাড়ী ফক্-ফক করে—অর্থাৎ ফাকা বোধ হয়। দাঁত পড়িয়া গেলে কথা কহিবার সময় ফক্-ফক শব্দ হয়। এই হেতু তখন লোকে ফকলা বলে (ফোকলা দেখ)। ফিক্-ফিক···ব্য. মনের শূন্যতায়, প্রঃ—ফিক্-ফিক করিয়া হাসা; আহ্লাদে চিত্তের অস্থিরতায়, প্রঃ—বাসনা বলিতে নারে ফিক্-ফিক হাসে। ফুক্-ফুক ··ব্য. অত্যল্প অবকাশে, প্রঃ—ফুক্-ফুক করিয়া কেবল বাড়ীর মধ্যে যাইতেছে।

ফক্কড় ··ণ. (সং ফক্ক—নিষ্ফল বাক্য+ড়)। নিষ্ফল বা বৃথা বাক্যশীল। ফক্কড়ি ··ষ্য. ফক্কড়ের বৃত্তি।

ফক্কা...ণ. (সং ফক্কিকা)। ফাঁকা, শূন্য, প্রঃ—মরিলে সব ফক্কা।

ফক্কিকার...ষ্য. (সং ফক্কিকা হইতে)। ফাঁকি।

ফকলা, ফোকলা·· ণ. (ফক্-ফক দেখ। কিংবা ফোকর দেখ। হিং ফোকলা—শূন্য। ও পাকুআ—পক্-পক শব্দ হয় বলিয়া)। নষ্টদন্ত।

ফকীর··ণ. (আ°)। নির্ধন। ··ষ্য. মুসলমান ভিক্ষুক, সন্ন্যাসী। ফকীরান···ষ্য. ফকীর প্রতিপালন নিমিত্ত প্রদত্ত জমি। ফকীরি···ষ্য. ফকীরের বৃত্তি বা ভাব। ফকীরী ··ণ. ফকীরসম্বন্ধীয়।

ফঙ্গাবানি (গ্রা°)···ণ. (সং ভঙ্গাপ্রবণ)। ভঙ্গাপ্রবণ (নারীভাষায়)।

ফচ্‌কা, ফচ্‌কিয়া···ণ. (ফচ্-ফচ দেখ। তুং ফক্কড়)। নিষ্ফল বচনশীল। ফচ্‌কামি ··ণ. ফচ্‌কার ব্যবহার।

ফচ্-ফচ...ব্য. (ফক্-ফক শব্দ হইতে)। বৃথা বাক্যকথনে, প্রঃ—ফচ্-ফচ করিয়া বকা—বিনা কারণে ভর্ৎসনায়। ফেচ-ফেচ ··ব্য. অবজ্ঞায় ফচ্-ফচ। ফেচ-ফেচানি···অনর্থক বাক্যব্যয়। (ফেঁচ-ফেঁচ দেখ)।

ফচাং ··ফেচাং দেখ।

ফজর ··ষ্য. (আ°। তুং সং প্রগে)। প্রভাত।

ফট, ফট্-ফট ··ব্য. (সং স্ফুট ধাতু স্ফোটনে)। স্ফোটন শব্দে, প্রঃ—ফট্-ফট করিয়া আগুনে বাঁশ ফুটে। ফুট-ফুট ··মৃদু স্ফোটনশব্দে, প্রঃ—অজীর্ণে পেট ফুট্-ফুট করে। ফুট্-ফুটিয়া ছেলে ··প্রস্ফুটিত পুষ্পের মতন সুন্দর ছেলে।

ফটক···ষ্য. (হিং। ফাটক দেখ)। দ্বার, বহির্দ্বার।

ফটকা...ষ্য. (ফট্ করিয়া ফুটে বলিয়া)। পটকা, অগ্নিবাণবিশেষ।

ফটকা ··ণ. (সং স্ফটিক হইতে। কিংবা সং স্ফুট হইতে)। নির্মল, প্রঃ—ফটকা জল—কাদা জল পরে স্ফটিক তুল্য স্বচ্ছ। (বিপঃ ঘোলা)।

ফটকি-নাটকি···ষ্য. (ফট্-ফট করিয়া ফটকি ? নাটক হইতে নাটকি ? ফষ্টি-নষ্টি দেখ)। বৃথা হাস্য-পরিহাস (টেকচাঁদ)।

ফটকিরি ··ষ্য. (সং স্ফটিকারি)। কষায় দ্রব্য-বিশেষ (alum)।

ফটকী, নয়া ফটকী ··ষ্য. (সং কটভী। বর্ণ-বিপর্যয়ে ভটকী—ফটকী। সং লতা কটভী—নয়া ফটকী। অমরে, পারাবতাঙ্ঘ্রিঃ কটভী পণ্যা জ্যোতিষ্মতী লতা। ও নাম ফুট ফুটিয়া)। বন্য প্রতানীবিশেষ (Cardiospermum halicacabum)। ডাঁটা সরু, তারের মতন (এই হেতু সং পারাবতাঙ্ঘ্রি—পায়রার পায়ের মতন), পাতা দ্বিধা-ত্রিপর্ণ। ফুল শাদা প্রায় বার মাস ফুটে। ফুলদল চারি, কেশর আট। ফল ত্রিকোষ কট—কৌটায় আচ্ছাদিত (এই হেতু সং কটভী)। কোথাও কোথাও শিব-ঝুলী (শিবের ঝুলী বলে)। প্রতান দেখিয়া এই নাম।

ফটিক ··ষ্য. (সং স্ফটিক। স্ফটা—ফটা—ফণা আছে বলিয়া স্ফটিক)। স্বচ্ছ প্রস্তরবিশেষ (rock-crystal)। ··ণ. স্ফটিকতুল্য স্বচ্ছ, প্রঃ—ফটিক জল। ফটিকচাঁদ ··চাঁদের মতন শুভ্রবেশধারী (উপহাসে)।

ফটীক-জল ··ষ্য. (রব হইতে নাম। সং-তেও নাম আছে কপিঞ্জল। চলিত সং নাম

চাতক)। চাতক পাখী। গ্রীষ্মকালে দিবা দ্বিপ্রহরে ফটীক-জল রবে ডাকে।

ফটোগ্রাফ, ফটোগেরাপ···ষ্য. (ই° photo-graph)। আলোকচিত্র। ফটোগ্রাফি, ফটোগেরাপি ··ষ্য. আলোকচিত্র কর্ম। ফটোগ্রাফার ··ষ্য. যে আলোকচিত্র করে।

ফড়···ষ্য. (স° ফটা—ফণা)। গোরুর গাড়ীর দুই পাশের যে লম্বা বাঁশ বা কাঠ সর্পফণার আকারে সমুখে বাঁধা থাকে। (ফেটা কাল দেখ)।

ফড়া, ফেড়া...ষ্য. (আ° ফরা—শাখা হইতে? স° ফটা হইতে?)। কাটা পাঁঠা প্রভৃতির পা, প্রাঃ—কবিকঃ।

ফড়িঙ্গা ··ষ্য. (স° পতঙ্গ। পরে ফডিঙ্গা নামও পাইয়াছে। ও° ঝিটিপিটি, হি° ঝীঙ্গুর (উচ্চিমড়া), ম° রাতকিডা—রাত্রিকীট। স°তে পতঙ্গ ও শলভ এক। উড়িতে উড়িতে পড়ে বলিয়া পতঙ্গ, এবং ঝাঁকে ঝাঁকে উড়ে বলিয়া শলভ—শলতি সম্মীল্য যাতি—অঃ টাঃ)। ঋজুপত্রী ষট্পদী পতঙ্গবিশেষ। (পোকা দেখ)। ইহাদের অণ্ডের পর কোশকীট বা পুলক হয় না। মুখ দংশনোপযোগী। উপরের পাখা কিছু দৃঢ়, নীচের পাখা তালপাতার মতন ভাঁজ করা থাকে। লম্ফক ও ধাবক—ফড়িঙ্গের দুই ভাগ। উচ্চিমড়া, ঘেসো ফড়িঙ্গা, গঙ্গা-ফড়িঙ্গা, পঙ্গপাল প্রভৃতি লম্ফক। ইহাদের পুং জাতি শব্দ করিতে পারে। উচ্চিমড়ার (cricket। হি° ফড়িঙ্গা). মাথা গোল গোঁফ লম্বা চাবুকের মতন। পাছালী প দ্বারা লাফায়। গঙ্গা-ফড়িঙ্গা (grass-hopper। হি°ফঙ্গা) ঘাসবর্ণ। ইহার গোঁফ ছোট। পঙ্গপাল (locusts. Acridiidæ) গঙ্গাফড়িঙ্গের তুল্য, কিন্তু বহু একত্র হইয়া দেশ ভ্রমণ করে। কয়েক জাতি দেশে থাকিয়া তিল কলাই ধান আখের ক্ষতি করে। নমস্কারী ফড়িঙ্গা (Mantidæ) গঙ্গাফড়িঙ্গের তুল্য, কিন্তু মাথা নত গোঁফ দীর্ঘ, সমুখের পা সমুখে প্রসারিত। এক এক জাতি বৃহৎ হয়। কাঠি-ফড়িঙ্গা ও পাতা-ফড়িঙ্গা নাম (Phasmatidæ) আকার দেখিয়া হইয়াছে। আরসলাও এক রকম ফড়িঙ্গা, কাঠি-ফড়িঙ্গের ন্যায় ধাবক। ঝিল্লী ফড়িঙ্গের (Dragon flies) চারি পাখা প্রায় এক প্রকার, নীচের পাখা ভাঁজ-করাও থাকে না। ইহার পেট লম্বা সরু, চোখ বড় বড়, পাখা জালের মতন। শরৎ-কালে অপরাহ্নে ঝাঁকে ঝাঁকে উড়িয়া খেলা করে। ইহাদের তুল্য লেজা ফড়িঙ্গা (May-flies. Ephemeridæ) কিন্তু দেহ কোমল, উদরপ্রান্তে দুই তিনটা দীর্ঘ সরু লেজ থাকে। ইহারা প্রায়ই রাত্রে দেখা দেয়, এবং অনেকে একদিনেই জীবলীলা সাঙ্গ করে।

ফড়িয়া, ফড়ে···ষ্য. (হি° ফড়িয়া)। বাড়ীতে বাড়ীতে ফেরি করিয়া বিক্রেতা।

ফণা...ষ্য. (স°)। বিস্তৃত সর্পশির।

ফণী ··ষ্য. (স°)। যে সর্পের ফণা আছে; ফণার আকারে স্বভাবতঃ বদ্ধ ফলসমষ্টি—যেমন কলার ফণী, ফেণী। ফণী মনসা... মনসা দেখ।

ফতা...ষ্য. (স° প্লুত হইতে)। মাছ-ধরা জাল ভাসাইবার লঘু বাষ্ঠ বা বাকল, যেমন মনসা গাছের বাকল। ফৎনা ·ষ্য. (ফতা

+না হ্রস্বার্থে)। মাছ-ধরা সীপের বড়িশী ভাসাইবার ছোট ফতা।

ফতুয়া…ষ্য. (আ° ফতোহি)। হাত-কাটা ছোট জামাবিশেষ।…ষ্য. (স° উত্তরীয় হইতে ? তু° ও° ওতা)। উড়ানীবিশেষ (নদীয়ায়)।

ফতুর…ণ. (আ° ফুতুর—দুর্বলতা)। নির্ধন।

ফতে…ষ্য. (আ° ফতাহ্)। জয়, প্রঃ—কেল্লা ফতে করা। ফতে খাঁ…সাহসী পুরুষ। ফতেদার…(ফা°)। পোদ্দার।

ফতো…ণ. (ফতুয়া হইতে ?)। নির্ধন, মিথ্যা, প্রঃ—ফতো বাবু।

ফতোয়া…ষ্য. (আ° ফৎৱা)। মুসলমানী স্মৃতি অনুসারে ব্যবস্থা বা আদেশ।

ফদ্‌ফদ…ব্য. (স° পর্দ ধাতু অপান শব্দে, স° হদ ধাতু পুরীষোৎসর্গে)। বৃথা তর্জনায় বাক্যব্যয়ে, প্রঃ—কোথাও কিছু হয় নাই, কেবল ফদ্‌-ফদ করিতেছে। (অশিষ্ট)। ফদ্‌-ফদানি॥ (ভেদ্‌-ভেদ দেখ)।

ফন্‌-ফন…ব্য. (স° ফণ ধাতু গতিতে)। সর্প-ফণার আকারে ধারায়, প্রঃ—ফন্‌-ফন করিয়া মুতিয়া দিল।

ফন্দন…ষ্য. (স° স্পন্দন)। স্পন্দন, স্ফুরণ, চেতনা।

ফন্দি…ষ্য. (স° প্রবন্ধ। ও° ফন্দা—আয়োজন; ও° ফন্দামি)। প্রবন্ধকল্পনা, কূটপ্রবন্ধ। ফন্দিবাজ…ণ. কপটপ্রবন্ধী।

ফপল…ষ্য. (স° ফর্ফর। ও° ফোকট)। বৃথা ফর্‌-ফরানি। ফপলি…ষ্য বৃথা বাক্য ব্যয়। ফপল-দালাল…ষ্য. যে অন্যের কাজে স্বেচ্ছায় আনা-গনা বিচার-পরামর্শ করে। ফপল-দালালি…ফপল-দালালের কাজ।

ফম…ষ্য. (আ° ফহ্‌ম্‌। তু° স° প্রবন্ধ। আসা°তে পম ফম ফা°, ও° পম)। বুদ্ধি, যুক্তি, প্রঃ—একটা ফম করিতে হইবে, তখন আমার ফম হইল না—বুদ্ধিতে আসিল না। (হত-ভম্ব দেখ)।

ফয়তা…ষ্য. (আ° ফাতেহা)। পীরের নিকট পূজা; পূজা, প্রঃ—কার ফয়তা দিতে সময় গেল ?

ফয়দা…ষ্য. (আ° ফায়দা)। লাভ। বে-ফয়দা…ণ. অনর্থক।

ফয়ের…ষ্য. (ই° fire হইতে উর্দু)। বন্দুক কামান দাগা।

ফয়লা…ষ্য. (আ° ফায়ল)। কর্তা। আমলা-ফয়লা দেখ। (বা°তে ফয়লা পৃথক নাই)।

ফয়সালা…ষ্য. (আ° ফৈসলা)। বিচার নিষ্পত্তি (আদাঃ)। ফয়সালানামা…ডিগ্রি।

ফরক…ষ্য. (আ° ফর্‌ক্‌)। অন্তর। ফরক করা—প্রভেদ, পৃথক করা। ফরক পড়া—অন্তর, প্রভেদ হওয়া। ফরকা…ধাতু. ফরকাই—অন্তরিত করি, ফাঁক করি, প্রঃ—পা ফরকাইয়া দাঁড়ানা। ফরকানা॥ ফরকালু…ণ. অন্তরিত; বিস্তৃত।

ফরছা…ণ. (হি°)। ফরসা (দেখ)।

ফর্‌-ফর…ব্য. (স° স্ফুর ধাতু কম্পনে। তু° ফা° ফর্‌-ফর—দ্রুত)। স্ফূর্তিতে চাঞ্চল্যে, প্রঃ—ফর্‌-ফর করিয়া বেড়ানা; কম্পনে, প্রঃ—কত নিশান ফর্‌-ফর (ভাঃ) (তু° স° পত-পত); দ্রুতভাবে, প্রঃ—হালকা কাঠ ফর্‌ ফর করিয়া পুড়ে। ফুর্‌-ফুর…ব্য. মৃদু কম্পনে, প্রঃ—কাপড় ফুর্‌-ফুর করিয়া উড়ে। ফুর্‌-ফুরা, ফুর্‌-ফুরিয়া…ণ. যাহা ফুর্‌-ফুর করিয়া নড়ে, প্রঃ—ফুর্‌-ফুরা কাপড়

—এত পাতলা যে মৃদু পবনেও কাঁপিতে থাকে। ফর্‌-ফরা...ধাতু. ফর্‌-ফরাই—স্ফূর্তি জন্য চাঞ্চল্য প্রকাশ করি। ফর্‌-ফরানা॥ ফরফরা...পাট-প্রজাপতি (পোকা দেখ)।

ফরমাইশ, ফরমাশ ..ষ্য. (ফা° ফর্‌মায়ষ)। আজ্ঞা, হুকুম। ফরমাইশ খাটা—আজ্ঞা পালন। ফরমাইশী ..ণ. আজ্ঞানুসারে নির্মিত। ফাই-ফরমাইশ ..(ফাকা হইতে ফাই?)। ছোট ছোট কাজের আজ্ঞা।

ফরমান...ষ্য. (ফা°)। বাদশাহের হুকুম। ফরমানি...ফরমান, প্রঃ—কবিকঃ।

ফরষী...ষ্য. (আ° ফরষ—আধার)। যে হুকা বা গুড়গুড়ি বসিতে পারে।

ফরসা...ণ. (স° পরি+ছৃদ ধাতু দীপ্তি। পরি-ছিদ ধাতু ছেদনে। হি° ফরছা)। নির্মল, দোষমুক্ত, মুক্ত, প্রঃ—আকাশ ফরসা, গায়ের রং ফরসা। ফরসা কথা—স্পষ্টবাক্য। প্রবাদে, বল বুদ্ধি ভরসা তিন তিরিশে ফরসা—৩×৩০=৯০ বৎসর বয়স হইলে বল বুদ্ধি ভরসা কিছুই থাকে না। (কিন্তু, ইহা কোন্ কালের কথা?)।

ফরাস...ষ্য. (ফা° ফর্‌ষ্)। শয্যা, গালিচা। ...ষ্য. (ফা° ফর্‌রাষ)। শয্যাকারী ভৃত্য।

ফরাসী...ষ্য. (ই° ফ্রান্‌স্ হইতে)। ফ্রান্‌স্-দেশীয় লোক, ভাষা। ফরাসডাঙ্গা...ফরাসী লোকের বা রাজতন্ত্রের দেশ বা নগরবিশেষ।

ফরিকাল...ষ্য. (?)। যে সৈনিক ঢাল-তরবাল লইয়া যুদ্ধ করে। পদবীবিশেষ।

ফরিয়াদ...ষ্য. (ফা°)। দোষারোপ, বিচারালয়ে অভিযোগ। দাদ-ফরিয়াদ...ষ্য. (সহচর শব্দ)। অভিযোগ। ফরিয়াদী...ষ্য. অভি-যোগকারী (আদাঃ)।

ফরিয়াদী...ষ্য. (আ° ফর্দ—পক্ষীবিশেষ, ফিঙ্গাবিশেষ)। শুক তুল্য পক্ষীবিশেষ (Blossom-head paraquet. Palæornis cyanocephalus)। পুং পক্ষীর মাথা লাল, স্ত্রীপক্ষীর ধূসর। কোথাও কোথাও টুই বলে।

ফর্দ...ষ্য. (আ° ফর্‌দ্)। এক জোড়ার এক খণ্ড, প্রঃ—শালের এক ফর্দ; তালিকা, প্রঃ—জিনিষের ফর্দ। ফর্দ-ফর্দ...পৃথক্ পৃথক্।

ফর্‌ফরা ..ষ্য. (স° ফর্‌-ফর হইতে)। তুৎ পোকা গুটী হইতে বাহির হইলে যে প্রজাপতি হয়।

ফর্মা...ষ্য. (পর্তু° forma। ই° form, forme)। কাঠাম্, ঠাট; কাঠের ছাঁচ বা আদর্শ, যেমন ইট জুতা গড়িবার কাঠের ফর্মা; ছাপাখানায় একবারে যে কাগজ বা লেখা ছাপা হয়।

ফল...ষ্য. (স°)। বৃক্ষের ফল বা বীজাধার, যে ফল না রাঁধিয়া খাইতে পারা যায়, প্রঃ—ফল মূল ভক্ষণ; শস্য, প্রঃ—কৃষি ফল (তু° ফশল); হেতুকৃত, প্রঃ—পাপের ফল; বৃষ্টি, প্র—দানের ফল; প্রয়োজন, প্রঃ—লিখিয়া ফল নাই; মূলধনের লাভ; সন্তান, প্রঃ—প্রথম ফল প্রায় বাঁচে না; শস্ত্রাদির ধারা বা ফলা; গণিতের শেষ। দৃষ্টান্তে, লক্ষ্মণের ফল ধরিয়া থাকা—রামচন্দ্র লক্ষ্মণকে ফল দিয়াছিলেন। লক্ষ্মণ প্রায় চৌদ্দ বৎসর তাহা রাখিয়াছিলেন, খান নাই। লক্ষণায়, অন্যের অবসর নিমিত্ত ভোজ্য রক্ষা করা। ফল-ফুলারি, ফল-ফুলরি...(ফল+আরা, আরি—ফলারা, ফলারি, অপভ্রংশে ফুলারি, ফুলরি। তু° রাজা-রাজাড়া। গাছ-গাছড়া)।

ফল ও ফলের তুল্য ভক্ষ্য দ্রব্য যেমন মূল। ফল···ধাতু. (সং ফল ধাতু)। ফলি—ফল ধরি, প্রঃ—আমগাছ ফলিয়াছে ; পরিণাম হই, প্রঃ—পাপ ফলিয়াছে। নিষ্পন্ন হই, প্রঃ—কথামত কাজ ফলিয়াছে। ফলা ॥ ফলন···শস্যোৎপত্তি। ফলন্ত...ণ. ফলবান্, প্রঃ—ফলন্ত গাছ কাটিতে নাই। ফলাফল ···ষ্য. (ফল+অফল)। ফল। ফলা···ধাতু. (ফল ধাতু আস্তে)। ফলাই—ফল উৎপাদন করি ; নিষ্পন্ন করি—রং ফলানা ; প্রদর্শন করি, প্রঃ—বিদ্যা ফলানা। ফলানা॥ ফলানিয়া···ণ. (ফলানা+ইয়া)। যাহা ফলানা হইয়াছে।

ফলই ··ষ্য. (সং ফলি, ফলকী। ঢাকায় ফলি)। শকলী মৎস্যবিশেষ (Notopterus kapirat) । চিতলের তুল্য। দেহ পাতলা, পুচ্ছ দীর্ঘ ক্রমশঃ সরু হইয়া মলদ্বারের পাখনার সহিত মিলিত। প্রায় দেড় হাত হয়। ফলা ফলক তুল্য আকার বলিয়া নাম।

ফল-কর ··ণ. (সং)। ভক্ষ্য ফল-ধারী, প্রঃ— ফলকর গাছ।

ফলঙ্গা ··ধাতু. (সং প্র-লঙ্ঘ ধাতু। হিং ফলোঙ্গা ধাতু ; হিং ফনঙ্গা—চূড়া)। ফলঙ্গি— উল্লম্ফন দ্বারা উত্তীর্ণ হই, প্রঃ—শত হাত পাঁচির ফলঙ্গে ফেঁদে যায়(মাঃ)—ফলঙ্গিয়া। ফলঙ্গা। ফলঙ্গা ··ষ্য. উল্লম্ফন, প্রঃ—বার তিন ফলঙ্গ সারিল বীর দাপে (মাঃ)—সারিল —সম্পাদন করিল।

ফলনা···ষ্য. (আং ফলান)। শিশ্ন, যোনি, প্রঃ—ফলনা করা—কিছুই না (অশিষ্ট)। ফলানা। ফলনা-তুসকা···অমুক তুসুক।

ফলসা···ষ্য. (সং পরূষক—ভাবপ্রকাশে। ও ফারসা, ফাং ফালসাহ্)। পট্টশাকাদিবর্গের কদাকার ছোট ফলবৃক্ষবিশেষ (Grewia asiatica)। পাতা রোমশ, ফুল পঞ্চদল। ফল ছোট ছোট, অম্ল, গ্রীষ্মকালে পাকে।

ফলা···ষ্য. (সং ফলক)। ঢাল, প্রঃ—(মাঃ) ; অস্ত্র-শস্ত্রাদির লৌহাঙ্গ ; য র ল ব ম ন ণ ঋ ৯ বর্ণ যুক্ত ব্যঞ্জন, যথা—ক্য ক্র ক্ল ক্ব ইত্যাদি, প্রঃ—অল্প দিনে দশ ফলা অক্ষর শিখিল (চৈঃ চঃ)। (ব্যাকরণ দেখ)।

ফলাও...ণ. (আং ফলাহ্)। সৌভাগ্য, লাভ। বিস্তীর্ণ, প্রঃ—ফলাও কারবার।

ফলানা ··ণ. (আং ফুলান, ফলান)। অমুক।

ফলার···ষ্য. (সং ফলাহার)। ফলাহার ; অন্ন ব্যতীত অন্য ভোজ্য ভোজন। ফলারিয়া, ফলারে ··ণ. (ফলার+ইয়া)। ফলার প্রিয় যার, প্রঃ—ফঃ বামুন।

ফষ্টি-নষ্টি ··ষ্য. (আং ফাকামস্তি। ফাকা— অনশন ; ফাকা মস্ত—যে দুঃখেও প্রফুল্ল। ফটকি-নাটকি দেখ)। হাস্য পরিহাস। ফষ্টিয়া ··ফচ্‌কিয়া।

ফস, ফস্-ফস...ব্য. (অনুকার শব্দ। সং ফস্- ফস)। ফস্ শব্দে, শিথিলতায়, প্রঃ—ফস করিয়া গিরা খুলিয়া যায়, মানুষও ফস করিয়া সভা হইতে উঠিয়া যায়। ফস করে বা ফস্ শব্দে খোলে যাহা—ফস্‌কা, প্রঃ— ফস্‌কা গিরা। ফস্-ফসা,ফস্-ফসিয়া...ণ. ফস্- ফস করে যাহা, থস্-থসা। ফিস্-ফিস...মৃদু ফিস শব্দে, প্রঃ—ফিস্-ফিস করিয়া কথা কহা, ফিস্-ফিস করা—ওষ্ঠদ্বারা কথা কহা (to whisper)। ফিস্-ফিসা, ফিস্-ফিসিয়া ...ণ. ফিস্-ফিস শব্দে কথা কহে যে। ফিস্-ফিসানি···মৃদু স্বরে, প্রায়ই ওষ্ঠদ্বারা

(কণ্ঠদ্বারা নহে) কথাবার্তা, কুমন্ত্রণা। ফুস্-ফুস···ব্য. ফুস্-ফুস শব্দে। ফুস্-ফুস করিয়া কথা—ওষ্ঠ দ্বারা শব্দোচ্চারণ। ফুস্-ফুসি ···ষ্য. (সং ফুস্-ফুস)। শ্বাসপ্রশ্বাসে যে অঙ্গ (lungs) ফুস্-ফুস শব্দ করে। (হুস্-হুস দেখ)।। ফেঁস্-ফেঁস ··ব্য. শরদী হইলে নিশ্বাসত্যাগের শব্দে। ফেঁস-ফেঁসানি ···ফেঁস-ফেঁস শব্দে; ক্রন্দন হেতু নাসিকার শব্দে। ফোঁস্-ফোঁস ··ব্য. অধিক শরদী হেতু নিশ্বাস ত্যাগের শব্দে। ফোঁস ··ব্য. সর্পের দীর্ঘনিশ্বাস শব্দ, তর্জনশব্দ।

ফস্‌কা ··ধাতু. (আং ফস্‌খ—ভঙ্গ, চুক্তিভঙ্গ। কিংবা ফস-করা হইতে)। ফস্‌কাই—ফস্ করিয়া খুলি, প্রঃ—গিরা ফস্‌কায়, বড়শীর মাছ ফস্‌কায়। ফস্‌কানা॥ দৃষ্টান্তে, বজ্র আঁটনি ফস্‌কা গিরা, ফস্‌কা গিরার বাঁধন দড়।

ফসল···ষ্য. (আং ফসল—ঋতু, বিভাগ)। শস্যকর্তনকাল; শস্য। ফসলী ··শস্যকর্তন সম্বন্ধীয়, যেমন ফসলী সন—শস্যকর্তন-কাল হইতে যে বৎসর গণিত হয়। আকবর বাদসাহ ফসলী সন ১৪৭৮ শকে প্রবর্তিত করেন। এক্ষণে বঙ্গদেশে ১ বৈশাখ হইতে এবং উত্তরভারতে ১ চান্দ্র আশ্বিন হইতে গণিত হয়। বঙ্গে বঙ্গাব্দ নামে যে সন চলিতেছে, তাহা হিজরী ৯৬৩ বৎসর সহিত ফজলী মিলিত হইয়া আসিয়াছে। কাঠ ফসল ··শুষ্ক ঋতুর শস্য, রবী (সং রবি নহে) ফসল যাহার নিমিত্ত অধিক জল আবশ্যক হয় না। বর্ষার ফসল · বর্ষা ঋতুর শস্য। (আং খরীফ ফসল)। ফসল যাচাই ···ক্ষেত্রের শস্যের মূল্য নির্ধারণ।

ফস্ত···ষ্য. (আং ফস্‌দ্)। রক্তশিরা কর্তন। ফস্ত খোলা—রক্তস্রাব নিমিত্ত শিরা কাটা। (সে কালের চিকিৎসা-বিদ্যায় ফস্ত খোলা হইত)।

ফাই-ফরমাইশ...ফরমাইশ দেখ।

ফাঁই···ণ. (ফাঁক হইতে)। ফাঁক, প্রঃ—পর্দা ফাঁই। (অশিষ্ট)।

ফাঁই ফাঁই···ব্য. (সং ভ্রম্ ধাতু হইতে)। ভ্রমণ-শব্দে, প্রঃ—ফাঁই-ফাঁই ঘোরা।

ফাইল···ষ্য. (ইং file)। কাগজ গাঁথিয়া রাখিবার তার বা সূতা; সাজানা গাঁথা কাগজ; আদালতের নথীতে প্রবেশ, প্রঃ—দরখাস্ত ফাইল হইয়াছে—দপ্তরভুক্ত। ফাইলী · ণ. আদালতে যে অভিযোগাদি গৃহীত হইয়াছে।

ফাইল···ষ্য. (ইং phial)। ঔষধের ছোট বোতল।

ফাও, ফাঅ···ষ্য. (সং ভাব। ভাবঃ ক্রিয়ালীলা-পদার্থেষু—মেঃ। হিং ফাব। ভাও দেখ। মূল্যের অতিরিক্ত যে পণ্য দিবার রীতি আছে।

ফাকড়া···ষ্য. (সং ফর্ফরীক। মং ফকন্ডী)। গাছের সরু ডাল; কাজের শাখা।

ফাঁক···ষ্য. (সং ফক্কিকা। সং ফল্গু—অসার বাক্য)। শূন্য স্থান, উন্মুক্ত স্থান; তালের অনাঘাত স্থান (তাল দেখ)। ফাঁকে-ফাঁকে —নির্জন স্থান দিয়া, অন্যের অগোচরে। ফাঁকে পড়া—শূন্য স্থানে, নির্জন স্থানে পড়া, নিষ্ফল হওয়া। ফাঁক-ফুঁক···(ফুঁক উপচর শব্দ)। শূন্য স্থান, ছিদ্র। (ফোকর দেখ)। ফাঁকা···ণ. শূন্য; নির্জন; অসার, প্রঃ—ফাঁকা কথা। ফাঁকি···ষ্য. শূন্য স্থান; শূন্য অংশ, প্রঃ—ফাঁকিতে পড়া—লাভ না

পাওয়া ; সূক্ষ্ম চূর্ণ (তু° হি° ফঙ্কী)। ফাঁকি-জুঁথি···মিথ্যা জুঁথি—তৌল বা পরিমাণ, মিথ্যা আচরণ বা কূট কৌশল। ফাঁকি-ফুঁকি···(ফুকি—উপচর শব্দ)। ফাঁকি-টাঁকি।

ফাকা···ণ. (আ° ফক্)। পাণ্ডু, বি-বর্ণ, প্রঃ—ফাকা রং ; নীরক্ত, প্রঃ—জ্বরভোগের পর মুখ ফাকা হয়। ফাকাসিয়া, ফেকাসিয়া, ফেকাস্যে ··ণ. (ফাকা+সা—সাদৃশ্যে+ইয়া)। পাণ্ডু, বিবর্ণ, নূনকান্তি।

ফাকি ··ষ্য. (স° ফক্কিকা)। ন্যায়ের পূর্বপক্ষ, কূটতর্ক।

ফাগ, ফাগু···ষ্য. (স° ফল্গু। প্রাচীন বা° ফাগু। ফাল্গুন মাসে হোলি খেলায় লাগে বলিয়া)। আবীর-রঞ্জিত পালো (শঠি প্রভৃতির। চাটিগাঁয়ে শঠী গাছের নাম ফল্গা)।

ফাগুন···ষ্য. (স° ফাল্গুন)। ফাল্গুন মাস, প্রঃ—ফাগুনে আগুন চৈতে মাটি বাঁশ বলে তবে শীঘ্র উঠি (ডাকে)।

ফাজিল···ণ. (আ°)। উদ্বৃত্ত, অধিক, জমা অপেক্ষা খরচ বেশী। ফাজিল-চালাক···ণ. অতিবুদ্ধি। ফাজিলি···ষ্য. ফাজিলের ভাব। ফাজিলামি...ষ্য. অতিবুদ্ধিতা, চালাকি।

ফাট···ধাতু. (স° স্ফট ধাতু ভেদে)। ফাটি—বিদীর্ণ হই, প্রঃ—পাকা বাড়ী ফাটিয়াছে। ফাটা॥ কাঁকুড়-ফাটা হওয়া ··কাঁকুড় ফল পাকিলে যেমন ফাটে, তেমন নানাদিকে ফাটা। ফাট ··ষ্য. বিদারণ-সন্ধি। ফাট-ফুট ···(ফুট উপচর শব্দ)। ফাট। ফাটা···ণ. বিদীর্ণ। ফাটা-টুটা···ণ. (সহচর শব্দ। তু° স° ফাটকা তুটকা)। ভাঙ্গা ফাটা। ফাটা-ফুটা ··ণ. (সহচর শব্দ)। ফাটা ও সচ্ছিদ্র। ফাটল···ষ্য. (ফাট+ল স্বার্থে)। বিদারণ হেতু দীর্ঘ ছিদ্র। ফাটা···ধাতু. (ফাট ধাতু আস্তে)। ফাটানা॥

ফাঁট···ধাতু. (স° স্ফট, স্ফণ্ট ধাতু বিসরণে)। ফাঁটি—ফুলিয়া বিস্তারিত হই, প্রঃ—বিরীর দাল বাটিয়া রাখিয়া দিলে ভাল ফাঁটে (বায়ু বদ্ধ করিয়া)। ফাঁটা॥ ফাঁটা···ধাতু. (ফাঁট ধাতু আস্তে)। ফাঁটানা॥

ফাটক···ষ্য. (হি°। স° কপাট—বর্ণবিপর্যয়ে পাটক—ফাটক)। বাড়ীর বহির্দ্বার (প্রায়ই ফটক) ; কারাগার, প্রঃ—ফাটকে দেওয়া।

ফাড় ··ধাতু. (স° স্ফট ধাতু ভেদনে। ফাট ধাতুর রূপান্তর। স°প্রা° ব্যাকরণে স° পাট ধাতু হইতে স°প্রা° ফাল ধাতু। ফাল ধাতু ও বা° ফাড় ধাতু এক)। ফাড়ি—বিদীর্ণ করি, চিরি, প্রঃ—কাপড় ফাড়িয়া দুইখানা করা। ফাড়া॥ ফাড়া...ধাতু. (ফাড় ধাতু আস্তে)। ফাড়ানা॥ (ফিড় ধাতু দেখ)।

ফাঁড় ··ষ্য. (স° ফণ্ড—শব্দকল্প)। পাত্রাদির উদর, প্রঃ—গলা তলা ফাঁড় আদি যতেক মাপ হবে°(দধিকালী)। হাঁড়ীর ফাঁড়—মধ্যবেষ্টন।

ফাঁড়া ··ষ্য. (স° পীড়া হইতে। ও° নাম ঘাটি —স° ঘাতি)। জ্যোতিষের গণনায় মৃত্যুযোগ। ফাঁড়া কাটা—মৃত্যু না হওয়া।

ফাঁড়ী···ষ্য. (স° পাটক হইতে ?)। গ্রাম্য বড় চৌকী। ফাঁড়ীদার ··বড় চৌকীদার, পূর্বে ইহারা নিষ্কর ভূমি ভোগ করিয়া প্রহরীর কাজ করিত। ইহাদের অধীনে চৌকীদার—গ্রামপ্রহরী থাকিত। ফাঁড়িদারি ··ফাঁড়ীদারের কাজ।

ফাঁদ…ষ্য. (সং বন্ধ)। রজ্জু প্রভৃতির বন্ধন-সাধন, প্রঃ—ফাঁদ পাতা, ফাঁদে পা দেওয়া; কূট কৌশল বা ফন্দি, প্রঃ—আকাশে ফাঁদ পাতা—শূন্যে শূন্যে ধরিতে চেষ্টা করা। ফাঁদ…ধাতু. ফাঁদি—সূত্রাদি বাঁধি, প্রঃ—কাপড় ফাঁদা; আরম্ভ করি, প্রঃ—কাজ ফাঁদা; প্রবন্ধ করি, প্রঃ—কথা ফাঁদা। ফাঁদা॥ ফাঁদা…ধাতু (ফাঁদ ধাতু আস্তে)। ফাঁদানা॥

ফাঁদ…ষ্য. (সং বন্ধ হইতে সং ফণ্ড)। ফাঁদের ঘর যেমন জালের; গোলাকার বস্তুর ব্যাস, যেমন হাঁড়ীর মুখের।

ফাঁদ…ধাতু. (সং স্পন্দন সংপ্রা বাংপ্রা ফন্দন হইতে)। ফাঁদি—লাফাইয়া অতিক্রম করি, ডিঙ্গাই, প্রঃ—শত হাত পাঁচির ফলঙ্গে ফেঁদে যায় (মাঃ)—ফেঁদে—ফাঁদিয়া। ফাঁদা॥ (বোধ হয়, ফাঁদা সং বন্ধ হইতে। ফাঁদা—প্রায়ই ডিগবাজি খাওয়া, শূন্যে ফাঁদ করা, কিংবা ফাঁদের ভিতর দিয়া যাওয়া)।

ফানস…ষ্য. (ফাং ফানূস)। দীপের কাচা-আবরণ; দীপ জ্বালা কাগজের ঘর। উত্তপ্ত বাষ্প-হেতু এই ঘর শূন্যে উঠে। (এই অর্থে, প্রায়ই ফানুস)।

ফাঁপ…ধাতু. (সং প্রস্ফায় ধাতু বৃদ্ধি স্ফীতি)। ফাঁপি—স্ফীত হই, বর্ধিত হই, বাষ্পাদি হেতু বর্ধিত হই, প্রঃ—জল পাইয়া মাটি ফাঁপিয়াছে, ব্যবসায়ের ধনে লোকটা ফাঁপিয়া উঠিয়াছে। ফাঁপা॥ ফাঁপ…ষ্য. বাষ্পাদি হেতু স্ফীতি, প্রঃ—মাটি ফাঁপ ধরা। ফাঁপর…ণ. (ফাঁপ+র। তুং হিং ফাঁফড়—ছিদ্র)। বুদ্ধিশূন্য, প্রঃ—জমরাজা হইল ফাঁপর (শূং পুঃ); পলাইতে না পেয়ে ফাঁপর হৈলা হয় (ভাঃ)। ফাঁপরা, ফোঁপরা…ণ. (ফাঁপ+রা। ওং পোপরা)। শূন্য, সচ্ছিদ্র, প্রঃ—ফোঁপরা বাঁশ অর্থাৎ নিরাট নহে। ফাঁপা…ণ. স্ফীত, বায়ু-হেতু স্ফীত। পেট ফাঁপা—আমাশয়ে বায়ুর উৎপত্তি হেতু উদরের স্ফীতি। ফাঁপা…ধাতু. (ফাঁপ ধাতু আস্তে)। ফাঁপানা॥ (ভাপ দেখ)।

ফাবড়া…ধাতু. (সং প্রক্ষিপ্ত হইতে। প্রক্ষিপ্ত—পাখড়া—ফাবড়া। তুং পাখড়া অপভ্রংশে পাবড়ি, বাখড়া। ওং ফোপাড় ধাতু। কৃত্তিঃ লং—পাবড়ি, কবিকঃ—ফাউড়া)। ফাবড়াই—প্রক্ষিপ্ত করি, প্রঃ—ঘরের চালে খড় ফাবড়াইয়া ফেলা। ফাবড়ানা॥ ফাবড়া…ষ্য. যে বংশখণ্ড কিংবা স্থূল কাষ্ঠ বেগে প্রক্ষিপ্ত করা হয়। আড়-ফাবড়া মারা—আড়ে-পাশে হইতে ফাবড়া নিক্ষেপ করা। পথদস্যু আড়-ফাবড়া ছুড়িয়া পথিককে ফেলিয়া দেয়। (বাঁশের পাব হইতে বোধ হয় না। কারণ আড়-ফাবড়া অর্ধ পাব হয়!)।

ফাবড়া…পাখড়া (অপভ্রংশে), যেমন শিমুল ফাবড়া।

ফায়দা…ফয়দা দেখ।

ফায়লা…ণ. (সং স্ফায় ধাতু বৃদ্ধি,+লা? ফলাও হইতে?)। বিস্তীর্ণ।

ফার (গ্রাং)…পার দেখ। সীমা বা স্থূলতার অপর পার।…ষ্য. (সং স্ফায় ধাতু হইতে)। বিস্তার। ফারুয়া দেখ।

ফারখতি ষ্য. (আং ফারিগখতি—ফারখতি)। ভাগচ্ছেদ, প্রাপ্তিস্বীকার-পত্র, প্রঃ—প্রজা খাজনা দিয়া ফারকতি লইয়াছে।

ফারম…ষ্য. (ইং firm)। ব্যবসায়ী-গোষ্ঠী, যৌথকারবারী, কোম্পানী।…ষ্য. (ইং

form)। লেখ্য আদর্শ, সূচী-চিহ্নিত বিবরণপত্র।

ফারশা···ষ্য. (সং পরশু। হিং ফরসা)। যুদ্ধের কুঠারবিশেষ, বিস্তৃত-ফলা কুঠার।

ফারসী···ষ্য. (আং)। পারসিক ভাষা, পারস্য দেশের ভাষা। প্রাচীন পারসিক ভাষা সংস্কৃত ভাষার সদৃশ ছিল। বর্তমান ভাষায় অনেক পরিবর্তন হইয়াছে, অনেক আরবী শব্দ ও আরবী ব্যাকরণ-সূত্র প্রবেশ করিয়াছে।

ফারাক ··ণ. (ফাং ফরাখ)। বিস্তীর্ণ, উন্মুক্ত, প্রঃ—ফারাক জায়গা।

ফাল ··ষ্য. (সং)। লাঙ্গলের লৌহফলক। (সং ফাল ধাতু ভেদে)। দৃষ্টান্তে, ছুঁচ হয়ে ঢোকা ফাল হয়ে বারানা।

ফালাও...ষ্য. (হিং ফেলাব। আং ফলাহ্—লাভ হইতে ? ফলাও দেখ)। বিস্তার, প্রঃ—কারবার ফালাও করা। ণ. বিস্তীর্ণ, প্রঃ—ফালাও আসর।

ফালি ··ষ্য. (সং ফালি—কার্পাস বস্ত্রে—মেঃ। কিংবা সংপ্রাং ফাল ধাতু ফাড়া হইতে)। লম্বা সরু বস্ত্রখণ্ড, লম্বা চেরা কাপড় খণ্ড, প্রঃ—কাপড় ছিঁড়িয়া ফালি ফালি হইয়াছে; দীর্ঘছেদ, প্রঃ—কুমড়ার ফালি। জালের ফালি—জাল দেখ।

ফাল্‌ত, ফাল্‌তো ··ণ. (ওং ফালুত, হিং মং ফালতু। ফেলিত—ফেলা হইতে)। পরি-ত্যক্ত, বৃথা, প্রঃ—ফাল্‌ত কাজে ঘোরা—যে কাজে ফল নাই, ফাল্‌ত ফাল্‌ত খরচ করা—নিষ্ফল বা পরিত্যক্ত কাজে খরচ।

ফাশ, ফাঁশ ··ণ. (ফাং ফাস)। প্রকাশিত, প্রঃ—কথা ফাশ করা। ফাশ, ফাঁশ···ধাতু. ফাশি, ফাঁশি—বিদীর্ণ হই, প্রঃ—কলশী ফাঁশিয়াছে। ফাশা, ফাঁশা ॥ ফাশা, ফাঁশা··· ধাতু. (ফাশ, ফাঁশ ধাতু আস্তে)। ফাশানা, ফাঁশানা ॥

ফাঁশ···ষ্য. (সং পাশ)। রজ্জুর পাশ বা বন্ধ।

ফাঁশী···ষ্য. (ফাঁশ+ঈ)। পাশবন্ধন, পাশ-বন্ধনে মৃত্যু, প্রঃ—লোকটার ফাঁশী হই-য়াছে। ফাঁশী-কাঠ···যে উচা কাঠ হইতে পাশ লম্বিত থাকে। ফাঁশী-আড়া ··ষ্য. (ফাঁশী+আড়া)। পাশ দ্বারা বধ করে যে দস্যু। ফাঁশাড়িয়া, ফেঁশেড়া ··ষ্য. (ফাঁশ+আড়া+ইয়া—ফাঁশাড়িয়া)। ফাঁশী-আড়া, প্রঃ—কবিকঃ।

ফি···ব্য. (আং। তুং সং প্রতি, ইং per)। প্রতি, প্রঃ—ফি জন দুই টাকা পাইবে, ফি রোজ, ফি সাল, ফি বিঘা।

ফি ··ষ্য. (ইং fee)। কর্মের বেতন, শুল্ক। কোর্ট ফি ··বিচারালয়ে যে শুল্ক দিতে হয়।

ফিক···ষ্য. (সং স্ফিক্ হইতে)। কটিতে স্নায়ু-আকর্ষণ, আক্ষেপ। ফিক-ব্যথা...স্নায়ু-আকর্ষণ হেতু ব্যথা।

ফিক্-ফিক ··ব্য. ফক্ ফক দেখ।

ফিঁক···ধাতু. (সং প্র-ক্ষিপ ধাতু। হিং ফেঁক, ওং ফিঙ্গা ধাতু)। ফিঁকি—দূরে প্রক্ষিপ্ত করি, প্রঃ—আড়া হইতে গামছা জলে ফিঁকিয়া দেও। ফেঁকা ॥ ফিক ··ষ্য. বেগে উৎক্ষেপ, বহির্গমন, প্রঃ—ফিক দিয়া রক্ত পড়িতেছে। ফেঁকা···ধাতু. (ফিঁক ধাতু আস্তে)। ফেঁকানা ॥

ফিকা···ণ. (ফাকা দেখ। তুং সং পিঙ্গা। হিং ফীকা)। পাণ্ডুবর্ণ, বি-বর্ণ, প্রঃ—ফিকা লাল—আ-রক্ত।

ফিকির···ষ্য. (আং ফিকর)। উপায়চিন্তা,

কৌশল। ফিকিরমন্ত...ণ. (যা° ফিকরমন্দ)। চিন্তাশীল, উপায়কুশল। ফিকিরবাজ ..(যা°)। ধূর্ত। ফিকিরী...ণ. ধূর্ত।

ফিগ্রু...ষ্য. (পর্তু° figura = court-cards)। প্রেমারা খেলার শব্দবিশেষ।

ফিঙ্গা...ষ্য. (সং ভৃঙ্গা হইতে অর্বাচীন সং ফিঙ্গক। যথা, কলিঙ্গাভৃঙ্গাধূম্যাটা—অঃ। ভৃঙ্গা ইব কার্ষ্ণ্যাৎ ভৃঙ্গাঃ ইতি অঃটীঃ। ব্রিভর্ত্যনুরাগমিতি ভৃ ধাতু গ। হি° নাম পতরিঙ্গা, পত্রিঙ্গা। ও° কাজল-পাতি—বা° কাজললতা)। শাখাশ্রয়ী বর্গের ১৫।১৬ আঙ্গুল দীর্ঘ চক্-চকা কৃষ্ণবর্ণ পক্ষীবিশেষ (The black drongo. Dicrurus ater)। লেজ দুই ভাগে বিভক্ত। গাছের ডালে গোরু বাছুর ছাগলের পিঠে বসে, পোকা খায়। তীরবেগে উড়তে পারে। ফিচিং-ফিচিং ডাকে। নীল ফিঙ্গা ...ফিঙ্গা তুল্য, কিন্তু উপরের পালখ নীল-বর্ণ, নীচের পাংশুবর্ণ। বনে থাকে। (Dicrurus longicaudatus)। ফিঙ্গা ...ফিঙ্গার পুচ্ছের আকারে কাটা কাঠ। দুই আঙ্গুলের মাঝে অঙ্গুষ্ঠ হাতের এক আঙ্গুল লম্বালম্বি প্রবেশ করাইলে ফিঙ্গা হয়। এই আকারে এক কাঠের মাঝে অন্য কাঠ আঁটিতে হইলে ফিঙ্গা করিতে হয়।

ফিচাল...ণ. (ফাজিল কিংবা ফিকির হইতে)। ধূর্ত শঠ।

ফিট...ধাতু. (সং স্ফট ধাতু বি-সরণে। ও° ম° ফিট ধাতু মোচন, বিসর্জন। বা°তে ব্যবহার আছে। ফির, ফাঁট, ফেট ধাতু দেখ)। ফিটি —মুক্ত হই, খুলি, প্রাঃ—সূতা ফিটিয়াছে—জড়ানা খুলিয়াছে। ফেটা॥

ফিট...ণ. (সং স্ফিট ধাতু আবরণে)। সু-পরিচ্ছন্ন। ফিট বাবু...লম্বশাটপটাবৃত। ফিট-ফাট...ণ. (ফাট উপচর শব্দ)। সুপরিচ্ছন্ন।

ফিড়, ফিঁড়...ধাতু. (সং স্ফিট, ফিট্ট ধাতু হিংসায়। ও° ফেড় ধাতু)। ফিড়ি—বলে বহিষ্কৃত করি, টানিয়া বাহির করি, প্রাঃ—গোরু চালের খড় ফিড়িয়া খাইতেছে; ফাড়িয়া চালের খড় (কবিকঃ)—বোধ হয় ভুলে ফাড়িয়া। (ও° ম° ফিট ধাতুর প্রায় এই অর্থ)। ফেড়া, ফেঁড়া॥ ফেড়া, ফেঁড়া...ধাতু. (ফিড়, ফিঁড় ধাতু আস্তে)। ফেড়ানা, ফেঁড়ানা॥

ফিতা...ষ্য. (পর্তু° fita—ribbon)। পৃথক বোনা বস্ত্রপটী বা পাড়ি।

ফিন...বা. (বোধ হয়, ফুল কিংবা স্ফুলিঙ্গ হইতে)। শ্বেতপুষ্পবৎ প্রকাশে, প্রাঃ—জোছনায় ফিন ফুটিয়াছে—যেন চারিদিকে শাদা ফুল ফুটিয়া আছে।

ফিন্-ফিনা...ণ. (সং বিন্দু হইতে)। বিন্দু-বিন্দু আকারের, প্রাঃ—ফিন্‌ফিনা বৃষ্টি; ফিন্-ফিনা কাপড়—যে কাপড় এত পাতলা যেন বিন্দুযোগে নির্মিত। ফিন্-ফিন ..বা. বিন্দুপুঞ্জ আকারে।

ফিন্‌কি ..ষ্য. (সং স্ফুলিঙ্গ)। স্ফুলিঙ্গ, প্রাঃ—আগুনের ফিনকি উঠে।

ফির ..ধাতু. (হি° ম°-তে ফির, ও° ফের ধাতু বা° ফির ধাতুর অর্থে আছে। সং স্ফুর, স্ফুল, স্ফুট, স্ফর, স্ফল ধাতু এক। অর্থ, স্ফুরণ, প্রকাশ, দীপ্তি, সঞ্চলন, কম্পন। এই সকল ধাতু হইতে ফির ধাতুর সব অর্থ আসে না। সং প্রত্যাবৃত্ত শব্দের অর্থ বা° ফির ধাতুর আছে। হয় ত প্রতি—উপসর্গ হইতে ফির।

তু॰ পর ধাতু)। ফিরি—প্রত্যাবৃত্ত হই, প্রঃ—ফিরিয়া আইস, প্রঃ—ফিরে যদি দেখা হয় ফিরে কি চাহিবে (ভাঃ)—পুনর্বার দেখা হইলে মুখ ফিরাইয়া দেখিবে কি ? ; পরিবর্তিত হই, প্রঃ—নদীর ঘোলা জল ফিরিয়াছে—নির্মল হইয়াছে ; মলমূত্র ত্যাগ করিয়া আসি, প্রঃ—বাহে প্রস্রাব ফেরা। ফেরা॥ ফের ··ষ্য. পরিভ্রমণ ; বিঘ্ন, প্রঃ—ফেরে পড়া। ফের-ফার···ষ্য. (ফার—প্রচর শব্দ)। পরিবর্তন, একের স্থানে অন্যের স্থাপন। ফেরা-ঘোরা ··ষ্য. (সহচর শব্দ)। প্রত্যাবর্তন, বৃথা আনা-গনা। ফিরা, ফেরা···ধাতু. (ফির ধাতু আন্তে)। ফিরান', ফেরানা॥ ফেরা-ফেরি · পাঠাইয়া আনা, আনিয়া পাঠানা। সূতা ফেরানা, ফিরানা···এক নাটাই হইতে অন্য নাটাইতে আনা। (হি॰ পির ধাতু। ফিট ধাতু দেখ)।

ফিরে ··ব্য. পুনর্বার। ফের দেখ।

ফিরকী ··ষ্য. (ফির ধাতু হইতে। ফির+কীল?)। জালানার কপাট বন্ধ করিবার কাষ্ঠখণ্ড। ইহা ঘুরিতে পারে।···ণ. এক ফের বা পুব আছে যাহাতে, প্রঃ—ফিরকী টগর, গেঁদা।

ফিরঙ্গ, ফিরাঙ্গি···ফিরিঙ্গী দেখ।

ফিরিঙ্গী···ষ্য. (ই॰ Frank হইতে। ভাবপ্রকাশে ফিরঙ্গাধিকারে ফিরঙ্গরোগ চিকিৎসাদি আছে। "ফিরঙ্গসংজ্ঞকে দেশে বাহুল্যেনৈব যদ্ভবেৎ। তস্মাৎ ফিরঙ্গ ইত্যুক্তো ব্যাধির্ব্যাধিবিশারদৈঃ॥ ফিরঙ্গস্ত্রী ফিরঙ্গিণী।" ভাবপ্রকাশ-কারের সময়ে (প্রায় চারিশত বৎসর পূর্বে) ফিরিঙ্গীরা এই কুৎসিৎ ফিরঙ্গ-রোগের (উপদংশ) জন্য যেমন প্রসিদ্ধ ছিল, জ্যোতিষিক যন্ত্রনির্মাণেও তেমন ছিল। সূর্য্যসিদ্ধান্তের টীকাকার রঙ্গনাথ (বারাণসীবাসী, ১৬২৫ শকে=১৬০৩ খ্রিষ্টাব্দে) লিখিয়াছেন, "ইয়ং স্বয়ংবহযন্ত্রবিদ্যা সমুদ্রান্তর্নিবাসিজনৈঃ ফিরঙ্গাখ্যৈঃ সম্যগভ্যস্তেতি।" প্রথম স্বয়ংবহ যন্ত্র (কালনির্দেশক ঘড়ী) এ দেশে নির্মিত হইয়াছিল। ফিরিঙ্গীরা সে যন্ত্রের উন্নতি করিয়াছিল। পাকরাজ-গ্রন্থে ফিরঙ্গরোটী—পাঁওরোটী—বর্ণিত হইয়াছে। বা॰ গ্রন্থের মধ্যে—কবিকঙ্কণে ফিরাঙ্গি শব্দ আছে। ভাবপ্রকাশ-কার ভাবমিশ্রের নিবাস ভারতের উত্তর পশ্চিমে ছিল। অতএব বঙ্গদেশ হইতে ভারতের পশ্চিম পর্যন্ত ফিরঙ্গরোগ ব্যাপ্ত হইয়াছিল)। ইয়ুরোপের খ্রিষ্টান জাতিবিশেষ। প্রথমে ইহারা পর্তুগীজ দস্যু ছিল। এদেশী নারীর গর্ভে ইহারা যে সন্তান উৎপাদন করিয়াছিল, তাহাদের বংশধর এখন ফিরিঙ্গী নাম পাইয়াছে। চাটিগাঁ, নোয়াখালী, বাখরগঞ্জে—এই তিন জেলায় ইহাদের অধিক বাস আছে। বহু দিন হইতে গ্রাম্য নারী ফিরিঙ্গী লোটন (কবরী) বাঁধিয়া আসিতেছে। ফিরিঙ্গীর স্ত্রী এখন মেম, ফিরিঙ্গী এখন সাহেব নাম পাইতেছে।

ফিরিস্তা, ফিরিস্তি ··ষ্য. (ফা॰ ফেহ্‌রিস্‌ত্)। তালিকা, ফর্দ।

ফিরোজা···ষ্য. (ফা॰ ফীরোজা। স॰ পেরোজ)। তুরুষ্কমণি। পেরোজা দেখ।

ফিল ··ষ্য. (ফা॰ ফীল, পীল। স॰ পীলু)। হস্তী। পিল দেখ।

ফিস···ষ্য. (ই॰ fees। ফি শব্দের বহুবচনে)। বেতন।

ফু···ধাতু. (সং স্ফুট ধাতু বিকাশনে, ভেদনে)। ফুই—খুলি, প্রঃ—ফুয়ল কবরী (জ্ঞানদাস) —ফুইল। (অপ্রচলঃ)।

ফুঁই-ফুঁই···ব্য. ফিন্-ফিন, প্রঃ—ফুঁই-ফুঁই বৃষ্টি।

ফুঁক, ফুক, ফুঁ···ষ্য. (সং ফুৎকার। বাং ফুঁ ফুঁক, ওং ফুঁক, হিং ফূঁক, মং ফুঁক। চারি-ভাষাতে সানুনাসিক। অনুকার শব্দ প্রায়ই সানুনাসিক হয়)। ওষ্ঠ-পুট দ্বারা বায়ু প্রেরণ, প্রঃ—বরিষা বাদলে উনানে পাড় ফুঁক (কবিকঃ), এই রন্ধ্রে ফুক দেহ (জ্ঞানদাস)। ফুঁক পাড়া—বহুক্ষণ ধরিয়া বায়ু প্রেরণ করা। ঝাড়-ফুঁক···তন্ত্রমন্ত্র উচ্চারণ করিয়া ফুঁক দিয়া ভূত-প্রেতাদি অপসারণ। ফুঁক ...ধাতু. ফুঁকি—ফুঁক দিই, বায়ু প্রেরণ করি, প্রঃ—ফুঁকে উড়াইয়া (ভাঃ); ফুৎ-কারে নষ্ট করি, অপব্যয়ে নষ্ট করি, প্রঃ—টাকা ফুঁকিয়া দিয়াছে। শিঙ্গা ফোঁকা·· অন্ত্যেষ্টি ক্রিয়াতে কীর্তনগানে শিঙ্গা বাজানা হয়। ইহা হইতে মরা। (অশিষ্ট)। ফুঁকনী···যে নল দিয়া বায়ু প্রেরণ করিতে পারা যায়, চোঙ্গা। ফুকা দুধ···(কলিকাতায়) নিষ্ঠুর গোপাল গাভীর গর্ভাশয়ে বায়ু প্রেরণ করিয়া দুধ বাড়াইয়া যে দুধ পায়। ফোঁকা ...ধাতু. (ফুঁক ধাতু আস্তে)। ফোঁকানা॥

ফুঁক···ধাতু. (রাঢ়ে গ্রাং। হিং ভুক ধাতু। ভুক ধাতু দেখ)। ফুঁকি—ফুটি, বিঁধি, প্রঃ—পায়ে কাঁটা ফুঁকিয়াছে। ফোঁকা॥

ফুক, ফুক্-ফুক··ব্য. (সং ফুৎকার হইতে। ফক্-ফক দেখ)। ফু শব্দে, প্রঃ—পাখী ফুক করিয়া উড়িয়া গেল; অগোচরে পলায়নে, প্রঃ—লোকটা ফুক্-ফুক করিয়া আসিতেছে যাইতেছে।

ফুকর···ষ্য. (সং ভুক। যথা, ভুকং ছিদ্রে চ কালে চ—মেঃ। ভুক+র—ভুকর—ফুকর)। প্রাচীরাদিতে ছিদ্র বা খোপ, প্রঃ—ছাতের ফুকরে পাখী বাসা করে।

ফুকার, ফুকর...ধাতু. (সং ফুৎকার হইতে। কিংবা ফুকর—গোল ছিদ্র হইতে। ওষ্ঠদ্বয় দ্বারা ফুকর করিয়া আহ্বান—ফুকারা। হিং পুকার)। ফুকারি—উচ্চৈস্বরে আহ্বান করি, প্রঃ—বাহিরে ফুকারে লোক (চৈঃ চ) ফুকারা॥ উচ্চৈস্বর, প্রঃ—কান্দি ফুকার করিল (চৈঃ চঃ)। ফুকারিয়া কাঁদা—উচ্চ শব্দ করিয়া কাঁদা। (আহ্বান অর্থে অপ্রচলঃ)।

ফুট···ধাতু. (সং স্ফুট বিশরণে, ভেদনে, বিকশনে, স্ফোটনে)। ফুটি—স্ফুটিত হই, প্রঃ—খই ফোটে, ফটকা ফোটে; বিকশিত হই, প্রঃ—ফুল ফোটে; বিদ্ধ হই, প্রঃ—কাঁটা ফোটে; ছিদ্র হই, প্রঃ—হাঁড়ী ফুটিয়া গিয়াছে। ফুটা, ফোটা॥ মুখ ফুটিয়া কথা কহা—মুখ বিকশিত করিয়া, স্পষ্ট করিয়া। বুক ফাটে ত মুখ ফাটে না—অন্তরে জ্বালা থাকিলেও বাক্যে প্রকাশ নাই। ফুট ···ষ্য. স্ফোটন, প্রঃ—তাপ পাইলে গুড়ের তেলের ফুট ধরে; প্রয়োগ নিমিত্ত সামান্য ঔষধ (সং পুট্ হইতে?)। ফুটনা···খাদাল সোনা রূপা গলাইয়া ঢালিবার সময় যে বায়ু-স্ফোট জন্মে। ফুট-কলাই··ভাজা মটর কলাই। ফুটকী···বিন্দুচিহ্ন, প্রঃ—ব এর নীচে ফুটকী দিলে র হয়। (ফোটকা—বড় চিহ্ন)। ফুটি···ষ্য. (সং স্ফুটি। স্ফুটি নির্ভিন্ন-কর্কটীশস্যে—মেঃ)। কুষ্মাণ্ডাদিবর্গের কৃষি-ফল-প্রতানীবিশেষ (Cucumis melo, var. momordica)। কাঁকুড় সদৃশ ফল,

কিন্তু লম্বা, চিক্কণ, হরিদ্রা ও হরিতবর্ণমিশ্রিত। পাকিলে ফাটিয়া যায়। প্রঃ—ফুটি হেন মাটি ফাটে (ভাঃ)। ফুটা ··ষ্য. স্ফোটন। ণ. ছিদ্রযুক্ত, যেমন ফুটা হাঁড়ী। ফুটা-ফাটা ··ণ. (সহচর শব্দ)। ছিদ্রযুক্ত ও ফাটা। ফুট্-ফুট ···ব্য. বায়ুজন্য স্ফোটন শব্দে, প্রঃ—অজীর্ণে পেট ফুট্-ফুট করে; স্ফুট বা প্রফুল্লভাবে, প্রঃ—ছেলেটি ফুট্-ফুট করিয়া চাহিয়া আছে। ফুট্-ফুটা, ফুট্-ফুটিয়া, ফুট্-ফুট্যে...ণ. প্রফুল্ল. সুশ্রী। ফুটা, ফোটা ·· ধাতু. (ফুট ধাতু আস্তে)। ফুটানা, ফোটানা॥

ফুট···ষ্য. (ই° foot)। ইংরেজী মাপবিশেষ, ১২ ইঞ্চি পরিমাণ। ফুট-বল ··ষ্য. (ই° foot ball)। পা দিয়া ছুঁড়িবার বায়ুস্ফীত গোলক, এইরূপ গোলক লইয়া খেলা। ফুট-পাথ···ষ্য. (ই° foot-path)। (স°—) পদ্যা, পায়ে চলিবার পথ।

ফুড়, ফুঁড়...ধাতু. (স° স্ফুট, স্ফুণ্ট, স্ফুণ্ড ধাতু ভেদনে)। ফুড়ি, ফুঁড়ি—বিদ্ধ করি, প্রঃ—গাজনে সন্ন্যাসী জিব ফোড়ে; ছিদ্র করি, ফোড়ে হইলে সংশয় (কবিকঃ)। ফোড়া॥ তুলা ফোড়া · (স° তুলস্ফোটন)। আছাড় বা ছড়ী দিয়া তুলা প্রসারণ। ফোড়া ...ধাতু. (ফুড় ধাতু আস্তে)। ফোড়ানা॥ ফুড়্-ফুড় ··ব্য. ফুড় শব্দে (প্রায়ই ফুট্-ফুট কিংবা ফুর্-ফুর্)। ফুড়ুৎ-ফুড়ুৎ···ব্য. (ফুড়+অৎ। ফু—উ আছে বলিয়া অৎ স্থানে উৎ)। ফুড়্-ফুড় শব্দে, যেমন হুকাতে তামুক খাইবার সময়। ফুড়ুং, ফুড়ুৎ···ব্য. ফুড় শব্দে, প্রঃ—পাখী ফুড়ুং করিয়া উড়িয়া গেল।

ফুঁপ ··ধাতু. (ফাঁপ ধাতুর রূপান্তর)। ফুঁপি—স্ফীত হই, প্রঃ—কেহ যদি পিট নেয় ফাঁপে ফোঁপে গা (মাঃ)—পিট নেওয়া প্রতিদ্বন্দ্বী হওয়া। ফুঁপা, ফোঁপা॥ ফুঁপা, ফোঁপা... ধাতু. (ফুঁপ ধাতু আস্তে)। ফোঁপাই—স্ফীত করাই, প্রঃ—ফোঁপাইয়া ফোঁপাইয়া—ফুঁপিয়ে ফুঁপিয়ে—কাঁদা—পেট ফোলাইয়া, কাজেই দীর্ঘনিশ্বাস লইয়া। ফোঁপানা॥

ফুপা ··ষ্য. (হি° ফুপ্ফা। স° পপু—ধাত্রী—শব্দকল্পঃ)। পিসা। স্ত্রী° ফুপী—পিসী। (মুসলমানী ভাষায়)।

ফুপি, ফুঁপি ··ষ্য. (স° পুষ্প হইতে। স°প্রা°, প্রাচীন বা° পুপ্ফ)। নূতন বস্ত্রের সূতার অগ্রভাগ (পাটের কাপড়ে অধিক উঠে); বাজু তাবিজ প্রভৃতি অলঙ্কারের পুষ্পাকারে রচিত লম্বিত সূত্রগুচ্ছ।

ফুফু ··ষ্য. (স° পপু—ধাত্রী)। ধাত্রী। (মুসলমানী ভাষা)।

ফুরকনা ··ষ্য. (স° স্ফোটক+না ক্ষুদ্রার্থে)। ক্ষুদ্র স্ফোটক (ফোড়া নহে), পীড়ক।

ফুরণ ··ষ্য. (স° পূরণ)। চুক্তি, নির্দিষ্ট কাজের মূল্য। (ফুরা ধাতু দেখ)।

ফুরসৎ···ষ্য. (আ°)। অবকাশ, প্রঃ—এখন ফুরসৎ নাই; বিদায়।

ফুরা ··ধাতু. (স° পূর্ণ, পূর্তি হইতে)। ফুরাই—পূর্ণ হই, সমাপ্ত হই, প্রঃ—আমার কথাটি ফুরাল। ফুরানা॥ ফুরান···কাজ পূরণ করিবার মূল্য বা বেতন; পূর্ণ করিবার বেতন। ফুরান করা—কাজ পূর্ণ করিবার বেতন নির্ধারণ। ফুরানিয়া ··ণ. (ফুরান+ইয়া)। যে কাজ চুক্তি করিয়া লওয়া হইয়াছে।

ফুরুশ···ষ্য. (?)। ধাতক্যাদি-বর্গের উদ্যান-

জাত পুষ্প ক্ষুপবিশেষ (Lagerstrœmia indica)। ফুল বড় বড়, লাল, তাম্র কিংবা শাদা, বর্ষা আরম্ভে ফুটে। ফুল ষট্‌দল কুঞ্চিতধার। কেশর অনেক।

ফুর্তি…ষ্য. (সং স্ফূর্তি)। স্ফূর্তি, উল্লাস।

ফুল…ধাতু. (সং ফুল্ল ধাতু বিকাসে। তুং সং স্ফুর স্ফুল ধাতু প্রকাশে, স্ফুট ধাতু বিকসনে। ফল ফলে, কিন্তু ফুল ফোলে না, ফোটে)। ফুলি—পুষ্পিত হই, প্রাঃ—ধানগাছ ফুলিয়াছে; ফুল্ল বা স্ফীত হই, প্রাঃ—আঙ্গুল ফুলিয়া কলাগাছ, পেট ফুলিয়া ঢাক। ফুলা, ফোলা॥ ফুল…ষ্য. (সং ফুল্ল। কিংবা বাং ফুল ধাতু হইতে)। যাহা প্রফুল্ল হয় বা ফোটে, বৃক্ষের পুষ্প; প্রথম স্ত্রীরজঃ, প্রাঃ—ফুল দেখা; গর্ভ-পোষণী (সং অমরা। after-birth or placenta); দেহের শ্বেত কুষ্ঠ বা ধবল রোগ; বৃক্ষ-পুষ্পাকারে নির্মিত স্বর্ণাদির ভূষণ, প্রাঃ—নারিকেল-ফুল মাথার ফুল; বস্ত্রাদিতে রচিত পুষ্পাকৃতি। ফুল তোলা, পাড়া—বৃক্ষ হইতে পুষ্প মোচন; ফুল ছেঁড়া—পুষ্প ছেদন। বিবাহের ফুল ফোটা—বিবাহ-রূপ পুষ্প প্রসব হওয়া। ফুল দেওয়া—দেবের চরণে অর্পণ। ফুল চড়ানা—দেবের মস্তকে স্থাপন। ফুল পড়া—দেবের সন্তোষ জ্ঞাপনার্থে মস্তক হইতে পুষ্পের পতন; প্রসূতীর জরায়ু-ফুলের বহিরাগমন। ফুল ধরা—বৃক্ষে পুষ্পোদ্‌গম; গর্ভ হওয়া। ফুল-কপি…কপি দেখ। ফুলকা…ষ্য. মাছের শ্বাস প্রশ্বাসের অঙ্গ (gills) (লাল চিরনীর মতন বলিয়া); পুষ্পমঞ্জরী, প্রাঃ—শর-ফুলকা। …ণ. ফুল্ল, প্রাঃ—ফুলকা লুচী। ফুলকারী…ষ্য. (হিং)। কাপড়ে তোলা ফুল। ফুল-খড়ী…খড়ী দেখ। ফুল-ছড়ী…পুষ্পিত বৃক্ষের অনুকরণে শোলার পাতা-ফুল-যুক্ত গাছ (ছড়ী—গাছ)। ফুল-টুকী ষ্য. শাখাশ্রয়ী বর্গের অতি ক্ষুদ্র পক্ষীবিশেষ (Honey-birds)। এত ক্ষুদ্র যে হাতের মুঠার মধ্যে লুকাইতে পারা যায়। ঠোঁট লম্বা ও গোল। ফুলে বসিয়া মধু খায়। ছোট বলিয়া টুকী, মধুপায়ী বলিয়া ফুল। প্রাঃ—ফাঁদভাঙ্গা ফুল-টুকি ফুলে মধু খায় (মাঃ)। (ফাঁদভাঙ্গা কোন্ পাখী?)। ফুল-দোল…শ্রীকৃষ্ণের দোলন-যাত্রাবিশেষ। ফুলধনু, ফুলশর…কন্দর্প, কন্দর্পের ফুলময় ধনু, ফুলময় বাণ। ফুল-বড়ী…ছোট ফোলা বড়ী বা পিষ্টকবিশেষ। ফুল-বাড়ী…(সং পুষ্পবাটিকা)। পুষ্পোদ্যান। ফুল বাতাসা…ফুল্ল বাতাসা (বাতাসা দেখ)। ফুল-বাবু…বেশভূষায় প্রফুল্ল ধনীসন্তান। ফুলম্-পাড়…ফুল-বিশিষ্ট পাড় (বস্ত্রের)। ফুলম্-পাড়িয়া, ফুলম্-পেড়ে৷…ফুলম্-পাড়বিশিষ্ট। (ফুল—ফুলম্—সং রূপ-দেওয়া শব্দ)। ফুল-শয্যা…বর-কন্যার পুষ্পশয্যা। (পুষ্প-শয্যা হইতে জানা যায় যে, সেকালে 'গৌরী' কন্যা বিবাহ ছিল না! বাস-ঘরে শিশু কন্যার সহিত কিংবা বালক বরের সহিত হাস্য-পরিহাস কদাপি সঞ্জাত হয় না। বাসর দেখ।)। ফুল-শোলা…শোলা দেখ। ফুলা, ফোলা… ণ. স্ফীত। ফুলারী, ফুলরী…ষ্য. (তুং হিং ফুলারী)। ভাজা ফোলা বড় বড়ী বা মিষ্টান্নবিশেষ। ফুলারু…পীত বা শ্বেতবর্ণ জমিতে লাল ফুল-তোলা বস্ত্র; রঙ্গিন বস্ত্রবিশেষ। ফুলী…ষ্য. পুষ্পমঞ্জরী, প্রাঃ—শর-ফুলী;

দোড়ী কিংবা সুতা জড়াইয়া পিণ্ড। (কেঁড়ো—যাহার ভিতরে কাঠি থাকে); চক্ষুরোগবিশেষ, প্রঃ—প্রবোধচন্দ্রিকা। (অপ্রচলঃ) (সং পুষ্পক)। ফুলেল…ষ্য. (ফুল+তেল=ফুলেল। ত লুপ্ত)। ফুল দ্বারা সুবাসিত তেল। (ফুলেল তেল=ফুল-তেল তেল। সুতরাং তেল শব্দযোগ অনাবশ্যক। হিং ফুলল)।

ফুল ‥ণ. (ইং full)। পূর্ণ বা পুরা প্রঃ—ফুল পঞ্জিকা, ফুল পাঁজি—বৃহৎ পাঁজি, যাহাতে সব সংবাদ আছে। ফুল মোজা · লম্বা মোজা।

ফ্লুট ‥ষ্য. (ইং flute)। যে বাঁশী পাশে ফুঁক দিয়া বাজাইতে হয়, মুরলী।

ফুস্‌কড়ি, ফুস্‌কুড়ি ‥ষ্য. (সং স্ফোটক-কলি। তুং মং ফুটকল্লী)। ক্ষুদ্র স্ফোট।

ফুস্‌-ফুস্‌…ফস্‌-ফস দেখ। ফুস্‌-ফুসি ‥ষ্য. (সং ফুস্ফুস, ফুপ্‌ফুস্‌)। বক্ষে রক্ষিত প্রাণবায়ুর আশয় (lungs)। ফুস্‌-ফাস…ষ্য. (ফাস—উপচর শব্দ)। গোপনে পরামর্শ।

ফুসলা ‥ধাতু (চারি ভাষাতেই ফুসলা। ফুস্‌-ফুস করিয়া শৈলী? ফুস্‌-শৈলী—ফুস্‌-শলা—ফুসলা?)। ফুসলাই—ফুস্‌-ফুস করিয়া মন্ত্রণা দিই, কুমন্ত্রণা দিই। ফুসলানা॥

ফেউ…ষ্য. (সং ফেরু—শৃগাল। যথা, ফেরু ফেরবজম্বুকাঃ—অঃ। ফে ইতি রৌতি—ফেরু; ফে ইতি রবোঽস্য—ফেরব। ফে রব করে বলিয়া ফে। বাংতে ফেউ)। শৃগাল। (শিয়াল না ক্ষেপিলে ফেউ ডাকে না। ক্ষেপিলে কুকুরের মতন ঘেউ-ঘেউ বা ফেউ-ফেউ ডাকে)। ফেউ ডাকা—ক্ষিপ্ততার লক্ষণ প্রকাশ করা।

ফেকড়া…ফাকড়া দেখ। ফেকড়ী…ষ্য. (তুং মং ফাকল্লী)। ক্ষুদ্র শাখা।

ফেকা, ফেকো…ষ্য. (সং ফল্গু—ফাগ, কিংবা ফাকি—চূর্ণ হইতে)। অত্যন্ত কায়িক কিংবা মৌখিক শ্রমজাত শুষ্ক থু-থু, প্রঃ—ফাঁফর হইনু দেখ মুখে উড়ে ফেকো (ভাঃ)। ফেকা,ফেকো উড়া—শুষ্ক থু-থু বাহির হওয়া।

ফেকাসিয়া, ফেকাসে ‥ণ. (ফিকা+সা—ফিকাসা+ইয়া। সংপিঞ্জা—হরিদ্র। পিঞ্জা+সা+ইয়া—হরিদ্রা সাদৃশ্যবিশিষ্ট। রাঢ়ে ফিঁকা রং, কিন্তু ফেঁকাসিয়া নহে। সং পিঞ্জাশ বাং পাঞ্জাশ। ইহার রূপান্তর? আং ফাকা হইতে?)। আপাণ্ডুর, ঈষৎ হরিদ্রা-বর্ণ।

ফেচ্‌-ফেচ · ফচ্‌-ফচ দেখ।

ফেচাং ‥ষ্য. (সং প্রবন্ধ হইতে?)। বিঘ্ন।

ফেট ‥ধাতু. (সং স্ফিট ধাতু। ফিট ধাতু দেখ)। ফেটি—খুলি, প্রঃ—পুনরপি দ্বার ফেটি দেউল প্রবেশিল (চৈতন্যমঙ্গল)। ফেটা॥ ফেটা ‥ধাতু. (ফিট, ফেট ধাতু আছে)। ফেটাই—বিস্তার বিসরণ করি, বায়ুযোগে ফুলাই,প্রঃ—দাইল-বাটা ফেটানা। ফেটানা॥ (ফেনা ধাতু দেখ)।

ফেটা…ষ্য. (সং ফটা—সর্পফণা। ওং মং ফেটা, হিং মং ফেঁটা—পাগ। কিংবা সং বেষ্ট হইতে)। সর্পফণার আকারে পার্শ্বে বিস্তৃত পাগড়ীবিশেষ; সর্পফণার আকারের জাল-বিশেষ (জাল দেখ); সূতার মালা কিংবা মাল্যাকারে সূত্র। ফেটী…ষ্য. ছোট ফেটা বা সূতার নথী। (বোধ হয় বাং ফিট, ফেট ধাতু হইতে। যাহা ফিরানা হইয়াছে তাহা ফেরী—ফেটী)।

ফেড়া···ফিড় ধাতু দেখ। ফড়া দেখ।

ফেঁড়ারী···ষ্য. (বোধ হয় ফের+আরী—ফেরারী—ফেড়ারী—ফেঁড়ারী। কিংবা সং বেষ্টনী)। গ্রাম্য বালিকার এক ফের পরার কাপড়। (কাপড় ফাড়িয়া ফেঁড়ারী নহে, একবারে বোনা হইত। অধুনা প্রায় উঠিয়া যাইতেছে)।

ফেঁতী···ণ. (পাতি শব্দের রূপান্তর)। সামান্য, নগণ্য, প্রঃ—ফেঁতী কুকুর, ফেঁতী কাজ।

ফেন···ষ্য. (সং ফেণ, ফেন হইতে। কোথাও কোথাও মণ্ড—মাঁড় শব্দ চলিত আছে। সং পিচ্ছা হইতে হিং পীচ, ওং পেজ, মং পেজ)। ভাত রাঁধিলে যে ফেণময় জল হয়। (ভাতের মাঁড়—ভাত গলাইলে যে আঠা হয়)। ফেন্-ফেনিয়া, ফেন্-ফেন্সে ··ণ. ফেন-তুল্য পাতলা কিংবা স্বাদহীন। ফেনসা···ণ. (ফেন+সা)। ফেনসদৃশ, স্বাদহীন। ফেনা···ষ্য. (সং ফেন, ফেনক)। নদ্যাদির বায়ু-বুদ্‌বুদপুঞ্জ; মুখের ফেনপুঞ্জ, প্রঃ—সাপে কাটিলে মুখ ফেনা বাটে—যেন বাটিয়া ফেনা নির্গত করে। ফেনা···ধাতু. ফেনাই—ফেনাময় হই, প্রঃ—নদী ফেনাইয়াছে; ফিটিয়া ফেনা উৎপাদন করি, ফিটাই, প্রঃ—বাটা ডাল ফেনাইয়া বড়ী দেওয়া; বিস্তরিত, পল্লবিত করি, প্রঃ—এক কথা ফেনাইয়া শত কথা করা। ফেনানা॥ দৃষ্টান্তে, এক হেঁশেলে তিন রাঁধনী পুড়ে ম'ল ফেন-গালনী—ভাতের ফেন যে গালে—নির্গলিত করে—সে ফেন-গালনী। বহুর মধ্যে এক জনকে দোষী মনে করা।

ফেনী···ষ্য. (সং ফণা হইতে। ওং মং ফণা)। কলা প্রভৃতির ফলগুচ্ছ, যাহা সর্পফণার আকারে ধরে।...ণ. (সং ফাণিত)। ফুল-বাতাসা।

ফে-ফে···ব্য. (ফেকা হইতে। তুং মং ফেঁ-ফেঁ—ক্লান্তিতে)। বৃথা আনা-গনা, প্রার্থনার নিমিত্ত নিষ্ফল আনা-গনা, প্রঃ—ফে-ফে করিয়া বেড়ানা।

ফের ··ব্য. (উর্দু ফির। হিং ফির, মং ফিরূন। ওংতে নাই। সং দ্বি-বার—বার হইতে ফের ?)। আর বার, পুনঃ।

ফের...ষ্য. (সং বেষ্ট হইতে)। বেষ্টন, বেড়, প্রঃ—ফের দিয়া কাপড় পরা, দু-ফের কাপড়।

ফের ··ষ্য. (ফির ধাতু দেখ)। প্রত্যাবর্তন; সঙ্কট, প্রঃ—কপালের ফের; তালবাদ্যের পুনরাবর্তন (তাল দেখ)। ফের-ফার···অদল-বদল। ফেরৎ···ণ. প্রত্যাবর্তনকারী, প্রত্যাবৃত্ত, প্রঃ—ফেরৎ ডাকে উত্তর পাঠাইবে। ফেরতা ··ণ. যাহা প্রত্যাবৃত্ত হইতেছে, যেমন ফেরতা নৌকা; প্রত্যা-বর্তন, যেমন ফেরতা ভাড়া। ফেরা···ফির ধাতু দেখ।

ফেরা ··ষ্য. (ওং মং ফরা। বোধ হয় বাংতে ফারা শব্দ। ফারুয়া, ফেরো দেখ)। চুন শুরকি মাপিবার পরিমাণ-পাত্র।

ফেরার···ণ. (আং ফরার)। পলায়িত, লুক্কায়িত (আদাঃ)। আসামী ফেরার—লোক পলাইয়াছে। ফেরারী ··ণ. ফেরার হইয়াছে যে।

ফেরি···ষ্য. (ফির ধাতু)। যাত্রাগানে গায়ককে যে অল্প পুরস্কার দেওয়া হয়, পেলা। ফেরি ·· ঘুরিয়া ফিরিয়া বিক্রয়। ফেরি-আলা (হিং ফেরিবালা)···ষ্য. যে বাড়ীতে বাড়ীতে গিয়া বিক্রয় করে।

ফেরেব···ষ্য. (ফা° ফরেব—বঞ্চনা। তু° স° ফেরেব—ধূর্ত, ই° fraud)। বঞ্চনা। ফেরেব-বাজ···ণ. ধূর্ত। ফেরেব-বাজি··· ধূর্তপনা।

ফেরো···ষ্য. (স° ফার—বিস্তার। ফার+উয়া—ফারুয়া—ফেরো। হি° ফরবা, ও° ফরুআ—কাঠের বাটী)। চুমকী অপেক্ষা ছোট, কিন্তু, মোটা-ফাঁড় ঘটী।

ফেল···ধাতু. (স° ফেল ধাতু গতি। অমরে, ফেলা ভুক্তসমুজ্ঝিতং। স° ফেলম্, ফেলক, ফেলা, ফেলি, ফেলিকা, ফেলী—শব্দসমূহের অর্থ ফেলা ভাত—ভুক্তাবশিষ্ট—শব্দকল্পঃ। চৈঃ চঃ-তে, কৃষ্ণের যে ভুক্তশেষ তার ফেলা নাম। অতএব ফেল ধাতু ত্যাগে হইয়াছে। তু° পেল ধাতু)। ফেলি—ত্যাগ করি, অবজ্ঞায় ত্যাগ করি, প্রঃ—পাতের ভাত ফেলিয়া দেওয়া। ফেলা॥ ফেলা-ছোঁড়া ··ণ. (প্রায় সহচর শব্দ)। ত্যক্ত-নিক্ষিপ্ত। ফেলা ভাত···ভুক্তাবশিষ্ট ভাত। ফেলা...ধাতু. (ফেল ধাতু আস্তে)। ফেলানা॥ ফেলা··· ধাতু. (স° ফেলা শব্দ হইতে)। ফেলাই—নিক্ষিপ্ত করি, প্রঃ—অনলে ফেলিল গৌরী অনল সহিতে নারি ফেলাইল জাহ্নবীর নীরে (কবিকঃ), আশ্রমে চলিলা ভিক্ষাপাত্র ফেলাইয়া (ভাঃ), লুটে লয়ে বেড়ি দিয়া ফাটকে ফেলায় (ভাঃ), ফেলাইলা কনক-বলয় দুরে (মেঘনাদবধ)। ফেলানা॥ (ফেলা আস্ত ধাতু প্রচলিত আছে। অন্য দ্বারা নিক্ষেপ না বুঝাইলে ফেলা ধাতু বসে না। অতএব ফেল ধাতু স্থানে ফেলা ধাতু প্রয়োগ ভাষা মনে হয়। তু° খেলা ধাতু)। ফেল্‌না ···ণ. ফেলিত, উচ্ছিষ্ট, হেয়।

ফেল···ণ. (ই° fail)। বিফল, প্রঃ—পরীক্ষায় ফেল হইয়াছে; উত্তরণে অশক্ত, প্রঃ—ষ্টীমার ফেল হওয়া।···ষ্য. নাশ, প্রঃ—ব্যবসা ফেল করা। পাশ-ফেল...ষ্য. পরীক্ষায় সাফল্য ও বৈফল্য।

ফেল-জামিন···ষ্য. (আ° ফেল—কর্ম)। সদ্-ব্যবহার নিমিত্ত লোকের জামিন। (আদাঃ)।

ফেল্‌ফেল...ষ্য. (ভেল্‌-ভেল দেখ। ভেল্‌-ভেল—স° বিহ্বল। কিংবা মূল শব্দ ফাল্‌ফাল। স° স্ফারি, স্ফালি ধাতু বিস্ফারিত)। বিস্ফারিতনেত্রে, প্রঃ—মূর্খে না বুঝিতে পারে ফেল্‌-ফেল চাহিয়া—বুঝিতে না পারিলে মূর্খে চোখ বিস্ফারিত করে।

ফেলসানি ··ষ্য. (আ° ফেল—কর্ম, সানি—দ্বিতীয়। ইহা হইতে)। ব্যভিচার হেতু গর্ভ। (আদাঃ)।

ফেলা ··ফেল ধাতু দেখ।

ফেলানেল, ফ্লানেল··ষ্য. (ই° flannel)। পশমী কোমল ফাঁপা বস্ত্রবিশেষ।

ফেঁশো, ফাঁশুয়া ··ষ্য. (স° পাশ হইতে)। কাপড় বুনিবার সময় যে আঁশ বা ফুপি উঠে।

ফেসাদ...ষ্য. (আ° ফসাদ)। কলহ, বিপদ। ফেসাদিয়া ··ণ. যাহাতে কলহ হইতে পারে, যেমন কাজ; কলহকারী। ফেসাদী ··ণ. কলহপ্রিয়, কলহঘটিত।

ফৈজৎ···ষ্য. (আ° ফজিহৎ)। ভর্ৎসনা, নিন্দা। গালি-ফৈজৎ···(সহচর শব্দ)। গালি, প্রঃ—গাঃ করা।

ফৈরাদী (গ্রা°)···ফরিয়াদী।

ফোকর···ফুকর দেখ।

ফোকলা...ণ. (ফকলা দেখ। কিংবা বা°

ফোকর—ছিদ্র। তু° হি° ফোকল, ম° পোকল্ল—শূন্য)। দন্তহীন। কথায়, কত সাধ হয় চিতে ফোকলা দাঁতে মিশী দিতে—দন্তহীন হইলে মিশী লাগাইবে কোথায় ?

ফোটা, ফোঁটা...ষ্য. (স° স্ফুট হইতে। তু° স° স্ফাটক—জলবিন্দু। ও° টোপা, তেলুগু বোট্টু, ম° থেঁব—স° বিন্দু)। জল-স্ফোট; ভ্রূদ্বয়ের মধ্যস্থলে গোল রঞ্জিততিলক। ফোটা ফোটা বৃষ্টি...বড় বড় বিন্দুর আকারে।

ফোড়, ফোঁড় ..ষ্য. (ফুড় ধাতু দেখ)। বেধন, ছিদ্র। ভুঁই-ফোড়, ভুঁই-ফোঁড় ..ণ. ভূমি স্ফুটিত করিয়া উৎপন্ন, উৎপত্তিহীন। ফোড়, ফোর...দুই পৃষ্ঠ ভেদ করিয়া ছিদ্র।

ফোড়ন, ফোড়ং...ষ্য. (ফুড় ধাতু দেখ। ও° পাঁচ ফোড়ং, হি° ফোরন, ম° ফোড়ণী)। ব্যঞ্জনাদি সুবাসিত করিতে ঘৃত কিংবা তৈলে যে মশলা ফুটানা হয়। পাঁচ-ফোড়ং—জীরা, কালজীরা, মেথী, মউরী, রাঁধনী। প্রঃ—সাস্তালিবে জোঁয়ানি ফোড়ন দিয়া (কবিকঃ)। (কোথাও কোথাও সম্বরা বলে)। কথায় ফোড়ং দেওয়া—ক্রোধোদ্দীপক টীকা করা।

ফোড়া...ষ্য. (স° স্ফোটক)। দেহের স্ফোটক (boil)। নুন-ফোড়া...নুন ছালে জাত ব্রণ। বয়স-ফোড়া ..(স° ব্ররণ্ড)। যৌবনে মুখে যে স্ফোটক হয়, যৌবনকণ্টক (pimples)। বিষ-ফোড়া...(স° বিস্ফোটক ? যে স্ফোটক বিষায় ?)। বড় ফোড়া। লোম ফোড়া ..লোমমূলে জাত ব্রণ। ফোড়া বিষানা—যেন বিষ প্রবেশ করিয়াছে,এমন যাতনা হওয়া।

ফোঁপরা...ণ. (ফাঁপ+রা)। শূন্যগর্ভ। (ফোর দেখ)।

ফোঁপল...ষ্য. (তু° ম° পোফল—স° পূগফল। পূগ সাদৃশ্যে)। তাল-নারিকেলাদির নবাঙ্কুর। আঁঠির মধ্যে থাকে, প্রথমে স্ফীত সুপরীর মতন দেখায়।

ফোঁপা...ফুঁপ ধাতু দেখ।

ফোয়ারা...ষ্য. (আ° ফব্বারাহ্। হি° ও° ফুআরা)। কৃত্রিম উৎস।

ফোর ..ষ্য. (স° ভুক—ছিদ্র; ভুক+র—ফুকর—ফোর)। ছিদ্র, রন্ধ্র, প্রঃ—আশুকা পিঠার ফোর গণা। ফোরা...ণ. (ফোর +আ। ও° হি° পোলা। স° পুলাক—শূন্যগর্ভ ধান। পুলাক হইতে?)। ফাঁপা, প্রঃ—ফোরা বাঁশ।

ফোঁস, ফোঁস্-ফোঁস...ব্য. (ফস্-ফস দেখ)। সর্পগর্জনে; ক্রন্দনাদি হেতু বদ্ধ-নাসিকার শব্দে।

ফোস্কা ..ষ্য. (ও° ফোস্কা। ম° ফোড, হি° ফোলা, ফোস্কা। বোধ হয় স° স্ফোটক হইতে)। দাহজন্য জলপূর্ণ স্ফোট, প্রঃ—দুই পায়ে ফোস্কা হৈল (চৈঃ চঃ)।

ফৌজ...ষ্য. (আ°)। সেনা। ফৌজদার...সেনানায়ক; মুসলমানরাজত্বসময়ে মাজিস্ট্রেট। ফৌজদারী ..ণ. দেশশাসন-সংক্রান্ত; মাজিস্ট্রেটসম্বন্ধীয়। ফৌজদারী আদালৎ...মাজিস্ট্রেটের বিচারালয়। ফৌজদারি ..ষ্য. মাজিস্ট্রেটের কর্ম; মারা-মারি বা কাটা-কাটি। ফৌজদারী সুপুর্দ করা—মাজিস্ট্রেটের নিকট উপস্থিত করা।

ফৌৎ...ষ্য. (আ°)। মৃত্যু; উত্তরাধিকারী না রাখিয়া মৃত্যু।

ব।

ব ··ষ্য. (সং ব ৰ)। ব্যঞ্জনস্বর্ণ,-অক্ষর-বিশেষ। বাংতে কেবল ব-ফলায় ৰ আছে, অন্য সর্বত্র ব। অতএব বা° বা-দি শব্দ সংস্কৃত-কোষে ব ৰ দুই বর্ণে খুঁজিতে হইবে। সং ব্যাকরণে ৰ পূর্বে অনুস্বার (ং) এবং ব পূর্বে ম হয়। বাংতে কেবল ব থাকাতে প্রায়ই ম হয়। যথা, বশম্বদ—বশংৰদ। বশম্বদ উচ্চারণে বশম্‌বদ্‌। এইরূপ সর্বত্র ম্ব পৃথক উচ্চারিত হয়। (ওংতে ৰ ফলার ৰ, ৰ উচ্চারিত হয়। অন্যত্র ব। হিংতে সংস্কৃত হইতে অপভ্রষ্ট শব্দের আদ্য ব, ব উচ্চারিত হয়। মংতে কিছু অধিক বা-দি শব্দ আছে। আসাংতে কয়েকটা শব্দ মধ্যস্থিত ৰ আছে)।

ব ··ষ্য. (সং ৰ, যথা, গন্ধনে তন্তুসন্তানে পুংস্ত্বের ৰপনে স্মৃতঃ—মেঃ)। তাঁতের যে সূত্রনির্মিত ফাঁশে টানার সূতা এক একটী ঝুলিতে থাকে। ব তোলা—ব-এর ভিতর দিয়া টানার সূতা পরানা। ব দুই পাটি—পঙ্‌ক্তি থাকে।

ব ·ব্য. (ফা°)। সহিত অর্থে, যেমন ব-জোরে —জোরের সহিত, ব-কলম—কলমের সহিত।

ব, বহ...ধাতু. (সং ৰহ ধাতু)। (সকর্মক),—ব-ই, বহি—বহন, নয়ন করি, প্রঃ—মোট বহিয়া; আনয়ন করি, প্রঃ—নদী হইতে বইয়া আন; ধারণ করি, প্রঃ—খুঁটী চাল বয়; অপহরণ করি, প্রঃ—মেয়ে বইয়া লইয়া বিবাহ দিয়াছে। (অকর্মক)—স্থায়ী হই, প্রঃ—শরীর আর বয় না; গতিশীল হই, প্রঃ—নদী বহিতেছে, সময় বয়ে গেল, বাতাস বহে, বৎসরের প্রথম ঈশানে বয়—ঈশান দিক হইতে বাতাস বহে। বঅা, বহা॥ বঅনি, বহনি...ষ্য. বহন, বহন বেতন। ছেলেটা বয়ে (বহিয়া) গিয়াছে—ছেলেটার শিক্ষার সময় প্রবাহিত হইয়া গিয়াছে,—দুঃশীল হইয়াছে। বঅা, বহা ···ধাতু. (ব, বহ ধাতু আস্তে)। বঅানা, বহানা॥ বঅাটিয়া, বঅাট্যে···ণ. (বঅা+তা+ইয়া)। দুঃশীল।

বংশ···ষ্য. (সং ৰংশ)। কুল; বাঁশ। বংশজ ···ণ. সৎবংশ-জাত; পূর্বে কুলীনবংশ-জাত,এখন কুলহীন বা ভঙ্গা। বংশ-লোচন ···ষ্য. (সং ৰংশ-রোচনা, বংশ-লোচনা)। বাঁশের মধ্যস্থ শ্বেতবর্ণ দ্রব্যবিশেষ (Tabá-shir. সং তৰকক্ষীর,—a silicious deposit)। সকল বাঁশে সর্বদা বংশ রোচনা জন্মে না। বংশ-শর্করা...বাঁশের শর্করা বিশেষ (manna)। এই শর্করা কথন কথন বাঁশের নির্যাসসরূপ বহির্গত হয়।

বঁ-বঁ, বোঁ-বোঁ···বন্‌-বন দেখ।

বঃ...ব-কলম শব্দ সংক্ষেপে।

বই, বহি···ব্য. (মূলে ব, বহ ধাতু। বইয়া, বহিয়া—পূর্বে বই, বহি পদ হইত)। অতীত হইলে, প্রঃ—তিন সন বই দিবে কর (কবিকঃ); ব্যতীত, প্রঃ—জয় জগন্নাথ বহি আর নাহি শুনি (চৈঃ চঃ)। বই কি... ব্যতীত আর কি। তা বই কি···হাঁ। (প্রায়ই, সন্দেহে)।

বই, বহি···ষ্য. (আ° ৰহী—ঈশ্বরের বাণী। তুং সং বেদ, ইং the Book। কোরাণ ঈশ্বরের বাণী। ইহা হইতে)। পুস্তক, গ্রন্থ। বই পড়া —পুস্তক পাঠ। পড়া বই...পঠিত পুস্তক। বই-পত্র···(পত্র—সমূহ)। বই-টই।

বঁইচি···বেঙ্চ দেখ।

বইঠনা···ষ্য.(বৈঠক দেখ। বৈঠক+না—হ্রস্বার্থে)। ঘরের চালের তীর স্বস্থানে রাখিবার কাঠের ছোট বৈঠক।

বইঠা...বঠিয়া দেখ।

বইন, ব'ন ··ষ্য. (স° ভগিনী, স°প্রা° বহিণী। বহিণী—বহিন—বইন। ও° ভউণী, হি° বহিন, ম° বহীণ। ময়মনসিংহে ভইন, যশোরে বইন; বিদ্যাসাগর বইন। রাঢ়ে ব'ন)। ভগিনী। পু° ভগ্নীপতি (রাঢ়ে), বনাই (পতি—আই)। বইন-ঝী ··ভগিনীর কন্যা। বইন-পো· ·ভগিনীর পুত্র।

বউ··ষ্য.(স° বধূ। বধূর্জায়া স্নুষা স্ত্রী চ—অঃ,—জায়া পুত্রবধূ স্ত্রী-মাত্র—এই তিন অর্থ। হি° বহু—ভার্যা, পুত্রবধূ, বরবধূ। ও° বহু—পুত্রবধূ, বোউ—পিতৃ-বধূ। আসা° বৌ—জ্যেষ্ঠ ভ্রাতৃজায়া, পিতৃ-বধূ, সম্মানে স্ত্রীমাত্র)। নবোঢ়া ভার্যা, প্রঃ—বেটা ঘরে বউ আনে; পুত্রবধূ; স্বজায়া কিংবা ভ্রাতৃজায়া কিংবা নারী মাত্র (সম্বোধনে কিংবা উল্লেখে); বিমাতা (পুত্র দ্বারা সম্বোধনে)। বউ ঝী লইয়া ঘর করা—যুবতী পুত্রবধূ ও দুহিতা। বউড়ী···ষ্য (স° বধূটী—বালিকা বধূ)। বালিকা বা যুবতী বধূ (ঝিঅড়ী বৃদ্ধা হইতে পারে), প্রঃ—কোণের বহুড়ী লয়ে কন্দলে জড়ায় (ভাঃ)। বউয়া···ণ. (বউ+উয়া—বউয়া)। পুত্রবধূ প্রতি অত্যাসক্ত, প্রঃ—বৌও বেটা বুঝেছি নিষ্ঠুর বড় তুই (রামপ্রসাদের বিদ্যাসুন্দর)। বউ-কাঁটকী...ণ. যে শ্বাশুড়ী কিংবা ননদ বউকে সর্বদা বাক্য-বাণে বিদ্ধ করে। বউ-কথা-কও...ষ্য. শাখাশ্রয়ী বর্গের ১৬।১৭ আঙ্গুল দীর্ঘ পাংশুবর্ণ পক্ষীবিশেষ (The Indian cuckoo. Cuculus micropterus)। কোকিলের মতন পরভৃত। পায়ে পালখ আছে, মাথায় শিখা নাই, পক্ষ অপেক্ষা পুচ্ছ ছোট। ডাক হইতে নাম। বউ-বসন্ত·· ছেলেদের খেলাবিশেষ। এক পক্ষ মধ্যস্থলে এক "বউ" রক্ষা করে, অপর পক্ষ অপহরণ চেষ্টা করে। বউ-ভাত···নববধূর রাঁধা ভাত, অন্য নাম পাকস্পর্শ। অন্য গোত্র হইতে বউ আসিয়া স্বগোত্র হইবার লক্ষণ-সরূপ বউ-ভাত।

বউনী···ষ্য. (স° বর্ধনী—বৃদ্ধিকারক। ও° বহিনা; হি° বুহনী, বোহনী)। বিক্রয়-আরম্ভে প্রাপ্ত মূল্য। বউনী করা—মূল্য লইয়া প্রথম বিক্রয় করা, ধারে না দেওয়া।

বউল···ষ্য. (স° মুকুল)। মুকুল। বউলা···ষ্য. আঙ্গুল দিয়া খড়ম ধরিবার কুণি।

বউলী ··ষ্য. (স° বলয়+ঈ)। কর্ণের বলয়াকার ভূষণবিশেষ, প্রঃ—সুবর্ণের কড়ি বউলী (চৈঃ চঃ)। (বীর-বউলী দেখ।

বএস (প্রা°)·· বয়স দেখ।

বক···ধাতু. (স° বচ ধাতু কথনে, ধাতু হইতে স° বাচ্য—দূষণ। তু° স° বুক্ক—ভাষণে)। বকি—অসম্বদ্ধ বাক্য উচ্চারণ করি, প্রঃ—জ্বরে প্রলাপ বকে; ভর্ৎসনা করি। বকা। বকনি...ষ্য. ভর্ৎসনা। বকাবকি ··বাক্-কলহ। বকা-ঝকা ··(স° ধুক্ষ ধাতু হইতে ঝকা। ঝকা অনুচর শব্দ)। ভর্ৎসনা ও তর্জন। বক্-বক · ব্য. বৃথা বচনে,অসন্তোষ-প্রকাশে। বকা...ধাতু. (বক ধাতু আছে)।

বকানা ॥ বকুয়া, বকো···ণ. (বকা+উয়া)। বৃথাবাক্যশীল।

বক, বগ···ষ্য. (স° বক)। কুলেচরবর্গের প্রায় এক হাত দীর্ঘ শ্বেতবর্ণ পক্ষীবিশেষ (The egret. Bubuleus coromandus)। গাইএর পিঠে বসে এবং পোকা খায়। জোড় লাগিবার সময় পাটিকেলে রং হয়। একত্র অনেক থাকে। (হি° গাই বগলা)। কোঁচ বগ··(স° ক্রৌঞ্চ। হি° অণ্ধে বগলা)। বকবিশেষ (The pond heron. The paddy bird. Ardeola grayi)। এই বক ধানক্ষেতে ও পুকুর-ধারে দেখা যায়। প্রাঃ—ধার্ম্মিক কোঁচল বক ধর্ম্মকে খিয়ায় (মাঃ)। বগলা···(বগ+লা)। প্রায় দুই হাত দীর্ঘ শ্বেতবর্ণ বক-বিশেষ (The large egret. Herodias alba)। প্রায়ই একা একা থাকে। জোড় লাগিবার সময় চঞ্চু কৃষ্ণবর্ণ, মুখ হরিতবর্ণ হয়, অন্য সময় পীতবর্ণ থাকে। কানা বগলা ···এক হাত দীর্ঘ বকবিশেষ (The green heron. Butorides javanica)। পা ছোট ; মাথা পাংশু ; ঠোঁঠ উপরে কাল, নীচে হলুদা, কপাল ও মাথার চুড়া কালতে সবুজ। প্রায়ই রত্রিচর বলিয়া নাম কানা। কাঠ-বগলা···বগলাবিশেষ (The yellow bittern. Ardetta sinensis)। ঠোঁঠ সোজা ; গলা পা ছোট ; মাথায় ছোট চুড়া থাকে ; ঘাড়ে পালখ থাকে না। পিঠ পাখা হলুদা। খয়রা-বগলা, লাল-বগলা··· পিঠ পাখা খয়রা (The chestnut bittern. Ardetta cinnamomea)। প্রায় ২০ আঙ্গুল দীর্ঘ। নীল-বগলা···এক হাত অপেক্ষা কিছু বড় কাল বগলাবিশেষ (The black bittern. Dupetor flavicollis)। ঠোঁঠ লম্বা, ঘাড়ে পালখ থাকে না। রাত্রিচর, পূর্ববঙ্গে অধিক। বগ-চর···ষ্য. পুকুরের বিস্তীর্ণ গাবা, যেখানে বক বসিয়া চরিতে থাকে।

বক ··ষ্য. (স° বক। অমরে বকের বিশেষণ একাষ্ঠীল—একবীজ বলিয়া। শিবের প্রিয় বলিয়া শিবমল্লী পাশুপত। কিন্তু আমরা যে ফুলকে বকফুল বলি, তাহাতে একটা নহে, অনেক বীজ থাকে। ভাবপ্রকাশেও বক এবং বঙ্গাসেন—বাকসনা—এক নহে। মেদিনীতেও অগস্ত্য ও বঙ্গাসেন এক, বকপুষ্প পৃথক। বাকসনার ও° নাম অগস্তি, ম° অগসি। হি° বসনা,—বাকসনা। অতএব বোধ হয় বঙ্গা-সেনকে বক মনে করা ভুল)। বাকসনা দেখ।

বকনা, বকন···ষ্য. (স° বষ্কয়নী—চিরসূতা—অঃ। বকেনী গো—ভাবপ্রকাশে। অনেক দিনের প্রসূতা গাই। স° বষ্কয়—এক বছরের বাছুর)। স্ত্রী বাছুর; যে বাছুর প্রসব করে নাই কিংবা দুই একবার করিয়াছে।

বক্-বক···ব্য. বক ধাতু দেখ।

বক্-বকম···ব্য. পায়রার প্রণয়ব্যঞ্জক ডাক।

বকম...ষ্য. (স° পত্রাঙ্গ—অঃ, পত্তঙ্গ—ভাব-প্রকাশে। পত্তরঙ্গ, পট্টরঙ্গ—শব্দকল্পে। কিন্তু পত্রাঙ্গ—রক্তচন্দন—অঃ মেঃ হেমঃ। অতএব রক্তচন্দনে যেমন রং হয় বকমে তেমন হয় দেখিয়া পত্রাঙ্গ শব্দে বকম বুঝাইয়াছে। হি° বক্কম, তামিল পতুঙ্গা সপ্পঙ্গু, কেনেরী পত্তঙ্গ। পাবনায় পাঙ্গা)।

কাঞ্চনাদি বর্গের মধ্যমাকৃতি কণ্টকী তরু-বিশেষ (Sappan wood. Cæsalpinia sappan)। মাঝকাঠ লাল। ইহা হইতে লাল রং হয়, কিন্তু, কাপাস কাপড়ে রং পাকা হয় না। বহুপর্ণে পাতা। ফুল হলুদা, বর্ষাকালে ফোটে। চাটিগাঁ, ব্রহ্মদেশ, বোম্বাই প্রদেশে অধিক। বঙ্গে ও ওড়িশায় দুই একটা আছে।

বকরা...ষ্য. (সং বর্করস্তরুণঃ পশুঃ—অঃ। ফাং বকরা)। ছোট ছাগ। স্ত্রীং বকরী।

বকরীদ...ষ্য. (আং বকর—গো+ঈদ—উৎসব)। অন্য নাম ঈদ উজ-জুহা, মুসলমানী উৎসব-বিশেষ।

বকলম...ণ. (ফাং)। কলমের সহিত অর্থাৎ স্বাক্ষরিত।

বকা...বক ধাতু দেখ।

বকাল...ষ্য. (সং বল্কল। আং বকল—শাক)। বৃক্ষাদির বল্কল, ঔষধাদির উপকরণ।

বকুনা...বখুনা দেখ।

বকুল...ষ্য. (সং বকুল। ওং বউল)। প্রসিদ্ধ সুন্দর চিরশ্যামল বৃক্ষবিশেষ (Mimusops elengi)। ফুল শাদা তীব্রগন্ধ, বসন্ত-কালে ফোটে। ফল হরিদ্রাবর্ণ একবীজ। (২) (সং মুকুল হইতে)। আমের মুকুল বা বউল।

বকেয়া...ণ. (আং বকীয়া—অবশেষ)। অব-শিষ্ট, পূর্বাবশিষ্ট। বাকি-বকেয়া...বাকি দেখ।

বক্ত...ষ্য. (আং বক্ৎ)। সময়। বে-বক্ত... অসময়। (কম-বক্তা...অল্পভাগ্য, অভাগা —ফাং বখ্ত—ভাগ্য)।

বক্রী...ণ. (বাকি দেখ। বাকি শব্দের মূল সংস্কৃত মনে করিয়া ভুলে)। বাকি, (প্রায়ই পণ্ডিতী ভাষায়)।

বক্রী...ণ. (সং বক্রী)। বাঁকা; বিলোমগতি, প্রঃ—শুক্র গ্রহ বক্রী হয়।

বক্লস...ষ্য. (ইং buckles। ফরাসী buckle)। ধাতুর পটী-বন্ধনী।

বখা...ধাতু. (হিং বহকা—সং বহ ধাতু)। বখি—বহিয়া যাই, নীতিভ্রষ্ট হই। বখা॥ বখা...নীতিভ্রষ্ট। বখামি...ষ্য. (বখা+আমি)। ধৃষ্টতা, প্রগল্ভতা। বখা...ধাতু. (বখ ধাতু আস্তে)। বখানা॥

বখিয়া...ষ্য. (ফাং)। কাপড় সেলাইর টিপ-বিশেষ।

বখিল...ণ. (আং বখীল)। কৃপণ, প্রঃ—দাতা দান করে বখিলের বুক ফাটে। দাতার নারিকেল বখিলের বাঁশ—নারিকেল পাড়িলে বেশি ফলে, বাঁশ না কাটিলে ঝাড় বাড়ে।

বখুনা...ষা. (তুং মং বগুনেঁ, বগুণী। বিদ্যা-সাগর—বগুনা, ঢাকায় বখনা। পিতলের বড় বাটীবিশেষ। (অন্য নাম লোকী, লকী)।

বখেড়া...ষ্য. (হিং। সং বিঘ্ন হইতে?)। বিঘ্ন, বাগড়া।

বখ্‌রা...ষ্য. (ফাং)। অংশ, প্রাপ্য অংশ। বখ্‌রা-দার...অংশভাগী। ভাগ-বখরা... (সহচর শব্দ)। অংশ।

বখ্‌শীষ, (গ্রাং বশ্‌কীষ)...ষ্য. (ফাং)। পুরস্কার, ইনাম।

বখ্‌সী (গ্রাং বশ্‌কী)...ষ্য. (ফাং)। যে সেনার বেতন ভাগ করিয়া দিত। পদবী-বিশেষ।

বগ...বক দেখ।

বগড়া...ণ. (ওং হিং মং বগড়া। সং বক্র—

বাঁকা হইতে ?)। মোটা কর্কশ, যেমন চাল।

বগল...ষ্য. (ফা°। তু° স° বক্ষমূল। হি° ম° বগল, ও° কাখ)। বাহুমূল (arm-pit)। বগল দাবা করা—বগলে দাবিয়া—চাপিয়া রাখা। বগল বাজানা—আনন্দে পাশে বাহুর আঘাত করিয়া শব্দ করা। বগলী··· ছোট থলিয়া যাহা বগলে রাখিতে পারা যায় (প্রায়ই ছুঁচ সূতার থলী)। (বগলা—দশ মহাবিদ্যার মধ্যে এক বিদ্যা। বগলা শব্দের ব্যুৎপত্তি কি ?)।

বগলা ··ষ্য. (স° বক হইতে। বক+লা—সাদৃশ্যে। বোধ হয় স° বলাকা শব্দসাদৃশ্যে। কিন্তু বলাকা—বক, না সারস ? হি° বগলা)। বক দেখ।

বগী...ষ্য. (বক হইতে)। বকগলা তুল্য দীর্ঘ বক্র কাটারী ; থালাবিশেষ।

বগী ··ষ্য. (ই° buggy)। চারি চাকার হাল্কা ঘোড়-গাড়ী।

বগুনা ··বখুনা দেখ।

বগ্গ ··ষ্য. (স° বল্গা)। বল্গা, (অশিষ্টে)।

বগ্গ (গ্রা°) ··ষ্য. (স° বর্গ)। বিভাগ, প্রঃ—ক-বগ্গ।

বঙ্ক ··ণ. (স° বক্র হইতে স°প্রা°। বাঁকা দেখ)। বাঁকা, প্রঃ—জ্ঞানদাস।

বঙ্কিম···ণ. (স° বক্রিমা শব্দের সাদৃশ্যে। কিংবা স° বক্রিন্ হইতে ভুলে)। বাঁকা।

বঙ্গ ··ষ্য. (স° বঙ্গ)। রঙ্গ বা রাং ধাতু (tin); বঙ্গদেশ। (পূর্বকালে আধুনিক পূর্ববঙ্গ দেশ বুঝাইত)। বঙ্গসেন···ষ্য. (স° বঙ্গসেন)। বাকসনা দেখ। বঙ্গাব্দ...ষ্য. (স°—অধুনা রচিত)। বঙ্গ-দেশে যে সন কাজ কর্মে সর্বদা গণিত হয়। এই সন হিজরী ৯৬৩বৎসর সহিত ফসলী যোগ হইয়া উৎপন্ন। আকবর বাদশাহ ১৪৭৮ শকে ফসলী প্রবর্ত্ত করেন। শক হইতে ৫১৫ বিয়োগ করিলে বঙ্গাব্দ হয়। (ফসলী দেখ)।

বচ ··ষ্য. (স° বচা)। কচু-আদি বর্গের শাকবিশেষের (Acorus calamus) কন্দ (sweet-flag)। কাশ্মীর হইতে আসাম, ব্রহ্মদেশ এবং দক্ষিণভারতের পার্বত্য প্রদেশে জন্মে। পারস্যদেশ হইতে যে বচ আসে, তাহা বাল-বচ নামে খ্যাত।

বচসা ··ষ্য. (স° বচস্। ও° বচসা)। বাক্-কলহ। (তু° স° বাচ্য—দূষণ)।

বছর, বচ্ছর ··ষ্য. (স° বৎসর)। বৎসর। বৈশাখ হইতে দ্বাদশমাস-কাল। কিন্তু গ্রাম্য জন আশ্বিন হইতে বৎসর গণনা করে। আশ্বিন মাসে দুর্গা পূজা হয় বলিয়া এই গণনা প্রচলিত হইয়াছে (ফসলী দেখ)। বর্ষা ও শীত (পৌষ) হইতেও বৎসর গণিত হইয়া থাকে, প্রঃ—ঘরখানা পাঁচ বর্ষা দেখিয়াছে, কাপড়খানা দুই শীত যাইবে, ইত্যাদি। বছর-সালিয়ানা ··বৎসর বৎসর।

বচ্ছল···ণ. (স° বৎসল)। বৎসল।

বজরা ··ষ্য. (ই° barge, budgerow)। যাত্রী কিংবা পণ্যবহনের বড় নৌকা।

বজরা...ষ্য. (স° বজ্রা)। বাজরা দেখ।

বজায়...ণ. (ফা° ব-জায়—স্বস্থানে)। পূর্ববৎ, রক্ষিত।

ব-জোর···ণ. (ফা°)। জোরের সহিত।

বজ্জ (প্রা°) ··বজ্র।

বজ্জর···ষ্য. (সং বজ্র)। বাজ।···ণ. হীরা তুল্য কঠোর।

বজ্জাত···ণ. (ফাং বদ্‌জাৎ)। কুজাত, দুষ্ট। বজ্জাতি···ষ্য. দুষ্টপনা। বজ্জাতী ··ণ. বজ্জাতের যোগ্য। বজ্জাতী-পনা ··ষ্য. বজ্জাতি।

বজ্‌-বজ···ব্য. (সং পচ কিংবা বীজ হইতে)। পচিয়া বায়ুস্ফোটে, প্রঃ—পথে কাদা বজ্‌বজ্‌ করিতেছে। বজ্‌-বজানি॥

বজ্র...ষ্য. (সং বজ্র)। মেঘে জাত কুলিশ (অন্য নাম বজ্রসূচী। thunder-bolt); বজ্রতুল্য সাঙ্ঘাতিক অস্ত্র ; হীরা ; হীরা তুল্য কঠোর বস্তু। মাথায় বজ্রাঘাত—মাথায় যেন ইন্দ্রের বজ্র পতিত হইয়াছে, সঙ্কট। বজ্র-সূচী লোহার ফালের মতন। কোথাও কেহ পাইলে ইন্দ্রের বজ্র ভাবিয়া পূজা করে। বজ্র-কাতী...ষ্য. (সং কাত—শল্ক। ওং বজ্রকাপ্তা)। অদন্ত কীটভুক আরণ্য চতুষ্পদ-বিশেষ (The Indian pangolin. Manis pentadactyla)। দেহ প্রায় ১।০ হাত, পুচ্ছ এক হাত। মস্তক মুখ চোখ ছোট। দেহের উপরিভাগ পুচ্ছ পদ দৃঢ় শল্কে আবৃত।

বঞ্চ...ধাতু. (সং বঞ্চ ধাতু)। বঞ্চি—বঞ্চনা করি, প্রঃ—বঞ্চি বাপ মায় একেলা বেড়ায় (ভাঃ); কাল কাটাই, প্রঃ—চৌদিকে প্রহরী সঙ্গে সহচরী বঞ্চি বন্দীর মত (ভাঃ)। (পদ্যে)।

বট···ষ্য. (সং বট। বটতি বেষ্টতে চিরং তিষ্ঠতি বা—বটঃ—অঃটীঃ)। বড়্‌ গাছ (দেখ); কড়ি, প্রঃ—ছটাকেতে পঞ্চবট শুভঙ্করের কয় ; বটের ভিখারী হও বহুমূল্য নিতে চাও (চণ্ডীঃ)।

বট···ধাতু. (সং বৃত ধাতু বিদ্যামানতায়। ওং অট ধাতু)। বটি—হই, প্রঃ—একা দেখি কুলবধূ কে বট আপনি (ভাঃ)। (অপূর্ণ ধাতু। কেবল বর্তমান কালের পদ হয়)। বটে ··হয়, হইয়াছে। ইহা হইতে, ব্য. সত্য, হাঁ ; আশ্চর্যে, বিস্ময়ে।

বঁটি ··ষ্য. (বিক্রমপুরে বঠিদাও—বঁটি দাত্র। তেলুগু কাত্তি পীটু— পীঠ— পীড়ীবিশিষ্ট কর্তরী। হিং বঙ্কী ওংপণিকি—বাঁকা ছুরী। বিহারী হিং বৈঠী। উর্দু হাঁসিয়া—হাঁসের গলার তুল্য বাঁকা। বঙ্ক বলিয়া বঁটি ? তুং সং বঙ্কি—পাঁজরার হাড় বা পর্শুকা। বোধ হয় শব্দটি বঙ্কি-কাতি। কাতি শব্দ লুপ্ত হইয়া কেবল বঙ্কি—ওং পণিকি—বাংবনিটি—বঁটি। বন্টবিশিষ্ট বলিয়া বণ্টী বোধ হয় না)। শাগপাতা মাছ কুটিবার বাঁকা দাত্র।

বটুয়া···ষ্য. (ওং বটুআ, হিং বটবা। সং বট—শণসূত্র। বাটিয়া দেখ)। সূত্রনির্মিত থলী, কাপড়ের ছোট থলী। (বাংতে প্রায় চলিত নাই)।

বটে···বট ধাতু দেখ।

বটেক···এক বট বা কড়া। (২) বট ধাতুর বটে পদ (ক স্বার্থে, অধুনা প্রায় অপ্রচল)।

বটের···ষ্য. (প্রায় হিং নাম। ওং বতর়। সং বর্ত। অন্য সং নাম লাব)। বিষ্কিরবর্গের পাংশুবর্ণ পক্ষীবিশেষ (The grey quail. Coturnix communis)। ১০,১২ আঙ্গুল দীর্ঘ, ঠোঁঠ সরু ছোট। পিঠে লম্বা শাদা ডোরা থাকে। শীতকালে বঙ্গদেশে আসে। শস্য খায়। বেগে উড়িতে পারে। বটের মাংস অনেকে সুস্বাদু মনে করে।

বঠকিরী...বৈঠকিরী দেখ।

বঠিয়া, বঠ্যে ··ষ্য. (সং বহিত্রক—জলযান। হিং বৈঠা। তুং সং মঞ্জিনী—নৌকা হইতে ওং মঞ্জা—হাইল। রাঢ়ে কেরাল শব্দ ওংতে কাত শব্দ চলিত)। নৌকার ছোট দাঁড় বা কেরাল (পূর্ববঙ্গে)।

বড্‌ড...ণ (সং বড্র—অং।—বড্‌র—বড্‌ড)। বিপুল, অতিশয়, প্রঃ—বড্‌ড ভারী।

বড়···ষ্য. (সং বট। বট দেখ। ওং বর্‌ গাছ। হিং বড়্‌ মং বড)। প্রসিদ্ধ দীর্ঘায়ু বৃক্ষবিশেষ (The Banyan tree. Ficus bengalensis)। শাখা হইতে অবরোহ নামিয়া বৃক্ষকে বৃহৎ করে। কোমল পল্লব রোমশ। ফল ছোট ছোট গোল, পাকিলে রক্তবর্ণ হয়। আঁঠা-বড়···বট তুল্য, কিন্তু বৃহৎ তরুবিশেষ (Indian cauotchouc tree. Ficus elastica)। পাতা রোমহীন, লম্বা। কলির খোল লম্বা হয়। ফল পাকিলে আপীত। এই গাছের ক্ষীরে রবর হয়। বড়-গাছের ক্ষীরেও রবর আছে, কিন্তু অষ্টমাংশ; অবশিষ্ট ক্ষীরে ধুনা (resin)। আঠা-বড় নেপাল হইতে আসাম, খাসিয়া পাহাড় এবং ব্রহ্মদেশে জন্মে। (২) খড়ের মোটা দোড়ী (সং বট—রজ্জু)। খড় বেড়িয়া পাকাইলে বড় হয়। প্রঃ—দাঁতে খড় গলায় বড় চুণকালি কপালে (মাঃ)।

বড় ··ণ. (সং বৃদ্ধ হইতে বঢ—বড়। তুং সং বড্র)। বৃদ্ধ, প্রঃ—বয়সে বড়; জ্যেষ্ঠ, প্রঃ—বড় দাদা; মহৎ, মান্য, প্রঃ—বড় লোক, বড় ঘর; ধনবান্‌, প্রঃ—বড় মানুষ; বৃহৎ, প্রঃ—বড় বাড়ী; বিস্তৃত, প্রঃ—বড় রাস্তা; দীর্ঘ, প্রঃ—শীতকালে রাত বড় হয়; অতিশয়, প্রঃ—বড় কষ্টে আছি, বড় ছোট। বড় একটা···প্রায়, প্রঃ—বড় একটা দেখিতে পাই না। বড়কী···ষ্য. বড় বউ। বড়ক্ষণে...অধিক কাল, প্রায় সর্বদা। বড় দিন···খ্রিষ্টান জাতির খ্রিষ্ট-জন্মোৎসব (বড় —প্রশস্ত,পুণ্য)। বড় মা···জ্যেষ্ঠা বিমাতা। বড়-মানষি ··ষ্য. (বড় মানুষ+ই)। বড় মানুষের ভাব, ব্যবহার। ছোট বড় ··ক্ষুদ্র ও বৃহৎ, কনিষ্ঠ ও জ্যেষ্ঠ, নির্ধন ও ধনী, ইতর ও কুলীন। বড় ··ব্য. বিতর্কে, প্রঃ—সে বড় কথা শোনে!—অর্থাৎ শোনে না; তুমি বড় দেখেছিলে!—অর্থাৎ তুমি দেখ নাই।

বড়্‌-বড় ··ব্য. (সং বিট বিড ধাতু আক্রোশে, শব্দে)। বিরক্তিভাবে, প্রঃ—বড়্‌-বড় করিয়া বকা—বড়্‌-বড় শব্দ মাত্র শুনিতে পাওয়া যায়, অর্থ বুঝিতে পারা যায় না। বড়্‌-বড়ানি॥ বিড়্‌-বিড় ··ব্য. বিরক্তির সহিত অস্পষ্ট ভাষণে। বিড়্‌-বিড়ানি॥

বড়িশী, ব'ড়শী ··ষ্য. (সং বড়িশী। ওং বরিশী হিং বড়িশী)। সূতী সীপ প্রভৃতিতে মাছ ধরিবার কাঁটা, প্রঃ—জলের সফরী আহার করিতে বড়শী লাগিল মুখে; সীপ।

বড়া ··ষ্য. (সং বটক)। দাইল-বাটার ভাজা গোলাকার পিষ্টকবিশেষ। আদা-বড়া ·· মুগের বড়া ঘিতে ভাজিয়া চূর্ণ করিবে। পরে মরিচ জীরা আদা জোয়ান নেবুর রস মিশাইয়া ইহার পুর করিয়া মুগের পিঠা ঘৃতে ভাজিবে (ভাবপ্রকাশ)। কাঁজি-বড়া ···জল নুন জীরা প্রভৃতির সহিত ভাজা বড়া পচাইয়া কাঁজি বড়া হয়। রস-বড়া··· গুড়ের রসে ফেলা বড়া। বড়া তোলা—বড়া

তাপে স্ফীত করা। বড়ী ··ষ্য. (সং বটী)। দাইল-বাটার ছোট বড়া রৌদ্রে শুখানা; ঔষধের গুলী। বড়ী দেওয়া—দাইল-বাটার বড়ী নির্মাণ করা। কুমড়া-বড়ী ··বিরী-কলাই-বাটার সহিত ছাঁচি-কুমড়া কোরা মিশাইয়া বড়ী। ফুল-বড়ী ··যে বড়ী ফুলিয়া উঠে।

বড়াই...ষ্য. (বড়+আই। ও° হি° বড়াই)। বড়তা, মহত্ত্ব (নিন্দিতার্থে), প্রাঃ—গঙ্গা গরব না কর মোর আগে, ছাড় গঙ্গে আপন বড়াই (কবিকঃ); বড়াই করিব তার দূর (কবিকঃ)। বড়াই-বুড়ী ··যে বালিকা বড় মেয়ের কাপড় পরিয়া বড় সাজে (বুড়া দেখ)। বড়াই—বয়সে বড় দেখানা।

বড়াল ··ষ্য. (সং বটব্যাল ? বটুব্যাল ?)। ব্রাহ্মণের উপাধিবিশেষ।

বড়ি ··ণ. (হি° বড়ী—স্ত্রী°)। বড়, প্রাঃ—সই বড়ি পরমাদ হৈল (জ্ঞানদাস)। (অপ্রচলঃ)। বড়িয়া...ণ. (বড়+ইয়া)। বড়, উত্তম, বেড়ো।

বড়িয়া, বড়ে৷ ··ষ্য. (সং বটিকা)। সতরঞ্চ খেলায় বটিকাসদৃশ গুটী। বড়িয়া টেপা—সতরঞ্চ খেলায় বড়িয়া চালনা; অনুচরকে ইঙ্গিত করা।

বড়ী···বড়া দেখ।

বড়ু...ষ্য. (সং বটু। ও° বড়ু—মন্দিরপরিচারক)। বালক, পরিচারক; ব্রাহ্মণ-পুত্র, প্রাঃ—বড়ু চণ্ডীদাস গায় (চণ্ডীঃ)।

বড়ুয়া...ণ. (বড়+উয়া। হি° বঢ়ীয়া—বৃদ্ধ—বঢ়+ইয়া—স্বার্থে। আসা° বয়ুয়া)। মহান্, ধনবান্, প্রাঃ—তাহে বড়ুয়ার বধূ (চণ্ডীঃ), শুনহ বড়ুয়ার বহু (চণ্ডীঃ)।

বণিক···ষ্য. (সং বণিক্)। ব্যবসায়ী। স্ত্রী° বণিকিনী (পদ্যে)। বেণ্যা দেখ।

বত্ত (গ্রা°) ··ষ্য. (সং ব্রত। গ্রা° প্রায়ই বেত্ত)। ব্রত।

বত্তমান (গ্রা°)...ণ. (সং বর্তমান। পালি বত্তমাণ)। বর্তমান।

বত্রিশ, বত্তিশ···ণ. ষ্য. (সং দ্বাত্রিংশৎ)। দুই অধিক ত্রিশ সঙ্খ্যক,-সঙ্খ্যা; ৩২। বত্রিশিয়া, বত্রিশে ··(বত্রিশ+ইয়া)। বত্রিশ-পূরক দিবস। বত্রিশের ঘর পূরণ···বত্রিশ ঘরে এমন অঙ্ক বসাইতে হয়, সব দিকে যোগ করিলে প্রতি দিকে বত্রিশ হয় (magic square)।

বদ্ ··ণ. (ফা°)। দুষ্ট, নিন্দিত, অসুন্দর, নিয়ম-বাহ্য, নষ্টচরিত্র। বদ্ অভ্যাস ··কদভ্যাস। বদ্-খৎ কদক্ষর। বদ্ খেয়াল...কুপ্রবৃত্তি। বদ্ নাম...দুর্নাম। বদ্-নামি...দুর্নাম। বদ্-নামী...যাহাতে দুর্নাম হইতে পারে। বদ্-মাশ, বদ্মাইশ ··(ফা° বদ্-মআষ)। হীননীতি মানুষ, নষ্টচরিত্র মানুষ। বদ্-মাশি, বদ্-মাইশি ··দুষ্টপনা। বদ্ মেজাজ ...রুক্ষ প্রকৃতি, অল্পেই ক্রোধনশীল। বদ্-মেজাজী...রুক্ষ-প্রকৃতি, ক্রোধনশীল। বদ্-রং ...তাস খেলা দেখ। বদ্ হজম, বদ্-হজমি ...অজীর্ণ, অপরিপাক।

বদনা...ষ্য. (হি° বধনা। সংবর্ধনী ঘটী—মেঃ)। করুয়াবিশেষ (প্রায়ই মুসলমান গৃহের)।

বদর···ষ্য. (সং। ও° বর কোল্ঠি। পূর্ববঙ্গে বরই। হি° বৈর)। কুল বা কোল ফল, প্রাঃ—মিষ্ট কিছু আনিহ বদর (কবিকঃ)।

বদর···ষ্য. বদর নামক পীর (পীর দেখ)।

ইহাঁকে সমুদ্রের অধিপতি জ্ঞানে বিপদের সময় নৌকার মাঝি স্মরণ করে।

বদল…ষ্য. (আ°)। বিনিময়, পরিবর্তন, দ্রব্য-বিনিময়। বদল…ধাতু. (বদলা হইবার কথা। প্রয়োগবাহুল্যে বদল)। বদলি—বিনিময় পরিবর্তন করি। বদলা॥ বদলি…পরিবর্তন; স্থান পরিবর্তন। বদলী · প্রতিনিধি। অদল-বদল…অদল দেখ। বদল-সদল…(বদল যেন বি-দল; এই হেতু বিদল সদল। কিন্তু সদল প্রচর শব্দ)। বদল। বদলা-বদলি…একের পরিবর্তে অন্য গ্রহণ। বদলা…ধাতু. (বদল ধাতু আছে)। বদলানা॥

বদস্ত…ব্য. (ফা°)। হাতে। দস্তবদস্ত…হাতে হাতে (আদাঃ)।

বঁদিয়া, বঁদ্যে…ষ্য. (বিন্দু হইতে। হি° বৃন্দ বৃন্দা—বিন্দু। হি° বুঁদিয়া)। শর্করা-রসে ফেলা ভাজা দাইল-বাটা-বিন্দু মিষ্টান্ন-বিশেষ।

বদী…ষ্য. (হি°। সং অবদাত ?)। কৃষ্ণপক্ষ। (বিপঃ সুদী। বা°তে অপ্রচলঃ)।

বধ…ধাতু. (স° বধ হইতে)। বধি—বধ করি। (পদ্যে)।

বঁধু…ষ্য. (স° বন্ধু)। প্রিয়তম, প্রঃ—রাত্রে ছিল বুঝি বঁধুর ধুম (ভাঃ); প্রায়ই, নায়িকার প্রিয়তম। (বন্ধু দেখ)। বঁধুয়া…ষ্য (বঁধু+উয়া)। বঁধু (প্রাচীন পদে)।

বন…ধাতু. (স° বণ ধাতু সেবা, মন ধাতু পূজা। বা° বনা, ও° বনিবা, হি° বন্না—রচনা মিলন, ম° বনণেঁ—রচনা মিলন—হি° ম°তে স°বর্ণ ধাতু মিশিয়াছে)। বনি—মিলিত হই, এক যোগে কর্ম করি, প্রঃ—তার সঙ্গে আমার বনে না। বনা॥ বনি-বনাও · (হি° বনাব হইতে)। পরস্পর ঐক্য, মিল। বনৃতি…(বন ধাতু তি)। মিল। (নিঃ, অব-নৃতি)। বনা…ধাতু. (বন ধাতু আছে)। বনানা॥

বন…ষ্য. (স° বন। বনে সলিলকাননে—অঃ। বনতি সম্ভজতে জনান্, বন্যতে সেব্যতে বা—বনং—অঃ টীঃ। বনং নপুংসকং নীরে নিবাসালয়কাননে—মেঃ। স° বন ধাতু সেবা ও ব্যাপৃতি হইতে বন শব্দে জল কানন নিবাস আলয় প্রভৃতি অর্থ আসিয়াছে)। অরণ্য; বহুবৃক্ষসমষ্টি; ঝাড়, ঝোপ, জঙ্গল; স্থান। বাঁশ-বন…বহু বাঁশের একত্রাবস্থিতি। বাঁশবনে ডোম কানা—একজাতীয় অনেকের মধ্যে একটী নির্বাচন দুরুহ। গু-বন…বিষ্ঠা-স্থান। বন-জঙ্গল…(সহচর শব্দ)। জঙ্গল। বন-ঝোড়…বন ও ঝোড় (ঝোড়—নির্ঝর। তু° স° বন—নির্ঝর)। বন-ঝোপ…বন ও ক্ষুপ। বন বাদাড়…বাদা দেখ। বন-ভোজন…বনে বৃক্ষাদি-বেষ্টিত স্থানে প্রীতিভোজন। (ও° বন ভোজন)। বনুয়া, বুনো…ণ. (বন+উয়া)। বন্য, গৃহপালিত কিংবা গ্রাম্য নহে। বন শব্দ বিশেষণরূপে বসিলে বন্য বুঝায়; যথা, বন আদা, বন-মানুষ। বন-আদা, বন চাঁড়াল, বন-জাম প্রভৃতি শব্দ প্রধান শব্দে দেখ।

বনক…ষ্য. (স° বর্ণক)। পীতবর্ণ মৃত্তিকা-বিশেষ (yellow ochre)। এই মাটির পোচ হাঁড়ীতে মাখাইয়া পোড়াইলে হাঁড়ী লাল হয়।

বনফ্‌শা…ষ্য. (ফা°)। কাশ্মীরের ক্ষুদ্র শাক·

বিশেষ(Wild violet. Viola odorata)। নুনবোড়ার সদৃশ। হাকিমী ঔষধে লাগে।

বন-মালা…ষ্য. (সং বনমালা—বন্য কুসুমের মাল্য। এই মালা শ্রীকৃষ্ণ ধারণ করিতেন। পরে বিশেষার্থ হইয়াছিল)। (রাঢ়ে) শ্যামালতার মালা। এই মালা গোপার্বণে গোরুর গলায় দেওয়া হয়।

বনাৎ…ষ্য. (হিং। হিং-তে বানাৎ ও হয়। সং বপন হইতে হিং বান ধাতু। বানানা বস্ত্র—বানাৎ, বনাৎ?)। লোমশ শীতবস্ত্রবিশেষ (broad-cloth)।

বনাম‥ ব্য. (ফা°)। অন্য নামে, ওরফে।

বনারস‥ষ্য. (সং বারাণসী। বর্ণবিপর্যয়ে বানারসী বাং, বনারসী হিং)। বারাণসী বা কাশী নগরী। বনারসী‥ণ. বারাণসীতে নির্মিত বা জাত।

বনি-বনাও‥ষ্য. (বন ধাতু দেখ। সং বনি—মিলন। বনাও—হিং বনাব—বনা ভাব। বাং হইলে বনাই হইত)। মিল, সদ্ভাব, বন্তি।

বনিয়াদ‥ষ্য. (ফা°। ও°তে নিঅ, হিং নেব ; মং পায়া)। ভিত্তিমূল। বনিয়াদী…ণ. ভিত্তিমূলবিশিষ্ট, বহুকালস্থায়ী। বনিয়াদী ঘর …যে বংশ বহুকাল হইতে প্রসিদ্ধ আছে। (বিপঃ—গর-বনিয়াদী, বে-বনিয়াদী)।

বনুই…বোনাই দেখ।

বনুয়া…বন দেখ।

বনেটি‥ষ্য. (উর্দু বনেটী। ফা° বন—শিকড় ; বন+আঁটা? বন+লাঠি?)। দুই প্রান্তে দুই মশাল জ্বালিয়া ঘুরাইবার লাঠি।

বনেদ…বনিয়াদ দেখ।

বন্ত, মন্ত…প্রত্যয়. (সং বৎ ও মৎ স্থানে বহু-বচনের রূপ। তুং ফা° মন্দ)। বিশিষ্ট অর্থে, প্রঃ—জ্ঞানবন্ত, লক্ষ্মীমন্ত, শ্রীমন্ত, বুদ্ধিমন্ত, ভক্তিবন্ত।

বন্তি‥বন ধাতু দেখ।

বন্-বন, বঁ-বঁ, বোঁ-বোঁ‥ ব্য. (সং বণ বন ধাতু শব্দে)। ঘূর্ণন শব্দে, প্রঃ—দোড়ীতে ঢিল বাঁধিয়া বন্-বন করিয়া ঘোরানা ; বঁ বঁ করিয়া লাঠি ঘোরায়।

বন্দ‥ধাতু. (সং বন্দ ধাতু)। বন্দি—বন্দনা করি, স্তব করি। (পদ্যে)। বন্দো, বন্দহুঁ—আমি বন্দি, প্রঃ—বন্দো মাতা সুরধুনী। (প্রাচীন বাং)।

বন্দ…ষ্য. (ফা° বন্দ্। সং বন্ধ)। বন্ধ ; বন্ধন ; রোধ ; বস্ত্রাদি বন্ধনী ; মল্লক্রীড়া-বিশেষ ; গৃহাদির বেষ্টন, প্রঃ—সাতাইশ বন্দে বিসাই ধরিলেক সুতা (কবিকঃ)—বিসাই—বিশাই—বিশ্বকর্মা (কৃত্তিঃ—বিহন্দ) ; খণ্ড, প্রঃ—পাঁচ বন্দে তিন বিঘা জমি ; তুৎ-পোকার এক এক চায (পলু পোকার আদ্য হইতে অন্ত পর্যন্ত জীবন-চক্র। cycle)।…ণ. অবরুদ্ধ, রুদ্ধ ; বদ্ধ ; নিশ্চল ; কর্মহীন, প্রঃ—কাছারী বন্দ আছে। বন্দ্‥প্রত্যয়. (ফা°)। যে করে এই অর্থে, যেমন নালবন্দ্।

বন্দগি, বন্দিগি…ষ্য. (ফা° বন্দগী)। ক্রীত-দাসের কর্ম, সুতরাং প্রণাম।

বন্দবস্ত, বন্দোবস্ত‥ষ্য. (ফা° বন্দ্-ব-বস্‌ত্। সং বন্ধব্যবস্থা)। ব্যবস্থা, নিয়ম।

বন্দর‥ষ্য. (ফা°)। নৌকা জাহাজ বাঁধিবার স্থান ; নৌকাযোগে পণ্য প্রেরণ ও আন-য়নের স্থান।

বন্দা, বান্দা ··ষ্য. (ফা°)। ক্রীত দাস। স্ত্রী° বান্দী, বাঁদী।

বন্দা, মান্দা ··ষ্য. (স° ৱন্দা। ৱন্দা ৱৃক্ষাদনী বৃক্ষরুহা—অঃ। শিরস্থারূঢত্বাৎ ৱন্দ্যতে। গাছের উপরে জন্মে বলিয়া নাম। ও° মলাঙ্গা। হি° বান্দা)। চিরশ্যামল পরবৃক্ষ-জীবী ক্ষুপবিশেষ (Loranthus)। আম্রাদি বৃক্ষের শাখায় জন্মে। পাতা প্রায়ই পুরু। ফুল প্রায়ই আরক্তবর্ণ। কেশর ৪।৬টা। ইহার অনেক জাতি আছে। (হি°তে রাস্নাকেও বান্দা বলে। কিন্তু, স° বন্দা ও রাস্না বিভিন্ন বৃক্ষ)।

বন্দী ··ষ্য. (স° ৱন্দিন্—স্তুতিপাঠক। ৱন্দিন্—কারারুদ্ধ—আপ্তে। বোধ হয় ফা° বন্দী হইতে)। ধৃত বা বদ্ধ ব্যক্তি। বন্দী-শালা ··ষ্য. (স° শালা। ফা° বন্দীখানা)। কারাগার।

বন্দুক ··ষ্য. (আ° বন্দূক। বন্ধূক—শব্দকল্প)। নালিকা-আগ্নেয়াস্ত্র (gun)। বন্দুক ভরা —বন্দুকের নলে বারুদ ভরা। বন্দুকী ··ষ্য. (বন্দুক+ঈ। ফা° বন্দুকচি)। বন্দুকধারী, বন্দুকধারী সেনা।

বন্দেগি · বন্দগি দেখ।

বন্দেজ ··ষ্য. (ফা° বন্দিষ্। ও° বন্দেজ, হি° বন্ধেজ)। ব্যবস্থা, নিয়মবন্ধন, প্রঃ—কাজের বন্দেজ না করিলে কাজ হয় না।

বন্দ্যোপাধ্যায় ··ষ্য. (স° ৱন্দ্য—বন্দনীয়, উপাধ্যায়)। ব্রাহ্মণের উপাধিবিশেষ।

বন্দোবস্ত···বন্দবস্ত দেখ।

বন্ধ...ষ্য. (স°। বন্দ দেখ)। বন্ধক, বিঘ্ন; বন্ধন; গৃহাদি বেষ্টন, প্রঃ—পাঁচ বন্ধে বাড়ী; চাকার হাঁড়ীর দুই পাশের লৌহ-বলয়। বন্ধক (গ্রা° বন্দক) ··ষ্য. (স°)। উত্তমর্ণের বিশ্বাস নিমিত্ত অধমর্ণ যে দ্রব্য (স° আধি) ন্যস্ত করে। বন্ধকী···ণ. যে দ্রব্য বন্ধক দেওয়া হইয়াছে। বন্ধনি (গ্রা° বন্ধানি) ··ষ্য. (স° হইতে)। নিয়মিত কালে প্রদেয় দ্রব্য; দ্রব্যাদি দান কিংবা আদানের নিয়ম। বন্ধনী ··ষ্য. (স°)। যদ্দ্বারা বাঁধিতে পারা যায়; গণিতে এক-জাতীয় রাশি একত্র করিতে এবং ভাষায় লেখায় প্রসঙ্গাতিরিক্ত বিষয় সন্নিবেশ করিতে দুই ক্রোড় চিহ্ন ( )।

বন্ধন · ষ্য (ও° নাম)। তিনিশ দেখ।

বন্ধানি ··বন্ধ দেখ।

বন্ধু ··ষ্য. (স°। অমরে, সগোত্রবান্ধব-জ্ঞাতিবন্ধু-স্ব-স্বজনাঃ। অতএব বন্ধু জ্ঞাতি। ও°তে বন্ধু—স্বজন বা° কুটুম্ব। কবিকঙ্কণে এই অর্থ, যথা, ধর্ম্ম আদি তোমার যতেক বন্ধুজন—দক্ষ প্রতি গৌরী। স্বজন অর্থ হইতে স°তে আত্মবন্ধু, পিতৃবন্ধু, মাতৃবন্ধু—ত্রিবিধ বন্ধু বা দায়াদ। স্বজন অর্থ হইতে বা°তে বঁধু—প্রিয়, স্বামী। মেদিনীতে অর্থসম্প্রসারণ হইয়াছে। যথা, বন্ধুঃ স্যাৎ পুংসি বন্ধুকে মিত্রে ভ্রাতরি বান্ধবে—বন্ধূক পুষ্প, মিত্র, ভ্রাতা, বান্ধব। ইহা হইতে আধুনিক বা° অর্থ)। স্বজন; মিত্র; কর্ম্মসূত্রে আত্মীয়, প্রঃ—প্রবাসবন্ধু, ধর্ম-বন্ধু। বন্ধু-বান্ধব · ষ্য. (সহচর শব্দ)। বন্ধু। বন্ধুয়া, বঁধুয়া··ষ্য. বন্ধু+উয়া—স্বার্থে)। প্রিয়তম, প্রঃ—শ্যাম বন্ধুয়ার সনে (চণ্ডীঃ), প্রাণ বন্ধুয়া বিনে (জ্ঞানদাস)। বন্ধুয়ালি...ষ্য. (বন্ধু+আলি। তু°

নাগরালি)। বন্ধ্‌তা, প্রঃ—(প্রবোধ-চন্দ্রিকা)। (অপ্রচলঃ)। বঁধু দেখ।

বন্ধূক ··বাঁধুলী দেখ।

বন্ন (গ্রা°)···ষ্য. (স° ৱর্ণ। পালি বন্ন)। বর্ণ দেখ।

বব্বলা, বব্বলিয়া···ণ. (স° ৱর্ব্বর—পামর—মেঃ। ও° ববুলিআ)। বর্ব্বরতুল্য, পামর, যার কথা ঠিক থাকে না। (তু° ৱর্ব্বরস্ত ধনঙ্ক্ষয়ঃ)।

বম···ষ্য. (স° ৱম ধাতু বমনে)। অগ্নিবাণ বিশেষ,যাহা বম্ শব্দে বিদীর্ণ হয়। ··ব্য. বম্ শব্দে, প্রঃ—বম্ ভোলানাথ ; গাল-বাদ্যে।

বম···ষ্য. (ই° bamboo হইতে)। ঘোড়ার গাড়ীর ঈষ।

বমাল ··বামাল দেখ।

বমি...ষ্য. (স° ৱমি। ও° বান্তি—স° ৱান্ত, হি° বমী)। বমন ; বমিত দ্রব্য। গা বমি বমি করা—বমনেচ্ছা।

বম্বেটিয়া, বম্বেট্যে ··ষ্য. (পর্তু° bombard-eiro, ই° bombardier)। গোলন্দাজ সৈনিক ; নদী ও সমুদ্রের দস্যু।

বম্ভ (গ্রা°) ··ষ্য. (স° ব্রহ্ম)। ব্রহ্ম, প্রঃ—শূং পুঃ। বম্ভ-তালু (গ্রা°) ··ষ্য. (স° ব্রহ্ম তালু)। ব্রহ্মতালু, প্রঃ—শূং পুঃ।

বম্ভা (গ্রা°)...ষ্য. (স° ব্রহ্মা)। ব্রহ্মা।

বয়ড়া···ষ্য. (স° নাম ৱিভীতক। ও° বাহাড়া, হি° বহেড়া,ম° বেহেডা। স° বয়স্থা হইতে। কিন্তু আমলকী ও হরীতকীর নাম ৱয়স্থা—অমরে)। অর্জ্জুনাদিবর্গের তরুবিশেষের (Terminalia belerica) ফল। ইহার গাছের পাতা বর্ষে বর্ষে ঝরিয়া পড়ে। কাঠ শক্ত। শাখাপ্রান্তে পাতা ধরে। ফল লোমশ।

বয়নামা...ষ্য. (আ° বয়, বই—বিক্রয়)। বিক্রয়পত্র।

বয়র-কুড়ি···বহুয়ারি গাছ (রাঢ়ে)। বহুয়ারি দেখ।

বয়ল ··ষ্য. (স° বলীৱর্দ্দ। স° প্রা° বইল্লো। হি°)। বলদ।

বয়স (গ্রা° বয়েস, বএস) ··ষ্য. (স° ৱয়স্। ও° বয়স্)। জন্মাদি কালপরিমাণ। উঠ্‌তি বয়স—যৌবন। পড়্‌তি বয়স—প্রৌঢ়ত্ব। বয়সের গাছ-পাথর নাই—এত অধিক বয়স যে, জন্মের সময়ের গাছ নাই, পাথরও নাই। বয়স-ফোড়া···মুখের ব্রণ। বয়সা... ষ্য. (বয়স+আ)। যৌবনারম্ভে কণ্ঠস্বরের নিম্নতা। বয়স্ক...ণ. (স° ৱয়স্ক। ও° বয়স্ক)। বয়স্ক। স্ত্রী° বয়স্কা (স° বয়স্কা)।

বয়া · ষ্য. (বৈদিক স° ? স° অৱরোহ)। বটের ঝুরি।

বয়া...ষ্য. (পর্তু° boia, ই° buoy)। নদীর চড়া দেখাইবার নিমিত্ত ভাসা নিদর্শন।

বয়াটিয়া, বয়াট্যে...ব ধাতু দেখ।

বয়ান...ষ্য. (স° ৱদন)। বদন, প্রঃ—(কবিকঃ)। (পদ্যে)।

বয়ান...ষ্য. (আ°)। ব্যাখ্যান।

বয়েদ ··ষ্য. (আ° বয়ৎ)। শ্লোক।

বর · ধাতু. (স° ৱৃ ধাতু বরণে)। বরি - গ্রহণ করি, অভিলাষ করি, নিযুক্ত করি। বরণ, বরা ॥ বরা · ধাতু. (বর ধাতু আস্তে)। বরানা ॥ বর···ষ্য. (স° ৱর)। অভিলাষ, প্রার্থনা ; জামাতা, বিবাহার্থী পুরুষ। বর-কন্যা ··বিবাহার্থী পুরুষ ও কন্যা। মিত-বর ...মিত্র-বর, বরের বাল্য-সহচর (রাঢ়ে নিত-বর)। মিত কন্যা, মিত কন্তে...কন্যার

বাল্যসখী (ও°তে মাকুণ্ডি—মার্কণ্ডের হইতে। কিন্তু উৎপত্তি কি ?)। দোজ-বর...দ্বিতীয় বার বর। দোজ-বরিয়া ··ণ. যে বর দ্বিতীয় বার বিবাহ করিতেছে, প্রঃ—গণক কহিছে মোরে দিও দোজবরিয়া বরে জন্মপত্রে আছয়ে লিখন (কবিকঃ)। তেজ-বর ··তৃতীয় বার বর। তেজবরিয়া ··ণ. যে বর তৃতীয় বার বিবাহ করিতেছে। বরযাত্রী, বরযাত্র ...ষ্য. (স° বরযাত্রী)। বরের অনুগমনকারী, প্রঃ—বরযাত্রগণে দেখি ভয় মনে না সরে কার উত্তর (ভাঃ)। বরাতি...ষ্য. (স° বর-যাত্রী। হি° বরাতি)। বর-যাত্রী, প্রঃ—কবিকঃ।

বরং...ব্য. (স° বরম্)। অন্য অপেক্ষা উৎকৃষ্ট, শ্রেষ্ঠ। বরংচ, বরঞ্চ...বা. (স° বরম্+চ)। বরং।

বরই...ষ্য. (স° বদরী)। কুল ফল (পূর্ববঙ্গে)

বর কন্দাজ...ষ্য. (আ° বর্ক্—বিদ্যুৎ, অন্দাজ —নিক্ষেপক=বজ্রধর। তু° স° পরিস্কন্দ—অন্তঃপুররক্ষক)। প্রভুর শরীররক্ষী, প্রতিহারী।

বরখ ··ধাতু. (স° বৃষ ধাতু)। বরখি—বর্ষি। বরথা॥ বরখা, বরিখা ··ষ্য. (স° বর্ষা)। বর্ষা (প্রাচীন পদে)।

বর্-খাস্ত ··ণ. (ফা° বর—স° বহিঃ+খাস্ত)। অতীত, অপগত, প্রঃ—কাছারি বর-খাস্ত ; পদচ্যুত।

বর্-খিলাফ ··ণ. (ফা°)। অসঙ্গত, পূর্বাপর সঙ্গতিশূন্য।

বরগা···ষ্য. (পর্তু° verga –a rod। কিংবা স° বর্গ—কড়ির তির্যক কাষ্ঠ, যদ্দ্বারা ছাদ বর্গে বিভক্ত হয়)। ছাতের কড়ির তির্যক কাষ্ঠখণ্ড।

বর-গুণ··ষ্য. (স° বর-গুণ)। বিবাহার্থী বরের গুণ বা লক্ষণ, প্রঃ—হর-গুণ (গ্রা° অরগুণ) নাই বর-গুণ আছে—হরের আবশ্যক গুণ নাই, অনাবশ্যক গুণ আছে।

বরজ···ষ্য. (স° ব্রজ। ও° বরজু, হি° বরজ)। পানগাছ পালনের তৃণাচ্ছাদিত ঘর, প্রঃ—বারুই নিবসে পুরে বরজ নির্ম্মাণ করে (কবিকঃ)।

বরঞ্চ ··ব্য. (স° বরম্+চ)। বরং, অন্য অপেক্ষা ভাল, প্রঃ—বরঞ্চ গরল খায় আমা পানে নাহি চায় (কবিকঃ)।

বরণ ··ষ্য. (স° বরণ। ও° নাম বন্দাপনা)। নিয়োগ, পূজা। বরণ-ডালা···ধান্য দূর্বা গুআ প্রভৃতি পূর্ণপাত্র। (স° অধিবাস)। বরণ-ডালায় ২৪টা উপকরণ থাকে, যথা—গঙ্গা-মৃত্তিকা, গন্ধ, শিলা, ধান্য, দূর্বা, পুষ্প, ফল (কদলী), দধি, ঘৃত, স্বস্তিক (পিঠালি নির্মিত মূর্তি), সিন্দূর, শঙ্খ, কজ্জল, রোচনা (হরিদ্রা), সিদ্ধার্থ (তণ্ডুল), কাঞ্চন (স্বর্ণ), রৌপ্য, তাম্র, লৌহ, দর্পণ, অলক্তক, হরিদ্রাসূত্র, চামর, দীপ। বরণ-ডালার প্রত্যেক দ্রব্য দিয়া বরণ করিতে হয়। প্রঃ—শিরে দিয়া দূর্বাধান, নিছিয়া ফেলিল পান, গাঁথি গলে দিল পুষ্পমালা (কবিকঃ)। ভারতে নিছনীডালা, যথা—লইয়া নিছনী-ডাল হুলাহুলি দিয়া।

বরণ···ষ্য. (স° বর্ণ)। বর্ণ, প্রঃ—আমার অঙ্গের বরণ লাগিয়া পীতবাস পরে শ্যাম (জ্ঞানদাস)।

বরণ ··ষ্য. (স° ব্রণ, স° বরণ্ড—মুখজাত ব্রণ—অঃটীঃ, বরণ্ডক—মেঃ)। ব্রণ ; যৌবনকণ্টক, যৌবনে মুখজাত বয়ঃকণ্টক (pimples)।

বর্‌-তরফ ··ণ. (ফা॰। ফা॰ বর—স॰ বহিঃ)। বহিষ্কৃত, কর্মচ্যুত।

বর্‌-দার ··ষ্য. (ফা॰)। বাহক, প্রঃ—ছড়ি-বরদার, হুকা-বরদার।

বর্‌দাস্ত ণ. (ফা॰)। সহ্য, প্রঃ—কথা বরদাস্ত হয় না।

বর-পুত্র···ষ্য. (স॰ বরপুত্র)। দেবদেবীর বরে যে পুত্রের জন্ম হইয়াছে; দেবদেবীর রক্ষিত পালিত ব্যক্তি।

বরফ·· ষ্য. (ফা॰ বর্‌ফ্‌)। হিমানী (ice)। বরফী ··ষ্য. চারিকোণা মিষ্টকবিশেষ।

বর্‌বাদ ··ণ. (ফা॰ বর+বাদ। বর—স॰ বহিঃ, বাদ—স॰ বাত)। অপচিত, নষ্ট, অপব্যয়িত।

বরষ ··ষ্য (স॰ বর্ষ)। বর্ষ, বৎসর। (বর্ষা দেখিয়া বৎসর গণনা হইতে বর্ষ শব্দে বৎসর বুঝায়)। বরষা, বরিষা ··ষ্য. (স॰ বর্ষা)। বৃষ্টি।

বরসুঙ্গা...ষ্য. (স॰ ভূরিসুগন্ধ। ও॰ ভুরসুঙ্গা। সুরভি নিম্বু—বৈদ্যকঃ)। নিম্বুকাদি বর্গের ছোট তরুবিশেষ (Murraya koenigii)। অনেকটা কামিনী গাছের তুল্য, কিন্তু, ফুল কিছু নয়। পাতা সুগন্ধ বলিয়া ইহা দ্বারা কেহ কেহ ব্যঞ্জন সুবাসিত করেন।

বরা···ষ্য. (স॰ বরাহ)। বন্য শূকর (এই অর্থে প্রায়ই বন-বরা)। বরার পিঠে তিনটা শাদা ডোরা থাকে। লোকে বলে পইঞা, এবং দেখিয়া শূকর ও বরাহ প্রভেদ করে বরা-মাংস অনেক হিন্দু খায়। বরা-কুচি ··ষ্য. (স॰ বরাহ কূর্চিকা)। বরাহ-লোমের কূর্চি। বরা-খুরিয়া, বরা-খুরো ··ণ. (বরাহ-খুর+ইয়া)। বরাহের খুরের তুল্য খুরবিশিষ্ট। (শূকর দেখ)।

বরা ··বোরা দেখ।

বরাক-কাটা···ষ্য. (? স॰ বরাক—দুর্ভাগা হইতে ?)। গুড়ূচ্যাদিবর্গের বৃক্ষবিশেষ (Pericampylus incanus)। ইহার মূল বাজারে বিক্রয় হয়। সাপে কাটার ঔষধ বলিয়া খ্যাত (কানাইলাল দে)।

বরাড়ী ··ষ্য. (স॰ বরুড—জাতিবিশেষ হইতে ?)। রাগিণীবিশেষ।

বরাৎ···ষ্য. (আ॰ বরাআৎ—অন্যকে কাজের ভার দিয়া নিজে মুক্ত হওয়া)। অদৃষ্ট, প্রঃ—তার বরাৎ ভাল; অন্যকে ভারার্পণ, প্রঃ—তাহাকে বরাৎ দিয়াছি; প্রয়োজন, প্রঃ—হাটে বরাৎ আছে (ফা॰ বরাৎ)। বরাতী ···ণ. যে কর্ম সম্পাদন নিমিত্ত অন্যকে অর্পণ করা হইয়াছে; প্রয়োজনীয়। বরাতী চিঠি ··যে পত্র দ্বারা অন্যকে কাজের ভার দেওয়া হইয়াছে।

বরাতি ··ষ্য. (স॰ বরযাত্রী। হি॰ বারাৎ, বরাতি। বর দেখ)। বরযাত্রী, প্রঃ—(কবিকঃ); কন্তা-ভজা সম্প্রদায়।

বরাদ্দ ··ণ. (আ॰ বরাআৎ+দাদন)। ভারার্পিত, নির্দিষ্ট।

বরাবর ··ণ. (ফা॰)। সমান, সোজা, প্রঃ—এই বরাবর যাও। বা. সদাসর্বদা, প্রথমাবধি, প্রঃ—বরাবর এই রীতি দেখিতেছি; সমীপে, প্রঃ—হজুরবরাবর পাঠানা হইল। বরাবরেষু ··ষ্য. (ফা॰ বরাবর+স॰ সপ্তমী বিভক্তি)। সমীপেষু, প্রঃ—মহামহিম বরাবরেষু (পত্র লিখিতে)। বরাবরি পাল্লা ···রাঢ়ের পালকীবাহক কাহার-ভাষায়, পথ ভাল সমান সোজা।

বরাভরণ··ষ্য. (সং বর+আভরণ)। বিবাহের বরকে প্রদেয় আভরণ।

বরিখ ··ধাতু. (সং বর্ষ হইতে)। বরিখি—বরিষি, বর্ষণ করি। বরিখা॥ (প্রাচীন পদে)।

বরিশাল ··ষ্য. (সং বড়িশ—কাঁটা+আল)। পালকীবাহক কাহার-ভাষায়, কাঁটা গাছ, কাঁটাবন। বরিশাল-নগরের নাম বোধ হয় কাঁটাবন, অর্থাৎ সুন্দরবনান্ত দেশ।

বরিষ ··ধাতু. (সং বর্ষ ধাতু)। বরিষি—বর্ষণ করি, প্রঃ—দুমদাম বরিষে মুষলধারে কিল (মাঃ)। বরিষা॥ বরিষণ···বর্ষণ। বরিষা··· (সং বরিষা—হেমঃ)। বর্ষা। বরিষা কাল (গ্রাং বারিষা কাল) ··বর্ষাকাল।

বরিহা...ণ. (হিং বড়িয়া—বরিআ—বরিহা। উত্তম, প্রঃ—প্রাচীন পদে। (অপ্রচলঃ)।

বরিহা ··ষ্য. (সং বর্হা)। ময়ুর-পিচ্ছ (প্রাচীন পদে)।

বরুণ ··ষ্য. (সং বরুণ—মেঃ। বাংতে গ্রাং বরণা, হিং বারনা বরবন্না, ওং বরুণ)। মধ্যমাকৃতি তরুবিশেষ (Cratæva religiosa)। বল্কল কুঞ্চিত। পাতা ত্রিপর্ণ, প্রায়ই শাখাগ্রে থাকে, এবং বর্ষে বর্ষে প্রায়ই ঝরিয়া পড়ে। কাঠ পাণ্ডুর, শক্ত। ফুল বড় বড় আপীত, গ্রীষ্মকালে ফোটে। ফল গোলপ্রায়, বহুবীজ।

বরুয়া···ষ্য. (বড়+উয়া। বড় দেখ। আসাং বরুয়া)। মাণ্ডলিক (মেদিনীপুরে) ; উপাধি-বিশেষ।

বরুলী···বোলতা দেখ। (ওং বল্লুরি, বিরুড়ি ; হিং বরেলা)।

বরোলা···ষ্য. (?)। আম্রাদিবর্গের উচ্চ তরু-বিশেষ (Holigarna longifolia)। বল্কল মসৃণ। পাতা বৃহৎ। গাছ ও ফল হইতে বিষাক্ত নির্যাস বাহির হয়। চাটিগাঁয়ে ও ব্রহ্মদেশের অরণ্যে জন্মে।

বর্গ...ষ্য. (সং বর্গ)। সজাতীয় সমূহ ; ছাঁদ, প্রঃ—নানা বর্গে গড়ে কর্ম্মী (চৈতন্যমঙ্গল)।

বর্গী ··ষ্য. (মং বারগীর ; মাং বার—বন্দুকে যত বারুদ ধরে। বোধ হয়, ফাং বার্‌ সং ভার+ফাং গীর)। মহারাষ্ট্রীয় সৈন্যবিশেষ, প্রঃ—বর্গি মহারাষ্ট্র আর সৌরাষ্ট্র প্রভৃতি (ভাঃ)। বর্গীর হাঙ্গামা···বর্গীর অত্যাচার।

বর্ণ...ষ্য. (সং বর্ণ)। শুক্লাদি বর্ণ ; ব্রাহ্মণাদি চতুর্বর্ণ ; রূপ ; ভাষার কখ-আদি বর্ণ ; অক্ষর ; রং। বর্ণ-আগম ··শব্দে কখ আদি বর্ণ-আগমন। বর্ণ-ক্রম···কখ-আদি শ্রেণী। বর্ণ-মালা···কখ-আদি বর্ণশ্রেণী। বর্ণ-চোরা ···ণ. প্রকৃত বর্ণ অপ্রকাশিত যার। বর্ণ-চোরা আম···যে আম পাকিলেও হরিত-বর্ণ থাকে। বর্ণ···ধাতু. (সং বর্ণ ধাতু)। বর্ণি—বর্ণন প্রশংসা করি। (পদ্যে)। বর্ণন ...(সং বর্ণন)। বিস্তরণ, স্তবন। বর্ণনা ·· (সং বর্ণনা)। প্রশংসা, কথন ; অর্থবাদ। বর্ণনা-পত্র··অর্থবাদ (আদাঃ। plaint)।

বর্ত···ষ্য. (সং বর্ত)। কাঁসাবিশেষ (bronze)। ভরণ দেখ।

বর্ত (গ্রাং বত্ত)···ধাতু. (সং বৃত ধাতু বর্তনে)। বর্তি—স্থিতি করি, অনুবৃত্ত হই, প্রঃ—সম্পত্তি নাতিকে বর্তিবে ; পালিত হই, প্রঃ—সম্পত্তির কিছু পাইলেই নাতি বর্তিয়া যাইবে—জীবিকা করিতে পারিবে, সৌভাগ্য-বান্ মনে করিবে। বর্তা॥ বর্তা···ধাতু. (বর্ত ধাতু আস্তে)। বর্তানা॥

বর্তক···বটের দেখ।

বর্বটী···ষ্য. (সং ব্রবটী। ব্রীহি ভেদে—মেঃ। ও° বরগুড়ি)। শিম্বাদিবর্গের কৃষিজাত কলাই-বিশেষ (The cow pea. Vigna catjang)। গাছ প্রায় সোজা দাঁড়ায়। পাতা ত্রিপর্ণ। শুঁটী লম্বা। এক জাতের গাছ লতাইয়া পড়ে, শুঁটীতে বীজ দুরে দুরে ধরে। এই জাতের কাঁচা শুঁটী রাঁধিয়া খাওয়া হয়।

বর্ষ···ধাতু. (সং ব্‌ৃষ ধাতু)। বর্ষি—বর্ষণ বৃষ্টি হই, প্রঃ—আজ যেমন বর্ষিয়াছে। বর্ষা॥ বর্ষণ··ষ্য. (সং ব্রর্ষণ)। বৃষ্টি। বর্ষণিয়া ···ণ. (বর্ষণ+ইয়া)। বর্ষণ হইতে প্রাপ্ত, প্রঃ—বর্ষণিয়া জল। কথায়, যত গর্জে তত বর্ষে না, যেমন গর্জন তেমন বর্ষণ নয়—মেঘগর্জন অধিক হইলে বর্ষণ ন্যূন হয়; লক্ষণায়, যাহার মুখে তর্জন অধিক, সে কাজে অল্প ক্ষতি করে; যে যত উচ্চস্বরে বিলাপ করে,তার দুঃখ তত অল্প জানা যায়। বর্ষা···(সং ব্রর্ষা)। বর্ষণ। উনা বর্ষা দুনা শীত···যে বৎসর বর্ষণ অল্প, সে বৎসর শীত অধিক হয়। বর্ষানি···ষ্য. (বর্ষা+পানি)। বৃষ্টিজল। বর্ষা-বাদল, বর্ষা-বাদলা, বৃষ্টি-বাদলা ···(সহচর শব্দ)। বর্ষা, দুর্যোগ। বর্ষাতী ···ণ. (সং ব্রর্ষা-ঋতু—বর্ষাৎ+ঈ)। বর্ষা-কালের যোগ্য, যেমন ফশল, বস্ত্র। বর্ষা-পোকা···ষ্য. (সং ইন্দ্রগোপ)। ক্ষুদ্র অষ্ট-পদী কীটবিশেষ (The scarlet mite. Trombidium)। বর্ষারম্ভে বালি মাটির উপর দেখিতে পাওয়া যায়। দেহ লাল মখমলের মতন (পোকা দেখ)। বর্ষা ··ষ্য. (হিং বরছী)। নিক্ষেপযোগ্য ছোট বল্লম।

বল···ধাতু. (সং বল ধাতু জীবনে)। বলি—পুষ্ট স্থূল হই, প্রঃ—গাছটি এখন বলিয়াছে। বলা॥ বলন···স্থৌল্য, প্রঃ—প্রতিমা নির্মাণে পেশীর বলন করিতে হয়। বল···ষ্য. (সং)। সামর্থ্য, প্রঃ—দেহের বল; শক্তি, পরাক্রম, প্রঃ—বাছুরের আর বল কত; বল করা, দেওয়া—শক্তি প্রয়োগ; সৈন্য; সৎরঞ্চ খেলায় রথ হস্তী অশ্ব। বল-বুদ্ধি···বল ও বুদ্ধি,দেহের ও মনের সামর্থ্য। বল বুদ্ধি ভরসা তিন ত্রিশে ফরসা—৩×৩০ =৯০ বৎসর বয়স হইলে দেহের বল,মনের বল, ও সহায়বল—কিছুই থাকে না। বল-বীর্য···(সহচর শব্দ)। বল। বলবৎ...ণ. (সং বলব্রৎ)। অতিশয়। বলবন্ত ··ণ. বলবান্। বলবান্,...ণ. (সং বলব্রান্)। বলবিশিষ্ট। বলাৎকার ··ষ্য. (সং —বল দ্বারা করা। এই অর্থ ও°তে)। বা°তে, বলপূর্বক অভি-গমন (rape)। বলাবল...(বল+অবল)। বল যত আছে, যত নাই। বলিয়া···ণ. (বল+ইয়া)। বলবান্।

বল ··ধাতু. (প্রাচীন বা° বোল ধাতু। ও° হিং ম° বোল ধাতু। স° ব্রদ ধাতু এক স° প্রাকৃতে বোল্ল হইত। বোল ধাতু দেখ। পরে ব্রল্হ বল ধাতুও হইয়াছিল—আপ্তে)। বলি—কহি, বর্ণনা করি, প্রার্থনা করি, উপদেশ করি, উচ্চস্বরে কহি। বলা॥ বলা-কহা···(সহচর শব্দ। কহ দেখ)। বলা। বলাবলি···পরস্পর কথন। বলা···ধাতু. (বল ধাতু আস্তে)। বলানা॥ বলিয়া ··বা. হেতু, জন্যে, প্রঃ—তা বলিয়া তাহাকে কিছু বলিবে না—সে জন্যে; নামে, প্রঃ—চোখ-গেল বলিয়া এক পাখী আছে।

বল···ষ্য. (ইং ball)। খেলিবার গোলপিণ্ড।

বল-নাচ…(ই° ball)। বহু নরনারী মিলিত হইয়া ইংরেজের নৃত্য।

বলক…ষ্য. (ও° বঠক্ ; হি° উথিয়ানা—উর্ধ্ব আনা। স° বল+করা হইতে ? তু° ও° বঠকা—বহুলতা। বহল—গাঢ়। তু° হি° বলকনা—খোলা)। জ্বাল দিবার সময় দুধের উথান বা স্ফীতি। বলকা…ণ. (বলক+আ)। যে দুধের বলক উঠিয়াছে, এক-বলক-তোলা, বলক-উঠা দুধ…এক বার স্ফীত দুধ।

বলদ…ষ্য. (স° বলীবর্দ। ও° বলদ, হি° বলদ বৈল)। যে গোরু পিঠে ভার বহে, প্রঃ—বলদ ভিড়িয়া চলে মহাবীরের সঙ্গে (কবিক:); যে গোরু গাড়ী টানে। (যে গোরু লাঙ্গল টানে—তাহা হালিয়া)। কলুর বলদ…ঘাণী ঘুরায়, ইহা হইতে যে একই স্থানে বদ্ধ থাকিয়া ঘোরে। চিনীর বলদ…শর্করাবাহী বলীবর্দ যেমন শর্করার স্বাদ পায় না, কেবল ভার বহে, তেমন। বলদিয়া, বলদ্যে…ষ্য. (বলদ+ইয়া)। বলীবর্দ-চালক, যে বলদ দ্বারা ভার বহে, কিংবা যে বলদ তাড়ায়। বলদা…বলদ, গোরু, প্রঃ—বাইশ বলদা (খনা)—গোরু বাইশ বছর বাঁচে।

বলন…ষ্য. (বল ধাতু জীবনে দেখ)। পুষ্টি, স্থূলতা, প্রঃ—মৃণাকে জিনিয়া মোটা দন্তের বলন (মাঃ); আধিক্য। বলনি…বলন, প্রঃ—ভুরুর বলনি কামধেনু জিনি ইন্দ্রধনুকের আভা (চণ্ডীঃ)। বলনী…ণ. বলন-বিশিষ্ট, প্রঃ—সুবলনী মধ্যখানি কি বাখানি তার।

বলয়া…ণ. (স° বলয়+আ)। বলয়াকার, প্রঃ—কটিতে বলয়া হার (চৈতন্যমঙ্গল)। (অপ্রচলঃ)।

বলা…ষ্য. (স° বলা)। বেড়েলা দেখ।

বলাই…ষ্য. (বলরাম, বলদেব প্রভৃতি নামের বল+আই)। বলরাম।

বলাৎকার…বল দেখ।

বলানিয়া…ণ. (স° বলবান্—বলান+ইয়া)। বলবান্, প্রায় উর্বরা, প্রঃ—বঃ জমি।

বলাসান…ষ্য. (আ°। তু° স° বল—গন্ধরস—মেঃ। ই° balsam)। মক্কা দেশের বেলসাম (অন্য নাম মোর)। গর্জন তৈলের মতন বৃক্ষনির্যাসবিশেষ (oleo resin)। গুগ্‌গুলসদৃশ বৃক্ষবিশেষের নির্যাস।

বলি…ষ্য. (স°)। দৈত্যবিশেষ, পূজোপহার, প্রঃ—ছাগবলি, কুষ্মাণ্ডবলি ; জরা হেতু শ্লথ চর্ম ; শরীরমধ্যভঙ্গী ; অর্শরোগে গুহ্যদ্বারের অভ্যন্তরস্থ মাংসপিণ্ডবিশেষ (piles)। বলি-হারি…ষ্য. (স° বলি—উপহার। হার ধাতু। হি° বলি-হারি—বলি)। উৎকর্ষ হেতু পরাজয়, প্রঃ—জ্ঞানদাসেতে বলে বলিহারী যাই। বলিহারি যাওয়া—হারিয়া যাওয়া, হারি স্বীকার করা, অতএব উৎকৃষ্ট।

বল্লম…ষ্য. (স° ভল্ল। হি°)। ছুঁড়িয়া কিংবা বিঁধিয়া মারিবার শূল।

বশ…ষ্য. (স° বশ)। ইচ্ছা, প্রভুত্ব।…ণ. (স° বশ)। আয়ত্ত, প্রঃ—তোমার কাথার বশ শঙ্কর সর্ব্বদা (ভাঃ)। (বিঃ—অবশ)। বশাৎ, বশতঃ…ব্য. (স° বশাৎ, বশতঃ)। শক্তিহেতু, হেতু, কারণে। বশংবদ, বশম্বদ, …ণ. (স° বশংবদ)। মিষ্টভাষী, বশবর্ত্তী।

বস…ধাতু. (স° বস ধাতু নিবাসে। স° বস ধাতু স্তম্ভে)। বসি—বাস করি, প্রঃ—

দশথর প্রজা বসিয়াছে ; কর্ম আরম্ভ করি, প্রঃ—হাট কাছারি বসিয়াছে ; প্রবেশ করি, প্রঃ—ভিজা মাথায় থাকিলে মাথায় জল বসে ; সংহত হই, প্রঃ—ফেলা মাটি বসে ; নিম্নগামী হই, প্রঃ—পাকা বাড়ী বসিয়া যায় ; পিণ্ডীভূত হই, প্রঃ—শীতে দই বসে না। বসা ॥ বসা···ধাতু. (বস ধাতু আস্তে)। বসানা ॥ (বোধ হয়, কয়েকটা অর্থ বা° বস উপবেশনে হইতে)।

বস···ধাতু. (বা° ও° ম° বস ধাতু। হি°-তে প্রায়ই বৈঠ—স° ৱিষ্ট—ধাতু। স° ৱিশ ধাতু, বিশেষতঃ উপৱিশ, নিৱিশ ধাতু, হইতে বইস—বস ধাতু। হয়ত স° ৱস ধাতু স্তম্ভে—থামা—মিশিয়াছে)। প্রাচীন বা°তে বইস ধাতু)। বসি—উপবেশন করি। বসা ॥ দৃষ্টান্তে, শালগ্রামের শোআ বসা—একই। বসা···ধাতু. (বস ধাতু আস্তে)। বসানা ॥ বসার বা উপবেশনের নানা ক্রম আছে, কিন্তু বা°তে সকলের নাম নাই। (১) উবু হইয়া বসা—উর্ধ্বজানু হইয়া। জানুসন্ধি মুড়িয়া পদতলে ভর দিয়া বসা, চাপটি খাইয়া বসা নহে। (২) খাটর-মল্ল হইয়া বসা—দুই পা মুড়িয়া উরুর নীচে পদতল রাখিয়া নিতম্বে ভর দিয়া বসা। (কিন্তু, খাটর মল্ল অর্থ কি ? মল্লাসন ? কিন্তু, খাটর—ভদ্র ? কোথাও কোথাও শুদ্ধ করিয়া আসনপীড়ী বলে। কিন্তু, আসন ও পীঠ এক, এবং পীঠাসন —পীঠে পীড়ীতে আসন উক্ত রূপ না হইতে পারে। স°তে স্বস্তিকাসন)। (৩)—?—ঐ প্রকার উপবেশন, কিন্তু, ডাইন পদতল বাম উরুর উপরে স্থাপন করিয়া। (৪)—?—উবু হইয়া কিন্তু, পায়ে ভর না দিয়া নিতম্বে দিয়া এবং দুই হাতে দুই পা বেড়িয়া বসা। (৫) বীরাসন—এক হাঁঠু পাতিয়া (বা গাড়িয়া) অন্য পা উবু রাখিয়া বসা। (৬) ভক্তাসন—দুই হাঁঠু পাতিয়া বসা যেমন গরুড়। (৭) সিংহাসন —বাম পায়ের উরুর উপর অন্য পা স্থাপন করিয়া, এবং বাম পা ঝুলাইয়া বসা। এই উপবেশনে চৌকী পালঙ্ক প্রভৃতি লাগে।

বস, বাস ··ব্য. (ফা° বস)। প্রচুর, পর্যাপ্ত, প্রঃ—বস আর চাই না।

বসৎ...ষ্য. (স° ৱসতি। ই লুপ্ত)। বসতি। বসৎ-বাটী...আবাস।

বসতি ··ষ্য. (স° ৱসতি। হি° বস্তী)। বাস, আলয়। বস্‌-ৱাস··ষ্য. (স° ৱসতি+ৱাস। তি লোপে বস)। বাস।

বসন্ত ··ষ্য. (স° ৱসন্ত)। বসন্ত ঋতু ; রাগ-বিশেষ ; বসন্তরোগ (বসন্ত ঋতুতে হয় বলিয়া। অন্য স° ও বা° নাম শীতলা। ও°-তে ঠাকুরাণী। স° নাম মসূরিকা। ই° small-pox)। পানি-বসন্ত...বসন্ত-রোগ-বিশেষ (chicken-pox)। এই রোগ শিশু ও বালকের অধিক হয়। পূয না হইয়া গুটিতে জল থাকে। বসন্ত-বাহার ··ষ্য. (ফা° বাহার—বসন্ত। অতএব মূলে সহচর শব্দ)। রাগিণীবিশেষ। (রাগরাগিণী দেখ)। বসন্ত-বউড়ী···ষ্য. (স° ৱসন্তবধূটী। আভিধানিক নাম নহে। কোথাও হলুদা-বসন্ত, কোথাও বেণো-বউ নামে খ্যাত)। বৃক্ষচারী বর্গের হরিৎবর্ণ পক্ষীবিশেষ (Barbet)। (১) বড় বসন্ত-বউড়ী, বড় বেণো-বউ ··১২ আঙ্গুল দীর্ঘ, গাল গলা নীলবর্ণ। গ্রীষ্মকালে ডাকে

"গৃহস্থের খোকা হউক।" ও'তে সীতা-কোকলো। অন্য ডাক কুক্ কুক্ কুক। (Cyanops asiatica)। (২) ছোট বসন্ত-বউড়ী, ছোট বেণ্যে-বউ, গয়লা বুড়ী ··৮ আঙ্গুল দীর্ঘ, চঞ্চু ছোট কাল, কপাল রক্তবর্ণ। গ্রীষ্মকালে ডাকে কুক-কুক্-কুক (বা টুক-টুক-টুক)। (Xantholœma hæmatocephala)। (৩) হরিৎ বসন্ত ·· ১৩।১৪ আঙ্গুল। শস্যবীজ বিশেষতঃ বট-ফল খায়, এবং কুটুর-কুটুর ডাকে। (Thereiceryx zeylanicus)।

বস-বাস...বসতি দেখ।

বসা···ষ্য. (স° বসা)। মাংস হইতে প্রাপ্ত স্নেহ পদার্থ, চর্বি।...বস ধাতু দেখ।

বসু···ষ্য. (স° বসু)। ৮ অঙ্ক; উপাধি-বিশেষ। বসু-ধারা···ষ্য. (স° বসু—চেদি-রাজ)। বৃদ্ধিশ্রাদ্ধ-পূর্বকর্মবিশেষ, চেদিরাজ বসুর উদ্দেশ্যে কাঁথে সপ্ত ঘৃতধারা। (২) (স° বসু—জল)। বৈশাখ মাসে তুলসী গাছের উপরে জল-ধারা।

বস্তা···ষ্য. (ফা°)। বস্ত্রবদ্ধ দ্রব্য। বস্তানি ··ষ্য. (বস্তা+কানি)। বস্তা বাঁধিবার বস্ত্র। বস্তানী...ষ্য. ছোট বস্তা। বস্তা-বন্দি ··ষ্য. বস্তাবাঁধা। বস্তা-পচা...ণ. বাঁধা অবস্থায় পচিয়াছে যাহা, যাহা খোলা হয় নাই।

বস্তু ··ষ্য. (স° বস্তু। স° বস ধাতু নিবাসে হইতে)। যাহা আছে, সত্য; পদার্থ; দ্রব্য, প্রঃ—কাপড়খানার বস্তু নাই। বস্তুতঃ ...বা. (স° বস্তুতস্)। যথার্থতঃ, কারণতঃ।

বহ···ধাতু. (স° বহ ধাতু)। (সকর্মক) বহি—বহন করি, আনয়ন ধারণ করি। বহা। বহনি...বহন, বহনব্যয়। (অকর্মক)—বহি—দুঃখহর্ষশোকাদি সহি, বাহিত নীত হই, বহমান হই। বহা॥ বহা···ধাতু. (বহ ধাতু আস্তে)। বহানা॥ সময় বহিয়া গেল—অতীত হইল। বালক বহিয়া গিয়াছে—শাসনের অতীত হইয়াছে। বহতা···ণ. (তু° স° বহতী—স্রোতস্বিনী)। যাহা বহিতেছে, প্রঃ—বহতা জলে স্নান হিতকর। (ব ধাতু দেখ)।

বহব, বহবঃ···ণ. (স° বহু শব্দের বহুবচনে বহবঃ)। বহু, প্রঃ—প্রণামা বহব নিবেদন—বহুপ্রণাম-পূর্বক নিবেদন।

বহর···ষ্য. (ফা°)। বিস্তার, যেমন বস্ত্রের। ...ষ্য. (আ°)। সাগর। ··(হি°)। সাগর-পোত-বাহিনী।

বহি ··ষ্য. (বই দেখ)। খাতা, পুস্তক। রোকড় বহি ··যে বহিতে টাকার হিসাব থাকে। রোজনামচা বহি ··যে বহিতে দৈনিক হিসাব থাকে।

বহি···বই দেখ।

বহিনী···ষ্য. (স° ভগিনী। স° প্রা° বহিণী, ভইণী)। বইন, প্রঃ—কবিকঃ। বইন দেখ।

বহিরঙ্গ···ষ্য. (স°)। বাহ্য অঙ্গ; অপর জন, শত্রু, (তু° অন্তরঙ্গ)। বহিরঙ্গতা (প্রা° বইরঙ্গাতা) ··ষ্য. শত্রুতা।

বহির্দেশ ··ষ্য. (স°)। গৃহ-গ্রামাদির বাহিরের স্থান; বহির্বাটী; মলত্যাগস্থান (বাহ্যে দেখ)।

বহু···ষ্য. (স° বধূ)। বউ (প্রাচীন পদে)। বহুড়ী···বউড়ী। বউ দেখ। বহুআরী···ষ্য. (বধূ+আরী)। বউড়ী। (তু° ঝিআরী)।

বহুত···ণ. (স° প্রভূত। স°প্রা° বহুঅ।

কিংবা সং বহুতর)। প্রভূত, বহু, প্রঃ—ইহা হৈতে প্রাণী বৃদ্ধি হইল বহুত (কবিকঃ)।

বহু ত…(ত নিশ্চয়ে, পাদপূরণে)। বহু, প্রঃ—মালীর ইচ্ছায় শাখা বহু ত বাড়িল (চৈঃ চঃ), বহু জ্ঞাতি গোষ্ঠী তোমার বহু ত বান্ধব (চৈঃ চঃ)।

বহুতর…ণ. (সং। বহু অর্থে সংতে বহুতর শব্দ আছে, যথা, বহুতরকলশসাধ্যং। বাংতে বহু অর্থে, এবং বহু-তর (ফাং তর —প্রকার)—বহুবিধ অর্থে)। বহু, অনেক, প্রঃ—কবিকঃ—ঝড় বৃষ্টি হৈল বহুতর, কিনিয়া বহুতর, দিয়া বহুতর ক্লেশ ;ভারতে,—অনশন কৈল বহুতর, দাসদাসী দিলা সঙ্গে সৈন্য বহুতর, প্রকাশ করিলা তন্ত্র মন্ত্র বহুতর, সুন্দর সুন্দর নৌকা বহুতর, গাড়ি করি এনেছিল নৌকা বহুতর, মঙ্গল দেখেন বহুতর, (যেমন, ধেনু বৎস এক স্থানে বৃষ খুরে ক্ষিতি টানে দক্ষিণেতে ব্রাহ্মণ অনল) ; প্রবোধচন্দ্রিকায়, বহুতর বৈরী, বহুতর ধনদানমান।

বহুয়ারি, বহুআরি··ষ্য. (সং বহুবার। ও° গরগণা)। ছোট তরুবিশেষ (Cordia myxa)। গাছ প্রায়ই বাঁকা। কাঠ শাদা হালকা। অনেক ডাল, চারিদিকে ঝুঁকিয়া পড়ে (এই হেতু সং নাম বহুবার—বহূন্ দেশান্ বৃণোতি—অঃ টীঃ)। পাতা একোত্তর প্রায় অণ্ডাকার। ফুল শাদা ছোট, গ্রীষ্ম-কালে ফোটে। ফল গোল-গোল, পাকিলে পীতবর্ণ। ভিতরে চট্‌চটা আঠা (এই হেতু এক সং নাম শ্লেষ্মাতক)। দুঃখী লোকে ফল খায়। বহুয়ারি সদৃশ অনেক গাছ আছে। (রাঢ়ে নাম বয়রকুড়ি)।

বহুরূপা…ষ্য. (সং বহুরূপঃ সরটে—মেঃ)। দক্ষিণভারতের বন্য প্রদেশের সরটবিশেষ (Chamæleon)। দেহ ৯।১০ আঙ্গুল, পুচ্ছ ১০।১১ আঙ্গুল ; চোখ বড়, দেহ চেপটা অর্বুদময়, পদ দীর্ঘ, মাথার পাশে চূড়া, জিহ্বা কৃমির মতন গোল, প্রান্তে স্থূল, হঠাৎ বহির্গত করে। দেহের বর্ণ পরিবর্তন করে বলিয়া নাম। (বঙ্গদেশে বহুরূপী নাই। কাকলাস বর্ণ-পরিবর্তন করিতে পারে বটে, কিন্তু, বহুরূপীর তুল্য পারে না)।

বহুরূপী ··ষ্য. (বহুরূপ+ঈ)। যে মানুষ বহুবিধ রূপ ধারণ করিতে পারে ; অভিনেতা।

বা ··ষ্য. (সং বাত)। পবন (প্রায়ই পদ্যে)।

বা ··ধাতু. (সং বা ধাতু গতি, এবং সং বাদি ধাতু বাদ্যে মিশিয়াছে)। বা-ই—বহি, প্রঃ—মন্দ মন্দ বায় বায়ু ; বাদ্য হয় বা বাজে, প্রঃ—ঠমক থমক বায় (কবিকঃ), “করাবলম্বন বংশী বায় মন্দ মন্দ।” বাজাই, প্রঃ—কেহ গায় কেহ বায় কেহ তাল ধরে (জ্ঞানদাস), আর মুখে বায় বেণু (জ্ঞানদাস)। বাআ, বাওয়া॥ (এই শব্দ অপ্রচলিত)। বায়তি, বায়ন দেখ।

বা…ধাতু. বাহ ধাতু দেখ।

বা…ব্য. (সং বা)। বিকল্পে, প্রঃ—রাম বা শ্যাম যাইবে ; উপমায়, প্রঃ—চাঁদ বা দেখি ; বিতর্কে, প্রঃ—কিবা দিব রূপের তুলনা। অথবা…ব্য. (সং অথবা)। পূর্ব-বাক্যবিশেষণে, প্রঃ—রাম একা যাউক অথবা শ্যামের সঙ্গে যাউক ; বরং, প্রঃ—বাঙ্গালা ভাষায় কর্তৃবাচ্যের প্রয়োগ হয়, অথবা বলা চলে অন্ত বাচ্যের প্রয়োগ

আবশ্যক হয় না ; কিংবা। যদি বা দেখ।

বা…ব্য. আশ্চর্যে, বাঃ।

বাঁ…ণ. (সং বাম। বাম—বাঁঅ—বাঁয়। এ এর পরে থাকিলে বাঁ স্থানে বাঁয় হয়)। বাম, দক্ষিণ নহে, প্রঃ—বাঁ হাত, বাঁ দিক। বাঁয়ে বয় না—লাঙ্গল কিংবা গাড়ীতে জোতা গোরুর মধ্যে ডাইন পাশের গোরু বলবান্ হয় এবং বাঁ পাশের গোরুকে চালায়। ইহা হইতে অন্যের বশে চলে না।

বাংশুয়া, বেংশো…ষ্য. (সং বংশ হইতে—বাংশ+উয়া—সাদৃশ্যে)। কলাগাছের খোল। (যেমন বাঁশ গাছের খোল থাকে)।

বাঁঃ…ষ্য. (সং বা হইতে)। বিস্ময়ে, বিতর্কে।

বাঃ বাঃ…ব্য. বিস্ময়াতিশয্যে।

বাঁঅড়…ষ্য. (সং বন্ধ হইতে বাঁধ+ড়)। নদীর বদ্ধ স্রোতনালী, যেখানে নদীর স্রোত বদ্ধ হইয়াছে।

বাঅনিয়া…ণ. (সং বামন+ইয়া)। বামনতুল্য খর্ব।

বাঅরী…ষ্য. (সং বর্বর)। জাতিবিশেষ। স্ত্রী° বাঅরিনী। (২) (সং বর্বরঃ পামরে কেশে—মেঃ। সং বার্বরি। মং বাবরী—আলুলায়িত কেশ)। মস্তকের কেশ পশ্চাতে লম্বা ও স্ফীত। বাঅরী-কাটা চুল—এইরূপ চুল।

বাআ…ডিম দেখ।

বাআন্ন…বায়ান্ন দেখ।

বাই…ষ্য. (সং বাতিক, বাত)। আয়ুর্বেদের বায়ু রোগ ; বাত-শূল, প্রঃ—বাই মারে, ধরে ; ব্যসন, প্রঃ—থিয়েটার-দেখা বাই। বাই-বাতাস, বাঅ-বাতাস…ষ্য. (সহচর শব্দ)। উপদেবতার স্পর্শ।

বাই…বাঈ দেখ।

বাইছ, বীছ…ষ্য. (বাছি দেখ)। বাছা, নির্বাচন। বাইছ করা—বহু জালিয়া একত্র নদীর মাছ ধরা। বাইছ খেলা—নদীতে নৌকা লইয়া কে আগে যাইতে পারে, তাহার প্রদর্শন।

বাইতি…ষ্য. (সং বাদিত্র+ঈ—বাদিত্রী—বাইতী—বাইতি)। (প্রায়ই) ঢাক কিংবা ঢোল বাদ্যকর ; জাতিবিশেষ। স্ত্রী° বাইতিনী।

বাইন…ষ্য. (সং বাপি—তন্তুবপন)। বোধ হয় বাপন হইতে)। বীজবপন-ধারা। বাইন-কানা…ণ. বীজবপনে ধারাভঙ্গা।

বাইন, বাইম…ষ্য. (সং বর্মি)। পাঁকাল মাছের সদৃশ কর্দমচর বৃহৎ মৎস্যবিশেষ (Mastacembelus armatus)। পিঠের পাখনা পুচ্ছের সহিত মিলিত। পিঠের পাখনার নিম্নে কৃষ্ণ চিহ্ন থাকে।

বাইন·ষ্য. (সং ভরণী। ওং বণা, হিং ভন্নি)। নিম্নে ক্রমশঃ সরু এমন বড় মৃৎপাত্র বা নান্দ। ইহাতে আখের রস জাল দেওয়া হয়।

বাইন…বায়না (টেং চাঁদ)। (অপ্রচলঃ)।

বাইন…ষ্য. (সং বন্যা)। বন্যা, প্রঃ—নৌকা বাইন-চোল হয়—বানে বিপর্যস্ত। (এই শব্দ ব্যতীত অন্য শব্দে বান দেখ)।

বাইবল…ষ্য. (ইং bible)। খ্রিষ্টানের ধর্মগ্রন্থ।

বাইর, বীর…ষ্য. (সং বহিস্)। বাহির ; ঘরের ভিতর নহে। বাইর-বাড়ী…বহির্বাটী। ঘর-বার করা—মনের চাঞ্চল্যে একবার ঘরে প্রবেশ করা পর বার বাহিরে আসা।

বাইল…ষ্য. (সং পালি। মং ফলী। ওং বাহুঙ্গা, বরডা—তালপত্র। ঢাকায় বাগুরা। তু° সং

ৱার—দ্বার, বলজ্জ—দ্বার)। সম্পূর্ণ এক খণ্ড যেমন তালপাতা (বাখড়া দেখ); কপাটের দুই খণ্ডের মধ্যে এক খণ্ড। (ঝাইল দেখ। বাইল হইতে ঝাইল)।

বাইশ···ণ. ষ্য. (সং দ্বাৱিংশতি)। দুই অধিক বিশ সঙ্খ্যাক, সঙ্খ্যা; ২২। বাইশা, বাইশে ···ণ. (বাইশ+আ, +ইয়া—বাইশিয়া—বাইশ্যে)। বাইশ-পূরক দিবস।

বাইস··ষ্য. (সং ৱাসী, ৱাশী। ওং বাসি)। সূত্রধারের কর্তন-শস্ত্রবিশেষ। ইহার ফলা কোদালের মতন তির্যক কিংবা কুড়ালের মতন উর্ধ্বাধঃ করিতে পারা যায়। প্রঃ—শীলে শিলাইয়া বাসি পাটি চাঁচে রাশি রাশি (কবিকঃ)।

বাইসিকেল, বাইক···ষ্য. (ইং bicycle)। দ্বিচক্র-যান।

বাঈ, বাই···ষ্য. (হিং মং। হিংতে মান্যা নারী, নর্তকী। মংতে মাতা ও মান্যা বয়োজ্যেষ্ঠা নারী মাত্রে। বাবা বাবু শব্দের স্ত্রীলিঙ্গ রূপে বাবী—বাঈ?)। মান্যা নারী (প্রায়ই প্রত্যয়সরূপ ব্যবহৃত হয়, যেমন মীরা-বাঈ, রমা-বাঈ); হাবভাব-সহিত নর্তকী। বাই-নাচ···বাঈর নৃত্য। (এই নৃত্যে অঙ্গভঙ্গি দ্বারা ভাব, এবং খেমটা নাচে পদদ্বারা নর্তন-কৌশল প্রদর্শিত হয়)। বাইজী...(তুং ৱাবাজী, বাবুজী)। নর্তকী।

বাউ (গ্রাং)··ষ্য. (সং ৱায়ু)। বায়ু। (তুং আউ)।

বাউটা···ষ্য. (সং ৱাতাট। ৱাতমৃগ। ওং বাউটিআ বাহুটিআ—পুং কৃষ্ণসার)। কৃষ্ণসার, প্রঃ—বারশিঙ্গা বাওটাদি কস্তূরী তুলায় (ভাঃ); বাউটা হরিণ যেন চারি পানে চায় (মাঃ)।

বাউটী···ষ্য. (সং বাহু+বাং টী। ওং বাহুটি)। বাহুর ভূষণবিশেষ।

বাউনি···ষ্য. (বাআন্ন বন্ধন হইতে? বন্ধন হইতে?)। মকরসংক্রান্তির পূর্বদিন খড়ের বেণী দ্বারা গৃহদ্রব্য বন্ধন। মন্ত্র এই—আউনি বাউনি পিঠা কর‍্যা খাঅনি—অর্থাৎ বাউনি আসিল, পিঠা করিয়া খাও। লক্ষ্মী বাঁধিয়া রাখা উদ্দেশ্য। (কিন্তু বাআন্ন বন্ধন কেন?)।

বাউরি, বাউরা···ষ্য (সং ৱাতুল—বাউল—বাউর। বাউল দেখ। ল স্থানে র হইত। যথা, কোল—কোর, কাজল—কাজর, উজল—উজর)। বাতুল, প্রঃ—বাউরি-পারা (চণ্ডীঃ)—বাতুলপ্রায়; করি আগে বাউরা নাচায় জগৎনারী (চৈঃ চঃ)—পাগল করিয়া; বাউরী সম কত করু পরলাপ (জ্ঞানদাস)।

বাউল··ষ্য. (সং ৱাতুল)। বৈষ্ণবসম্প্রদায়-বিশেষ। ইহারা মাথায় টোপর গায়ে কাঁথা দিয়া গাব-গুবা-গুব বাজাইয়া হরিনাম করে। ···ণ. বাতুল, প্রঃ—বাউলকে কহিও হাটে না বিকায় চাউল (চৈঃ চঃ)—পাগল চৈতন্য-দেবকে; বাউলকে কহিও লোক হইল আউল (চৈঃ চঃ)—আউল—আকুল। বাউলী...বাতুল (চৈঃ চঃ)। বাউলিয়া, বাউল্যা ... বাতুলপ্রায়, প্রঃ—বাউল্যা বিশ্বাস (চৈঃ চঃ) বিশ্বাস—জনেকের উপাধি। (ওং বাউল্লা)।

বাউলী···ষ্য. (সং বলয়। বলয়—বয়ল+ঈ—বায়লী—বাউলী)। হাঁড়ী ধরিয়া নামাই-বার লোহার বেড়ী।

বাএন (গ্রাং)··ষ্য. বায়ন দেখ। প্রঃ—শুং পুং—গাএন বাএন।

বাও…ষ্য. (পর্তু° bubao=bubo)। বাগী রোগ। (ফিরিঙ্গী রোগ দেখ)।

বাওড়…বাঁঅড় দেখ।

বাও-বাতাস…ষ্য. (সং বাত। বাত—বাঅ—শূং পুঃ)। উপদেবতার গায়ের বাতাস বা স্পর্শ।

বাঁক…ধাতু. (সং বনক্ ধাতু কৌটিল্য)। বাঁকি—বক্র হই; কুটিল হই। বাঁকা॥ বাঁক…ষ্য. (১) (সং বক্র; বঙ্ক—মেঃ)। নদীর বক্রতা বা মোড়, প্রঃ—এক বাঁক দুই বাঁক তিন বাঁক যায় (কবিকঃ)। (২) ভারযষ্টি (বাঙ্গী হইতে)। বাঁক-নল…দীপশিখা বাঁকাইয়া ফুঁকিবার বাঁকা-নল (স্বর্ণকারের। blow-pipe)। বাঁক-মল, বাঁকী…ষ্য. (বনুবলয়)। পায়ের নিমিত্ত বাঁকা বলয়-বিশেষ, প্রঃ—রজতের মল বঙ্ক (চৈঃ চঃ), বঙ্ক-মল। বাঁক-সাঁড়াশী…কঙ্কমুখ সন্দংশ (tongs)। বাঁকা…ণ. কুটিল, প্রঃ—বাঁকা মন; বক্র, প্রঃ—দেখিতে না পারিলে চলন বাঁকা; অসমান, প্রঃ—নাচিতে না জানিলে উঠান বাঁকা; তির্যক, প্রঃ—বাঁকা সিঁথী; ঋজু নহে, প্রঃ—বাঁকা পথ। বাঁকা-চোরা…বাঁকা ও চূর্ণ। বাঁকা-রায় ধর্মঠাকুরের নামবিশেষ। বাঁকুড়া রায় দেখ। বাঁকা…ধাতু. (বাঁক ধাতু আস্তে)। বাঁকানা॥

বাকড়…ষ্য. (সং বকাসুর হইতে? এক বকাসুর শ্রীকৃষ্ণ হত করেন। বাকড়ের নামান্তর কাঁসর—কংসাসুর?)। ভক্ষক। পেটে বাকড় হওয়া—উদরে এমন এক ভক্ষক হওয়া যে অত্যাহার করায়। প্লীহা বৃহৎ হইলেও লোকে খেদে বলে বাকড় হইয়াছে।

বাঁকড়া…ণ. (বাঁকা+ড়া=বাঁকাড়া—বাঁকড়া)। বাঁকা, ঈষৎ বাঁকা; ক্রূর। (লাঙ্গল দেখ)।

বাঁক-মল…বাঁক দেখ।

বাকল…ষ্য. (সং বল্কল)। গাছের ছাল বা ত্বক। বাকলা…ষ্য. (বাকল+আ)। ফলাদির খোলা, প্রঃ—বার্ত্তাকুর খারা কচু কুমড়া বাকলা (কবিকঃ)।

বাকস (গ্রা°)…বাসক দেখ। মাঃ—বাকোস।

বাকসনা (গ্রা° বাসকনা)…ষ্য. (সং বক্ত-সেন। অন্য নাম অগস্তি—ভাবপ্রকাশে। বক ফুল দেখ)। শিম্বাদি বর্গের পুষ্পতরু-বিশেষ (Sesbania grandiflora)। কাঠ শাদা লঘু। মুকুল বাঁকা বলিয়া বোধ হয় ভুলে বক নাম পাইয়াছে। ফুল শাদা ও লাল—দুই জাত। প্রায় বারমাস ফোটে। শুঁটী আধ হাতের উপর লম্বা। প্রঃ—বাকসনা (কৃত্তিঃ আদ্যে), বাকসোনা (কবিকঃ)। বাসকনা (মাঃ—বাবলা বাকনিম বেঙুচ বাসুকনা। বর্ণবিপর্যয়ে বাসুকনা। তুং সং বাসক—বাকস রাঢ়ে)।

বাঁকা…বাঁক দেখ।

বাকি…ণ. (আ°)। অবশিষ্ট, অবশিষ্ট প্রদেয় বা প্রাপ্য। বাকি পড়া—শোধ না যাওয়া। বাকি খাজনা…যে খাজনা বা কর অদত্ত রহিয়াছে। বাকি জায়…অবশিষ্টের তালিকা, প্রজার জমির ও জমার হিসাব। বাকিদার…ষ্য. যে প্রজার খাজনা বাকি আছে। জমা-ওয়াশীল-বাকি…যে কাগজে ধার্য খাজনা, আদায় ও বাকি দেখানা হয়। বাকি-বকেয়া…ণ. (সহচর শব্দ)। চলিত

সনের বাকি ও গত সনের বাকি। বাকি-সাকি···ণ. (আ°)। অতিরিক্ত।

বাকুচী, বাগুচী···ষ্য. (অমরে, অবল্গুজঃ সোমরাজী সুবল্লিঃ সোমবল্লিকা। কালমেষী কৃষ্ণফলা বাগুচী পূতিফল্যপি॥ অতএব অমরের বাগুচী সোমরাজীর নামান্তর। ভাব-প্রকাশে সোমরাজী শশিলেখা—অর্থাৎ ডাঁটায় শাদা রেখা বলিয়া সোমরাজী। ম° হি° বাবচী, হি° বকচী দানা, ও° বাকুচী। বা°তে বাকুচী ও সোমরাজী পৃথক গাছ। সোমরাজী দেখ)। শিম্বাদি বর্গের বর্ষায়ুঃ শাকবিশেষ (Psoralea corylifolia)। দেড় হাত দুই হাত উচা হয়। পাতায় এক কিংবা তিন পর্ণ থাকে। পর্ণ চিহ্নযুক্ত। ফুল ছোট আরক্ত-নীল, শীতকালে ফোটে। শুঁটীতে বীজ একটী, অণ্ডাকার, সুগন্ধ তিক্ত। এই বীজ ধবলের মহৌষধ বলিয়া খ্যাত। (বা° সোমরাজী কিন্তু নহে। তাহা কৃমির মহৌষধ)। কেহ কেহ বাকুচীকে হাকুচ বলে।

বাঁকুড়া রায়···ষ্য. (বোধ হয় মূল বঙ্করাজ। ইহা হইতে বাঁকা রায়, বাঁকারায়=বাঁকড়া—বাঁকুড়া। ভুলে আবার,রায়)। ধর্মঠাকুরের নামবিশেষ।

বাঁকুয়া···ণ. (বাঁকা+উয়া)। ঈষৎ বক্র, প্রঃ—জ্ঞানদাস, প্রাচীন পদ।

বাকুল···ষ্য. (ও° বাকুল। হি° বাখল—গৃহাদিসম্বলিত বেষ্টিত স্থান অর্থাৎ বাড়ী। স° বাট-কুল—কুল গৃহ দেশ—বেষ্টিত দেশ)। বাড়ীর যে অংশ প্রাচীর-বেষ্টিত থাকে, অন্তঃপুর। (স° বাটী বা°বাড়ী অর্থে বাকুল)।

বাক্য (গ্রা° বাক্কি)···ষ্য. (স° বাক্য)। পদ-সমুদায়, কারকান্বিতা ক্রিয়া (ব্যাকরণে); বচন; সূত্র। বাক্য দেওয়া—'সত্য' করা। স্তোভ বাক্য (গ্রা° স্তোক)···স্তম্ভন করিয়া থামিয়া রাখিবার বাক্য; নিরর্থক বাক্য। বাক্যবাগীশ···(স° বাগীশ—বক্তা। অতএব বাক্য শব্দ অনাবশ্যক)। নিরর্থক বক্তা, বচন-বাগীশ। বাক্যালাপ···ষ্য. (স° বাক্য +আলাপ। প্রায় সহচর শব্দ)। কথাবার্তা।

বাক্‌স (গ্রা° বাস্‌ক)···ষ্য. (ই° box)। টাকা-কড়ি জিনিষ-পত্র রাখিবার কাঠের কিংবা ধাতুপত্রের মঞ্জুষা। বাক্‌স বন্দি করা—বাক্‌সে রাখিয়া বন্ধ করা। হাত-বাক্‌স···ছোট বাক্‌স। কেশ বাক্‌স···(ই° cash-box)। টাকা কড়ি রাখিবার লৌহপত্রের হাত বাক্‌স।

বাখড়া···ষ্য. (স° পক্ষ=পাখা+ড়া। পাখড়ী দেখ। ও° বরডা, বাহুঙ্গা)। তাল নারিকেল খেজুর প্রভৃতির দীর্ঘ বোঁটা (এই বোঁটা চওড়া বলিয়া পাখার সাদৃশ্যে)।

বাখর···ষ্য. (স° বল্কল—বাকল—বাখর)। চাউল হইতে মদ্য করিবার কিণ্ব (ferment)। গাছের বাকলের সহিত থাকে বলিয়া নাম।

বাখান···ষ্য. (স° ব্যাখ্যান)। গুণ-ব্যাখ্যান, প্রঃ—কৃত্তিঃ, পদ্যে; দোষ-ব্যাখ্যান, অপবাদ, প্রঃ—গ্রাম্য। বাখান···ধাতু. (ও° বখাণ ধাতু)। বাখানি—প্রশংসা করি, প্রঃ—বাখানি সাহস তোর, বাখানি বীর-পণা তোর আমি সৌমিত্রি (মেঘনাদবধঃ)। বাখানা॥ বাখনা-বাখানি···নিন্দাবাদ।

বাখারী, বাখারি···ষ্য. (স° বল্কল—বাকল—

বাকর—বাখর দেখ। বাঁশের এক সং নাম ত্বক্‌-সার)। বাঁশের ত্বক-পট্ট, প্রঃ—শূং পুঃ। বাখারী চুন⋯ঝিনুক শামুক খোলা-(বল্কল) পোড়া চুন (পাথরিয়া চুন নহে)।

বাগ⋯ধাতু. (সং বল্গ ধাতু গতি)। বাগ্‌—সংযত হই, শাসিত হই, প্রঃ—দুরন্ত ছেলে বাগে না॥ বাগা॥ বাগ⋯ষ্য. শাসন, প্রঃ—বাগ মানা; সুযোগ, প্রঃ—বাগ পেয়ে বাঘটা রাজার ঘাড়ে চড়ে (মাঃ)। তাগ-বাগ⋯(প্রায় সহচর শব্দ)। সুযোগ। বাগ-ডোর⋯ষ্য. (সং বল্গা ডোর)। ঘোড়ার মুখ-রজ্জু। (শূং পুঃ—বাগা)। বাগ⋯ধাতু. (বাগ ধাতু আস্তে)। বাগানা॥ বাগানা⋯আয়ত্ত করা, নিয়মিত করা। বাগান বাগানা—অনাবশ্যক গুল্মাদি কাটিয়া সুশোভিত করা।

বাগ⋯ষ্য. (আং। তুং সং বাটিকা)। উদ্যান। বাগাৎ⋯ষ্য. উদ্যানভূমি। বাগাতী⋯ণ. উদ্যান-ভূমিসম্বন্ধীয়। বাগিচা⋯ষ্য. (ফাং চা প্রত্যয়)। ছোট বাগান। বাগ বাগিচা⋯(প্রায় সহচর শব্দ)। বাগান-টাগান।

বাগ (গ্রাং)⋯বাঘ দেখ। বাগা⋯(বাগ+আ—অনাদরে, বিকট আকারে)। বিকট বাঘ। কথায়, হাগার চেয়ে বাগার ভয়, তার চেয়ে টিপ-টিপনির ভয়—অন্ধকারে মলত্যাগ-বেগ অপেক্ষা বাঘের ভয় অধিক, টিপ-টিপনি বৃষ্টির ভয় ততোধিক। বোধ হয় শীত-কালে রাত্রে বৃষ্টি হইবার সময়ে গ্রামে মাঠে মলত্যাগের কথা।

বাগ (গ্রাং)⋯ষ্য. (সং মার্গ। আগে ভাগে শব্দে মার্গ হইতে ভাগ—বাগ)। দিক, প্রঃ—আমার বাগে চাও। বিক দেখ।

বাগ্‌-আড়ম্বর⋯ষ্য. (সং বাক্‌+আড়ম্বর)। বৃথা বাক্যের আড়ম্বর। বাগ্‌-জাল, বাগ্‌-দত্ত, বাগ্‌-দান, বাগ্‌-বিতণ্ডা প্রভৃতি শব্দ সং। বাগশ্রী⋯রাগরাগিণী দেখ।

বাগড়া⋯ষ্য. (সং বগর, ব্যাঘাত। হিং বগড়া)। ব্যাঘাত, প্রঃ—কাজে বাগড়া।

বাগড়া⋯ষ্য. (বাগ+ড়া)। আয়ত্তি-চেষ্টা। বাগড়া-বাগড়ি—টানাটানি।

বাগদী⋯ষ্য. (কেহ বলেন, মেদিনীপুর জেলার বগড়ী—বকদ্বীপ—পরগণার নাম হইতে। কিন্তু বগড়ী হইতে বাগ আসা কঠিন। বোধ হয় ব্যাঘ্র শব্দ হইতে উৎপত্তি। লোকের উপাধি বাগ আছে। ওড়িশায় বাঘুটি নামে বাং বাগদীর তুল্য এক জাতি আছে। মাঝী বাগদী নাম হইতে সাঁওতাল মাঝী মনে আসে)। হিন্দু জাতিবিশেষ, প্রঃ—বাগদি যোগায় দোলা (কবিকঃ)। স্ত্রীং বাগদিনী। (পূর্বে বাগদী দোলা বহিত। এখন বহে না। দোলিয়া অপেক্ষা উচ্চ হইয়াছে। বাগদীর নানা শাখা আছে।

বাগাৎ⋯বাগ দেখ।

বাগান⋯ষ্য. (আং বাগ+ফাং বান—উদ্যান-পাল। অর্থ ভুলিয়া)। উদ্যান, (সং) বাটিকা। বাগান-বাড়ী⋯(সং) বৃক্ষবাটিকা। ফুল-বাগান⋯পুষ্পোদ্যান। বাগান⋯সোলার কৃত্রিম উদ্যান। ধনবানের বিবাহ-যাত্রায় শোভা-বর্ধন নিমিত্ত নির্মিত হয়।

বাগান-বিলাস⋯ষ্য. (আধুনিক নাম)। কৃষ্ণ-কলি-আদিবর্গের বৃহৎ কাঁটা ক্ষুপবিশেষ (Bougainvillea)। বাঁকা কাঁটা দিয়া অন্য গাছে চড়ে। ফুল তেমন নয়। ফুলের সঙ্গে তিন পাতা থাকে। এই পাতা

গোলাপী কিংবা পাটকিলা **বর্ণ** বলিয়া গাছের শোভা। গাছের নিবাস আমেরিকা।

বাগাল…ষ্য. (বাগ+আল। **বাগ দেখ**। পাগা-বাগা, গোরু-বাঁধা দোড়ী)। গোরুর রাখাল। (রাখাল—সামান্য রক্ষক)। **বাগালি**…ষ্য. বাগালের কর্ম।

বাগিচা…**বাগ দেখ**।

বাগী, বাঘী…ষ্য. (সং ব্রজ্ঞণ—কুঁচকী—বাঁখী—বাগী। হিং ওং বাঘী)। কুঁচকীতে জাত বিস্ফোটবিশেষ (bubo)। বাও **দেখ**।

বাগী…ষ্য. (? সং ব্রাটিকা হইতে ?)। বেতের পালি।

বাগুড়া, বাগুড়ি…ষ্য. (বাখড়া **দেখ**)। বাখড়া, প্রাঃ—ঝড়ে যেন ভাঙ্গি পড়ে কলার বাগুড়ি (কৃত্তিঃ অরণ্য), কলার বাগুড়া যেন কম্পিত কেশর (কবিকঃ)। কলাগাছের বাখড়া—পাতার লম্বা খোলা-বোঁটা আজ কাল অপ্রচলঃ। কলার খোল, কলার বাসনা প্রচলঃ।

বাঘ (গ্রাং বাগ)…ষ্য. (সং ব্যাঘ্র)। ব্যাঘ্র নামক শ্বাপদবিশেষ। স্ত্রীং বাঘিনী (ওং বাঘুণী, হিং বাঘীন, মং বাঘোণ ; সং ব্যাঘ্রী)। **মহাবল বাঘ, গোবাঘা**…(ওং মহাবল। সং নাম শার্দুল)। বৃহৎ ব্যাঘ্র (Felis tigris)। লেজ ক্রমশঃ সরু ; খড়বর্ণ দেহে কৃষ্ণবর্ণ তির্যক ডোরা থাকে। গোরু মারে বলিয়া গোবাঘা। বাঘ অপেক্ষা বাঘিনী দীর্ঘ ও ক্ষীণ। কেবল আশিয়া দেশে মহাবল আছে। এই বাঘের অপর নাম কেঁদো, কেঁদো (**দেখ**) বাঘ। **চিতাবাঘ**…(চিত্র আছে বলিয়া। সং নাম দ্বীপী)। এই বাঘের দেহে গোল কৃষ্ণ চিত্র আছে (Leopard. Felis pardus)। **শিকারী চিতা**…এই বাঘ চিতা অপেক্ষা উচা ও শীর্ণ, কিন্তু দীর্ঘে সমান (Cynælurus jubatus)। দেহ প্রায় ২।০ হাত, পুচ্ছ ১।০ হাত। পশু বধ করিতে কেহ কেহ পোষে। **নেকড়িয়া বাঘ**…নেকড়িয়া নেকড়া **দেখ**। **বাঘে বলদে এক ঘাটে জল খায়**—মহাবল বা শার্দুলের খাদ্য গোরু। শার্দুল বশীভূত না হইলে খাদক ও খাদ্যের একত্র অবস্থিতি সম্ভবে না। **বাঘ-আঁচড়া**…আঁকোড় বৃক্ষ। **বাঘ-নখ, বাঘ-নখী**…ব্যাঘ্রনখযুক্ত অলঙ্কারবিশেষ, প্রাঃ—ব্যাঘ্র-নখ হেম জড়ি (চৈঃ চঃ)—স্বর্ণ-জড়িত ব্যাঘ্র-নখ ; ব্যাঘ্রনখাকার অলঙ্কার, প্রাঃ—(কবিকঃ)—বুকের। **বাঘ-নখা**…(ওং বাঘ-নখ, হিং বঘনহা)। বন্য লোমশ বর্ষায়ুঃ শাকবিশেষ (Devil's claw. Martynia diandra)। কোমল পল্লব চট্‌-চটা, পাতা চওড়া, ফুল তিলফুল তুল্য, কিন্তু বড় বড় ঈষৎ গোলাপী। ফলে দুইটা বাঁকা বড়িশী থাকায় নাম বাঘ-নখা। বর্ষাকালে জন্মে। আদিবাস মেক্‌সিকো দেশে। **বাঘ-বন্দি**…বালক-বালিকাদের খেলাবিশেষ ; দুই জনে খেলে। এক জন বাঘের অপর জন নয়টা ছাগলের পক্ষে চলে। বাঘকে ঘিরিয়া এমন স্থানে আনিতে হয়, যে স্থান হইতে সে আর পলাইতে পারে না। দুই সমবাহু ত্রিভুজ শিরে শিরে ঠেকাইলে যে প্রকার 'ছক' হয়, বাঘবন্দির ছক সে প্রকার। ইহাতে ৯+৯=১৮টা, এবং শিরে ১টা ঘর থাকে। **বাঘ-ভেরেণ্ডা**…ভেরেণ্ডা **দেখ**। **বাঘলালা**…কঞ্চটাদি

(কাঁচড়া) বর্গের শাকবিশেষ (Commelina salicifolia)। জলের ধারে জন্মে। এই হেতু কোথাও কোথাও পানিকাঁচড়া বলে। কিন্তু, হঠাৎ দেখিতে ঘাসের মতন। ফুল নীলবর্ণ, বর্ষা ও শীতকালে ফোটে; পুং কেশর ৬টা। রস লালার মতন, এই হেতু নাম। বাঘ-হাতা…বন্দীর হাত বাঁধিবার চর্মনির্মিত বাঘের থাবার আকারের বন্ধনী, প্রঃ—কবিকঃ; অসি লইয়া যুদ্ধ করিতে হাতে যে সজ্জা পরিধান করা হয়। বাঘা…(বাঘ+আ)। বৃহৎ ব্যাঘ্র (প্রায়ই বিকট আকার বলিয়া); বাঘের তুল্য ভয়ানক কুকুর। (২) খুঁটী হইতে চালের সমুখের পাড়ি ধরিবার তির্যক কাঠ। এই কাঠের মুখ বাঘের মুখের মতন করিয়া মুখে পাড়ি স্থাপিত হয়।

বাঙ্খুরা…ণ. (বোধ হয় বাম গোড়—পদ কিঞ্চিৎ হ্রস্ব বলিয়া যে বামে হেলিয়া চলে। ও° বাঙ্গার)। খর্বাকার, বামন। স্ত্রী° বাঙ্খুরী।

বাঙ্গাল…ষ্য. (সং বঙ্গ+আল। তু° পঞ্চাল, পঙ্কাল। বঙ্গাল নাম প্রাচীন। পদ্মা-নদীর পূর্বে স্থিত প্রদেশের নাম বঙ্গ ছিল, প্রঃ—কতদিনে কৈল প্রভু বঙ্গেতে গমন (চৈঃ চঃ)।—নবদ্বীপ হইতে বঙ্গে—আধুনিক পূর্ববঙ্গে। সংস্কৃতেও বঙ্গ-দেশ সমতটদেশ, পদ্মানদীর পূর্বাংশ ছিল। পূর্বকালের রাঢ়, গৌড়, বঙ্গ এই তিন মিলিত হইয়া এখনকার বঙ্গদেশ)। পূর্ব-বঙ্গবাসী, প্রঃ—চৈঃ চঃ, কবিকঃ; অজ্ঞ, নির্বোধ। বাঙ্গালা, বাঙ্গলা, বাংলা …ষ্য. (বঙ্গ+আল—বঙ্গাল—বঙ্গে বাস যার। বঙ্গালের দেশ—বঙ্গাল দেশ। বঙ্গাল+আ—বঙ্গালা। তু° ওড়িয়া মরাঠা। বঙ্গালা বা° ভাষার রীত্যনুসারে বাঙ্গালা। বাঙ্গালা—বস্তুতঃ বাঁগালা। গ পূর্বে চন্দ্রবিন্দু প্রায় বসে না, বসে ঙ। এই হেতু বাঙ্গালা। ভারতের অন্যত্র বঙ্গালা নাম খ্যাত। শেষে আ থাকিলে মাঝের স্বর ঈষৎ হয়। এই হেতু বাঙ্গলা বানান। অনুস্বারের উচ্চারণ ঙগ্ তুল্য বলিয়া বাংলা বানান। বাঙ্‌লা বানার ভাথার দোষে)। বাঙ্গালা ভাষা; বাঙ্গালা দেশ। প্রঃ—কি কহিব বাঙ্গালার যে দশা হইল (ভাঃ)। বাঙ্গালী…ষ্য. (বঙ্গাল+ঈ—বঙ্গালী—বাঙ্গালী=বাঙ্গাল ভাষা। তু° কৃত্তিবাস "বাঙ্গালী ভাষায়" রামায়ণ রচনা করিয়াছিলেন। বঙ্গাল+ঈ=বঙ্গালদেশ-জাত, প্রঃ—বাঙ্গালী ছাগল (কবিকঃ)। অথবা বঙ্গালা—বঙ্গভাষা+ঈ=বঙ্গালী—বাঙ্গালী অর্থাৎ যাহাদের ভাষা বাঙ্গালা, যেমন মরাঠী=মরাঠা+ঈ। উভয় কল্পেই বঙ্গদেশ-বাসী অর্থে বাঙ্গালী শব্দ ভুলে ঘুরিয়া ফিরিয়া আসিয়াছে। কারণ, বঙ্গাল বা বাঙ্গাল অর্থ বঙ্গদেশবাসী। এমনও মনে করা যাইতে পারে, বঙ্গ+আলী—বঙ্গালী—বাঙ্গালী। যেমন মারবাড়ী অর্থাৎ মরুদেশ—মারব; মারব+আড়ী=মারবাড়ী—মারোয়াড়ী। আড়ী আলী এক। কিন্তু, বঙ্গাল শব্দ থাকিতে এই ব্যুৎপত্তি যুক্তি-সঙ্গত হয় না। বোধ হয় বঙ্গাল—বাঙ্গাল শব্দ হইতে বিশেষ করিতে গিয়া বঙ্গালী—বাঙ্গালী শব্দের উৎপত্তি হইয়াছে)। বঙ্গ-

বাসী। স্ত্রী° বাঙ্গালিনী। দৃষ্টান্ত, হিকমতে চীন হুজ্জুতে বাঙ্গালী—বাঙ্গালী হুজ্জুৎ করিতে নিপুণ। (বুদ্ধিমান্ না হইলে হুজ্জুৎ করিতে পারে না। নবদ্বীপের নৈয়ায়িক প্রসিদ্ধ। তথাপি, স° বঙ্গ্ ধাতু খঞ্জগতি হইতে প্রাচীন 'বঙ্গাঃ'র উৎপত্তি প্রশংসা-বাচক ছিল না)। বাঙ্গালা···সোজা চারি চালযুক্ত ঘর। (অন্য ঘরের চালে কোর থাকে)। বাঙ্গালী··রাগ-রাগিণী দেখ।

বাঙ্গী···ষ্য. (স° বিহঙ্গিকা—ভারযষ্টি—অঃ, হেমঃ। ও° বাহাঙ্গী, হি° বহঙ্গী)। শিকাতে ভার বহিবার স্কন্ধের যষ্টি। বাঙ্গীদার··ষ্য (দার ফা°)। বাঙ্গী-বাহক। বাঙ্গীদারি··ষ্য. বাঙ্গীদারের কর্ম, বেতন।

বাঁচ···ধাতু. (ও° বঞ্চ, হি° বচ, ম° বাঁচ ধাতু। স° বৃত ধাতু বর্তনে হইতে)। বাঁচি—জীবিত থাকি, প্রঃ—এ যাত্রা বাঁচিবে; সঞ্চিত হই, প্রঃ—খরচের টাকা বাঁচে না; উদ্‌বৃত্ত হই, প্রঃ—বিবাহের ব্যয় হইতে দ্রব্যাদি বাঁচিয়াছে। বাঁচা, বাঁচন ॥ মরা-বাঁচা—জীবন মরণ। মরণ-বাঁচন··জীবন মরণ। বাঁচআ, বাঁচোয়া··ষ্য. (বোধ হয় বাঁচিবা হইতে বাঁচবা—বাঁচআ। হি° বচাৱ, বচাও শব্দ সাদৃশ্যে)। বাঁচা, রক্ষা, প্রাণরক্ষা, প্রঃ—দস্যুর হাতে বাঁচআ নাই। বাঁচা··ধাতু. (বাচ ধাতু আস্তে)। বাঁচানা ॥

বাচ··বাছ দেখ।

বাচকানি··ষ্য. (স° বৎস হইতে বাচ্চা+কানি)। শিশুর পরিধেয় বস্ত্র।

বাচ-খেলা··বাইছ দেখ।

বাচ-বিচার··ষ্য. (নির্বাচন ও বিচার)। বিচার-পূর্বক নির্বাচন, প্রঃ—খাবার বাচ-বিচার নাই—সকল খাদ্য খায়।

বাচনিক···ণ. (স° বাচনিক)। মৌখিক, প্রঃ—বাচনিক বলিবে—মুখে।

বাচা···ষ্য. (স° বাচ; বাচা—বৈদ্যকঃ)। অ-শকলী ১৫।১৬ আঙ্গুল দীর্ঘ মৎস্যবিশেষ (Entropiichthys vacha)। পাবদা কিংবা বোয়াল মাছের সদৃশ, কিন্তু গোঁফ আটটা।

বাচাঙ্গা···ষ্য. (স° ভৃঙ্গাক, ফিঙ্গাক হইতে)। ফিঙ্গার তুল্য পক্ষীবিশেষ (Bronzed drongo. Chaptia ænea)। চক্‌চকা কাল, উদর ও পুচ্ছের অধোভাগ খয়রা। চঞ্চু চেপটা।

বাচাল···ণ. (স° বাচাল)। প্রগল্‌ভ, বহুভাষী, কুৎসিতভাষী। বাচালতা···ষ্য. (স° বাচা-লতা)। ধৃষ্টতা, বহুভাষণ।

বাঁচোয়া···বাঁচ ধাতু দেখ।

বাচ্চা···ষ্য. (স° বৎস)। বৎস, শিশু। কাচ্চা-বাচ্চা···ষ্য. কাঁচা কচি ও বৎস। (কাচ্চা—অনুচর শব্দ)।

বাচ্ছল্য···ষ্য. (স° বাৎসল্য)। সন্তানস্নেহ।

বাচ্য (প্রা° বাচ্চি)···ণ. (স° বাচ্য)। বচনের যোগ্য, বক্তব্য। ··ষ্য. নিন্দা, দূষণ। নিঃ, অ-বাচ্য।

বাছ··ধাতু. (ও° হি° বাছ ধাতু। ম°তে নিরড় ধাতু। স° বিচ ধাতু পৃথক করণ। বিচ হইতে বিবেচনা, নির্বাচন। কিন্তু বা° ও° হি° বাচ নহে, বাছ। বোধ হয় স° বাঞ্ছ ধাতুর সহিত মিশিয়াছে)। বাছি—পৃথক্ করি, প্রঃ—সোনা লোহা তামা পিতল কি বাছে (চণ্ডীঃ), মাছ বাছা—

মাছের আঁইষ পোঁটা ইত্যাদি পৃথক করিয়া পরিত্যাগ করা ; বাঞ্ছিত পৃথক্ করি, প্রঃ—লোক বাছা। বাছা ॥ বাছ···ষ্য. নির্বাচিত বাঞ্ছিত দ্রব্য বা ব্যক্তি, প্রঃ—উত্তম বাছের বাছ ফলপ্রদ যেই গাছ ; পৃথককৃত ও পরিত্যক্ত ; অংশ। বাছ-গোছ···ষ্য. (প্রায় সহচর শব্দ)। বাছা ও গুছানা। বাছা-গোছা ··ণ. নির্বাচিত ও সজ্জিত। বাছ-পড়া ··ণ. বাছার পর শেষে যাহা পরিত্যক্ত হয়, অবাঞ্ছিত। বাছ-বিচার···বাচ-বিচার দেখ। বাছ বোছ···(বোছ উপচর শব্দ)। বাছা। বাছা-বাছি ··বহু হইতে এক বাঞ্ছিত নির্বাচন। হাত-বাছা ··হাত দিয়া এক এক পৃথক্‌কৃত। বাছা···ধাতু. (বাছ ধাতু আছে)। বাছানা॥ বাছানি···বাছা কর্ম, বাছার বেতন।

বাছনি ··ষ্য. (বাছা+নী, নি ক্ষুদ্রার্থে)। ছোট বাছা (বাৎসল্যে), প্রঃ—হাসিয়া কহেন দেবী শুন রে বাছনি (ভাঃ), কেমনে বিদায় তোরে করি রে বাছনি (মেঘনাদবধঃ)।

বাছা ··ষ্য. (সং বৎস—বচ্ছ—বাছা)। (বাৎসল্যে) পুত্র কিংবা কন্যা। বাছা-ধন··· বৎসরূপ ধন (আদরে)। বাবু-বাছা করা—(বাবু অর্থাৎ বাপ)। তুমি বাপু তুমি পুত্র বলিয়া সমাদর করা।···বাছ ধাতু দেখ।

বাছুর ··ষ্য. (সং বৎসতর। ওং বাছুরি, হিং বছড়া)। গোবৎস। কপিলা বাছুর, কইলা বাছুর···দুগ্ধপোষ্য গোবৎস। (চণ্ডীঃ ওং কপিলা)। পিয়া-বাছুর ··দুগ্ধপোষ্য বাছুর।

বাজ···ধাতু. (সং বাজ শব্দ হইতে। বজ ধাতু গতি হইতে সং বাজ। বাজো নিস্বন-পক্ষয়োঃ—মেঃ। অন্য অর্থ যুদ্ধ)। বাজি—আঘাত করি, প্রঃ—চণ্ডীদাস কহে বেজেছে হৃদয়ে শ্যামের পিরীতিবাণ (চণ্ডীঃ), গুরুতর বাজে পুত্রশোক (মেঘনাদবধঃ) ; যুদ্ধ আরম্ভ হই, প্রঃ—রণ বাজিল ; কলহ আরম্ভ হই, প্রঃ—কথা বাজিল (শূং পুঃ) ; বাদ্য করি, প্রঃ—সংখ ঘণ্টা বাজ্জ বাজএ (শূং পুঃ)—বাদ্য—বাজ্জ। বাজা। বাজন ···ষ্য. নিস্বন, বাদ্য। বাজন-দার ··ষ্য. (ফাং দার)। বাদ্যকর। বাজনা ··ষ্য. বাদ্যযন্ত্র, বাদ্য, প্রঃ—দামামা দগড় কাড়া বিয়াল্লিশ বাজনা (কবিকঃ)। বাজনা-বাদ্য···(সহচর শব্দ)। বাদ্য। দৃষ্টান্তে, যার কর্ম তারে সাজে অন্য লোকে লাঠি বাজে—কর্মের অধিকারীর পক্ষে যাহা সহজ, অন্যের পক্ষে তাহা কষ্টকর। বাজা···ধাতু. (বাজ ধাতু আছে)। বাজানা ॥ কাম, কাজ, বাজানা—কর্ম সমাপন।

বাজ ··ষ্য. (সং বজ্র)। মেঘের বজ্র, প্রঃ—বেগে তড়কা বাজ পড়ে (কবিকঃ)—তড়কা, চড়কা···বজ্র, প্রঃ—চড়কা চড়-চড় (মাঃ) —যে বজ্র বেঙ্গের মতন লাফাইয়া পড়ে। বাজ-বারণ ··ষ্য. (সং নাম বজ্রদ্রুম। বজ্রবৎ কাঁটা আছে বলিয়া সং নাম। অমরে, বজ্রদ্রুঃ—বজ্রনামা দ্রুঃ। অন্য নাম স্নুহী, বাং সিজ বা মনসা। সিজ জাতি-সামান্য নাম হইয়াছে)। তে-কাঁটা সিজ গাছ, তে-শিরা মনসা গাছ। মনসা দেখ।

বাজ···ষ্য. (ফাং। তুং সং বাজ—যুদ্ধ। সং নাম শ্যেন)। প্রসহবর্গের দিবাচর পক্ষী (Hawk)। অন্য পাখী মারিয়া খায়।

শা-বাজ···ষ্য. প্রায় ১৷৹হাত দীর্ঘ খয়রা বাজ (The crested hawk-eagle. Spizactus cirrhatus)। বুক শাদা। ঠোঁট ছোট, আগা বাঁকা; মাথায় চুড়া; পাখা লম্বা চেপটা; পা লম্বা, পায়ে পালখ। বনে থাকে। তিলিয়া বাজ··প্রায় ১৷৹ হাত দীর্ঘ খয়রা বাজ (The crested serpent-eagle. Spilornis cheela)। ইহার উপর খয়রা, নীচে শাদা ফোঁটা। এই হেতু নাম তিলিয়া। পাখা ছোট গোল। জলের ধারে গাছে বনে থাকে, সাপ বেঙ্গা খায়। হিমালয়ের বনে এক জাতি (The goshawk. Astur palumbarius) থাকে। ইহা প্রায় এক হাত দীর্ঘ। খদির পাংশু বর্ণ। পুচ্ছে চিহ্ন। অন্য পাখী ধরিতে কেহ কেহ এই বাজ—শিকারিয়া বাজ—পোষে। বাজ-বৈরী··বৈরী দেখ।

বাজ··ষ্য. (ফা°)। কর বা শুল্ক (আদাঃ)। ···ষ্য. (আ° বাজ। তু° স° ৱাহ্য, আসা° বাজ)। বিবিধ, নিয়ম-বাহ্য, অতিরিক্ত, প্রঃ—বাজে আদায়—যে অর্থ বা কর নিয়মমত নহে; বাজে কথা—প্রসঙ্গবহির্ভূত।··· প্রত্যয়. (ফা°)। কর্তা, দক্ষ অর্থে, প্রঃ—দাঙ্গা-বাজ, মামলা-বাজ।

বাজ-খাঁই··ষ্য. বাজ বাহাদুর (বাজ খাঁ) নামক জনৈক গায়কের উদ্‌ভাবিত কণ্ঠস্বর-নির্গমন। ইহা কৃত্রিম স্বর, মনে হয় যেন কণ্ঠতন্ত্রী ছিঁড়িয়া গিয়াছে।

বাজনা, বাজন্‌দার··বাজ ধাতু দেখ।

বাজ-বারণ···বাজ দেখ।

বাজ-বৈরী···বৈরী দেখ।

বাজরা···ষ্য. (স° ৱজ্রা। হি°)। ধান্যাদিবর্গের কৃষিজাত শস্যবিশেষ (The Bulrush millet. Pennisetum typhoideum)। দেখিতে আখ-গাছের মতন, প্রায় ৪ হাত লম্বা হয়। পাতা চওড়া লম্বা। শীষ গোল লম্বা। ভারতের পশ্চিম ও দক্ষিণ প্রদেশে প্রসিদ্ধ। প্রায়ই দরিদ্রের খাদ্য হয়।

বাজরা···ষ্য. (বোঝা+রা ? বাজার+আ)। বাজারে বোঝা লইবার বৃহৎ বংশপাত্র, যেমন হাঁড়ীর।

বাজার··ষ্য. (ফা°। ফা° অবা—ভোজ্য, জার—স্থান)। যেখানে নিত্য খাদ্য বিক্রয় হয়। (হাটে খাদ্য দ্রব্য ব্যতীত অন্য দ্রব্য বিক্রয় হয়। নির্দিষ্ট দিন ছাড়া হাটে ক্রেতাবিক্রেতা থাকে না, বাজারে নিত্য থাকে। ইহা হইতে) বাজার··বিপণীর একত্রাবস্থিতি। বাজার করা—বাজারে দ্রব্যাদি ক্রয় করা। বাজার বসা—ক্রয়-বিক্রয় আরম্ভ। বাজার গরম·· দ্রব্যাদির মূল্যাধিক্য। বাজার মন্দা·· দ্রব্যাদির মূল্য হ্রাস। বাজারিয়া···(বাজার +ইয়া)। যে বাজার করে; যে বাজারে বাজারে ঘুরিয়া বেড়ায়; নীতিভ্রষ্ট। বাজার-ভাও··(স° ভাব হইতে ভাও)। দ্রব্যাদির মূল্য; ওলাউঠা রোগ (বাজারে যে রোগ প্রথমে প্রবল হয়)।

বাজি··ষ্য. (ফা° বাজী। তু° স° ৱাজ)। খেলা; খেলায় পণ; ইন্দ্রজাল, হস্তলাঘব। বাজিকাব···ষ্য. কুহকী, ক্রীড়ক, প্রঃ—বাজিকার নাচাএ যেন কাষ্ঠের পুত্তলী (চৈতন্য মঙ্গল)। বাজিকর, বাজিগর···ষ্য. কুহকী, ঐন্দ্রজালিক। বাজিকরি, বাজিগরি···ষ্য. কুহকীর কর্ম। বাজি মাৎ···খেলায় জয়লাভ।

বাজীয়া ··ষ্য. (বাজ ধাতু হইতে। বাজ+ঈয়া —শীলার্গে)। বাদ্যে দক্ষ।

বাজু ··ষ্য. (ফা° বাজু। তু° স° ভুজ)। ভুজ বা বাহু; চৌকাঠের পাশের দুই কাঠ; বাজু বন্ধ নামক অলঙ্কার। বাজু-বন্ধ···ষ্য. উপর হাতের স্বর্ণ অলঙ্কারবিশেষ, প্রঃ—কবিকঃ, মাঃ। জ্ঞানদাসে, বাহুবন্ধ।

বাজে ··ণ. (বাজ দেখ। আ°)। নিয়মবাহ্য, অনির্দিষ্ট।

বাজেয়াপ্ত ··ণ. (ফা°)। আত্মীকৃত, স্বাধিকারে আনীত।

বাজ্‌ঙ্গং (গ্রা°) ··ষ্য. (স° ব্যসন। ব্যসনং—বজসনং—বাজ্‌নংস—বাজ্‌জংস)। ব্যসন, প্রঃ—মাছ ধরার বাজ্‌জংস। (শব্দটি গ্রা°, কিন্তু বহু প্রচলঃ)।

বাঁঝা ··ণ. (স° বন্ধ্য)। বন্ধ্য, অফল, প্রঃ—বাঁঝা গাছ, বাঁঝা পুরুষ। এই অর্থে স্ত্রী° বাঁঝী, প্রঃ—কবিকঃ।

বাট ··ধাতু. (স° উৎ বৃত ধাতু—উদ্‌বর্তনে। ও° স° বাট ধাতু। আবাটা দেখ)। বাটি—শিলাতে পেষণ করি, উদ্‌বর্তন করি, দাঁতে দাঁতে ঘষিয়া নির্গত করি, প্রঃ—মুখে ফেনা বাটে। বাটা॥ বাটা ··ধাতু. (বাট ধাতু আন্তে)। বাটানা॥ বাটনা ··ষ্য. (তু° স° বর্তন)। যাহা বাটা হয়; বাটা সরিষা। (তু° চুয়া যে চন্দন আমলকী বর্ত্তন যতন করিয়া আনে (চণ্ডীঃ)—বর্তন—আবাটা)।

বাট···ষ্য. (স° বাট। বাটো মার্গে বৃতিস্থানে—মেঃ। স° বট ধাতু বেষ্টনে। ঘেরা স্থান—বাট। ইহা হইতে স° বাটী, বাটিকা)। পথ, প্রঃ—বাট দেখে সে বালক পুনঃ না আইল (চৈঃ চঃ)। (অন্য তিন ভাষায় বহু প্রচলঃ। বাংতে অপ্রচলঃ হইতেছে)। (২) বাটীর আকারে ঢালা পিত্তলাদি ধাতু।

বাঁট···ধাতু. (স° বণ্ট ধাতু বিভাজনে)। বাঁটি—বিভাগ করি, বিভাগ করিয়া দিই, প্রঃ—দোহারে প্রবোধ করি বাঁটিয়া দিলেন গৌরী (কবিকঃ)। বাঁটা॥ বাঁটা ··ধাতু. (বাঁট ধাতু আন্তে)। বাঁটানা॥ বাঁটরা ··ষ্য. (স° বণ্টক—অঃ)। ভাগ; বণ্টন।

বাঁট ··ষ্য (স° বণ্ট—হেমঃ)। অস্ত্র শস্ত্রাদির মুষ্টি বা মুঠা।

বাঁট ··ষ্য. (স° বাণ। বাণঃ স্যাৎ গোস্তনে—মেঃ। ময়মনসিংহে বান বা বাট)। গবাদি পশুর স্তন।

বাট-খারা ··ষ্য. (হি° বটখরা, ও° বটখরা। স° বটক—এক কোল পরিমাণ—ভাব প্রকাশে, স° খারী—১৬ দ্রোণ পরিমাণ (ধান্যের)। অতএব মূলে সহচর শব্দ)। পড়িয়ান। (স° নাম পৃষাকরা)।

বাটনা···বাট ধাতু দেখ।

বাট-পাড়া, বাট-পার···ষ্য. (স° বাট—পথ। যে পথে পাড়িয়া ফেলে। ও° বাটপার, হি° বট পার, বট-মার)। পথদস্যু, ডাকাইৎ, প্রঃ—যে বুঝি চোরের ধন বাটপাড়ে লয় (ভাঃ)। (কবিকঃ—বাটপার)। বাট পাড়ি ···ষ্য. বাট-পাড়ার কাজ, দস্যুতা। দৃষ্টান্তে, চোরের উপর বাট-পাড়ি—চোরের উপর ডাকাইতি, চোরের ধন চুরি। নেংটার নাই বাট-পাড়ার ভয়—বাট-পাড়া পথিকের পরিধেয় পর্যন্ত কাড়িয়া লইত। যে উলঙ্গ, তাহার কি কাড়িবে? যে নির্লজ্জ, তার পক্ষে অন্যের নির্লজ্জতা কিছুই নয়।

বাটলো···ষ্য. (হি° বটলোই। স° বর্ধনী ?)।

পিত্তল ঘটী (বর্তুলাকার বলিয়া বাটুল—বাটুলো দেখ।

বাটা···ষ্য. (সং বট, বাট—বেষ্টিত স্থান)। আবরণ নিমিত্ত দুই থালী, প্রঃ—পানের বাটা, বালিকা-ছড়ায় বাটা ভরি পান দিব গাল ভরি খাও; থালী বা রেকাবী, প্রঃ—বাটাঅ করিআ নিল কর্পূর তাম্বূল (শূং পুঃ); এক দিন শচী খই সন্দেশ আনিয়া, বাটা ভরি দিঞা বলে খাও ত বসিয়া (চৈঃ চঃ)। বাটী···ষ্য. (বাটা+ঈ)। ছোট বাটা, ধাতুনির্মিত কটোরা। (মং বাটী। ওং নাম গিনা—সং গ্রহণ)।

বাটা, বাট···ষ্য. (সং বট ধাতু বিভাগ)। ভাগ। ভাগ-বাটা ··ষ্য. (সহচর শব্দ)। ভাগ। বাটোয়া···ষ্য. বিভাগকর্ম। ভাগ-বাটোয়া···ষ্য. (সহচর শব্দ)। ভাগ।

বাটা, বাট্টা···ষ্য. (সং বার্তা)। লভ্য, প্রঃ—টাকার বাটা, শুভঙ্করীর বাটা-কষা।

বাটা···ষ্য. (? ওং নাম পোহোড়া)। মৃগেল তুল্য ছোট মৎস্যবিশেষ (Cirrhina reba)। ১৫।১৬ আঙ্গুলের অধিক দীর্ঘ হয় না। ভাঙ্গান বাটা ··(সং ভঙ্গান—শব্দকল্পঃ)। বাটা অপেক্ষা রাহিততুল্য, কিন্তু, বাটার তুল্য শাদা ১৫।১৬ আঙ্গুল দীর্ঘ মৎস্যবিশেষ (Labeo boga)।

বাটালী···ষ্য. (ওং বটালি; হিং নাম টাকী, ছেনী, মং নাম কিঙ্করেঁ টাঙ্কী। সং টঙ্ক টাঙ্গী হইতে টাঁকী। অতএব বাটালী শব্দের সং মূল বিকৃত হইয়াছে। সং বন্টালা—খনিত্রক—মেঃ। খনিত্র আকার ও বাঁট দেখিয়া)। কাঠের বাঁটযুক্ত কাষ্ঠ-ছেদনশস্ত্র। (কাঠের বাঁট না থাকিলে, নিয়ান)।

বাটিয়া, বেট্যে···ষ্য. (সং বটী—রজ্জু—অঃ। বটী+ইয়া—বটীয়া—বাটিয়া। আং বটীয়া—বোধ হয় সং বর্তন হইতে)। পাকানা শণদোড়ী।

বাটী ··ষ্য. (সং বট, বাট হইতে। তুং তৈল-বট। বাটা দেখ। ওং তাটিআ—বাং টাটী, বাটী; মং বাটী—বাং বাটী ও রেকাবী; হিং বটরী, কটোরা, প্যালা, উর্দু পিয়ালা)। পিতলাদি-নির্মিত কটোরা। বাটী-চালা···ষ্য. বাটীর চালন। বাটীর উপর হাত রাখিয়া মন্ত্র পড়িয়া নষ্ট দ্রব্য, সর্পনিবাস নিরূপণ করা হয়। বাটী-পোড়া···বাটীতে করিয়া আগুনে পক্ক, প্রঃ—মাছ বাটীপোড়া করা। (২) মুচী (ওং ঘড়িআ—ছোট ঘটী)। খুরা-দেওয়া বাটী ··যে বাটীর খুরা আছে। নেড়া বাটী, তেলানিয়া বাটী···যে বাটীর খুরা নাই, যে বাটীর তলা প্রায় গোল। জাম-বাটী···জাম-বাটী দেখ।

বাঁটুল, বাটুল···ষ্য. (সং বর্তুল)। মৃত্তিকার গোল পিণ্ড,ধাতুর বর্তুল। বাঁটুল খাড়া···ষ্য. (খাড়া দেখ। ওং বাটুল্ঠি খডা)। বাঁটুল নিক্ষেপের ধনুক। বাঁটুলা···ষ্য. বর্তুলাকার মুষ্টি, যেমন কপাট খুলিবার; খড়মের ছোট খুঁটা, যাহা আঙ্গুল দিয়া ধরা হয়,অন্য নাম বউলা; গোলাকার ছোট ঘটী (বাটলো দেখ)। বাটুলা-মটর···গোলাকার মটর কলাই (ভাঃ)।

বাটোয়া···ষ্য. (বাটা দেখ। বাটরা—বাটোয়া)। বিভাগ। (গ্রাং বাটোয়ারা, হিং বটরারা)।

বাটোয়ারা···ষ্য. বাটপাড়া, প্রঃ—(চৈঃ চঃ) (অপ্রচলঃ)।

বাট্টা···ষ্য. (সং ৱার্তা। হিং বট্টা)। বাটা, টাকা ভাঙ্গাইবার লভ্য; বিনিময় নিমিত্ত ছাড়ি।

বাড়···ধাতু. (সং ৱৃধ ধাতু। প্রাচীন বাং ও অন্য তিন ভাষায় ধ স্থানে ঢ়)। (অকর্মক) বাড়ি—অধিক হই, প্রঃ—সম্পত্তি বাড়িয়াছে; বিস্তৃত হই, প্রঃ—নদীর বান বাড়িয়াছে; দীর্ঘ হই, প্রঃ—দোড়ী শুখাইয়া বাড়িয়াছে। (সকর্মক) বাড়ি—বিস্তার করি, প্রঃ—কলম বাড়া; ভোজন নিমিত্ত প্রস্তুত করি, প্রঃ—ভাত বাড়া, জগন্নাথের ভিন্ন ভোগ পৃথক বাড়িল (চৈঃ চঃ)। বাড়া॥ বাড়তি···ষ্য. বৃদ্ধি, আধিক্য। বাড়ন্ত···ণ. বৃদ্ধিশীল, যাহা অধিক হইতেছে। চাল বাড়ন্ত···লক্ষ্মী বৃদ্ধি হইতেছে। বাড়া ভাত —যে ভাত পূর্বরাত্রে পৃথক্ করিয়া রাখা হইয়াছে। বাড়ি, বৌড়···ষ্য. বৃদ্ধি, শ্রীবৃদ্ধি, প্রঃ—লোকটার বৌড় হইয়াছে। ধান বাড়ি দেওয়া—বৃদ্ধি নিমিত্ত দেওয়া। বাড়ি-ধান ···যে ধান বৃদ্ধি নিমিত্ত দেওয়া হইয়াছে বা হইবে। বাড়ি বাড়া—বৃদ্ধি হওয়া। বাড়া···ধাতু. (বাড় ধাতু আস্তে)। বাড়ানা॥ বাড়া বাড়ি···অতিবৃদ্ধি; অতিশয়, প্রঃ—এত বাড়া-বাড়ি করিলে সংসার টিকিবে না।

বাড়···ষ্য. (সং ৱাট—আবৃত স্থান, সং ৱেষ্টন। সং ৱাড—বেষ্টন—শব্দকল্পঃ। ওং বাড়—বেড়া)। নৌকাদির বেষ্টন, প্রঃ—বসিলা নায়ের বাড়ে নামাইয়া পদ (ভাঃ); বাঁশের শলার বোনা বেষ্টন। এই বাড় জলস্রোতে রাখিয়া মাছ ধরা হয়। বাড়ের জিবা··· (জিহ্বা)। বাড়ে মাছ বাধা পাইয়া যে জিহ্বাকার বোনা শলার উপর দিয়া পাশের গর্তে গিয়া পড়ে।

বাড়ই, বাড়ুই···ষ্য. (সং ৱার্ধকী। ওং বঢ়াই, হিং বঢ়ই, মং বঢাই—সূত্রধর। চাটিগাঁয়ে বাড়ই—সূত্রধর)। গৃহের চাল নির্মাণের সূত্রধর; গুড়-পাক-কারক।

বাড়তি···বাড় ধাতু দেখ।

বাড়ন, বাড়ুন···ষ্য. (সং বর্ধনী—হেমঃ)। সম্মার্জনী। (নদীয়া জেলায় ঝাঁটা অর্থে। রাঢ়ে কদাচিৎ শোনা যায়। সেখানে পুচ্ছাকার সম্মার্জনী।

বাড়ন্ত···বাড় ধাতু দেখ।

বাঁড়রী···ষ্য. (সং বন্দ্য+রী। তুং মুখটী)। বন্দ্যোপাধ্যায় উপাধি, প্রঃ—কবিকঃ।

বাড়া···ণ. (বাড় ধাতু দেখ)। অধিক, প্রঃ—জনক হইতে স্নেহ জননীর বাড়া (ভাঃ)। (তুং সং ৱাঢ়ম্—অতিশয়)।

বাড়া···ধাতু. (বাড়ি—যষ্টি হইতে)। বাড়াই —যষ্টি দ্বারা প্রহার করি, প্রঃ—বাড়িয়া ভাঙ্গিবে তোর মাথা (চণ্ডীঃ)—বাড়িয়া—বাড়িয়ে অর্থাৎ বাড়াইয়া হইবে। বাড়ানা॥ ···বাড় ধাতু দেখ।

বাঁড়া···ষ্য. (সং ৱাণ হইতে। বানা দেখ। ওং বাণ্ড।·তুং সং বণ্ড—ছিন্নত্বক্)। শিশ্ন। (গ্রাং অশ্লীল)। বাঁড়িয়া, বেঁড়্যো···ণ. (হিং বাণ্ডা)। পুচ্ছহীন।

বাড়ি···ষ্য. (বাড় ধাতু দেখ। সং বৃদ্ধি)। বৃদ্ধি, প্রঃ—ধান্য দিয়া না লইবে বাড়ি (কবিকঃ)।

বাড়ি···ষ্য. (সং ৱাট হইতে। যদ্দ্বারা স্থান ঘেরা যাইতে পারে। তুং বেড়া—ওং বাড়া)। যষ্টি; আঘাত, প্রঃ—মুদ্গরের বাড়িতে ভাঙ্গিল পায়ের নলা (কৃত্তিঃ)—নলা—নলকাঠি; মারয়ে পীড়ার বাড়ি (কবিকঃ)।

(যষ্টি ও আঘাত অর্থে বাড়ি শব্দ রাঢ়ে অপ্রচল; নদীয়ায় প্রচল। ও° বাড়ি—লাঠি)।

বাড়ী…ষ্য. (স° ৱাটী—বেষ্টিত স্থান। তু° ও° বাড়ী—গৃহের সংলগ্ন বেষ্টিত স্থান)। বেষ্টিত ক্ষেত্র, প্রঃ—বেগুন বাড়ী; গৃহের সংলগ্ন প্রাচীর বেষ্টিত স্থান, প্রঃ—সখী মেলি খেলিমু বাহির বাড়ি গিয়া (ভাঃ); বেষ্টিত গৃহাদি। ঘর-বাড়ী…গৃহ ও তৎসংলগ্ন প্রাচীরবেষ্টিত স্থান। কাঁচা বাড়ী…মৃত্তিকার প্রাচীরে নির্মিত বাড়ী। কোঠা-বাড়ী…যে বাড়ীর মধ্যে ইষ্টকনির্মিত কোষ্ঠ আছে। পাকা-বাড়ী…ইষ্টকাদিনির্মিত বাটী। বাড়ী-আলা…ষ্য. (আলা প্রত্যয়)। বাটীর স্বামী। বাড়ী-আলী…ষ্য. বাটীর কর্ত্রী; বেশ্যা-বাড়ীর কর্ত্রী।

বাঁড়ুজ্যা…ষ্য. (বন্দ্য-জাত। বন্দ্য—বাঁড়, বাঁড়ু, জাত—জ্জা। ভুলে জ্যা)। বন্দ্যবংশজাত; ব্রাহ্মণের উপাধিবিশেষ।

বাড়ুন…ষ্য. (স° ৱর্ধনী—হেমঃ। ও° বঢ়ণা, হি° বঢ়ণী)। সম্মার্জনী (নদীয়ায়)। বাড়ন দেখ।

বাঢ়…ধাতু. বাড় ধাতু দেখ। (প্রাচীন বা°)।

বাণ…ষ্য. (স°)। শর; পাঁচ অঙ্ক। বাণ ফোড়া—চড়কে সন্ন্যাসীর পৃষ্ঠ জিহ্বাদি অঙ্গ লৌহ-বাণ দ্বারা ফোড়া। বাণ মারা—কাহারও মৃত্যুকামনায় অভিচারাদি মন্ত্রপ্রয়োগ (ও° যন্ত্র করা—তান্ত্রিক যন্ত্র—ভূমিপৃষ্ঠে অঙ্কিত চক্রবিশেষ)। বাণ মারিলে কেহ মুখ দিয়া রক্ত উঠিয়া মরে, কেহ শুখাইয়া শুখাইয়া মরে।

বাণি…ষ্য. (স° ৱাণি—বস্ত্রবপন)। বস্ত্রবয়ন-বেতন; অলঙ্কারাদি নির্মাণবেতন।

বাণ্ডিল…ষ্য. (ই° bundle। তু° স° বন্ধ)। একত্র বদ্ধ দ্রব্য; গোলাকারে বদ্ধ বা গুটানা, প্রঃ—বাণ্ডিলের সূঁতা।

বাত…ষ্য. (স° ৱার্তা। হি° ম° বাত। আসা° মাত)। বার্তা, সংবাদ, প্রঃ—সেই দূতে পুছে বাত (খনা)। ক্যা বাত…ব্য. (হি°)। কি আশ্চর্য! বাত…(স° বার্তা—কৃষি হইতে। ও° বতুরা—সিক্ত, বতুর ধাতু জলসেচনাদি দ্বারা ক্ষেত্রের মৃত্তিকা সরস ও কোমল করা)। ক্ষেত্রের কর্ষণোপযোগী অবস্থা। (কোন কোন স্থানে "জো"—স° যোগ—বলে। ও° পাগ—স° পাক)। টানা বাত…মৃত্তিকার শুষ্কতা। নরম বাত…মৃত্তিকার ঈষৎ আর্দ্র অবস্থা। ভিজা বাত…মৃত্তিকার আর্দ্রতা। সড়-সড়া বাত…মৃত্তিকার যে আর্দ্রতায় হলকর্ষণে ধূলি না হইয়া ক্ষুদ্র ক্ষুদ্র পিণ্ড হয়।

বাত…ষ্য. (স° ৱাত)। পবন, বায়ু; দেহের "বায়ু" (nerve-energy); আমবাত (rheumatism)। বাত-ব্যাধি…দেহের সন্ধিস্থানে ব্যথা সহিত রোগবিশেষ (acute rheumatism); কুষ্ঠরোগ। বাত-শ্লেষ্মা…ফুস্-ফুসের রোগবিশেষ (pneumonia)। বাত-সন্নিপাত…অস্ত্রের কঠিন রোগবিশেষ (typhoid fever)। বাতকর্ম…অধোবায়ু ত্যাগ। বাতের ব্যামো…দেহের বাতজ রোগ; অণ্ডকোষ বৃদ্ধি; শ্লীপদ রোগ।

বাতলা…ধাতু. (স° ৱার্তা—বাতলা। ও° বতু ধাতু, হি° বতলা)। বাতলাই—বার্তা করি সবিশেষে বলি, আদেশ করি। বাতলানা

বাতা…ষ্য. (সং বেত্র হইতে। বেতী দেখ। ওং হিং বতা)। বাঁশের পাতলা বাখারী, প্রঃ—প্রাণে বাঁচিলাম আমি ধরি চালের বাতা। (বাখারী—সামান্য নাম; বাতা—চালের বাখারী)। বেণী বাতা…দ্বারের দুই কপাটের মুখের এক কপাটের ধারের কাষ্ঠ-পট্ট।

বাতাবী ‥নেবু দেখ।

বাতাস ‥ষ্য. (সং বাতস্। হিং বতাস, ওংতে পবন। ফাং বাদ)। পবন, হাওয়া। ঘূর্ণী বাতাস ‥আবর্তাকার পবন,বাত্যা। দমকা-বাতাস ‥(সং নাম পরাকা। দমকা দেখ)। থামিয়া থামিয়া প্রবল পবন বা ঝড়। (বাতাসের দমকা, আগুনের হলকা, বানের হড়কা—এক প্রকার)। বাতাস করা—পাখা দিয়া ব্যজন। বাতাস খাওয়া—বাতাস লাগিয়া অবস্থান্তর প্রাপ্তি। বাতাসে না থাকা—বিশেষার্থে, অন্য দেহের স্পৃষ্ট বায়ুতে না থাকা, নিকটে না থাকা, প্রঃ—সুখী লোক আমার বাতাসে নাহি থাকে (ভাঃ)। বাও-বাতাস…(বায়ু ও বাতাস)। উপদেবতার স্পর্শ। (কোন্ কোন্ উপদেবতা ঘূর্ণী বাতাস উৎপাদন করিয়া চলে)। বাতাসা ‥ষ্য. (বাতাস+আ। ওং হিং মং বতাসা। বতাস—পবন)। খর-পাক গুড়ে বায়ু মিশ্রিত করিয়া প্রস্তুত মিষ্টান্ন। গুড়িয়া বাতাসা, গুড়ো বাতাসা…গুড়ের বাতাসা। (অন্য বাতাসা চিনীর)। ফেণী বাতাসা ‥ (ফেণ+ঈ। কিংবা সং ফাণিত)। বায়ু-বুদ্-বুদময় হালকা বাতাসা। বাতাসিয়া…ষ্য. (হিং নাম। কেহ কেহ তালচটা মনে করে)। ৬।৭ আঙ্গুল দীর্ঘ মাটিয়া-খয়রা পক্ষীবিশেষ (The palm swift. Tachornis batassiensis)। ঠোঁঠ ছোট, আগা বাঁকা, চওড়া। পাখা লম্বা। বাতাসে উড়িতে উড়িতে পোকা ধরিয়া খায়। তালগাছের পাতায় বাসা করে।

বাতিক ‥ষ্য. (সং বাতিক। বাত দেখ)। দেহের বাত-জনিত রোগ (nervous disease); অনর্থক ইচ্ছা বা ব্যসন, প্রঃ—মাছ ধরা বাতিক। বাতিকের ধাতু, ধাত…দেহের বাতপ্রধান ধাতু।

বাতিল ‥ণ. (আং বাতীল)। মিথ্যা, প্রঃ—বাতিল ও নামঞ্জুর।

বাতী, বাতি…ষ্য. (সং বর্তী—দীপ-দশা, দীপ—মেঃ)। দীপের দশা; দীপ; মোম কিংবা চর্বীর দীপ। স্বর্গে বাতী দেওয়া—মৃত্যুর পর লোকে স্বর্গে যায়। বংশে কেহ থাকিলে স্বর্গগত পিতৃমাতৃগণের উদ্দেশ্যে কার্তিক অমাবস্যা হইতে আকাশে দীপ দেয়। ইহা হইতে কুল উজ্জ্বল করা। স্বর্গ-বাতী, আকাশবাতী…আকাশে দীপ। বাতীঘর ‥সমুদ্রতটে উচ্চ দীপগৃহ।

বাতুয়া ‥বাথুয়া, বেতো দেখ।

বাতুল ‥ণ. (সং বাতুল। সং বাত—বায়ু-রোগ হইতে)। উন্মত্ত।

বাথান ‥ষ্য. (সং প্রস্থ—সানু—মেঃ। ইহা হইতে প্রস্থান)। মাঠ, প্রঃ—বাথানে রহিল গাই আইস ভাই কানাই বনের মাঝে করি গিয়া খেলা (কলঙ্কভঞ্জন)। বাথানিয়া …ণ. (বাথান+ইয়া? তুং হিং বরধ—বৃষ, বরধনা—গাইকে পাল দেখানো। ওং বত্তর পড়িছি—আর্তব হইতে?)। ঋতুমতী (গাই), বৃষ অন্বেষণে রত, প্রঃ—ষাঁড় চাহি

বুলে যেন বাথানিয়া গাই (কবিকঃ),
বাথানিয়া গাই মত ফিরে অঙ্গে ভঙ্গে (ভাঃ)
—রঙ্গে ভঙ্গে ? (শব্দটি অধুনা অপ্রচলঃ)।

বাথুয়া, বেথো…ষ্য. (সং বাস্তুক। ও° বথুআ)। পুত্তিকাদি বর্গের খাদ্য শাক-বিশেষ (Chenopodium album)। গাছ সোজা হয়। পাতার বোঁটা লম্বা, ধার দাঁতাল।

বাদ…ষ্য. (সং বাদ)। যথার্থ বিচার; বিতর্ক, পক্ষ প্রতিপক্ষ গ্রহণ; বিবাদ। বাদ-অনু-বাদ…যথার্থ-ইচ্ছায় বাক্য ও তাহার উত্তর। বাদ-বিচার…তর্কে বাদের বিচার (কিংবা সহচর শব্দ)। বাদ-বিতণ্ডা…(বিতণ্ডা—বাদবিশেষ)। বিচার কলহ। বাদ-বিসম্বাদ …(সহচর শব্দ। পক্ষ প্রতিপক্ষগ্রহণ দ্বারা বিবাদ। মত-বাদ…(সহচর শব্দ)। বাদ প্রায় অনাবশ্যক)। মত। বাদী…ষ্য. আপত্তি-কারী, অভিযোগকারী (আদাঃ); সুর দেখ। প্রতিবাদী, বিবাদী…ষ্য. আপত্তির উত্তরদাতা।

বাদ…ষ্য. (সং বাধ)। বাধা, প্রতিবন্ধক, প্রঃ—বিধি বাদ সাধে (বিবাদ সাধন ?); বাধ, প্রঃ—এ কথা বাদ দেও—গণনার বাহ্য কর। বাদ-সাদ…ষ্য. (সং সাধন হইতে সাদ ? প্রচর শব্দ ?)। ব্যতিক্রম, বাধ।

বাদ…ব্য. (আং বা-দ)। পরে, প্রঃ—একটু বাদে যাইব।

বাদর…ষ্য. (সং বার্দল—বাদল। তুং সং বাতর)। বাদল, প্রঃ—এ ভরা বাদর মাহ ভাদর শূন্য মন্দির মোর (বিদ্যাপতি)। (অপ্রচলঃ)।

বাঁদর…ষ্য. (সং বানর)। বানর; মূর্খ (গালিতে)। স্ত্রীং বাঁদরী। লালমুখা-বাঁদর, পাতি-বাঁদর…এই বানরের মুখ লাল, লেজ দেহের প্রায় অর্ধ। উত্তরভারতে অধিক আছে। অতি দুষ্ট। (Macacus rhesus)। নীল বাঁদর…বোম্বাই প্রদেশের কৃষ্ণবর্ণ বানর (Macacus silenus)। এই বানরের দেহ শীর্ণ, পুচ্ছে এক গোছা চুল ও মুখের চারি পাশে চুল থাকে। নীল-বাঁদর…নীল-গাছচাষী ইয়ুরোপীয় (গালিতে)। দৃষ্টান্তে, বাঁদরের হাতে খন্তা—যে অস্ত্রশস্ত্রের প্রয়োগ জানে না, সে তাহা পাইলে বুদ্ধি না হইয়া ক্ষতি হয়।

বাদল…ষ্য. (সং বার্দল—দুর্দিনে—মেঃ। মং বাদঠ—ঝড়, হিং বাদল। তুং সং বাতর)। মেঘ হইয়া বহুকালব্যাপী বর্ষণ ও বর্ষণভাব, দুর্যোগ। বাদলা…ণ.ষ্য. (বাদল +আ)। বাদলবিশিষ্ট, বাদল, প্রঃ—বৃষ্টি-বাদলা—বর্ষণ ও মেঘাচ্ছন্নতা। বাদলা-পোকা…পোকা দেখ। সায়ংকালে বৃষ্টির পর যে পুংপুত্তিকাদি পতঙ্গ ঝাঁকে ঝাঁকে উড়িতে থাকে।

বাদলা…ষ্য. (হিং)। সোনা বা রুপার সুতা।

বাদশাহ, বাদ্‌শা…ষ্য. (ফাং পাদশাহ শব্দের অপভ্রংশে। পাদ—সিংহাসন, শাহ—স্বামী)। মুসলমান সম্রাট্। বাদশাহী, বাদশাই…ণ. বাদশাহের যোগ্য, বাদশাহ সম্বন্ধীয় বা প্রদত্ত, প্রঃ—বাদশাহী হক, হুকুম, সনদ।

বাদা…ষ্য. (ফাং বাদিয়া—বন)। নিম্ন ভূমি, কুঁড়। বাদাড়…ষ্য. (বাদা+ড়)। বন্য ভূমি। বনে-বাদাড়ে…(সহচর শব্দ)। বনে-জঙ্গলে।

বাদাম…ষ্য. (ফা॰। স॰ বাতাদ। স॰ বাতাম্র—বৈদ্যকঃ)। বৃক্ষবিশেষের তৈলময় বীজ। বাদাম, কাবুলী বাদাম…ভারতের উত্তর পশ্চিম প্রান্তের ও আফগানিস্থানের বৃক্ষ-বিশেষের (Prunus amygdalus) আঁঠি (almond)। এই আঁঠির শস্য তৈলময়। সের প্রতি আধ সের তৈল আছে। তিক্ত ও স্বাদু—বাদামের দুই জাত আছে। প্রঃ—দ্রাক্ষা বাদাম মেওয়া যত আর (চৈঃ চঃ)। চীনা বাদাম…(স॰ নাম হইয়াছে ভূ-চণক। অর্থাৎ ভূমির ছোলা। কোথাও কোথাও চলিত নাম ভুঁই-চণা। কারণ শিম্বাদিবর্গের এই গাছের (Arachis hypogæa) শুঁটী মাটির ভিতর প্রবেশ করিয়া পাকে (The ground-nut, earth-nut, pea-nut)। কিন্তু ইহার আদি বাস আমেরিকার ব্রেজিল দেশে। বিদেশীয় বলিয়া চীনা নাম যুক্ত হইয়াছে। সের প্রতি প্রায় সাত ছটাক তেল চীনা-বাদাম নামক কলাইতে আছে। এক্ষণে ভারতের প্রায় সর্বত্র চাষ হইতেছে। দেশী বাদাম, পাত বাদাম, বাঙ্গালা বাদাম …হরীতক্যাদি বর্গের বৃক্ষবিশেষের (Terminalia catappa) ফল (Indian almond)। আন্দামান দ্বীপে প্রচুর জন্মিতেছে। এ দেশে রোপিত হইয়া থাকে। সের প্রতি শস্যে আধ সের তেল আছে। শাখা আবর্তাকারে ও পত্র শাখাগ্রে জন্মে। পাতা ঝরিবার পূর্বে আল্‌তাবর্ণ হয়। শস্য পাতলা পাতা বলিয়া নাম পাত বাদাম। কিন্তু সকল বাদামের বীজপত্রই প্রধান শস্য। বৎসরে দুই বার ফলে। হিজলী বাদাম …(ও॰ নাম লঙ্কা আম্ব, বাদাম্বা)। আম্রাদিবর্গের বৃক্ষবিশেষের (Anacardium occidentale) ফল (cashew-nut)। এই গাছের আদি বাস দক্ষিণ আমেরিকা। এক্ষণে এ দেশের সমুদ্রতটবর্তী বালুকায় প্রচুর জন্মিতেছে। 'হাজা' দেশ বলিয়া হিজলী, অর্থাৎ যে দেশ সমুদ্রের নিকটে বলিয়া মধ্যে মধ্যে হাজিয়া যায়। মেদিনীপুর হিজলী হইতে দক্ষিণদেশে প্রচুর আছে। হিজলী-বাদামের ফলের বোঁটা স্থূল ও পাকিলে লাল হয়। লোকে এই বোঁটাকে ফল এবং ফলকে বীজ মনে করে। ফলের শস্য সুস্বাদু; কিন্তু আঁঠিতে একটা কটু তৈল আছে। এ কারণ লোকে ফল আগুনে পোড়াইয়া খায়। বাদামী…ণ. কাবুলী বাদাম তুল্য পাণ্ডুবর্ণ, তৎতুল্য অণ্ডাকার (elliptical)। বাদামিয়া…ণ. (বাদাম+ইয়া)। ঈষৎ বাদামী।

বাদাম…ষ্য. (ফা॰ বাদবান=বাত-রক্ষক)। নৌকার পাইল। (অপ্রচলঃ)।

বাঁদিপোতা…ষ্য. লাল কাল ঘরময় পাতলা বস্ত্রবিশেষ। প্রায়ই লেপের খোল করিতে লাগে। (বোধহয় স্থানবিশেষের নামহইতে)।

বাদিয়া, বেদ্যে…ষ্য. (স॰ ব্যাধ+বা॰ ইয়া—বাদিয়া? বাদ্য+ইয়া—বাদিয়া; কিংবা বাজি+ইয়া—বাজিয়া—বাদিয়া? প্রবোধ-চন্দ্রিকায় বাদর)। বাজি-কর জাতিবিশেষ, প্রঃ—বাদিয়ার পো (কবিকঃ), বাদিয়ার বাজি পাতি (চৈঃ চঃ)। স্ত্রী॰ বাদিয়ানী, বেদেনী। বেদিয়া দেখ।

বাদী…বাদ দেখ।

বাঁদী…ষ্য. (ফা॰ বন্দা স্ত্রী॰ বান্দী)। মুসলমান দাসী।

বাহুড় ··(সং বাতুলি। ও° বাহুড়া)। ফল-ভোজী চর্ম্ম-পক্ষ-বিশিষ্ট স্তন্যপায়ী প্রাণী-বিশেষ (The flying fox. Pteropus medius)। প্রায় বার আঙ্গুল দীর্ঘ। মাথা ও মুখ শিয়ালের মতন। প্রঃ—বাহুড় তপস্যা করে, উর্দ্ধে তুলে পা (মাঃ)। (চামচিকা দেখ)।

বাদে ··বা. (আ° বাদ। তু° সং ব্যতীত)। পরে, প্রঃ—গৌজ বাদে কাল বিবাহ; ব্যতীত, প্রঃ—সে বাদে আর কেহ আসে নাই।

বাদ্য-ভাণ্ড ··ষ্য. (সং। ভাণ্ডং পাত্রে—মেঃ। বাদ্য-ভাণ্ড—বাদ্যযন্ত্র। বাদ্যভাণ্ড—বাদ্য-যন্ত্রসমূহ—আপ্তে। বাদ্য-ভাণ্ড—নানাস্বর-সমন্বিত—শব্দকল্পঃ)। নানাস্বরসমন্বিত বাদ্যযন্ত্র।

বাধ··ধাতু. (সং বাধ ধাতু পীড়নে)। বাধি —পীড়িত করি, প্রঃ—নাহি ক্ষুধা তৃষ্ণা বাধে (চৈঃ চঃ); প্রতিবন্ধ করি, প্রঃ—ব্যাকরণে বাধে না। বাধা॥ বাধা ··ষ্য. (সং)। যন্ত্রণা; উৎপীড়ন; আঘাত; প্রতিবন্ধ। বাধক ষ্য. (সং)। পীড়ন; প্রতিবন্ধক; নারীর বন্ধ্যাত্ব রোগ; কটিতে ব্যথা সহিত নারীর রজঃস্রাবদোষ (dysmenorrhæa)। বাধা ··ধাতু. (বাধ ধাতু আস্তে)। বাধানা॥ বাধিত ··ণ. (সং)। প্রতিরুদ্ধ, নিষ্ফল, প্রঃ—যদ্যপি অন্যোন্য বাধ্যবাধকভাব হেতুক উভয়ের সমাবেশ বাধিত হয় (প্রবোধচন্দ্রিকা); প্রতিহত, নষ্ট, প্রঃ—কামপীড়াতে বাধিতবুদ্ধি (প্রবোধচন্দ্রিকা)।

বাধ ··ধাতু. (সং বন্ধ ধাতু হইতে। সং বদ্ধ শব্দ দেখিয়া অনুনাসিক লুপ্ত হইয়াছে)। বাধি—বদ্ধ হই, প্রঃ—কাপড়ে কাঁটা বাধিয়াছে; ফল উৎপন্ন হই, প্রঃ—ঝগড়া বাধিয়াছে। বাধা॥ বাধা··ধাতু. (বাধ ধাতু আস্তে)। বাধানা॥ বাধিত ··ণ. (সং বদ্ধ স্থানে ভুলে অধুনা চলিত হইয়াছে)। অনুগ্রহবদ্ধ, দয়া-বশীভূত। বাধক···ষ্য. (সং বন্ধক)। যে বাঁধে, বশীভূত করে। বাধকতা ···ষ্য. বন্ধন। বাধ্য···ণ. (সং বন্ধ্য স্থানে ভুলে)। বশ্য, বশীভূত। বাধ্য বাধকতা ··ষ্য. বাধ্যতা ও বাধকতা। বাধআ, বাধোয়া ··ণ. (সং বন্ধ্য)। নিষ্ফল, প্রঃ—বাধআ খরচ।

বাঁধ ··ধাতু. (সং বন্ধ ধাতু বন্ধনে)। বাঁধি · বন্ধন করি, প্রঃ—কাগজপত্র বাঁধা; রজ্জু প্রভৃতি দ্বারা বন্ধন করি, শৃঙ্খলিত করি, প্রঃ—চোরের হাত বাঁধা; বন্দী করি, প্রঃ—চোর বাঁধিয়া রাখা; নিয়মিত করি, প্রঃ—ধারা বাঁধিয়া কাজ করা; বারিত, নিরুদ্ধ করি, প্রঃ—নদীর জল বাঁধা; রচনা, করি, প্রঃ—ঘর বাঁধা; কেশ রচনা করি, প্রঃ—মাথা বাঁধা; সন্দর্ভ, পদ রচনা করি, প্রঃ—গান বাঁধা; প্রেম, স্নেহাদি দ্বারা বদ্ধ বা বশীভূত করি, প্রঃ—প্রেমে বাঁধা তোর। বাঁধা॥ বাঁধ ··ষ্য. (সং বন্ধ)। জল-বন্ধ, জলাদি-অবরোধক; পাহাড়ের নিকটস্থ নিম্নভূমিতে বাঁধ দিয়া নির্ম্মিত বৃহৎ জলাশয়, প্রঃ—কৃষ্ণ-বাঁধ (বনবিষ্ণুপুরে)। দিগ্‌বাঁধ ··ষ্য. গ্রামের চারিদিকের বেষ্টনবন্ধ। বাঁধন ··ষ্য. (সং বন্ধন)। গ্রন্থি, বন্ধন; রজ্জু প্রভৃতির বন্ধনী; রচনা, নির্ম্মাণ। বাঁধন-দার ··যে বাঁধে; যে গান রচনা করে। বাঁধনি···ষ্য. বন্ধন, রচনা। বাঁধা ··ষ্য.

বন্ধন ; বন্ধক, প্রঃ—জিনিষ বাঁধা দেওয়া। ···ণ. বদ্ধ, ধৃত, প্রতিহত, নিরুদ্ধ। বুক বাঁধা, মন বাঁধা—চিত্ত স্থির করা, এক বিষয়ে নিবিষ্ট করা। মুখ বাঁধিয়া থাকা—কথা না কহিয়া,নিরুত্তর হইয়া। কোমর বাঁধা—কর্ম্মের নিমিত্ত উদ্যুক্ত হওয়া। বাঁধাই ···ষ্য. বন্ধন, গ্রন্থন ; বন্ধন-বেতন। বাঁধা-ছাঁদা···ণ. (সহচর শব্দ)। বদ্ধ ; নিয়মিত, নির্দ্ধারিত। বাঁধা-ধরা···ষ্য. (সহচর শব্দ)। বন্ধন, নিয়মবন্ধন। বাঁধা-বাঁধি···ষ্য. বন্ধন, নিয়ম। বাঁধা-সাঁধা···ষ্য. ণ. (সন্ধান হইতে সাঁধা। অতএব সহচর শব্দ)। বাঁধা। বাঁধা ···ধাতু. (বাঁধ ধাতু আস্তে)। বাঁধানা॥ আ-বাঁধা···ণ. যাহা বাঁধা হয় নাই।

বাধক···বাধ ধাতু দেখ।

বাধ-বাধ···ব্য. বদ্ধ ভাবে, প্রঃ—মুখ বাধ-বাধ করা—উত্তরদানে অসমর্থ হওয়া।

বাধা···ষ্য. (সং ৰদ্ধ্রী—চর্ম্মরজ্জু—হেমঃ। ৰধ্র—চর্ম্মপট্টী। ৰধ্রা – পাদুকা—আপ্তে)। চটী জুতা, ইহার উপরে এক খণ্ড চর্ম্মপটী থাকে, প্রঃ—তুয়া অনুরাগে নন্দের বাধা বৈনু আমি—শ্রীকৃষ্ণ নন্দের বাধা বহিয়াছিলেন। বাধাই···নন্দোৎসব।

বাধা···বাধ দেখ। বাধা-বিঘ্ন···ষ্য. (সং। সহচর শব্দ)। বাধা।

বাঁধা···বাঁধ ধাতু দেখ।

বাধিত···বাধ ধাতু দেখ।

বাঁধুলী···ষ্য. (সং বন্ধূক,বন্ধুলী। রূপে চিত্তকে বাঁধে বলিয়া বন্ধূক—অঃ টীঃ)। পুষ্পশাক-বিশেষ (Pentapetes phœnicea)। বর্ষাকালে জন্মে। প্রায়ই উদ্যানে জন্মে। ফুল অলক্তকবর্ণ, পঞ্চদল। ওষ্ঠের সহিত উপমিত হয় বলিয়া এক সং নাম ওষ্ঠপুষ্প। বেলা হইলে ফুল ফোটে। এই হেতু ও° হিং নাম দুপহরিআ, সং মাধ্যাহ্নিক।

বাধোয়া···বাধ ধাতু দেখ।

বাধ্য···বাধ ধাতু দেখ। বাধ্য-বাধকতা··· একজন বশ্য, অন্য জন বশকর্ত্তা—এই দুইএর পরস্পর সম্বন্ধ।

বান···ষ্য. (সং ৰান। তু° সং ৰনে সলিল-কাননে—অঃ। কিংবা ৰন্যা হইতে)। বন্যা, নদীর অকস্মাৎ জলবৃদ্ধি ; জলসংপ্লুত ঊর্ম্মি। হড়কা বান··(সং অর্গলা হইতে হড়কা। তু° অর্গলা কল্লোলে—মেঃ। হিং হড়া বান)। নদীর অকস্মাৎ অতিজল-বৃদ্ধি। বান ডাকা—জোয়ারে অতিজল-বৃদ্ধির সহিত শব্দ হওয়া। বান-চালি, বৌন-চৌল···বানে বিচলিত (প্রায়ই বাইন-চৌল)। বানের জলে ভাসিয়া আসা—বিনা চেষ্টায় পাওয়া। বানের জলে ভাসিয়া যাওয়া—বৃথা নষ্ট হওয়া। বানুয়া, বেনো···ণ. (বান +উয়া)। বানে জাত, বান-সম্বন্ধীয়।

বান···প্রত্যয়. (ফা°)। স্বামী, রক্ষক অর্থে, প্রঃ—দরবান—দরোয়ান।

বানক···ষ্য. (সং ৰান—তৃণাসন—মেঃ)। পাট-পোকা পালনের চাঁচের বোনা আধার।

বানর···ষ্য. (সং ৰানরঃ—নর ইব। ৰনে রমতে ৰনরঃ স্বার্থে ৰানরঃ। কিংবা ৰানং ৰনভৱং ফলং রাতি গৃহ্লাতি ৰানরঃ—অঃ টীঃ)। বাঁদর (দেখ)। বানরিয়া, বানুরে···ণ. (বানর+ইয়া)। বানরের যোগ্য, প্রঃ—বানরিয়া বুদ্ধি

বানা···ধাতু. (সং ৰর্ণ ধাতু বিস্তারে, উদ্যোগে। ও° হিং বনা)। বানাই—নির্ম্মাণ করি, প্রস্তুত

করি, প্রঃ—ঘর বানাইয়া, তরকারি বানানা। বানানা॥ (বানা ধাতু হইতে অজ্ঞাত। পূর্ববঙ্গে ও অন্য তিন ভাষাতে প্রচলঃ)।

বানা···ষ্য. (সং ৰণ্ড—ছিন্নত্বক্)। শিশ্ন।

বানা···ষ্য. (সং ৰান ৰাণি—তাঁত বোনা। ও°। তু° ম° বাণা—পরিচ্ছদ)। পতাকা। (বাংতে অপ্রচলঃ)।

বানান···ষ্য. (সং বর্ণন)। শব্দের বর্ণ-বিস্তার।

বানি···ষ্য. (সং ৰাণি—বস্ত্রাদির বপনক্রিয়া)। নির্মাণ-মূল্য (ও° করমূল—কর্মমূল্য)। পূর্বকালে তাঁতীকে সূতা দেওয়া হইত। সে কাপড় বুনিয়া দিয়া বয়ন-বেতন—বাণি, বানি লইত।

বান্দা··বন্দা দেখ।

বান্নী··ষ্য. (সং বর্ণিনী, ৰরৰর্ণিনী)। শ্রেষ্ঠা নারী, বয়স্কা নারী, প্রঃ—গিন্নী-বান্নী। (অনুচর শব্দ হইয়া প্রয়োগ)।

বাপ, বাপ্‌···ষ্য. (সং ৰপ্তা। ৰপ্তা তু° জনকে—মেঃ। সং ৰপ্র। ৰপ্রস্তাতে—মেঃ। অন্য নাম ৰীজিন্—যাহার বীজে জন্ম, ক্ষেত্রিন্ নহে। তু° সং ৰীজৰাপ। বপ্তা—বাপা—বাপ। বাবা দেখ। ও° হি° ম° বাপ, ও° বাপা আসা° ৰাপা বোপা)। পিতা, প্রঃ—তপিস্যা ছাড়িআ বাপা চল জাইব ঘর (শূং পুঃ), যজ্ঞ দেখি বারে যাব বাপার ভবন (ভাঃ); বাৎসল্যে পুত্র-সম্বোধনে, দয়া-প্রার্থনায় পিতৃসম্বোধনে। বাপ-বেটা···পিতা-পুত্র। বাপ-দাদা···পিতা ও পিতামহ। বাপ-পিতামহ···পিতা ও পিতা-মহ। বাপ রে···ব্য. আর্ত ব্যক্তির রক্ষক আহ্বানে। বাপ রে বাপ···ব্য. বিস্ময়ে, আর্তনাদে। বাপের জন্মে, বাপের বয়সে না দেখা—নিজের জীবনে ত নহেই, পিতার জীবনকালেও না দেখা। বাপের ঠাকুর করিয়া রাখা—পিতামহকে যেমন শ্রদ্ধাভক্তি সহকারে রাখা হয়, তেমন করিয়া। বাপের বিয়া দেখানা—গালিতে পিতার বিবাহ সম্পাদন করা, নিজের জন্মের বৃত্তান্ত কথন। বেঁচে থাকিলে বাপের নাম—প্রথমে স্বীয় জীবন রক্ষা কর্তব্য, পরে পিতৃপিতামহাদির গুণকীর্তন। বাপ্‌তি···ণ. (বাপ-দত্ত)। পিতৃ-দত্ত, প্রঃ—বাপ্‌তি বিষয়। বাপান্ত···ষ্য. (বাপ+পর্যন্ত)। পিতার পর্যন্ত কুৎসা। বাপান্ত চোদ্দ পুরুষ করা—পিতা ও পিতৃপিতামহাদি চতুর্দশ পুরুষের নাম করিয়া গালি। বাপু··ষ্য. (আদরে উ)। আদরে পুত্র বা পুত্র-স্থানীয় ব্যক্তি। (সম্বোধনে)। (বাবু দেখ)।

বাপী···ষ্য. (সং—ৰাপী তু দীর্ঘিকা—অঃ। দ্বয়মায়াতচতুরস্রখাতে—অঃ টীঃ)। বাংতে চতুষ্কোণ বৃহৎ কূপ। এই কূপে অবতরণের সোপান থাকে।

বাপু··বাপ দেখ।

বাফ্‌তা···ষ্য. (ফা°। তু° সং ৰাপ—বয়ন। তু° ফা° তাফ্‌তা, ই° taffeta)।··পাটের টানা ও কাপাসের পড়িয়ান বস্ত্রবিশেষ (গর্ভসূতী···তসরের টানা কাপাসের পড়িয়া বস্ত্র)।

বাব···ষ্য. (আ°—দ্বার)। বিষয়, পদ বিভাগ; উপলক্ষ; কর।

বাবই···ষ্য. (সং তন্তুৰায়। বোধ হয় ৰাপ হইতে। ও° বাআ, হি° বায়া)। শাখাগ্র বর্গের পক্ষীবিশেষ (the weaver-bird

তাল-বাবই···আট আঙ্গুল দীর্ঘ বাবই (Ploceus baya)। ইহার মাথার তালু হলুদা বুক হলুদা। গায়ের রং খয়রা, তাহাতে কাল ফুটকী থাকে। তালগাছের পাতায় বাসা করে। বাবইর বাসা প্রসিদ্ধ যেন উলটানা বোতল। কণ্ঠমালা বাবই···ছয় সাত আঙ্গুল দীর্ঘ বাবই (P. bengalensis)। ইহার বুক কাল, গলা হলুদা। ঘাসে ছোট ছোট বাসা করে। তেলিয়া বাবই··· আট আঙ্গুল দীর্ঘ বাবই (P. manyar)। বুক কাল খয়রা মিশ্রিত। বাসা ছোট ছোট ঘাসে করে। দৃষ্টান্তে, ঘর থাকিতে বাবই ভিজে—বৃষ্টির সময় বাবই বাসার বাহিরে আসে। (বস্তুতঃ ডিম পাড়িবার তরে বাসা)। ইহা হইতে মূর্খতা।

বাবই-তুলসী···তুলসী দেখ।

বাবই, বাবুই···ষ্য. (হি° বাবর, ও° সবাই)। ধান্যাদিবর্গের দীর্ঘায়ুঃ আরণ্য ঘাসবিশেষ (Ischæmum angustifolium)। দেড় হাত দুই হাত লম্বা হয়। মধ্যভারত হইতে উত্তরভারতের শুষ্ক দেশে জন্মে। ইহার পাতা পাক দিয়া বাবই দোড়ী হয়। কয়েক বৎসর হইতে কাগজের কলে এই ঘাস হইতে কাগজ হইতেছে। এ কারণ কোথাও কোথাও চাষ আরম্ভ হইয়াছে।

বাবচী···ষ্য. (হি° নাম)। বাকুচী দেখ।

বাবৎ, বাবদ···ষ্য. (আ° বাবৎ)। পদ বা বিষয়, প্রঃ—কি বাবদে কত খরচ।···ব্য. হেতু, নিমিত্ত।

বাবরী···ষ্য. (স° বর্বর। ম° বাবরী)। পুরুষের মাথার পশ্চাৎভাগের কেশবিন্যাসবিশেষ। বাবরী-কাটা চুল···কেশ কিছু দীর্ঘ রাখিয়া উর্ধ্বদিকে তরঙ্গিত।

বাবর্চী···ষ্য. (তুর্কী)। মুসলমান পাচক। বাবর্চীখানা···মুসলমান পাকশালা।

বাবলা···ষ্য. (স° বর্বূর, বব্বূল। ও° ববুর)। বহু প্রয়োজনীয় কণ্টকী গ্রাম্য বৃক্ষবিশেষ (Acacia arabica)। ফুল হলুদা। ইহার নির্যাস বাবলা-আঠা বাবলা-গঁদ নামে খ্যাত। ছালে বিশেষতঃ শুঁটীতে কষায়ীন আছে। কাঠে লাঙ্গল ও গাড়ীর চাঁকা প্রভৃতি হয়। গুইয়া বাবলা···বাবলা তুল্য বৃক্ষবিশেষ (Acacia farnesiana)। শুঁটী মোটা ছোট শাঁসালু। ফুল হলুদা, সুগন্ধ। এই ফুল হইতে এক সুগন্ধি (cassie perfume) প্রস্তুত হয় বলিয়া ফরাসী দেশে এই গাছের আবাদ করা হয়। অথচ গাছের নাম গুইয়া হইল কেন? ইহার স° নাম বিটখদির। বাবলা ও খয়র সম-জাতীয়। বিট—বিষ্ঠা শব্দের বা° গু হইয়া গুইয়া বিশেষণ।

বাবা···ষ্য. (বাপ বাপা দেখ। বাপা—বাবা। ও° হি° ম° বাবা)। পিতা; বৈষ্ণব সাধু (সম্বোধনে); বাৎসল্যে পুত্র (সম্বোধনে); হিন্দী ও খ্রিষ্টানী ভাষায় ইয়ুরোপীয় জাতির পুত্রকন্যাদি। বাবাজী···বৈষ্ণব সাধু। বাবাজী, বাবাজীউ, বাবাজীবন···ষ্য. স্নেহের যোগ্য পুত্র পৌত্র জামাতা প্রভৃতি।

বাবু···ষ্য. (বাপ আদরে বাপু—বাবু। তু° হি° বাপুজী—বাৎসল্যে বাপু+জীব। প্রাচীন বা° বাপা এবং আদরে বাপু। আসা° বাপু—পণ্ডিত ব্রাহ্মণ সম্বোধনে। ও° বাবু—বাৎসল্যে, যথা—প্রায় পাঁচ শত বৎসরের

শারলা-দাসের মহাভারতে যুধিষ্ঠির ভীমার্জুনাদিকে বলিতেছেন, মোহ আগে কহ বাবু স্বরূপ বচন—মোহ—মোর। তদপেক্ষা আধুনিক কবি উপেন্দ্র-ভঞ্জ লিখিয়াছেন, বাবু নাকু সিরী দান যোগ্য যোষাকু। বিহর কানন করি আলিঙ্গানকু ॥ (বৈদেহীশ বিলাস)—রামচন্দ্র সূর্পণখা দেখিয়া লক্ষ্মণকে বাবু বলিয়া সম্বোধন করিয়াছেন। পদটি দ্ব্যর্থ। এক অর্থ, স্বর্গশ্রী বিবাহদানযোগ্যা যোষিৎকে আলিঙ্গান করিয়া কাননে বিহর। অন্য অর্থ, ছেদনযোগ্য নাসিকাশ্রী যোষিৎকে ইত্যাদি। বাবা আদরে উকারান্ত বাবু। বাবা—পিতা কিংবা পিতৃতুল্য মান্য, মহাশয়। এই অর্থে ও° বাবু, হি° বাবূ। তু° ই° sire, sir; father)। মান্য ব্যক্তি (সম্বোধনে) যেমন রমেশ বাবু; শ্রীল শ্রীযুত অর্থে (নামের পূর্বে বসে); গ্রামের জমিদার; আফিশের কর্তা; ভদ্র-গৃহের কর্তা, ইত্যাদি। (বা°তে স্ত্রী° রূপ নাই, হি°তে ববুআইন)। বাবু...ণ. সৌখিন, সুবেশ-অভিমানী; বিলাসী। বাবুগিরি...ষ্য. বিলাসিতা। বাবু-আনা, বাবু-আনি...ষ্য. বিলাস, ভোগবিলাসিতা। বাবু-ভাইয়া...ষ্য. ইন্দ্রিয়সুখনিরত স্বদল। বাবু বাছা...ষ্য. (বাপু+বাছ—সহচর শব্দ)। বাপা বৎস্য, প্রঃ—বাবু বাছা বলিয়া লোক বশ করা।

বাবুনা...ষ্য. (ফা° বাবূনা)। সোমরাজ্যাদি বর্গের শাকবিশেষ (Chamomile)। ইয়ুরোপ ও পারস্যের গাছ। পঞ্জাবেও হইতেছে। ফুল ঔষধে লাগে।

বামন ..ণ. (সং বামন)। খর্ব।...ষ্য. খর্ব পুরুষ। স্ত্রী° বামনী। দৃষ্টান্তে, বামন হয়ে চাঁদে হাত—চন্দ্র দূরে আকাশে। বরং দীর্ঘ ব্যক্তি হাত বাড়াইয়া চাঁদ স্পর্শ করিতে পারে, কিন্তু বামনের পক্ষে সে চেষ্টা উপহাসের যোগ্য।

বামন...ষ্য. (সং ব্রাহ্মণ)। ব্রাহ্মণ, বামুন (দেখ)। স্ত্রী° বামনী। বামনা...ষ্য. (বামন +আ—অনাদরে)। বামুন (অবজ্ঞায়)। বামনাই...ষ্য. (বামন+আই। সং ব্রাহ্মণ্য))। ব্রাহ্মণের আচরণ (নিন্দিতার্থে)। বামনহাটি...ষ্য. (সং ব্রাহ্মণযষ্টিকা। ও° বামণবাটি)। ঘণ্টাকর্ণাদি বর্গের দীর্ঘায়ুঃ দীর্ঘ যষ্টিসদৃশ ক্ষুপবিশেষ (Clerodendron siphonanthus)। পাতা লম্বা, চারি চারি পাতা যষ্টিকে বেষ্টন করিয়া জন্মে। ফুল শাদা ৪।৫ আঙ্গুল লম্বা, গ্রীষ্মকালে ফোটে। ফল হইবার সময় জলন্ত অঙ্গারবর্ণ দেখায় বলিয়া সং এক নাম অঙ্গারবল্লী।

বামাল...ষ্য. (ফা° ব-মাল—মাল-সহিত)। চোরিত দ্রব্যাদি।

বামুন...ষ্য. (সং ব্রাহ্মণ)। উচ্চজাতিবিশেষ। স্ত্রী° বামুনী, বামনী। বামুন-ঠাকুর...ব্রাহ্মণরূপ দেবতা; পাচক ব্রাহ্মণ। স্ত্রী° বামুন ঠাকুরানী, বামুন-ঠাকুরান। বামুন-দেবতা...ব্রাহ্মণ ও দেবতা। বামুন-বৈষ্টম...ব্রাহ্মণ ও বৈষ্ণব জাতি। লাখ টাকায় বামুন ভিখারী—লক্ষপতি হইলেও ব্রাহ্মণ ভিক্ষাজীবী বামুনের গোরু—বামুনের গাই এমন অল্প খায় অল্প স্থানে থাকে, কিন্তু প্রচুর দুধ দেয়।

বাম্ভন (গ্রা°)...বামন, বামুন।

বায়...ষ্য. (সং বায়ু)। বায়ু। (পদ্যে)।

বায়তি...ষ্য. (প্রবোধচন্দ্রিকায় সং বর্দ্ধি কিন্তু বর্দ্ধক হইতে পারে না)। বাইতি

বায়ন···ষ্য. (সং বাদন হইতে গায়ন শব্দ-সাদৃশ্যে। ও° বায়ক—সং বাদক)। বাদ্য-কর,প্রঃ—বায়ন গায়ন নইলে গান হয় না।

বায়না···ষ্য. (আ° বইআনা। আ° বই—বিক্রয়। বয়নামা দেখ)। সত্যকার নিমিত্ত অগ্রিম বেতন কিংবা মূল্য দান।

বায়না, বাহানা···ষ্য. (ফা° বহানাহ্)। ব্যপদেশ, ছদ্ম, প্রঃ—এক এক ছেলে দুধ খাবার সময় বায়না করে।

বায়া···ডিম দেখ।

বায়া···ষ্য. (আ° বা-য়ে)। বিক্রয়কারী। (আদাঃ)। (কেতা—মুন্তরী)।

বাঁয়া···ষ্য. (সং বাম হইতে)। একমুখা আনদ্ধ বাদ্যবিশেষ। বাম হাতে বাজানা হয় বলিয়া বামা—বাঁয়া। অপর নাম ডুগী। বাঁয়া-ডাইনা···মৃদঙ্গের দুই মুখ পৃথক করিয়া যে দুই একমুখা আনদ্ধ বাদ্য হয়। দক্ষিণ হাতে ডাইনা বাজানা হয়। বাঁয়া-তবলা···বাঁয়া-ডাইনা (তবলা দেখ)। বাঁয়া মাটি কিংবা তামার, ডাইনা কাঠের খোল। চাঁদা, কিরণ···বাঁয়া-ডাইনার মুখের চর্মের মধ্যস্থলের খদিরাদির প্রলেপ। ঘাট···(ঘাট-অবতরণ স্থান হইতে)। বাঁয়া ডাইনার চর্ম টানিয়া আঁট করিবার স্থান।

বায়াত্তর, বাহাত্তর···ণ. ষ্য. (সং দ্বি-সপ্ততি)। দুই অধিক সপ্ততি সখ্যাক,-সখ্যা ; ৭২।

বায়ান্ন, বাহান্ন···ণ. ষ্য. (সং দ্বিপঞ্চাশৎ)। দুই অধিক পঞ্চাশ সখ্যাক,-সখ্যা ; ৫২।

বায়ু (গ্রা° বাউ)···ষ্য. (সং বায়ু)। পবন ; প্রাণ অপানাদি পঞ্চ বায়ু ; দেহের বাতিক বৃদ্ধি, প্রঃ—বায়ুতে পাকিয়া চুল বৈল শণ-নুড়ী (ভাঃ)—শণনুড়ী।

বার়, বারহ···ণ. ষ্য. (সং দ্বাদশ—বাঅহ—বারহ—বার়। ও° বার়, হি° বারহ, ম° বারা)। দুই অধিক দশ সখ্যাক,-সখ্যা ; ১২। বারই, বারই···ণ. সৌর মাসের দ্বাদশ দিন। বার়-দুয়ারী···ণ. দ্বাদশ-দ্বারবিশিষ্ট ; (কিংবা সং বার—সমূহ হইতে) বহুদ্বার-বিশিষ্ট ; বহু জনের দ্বারস্থ হয় যে। বার়-ভূত ···(সং বার—সমূহ)। বহু-প্রেত, প্রঃ—বার় ভূতের ব্যাপার—নররূপ প্রেতের। বার়-মাসিয়া, বার়-মাস্যা···ণ. (বার়+মাস+ইয়া)। বৎসরের দ্বাদশ মাস সম্বন্ধীয়, বর্ষ-স্থায়ী বা নিত্য ব্যবহারযোগ্য, প্রঃ—বার-মাসিয়া ঠাট।···ষ্য. দ্বাদশ মাসে বিরহিণীর ক্লেশ (কবিতায়)। বার়-শিঙ্গা ···ষ্য. দ্বাদশ শৃঙ্গ যে হরিণের থাকে, প্রঃ—কবিকঃ। বস্তুতঃ মাথায় দুই শৃঙ্গ, কিন্তু প্রতি শৃঙ্গের ছয়টা শাখা থাকে। এই হরিণ (Cervus duvauceli). বড়। ইহার লোম কোমল, ঘাড়ের লোম দীর্ঘ। কেবল পুং বার়-শিঙ্গার শৃঙ্গ হয়। তাহাও মধ্যে মধ্যে খসিয়া পড়ে। বার়-সতর়···কর্মের নানাবিধ অঙ্গ বা আয়োজন, প্রঃ—এত বার-সতর় করিতে পারি না।

বার···ষ্য. (সং বার)। অবসর, প্রঃ—এই বার দেখা যাবে ; পালা, প্রঃ—পূজার বার ; সপ্তাহের সপ্ত দিবস, যথা, রবি (গ্রা° রইব), সোম, মঙ্গল, বুধ, বৃহস্পতি (গ্রা° বিস্‌পতি), শুক্র (গ্রা° শুকুর), শনি (গ্রা° শইন)। বার করা—রব্যাদি বাসর পালন। বার-বেলা ···ষ্য. (বার—ক্ষণ)। অশুভ বেলা। বার-ব্রত···ষ্য. (সহচর শব্দ)। ব্রতাদি।

বার···ধাতু. (সং বৃ ধাতু আবরণে, বারণে। ওং বার ধাতু)। বারি—আবরণ স্থাপন করি, প্রঃ—করে কর বারিতে উপজল প্রেম (জ্ঞানদাস); রোধ করি, প্রঃ—আগুন বারিলে হয় জল (কবিকঃ। অধুনা এই অর্থে গ্রাং ভার ধাতু)। বারা॥ বারণ···ষ্য. (সং বারণ)। নিষেধ, নিবারণ।

বার···ষ্য. (ফাং—দ্বার। সং বার—দ্বার। ফাং বার—প্রবেশ, প্রবেশ-অনুমতি, সভা)। সভায় প্রবেশ-অনুমতি, প্রঃ—রত্নসিংহাসনে বার দিল জুগপতি (শূং পুঃ); বার দিয়া বসিয়াছে কলিঙ্গ ভূপাল (কবিকঃ); বার দিয়া বসিয়াছে বীরসিংহ রায় (ভাঃ), বার দিল বাহির দেয়ানে (ভাঃ)—বার দেওয়া—দর্শন দিবার নিমিত্ত সভায় বসা। (২) সাক্ষাৎ, দর্শন, প্রঃ—তাহার বার পাওয়া যায় না।

বার···ষ্য. (ফাং। সং ভার)। ভার। বার-বরদার···ষ্য. (ফাং)। ভারবাহক। বার-বরদারি··· ষ্য. ভার-বহন। বার-বরদারী···ণ. ভারবহন সম্বন্ধীয়, প্রঃ—বাঃ খরচ।

বার-আরী···বারোয়ারী দেখ।

বারই···ষ্য. (সং বারকী)। সং বার—বৃতি আবরণ। অন্য নাম বারজীবী)। পানগাছকারী জাতিবিশেষ। স্ত্রীং বারইনী।

বারকোল···ষ্য. (?)। বৃহদাকার কচ্ছপবিশেষ। (কাছিমের খোলে দাগ থাকে, বারকোলের থাকে না। (কেঠো ছোট কাছিম)।

বারকোশ···ষ্য. (ফাং বার—ভার, ফাং কশ—শকট; বারকশ—ভারবহা শকট। ওং বারকোশ্। হয় ত সং বার—সমূহ, কোশ—পাত্র, যাহাতে বহু দ্রব্য রাখা যাইতে পারে)। কাঠের চেপটা বড় পাত্র।

বারণ···ষ্য. (সং বারণ)। নিষেধ, রোধ। (বার ধাতু দেখ)।

বারতা···ষ্য. (সং বার্তা)। সংবাদ, প্রঃ—নিশার স্বপনসম তোর এ বারতা (মেঘনাদবধঃ)।

বার-দিগর···ব্য. (সং বার+ফাং দিগর)। পুনর্বার।

বার-দ্বারী···বার দেখ।

বারবরদার···বার দেখ।

বারাঙ্গা, বারাং···ষ্য. (সং বারঙ্গা—আপ্তে। ওং বারং)। লোহ অস্ত্র-শস্ত্রের যে মূল কাঠের বাঁটের ভিতরে থাকে।

বারাণ্ডা···ষ্য. (সং বরাণ্ডা, বারুণ্ডী। যথা, বারুণ্ডী দ্বারপিণ্ড্যাং স্ত্রী—মেঃ)। দ্বারপিণ্ড, গৃহের দ্বারসম্মুখস্থ পিণ্ড।

বারাহী-কন্দ···(সং বারাহী কন্দ)। চুপড়ী আলু। আলু দেখ।

বারি···ব্য. (বাহির হইতে)। বাহির, প্রঃ—প্রসাদ পাইয়া বারি হইলাম সত্বরে (কৃত্তিঃ আত্মপরিচয়)।

বারি, বেরি···ষ্য. (সং বার। হিং ওং)। বার, পালা, প্রঃ—মরণক বেরি (বিদ্যাপতি)।

বারিক···ণ. (ফাং বারীক)। সূক্ষ্ম।···ষ্য. (? ওং বারিক—নাপিত)। উপাধিবিশেষ।

বারিক···ষ্য. (ইং barrack)। সেনা-বাটিকা। গোরা-বারিক···যে বাড়ীতে গোরা—ইয়ুরোপীয় সেনা থাকে।

বারিদার (গ্রাং)···বিরাদার দেখ।

বারুই···বারই দেখ।

বারুদ···ষ্য. (ফাং বারুদ, বারুৎ—গোরা,

অগ্নিচূর্ণ। ও° দাঁরু—স° বিদারক, ম° দারু)। ··অগ্নিচূর্ণ)। বারুদ-খানা···যেখানে বারুদ রাখা হয়।

বারেক···(বার+এক)। একবার।

বাঁরোয়া···(হি° বরৱা—বিবাহের বর হইতে ?) রাগরাগিণী দেখ।

বারোয়ারী···ষ্য. (স° ৱার—সমূহ+আরী। কিংবা বার—দ্বাদশ)। গ্রামের কিংবা পাড়ার লোক মিলিয়া ঠাকুরপূজা ও উৎসব। বারোয়ারী-আলা···যাহারা মিলিয়া বারোয়ারী করে। বারোয়ারী-তলা ··যেখানে বারোয়ারী হয়।

বার্ণিশ ··ষ্য. (ই° varnish)। কাষ্ঠ দিতে ধূনাময় পদার্থের লেপ দিবার তৈলবৎ পদার্থ। (স° ৱর্ণিক, ৱর্ণিকা)।

বার্লি ··ষ্য. (ই° barley)। যব; যবের পালো।

বার্ষিক···ণ. ষ্য. (স° ৱার্ষিক)। বর্ষাকালে ভব; বৎসরসম্বন্ধীয়; প্রতিবৎসরে দেয় বৃত্তি।

বার্ষিয়া, বার্ষ্যে···ণ. (স° ৱার্ষিক। কিংবা ৱর্ষা—বার্ষা+ইয়া। ফা° বারিষ)। বর্ষা সম্বন্ধীয়, প্রঃ—বাঃ কাল।

বাল···ষ্য. (স°। স°-তে কেশ। এই অর্থে অন্য তিন ভাষায়)। বা°তে গুহ্যদেশের কেশ (আসা°-তেও)। বাল-বাচ্চা···ষ্য. (স° বাল—বৎস্য। হি°—সহচর শব্দ)। ছেলে-পিলে। বাল-ভোগ···ষ্য. বালক গোপালের প্রাতঃকালীন ভোগ। বালক···ষ্য. (স°)। শিশু, ষোড়শ বর্ষের অনধিক শিশু; অজ্ঞ। বালককালে···বাল্যাবস্থায়।

বালতই···ষ্য. (স° ৱর্তুলী—বালতী—বাল-তই। অন্য নাম গুলতই, বাঁটুল খাড়া)। বাঁটুল নিক্ষেপের ধনুক।

বাল্তি···ষ্য. (স° ৱালপুত্রী ?)। যে বিধবার শিশু পুত্র মাত্র আছে।

বাল্তি···ষ্য. (পর্তু° balde—a bucket)। লৌহাদিনির্মিত বিস্তৃতমুখ জলপাত্র। (স° নাম সিরা)।

বালসা···বালিশ্যা দেখ।

বালা···ষ্য. (স° বালক—বালা)। বালক, প্রঃ—কবিকঃ, প্রাচীন পদে; হাতের বলয় অলঙ্কার; জবাদিবর্গের বন্য ছোট সুগন্ধ ক্ষুপবিশেষ (Pavonia odorata)। পাতা লোমশ সকোণ। বোধ হয় ঘনরোমশ বলিয়া স° নাম বাল, কেশ হইয়াছে। (অন্য গন্ধ সম্বরণ করে বলিয়া বাল—অঃ টীঃ)। ফুল আরক্ত, বার মাস ফোটে। ফল পঞ্চকোষ, কিন্তু গর্ভকোষের অগ্র দশ ভাগে বিভক্ত।

বালাই···ষ্য. (স° বাল+আই আদরে)। বালক, প্রঃ—আরে রে বিশাই তুই ত বালাই কে বলে আনিতে তায় (ভাঃ)।

বালাই···ষ্য. (আ° বলা—বিপদ। ও° ম° বলাই—বিপদ; হি° বলাই আশীর্বাদ। ভালাই—বালাই হইতে হি° অর্থ। তোর ভাল হউক—অমঙ্গল)। বিপদ, অমঙ্গল, প্রঃ—চৈঃ চঃ; আহা মরি চোরের বালাই লয়ে মরি (ভাঃ); প্রসাদ বলে এমন পদের বালাই লয়ে আমি মরি (রামপ্রসাদ)। আলাই-বালাই···(বোধ হয় বালাই হইতে আলাই)। বিপদ, বিঘ্ন।

বালা-খানা···ষ্য. (ফা° বালা—উপর)। উপর তলায় ঘর কিংবা বাগান।

বালাঞ্চি···ষ্য. (সং বাল—কেশ+রজ্জু ?)। গোবালির রজ্জু।

বালা-পোষ···ষ্য. (ফা° বালা—উপর)। কোমল তূলপূর্ণ প্রাবার। আব-রোঁআ···(তু° সং আবরণ)। বালা-পোষের দুই পাশের বস্ত্র।

বালা-ভোলা···ণ. (সং বাল—শিশু অজ্ঞ, ভোলা—নির্বোধ। বালা অনুচর শব্দ)। নির্বোধ।

বালাম···ষ্য. (নোআখালী বাখারগঞ্জ প্রভৃতি অঞ্চলের নৌকাবিশেষের নাম বলাম, বালাম্। সং ভদ্রম্ ? এই নৌকা পাটা সাজাইয়া বেত দিয়া জোড়া হয়। কারণ, সমুদ্রকূল দিয়া গমনাগমন করে)। বালাম নৌকায় আনীত বরিশালের শালি চাউল-বিশেষ।

বালি ··ষ্য.(সং বালিকা। যথা,বালিকা বালায়াং বালুকা পত্রকাহলে কর্ণভূষণে—মেঃ। অর্থাৎ বালিকা—বালুকা, পত্রের শব্দ, কর্ণভূষণ-বিশেষ। আসা° ও° ধালি। হি° বালু, ম° বাঠূ। পূর্ববঙ্গ ও আসামে বালু—সং বালুকা)। বালুকা। খরশাণ বালি···(সং খরশাণ)। কর্কশ মোটা বালি। চোরা বালি ···নদীগর্ভের শিথিল বালি, কিন্তু দেখিতে শিথিল নহে। (বোধ হয় চরা বালি—ভুলে চোরা বালি। চরা বালি—যে বালি চরিয়া —চলিয়া—যাইতেছে,এ কারণ পা দিলে পা ডুবিয়া পড়ে)। ধাওয়া বালি···(সং ধব+ আ)। শাদা বালি, যে বালিতে মাটি নাই। বালি চুন ধরানা—পাকা দেওয়ালে চুন-মাখানা বালির পুস্তকর্ম করা। বালি-আড়ী ···(বালি+আলী—আইল)। বালির উচ্চ আইল, বালির পাহাড়। (পবন দ্বারা বালি-আড়ীর উৎপত্তি। মেদিনীপুর ও পুরীতে অনেক আছে)। বালি-ঘটী, বালিঘড়ী··· সময়নিরূপক বালিপূর্ণ ঘটী (sand-glass)। বালিয়া, বেল্যে···ণ. (.বালি+ ইয়া)। বালিমিশ্রিত, বালিনির্মিত, প্রঃ—বালিয়া মাটি, পাথর। সে গুড়ে বালি ···গুড়রূপ আশায় বালুকা-রূপ নৈরাশ্য। (তু° সং শর্করা অর্থে চিনী ও বালুকা)। বালি-হাঁস···হাঁস দেখ।

বালি···বাইল দেখ।

বালিয়া···বালি দেখ।

বালিশ···ষ্য. (সং বালিশম্—উপাধানম্— শব্দকল্পঃ। ফা° হইতে ? ও° বালিশ্)। যে উপধানে মাথা রাখা হয়, উপধান, প্রঃ— বালীশ (চৈঃ চঃ)। বালিশের খোল···বস্ত্রের যে খোলে তুলা পুরিয়া বালিশ হয়। বালিশের ওয়াড় ··(সং আবর। কৃত্তিঃ লং—উয়াড়)। বালিশের আবরণ।

বালিশ্যা···ষ্য. (সং বালিশ—শিশু+ইয়া= বালিশিয়া—বালিশ্যা)। বাল-জ্বর।···ধাতু. বালিশ্যাই—বাল-জ্বরাক্রান্ত হই। বালিশ্যানা॥

বালু ··ষ্য. (সং বালুকা)। বালি। বালুচর···ষ্য. মুরশীদাবাদ জেলার স্থানবিশেষ। ইহা হইতে পট্টবস্ত্র-বিশেষ।

বালুশাই···ষ্য. (?)। গোলাকার গজাবিশেষ।

বাঁশ···ষ্য. (সং বংশ। বমত্যাদ্গিরতি করীর-মিতি বনতি শব্দায়তে বায়ুনেতি বা— অঃ টীঃ। বোধ হয় প্রথম ব্যুৎপত্তি ঠিক, নচেৎ বংশ অর্থে কুল আসে না। ও° বাউ শ্। বরণন্বাদি পরে থাকিলে ং উচ্চারণে ঙ্ হয়। ব্যাকরণে ঙলা· দেখ। ঙ—উঁ হইয়া বাউঁশ্ অর্থাৎ বাঙশ্। আসা° বাঁহ;

হিং বাঁস)। ধান্যাদিবর্গের প্রসিদ্ধ দীর্ঘ বৃক্ষবিশেষ (Bamboo)। ইহাকে প্রকৃত তৃণরাজ বলিতে পারা যায় (সং তৃণরাজ নহে)। ত্বক্ কঠিন বলিয়া সং এক নাম ত্বক্‌সার। বাঁশের অনেক জাতি আছে। এখানে কয়েকটির নাম করা যাইতেছে। (১) জাওয়া বাঁশ···(বাঁশের এক নাম যবফল—অঃ। বোধ হয় যব হইতে জাওয়া। কোথাও কোথাও জাতি বলে। জাতি হইতে জাওয়া ?))। তলদা বাঁশের জাতবিশেষ। জাওয়া বাঁশের পাব লম্বা, ফাঁপা কিংবা প্রায় নিরাট, গাঁইঠ ছোট, কঞ্চি অনেক হয়। (২) তলদা বাঁশ···(তলদা—পাতী করিয়া তলে দেওয়া হয় বলিয়া ? ওং নাম সুন্দরাঘাই)। বঙ্গদেশে এই বাঁশ অধিক। ইহার পাব লম্বা, ফাঁপা চারি পাঁচ আঙ্গুল মোটা, পীত ও হরিৎবর্ণ ; ত্বক্ অল্প ; কঞ্চি অল্প। এই কারণে ইহার পাতলা বাখা, বেতী ইত্যাদি হয় (Bambusa tulda)। সময়ে সময়ে ঝাড়কে ঝাড় ফুল হইয়া শুখাইয়া যায়। লম্বায় ৪০ হাত পর্যন্ত হয়। (৩) বাঁশিনী বাঁশ···(বোধ হয় ইহাতে বাঁশী হয় বলিয়া নাম বাঁশিনী। সংতে হয় ত ইহা কীচক)। এই বাঁশের (Bambusa vulgaris) গোড়া মোটা, তিন চারি আঙ্গুল, ডগা সরু পাব লম্বা কঞ্চি অনেক। পাব হরিত-পীত-রেখান্বিত, চিক্কণ। এই বাঁশের বেতী, ঝুড়ী হয়। (৪) বেউড় বাঁশ বা কাঁটা বাঁশ···(সং বেষ্ট হইতে বেউড়। পূর্বকালে গড়ের চারিদিকে এই কাঁটা বাঁশের দুর্ভেদ্য বেড়া করা হইত। ওং নাম মূঠী বাউঁশ)। এই বাঁশের (Bambusa arundinacea) কাঁটা হেতু ঝাড় দুর্ভেদ্য। বাঁশও আঁকা-বাঁকা; এই হেতু গৃহ-কর্মে প্রায় লাগে না। চল্লিশ পঞ্চাশ বৎসরে ইহার ফুল ধরে, তখন মরিয়া শুখাইয়া আগুন লাগিয়া পুড়িয়া ভস্মীভূত হয়। আবার বীজ হইতে গাছ গজায়। ইহার চাল দরিদ্রে বিশেষতঃ দুর্ভিক্ষসময়ে খায়। এই বাঁশে বংশলোচন জন্মে। (বংশ দেখ)। (৫) ভালুকা বাঁশ···(ভালুকা ?)। এই বাঁশের (Bambusa balcooa) পাব নিরাট, গোড়া মোটা ডগ সরু। লম্বায় চল্লিশ হাত, মোটায় ছয় সাত আঙ্গুল পর্যন্ত হয়। নিরাট বলিয়া খুঁটি করিতে লাগে। ইহার এক জাত কেমনা-ভালুকার পাব ফাঁপা,গোড়া সরু ডগা মোটা হয়। হিমালয়ে আসাম চট্টগ্রাম প্রভৃতি অঞ্চলে অন্যান্য অনেক জাতি বাঁশ আছে। বাঁশ···নৌকা ঠেলিয়া বাহিবার বাঁশ, প্রঃ—বাঁশে জল পায় না। বাঁশ-গাড়ি···বাঁশ-নিশান পুতিয়া নিলামের বিজ্ঞাপন। বাঁশরী···স্ত্রী. (বাঁশ+রী। হিং বাঁসুরী,সং বাঁসরী)। বাঁশী, শ্রীকৃষ্ণের মুরলী। বাঁশী···স্ত্রী. (সং বংশী। বাঁশ+ঈ)। মুখ দিয়া বায়ু পুরিয়া বাজাইবার বাদ্য-বিশেষ। বাঁশিয়া, বেঁশো···ণ. (বাঁশ+ইয়া)। বাঁশে নির্মিত, প্রঃ—বেঁশো ঘর। দৃষ্টান্তে, বাঁশ বনে ডোম কানা—বাঁশবনে ঢুকিলে ডোম পাকা কাঁচা বিচার করিতে পারে না। বহুর মধ্যে এক নির্বাচন কঠিন। বাঁশবনে রোদন—অরণ্যে রোদন, যেখানে রোদন শুনিবার লোক নাই। বাঁশ-পাতী···(অন্য নাম পত্রিঙ্গা)। শাখাশ্রয়ীবর্গের বার আঙ্গুল দীর্ঘ হরিতবর্ণ পক্ষীবিশেষ (The

Indian bee-eater Merops viridis)। চঞ্চু, পক্ষ দীর্ঘ সরু। গাছের ডালে বেড়ায়, দূরে পোকা ফড়িঙ্গ মউমাছি দেখিলে উড়িয়া আসিয়া ধরিয়া খায়। বাঁশপাতী… (সং বংশক, বংশপত্রক—বৈদ্যকঃ। ওং বাউঁশপাত্তী)। অশকলী আট নয় আঙ্গুল দীর্ঘ মৎস্য বিশেষ (Ailia coila)। পাবদা মাছের মতন, চেপটা। বাঁশপাতী ঘাস…(সং বংশপত্রী)। শ্যামা ঘাসের তুল্য, কিন্তু, কোমল দীর্ঘায়ুঃ তৃণবিশেষ (Panicum flavescens)।

বাষট্টি…ণ. ষ্য. (সং দ্বাষষ্টি, দ্বিষষ্টি)। দুই অধিক ষাটি সংখ্যক,-সংখ্যা ; ৬২।

বাষ্প…ষ্য. (সং)। উষ্মা। বাষ্পগন্ধ…বাষ্পের গন্ধ, কিছুমাত্র আভাষ বা সম্পর্ক। তুং নামগন্ধ।

বাস…ধাতু. (সং বাস ধাতু উপসেব', গন্ধনে ; বস ধাতু স্নেহ প্রীতি)। বাসি—সুগন্ধ দান করি, প্রঃ—ফুলটি কেমন বাসিতেছে ; প্রীতি করি, প্রঃ—ভাল বাসে ; জ্ঞান করি, বোধ করি, প্রঃ—সে শ্যাম নাগর গুণের সাগর কেমনে বাসিব পর (চণ্ডীঃ), কে সাজাল হেন সাজে হেরি বাসি দুখ (চণ্ডীঃ), কহিতে বাসি যে ভয় (চণ্ডীঃ), তুমি যদি না বাসহ দুখ (চণ্ডীঃ), প্রাণ আনচান বাসি (চণ্ডীঃ), সে কেন বাসয়ে পর (চণ্ডীঃ), মাঝ পাথার জলে তৃণ হেন বাসি (জ্ঞানদাস), তোমার অগ্রেতে প্রভু কহিতে বাসি লাজ (চৈঃ চঃ), ভাগ্য হেন বাসি (চৈতন্যমঙ্গল), সে ধনী বাসিবে মোরে প্রাণের সমান (কবিকঃ), আমাকে ত না বাসিহ ভিন (কবিকঃ), কৈতে নিজ সাধ বড় লাজ বাসি (কবিকঃ), সুধার সাগরে ঢেউ হেন মনে বাসি (গঙ্গাভক্তিতরঙ্গিণী), ভরা-পুরা যৌবন উদাসে বাসি শূন্য (ভাঃ), বামা হাসিছে ভাসিছে লাজ না বাসিছে (ঈশ্বরগুপ্ত)। (এই অর্থ অদ্যাপি গ্রামে প্রচলঃ আছে। তুং বাসনা প্রত্যাশাজ্ঞানয়োঃ—মেঃ)।

বাসা॥ বাস…(সং বাসন। ওং হিং বাসনা)। সুগন্ধ, গন্ধ ; সংবাদ ; আগমন, প্রঃ—তার বাস চেয়ে বসিয়া আছি।' ভালবাসা…উত্তম স্নেহ প্রীতি। অধুনা ভালবাসা প্রায় এক পদ হইয়া পড়িয়াছে, প্রঃ—যদি মোরে ভাল বাস সংহতি চলহ (ভাঃ)। (ওংতে ভল পাইবা—ভাল পাওয়া)। সে বাসে না ভাল—সে ভাল বাসে না। ভাল বাসা-বাসি…পরস্পর প্রীতি। বাসি করা—সুবাসিত, শুক্লীকৃত। (পূর্বকালে রজক বস্ত্র ধৌত করিয়া রঞ্জিত করিত, এই হেতু নাম রজক,—পরে সুগন্ধ করিত অদ্যাপি প্রাচীন রাজপরিবারে এইরূপ বস্ত্র পরিধানের রীতি আছে)।

বাস…ষ্য. (বাঃ, বস দেখ)। আশ্চর্যে পর্যাপ্তিতে।

বাসক…ষ্য. (সং বাসক। বাসয়তি ব প্রসবত্বাৎ সজাতীয়ান্—বাসকঃ—অঃ ট রাঢ়ে গ্রাং বাকস, ওং বাসঙ্গ)। উচ্চ ক্ষু বিশেষ (Adhatoda vasica)। প তিক্ত। শাখাগ্রে বহুপুষ্প প্রসব করে। পু সহিত বহু উপপত্র থাকে। পুষ্পের আ দেখিয়া সং এক নাম সিংহাস্য—যেন সি মুখ ব্যাদান করিয়া আছে। কেশর দু ফুল শাদা, গলায় হলুদা, শীতকালে ফ গ্রামে প্রায়ই বেড়ায় হয়।

বাসকনা···বাকসনা দেখ। প্রঃ—বাবলা বাকনিম বেঙ্গুচ বাসকনা (মাঃ)।

বাস্-ঘর···ষ্য. (সং বাস-গৃহ)। শয়নগৃহ, বরকন্যার বিবাহরাত্রের শয়নগৃহ, প্রঃ—পতিহেতু বাসঘরে যেই করে সাজ। বাস-সজ্জা বলে তারে পণ্ডিতসমাজ॥ (ভাঃ রসমঞ্জরী)। অন্য রূপ, বাসর-ঘর··ষ্য. (সং বাসর-গৃহ, বাসক-গৃহ)। আজি আমার প্রিয় বাসর, ইহা নিশ্চয় করিয়া যে কেলি-সামগ্রী সাজায়, সে বাসকসজ্জা। এইরূপ, বর-কন্যার বিবাহরাত্রের শয়নগৃহ। (ইহা হইতে স্পষ্ট জানা যাইতেছে যে, যে কালে বাসর ঘরের সৃষ্টি হইয়াছিল, সে কালে গৌরী কন্যার বিবাহ কদাপি হইত না। ফুলশয্যা দেখ)।

বাসন··ষ্য. (সং বাসন)। পাত্র, ভাজন (কবিকঃ, চৈতন্যমঙ্গলে ভাজন)। বাসন-কোশন···(বাসন+কোশ। বাসন শব্দের সহিত মিল করিতে কোশন)। তৈজস পাত্রাদি।

বাসনা··ষ্য. (সং বাসনা)। প্রত্যাশা, জ্ঞান। (বাস ধাতু দেখ)।

বাসনা··ষ্য. (সং বাসন—আবরণ। ওং বাসুঞ্জা)। কলা গাছ প্রভৃতির পাতার খোল যাহা গাছ আবরণ করিয়া থাকে, প্রঃ—কলা বাসনা। (ঢাকায় ফাৎরা—পত্র)।

বাসন্তী···ণ. (সং বাসন্তী)। বসন্তকালের যোগ্য, বসন্তকালে জাত। বাসন্তী পূজা···বসন্তকালের দুর্গাপূজা। বাসন্তী রঙ্গ···পাটল রঙ্গ, যে রঙ্গ দিয়া আবীর রঞ্জিত হইত, হরিদ্রা রঙ্গ, নারঙ্গারঙ্গ।

বাসর···ষ্য. (সং বাসর)। দিবস। বাস্-ঘর দেখ।

বাসা···ষ্য. (সং বাসক। ওং বসা—সং বাস হইতে)। প্রবাসগৃহ। বাসা-ঘর···প্রবাস-গৃহ। বাসা-বাটী, বাসা-বাড়ী···প্রবাস বাটী। বাসাড়া···ষ্য. (বাসা+আড়া)। বাসা-ঘরে নিবাস করে যে, প্রঃ—কবিকঃ। বাসাড়িয়া, বাসাড়্যে··ণ. (বাসাড়া+ইয়া)। বাসাড়ার থাকিবার যোগ্য, প্রঃ—বাসাড়্যে ঘর।

বাসি···ষ্য. (সং বাসি, বাসী। সং বস ধাতু ছেদে)। বাইস, প্রঃ—কবিকঃ।

বাসি···ণ. (সং বাসিত। ওং বাসি হিং বাসী)। পর্যুষিত, প্রঃ—সব হৈল বাসি আর কেন সই ভাসাগে যমুনা-জলে (চণ্ডীঃ), ফুল্লরা বলেন বাসি মাংস না বিকায় (কবিকঃ)। (২) পূর্বদিনের, প্রঃ—বাসি কাপড়, বাসি মুখ। (৩) প্রধান পর্ব অনুষ্ঠানের পর দিনের, প্রঃ—বাসি বিয়া। বাসি-করা···বাস ধাতু দেখ।

বাসিন্দা···ষ্য. (ফাং। সং বাস—নিবাস)। বাসকারী বা নিবাসী।

বাসী··ষ্য. (সং বাসিন্)। বাসকারী, প্রঃ—বঙ্গ-বাসী।

বাসুলী···ষ্য. (সং বিন্ধ্যবাসিনী হইতে বাসিনী—বাসুলী। ওং বাসিনী, বাসিন্ঠি)। দুর্গাদেবী প্রঃ—বলি দিয়া বাসুলি বিশালা করি পূজা (মাঃ)—বিশালাক্ষী—বিশালা।

বাস্তব···ণ. (সং বাস্তব)। সত্য, যথার্থ।

বাস্তবিক···ণ. (সং বাস্তবিক)। যথার্থ, প্রকৃত। ···ব্য. যথার্থ বলিতে গেলে।

বাস্তু···ষ্য. (সং বাস্তু)। গৃহকরণ-ভূমি, ঘরের

পোঁতা। উদ্‌বাস্তু···বাস্তুসংলগ্ন নিম্নভূমি। বাস্তু ঘুঘু···যে ঘুঘু ভিটায় চরে, বহুকালের পোষা ঘুঘু; ইহা হইতে ধূর্ত। বাস্তু-ভিটা ···(বাস্তু ও ভিটা। সহচর শব্দ)। চির-কালের বাস-ভূমি। বাস্তু-সাপ···যে সাপ বাস্তু-ভিটায় বাস করে। এই সাপ মারা হয় না, ধরিয়া অন্য স্থানে ছাড়িয়া দেওয়া হয়। বাস্তোষ্পতি···ষ্য. (স°বাস্তোষ্পতি)। বাস্তুদেবতা (বৈদিক); ইন্দ্র, প্রঃ—শুম্ভনিশুম্ভ রাজা আর সেনাপতি। এক এক সেনাপতি জিনে বাস্তোষ্পতি॥ (চণ্ডিকাবিজয়)।

বাহ্, বা···ধাতু.(স° বাহ ধাতু যত্নে)। বাই, বাহি—বাহিত, চালিত করি, প্রঃ—নৌকা বাহা; ধানে জুড়িয়া ভার বহাইয়া বাহন-যোগ্য করি, প্রঃ—গোরু বাহা। বাহা, বাওা॥ বাহা, বাআ···(বাহ ধাতু আস্তে)। বাহানা, বাআনা॥

বাহিড়···বাহুড় ধাতু দেখ।

বাহবা···ষ্য. বিস্ময়ে, প্রশংসায়। বাহবা পাওয়া—প্রশংসা প্রাপ্তি।

বাহাত্তর, বায়াত্তর···ণ. ষ্য. (স° দ্বাসপ্ততি, দ্বিসপ্ততি)। দুই অধিক সপ্ততি-সখ্যাক,-সখ্যা; ৭২। বাহাত্তরিয়া, বাহাত্তুরে ···ষ্য. (বাহাত্তর+ইয়া)। বাহাত্তর বৎ বয়সে জাত বুদ্ধিভ্রংশ। (কিন্তু এই বয়সে বুদ্ধি-ভ্রংশের প্রমাণ নাই। রাঢ়ে অপ্রচলঃ)।

বাহাদুর···ণ. (ফা° বহাদুর)। সাহসী, বীর। বাহাদুরি···ষ্য. সাহস, বীরত্ব। বাহাদুরী ···ণ. বৃহদাকার, প্রঃ—বাহাদুরী কাঠ। রায়-বাহাদুর···(স° রাজা—রায়। অতএব রাজা-বাহাদুর রায়-বাহাদুর মূলে এক)। ইংরেজ-রাজপ্রদত্ত উপাধিবিশেষ।

বাহানা···বায়না দেখ।

বাহান্ন, বায়ান্ন···ণ. ষ্য. (স° দ্বিপঞ্চাশৎ)। দুই অধিক পঞ্চাশ-সখ্যাক,-সখ্যা; ৫২। যাহা বাহান্ন তাহা তিপ্পান্ন—যেখানে ৫২ সেখানে ৫৩, অর্থাৎ বাহান্ন পরে তিপ্পান্নে আসা অধিক নয়।

বাহার···ষ্য. (ফা° বহার—হরিতবর্ণ, বসন্ত। তু° স° উরিত হরিত। বসন্তকাল, প্রঃ—বসন্তবাহার—(বসন্ত-বসন্ত)। বসন্তকালে বিহারবিষয়ক রাগিণী (রাগরাগিণী দেখ); ইন্দ্রিয়-সুখভোগ, শোভা। পাতা-বাহার··· যে গাছের পাতা সুন্দর, ক্রোটন নামক গাছ (কলিকাতায় আধুনিক নাম)।

বাহাল···ণ. (ফা° বহাল)। স্থির, প্রতিষ্ঠিত, প্রঃ—বাহাল রাখা—অপরিবর্তিত রাখা, রায় বাহাল হওয়া—আদেশ প্রতিষ্ঠিত হওয়া। বাহিলী···ণ. (বাহাল+ঈ)। যাহা অপরিবর্তিত, নির্দিষ্ট আছে।

বাহির, বাইর, বার···ণ. (স° বহিস্, স°প্রা° বাহির। কলিকাতায় গ্রা° বের, রাঢ়ে বার, ও° বাহার, হি° বাহর)। বহির্গত, প্রঃ—সে বাহির হইয়া গেল।···ষ্য. বহির্দেশ, বহির্ভাগ, বহিঃপৃষ্ঠ; গৃহের বহির্দেশ, অঙ্গন, প্রঃ—বাহিরে কাপড় শুখায়। বাহিরা, বারা···ধাতু. বাহিরাই, বারাই—বহির্গত হই, প্রঃ—এক শ্লোক বারাইল মুখে (কৃত্তিঃ)। বাহিরানা, বারানা॥ গ্রা° বের, বেরা ধাতু হইতে বেরই, বেরাই, প্রঃ—বেরবে কেমনে (কৃত্তিঃ আং), বেরাইল রত্না-বতী দেখে সর্বজন(ধ্যাঃ)। বেরনা,বেরানা॥

বাহুড়···ধাতু. (সং ব্যাবৃৎ ধাতু। ও° বাহুড়, হি° বহুরা ধাতু)। বাহুড়ি—ফিরিয়া আসি, প্রঃ—পথ বাহুড়িয়া মুনি দেখিবারে পাএ (শূং পুঃ)—কিছু পথ হইতে ফিরিয়া, সাত ক্ষীর পূজারীকে বাহুড়িয়া দিল (চৈঃ চঃ)—ক্ষীরের সাত কটোরা ফিরাইয়া দিল; পশ্চিমে যাইতে রোহিণী রোষে, হরিহর ব্রহ্মা বাহুড়ি না আইসে (খনা)। বাহুড়া॥ বাহুড়া রথ (ও°)—উলটা রথ। বাহুড়া·· ধাতু. (বাহুড় ধাতু আস্তে)। বাহুড়ানা॥ প্রঃ—ধাইয়া যাইয়া কেহ ধেনু বাহুড়ায় (জ্ঞানদাস)। (অধুনা বাহুড় ধাতু অপ্রচলঃ)।

বাহুবন্ধ···ষ্য. (সং)। বাজু (দেখ)।

বাহ্লিক···ণ. (সং বাহ্ন। ভুলে বাহ্লিক পণ্ডিতী ভাষায়। তু° আবশ্যকীয়)। বাহ্য।

বাহ্য···ণ. (সং)। বহিঃস্থিত।···ষ্য. বাহ্যজ্ঞান (বৈষ্ণবপদে)। বাহ্যে ··বা. (সং)। বহির্দেশে। ···ষ্য. বাহ্যকৃত্য, মলত্যাগ, প্রঃ—সেই বাহ্যকৃত্যে গেল (চৈঃ চঃ)—বাহ্যক্রিয়ার নিমিত্ত গেল (বহির্দেশ দেখ)। বাহ্যে যাওয়া, বাহ্যে বসা—মলত্যাগ নিমিত্ত বহির্দেশে গমন কিংবা বহির্দেশে উপবেশন। বাহ্যে পাওয়া—মলত্যাগের বেগ হওয়া। বাহ্যে ফেরা—বাহ্য বহির্দেশ হইতে প্রত্যাগমন। (বাহ্যে করা—বাঙ্গালা নহে; বাহ্যে ফেরা—বা°। তু° ও° হি° ঝাড়া ফেরা। বাহ্যে করা—ইচ্ছাপূর্বক কিংবা অজ্ঞানতঃ অযোগ্য স্থানে মলত্যাগ। শিষ্টভাষায় বহির্দেশে যাওয়া, বাহ্যে যাওয়া,—কদাচিৎ শৌচক্রিয়া; গ্রামে শিষ্টভাষায় "মুখ ধোআ।" পূর্বকালে বা°-তে গুর্বীক্রিয়া কিংবা গুর্বী শব্দ চলিত ছিল। তু° লঘী)।

বি···ধাতু. (সং বী ধাতু গর্ভগ্রহণ। ও° বিআ—যোনি, হি° বিয়া—বীজ, ও° হি° বিহন—বীজ; মং স্থি ধাতু গর্ভগ্রহণ, প্রসব)। বিই—বৎস প্রসব করি, প্রঃ—গাই বিইয়াছে। বিআন॥ (বিআ শব্দ নাই)। বিআন, বিয়ান···ষ্য. প্রসব, গর্ভ, প্রঃ—তিন বিআন—তিনবার গর্ভ।

বি···ব্য. (সং বি। তু° ফা° বে)। নিষেধে, বিরোধে, প্রঃ—বি-সুখ (অসুখ বিসুখ), বি-দল বেদল, বিপক্ষ : (বি যোগে উৎপন্ন শব্দ বে যুক্ত শব্দ দেখ)।

বিঃ···বিসর্জিম দেখ।

বিঅনি,···ষ্য. (বিননি হইতে)। কেশরচনা, বেণি।

বিঅনী, বিউনী···ষ্য. (সং ব্যজন, বীজন)। বাতাস করিবার তালপত্রাদির পাখা।

বিঅলি, বিউলী···ণ. (সং বিদল—ভাঙ্গা? বোধ হয় বা° বিরী হইতে)। খোসাহীন, প্রঃ—বিঅলি ডাল—বিরী ডাল খোসা ছাড়াইলে।

বিউগল···ষ্য. (ই° bugle)। তূরীবাদ্য।

বিক···ধাতু. (সং বিক্রয় হইতে। বিকা ধাতু হইবার কথা। বিকা দেখ)। বিকি—বিক্রয় করি। বিকা॥ বিকি···ষ্য. বিক্রয়, বিক্রয়মূল্য। বিকি-কিনি—বেচা-কেনা। বিকন···ষ্য. বিক্রয়। বিকা···ধাতু. (বিক ধাতু আস্তে)। বিকানা॥ বিকা···ধাতু. (সং বিক্রীত হইতে)। বিকাই—বিক্রীত হই, প্রঃ—চৈঃ চঃ, ধান সস্তা বিকায়, রাজাপায়ে বিকায়ে মাথা—বিকাইয়া। বিকানা॥

বিক, বিগ···ষ্য. (সং বিদিক্—বিক্)। দিক্, প্রঃ—যাইছ যমুনা বিকে (জ্ঞানদাস),

কোন ৰিকে পাঠাইল তোমা (জ্ঞানদাস)। (অধুনা প্রায় গ্রা°)।

• বিকট···ণ. (সং ৰিকট। সং ৰিকৃত সংপ্রা° বিকট)। ভীষণ, বিপুল।

ৰিকন···বিক ধাতু দেখ।

বিকল···ণ. (সং ৰিকল)। বিহ্বল যেমন মন; অসম্পূর্ণ অসমর্থ যেমন কল বিকল। বিকলি···ষ্য. বিহ্বলতা, প্রঃ—গুরুজন জ্বালায় প্রাণ করয়ে বিকলি (জ্ঞানদাস)।

ৰিকা···বিক ধাতু দেখ।

বিকার···ষ্য. (সং ৰিকার)। প্রকৃতির অন্যথা-ভাব, সন্নিপাত রোগ, প্রঃ—জ্বরবিকার হইয়াছে, বিকারে প্রলাপ বকে (delirium)। ৰিকারী···ণ. বিকারগ্রস্ত।

বিকারি···বিক্রি দেখ।

বিকাল, বৈকাল···ষ্য. (সং ৰিকাল—হেমঃ)। অপরাহ্ণ।

ৰিকি···ষ্য. (বিক ধাতু দেখ)। বিক্রয়। বিকি-কিনি···ষ্য. (প্রতিচর শব্দ)। ক্রয়-বিক্রয়, প্রঃ—(জ্ঞানদাস), সুখের বাজারে যেন করে বিকিকিনি (গঙ্গাভক্তিতরঙ্গিণী)।

ৰিকুলি···ষ্য. (সং ব্যাকুল হইতে ব্যাকুলি—বিকুলি)। ব্যাকুলতা, প্রঃ—আকুলি-বিকুলি (সহচর শব্দ)।

ৰিক্রি···ষ্য. ণ. (সং ৰিক্রয়। য়—ই হইয়া)। ৰিক্রয়, বিক্রীত।

বিক্রি···ষ্য. (সং ৰিক্রয় হইতে? ঢাকায় ভিকারি, ওং বিকেরি, হিং পান)। টাকা কাহন মণ ইত্যাদি সূচক রেখা, প্রঃ—৫৲ পাঁচ টাকা। (ইলেক দেখ)।

ৰিখ···ষ্য. (সং ৰিষ। হিং)। বিষ।

বিখেড়, বিখোড়···ষ্য. (সং ৰি-ঘটনা? বিঘোর দেখ)। বিশেষ দুর্ঘটনা, প্রঃ—বিদেশে বিখেড়ে কেন পরাণ হারাব (মাঃ)।

বিগ···বিক দেখ।

ৰিগড়···ধাতু. (সং ৰি-ঘট ধাতু। ওং বিগিড়, হিং বিগড়, মং ৰিঘড)। বিগড়ি—বিকৃত হই, প্রঃ—মন বিগড়িয়া গিয়াছে। বিগড়া, বিগড়না॥ বিগড়া···ধাতু. (ৰিগড় ধাতু আস্তে)। বিগড়ানা॥

বি গণ···ষ্য. (সং ৰি-গণ)। বিদল, বিপক্ষ।

বিগর, বেগর···ৰ্য. (আং বে-গৈর)। ব্যতীত, বিনা।

বিগরি···ষ্য. (সং ৰক হইতে?)। কূলেচর তের চৌদ্দ আঙ্গুল দীর্ঘ পক্ষীবিশেষ (The painted snipe. Rostratula capensis)। চঞ্চু দীর্ঘ, তালু কালু, চোখ হইতে দুই পাশে মাটিয়া বর্ণের রেখা আছে। পক্ষ চওড়া, পা নাতিদীর্ঘ, নখ বড়। পুং স্ত্রী বিভিন্নাকার। তুলসিয়া বিগরি···প্লববর্গের কুড়ি আঙ্গুল দীর্ঘ পক্ষীবিশেষ (Teal. Nettium crecca)। মাথা পুচ্ছ খয়রা, চোখ হইতে দুই পাশে সবুজ রেখা আছে। শীতকালে বঙ্গদেশে আসে, এবং জলায় জোড়া জোড়া কিংবা ঝাঁকে ঝাঁকে চরে। লালবিগরি··হংসাদিবর্গের একইশ বাইশ আঙ্গুল দীর্ঘ পক্ষীবিশেষ (The white eyed duck. Nyroca ferruginea) মাথা গলা খয়রা, পিঠ ফোটকা।

ৰিগাড়···ধাতু. (সং ৰিকার হইতে)। বিগাড়ি—বিকারপ্রাপ্ত হই, প্রঃ—পাষাণ শরী হয় অবশ্য বিগারে (চৈতন্যমঙ্গল) বিগাড়া॥ বিগাড়া···ধাতু. (বিগাড় ধাতু আস্তে)। বিগাড়ানা॥

বি-গুণ··ণ. (সং বি-গুণ)। গুণহীন; বিকৃত; বিমুখ, **প্রঃ**—কোন্ দোষে হইলি বিগুণ (ভাঃ)।

বি-গোছ···ণ. (সং বি+গোছা **দেখ**)। বিশৃঙ্খল।

বিগোনিয়া ··ষ্য. (লেটিন Begonia)। দীর্ঘায়ুঃ শাকবিশেষ (Begonia)। পাতা হাতীর কানের মতন। আসামে চট্টগ্রামে বহু আছে। ছায়ায় জন্মে। আধুনিক উদ্যানে নানা জাতি রোপিত হইয়া থাকে। (Elephants' eye)।

বিগ্রহ···ষ্য. (সং বিগ্রহ)। মূর্তি, দেবমূর্তি; যুদ্ধ। যুদ্ধ-বিগ্রহ···(সং সহচর শব্দ)। যুদ্ধ ও বৈর।

বিগ্রাম···ষ্য. (সং বি+গ্রাম)। অন্য গ্রাম, অজ্ঞাত গ্রাম। (বিরানা **দেখ**)।

বিঘৎ··ষ্য. (সং বিতস্তি—বিহস্ত—বিহৎ—বিঘৎ)। অর্ধহস্ত, **প্রঃ**—বিঘত প্রমাণ নখ (কবিকঃ)।

বিঘা ··ষ্য. (সং বিগ্রহ। বিগ্রহঃ—কায়বিস্তার-বিভাগে—মেঃ। ওং হিং মং বিঘা, হিং বিগহা। কিন্তু প্রমাণে ভিন্ন ভিন্ন)। ৮০ হাত×৮০ হাত ক্ষেত্র পরিমাণ, ২০ কাঠা; ৮০ হাত। বিঘা-কালী··ক্ষেত্র মাপিয়া বিঘাতে আনয়ন।

বিঘিনি··ষ্য. (সং বিঘ্ন)। বিঘ্ন, প্রঃ—প্রাচীন বৈষ্ণবপদে, হেরি বিঘিনি (জ্ঞানদাস)।

বিঘোড়, বিঘোর···ষ্য. (সং বি+ঘোর—ভয়ঙ্কর)। ভয়ঙ্কর বিপদ, অপঘাত, **প্রঃ**—বুঝি তোর আজি হল বিঘোড় মরণ (মাঃ)।

বিঘ্নি (গ্রাং)···ষ্য, (সং বিঘ্ন)। বিঘ্ন।

বিচ ··ধাতু. (বেচ ধাতু **দেখ**: সং বি-ক্রী ধাতু বিক্রয়ে। ওং বিক, হিং বেচ, মং বিক ধাতু)। বিচি—বিক্রয় করি। বেচা।

বেচা···ধাতু. (বিচ ধাতু আস্তে)। বেচানা॥

বিচ, বিচি ··বীজ **দেখ**।

বিচর ··ধাতু. (সং বি-চর ধাতু)। বিচরি—ভ্রমণ করি। বিচরা॥ (পদ্যে)।

বিচরাম (গ্রাং) ··ষ্য. (সং বিশ্রাম। হিং বিসরাম)। বিশ্রাম, প্রঃ—তিলেক বিছ্রাম আন্ধি করি তুহ্মার পিটে (শূং পুঃ)—তোমার পৃষ্ঠে তিলেক বিশ্রাম করি। (অন্যত্র বিহরাম, বিরাম)।

বিচার ··ধাতু. (সং বি-চার ধাতু)। বিচারি—নির্ণয় করি। বিচারা॥ (পদ্যে)। বিচারণ, বিচারণা ··ষ্য. (সং বিচারণ, বিচারণা)। বিবেচনা, বিচার, মীমাংসা।

বিচালী···ষ্য. (ওং, হিং বিচালী—যে খড় ঘোড়াশালায় বিছানা হয়। বোধ হয় যাহা বিছানা হয়, এই অর্থ হইতে বিছালী। বীজ+আলী—বিচালী? যে খড়ে ধান থাকে, অর্থাৎ কাটা ধানগাছের যে ভাগে ধান থাকে। হিং হইতে বাংতে কোন্ কোন্ স্থানে খড় অর্থে বিচালী শব্দ প্রচলঃ আছে। ওংতে বিচালি কদাচিৎ, প্রায়ই কচড়া, মং কচরা। কৃত্তিবাসে খড়, রাঢ়ে খড়। নদীয়ায় বিচালী, প্রবোধচন্দ্রিকায় বিচালী)। খড়ের দোড়ী, প্রঃ—কেহ ঘর ছায় কেহ পাকায় বিচালী (মাঃ)।

বিচিকিচ্ছি (গ্রাং)··ণ. (সং বিচিকিৎস্য)। কুৎসিৎ, **প্রঃ**—বিঃ কাজ।

বিচিত্র···ণ. (সং বিচিত্র)। নানাবর্ণবিশিষ্ট; রম্য; আশ্চর্য।

বিচ্ছিরী (গ্রা°)···প. (সং বিশ্রী)। বিশ্রী।

বিচ্ছূ···ব্য. (হি°)। বিছা দেখ।

বিছন···ব্য. (সং বীজধান্ত। ও° বিহন)। বীজধান্ত, প্রঃ—বিছন পুড়া (কবিকঃ)। (অপ্রচলঃ)।

বিছর, বিছুর···ধাতু. (সং বি-স্মৃ ধাতু। ম° হি° বিসর; ও° বা° পাসোর, শূং পুঃ—বিসোঁর, বা° পাসর ধাতু)। বিছরি, বিছুরি—বিস্মৃত হই, প্রঃ—মহানন্দ রতি বিছুরিনু পতি কলঙ্ক সবাই কয় (চণ্ডীঃ)। বিছরা, বিছোরা। (অপ্রচলঃ)।

বিছা···ধাতু. (সং বি-স্তার ধাতু। ও° বিছা, হি° বিছা, বিথার, ম° বিস্তার ধাতু) বিছাই—বিস্তারিত করি (শয্যাদি)। বিছানা। বিছানা··ব্য. শয্যা বা আসন। (ও° বিছণা, হি° বিছৌনা, ম° বিছানা)। বিছানা করা—শয্যা নির্মাণ। বিছানা পাতা—শয্যাদি পাতন, বিছানা তোলা—শয্যাদি তোলন।

বিছা···ব্য. (সং বৃশ্চিক। ও° বিছা)। শতপদী বিছা; তেঁতুলিয়া বিছার আকৃতির কটি-ভূষণ। কাঁকড়া-বিছা···ব্য. (সং বৃশ্চিক। হি° বিচ্ছূ)। অষ্টপদী রাত্রিচর হিংস্রপ্রাণী-বিশেষ (scorpions)। অষ্টপদ ব্যতীত সম্মুখে দুই দাড়া থাকে। পুচ্ছ দীর্ঘ, চলিবার সময় পৃষ্ঠের উপরে থাকে। কাঁকড়ার সাদৃশ্যে নাম কাঁকড়া-বিছা। প্রকৃত পক্ষে মাকড়সার সহিত অধিক সাদৃশ্য আছে। কাঁকড়া-বিছার হুলে ভয়ঙ্কর বিষ থাকে। বিছা, তেঁতুলিয়া বিছা···শতপদীবিশেষ (ঢাকায় চেলা। centipede)। তেঁতুল-বীজসমষ্টির ন্যায় আকার বলিয়া নাম। মস্তকের দুই পার্শ্বে দুইটা গোঁফ থাকে। এই বিছাও রাত্রিচর, কীটভুক্। বিছা-মাস ··বৃশ্চিক মাস, অগ্রহায়ণ মাস। বিছা রাশি ··জ্যোতিষের বৃশ্চিক রাশি। এই রাশির আকার কাঁকড়া-বিছার সদৃশ। বিছানী···ব্য. (সং নাম গণ্ডূপদী? ও° কাঠী গৌড়ণী—কৃষ্ণা গোপবধূ। বোধ হয় গণ্ডূপদী হইতে গৌড়ণী)। মৃদ্বর্ণ প্রায়ই কৃষ্ণবর্ণ ক্ষুদ্র শতপদী বিশেষ (a centipede)। বর্ষা-কালে ইট পাথরের নীচে শত শত জন্মে। (কাঁদরাই লাল গোল)।

বিছাটী ··ব্য. (সং বৃশ্চিকালী। ও° বিছুআতি, হি° বিছাতা)। বৃক্ষবিশেষ (stinging nettle)। লাল বিছাটী, ঘোড়া বিছাটী ·· ভঙ্গাদিবর্গের বর্ষায়ুঃ শাকবিশেষ (Fleurya interrupta)। পাতা একোত্তর দন্তুর ত্রিশির; ডাঁটা ঈষৎ রক্তবর্ণ। পুষ্প পুং কিংবা স্ত্রী। পাতার কোমল শাখার লোমে বিষ আছে, কিন্তু অধিক নহে। শাদা বিছাটী···এরণ্ডাদিবর্গের দীর্ঘায়ুঃ লতানিয়া শাকবিশেষ (Tragia involucrata)। পাতা একোত্তর, ত্রিকর্ণ, গোড়া পানের মতন। ডাঁটা শাদা। পুষ্প পুং কিংবা স্ত্রী। ফল তিন-আঁঠিয়া। পাতা ও কোমল শাখার লোম বিষাক্ত। জল-বিছাটী ··জলে সিক্ত বিছাটী গাছ। জলে ডুবাইয়া বিছাটী গাছ দ্বারা প্রহার করিলে লোমের বিষ অধিক চরে।

বিছু···বিছা দেখ।

বিছুর ··ধাতু. বিছর ধাতু দেখ।

বিজকুড়ি···ব্য. (সং বিন্দুকৃতি)। বুদবুদ।

বিজ্‌তাড়ক···বিদ্ধাড়ক দেখ।

বিজন্মা ··ণ. (সং বিজন্মা)। জারজ (গালিতে)।

বিজ্-বিজ ··ব্য. (সং বীজ হইতে) ফলের বীজবৎ, প্রাঃ—পোকা বিজ্-বিজ করে।

বিজয় ··ষ্য. (সং বিজয়—জয়। বিজয়যাত্রা হইতে)। জয় ; বিজয়যাত্রা (মান্য ব্যক্তির যাত্রা। ও° বিজে), প্রাঃ—জগন্নাথ-বিজয় করায় করি হাতাহাতি (চৈঃ চঃ), লক্ষ্মীর বিজয় শুনি যত পুরনারী (চৈতন্যমঙ্গল)। বিজয়া···ষ্য. (সং বিজয়া)। শুক্ল আশ্বিন দশমী তিথি, এই তিথিতে উৎসব।

বিজাত···ণ. (সং বি-জাত)। নীচকুলে জাত ; সঙ্কর ; জাতিহীন। বিজাতক ··ষ্য. (সং বিজাতক)। জারজ।

বিজিট···ষ্য. (ইং visit)। দেখানি, দর্শনী-বেতন।

বিজুত, বিজুৎ···ণ. (জুৎ দেখ)। জুৎ-হীন, অসুস্থ।

বিজুলী, বিজুরী···ষ্য. (সং বিদ্যুৎ। ও° বিজুলি, হিং বিজ্‌লী, ম° বিজ্‌লী)। বিদ্যুৎ। (প্রাচীন বাং, বর্তমান পদ্যে)।

বিজোড় ··ণ. (জোড় দেখ)। জোড়ার এক, জোড়হীন। বিজোড় অঙ্ক ··যে অঙ্ক ২ দিয়া ভাগ করিতে পারা যায় না।

বিজ্ঞান···ষ্য. (সং বিজ্ঞান। মোক্ষে ধীর্জ্ঞান-মন্যত্র বিজ্ঞানং শিল্পশাস্ত্রয়োঃ—অঃ। মোক্ষ-বিষয়ে ধী অববোধ—জ্ঞান, অন্যত্র ঘট-পটাদিবিষয়ে জ্ঞান। শিল্প—চিত্রাদি,শাস্ত্র—ব্যাকরণাদি। শিল্প ও শাস্ত্রের অববোধ—বিজ্ঞান।—অঃ টীঃ। শিল্প ও শাস্ত্র—কলা ও বিদ্যা)। কলা-অববোধ (science)।

বিট, বিট-পালঙ্ক···পালঙ্ক দেখ।

বিট-নুন···নুন দেখ।

বিটকাল (গ্রাং বিটকেল)···ণ. (সং বিট—বিষ্ঠা তুল্য কাল কৃষ্ণবর্ণ ? বোধ হয় বিকট +আল—বিকটাল—বিটকাল)। বিকট।

বিটল···ণ. (সং বিট+ল। কিংবা সং বিটক —ক স্থানে ল। ও° বিটাল)। কামুক; ধূর্ত। বিটলা···ণ. (বিটল+আ)। বিটল (অবজ্ঞায়)।

বিটী···বেটা দেখ।

বিড় ··ধাতু. (সং বি-ইড ধাতু ? বিড ধাতু ? ও° বিড ধাতু)। বিড়ি—পরীক্ষা করি, পরিমাণ দ্বারা যথার্থ নির্ণয় করি, প্রাঃ—শের বিড়িয়া দেখা, মন বিড়িতে কৌশল চাই। বেড়া, বিড়া॥ বিড়ন, বিড়নি ·· বেড়া কর্ম। বেড়া, বিড়া···ধাতু. (বিড় ধাতু আস্তে)। বেড়ানা, বিড়ানা॥

বিড়ক ··বিড়া দেখ।

বিড়ঙ্গা···ষ্য. (সং বিডঙ্গা। ও° হিং বাইবিড়ঙ্গা)। বৃহৎ ক্ষুপবিশেষ (Embelia) ইহার দুই জাতি আছে। এক জাতি (Embelia ribes) প্রায় লতানিয়া ক্ষুপ। পাতা রোমহীন। বঙ্গদেশের মধ্যে চাটিগাঁয়ে পাহাড়ে জন্মে। বোম্বাই, সিংহল,ব্রহ্মদেশের পাহাড়ে অধিক। অপর জাতি(E.robusta) বৃহৎ ক্ষুপ অথবা ছোট তরু। পাতা নিম্নপৃষ্ঠে রোমশ। বঙ্গ ও বিহার প্রভৃতি স্থানে জন্মে। ফল শুখাইয়া গোলমরিচের তুল্য হয়। দুই জাতির ফলই ক্রিমিঘ্ন ও উদরের বায়ুনাশক বলিয়া নাম বাইবিড়ঙ্গা।

বিড়্-বিড়···ব্য. (বড়্‌বড় দেখ। কিংবা সং বিড ধাতু আক্রোশে)। অস্পষ্টভাষণে, প্রাঃ—বিড়্‌বিড় করিয়া বকা। বিড়্-বিড়ানি॥

বিড়ম্ব···ধাতু. (সং বি-ডম্বর ধাতু অনুকরণে, প্রতারণায়)। বিড়ম্বি—প্রতারণা করি, প্রঃ—সভায় বিড়ম্বে তারে (কবিকঃ) দুর্গত করে। (পদ্যে)। বিড়ম্বন, বিড়ম্বনা ···ষ্য. (সং বিডম্বন, বিডম্বনা)। প্রতারণা, দুর্গতি, প্রঃ—বাপঘরে যদি চল তবে নাহি হবে ভাল, অবশ্য হইবে বিড়ম্বন (কবিকঃ)।

বিড়া, বীড়া···ষ্য. (সং বীটি, বীটিকা—শব্দ কল্পঃ, আপ্তে। বোধ হয় সং বীথি পঙ্ক্তি হইতে সং বীটি—তাম্বূলবল্লী, সং নিবীত—উপবীত হইতে সং বীটি—বস্ত্রগ্রন্থি। ওং বিড়া, বিড়ি, হিং বীড়া। পানের খিলী, প্রঃ—বীড়া বান্ধা পান (কবিকঃ), আচমন দিয়া দিল বিড়কসঞ্চয় (চৈঃ চঃ)—পানের বিড়া ; পান বিঁড়া (চৈঃ চঃ)। (২) ২০ গণ্ডা পান। (৩) ধানের আটি, প্রঃ—শূং পুঃ, ওং। (৪) ধানের আটি সরূপ গ্রাম্য কর্মকার নাপিত কুম্ভকারাদির বার্ষিক বেতন (অন্য নাম ভোল)। (৫) কলশী হাঁড়ী স্থাপনের কিংবা মাথায় বোঝা স্থাপনের নিমিত্ত খড়ের কিংবা বস্ত্রের চক্র (হিং বীঠা, ঈড়রা)। বিড়ী···ষ্য. (বিড়া +ঈ)। পানের খিলী ; তামুকের খিলী।

বিড়াল, বিরাল···ষ্য. (সংবিডাল, বিরাল, বিলাল। বিডতি শব্দায়তে—অঃ টীঃ। রাঢ়ে বিরাল, বেরাল। ওং বিলি, বিলাই, বিরাডী ; হিং বিল্লী, বিলার ; মং নাম মাঞ্জর। বঙ্গের কোন্ কোন্ স্থানে মেকুর বলে। বোধ হয় সং মার্জার হইতে মেগুর —মেকুর, কিংবা মেঙ মেঙ করে যাহা মেঁকর—মেকুর। বিলাই দেখ)। গ্রাম্য প্রসিদ্ধ চতুষ্পদ পশুবিশেষ (The domestic cat. Felis catus. var. domesticus)। বনবিড়াল···পোষা বিড়ালতুল্য বিড়ালবিশেষ (F. bengalensis), কিন্তু দীর্ঘপদ। অনেকটা চিতা-বাঘের মতন, গায়ে চিত্র থাকে। জঙ্গলে থাকে এবং পাখী ও ছোট ছোট জন্তু ভক্ষণ করে। মাছবিড়াল··পোষা বিড়াল অপেক্ষা বড় বিড়ালবিশেষ (F.viverrina) কিন্তু হিংস্র। পা ছোট, মাথা সরু, দেহে কৃষ্ণবর্ণ ডোরা থাকে। মাছ ধরিয়া খায়। পুষী বিরাল, পুষী···পোষা বিড়ালী। মেনী···ছোট বিড়াল, মিউ মিউ করে বলিয়া। হুলো···ণ. (হোল—মুষ্ক+উয়া —হোলুয়া—হুলো)। বড় পুং বিরাল। বিড়াল-চোখো···বিড়ালের তুল্য চক্ষু যার। (চোখ দেখ)। বিড়াল-নাড়া করা—বিড়াল-ছানাকে বিড়ালী যেমন সর্বদা এখানে ওখানে নাড়িয়া বেড়ায়, তেমন সর্বদা নাড়ানাড়ি করা। বিড়াল-তপস্বী ···বিড়ালব্রতধারী, বিড়াল যখন ইঁদুরের অপেক্ষায় বসিয়া থাকে, তখন দেখিলে মনে হয়, যেন অহিংসা তাহার ধর্ম। বকধার্মিক। দৃষ্টান্তে, বিড়ালের ভাগ্যে শিকা ছেঁড়া—শিকায় উচ্চে খাদ্য দ্রব্যাদি থাকে। শিকা ছিঁড়িয়া পড়িলে বিড়ালের পরম লাভ। হঠাৎ কাম্য বস্তু লাভ।

বিতৎ···ষ্য. (সং বিতত)। বিস্তৃত বিবরণ (জমিঃ)।

বিতর···ধাতু. (সং বি-তৃ ধাতু বিতরণে) বিতরি—বিতরণ বণ্টন দান করি, প্রঃ—ব্রাহ্মণগণে বিতরিয়া দিলা (ভাঃ)। বিতরা

বিতরা···ধাতু. (°বিতর ধাতু আস্তে)। বিতরানা॥

বিতুষ্ট···ণ. (সং বিতুষ্ট)। অসন্তুষ্ট।

বিতৃষ্ণা (বিতিষ্টা গ্রাং)···ষ্য. (সং বিতৃষ্ণা) অস্পৃহা।

বিত্ত···ষ্য. (সং বিত্ত)। ধন। মধ্যবিত্ত···ণ. ধনবান্ কিংবা দরিদ্র নহে।

বিত্তি···ষ্য. (সং বিত্তি)। লাভ, দেবাদি-উদ্দেশে লভ্য। গ্রামবিত্তি (গ্রাং গ্রামভাটি) ···গ্রাম্য দেবতাদির উদ্দেশে দেয় অর্থ (যেমন বিবাহে)।

বিত্তি (গ্রাং)···ষ্য. (সং বৃত্তি—জীবিকা—অঃ)। জীবিকা। কাঠা বিত্তি না থাকা—জীবিকার নিমিত্ত এক কাঠাও জমি না থাকা।

বিতথ···ণ. (সং বিতথ। বিতথং অনৃতং বচঃ—অঃ)। মিথ্যা; নষ্ট। (প্রাচীন পদে)।

বিথা (গ্রাং)···ণ. (সং বৃথা, বিতথ)। মিথ্যা।

বিথান···ণ. (সং বিস্থান)। স্থানভ্রষ্ট, প্রঃ—বিথান বসন ভূষা (জ্ঞানদাস)। (২) গোষ্ঠ। (অপ্রচলঃ)।

বিথার···ধাতু. (সং বিস্তার হইতে)। বিথারি—বিস্তারিত করি, প্রঃ—কেশ বিথারাল পিঠহি লোল (জ্ঞানদাস)। বিথারা॥ (পদ্যে)। বিথার···ষ্য. বিস্তার, প্রঃ—কেশ বেশ যদি বিথার হইল তাহা বা কহিব কত (চণ্ডীঃ)। (অপ্রচলঃ)।

বিঁদ···ষ্য. (বিঁধ দেখ তুং সং বিভ্রম্—ছিদ্রম্—শব্দকল্পঃ। ওং বিন্ধ)। ছিদ্র।

বিদকুটিয়া, বিদকুট্যে···ণ. (সং কুট—কুটিলতা। বি-কুটি+ইয়া—বিকুটিয়া—বিদকুটিয়া ?)। কুটিল, যেমন আশা করা হইয়াছিল, তেমন নয়, প্রঃ—বিঃ মানুষ, কাজ।

বিদর···ধাতু. (সংবি-দৃ ধাতু বিদারণে)। বিদরি—বিদারণ করি। বিদরা॥ (পদ্যে)।

বিদরী···ষ্য. (সং বর্তক, বর্তলোহ—বিদরি—শব্দকল্পঃ। বর্তলোহ, বর্ত—এক প্রকার কাঁসা (bronze)—বৃহৎসংহিতা। কেহ কেহ মনে করেন, নিজাম রাজ্যের সং বিদর্ভ—বিদার নগরের নাম হইতে বিদারী। সং বিদর্ভী—বিদরী)। তামা-দস্তা-রাঙের সঙ্কর ধাতু। এই ধাতুর পাত্র খুদিয়া তার বসাইয়া বিদরী কাজ হইয়া থাকে। লখ্‌নৌ ও পূর্ণিয়া জেলা বিদরী কাজের জন্য খ্যাত।

বিদল, বেদল···ষ্য. (সং বি ফাং বে+দল)। অন্য দল, পরপক্ষ।

বিদা···বিধা দেখ।

বিদাই···ষ্য. (বিদায় দেখ। ওং বধাই বিদাকি হিং মং বিদাই)। বাহকাদিকে পুরস্কার বা দান।

বিদায়···ষ্য. (সং বিদায়—দান, বিসর্জন—শব্দসারঃ, আপ্তে। তুং সং পরিহার—বিসর্জন। আং বিদাআ—গমনে অনুমতি। হিং বিদাই, উর্দু বিদা, ওং বিদায়, মং বিদায়কী। সং, না আং হইতে ?)। যাইতে অনুমতি, প্রঃ—সবারে বলিয়া বিদায় লইলাম কি করিবে দোসর পরে (চণ্ডীঃ), (কবিকঃ)। বিদায় করা—যাইতে অনুমতি দেওয়া, প্রঃ—কেমনে বিদায় তোরে করি, রে বাছনি (মেঘনাদবধঃ); কর্মচ্যুত করা, দূর করা। বিদায় দেওয়া—বিসর্জন, গমনে অনুমতি দান। বিদায় হওয়া—দূর হওয়া, চলিয়া যাওয়া। বিদায় মাগা—গমনে অনুমতি প্রার্থনা। প্রাচীন বাং পরিহার মাগা।

বিদুর···ষ্য. (সং ৱিদুর)। যুধিষ্ঠিরের পিতৃব্য। মহাভারতে আছে, তিনি কৃষ্ণকে একদিন খুদের অন্ন খাইতে দিয়াছিলেন, উত্তম অন্ন ছিল না। বিদুরের ভক্তিতে শ্রীকৃষ্ণ প্রীত হইয়া খুদ ভোজন করিয়াছিলেন। ইহা হইতে, বিদুরের খুদ—ভক্তের যৎসামান্য উপহার ও উপাদেয়।

বিদেশী···ষ্য. (সং ৱিদেশীয়)। বিদেশের লোক। স্ত্রীং বিদেশিনী। ··ণ. বিদেশে জাত।

বিদ্‌ধাড়ক···ষ্য. (সং বৃদ্ধদারক—অঃ)। কলম্বী-আদি বর্গের বৃহৎ রোহিণীবিশেষ (Argyreira speciosa. The elephant creeper)। পাতা বড় বড়, পানের মতন, নিম্নপৃষ্ঠ কোমল রোমময় (এই হেতু ওং নাম মখমল)। ফুল বড় বড়, লাল-বেগুনা, বর্ষা ও শীতকালে ফুটে। (অমরে, বৃদ্ধদারকের নাম ঋক্ষগন্ধা ছগলান্ত্রী আছে। কিন্তু, বাং বিদ্‌ধাড়ক গাছে এই দুই নামের লক্ষণ পাওয়া যায় ?)।

বিদ্যমান···ণ. (সং ৱিদ্যমান)। বর্তমান। বিদ্যমানে···নিকটে, উপস্থিতিতে, প্রঃ—"তোমা বিদ্যমানে মিথ্যা বলিতে পারিবে না।"

বিদ্যা···ষ্য. (সং ৱিদ্যা)। দুর্গা; শাস্ত্র (কলার বিপরীত)। আঠার বিদ্যা···প্রাচীন কালের অষ্টাদশ শাস্ত্র (যথা, চারি বেদ, ছয় বেদাঙ্গ, মীমাংসা ও ন্যায়দর্শন, ধর্মশাস্ত্র পুরাণ আয়ুর্বেদ ধনুর্বেদ গন্ধর্ববেদ অর্থশাস্ত্র। এই অষ্টাদশ বিদ্যা অভ্যাস করিলে জ্ঞানের যাবতীয় বিষয় আয়ত্ত হয়)। বিদ্যা-বুদ্ধি···ষ্য. বিদ্যা—শাস্ত্রজ্ঞান, বুদ্ধি—সামান্য জ্ঞান। অতএব সামান্য ও বিশেষ জ্ঞান। বিদ্যা-সাধ্য ··বিদ্যা—অধ্যয়নাদি দ্বারা লব্ধ জ্ঞান, সাধ্য—সাধনার দ্বারা লব্ধ মন্ত্র। উপমায় বিদ্যায় বৃহস্পতি···বৃহস্পতি দেবগণের গুরু এবং প্রাচীন নীতিকার ছিলেন। বিদ্যায় মা গঙ্গা···গঙ্গানদীর তুল্য গভীর ও বিস্তীর্ণ (বাঙ্গোক্তি)।

বিদ্রূপ···ষ্য. (বাং শব্দ। সং ৱিরূপ হইতে। তুং ব্যঙ্গ। ওং বিদ্রূপ। হিং-তে নাই। সং ৱিরূপ হইতে হিং বূরা—কদাকার। মংতে বিদ্রা বিদ্রূপ—কদাকার)। বিরূপ বা কুৎসিত, প্রঃ—আমি তোমার যদ্রূপ বিদ্রূপ ও অযশস্কর হাস্যাস্পদ কদর্য্য দুষ্প্রবৃত্তি শুনি (প্রবোধচন্দ্রিকা) ; ব্যঙ্গ।

বিধ···ষ্য. (সং ৱিধ)। প্রকার, প্রঃ—নানাবিধ।

বিঁধ···ধাতু. (সং ৱিধ ধাতু)। বিঁধি—ছিদ্র করি, ফুটি ; প্রবেশ করি, প্রঃ—স্নান করি আসি শিরে না দাও চিরনী। রৌদ্র না পায় কেশ শিরে বিঁধে পানি (কবিকঃ)। বেঁধা॥ বিঁধ ··ষ্য. ছিদ্র। বেঁধা-ফোড়া···(সহচর শব্দ)। বিদ্ধ ; তির্যকভাবে সূত্র বা রজ্জু চালনা। বিঁধনী···ষ্য. (সং ৱেধনী। ওং বিন্ধনী)। বিদ্ধক, যে লৌহশলায় ঘা মারিয়া তপ্ত লৌহে বিঁধ করা হয়।

বিধা (গ্রাং বিদা)···ষ্য. (সং ৱিদ্ধক)। ক্ষেত্রের তৃণ মারিবার লৌহ-কণ্টকযুক্ত কাষ্ঠ। অন্য নাম শাল, কারণ কাঠে শল্য—কাঁটা থাকে।

বিধা···ষ্য. (সং ৱিধা)। প্রকার, বিধি। বিধায় ···বিধি হেতু।···ষ্য. হেতু, প্রঃ—খাজনা অনাদায় বিধায়। (প্রায় গ্রাং)।

বি-ধারা···ষ্য. (সং ৱি-ধারা)। অসৎ আচরণ।

বিধি···ষ্য (সং বিধি)। ব্রহ্মা; ভাগ্য; বিধান, ক্রম।

বিন···ধাতু. (সং বেণ ধাতু গতি, জ্ঞান, চিন্তা)। বিনি—দীর্ঘ স্বর করি, অবিরল ধারা করি, প্রঃ—কাঁদে বিদ্যা বিনিয়া বিনিয়া (ভাঃ)—না থামিয়া সুর করিয়া; কেশ পাশের বেণি করি। বিনা, বেনা ॥ বিনন, বিননি···বেণি-রচনা। বেনা···ষ্য. খড় তৃণ প্রভৃতির বেণি (আগুন জ্বালিয়া রাখিবার)। বিনা, বেনা ··ধাতু. (বিন ধাতু আস্তে)। বিনানা, বেনানা ॥ বিনা···ধাতু. (সং বেণি হইতে)। বিনাই—বেণি নির্মাণ করি। বিনানা ॥ বিনানিয়া···ণ. (বিনানা+ইয়া)। যাহা বিনানা হইয়াছে, প্রঃ—বিনানিয়া বিনোদিয়া বেণীর শোভায় (ভাঃ)।

বিনা, বিনি, বিনু, বিনে···ব্য. (সং বিনা। ও॰ বিনা, বিনু)। ব্যতিরেকে, প্রঃ—রাম বিনা রাবণ মরিবে না; অভাবে, প্রঃ—তৈল বিনা দীপ জ্বলে না। (শব্দের পূর্বেও বিনা বসে, প্রঃ—বিনা শ্রমে কিছু লাভ হয় না)। বিনু—পদ্যে; বিনি, বিনে—গ্রা॰। প্রঃ—তুহ্মার চরণ বিনু আন নাহি জানি (শূং পুঃ); গৃহিণী বিনু গৃহধর্ম্ম না হয় শোভন (চৈঃ চঃ); তোমা বিনু অভাগিনীর নাই অন্য গতি (মাঃ)। বিনি দানে (চৈঃ চঃ)। বিনি—রূপান্তরে মিনি।

বিনামা···ষ্য. (নাম নাই যার?)। জুতা। (প্রায় অপ্রচলঃ হইতেছে)।

বিনাশ··ধাতু. (সং বিনাশ হইতে)। বিনাশি—বিনাশ করি। (পদ্যে)। বিনাশা।

বিনি···বিনা দেখ।

বিনোদিয়া···ণ. (সং বিনোদ+ইয়া)। কৌতুহল বা আমোদ জন্মায় যাতে, প্রঃ—বিনোদিয়া বেণী (ভাঃ), বিনোদিয়া কান (জ্ঞানদাস)—কান—কানু।

বিস্তি···তাস দেখ।

বিন্দু···ষ্য. (সং বিন্দু)। জলাদির কণা; সূক্ষ্ম চিহ্ন (৹), শূন্য চিহ্ন (০); দুই ভ্রূর মধ্যে তিলক; অনুস্বার চিহ্ন, প্রঃ—বিন্দু বিসর্গ—অনুস্বার ও বিসর্গ চিহ্ন, বিন্দু বিসর্গ না জানা—কিছুই না জানা; রেতঃ, প্রঃ—মহেশের বিন্দু টলে (কবিকঃ)।

বিপত্ত (গ্রা॰) ··ষ্য. (সং বিপত্তি—ই লুপ্ত)। বিপত্তি, প্রঃ--বিপত্তে না আইসে যদি কি মোর চাকর (মাঃ)।

বিপদ···ষ্য. (সং বিপদ্)। বিপদ্। বিপদ্-আপদ···(সহচর শব্দ)। বিপদ্।

বিপরীত···ণ. (সং বিপরীত)। বিরুদ্ধ; প্রতিকূল; অস্বাভাবিক, অত্যন্ত বৃহৎ বা স্থূল, প্রঃ—গোদের গেঁজের ফোড়া হয় বিপরীত (কবিকঃ), বেনা বনে বসে থাকে বিপরীত কায় (মাঃ)।

বিপর্যয়, বিপর্য্যয়···ষ্য. (সং বিপর্যয়)। ব্যতিক্রম। ··ণ. বিপরীত; অতি বৃহৎ বা স্থূল, প্রঃ—পর্ব্বতের প্রমাণ পাদপ বিপর্য্যয় (মাঃ)। (বিপরীত দেখ)।

বিপ্প (গ্রা॰)··ষ্য. (সং বিপ্র)। ব্রাহ্মণ।

বিবর··ধাতু. (সং বি-বৃ ধাতু)। বিবরি—বিবৃত করি। (পদ্যে)।

বিবর···ষ্য. (ইং beaver)। কৃৎদন্তী বর্গের উভচর ইন্দুরের ন্যায় প্রাণীবিশেষ।

বিবাদ···ষ্য. (সং বিবাদ)। বিরুদ্ধ বাদ, কলহ; ধনাদি বিভাগে কলহ। বিবাদ মেটানা—বিবাদভঞ্জন। বিবাদ-বিসম্বাদ,

বিবাদ-ঝগড়া…(সহচর শব্দ)। বিবাদ, মনান্তর। বিবাদী…ষ্য. ণ. (সং ৱিৱাদ+ইন্)। প্রতিপক্ষ; বিরুদ্ধ, প্রঃ—বিবাদী সুর; যাহা লইয়া বিবাদ, প্রঃ—বিবাদী সম্পত্তি।

বিবী…ষ্য. (ফা° বীবী)। মুসলমান ও খ্রিষ্টান ভদ্রনারী। বিবিআনা, বিবিআনি…ষ্য. বিবীর ব্যবহার বা ভাব।

বিবেক…ষ্য. (সং ৱিৱেক—বস্তুস্বরূপ নিশ্চয়, বিবেচনা)। বা°তে শ্রেয়ঃ বুদ্ধি।

বিব্রত…ণ. (সং ৱি+ব্রত ? কিন্তু বা° অর্থ আসে না। বোধ হয়, সং ৱিবৃত্ত হইতে। ও° বিব্রত)। ঘূর্ণিত, ব্যতিব্যস্ত।

বিভা…ষ্য. (সং ৱিৱাহ)। বিবাহ, প্রঃ—কৃত্তিঃ, কবিকঃ।

বি-ভাব…ষ্য. (সং ৱি+ভাৱ)। অন্য ভাব।

বিভাস…রাগরাগিণী দেখ।

বিভোর, বিভোল…ণ. (সং ৱিহ্বল। ও° বিভোল)। বিহ্বল, প্রঃ—আনন্দে বিভোর, মিশ্র হৈলা আনন্দে বিভোল (চৈঃ চঃ), বিভোল প্রভুকে দেখি বাহু তুলে নাচে (মাঃ)। স্ত্রী° বিভোলা (পদ্যে)।

বিভ্রম (গ্রা° বেভ্ভম)…ণ. (সং ৱিভ্রম। ভরম দেখ)। সম্ভ্রমশূন্য, বিভ্রান্ত।

বিভ্রাট…ষ্য. (সং ৱিভ্রাট্—দীপ্তিমান্। বোধ হয় সং ৱিরাধ হইতে অপভ্রংশে বিভ্রাট। ও°তেও বিভ্রাট)। বিপদ, প্রঃ—প্রবোধচন্দ্রিকা; অত্যাচার, প্রঃ—বরগীর বিভ্রাট হইবে এই দেশে (ভাঃ); বাধা, আকস্মিকসম্ভব দুঃখ, প্রঃ—বিবাহে বিভ্রাট না হইলে বাঁচি।

বি-মজ্‌জিম…ব্য. (ফা° ব-মোজিব)। অনুসারে, প্রঃ—খাতা বিমজ্‌জিম দশ টাকা পাওনা। (সংক্ষেপে বিঃ)।

বিমত…ষ্য. (সং ৱিমতি)। অসম্মতি, প্রঃ—বিমত করিলেন।…ণ. (সং ৱিমত)। বিরুদ্ধ মতিবিশিষ্ট।

বিমরিষ…ণ. বিমর্ষ (পদ্যে)।

বিমর্ষ…ণ. (সং ৱিমর্ষ—অসন্তোষ)। বা°তে বিষণ্ণ।

বিমা…ষ্য. (ফা° বীম—ভয়)। হানি হইতে রক্ষণ। জীবন-বিমা…জীবনহানি হইতে অর্থপ্রত্যাশা। বিমা-নামা…বিমা-পত্র।

বিমান…ষ্য. (সং ৱিমান)। দেব-যান।

বিমার…ণ. (ফা° বীমার)। অসুস্থ।

বিমুখী…ষ্য. (মুখ+ঈ ?)। ঘোড়ার মুখের লাগাম, প্রঃ—কৃত্তিঃ। (অপ্রচলঃ)।

বিম্‌কি…ষ্য. (হি° বম—নির্ঝর, বমকনা—স্ফীত হওয়া। সং ৱান্ত—উদ্গীর্ণ। তু° ও° বান্তি, বা° বমি)। জলাদির উদ্গীরণ।

বিম্বকি…ষ্য. (সং বিম্বিকা—চন্দ্র-সূর্যাদির মণ্ডল)। হার ও ললন্তিকার (ই° নেকলেস) মধ্যস্থলের ভূষণবিশেষ। অধুনা ধুক্‌ধুকি নামে খ্যাত। প্রঃ—সোনার বিম্বকি যেন চন্দ্র সুন্দর (কৃত্তিঃ), প্রঃ—কবিকঃ।

বিয়ন…বি ধাতু দেখ।

বিয়নী…ষ্য. (সং ৱ্যজনী, ৱীজনী। ও° বিঅণী)। পাখা, প্রঃ—কেহ লয় বিয়নী দর্পণ (কবিকঃ)।

বিয়া, বিয়ে, বে…ষ্য. (সং ৱিৱাহ হইতে বিভা—বিআ—বিয়া। ই পূর্বে থাকাতে য়া উচ্চারণে য়ে। কৃত্তিবাসে বিভা। ও° বিভা গ্রা° বাহা, হি° ব্যাহ)। বিবাহ, প্রঃ—কোন বরে বিয়া দিব মোর কন্যা

গৌরী (কবিকঃ)। পুনর্ব্বিয়া…পুনর্ব্বিবাহ, বধূ প্রথম ঋতুমতী হইলে কৃত্যবিশেষ। বাসি-বিয়া…বিবাহের পর দিনের কৃত্য। বিয়ে-থা…বিবাহ ও স্থিতি। বিয়া-পাগলা ..বিবাহের নিমিত্ত পাগল। বিয়ার জল গায়ে লাগা—বিবাহসময় সম্প্রদানের জল গায়ে লাগিলে কন্যা না'কি শীঘ্র যৌবনবতী হয়। বিয়ার ফুল ফোটা—বিবাহ-রূপ পুষ্প-প্রসব; বিবাহের সম্ভাবনা হওয়া, প্রঃ—এতদিনে শিব বুঝি হৈল অনুকূল। ফুটাইল ভগবতী বিবাহের ফুল॥ (ভাঃ)।

বিয়ান…ষ্য. (বি ধাতু দেখ। সং ৱিতান। ও° বিআন্, হি° বৈয়ান)। বৎস-প্রসব। ছারপোকার বিয়ান—ছারপোকা যেমন বহু অণ্ড প্রসব করে, তেমন। তু° রক্তবীজের ঝাড়।

বিয়াল্লিশ…ণ. ষ্য. (সং দ্বিচত্বারিংশৎ)। দুই অধিক চল্লিশ সঙ্খ্যক,-সঙ্খ্যা; ৪২। বিশ-কর্মার বেটা বিয়াল্লিশকর্মা…বিশ্বকর্মা—যেন বিংশতি কর্মে দক্ষ; তৎপুত্র যেন দ্বিচত্বারিংশৎ কর্মে দক্ষ। ইহা হইতে, যে নানা কাজ জানে কিন্তু কোনটা সুচারু জানে না।

বিযোগ…ষ্য. (সং ৱি-যোগ)। বিচ্ছেদ, অশুভ যোগ। বিয়োগ…ষ্য. (সং ৱি-য়োগ)। বিচ্ছেদ, মৃত্যু।

বিযোড়…বিজোড় দেখ।

বিরক্ত…ণ. (সং ৱিরক্ত)। বিরাগযুক্ত, অনমু-রক্ত। বিরক্তি…ষ্য. বিরাগ।

বিরল…ষ্য. (সং ৱিরল—অনিবিড়—অঃ)। অবকাশ, নির্জন, প্রঃ—ভাটেরে বিরলে লয়ে জিজ্ঞাসে বিদ্যার রূপগুণ (ভাঃ)। তু°নিরালা।

বিরস্থল…ণ. বাহির সেলাই, জুতার তলার চর্মের ধার দিয়া সেলাই। (মুচীদের ভাষায়)।

বিরাজ…ধাতু. (সং ৱি-রাজ ধাতু)। বিরাজি—শোভা পাই, প্রঃ—মা বিরাজেন সর্ব্বঘটে (রামপ্রসাদ)। (পদ্যে)।

বিরাদার…ষ্য. (ফা°। তু° সং ভ্রাতৃ ই° brother)। ভাই। ভাই-বিরাদার…ষ্য. (সহচর শব্দ)। ভাই ও ভায়া।

বিরানা…ণ. (ফা° বে-গানহ্, সং ৱি গণ। হি° বিরানা)। অন্য, বিদেশী, প্রঃ—বিরানা গ্রামের লোক।

বিরানব্বই, বিরানই…ণ. ষ্য. (সং দ্বিনবতি)। দুই অধিক নব্বই-সঙ্খ্যক,-সঙ্খ্যা; ৯২।

বিরাল…বিড়াল দেখ।

বিরাশি…ণ. ষ্য. (সং দ্ব্যশীতি)। দুই অধিক আশি-সঙ্খ্যক,-সঙ্খ্যা; ৮২।

বিরিঞ্জি…ষ্য. (ফা° বিরঞ্জি)। লোহার ছোট কাঁটা বা পেরেক।

বিরি, বিরী…ষ্য. (সং ব্রীহি—বিরৃহি—বিরি। সং ব্রীহি—আশু, ধান্য—অঃ, মেঃ। পরে ব্রীহি অর্থে শম্বী, ব্রীহি হইতে বা° ও° হি° বিরি অর্থে মাষ)। শিম্বাদি বর্গের কলাই-বিশেষ (Phasoelus mungo)। গাছ ঝাঁপুড়া, শুঁটী সোজা, বীজ বা কলাই প্রায়ই শাদা সবুজ। এই বিরির নাম হাঁসা বিরি। ঘেসো বিরি ঘাসের মধ্যে জন্মানো হয়। তাহার কলাই কাল। (মুগ দেখ)।

বিরূপ…ষ্য. (সং ৱি-রূপ)। অসন্তুষ্ট, প্রঃ—ঈশ্বর বিরূপ হইলে রাখিবে কে?

বির্মী…ষ্য. (সং ব্রাহ্মী হইতে। ও° নাম

অড়িষপর্ণী)। জলার ছোট অরোম শাক-বিশেষ (Herpestis monnieria)। লতাইয়া যায়। পাতা প্রায় অণ্ডাকার, ধার কাটা নহে। পাতায় ফুট-ফুট চিহ্ন আছে। ফুল ছোট ঈষৎ রক্তনীল, বর্ষা ও শীতকালে ফুটে। ফুলের বোঁটা দীর্ঘ। ফুলদল পরস্পর জুড়িয়া ওষ্ঠের আকার হয়। পুং কেশর চারি, দুই ছোট দুই বড়। ফল ছোট অণ্ডাকার। (অমরে, ব্রাহ্মী তু° মৎস্যাক্ষী বয়স্থা সোমবল্লরী। টীকাকার বলেন, ব্রাহ্মী শাকে সোমলতাগমিতি কেচিৎ। মৎস্যের অক্ষিতুল্য ফুল বলিয়া মৎস্যাক্ষী। কিন্তু বির্মী শাগের ফুল সেরূপ নহে। সোমবল্লরী ডাঁটা শাদা হইবার কথা। এই লক্ষণও মিলিল না। পাতার বিন্দু হইতে মৎস্যাক্ষী বলিতে পারা যায় না। মেদিনীতে, ভারতী সোমবল্লরী। ভাবপ্রকাশে, ব্রাহ্মী কপোত-বঙ্কা চ সোমবল্লী সরস্বতী। ব্রাহ্মী নাম হেতু সরস্বতী, ভারতী নাম। রাজনির্ঘণ্টে, নামান্তর মণ্ডূকপর্ণী, মাণ্ডূকী, ইত্যাদি। কিন্তু এই নাম থালকুনি গাছের। বুদ্ধি-প্রজ্ঞা-মেধাকারী বলিয়া ব্রাহ্মী-শাক খ্যাত। কিন্তু ডাঃ কানাইলাল বলেন, বির্মী শাগ দ্বারা উন্মাদ রোগের শান্তি হয় না। বির্মী শাগে ফস্ফরস পদার্থ অত্যল্প আছে। বোধ হয় বির্মী শাগ সং ব্রাহ্মী নহে)।

বিল···ষ্য. (স° বিল্ল, বিল—গর্ত)। যে বিস্তীর্ণ নিম্নভূমিতে বার মাস জল থাকে। (জলা গ্রীষ্মকালে শুখাইয়া যায়। ও° বিল—বা° মাঠ)।

বিল···ষ্য. (ই° bill)। ক্রীত দ্রব্যের মূল্যের কিংবা কৃত কর্মের বেতনের হিসাব; আইন প্রস্তাব (আদাঃ)। বিল-সরকার···যে বিলের টাকা আদায় করিয়া বেড়ায়।

বিল-কুল···ণ. (আ°)। সমস্ত।

বিল-ফেল···ণ. (আ°)। বর্তমান।

বিল-মুক্তা, (গ্রা° বেল-মোক্তা)···ণ. (আ°)। নির্দিষ্ট, অঙ্গীকৃত।

বিল্‌-বিল···ব্য. (স° পিল ধাতু প্রেরণে)। পিপীল—পিপীলিকা তুল্য কীট-বাহুল্যে, প্রঃ—পোকা বিল্‌-বিল করে। (ইল্‌-বিল দেখ)।

বিলক্ষণ···ণ. (স° বিলক্ষণ)। অসাধারণ।··ব্য. বিস্ময়ে, বিতর্কে।

বিলম্ব (গ্রা° বিলম)···ষ্য. (স° বিলম্ব। আসা° গ্রা° পলম, ও° বিলম্ব)। অশীঘ্রতা।

বিলম্বি ··ষ্য. (স° বি-লম্ব হইতে)। কামরাঙ্গা সদৃশ ছোট তরুবিশেষ (Averrhoa bilimbi)। ফল কামরাঙ্গার মতন স্বাদু, কিন্তু উচ্চকোণ নহে। গাছের গুঁড়ি হইতে সরু বোঁটায় ৮।১০টা ফল লম্বিত থাকে। ইহা হইতে নাম। আদিবাস মলক্কা দ্বীপে। দক্ষিণ ভারতে প্রচুর জন্মিতেছে। বঙ্গে কেবল উদ্যানে দেখা যায়।

বিলস ··ধাতু. (স° বি-লস ধাতু)। বিলসি—শোভা পাই, লীলা করি। (পদ্যে)।

বিলা···ধাতু. (স° বিলয় হইতে। হি° বিলা। ম° বিলয়া জানে—বিলীন হওয়া)। বিলাই—দান করি, বিতরণ করি, প্রঃ—বিলায় চৈতন্য মালী নাহি লয় মূল (চৈঃ চঃ)। বিলানা॥ বিলি···ষ্য. অর্পণ। জমি বিলি করা—বিভিন্ন প্রজাকে চাষের নিমিত্ত অর্পণ। বিলি-বন্দোবস্ত···(প্রায় সহচর শব্দ)। অর্পণ ও ব্যবস্থা।

বিলাঅল, বেলাওল··ষ্য. (হি° বিলাৱল)। রাগরাগিণী দেখ।

বিলাই (গ্রা°)··ষ্য. (বিড়াল দেখ। স° ৱিডাল—ৱিলাল হইতে। ও° বিলাই। হি° বিলাই—বিড়ালী, বিলার— বিড়াল)। বিড়াল।

বিলাত, বিলাৎ···ষ্য. (আ° ৱলায়ৎ—শহর)। বিদেশ; ইয়ুরোপ; কারবারে অনাদায়ী টাকা, প্রঃ—রাজবিলাত সাধি খায় নাহি রাজভয় (চৈঃ চঃ)। বিলাত পড়া—ব্যবসায়ে টাকা আদায় না হওয়া। বিলাত-ফেরত ···ণ. ইয়ুরোপে বাস করিয়া আসিয়াছে যে। বিলাতী···ণ. (বিলাত+ঈ)। ইয়ুরোপীয়।

বিলায়তী···ষ্য. ফসলী সনবিশেষ। ১ সৌর আশ্বিন হইতে এই সন গণিত হয়। ফসলী দেখ।

বিলাস ··ষ্য. (স° ৱিলাস—স্ফুরণ। ও° বিল্লাস))। বাটালীর গড়ানিয়া ধার।

বিলাস ··ষ্য. (ফা° বালিষ্ত্। স° ৱিতস্তি)। বিঘৎ, বুড়া আঙ্গুল হইতে কড়িয়া আঙ্গুল পর্যন্ত পরিমাণ।

বিলি···বিলা ধাতু দেখ।

বিলিম্বি ··বিলম্বি (গাছ) দেখ।

বিশ···ণ. ষ্য. (স° ৱিংশতি)। দুই দশ-সঙ্খ্যাক,-সঙ্খ্যা; ২০; কুড়ি। বিশে ··ণ. (বিশ+ইয়া—বিশিয়া—বিশ্যে)। বিংশ, বিংশ দিবস।

বিশল্যকরণী···ষ্য. (স° ৱিশল্য—শল্য-রহিত+করণী। বাল্মীকী রামায়ণে বর্ণিত ওষধিবিশেষ। এই গাছ কে জানে? বা°তে নানা গাছের নাম বিশল্য-করণী হইয়াছে)। ভাঙ্গড়া, আয়াপান (দেখ)। আয়াপান গাছ আমেরিকার। ৱিশল্যকৃৎ নামে স°তে আর এক গাছ আছে। শব্দকল্পে তাহা হাপরমালী (দেখ)।

বিশা···ষ্য. (স° ৱিশ্বা— পরিমাণবিশেষ, বিংশ পল। ও° বিশা—তুলাযন্ত্র, ১৮ কিংবা ২০ পল)। ২০ পল উন্মান। কুড়ি (২০), প্রঃ—বিশা দরে কেনা।

বিশাই···ষ্য. (স° ৱিশ্বকর্মা—বিশ্ব+আই—আদরে)। বিশ্বকর্মা।

বিশী, বিশ·· ষ্য. (স° ৱিশ্ব হইতে)। ধান্যাদির পরিমাণবিশেষ, ২০ আড়া (আঢ়ক)।

বিশৃঙ্খল···ণ. (স° ৱি-শৃঙ্খল)। শৃঙ্খলা-রহিত।

বিশেষ···ষ্য. (স° ৱিশেষ)। প্রভেদ, প্রকার, প্রঃ—বৃক্ষবিশেষ; বৈলক্ষণ্য, উপশান্তি, প্রঃ—জ্বর বিশেষ হইয়াছে; দ্রষ্টব্য বা জ্ঞাতব্য বিষয়, প্রঃ—পত্রাদি লিখনে প্রথমে প্রণাম আশীর্বাদাদি লিখিয়া পরে যে নিমিত্ত পত্র লিখিত হইতেছে, যথা, তাহাতে অত্রানন্দ। বিশেষ সেখানকার সমাচার পাই নাই, ইত্যাদি।···ণ. উৎকৃষ্ট, প্রঃ—বিশেষ ব্যক্তি; ভিন্ন, প্রঃ—বিশেষ কাজ আছে; অধিক, প্রঃ—দাম বিশেষ চড়িয়াছে।···ধাতু. বিশেষি—সমুদায় অবয়ব বর্ণনা করি। (পদ্যে)।

বিশ্বা···ষ্য. (স° ৱিশ্ব—পরিমাণবিশেষ)। এক তিসীর ওজন। (২০ বিশ্বাতে ১ রতি। জহরীদের হীরা মাণিক ওজনে)।

বিশ্বাস···ষ্য. (স° বিশ্বাস্য কিংবা বা° বিশ্বাসী হইতে। চৈঃ চঃ-তে বিশ্বাস—রাজার বিশ্বাস্য কর্মচারী)। পূর্বকালের রাজাদিগের বিশ্বাস্য কর্মচারীর বংশধর; পদবীবিশেষ। বিশ্বাসী

…ণ. (সং ৰিশ্বাসী। সং ৰিশ্বাস্য)। বিশ্বাস্য, ৰিশ্বাসপাত্র।

বিশ্রী (গ্রাং বিচ্ছিরি)…ণ. (সং ৰিশ্রী)। অসুন্দর, নিন্দিত, কুৎসিত। বিশ্রী গন্ধ… (সং ৰিস্র—চিতাধুমের কাঁচা মাংসের গন্ধ হইতে ?)। দুর্গন্ধ।

বিষ…ষ্য. (সং ৰিষ)। গরল। বিষ-দাঁত… সাপের বিষ-দন্ত। (দাঁত দেখ)। বিষ-দাঁত ভাঙ্গা—দংশনের উপায় নাশ করা, অনিষ্ট করিবার সুযোগ না রাখা। বিষ-পাথর…এমন পাথর, যাহা সর্প ও বৃশ্চিকের বিষ শুষিয়া লয়। বস্তুতঃ কিন্তু খনিজ পাথর নহে, গো অজ বরাহ মৃগ উষ্ট্র প্রভৃতি পশুর উদরে ভুক্ত তৃণের গায়ে এই পাথর সঞ্চিত হয়। দেখিতে প্রায়ই মাটিয়া সবুজ কিংবা লাল মাটিয়া। কোহলে গলিয়া যায়। সাধারণতঃ হরিণের অর্ধদগ্ধ শৃঙ্গ বিষপাথর নামে ব্যবহৃত হয়। (ইং Bezoar stone. আং বেজহর ফাং পাদজহর হইতে)। বিষ্-বিষ…ব্য. গরলতুল্য পীড়ায়, প্রঃ—তাকে দেখিলে গা বিষ্-বিষ করে, যেন গাত্রে বিষ সঞ্চারিত হয়। বিষহরী…ষ্য. (সং ৰিষহরী)। মনসা-দেবী, প্রঃ—মঙ্গলচণ্ডী বিষহরী করি জাগরণ (চৈঃ চঃ)। বিষা…ধাতু. বিষাই—বিষ সঞ্চারিত হই, প্রঃ—ফোড়া বিষাই-য়াছে। বিষানো।

ৰিষম…ণ. (সং ৰিষম)। অসমান; উন্নতাবনত; দুর্গম, যেমন পথ; সঙ্কট দারুণ, যেমন বিষম বিপদ।…ষ্য. (সং ৰিষমাশন হইতে)। সঙ্কট পথে অন্নাদি গ্রহণ। বিষম খাওয়া—ভোজনসময়ে অন্নাদি কণ্ঠ ও শ্বাস-নালীতে প্রবেশ করা, প্রঃ—ভোজনে বিষম খাই মনে মহাদুঃখ পাই (কবিকঃ)। বিষম খাইলে লোকে মনে করে, যেন কেহ স্মরণ করিতেছে। বাস্তবিক অন্যমনস্ক চিন্তাগ্রস্ত হইলে বিষম খাইবার আশঙ্কা। পায়ে বিষম লাগা—পথের উন্নতাবনত স্থানে উছট লাগা।

বিষয়…ষ্য. (সং ৰিষয়)। ইন্দ্রিয়গ্রাহ্য বস্তু; জ্ঞেয় বস্তু; সম্পত্তি; দেশ, জমি-জায়গা, কয়েকখানি গ্রামের অধিকার; পাত্র; বর্ণনীয় পদার্থ। বিষয়-আশয়…(বিষয়—পাত্র,আশয় (সং)—আধার। অতএব সহচর শব্দ)। পাত্র, প্রঃ—বিষয়-আশয়ে বুঝি রাজপুত্র হবে (ভাঃ); বিভব, সম্পত্তি। বিষয়-কর্ম…ভোগ্য বস্তু সংগ্রহ কর্ম, সংসার ধর্মকর্ম। বিষয়-বিভব…(সহচর শব্দ)। বিভব বা সম্পত্তি। বিষয়ী…ণ. (সং ৰিষয়ী)। ধনী, সম্পত্তিশালী; বিষয়াসক্ত।

বিষলাঙ্গল…ঈষলাঙ্গল দেখ।

বিষা…ধাতু. বিষ দেখ।

বিষ্ণু…ষ্য. (সং ৰিষ্ণু)। নারায়ণ। শ্রীবিষ্ণু বলা—ভুলে মিথ্যা বলিয়া ফেলিলে মিথ্যা-কথন পাপ নাশের নিমিত্ত নারায়ণ স্মরণ।

বিসদৃশ…ণ. (সং ৰিসদৃশ)। ৰিপরীত; অসমান।

বিসরিত…ণ. (সং ৰিস্মৃত)। বিস্মৃত (প্রাচীন পদে)।

বিস্কুট…ষ্য. (পর্তুং biscoito, ইং biscuit)। অণ্ডাদি যোগে আটার শুষ্ক পিষ্টকবিশেষ।

বিস্তর…ষ্য. (সং ৰিস্তর)। বাক্প্রপঞ্চ, প্রঃ—সবিস্তরে বলিতেছি—সমস্ত পদ সহিত।…ণ. সমূহ, বহু, প্রঃ—বিস্তর কথা, বিস্তর লোক। অল্প-বিস্তর…ণ. নাতিবিস্তর।

বিস্তার···ষ্য. (সং ৱিস্তার)। প্রসার; বিশালতা; ব্যাস।···ধাতু. বিস্তারি—বিস্তর, বিস্তার করি। (প্রায়ই পদ্যে)।

বিস্পতি (গ্রাং)···ষ্য. (সং বৃহস্পতি)। বৃহস্পতি।

বিস্মৃতি (গ্রাং)···ষ্য. (সং ৱিস্মৃতি)। বিস্মৃতি।

বিস্‌মোল্লা···ষ্য. (আং বিস্‌মিল্লাহ্—ঈশ্বরের নামে; আল্লার ইসম—নাম)। ঈশ্বরের নাম স্মরণ; কর্ম আরম্ভ। ধার্মিক মুসলমান সকল কাজে আগে বিস্‌মিল্লা বলিয়া কাজ করেন। ইহা হইতে বিস্‌মোল্লায় গলদ—গোড়ায় গলদ।

বিহঙ্গমা···ষ্য. (সং ৱিহঙ্গম)। বালতোষণ গল্পের পক্ষী। স্ত্রীং বিহঙ্গমী। (গ্রাং বেঙ্গমা বেঙ্গমী)।

বিহন···ষ্য. (ও' হিং। সং ৱীজ-ধান্য)। বীজ-ধান্য। (বাংতে অপ্রচলঃ)।

বিহনে···ব্য. (সং ৱিনা—বিনে—বিঅনে—বিহনে। কিংবা সং ৱিহীন—পরিত্যক্ত)। বিনা, প্রঃ—অন্নর বিহনে পরভু কত দুখ পাব (শূং পুঃ); তোমার বিহনে বাছা কি গতি আমার (মাঃ)।

বিহন্দ···বন্দ দেখ।

বিহর···ধাতু. (সং ৱি-হৃ ধাতু বিহারে)। বিহরি—বিহার ক্রীড়া করি। বিহরা॥ (পদ্যে)।

বিহস···ধাতু. (সং ৱি-হস ধাতু)। বিহসি—মধুর হাস্য করি। বিহসা॥ (প্রাচীন পদে)।

বিহস্ত···ণ. (সং ৱিহস্ত। ৱিহস্তব্যাকুলৌ—অঃ)। হস্ত-হীন; আয়ত্তিবহির্ভূত, বেহাত; ব্যাকুল, কর্মে অতিব্যাপৃত, ব্যস্ত। (আশ্চর্য গ্রামে বিহস্ত নগরে ব্যস্ত শব্দ চলিত)।

বিহা···ষ্য. (সং ৱিৱাহ—বিভা—বিহা)। বিবাহ (চৈতন্যমঙ্গল)।

বিহান···ষ্য. (সং ৱিভান, ৱিভাত। হিং)। প্রভাত, প্রঃ—সোপ করিআ উঠিলেন গোসাঞি পভূস বিহানে (শূং পুঃ)।—সোপ—স্বপ্ন-নিদ্রা করিয়া প্রত্যুষ বিহানে উঠিলেন। (ঢাকায় বিহান, নদীয়া যশোরে ব্যান বেলা অদ্যাপি প্রচলঃ। রাঢ়ে অপ্রচলঃ। কৃত্তিবাসে যত, কবিকঙ্কণে তত প্রয়োগ নাই)। বিহন-বেলা···প্রাতঃ-কাল। বিহাম-বিকাল···প্রাতঃ ও অপরাহ্ণ।

বিহান···বেহান দেখ।

বিহার···ষ্য. (সং ৱিহার—ক্রীড়ার্থ পাদদ্বারা গমন—অঃ। মেঃ-তে অন্যান্য অর্থ আসিয়াছে)। সুখার্থে ভ্রমণ; লীলা; বৌদ্ধ ও জৈন মঠ; মন্দির। বিহারী···ণ. (সং ৱিহারিন্)। বিহারকারী; বেহার দেশীয়। আহার-বিহার···আহার ও ইন্দ্রিয়-সুখভোগ। বিহার···ষ্য. (সং বিহার-স্কন্ধ—মেঃ হইতে)। করাতের দাঁতের দুই পার্শ্বে বক্রতা। বিহার না থাকিলে কাঠ চিরিবার সময় করাতে চাপ লাগে।

বিহি···ষ্য. (সং ৱিধি)। বিধাতা। (প্রাচীন পদে)।

বিহিদানা···ষ্য. (ফাং বিহীদানা)। পশ্চিম-হিমালয়ের পঞ্জাবের বৃক্ষবিশেষের(Cydonia vulgaris) বীজ (quince-seed)। বিহি ফল গ্রীষ্মকালে পাকে, লোকে রাঁধিয়া খায়। বীজ ঔষধে লাগে।

বিহিত···ণ. (সং ৱিহিত)। ৱিধেয়; অনুষ্ঠিত; কথিত। বিহিত সম্মান···যথাযোগ্য সম্মান। বিহিত উপদেশ···যোগ্য বা বিধেয় উপদেশ।

বীচ···ষ্য. (সং বীজ)। ফলের বীজ ; ধানের চারা ; আলু প্রভৃতির যে কন্দ রোপিত হয়। বীচ-ধান···বীজ-ধান্য, যে ধান্য বপন করিতে হয়। বীচ-তলা···যে ক্ষেত্রে ধান্যাদির চারা করা হয়। বীচী, বিচী···ষ্য. বীজ, প্রঃ—গৌরীর দশনরুচি দেখিয়া দাড়িম্ব বিচি, মলিন হইল লজ্জাভরে (কবিকঃ); আঁঠি ; অণ্ডকোষ ; দেহের গ্রন্থি (gland)।

বীজ···ষ্য. (সং বীজ)। ফলের অঙ্কুর কারণ (seed) ; কারণ ; শুক্র। বীজক···ষ্য. (সং বীজক। হিং)। দ্রব্যের তালিকা (list or invoice)। বীজগণিত···অব্যক্ত গণিত (algebra)। বীজ-পূর···নেবু দেখ। বীজ্-বীজ···ষ্য. বীজবৎ বহুতায়, প্রঃ—পচা ফলে পোকা বীজ্-বীজ করে।

বীজসাল···পিয়াসাল দেখ।

বীট···ষ্য. (beet)। বিদেশী পালঙ্ক শাগ-বিশেষ। পালং দেখ। (২) (ইং beat)। পরিক্রমের স্থান। বীট-কনষ্টবল···যে পুলিশ প্রহরী নিরূপিত নিজের স্থানে পরিক্রম করে। (৩) (ইং beading হইতে)। মাল্যতুল্য বর্তুলাকারে নির্মিত কাষ্ঠাদির পটী ; গোল সরু কাষ্ঠপটী।

বীড়া···বিড়া দেখ।

বীণ···ষ্য. (সং বীণা)। বীণা নামক প্রসিদ্ধ তন্ত্রযন্ত্র।

বীন···ষ্য. (ইং bean)। শিমসদৃশ বিদেশী ফল-শাকবিশেষ।

বীম···ষ্য. (ইং beam)। ছাদের কড়ি।

বীমা···বিমা দেখ।

বীর···ণ. (সং বীর)। শূর।···ষ্য. শৌর্যবিশিষ্ট যোদ্ধা ; সেনাপতি ; হনুমানের দলনায়ক। বীর-কালী···ষ্য. (সং কাহলা হইতে কাঢ়া, কাড়া, কালী)। যুদ্ধের বৃহৎ কাঢ়াবিশেষ, প্রঃ—(কবিকঃ)। বীর-খণ্ডী···ষ্য. (সং খণ্ড—খাঁড়গুড়)। তিলসংযুক্ত পাটালী গুড়। বীর-ধড়া, বীরধটী···ষ্য. (ধড়া দেখ)। বীরের যোগ্য ধড়া। বীর-বউলী···ষ্য. (সং বীর-বলয়)। বীর পুরুষের কানের সোনার বলয়। (ওড়িশা মাদ্রাজ প্রভৃতি প্রদেশে অদ্যাপি পুরুষে কর্ণে কুণ্ডল ধারণ করে)। বীর-মাটি···ষ্য. পীত মৃত্তিকাবিশেষ। বীরে এই মাটি লেপিয়া দেহ ভূষিত করেন। বীরাসন··ষ্য. (সং বীরাসন)। এক জানু মুড়িয়া অন্য জানু উভা রাখিয়া নিতম্বে উপবেশন।

বুক···ষ্য. (সং বুক্ক, বৃক্ক। যথা, বুক্কাংগ্রমাংসং হৃদয়ং হৃৎ—অঃ। কেহ বুক্কা অগ্রমাংস হৃদয় হৃৎ এই চারি শব্দ বুক অর্থে বলেন। কেহ বলেন, বুক্ক ও অগ্রমাংস হৃদয়াভ্যন্তর, হৃদয় ও হৃৎ হৃদয়ান্তর্গত পদ্মাকার মাংস-বিশেষ—অঃ টীঃ)। বক্ষঃ ; হৃৎপিণ্ড ; সাহস বা বীর্য, প্রঃ—বুক বাড়িয়াছে কার সোহাগে (ভাঃ)। অগ্রমাংস···বক্ষের নিম্ন প্রান্ত। বুকের পাটা···বক্ষঃপট্ট, বক্ষের বিস্তার ; সাহস। বুক জ্বালা—অম্লাজীর্ণে বুকের দাহবিশেষ। (বস্তুতঃ বক্ষের কিংবা হৃদয়ের জ্বালা নহে, অন্ননালীর জ্বালা)। বুক ধড়-ফড় করা, বুকের ধড়-ফড়ানি··· (ধড়-ফড় দেখ)। হৃৎপিণ্ডের দ্রুত ক্ষণিক স্পন্দন। রোগবিশেষে ও ভয়াদিতে ধড়-ফড়ানি হয় (palpitation of the heart)। বুক ফাটে তো মুখ ফোটে না—অন্তরে কাম-ক্রোধাদি রিপুর আতিশয্য

মুখ কিন্তু নির্বাক। বুক বাড়া—সাহস বৃদ্ধি। বুক বাঁধা—সাহস করা, ধৈর্য ধরা। বুকে বাঁশ দেওয়া—বক্ষের উপরে বাঁশ দিয়া চাপিয়া মৃত্যু ঘটনা, অতি অনিষ্ট করা। বুক-শূল ··হৃতের শূলব্যথা।

বুকনি···ষ্য. (হি॰)। চূর্ণ বা কণা; প্রঃ—মিছরীর বুকনি।

বুক-বুক···ব্য. (স॰ বুক্ক ধাতু কুক্কুরাদির শব্দে)। কুকুরের শব্দে।

বুচকী···বোচকা দেখ।

বুচকীদানা ··(হি॰। স॰ নাম শ্বিত্রারি। বাকুচী সোমরাজী নহে)। বাবচী দেখ।

বুজ ·ধাতু. (ও॰ বুজ, হি॰ বুঝ, ম॰ বুজ বুঝ ধাতু। স॰ মুদ ধাতু সংসর্গ মিশ্রণ, মুদ্র ধাতু মুদ্রাঙ্কণে, আচ্ছাদনে পূরণে। বোধ হয় স॰ বধ বন্ধনে বন্ধের সহিত মিশিয়া হি॰ তে বুঝ ধাতু হইয়াছে। স॰ মুদ ধাতুর ম স্থানে ব, দ স্থানে জ হইয়া বা॰ বুজ ধাতু। তু॰ স॰ মুদ অন্য রূপ স॰ মুজ। তু॰ বা॰ বুজ ধাতু কোথাও কোথাও মজ ধাতু)। বুজি—নিমীলিত হই, প্রঃ—চোখ বুজিলে সব আঁধার; পূর্ণ হই, প্রঃ—গর্ত বুজিয়া গিয়াছে; বদ্ধ হই, প্রঃ—চড়া পড়িয়া নদীর মুখ বুজিয়াছে। বোজা॥ বুজা, বোজা ···ধাতু. (বুজ ধাতু আস্থে)। বুজানা, বোজানা॥

বুজকুড়ি···বিজকুড়ি দেখ।

বুজরুক···ণ. (ফা॰ বুজুরগ্)। মহৎ; ধূর্ত। বুজরুকি···ষ্য. অদ্ভুত কর্ম; ধূর্ততা।

বুঝ ··ধাতু. (স॰ বুধ ধাতু অবগমে)। বুঝি—বোধ করি, জানি। বোঝা, বুঝা॥ বুঝি—অনুমান করি; ইহা হইতে ব্য. অনুমানে, প্রঃ—তুমি বুঝি সেখানে যাবে না। বুঝ ···ষ্য. (স॰ বোধ)। বোধ। বুঝিয়া শুঝিয়া—বুদ্ধি-শুদ্ধি প্রয়োগ করিয়া। বুঝা, বোঝা ··ধাতু. (বুঝ ধাতু আস্থে)। বুঝানা, বোঝানা॥ প্রঃ—অবুঝে বুঝাব কত বুঝ নাহি মানে। ঢেঁকীকে বুঝাব কত নিত্য ধান ভানে॥

বুট···ষ্য. (হি॰ বূঁট—ছোলার কাঁচা শুঁটী। স॰ বৃন্ত স॰প্রা॰ বোণ্ট হইতে?)। ছোলা কলাই, প্রঃ—বুটকলাই (কবিকঃ)।

বুট···বুট দেখ।

বুটা, বুটী···ষ্য. (হি॰ বূটা, বুণ্টা। স॰ বৃন্ত হইতে)। বস্ত্রে সূচ দিয়া তোলা ফুল। বুটাদার, বুটীদার ··ণ. যে বস্ত্রে ফুল তোলা আছে।

বুটী ··ষ্য. (ও॰ বুটী হি॰)। ঔষধ বটিকা হইতে ওষধি। জড়ী দেখ।

বুড়···ধাতু. (স॰ ব্রুড ধাতু। ও॰ হি॰ ম॰ বুড় ধাতু। ডুব ধাতু দেখ)। বুড়ি—ডুবি। বুড়া, বোড়া॥ বুড়া, বোড়া···ধাতু. (বুড় ধাতু আস্থে)। বুড়ানা, বোড়ানা॥

বুড়া···ণ. (স॰ বৃদ্ধ পালি বুড্ঢো। প্রাচীন বা॰ বুঢ়া, ও॰ বুঢ়া, হি॰ বুড্ঢা)। বয়োবৃদ্ধ, প্রঃ—বুড়া মানুষ গোরু গাছ।···ষ্য. বয়োবৃদ্ধ পুরুষ। স্ত্রী॰ বুড়ী। বুড়া আঙ্গুল··· বৃদ্ধাঙ্গুলি। বুড়াপনা···ষ্য. অকালপক্কতা। বুড়ামি···ষ্য. (বুড়া+আমি)। বয়োবৃদ্ধ জ্ঞান, বৃদ্ধের আচরণ। বুড়া-হাবড়া···ণ. (স॰ বৃদ্ধ—স্থবির। স্থবির—থবিরা—হাবিরা—হাবিড়া। থুবড়ী দেখ)। বৃদ্ধ ও স্থবির (পুং স্ত্রী)। থুর-থুরিয়া বুড়া···এত বুড়া যে, থর্-থর করিয়া কাঁপে। (স॰ স্থবির হইতেও

আসিতে পারে)। বুড়া···ধাতু. বুড়াই—বুড়া হই। প্রঃ—গাছ বুড়াইয়া গিয়াছে। বুড়ানা। (বুড়া—উ পরে আ রাঢ়ের উচ্চারণে ও হয়। বুড়া—বুড়ো। এই হেতু শুনিতে বুড়োমি, বুড়োপনা, বুড়োনা ইত্যাদি)। বুড়ী···ষ্য. শিশু কন্যার নাম (আদরে। তু° পাকা)। বড়াই বুড়ী···(বোধ হয়, বড়াই বৃদ্ধত্ব প্রাপ্ত, বৃদ্ধা। বড় দেখ)। যে শিশু কন্যা বৃহৎ বস্ত্র পরিয়া বৃদ্ধা সাজে (ক্রীড়ায়)।

বুড়ী···ষ্য. (স° বোড়ী। ও° ম° বোডী)। এক পণের চতুর্থাংশ বা পাঁচ গণ্ডা। বুড়ী-কষা···বুড়ী গণনা। বুড়ীকিয়া, বুড়কিয়া ···ষ্য. (বুড়ীক+ইয়া। তু° শতকিয়া)। বুড়ী সম্বন্ধীয় গণিত, যথা ৫ গণ্ডায় ১ বুড়ী, ৪ বুড়ীতে ১ পণ। বুড়ীতে চতুর কাহনে কানা—এক বুড়ীর প্রভেদ ধরিতে পারে, কিন্তু কাহন কাহন প্রভেদ ধরিতে পারে না (আলালের ঘরে দুলালে)।

বুড়ী···ষ্য. কাপাসের জাতবিশেষ। (কাপাস দেখ)।

বুঢ়া···বুড়া। স্ত্রী° বুঢ়ী। (প্রাচীন বা°)।

বুদ্ধ (গ্রা°)···ষ্য. (স° বুদ্ধি)। বুদ্ধি, প্রঃ—বুদ্ধে বৃহস্পতি।

বুদ্ধি···ষ্য. (স°)। জ্ঞান, মতি, ধী, অভিপ্রায়। বুদ্ধিমন্ত···ণ. বুদ্ধিমান্, প্রঃ—শ্রীচৈতন্যের অতিপ্রিয় বুদ্ধিমন্ত খান (চৈঃ চঃ)। বুদ্ধি-শুদ্ধি ··ষ্য. (স° শুদ্ধি—সংস্কার)। জ্ঞান ও সংস্কার (প্রায় সহচর শব্দ), প্রঃ—কিঞ্চিৎ কহিনু নিজ বুদ্ধি শুদ্ধি মত (ভাঃ)। কুবুদ্ধি···কুমতি, কুকার্য। সুবুদ্ধি···সুমতি, সুকার্য।

বুধি (গ্রা°)···ষ্য. (স° বুদ্ধি। আসা° ও° গ্রা°)। বুদ্ধি, প্রঃ—(জ্ঞানদাস)।

বুন (গ্রা°)···বইন। (স্থানবিশেষে ভাষা)।

বুন···ধাতু. (স° বপন হইতে বঅন—বন—বুন। স° বপ ধাতু ক্ষেত্রে বীজপ্রক্ষেপণে। স° বে ধাতু বস্ত্র নির্মাণে। বপ ধাতু হইতে বপন, বে ধাতু হইতে বয়ন। কিন্তু বোধ হয় পরে বপন অর্থে বয়নও হইয়াছিল। বপন—বঅন—বয়ন। এই হেতু বপনী—তাঁতীর মাকু ; তন্তুবায় তন্তুবাপ—দুই-ই পাওয়া যায়। বা°তে বুন ধাতুর দুই অর্থ। ও° বুণ ধাতুর এই রূপ। হি° বো ধাতু বপন, বিন ধাতু বয়ন ; ম° বাফ ধাতু বপন, বিণ ধাতু বয়ন)। বুনি—ক্ষেত্রে বীজ প্রক্ষেপ করি ; তাঁতে বস্ত্র নির্মাণ করি, জালাদি নির্মাণ করি। বোনা, বুনা॥ বুনন ···ষ্য. বীজ প্রক্ষেপণ, তন্তুসন্তান। বুননি ···ষ্য. বোনা কর্ম, বোনার বেতন। বুনাট, বুনট···ষ্য. (ও° বুণাট। হি° বিনাই। বুনা+তি—বুনতি—বুনাটি—বুনাট)। তন্তু-বয়ন, বস্ত্রের তন্তুর নিবিড়তা। বোনা·· ধাতু. (বুন ধাতু আস্তে)। বোনানা॥

বুনো, বুনা···ণ. (বন+উয়া—বনুয়া—বুনো, বুনা)। বন্য, গ্রাম্য নহে ; অসভ্য।···ষ্য. অসভ্য জাতি। বুনোটিয়া···ণ. (বুনো+টা +ইয়া)। ঈষৎ বন্য।

বুরুজ···ষ্য. (আ° বুরুজ। বহুবচনে বুরুজ)। গোলাকার ক্ষুদ্র মন্দির, যেমন মসজিদের উপর ; বপ্র, পোতা।

বুরুল···ষ্য. (স° বৃদ্ধাঙ্গুল)। বুড়া আঙ্গুলের বিস্তার পরিমাণ, এক ইঞ্চি। (৩ যবে এক বুরুল। মাপ দেখ)।

বুরুষ···ষ্য. (ই॰ brush)। লোমাদি-নির্মিত মার্জনী; মার্জন। মাথা-বুরুষ ··কেশ-মার্জনী। জুতা-বুরুষ···জুতার ধূলা ঝাড়িবার মার্জনী; যে জুতা বুরুষ করে।

বুল ··ধাতু. (সং ব্রল ধাতু সংবরণে, সঞ্চরণে—গণদর্পণঃ। এই ব্রল ধাতু সকলে স্বীকার করেন না। বোধ হয় সং বৃ ধাতু রূপান্তরে ব্রল ধাতু। ইহার সহিত সং বল ধাতু জীবনে হিংসায় মিশিয়া গিয়াছে। তু॰ সং বুল বুড ধাতু সংবরণে, মজ্জনে। ম॰ বুল্কা, বুল্কা—শিথিল, বুল্কবুল্কা—কলে তেল লেপন। ও॰ বুল ধাতু)। বুলি—ইতস্ততঃ ভ্রমণ করি, বৃথা ভ্রমণ করি, প্রঃ—পলাইতে নারে হংস বুলে শূন্যভরে (শূং পুঃ), তাঁর সঙ্গে নাচি বুলে প্রভু নিত্যানন্দ (চৈঃ চঃ), ভিক্ষা মাগি বুলে ঘরে ঘর (কবিকঃ), সকল ফুলে ভ্রমরা বুলে কি তার আপন পর (জ্ঞানদাস), পাঠার্থে ভ্রমণ করে বুলি দেশে দেশে (মাঃ), ছেলেটা রোদে রোদে বুলিয়া বেড়ায় (বর্তমান রাঢ়ে)। বুলা, বোলা॥ বুলা···বৃথা ভ্রমণ, প্রঃ—যথা তথা বুলা চলা মণ্ডল গ্রামে বাটী (কবিকঃ)। বুলা কুকুর ·· পোষা নহে, যে কুকুর স্বেচ্ছায় যেখানে সেখানে খাইয়া বেড়ায়। বুলা···ধাতু. (বুল ধাতু আস্তে)। বুলাই—শিথিল ভাবে ইতস্ততঃ ভ্রমণ করাই, প্রঃ—খাইয়া প্রসাদ ভাত মাথায় বুলায় হাত আচার বিচার নাহি তায় (ভাঃ)। বুলানা॥ পরের মাথায় হাত বুলানা—পরের মস্তকে হস্ত ভ্রমণ পূর্বক আশীর্বাদ করিয়া তাহার মাথায় ব্যয়ভার অর্পণ।

বুল্-বুল, বুল্-বুলি···ষ্য. (আ॰ বুল্-বুল। হয় ত বা॰ বুল ধাতু মিশিয়া নামটি এত প্রচলিত করিয়াছে। বুল্-বুলি চঞ্চল)। শাখাশ্রয়ী বর্গের পক্ষীবিশেষ। অনেক জাতি আছে। পুং স্ত্রী এক বর্ণের। পা ছোট, প্রায়ই ঘাড়ে কয়েকটা পালখ উচা হইয়া থাকে। পুং স্ত্রী জোড়া জোড়া থাকে, বাগানে আসে ফল খায়, মিষ্ট শব্দ করে। লোকে কয়েক জাতি পোষে। কয়েক জাতি মাঠের শস্য খায়,এই হেতু ছেলে-ভুলানা ছড়ায়,—বুল্-বুলিতে ধান খেয়েছে খাজনা দিব কিসে। (১) লাল বুল্-বুল লোকে এই বুলবুল পোষে। ইহার মাথা ঘাড় গলা বুকের সম্মুখ চকচকা কাল, উদর ও পুচ্ছের অধোভাগ ঘোর লাল (Moipastes bengalensis)। ইহার মাথায় শিখা থাকে না। (২) সিপাই বুল্-বুল ···ইহার লাল দীর্ঘ শিখা থাকে বলিয়া নাম। পক্ষপ্রান্ত গোলাপী। (৩) শা বুল্-বুল···শাখা-শ্রয়ী কীটহারী (Paradise flycatcher. Terpsiphone paradisi)। এই বুলবুল বৃহৎ হয়। দেখিতে চুটকীর তুল্য। (চুটকী দেখ)। মাথায় শিখা বা চুড়া আছে। চঞ্চু বড় মাঝে স্ফীত। উড়িতে উড়িতে পোকা ধরে। কর্কশ শব্দ করে। ছানা খয়রা, কিন্তু বড় হইলে শাদা হয়।

বুলি···ষ্য. (বোল, বল ধাতু দেখ)। ভাষা, ভাষার শব্দ; ভাখা; শিক্ষিত পাখীর শব্দ, পাখীর ডাক।

বুলু, ব্লু···ষ্য. (ই॰ blue)। নীল রঙ্গ।

বুহিত···ষ্য. (সং বহিত্র। ও॰ বোইত)। বাণিজ্যপোত, প্রঃ—কবিকঃ। বুহিতাল ···ষ্য. (বুহিত+আল)। বাণিজ্যপোতস্বামী, সওদাগর, প্রঃ—কবিকঃ। (অপ্রচলঃ)।

বূট ··ষ্য. (ই° boot)। পা-ঢাকা বড় জুতা।

বূট···বুট দেখ।

বৃত্তি (গ্রা° বিত্তি)··ষ্য. (স° ব্‌বৃত্তি)। বিবরণ; জীবিকা; ব্যবহার; নির্দিষ্ট কালে বা উপলক্ষে দেয় অর্থ; প্রবর্তন। ছাত্রবৃত্তি ··ছাত্রের ভরণ নিমিত্ত অর্থ, ভরণ্য।

বৃথা (গ্রা° বিথা, অ-বিথা) ··ব্য. (স° ব্‌বৃথা)। নিষ্ফল, নিরর্থক। (স°তের মতন বা°তেও প্রায় বিশেষণ)।

বৃন্দাবন···ষ্য. (স° ব্‌বৃন্দাবন)। মথুরার সমীপস্থ বনবিশেষ ও গ্রামবিশেষ। বৃন্দাবনী···ণ. (বৃন্দাবন+ঈ)। বৃন্দাবনে নির্মিত।···ষ্য. বৃন্দাবনে নির্মিত কৃষ্ণনামাবলীযুক্ত বস্ত্র।

বৃষ্টি···ষ্য. (স° ব্‌বৃষ্টি)। জলবর্ষণ; বর্ষণ, প্রঃ—পুষ্পবৃষ্টি। বৃষ্টি-বাদলা···ষ্য. (সহচর শব্দ)। বর্ষা-বাদলা। মুষলধারে বৃষ্টি ··ধান্যাদি কুটিবার মুষল যত মোটা ও ভারী, তৎতুল্য ধারায় বৃষ্টি। (জল দেখ)।

বৃহস্পতি (গ্রা° বিস্পতি) ··ষ্য. (স° বৃহস্পতি)। সুরগুরু দেবতা; গ্রহবিশেষ। বুদ্ধিতে বৃহস্পতি ··· বৃহস্পতি-কৃত নীতিশাস্ত্র প্রসিদ্ধ, সেই নীতিকার বৃহস্পতির তুল্য বুদ্ধিমান্‌। একাদশে বৃহস্পতি··ফলিত জ্যোতিষ মতে অতি শুভ কাল। (লগ্নরাশি হইতে একাদশ রাশিতে বৃহস্পতি গ্রহ আসিলে প্রাপ্তি হয়)।

বে (গ্রা°) ··ষ্য. বিবাহ। বিয়া দেখ। বে-দানী ···ষ্য. বিবাহে দান পায় যে।

বে···ব্য. (ফা°। স° ব্রি)। শব্দের পূর্বে যুক্ত হইয়া নিষেধ বৈপরীত্য বুঝায়। যথা, বে-কার—কর্মশূন্য, বে-আইনী—আইন-বিরুদ্ধ। বে, বি পরিবর্তন হয়। বে-যুক্ত শব্দ বি-যুক্ত শব্দের আকারেও প্রয়োগ হয়।

বেং···বেঙ্গা দেখ।

বেঅঁ, বৈঁঅ ··ষ্য. (স° ব্যাম)। দুই হাত পাশে বিস্তৃত করিলে দুই হাতের অঙ্গুলি-প্রান্ত পর্যন্ত যে বিস্তার। চারি হাত পরিমাণ। (তু° ই° fathom=6 feet)।

বেঁঅতি···ষ্য. (স° বৃতি হইতে)। ডোঁড়া জালের মতন দীর্ঘ জালবিশেষ। এই জাল নদীমুখে রাখিয়া মাছ ধরা হয়।

বে-আইন···ষ্য. (ফা° বে+আইন)। আইন নহে যাহা। বে-আইনী···ণ. আইন বিরুদ্ধ।

বে-আক্কেল···ণ. (ফা° বে+আক্কেল দেখ)। নির্বোধ। বে-আক্কেলী···ণ. নির্বুদ্ধিজনিত। বে-আক্কেলি···ষ্য. নির্বুদ্ধিতা।

বে-আড়া, বেয়াড়া···ণ. (ফা° বে+আড়া—বিস্তার)। বিস্তার সীমার বহির্ভূত,অনাসৃষ্টি।

বে-আদব···ণ. (ফা° বে+আদব দেখ)। অশিষ্ট। বে-আদবি···ষ্য. অশিষ্টতা।

বে-আন্দাজ···ণ. (ফা° বে+আন্দাজ দেখ)। অনুমানবিরুদ্ধ, অপরিমিত।

বে-আবরু···ণ. (ফা° বে+আবরু দেখ)। উলঙ্গ, উন্মুক্ত। বে-আবরু করা—লজ্জা হানি করা, ধর্মনাশ করা।

বে-আরাম, বেয়ারাম···ষ্য. (ফা° বে+আরাম দেখ। স° বি+আরাম—ব্যারামও মনে হইতে পারে। কিন্তু, স° আরাম অর্থে আরোগ্য নাই)। রোগ। বেআরামী, বেয়ারামী ··ণ. রোগগ্রস্ত।

বে-ইজ্জৎ···ণ. (ফা° বে+ইজ্জৎ দেখ)। লজ্জারহিত, নষ্টধর্ম। বে-ইজ্জতি···লজ্জা-

হানি, সম্ভ্রমনাশ। বে-ইজ্জতী···ণ. লজ্জা-হানিকর, অপমানজনক।

বে-ইকতিয়ার, বে-একতার··ণ. (ফা॰ বে+ইকতিয়ার দেখ)। অনায়ত্ত।

বেইমান···ণ. (ফা॰ বে-ইমান)। অকৃতজ্ঞ। বেইমানি···ষ্য. অকৃতজ্ঞতা। বেইমানী ··ণ. অকৃতজ্ঞের যোগ্য।

বেঁউচ, বেঙ্চ, বৈঁচ···ষ্য. (স॰ বিকঙ্কত—অঃ। বিভিঃ পক্ষিভিঃ কঙ্ক্যতে গম্যতেঽসৌ বিকঙ্কতঃ—অঃ টীঃ। বোধ হয় বিকণ্টক হইতে। মাণিকে বেঙুচ, রাঢ়ে প্রায়ই ভেঁউচ, ও॰ ভইঞ্চি কোঞ্চি)। কণ্টকশাখ ক্ষুপবিশেষ (Flacourtia ramontchi)। কখন কখন ছোট তরু হয়। কাঠ ঘন দৃঢ় (এই হেতু পূর্বকালে হোমপাত্র হইত। অমরে এক নাম স্রুবাবৃক্ষ)। শাখা কণ্টকে পরিণত হয়। গাছে গ্রন্থি আছে বলিয়া এক স॰ নাম গ্রন্থিল (অঃ)। ফুল পীতবর্ণ; ফুলে দল নাই, শীতকালে ফুটে। পুং স্ত্রী গাছ পৃথক জন্মে। পাকা ফল অম্লমধুর, কৃষ্ণবর্ণ, মানুষভক্ষ্য। গ্রামে ও অরণ্যপার্শ্বে পতিত প্রায়ই শুষ্ক কঙ্করভূমিতে বন হইয়া জন্মে। শীতকালে পাতা ঝরিয়া পড়ে।

বেউড় বাঁশ···বাঁশ দেখ।

বেউশ্যা (গ্রা॰)···ষ্য. (স॰ বেশ্যা। ব উচ্চারণ হইতে উ। ও॰ গ্রা॰ বেউশ্যা)। বেশ্যা।

বে-ওকুফ, বেকুফ, বেকুব···ণ. (ফা॰ বে+ওকুফ)। নির্বোধ। বেওকুফি, বেকুবি···ষ্য. নির্বুদ্ধিতা। বেওকুফী, বেকুবী···ণ. নির্বোধের যোগ্য, যেমন কাজ।

বে-ওজর···ণ. (ফা॰ বে+ওজর দেখ)। বিনা আপত্তি।

বেওয়া···ষ্য. (ফা॰ বে-বাহ। স॰ বিধবা)। বিধবা।

বে-ওয়ারীশ···ণ. (ফা॰ বে+ওয়ারীশ দেখ)। অধিকারীহীন। বে-ওয়ারীশী···ণ. বে-ওয়ারীশ।

বেওরা···ষ্য. (স॰ বার্তা। ও॰ বেউরা, হি॰ বৌরা)। বার্তা, সংবাদ।

বেকত···ণ. (স॰ ব্যক্ত)। ব্যক্ত (প্রাচীন পদে)।

বে-কসুর··ণ. (ফা॰ বে+কসুর দেখ)। নির্দোষ।

বে-কায়দা···ণ. (ফা॰ বে+কায়দা দেখ)। অনায়ত্ত, আয়ত্তির বহির্ভূত।

বে-কার··ণ. (ফা॰ বে+কার=কার্য)। কর্ম-রহিত।

বেঁকী···ষ্য. (স॰ বঙ্ক হইতে)। নারীপদের রুপার বাঁকমল।

বেকুব···বে-ওকুফ দেখ।

বে খরচা···ণ. (ফা॰ বে+খরচ দেখ)। ব্যয় নাই যাতে।

বেগ···ষ্য. (স॰ বেগ)। শীঘ্রতা; প্রবাহ; মলমূত্রাদি নিঃসরণ চেষ্টা; আয়াস।

বেগ···ষ্য. (ই॰ bag)। থলী। কার্পেটের বেগ···গালিচার থলিয়া। কেম্বিসের বেগ ···মোটা কাপড়ের। মনি বেগ ··টাকা পয়সা রাখিবার ছোট বটুয়া।

বে-গতিক···ষ্য. (স॰ বিগতিক)। অনুপায়, প্রঃ—বেগতিক দেখিয়া চম্পট।

বেগম ··ষ্য. (তুর্কী। বেগ—প্রভু)। ধনবান্ মোগলের ভার্যা।

বেগপুরা···নেবু দেখ।

বেগর ··ণ. (ফা॰ বে+বগৈর। ও গৈর দেখ)।

হীন, ব্যতীত, বিযুক্ত, প্রঃ—বেগর-পাড়—যে কাপড়ের পাড়ি নাই।

বেগার···ষ্য. (ফা°)। বেতন বিনা কর্মকার (সং বিষ্টি। বেঠা দেখ)। বেগার খাটা—বিনা বেতনে অনিচ্ছায় শ্রম করা, প্রঃ—বেগার খাটিতে জান (ভাঃ)। ভূতের বেগার খাটা—ভূতের কাজ ঠিক নাই। ইহা হইতে অব্যবস্থায় কাজ করা। বেগার ঠেলা—যেন বেগার, এই বিবেচনায় কাজ করা। বেগার-ঠেলা কাজ ··অনিচ্ছায় যেমন তেমন করা কাজ। বেগার দেওয়া—বেগার হওয়া। বেগারের পুণ্যে (কিংবা, দৌলতে) গঙ্গাস্নান—বেগার দিতে গিয়া গঙ্গাস্নান লাভ। (পূর্বকালে দূরবর্তী গ্রাম হইতে গঙ্গাস্নানে আসা সহজ ছিল না)। বেগারি···ষ্য. বেগারের কর্ম। বেগারিয়া, বেগারে···ণ. (বেগার+ইয়া)। বেগারের যোগ্য, প্রঃ—বেঃ কাজ।

বেগুন···ষ্য. (সং বাতিঙ্গণ, বাতিঙ্গন। যথা, বার্তা তু বর্তনে বাতিঙ্গণে কৃষাদ্ব্যদন্তয়োঃ—মেঃ। মেঃ-তে অন্য নাম বার্তাক বাতিগ বঙ্গা। অমরে, বার্তাকী। বার্তং নিরাময়ং করোতি—অঃ টীঃ। অন্য সং রূপান্তর বার্তাকু, বাতিগম,বঙ্গান, বৃন্তাক,বৃন্তাকী। বাতিঙ্গন---বাইঙ্গান—বাইগন---ব্যাগন—বেগন। গুণ শব্দ মনে হইয়া বেগুন। শূং পুঃ বাগন। কৃত্তিঃ বাগুন। কবিকঃ ব্যগন। মৈমনসিংহে বাইঙ্গান, বরিশালে বাইগুন, চাটিগাঁয়ে বাইঅন। বাইগণ; হিং বৈগন বৈঙ্গান; মং বৈগণ বৈগন বাঙ্গো; তেলুগু বঙ্গা। ফা° বাদঞ্জান)। কৃষিজাত প্রসিদ্ধ ফলশাকবিশেষ (Egg-fruit. Brinjal)। অভিজ্ঞ কৃষক বার মাস বেগুন ফলাইতে পারে। তথাপি শীতকালই ফলি-বার সময়। কতকাল হইতে বেগুনের কৃষি হইতেছে; আশ্চর্য অদ্যাপি বিষমুক্ত হয় নাই! বিষ হেতু বেগুন কাঁচা খাইতে পারা যায় না। বিলাতী গোল আলুও এইরূপ। বেগুনের অনেক জাত আছে। কিন্তু জাতস্থায়ী নহে। বেগুন গাছ (Solanum melongena)। দেখিয়া ফলের আকার প্রকার অনুমান করিতে পারা যায় না। (১) কুলী-বেগুন ··(সং কুলী, কুল্যা—বৈদ্যকঃ)। লম্বা প্রায়ই বাঁকা (এই হেতু সং নাম বঙ্গা ?)। ইহার গাছ (S. melongena, Var. esculenta) কণ্টকময় (এই হেতু অমরে বেগুনের এক নাম সিংহী)। এই বেগুন প্রায়ই নীলরক্ত। (২) এলোকেশী বা মুক্তকেশী নামে এক জাত আছে। কেশে তুল্য কৃষ্ণবর্ণ বলিয়া কলিকাতা অঞ্চলে আধুনিক নাম হইয়াছে। পূর্বনাম লফর বেগুন। কিন্তু বস্তুতঃ নীলরক্ত। বেগুন শাদা, আপীত-রক্ত ও নীলরক্ত বর্ণ হয় বঙ্গদেশে রক্তবর্ণ বেগুন দেখিতে পাওয়া যায় না। (অমরে এক নাম হিঙ্গুলী—হিঙ্গুলবর্ণ বলিয়া)। মুক্তকেশী বেগুন স্থূল অণ্ডাকার; (এই হেতু ইং নাম Egg plant)। দৃষ্টান্তে, বেগুন-ক্ষেত, বেগুন বাড়ী করা—বেগুন এত ফলে যে, তদ্দ্বারা গৃহস্থ প্রতিপালিত হইতে পারে। ইহা হইতে আয়ের পথ করা। দৃষ্টান্তে, বেগুন-ক্ষে[ত] বদলে মূলাক্ষেত করা—বেগুন বার মা[স] ফলে, মূলা অল্প দিনেই শেষ হয়। উপমায় তেলে-বেগুনে জ্বলিয়া উঠা—বেগুন [তেলে] ভাজিয়া খাইতে পারা যায় না। বোধ হ[য়]

ভাজা সর্বজন-প্রসিদ্ধ বলিয়া এই উপমা। বীচিয়া, বীচ্যে বেগুন…বীজবহুল পাকা বেগুন। বেগুনা, বেগুনিয়া…ণ. (বেগুন+আ,+ইয়া)। বেগুন বর্ণতুল্য, নীলরক্ত বর্ণ (purple, violet)। বেগুনী…ষ্য. বেগুন চিরিয়া বেসন মাখাইয়া ভাজা। বেগুন-পোড়া…আগুনে পোড়া বেগুন। (৩) গোট-বেগুন…ষ্য. বেগুন গাছ তুল্য গাছ, কিন্তু মানুষের সমান উচা হয় (Solanum torvum)। পতিত স্থানে জন্মে। পাতার শিরায় কাঁটা নাই। ফুল শাদা; ফল ছোট ছোট গোল। এই হেতু নাম গোল=গোট বেগুন। পূর্ববঙ্গের (৪) রাম বেগুন (S. ferox) প্রায় এইরূপ। কিন্তু ইহার গাছ ছোট, পাতায় কাঁটা থাকে, ফল বড় বড়। (ব্যাকুড়, কণ্টকারী, অরশা, গুড়কামাই দেখ)। (৫) বিলাতী বেগুন, লাল বেগুন…বঙ্গানাদিবর্গের বিদেশী লোমশ কৃষিজাত শাকবিশেষ (Lycopersicum esculentum. The tomato)। পাতা কাটা কাটা। ফল পাকিলে লাল হয় এবং রাঁধিলে অম্বল হয়। শীত-কালে ফলে।

বেঙচ…বৈঁচি দেখ। প্রঃ—কবিকঃ।

বেঙ্ক…ষ্য. (ই° bank)। উদ্দেশ্যবিশেষে ন্যস্ত বহু জনের অর্থ; টাকা শুদে জমা রাখিবার আপিশ; টাকা জমা লইবার কোম্পানী। সেভিং বেঙ্ক…(ই° savings bank)। উদ্বৃত্ত টাকা শুদে জমা রাখিবার আপিশ। বেঙ্কার…ষ্য. (ই° banker)। বেঙ্কের স্বামী, শ্রেষ্ঠী।

বেঙ্গা, বেং, বেঙ্…ষ্য. (স° ব্যঙ্গ। যথা, ব্যঙ্গো ভেকে চ হীনাঙ্গে—মেঃ। ও° বেঙ্গা, হি° বেঙ্গা, ম° বেডূক—স° মণ্ডূক)। উভচর প্রাণীবিশেষ (frog. Ranidæ)। বেঙ্গাছি…(বেঙ্গের ছা হ্রস্বার্থে বেঙ্গাছী, বেঙ্গাছি)। বেঙ্গের ছা যখন জলে মাছের মতন জীবন ধারণ করে। বেঙ্গের অনেক জাতি আছে। এখানে কয়েক জাতির নাম করা যাইতেছে। (১) কোলা বেঙ্গা…জলে স্থলে চরে। প্রায়ই ৮।৯ আঙ্গুল হয়। কিন্তু কখন কখন আরও বৃহৎ হয়। প্রায় সবুজ, গায়ে কাল ফোটা থাকে (Rana tigrina)। (২) জলের ছোট বেঙ্গা প্রায় ২ আঙ্গুল বড় হয়। সবুজ লাল, গায়ে অর্বুদ থাকে। (৩) কট্-কটিয়া বেঙ্গা, কুনো বেঙ্গা…ঘরে থাকে; কোণে থাকে বলিয়া কোণুয়া—কুনো। চর্ম মসৃণ, মাটিয়া বর্ণ। ঘরের পোকা পিপিড়া খায়। কখন কখনও মাটিতে গর্ত করিয়া থাকে। পায়ের আঙ্গুল জোড়া নয়। কট্-কট রব করে বলিয়া কট্-কটিয়া। (৪) গেছো বেঙ্গা…গাছে থাকে। (৫)সোনা বেঙ্গা…সোনা বর্ণ বা হলুদা বর্ণ বলিয়া নাম। মাথার পাশে হাড় উচা থাকে। পিঠে অর্বুদ থাকে, আঘাত পাইলে ক্ষীর বাহির হয়। ৮।৯ আঙ্গুল পর্যন্ত বড় হয় (Toad. Bufo melanostictus)। প্রবাদে, সাপের মাথায় বেঙ্গা নাচানা—যার তার কর্ম নহে। বেঙ্গা-তড়কা…বেঙ্গের মতন লাফাইয়া পড়ে যে তড়কা বা বজ্র, প্রঃ—বেঙ্গ তড়কা পড়ে বাজ বরিষে মুষলধারে জল (কবিকঃ)।

ব্যাঙ্গা…ণ. (স° ব্যঙ্গ)। হীনাঙ্গ, বোঁচা। …ষ্য. বিকলাঙ্গ হইয়া উপহাস, মুখভঙ্গি।

ব্যঙ্গ্য···ণ. (সং ব্যঙ্গ্য)। ব্যঞ্জনা দ্বারা বোধ্য।···ষ্য. ব্যঞ্জনার্থ। (বাচ্য এবং লক্ষ্যার্থের বিপরীত)।

বেঙ্গমা-বেঙ্গমী···ষ্য. (সং বিহঙ্গম, বিহঙ্গমী)। উপকথার পক্ষী ও পক্ষিনী। ইহারা ত্রিকালজ্ঞ ছিল এবং মানুষের মতন কথা কহিতে পারিত।

বেঙ্গা···ষ্য. (সং ব্যঙ্গা হইতে ?)। ফলশূন্য শুষ্ক কাপাস গাছ।

বেঙ্গা···ণ. (সং পিঙ্গালা—পিত্তল। অন্য নাম ব্রাহ্মী—হেমঃ)। পিতল। বেঙ্গা পিতল··· হরিদ্রাবর্ণ পিতল, প্রঃ—সোণা রূপা নহে বাপা এ বেঙ্গা পিতল (কবিকঃ)।

বেঙ্গাছি, বেঙ্গাচি···বেঙ্ দেখ।

বেচ···ধাতু. (সং বি-ক্রী ধাতু হইতে দেশভাষায় বিক ও বেচ দুই ধাতু আসিয়াছে। তুং পাকানা পচানা। বাং বেচ ওং হিং বেচ মং বেচ—ব্যয় করা)। বেচি—বিক্রয় করি, প্রঃ—বেচিয়াছি মাথা (চৈঃ চঃ)। বেচা॥ বেচা-কেনা···বিক্রয় ও ক্রয়। রথ দেখা আর কলা বেচা—এক সঙ্গে দুই। বেচা···ধাতু. (বেচ ধাতু আস্তে)। বেচানা॥

বে-চারা···ণ. (ফাং। সং বি-চার)। দীন, হতভাগ্য। বে-চারী···ণ. (বেচারা+ঈ—অনুকম্পায়)। বেচারা।

বে-চাল, বে চাল···ণ. (ফাং বে+চালি দেখ। সং বি-চালি)। চালনের অযোগ্য।

বেঁচে-বর্তে···(বাঁচ ও বর্ত ধাতু দেখ)। বাঁচিয়া।

বেজ (গ্রাং)···ষ্য. (সং বৈদ্য। আসাং)। বৈদ্য, প্রঃ—(কৃত্তিঃ)। বেজী···ষ্য. নেউল। (এই বিশ্বাসে নকুল বৈদ্য হইয়াছে যে, সাপে কামড়াইলে সে নিজের চিকিৎসা করিতে পারে)।

বে-জাত···ণ. (সং বি-জাত)। জারজ; জাতিচ্যুত।

বে-জায়···ণ. (ফাং বেজা)। অনাবশ্যক, অযোগ্য বিষয়ে কৃত, প্রঃ—বেঃ খরচ।

বে-জার···ণ. (ফাং)। কুপিত, অসন্তুষ্ট। গা বেজার বেজার করা—দেহের অস্বাস্থ্য, দেহের তৃপ্তির অভাব বোধ।

বে-জারি···ণ. (ফাং বে+জারি দেখ)। জারি না হওয়া।

বেঁজি···ষ্য. (? সং বন্ধন হইতে ?)। কচু ওল হলুদ প্রভৃতির মুখী।

বেজী···বেজ দেখ। (রাঢ়ে নেউল)।

বেঞ্চ···ষ্য. (ইং bench)। বিচারকের আসন, বিচারক। বেঞ্চি···ষ্য. (ইং bench)। দীর্ঘ কাষ্ঠাসন।

বেট, ব্যাট···ষ্য. (ইং bat)। বল মারিবার কাষ্ঠপট্ট।

বেটন, বেটম···ষ্য. (ইং batten)। সরু ছোট কাঠ, কাষ্ঠখণ্ড যদ্দ্বারা খাটের তলা হয়।···(ইং batting)। বস্তা বাঁধিবার মোটা কাপড় (হিং বেটন)। বেটম বল ···(ইং bat and ball)। বেট ও বল খেলা।

বেটা···ষ্য. (সং বীত—প্রসূত। হিং মং)। পুত্র। স্ত্রীং বেটী। (হিং মং বেটী)। কোন কোন স্থানে বিটী, প্রঃ—মাঃ। বাপের বেটা বটে—(বাপ—যিনি বীজ বপন করেন, বেটা—যে জন্মে। অর্থাৎ বিজন্মা নহে)। যোগ্য পিতার যোগ্য পুত্র। (বেটা

শব্দের মুল অর্থ অদ্যাপি লুপ্ত হয় নাই। এই হেতু বেটা শব্দ গালিতেও বসে)। বেটা-ছেলে…মেয়ে ছেলে নহে। (ছেলে দেখ)। বেটার ছেলে…গালিবিশেষ। সম্পর্কে নাতি হইলেও গালি। বাপকা বেটা সিপাইকা ঘোড়া কুছ নহে তো থোড়া থোড়া (হিং)—যেমন বাপ তেমন বেটা, যেমন অশ্বারোহী সিপাই, তেমন ঘোড়া হয়।

বেঁটে, বেঁট্যে…ণ. (বেঁঠ্যে দেখ। কিংবা সং বৃত্ত হইতে। তুং হিং বিত্তিয়া—বাং বেঁঠ্যে)। দৃঢ় খর্বাকার। বেঁট্যে-খেট্যে…ণ. (খাট+ইয়া—খাটিয়া—খেট্যে)। দৃঢ় খর্ব-দেহ।

বেঁটে-সেঁটে…বাঁট ও সাঁট ধাতু দেখ। কিছু বণ্টন কিছু আত্মসাৎ করিয়া।

বেট্যে, বাটিয়া…ষ্য. (সং ব্রট—রজ্জু হইতে)। শণের দোড়ী। জাল-বেট্যে…জাল বুনিবার শণের সরু দোড়ী।

বেটো, বেতো…ণ. (সং ব্রাত+বাং উয়া—বাতুয়া—বেতো। কিংবা সং ব্রীত—অসার-তুরগে—মেঃ। বীত+উয়া — বীতুয়া—বেটো)। বাতরোগগ্রস্ত, পঙ্গু, প্রঃ—ঘোড়া ছুটা বেটো ঘোড়ার বাবা (টেকচাঁদ)—বেতো ঘোড়া অপেক্ষাও সরস।

বেঠা…ষ্য. (সং ব্রিষ্টি—অঃ। ব্রিষ্টি—বিনা বেতনে কর্ম, বিনা বেতনে কর্মকার। ওং বেঠি)। বেগার, প্রঃ—স্থুল দেখি বেঠা ধরি জড়-ভরতেরে (চৈতন্যমঙ্গল)। (অপ্রচলঃ)।

বে-ঠিক…ণ. (ফাং বে+ঠিক দেখ)। মিথ্যা, অনুচিত, প্রঃ—মদ খাইয়া বে-ঠিক কথা বলা।

বেঁঠ্যে, বেঁঠে…ণ. (সং ব্রঠ—খর্ব—মেঃ। ব্রঠ—বাঁঠ+ইয়া—বাঁঠিয়া—বেঁঠ্যে)। খর্ব, প্রঃ—কাল বামুন কটা শূদ্র বেঁঠ্যে মুসল-মান।

বেড়…ধাতু. (সং ব্রেষ্ট ধাতু। প্রাচীন বাং, ওং হিং বেঢ়, মং ব্রিঢ বেষ্ট ধাতু)। বেড়ি—বেষ্টন করি। বেড়া॥ বেড়…ষ্য. বেষ্টন, পরিধি, ঘের, প্রঃ—গাছের বেড়; বেষ্টিত স্থান, প্রঃ—বামুন-বেড়—যে বেষ্টিত স্থানে ব্রাহ্মণের বাস। (তুং ব্রাহ্মণবেড়িয়া, উলু-বেড়িয়া — বেড়+ইয়া — বেড়িয়া। হুগলীর নিকটবর্তী বাঁশবেড়্যে গ্রাম—যে গ্রাম বাঁশে বেষ্টিত। বংশবাটিকা—বাঁশের বাগান নহে)। ভারতে, আসে লক্ষ্মী বেড় বান্ধে নাই—বেড়া বা বেষ্টন। বেড়া…ষ্য. (সং ব্রেষ্ট, ব্রেষ্টক। ওং বাড়, হিং বাড়া বাড়—সং ব্রাট। যথা, ব্রাটো মার্গে বৃতিস্থানে—মেঃ)। উদ্যানাদির বেষ্টন। (মংতেও বেড় বেড়া বেড়ী শব্দ বাং সদৃশ)। বেড়া নেড়ে গৃহস্থের মন বোঝা—সজাগ আছে কি না, পরীক্ষা করা। বেড়া-পাক…ষ্য. বেষ্টন করাইয়া পাক বা ভ্রমণ। বেড়া-পাক বাণ…পূর্বকালের এমন বাণ যাহা শত্রুকে বেষ্টন করিয়া ধরিত। বেড়া-পাক আগুন…যে আগুন ঘরের কিংবা পাড়ার চারিদিক বেষ্টন করিয়া ধরিয়াছে। বেড়া…ধাতু. (বেড় ধাতু আস্তে)। বেড়ানা॥ বেড়া…ধাতু. (সং ব্রেষ্ট হইতে। বাং ওং বুল ধাতুর পদ পূর্বে ব্যবহার হইত)। বেড়াই—পথ বেষ্টন করি, ভ্রমণ করি। বেড়ানা॥ (ভ্রমণ শব্দের অর্থও ঘূর্ণন)। বেড়ী…ষ্য. বেষ্টনী, হাঁড়ী ধরিয়া তুলিবার লৌহ বলয়, লৌহ-বলয়, প্রঃ—চোরের পায়ে বেড়ী দেওয়া।

বেড়েলা…ষ্য.(সং ৱাট্যালকা—অঃ। অন্য নাম ৰলা। ৰলতি সংৱৃণোতি। ৱাট্যামালীয়তে অন্যত্রাপি চ দৃশ্যতে, কিংবা ৱাটীমলতি প্রকাশং প্রাপ্নোতি—অঃ টীঃ। কৃষিক্ষেত্রে না জন্মিয়া বাট—পথপার্শ্বে জন্মে বলিয়া বাট্যালক। ওং নাম বজ্রমুঠী। অনেকে ভুলে বাং বাড়ী-আমলা গাছ মনে করে)। জবাদিবর্গের ক্ষুপবিশেষ (Sida cordifolia)। পাতার গোড়া পানের মতন। পাতা সূক্ষ্ম রোমশ। ফুল পীতবর্ণ। পাকা ফল ফাটিয়া দশ খণ্ড হয়। (২) লাল-বেড়েলা …(সং অতিবলা)। ঐ প্রকার কিন্তু লালচিয়া গাছ (Sida rhombifolia)। পাতা লোমশ, এ কারণ নিম্নপৃষ্ঠ পাঁশুটা দেখায়। পাতার গোড়া পানের মতন নহে। পাকা ফল পাঁচ খণ্ড হয়। ফুল আপীত, বর্ষাকালে ফুটে। (৩) শ্বেত-বেড়েলা…(সং মহাবলা)। লাল বেড়েলার জাতবিশেষ (S. rhombifolia, var. rhomboidea)। ফুল আপীত, শীতকালে মধ্যাহ্ন সময়ে ফুটে। পাতার তিনটা শিরা স্পষ্ট। বঙ্গে অধিক দেখা যায় না। ওড়িশা ও ছোট নাগপুরে অধিক। (৪) নাগ বেড়েলা…(সং নাগবলা)। গোরখ-চাউলা দেখ।

বেড়ো, বেড়ে (গ্রাং)…ণ. (বড়+ইয়া—বড়িয়া—বেড়ো। হিং বড়িয়া)। উত্তম, প্রঃ—বেড়ো লোক (প্রায়ই নিন্দিতার্থে)।

বেঁড়ো…ণ. (সং বণ্ডা—হীনাঙ্গা—মেঃ। হিং বাণ্ডা+ইয়া=বাঁড়িয়া—বেঁড়ো)। লাঙ্গূলহীন, প্রঃ—বেঁড়ো কুকুর। বাঁড়িয়া দেখ।

বে-ডৌল…ণ. (ফাং বে+ডৌল দেখ)। ডৌল-শূন্য নহে, বিশ্রী।

বেঢ়…ধাতু. বেড় ধাতু দেখ। (প্রাচীন বাং)।

বে-ঢং, বে-ঢপ…ণ. (ফাং বে+ঢং, ঢপ দেখ)। অসুষ্ঠু, বিশ্রী।

বেণা…ষ্য. (সং ৱীরণ—অঃ। মূলের নাম উশীর; হিং খস্‌খস)। ধান্যাদিবর্গের দীর্ঘায়ুঃ তৃণবিশেষ (Andropogon squarrosus)। ঘন বন হয়। নির্মূল করা কঠিন। দৃষ্টান্তে, বেণা বনে মুক্তা ছড়ানা—বেণাবনে কিছু পড়িলে সহজে খুজিয়া পাওয়া যায় না।

বেণা…ষ্য. (সং ৱেণী হইতে। বিন ধাতু দেখ)। পআল খড়ের বেণী। তামুক খাইবার নিমিত্ত কৃষকে বেণাতে আগুন ধরাইয়া রাখে।

বেণী…ষ্য. (সং বেণী। ওংতে বেণী—২ সঙ্খ্যা অর্থে বহু প্রচলঃ)। দুই সঙ্খ্যা, প্রঃ—শঙ্খ বাজে বীণা বেণী (কবিকঃ)—এক জোড়া শঙ্খ ও বীণা বাজে। (অপ্রচলঃ)। বেণী-বাতা…কপাটের সম্মুখ ধারের কাষ্ঠপটী যদ্দ্বারা অন্য কপাট আচ্ছাদন করে। (হিং বৌণী বেণী, ওং বেণি)।

বেণ্যে, বেণে…ষ্য. (সং বণিক্—বাণিয়া—বাণ্যা—বেণ্যে। কবিকঃ বাণ্যা, ওং বণিআ, হিং বণিআ। সং বাণিজ+ইয়া—বাণিআ—সহজে আসে)। বণিক। স্ত্রীং বেণেনী (প্রাচীন রূপ বাণ্যানী)। গন্ধবেণ্যে…গন্ধবণিক। সোনার বেণ্যে…স্বর্ণবণিক। বেণ্যে-বউ…বণিকবধূ। বেণ্যে-বউ পাখী…অন্য এক নাম হলুদা-বসন্ত। বসন্ত দেখ। হলুদাবর্ণ, মাথা কাল, ঠোঁঠ লাল। ডাকে "গৃহস্থের খোকা হউক।" কেহ কেহ অন্য পাখীকে বলে। এই পাখী সালিক পাখীর প্রমাণ। কাল শাদা, ঠোঁঠ

লম্বা, পাখা ছোট। মাথায় শিখা। উড়িতে উড়িতে মাছ ধরিয়া খায়।

বেণ্ড···ষ্য. (ই° band)। ইংরেজী বাদ্যকর-সম্প্রদায়।

বেত্ (গ্রা°)···ষ্য. (স° ব্রত। নদীয়ায় বর্ত, বত্। হি° বর্ত। ব্রত হইতে বেত্, যেমন প্রস্রাব হইতে পেস্‌সাব, ক্রমে গ্রা° ক্রেমে)। ব্রত। বার-বেত্···বার-ব্রত।

বেত··ষ্য. (স° বেতস—অঃ। অর্বাচীন স° বেত্র। ও° বেত্, হি° বেত, ম° বেত, ফা° বেদ। বেতি জলপ্লবতাং গচ্ছতি বেতসঃ—অঃ টীঃ। বোধ হয় স° বে ধাতু বয়নে হইতে বেতস। জলসমীপস্থ বৈতস—অম্বুবেতস—অঃ। অঃটীকাকার বেতস শব্দ নদীসমীপস্থ বেতস মনে করিয়া ব্যুৎপত্তি ঠিক ধরিতে পারেন নাই। শব্দকল্পদ্রুমেও বেতস অর্থে বেত নহে)। তালাদিবর্গের কণ্টকী (প্রায়ই) বল্লীবিশেষ (Calamus)। বেতের অনেক জাতি আছে। এক জাতি সোজা দশ বার হাত হয়। আসাম ও চাটিগাঁয়ে আছে। সেখানে নাম কদমবেত। বঙ্গ-দেশের মধ্যে আসাম ও চাঁটিগা বেতের দেশ বলা যাইতে পারে। অধিকাংশ জাতির পুষ্পমঞ্জরী অতি দীর্ঘ প্রাজনবৎ হইয়া বল্লীর আকার ধারণ করে। (বোধ হয় এই হেতু অমরে নাম বঞ্জুলা বিদুল)। কোথাও কোথাও বেতের কোমল অগ্র লোকে শাগ করিয়া খায়। কোথাও কোথাও (যেমন ওড়িশায়) বেতের ফল দরিদ্রে খাইয়া থাকে। এক এক জাতি অরণ্যে জন্মে, এক এক জাতি নদীপার্শ্বে জন্মে। ছাঁচি বেত নামক বেত (C. tenuis) আর্দ্র ভূমিতে জন্মে। এই বেত সরু। বড় বেত নামক বেত (C. viminalis) দীর্ঘ হয়, কিন্তু সরু। এক এক জাতি ৬০।৭০ হাত দীর্ঘ হয়। মধ্যভারত হইতে দক্ষিণভারতে এই বেত (C. rotang) জন্মে। কিন্তু, সে জাতি বঙ্গদেশে দেখা যায় না। সরু বেত দিয়া দোড়ীর কাজ (এই হেতু অমরে এক নাম রথা?), চুপড়ী, পালি, পেড়া, প্রাজন ও মোটা বেতের যষ্টি হয়। চীনের বেত নামক বেত মালয় দ্বীপ ও দক্ষিণ-চীন হইতে আসে। বেতা···ধাতু. বেতাই—বেত্রাঘাত করি। বেতানা॥ বেতী···ষ্য. (বেত+ঈ)। চেরা বেত; চেরা বেতের তুল্য তাল খেজুর প্রভৃতির বোঁটার দোড়ী। বেত-আছড়া···সর্পবিশেষ। (বেতের তুল্য সরু লম্বা? ভারতে, বেত-ছড়া। বেতের ছড়া—প্রাজন তুল্য বলিয়া?)।

বেঁত (গ্রা°)···ষ্য. (স° বক্ত্র)। মুখ। (অশিষ্ট)।

বে-তদ্‌বির···ণ. (ফা° বে+তদ্‌বির দেখ)। তদ্‌বির বা আয়োজনবিহীন।

বেতন···ষ্য. (স° বেতন)। কর্মের দক্ষিণা। বেতন-ভোগী···ণ. বেগার নহে।

বে-তর্···ণ. (ফা° বে+তর দেখ)। বিপরীত প্রকার।

বে-তাইন (গ্রা°)···ণ. (ফা° বে+ইং টাইম)। অ-সময়।

বে-তাক, বে-তাগ···ণ. (ফা° বে+তাক দেখ)। লক্ষ্যহীন, প্রসঙ্গবহির্ভূত, প্রঃ—কথা বে-তাক হওয়া।

বে-তাল···ষ্য. (স° বেতাল)। পিশাচবিশেষ। তাল-বেতাল···দুই পিশাচের নাম।···ষ্য. (স° বৈতালিক)। উপাধিবিশেষ।

বে-তাল···ণ. (ফা° বে+তাল দেখ)। তাল-বহির্ভূত, তাল-বিরুদ্ধ। বে-তালা···ণ. বে-তাল, যে তালে আঘাত করিতে কিংবা যথাসময়ে কথা কহিতে পারে না।

বেতী···বেত দেখ।

বেতো···বাত, বেটো দেখ।

বে-থাক···ণ. (ফা° বে+থাক দেখ)। শ্রেণী-বহির্ভূত।

বেথুয়া, বেথো···বাথুয়া দেখ।

বেদ···ষ্য. (স° বেদ)। শ্রুতি, নিগম ; চারি অঙ্ক। বেদ-ব্যাস···ষ্য. (স° বেদ-ব্যাস)। ব্যাস মুনি। বেদ-ব্যাসের বিশ্রাম—বেদ-ব্যাস অষ্টাদশ পুরাণ ও মহাভারত প্রভৃতি বহু গ্রন্থের কর্তা। একারণ তাঁহার বিশ্রাম অল্প হইবার কথা। ইহা হইতে, অনেক লিখিবার পড়িবার পর বিশ্রাম। বেদি, বেদী···ষ্য. (স° বেদি, বেদী)। মঙ্গল-কর্মার্থ নির্মিত উচ্চ ভূমি। বেদী···ষা. (স° বেদিন্)। বেদজ্ঞ, পণ্ডিত, প্রঃ—দ্বিবেদী—দোবে, চতুর্বেদী—চোবে।

বেদনা···ষ্য. (স° বেদনা, বেদন)। অনুভব ; দুঃখ, পীড়া, প্রঃ—ফোড়ার বেদনা।

বে-দখল···ণ. (ফা° বে+দখল)। অধিকার হইতে তাড়িত।

বে-দম···ণ. (ফা°)। শ্বাসরুদ্ধ। বে-দম মার—এমন প্রহার যে শ্বাস রোধ হয়।

বে-দল···ণ. (স° বি-দল)। শত্রুপক্ষীয়। ···ষ্য. শত্রুপক্ষ।

বে-দস্তুর···ণ. (ফা° বে-দস্তুর দেখ)। নিয়ম-বাহ্য, অনিয়ম।

বেদাড়া···ণ. (ফা° বদ+আড়া। হি° বেদড়া। তু° স° বেতণ্ড)। তাড়নার বাহির, উচ্ছৃঙ্খল, বে-আড়া।

বে-দানা···ণ. (ফা°)। বীজশূন্য, দানা-দার নহে, প্রঃ—পঞ্জাবে বে-দানা আঙ্গুর পাওয়া যায়।···ষ্য. বীজহীন দাড়িম্ব।

বেদ্যে···ষ্য. (স° ব্যাধ হইতে? বাদ্য+ইয়া?)। বাদ্য বাজাইয়া ভেলকি দেখায় জাতিবিশেষ। স্ত্রী° বেদেনী। (বাদিয়া দেখ)।

বেদ্যে···ষ্য. (স° বৈদ্য+ইয়া—বেদিয়া—বেদ্যে)। ঔষধি সংগ্রহকারী জাতিবিশেষ। স্ত্রী° বেদ্যেনী।

বে ধড়ক···ণ. (ফা° বে+ধর ধাতু হইতে? স° বিদরক?—ভয়শূন্য। বে+স° ধট—বা° ধাড়া, তুলা)। পরিমাণবহির্ভূত, অত্যন্ত, প্রঃ—বেঃ মার, খরচ।

বেধুয়া, বেদুয়া, বেদো···ণ. (স° বিধবা+উয়া—বিধবুয়া—বিধুয়া—বেধুয়া। ও° বেধ, বেধুআ)। বিধবা-জাত, বিধবা-গমনকারী ; গালি।

বেঁধা-ফোঁড়া···ণ. (বিঁধ, ফুড় ধাতু দেখ)। সোজাসুজি না হইয়া কোণাকুণি।

বেনটা···ষ্য. (?)। মুসলমান জাতিবিশেষ, প্রঃ—নেয়াল বুনিয়া নাম বোলায় বেনটা—কবিকঃ।···বনেটি দেখ।

বে-নামী···ণ. (ফা°)। অন্য নামে।

বেনারস···ষ্য. (স° বারাণসী— বর্ণবিপর্যয়ে বানারসী, অপভ্রংশে বেনারসী। স° বার—জল, নস—নাসিকা। দুই নদীর কিংবা এক নদীর দুই শাখার মধ্যবর্তী স্থান)। কাশী। বেনারসী···কাশীতে নির্মিত, প্রঃ—বেঃ শাড়ী।

বেনিয়ান···ষ্য. (সং বণিক হইতে বেনিয়া)। বণিক, পরে ইংরেজের দালাল; কোমর পর্যন্ত লম্বা চাপকানবিশেষ; গেঞ্জি।

বেনো···বান দেখ।

বেন্নন···ষ্য. (সং ব্যঞ্জন)। অন্নাদি ভোজনের উপকরণ, প্রঃ—কনকাবতী মাগো· ভাত হৈল কড়কড়া ব্যন্নন হৈল বাসি। (ওংতে তেউন—সং তেমন; হিং বিঞ্জন)।

বেন্যে, বেনে···বেণ্যে দেখ।

বেপ··ধাতু. ব্যাপ ধাতু দেখ।

বে-পরোয়া···ণ. (ফাং বে+পরোয়া দেখ)। নিশ্চিন্ত।

বে-পর্দা···ণ. (ফাং বে+পর্দা দেখ)। উন্মুক্ত।

বে-পসন্দ···ণ. (ফাং বে+পসন্দ দেখ)। অমনোজ্ঞ, অমনোনীত।

বেপার, বেপারী (গ্রাং)···ব্যাপার, ব্যাপারী দেখ।

বে-পোট··ণ. (ফাং বে+পোট দেখ)। অসুবিধাজনক, প্রঃ—বেঃ রাস্তা।

বে-ফয়দা···ণ. (ফাং বে+ফয়দা দেখ)। বৃথা।

বে-ফাঁশ···ণ. (ফাং বে+ফাঁশ দেখ)। বন্ধনহীন, অসম্বন্ধ।

বে-বদল···ণ. (ফাং বে+বদল দেখ)। পরিবর্তনহীন; পরিবর্তন না করিয়া।

বে-বন্দোবস্ত, বে-বন্দবস্ত··ণ. (ফাং বে+বন্দোবস্ত দেখ)। ব্যবস্থাহীন, অব্যবস্থা।

বে-বশ···ণ. (সং বি-বশ)। অবশ, আয়ত্তির বহির্ভূত।

বে-বাক···ণ. (ফাং। বে+বাক—বাকি না থাকা)। সমস্ত।

বেবসা (গ্রাং)···ষ্য. (সং ব্যবসায়)। উপজীবিকা; অনুষ্ঠান, প্রঃ—খেয়ে দেয়ে রোদে রোদে বসিয়া মাছ ধরা এক বেবসা। (ব্যবসায় দেখ)। বেবসা-দার···ষ্য. (ফাং দার)। ব্যবসায়ী। বেবসাদারী···ণ. ব্যবসায়ীর যোগ্য, প্রঃ—বেঃ বুদ্ধি।

বেভার, ব্যভার···ষ্য. (সংব্যবহার। ওং বেভার, হিং বেবহার)। আচার, প্রঃ—রসের বেভার লুকা না যায় (জ্ঞানদাস); প্রথা, সামাজিক বিধানে প্রদেয় দ্রব্য, প্রঃ—ঘরে গিয়া আগে বলে কি দিবি ব্যভার (ভাঃ)। (ওং বেভারী)।

বেম···বাঁও দেখ। ব্যোমা দেখ।

বে-মকা···ণ. (ফাং বে-মৌকা। আং মৌকা—স্থান)। নিয়মবাহ্য, রীতিবিরুদ্ধ।

বে-মজলিসী···ণ. (ফাং বে+মজলিস দেখ)। সভার অযোগ্য।

বে-মনাসিব···ণ. (ফাং বে+মনাসিব দেখ)। অপছন্দ।

বে-মানান···ণ. (ফাং বে+মানান দেখ)। অ-সাজন্ত।

বেমার···ষ্য. (ফাং বিমার)। রোগ। বেমারী ···ণ. রুগ্ন।

বে-মালুম···ণ. (ফাং বে+মালুম দেখ)। অগোচর; না জানাইয়া।

বেয়াই···ষ্য. (সং বৈবাহিক। ওং হিং সম্‌দী —সং সম্বন্ধী)। জামাতার পিতা, পুত্রবধূর পিতা। স্ত্রীং বেয়াইন (বেয়াইনী—বেয়াইন —বেয়ান)।

বেয়াজ···ষ্য. (সং ব্যাজ)। ব্যাজ, প্রঃ— (জ্ঞানদাস)।

বেয়াড়া···বে-আড়া দেখ।

বেয়াধি···ষ্য. (সং ব্যাধি)। ব্যাধি, প্রঃ— প্রাচীন পদে, গ্রাং।

বেয়ারা…ষ্য. (ই° bearer)। বাহক, সংবাদ-বাহক ; বেহারা (দেখ)।

বেয়ারিং…ণ. (ই° bearing)। যে বস্তুর মাশুল পাওনা আছে। বেয়ারিং পোষ্টে… বিনা মাশুলে, বিনা ব্যয়ে।

বেয়ে-চেয়ে…বাহিয়া-চাহিয়া। বাহ, চাহ ধাতু দেখ।

বেরা, বের…ধাতু. (বাহিরা ধাতু দেখ। বেরাই, বেরই—বাহির হই। বেরানা, বেরনা॥

বে-রং…ষ্য. (ফা° বে+রং—তাস খেলা দেখ)। অন্য রঙ্গ।

বেরি, বেলি…ষ্য. (স° বেলা)। বেলা, সময়। (প্রাচীন বা°)।

বেরিজ…ষ্য. (? ফা° বে-আরজ ?)। গণিতে বিয়োগ, প্রঃ—শুভঙ্করী।

বেরুনিয়া…ষ্য. (স° ভরণ+ইয়া—ভরণিয়া—বেরণিয়া। বাঁকুড়ায় বেরুন—বেতন)। কর্ম-কর, মুনিষ, প্রঃ—কবিকঃ। (অপ্রচলঃ)।

বে-রেঅা…ণ. (ফা°)। সৎ, যে উৎকোচ গ্রহণ করে না।

বে-রোজগারী…ণ.(ফা° বে+রোজগার দেখ)। অর্থ উপার্জনে অক্ষম, কর্মরহিত।

বের্দি…ষ্য. (পর্তু° verde)। সবুজ রঙ্গ দ্রব্য।

বেল…ষ্য. (স° বিল্ব—অঃ মেঃ। কণ্টকিতত্বাৎ বিলতি ভিনত্তি—অঃ টীঃ। অন্য প্রসিদ্ধ স° নাম শ্রীফল। শ্রীপ্রিয়ং ফলমস্য—শ্রীফল—অঃ টীঃ। বোধ হয় বৃহৎ, কিংবা সুন্দর ফল বলিয়া শ্রীফল। তু° স° শ্রীপদ—শ্লীপদ, শ্রীপর্ণী—গাম্ভারী বৃক্ষ। ও° বেল্, হি° ম° বেল)। নারঙ্গাদিবর্গের শল্য তরুবিশেষের (Ægle marmelos) প্রসিদ্ধ ফল (Bael)। কাঠ আপীত ঘন, কাঁচায় সুগন্ধ। পাতা ত্রিপর্ণ। ফল গাছে ৮।১০ মাস থাকিয়া গ্রীষ্ম আরম্ভে পাকে। পাকা ফল হৃদ্যগন্ধ। সযত্নে পালিত বৃক্ষের ফল বড়, আরণ্য ফল ছোট। আরণ্য ফলের বীজ বহু ও আঠা (শ্লেষ্মা) অধিক। এই ফল নাকি ঔষধে হিতকর। ঔষধ ব্যতীত বিল্বশ্লেষ্মা অন্য কাজে লাগে। চুনের সহিত মিশ্রিত করিয়া গৃহভিত্তিতে লাগাইলে বজ্রলেপ হয়, রঙ্গে মিশ্রিত করিয়া প্রতিমা ও পটে লাগাইলে বর্ণ উজ্জ্বল হয়। ফল শেষ হইতে না হইতে নূতন পাতা ধরে। তখন যে ফল থাকে, তাহা বিস্বাদ হইয়া পড়ে। বেল গাছের শিকড় হইতেও নূতন গাছ জন্মে। এইরূপে কিছুকাল মধ্যে বেলের বন হয়। (বোধ হয় এই হেতু অমরে এক নাম মালুর—মল্যতে আব্রিয়তে)। আরও অনেক গাছের শিকড় হইতে নূতন গাছ জন্মে)। বেল-শুঁঠ …ষ্য. (স° নাম বিল্বশলাটু, বিল্বপেশিকা)। কাঁচা বেল কাটিয়া শুখাইলে বেলশুঁঠ। (স° শুষ্ঠী—শুখানা আদা)। দৃষ্টান্তে, বেল পাকিলে কাগের কি—কিছুই নয়। কারণ, পাকিলেও বেলের খোলা কাক-চঞ্চুর অভেদ্য। ইহা হইতে অন্যের সুখ-ঐশ্বর্যে নিজের লাভ নাই। নেড়া ক বার বেল-তলায় যায়—নেড়া মাথায় একবার বেল পড়িলেই প্রচুর জ্ঞান হয়। রাই কুড়ায়ে বেল করা—রাই সরিষা বহু একত্র করিতে না পারিলে বেলের তুল্য পরিমাণ হয় না।

বেল…বেলা, বেলী দেখ।

বেল…ষ্য. (ই° bell)। ঘণ্টা ; ঘণ্টাকার লণ্ঠন।

বেল···ধাতু. (সং বেল, বেল্ল ধাতু চালনে)। বেলি—ময়দার লেচি প্রসারিত করি। বেলা ॥ বেলন, বেলনা···ষ্য. (সং বেল্লন —ভাবপ্রকাশে)। স্থূল বর্তুল কাঠ, যাহা দ্বারা বেলা যায়। বেলনী···ছোট বেলনা। বেলা···ধাতু. (বেল ধাতু আস্তে)। বেলানা ॥ বেলন-পীড়ী···বেল্লন পীঠ।

বেল···ষ্য. (ফা। তুং সং বল্লী ?)। সূত্র-জালে নির্মিত পাড়ি (lace)। বেল-দার···ণ. যাহাতে বেল বসানা হইয়াছে।

বেলক···ষ্য. (?)। বন্দুক, প্রঃ—কবিকঃ। (অপ্রচলঃ)।

বেল্‌কামি (গ্রা°)···ষ্য. (বালক+আমি)। বালচাপল্য। (বেল্লিক দেখ)।

বেলগ···ণ. (সং বিলগ্ন—বি-লগ—বেলগ। হিং বিলগ, মং বেগল্লা)। পৃথক, প্রঃ—তাহারা দুই ভাই বেলগ হইয়াছে—পৃথকান্ন।

বেল-দার···ষ্য. (ফা° বেল—কোদাল)। কোদালিয়া। জাতিবিশেষ। স্ত্রী° বেলদারনী।

বেলন, বেলনা···বেল ধাতু দেখ।

বেল-ফুল···বেলী দেখ।

বেল-মুক্তা, বেল-মোক্তা···ণ. (আ° বিলমুক্তা)। স্থূল পরিমাণ, মোট।

বেলা···ষ্য. (সং বেলা। ওং বেল্ল। প্রাচীন বাং বেল, বেলি, বেরি। শূং পুঃ—বেলে—সময়ে, ওং বেল্লে)। সময়, প্রঃ—সপ্ত ঘটী বেলা হৈল ; পক্ষ, প্রঃ—নিজের বেলা আঁটা-আঁটি। বেলা-বেলি···সময় থাকিতে, প্রঃ—বেলাবেলি আয়োজন করহ ইহার (ভাঃ)। অ-বেলা···ষ্য. অসময়, অপরাহ্ণ। বার-বেলা···রবি সোমাদি বার জন্ত অশুভকাল। বেলা ভাটি, ঘাটি···(ভাটি ঘাটি দেখ)। বেলার ন্যূনতা বা হ্রাস, সায়াহ্ন-কাল। দিনের বেলা···সূর্যোদয় হইতে সূর্যাস্ত পর্যন্ত সময়। রাতির বেলা, রাতের বেলা···সূর্যাস্ত হইতে সূর্যোদয় পর্যন্ত সময়। দুপর বেলা···দুই প্রহর সময়। বেলা পরিমাণ—সূর্যোদয় হইতে সময় নিরূপণ। গ্রাম্য পরিমাণে প্রাচীন কালের ঘড়ী (ঘটী) শব্দের ব্যবহার আছে। এই পরিমাণে দিনে ১৬ ঘড়ী, রাত্রে ১৬ ঘড়ী। (অতএব এক ঘড়ী সময় দুই দণ্ড অপেক্ষা ন্যূন। দুই দণ্ড ৪৮ মিনিট, এক ঘড়ী ৪৫ মিনিট। ওড়িশাতেও সর্বত্র ঘড়ী পরিমাণ এত)। ভোর বেলা···সূর্যোদয়ের পূর্বে যখন কাক-কোকিল ডাকিতে আরম্ভ করে (সূর্যোদয়ের প্রায় আধ ঘণ্টা পূর্বে)। জল খাবার বেলা···গ্রামে বিলাতী ঘড়ীর দশটার সময়। নাইবার বেলা···গ্রামে এগারটার সময়। ভাত খাবার বেলা···গ্রামে বেলা দুইটার সময়। রাত্রি বুঝাইতে বেলা শব্দ প্রায় চলিত নাই। সন্ধ্যা রাত্রি···সূর্যাস্তের কিছু সময় পরে, রাত্রি সাতটা পর্যন্ত। হাঁড়ী-তোলা রাত···গ্রামে যে সময়ে লোকের খাওয়া হইলে হাঁড়ী হেঁশেলে উঠে, রাত্রি প্রায় দশটা। নিসুতি রাত···প্রায় মধ্যরাত্রি, যখন গ্রামের লোক নিসুপ্ত।

বেলা···বেলী দেখ।

বেলাটিং (গ্রা°)···ষ্য. (ইং blotting)। কালী চোষা কাগজ।

বেলি···বেলা দেখ।

বেলী, বেলা, বেল···ষ্য. (সং বল্লী, বল্লি। সংপ্রা° বেল্লী। সংতেও বেল্লি। ওং নাম

মল্লি। বল্লতি সংবৃণোতি ; মল্লতে ধার্যতে, মল্যতে আবৃণোতি। বল্লী ও লতা এক। লতিতি বেষ্টয়তি। মল্লিকা দীর্ঘ হইলে লতা বা বল্লী হয়। অতএব বল্লী হইতে, কি মল্লিকা হইতে বা° বেলী,তাহা বলা কঠিন। বোধ হয় মল্লিকা হইতে)। বহুদল উদ্যান-মল্লিকা (The Arabian Jasmine. Jasmimun sambac)। ইহার গাছ কদাকার, অধিক সময় পত্রশূন্য থাকে। কাটিয়া এক হাত দুই হাত উচা করিয়া রাখা হয়। ফুল শাদা সুগন্ধ, অনেক ধরে। বন্যমল্লিকা হইতে বেলীর উৎপত্তি। বনমল্লিকা একপুট (একসারি দল), একটিয়া। উদ্যানপালিত ছোট ও বড় দুই জাতের ফুল আছে। মোতিয়া বেলা···শত-দল মল্লিকা যেন ছোট শাদা গোলাপ। গোলাকার বলিয়া মোতিয়া—মুক্তা তুল্য।

বেলী···থালা দেখ।

বেলে···সময়ে। (বেলা দেখ)। (পদ্যে)।

বেলে···বেল্যে দেখ।

বেলেল্লা···ণ. (সং বেল্লহল—কেলিনাগর—শব্দকল্পঃ)। লম্পট। বেলেল্লাগিরি···ষ্য. (গিরি, গীরি দেখ)। লাম্পট্য ; কদাচরণ।

বেলেস্তারা···ষ্য. (ই° plaster)। তৈলাদি ঔষধলিপ্ত বস্ত্রখণ্ড, প্রলেপ, প্রঃ—পেটে পিলার উপর বেলেস্তারা দেওয়া।

বেলোয়ারী···ষ্য. (ফা° বিল্লোরী। ফা° বিল্লূর—স্ফটিক)। কাচ, প্রঃ—বেঃ চুড়ী—কাচের চুড়ী। (কাঁচ দেখ)।

বেল্যে, বেলে···ণ. বালিয়া। বালি দেখ। বেল্যে মাছ···মৎস্যবিশেষ।

বেল্লিক···ষ্য. (সং ব্যলীক—নাগরে—মেঃ) কেলিনাগর, কামুক, প্রঃ—সে বেল্লিক বরমালা পরে কোন গুণে (মাঃ)। বেল্লিকামি, বেলকামি, বেলকাম···ষ্য. (বেল্লিক+আমি)। বেল্লিকের ব্যবহার।

বেশ···ণ. (ফা° বেষ। অর্থে সং বরম্)। উত্তম, ভদ্র, ভাল। বেশি···ষ্য. আধিক্য, বহুতা। বেশী···ণ. অধিক। কম-বেশ···ণ. ন্যূনাধিক। কমি-বেশি···ষ্য. ন্যূনাধিক্য।

বেশর···ষ্য. (সং বেশ হইতে ? ও° বশণী)। নাকের অর্ধচন্দ্রাকার ছোট ভূষণবিশেষ। প্রঃ—নাসায় বেশর যেন পূর্ণিমার ইন্দু (মাঃ)। (বেশর ভূষণ এখন বঙ্গদেশ হইতে উঠিয়া গিয়াছে। ভারতে অন্যত্র আছে)।

বেঁশো···বাঁশ দেখ।

বেসন···ষ্য. (সং বেসন—ভাবপ্রকাশে। সং বেস ধাতু গতি। বোধ হয় সং পেষণ হইতে অর্বাচীন সং বেসন। হিং পিসান, বেসন)। নিস্তুষ দালিচূর্ণ (প্রায়ই ছোলার)।

বে-সম্পর্ক···ণ. (ফা° বে+সং সম্পর্ক)। সম্পর্ক-বিযুক্ত।···ষ্য. অন্য সম্পর্ক।

বেসর···ষ্য. (সং বেসবার, বেষবার। বেসো গতিঃ বেসং ব্যঞ্জনমধ্যে গমনং বৃণীতে বেসবারঃ, যদ্বা বেসেন বৃণীতে ব্যঞ্জনগুণমিতি বেসবারঃ, বেষং ব্যাপ্তিং বৃণীতে বেষবারঃ—অঃ টীঃ। ও° বেসর)। ধন্যা-সর্ষপাদি পিষ্ট, বাটনা। (হরিদ্রা সর্ষপং পিষ্ট-মার্দ্রকঞ্চ মরীচকং। জীরকং শুষ্কপত্রঞ্চ বেসবারঃ প্রকীর্তিতঃ—ইতি সূদশাস্ত্রং—অঃ টীঃ)। বেসর শব্দ অল্প দিন হইল উঠিয়া গিয়া গ্রামে বাটনা, শহরে মশলা নাম চলিত হইয়াছে।

বেসর…বেশর দেখ। প্রঃ—বেসর দোলয়ে নাসামূলে (নবদ্বীপপরিক্রমা)।

বে-সরকারী…ণ. (ফা° বে+সরকারী)। সরকারী নহে যাহা, গভর্ণমেণ্টের নহে।

বে-সরম…ণ. (ফা° বে+সরম দেখ)। লজ্জাহীন।

বেসাতি…ষ্য. (স° বৈশ্য-জাতি—বেশাতি—বেসাতি। তু° হি° বিসা ধাতু ক্রয় করা, বিসাতী—যে দ্বারে দ্বারে বিক্রয় করিয়া বেড়ায়। ও° বেসাদ—পণ্যসম্ভার, মাল)। পণিক, প্রঃ—বেসাতির বৈসএ হাট (শূং পুঃ); হাটে ক্রেয় দ্রব্যাদি, প্রঃ—হাটে যায় বেসাতির তরে (ভাঃ)। বাজার বেসাতি করা—হাট বাজার করা, প্রঃ—(ভাঃ)। (শব্দটি অপ্রচলঃ হইতেছে)।

বেসালি…ষ্য. (বাঁশ হইতে বাঁশালী—বেশালী—বেস্যালি ? তু° দুধের কাঁড়িয়া বা কেঁড়ো। দারজিলিঙ্গ প্রভৃতি অঞ্চলে অদ্যাপি দুধের কেঁড়ো—বাঁশের চোঙ্গা—প্রচলিত আছে। বংশ হইতে বাঙ্‌শ—অনুনাসিক থাকাতে বেঁশেলী হইত। তা ছাড়া, বাঁশের কেঁড়োতে দুধ আওটানা হইতে পারে না। পর্তু° vasilha—a vessel আছে। কিন্তু আছে বলিয়া সে শব্দ বা° বেসালির মূল বলিতে অন্য প্রমাণ চাই। ও° দুধ-বেহেরি। বেহেরি—তিজেল হাঁড়ী। ও° পণ্ডিতেরা জল কলশ—জলের ঘট—বুঝাইতে বর্ধনী বলেন। স° বর্ধনী—ঘটী—মেঃ। ইহা হইতে ও° বঢ়া—দুধ দুহিবার মাটির ভাঁড়। বোধ হয় বর্ধনী অপভ্রংশে বাহাণী—বাহালী—বাসালি—বেসালি। তু° স° সাহস, ঢাকায় ধারস)। দুধ আওটাইবার বড়মুখ চেপটা হাঁড়ী, প্রঃ—কেহ বা আছিল দুগ্ধ আবর্ত্তনে চুলাতে রাখি বেসালি (চণ্ডীঃ), যতন করিয়া বেসালি ধুইয়া সাঁজে সাজাইনু দুধ (চণ্ডীঃ), "বেসালির ভিতর দুগ্ধ রাখি পীরকে ফাঁকি দিল।" (অদ্যাপি গ্রামে পুরানা বেসালিতে মুড়ি রাখা হয়। কারণ বেসালি প্রচলঃ। কারণ হাঁড়ীর রন্ধ্র ঘৃতে ও দুগ্ধে পূর্ণ হইয়া ভিতরে বায়ু প্রবেশ করিতে দেয় না)।

বে-সুমার…ণ. (ফা° বে+সুমার দেখ)। অগণ্য।

বে-সুরা…ণ. (ফা° বে+সুর দেখ)। সুরের অমিল হেতু শ্রুতিকটু।

বেসেড়া (গ্রা°)…ণ. (বাসি হইতে। বাসিত—পর্যুসিত—বাসিতা—বাসিড়া—বেসেড়া)। পর্যুসিত। বাসাড়িয়া। (বাসা দেখ)।

বেসেড়া…ষ্য. (বসন্ত হইতে ?)। গো-বসন্ত রোগ (rinderpest or small pox proper)। (গোরু দেখ)।

বেসো…ণ. (বাস+উয়া—বাসুয়া—বেসো)। গন্ধযুক্ত।

বে-হক…ণ. (ফা° বে+হক দেখ)। অন্যায্য।

বে-হদ্দ…ণ. (ফা° বে+হদ্দ—সীমা)। সীমা-বহির্ভূত, প্রঃ—বেহদ্দ করা—সীমার বহির্ভূত কাজ করা।

বেহাই…ষ্য. (স° বৈবাহিক)। বেয়াই (দেখ)। স্ত্রী° বেহাইন, বেহাইনী। (প্রবোধচন্দ্রিকায় বেহায়ী বেহানী)।

বেহাগ…রাগরাগিণী দেখ। (হি° বিহাগ)।

বেহাগড়া…বেহাগ তুল্য রাগিণীবিশেষ।

বে-হাত…ণ. (ফা° বে+বা° হাত স° বিহস্ত)। বি-হস্ত, অন্যগৃহীত।

বেহান, বেহানী…বেহাই দেখ।

বে-হায়া…ণ. (সং বি হ্রী+বাং ইয়া। ওং বে-হয়)। নির্লজ্জ। স্ত্রীং বেহায়ী। বেহায়া-গিরি, বেহায়াপনা… নির্লজ্জ লোকের ব্যবহার।

বেহারা…ষ্য. (সং ব্যবহর্তা—কর্মাধ্যক্ষ। তুং ওং বেবর্তা, বেহুরা)। কর্মাধ্যক্ষ; উপাধি-বিশেষ। দল-বেহারা…পাইকের দলপতি (দলুই দেখ); উপাধিবিশেষ। (ওংতে বেহেরা—জাতিবাচক নহে। ওংতে বেহেরা—রাজনিযুক্ত জাতি-ব্যবহর্তা)।

বেহারা…ষ্য. (সং বিহার—লীলা, ভ্রমণ, স্কন্ধ হইতে বিহারী—যে স্কন্ধে বাহক। ওং বেহেরা)। বাহক, কাহার।

বে-হাল…ণ. (ফাং বে+হাল দেখ)। দুর্দশাপন্ন।

বে-হিসাব…ষ্য. (ফাং বে+হিসাব দেখ)। ভুল হিসাব। বে-হিসাবী…ণ. হিসাবের বহির্ভূত।

বে-হুকুম…ণ. (ফাং বে+হুকুম দেখ)। আদেশবিরুদ্ধ।

বেহুদা…ণ. (ফাং)। নির্বোধ।

বে-হুঁশ…ণ. (ফাং বে+হুঁশ দেখ)। অজ্ঞান, অচেতন।

বে-হেড…ণ. (ফাং বে+ইং হেড—head)। মতিভ্রষ্ট।

বেহেলা…ষ্য. (পর্তুং viola—violin)। প্রসিদ্ধ তন্ত্র, যন্ত্রবিশেষ। ইহাতে চারি তাঁত থাকে; নাম,—পঞ্চম সুর মধ্যম খাদ। ছড়ী…বেহেলা ও এসরাজ বাজাইবার নিমিত্ত চুলের ধনু-বিশেষ।

বৈ…বই দেখ।

বৈকাল…ষ্য. (সং বৈকাল বিকাল)। অপরাহ্ণ। বৈকালিক…ণ. (সং বৈকালিক)। অপরাহ্ণে কৃত্য। বৈকালী…ষ্য. (সং বৈকালিন্)। অপরাহ্ণের যোগ্য লঘু ভোজ্য।

বৈ কি…ব্য. (বই দেখ)। ব্যতীত আর কি।

বৈকুণ্ঠবাসী…ণ. (সং বৈকুণ্ঠবাসিন্)। বিষ্ণু-লোকবাসী; মৃত মান্য পুরুষের পূর্বে বসে। স্ত্রীং বৈকুণ্ঠবাসিনী।

বৈঁচি…বৈঁউচ দেখ।

বৈজ্ঞানিক…ষ্য. ণ. (সং বৈজ্ঞানিক বৈজ্ঞানিকঃ কৃতমুখঃ কৃতী কুশল ইত্যপি—অঃ। বিজ্ঞানেন ব্যবহরতি। বৈজ্ঞানিক—পটু—হেমঃ)। বিজ্ঞানকুশল।

বৈঠক…ষ্য. (হিং। সং বিষ্ট, বেষ্টক হইতে কোন কোন অর্থে সং বাটিকা)। সভা আধার, যেমন হুকার; উঠা-বসা ব্যায়াম বৈঠক-খানা…উপবেশন স্থান, সভাগৃহ বৈঠকী…ষ্য. উপবিষ্ট হইয়া যাহা হইতে পারে, যেমন বৈঠকী গান—দাঁড়া গানে বিপরীত। অন্য নাম বৈঠকিরী।

বৈঠা…বঠিয়া দেখ।

বৈতরণী…ষ্য. (সং বৈতরণী—অঃ। বিতরণে দানেন তীর্যতে বৈতরণী)। নরকের সিন্ধু নদী। বৈতরণী করা—আসন্ন মৃত্যুকালে বৈতরণী-গো দান করা।

বৈদেশী…ণ. (সং বৈদেশিক)। বিদেশী প্রাঃ—কবিকঃ।

বৈপিত্র…ণ. বৈমাত্র সাদৃশ্যে। বিপিতা হইতে এক নারীর দুই স্বামী হইতে জাত, যথাঃ শান্তনু তোমার মায়ে পুন কৈল বিয় বৈপিত্র দুই ভাই তাহে জন্মিল তো (ভাঃ)।

বৈভব···ষ্য. (সং বৈভব)। বিভব। বিষয় বৈভব···(সহচর শব্দ)। সম্পত্তি।

বৈমাত্র···ণ. (সং ; সং বৈমাত্রেয়)। বিমাতার গর্ভ-জাত।

বৈমুখ···ণ. (সং বিমুখ)। বিমুখ, প্রঃ—বঁধু হৈল বৈমুখ ননদী হৈল বৈরী।

বৈরাগী···ষ্য. (সং বৈরাগিন্)। সংসারবাসনা-ত্যাগী ; বৈষ্ণব। বৈরাগী-বৈষ্ণব···(সহচর শব্দ)। বৈষ্ণব।

বৈরী···ষ্য. (সং বৈরিন্। হিং বৈরি)। প্রায় এক হাত দীর্ঘ প্রসহ পক্ষীবিশেষ (The peregrine falcon. Falco peregrinus)। পক্ষী বৈরী হইতে বৈরী নাম হইয়া থাকিবে। অন্য নাম বাজ-বৈরী। শ্যেন পক্ষীর মধ্যে বৃহৎ ও বলবান্। চঞ্চু স্থূল ভিতরে দাঁতিয়া; পুচ্ছ গোল নীল মাটিয়া। চোখ হইতে পশ্চাৎ দিকে ডোরা থাকে। পুং অপেক্ষা স্ত্রী বৃহৎ। সমুদ্রের জলের ধারে বসে। উপর হইতে বেগে নামিয়া ছোঁ মারিয়া হাঁস পায়রা মারে। শীকারীরা কখন কখন পোষে।

বৈরিতা···ষ্য. (সং বৈরিতা)। শত্রুতা।

বৈশাখ (গ্রা° বোশেখ)··ষ্য. (সং বৈশাখ। ওং বৈশাখ্খ)। প্রথম মাসের নাম। বৈশাখী ···ণ. (বৈশাখী)। বৈশাখ মাসে করণীয়, বৈশাখ মাসে উৎপন্ন। কাল-বৈশাখী···ষ্য. বৈশাখ মাসের অপরাহ্ণে হঠাৎ জাত প্রবল পবন বা ঝড়। এই ঝড় উত্তর-পশ্চিম দিক হইতে আসে (Nor'wester)।

বৈষ-পুরানা (গ্রা°)···ণ. (বরষ হইতে বঅষ—বইষ)। বহু পুরাতন, প্রঃ—বৈঃ ধান চাল। (হালি ধান ও বৈষ পুরানা ধান)।

বৈষ্টম···ষ্য. (সং বৈষ্ণব। ষ্ণ উচ্চারণে বাংতে ষ্ট। বৈষ্টব—বৈষ্টম)। বৈষ্ণব ; বৈষ্ণবজাতি। স্ত্রীং বৈষ্টমী। রামাৎ, রামাত বৈষ্টম···রামানুজ সম্প্রদায়ের বৈষ্টম। দৃষ্টান্তে, তাঁতী কুল গেল বৈষ্টম কুলও গেল—বোধ হয় তাঁতী বৈষ্ণব লইয়া এই দৃষ্টান্তের উৎপত্তি। এ কুল ও কুল দুকুল যাওয়া।

বৈস্, বৈসহ···বস ধাতু অনুজ্ঞা পদ।

বো···ষ্য. (ফাং বু। সং ব)। গন্ধ। খোশ-বো ···সুগন্ধ। বদ্‌বো··দুর্গন্ধ।

বোকা···ষ্য. (সং বুক্ক। সং—বুক্ক ধাতু শ্বাদি-শব্দে, বুক্কতি শ্বা। ওং বোদা। পাঁঠা দেখ)। বড় ছাগ ; নির্বোধ (গালিতে)। বোকামি ···ষ্য. (বোকা+আমি)। নির্বুদ্ধিতা।
- বোকাটা, বোকটা, বোটকা··ষ্য. (বোকা +টা)। বোকা-ছাগ গন্ধ। বোকাটিয়া, বোকাট্যে··ণ. (বোকা+তা+ইয়া)। প্রায় নির্বোধ। বোকা-রাম···(রাম দেখ)। বোকাশ্রেষ্ঠ, নির্বোধশ্রেষ্ঠ। (গালিতে)।

বোক্কশ···ষ্য. (সং পুক্কশ)। বর্বর জাতিবিশেষ ; পেটুক।

বোচকা···ষ্য. (তুর্কী বুকচা)। বস্ত্রের বস্তা। বোচকী, বুচকী···ষ্য. (বোচকা+ঈ হ্রস্বার্থে)। ছোট বস্তা। বোচকা-বুচকী···বস্তা।

বোঁচা··ণ. (সং ব্রাঙ্গা—হীনাঙ্গা হইতে। হিং বুচা—কান-কাটা)। হীনাঙ্গা ; নতনাসিক ; আভরণহীন ; নির্লজ্জ, প্রঃ—কেহ ছোঁচা কেহ বোঁচা কেহ বা সরল (কবিকঃ)। স্ত্রীং বুঁচী।

বোজা···বুজ ধাতু দেখ।

বোঝা···ষ্য. (সং বন্ধ। রাঢ়ের পশ্চিম ও

উত্তরে বঝা। মোট দেখ। ও° বোঝু)। একত্র বদ্ধ দ্রব্য, একত্র বাহিত দ্রব্য, প্রঃ—পাঁচ ছয় পয়সা হয় একেক বোঝাতে (চৈঃ চঃ)। (বাজরা দেখ)। ভূতের বোঝা বহা—ভূতযোনির যাহার কর্ম নাই তাহার বোঝা বহন; ইহা হইতে অকারণে কর্ম করা। বোঝাই···ষ্য. (বোঝা +ই—বদ্ধতা)। ভার, দ্রব্যরক্ষা দ্বারা পূরণ, প্রঃ—নৌকা বোঝাই করা (তু° নায়ের ভরা)।···ণ. বোঝা রক্ষিত হইয়াছে যাহাতে, প্রঃ—বোঝাই নৌকা। বোঝারী ···ষ্য. (বোঝা+আরী)। বোঝা-বাহক।

বোঝা···বুঝ ধাতু দেখ। বোঝা-পড়া ··বোধন ও পঠন (প্রায় সহচর শব্দ), বিবাদ মীমাংসা।

বোট···ষ্য. (ই° boat। তু° স° পোত,-রহিত্র)। বড় নৌকা, যে নৌকা বাষ্পে চালিত হয়। অগ্নি-বোট, আগুন-বোট···যে নৌকা আগুনের শক্তিতে চালিত হয়, ষ্টীমার। জালি-বোট ··(ই° jolly-boat)। জাহাজের পানসী। লাং-বোট ··(ই° long-boat—জাহাজের বৃহৎ নৌকা নহে। লাঙ্গূল হইতে লাং)। ষ্টীমারের পশ্চাতে যে পানসী বাঁধা থাকে; অনুবর্তী। বোট ক্লক ···(ই° boat cloak)। গলা হইতে লম্বিত শীতবস্ত্র।

বোটকা ··বোকা দেখ।

বোঁটা, বোঁট ··ষ্য. (স° বৃন্ত, স°প্রা° অর্বাচীন স° বোণ্ট। বৃন্তং প্রসববন্ধেহস্ত্রী ঘটীধারা-কুচাগ্রয়োঃ—মেঃ)। পত্রপুষ্প ফলাদির বৃন্ত; যে অঙ্গ ধরিয়া লাঙ্গল চালাইতে হয়; স্তনাগ্র। (বাঁট দেখ)।

বোঁটী···বঁটী দেখ।

বোড ··বোর্ড দেখ।

বোড়া···ষ্য. (স° বোড্র; বোড্রী—মেঃ। অন্য স° নাম গোনস—গোখুর মুখের সদৃশ মুখ বলিয়া)। বিষধর সর্পবিশেষ (viper)। দেহ স্থূল, পুচ্ছ এত হ্রস্ব যে, বাঁকাইয়া ধরিতে পারে না। মাথা স্থূল চওড়া। অণ্ডে পরিবর্তে একেবারে বৎস প্রসব করে। উলু-বোড়া, চন্দ্র-বোড়া, চন্দনবোড়া··· ভয়ঙ্কর সর্পবিশেষ (Vipera russelli)। হরিদ্রাবর্ণ দেহে তিন সারি বড় বড় কৃষ্ণব° দ্বীপ (চন্দ্র) চিহ্ন আছে। দেখিতে সুন্দর, কিন্তু জড়ভাবাপন্ন। দীর্ঘে ২।০ হাত লাঙ্গূল ৯।১০ আঙ্গুল হয়। চক্র-বোড়া·· এই বোড়া জলে কাদায় থাকে। বর্তুলাকা আকৃষ্ণপীতবর্ণ দেহে তিন চারিটা চক্রাকা চিহ্ন থাকে। দীর্ঘে ১।০ হাত হয়। পুচ্ছ হ্রস্ব ভুগ্ন।

বোতল ··ষ্য. (ই° bottle। পর্তু° botelha) কাচের বর্তুলাকার পাত্র। কোয়াট বোত ···(ই° quart)। যে বোতলে (প্রা পাঁচ পোয়া জল ধরে। পাইন্ট বোত ···(ই° pint)। যে বোতলে (প্রায়) দ ছটাক জল ধরে।

বোতাম (গ্রা° বোদাম)···ষ্য. (ই° button) জামা প্রভৃতির বন্ধ-চাকতী।

বোদ ··ণ. (স° বোদ—শব্দকল্প:)। আর্দ্র।

বোদা···ণ. (স° বিস্বাদ)। বিস্বাদ, ক্ষা যেমন কোন কোন কুআর জল। বোদাটি বোদাটে ··ণ. (বোদা+তা+ইয়া) ঈষৎ বিস্বাদ।

বোধ···ষ্য. (স°)। জ্ঞান। বোধন ··

(সং)। জাগানা। বোধ-শোধ…ষ্য. (সং শোধন—শুদ্ধি। অতএব প্রায় সহচর শব্দ)। বুদ্ধি-শুদ্ধি। বোধা-বোধ…ষ্য. (বোধ+অবোধ)। জ্ঞান-অজ্ঞান।

বোদাল ··বোয়াল দেখ।

বোন ··ষ্য. (বইন দেখ। যশোরে বইন; বুন, ময়মনসিংহে ভইন। বস্তুতঃ বইনী—বইন—ব৺ন)। ভগিনী। বোন-পো…ষ্য. বইন-পুত্র। বোনাই…ষ্য. (সং ভগ্নী-পতি—ব৺ন-পতি—বোনাই। হিং বহনোঈ)। ভগ্নী-পতি (রাঢ়ে প্রায়ই ভগ্নীপতি)।

বোনা…বুন ধাতু দেখ। কাঁচি-বোনা…সূতা ভিজাইয়া তাঁতে বোনা। অন্য নাম ভিজা বোনা।

বোবা…ণ. (ব ব, বো বো করে বলিয়া)। বাক্‌বর্জিত। বোবায় ধরা—রাত্রে অতি-ভোজনাদি হেতু স্বপ্নে গোঁ গোঁ করা।

বোমা ··ষ্য (পর্তুং bomba, ইং bomb)। বিদারক চূর্ণ-পূর্ণ গোলক।…(ইং pump)। জলোত্তোলন-যন্ত্র,পম্প। পেটে বোমা বসানা—কল দিয়া দেখা, ভিতরে বুদ্ধি-শুদ্ধি আছে কি না। (পেট দেখ)।

বোম্বেটিয়া…বম্বেটিয়া দেখ।

বোয়া…বয়া দেখ।

বোয়া ··ষ্য. (ইং buoy)। নদীর নীচে চড়া জানাইবার ভাসা নিশান।

বোয়াম··ষ্য. (হিং)। মৃত্তিকার দৃঢ় পাত্র। (কলিকাতায়)।

বোয়াল··ষ্য. (সং বোদাল, বদাল। অমরে নাম সহস্রদংষ্ট্র পাঠীন। পাঠীং পৃষ্ঠং নমযন্তি অঃ টীঃ)। অ-শকলী বৃহৎ মৎস্যবিশেষ (The catfish, Wallago attu)। গোঁফ চারিটা, কাঁধের পাখনা ছোট, মুখ-ছিদ্র চোখের পশ্চাৎ পর্যন্ত বিস্তৃত। রাঘব বোয়াল ··(রাম দেখ)। অন্য মাছ ভক্ষণ করে; লক্ষণায় অর্থগৃধ্নু।

বোর…ষ্য. (সং বদর হইতে)। স্বর্ণ রৌপ্যাদি পত্রের ফোঁট; শিশু-কটির গোল ফোঁট-বিশিষ্ট অলঙ্কারবিশেষ।

বোরা, বরা ··ষ্য. (সং বরাট—রজ্জু। তুং গুণ—রজ্জু হইতে বাং গুণ। হিং ওং বোরা। রাঢ়ের উত্তর ও পশ্চিমে বরা)। রজ্জুনির্মিত থলিয়া, গাছ পাটের দোড়ীর থলিয়া।

বোরো…ষ্য. (সং বোরব—শব্দকল্পঃ। অর্বাচীন সং। বুড়িয়া-ডুবিয়া জন্মে বলিয়া বোড়ো—বোরো? তুং ওং নাম দাঠুঅ—দলবৎ জন্মে যাহা)। জলার গ্রৈষ্মিক ধান্যবিশেষ (ধান দেখ)।

বোর্ড…ষ্য. (ইং board)। কাষ্ঠপট্ট; সমিতি। বোর্ডিং ··(ইং boarding house)। হোটেল। লোকাল বোর্ড…(ইং local board)। মহকুমার সমিতি। ডিষ্ট্রিক্ট বোর্ড…(ইং district board)। জেলার সমিতি। ব্লাক বোর্ড ··(ইং black board)। খড়ীতে লিখিবার মসীমাখা পাটা। পেষ্ট বোর্ড…(ইং paste board)। পিস বোর্ড, জমানা মোটা কাগজ।

বোল ··ধাতু. (বল ধাতু দেখ)। বোলি—কহি, প্রঃ—উল্লুকর বাক্য শুনি বোলে মাআধর (শূং পুঃ), কাজিগণের মুখে যে বোলাইল হরি (চৈঃ চঃ)। বোলা॥ (প্রাচীন বাং)। বোল ··ষ্য. বাক্য; শব্দ; বাজাইবার সাঙ্কেতিক ধ্বনি, যেমন তালের বোল—তা ধিন তা ধিন ধিন তা। বোলি, বুলি…ষ্য

বোল ; ভাষা ; পাখী শিখাইবার শব্দ। বোল-চাল…বোলি-চালি ; কথন ও ব্যবহার ; উপালম্ভ, পরুষ বাক্য (প্রায় অশিষ্ট)। হরি-বোল…হরি-ধ্বনি। বোলা …ধাতু. (বোল ধাতু আস্তে)। বোলাই—আহ্বান করি, ডাকি,প্রঃ—সেই চিহ্ন পায়ে দেখি মিশ্রে বোলাইল (চৈঃ চঃ)। বোলানা॥ (হিংতে প্রচলঃ। বাংতে অপ্রচলঃ)।

বোল…ষ্য. (সং বোল—অঃ। অন্য নাম গন্ধরস। হিং হিরাবোল। ফাং বোল আং মোর, গ্রীক myrrha, ইং myrrh। আং মোর হইতে সং বোল আসিয়া থাকিবে)। গুগ্গুলতুল্য গন্ধরসবিশেষ। আসামের গুগ্গুল (Bdellium) অপেক্ষা সিন্ধু ও রাজপুতানার গুগ্গুল উৎকৃষ্ট। বৃক্ষবিশেষের নির্যাসের নাম গুগ্গুল। বোল (myrrh) আরব ও আফ্রিকাদেশের বৃক্ষবিশেষের (Balsamodendron myrrh) তৈলবৎ রস (Balsam)। বালাসান দেখ।

বোল্টু…ষ্য. (ইং bolt। সং নাম বর্কুট)। লৌহ সূচী ; লৌহশলার অর্গলী ; ইস্কুরূপ কাটা লৌহশলা যাহা ঢিবরী দিয়া আঁটা হয়।

বোল্তা, বল্তা…ষ্য. (সং বরট, বরল—শব্দকল্পঃ। বরটা শব্দও সংতে আছে। চৈঃচঃ—ভীমরুল বরুলী)। মধুমক্ষিকাতুল্য ষট্পদীবিশেষ (hornet or wasp. Vespidæ)। পোকা দেখ। বোলতা যখন বসিয়া থাকে, তখন উপরের ডেনা নীচের ডেনার কিয়দংশ আবৃত করিয়া উদরপার্শ্বে থাকে। পুরানা জীর্ণ কাঠ চাঁচিয়া বোলতা এক প্রকার কাগজের চাক করে। ইহার হুল ভয়ানক। (ভিমরুল বোলতার তুল্য, কিন্তু প্রায়ই এক একটা থাকে, আর কাদার ঘর করে)॥

বৌ, বৌড়ী…বউ দেখ।

বৌল…বউল দেখ। (ওং বৌঠ)।

বৌহারী…বহুয়ার দেখ।

ব্যক্তি…ষ্য. (সং ব্যক্তি—পৃথগাত্মিকা—অঃ, হেমঃ)। জন। ব্যক্তিগত…ণ. (আধুনিক রচিত)। পুরুষবিশেষানুবন্ধ (সাধারণ নহে)।

ব্যঙ্গা…ষ্য. (সং ব্যঙ্গা)। বেং।…ণ. হীনাঙ্গ, বিকলাঙ্গ। ব্যঙ্গা করা—মুখভঙ্গি করা। ব্যঙ্গ্য…ণ. (সং ব্যঙ্গ্য)। ব্যঞ্জনা দ্বারা বোধ্য অর্থ যার ; উপহাস।

ব্যথা…ষ্য. (সং ব্যথা—দুঃখ)। শরীর ও মনের দুঃখ (pain)। মাথা ব্যথা…মস্তকপীড়া (headache)। পেটব্যথা…উদরের শূল (colic)। গায়ে ব্যথা…দেহের পেশীর ক্লান্তি বা পীড়া (fatigue or muscular pain)। প্রসবব্যথা…সন্তানপ্রসবের পূর্বের বেদনা (labour pain)। ব্যথী…ণ. (ব্যথা +ঈ। সং ব্যথিত)। ব্যথিত। ব্যথার ব্যথী …অন্যের ব্যথায় ব্যথিত।

ব্যান্নন…ষ্য. (সং ব্যঞ্জন। ওং নাম তিউণ, হিং তেঅন—সং তেমন)। অন্নের উপকরণ। প্রঃ—ভাত হ'ল কড়কড়্যে ব্যান্নন হ'ল বাসি (বালিকা উপকথায়)। পঞ্চাশ ব্যান্নন ভাত…পঞ্চাশ প্রকার ব্যঞ্জন সহিত অন্ন।

ব্যবসা…ষ্য. (সং ব্যবসায়)। জীবিকা ; অনুষ্ঠান, উদ্যম ; বাণিজ্য। ব্যবসা-বাণিজ্য …(সহচর শব্দ)। বাণিজ্য। ব্যবসাই…ষ্য. (সং ব্যবসায়ী)। ব্যবসায়ী। ব্যবসাই

বুদ্ধি·—বণিক্‌বুদ্ধি। ব্যবসাদার···ষ্য. (ফা° দার)। বণিক। ব্যবসাদারি···ষ্য. বণিক-বৃত্তি। ব্যবসাদারী···ণ. বণিকযোগ্য।

ব্যবস্থা···ষ্য. (স° ব্যবস্থা)। শাস্ত্রনিরূপিত বিধি; স্থিতি।

ব্যবহার···ষ্য. (স° ব্যবহার—বিবাদ—ঋণ-দানাদি বিবাদ—অঃ। ন্যায়, পণ, স্থিতি—মেঃ)। স্থিতি; প্রথা; লৌকিক আচার, লৌকিক আচারে প্রদেয় বস্ত্রাদি (বেভার দেখ), প্রঃ—কন্যাগণে দিবে ব্যবহার (কবিকঃ)। শব্দ ব্যবহার করা—(স°তে এরূপ প্রয়োগ পাওয়া যায় না। কিন্তু, বাচস্পত্যভিধান দেখ)। শব্দ প্রয়োগ করা। (কাপড় ব্যবহার ছাতা ব্যবহার ঔষধ ব্যবহার ইত্যাদি বা° নহে)।

ব্যয়···ষ্য. (স° ব্যয়)। খরচ। ব্যয়-বাহুল্য···ষ্য. অর্থের অপগমাধিক্য। ব্যয়-ভূষণ···ষ্য. (স° ব্যসন হইতে ভুলে ভূষণ ?)। সফল ব্যয় ও নিষ্ফল ব্যয়, অপরিমিত ব্যয়। ব্যয়স্থান···জ্যোতিষে লগ্নের দ্বাদশস্থান।

ব্যর্থ···ণ. (স° ব্যর্থ)। নিরর্থক, বিফল।

ব্যলগ···বেলগ দেখ।

ব্যস্ত···ণ. (স° ব্যস্ত)। ব্যাকুল; ব্যাপ্ত; প্রত্যেক। ব্যস্ত সমস্ত···(ব্যস্ত—পৃথক পৃথক, সমস্ত—একত্র। অতএব প্রতিচর শব্দ)। অতি ব্যাকুল। ব্যস্তবাগীশ···ণ. (স° বাগীশ হইতে বিদ্যাবাগীশ, ন্যায়-বাগীশ প্রভৃতি শব্দসাদৃশ্যে)। যে সর্ব্বদা ব্যস্ত। (বেহস্ত দেখ)।

ব্যাকুড়···ষ্য. (স° বৃহতী। কিন্তু, বৃহতী শব্দ হইতে ব্যাকুড় আসিতে পারে না। বৃহতীর পর্যায়ে কুলী আছে। বৃহতীকুলী একত্রে ব্যাকুড়। বৃহতী—ক্ষুদ্রবার্তাকী কণ্টকারী মহতী—মেঃ। আশ্চর্য, বৃহতী মহতী কুলী নাম ক্ষুদ্রফল দেখিয়া হইয়াছে)। বঙ্গনাদি বর্গের বহুশাখ কণ্টকী ক্ষুপ-বিশেষ (Solanum indicum)। প্রায়ই পড়া জায়গায় ইটখোলার উপরে জন্মে। মঞ্জরীতে অনেক নীলবর্ণ ফুল ধরে। ফল গোল ক্ষুদ্র। ইহার মূল দশমূল পাচনে লাগে।

ব্যাকুলিত···ণ. (স° ব্যাকুল। ভুলে বা° ব্যাকুলিত। তু° প্রফুল্লিত)। ব্যাকুল, প্রঃ—কৃত্তিঃ। (ও° ব্যাকুল্লিত)।

ব্যাজ···ষ্য. (স° ব্যাজ—অঃ)। কপট, ছদ্ম, অপদেশ, স্বাভিপ্রায় গোপন; লভ্যাংশ। শুদ ব্যাজ···(প্রায় সহচর শব্দ)। শুদ কিংবা বৃদ্ধি।

ব্যাপ, (গ্রা° বেপ)···ধাতু. (স° বি-আপ ধাতু ব্যাপ্তি)। ব্যাপি—অভিব্যাপন করি, সর্বত্র প্রবেশ করি, আক্রমণ করি। ব্যাপা॥ ব্যাপা···ধাতু (ব্যাপ ধাতু আস্তে)। ব্যাপানা॥

ব্যাপার···ষ্য. (স° ব্যাপার)। ক্রিয়া, ব্যবসায়। ব্যাপারী (গ্রা° বেপারী)···ষ্য. (স° ব্যাপারিন্)। ব্যবসায়ী, ধানচালের বণিক।

ব্যাভার (গ্রা°)···ব্যবহার, বেভার দেখ।

ব্যাম···ষ্য. (স° ব্যাম)। বাঁও (দেখ)।

ব্যাম্, ব্যামো···ষ্য. (স° বি+আম, আময়—রোগ)। বিশেষ রোগ। ব্যাম্-স্যাম্···(সু+আম। তু° সকাল)। পীড়া।

ব্যামোহ···ষ্য. (স° ব্যামোহ)। বিশেষ মোহ, ব্যাকুলতা।

ব্যারাম···ষ্য. (স° বি-আরাম—আনন্দ। তথাপি

ফা°। আরাম দেখ)। অস্বাস্থ্য। ব্যারাম-স্থারাম···ষ্য. (স্থারাম—উপচর শব্দ)। রোগ পীড়া।

ব্যাসদেব···ষ্য. (সং ব্যাস-দেব)। বেদব্যাস; প্রাচীন যাত্রাগানে কাশীদেবের পিতা। ব্যাস-পীড়ী···ব্যাস পুরাণকথকের পীঠ।

ব্যোমা···ষ্য. (সং ব্যোমন, ব্যোমন্। অন্য নাম তেমন)। তাঁতের নরাজ। (কদাচিৎ প্রচলঃ)।

ব্রজ···ষ্য. (সং ব্রজ—গোষ্ঠ, পথ, সমূহ—মেঃ)। মথুরা-সমীপস্থ গোকুল গ্রাম; পর্যটন, গমন (সং ব্রজ্যা), প্রঃ—পদব্রজে। ব্রজবুলি···মৈথিলী ভাষার অনুকরণে এক ভাষা। কৃষ্ণের ব্রজের ভাষা নহে।

ব্রত (গ্রাং বেত) ··ষ্য. (সং ব্রত)। নিয়ম, পুণ্যজনক কর্ম। বার-ব্রত··(সং বার—বাসর, পালা। প্রায় সহচর শব্দ)। বার-নিয়মাদি। ব্রত উদ্‌যাপন (গ্রাং উজ্জাপন) ··ব্রত সমাপন।

ব্রহ্ম ··ষ্য. (সং ব্রহ্মন্)। ব্রাহ্মণ। ব্রহ্মাস্ত্র···ষ্য. যে অস্ত্রে ব্রহ্ম অধিষ্ঠান করেন; মারাত্মক অস্ত্র বা উপায়। ব্রহ্মজ্ঞানী···ব্রাহ্ম। ব্রহ্ম-ডাঙ্গা ···যে উচ্চ ভূমিতে ব্রাহ্মণে বাস করিতে পারেন; উচ্চ অনুর্বরা ভূমি। ব্রহ্মতেজঃ ··ব্রাহ্মণের তেজঃ। ব্রহ্ম-তালু ··মস্তকের যেখানে ব্রহ্ম স্থিতি করেন,ব্রহ্মরন্ধ্র। ব্রহ্মত্র, ব্রহ্মোত্তর···ষ্য. (সং ব্রহ্মত্র—ব্রহ্মত্তর—ব্রহ্মোত্তর)। ব্রাহ্মণকে প্রদত্ত ভূমি। ব্রহ্ম-দৈত্য···ষ্য. (সং)। ব্রহ্ম-রাক্ষস, যে ব্রাহ্মণ দৈত্যে পরিণত হইয়াছেন। অবিবাহিত ব্রাহ্মণ মরিয়া ব্রহ্মদৈত্য হয়েন। নিম্ব বিল্ব বট অশ্বত্থ—এই চারি বৃক্ষে ব্রহ্মদৈত্য বাস করে। এই হেতু রাত্রিকালে ও দিবা দ্বিপ্রহরে এই সকল গাছের কাছে যাইতে নাই। গ্রাম্য যুবতীকে কখন কখন ব্রহ্ম-দৈত্য আক্রমণ করে। ব্রহ্মস্ব···(সং)। ব্রাহ্মণের সম্পত্তি। ব্রহ্মহত্যা···ব্রাহ্মণহত্যা।

ব্রাহ্ম···ষ্য (সং—ব্রহ্ম সম্বন্ধীয়)। ব্রহ্মোপাসক আধুনিক ধর্ম সম্প্রদায়বিশেষ। স্ত্রীং ব্রাহ্মিকা (তুং পাচিকা)। ইহাঁদের শাখার নাম সমাজ।

ব্রাহ্মণ···ষ্য. (সং)। আর্যের প্রথম বর্ণ, বামুন। স্ত্রীং ব্রাহ্মণী। ব্রাহ্মণ-সজ্জন···(সহচর শব্দ)। ব্রাহ্মণ ও সজ্জন।

ব্রাহ্মী···বির্মি দেখ।

ব্রিটিশ···ণ. (ইং British)। গ্রেট ব্রিটেন নামক দ্বীপবাসী সম্বন্ধীয়, ইংরেজজাতীয়।

ব্রেণ্ডি···ষ্য. (ইং brandy)। উগ্র সুরা।

ব্রেকেট ··ষ্য. (ইং bracket)। ভিত্তিতে বদ্ধ আধার (সং নাম সালার); লৌহাদির জানুবৎ পাদ; শব্দাদির বন্ধনী চিহ্ন ( ) [ ]।

ব্রোচ, ব্রুচ···ষ্য. (ইং brooch)। বস্ত্রে বদ্ধ করিবার নারীভূষণ।

ব্লটিং···বেলাটিং দেখ।

ব্লু···বুলু দেখ। ব্লু-ব্লেক ··(ইং blue black)। নীল-কৃষ্ণবর্ণ।

ভ।

ভ···ষ্য. (সং)। ব্যঞ্জন-বর্ণ,-অক্ষর-বিশেষ।

ভ···ধাতু. (সং ভূ ধাতু হইতে ভব হইয়া সং ভবতি, অভবৎ ইত্যাদি পদ হয়। পালিতে ভূ ধাতু স্থানে হু ধাতু হইয়া হোতি হোমি হোন্তি ইত্যাদি পদ হইয়াছিল। ইহা

হইতে বর্তমানে হ ধাতু)। ভই, ভৈ—হই ; ভৈল—হৈল, হইল ; ভৈল—ভেল—হৈল, প্রঃ—জীবন ভেল অতিভার (জ্ঞানদাস) ; ভৈ গেল—হই গেল ; ভেল—ভেলা—হেলা ; ভৈলোঁ—হইনু, ইত্যাদি। (প্রাচীন পদে)।

ভইন···স্ত্রী. (সং ভগিনী)। বইন। (অপ্রচলঃ)।

ভঁউরি···স্ত্রী. (সং ভ্রমি। ও° ভউঁরি)। জল-ভ্রমি ; (ভাঁউরি দেখ) ; লোমাবর্ত (ভৌঁরি দেখ)।

ভকত ··ণ. ভক্ত। (পদ্যে)। ভকতি ··স্ত্রী. ভক্তি।

ভক্ত···স্ত্রী. (সং)। পূজক, বিশ্বাসী অনুচর বা দাস ; অনুরাগী, প্রঃ—ভাতের ভক্ত। ভক্ত-বিটল ··ণ. (বিটল দেখ)। ভক্ত ধূর্ত, ভণ্ড।

ভক্তি···স্ত্রী. (সং)। পূজ্যের প্রতি অনুরাগ ; সেবা। ভক্তি-পূর্বক···ব্য. ভক্তি সহিত। ভক্তিমন্ত···ণ. (সং ভক্তিমান্)। ভক্তিমান্। দৃষ্টান্তে, অতিভক্তি চোরের লক্ষণ—অতি-শয় ভক্তি দেখিলে সাধুতায় সন্দেহ হয়। ভক্তা, ভক্ত্যা···স্ত্রী. (ভক্ত শব্দের স্ত্রী°। তু° দাস্যা)। ধর্ম ঠাকুরের দাসী।

ভক্-ভক···ব্য. (সং ভক্ষ ধাতু ভক্ষণে। ঢক্-ঢক দেখ)। জলাদি দ্রব্য সরুমুখ পাত্রে প্রবেশ-শব্দে, যেমন কলশীতে।

ভখ···ধাতু. (সং ভক্ষ ধাতু)। ভখি—ভক্ষণ করি, প্রঃ—গরল ভখিয়া মো পুনি মরিব (চণ্ডীঃ)। (পদ্যে)।

ভগন্দর ··স্ত্রী. (সং)। মলদ্বারের ক্ষতবিশেষ (fistula in ano)।

ভগ্ন ··ণ. (সং)। ভাঙ্গা ; হতাশ ; যুদ্ধ বা নষ্ট ; পরাজিত। ভগ্ন-পাইক···স্ত্রী. (সং ভগ্ন-পায়িক বা পদাতি)। ভগ্নদূত, রণে পরাজিত এই সংবাদবাহক, প্রঃ—কৃত্তিঃ ভগ্নাংশ···স্ত্রী. (ভগ্ন+অংশ)। ভাঙ্গা ভাগ বিভক্ত করিলে যে অংশ হয় (fraction) যথা, আধ, অর্ধেক, সিকি, চৌথ, তেহাই দেশীয় রীতিতে ষোল ভাগ করিয়া ভগ্নাং প্রকাশিত হয়।

ভগ্নী···স্ত্রী. (সং। বোধ হয় ভগিনী শ সংক্ষেপে)। ভগিনী। ভগ্নীপতি (গ্রা° ভগি পত)··ভগিনীপতি।

ভঙ্গ···স্ত্রী. (সং)। পরাজয় ; নিরাশ ; ভো নাশ, হানি ; প্রতিবন্ধ ; খণ্ড ; তরঙ্গ ভঙ্গ কুলীন···যে কুলীন 'স্বভাব'-ভ্র হইয়াছে। ভঙ্গি···স্ত্রী. (সং)। ভঙ্গ চাতুরী ; রচনা ; শোভা ; ব্যঙ্গ্য ; তরঙ্গ মুখ-ভঙ্গি···মুখের শোভা ; মুখ বাঁকাইয় ব্যঙ্গ। ভঙ্গিমা···স্ত্রী. (সং ভঙ্গিমন্) ভঙ্গি ; ব্যঙ্গ।

ভচ্ছনা (গ্রা°)···স্ত্রী. ভর্ৎসনা।

ভজ···ধাতু. (সং ভজ ধাতু)। ভজি—ভক্তি সেবা করি ; পূরণ করি, প্রঃ—টাকা ভজিল না। ভজা ॥ ভজন···স্ত্রী. ঈশ্বর প্রতি উপা সনার গান। ভজন-পূজন ··(সহচর শব্দ)। উপাসনা। কর্তা-ভজা···কর্তা দেখ। ভজা ···ধাতু. (ভজ ধাতু আন্তে)। ভজানা। ভজানা···মন্ত্রণা দ্বারা তুষ্ট করা।

ভজ্-কটু···স্ত্রী. (সং ভুজ-কোটি ?—গণিতের দ্বিভুজ-সাধনে)। কষ্টকর আয়োজন ; বিঘ্ন।

ভট্ট···স্ত্রী. (সং ভট ধাতু কথনে হইতে সং)। শাস্ত্রজ্ঞ পণ্ডিতের উপাধি। ভট্টাচার্য···স্ত্রী. (ভট্ট+আচার্য্য)। শাস্ত্রজ্ঞ বিদ্বান্ পণ্ডিত ; উপাধিবিশেষ।

ভট্-ভট···ব্য. (সং ভূড ধাতু মজ্জনে)। কর্দমে

মজ্জনশব্দে, প্রঃ—পচা কাদায় পা দিলে ভট্-ভট করে।

ভড়…ষ্য. (স° ভট। ভটঃ বীরে চ বিশেষ-পামরস্থ চ—মেঃ। ভড—আপ্তে)। জাতির উপাধিবিশেষ।

ভড়ং…ষ্য. (স° ভট হইতে। হি° ভড়ক, ম° মডক, ও° ভড়ঙ্গ)। বাহ্য আড়ম্বর। ভড়ঙ্গিয়া, ভড়ঙ্গ্যে…ণ. (ভড়ং+ইয়া)। বাহ্য আড়ম্বরবিশিষ্ট।

ভড়্কা…ধাতু. (ও° ভডক—ভীতি। হি° ভটক, ভড়ক ধাতু ; ম° ভরকট ভবকড—দ্রুত কিন্তু কুৎসিৎ কাজ করা। হি° ভটকনা—পথভ্রষ্ট হই। ভীরুক—ভয়শীল হইতে ?)। ভড়কাই—ভয়াদি হেতু বিহ্বল হই, চমকাই। ভড়্কানা॥

ভড়কা…ধাতু. (ভড়্-ভড় করা হইতে)। ভড়্কাই—জলাদি যোগে ভড়্ভড় বা ভট্-ভট করাই, যেমন খুলী চুনে জল দিয়া। ভড়কানা॥

ভড়্-ভড়…ব্য. (ভট্-ভট রূপান্তরে। স° ভৃ ধাতু ভরণে)। ভড়্-ভড় শব্দে, প্রঃ—পচা পাঁকে পা দিলে ভড়্-ভড় করিয়া পা ডুবিয়া যায়, ভড়্ভড় করিয়া হুকা টানা। ভড়র-ভড়র…ভড়্-ভড় রব।

ভণ…ধাতু. (স° ভণ ধাতু)। ভণি—কহি, (পদকর্তার) নাম কহি। ভণা। ভণিতা …ষ্য. (স° ভণিত, ভণিতি)। পদকর্তার নামকথন।

ভণ্ড…ষ্য. (স°)। উপহাসকুশল ভাঁড়। ণ. অপ্রকৃত। ভণ্ড তপস্বী…প্রকৃত তপস্বী নহে, তপস্বীর বেশধারী। ভণ্ডামি ..ষ্য. (ভণ্ড+আমি)। ভণ্ডের ব্যবহার, মিথ্যা গোপন দ্বারা সাধুতা প্রকাশ। ভণ্ডুল…ণ. (তু° ও° ভণ্ডুর, হি° ভণ্ড—ভণ্ডা। বোধ হয় স° ভণ্ডন শব্দের অপভ্রংশে)। ভণ্ডা, ব্যর্থ, পণ্ড।

ভর্ত্ত (গ্রা°)…ভরতি দেখ।

ভদ্র (গ্রা° ভদ্দ)…ণ. (স°)। শ্রেষ্ঠ, উত্তম, ভাল। ষ্য. মঙ্গল ; (পূর্বকালে) গ্রামের শ্রেষ্ঠ ব্যক্তি, পূর্বকালে গ্রামবাসীর নির্বাচিত ব্যক্তি,এখন তাহার বংশধর, মুখ্য। (ভদ্র বা মুখ্য ও মণ্ডল—ইহারা গ্রামব্যবস্থাপক)। ভদ্রতা (গ্রা° ভদ্রত্ব)…ষ্য. মঙ্গল। ভদ্রা …ষ্য. (স°)। তিথিবিশেষ (দ্বিতীয়া সপ্তমী দ্বাদশী তিথি)। নামে ভদ্রা হইলেও অশুভ তিথি। কাজে ভদ্রা পড়া—অশুভ হওয়া, কিছুতেই নির্বিঘ্নে সম্পন্ন না হওয়া। ভদ্রা-ভদ্র…ষ্য. (ভদ্র+অভদ্র)। শুভাশুভ। ভদ্রাসন…ষ্য. (স°—নৃপাসন—অঃ)। নৃপাসন ; বসতিবাটী। ভদ্রাসন-বাটী…পিতৃ-পিতামহের বাস্তুতে যে বাড়ী আছে।

ভন্-ভন…ব্য. (স° ভণ ধাতু শব্দে)। মক্ষি-কাদির শব্দে। ভন্‌ভনানি॥ ভেন্-ভেন …ব্য. অপ্রীতিকর ভন্‌ভন শব্দে।

ভব…ষ্য. (স° ভব)। উৎপত্তি ; স্থিতি ; সংসার। ভব-ঘুরিয়া, ভব-ঘুরে…ণ. সংসারে স্থিতি না করিয়া যে মিথ্যা ঘুরিয়া বেড়ায়, যে উদ্দেশ্যহীন জীবন অতিবাহিত করে। ভব-চন্দ্র ..এক কাল্পনিক নির্বোধ রাজার নাম। ভব-চন্দ্র স্থানে হব-চন্দ্র নামও আছে। ভবী…ভব—শিব ; ভবী—শিবপত্নী। (স°-তে ভব্যা, ভবানী)। ভবী ভুলিবার নয়—স্বামী ভব যতই বুঝান, স্ত্রী ভবী তাহাতে ভুলেন না। (বোধ হয়

দক্ষযজ্ঞে সতীর উপস্থিত হইবার বাসনা হইতে)। লক্ষণায়, যে কিছুতেই বুঝিবে না। ভব্য (গ্রা° ভব্বি)…ণ (স° ভব্য)। যোগ্য, উত্তম, ভদ্র, প্রঃ—সভ্য ভব্য। ষ্য. মঙ্গল, শুভ, প্রঃ—ভুব্য আমি ভাগিনা ভালর তরে কই (মাঃ); প্রঃ—ভব্য নাই ভয় পেয়ে ভুপে গিয়া ভাষে (মাঃ)। ভব্যযুক্ত…ণ. সুশ্রী।

ভঁ-ভঁ, ভোঁ-ভোঁ…ব্য. (স° ভণ ধাতু শব্দে)। ভঙ শব্দে, প্রঃ—বেশী কুইনীন খাইলে কান ভঁ-ভঁ, ভোঁ-ভোঁ করে, ভ্রমর ভোঁ-ভোঁ করে; লোক জন না থাকিলে বাড়ী ভঁ-ভঁ করে—শূন্যতায়।

ভভম্-ভভম…ব্য. (অনুকার শব্দ)। শিঙ্গার বাদ্যে।

ভয়…ষ্য. (স°)। ডর, বিপদের শঙ্কা। ভয়ঙ্কর…ণ. (স°)। ভয়কারক; অতিশয়। ভয়-খেগো…ণ. যে ভয় খাইয়াছে, ভীত হইয়াছে। ভয়-ডর ··(সহচর শব্দ) ভয়। ভয়-তরাস…(ত্রাস। সহচর শব্দ)। ভয়-ত্রাস। ভয়-তরাসিয়া, ভয়তরাস্তে ··ণ. ত্রাসযুক্ত, ভয়াতুর। ভয়-ভাঙ্গা হওয়া—নির্ভয় হওয়া। ভয়ও নাই, ভরসাও নাই —না এ-দিক না ও-দিক কোন্ দিকে উপায় নাই। ভয়-ভাবনা…(সহচর)। ভয় ও আশঙ্কা।

ভয়ষা. ভয়সা…ণ. (স° মহিষ+আ। মহিষ—ভঁইষ—হি° ভৈঁষ—মহিষী। বা°তে মইষ, মইষা)। মহিষ হইতে জাত, যেমন ঘি।

ভর…ধাতু. (স° ভৃ ধাতু)। ভরি—ভরণ, পুরণ, ধারণ, পোষণ, করি। ভরা॥ ভরণ-পোষণ …(সহচর শব্দ)। ভরণ-পূরণ…(সহচর শব্দ)। ভরণ-পূরণ=হরণ-পূরণ। হের-ফের—হরণ পূরণ। (স°তেও ধৃ ভৃ হৃ ধাতুর অর্থ-সাম্য আছে। বোধ হয় এক ধাতুর রূপান্তর)। ভর…ষ্য. (স°)। আশ্রয়, ভার, আধিক্য। প্রঃ—পায়ে ভর দিয়া দাঁড়ানা—পায়ে ভার দিয়া কিংবা পা আশ্রয় করিয়া। প্রেমভরে…প্রেমাধিক্যে। নেশায় ভর—ভরা বা পূর্ণ। ভর-পূর ··(সহচর শব্দ)। ভরা বা পূর্ণ। দেবতার ভর হওয়া—কোন ঠাকুর দেহ আশ্রয় করেন। ভর হইলে লোকে নিরন্তর মাথা চালে, নির্বাক থাকে, ইত্যাদি। বয়স-ভর…ব্য. বয়স ভরিয়া বা ব্যাপিয়া। ভরতি, ভরনা, ভরা, ভরী দেখ।

ভরত ··ষ্য. (স°)। মুনিবিশেষ। জড়-ভরত…ভরত মুনি তপস্যারত হইয়া জড় তুল্য হইয়াছিলেন। তাঁহার তুল্য অলস নিরুদ্যম।

ভরত…ষ্য. (স° ভরদ্বাজ হইতে হি°। ভরদ্বাজ শব্দ হইতে ভারই নামও আসিয়াছে)। শাখাশ্রয়ী বর্গের ৮।৯ আঙ্গুল পক্ষীবিশেষ (skylark. Alauda gulgula)। পক্ষ গাঢ় খয়রা, মাথায় ছোট শিখা, চঞ্চু সরু। গ্রামের মাঠে প্রায়ই পুকুরের ধারে দলে দলে চরে, এবং শীষ দিতে দিতে উপরে উঠে।

ভরতি, ভর্তি, ভর্ত্তি…ষ্য. (স° ভরিত। বা° ভরা+তি। তু° বাড়তি)। পূর্ণতা।…ণ. পূর্ণ, প্রঃ—বাক্স ভর্তি টাকা, গাড়ী লোকে ভর্তি, ভরতি বর্ষার দিন, ইস্কুলে ছেলে ভর্তি করা-ইস্কুলে প্রবিষ্ট করানা। ভরা-ভরতি…ণ. পূর্ণ।

ভরদ্বাজ ··ভরত, ভারই দেখ।

ভরন···ষ্য. (হি° ভরৎ, ভর্ত। বরিশালে ভরট। স° ব্রর্ত হইতে। বর্ণবিপর্যয়ে তর—টহ—ও° টহু)। পিতল ও রাঙ্গের সঙ্কর ধাতু, অথবা পিতল ও কাঁসার সঙ্কর ধাতু (bronze)। কাঁসার মূল্যাধিক্যে ভরনের উৎপত্তি। ভরনের বাসন ছাঁচে ঢালা হয়। নূতন বাসন হাঁসের ডিমের মতন শাদা দেখায়, পুরানা হইলে গায়ে জাব ধরে।

ভরনা···ষ্য. (স° ভর। বা° ভর ধাতু অনা)। ভার, প্রঃ—বাঁশে ভরনা দিয়া দাঁড়ানা; ধারণ-সামর্থ্য, প্রঃ—সরু দোড়ীর ভরনা অল্প।

ভরনি···পূরণি (তাঁতের। তাঁত দেখ)।

ভর-পূর···ভর ধাতু দেখ।

ভর্-ভর···ব্য. (স° ভৃ ধাতু)। গন্ধ-পূরণে, প্রঃ—আতরের গন্ধ ভর্-ভর করিয়া বাহির হইত—চারি দিক পূর্ণ করিয়া। ভুর্-ভুর্···ব্য. মৃদু গন্ধ পূরণে।

ভরম···ষ্য. (স° ভ্রম। ভড়ং, বড়াং দেখ। বস্তুতঃ স° সম্ভ্রম হইতে। সম্ভ্রমঃ সাধ্বসেঽপি স্যাৎ সংবেগাদরয়োরপি—মেঃ। বা° সম্ভ্রান্ত দেখ)। ভয়, প্রঃ—কালার ভরমে হাম জলদে না হেরি গো (চণ্ডীঃ); ভ্রম, প্রঃ—ভরমে তোমার নাম ক্ষিতিতলে লিখি (চণ্ডীঃ); সম্ভ্রম, আদরযোগ্যতা, প্রঃ—ভ্রম হয়ে ভালয় ভবনে চল মোর (মাঃ)। ভরম ভাঙ্গা—সম্ভ্রম ভঙ্গ। ভরম-সরম···(ভ্রম সম্ভ্রম। অতএব সহচর শব্দ)। সম্ভ্রম ও লজ্জা।

ভরস্তর···ষ্য. (ভর+ভর। প্রকর্ষ বুঝাইতে দ্বিত্ব। ভরম্—অম্ প্রত্যয়। তু° জলময়)। সম্পূর্ণ নির্ভর।

ভরসা···ষ্য. (হি° ম° ভরোসা, ও° ভরসা। ম°তে ভররসা, ভরব্শা। বা°তেও আশা ও ভরসা একার্থ নহে। ভূরি+আশা ? ব্রর+আশা ? কিন্তু আশা অর্থ থাকে। ব্রর+আশয় ? আশয়—অভিপ্রায়, আধার—মেঃ। তু° কি ছার আশার আশে আইনু তোমার পাশে (ভাঃ)—আশে—আশয়ে। আশা—আয়তা তৃষ্ণা—অঃ। বোধ হয় ব্রর+আশয়—বরাশা—ভরশা। ভর+সা—সাদৃশ্যার্থে বা° হইতে পারিত, ম°তে হইত না)। বিশ্বাস-হেতু, প্রঃ—বড় বৃক্ষ ছায়া দেখি ভরসা করিনু মনে (জ্ঞানদাস); বিশ্বাস, প্রঃ—ভরসা করিয়া খুলিয়া বলিবে, ভয় নাই ভরসাও নাই; সাহস, প্রঃ—শীতকালে ভরসা করিয়া নাইবে; আশ্রয়—আশয়, প্রঃ—তোমার ভরসায় গ্রামে বাস; আশা, প্রঃ—আশা-ভরসা (সহচর শব্দ)।

ভরা···ণ (ভর ধাতু দেখ)। পূর্ণ, প্রঃ—ভরা যৌবন; ভার-পূর্ণ, প্রঃ—ভরা না (নৌকা); ···ষ্য. ভার, বোঝাই, প্রঃ—ঐ যে ভাঙ্গা নায়ে দিয়ে ভরা লাভে মূলে ডুবাইলি (রাম-প্রসাদ)। ভরা-ডুবি···ভারপূর্ণ নৌকা ডুবি, অতএব সমস্ত এককালে নাশ। ভরা-ভরতি···ণ. পূর্ণ। ভরা-পুরা··· পরিপূর্ণ, প্রঃ—ভরা-পুরা যৌবন উদাসে বাসি শূন্য (ভাঃ)। ভরা-ভর···(ভর+অভর)। ভর, নির্ভর, ভরস্তর।

ভরাট··ষ্য. (ভরা+মাটি—ভরাটি—ভরাট)। মাটিতে পূর্ণ প্রঃ—ভরাট জমি—যাহা পূর্বে নিম্ন ছিল, এখন পূর্ণ।

ভরী···ষ্য. (স° ভর—আগে বোধ হয়, স° ভূরি—সুবর্ণ হইতে)। তোলা উন্মান (স্বর্ণ-রৌপ্যাদির)।

ভর্চ্ছ, ভচ্ছ···ধাতু. (সং ভর্ৎস ধাতু)। ভর্চ্ছি···ভর্ৎসনা করি। ভর্চ্ছা॥ ভর্চ্ছা··ধাতু. (ভর্চ্ছ ধাতু আন্তে)। ভর্চ্ছানা॥

ভর্তি··ভরতি **দেখ**।

ভস, ভস্‌কা··ভস্‌-ভস **দেখ**।

ভস্‌-ভস··ব্য. (সং ভস্ ধাতু হইতে ভস্ত্রা)। বায়ু-পূরণ হেতু অসংহতভাবে, ভস্‌-শব্দে বায়ু-নির্গমনে, প্রঃ—কামারের ভস্ত্রা হইতে ভস্‌-ভস করিয়া বাতাস বাহিরায়, গভীর পাঁকে পা ভস্ করিয়া ডুবিয়া যায়। ভস্‌কা···ণ. ভস্ করে যাহা, বায়ুপূর্ণ অনিবিড়, প্রঃ—ভস্‌কা মাটি। জল-ভস্‌কা, পানি-ভস্‌কা···ছিদ্রে ছিদ্রে বায়ু না থাকিয়া জল থাকিলে, প্রঃ—এক এক আম পানি-ভস্‌কা হয়। ভস্‌কানি··(ভস্‌কা+পানি)। যেন ভস্ত্রার—ভিস্তির—পানি। ভস্‌-ভসা, ভস্‌-ভসিয়া··ভস্‌-ভস করে যাহা। ভেস্‌-ভেস··ভস্‌-ভস ভাবে (অশিষ্টে)। ভেস্‌-ভেসা, ভেস্‌-ভেসিয়া···ণ. ভেস্‌-ভেস করে যাহা।

ভস্ম··ষ্য. (সং ভস্মন্। কাষ্ঠাদি দগ্ধ হইলে যাহা অবশেষ থাকে,—যথা কাংস্যং শুধ্যতি ভস্মনা, লৌহ-ভস্ম)। ছাই। ছাই-ভস্ম···(ক্ষার—ছার—ছাই। কাঠের ভস্ম—ক্ষার। অতএব সহচর শব্দ)। ছাই। এক ভস্ম আর ছার দোষ গুণ কব কার (ভাঃ)—ভস্ম ছার—একই বস্তু। ভস্মে ঘি ঢালা—অগ্নির নিমিত্ত কাষ্ঠে ঘৃত যোগ আবশ্যক, কিন্তু ভস্মে বৃথা।

ভা···ধাতু. (সং ভা ধাতু)। ভা-ই—দীপ্তি পাই, ভাল বোধ হয়, প্রঃ—স্বরূপের উচ্চ গান প্রভুরে সদা ভায় (চৈঃ চঃ), ইহারে না ভায় স্বতন্ত্র চরিত্র আমার (চৈঃ চঃ)—আমার চরিত্র স্বতন্ত্র হইবে, তাহা ইহাঁকে ভাল লাগে না, প্রঃ—বুঝিয়া আপনি কর যেবা মনে ভায় (ভাঃ)। পদ্যে)।

ভাই···ষ্য. (সং ভ্রাতৃ—ভাই। ওং ভাই, হিং ভাঈ—ভ্রাতা, বন্ধু; মং ভাঈ—ভ্রাতা, ভাউ—বন্ধু)। কনিষ্ঠ ভ্রাতা (দাদা—জ্যেষ্ঠ ভ্রাতা); মিত্র (মিত্র-সম্বোধনে)। ভাই-বন্ধু···(সহচর শব্দ)। মিত্র, বন্ধু। ভাই-ভগিনী, ভাই-বইন··কনিষ্ঠ ভ্রাতা ও ভগিনী। ভাই-বউ··ভ্রাতৃবধূ, কনিষ্ঠ ভ্রাতার ভার্যা। ভাইজ···(ভ্রাতৃজায়া)। স্বামী-ভ্রাতৃ-জায়া। ভাই জামাই···(ভ্রাতৃ জামাতৃ) ভ্রাতার জামাতা। ভাই-ঝী···(ভ্রাতৃ দুহিতৃ)। ভ্রাতার কন্যা। ভাইপো···(ভ্রাতৃ পুত্র, ভ্রাতৃ পোত)। ভ্রাতার পুত্র। ভাই-ভায়াদ···(ভায়াদ **দেখ**)। ভ্রাতা ও জ্ঞাতি, জ্ঞাতিবন্ধু। ভাই-ভাগারী···(ভাগারী **দেখ**)। ভ্রাতা ও অন্য ভাগ-হারী ভাইয়া···ভায়া **দেখ**। ভাই দ্বিতীয়া···(ভ্রাতৃদ্বিতীয়া)। কার্তিক শুক্ল দ্বিতীয়া তিথি, যে তিথিতে ভাইকে ভগিনী পূজা করে। ভাই-ফোঁটা···ষ্য. ভাই দ্বিতীয়া তিথিতে ভাইর ললাটে তিলক দিয়া ভগিনীর উৎসব।

ভাইজ···ভাই **দেখ**। (প্রবোধচন্দ্রিকায় ভাউজ। ওং ভাউজ)।

ভাঁইট···ভাঁট **দেখ**।

ভাইন-চোৎ···ভান-চোৎ **দেখ**।

ভাইয়া···ষ্য. (ভাই+ইয়া—সাদৃশ্যার্থে)। ভাই তুল্য লোক। বাবু-ভাইয়া···বাবু বা সৌখিন সম্প্রদায়। (ভেয়ে **দেখ**)।

ভাউজ···ভাইজ দেখ।

ভাঁউরি···ষ্য. (সং ভ্রমি। ও° ভউঁরি)। ভ্রমি, যাহা দ্রুত ভ্রমণ করে, প্রঃ—চাক-ভাঁউরি (কৃত্তিঃ সুং)—চক্রভ্রমি। ভঁউরি দেখ।

ভাউলে, ভাউল্যে···ষ্য. (? সং ব্রহিত্র ? সং ধাবল্য—ধবলতা হইতে ?)। শ্বেত রঞ্জিত গৃহবিশিষ্ট ছোট নৌকা।

ভাও···ষ্য. (সং ভাব—অবস্থা)। হাটে দ্রব্যের পরিমাণ, দ্রব্যের মূল্য। ভাও করা—হাটে দ্রব্যের মূল্য নির্ধারণ। বাজার-ভাও···বাজারের ভাব, দ্রব্যের মূল্য; ওলা-উঠা রোগ। (বাজার দেখ)।

ভাকুয়া···ভেকো দেখ।

ভাখা (গ্রা° ভাকা)···ষ্য. (সং ভাষা হইতে হি° ভাখা—ভাকা)। ভাষাবিকার, স্থানীয় বোলি (dialect)। যোজনান্তে ভাখা—এক এক যোজন (মনে কর, চারি পাঁচ ক্রোশ) অন্তরে কথ্য ভাষা কিছু কিছু পরিবর্তিত হইয়া ভাখা হয়।

ভাগ···ষ্য. (সং)। অংশ; প্রদেশ; বিভাজন। ভাগী··ণ. (সং ভাগিন্)। অংশী, অংশ-গ্রহণকারী। ভাগা···ষ্য. (ভাগ+বা° আ)। ভাগ, মৎস্য প্রভৃতি বিক্রেয় ভাগ। ভাগ-জোখ···(জুখ ধাতু দেখ)। ভাগ ও মাপ, মাপিয়া ভাগ। ভাগ বাঁটরা ··(বাঁটরা দেখ)। ভাগ ও বণ্টন। ভাগ বাঁটোয়ারা···(বাঁটোয়ারা দেখ)। ভাগ বণ্টন। ভাগ ভুতা ·· ভাগভুক্ত, প্রঃ—জমি ভাগভুতা করিয়া সংসার চালায়—ভাগে জমি বিলি করিয়া। ভাগ-যোগ···ভাগ ও যোগ, প্রঃ—ভাগ যোগে কাজ করা—কাজের কিয়দংশ অন্যকে করিতে দিয়া। ভাগ-ভাগারী··· (ভাগারী দেখ)। ভাগী, ভাগগ্রহণকারী।

ভাগ···ধাতু. (সং ভন্জ্ ধাতু ভঙ্গে)। ভাগি—রণে ভঙ্গ দি-ই, পলায়ন করি, প্রঃ—পথ ছাড়ি ভাগে লোক পাঞা বড় ভয় (চৈঃ চঃ)। ভাগা। ভাগা···ধাতু. (ভাগ ধাতু আস্তে)। ভাগানা। (হিংতে ভাগ ধাতু অধিক প্রচলঃ)।

ভাগনা, ভাগনী···ভাগিনা, ভাগিনী দেখ।

ভাগা ··ভাগ দেখ।

ভাগাড়···ষ্য. (হি° গো-হর; ও° গো-দণ্ডা—যেখানে গোরু দাঁড়ায়, হাড়-পড়িয়া—যেখানে হাড় পড়িয়া থাকে। ম° ভাটলেঁ। মালদহে বাঘাড়। সং ব্রাট—বাড়—ভাড়—ভাগাড় ? গ আগম। তু° পাগড়ী)। গ্রামে গোরু বাছুর যাইবার পথ; গ্রামে যেখানে মরা গোরু বাছুর ফেলা হয়। গো-ভাগাড় ·· যে পতিত স্থানে মরা গোরু বাছুর ফেলা হয়। ভাগাড়ে গোরু পড়া—ভাগাড়ে মরা গোরু থাকা। তখন শকুনী উড়ে। ইহা হইতে, অশিষ্ট গ্রাম্য, মৃত মানুষের ধন-সম্পত্তি লোভে দায়াদের একত্র হওয়া।

ভাগারী···ণ. (সং ভাগহারী। কিংবা ভাগ+বা° আরী)। দায়াদ, অংশী, অংশ-গ্রহণ-কারী। ভাগারী-পনা···জ্ঞাতিত্ব, শত্রুতা।

ভাগিনে, ভাগিনা, ভাগ্না···ষ্য. (সং ভাগিনেয়)। ভগিনী-পুত্র। স্ত্রী° ভাগিনী, ভাগ্নী। ভাগিন-বউ ··· ভাগিনেয়-বধূ। ভাগিন-জামাই···ভাগিনী-জামাতা।

ভাগী···ণ. (সং ভাগিন্)। অংশী, ধনভাগী। ভাগীদার···(বস্তুতঃ ভাগদার। ফা° দার। তু° অংশী, অংশীদার)। অংশী।

ভাগ্গি (গ্রা°)···ভাগ্য। অ-ভাগ্গি ··অভাগ্য,

প্রঃ—এমন অভাগ্যি যে ঘরে এক মুঠা চাল নাই।

ভাগ্য···ষ্য. (সং)। অদৃষ্ট; সৌভাগ্য; কল্যাণ। ভাগ্যবান্ (প্রাং ভাগ্যমান)···ণ. (সং ভাগ্যবৎ হইতে ভাগ্যবান্)। সৌভাগ্যশালী। ভাগ্যমন্ত···ভাগ্যবান্। ভাগ্যক্রমে ···অদৃষ্টের গতিকে। ভাগ্য মন্দ···ভাগ্য মৃদুগতি, মৃদু, কু।

ভাঙ···ষ্য. (সং ভ্রূভঙ্গ)। ভ্রূভঙ্গ, প্রঃ—বিদ্যাপতি, চণ্ডীঃ, বৈষ্ণবপদ।

ভাঙ্গা···ধাতু. (সং ভঞ্জ ধাতু ভঙ্গো)। ভাঙ্গি—ভগ্ন করি, খণ্ড খণ্ড করি, প্রঃ—কাঠ ভাঙ্গা, হাঁড়ী ভাঙ্গা, ধনুক ভাঙ্গা; বিচ্যুত করি, প্রঃ—চালের মটকা ভাঙ্গা—মটকা খুলিয়া ফেলিয়া দিয়া নূতন রচনা করা; বিনষ্ট করি, প্রঃ—দুষ্ট লোকে কুমন্ত্রণা দিয়া ঘর ভাঙ্গো; স্থানভ্রষ্ট করি, বিদীর্ণ করি, প্রঃ—বানে নদীর বাঁধ ভাঙ্গো; প্রতিবন্ধ বিনাশ করি, প্রঃ—কাদা জল ভাঙ্গিয়া চলা, নৌকা দুই হাত জল ভাঙ্গো; আশা সংকল্প বিনাশ করি, প্রঃ—মন ভাঙ্গো; ব্যাঘাত করি, প্রঃ—ঘুম ভাঙ্গিলে উঠি; ভঙ্গ করি, শৃঙ্খলাকারে রচনা করি, প্রঃ—কাপড় ভাঙ্গা (ভাঁজ দেখ), দোড়ী ভাঙ্গা। (অকর্মক) ভাঙ্গি—ভগ্ন বিদীর্ণ হই, প্রঃ—হাঁড়ী ভাঙ্গিয়া গিয়াছে; নির্গত হই, প্রঃ—প্রসবের পূর্বে পানি ভাঙ্গা। ভাঙ্গা॥ ভাঙ্গান··ষ্য. ভঙ্গ; বন্ধন-লোপ; নদ্যাদির নূতন পথ। ভাঙ্গানবাটা···বাটামাছ দেখ। ভাঙ্গা-চুর·· ভগ্ন ও চূর্ণ। ভাঙ্গা-চুর করিয়া লওয়া—কোন্ দিকে অধিক কোন্ দিকে অল্প ভাগ করিয়া লওয়া। ভাঙ্গা-চোরা, ভাঙ্গাচুরা—ভগ্ন ও চূর্ণ। ভাঙ্গা-টুটা, ভাঙ্গা-ফাটা, ভাঙ্গা-ফুটা ···সহচর শব্দ। ভাঙ্গা-ভরতি···এক ভাগ লইয়া অন্য পূরণ; ভগ্নাংশ অবশিষ্ট, প্রঃ—ভাঙ্গা-ভরতি মাস। ভাঙ্গা ··ধাতু. (ভাঙ্গা ধাতু আস্তে)। ভাঙ্গাই—ভগ্ন, নষ্ট করাই; কুমন্ত্রণা দিয়া ভগ্নমনোরথ করাই, প্রঃ—সে হেন বন্ধুরে মোরে যে জন ভাঙ্গায়। হাম নারী অবলার বধ লাগে তায় (চণ্ডীঃ); বিনিময়ে ক্ষুদ্র মুদ্রা লই, প্রঃ—টাকা ভাঙ্গাইয়া পয়সা। ভাঙ্গানা॥ ভাঙ্গানি ·· ভাঙ্গানা; ভাঙ্গানা বেতন; বিনিময়। টাকা-ভাঙ্গানি···টাকার পরিবর্তে ক্ষুদ্র মুদ্রা। ভাঙ্গানিয়া, ভাঙ্গান্তে···ণ. যাহাতে ভাঙ্গো, যেমন মন-ভাঙ্গানিয়া কথা, ঘর-ভাঙ্গানিয়া মন্ত্রণা।

ভাঙ্গা···ষ্য. (সং ভঙ্গা। কিন্তু অমরে, ভঙ্গা মাতুলানী—শণবিশেষ নাম; ভঙ্গা শস্তং শণাহ্বয়ং—ইতি রুদ্রঃ। ভঙ্গাতে ভঙ্গা। বহুকাল পরে ভঙ্গা—ভাঙ্গা অর্থ পাইয়াছে—শব্দচন্দ্রিকা—শব্দকল্পঃ। ওংতে চলিত নাম পত্তী (পাতা), হিং সবজী। আং হাষিস—সং হর্ষিণী? বাংতে সিদ্ধি নাম অধিক প্রচলিত)। সিদ্ধি গাছের পাতা (প্রায়ই স্ত্রী-পুষ্পের মঞ্জরী ও পাতা)। সিদ্ধি দেখ। ভাঙ্গাড় ··ষ্য. (ভাঙ্গা+ড়)। ভাঙ্গা পানে পটু, প্রঃ—ভাঙ্গড়ের নাহি যম (ভাঃ)। ভাঙ্গাড় মতি···ণ. ভাঙ্গাড়তুল্য মতি যার।

ভাঙ্গাচা, ভেঙ্গাচা···ধাতু. (সং ভঙ্গি—ভাঙ্গাজি—ভাঙ্গাচি। ভাঙ্গাচি হইতে ভাঙ্গাচা। তুং নেংচা)। ভাঙ্গাচাই—ব্যঙ্গ করি। ভাঙ্গা-

চানা, ভেঙ্গাচানা ॥ (কৃত্তিঃ আং—ভাঙ্গাচা ধাতু)।

ভাঙ্গচালি···ষ্য. (ভঙ্গ চালি)। কুমন্ত্রণা।

ভাঙ্গচি···ষ্য. (সং ভঙ্গি হইতে)। কুমন্ত্রণা।

ভাঙ্গড়া···ষ্য. (সং ভৃঙ্গারাজ হইতে)। সোমরাজ্যাদি বর্গের দীর্ঘায়ুঃ কদাকার সরু শাকবিশেষ (Tridax procumbens)। পাতা কাটা কাটা, মঞ্জরীতে দ্বিবিধ ফুল, পীতবর্ণ। মঞ্জরীবৃন্ত দীর্ঘ। ফল (যাহা বীজ বলিয়া ভ্রম হয়) লোমশ। ভাঙ্গা ইট প্রাচীরে, ছায়াবৃত স্থানে জন্মে। (কেহ কেহ ইহার পাতা বিশল্যকরণী সরূপ প্রয়োগ করে)।

ভাঙ্গান···ভাঙ্গা ধাতু দেখ।

ভাঙ্গান-বাটা···বাটা দেখ।

ভাঙ্গা···ভাঙ্গা ধাতু দেখ।

ভাঙ্গী···ণ. (ভাঙ্গা+ঈ। ভাঙ্গা দেখ)। ভাঙ্গা পানে আসক্ত, প্রঃ—একে বুড়া তাহে ভাঙ্গী ধুতুরায় ভোল (ভাঃ)।

ভাচা···ষ্য. (সং ভৃতি)। ধানভানার বেতন-সরূপ চাল, চাল লইয়া ভানিবার ধান, প্রঃ—পরি দুপণের কাচা ভানিত আমার ভাচা সেই বেটা হবে দেশমুখ (কবিকঃ) —যে দুই আনার কাচা পরিয়া আমার ভাচার ধান ভানিত, সে দেশমুখ—দেশমুখ্য হইবে।

ভাজ··ধাতু. (সং ভৃজ ধাতু)। ভাজি—উত্তপ্ত ঘৃত তৈলে পাক করি, যেমন লুচি, মাছ; উত্তপ্ত বালুকাতে ফোটাই, যেমন মুড়ি ভাজা। ভাজা পোড়া···ভাজা ও পোড়া। ভাজা-খলা···যে অত্যল্প নিম্ন মৃৎপাত্রে মাছ ভাজা যায়। ভাজা-খোলা···যে নিম্ন মৃৎ-পাত্রে বা মৃৎকটাহে খই মুড়ি ভাজা যায়। ভাজন···ষ্য. (সং)। যে পাত্রে ভাজা যায়, বাসন, পাত্র, প্রঃ—কবিকঃ, চৈতন্যমঙ্গল। ভাজনা-খোলা···যে খোলায় ভাজা যায়। আলু-ভাজা···যে আলু ভাজা হইয়াছে। ভাজা-পিঠা···পিঠা দেখ। ভাজি···ভাজা আলু বেগুন ইত্যাদি। (সং ভাজী—ব্যঞ্জনবিশেষ—শব্দকল্পঃ; ভাত ও ভাতের ফেন—আপ্তে। সং ভৃজ ধাতুর ঋ উচ্চারণে উ হইয়া ভুজা—হিং ওং—মুড়ি)। ভাজা··ধাতু. (ভাজ ধাতু আস্তে)। ভাজানা॥

ভাঁজ···ধাতু. (সং ভঞ্জ ধাতু)। ভাঁজি—ভঞ্জ করি, যেমন কাপড়; দেহ আমর্দন নিমিত্ত চালনা করি,যেমন মুগুর ভাঁজা, গলা ভাঁজা। ভাঁজা॥ ভাঁজ··ষ্য. ভঞ্জ, যেমন কাপড় কাগজ। ভাঁজ···ধাতু. (ভাঁজ ধাতু আস্তে)। ভাঁজানা॥ ভাঁজাল···ণ. (ভাঁজ+আল)। যাহাতে ভাঁজ আছে।

ভাজন···ভাজ ধাতু দেখ।

ভাট···ধাতু. (সং ঘট্ট ধাতু চালনে। হিং ভাটা, ওং ভটা, মং ওহট—বাং ভাটা। হট ধাতু দেখ)। ভাটি—ন্যূন হই, প্রঃ—বেলা ভাটিয়াছে, জোয়ার ভাটিয়া গেলে যাইবে। ভাটা॥ ভাটা···নদী কিংবা সমুদ্রের জল-হ্রাস (ebb-tide), প্রঃ—জুয়ার ভাটা বুঝিয়া লোহার বাড় দিল (কবিকঃ)। ভাটি ···জলের ভাটা, প্রঃ—ভাটি পানি উজান বহে কূল ভাঙ্গে স্রোতে (কৃত্তিঃ উং); কোশা চড়ি বেড়াবে উজান আর ভাটি (ভাঃ); ভ্রমেন উজান ভাটী চৌদিকে কোঁচের বাটী (কবিকঃ)—নদীর যেমন উজান ভাটি, তেমন গ্রামের উপর ও নীচের

দিকে গমনাগমন। (জলের ভাটা অর্থে ভাটি অধুনা কদাচিৎ। উজান দেখ)। ভাটি···ষ্য. হ্রাস, প্রঃ—ক্ষীর বান্ধে জাল করি ভাটি (কবিকঃ); অপরাহ্ণ, প্রঃ—বেলা ভাটি হয়, ভাটি বেলা; শনিবার দিনে ভাটী অবসানে (শূং পুঃ)—এখানে ভাটী—(দিবস) যাহা নিত্য ভাটি হয়। ভাটি···ষ্য. ঘাটি, চালের এক এক ঘাট যেখানে খড় বাখারী দিয়া বাঁধা হয়। ভাটা···ধাতু. (ভাট ধাতু আস্তে)। ভাটানা॥ বেলা ভাটাইয়া আসা—বেলা ঘাটতি। চাল ভাটানা—ঘাট ঘাট ছাদন। ভাটাল···ণ. (ভাটা+আল)। ভাটা-সম্বন্ধীয়।

ভাট···ষ্য. (সং ভট্ট)। হিন্দুজাতিবিশেষ, বন্দী, প্রঃ—ভাটে দেয় পরিচয় ঘটকেরা কুল কয় বড় মানুষের রীতি এই (ভাঃ)। পূর্বকালে এবং এক্ষণে গ্রামে ভাট নিমন্ত্রণ-পত্রও বহন করে। ভাট-ভিখারী···ভাট ও ভিক্ষুক। (তুং মং ভট—ভিখারী বামুন)।

ভাট-কলাই···গরি কলাই দেখ।

ভাঁট···ষ্য. (সং ঘণ্টক—শব্দকল্পঃ)। ঘেঁটু গাছ। ঘেঁটু দেখ।

ভাটা···ভাট ধাতু দেখ।

ভাঁটা···ষ্য. (সং বৃত্ত হইতে। ওং পেণ্ডু—সং পিণ্ড। হিং গেন্দা—সং কন্দুক)। বর্তুল, ছেলে-খেলার কন্দুক।

ভাটি···ভাট ধাতু দেখ।

ভাটি···ষ্য. (সং ভৃতি, বৃত্তি)। ভৃতি বা বৃত্তি বা বিত্তি, প্রঃ—গ্রাম ভাটি—গ্রামের সাধারণ উদ্দেশে বিবাহাদি শুভকর্মে প্রাপ্য অর্থ।

ভাটি···ষ্য. (সং ভাণ্ডি, ভ্রাষ্ট—ভাজনা-খোলা—অঃ। হিং মং ভট্টী, ওং ভাটি)। ইটচুন পোড়াইবার গৃহ; বস্ত্রাদি নির্মল করিবার নিমিত্ত ধোবা যে হাঁড়ীতে বস্ত্র ভাপায়; মদ্যাদি চোআইবার বড় কলশ। ভাটি-আরী, ভাটিয়ারী···ষ্য. (ভাটি+আরী)। যে মদ্যাদির ভাটি রাখে; রাগরাগিণী (দেখ)। ভাটিখানা···ষ্য. যেখানে মদ চোআনা হয়। খোলা ভাটি···যে ভাটিখানা সকলের নিকট উন্মুক্ত আছে।

ভাটোয়ারী···ণ. (সং ভট্ট বাং ভাট+হিং ৱারী বাং আরী। বস্তুত ভাট্-আরী)। পণ্ডিত-ভট্টসম্বন্ধীয়, যেমন জমি।

ভাঁড়···ষ্য. (সং ভাণ্ড। ভাণ্ডং পাত্রে বণিঙ্-মূলধনে ভূষাশ্বভূষয়োঃ—মেঃ। ভাণ্ড—দ্রব্য-স্থাপনার্থ সর্ববিধ পাত্র, বণিকের মূলধন—পণ্য, ভূষা, অশ্বভূষা। পরে অন্য দুই এক অর্থ আসিয়াছে। যেমন সং বাদ্যভাণ্ড)। মৃৎঘট; নাপিতের ক্ষুরাদির আধার (সং ভাণ্ডি। ভাণ্ডারী দেখ)। ভাঁড়ই···ষ্য. (সং ভাণ্ডপতি)। চোরিত দ্রব্যাদি রক্ষক। ভাঁড়ারী···ষ্য. (সং ভাণ্ডার। বোধ হয় ভাণ্ডাগার—কোষ হইতে)। মূল্যবান্ দ্রব্যাদি রক্ষাস্থান; পুষ্করিণীর মধ্যস্থল। ভাঁড়ারী···ষ্য. ভাণ্ডারস্বামী; ভাঁড়ই। (ভাণ্ডারী দেখ)।

ভাঁড়···ধাতু. (সং ভণ্ড ধাতু)। ভাঁড়ি—প্রতারণা করি, প্রঃ—টাকা শোধ না করিয়া ভাঁড়িয়া বেড়াইতেছে, প্রঃ—সঙ্গী ভাঁড়া যায় কবে (ভাঃ)। ভাঁড়া॥ ভাঁড়···ষ্য. (সং ভণ্ড)। যে নিন্দিত পরিহাসকুশল; ধূর্ত। ভাঁড়-নাচ···ভেয়ে নাচ দেখ।

ভাঁড়া…ধাতু. (ভাঁড় ধাতু আস্তে)। ভাড়ানা ॥ ভাঁড়ামি, ভাঁড়াই…ষ্য. (ভাঁড়+আমি)। ভণ্ডবৃত্তি।

ভাঁড়ই…ভাঁড় দেখ।

ভাড়া…ষ্য. (সং ভাটক)। ব্যবহারার্থে দত্ত শকট গৃহাদির লভ্য ধন। ভাড়াটিয়া, ভাড়াট্যে…ণ. (ভাটকদত্ত—ভাড়াটা+ইয়া)। যে ভাড়া দিয়া অধিকার করে; ভাড়া দিয়া অধিকারযোগ্য।

ভাঁড়া…ভাঁড় ধাতু দেখ।

ভাঁড়াই…ষা. ভাঁড়ামি।

ভাঁড়ার, ভাঁড়ারী…ভাড় দেখ।

ভাড়ুয়া, ভেড়ুয়া…ষা. (সং ভট—পামর+উয়া। ওং ভড়ুআ, হিং মং ভড়ৱা। তুং সং ভড়িল—সেবক)। বেশ্যার পোষ্য।

ভাণ…ষ্য. (সং—নাটকের রূপকবিশেষ। ইহাতে এক ব্যক্তি মাত্র রঙ্গমঞ্চে নানা রঙ্গে নানা রস প্রকাশ করে। শব্দটি অঃ মেঃ-তে নাই, আছে হেমচন্দ্রে)। ধূর্ত-চরিতের বিটলতা, ছলনা। (শব্দটি রাঢ়ে প্রায় অপ্রচলঃ)।

ভাণ্ড…ধাতু. (সং ভণ্ড ধাতু)। ভাণ্ডি—ভাঁড়ি। ভাণ্ডা ॥ ভাণ্ডা…ধাতু (ভাণ্ড ধাতু আস্তে)। ভাণ্ডানা ॥ (কবিকঃ। অধুনা ভাঁড়, ভাঁড়া ধাতু)।

ভাণ্ডার…ষা. (ভাণ্ডাগার—হেমঃ)। ভণ্ডাগার হইতে অর্বাচীন সং)। কোষ। ভাণ্ডারী…ষ্য. কোষরক্ষক; নাপিত (ভাণ্ড—ক্ষুরভাণ্ড+আরী। ওং ভণ্ডারী—নাপিত)। উপাধি-বিশেষ। (নাপিত অর্থ সর্বত্র প্রচলঃ নহে)। স্ত্রীং ভাণ্ডারিনী, ভাণ্ডারনী।

ভাত…ষ্য. (সং ভক্ত। অন্নং ভুক্তে চ ভক্তে স্যাৎ—মেঃ)। অন্ন; স্ফোটকাভ্যন্তরস্থিত কঠিন পূয়। ভাতুয়া, ভোতো…ণ. (ভাত+উয়া)। ভাত ভোজ্য যার। কড়্-কড়িয়া ভাত…শুখাইয়া কঠিন ভাত। সড়্-সড়িয়া ভাত…অন্ন পরস্পর লগ্ন নহে। পান্‌তা ভাত…পানি-সিক্ত ভাত। তপ্ত ভাত ..(ওং তবত ভাত)। সদ্য সিদ্ধ উষ্ণ ভাত। বাড়া ভাত…যে ভাত পূর্ব্বরাত্রে রাঁধা ও পৃথক্ রাখা হইয়াছে; যে ভাত ভোজন নিমিত্ত বাড়া হইয়াছে। ফেলা ভাত…(সং ফেলা—উচ্ছিষ্ট)। উচ্ছিষ্ট অন্ন। লেকট ভাত…(সং লিপ্তীকৃত)। যে ভাত অধিক সিদ্ধ হওয়াতে পরস্পর লিপ্ত হইয়াছে। পোড়ের ভাত ..যে ভাত গোময়াদি পুটে পক্ক হইয়াছে। (ইহাতে ভাত সুসিদ্ধ হয়)। শাদা ভাত…শ্বেতবর্ণ অন্ন, পলান্ন নহে। ঘি-ভাত…যে ভাতে ঘৃত সংযোগ করা হইয়াছে (রাঁধিবার সময়)। শাগ-ভাত ..ভাত ও শাক (শাক দেখ), আমিষাদিহীন অন্ন। (ডাইল ভাত, দুধ ভাত…ইত্যাদি সহচর শব্দে 'ভাত' শব্দ পরে বসে)। ভাতে ভাত…ভাতে সিদ্ধ গোল আলু কাঁচকলা ইত্যাদি ও ভাত। ভাত-কাপড়…গ্রাসাচ্ছাদন। পর-ভাত ভাল পর-ঘর নয়…অন্যের গৃহে বাস কষ্টের কারণ হয়, অন্যের গৃহে ভোজন হয় না। ভাতে ধুলা দেওয়া—প্রতারিত করা। বাড়া ভাতে ছাই…প্রস্তুত অন্নে ভস্ম প্রক্ষেপ আর সুযোগের সময় পরকৃত বিঘ্ন একই প্রকার। ঘরে গিয়া ভাত খাওয়া—লোকমাঝে অপমানিত হইলে স্বগৃহে প্রত্যাবর্তন এক গতি। বুকে

বসিয়া ভাত রাঁধা…এতাদৃশ অত্যাচার (প্রায়ই, দাড়ী উপড়ানা)।

ভাতা…ষ্য. (সং ভৃতি। হিং ভত্তা)। ভৃত্যের অতিরিক্ত বেতন।

ভাতার…ষ্য. (সং ভর্ত্তা। হিং ভতার, ওংতে ঘইতা—ভ স্থানে ঘ)। স্বামী (নারীভাষায়)। ভাতার-খাগী…যে ভর্ত্তাকে খাইয়াছে—অর্থাৎ যে ভর্ত্তার মৃত্যু দেখিয়াছে। (নারী গালি)। ভাতারী…যে স্বীয় ভর্ত্তা ব্যতীত অন্যকে ভর্ত্তা করিয়াছে।

ভাতি, ভাঁতি…ষ্য. (সং ভাতি। ওং ভঙ্গি, হিং সং ভাঁত)। প্রকার, প্রঃ—চিত্র কৈল নানা ভাতি (শূং পুঃ), নানা পক্ষী জলচর গড়ে নানা ভাতি (ভাঃ), "দিবা রাতি সমভাতি দৃষ্টি মাত্রে সুখ", "গায়ত নানা ভাঁতি।" (প্রাচীন বাং)।

ভাদই…ণ. (সং ভাদ্র+ঈ)। ভাদ্রমাস-সম্বন্ধীয়।

ভাদর…ষ্য. (সং ভাদ্র)। ভাদ্রমাস। ভাদরিয়া, ভাদরো…ণ. (ভাদর+ইয়া)। ভাদ্রমাসে জাত, ভাদ্রমাসসম্বন্ধীয়।

ভাদর বউ (গ্রাং)…ভাতৃবধূ। ভাশুর ভাদর-বউ সম্পর্ক…ইহাদের দেখা-দেখি যেমন রীতিবিরুদ্ধ তেমন অসাক্ষাৎ।

ভাদু…ষ্য. (বাঁকুড়ায় নাম)। বাউরীজাতির দেবীবিশেষ।

ভাদ্রপদ…ষ্য. (সং)। ভাদ্রমাস, প্রঃ—কবিকঃ (ওংতে ভাদ্রব)।

ভাদ্রবধূ (গ্রাং)…ভাতৃবধূ। (হিং ভাবহ)।

ভান · ধাতু. (সং ভন্‌জ ধাতু। জ লুপ্ত। ওং ভান ধাতু)। ভানি—নিস্তুষ করি, প্রঃ—পরের ভানিয়া ধান দু সতীনে রাখি প্রাণ (কবিকঃ), ভেনে খাইতে ঢেঁকি কুলা দিবা (কবিকঃ)। ভানা॥ ভানা-কোটা, ভানা-কুটা …(সহচর শব্দ)। ভানা। ভাননি…ষ্য. ভানা, ভানার বেতন। ভাননী…ষ্য. যে নারী ধান ভানে। ভাননিয়া…ষ্য. (ভানন+ইয়া)। যে (পুরুষ) ধান ভানে। ধান ভানিতে মহীপালের গীত · পূর্ব্বকালে উত্তর-বঙ্গে মহীপাল নামে রাজা ছিলেন। তাঁহার চরিত-কাহিনী প্রসিদ্ধ হইয়া বঙ্গের সর্বত্র গীত হইত। কিন্তু ধান ভানিতে ভানিতে সে গীত শোভা পায় না। অনুচিত সময়ে ভাল কথাও সাজে না। এই প্রকার, ধান ভানিতে শিবের গীত—শিব ঠাকুরের কীর্তি গান। ভানা · ধাতু. (ভান ধাতু আস্তে)। ভানানা॥

ভান · ষ্য. (সং)। প্রতীতি, প্রকার, প্রঃ—সুবর্ণপ্রতিমা ভান (চৈঃ চঃ)—সদৃশ; রোমলতাবাসী ভুজগী ভান (জ্ঞানদাস)।

ভান-চোৎ, ভাইন-চোৎ…ষ্য. (ভগিনী—ভইন—ভাইন+চুদ ধাতু)। ভগিনীর ধর্ম-নাশকারী। (অশ্লীল গালি)।

ভানুমতী, ভানমতী…ষ্য. (সং ভানুমতী)। রাজা বিক্রমাদিত্যের এক মহিষী। ইনি ভোজরাজদুহিতা ও ইন্দ্রজাল-বিদ্যায় নিপুণা ছিলেন। ইহা হইতে, ইন্দ্রজাল। শূন্যে রশি ধরিয়া উঠা ভানুমতীর এক প্রসিদ্ধ খেলা ছিল। গত পঞ্চাশ বৎসরের মধ্যে ভানুমতী বিদ্যা প্রায় লুপ্ত হইয়াছে। এখন যাহা আছে, তাহা ভোজবিদ্যা। (ভোজবিদ্যা দেখ)।

ভাপ…ষ্য. (সং বাষ্প। ওং বাম্ফ, হিং ভাফ, মং বাফ। ষ্প স্থানে ফ হইয়া সং পুষ্প—

পুপ্ফ হইত)। বাষ্প, উষ্মা। ভাপ···ধাতু. ভাপি—জলের উষ্ণ বাষ্পে পক্ক হই। ভাপা॥ ভাপা···ধাতু. (ভাপ ধাতু আস্তে)। ভাপানা॥ মাটি ভাপানা—আলস্যে এক স্থানে বহুক্ষণ উপবেশন হেতু উষ্ণ ঘর্মে মাটি ভাপানা, বৃথা একস্থানে উপবেশন। ভাপরা···ষ্য. (ভাপ+রা। ম° রাফারা, হি° ভপারা। তু° হাপর)। উষ্ণ জলীয় বাষ্প। ভাপরা লওয়া—রোগবিশেষে উষ্ণ জলীয় বাষ্প সেবন। ভাপসা···(ভাপ+সা)। বাষ্পসদৃশ, বাষ্পগন্ধ। ভাপসা ··ধাতু. ভাপসাই—বাষ্প-গন্ধ হই। ভাপসানা॥

ভাব···ষ্য. (স° ভাব। ভাব শব্দের নানা অর্থ আছে। বিকারো মানসো ভাবঃ, ভাবঃ সত্ত-স্বভাবাভিপ্রায় চেষ্টাত্মজন্মসু—অঃ। ক্রিয়া-লীলা-পদার্থেষু বিভূতিবুধজন্তুষু—মেঃ, ইত্যাদি)। সত্তা, যেমন ভাবের বিপরীত অ-ভাব; অবস্থা, যেমন বিষণ্ণ ভাবে; স্বভাব, যেমন দুষ্টভাব; অভিপ্রায়, যেমন মনের ভাব, কথার ভাব; ক্রিয়া, যেমন দাস্য ভাব; চেষ্টা, যেমন মুখের ভাব দেখিলে; লীলা, যেমন হাবভাব; প্রণয়, যেমন লোকের সঙ্গে ভাব রাখা, ভাবান্তর ঘটা; অনুরাগ, যেমন ভাবের মানুষ; আত্মা; সমাধি বা ভাবনা; ব্যাকরণে ভাব-বাচ্য। ভাব-ভক্তি···অনুরাগ ও সেবা। ভাব-ভঙ্গ ··মুখচেষ্টা। ভাব সাব···(সাব প্রচর শব্দ)। প্রণয়। ভাবকালি···ষ্য. (স° ভাবক+আলি। তু° ঠাকুরালি)। ভাবক—রসবিশেষ-ভাবচতুর—তাহার ধর্ম (চৈঃ চঃ। অপ্রচলঃ)। ভাবকি (গ্রা° ভেবকি, ভেউকি)···ষ্য. (স° ভাবক+বা° ই। হি° ভবকী)। মানস-বিকার, মুখ-লীলা (fascination), প্রঃ—আহড়ে বিহড়ে থাকি মারয়ে ভাবকি (কবিকঃ), মুখবিকার দ্বারা ভয়-প্রদর্শন। ভাবনা ···ষ্য. (স° ভাবনা। বাসনা ভাবনা সংস্কারো—হেমঃ)। ধ্যান; পর্যালোচনা; চিন্তা, যেমন ভাবনা-চিন্তা; শঙ্কা, যেমন ভয়-ভাবনা; দ্রবে ডুবাইয়া তৎদ্রবে আধান, অধিবাসন (infusion)। ভাবিত ···ণ. (স° ভাবিত)। চিন্তিত। ভাবুক ···ষ্য. (স° ভাবুক)। রসিক, রসবিশেষ-ভাবনাচতুর। ভাব ··ধাতু. ভাবি—ধ্যান করি, চিন্তা করি। ভাবা॥ ভাবা···ধাতু. (ভাব ধাতু আস্তে)। ভাবানা॥

ভাবড়া···ধাতু. (বৈদিক ভর্ভরা? স° ভাবিত হইতে)। ভাবড়াই—বিহ্বল হই। ভাবড়ানা॥

ভাম···ষ্য. (ভাপ—রব হইতে)। নকুল-বংশের ভোঁদড় সদৃশ চতুষ্পদবিশেষ (Palm civet. Paradoxurus niger)। মাথা ও দেহ দীর্ঘ, মুখ সরু, পা ছোট, লেজ দীর্ঘ; লেজে ডোরা নাই, লেজ গুটাইতে পারে। প্রায়ই গাছে, তালগাছে থাকে, কখন কখন মাটির ঘরের পরলে লুকায়। রাত্রিচর। বাপ-বাপ বা ভাপ-ভাপ ডাকে।

ভায়রা ভাই···ষ্য. (ভাইয়া+রা=ভায়রা? শব্দটি রাঢ়ে প্রচলঃ নহে)। শ্যালীপতি। (রাঢ়ে শ্যালীপতি ভাই)। (প্রবোধচন্দ্রিকায় ভাএরা ভাই)।

ভায়া···ষ্য. (ভাই+ইয়া=ভাইয়া—ভায়া। তুল্যার্থে ইয়া। কবিকঃ—ভায়্যা। ভাইয়া—

ভার্য্যা)। ভ্রাতা তুল্য, ভাতৃস্থানীয়, প্রঃ—ঘটক নারদ ভায়া (ভাঃ)। (ভাইয়া দেখ)।

ভায়াদ···ষ্য. (সং ভাতৃ-দায়াদ)। জ্ঞাতি, ধনাংশভাগী। ভায়াদি··ষ্য. জ্ঞাতিত্ব, শত্রুতা। ভায়াদী··ণ. জ্ঞাতিসম্বন্ধীয়। ভাই-ভায়াদ···ষ্য. জ্ঞাতিবন্ধু। ভাই-ভায়াদি···ষ্য. জ্ঞাতিত্ব।

ভার···ষ্য. (সং)। গুরুত্ব, বোঝা; বাঙ্গীর দুইপার্শ্বের ভার; শিকাসহিত বাঙ্গী।···ণ. কষ্টকর; কঠিন; দুঃসহ, প্রঃ—জীবন ভেল অতিভার (জ্ঞানদাস)। ভারা···ষ্য. (ভার+আ। ওং ভাড়ি)। যাহাতে ভার স্থাপিত হইতে পারে, উচ্চ মঞ্চ। ভারা ···ধাতু. ভারাই—ভারী বোধ হই, প্রঃ—চলিতে চলিতে পা ভারায়। ভারানা॥ (ভার ধাতু দেখ)। ভারি···পরে দেখ। ভারিয়া···ষ্য. (সং ভারিকা। কিংবা ভার+ইয়া)। ভার-বাহক। ভারী···ষ্য. (সং ভারিক, ভারিন্)। ভারবাহ, প্রঃ—কোথাও বা দধিদুগ্ধ ভারে লইয়া ধাইছে ভারী (মেঘনাদবধঃ)।···ণ. (সং ভারিন্)। ভারযুক্ত, গুরু; বৃহৎ; অত্যন্ত (ভারি দেখ)। ভারিক্যে···ণ. (ভারিক+ইয়া)। গুরুভারী, গম্ভীরপ্রকৃতি। রাশভারী ··ণ. (রাশ—অশ্বাদির মুখরশ্মি ভারী যার)। ধীর, গম্ভীর-প্রকৃতি, গূঢ়বুদ্ধি।

ভার···ধাতু. (সং ভৃ ধাতু ধারণে। কিন্তু কবিকঃ, ওংতে বার ধাতু। বার ধাতু দেখ)। ভারি—মন্ত্রাদি দ্বারা তেজ বা শক্তি নিবারিত করি, প্রঃ—আগুন ভারিলে আঁচ হয় না; অতিশ্রম হেতু শক্তি নিবারিত বা বিনষ্ট হই, প্রঃ—চলিতে চলিতে পা ভারিয়া যায়। ভারা॥ ভারা···ধাতু. (ভার ধাতু আস্তে)। ভারানা॥ (ভার দেখ)।

ভারই···ষ্য. (সং ভরদ্বাজ। ভারয়—শব্দকল্পঃ)। শাখাশ্রয়ী বর্গের ১২ আঙ্গুল দীর্ঘ পক্ষী-বিশেষ (Cacomantis merulinus)। মাথা পাংশু, পাখা খয়রা বর্ণ। ছোট ছোট বনে থাকে।

ভারত··ষ্য. (সং)। ভারতবর্ষ, মহাভারত গ্রন্থ; পৃথিবী। ভূ-ভারত··(এখানে ভারত —পৃথিবী মনে না করিলে সহচর শব্দ হয় না)। পৃথিবী। ভারত-ছাড়া মেয়ে—এমন মেয়ে যে পৃথিবীতে আর নাই। ভারত-ছাড়া কথা—মহাভারতে নাই এমন কথা। যা নাই ভারতে, তা নাই ভারতে—যাহা মহাভারতে নাই, তাহা পৃথিবীতে নাই।

ভারা···ভার, ভার ধাতু দেখ।

ভারি (গ্রাং ভালি)···ণ. (সং ভূরি)। ভূরি, অত্যন্ত, প্রঃ—দুঃখ পাবে ভারি (চৈঃ চঃ), ভারি বর্ষা, ভারি মজা।···ভারী দেখ, প্রঃ—কিন্তু সে সকল লোক বুঝিবারে ভারি (ভাঃ)—কষ্টকর। ভারি-ভুরি···ষ্য. (ভারি—গৌরব, ভুরি—উপচর শব্দ)। গৌরব, গরিমা, প্রঃ—তব ভারি-ভুরি ভাঙ্গিব মুরারি (চণ্ডীঃ), আমি জানি তোমার সন্ন্যাসের ভারি-ভুরি (চৈঃ চঃ)।

ভারী···ভার দেখ। ভারীত্ব··ষ্য. গুরুতা।···ণ. অপ্রগলভ স্বভাব (আলালের ঘরে দুলালে। কিন্তু ভারিক্যে প্রচলঃ)।

ভাল···ষ্য. (সং ভদ্র সংপ্রাং ভল্ল। ওং ভল, হিং মং ভলা। ভদ্র দেখ)। মঙ্গল, প্রঃ—ভাল করা, কহা, মনে করা, লাগা।···ণ. শ্রেষ্ঠ, উত্তম, সাধু, ধার্মিক।···ব্য. বাক্য

উপন্যাসে, প্রঃ—ভাল, তার পর কি শুনিলে? সম্মতি-জ্ঞাপনে, প্রঃ—ভাল, তুমি যাও। ভাল কাজ…উত্তম, মঙ্গলজনক কাজ। ভাল জল…নির্মল পেয় জল। ভাল মন্দ…উত্তম-অধম। মন্দের ভাল…অধমের মধ্যে উত্তম। ভাল মানুষ…সাধু বা ধার্মিক মানুষ; সংসার-অনভিজ্ঞ মানুষ। ভাল-মানুষি…সাধু ব্যবহার। তার ভাল হউক—মুখে মঙ্গল কামনা কিন্তু অন্তরে অমঙ্গল কামনায় বলা—মঙ্গল হউক। ভাল বাসা—বাস ধাতু দেখ। ভালা…ব্যঙ্গোক্তিতে ভাল, প্রঃ—হাসিয়া কহেন হর ভালা মোর ভাই (ভাঃ)। ভালা রে ভালা…ব্য. বাহবা বাহবা।

ভালা, ভালিয়া, ভেলা…ষ্য. (সং ভল্লাতক। ভল্লাতকী—অঃ। ওং ভালা, হিং ভিলবা। তুং সং মেল—মসী)। আম্রাদিবর্গের মধ্যমাকৃতি তরুবিশেষ (The marking nut tree. Semecarpus anacardium)। কাঠ কোমল; পল্লব পত্রের নিম্নপৃষ্ঠ রোমশ। প্রায়ই শাখাগ্রে পাতা থাকে। বসন্তকালে ঝরিয়া পড়ে। ফল কৃষ্ণ বা আরক্ত-কৃষ্ণ। ফলের নীচে নারঙ্গাবর্ণ স্থূল বৃন্ত ও আঁঠির শস্য মানুষে খায়। ফলের রস গায়ে লাগিলে ব্রণ উৎপাদন করে। (এই হেতু নাম ভল্লাতক। ভল্লাস্ত্রমিব অরুস্করত্বাৎ—অঃ টীঃ)। চুন জলের সহিত এই রস লাগাইয়া ধোবা কাপড় চিহ্নিত করে।

ভালুক…ষ্য. (সং ভল্লূক, ভালুক)। কৃষ্ণবর্ণ দীর্ঘ-লোমশ দেহ আরণ্য চতুষ্পদবিশেষ (Bear. Melursus ursinus)। পা পাতিয়া চলে। ফল পোকা খায়। স্ত্রীং ভালুকী। বাঘ-ভালুক…বাঘ ভালুক প্রভৃতি শ্বাপদ। ভালুক-নাচ…পোষা ভালুকের কুৎসিত নৃত্য; এইরূপ কদাকার মানুষের লম্ফঝম্প। ভালুকের ঘি—বাঘের ঘিয়ের মতন এবং আমবাতাদি রোগে লোকে লাগায়।

ভালুকা…বাঁশ দেখ। (হিং ভলকা)।

ভাশুর…ষ্য. (সং ভ্রাতৃ-শ্বশুর)। পতির জ্যেষ্ঠ ভ্রাতা যিনি শ্বশুর তুল্য। (ওংকে দেড়্-শুর অর্থাৎ জ্যেষ্ঠ শ্বশুর—শ্বশুর অপেক্ষা জ্যেষ্ঠ। শ্বশুর তুল্য বলিয়া তিনি ভ্রাতৃবধূর মুখ নিরীক্ষণ করেন না। সামাজিক শাসনে মঙ্গলদায়ক)। ইহা হইতে ভাশুর ভাতৃ-বধূর সম্পর্ক।

ভাষ…ষ্য. (সং ভাষ্য—সূত্র ব্যাখ্যান গ্রন্থ)। ধর্মসূত্রের স্মৃতির ব্যবস্থা।

ভাষা…ষ্য. (সং)। যে শব্দাদি দ্বারা বচন সম্ভাবিত হয়; সংস্কৃত ভাষা নহে, লোক-ভাষা (এই অর্থ হিং ওং মং-তেও প্রচলঃ)। ভাষা কথা…প্রচলিত ভাষার কথা, দৃষ্টান্ত। (ভাখা দেখ)।

ভাস…ধাতু. (সং ভাস ধাতু দীপ্তি, প্রকাশ। ওং হিং ভাস ধাতুর বাং অর্থ। মংতে সং অর্থ)। ভাসি—জলাদি উপরে প্রকাশ পাই, জলাদি উপরে থাকি। ভাসা॥ ভাসন্ত…ণ যাহা জলাদি উপরে ভাসিতেছে। ভাসা মেঘ…যে মেঘ বায়ুস্রোতে বাহিত হইতেছে। ভাসা ভাসা কথা…অন্তরে নিমগ্ন নহে, যাহা উপরে উপরে রহিয়াছে। ভাসা ভাসা জ্ঞান…গভীর জ্ঞান নহে। ভাসা…ধাতু. (ভাস ধাতু আস্তে)। ভাসানা॥ ভাসান…ষ্য. জলে বিসর্জন।

ভাস···ষ্য. (সং ভাস্—প্রভা—অঃ)। পূর্বাভাস, প্রঃ—জানি কিছু কার্য্যে আছে ভাস (চৈঃ চঃ) ; আভাস, প্রঃ—বুঝিয়া কার্য্যের ভাস ধেয়ে এল কাছে (মাঃ)। ভাস্‌স (প্রাং) ···আভাস, প্রঃ—কাজর ভাস্‌স নাই (শূং পুঃ)—কাজের ভাস্‌স নাই।

ভাস্কর···ষ্য. (সং—সূর্য, অগ্নি)। প্রতিমূর্তিকারক (ওং ভাস্কর। সং ভাস্—প্রতিমূর্তি—আপ্তে) ; নির্মল ভাস্বর কর্পূর (কর্পূর দেখ। প্রায়ই ওংতে)। ভাস্কর্য···ষ্য. (সং ভাস্কর হইতে আধুনিক)। প্রতিমূর্তি-করণ কলা।

ভিঁআ···ধাতু. ভিঁয়া ধাতু দেখ।

ভিক্ষা···ষ্য. (সং)। যাচ্ঞা ; এক গ্রাস অন্ন ; ভোজনের যোগ্য তণ্ডুলাদি, প্রঃ—দিবস তিনের দিল ভিক্ষা (কবিকঃ) ; অন্নভিক্ষা (বৈষ্ণব ভাষায়)। ভিক্ষা-পুত্র···ষ্য. যে ব্রাহ্মণ কুমার উপনয়নকালে অন্যের প্রদত্ত ভিক্ষা গ্রহণ করে। ভিক্ষা-মা···যে নারী ব্রাহ্মণ-কুমারকে ভিক্ষা দেয়। ভিক্ষা-শিক্ষা ···ষ্য. (শিক্ষা প্রচর শব্দ)। ভিক্ষাদি।

ভিখ, ভিক···ষ্য. (সং ভিক্ষা)। ভিক্ষা, প্রঃ—ভেকের নিকটে হল ভুজঙ্গের ভিক (মাঃ)। ভিক-সিথ···(সিথ—প্রচর শব্দ)। ভিক্ষাদি। ভিখারী···ষ্য. (সং ভিক্ষাকারী। কিংবা ভিখ+আরী)। ভিক্ষাকারী। স্ত্রীং ভিক্ষারিনী। জাত-ভিখারী···জন্মে ভিক্ষাজীবী। ভিখারি ···ষ্য. (ভিখারীর পৃষ্ঠে ঝুলী থাকে। তাহা হইতে ?)। কাহন টাকা শের মণ প্রভৃতি বুঝাইবার নিমিত্ত অঙ্কের বামে কিংবা দক্ষিণে যে বক্র রেখা করা হয়, যেমন ।/৫, ৫/০। (বিক্রি দেখ)।

ভিজ···ধাতু. (বাং ভিজা ; ওং ওদা ; হিং ওদা ভীগা ভীজা ; মং ভিজকা। হিং ভীগনা ভীজনা মং ভিজণেঁ—ভিজা। সং মিদ ধাতু স্নেহন। সং মৃদ ধাতুও হইতে পারে। ম স্থানে ভ হয়, যেমন মইষা ভইষা, মেঢ়া—ভেড়া। মৃদ ধাতু মর্দনে। তুং সং অর্দ ধাতু পীড়ন হইতে আর্দ্র শব্দ। সং উদ-জল হইতে ওদা)। ভিজি—আর্দ্র, সিক্ত হই। ভেজা, ভিজা॥ ভিজা···ধাতু. (ভিজ ধাতু আস্তে)। ভিজানা॥

ভিজিট···ষ্য. (ইং visit)। দর্শনের বেতন।

ভিট, ভিট্-ভিট···ব্য. (সং ভিদ ধাতু)। বিদারণে, প্রঃ—ভিট্-ভিট করিয়া ঠেঙ্গানা—এমন প্রহার যেন চর্ম বিদীর্ণ হয়। (টিপ্-টিপ করিয়া ঠেঙ্গাইলে চর্ম বিদীর্ণ হয় না)।

ভিটা···ষ্য. (সং ভিত্তি। ভিত্তিঃ কুড্যপ্রদেশয়োঃ—মেঃ। হিং ভীটা। ভিৎ দেখ)। যে বাস্তু বা উচ্চভূমির উপর গৃহ নির্মিত হইতে পারে। (পূর্ববঙ্গে ভিটি)। ভিটা-মাটি উৎসন্ন (উচ্ছন্ন) করা—ভিত্তির মাটি পর্যন্ত অপসারিত করা, বাস ত্যাগ করানা। ভিটা-মাটি চাটি করা—ভিটার মাটি লইয়া কুম্ভকারের চাটি—বাসন নির্মাণ করা ? কিন্তু এই মাটিতে চাটি হইতে পারে না। বোধ হয়, চটান করা)। ভিটায় ঘু-ঘু চরানা—ঘু-ঘু দেখ। ভিটায় সরিষা বোনা—সর্ষপক্ষেত্র করিয়া ফেলা। সরিষা উচ্চ ভূমিতে জন্মে।

ভিড়···ধাতু. (সং মীল ধাতু সঙ্কোচে। ওং হিং ভিড়, মং ভিড)। ভিড়ি—টানিয়া বাঁধি, প্রঃ—পালান ভিড়িয়া বান্ধে কেঁদো

বাঘছাল (কবিকঃ)। ভিড়া॥ ভিড়া···ধাতু. (ভিড় ধাতু আছে)। ভিড়ানা॥

ভিড়···ধাতু. (সং মিল ধাতু সংশ্লেষণে। হিং মং ভীড়—জনতা। ভেট, ছুড় দেখ)। ভিড়ি—মিলিত হই, কর্মে অগ্রসর হই, প্রঃ—কঠিন কাজে কেহ ভিড়িতে চায় না। ভিড়া॥ ভিড়···ষ্য. বহু জন মেলক, জনতা; সঙ্কুল, প্রঃ—দিনে লোক ভিড় হবে (চৈঃ চঃ)। কাজের ভিড়···কর্মবহুতা, কর্ম-বহুতা হেতু পীড়া। ভিড় ভিড়···ব্য. বহু জনসঙ্কুল। ভিড়া···ধাতু. (ভিড় ধাতু আছে)। ভিড়ানা॥ নৌকা ডাঙ্গায় ভিড়ানা—ডাঙ্গায় লাগানা।

ভিড়া, ভিঁড়া···ষ্য. (তুং হিং ভিণ্ডা—তাল, হিং ভেলি—গুড়ের তাল। সং ভাণ্ড হইতে? ভিড় ধাতু মিলিত হইতে?)। গুড়-পিণ্ড, আখের রস ঘন পাক করিয়া হাতা দিয়া নাড়িয়া বায়ু মিশ্রিত করিলে যে পাণ্ডুবর্ণ কঠিন গুড় হয়। ইহা পরে গুড়-বীজ হয়।

ভিত, ভিৎ···ষ্য. (সং ভিত্তি। ভিত্তিঃ কুড্য-প্রদেশয়োঃ—মেঃ)। মাটির কাঁথ, (হিং ভীৎ), প্রঃ—ঘরের চারি ভিৎ, ভিৎ দুই হাত—ভিত্তির বিস্তার; প্রদেশ, প্রঃ—খলের কথায় পাথারে সাঁতারি উঠিতে নারিনু ভিতে (চণ্ডীঃ), থুইলা এক ভিতা (শূং পুঃ); পার্শ্ব, প্রঃ—এক ভিতে রহি দেখে ভুবন-মাধুরী (নবদ্বীপপরিক্রমা), দেখি ভয়ে মহাদেব গেলা এক ভিতে (ভাঃ)।

ভিতর···ষ্য. (সং অভ্যন্তর)। অভ্যন্তর, প্রঃ—ঘরের ভিতর বসিয়া—বাহিরে নয়, সাপ গর্তের ভিতরে থাকে। (ভিতর—স্থান-বাচক)। ভিতর বাহির থাকা—অন্তর্ভাগ ও বহির্ভাগ দুই ভাগ থাকা; অন্তঃকরণে এক প্রকার মুখে অন্য প্রকার থাকা। ভিতর বুধা, ভিতর-বুধিয়া···ণ. (ভিতর+বুধ+আ, ইয়া)। কুটিল-বুদ্ধি।

ভিন···ণ. (সং ভিন্ন)। ভিন্ন, অন্য, প্রঃ—রাধে ভিন না ভাবিও তুমি (চণ্ডীঃ), ভিন ভিন করি দেহা (জ্ঞানদাস), সতিনীর বেটা বলে না বাসিবে ভিন (মাঃ), ভিন গাঁয়ের লোক—অন্য গ্রামের।

ভিন্দিপাল···ষ্য. (সং)। নিক্ষেপ করিবার বল্লম।

ভিমরাজ···ভৃঙ্গরাজ দেখ।

ভিমরুল···ষ্য. (সং ভৃঙ্গরোল)। ভৃঙ্গবৎ, কিন্তু পীতবর্ণ ষট্‌পদীবিশেষ (mud wasp)। ভিমরুল কাদার চাক করে।

ভিয়া, ভিঁয়া···ধাতু. (বোধ হয় ভিজা হইতে। ওং ভিআণ—নির্মাণ)। ভিয়াই, ভিঁয়াই—ভিজাইয়া পাক করি, প্রঃ—তাহে ভিয়াইল (চণ্ডীঃ); নির্মাণ করি, প্রঃ—কুমার চাকে হাঁড়ী ভিঁয়ায়। ভিয়ানা, ভিঁয়ানা॥ ভিয়ান, ভিঁয়ান···ষ্য. ময়দা বেসন প্রভৃতি ভিজাইয়া পরে পাক, প্রঃ—মোদক আনিয়া ভিঁয়ান করিয়া এবে সে লাগিল সীঠ (চণ্ডীঃ)—সীঠ—শিঠা; কাদার গড়িয়া পরে পাক। ভাঙ্গান-ভিঁয়ান···ভাঙ্গা-গড়া।

ভিরকুটি···ষ্য. (সং ভ্রুকুটী—ভ্রূভঙ্গি হইতে)। বহু আপত্তি, বহু আয়োজন।

ভির্মি (গ্রাং)···ষ্য. (সং ভ্রমি; ভূমি—আপ্তে)। ঘূর্ণন রোগ; জলাবর্ত।

ভিসকাপ···ষ্য. (?)। ছোট রাঁধা (রূপান্তর খিসকাপ)।

ভিস্তি···ষ্য. (সং ভস্ত্রা)। চামের মশক। ভিস্ত···ষ্য. ভিস্তি দ্বারা জলবাহক।

ভীড়···ভিড় দেখ।

ভীতু···ণ. (সং ভীতি+উয়া—ভীতুয়া—ভীতু)। ভীরু।

ভীমপলাশী···রাগরাগিণী দেখ।

ভীমরথী (গ্রাং ভীমরতি)···ষ্য. (সং ভীমরথী—মানুষের জীবনের ৭৭ বৎসর ৭ মাস গতে ৭মী রাত্রি)। অতি দুস্তর কাল, বুদ্ধি-ভ্রংশতা।

ভীমসেনী···কর্পূর দেখ।

ভুক, ভুঁক···ধাতু. (হিং ভুঁক। সং ফুট ধাতুর রূপান্তর। তুং ফুঁক ধাতু—সং স্ফুট ধাতু)। ভুঁকি—বিদ্ধ হই, প্রবেশ করি, প্রঃ—কণ্টক ভুকিল (কবিকঃ)। ভোকা, ভোঁকা। ভুকা, ভুঁকা···ধাতু. (ভুক ধাতু আস্তে)। ভুকানা, ভুঁকানা ॥

ভুকতন···ণ. (সং ভুক্তং। তুং হিং ভুগতনা—ভোগ করা)। প্রবিষ্ট, পূর্ণ, প্রঃ—এখন খাজনার টাকা লও, পরে ভুকতন করিয়া দিবে।

ভুক্-ভুক···ব্য. (সং বুক্ক ধাতু)। কুকুরের শব্দে (দূরে শত্রু পলাইলে রোষে)। ভক্ ভক দেখ।

ভুখা ··ণ. (হিং। সং বুভুক্ষিত)। ক্ষুধার্ত।

ভুগ···ধাতু. (সং ভুজ ধাতু ভোগে)। ভুগি—ভোগ করি, (বাংতে) ক্লেশ ভোগ করি, প্রঃ—জ্বরে ভুগিতেছে। ভোগা ॥ ভোগন ···ষ্য. ক্লেশ-ভোগ। ভুগনি···ষ্য. ক্লেশ-ভোগ। ভোগা···ধাতু. (ভুগ ধাতু আস্তে)। ভোগানা ॥ (ভুঞ্জ ধাতু, ভোগ দেখ)।

ভুজং···ষ্য. (সং ভজনম্—সেবা। হিং ভুচক)। সেবা, মন্ত্রণা। ভুজং-ভাজাং ··(ভাজাং—উপচর শব্দ)। কুমন্ত্রণা।

ভুজা···ষ্য. (হিং ওং। ভাজা হইতে)। ভাজা মুড়ি।

ভুজালী···ষ্য. (সং ভুজ—বক্র হইতে ?)। নেপাল দেশের বাঁকা কাটারীবিশেষ।

ভুঞে···ষ্য. (সং ভূমি। ভুঁই দেখ)। ভূমি, প্রঃ—তুলিয়া আছাড়ে ভুঞে শোণিত নিকলে মুঞে দুই অঙ্গে বহে ঘামজল (কবিকঃ), (ঞ উচ্চারণে ইঁ তুল্য বলিয়া। তুং প্রাচীন পাঞা, যাঞা—পাইঁয়া যাইঁয়া)। ভুঞা···ভুইঁয়া দেখ।

ভুঞ্জ ··ধাতু. (সং ভুজ ধাতু হইতে। তুং সং ভুঞ্জন্তি)। ভুঞ্জি—ভোগ করি, প্রঃ—নরক ভুঞ্জিতে চায় (চৈঃ চঃ), ভুঞ্জিব অশেষ ক্লেশ (ভাঃ), সুখাদি উপভোগ করি। ভুঞ্জা ॥ (পদ্যে)।

ভুট্-ভুট ··ব্য. (ফুট্-ফুট রূপান্তরে)। বায়ু-বুদ্‌বুদ স্ফোটনে, প্রঃ—অজীর্ণ হইলে পেট ভুট্-ভুট করে। (ভট্-ভট, ভুড়্-ভুড় দেখ)।

ভুট্টা···ষ্য. (হিং)। জনার। (অন্য হিং নাম মকাই)।

ভুড়্-ভুড়···ভড়্-ভড় দেখ। ভুড়্-ভুড়ি ··ষ্য. বায়ু-বুদ্‌বুদ।

ভুঁড়-শিয়াল···ষ্য. (সং ভূরি-মায়। কিন্তু অর্থে কিছু ভিন্ন)। স্থূলোদর শৃগাল।

ভুড়া···ষ্য. (সং ভূরি)। শুদে টাকা বাড়িয়া ভূরি পরিমাণ।

ভুঁড়া ··ষ্য. (সং ধুরা)। খড়ের চালের মটকা, মটকা মোটা করিবার নিমিত্ত খড়ের দীর্ঘ বালিশ; তালগাছের পুং পুষ্পমঞ্জরী। (তাল দেখ)। ভুর দেখ।

ভুড়ি···ষ্য. (সং তুন্দী—উদর হইতে হিং টুঁড়ী—উদর। সং তুন্দ হিং তোন্দ—ধোন্দ। অতএব সং তুন্দী হইতে ভুঁড়ি আসিতে

পারে। কিংবা সং উদর হইতে। তুং সং ভুরি-মায়—শৃগাল—বাং ভুঁড়শিয়াল। ভুরি-উদর হইতে ?)। তুন্দী বা দুদ। ভুঁড়ুয়া, ভুঁড়ো…ণ. (ভুঁড়ি+উয়া। ওং পেটা)। বর্ধিতোদর, তুন্দিল।

ভুতি…ষ্য. (সং বৃন্ত। বৃন্তং পনসফলস্যাসার-ভাগো ভোথা ইতি খ্যাতঃ—অঃ টীঃ)। কাঁঠালের মধ্যস্থিত দণ্ড। ভুতড়ী…ষ্য. (ভুত+ড়ী)। পাকা কাঁঠালের ছালের ভিতরের কোমল অংশ।

ভুতুড়িয়া, ভুতুড়ো…ভুতাড়িয়া দেখ।

ভুনি…ষ্য. (?)। পাড়ি-হীন বস্ত্রবিশেষ, প্রঃ—ভুনি ধুতি বোনে যোড় গড়া (কবিকঃ), গুজরাটে তন্তুবায় ভুনি ধুতি বোনে (কবিকঃ), ভুনি দোগজা পট্টপাড়ি (চৈঃ চঃ)—পাটের পাড়ি যুক্ত ভুনি দোগজা—ভুনির ওড়না; পরিল বিচিত্র সরু দিব্য বস্ত্র ভুনি (চৈতন্যমঙ্গল)। পূর্বে ভুনি বিধবা নারী-বস্ত্র ছিল।

ভুনী…ষ্য. (সং ভর্জন হইতে হিং ভুন ধাতু ভাজা)। চাল দাল ঘৃতে ঈষৎ ভাজিয়া খিচড়ী।

ভুর…ষ্য. (সং ধুর, ধুরা হইতে। ভারি ভুরি দেখ)। গৌরব, সম্ভ্রম। ভুর ভাঙ্গা—গৌরব হানি।

ভুর-ভুরা…ণ. (ভুরা দেখ)। ঝুরা বা গুঁড়ার আকারের।

ভুরা…ষ্য. (তুং হিং বুরা দুবারা—চিনী। সং ধূলি হইতে)। দুধ নারিকেল-জল দিয়া গুড়ের খাদ কাটাইলে যে সরু আপাণ্ডুর চিনী হয়, প্রঃ—অন্য লোকে ভুরা দেয় ভাগ্যে আমি চিনি (ভাঃ)। কাশীর চিনী ভুরার দৃষ্টান্ত।

ভুরু…ষ্য. (সং ভ্রূ)। ভ্রূ।

ভুল…ধাতু. (সং ভোল। ভোলো কামাদি-বিহ্বলে—মেঃ। ভোলানাথ শব্দ সং হইয়াছে। বোধ হয় সং বি-হ্বল—প্রেমশোক-ভয়াদি দ্বারা অভিভূত—হইতে ভোল বা ভুল। চারি ভাষাতেই ভুল ধাতু আছে)। ভুলি—বিহ্বল হই, প্রঃ—রূপে ভুলিয়াছে; আত্মবিস্মৃত হই, প্রঃ—ভুলিয়া কি বলিতে কি বলিয়াছে। (সকর্মক) ভুলি—বিস্মরণ করি, প্রঃ—কথা ভুলিয়াছি। ভোলা ॥ ভোলা…ণ. বিহ্বল; নির্বোধ। ভোলা-নাথ…ষ্য. শিব। ভোলা মন…যে মন বিহ্বল হয়, বিস্মৃত হয়। ভুল…ষ্য. বিহ্বলতা, বিস্মৃতি, ভ্রম। ভুল-ভ্রান্তি, ভুল-চুক…(সহচর শব্দ)। ভ্রম। ভুলা, ভোলা…ধাতু. (ভুল ধাতু আস্তে)। ভুলানা, ভোলানা ॥ ভুলানিয়া…ণ. যাহাতে ভুলায়, যেমন কথা।

ভুশ…ব্য. (ভু শব্দ)। ভু বা হু শব্দে, প্রঃ—ভুশ করিয়া ডুবিয়া গেল।

ভুশণ্ডি…ষ্য. (সং ভুশণ্ড)। এক ত্রিকালজ্ঞ অমর কাক। কাক ভুশণ্ডি…যে দীর্ঘজীবী ও বহুজ্ঞ হইয়াছে।

ভুসা, ভুসি…ষা. (সং মসি)। কজ্জল। ভুসা কালী…যে কালী বা মসী কজ্জল দিয়া প্রস্তুত।

ভুসি…ষ্য. (সং বুস—অঃ, হেমঃ)। গমের কুঁড়া। ভুসি মাল…অসার দ্রব্য; চাল দাল যাহাতে ভুসি থাকে।

ভুসুণ্ডি…ষ্য. (সং)। নিক্ষেপণীয় যুদ্ধাস্ত্র-বিশেষ।

ভুঁই…ষ্য. (সং ভূমি। প্রাচীন ভুঞ)। ভূমি, ক্ষেত্র, কৃষিক্ষেত্র। ভুঁইয়া, ভুঁয়া…ণ. (সং

ভুঁমিক, ভুমিজ্ঞ। বাং ভুঁই+ইয়া। প্রাচীন ভুঞা)। ভুস্বামী, আধুনিক জমিদার। বার-ভুঁইয়া···দ্বাদশ সামন্ত ভুস্বামী। ভুঁই আদা ···(চাটিগাঁয়ে নাম)। হরিদ্রাদি বর্গের উচ্চ বহুপত্র শাকবিশেষ (Hedychium coccineum)। ফুল ইটবর্ণ। পুং-কেশর ১টা পরিণত হয়। ভুঁই-আমলা···আমলা, আমলকী দেখ। ভুঁইকম্প···ষ্য. ভুমিকম্প। ভুঁইকামড়ি···ষ্য. কলম্বী-আদি বর্গের লতাবিশেষ (Merremia emarginata)। মাটিতে লতাইয়া যায়। গাঁইঠে গাঁইঠে শিকড় জন্মে বলিয়া বাং নাম। পাতা প্রায় অর্ধচন্দ্রাকার, বোঁটা লম্বা। ফুল ছোট পীতবর্ণ। ভুঁই-কুমড়া ··· কুমড়া দেখ। ভুঁই-চাঁপা···চাঁপা দেখ। ভুঁই-জাম ···বন-জাম, জাম দেখ। ভুঁই ফোড় ···ণ. অকস্মাৎ আবির্ভূত, যেন ভুমিতল হইতে উদ্‌ভুত। ভুঁই-মালী···জাতিবিশেষ।

ভু-চালা···ষ্য. (সং ভুচলন)। ভুকম্প (ভাঃ)।

ভুঞা···ভুঁই দেখ।

ভূত···ষ্য. (সং)। প্রেত, পিশাচ। অপঘাত হইলে মৃত্যুসময়ে দোষ (পাঁজীর, মৃতে দোষ) পাইলে মানুষ ভূত হয়। কখন কখন লোককে ভূতে পায়। তখন সে নির্বাক থাকে, মুখ দিয়া ফেনা বাটে, পরে শুখাইয়া মরিয়া যায়। ভূত-প্রেত ··(সং। সহচর শব্দ)। প্রেত। ভূত···উচ্ছৃঙ্খল (ভর্ৎসনায়)। স্ত্রীং ভুতনী। ভূত ভাগানা— মানুষ-দেহে আবির্ভূত প্রেতকে প্রহারাদি দ্বারা তাড়ানা। ভূত-গত ··ণ. পঞ্চভুতে বিলীন, বৃথা নষ্ট। ভুতের বাপের শ্রাদ্ধ··· ভুতযোনির পিতা অজ্ঞাত। অতএব অজ্ঞাত পুরুষের শ্রাদ্ধ যেমন নিষ্ফল, তেমন। ভুতের বেগার ··ভুত প্রেত অব্যবস্থিতচিত্ত। এই হেতু ভুতের বেগার খাটিতে হইলে এক দিকে যেমন কর্মের শেষ হয় না, তেমন অন্যদিকে লভ্যও হয় না। ভুতাড়িয়া, ভুতড়ো, ভুতুড়ো···ষ্য. (ভুত হারী=ভুত+আড়ি=ভুতাড়ি+ইয়া—ভুতাড়িয়া। সং-ক্ষেপে ভুতড়ো, অপভ্রংশে ভুতুড়ো)। ভুত-কৃত; ভুত সাহায্যে চিকিৎসা করে যে, দেহে প্রবিষ্ট ভুত ছাড়াইবার ওঝা। ভূত-কেশী ···ষ্য. (সং)। পশ্চিম হিমালয়ের শাকবিশেষ (Corydalis govaniana)। ইহার মূল ঔষধে লাগে। ভূত-ভৈরবী···ষ্য. (সং শব্দ কিন্তু বোধ হয় রচিত। ওং ভূত-ঐরী)। ঘণ্টাকর্ণাদি বর্গের বন্য কদাকার ক্ষুপবিশেষ (Premna integrifolia)। পাতা চওড়া, কাটা কাটা। উৎকট গন্ধ (বোধ হয় এই হেতু নাম)। ফুল ছোট ছোট অসুন্দর, বর্ষাকালে ফোটে।

ভুনি···ভুনি দেখ।

ভূপালী···রাগরাগিণী দেখ।

ভুম···ষ্য. (সং ভুমি)। প্রদেশ, ক্ষেত্র, প্রঃ—মানভুম—মালভুম—মালভুমি, বীরভুম—বীর-ভুমি।

ভুয়া, ভুয়ো···ণ. (ভু+উয়া—ভুয়া)। মৃত্তিকা-তুল্য অসার, অলীক, যেমন কথা দলীল। ভুয়া জমা···মিথ্যা জমা, জমি না থাকাতে মিথ্যা জমা।

ভুমি···ষ্য. (সং)। পৃথিবী, প্রঃ—ভুমিকম্প, প্রদেশ, প্রঃ—বীরভুমি; ক্ষেত্র; স্থান। ভুমি-বাড়ী···ষ্য (সং বাটিকা—বাড়ী। তুং আখবাড়ী, ধানবাড়ী। অতএব সহচর

শব্দ)। কৃষি-উপযোগী ক্ষেত্র, জমি।

ভূমিজ…ষ্য. (সং)। জাতিবিশেষ। ভূমি নানা উদ্দেশ্যে নানা নামে বিভক্ত হইয়া থাকে। যেমন ঘাট-আলী, ঘাটোয়ালী—ঘাটআলকে দত্ত; চাকরান, চৌকীদারী চাকরান; পীরোত্তর; বিষ্ণুপ্রীতি; ব্রহ্মোত্তর; ভাটোত্তর; ভোগোত্তর; মহৎত্রাণ; ইত্যাদি। ভূমিষ্ঠ (প্রাং ভূমিষ্টি)…ণ. (সং)। প্রসূত। ভূমেষ…ষ্য. (সং ভূমি-সুষির)। আইলের ফাট।

ভুর…ভুঁড়া, ভুর দেখ।

ভূর্জপত্র…ষ্য. (সং)। হিমালয়ের ভূর্জ তরু-বিশেষের (Birch. Betula utilis) চর্মবৎ ত্বক। ইহার বল্কলে পূর্বকালে লেখা হইত। অদ্যাপি গুপ্ত মন্ত্রাদি এই বল্কলে লিখিত হইয়া থাকে। এই বল্কলে অন্য কাগজের কাজও হয়। ঘর করিতে এই গাছের কাঠ লাগে।

ভূর্সুঙ্গা…ষ্য. (সং ভুরি-সুগন্ধ। ওং ভুর-সঙ্গা)। নারাঙ্গাদি বর্গের ছোট তরু-বিশেষ (Murraya koenigii) দেখিতে অনেকটা কামিনী গাছের মতন। কিন্তু পাতা সুগন্ধ। এই হেতু কেহ কেহ ব্যঞ্জনে দেয়।

ভৃঙ্গরাজ, ভিমরাজ…ষ্য. (সং। কেশরাজ দেখ)। ফিঙ্গা (সং ভৃঙ্গ) তুল্য, কিন্তু প্রায় দেড় হাত দীর্ঘ নীলাভ কৃষ্ণবর্ণ পক্ষী-বিশেষ (Large racket-tailed drongo. Dissemurus paradises)। ফিঙ্গার মধ্যে সুন্দর পক্ষী। এ কারণ কেহ কেহ পোষে। ইহার কপালে এক গোছা পালখ থাকে।…ষ্য. (সং)। সোমরাজ্যাদিবর্গের বন্য শাকবিশেষ (Wedclia calendulacea)। ভিজা জায়গায়, প্রায়ই জলের নিকটে জন্মে। কেশরিয়া (কেশরাজ) তুল্য, কিন্তু ফুল হলুদা। (ভাবপ্রকাশে, ভৃঙ্গ-রাজ কেশরাজ এক গাছ)।

ভেঅকি, ভেউকি…ভাবকি, ভাব দেখ। (তুং হিং ভেব—ভাব)।

ভেঁঅট, ভেঁউট…ষ্য. (সং ভেড়ক—পদ্মবীজ বৈদ্যকঃ। ভেড়ক অর্বাচীন। বোধ হয় মূল ভেলক। হিং ভঁটমাস। ওং কঁই-বেণ্ট—কুমুদ হইতে কই)। কুমুদের ফল। ইহার বীজ ভাজিয়া লঘু খই করা হয়।

ভেউ ভেউ…ব্য. (ঘেউ ঘেউ দেখ। তুং সং ভিদ ধাতু)। কুকুরের আক্রমণ শব্দে।

ভেঁওচ, ভেঁউচ…বঁইচ দেখ।

ভেকটি…ষ্য. (সং ৰেকট—মেঃ)। সমুদ্র ও নদীমুখের মৎস্যবিশেষ (Lates calcarifer)। দীর্ঘে ৩।।০ হাত পর্যন্ত হয়। পিঠের পাখনায় কই মাছের মতন কাঁটা থাকে।

ভেকা-চাকা…ভেবা-চাকা দেখ। (ভাঃ)।

ভেকুয়া, ভেকো…ণ. (সং ভক্তবৎ? ওং ভকুআ, হিং ভকুৱা)। হতবুদ্ধি, প্রঃ—ভাঃ।

ভেখ, ভেক…ষ্য. (সং ৰেশ। তুং হিং ভেষ, সং ভেশ, ভেষ)। ছদ্মবেশ, বৈষ্ণবের বেশ। ভেখধারী…বেশধারী। ভেখধারী বৈষ্ণব…যে বেশে বৈষ্ণব, মতিতে নহে। ভেখ না নিলে ভিখ মেলে না, কিন্তু জাতভিখারীর ভেখে কাজ কি। ভেখুয়া, ভেখো…ণ. ভেখবিশিষ্ট।

ভেঙ্গা…ধাতু. (সং ভঙ্গ. মুখভঙ্গি হইতে)।

ভেঙ্গাই—মুখ বিকৃত করিয়া উপহাস করি। ভেঙ্গানা, ভেঙ্গানি। অন্য রূপ, ভেঙ্গচানা, ভেঙ্গচানি। ভাঙ্গচা ধাতু দেখ।

ভেজা··ধাতু. (সং আ-বৃজ অপবৃজ ধাতু—দানে। আওজা ধাতু অপভ্রংশে ভেজা। হিং ভেজনা—প্রেরণ। রাঢ়ে ধাতুটি প্রায় অপ্রচলঃ)। ভেজাই—প্রেরণ, নিক্ষেপ করি, প্রঃ—কলঙ্কের ডালি মাথায় করিয়া আনল ভেজাই ঘরে (চণ্ডীঃ)—ঘরে অনল নিক্ষেপ করি (এই অর্থে কৃত্তিঃ আঃ), জ্ঞান কহে লাজঘরে ভেজাইলাম আগুনি (জ্ঞানদাস); প্রবেশ করাই, প্রঃ—মন্ত্র পড়ি ফুঁক দিয়া মাটিতে ভেজায় (ভাঃ), ছেলের মন কৌশলের দ্বারা পড়াশুনায় ভেজাইতে পারেন (টেকচাঁদ , উনানে কাঠ ভেজায় (রাঢ়ে মেটায়); লাগাই, প্রঃ—বাতাসে পাতিয়া ফাঁদ কন্দল ভেজায় (ভাঃ), কপাট ভেজানা—আওজানা। ভেজানা॥

ভেজাল ··ষ্য. (মিশাল হইতে। ভেল দেখ। রাঢ়ে মিশাল, ওং মিশাল, হিং মিলাব মিলোনী, মং ভেল, ভেসল)। মিশাল, প্রঃ—ঘিয়ে ভেজাল।

ভেট ··ধাতু. (সং মেল হইতে। চারি ভাষাতেই ভেট শব্দ আছে, হিং তে ভেঁট)। ভেটি —মিলিত হই, প্রঃ—শুং পুঃ, হাম যাইতে পথে ভেটিল গোরী (জ্ঞানদাস), কি ভাবে আজি ভেটিব ভবেশে (মেঘনাদবধঃ) ; উপহার দিই, প্রঃ—পঞ্চ শ্লোক ভেটিলাম রাজা গৌড়েশ্বরে (কৃত্তিঃ আত্মপরিচয়)। ভেটা॥ ভেট, ভেটি ··ষ্য. মেলানি, উপহার, প্রঃ—ভেট দেয় আনি (চৈঃ চঃ)।

ভেটকী··ভেকটি দেখ।

ভেটেল (গ্রাং) ··ণ. ভাটাল, প্রঃ—ভেটেল পানসী (টেকচাঁদ)—ভাটাতে যাইতেছে যাহা।

ভেড়[1], ভেঁড়া··ষ্য. (সং ভেড—হেমঃ। কিন্তু সং মেঢ্র—মেঢ়া হইতে)। মেষ (Ovis. The domestic sheep)। স্ত্রীং ভেড়ী, ভেঁড়ী। ঊর্ণা ও মাংস নিমিত্ত বহুকাল হইতে ভেড়া প্রতিপালিত হইয়া আসিতেছে। নির্বাচন গুণে ইহার নানা জাত জন্মিয়াছে। (দুম্বা দেখ)। ভেড়া-গোয়াল···মেষ-শালা, মলমূত্রাদি-পূর্ণ স্থান। ভেড়িয়া, ভেড়ো ··ষ্য. (ভেড়া+ইয়া)। মেষ-রক্ষক ; জাল্ম, প্রঃ—এমন জানিলে সঙ্গে আসে কোন ভেড়ে (মাঃ)। ভেড়োর ভেড়ো ··জাল্মের মধ্যে অধম (গালিতে)। ভেড়া বানানা, করা—মেষ যেমন রক্ষকের ইঙ্গিতে থামে চলে, 'গুণ' করিয়া মানুষকে তেমন বশীভূত করা। এগুলেও ভেড়োর ভেড়ো, পেছুলেও ভেড়োর ভেড়ো—উভয় সঙ্কট। তুং এগুলেও নির্বংশ, পেছুলেও নির্বংশ।

ভেড়ি ··ষ্য. (সং হেডি। সং হেড ধাতু বেষ্টে। ওং হিড়—ক্ষেত্রের আলি। ওং ভেড়া, ভেড়ি—অল্প প্রসার অল্প উচ্চ ক্ষেত্র-বেষ্টন বাং পগার)। অল্প উচ্চ সরু বাঁধ বা আলি (ভেলি দেখ)। (গ্রাম্য জন অর্থ করে, ভেড়া যাইতে পারে এত সরু-মাথা বাঁধ)।

ভেঁড়ী··ষ্য. (ধেঁড়শ দেখ। ভেড়াশিং হইতে ধেড়শ। ওড়িশার উত্তরাঞ্চলে নাম মেঢ়া-শিঙ্গা। ফল বাঁকিয়া মেঢ়ার শিঙ্গের মতন হয় বলিয়া নাম)। ধেঁড়শ (দেখ)।

ভেড়ুয়া···ষ্য. (ও° ভড়ুআ, ম° হি° ভড়ৱা—কোটনা। স° ভট—নীচ জাতিবিশেষ। ভড়িল—সেবক হইতে ? ভট+উয়া)। নর্তকীর সঙ্গে যে থাকে ; নর্তকীর ও বেশ্যার পোষ্য।

ভেড়ে···ভেড়া দেখ।

ভেতো···ভাত দেখ।

ভেদ···ধাতু. (স° ভিদ ধাতু। বোধ হয় স° ভেদ হইতে)। ভেদি—ভেদ করি, প্রঃ—গায়ের কাপড় ভেদিয়া জল ঢুকিয়াছে। ভেদা॥ ভেদ···ষ্য. (স°)। দ্বৈব ; বিশেষ ; বিচ্ছেদ ; বিদারণ ; বিরেচন। ভেদ-বমি···রেচন ও বমন। ভেদা···ধাতু. (ভেদ ধাতু আস্তে)। ভেদানা॥ (প্রায় প্রয়োগ নাই)।

ভেদা···ষ্য. (?)। কই মাছের সদৃশ তামাটিয়া মৎস্যবিশেষ (Datnioides quadrifasciatus)। পিঠ উচা ; লম্বে ১২।১৩ আঙ্গুল হয়। খাইতে স্বাদু নহে।

ভেদাল···ষ্য. (স° ভেদ—বিচ্ছেদ+আল)। প্রসূতির প্রসবের পর ব্যথা।

ভেঁ, ভেঁ-ভেঁ···ব্য. (মা—মে—ভেঁ। তু° মেঢ়া—ভেঁড়া)। শিশুর ক্রন্দন-ধ্বনিতে ; ছাগ-মেষাদির রবে। ভেঁ-ভেঁআনি···ষ্য. ছাগ মেষাদির রব।

ভেদ্-ভেদে···ষ্য. (স° ভদ্র)। ছাতারিয়া পাখী। (শব্দটি ভাদ্-ভাদিয়া কিংবা ভাদিয়া হইবার কথা)।

ভেঁপু···ষ্য. (ভেঁ-পুঁ শব্দ হইতে)। সাপড়িয়ার বাঁশীবিশেষ।

ভেঁপো···ষ্য. (স° বাষ্প হইতে ভাপ ; ভাপ+উয়া—ভাপুয়া—ভেঁপো)। ধান গাছের ক্ষুদ্রপদী অভ্যাঘাতবিশেষ (পোকা দেখ)।

ভেবড়া···ভাবড়া ধাতু দেখ।

ভেবা···ণ. (ভাব হইতে অপভ্রংশে। ভাবা—ভেবা। ভাবা, অন্য শব্দে হাবা)। নির্বোধ। ভেবা-গঙ্গারাম···(ভেবারাম+গঙ্গারাম। কিন্তু, গঙ্গারাম শব্দ নাই। কিন্তু, তু° এমন হাবা যে না রাম না গঙ্গা কিছুই বোঝে না)। নির্বোধ। ভেবা-চাকা···ষ্য. (স° ভাব-চক্র)। বিহ্বলতা, প্রঃ—দেখিয়া ভেবাচাকা লাগা, প্রঃ—ভেকা-চাকা লাগিল ভুলিয়া হৈনু ভেকো (ভাঃ)—ভেবা—ভুলে, ভেকা ?

ভেয়ে-নাচ···ষ্য. (কথন কখন, ধেয়ে-নাচ। ধাইয়া ধাইয়া যে নৃত্য ?)। নিম্নশ্রেণী হিন্দু নরনারীর নাচ ও অসম্বদ্ধ গান। নৃত্য অল্প, ভাঁড়ামি অধিক। এ কারণ আর এক নাম ভাঁড়-নাচ। অধিকাংশ গান অশ্লীল। নিম্নশ্রেণী মুসলমান এই ধেয়ে নাচে আনন্দ পায়।

ভেরি···ষ্য. (স°)। দুন্দুভি, বৃহৎ ঢাক। (ও°তে ভেরি—তুরী সদৃশ। হি°তেও)।

ভেরু···ষ্য. (ও°। হি° ভেরা। তেলুগু বিল্লা। স° বিল্ল হইতে ?)। নিম্বাদিবর্গের মধ্যমাকৃতি আরণ্য তরুবিশেষ (Indian satin wood. Chloroxylon swietenia)। ওড়িশা ছোটনাগপুর মধ্যভারত হইতে দক্ষিণে নীরস অরণ্যে জন্মে। কাঠ পীতাভ, সুগন্ধ, ঘন, চিক্কণ। এই হেতু চিক্কণ কাজে, কোঁদায় উৎকৃষ্ট। কিন্তু, বড় কাঠ প্রায়ই ফাটিয়া যায়।

ভেরেণ্ডা···ষ্য. (স° এরণ্ড হইতে। ও° গব্‌—স° গালব হইতে। রেড়ী দেখ)। এরণ্ডাদিবর্গের গাছ। বাঘ-ভেরেণ্ডা, গাব-ভেরেণ্ডা

…ষ্য. (সং ব্যাঘ্রপুচ্ছ। এরণ্ড শব্দের এ—হে—ভে হইয়াছে। নদীয়ায় নাম কচা। ওং বাইগব্)। বড় ক্ষুপবিশেষ (Jatropha curcas. Physie nut)। প্রায়ই পগারের বেড়াতে করা হয়। পাতাতে পাঁচ আঙ্গুল আছে (এই হেতু ব্যাঘ্রপুচ্ছ? অন্য নাম পঞ্চাঙ্গুল)। ফুল আপীত, ফল তে-আঁঠিয়া। লাল-ভেরেণ্ডা…ষ্য. (রাঢ়ে নাম স্বয়ম্বর। কারণ বন্য অবস্থায় জন্মে। ওং বিলাতী বাইগব্)। পড়া জায়গায়, পুকুর পাড়ে এই ক্ষুপ (Jatropha gossypifolia) জন্মে। আমেরিকা ব্রেজিলের গাছ, কিন্তু গ্রামে গ্রামে বন্য হইয়া পড়িয়াছে। পাতায় বিশেষতঃ কচি পাতা ও ডাঁটায় আটাল্ লোম আছে। কোন ফুল পুং, কোন ফুল স্ত্রী। ফল তে-আঁঠিয়া। পাতা ডাঁটা তাম্রবর্ণ বলিয়া নাম। ভেরেণ্ডা ভাজা …(নদীয়ায় অশিষ্ট)। উপবাস। বোধ হয় ভাণ্ডার ভোজ—সাধু ভিক্ষুকদিগের ভোজন হইতে (হিং ভণ্ডারা)।

ভেল…ষ্য. (সং মেল। ম স্থানে ভ বহু শব্দে হইয়াছে। মং ভেল, ভেসল্ঠ)। মেল, মিশাল, প্রঃ—তেলে ভেল দেওয়া। (ভেজাল দেখ)।

ভেল্…ভ ধাতু দেখ।

ভেলকি…ষ্য. (সং ভেল—ক্ষিপ্র--আপ্তে। হয় ত সং ভেল—অজ্ঞ-মেঃ হইতে। যাহাতে হতবুদ্ধি করিয়া দেয়, তাহা ভেলকি? কেহ কেহ মনে করেন ভীল্লুক হইতে। ভীল জাতি কি ভেলকী?)। কুহক, যে কুহক হাতের ক্ষিপ্রতায় সাধিত হয়। হাড়ে ভেলকি খেলে—ভেলকি বাজিতে একখান হাড় (লোকে বলে বানরের হাড়) ছোঁআইয়া সৎকে অসৎ অসৎকে সৎ করিতে পারা যায়, এই বিশ্বাসে। এমন হাড় যে, তদ্দ্বারা সত্যকে মিথ্যা, মিথ্যাকে সত্য প্রতিপাদন করিতে পারা যায়। ভেলকী…ষ্য. যাহাকে ভেলকি লাগিয়াছে, প্রঃ—ভাঃ। ভেল-ভেল দেখ।

ভেল্‌ভেল…ষ্য. (সং ভেল—ভীরু, অজ্ঞ—মেঃ)। বিহ্বলতায়, প্রঃ—বীরগণ চায় ভেল্‌ভেল (কবিকঃ), চেয়ে রবে ভেল্‌ভেল ভেলকীর প্রায় (ভাঃ)। অন্য রূপ, ফেল্‌ফেল।

ভেলসা…ণ. (ভেল—কৃত্রিম+সা)। মৃদু, যেমন তামুক।

ভেলা…ষ্য. (সং ভেলক)। বাঁশ শোলা প্রভৃতির প্লব।…ভালিয়া দেখ।

ভেলি…ষ্য. (ভেড়ি—বাঁধ দেখ)। নিম্ন আলি। ভেলি তোলা—ক্ষেতে দুই পাশের মাটি তুলিয়া মাঝে শির করা।

ভেস্তা…ণ. (সং পর্যস্ত?)। বিপর্যস্ত, যেমন তাস খেলায় তাস ভেস্তা হয়, সাত নকলে আসল ভেস্তা—আসল নষ্ট। ভেস্তা…ধাতু. ভেস্তাই—পর্যস্ত হই, প্রঃ—তাস ভেস্তায়। ভেস্তানা॥

ভৈরবী…রাগরাগিণী দেখ।

ভৈরোঁ…(হিং)। ভৈরব। রাগরাগিণী দেখ।

ভৈল্…ভ ধাতু দেখ।

ভৈষা…ভয়ষা দেখ।

ভোখ, ভোক…ষ্য. (হিং। সং বুভুক্ষা)। ক্ষুধা, প্রঃ—তাহার মধুর বাক্যে গেল ভোক শেষে (চৈঃ চঃ)। (অপ্রচলঃ)।

ভোগ…ষ্য. (সং)। ভোজন; সুখভোগ,

ইন্দ্রিয় সেবা; অধিকার, প্রঃ—ভোগদখল; ক্লেশভোগ (ভুগ ধাতু দেখ); অন্নাদি ভোজ্য, প্রায়ই ঠাকুরের নিমিত্ত। ভোগ-রাগ…ষ্য. ঠাকুরের ভোগ ও সন্তোষ। ভোগে বাড়া—সুখে খাইয়া পরিয়া বৃদ্ধি। মালসা ভোগ…বৈষ্ণব মহোৎসবে চিড়া-মুড়কি-দই-মিষ্টান্ন-ফলাদি। মালসায় এই ভোগ ভোজন করা হয়। ভোগা…ষ্য. (ভোগ+আ)। বৃদ্ধি, নূতন যোগ, যেমন কাশন্দিতে ভোগা দেওয়া—নূতন কাটা আম যোগ করা। ভোগাল্…ণ. (ভোগ+আল)। ভোগে বর্ধিত, পুষ্ট, প্রঃ—ভোগাল্ মেয়ের ছেলে হয় না।

ভোজ…ষ্য. (হিং। বাংতে নূতন প্রবিষ্ট হইতেছে। গ্রামে খাওয়ান বা খাআন। সং ভোজন)। বহু লোক একত্র ভোজন।

ভোজ…ষ্য. (সং)। ভোজ নামক রাজা-বিশেষ। তিনি ধারা নগরীর রাজা ছিলেন। ভোজবিদ্যা…ভোজরাজা ইন্দ্রজাল বিদ্যায় পারদর্শী ছিলেন। ইহা হইতে, ইন্দ্রজাল-বিদ্যা। ভোজবিদ্যায় দৃষ্টিবিভ্রম ঘটায়, যাহা নাই, তাহা দর্শক দেখে, যাহা আছে, তাহা দেখিতে পায় না। এ দেশে ভানুমতী-বিদ্যা ও ভোজ-বিদ্যা এই দুই প্রকার বিদ্যা প্রচলিত ছিল। কেহ ভানুমতী শিখিত, কেহ ভোজ শিখিত। অধুনা প্রায় লুপ্ত হইয়াছে। ভোজবাজি…কুহক, প্রঃ—জেনেছি জেনেছি তারা তুমি জান ভোজের বাজি (রামপ্রসাদ)।

ভোজনা…ষ্য. (সং ভোজন)। শিশুর প্রথম অন্ন-ভোজন, অন্নপ্রাশন।

ভোজরি…ষ্য. (?)। সেকরার বিঁধনী, প্রঃ—ভোজরিতে কেহ ফোড়ে (কবিকঃ)—সোনা। (অপ্রচলঃ)।

ভোট…ষ্য. (সং)। বর্তমান তিব্বত দেশ। (ত্রিভোট—তিব্বত, ভোটাঙ্গ—ভুটান)। ভোট কম্বল…তিব্বতদেশীয় কম্বল।

ভোঁড়া…ষ্য. (ভুঁড়া দেখ। সং বণ্ড—আব বাহিত হইতে?)। তাল খেজুর প্রভৃতির মঞ্জরী। বাঁঝা ভোঁড়া…পুংপুষ্পমঞ্জরী; তাল ভোঁড়া…স্ত্রীপুষ্পমঞ্জরী যাহাতে পরে তাল ফলে।

ভোঁতা…ণ. (সং ভুগ্ন্—বক্র, নত? সং মুণ্ডিত? ও° থোতড়া, মুণ্ডা—সং মুণ্ডিত। হিং ভোঁথরা, থোতরা। থোঁতা দেখ)। ধারাবিহীন, প্রঃ—ভোঁতা কাটারী। ভোঁতা মুখ থোঁতা কং—একেই মুখ ভোঁতা—মুণ্ডিত—শ্রীহীন, তাহা পুনর্বার থুর্ণ করিয়া লজ্জার উপর লজ্জা দেওয়া।

ভোঁদড়…ষ্য. (সং উদ্র। উদ্র—উদর—ভোঁদড়। উদ্-বিড়াল দেখ)। নকুলবংশের চতুষ্পদ-বিশেষ (The large Indian civet. Viverra zibetha)। দেহ মাথা লম্বা সরু, পা ছোট, কান গোল। পিঠের লম্বা লোম দাঁড়াইতে পারে। হাঁস পাখী বেঙ্গ পোকা ফল খায়। কেহ কেহ উদ্‌বিড়ালকে ভোঁদড় বলে।

ভোঁদা…ণ. (সং ভুগ্ন। হিং ভোঁদূ)। ভোঁতা, বুদ্ধিহীন; শিশুকে ডাকিবার আদরের নাম। স্ত্রী° ভুঁদী।

ভোমর…ষ্য. (সং ভ্রমর—বাং উচ্চারণে ভ্রোমর, র লোপে ভোমর। অন্য সং নাম দ্বিরেফ—কারণ ভ্রমর শব্দে দুইটি র আছে। তুং সং দ্বিক—কাক, কোক। ভ্রমতি প্রতি

গুন্মিমিতি—অঃ টীঃ। অন্য নাম ভৃঙ্গা—বিভর্তি মধু। কিন্তু, ভৃঙ্গা পক্ষী, ভৃঙ্গারাজ পক্ষী, ভৃঙ্গারাজ=কেশরাজ ইত্যাদি শব্দে ভৃঙ্গা কৃষ্ণবর্ণ। অতএব ভ্রমর ও মধুমক্ষিকা এক নহে। কিন্তু অমরে, মধুব্রতো মধুকরো মধুলিণ্ মধুপালিনঃ—সব নামেই. মধুকর অর্থ। ভ্রমর মধু পান করে বটে, কিন্তু, মধু সঞ্চয় করিতে চক্র নির্মাণ করে না)। কৃষ্ণবর্ণ, প্রায়ই বৃহৎ, মধুপায়ী ষট্পদী-বিশেষ (Solitary bees. Andrenidæ)। দেহ স্থূল, উড়িবার সময় ভোঁ-ভোঁ শব্দ হয়। এক এক জাতি কাদার ঘর করে, এক এক জাতি পুরানা গাছের কাঠে লম্বা বাসা করে। (২) কাষ্ঠাদিতে ছিদ্র করিবার যন্ত্রবিশেষ। ভোমরা···ষ্য. (ভোমর+আ)। অবজ্ঞায়, ভোমর; ভোঁ-ভোঁ ধ্বনিকারী খোসনাবিশেষ।

ভোমা···ধানের ভেপোঁ নামক অভ্যাপাত।

ভোর···ণ. (সং ভৃ ধাতু পূরণে হইতে ভর, ভোর)। পূর্ণ, প্রঃ—পিরীতি রসেতে ভোর (চণ্ডীঃ); রাত্রি পূর্ণ, প্রঃ—রাতি ভোর হইয়াছে।...ষ্য. (ওং হিং ভোর)। প্রত্যূষ, প্রঃ—ভোর-বেলা, ভোরে কাক কোকিল ডাকে।

ভোল···ষ্য. (সং ভোল। ভোলো মীনান্তরে—মেঃ)। শকলী মৎস্যবিশেষ (Barilius bola)। শ্বেতবর্ণ দেহে নীলবর্ণ তিল থাকে। ফুলকা ছোট, মুখ পাশে বিস্তৃত। বড়িশীতে সহজে ধরা পড়ে। প্রবাদ যে, পাঠার্থী ভোল মাছ খাইলে পাঠ বিস্মৃত হয়।

ভোল···ণ. (সং বিহ্বল)। বিহ্বল, বিভোর। (প্রাচীন বাং)।

ভোল···ষ্য. (বোধ হয়, বোল—বাক্য হইতে)। ছদ্মবেশ। ভোল-ফেরা···বেশ পরিবর্তন।

ভোল···ষ্য. (সং মূল্য হইতে। ওং নাম বর্তন। হিং অচ্ছত—সং অক্ষত—খই)। গ্রাম্য সাধারণের পরিচারকের যেমন কামার নাপিত ধোবা প্রভৃতির—বার্ষিক বেতনস্বরূপ ধান্য।

ভোলা···ভুল ধাতু দেখ। ভোলা-নাথ···(সং—শব্দকল্পঃ)। শিব।

ভৌমিক···ষ্য. (সং)। ভূম্যধিকারী; পদবী-বিশেষ।

ভৌঁরি···ষ্য. (সং ভ্রমরক। ওং ভওঁর, হিং ভৌঁরী)। কেশ-লোম-ভ্রমরক—আবর্তাকারে গুচ্ছ (whorl); ঘোড়ার আয়ব-বিশেষ (হিং); জল-ভ্রমি। (কৃত্তিঃ চাক ভৌঁরি—চক্রভ্রমি)।

ভ্রম···ষ্য. (সং)। ভ্রান্তি, মিথ্যাজ্ঞান। ভ্রম-ভ্রান্তি, ভ্রম-প্রমাদ···ষ্য. (সং। সহচর শব্দ)। ভ্রম।··ধাতু. ভ্রমি—ভ্রমণ করি। (পদ্যে)। ভ্রম-রোগ···ষ্য. মস্তক ঘূর্ণিরোগ (vertigo)।

ভ্রমর···ষ্য. (সং)। ভোমর দেখ। ভ্রমর-মারী··ষ্য. (সং)। বৃক্ষবিশেষ। কুষ্ঠরোগের ঔষধ বলিয়া খ্যাত।

ভ্রূ···ষ্য. (সং)। চক্ষুর উর্ধ্বস্থ রোমরাজি। ভ্রূ-কুটি···ষ্য. (সং)। ভ্রূভঙ্গি। ভ্রূ-ক্ষেপ···ষ্য. (সং)। ভ্রূ-চালন; দৃষ্টিনিক্ষেপ, মনোযোগ।

ম।

ম···ষ্য. (সং)। ব্যঞ্জন-বর্ণ,-অক্ষর-বিশেষ। ম-এর এক উচ্চারণে অল্প অনুনাসিক, অন্য উচ্চারণে পূর্ণ অনুনাসিক। (ব্যাকরণ দেখ)।

ম…ধাতু. (মর ধাতুর র লোপে। ও° ম ধাতু)। মইনু, মনু—মরিনু; মইলে, মৈলে—মরিলে; মইল—মরিল, ইত্যাদি।

ম…ধাতু. (স° মন্থ ধাতু)। মই—মন্থন করি। মঅন, মআ॥ মঅনী…ষ্য. মন্থনযষ্টি। মআ…ধাতু (ম্ ধাতু আস্তে)। মআনা॥

মই, মৈ…ষ্য. (স° মদিকা। হি° ময়ী। ও° আসা° মৈ)। ক্ষেত্রে হলকর্ষণ করিয়া মাটি সমান করিবার শ্রেণিবিশেষ, প্রাঃ—শূং পুঃ; শিঁড়ি। মইর পাশে বাঁশ বা মই-কাঠ, মাঝে মাঝে তির্যক কোআ (ও° কঁয়া)। এক-শাট মই…প্রায় মানুষ সমান লম্বা মই (স° শ্রেণি হইতে শাট ? তু° ম° সাট—বাঁশের আধার)। দু-শাট মই…প্রায় দুই মানুষ-লম্বা মই। দৃষ্টান্তে, পাকা ধানে মই দেওয়া—ফল ভোগের সময় বিঘ্ন উৎপাদন।

মইষ,মঁষ…ষ্য. (স° মহিষ)। মহিষ। স্ত্রী° মইষী গাই-মইষ। মইষা…ণ. (মইষ+আ)। মহিষোৎপন্ন, যেমন দুধ, ঘি (ভয়সা দেখ)। দৃষ্টান্তে, ঘরের খেয়ে বনের মইষ তাড়ানা—লভ্য বিনা কালক্ষেপণ।

মইসা…ষ্য. (স° মসি—মইস,+আ। তু° ও° মসিআ, হি° মহীসা)। আর্দ্র বস্ত্রাদিতে (সূক্ষ্ম উদ্ভিদজন্ম হেতু) যে মসি-চিহ্ন হয়। মলিন বস্ত্রাদি ঘামে ভিজিলে বর্ষাকালে তাহাতে মইসা ধরে।

মউ, মৌ…ষ্য. (স° মধু। ও° মহু, হি° মৌ, ম° মধ)। মধুমক্ষিকাজাত সুমিষ্ট রসবিশেষ বা মধু; পুষ্পের মধু। মউ-চাক…ষ্য. মধুচক্র (আসা° মৌ-কোঁহ—স° মধুকোষ। Bee-combs)। মউ-মাছি…ষ্য. মধুমক্ষিকা (Bees), কিন্তু বস্তুতঃ মাঁছি (দেখ) নহে। দৃষ্টান্তে, মধু পান করিতে পারি মাছির কামড় সইতে নারি। এ দেশে তিন জাতি মউমাছি আছে। এক জাতি (Apis dorsata) বৃহৎ,বৃক্ষের শাখায়, গুহাপ্রান্তে, অট্টালিকায় বৃহৎ চক্র নির্মাণ করে। দ্বিতীয় জাতি (A. indica) বৃক্ষকোটরে, গুহা-মধ্যে উপরি উপরি অনেক চাক করে। এ কারণ ইহাকে "সাত-পুরিয়া" (সপ্তপুরী) বলে। তৃতীয় জাতি (A. florea) ক্ষুদ্র। চক্রের কোষ ক্ষুদ্র। এই মক্ষিকা তাদৃশ হিংস্র নহে। চাকে মধু অল্প থাকে। মধুও তরল।

মউড়…ষ্য. (স° মকুট, মুকুট)। বিবাহার্থী বরের মুকুট, প্রাঃ—মাথায় মউড়ে আমি আসিয়াছি বাসে (কবিকঃ); দেবপ্রতিমার মুকুট। সীঁথ মউড়…বিবাহের কন্যার সীঁথির আকারের মুকুট।

মউনী…ষ্য. (স° বর্বণা ? বা° মঅন হইতে ?)। অতি ক্ষুদ্র মক্ষিকাবিশেষ। পচা ফল পচা দই-তে দেখা যায় (Fungus-midges)। অন্য নাম মাছিতা। (২) ম ধাতু মঅনী দেখ।

মউম…মোম দেখ।

মউর (গ্রা°)…ষ্য (স° ময়ূর। হি° মোর)। ময়ূর, প্রাঃ—শূং পুঃ মোউর।

মউরলা…মৌরলা দেখ।

মউরী, মৌরী…ষ্য. (স° মধুরিকা। ও° পান-মহুরি)। ধান্যাদিবর্গের বর্ষায়ুঃ শাকবিশেষের (Fœniculum vulgare) ফল (fennel)। জল দিয়া রাখিতে পারিলে গাছ দীর্ঘায়ুঃ হয়। পানের ও বাঁধিবার মসলা ব্যতীত মউরীর আরক কাজে লাগে।

মউল, মহুয়া…ষ্য. (সং মধূক। হিং ও মহুআ। কোল ভাষায় মদকুম)। বকুলাদি বর্গের আরণ্য তরুবিশেষ (Bassia latifclia)। রাঢ়ের পশ্চিম হইতে মধ্যভারত উত্তরভারতের শুষ্ক পাথরিয়া মাটিতে জন্মে, বর্ষে বর্ষে পাতা ঝরে। তখন বসন্তকালে—মধুমাসে—মধুগন্ধ মধুভাণ্ডাকার মধুর ফুল হয়। দরিদ্রে গুড়ের পরিবর্তে খায়। এ কারণ নাম মধূক, গুড়পুষ্প। অন্যে চাল ইত্যাদির সহিত বাটিয়া, পিঠা করিয়া, কিংবা ঘৃতে কিংবা মউলের ঘিয়ে ভাজিয়া খায়। মউল ফুল শুখাইয়া রাখিয়া লোকে বহুদিন অল্প অল্প করিয়া খায়। এই ফুল চোআইয়া এক প্রকার তীব্র মদ্য হয়। ফলের বীজে তেল হয়। সে তেল ঘিয়ের মতন (mahua butter) বলিয়া দুর্জনেরা মইষা ঘিয়ে মিশাল দেয়। দক্ষিণ ভারতে অপর এক জাতি (টামিল নাম ইপ্পা) এবং পশ্চিমভারতে এক তৃতীয় জাতি জন্মে। তিন জাতিই আমাদের অনেক কাজে লাগে। মউল কাঠ ভারী, খদিরবর্ণ; কিন্তু মাটিতে নষ্ট হয়।

মকদ্দমা, মোকদ্দমা…ষ্য. (আং মুকদ্দমা)। বিবাদ, আদালতে অভিযোগ। মকদ্দমী…ণ. মকদ্দমাসম্বন্ধীয়; যাহা লইয়া বিবাদ হইয়েছে।

মক্‌-মক…ব্য. (সং মক ধাতু। ভেকো মক্‌মকায়তে)। ভেকের শব্দে। (বাংতে প্রায় চলিত নাই)। মক্‌মকি…ভেকের শব্দবৎ শব্দ।

মকর…ষ্য. (সং। ওং মগর)। পৌরাণিক মৎস্যবিশেষ (হাঙ্গর দেখ); নারীর মিতিন। মকরকুণ্ডল…মাকড়ী দেখ। মকরমাস…জ্যোতিষের দশম বা মাঘ মাস। মকর-সংক্রান্তি…মাঘ শেষ ও ফাল্গুন আরম্ভ কাল।

মকাই, মক্কা…ষ্য. (হিং)। জনার।

মকান…ষ্য. (আং)। বাসগৃহ, বাড়ী। মোকাম দেখ।

মকুট, (গ্রাং মটুক)…ষ্য. (সং মুকুট। ওং হিং)। শিরোভূষণবিশেষ, প্রাঃ—মোহন মটুক মাথে মুকুতা মণ্ডিত তাথে (মাঃ)। (দেবপ্রতিমা ও রাজার মকুট, বরের মউড়)।

মকুফ…মোকুফ দেখ।

মকুল…ষ্য. (সং মুকুল, ওং মকুল)। ফুলের কলি, মুকুল।

মক্কা…ষ্য. (আং)। আরব দেশের রাজধানী; (গ্রাং হিংতে) মকাই বা বাং জনার।

মক্কেল…ষ্য. (আং মুআক্কল)। আদালতে পক্ষ্য, উকীলের আশ্রিত।

মক্‌ষ…ষ্য. (আং মশ্‌ক)। অভ্যাস, প্রাঃ—হাতের লেখা মক্‌ষ করা।

মখমল…ষ্য. (আং)। সূতার কুড়-উঠা, দীপ্তিশালী কাপড়বিশেষ। মখমলী…ণ. মখমলে নির্মিত। মখমলী পোকা…বর্ষা-পোকা, ইন্দ্রগোপ (পোকা দেখ)।

মগ…ষ্য. (?)। আরাকান প্রদেশের জাতিবিশেষ; এই প্রদেশের জলদস্যুর বংশধর। স্ত্রীং মগিনী। মগের মুলুক…দস্যুর দেশ।

মগ…ষ্য. (ইং mug)। ধাতুনির্মিত গেলাসবিশেষ।

মগজ…ষ্য. (আং)। মস্তিষ্ক। মগজি…ষ্য. (আং)। বস্ত্রাদির ধার বা কিনারা।

মগন…ণ. (সং মগ্ন)। মগ্ন। (পদ্যে)।

মগর…ষ্য. (সং মকর। ওং মগর্, হিং মং মগর—কুমীর)। মকর (প্রাচীন পদে)। মগরা…ষ্য. (মগর+আ)। গঙ্গাসাগর-সঙ্গম (কবিকঃ),—যেখানে মকর—হাঙ্গর বাস করে।

মগরা…ণ. (আং মগরূর—গর্বিত। আং মকর্ ছল)। ধূর্ত্ত, গর্বিত। মগরা-পনা…ষ্য. ধূর্ত্তামি।

মঘা…ষ্য. (সং)। মঘা নামক নক্ষত্র। প্রবাদে মঘা এড়াবি কথা—মঘা নক্ষত্রে যাত্রা ভয়াবহ।

মঙ্গল…ষা. (সং)। শুভ, মঙ্গল গ্রহ (mars), মঙ্গল বার ; দেবদেবীর স্তুতি-গীত, প্রঃ—ধর্মমঙ্গল, চণ্ডীমঙ্গল। মঙ্গলসূত্র…বিবাহে বর কন্যার হাতের হরিদ্রাসূত্র। মঙ্গল…ধাতু. মঙ্গলি—বরণ করি, শুভ করি। মঙ্গলা॥

মচ…ব্য. (সং মচ ধাতু দম্ভে)। চাপে ভঙ্গা-শব্দে, প্রঃ—বাঁশে চাপিলে মচ্ করিয়া ভাঙ্গে। মচ্-মচ দেখ।

মচকা…ধাতু. (মচ্ করা—মচকা। ওং মচক, হিং মচক, মশক ধাতু। মং মচ্-মচ—চর্বণ শব্দে। মচ্মচ দেখ)। মচকাই—ঈষৎ বিদীর্ণ বা ভগ্ন হই। মচকানা॥

মচ্ছ (গ্রাং)…ষ্য. (সং মৎস্য। সং প্রাং মচ্ছ। ওং হিং মং মচ্ছ, হিং মছলী)। মৎস্য, প্রঃ—মচ্ছ ধরি অজয়ায় (মাঃ)।

মচ্ছব (গ্রাং)…ষ্য. (সং মহোৎসব)। ১ উৎসব, বৈষ্ণবাদির উৎসব। (মহোচ্ছব দেখ)।

মচ্-মচ…ব্য. (সং মচ ধাতু দম্ভে, সং মস্জ ধাতু শব্দে)। ঈষৎ বিদারণ শব্দে, প্রঃ—চালে চাপিলে চাল মচ্মচ করে। মচ্-মচিয়া, মচ্-মচ্যে…ণ. মচ্-মচ শব্দে ভাঙ্গে যাহা, যেমন টাটকা ভাজা মুড়ি। মুচ্-মুচ…ব্য. ক্ষুদ্র বস্তুর ঈষৎ বিদারণশব্দে। মুচ্-মুচিয়া, মুচ্-মুচ্যে…ণ. মুচ্-মুচ করে যাহা।

মছলন্দ…ষ্য. (আং মসনদ হইতে। তুং সং আসন্দী—বেত্রাসন)। সূতা দিয়া বোনা সরু মাঁদুর, প্রায়ই চিত্রিত। মেদিনীপুরের মছলন্দ প্রসিদ্ধ।

মজ…ধাতু. (সং মজ্জ, মস্জ ধাতু মজ্জনে)। মজি—মগ্ন হই, প্রঃ—তোমা ঝি হইতে ঘর মজিল সকলে (কবিকঃ)—বিপদ্সাগরে মগ্ন হইল, মজিয়া কোপের কূপে গঙ্গার করিল অপমান (ভাঃ)—মগ্ন হইয়া, প্রেমে মজা—প্রেমে মগ্ন, মুগ্ধ হওয়া ; গৃহিণীর পাপপুণ্যে ঘর থাকে মজ (ভাঃ) —নষ্ট হয়। মজা॥ মজা…ধাতু (মজ ধাতু আস্তে)। মজানা॥ প্রঃ—বুড়ী মজাইল দহে (ভাঃ)—দহে ডুবাইল; মজালে রাক্ষসকুল মজিলা আপনি (মেঘ-নাদবধঃ)। কুল-মজানী…যে নারী নিজ কুল কলঙ্কসাগরে নিমজ্জিত করে।

মজ…ধাতু. (সং মুদ্র ধাতু হইতে বাং বুজ ধাতু। ভাষায় মজ ধাতু)। মজি—বুজি, বদ্ধ হই, প্রঃ—নদীর মুখ মজিয়া গিয়াছে। মজা॥

মজ…ধাতু. (ফাং মজা—আস্বাদ হইতে)। মজি—পাকিয়া প্রায় বিকৃত হই, প্রঃ—পাকা আম দুই এক দিন পরে মজিয়া যায়। মজা॥ (মজা দেখ)।

মজকুর···ষ্য. (আ°)। লিখিত বিবরণ। মজকুরী···সিকিমী (মেদিনীপুরে)।

মজবুৎ···ণ. (আ° মজবুৎ)। দৃঢ়, স্থায়ী।

মজলিস···ষ্য. (আ°)। সভা; কর্তাভজার দলের সভা। মজলিসী···ণ. সভার যোগ্য, সভাতে আহ্বানযোগ্য। মজলিসী গান··· সভায় বসিয়া সভ্যগণের শ্রবণযোগ্য গান।

মজা···ষ্য. (ফা° মজাহ্। তু° সং মদ ধাতু হর্ষ, মত্তীভাব)। ইন্দ্রিয়সুখ, ইন্দ্রিয়-সুখভোগ, প্রঃ—মজা করিয়া কাল কাটায়। মজা উড়ানা (অশিষ্ট)—ইন্দ্রিয়-সুখভোগে দিনযাপন। মজাড়িয়া···ণ. (মজা+তা+ইয়া)। ইন্দ্রিয়-ভোগাসক্ত। মজাদার···ণ. (ফা°)। সুস্বাদু, তৃপ্তিকর। মজাদারি··· ষ্য. ইন্দ্রিয়-সুখভোগ। মজা···ষ্য. (আ° মজ্হা)। কৌতুক, তামাসা। মজা করা—হাস্যপরিহাস করা। মজার কথা—কৌতুকের কথা, আশ্চর্যের কথা।

মজুদ···ণ. (আ° মৌজুদ)। বর্ত্তমান, স্থিত। টাকা মজুদ করা—টাকা উপস্থিত করা। মজুদী···ণ. মজুদ আছে যাহা।

মজুমদার, মজুন্দার···ষ্য. (আ° মৌজা ফা° দার)। মৌজাদার, প্রাচীন কালের ভূস্বামীর উপাধি; উপাধিবিশেষ।

মজুর···ষ্য. (ফা° মজদুর)। ভরণিয়া, মুনিষ। মজুরি···ষ্য. মজুরের কর্ম, বেতন। মজুরা ···কর্মীর বেতন, প্রঃ—খুচরা কাজের মজুরা নাই—বেতন নির্ণয় কঠিন।

মজ্জা···ষ্য. (সং)। অস্থিমধ্যস্থ স্নেহবিশেষ (marrow); বৃক্ষাদির সার বা মাজ। অস্থি মজ্জা···অস্থি ও তন্মধ্যস্থিত সারাংশ।

মঝু···সর্বনাম. (সং মহ্যং। মং মাঝা—আমার; হিং মুঝকো, মুঝে—আমাকে)। আমার (প্রাচীন পদে)।

মঞ্জর···ধাতু. (সং মঞ্জরি হইতে)। মঞ্জরি—মঞ্জরিত হই, প্রঃ—গাছ মঞ্জরিয়াছে। মঞ্জরা॥ (প্রায়ই পদ্যে)।

মঞ্জিষ্ঠা···ষ্য. (সং। মঞ্জৌ শোভনবর্ণে তিষ্ঠতীতি মঞ্জিষ্ঠা—অঃ টীঃ। হিং মজিৎ, মজীট)। আচ্ছুকাদিবর্গের লতাবিশেষ (Indian madder. Rubia cordifolia)। হিমালয়াদি পার্বত্য প্রদেশে জন্মে। ইহার মূল জলে সিদ্ধ করিয়া পূর্বকালে বস্ত্র রক্ত-রঞ্জিত করা হইত। ইদানী কবিরাজী তৈল রঞ্জিত করিতে কিছু কিছু লাগে।

মঞ্জুর···ণ. (আ° মন্‌জুর)। স্বীকৃত, গ্রাহ্য। মঞ্জুরি···ষ্য. অঙ্গীকার। না-মঞ্জুর···ণ. অস্বীকৃত, অগ্রাহ্য।

মট, মট্‌-মট···ব্য. (সং মড ধাতু বিভাজনে। মড়্-মড় দেখ)। কঠিন দ্রব্যের ভঙ্গশব্দে, প্রঃ—মট করিয়া আঙ্গুল মটকানা, সরু কাঠি মট্-মট করিয়া ভাঙ্গিতে পারা যায়। মট্‌-মটানি॥ মুট্-মুট···ব্য. সরু কঠিন দ্রব্যের ভঙ্গের মৃদু শব্দে।

মটক···ধাতু. (হিং মটকনা—তাকানা, চমকানা; হিং মটকানা—চোখ ঘুরানা, চমকানা। বা° মট্-মট দেখ। মং মটকণে—বেগে লাফাইয়া পড়া, হঠাৎ বন্ধ করা। মং মিটকা—নিমীলন। ওংতে ঘালেইবা—সং ঘৃ ধাতু আবরণে হইতে? অর্থাৎ লুকাইয়া। বোধ হয়, মুদ্রিত করা হইতে মটকা)। মটকি—চক্ষু ঈষৎ মুদ্রিত করি, প্রঃ—আঁখি মটকিয়া হাস আপনা কেমন বাস (জ্ঞানদাস)। মটকা॥ মটকা মারিয়া

শুইয়া থাকা—নিদ্রিতভাব দেখাইয়া, বাস্তবিক, নিদ্রিত নহে।

মটকা···ধাতু. (সং মুট ধাতু হইতে মুট করা—মটকা)। মটকাই—অঙ্গুলি মোটন করি। মটকানা॥ আঙ্গুল মটকানা—সং মুকুটী।

মটকা···ষ্য. (মুখ-কাটা হইতে। ওং মঠা)। পাটের গুটী-পোকা গুটী কাটিয়া ফেলিলে কাটা গুটী হইতে যে পাট হয়। (মুখ-কাটা—সংক্ষেপে মটকা)। (কাটিয়া, কেট্যে—গুটী কাটা তসর)।

মটকা···ষ্য. (সং মট্টক। ওং মথান, হিং মঙ্গারা, মরকচা)। চালের মাথা বা শির।

মটকা···ষ্য. (সং মার্তিক, মং মাট। তুং ওং মাটিআ—কলশী)। ঘি রাখিবার বড় কলশী। মটকী···ষ্য. (মটকা+ঈ। মং মডকী)। ঘি রাখিবার ছোট কলশী।

মট্-মট···ব্য. (সং মদ ধাতু মত্তীভাবে। ওং মট্-মট। কট্-মট দেখ)। মত্তের দৃষ্টিতে, বিস্ফারিত চক্ষুতে, প্রঃ—মট্-মট করিয়া তাকানা।

মটর···ষ্য. (ওং হিং মটর, মং রাটাণা। সং বর্তুল—বটুল—মটর ?)। শিম্বাদিবর্গের কৃষিজাত কলায় (সং কলায়=মটর)। বঙ্গদেশে দেশী ও কাবুলী মটর দুই জাতি আছে। দেশী মটর (field pea) চাপা, চিত্রিত; কাবুলী মটর (pea) গোল, প্রায় শাদা। দেশী মটর গাছের (Pisum arvense) ফুল প্রায় বেগুনা, কাবুলী মটরের (P. sativum) ফুল শাদা। সুগন্ধ মটর (Lathyrus odoratus) নামে এক গাছ বাগানে ফুলের নিমিত্ত করা হইয়া থাকে।

মটুক···ষ্য. (সং মুকুট—মকুট)। মুকুট, মউড়়।···মোটক দেখ।

মঠ···ষ্য. (সং)। ছাত্রালয়, টোল; মন্দির; ব্রতীগৃহ; মন্দিরাকৃতি শর্করা। মঠ-ধারী···ষ্য. (সং)। মঠস্বামী।

মড়, মড়্-মড়···ব্য. (সং মড মনড ধাতু বিভাজনে; মৃ ধাতু মরণে)। ভঙ্গ শব্দে, প্রঃ—ডাল মড়্-মড় করিয়া ভাঙ্গিয়া পড়িল। মড়্-মড়া, মড়্-মড়িয়া, মড়্-মড্যে ···ণ. ভঙ্গপ্রবণ। মড়্-মড়ি, মড়্-মড়ানি॥ মুড়্-মুড়···ব্য. মৃদু মড়্-মড় শব্দে। (মড়কা ধাতু দেখ)।

মড়ই-পোড়া···মড়ি-পোড়া দেখ।

মড়ক···ষ্য. (সং মরক)। মারী, মারীভয়।

মড়কচা···ষ্য. (মটকা+চা)। চালের মটকার উপরে খড়ের বেণী। মড়কচা মারা···এই বেণী নির্মাণ।

মড়কচা···ণ. (মরা-কাঁচা)। অর্ধপক্ব।

মড়কা···ধাতু. (সং মড ধাতু বিভাজনে। মড় দেখ। মড়-করা—মড়কা)। মড়কাই—চাপিলে মড়্-মড় শব্দ করি, ভগ্ন হই। মড়কানা॥ (মচকানা দেখ। মচকানায় ভাঙ্গা ছেঁড়া থাকে; মড়কানায় বাঁকাইতে চেষ্টা না করিলে ভাঙ্গা বুঝা যায় না)।

মড়গড়া···ষ্য. (বাঁকুড়ায় নাম)। মাকড়া পাথর।

মড়ল, মোড়ল···ষ্য. (সং মণ্ডলিন্—মণ্ডলী। কিংবা মণ্ডল দেখ। মড়ল, মঁড়ল—দুই-ই হয়। ওংতে নাম পধান—সং প্রধান)। পূর্বকালে রাজনির্বাচিত গ্রামমুখ্য, এখন তাহাদের বংশধর। রায়-মড়ল···রাজনিযুক্ত মণ্ডলী। মড়লি···ষ্য. মড়লের কাজ। গাঁয়ে

মানে না আপনি মড়ল—বিনা আহ্বানে পরচর্চা।

মড়া···ষ্য. (সং মৃত। মং মড়ে)। মৃত মনুষ্যদেহ। (মরা—মরণ, মরা—মৃত। মনুষ্য ব্যতীত অন্য জীব মরিলে মরা (ণ.) বলা যায়, যেমন মরা ছাগল, মরা হাঁস, মরা ছেলে, মরা গাছ। সকলেই মরে, কিন্তু গোরু মরে না, পড়ে)। প্রঃ—পচা গন্ধ মড়া হএ আইলা নারাঅন (শূং পুঃ); পুকুর গাবালে যেন মড়া হৈল মীন (কবিকঃ)—এখানে উপমায় মড়া। শনিবারের মড়া—শনিবারে মৃত ব্যক্তি দোষ (পাঁজির) পায়। ইহা হইতে লোকের বিশ্বাস, গ্রামে শনিবারে একজন মরিলে শীঘ্র অপর একজন মরিবে। শনিবারের মড়া দোসর খুজে। দৃষ্টান্তে, মড়ার উপর খাঁড়ার ঘা—নিতান্ত অনাবশ্যক ও অশোভন। মড়াছিয়া, মড়াঞ্চিয়া, মড়াঞ্চে ···ণ. (মড়া ছা+ইয়া—মড়াছাইয়া—মড়াছিয়া (চৈতন্যমঙ্গলে), অপভ্রংশে মড়াঞ্চিয়া। সং মৃতবৎসা—মড়া ছা+ইয়া—মড়াছিয়া। মং মরতব্রাঝ—মৃতবধ্)। মৃতবৎসা, যেমন পুত্রাতী। মড়া-কামড়··· মরণকালে আত্মরক্ষার্থে কামড়।

মড়ি···ষ্য. মড়া। মড়ি-পোড়া···যে শবদাহে উপস্থিত থাকে। মড়ি-পোড়া বামুন··· পতিত ব্রাহ্মণবিশেষ, অগ্রদানী (ওং মড়িআ)।

মড়িচা···ষ্য. (সং মণ্ডুর-সদৃশ। কিংবা মলি-সদৃশ—মড়িচা। ফাং মোরচা); আর্দ্র বায়ুযোগে উৎপন্ন লৌহমল। মড়িচা পোকা···পোকা দেখ।

মণ, মন···ষ্য. (সং মান হইতে? সং মন, মণ —শব্দসারঃ। আং মন। চলিত বানান মণ। ওং মহণ, হিং মন, মং মণ)। ৪০শের। মণকষা···মণবিষয়ক গণিত। মণকিয়া··· ষ্য. (মণ+ক+ইয়া। তুং শতকিয়া)। মণবিষয়ক গণিত।···ণ. এক মণ বহন ভোজন করিতে দক্ষ। মণা···ণ. (মণ+আ)। এক মণ ধরে যে পাত্রে। মণিয়া··· ণ. (মণ+ইয়া)। মণ-সম্বন্ধীয়।

মণা-কাটা···ণ. (সং মণি, মণী—লিঙ্গের অগ্র। তুং আঁড়া-কাটা)। নির্বোধ (অশিষ্ট গালি)।

মণি···ষ্য. (সং)। দীপ্তিশালী মূল্যবান্ প্রস্তর; সূক্ষ্মাগ্র। মণিকার···ষ্য. (সং)। মণি কাটে যে; জাতিবিশেষ। মণিমাণিক্য, মণিমুক্তা, মণিরত্ন···ষ্য. (সং। সহচর শব্দ)। রত্ন। মণি-হারা···ণ. মণি হারাইয়াছে যে. প্রঃ—যেন মণিহারা ফণী (কৃত্তিঃ অরণ্য)। (প্রবাদ এই, কোন কোন জাতি সাপ মুখে মণি বহন করে। রাত্রে চরিবার সময় মণি বাহির করে। মণির দীপ্তিতে পোকা আসে; সাপ সেই পোকা খাইয়া জীবিত থাকে। রত্নশাস্ত্রের সর্পমণি কিন্তু সর্প-বিশেষের মস্তকে জাত মুক্তাবিশেষ। এই মুক্তার জ্যোতিঃ প্রায় নাই)। মণিহারী··· ষ্য. (সং মণিকার। হিং মনিহারী—মণির ব্যবসায়ী; মনিহার, মন্‌হিয়ার, ওং মণিহারী)। ক্ষুদ্র ক্ষুদ্র উজ্জ্বল দ্রব্য-বিক্রেতা (ভুলে মনোহারী)।

মণিমা···ষ্য. (সং মহিমা। ওং)। রাজসম্বোধনে, প্রঃ—মহাপ্রভু, মণিমা মণিমা করে ধ্বনি (চৈঃ চঃ)। (অপ্রচলঃ)।

মণিয়া···মুনিয়া, মণ দেখ।

মণ্ডল···ষ্য. (সং। যথা, মণ্ডলং পরিধৌ কোঠে দেশে দ্বাদশ রাজস্থ। ক্লীবেহথ 'নিবহে বিষে ত্রিষু পুংসি তু কুক্কুরে॥—মেঃ। ইত্যাদি অন্যার্থও আছে। কোঠ—কুষ্ঠ রোগবিশেষ)। দেশ, যেমন রাষ্ট্রমণ্ডল—রাঢ় দেশ ; গ্রাম-সমষ্টি, (পূর্বকালে, কয়েক "বিষয়" সমষ্টির নাম); মাণ্ডলিক বা মণ্ডলেশ (সংক্ষেপে মণ্ডল); রাজনিযুক্ত মঁড়ল (মড়ল দেখ)।

মণ্ডা···ষ্য. (সং মণ্ডক। সং মণ্ড হইতে। ওংতে মণ্ডা—বাং পুর পিঠা। ভাবপ্রকাশে, ময়ান দেওয়া ময়দার বড়া ঘৃতে পাক করিয়া পরে এলাচি লবঙ্গ কর্পূর মরিচাদি যোগে সুগন্ধীকৃত শর্করা রসে নিমগ্ন করিলে মণ্ডা)। মিষ্টান্নবিশেষ, প্রাঃ—মুড়কী মিঠাই মণ্ডা মনোহরা চিনি (মাঃ)। মিঠাই-মণ্ডা, লুচী-মণ্ডা···সহচর শব্দ। মণ্ডী···ষ্য. (মণ্ড+ঈ)। ক্ষুদ্র মণ্ডাবিশেষ।

মণ্ডূকপর্ণী···ষ্য. (সং। সংতে মঞ্জিষ্ঠা, ব্রাহ্মী ও বাং থানকুড়ি)। বাংতে প্রায়ই, থান-কুড়ি (দেখ)।

মত্···ষ্য. (সং মতম্। যথা, ছন্দোঽভিপ্রায় আকূত-মত-ভাবাশয়া অপি—হেমঃ। মতন্তু সম্মতে জ্ঞাতে—মেঃ। মতিঃ স্ত্রীচ্ছাধিয়োঃ স্মৃতৌ—মেঃ)। অভিপ্রায়, আশয়, ইচ্ছা, সম্মতি। মত্বাদ···ষ্য. (সং মতবাদ। সহচর শব্দ)। মত, বাদ। অ-মত···ষ্য. (অ+মত)। অনিচ্ছা।···ণ. বিরুদ্ধ মতি। মতামত···ষ্য. (মত+অমত)। ইচ্ছা-অনিচ্ছা, অভিপ্রায়, সম্মতি ; বাদ। মতান্তর···ষ্য. (মত+অন্তর)। অন্য মত, অন্য কল্প, অন্য বাদ।

মত্, মতন···ণ. (সং বৎ মৎ প্রত্যয় হইতে মন্ত। ন লোপে মত্। সংযুক্ত ব্যঞ্জন ছিল বলিয়া মত্র উচ্চারণ। বর্ণবিপর্যয়ে মতন। মন্ত, মতি দেখ)। সদৃশ, তুল্য। এমত,এমৎ—ইহা-বৎ ; তেমত, তে-মৎ—তাহা-বৎ ; যেমত, যে মৎ—যাহা-বৎ। ইদানী, এমন কেমন তেমন যেমন শব্দ হইয়াছে। (মতন—ত লোপে মন)।

মৎলব···ষ্য. (আং)। অভিপ্রায়, আশয়। মৎলবী ··ণ. যাহার অভিসন্ধি আছে। মৎলব-বাজ···ণ. কুবুদ্ধিতে দক্ষ।

মৎসরঙ্ক···মাছরাঙ্গা দেখ।

মতাজ্জে···ষ্য. (আং মৎব্বজ্জে)। মনোযোগী।

মতাবক···মোতাবেক দেখ।

মতামত, মতান্তর···মত্ দেখ।

মতি···ষ্য. (সং)। বুদ্ধি ; ইচ্ছা। মতিগতি ···ষ্য. (সং। প্রায় সহচর শব্দ)। ইচ্ছা ও কার্য। মতিচ্ছন্ন···ণ. (মতি মোহে ছন্ন কিংবা মতি উৎসন্ন যার)। সুবুদ্ধি-বিহীন।

মতি···ষ্য. (সং বৎ, মৎ হইতে। মত দেখ)। প্রকার, প্রাঃ—এমতি জানিবে সব—এমন। বার-মতি···দ্বাদশ বিধ, প্রাঃ—ধর্মের বার মতি পূজা।

মতি···ষ্য. (হিং মোতি। সং মৌক্তিক)। মুক্তা। মতিলাল···(লাল দেখ)। প্রিয় মুক্তা ; ইহা হইতে মানুষের নাম।

মতিচুর···ষ্য. (সং মুদ্গচূর্ণ। মুক্তাচূর্ণ হইতে ?)। মুগের বেসন দ্বারা নির্মিত মিষ্ট মিঠাই। অন্য নাম মিহিদানা।

মত্তমান···মর্তমান দেখ।

মথ···ধাতু. (সং মথ, মন্থ ধাতু)। মথি—

মন্থন, বিলোড়ন করি। মথা ॥ মথন…ষ্য. মন্থন। মথা দই—মথিত দধি। মথনা, মথনী…মন্থন যষ্টি। মথা ..ধাতু. (মথ ধাতু আস্তে)। মথানা ॥ (বাংতে প্রায়ই ম, মঅা ধাতু)।

মদ…ষ্য. (সং মদ্য, মদ)। মদ্য বা মত্ততা-জনক পানীয়। কাঁচি মদ…মৃদু আ-চোআনা মদ্য। পাকি মদ…চোআনা তীব্র মদ্য বা সুরা। মদের ভাটি…মদ্য চোআইবার কলশী (ভাটি দেখ)। মদুয়া, মঁদো…ণ. (মদ+উয়া)। মদ্য সম্বন্ধীয়, প্রঃ—মদুয়া গন্ধ; মদ্যপায়ী। মদুয়া-মাতাল…ণ. (প্রায় সহচর শব্দ)। মদ্যপায়ী ও মদ্যপানে মত্ত।

মদ…ষ্য. (সং মদ)। গর্ব। মদ-মাৎসর্য ..ষ্য. (সং মৎসর—অসহ্যপরসম্পত্তি। প্রায় সহচর শব্দ)। গর্ব ও পরসম্পত্তি হেতু ঈর্ষা।

মদৎ…ষ্য. (আং মদদ্)। সাহায্য। (প্রায় অপ্রচলঃ)।

মদৎ…ষ্য. (সং মোদক। হিং মদক,ওং মদৎ)। আফিং যোগে প্রস্তুত গুলী। মদতী…গুলী-খোর।

মদন…ষ্য. (সং)। কাম, কন্দর্প। মদন-মোহন…ষ্য. (সং)। শ্রীকৃষ্ণ; অতি সুন্দর। মদনোৎসব…ষ্য. (সং)। কামদেবের প্রীত্যর্থে উৎসব। এই উৎসব বসন্তকালে হয়। বঙ্গে তাদৃশ প্রসিদ্ধ নাই। ইহাই হোলি খেলা। মদন-টিকী…ষ্য. কূলেচর বর্গের তিন হাত দীর্ঘ পক্ষীবিশেষ (The smaller adjutant. Leptoptilus javanicus)। হাড়গিলার সজাতি। কিন্তু, তত সাধারণ নহে। মাথার পাশে লম্বা চুলের মতন পালখ আছে। (ইহা যেন টিকী)। পক্ষ পুচ্ছ কালতে সবুজ। মরা জন্তু খায় না; খায় মাছ সাপ কাঁকড়া। মদনা…ষ্য. বৃক্ষারোহী বর্গের শুকসদৃশ পক্ষী (The red-breasted paraquet. Palærnis fasciatus)। বুক লাল (বলিয়া মদনা ?)। পুং পক্ষীর মাথা আরক্ত নীল। বাচ্চা সর্বাঙ্গ হরিৎ। প্রঃ—মনস্তাপে ময়না মদনা মাথা নাড়ে (মাঃ)। (ময়না দেখ)।

মদ্দ, মদ্দা…ষ্য. (মরদ্ দেখ)। পুরুষ। স্ত্রীং মাগী, মদ্দানী।

মধু…ষ্য. (সং)। পুষ্পরস; মউ; মদ্য; বসন্ত-কাল,চৈত্র মাস।…ণ. মিষ্ট। কথায়, আকন্দে যদি মধু পাই তবে কেন পর্বতে যাই—অল্পায়াসলভ্য বিষয়ের নিমিত্ত বহু আয়াস অনাবশ্যক। (পর্বতে মধু—মউ দেখ)। মধুকর…ষ্য (সং)। ভ্রমর; বাণিজ্যতরী, প্রঃ—(কবিকঃ)। (ভ্রমরতুল্য কৃষ্ণবর্ণ বলিয়া ? মধুকর যেমন নানা স্থানের পুষ্পের মধু সংগ্রহ করে, বাণিজ্যতরী তেমন করে বলিয়া ?)। মধুকোষ…ষ্য. (সং)। মধু-কুম; ছাগ পশুর অণ্ডকোষ (অশিষ্ট)। মধুপর্ক…ষ্য. (সং)। দধি ঘৃত জল মধু শর্করা—(প্রায়ই) এই পাঁচ সুমিষ্ট ও বলকর দ্রব্যের পেয়। (পূর্বকালে মান্য ব্যক্তিকে মধুপর্ক দিয়া অভ্যর্থনা করা হইত। কিন্তু, চরক বলেন, ঘৃত মধু সংযোগ-বিরুদ্ধ। হেমচন্দ্র বলেন, দধি সংযুক্ত মধু—মধুপর্ক)। মধু-মেহ…ষ্য. (সং)। মূত্রের সহিত মধু-শর্করা ক্ষরণ-রোগ (diabetes mellitus)। মধু শর্করা…ষ্য. (সং)। মধুতে যে শর্করা থাকে। মধুপায়ী…ষ্য. (নূতন রচিত)। বৃক্ষচর বর্গের ক্ষুদ্র পক্ষীবিশেষ (the sun-

bird)। দীর্ঘ সরু চঞ্চু, দীর্ঘ পুচ্ছ। জিহ্বা নলাকার। ইহা দ্বারা ফুলের মধু, পরাগ ও পোকা খায়।

মধ্য…ষ্য. (সং)। অন্তর, প্রঃ—মধ্যে নদী; অভ্যন্তর, প্রঃ—ঘরের মধ্যে (ভিতর দেখ); মধ্যস্থল, প্রঃ—মধ্যাহ্ন; মধ্যভাব, মধ্য অবস্থা; বাদ্য তালের মধ্য কাল (তাল দেখ)। মধ্যবিত্ত (প্রাং মধ্যবিৎ)…ণ. (সং মধ্যবিত্ত)। নাতিধনবান্। মধ্যমান…তাল দেখ। মধ্যস্থ…ণ. (সং)। মধ্যবর্ত্তী।…ষ্য. সালিস। মধ্যস্থালি…ষ্য. (মধ্যস্থ+আলি)। মধ্যস্থতা, সালিসি। মধ্যে…অল্প দিনের মধ্যে, ইহার অন্তরে, প্রঃ—ইহার মধ্যে তিনি যাবেন না; বর্তমান সময়ের কিছু পূর্বে, প্রঃ—মধ্যে তিনি আসিয়াছিলেন। ইতিমধ্যে…এই সময়ের কিছু পূর্বে। মধ্যে মধ্যে…মধ্যস্থল দিয়া; অল্প সময় অন্তরে অন্তরে।

মন…ষ্য. (সং মনস্। এই হেতু বাংতেও মনোযোগ, মনোনিবেশ, কায়মনোবাক্যে। মনাগুন, মনান্তর প্রভৃতি সাধারণ শব্দে মন)। চিত্ত; মতি; বুদ্ধি; স্মৃতি; আশয়, অভিপ্রায়; ধ্যান। মন উঠা—মনের মতন হওয়া। মন করা—মতি করা, মনোযোগ করা, প্রঃ—তুমি মন কর যদি অনায়াসে হয় (চৈঃ চঃ)। মনে করা—স্মরণ করা। মন-কলা… অভিপ্রায়রূপ কদলী। মন কষাকষি…চিত্তের পরস্পর অপ্রসন্নতা, অবস্থি। মন-গড়া…মনঃকল্পিত। মন্-জ্ঞান …(প্রায় সহচর শব্দ)। চিত্ত ও জ্ঞান, প্রঃ—মন্-জ্ঞানে পাপ নাই। মন দেওয়া —চিত্ত নিবেশ করা, মন করা। মনে পড়া —স্মরণ হওয়া। মন বসা—চিত্ত প্রসন্ন হওয়া। মন ভারী হওয়া—অভিমানে বা দুঃখে মনের সন্তাপ জন্মা, মন ভারী হওয়াতেই যেন মাথা নুইয়া পড়ে। মন-ভুলানা…মনোহারী। মন-মরা…উৎসাহহীন। মনের ময়লা—অপ্রীতির হেতু। মন মেলা—মতির ঐক্য হওয়া। মন-মোহন…ণ. মনোমোহন, মনোহর। মন-যাই…(সং মনোযায়িন্। হিং মন-চাই)। স্বৈর। মন-যোগ (প্রাং)…মনোযোগ। মন যোগানা—মন তুষ্ট করা। মন-যোগানিয়া কথা…এমন বাক্য, যাহাতে (অন্যের) চিত্ত প্রসন্ন হয়। মন লাগা…অভিনিবেশ। মন-সরিয়া…যাহা মনে সরে—আসে; কামচারী বা স্বৈর (প্রঃ—চৈতন্যমঙ্গল)। মনস্থ…ণ. (সং মনঃস্থ)। কৃতনিশ্চয়, কৃতসংকল্প। মন হওয়া—ইচ্ছা বা মতি হওয়া। মনে হওয়া—স্মরণ হওয়া, অনুমান, বোধ হওয়া। মনাগুন…(মন+আগুন)। মনের তাপ। মনামনি…(মন+অমন+ই)। মনান্তর, বিবাদ (কিন্তু বাংতে মন ধাতু নাই। আছে বনা-বনি)। মনান্তর…চিত্তের অনৈক্য, বিবাদ। মনোঽভিনিবেশ, মনোঽভিরাম, মনোঽভিলাষ, মনোগত, মনোজ্ঞ, মনস্তাপ, মনস্তুষ্টি, মনোদুঃখ, মনোনীত, মনঃপূতঃ, মনোযায়ী, মনোযোগ, মনোরথ, মনোরম, মনোবৃত্তি, মনঃস্থ, মনঃস্থৈর্য, মনোহর, ইত্যাদি শব্দ সং। মনঃশিলা (সং)…মনছাল দেখ।

মন…মণ, মতন দেখ।

মনক্কা…ষ্য. (আং মুনক্কা)। শুষ্ক পক্ব দ্রাক্ষাফল (সং নাম গোস্তন। ইং raisin)।

মন্‌ছাল…ষ্য. (সং মনঃশিলা)। শঙ্খবিষ ও গন্ধকযোগে উৎপন্ন উপরসবিশেষ (realgar)।

মন্‌জিল…ষ্য. (আং মন্‌জিল)। মোকাম; সুখপ্রাসাদ।

মনন…ষ্য. (সং মনন—চিন্তা। সং মন ধাতু অববোধে। বাংতে মন ধাতু স্থানে বন ও মান ধাতু আছে। সংমনোনয়ন হইতে বোধ হয়)। মনোনয়ন। মনন-গণন বিবাহে বর-কন্যা নির্বাচন ও পরে জ্যোতিষ-গণনা।

মনফা, মুনফা…ষ্য. (আং মনাফে)। লভ্য, বৃদ্ধি।

মনসব…ষ্য. (আং)। মোগল বাদশাহ-প্রদত্ত উপাধিবিশেষ। মনসবদার…ষ্য. মোগল বাদশাহের সময়ের উচ্চ রাজকর্মচারী-বিশেষ।

মনসা…ষ্য. (সং) অনন্ত নাগের ভগিনী ও জরৎকারু মুনিপত্নী; সর্পাধিষ্ঠাত্রী বিষহরী দেবী। দৃষ্টান্তে, একে মনসা, তায় ধুনার গন্ধ—সাপ নাকি ধুনার গন্ধে ক্ষিপ্তপ্রায় হয়। লক্ষণায়, যে কথায় ক্রোধ জন্মে, সে কথা শোনাইয়া ক্রোধ উদ্দীপনা। (২) মনসাদেবীর প্রিয় বৃক্ষবিশেষ। অন্য নাম স্নুহি, বাং নাম সিজ (ওং পতরিআ সিজু —পত্রবিশিষ্ট বলিয়া)। ছোট ক্ষীরী তরু-বিশেষ (Euphorbia nivulia)। গাছ ঝাঁপুড়া, বাকল পুরু, কাঁটা জোড়া জোড়া। পাতা পুরু, অগ্র গোল, গ্রীষ্মকালে থাকেনা। গ্রামে এই গাছের তলে মনসা পূজা হইয়া থাকে। ইহার তুল্য আর সিজ (Euphorbia neriifolia) বন্যও কদাচিৎ রোপিত হইয়া থাকে। ইহার পাতার অগ্র গোল নহে। তেশিরা মনসা…তেকাঁটা মনসা দেখ। ফেণী মনসা, ফণা মনসা…কোন কোন স্থানে নাম নাগফণা (ওং নাগফণা)। কণ্টকী ক্ষুপবিশেষ (Opuntia dillenii)। পাতা নাই, ডাঁটা চেপটা সবুজ গ্রন্থিল। ফুল বড় বড় পীতবর্ণ, ফল পাকিলে লাল হয়। ডাঁটা সাপের ফণার মতন বলিয়া নাম, কিন্তু মনসা বর্গের নহে। শুষ্ক অনুর্বর ভূমিতে বেড়াতে জন্মে।

মনাসিব…মুনাসিব দেখ।

মনি-অর্ডার, মনি-অডার…ষ্য. (ইং money order)। ডাকঘরে টাকা দিবার আজ্ঞা-পত্র। মনি-বেগ…ষ্য. (ইং money-bag)। টাকা রাখিবার বটুয়া।

মনিব…ষ্য. (আং মুনীব)। ভৃত্যের প্রভু। মনিবি…ষ্য. প্রভুত্ব। মনিবানা…ষ্য. প্রভুর কার্য। মনিব-ওয়ারী, মনিবারী…ণ. মনিব সম্বন্ধীয়, মনিবের হুকুম মতন।

মনিষ্যি (গ্রাং)…ষ্য. (সং মনুষ্য)। মনুষ্য, প্রঃ—সেখানে জন-মনিষ্যি নাই।

মনুই…ষ্য. (সং মন্থ—ঘৃতজলমিশ্রিত শক্তু, হইতে? ওং মণুহি, মণোহি—দেবতা ও রাজার নিমিত্ত অন্ন ভিন্ন অন্য ভোজ্য)। আতপ তণ্ডুল দুধ গুড়ের চরুবিশেষ। ইহা মালসাতে পাক করা হয়। "পণ্ডিতে" পাক করিয়া ধর্মের ভোগ, এবং ব্রাহ্মণে পাক করিয়া গাজনের শিবের ভোগ দেন। প্রঃ—শুং পুঃ মনুই, মনঞি।

মনোহরশাহী…ষ্য. (রামানন্দ রায়ের বংশধর মনোহর হুগলী-দশঘরা গ্রামে বাস করিতেন। ধার্মিক বলিয়া তাঁহার উপাধি শাহ হইয়াছিল)। হরিকীর্তন গানবিশেষ।

মনোহরা···ষ্য. (সং মনোহর হইতে)। ক্ষীর ও খরপাক চিনীতে পাক করা নারিকেল-কোরার গোলাকার মিষ্টান্নবিশেষ, প্রঃ—মনোহরা লাড়ু, আদি (চৈঃ চঃ)।

মনোহারী···মণিহারী, মণি দেখ।

মন্ত (গ্রাং), মন্তর (গ্রাং)···ষ্য. (সং মন্ত্র)। মন্ত্র। মন্ত-তন্ত, মন্তর-তন্তর···মন্ত্র তন্ত্র।

মন্ত··প্রত্যয়. (সং বৎ বহুবচনে বন্ত—মন্ত। ফাং মন্দ্)। অস্তি অর্থে, প্রঃ—শ্রীমন্ত, লক্ষ্মীমন্ত, মূর্তিমন্ত।

মন্তব্য···ষ্য. (সং মন্তব্য—চিন্তনীয়)। উক্তি; অনুশাসন (remark)।

মন্তর···ষ্য. (সং মন্ত্র)। মন্ত্র। মন্তরে—মন্ত্রবৎ চকিতে, অল্প সময়ে, প্রঃ—এক মন্তরে খাওয়া শেষ হইয়াছে।

মন্দ··ণ. (সং। মন্দোঽতীক্ষ্ণে চ মূর্খে চ স্বৈরে চাভাগ্যরোগিণোঃ। অল্পে চ ত্রিষু পুংসিস্যাৎ হস্তিজাত্যন্তরে শনৌ—মেঃ)। অতীক্ষ্ণ বা মৃদু; মূর্খ, অভাগ্য; অল্প; অপকৃষ্ট। মন্দাগ্নি···(সং)। যাহার ভুক্ত অন্ন পরিপাক বিলম্বে হয়। কপাল মন্দ··অভাগ্য। মন্দ-মন্দ··ব্য. মৃদু ভাবে, অল্পে অল্পে। ভাল মন্দ···হিতাহিত, ভদ্রাভদ্র, উত্তমাধম। মন্দা···ণ. মন্দ, ক্ষীণ, অল্প।···ষ্য. মান্দ্য, অল্পতা। বাজার মন্দা—ক্রেতার অল্পতা। তেজি-মন্দা···বিক্রয় মূল্যের আধিক্য ও ন্যূনতা।

মন্দা, মাদা···ষ্য. (সং বন্দা। ওং মলাঞ্জা)। পরবৃক্ষজীবী। কিন্তু পাতা হরিতবর্ণ, পুষ্প। ফল পাকিলে লাল হয় এবং চট্‌-চটা আঠায় বীজ থাকে (Loranthus)। আম অশ্বত্থ প্রভৃতি গাছের শাখায় জন্মে।

মন্দার···পালিটা-মাদার দেখ।

মন্দিরা···ষ্য. (সং মঞ্জীর। হিং মঞ্জীরা, মজীরা। ওং গিনি—ওং গিনা—বাটী)। ঢোলক ও মৃদঙ্গের সহিত তাল দিবার ছোট ছোট বাটীর আকারের কাঁসার বাদ্য।

মন্যু···ষ্য. (সং)। ক্রোধ। (কোথাও কোথাও চলিত ভাষাতে চলিত আছে)।

মন্বন্তরা···ষ্য. (সং মন্বন্তর)। পুরাণে এক এক মনুর অধিকারকাল। বৈবস্বত মনু হইতে জগতের যাবতীয় প্রাণীর উৎপত্তি হইয়া এখন চলিতেছে। এক প্রলয়কর জলপ্লাবন হইতে মৎস্যাবতার বিষ্ণু ইহাঁকে রক্ষা করেন। ইহা হইতে, জলপ্লাবন ও দুর্ভিক্ষ, যেমন ১২৭৬ সালের মন্বন্তরা।

মফস্‌সল, মফঃস্বল···ষ্য. (আং)। শহরের বিপরীত বা গ্রাম; সম্মুখের বিপরীত, যেমন কাপড়ের সদর মফস্‌সল; নিভৃত স্থান, প্রঃ—মফঃস্বলে ডাকাইয়া পুরোধা ব্রাহ্মণে (মাঃ)। মফস্‌সলে···গোপনে।

মবলগ··ষ্য. (আং)। টাকা সমষ্টি, মোট, প্রঃ—মবলগে দশ টাকা। মবলগ খরচ·· অনেক টাকার খরচ।

মম্··মোম দেখ।

মম···সর্বনাম. (সং অস্মদ্ শব্দের ষষ্ঠীপদ)। আমার। (পদ্য)। মমতা, মমত্ব··ষ্য. (সং)। আপনার বলিয়া জ্ঞান, স্নেহ। মায়া-মমতা, দয়া-মমতা···(প্রায় সহচর শব্দ)। মমত্ব, দয়া।

ময়···প্রত্যয়. (সং প্রত্যয়)। নির্মিত অর্থে, প্রঃ—স্বর্ণময় অলঙ্কার; পূর্ণ অর্থে, প্রঃ—জলময় দেশ; ব্যাপ্ত অর্থে, প্রঃ—ঘর ময় ধুলা।

ময়দা···ষ্য. (ফা°। সং সমীদ। সমীদ—মীদ—মইদ। তু° হিং ম° মৈদা, ও° মইদা)। গোধূমচূর্ণ; তণ্ডুলাদি চূর্ণ। চাকী-পেষা ময়দা—পাথরের জাঁতায় চূর্ণীকৃত গোধূম। রোলা কলের ময়দা—(ই° roller mill)। লৌহ-বেলনে চূর্ণীকৃত গোধূম। চাকীপেষা ময়দাই উত্তম।

ময়দান···ষ্য. (ফা°)। মাঠ, বিস্তীর্ণ প্রান্তর। (শব্দটি শহরে চলিত, গ্রামে মাঠ)।

ময়না···ষ্য. (সং মদন-সারিকা। মদন হইতে ময়না। মদনা যুবতী—অপভ্রংশে, ময়না-মতী, যেমন ময়নামতীর গান। ও°তে সারী। সং নাম সারী—পুনঃ পুনঃ বিষ্ঠা ত্যাগ করে বলিয়া। হিং‌তে ময়না নাম অনেক পাখীর আছে)। বৃক্ষচর বর্গের প্রায় ১৬ আঙ্গুল দীর্ঘ পক্ষীবিশেষ (The Indian grackle—Myna. Eulabes intermedia)। পালখ চকচকা কাল, চক্ষুর নীচে কিয়দংশে পালখ থাকে না। পাহাড়ে থাকে, ফল খায়। লোকে কথা কহাইবার নিমিত্ত পোষে। সারু বা সালিক পাখীকেও (Acridotheres tristis) হিং‌তে ময়না (ও° বণি) বলে। (সালিক দেখ)। ।ময়নার বুলি হইতে লক্ষণায়, ময়না—যে গুপ্ত মন্ত্রণা অন্যকে বলিয়া দেয়, কুটনী। (নারীভাষায়)। ময়নাকাঁটা···ষ্য. (সং মদন)। আচ্ছুকাদিবর্গের বন্য ক্ষুপবিশেষ (Randia dumetorum)। গাছে সোজা কাঁটা বলিয়া নাম ময়না কাঁটা, সং শল্য। ফুল ছোট, প্রায় শাদা, পঞ্চদল, বসন্তকালে ফোটে। এক সং নাম পিণ্ডী-তক—ফল পিণ্ডাকার বলিয়া। এক নাম মরুবক—কারণ, মরু শুষ্ক পড়া জায়গায় জন্মে। ফল ঔষধে লাগে॥

ময়রা···ষ্য. (সং মোদক-কার—মোআর—ময়রা। মোদককার সংক্ষেপে, মোদক। ও° গুড়িআ। হিং‌তে আ° হালবাঈ)। মিষ্টান্ন-কার; জাতিবিশেষ। স্ত্রী° ময়রানী।

ময়লা···ষ্য. (সং মল। ও° মঅলা। বোধ হয় সং মলিন হইতে মলি—হিং মৈল বা° মৈলা ও° মইলা—ময়লা। বা° শব্দ মলা দেখ)। মল; বিষ্ঠা; কিট্ট; পাপ।···ণ. সমল, মলিন, প্রঃ—ময়লা কাপড়।

ময়ান···ষ্য. (সং মথনোত্থ—ঘৃত?। বোধ হয় মন্থন হইতে। হিং মোয়া। কিংবা সং মদন—মোম হইতে)। রুটি লুচী গড়িবার পূর্বে ময়দাতে যে ঘি মাখা হয়।

ময়াল···ষ্য. (আ° মহাল? সং মহালয়? তু° মাহাল্লিআ—গর্বিতভাবে, বিনামূল্যে)। সম্পত্তি, ঐশ্বর্য, প্রঃ—কৃত্তিঃ লং; বাম-ভাগে দেখে সাধু লঙ্কার ময়াল (কবিকঃ); গয়ার ময়াল দেখি নাচে (চৈতন্যমঙ্গল)।

ময়াল···ষ্য. (সং মহাকাল)। সর্পবিশেষ, প্রঃ—কেউটে খরিশ কালী গোখুরা ময়াল (ভাঃ)।

ময়ূর (প্রা° মউর, মজুর)···ষ্য. (সং ময়ূর। ও° প্রা° মজ্জর, হিং মোর)। বিস্কির-বর্গের প্রসিদ্ধ পক্ষী (the peafowl. Pava cristatus)। স্ত্রী° ময়ূরী। কেঁও-কেঁও (সং কেকা) ডাক বলিয়া সং নাম কেকী। পুং স্ত্রী উভয়েরই পুচ্ছ দীর্ঘ ও মাথায় চূড়া আছে। পুংপক্ষীর পুচ্ছ দীর্ঘ হয় ও পায়ে কাঁটা থাকে। ময়ূরকণ্ঠী···ষ্য. রঙ্গিন বস্ত্রবিশেষ। ইহার টানা লাল

পাড়ন সবুজ। ময়ূরপঙ্খী···ষ্য. (হি° হইতে পঙ্খী। বা°তে পক্ষী)। ময়ূরাকৃতি নৌকা।

মর···ধাতু. (স° মৃ ধাতু। প্রা° ম ধাতু। ও° প্রা° ম ধাতু)। 'মরি—প্রাণত্যাগ করি, ক্ষীণ হই, প্রঃ—নদীর জল মরিয়াছে। মরা॥ মরণ··(স°)। মৃত্যু। আ মরণ··· ব্য. ভর্ৎসনায়। মরা···ষ্য. মরণ; মৃত; (মানুষ মরিলে মড়া, অন্য কিছু মরিলে মরা। পূর্বে এই প্রভেদ ছিল না, তু° পুকুর গাবালে যেন মড়া হইল মীন —কবিকঃ)। মরা কটাল...ক্ষীণ বা অনুচ্চ কটাল, (বিপরীত চিঅন কটাল)। মরা ধার···যে অস্ত্রের ধার তীক্ষ্ণ নহে। মরা পেট···যে পেট না খাইয়া দুর্বল ও ক্ষীণ হইয়াছে। মরা সোনা···যে সোনায় অন্য ধাতু মিশিয়াছে, এ কারণ যে সোনা ক্ষীণজ্যোতিঃ হইয়াছে। মরা মাস···দেহের মৃত শুষ্ক ত্বক্। মরা-হাজা···মরা—শুখাইয়া, হাজা—পচিয়া—দুইপ্রকারেই মৃত। মরা-হাজা গাছ, মরা-হাজা ছেলে—যাহা নানা কষ্ট রোগ প্রভৃতি ভুগিয়া বাঁচিয়াছে। মরকটিয়া···ণ. (মরা+কটিয়া। কটা+ ইয়া)। রুগ্ন ও বিবর্ণ, যেমন এক এক বেগুন হয়। মরন্ত···ণ. (মর+অন্ত)। যাহা মরিতেছে, শুখাইতেছে। মরতা···ষ্য. (মরা+তা। তু° স° মরত···মরণ)। অপকর্ষ, প্রঃ—সোনায় পাইন মরতা— পাইন হেতু অপকর্ষ; শুষ্কতা। মরাটিয়া··· ণ. (মরা+তা+ইয়া) মৃতপ্রায়। মরীয়া··· ণ. (মর+ঈয়া)। মরিতে প্রস্তুত যে, মরিতে ভয় করে না যে।

মরদ···ষ্য. (ফা° মরদ। তু° স° মূর্তি)। পুরুষ; স্বামী; সাহসী পুরুষ। স্ত্রী° মরদানী ···(ফা°)। সাহসী নারী। মরদানা, মরদানি ···ষ্য. পুরুষত্ব, বীর্য।

মরম···ষ্য. (স° মর্মন্। তু° আসা° মরম— স্নেহ প্রেম)। মর্ম (দেখ)। (প্রায়ই পদ্যে)। মরমী···ষ্য. (মরম+ঈ)। মর্ম- ব্যথার ব্যথী, মর্মকথা জানে যে। প্রঃ— মরমী জনার মরমে বাজে (বিদ্যাপতি)।

মরশুম··মরসুম দেখ।

মরাই··ষ্য. (স° মরার—শব্দকল্পঃ, আপ্তে। ও° মরাই)। ধান রাখিবার নিমিত্ত খড়ের ও বড় দিয়া বাঁধা গোলাকার ঘর, প্রঃ— বাহির মহলে যার সাত মরাই টাকা (কবিকঃ)।—এত টাকা যে, মরাই করিয়া রাখিতে হইয়াছে। (২) মাথার কেশের আবর্ত (whorl)।

মরাঠা···ষ্য. (স° মহারাষ্ট্রীয়। মহারাষ্ট্রীয়া— মরাঠা। ম° মরাঠা। মারহাট্টা দেখ)। মহারাষ্ট্র দেশের লোক। মরাঠী···ষ্য. (ম°)। মরাঠার ভাষা।

মরিচ, মরীচ···ষ্য. (স° মরীচ। মরীচং বেল্লজং কৃষ্ণমূষণং ধর্মপত্তনম্—অঃ। মরিচ বানানও আছে। লঙ্কা দেখ)। তাম্বূলাদিবর্গের লতাবিশেষের (Piper nigrum) শুষ্ক কৃষ্ণবর্ণ গোলাকার ফল (Black pepper)। দক্ষিণ-ভারতে, ত্রিবাঙ্কুড় ও মালাবার প্রদেশে বন্য জন্মে। বঙ্গে ও আসামে কিছু কিছু জন্মিতেছে। পুং স্ত্রী গাছ প্রায়ই পৃথক্। এ কারণ গাছ জন্মিলেই ফল ফলে না। এই মরিচ প্রায়ই গোল- মরিচ নামে খ্যাত। কারণ কোথাও

কোথাও লঙ্কার নাম লঙ্কা-মরিচ কিংবা মরিচ (হিং মং মিরচী) আছে। জীরা-মরিচ···রাঁধিবার জীরা ও গোলমরিচ।

মরুয়া···ষ্য. (সং মরুবক—অঃ। হিং মরুবা)। তুলস্যাদিবর্গের সুগন্ধ শাকবিশেষ (Ocimum basilicum ?)। প্রঃ—কবিকঃ। অন্য চলিত নাম গন্ধতুলসী, বাবই তুলসী।

মর্কট···ষ্য. (সং)। বানর; বাঁদর (গালিতে), যে বালক সর্বদা লাফালাফি ভালবাসে।

মর্জি···ষ্য. (আং মর্জি)। ইচ্ছা, সম্মতি।

মর্টগেজ, মার্গিজ...ষ্য. (ইং mortgage)। বন্ধক।

মর্তমান···কলা দেখ। (কবিকঃ)।

মর্দানা···মরদ দেখ।

মর্ম···ষ্য. (সং মর্মন্)। দেহের প্রাণস্থান, দেহের সন্ধিস্থান; তাৎপর্য। মর্মী···ষ্য. মর্ম+ঈ—দক্ষার্থে)। তাৎপর্য বা রহস্য-গ্রাহী, প্রঃ—সবার অধিক প্রভুর মর্মী দুই জন (চৈঃ চঃ)। মরম, মরমী পদ্যে।

মর্মর··ষ্য. (সং। মৃ ধাতু মরণে)। বৃক্ষের শুষ্ক পত্রাদির শব্দে। মড়্‌মড় দেখ।

মর্মর···ষ্য. (ইং marble হইতে? কিন্তু ওংতে শঙ্খমর্মর নাম আছে। শূং পুঃ—মাড়মর)। শ্বেতমর্মর বা শঙ্খমর্মর প্রস্তর, চুনিয়া পাথরবিশেষ (calcium carbonate)। জব্বলপুর ও রাজপুতানার মর্মর প্রস্তর প্রসিদ্ধ। শাদা, হলুদা, কাল, নানা বর্ণের মর্মর পাওয়া যায়। জয়পুর ও আগ্রায় মর্মর পাথরের থালা বাটী প্রভৃতি সুন্দর নির্মিত হয়।

মর্সুম···ষ্য. (ফাং মোসম)। ঋতু; সুযোগ।

মল···ধাতু (সং)। মলি—মর্দিত করি। মলন, মলা॥ কান মলা—কান মুড়িয়া কানে ব্যথা দেওয়া। কান-মলা খাওয়া—দোষ স্বীকার ও মনস্তাপ জানাইবার নিমিত্ত কর্ণ-মর্দন। ঘোড়া,গোরুর গা মলা—দেহ মর্দন। (মানুষের টেপা)। মলাই···ষ্য. (হিং)। মর্দন। মলা···ধাতু. (মল ধাতু আস্তে)। মলানা॥

মল···ষ্য. (সং)। বিষ্ঠা। মল্‌-দ্বার···ষ্য. (সং)। পায়ু। (মলা, ময়লা দেখ)।

মল···ষ্য. (সং বলয়। ওং বালা)। পাদ-বলয় ভূষণ। বাঁকমল···বাঁকা, উচা নীচা ঢেউ-তোলা মল।

মলম···ষ্য. (আং মর্হম্, মল্‌হম্। তুং সং মলনঃ কর্দম—মেঃ)। তৈলাক্ত ঔষধের প্রলেপ (plaster ointment)।

মল্‌মল···ষ্য. (উর্দু। সং মর্মর হইতে ?)। অত্যন্ত সূক্ষ্ম বস্ত্র (ইং muslin)।

মলম্বা···ষ্য. (আং মলম্‌মা)। গিল্‌টি করা, সোনালি করা।

মলয়···ষ্য. (সং। মলয়ঃ পর্বতান্তরে শৈলাংশে দেশআরামে ত্রিবৃতায়াস্তু যোষিতি—মেঃ)। দক্ষিণ-ভারতের পর্বতবিশেষ; মলয়ানিল (গ্রাং মলয়া), প্রঃ—মলয় বহিছে সুরভি লুটিয়া রে (রবীন্দ্রনাথ), প্রঃ—ধীরা মলয়-ধীরগমনা স্নেহসিক্ত-মধুর-বচনা (বঙ্গ-রমণী, —দ্বিজেন্দ্রলাল)।

মলা···ষ্য. (সং মল+আ। ওং মলি, হিং মৈল, মুং মল মৈল, শূং পুঃ কবিকঃ মলি)। কিট্ট, কলঙ্ক। গায়ের মলা তোলা—মল অপকর্ষণ। মলা-ধুলা···(সহচর শব্দ)। মল।

মলাট···ষ্য. (সং মল-কাষ্ঠ। হিং মলট)।

পুথীর উপরের কাঠ; পুস্তকের বহিঃ আবরণ পট্ট।

মলি···মলা দেখ।

মলিদা···ষ্য. (ফা° মলীদহ্)। কাশ্মীর দেশের মেষলোমজাত বস্ত্রবিশেষ। মলিত বা মর্দিত হইয়া নির্মিত, এই হেতু নাম মলিদা (ই° felt)।

মল্লার···ষ্য. (সং মল্লারী)। রাগরাগিণী দেখ।

মল্লিক···ষ্য. (আ° মলিক—বাদশাহ। কিংবা মহল্লিক—মহল্ল হইতে। তু° সং মহল্লক, মহল্লিক—অন্তঃপুররক্ষক, কঞ্চুকী আ° মহল হইতে)। মহাল-পতি; উপাধিবিশেষ।

মল্লিকা··ষ্য. (সং)। ইহা হইতে বা° বেলী, বেলা। ও° মল্লি)। বেলী বা বেলা পুষ্প (বেলা দেখ)। মল্লিকার এক সং নাম শীতভীরু—কারণ শীতকালে মৃতপ্রায় হয়, এক নাম ভূপদী—কারণ শাখা মাটিতে লাগিলে পদ—মূল জন্মে, এক নাম তৃণশূন্য—কারণ তৃণশূন্য কালে (গ্রীষ্মকালে) ও তৃণ-শূন্য স্থানে ভাল জন্মে। বন মল্লিকা, কাঠ-মল্লিকা···এক-পুট মল্লিকা, কিন্তু অতি সুগন্ধ। বেলা বহুদল।

মশক···ষ্য. (সং—শব্দকল্পঃ। ফা° মষ্ক। তু° সং মুষ্ক)। জল বহিবার চামের থলিয়া, চর্মনির্মিত স্নেহাদিপাত্র।

মশলা, মসলা···ষ্য. (আ° মসালা। এমন আবশ্যক দ্রব্যের আ° নাম চারি ভাষাতেই চলিয়া গিয়াছে। ও° মশলা, হিং মশল্লা, ম° মসালা, উর্দু মসালিহ্। তু° সং বেশবার। এই শব্দসাদৃশ্য হেতু মশলা শব্দ প্রচলঃ হইয়া থাকিবে)। বেশবার, উপস্কর, প্রঃ—মশল্লা আনিনু আগুনে চড়ানু (চণ্ডীঃ), বিবিধ মশলা রসেতে মিশায় রসিক বলি যে তারে (চণ্ডীঃ)। রাঁধিবার মশলা—(প্রাচীন) বেশর; পানের মশলা—এলাচি লবঙ্গাআদি। গরম মশলা—এলাচি দারু-চিনি লবঙ্গ প্রভৃতি যাহা খাইলে দেহ গরম বোধ হয়। (২) উপকরণ, প্রঃ—বারুদের মশলা।

মশা···ষ্য. (সং মশক। সং মশ ধাতু ধ্বনি) দ্বিপত্রী ষট্‌পদীবিশেষ (Culicidæ) পোকা দেখ। ওয়ানী মশার তুল্য·· (midges. Chironomidæ)। এইরূপ, মাছিতা (Fungus midges)। আউশ ধানে এক ছোট ছোট মশা (Cecido-myidæ) ধরে। ইহা আউশিয়া মশা। এইরূপ মশার নানা জাতি আছে। কয়েক জাতি মেলেরিয়া রোগের বীজ বহন করে। দৃষ্টান্তে, আমরা তাহার আগে মশা (কবিকঃ)—অল্পপ্রাণ, ক্ষুদ্র। মশা মারিতে কামান দাগা—ক্ষুদ্র প্রাণী বিনাশ নিমিত্ত বৃহৎ আয়োজন অনাবশ্যক।

মশান···ষ্য. (সং শ্মশান। ও° মশাণ, হিং মসান। এখন শ্মশান অর্থে যেখানে মড়া পোড়ানা হয়)। বধ্যভূমি। শ্রীমন্তের মশান ···কবিকঙ্কণে শ্রীমন্ত সদাগরের হত্যা।

মশায়···ষ্য. (সং মহাশয়)। মহাশয়। গুরু মশায়···পাঠশালার শিক্ষক। গুরু-মশায়ি··· পাঠশালার শিক্ষকতা। দাদা-মশায়···তাত-মহাশয়, মাতামহ। ঠাকুর-মশায়···দীক্ষা-গুরু-মহাশয়। মশায় মশায় করা—অনুগ্রহ-লাভার্থে সর্বদা আনুগত্য স্বীকার করা।

মশারী···ষ্য. (সং মশহরী)। মশকনিবারক প্রাবার। মশারীর উপরে চাল, চারি পাশে

বেড় (সং বেষ্টন), ঝালর, বাঁধিবার নেওয়ার বা ফিতা। প্রঃ—পাটের মসারী বেড়, ভুমে নাবে গজ দেড় মাঝে মাঝে নানা পাট ডোরা (কবিকঃ)। নেতের মশারী···নেত বস্ত্রের যাহাতে নেত্রাকার ছিদ্র থাকে (ইং net সহিত ভুল হয়)। নেটের-মশারী ··(ইং net)। জালের আকারের বস্ত্রের মশারী। মশারী টাঙ্গানা, খাটানা—টাঙ্গ ও খাট ধাতু দেখ।

মশাল···ষ্য. (আং মষআল)। দীপক, দেউটি। মশালচী···ষ্য. মশাল-বাহক। মশাল দানী ···মশালে তৈল দিবার তৈলপাত্র।

মষক-দানা···ষ্য. (সং ফাং মুষ্ক,আং মিস্‌ক্)। কালকস্তুরী।

মষ্‌ক, (গ্রাং মক্‌ষ) ··ষ্য. (আং)। অভ্যাস।

মষ্‌গুল ··ণ. (আং)। নিযুক্ত, ব্যাপৃত। (প্রায় অপ্রচলঃ। অশিষ্ট)।

মষ্‌টা···ধাতু. (সং মৃষ্ট হইতে। এই ধাতু সর্বত্র বিশেষতঃ রাঢ়ে অজ্ঞাত)। মষ্‌টাই—মর্দিত করি, প্রঃ—ময়দা মষটানা—ময়দা দলা। মষ্‌টানা॥

মষ্‌টে-মষ্‌টে···ব্য. (সং মৃশ ধাতু আমর্শন হইতে সং মৃষ্ট। হিং মষ্ট—নিঃশব্দ)। বিতর্ক করিতে করিতে, গোপনে, চুপি-চুপি।

মষ্‌মষ···ব্য. (সং মৃষ মর্ষণে, মুষ ধাতু লুণ্ঠনে)। দম্ভগমনে, প্রঃ—জুতা পায়ে দিয়া মষ্‌-মষ করিয়া চলা, ডাকাইতে মষ্‌-মষ করিয়া যায়। প্রঃ—মস্‌মস করিয়া সাজিল কত মড়া (মাঃ)।

মস্‌জিদ, মসিদ···ষ্য. (আং মস্‌জিদ)। মুসলমানদের ঈশ্বর-উপাসনা-মন্দির।

মস্‌নদ···ষ্য. (আং)। রাজসিংহাসন।

মসম্মৎ ··ষ্য. (আং মুসম্মৎ)। (মুসলমান নারী নাম পূর্বে) শ্রীমতী।

মসলা···মশলা দেখ।

মসীনা···ষ্য. (সং। মসৃণা—বৈদ্যকঃ)। তিসী।

মসীয়া···ষ্য. (আং মসীহ্। ইং messiah)। খ্রিষ্ট; খ্রিষ্টসম্বন্ধীয়, প্রঃ—মসীয়া জান্নু-আরি। (বাংতে অপ্রচলঃ)।

মসীল ··ষ্য. (আং মিসিল—রাজবিচারালয়)। শাসন, দণ্ড, প্রঃ—মসীল করিবে রাজা দিয়া হাতে দড়ী (কবিকঃ)। পেয়াদা মসীল দেওয়া—পেয়াদা লাগাইয়া শাসন করা।

মসুর, মসুর, (গ্রাং মুসুর)···ষ্য. (সং)। শিম্বাদি বর্গের কৃষিজাত কলাইবিশেষ (Lentil. Lens esculenta)। ভারতের সর্বত্র মসুরের কৃষি হয়। গাছে অনেক ডাল হয়, পাতায় প্রায় ৮টা পর্ণ, শুঁটীতে ২টা বীজ। মসুর ডাইল পুষ্টিকর বলিয়া প্রসিদ্ধ। খাঁড়ী-মসুর···(সং খণ্ডিক—কলাই বা মটর)। বৃহৎ মসুর।

মস্করা···ষ্য. (আং মস্‌খরাহ্)। উপহাস, ব্যঙ্গ। হাসি মস্করা, ঠাট্টা মস্করা ··(সহচর শব্দ)। হাস্য-পরিহাস। মস্করামি, মস্করাম (গ্রাং)···মস্করা।

মস্করা···ষ্য. (সং মস্কর)। বংশযষ্টি, প্রঃ—মস্করা পুতিয়া বীর বান্ধে বনমালা (কবিকঃ)।

মস্ত ··ণ. (সং। মস্তক। তুং মং মস্ত—বৃহৎ, প্রচুর)। উচ্চ, বৃহৎ, প্রঃ—মস্ত গাছ, মস্ত পুকুর। প্রায়ই, অতি অর্থে বিশেষণের বিশেষণ হয়। মস্ত বড়, মস্ত উচা। মস্তরাম—অতি বৃহৎ। (রাম—বড়, পাতি—ছোট)।

মস্তকী···ষ্য. (আং মস্তগী, ফাং মস্তিকা-ই-

রুমী)। অন্য নাম রুমী-মস্তকী। আম্রাদি বর্গের ক্ষুপবিশেষের (Pistacia lentiscus) ধুনার তুল্য রজনবিশেষ (mastic)। ভূমধ্য-সাগরের নিকটবর্তী স্থানে এই গাছ জন্মে, এবং সে দেশ হইতে মস্তকী এ দেশে আনীত হয়। এই হেতু রোম দেশীয়—রোমী—রুমী নাম। বার্ণিশে ও ঔষধেলাগে। কেহ কেহ চিবায়। কাবুলী মস্তকী···রুমী মস্তকীর তুল্য, কিন্তু বেলুচিস্তানের বৃক্ষ-বিশেষ (Pistacia mutica) হইতে উৎপন্ন।

মস্তান···ণ. (ফা°)। ঈশ্বরভক্তিতে বিহ্বল। স্ত্রী° মস্তানী। প্রঃ—কুটিনী গন্তানী বড় যে মস্তানী (ভাঃ)—এখানে ভণ্ডতপস্বিনী।

মহ···ধাতু. (ম ধাতু দেখ)। মহি—মন্থন করি। মহা॥ মহা···ধাতু. (মহ ধাতু আস্তে)। মহানা॥

মহকুমা···ষ্য. (আ° মহকমা)। মুন্সফী বিচারস্থান।

মহড়া···ষ্য. (মুখ+ড়া—মুহড়া—মহড়া)। কবি-গানের মুখ অর্থাৎ প্রথম অংশ; মোআড়া।

মহতাব···ষ্য. (ফা°—চন্দ্র)। নীলবর্ণ অগ্নিবাণ-বিশেষ।

মহত্রান, মহৎত্রান···ষ্য. (স° মহত্র+ফা° আন। তু° চাকরান)। পূর্বকালের মহৎ শ্রেষ্ঠ ব্যক্তিকে প্রদত্ত ভূমি।

মহনা···মোহানা দেখ।

মহনী···ষ্য. (স° মন্থন, মন্থনী। হি° মহানী)। মন্থনদণ্ড। (ম, মহ ধাতু দেখ)।

মহন্ত, মোহন্ত···ষ্য. (স° মহৎ—মহান্, বহু-বচনে মান্তে মহান্ত)। মঠস্বামী, দেবস্থান-স্বামী। মহান্ত দেখ।

মহম্মদ···ষ্য. (আ°)। মুসলমান ধর্মপ্রবর্তক। ইহাঁকে ঈশ্বর-প্রেরিত বলিয়া মুসলমান বিশ্বাস করেন। ইনি ৫৭০ খৃষ্টাব্দে জন্ম-গ্রহণ করিয়াছিলেন।

মহরম···ষ্য. (আ° মহর্‌রম)। মুসলমানদিগের শুভ মাস। এই মাসের দশম দিবসে মধ্যাহ্ন-কালে মহম্মদের নাতি হোসেন কর্বালা নামক রণক্ষেত্রে নিহত হইয়াছিলেন। এই বধ জন্য মুসলমান সম্প্রদায় বিশেষ খেদ প্রকাশ করিয়া থাকেন। কালক্রমে খেদের দিন পর্ববিশেষে পরিণত হইয়াছে।

মহল···ষ্য. (আ°)। স্থান, বাড়ীর অংশ; গ্রাম; রাজবাটী। মহলদার···ষ্য. গ্রাম-পতি।

মহলৎ···ষ্য (আ° মোহলৎ)। সময়, বিরাম (আদাঃ)।

মহলা···ষ্য. (স° মুখ হইতে—মুহ+লা—মুখ-পত্র)। নাচ, গান কিংবা যাত্রা-গানের পূর্ব-প্রয়োগ বা পূর্বাভিনয়।

মহল্লা···ষ্য. (আ°)। নগরের পটী।

মহা···ণ. (কর্মধারয় ও বহুব্রীহি সমাসে স° মহৎ শব্দ স্থানে মহা হইয়া আদিতে বসে, যেমন মহা-আশয়, মহা-অনুভব, মহা-আত্মা। বাংতেও এইরূপ নানা শব্দের সহিত যুক্ত হয়। যেমন মহা কারখানা মহা গোল, মহা ঝগড়া, মহা দুরন্ত)। মহৎ, বৃহৎ, প্রবল, অধিক, শ্রেষ্ঠ, উদার। মহা-অন্ধকার, মহা-অপরাধ, মহা-আনন্দ, মহা-উৎসব, মহা-উৎসাহ, মহা-উদ্‌যোগ, মহা-উপকার, মহা-ঔষধ, প্রভৃতি অনেক শব্দ বাংতে সন্ধি বিকল্পে হয়। মহাগুরু···পিতামাতা। মহাজন···বহু-জন (মহাজনো যেন গতঃ স পন্থা—

এখানে এই অর্থ। মহাভারতের নীলকণ্ঠী টীকা দেখ); শ্রেষ্ঠ জন; বণিক, সাধু, শ্রেষ্ঠী বা উত্তমর্ণ। মহাজনি···ষ্য. বণিক কর্ম, শ্রেষ্ঠীকর্ম। মহাজনী···ণ. শ্রেষ্ঠীর যোগ্য, যেমন মহাজনী কারবার। মহাদশা ···বলবান গ্রহবৈগুণ্যে অশুভ দশা (ফল জ্যোতিষে)। মহাদেবী···মহাদেবপত্নী; রাণী। মহাপাত্র···প্রধান মন্ত্রী; পদবীবিশেষ। মহা-প্রসাদ ···দেবের প্রধান ভোগান্ন; মহা-প্রসাদ হাতে দিয়া পাতানা মিত্রতা। মহাভারত···মহাভারত বা ভারত গ্রন্থ; ···ব্য. মিথ্যা-কথনাদি পাপ হইতে মুক্ত হইবার নিমিত্ত পুণ্য ভারত গ্রন্থ উচ্চারণ। মহা-ব্যাধি···কুষ্ঠ রোগ (ব্যাধি দেখ)। মহামহিম···ণ. মহা মহিমা যাঁর। মহামহোপাধ্যায় ··প্রসিদ্ধ পণ্ডিতকে প্রদত্ত উপাধি। মহামায়া···মহাদেবী মহেশ্বরী। মহারথী ···(সংতে মহারথ। মহা+বাং রথী=মহারথী)। বীর, নায়ক। মহারাজা···(সং মহারাজ। মহা+বাং রাজা=মহারাজা)। মহারাজ। স্ত্রীং মহারাণী (সং মহারাজ্ঞী—রাজার প্রধানা মহিষী। বাং মহারাণী—মহা+রাণী=মহারাজার মহিষী, যে নারী মহারাজ্যের অধীশ্বরী, যেমন মহারাণী ভিক্‌টোরিয়া)। মহাশয়···ণ. (সং)। মহামনা। মহাত্মা···ষ্য. মহাত্মা পুরুষ, (প্রায়ই সম্বোধনে)। মশায় দেখ। মহাসভা···বহু জনের সভা। মহাগ্নি···মেহগনি দেখ। মহাতিক্ত··কালমেঘ দেখ। মহানিম··· নিম দেখ (ওং নাম মহানিম, হিং নাম মহারুখ)। দেখিতে কতকটা নিম গাছের মতন, কিন্তু ৪০।৫০ হাত উচা তরুবিশেষ (Ailanthus excelsa)। কাঠ শাদা হালকা। পাতা বহুপর্ণ, বৃহৎ দুই হাত পর্যন্ত হয়। ফল লম্বা পাতলা। ছোটনাগপুর ও ওড়িশায় এই গাছ আছে।

মহান্ত ··ষ্য. (সং মহৎ শব্দের বহুবচনে মহান্ত। ওং মহান্ত—মহান্)। মহৎ ব্যক্তি, প্রঃ—ধর্ম্মচর্য্যায় রত মহান্ত যে মানী (কৃত্তিঃ আত্মপরিচয়), যে যে মহান্ত তাঁ সবার করিব গণন, মহান্ত স্বভাব এই তারিতে পামর, জগন্নাথ-সেবক যত যতেক মহান্ত (চৈঃ চঃ)—এখানে মহান্ত—ইদানী মহন্ত। (ওং মহান্তি—জাতিবাচক নাম; চলিত কথায়, মাহিন্তি। তুং মাধবী দেবী শিখী মাহিন্তির ভগিনী—চৈঃ চঃ। মহান্তি জাতির প্রকৃত জাতি নাম, করণ। কোন কোন করণ আপনাদিগকে শূদ্র হইতে পৃথক্ মনে করেন, এবং নিজ নারী নামে দেঈ বা দেবী নাম যোগ করেন। এইরূপে, মাধবী দেবী)।

মহাফেজ, মহাফিজ ··মোহাফেজ দেখ।

মহাভরী···ষ্য. (সং)। হরিদ্রাদি বর্গের বৃক্ষবিশেষের (Curcuma zedoaria) কন্দ (zedoar)। প্রায়ই মহাভরী বচ নামে খ্যাত। ইহা তিক্ত ও সুগন্ধ। চট্টগ্রামে ও পূর্বহিমালয়ে বন্য জন্মে। শঠী দেখ।

মহারাজা, মহারাণী ··মহা দেখ।

মহাল ··ষ্য. (আং)। ভূসম্পত্তি, গ্রাম-সম্পত্তি।

মহাশয়···মহা দেখ।

মহিলা···ষ্য. (সং। মহ্‌তে ভূষণাদিভিরিতি—অঃ টীঃ। তুং আং মহল—রাণী)। নারী; (অধুনা) ভদ্রা নারী।

মহিষ, মইষ ··ষ্য. (সং মহিষ)। গবাদিবর্গের

কৃষ্ণবর্ণ প্রসিদ্ধ চতুষ্পদবিশেষ (Buffalo. Bos bubalus)। শিং ফাঁপা তিন-কোণা। স্ত্রী° মহিষী, মইষী, গাই মইষ। মহিষা···ণ. (মহিষ+আ)। মহিষ হইতে উৎপন্ন, প্রঃ—মহিষা দই।

মহু···ষ্য. (স° মধু)। মধু। (মউ দেখ)।

মহুয়া···মউল দেখ।

মহুরী···ষ্য. (মুখ+রী? স° মুরলী হইতে? ও°)। একরন্ধ্র স্থূল বংশীবিশেষ, প্রঃ—কবিকঃ।

মহোচ্ছব···ষ্য. (স° মহোৎসব)। প্রধান উৎসব, বৈষ্ণবদিগের বিশেষ উৎসব।

মা···ষ্য. (স° মাতা, মা, অম্বা। স° মাতৃ—মাই—মায়। এই হেতু এ এর বিভক্তি যোগ করিলে মায়ে, মায়ের হয়। মায়ে ঝীয়ে, মায়ে পোয়ে, প্রঃ—মায়ের কাপড় ধরি কান্দে রুহিদাস (কৃত্তিঃ)। এইরূপে, যাবতীয় প্রাচীন পুস্তকে মায়ের। মা-র শুনিতে রূঢ়। শূং পুঃ—মাও। ও° মা, হিং ম° মাঈ, হিং ম° মা। স° মাতৃ, ফা° মাদর, ই° mother। তু° স° অম্বা—মা সম্বোধনে)। মাতা। পুং বাপ বাবা। বাপ-মা ··পিতা-মাতা। মা বাপ···মাতাপিতা; আশ্রয়দাতা। মা···ঠাকুরাণী দেবী, যেমন কালী মা, শীতলা মা। মা গো ··সম্বোধনে, ভয়ে, বিস্ময়ে, যাতনায়, আর্তনাদে। মা-মরা ··ণ. মাতৃ-হীন।

মা···ষ্য. (স° মধ্যম)। গীতের সপ্তস্বরের চতুর্থ স্বর।

মাং···ব্য. মারফৎ শব্দ সংক্ষেপে, প্রঃ—মাং হলধর—হলধর মারফৎ।

মাং·· ষ্য. (স° মার্গ)। যোনি। (অশিষ্ট অশ্লীল)।

মাঅই···ষ্য. (স° মামকী—মামী হইতে?)। আঁবুই (দেখ)।

মাই···ষ্য. (হিং মাঈ। মা দেখ)। মাতা।

মাই···ষ্য. (স° মাতৃ হইতে। কিংবা স° মাতৃক। ম° মাম। মেনা দেখ)। নারী-স্তন, মাতৃস্তন্য। মাই দেওয়া···স্তন্য পান করিতে দেওয়া। মাই খাওয়া···স্তন্য পান করা। (দুধ—দুগ্ধ; স্ত্রী কিংবা পুরুষের স্তন। স্তন অর্থে ও°তেও দুধ্। এই হেতু সম্ভ্রান্ত বংশে নিত্যানি (নিত্যপানি), ওখর—গোক্ষীর-শব্দ দুধ অর্থে প্রচলিত)। বোঁটা ·· (স° বৃন্ত, স°প্রা° বোণ্ট। তু° বণ্ঠরঃ পয়োধরে—মেঃ)। স্তনবৃন্ত।

মাইজ ··মাজ দেখ।

মাইতি···ষ্য. (স° মহৎ হইতে মহান্ত, মহান্তি। অপভ্রংশে মাহিতি, মাইতি)। মহান্তি নামক ও° জাতিবিশেষ, প্রঃ—চৈঃ চঃ।

মাইতি ··ষ্য.(স° মহিম্বৎ—মহিষ-বান্ হইতে)। জাতি-পদবিবিশেষ।

মাইনা···মাহিনা দেখ।

মাইয়া ··মেয়ে দেখ।

মাইরি···বা. (পর্তু° maria। আ° মরিয়ম)। যিশু খ্রিষ্টের মায়ের নামে শপথ। (প্রায়ই নারীভাষায়। অশিষ্ট নীতিভ্রষ্ট লোকেও বলে)।

মাইল···ষ্য. (ই° mile)। ১৭৬০ গজ পথ। মাপ দেখ।

মাইশর···ষ্য. (স° মার্গশীর্ষ। ও° মগুশির। হিং মগসির)। অগ্রহায়ণ মাস, প্রঃ—কবিকঃ (?)

মাকড়···ষ্য. (স° মর্কট)। বানর (বাংতে অপ্রচলঃ, ও°); মাকড়সা। পোকা মাকড় ···(সহচর শব্দ)। কীট। দৃষ্টান্তে, মাকড়

মারিলে ধোকড় হয়—এক ব্যক্তি এক স্মার্ত পণ্ডিতের নিকট কহিল, ঠাকুর, মাকড় মারিলে কি পাপ হয়? পণ্ডিত উত্তর করিলেন, কি সর্বনাশ! মর্কট বধ করিয়াছ? মর্কট-বধে মহাপাতক হয়, প্রায়শ্চিত্তে বহু ব্যয় না করিলে তোমার উদ্ধার নাই। জিজ্ঞাসু কহিল, ঠাকুর, আমি মারি নাই, আপনার পুত্র মারিয়াছে। তখন পণ্ডিত শাস্ত্র খুলিয়া বলিলেন, ব্রাহ্মণের ছেলে মাকড় মারিলে পাপ হয় না, ধোকড় হয়,—মোটা কাপড় হয়। অর্থাৎ পরে যে কাজ করিলে পাপ হয়, নিজে করিলে হয় না; স্বার্থপর মানুষের বিচার এমনই বটে।

মাকড়জালি···ষ্য. ধান্যাদি বর্গের উচ্চ সরু তৃণ-বিশেষ (Digitaria sanguinalis)।

মাকড়সা···ষ্য. (সং মর্কটক—অঃ। প্রাচীন নাম মাকড়, যথা, মাকড়ের জালে যেন বান্ধা গেল হাতী—সহদেব চক্রবর্তীর ধর্ম্ম-মঙ্গল। ঢাকায় মাকড়। হিং মকরা, ওং বুঢ়িআণী, মং কোল্ঠী। সং মর্কট, মর্কটক হইতে মাকড়, মাকড়া পাই। সা পাই না। মর্কটক—মাকড়-সা? ক স্থানে চা—সা। তুং মল্লিকা—মালিসা-মালসা)। অষ্টপদী কীটবিশেষ (Spiders. Araneæ)। উদরে সূতা বা তন্তু কাটিবার অঙ্গ আছে। স্ত্রী-মাকড়সা বাটার আকারের কোষে অণ্ড প্রসব করে।

মাকড়া···ষ্য. (সং মর্করা—বন্ধ্যা। ওং মাকড়া)। গেরিমাটি বর্ণ রন্ধ্রময় মাটিয়া প্রস্তরবিশেষ (laterite)। এই পাথর কাটিবার পর টান হয়। মেদিনীপুর বাঁকুড়া ওড়িশা প্রভৃতি ভারতের বহু প্রদেশে এই পাথর আছে। গড়মান্দারনের প্রাচীন বাটী এই পাথরে নির্মিত। নদ্যাদির ঘাট বাঁধিতে, ওড়িশায় মন্দির নির্মাণ করিতে এই পাথর লাগিয়াছে।

মাকড়ী···ষ্য. (সং মকর-কুণ্ডল)। সোনার মকরমুখ কুণ্ডল, কানের সোনার বলয়, প্রঃ—নাচে মকর কুণ্ডল (চৈঃ চঃ), মকর কুণ্ডল শ্রুতিমূলে (নবদ্বীপপরিক্রমা)। ইহুদী মাকড়ী—তারাময় অর্ধচন্দ্র, পার্সী মাকড়ী—অর্ধচন্দ্রাকার, ইত্যাদি।

মাকনা···ষ্য. (সং মৎকুণ। যথা, মৎকুণো নির্বিষাণেভে নিঃশ্মশ্রু পুরুষেঽপি চ। উদ্দংশে নারিকেলে চ—মেঃ। কালে অজাতদন্ত স্বল্পাঙ্গহস্তী—হেমঃ। হিং মখনা, মং মুকণা)। দন্তহীন হস্তী।

মাকন্দ···ষ্য. (সং—মেঃ। মাকন্দসালাবপি চূতবৎ—হেমঃ)। আম্র (কবিকঃ)। মাকুন্দ দেখ।

মাকাল···ষ্য. (সং মহাকাল—শব্দকল্পঃ। ওং মাহাকাল্ল। অন্য চলিত নাম রাখালশসা। মাকাল হইতে রাখাল। কোথাও কোথাও নাম মালা। প্রসিদ্ধ সং নাম ইন্দ্রাবারুণী)। কুষ্মাণ্ডাদি বর্গের দীর্ঘ প্রতানীবিশেষ (Citrullus colocynthis. Colocynth)। পাতা পাঁচ আঙ্গুলিয়া, নীচের পিঠ রোমহীন। ফুল পীতবর্ণ। পাকা ফল কৃষ্ণবর্ণ, এই হেতু নাম। কিংবা ফল সুন্দর, কিন্তু বিষাক্ত বলিয়া নাম।

মাকু···ষ্য. (সং মল্লিক—আপ্তে। মল্ল ধাতু ধারণে। তুং সং মল্লক—মালা (পাত্র); পূর্ববঙ্গে মল্লিকা—প্রদীপ। আসাং মাকো, ওং মাকু, হিং মং ধোটে, উর্দু ধরকী—

যাহা সূতা ধরে। অন্য সং নাম ত্রসর, তুরি)। তাঁতে সূতা বুনিবার যন্ত্রবিশেষ, ইহার ভিতরে নলীতে পড়িয়ানের সূতা থাকে। প্রঃ—হায় হায় উলুবনে হাগাইল মাকু (মাঃ)। মাকু-চোরা…কাপড় বুনিতে বুনিতে দুই তিন থাই একত্র গেলে।

মাকুন্দ…ণ. (সং মৎকুণ। মাকনা দেখ। মৎকুণ—নারিকেল, মাকন্দ—আম্র, মৎকুণ—নিঃশ্মশ্রু, পুরুষ,—সব মসৃণ। ওং মাখুনা)। যে পুরুষের গোঁফ দাঁড়ী জন্মে না, প্রঃ—যদি দেখ মাকুন্দ চোপা (খনা)—চোপা নারিকেল-চোপা—নারিকেল ত্বক্‌বৎ মসৃণ মুখ যার।

মাখ…ধাতু. (সং ম্রক্ষ ধাতু স্নেহনে)। মাখি—তৈলাদি লেপন করি, প্রঃ—গায়ে তেল মাখা, ডাইল মাখিয়া ভাত খাওয়া। মাখা॥ মাখা-চাখা—মাখা এবং চাখা (চাখ ধাতু)। মাখা-জোখা ভাত—ডাইল আদি মাখা, এবং জোখা—কত আবশ্যক, তাহা জুখিয়া—অনুমান করিয়া লওয়া ভাত। মাখা-মাখি ভাব—অন্তরঙ্গতা। মাখা…ধাতু. (মাখ ধাতু আস্তে)। মাখানা॥

মাখন…ষ্য. (সং মক্ষণ। হিং মক্‌খন, ওং মখন্। ফাং মস্‌কাহ্)। কাঁচা দুধ হইতে উৎপন্ন স্নেহ পদার্থ। (ননী—দই হইতে জাত)।

মাখনা…ষ্য. (সং মখান্ন। হিং মাখানা, ওং কাঁটা পদ্ম)। কুমুদতুল্য জলজ গাছবিশেষ (Euryale ferox)। কিন্তু গায়ে কাঁটা আছে, পাতা প্রায় গোল। জলে ফুল কতকটা ডুবিয়া থাকে। পূর্ববঙ্গে অধিক আছে।

মাখনা…মাকনা দেখ।

মাগ…ধাতু. (সং মৃগ মার্গ ধাতু অন্বেষণে; সং মার্গণ প্রার্থনা। প্রাচীন বাং ওং মাঙ্গ, হিং মঙ্গা, মং মাগ ধাতু)। মাগি—প্রার্থনা, যাচ্ঞা করি, প্রঃ—পরিহার মাগে—বিদায় অনুমতি প্রার্থনা করে। মাগা॥ মাগন…ষ্য. যাচ্ঞা; যাচ্ঞা দ্বারা প্রাপ্য। মাগনা…ণ. (মাগন+আ)। যাচ্ঞা দ্বারা প্রাপ্ত; বিনা-মূল্যে প্রাপ্ত। মাগা-যাচা…(সহচর শব্দ)। যাচনা। মাগা…ধাতু. (মাগ ধাতু আস্তে)। মাগানা॥

মাগ…ষ্য. (কৃত্তিঃ, কবিকঃ প্রভৃতিতে মাগু; মাঃতে মাগু—ভার্যা, মাগী—সামান্যা নারী। হিং মাঙ্গা—সীমন্ত; মাগু, মাগী—সীমন্তিনী। সং মার্গ হইতে। মাগী দেখ)। ভার্যা। (গ্রাং কিন্তু, অশিষ্ট নহে)। মাগ ভাতার…ভার্যা ও ভর্তা। মাগ-ছেলে…পত্নী ও পুত্রকন্যাদি। মাগ-রাঁড়িয়া…ণ. (মাগ-রাঁড়ী+ইয়া)। যাহার ভার্যা বিধবা হইয়াছে। (গালি। প্রবোধচন্দ্রিকা)।

মাগী…ষ্য. (মাগ দেখ)। সামান্যা নারী (অবজ্ঞায়)। পুং মিনষা (মনুষ্য হইতে)। প্রঃ—মুনিসে মাথায় তেল মাগিটির পায় (মাঃ)—মুনিষ এখন মিনষা।

মাগুর…ষ্য. (সং মদ্‌গুর। পূর্ববঙ্গে মজগুর; দ স্থানে জ। ওং মাগুরি, হিং মগুরী)। অশকলী উভচর মৎস্যবিশেষ (Clarius magur)। মাথা চেপটা; কানাসি চর্ম-ময়; ফুলকা গাছের মতন। গোঁফ ৮টা। কাঁধের পাখনায় কাঁটা। বড় হইলে এক হাত পর্যন্ত দীর্ঘ হয়।

মা-গোসাঁই…ষ্য. (গোস্বামীপত্নী—মা গো-

স্বামী)। গোস্বামী-পত্নী। গোসাঁই—পণ্ডিতের পত্নী প্রায়ই মূর্খ হইয়া থাকেন। বিদ্যায় মা-গোসাঁই—মা-গোসাঁই যেমন পণ্ডিত।

মাগ্‌গি…ণ. (সং মহার্ঘ। ওং মহারগ, আসাং মরগ, মং মহাগ)। দুর্মূল্য, মাঙ্গা।

মাগ্রাম (গ্রাং)…ষ্য. (সং মাতৃগ্রাম? মহা সংগ্রাম?)। আত্মশ্লাঘা।

মাঙ্গা…ধাতু. মাগ ধাতু দেখ। মাঙ্গান…(সং মার্গণ)। প্রার্থনা।

মাঙ্গা…ণ. (সং মহার্ঘ। ওং হিং আসাং মহঙ্গা)। মাগ্‌গি, মহার্ঘ।

মাঙ্গোষ্টিন…মেঙ্গোষ্টিন দেখ।

মাঁচা, মাচা…ষ্য. (সং মঞ্চ—অঃ)। খট্টা; বংশাদির খট্টাবৎ আধার, যেমন পুঁই মাঁচা। মাঁচাতন, মাচাতন…ষ্য. (সং মঞ্চতল। তুং পাটাতন)। মাঁচার তল বা পৃষ্ঠ, মাঁচা। মাঁচান, মাচান…ষ্য. (মাঁচাতন হইতে। হিং মচান)। মাঁচা। মাঁচিয়া মাচিয়া, মেঁচো, মেচো…ষ্য. (সং মঞ্চক মঞ্চিকা। কিংবা মাঁচা+ইয়া। ওংমাঞ্চিআ, হিং মচিয়া)। বাঁশ কিংবা বেতের ক্ষুদ্র খট্টা বা বসিবার আসন।

মাছ…ষ্য. (সং মৎস্য, সং প্রাং মচ্ছ। সং মৎস্য—বাং ওং মচ্ছ)। মৎস্য। চুনা মাছ…ক্ষুদ্র জাতীয় মৎস্য। পোনা মাছ… বৃহৎ জাতীয় মৎস্য। মাছের চাকা…মৎস্যের দেহ কাটিয়া চক্রখণ্ড। মুড়া…মুণ্ড। লেজা, নেজা…লঙ্গ। থুৎনি, কানাসি, ফুলকা, পাখনা দেখ। কথার লেজামুড়া না থাকা—অসম্পূর্ণ প্রসঙ্গ করা, অসম্বদ্ধ কথা বলা। শাগ দিয়া মাছ ঢাকা—যাহার পক্ষে মৎস্য-ভোজন নিষিদ্ধ (যেমন বিপ্রাদির), তাহার পক্ষে হাটে মৎস্যক্রয় দূষণীয়। এই হেতু শাক দিয়া মাছ ঢাকিতে হয়। লক্ষণায়, বিহিত ক্ষুদ্র কার্য দ্বারা দূষণীয় কার্য গোপন করা। মাছ-মাংস, মাছ মাস…মৎস্য ও মাংস (সহচর শব্দ)। ধরি মাছ না ছুঁই পানি—প্রায় অসম্ভব। মাছ-মোরল…ষ্য. (মাছ-মারি হইতে?)। প্রসহ-বর্গের দিবাচর প্রায় ১॥০ হাত দীর্ঘ পক্ষীবিশেষ (The greyheaded fishing eagle. Polioætus ichthyactus)। মাথা পাংশুবর্ণ, পৃষ্ঠ পক্ষ কাল খয়রা। কোড়ল-পাখী তুল্য, কিন্তু চঞ্চু ছোট পক্ষ গোল, পুচ্ছ প্রায় গোল, পায়ে পালখ, নখর দৃঢ় বক্র। বনে জলের ধারে বসে, মাছ খায়। (২) প্রসহ বর্গের দিবাচর প্রায় এক হাত দীর্ঘ পক্ষীবিশেষ (The osprey. Pandion haliætus)। মাথা শাদা, পিঠ প্রায় খয়রা, চঞ্চু বক্র, পক্ষ দীর্ঘ, নখর বক্র, উপর হইতে ছোঁ মারিয়া মাছ ধরে। শীত-কালে বঙ্গে আসে। মাছ-রাঙ্গা…ষ্য. (সং মৎস্যরঙ্গা। বাঁকিয়া জলে ডুব দিয়া মাছ ধরে। এই হেতু নাম। ওং মাছ-রঙ্কা। ভারতে মৎস্যরঙ্ক)। শাখাচারী কিন্তু প্লববর্গের পক্ষীবিশেষ (King-fisher)। (১) নীল-মাথা মাছরাঙ্গা…৯।১০ আঙ্গুল দীর্ঘ, মাথা কৃষ্ণনীল, পৃষ্ঠ নীল, চঞ্চু দীর্ঘ চাপা, পুচ্ছ হ্রস্ব। জলের ধারে এই পাখী (Alcedo ispida) বসিয়া থাকে, এবং মাছ দেখিতে পাইলে উড়িয়া গিয়া জলে ডুবিয়া মাছ ধরে। প্রঃ—মাছ দেখে মাছ-রাঙ্গা মাঝ দহে পড়ে (মাঃ)। (২) ফুটকিয়া

মাছরাঙা…১২।১৬ আঙুল দীর্ঘ, শাদা-কাল (Ceryle varia)। (৩) শাদাবুক মাছরাঙা…১৪।১৫ আঙুল দীর্ঘ, মাথা কাল, বুক শাদা (Halcyon smyrnensis)। কেঁঅ-কেঁঅ-কেঁঅ ডাকে।

মাছি…ষ্য. (সং মক্ষিকা। মাছির ভন্‌ভনানি হইতে সং এক নাম ভম্ভ)। দ্বিপত্রী ষট্‌পদী বিশেষ (Muscidæ)। পোকা দেখ)। ঘরুয়া মাছি, ঘ'রো মাছি (house-fly) ঘরে দেখা যায়। নীলমাছির (blue-bottle or bowfly) ঘ্রাণশক্তি প্রখর। দূর হইতে গন্ধ পাইয়া অল্পক্ষণের মধ্যে উপস্থিত হয়। মাংসীয়া মাছি গোরু বাছুরের ক্ষতে নাকে ডিম পাড়ে। চিমড়া মাছি (fleas. Pulicidæ) বিড়াল কুকুর প্রভৃতিকে ধরে। মউ-মাছি নামে মাছি কিন্তু মাছি নহে। (মউ দেখ)। মশা ও মাছি এক বর্গের। মশা মারিতে কামান দাগা যেমন মাছি মারিতে বাজ ফেলা তেমন, প্রঃ—মাছিকে হানিতে কেন ফেল তুমি বাজ (কবিকঃ)। তেলিনী মাছি…(হিং তেলেনী মক্ষী)। দৃঢ়-পত্রী ষট্‌পদীবিশেষ (a bcetle. Mylabris)। বর্ষাকালে ধেঁড়শ ও শসা প্রভৃতি গাছের রস খায়। মধ্য ও দক্ষিণভারতে অধিক। ইহার দেহের রস গায়ে লাগিলে ফোস্কা উঠে। এই হেতু কোথাও কোথাও ডাক্তারখানায় স্পেন দেশের তেলিনী মাছির (Cantharis vesicatoria) পরিবর্তে কাজে লাগে। মাছি…ষ্য. (সং মক্ষিকা)। বন্দুক ঠিক করিবার চিহ্ন। মাছিতা, গ্রাং মেছেতা…(সং মক্ষিকা—মাছি+ইত। মাছির আকারযুক্ত)। অঙ্গে নাম মউনী (দেখ); মুখে, বিশেষতঃ গালে কৃষ্ণচিহ্ন (সং মেচক)।

মাছুয়া, মেছো…ষ্য. (মাছ+উয়া। হিং মছুবা)। মৎস্যজীবী জাতিবিশেষ। স্ত্রীং মাছুয়ানী, সংক্ষেপে মেছোনী। প্রঃ—মাছুয়া নিবসে পুরে জাল বুনে মৎস্য মারে (কবিকঃ)।…ণ. মৎস্যসম্বন্ধীয়, যেমন মেছো গন্ধ; মৎস্যজীবী, যেমন মেছো কুমীর।

মাজ…ষ্য. (সং মজ্জা)। কাঠের গুঁড়ির কঠিন মধ্যভাগ। মাজা…ধাতু. মাজাই—মাজ জন্মি, যেমন বাবলা গাছ মাজায়। মাজানা॥

মাঁজ, মাজ…ধাতু. (সং মঞ্জ ধাতু মঞ্জন দীপ্তি শুদ্ধি; সং মৃজ ধাতু মার্জন শুদ্ধীকরণ। বাংতে উচ্চারণ মাজি নহে, মাঁজি। ওং মাজ, হিং মঞ্জ ধাতু)। মাঁজি, মাজি—ঘষিয়া দীপ্ত করি, নির্মল করি। মাঁজা, মাজা। ধোপা কাপড়ের পাড়ি মাঁজিয়া দেয়—উজ্জ্বল করিয়া। মাঁজন, মাজন…ষ্য. (সং মঞ্জন)। যদ্দ্বারা মাঁজিতে পারা যায়। মাজনা…ষ্য. বাঁকা সাঁড়াশীবিশেষ, বালার মতন ফাঁপা অলঙ্কারের ভিতরে গালা পুরিয়া গোল করিবার সেকরার যন্ত্র। মাঁজনা…ষ্য. গবাদির পুচ্ছকেশ, যদ্দ্বারা পাকানা দোড়ী ঘষিতে মাঁজিতে পারা যায়। মাঁজা…তেল চুল পাঁশ ইত্যাদি দিয়া ঘষিয়া ধাতু দ্রব্যের দীপ্তি করা (to scour, and to polish)। ঘষা-মাঁজা…(সহচর শব্দ)। নির্মল ও উজ্জ্বল। মাঁজা, মাজা…ধাতু. (মাঁজ, মাজ ধাতু আছে)। মাঁজানা, মাজানা॥

মাজ (গ্রাং)…মাঝ দেখ।

মাজরা…পোকা দেখ।

মাজা···ষ্য. (সং দেহমধ্য হইতে নদীয়া পাবনায়)। কটি।

মাঁজা···ষ্য. (সং মুঞ্জ, মৌঞ্জীতৃণ। ওং মঞ্জা)। ধান্যাদিবর্গের শর গাছ (The munj grass. Saccharam arundinaceum, var. ciliaris)। এই গাছের ত্বক্ পাকাইয়া দোড়ী (প্রায়ই, শর-মাঁজা)।

মাজুন···ষ্য. (আং মাজুন)। সিদ্ধির রস ও চিনী-যোগে মাদকবিশেষ।

মাজুফল···ষ্য. (ফাং মাজু। সং মজ্জফল? কৃমিকোষ—বৈদ্যকঃ)। 'ওক' নামক গাছে কীটবিশেষ (পোকা দেখ) ছোট ছোট অণ্ডাকার বিকার বা কোষ (oak-galls) উৎপাদন করে। দেখিতে ফলের মতন বলিয়া নাম (gall-nuts)। হরীতকী অপেক্ষা প্রায় দ্বিগুণ কষায়ীন আছে। গ্রীশ ও আশিয়া-মাইনর দেশের মাজুফল উৎকৃষ্ট।

মাজুরি, মাঁদুর···ষ্য. (সং মন্দুরা, মন্দোদরী)। মাঁদুরকাটি গাছের ডাঁটার আসনবিশেষ। ইহা পাটের দোড়ী দিয়া বোনা হয়। এক এক কাটির নাম তার। এক-তারিয়া, এক-তেরো···এক একটি কাটির বোনা; দুই-তারিয়া, দু-তেরো···একত্র দুই দুইটি কাটির বোনা। মেদিনীপুরের মাঁদুর প্রসিদ্ধ। প্রঃ—আঙ্গিনায় পড়িয়াছে রাঙ্গা মাজুরি (কৃত্তিঃ আত্মবিবরণ)। পূর্ববঙ্গে নাম পাটী (দেখ)। মাদুর-কাটি···মুস্তকাদি বর্গের তৃণবিশেষ (Cyperus tegetum)। গাছ প্রায় দুই হাত দীর্ঘ হয়। ইহার ডাঁটা চিরিয়া শুখাইয়া বোনা হয়। অন্যত্র গোল-মুথা বা গোলমেথী নামক তৃণ হইতে মোটা মোটা মাদুর বা ঝোঁতলা নির্মিত হয়।

মাজেণ্টা, গ্রাং মাজেণ্ডার···ষ্য. (ইং magenta)। আল্কাতরা হইতে উৎপন্ন কৃত্রিম লাল রঙ্গ বিশেষ (fuchsin); এই প্রকার কৃত্রিম রঙ্গ (aniline dyes)।

মাঝ, মাইঝ, গ্রাং মাজ···ষ্য. (সং মধ্য। হিং মাঁঝ, ওং মঝি, মং মধলা। মাঝ—মাহ—বিদ্যাপতিঃ)। মধ্য; দেহমধ্য, প্রঃ—মাঝ ভেল ক্ষীণ (বিদ্যাপতিঃ)। মাঝখানে ···মধ্যস্থানে। মাঝ হাটে—হাটের মধ্য-স্থলে, মধ্য সময়ে। মাঝে মাঝে···স্থানে স্থানে, সময়ে সময়ে। মাঝা···ষ্য. (দেহ-মধ্য, কটি। মাঝা সরু···কটি ক্ষীণ (তুং মাঝারি খিনি—মধ্য ক্ষীণ—বিদ্যাপতিঃ)। মাঝার···ষ্য. (মাঝ+আর)। মধ্যভাগ; কাপড়ের পাতলা বোনা মধ্যভাগ। মাঝারী ···ণ. (মাঝ+আরী, ওং মঝালু, হিং মঝলা, মং মধলা)। মধ্যমাকৃতি, মধ্যম পরিমিত। মাঝিয়া, মেঝো···ষ্য. (মাঝ+ইয়া)। গৃহমধ্য, গৃহমধ্যতল।

মাঝী···ষ্য. (সং মধ্য হইতে? হিং মাঝী; ওং নাম সুকানি, মং সুকাণদার। সুকাণ—নৌকার কর্ণ)। নৌকার মধ্যস্থলে থাকিয়া যে হাইল ধরে, কাণ্ডারী। দাঁড়ী-মাঝী··· নৌকার দাঁড়ী ও মাঝী। মাঝী-মাল্লা···(সং মাল—নীচ জাতিবিশেষ। সহচর শব্দ)। নৌকা-বাহক। মাঝী···সাঁওতাল জাতির প্রধান (যে মধ্যস্থ হয়?); বাগদী জাতির শাখাবিশেষ।

মাটৎ (গ্রাং)···মাথট (দেখ)।

মাট, মাটা···মাঠ, মাঠা দেখ।

মাটাপালাম···মাঠাফালাম দেখ।

মাটাম···ষ্য. (? ওং মটাম্, ওড়িশা গড় রাজ্যে

মোটম্)। সমকোণ, সমকোণ দেখাইবার ছুতারের যন্ত্র (square)।

মাটি…ষ্য. (সং মৃত্তি, মৃত্তিকা। ও° হি°। ম° মাতী)। মৃত্তিকা। এঁটেল মাটি…আটাল মাটি (stiff heavy clay), গ্রীষ্মকালে শুখাইয়া কঠিন হয়, এবং মাঝে মাঝে বড় বড় ফাট হয়। বাঘা এঁটেল…বাঘের বর্ণ তুল্য এঁটেল মাটি। শুখাইলে কঠিন হয়, কিন্তু নীরস নহে। কাঁকরিয়া মাটি…যে মাটিতে কাঁকরের ভাগ অধিক। কালা-মাটি…দো-রসা বা দো-আঁশ মাটি। কৃষ্ণবর্ণ বলিয়া নাম কালা। এই মাটি কাঠ-ফশলের উপযুক্ত। চিকটা মাটি…যে মাটিতে কাদা করিলে চিট বা আঠা থাকে। এই মাটি না হইলে চাকে মাটির বাসন গড়া চলে না। তিলক মাটি…কঠিন চিক্কণ মৃত্তিকা (litho-marge)। ইহা ঘষিয়া কপালের তিলক করা হয়। তিলক মাটি ও গঙ্গামৃত্তিকা এক নহে। গঙ্গামৃত্তিকা গঙ্গার পলি। পোছ মাটি, বনক মাটি…পোছ, বনক দেখ। বালিয়া, বেল্যে মাটি…যে মাটিতে বালি অধিক (sandy)। দো-আঁশ, দো-রসা, দো মাটি…যে মাটিতে বালি ও মৃত্তি সমভাগে মিশ্রিত আছে (loam)। মেটেল, মেটেল মাটি ‥(মাটি+আল—মাটিয়াল—মেটেল। ও° মটাল্ল)। যে মাটিতে মৃত্তিকার ভাগ অধিক (clayey soil)। উপরে শুখাইলেও ভিতরে রস থাকে। কৃষির পক্ষে এই মাটি উত্তম। সাজি মাটি…ক্ষার মৃত্তিকাবিশেষ (ক্ষার দেখ)। উষর মৃত্তিকা হইতে সাজি মাটির জন্ম। সাজি মাটিতে পাঁচ আনা হইতে আট আনা সোডা (soda) থাকে, অবশিষ্ট প্রায় মাটি বালি ইত্যাদি। চীনা-মাটি…শাদা কুম্ভকার-মৃত্তিকা (china clay)। মাটির বাসন…মৃত্তিকায় নির্মিত ভাজন। মাটি করা—মাটিতুল্য করা, নষ্ট করা। কাজ মাটি হওয়া—বৃথা। মাটি কাঁপানা—দম্ভে বোধ হয় যেন পৃথিবী টল্‌মল করে, (প্রায়ই) সাত হাত মাটি কাঁপিয়া যায়। মাটি-কোঠা, মাটি-কোঠা… মাটির দ্বিতল গৃহ। মাটি খাওয়া—কুকর্ম করা, প্রঃ—হায় কেন মাটি খেয়ে পড়ানু বিদ্যায় (ভাঃ), মাটি খেয়ে বিদেশে আইনু (ভাঃ)। (বোধ হয় গর্ভিণী নারীর মৃত্তিকা-ভক্ষণ-স্পৃহা হইতে)। মাটি ভাপানা—বহু সময় উপবেশন দ্বারা, বৃথা উপবেশন দ্বারা মাটি ঘর্মবাষ্পে ভাপানা। মাটি মাড়ানা—নিকটস্থ পথ দিয়া চলা, বাড়ীতে আসা, প্রঃ—সে এ দিকের মাটি মাড়ায় নাই। মাটির দরে বিকানা—সুলভে বিক্রয়। কানে মাটি…কটিবস্ত্র শিথিল হইলে অসংবৃত অবস্থা দেখিয়া অন্তে বস্ত্র পরিধান করিতে বলে 'কানে মাটি।' গা মাটি-মাটি করা—মাটি-মাটি দেখ। হাতমাটি করা—মল-ত্যাগের পর শৌচ নিমিত্ত মৃত্তিকা দ্বারা হস্ত প্রক্ষালন। মাটিয়া, মেট্যে…ণ. (মাটি+ইয়া কিংবা সং মার্ত্তিক)। মৃত্তিকা সম্বন্ধীয়; মৃত্তিকায় নির্মিত জাত, যেমন মেট্যে ঘর; মৃত্তিকার তুল্য, যেমন মেট্যে রং।…ষ্য. ছাগাদি পশুর যকৃৎ। (মেট্যে দেখ)। মেট্যে তেল…ভূগর্ভ হইতে প্রাপ্ত তৈল, যেমন কেরোসীন তেল (rock oil or petro-leum)। এ দেশের মধ্যে আসাম ব্রহ্ম পঞ্জাব ও বেলুচি-স্থানে পাওয়া যাইতেছে।

মাটি-মাটি···ব্য. (সং মৃদ্ ধাতু মৃদুতায়। মেজ্-মেজ দেখ। রসস্থ ভাবে, প্রঃ—বর্ষাকালে হিম লাগাইলে গা মাটি-মাটি করে।

মাঠ···ণ. (সং মন্থর। মাঠ্ উং মাঁঠ। হিং মঠা, মং মট্ট)। মন্থরগতি, প্রঃ—চলন ভোজন মাঠ; ভোঁতা, প্রঃ—বিশ্বকর্ম্মার যত অস্ত্র মাঠ হৈল ধার (চৈতন্যমঙ্গল)—এই অর্থ অপ্রচলঃ।

মাঠ···ষ্য. (সং মাথ ?—পন্থা—শব্দকল্পঃ। ওং পাট্। সং প্রস্থ—যেমন ইন্দ্রপ্রস্থ—হইতে ? তুং বাথান। প্রস্থ—পাঠ্—মাঠ)। গৃহাদি-শূন্য উন্মুক্ত বিস্তীর্ণ স্থান (শহরে ময়দান); ক্ষেত্র সম্বলিত বিস্তীর্ণ স্থান, প্রঃ—মাঠের ধান, মাঠে নষ্ট হওয়া; রণভূমি, প্রঃ—গড়ের মাঠ। মাঠ-গোঠ···(সহচর শব্দ)। গো-চারণ। মাঠ-ঘাট ··· (মাঠ—বাট হইতে?)। পথ ঘাট। মাঠ-চিল ··চিল দেখ। মাঠান ··(মাঠ+আন)। কৃষি উপযোগী মাঠ। মাঠুয়া, মেঠো···ণ. (মাঠ+উয়া)। মাঠ-সম্বন্ধীয়; মাঠের যোগ্য, যেমন মেঠো গান; মাঠে বাসকারী, যেমন মেঠো মাছ।

মাঠ···ধাতু. (সং মন্থ ধাতু পীড়নে। ওং মাঠ ধাতু)। মাঠি—ঘষিয়া মসৃণ করি, প্রঃ—চুণ ঘষিয়া না মাঠিলে থাকে না। মাঠা॥ শাদা-মাঠা···ণ. শ্বেতবর্ণ ও নির্ম্মল কিন্তু অলঙ্কারশূন্য, শাদা-শিদা, প্রঃ—বিসাই গঠিল তাত্র সাদা-মাঠা করি (শূং পুঃ)। মাঠা···ধাতু. (মাঠ ধাতু আস্তে) মাঠানা॥

মাঠা···ষ্য. (হিং মট্ঠা। সং মথিত। হিংতে অর্থ ঘোল, ঢাকায় ঘোল)। সরহীন জল-হীন ঘোল, প্রঃ—পল দুই তিন মাঠা করেন ভক্ষণ (চৈঃ চঃ)—ভক্ষণ ?; নবনীত, প্রঃ—মাঠা-তোলা দই—ঘোল।

মাঠাফালাম, মাটাপালাম···ষ্য. (মাদ্রিপোল্লম নগর নাম হইতে ?)। মোটা থান কাপড়-বিশেষ।

মাড়···ষ্য. (সং আড়ূ—ভেলা। ওং মাড়ু। হিং বেড়া—সং ভেলক)। জলস্রোতে ভাসাইয়া লইবার নিমিত্ত বদ্ধ কাষ্ঠরাশি।

মাড় (উং মাঁড়) ··ষ্য. (সং মণ্ডপ। মণ্ডপো হস্ত্রী জনাশ্রয়ঃ—অঃ। দ্বয়মতিথ্যাদিনিমিত্তে গৃহে—অঃ টীঃ)। মণ্ডপ যেখানে লোকজন দাঁড়াইতে বা বসিতে পারে। চণ্ডীমণ্ডপ—যে গৃহে চণ্ডী থাকেন এবং যেখানে লোক-জন বসিতে পারে। ঠাকুরমাড়···দেবমন্দির-সংলগ্ন গৃহ, দেবমন্দির।

মাড় (উং মাঁড়)···ষ্য (সং মণ্ড)। চাউল যব প্রভৃতি জলে সিদ্ধ করিলে যে জল (starchy water) হয়; জলে চাউল সিদ্ধ করিলে যে আঠা হয়, খইর আঠা, যেমন কাপড়ে মাড় দেওয়া।

মাড় (উং মাঁড়) ··ধাতু. (সং মণ্ড ধাতু বিভা-জনে, মৃদ ধাতু মর্দ্দনে)। মাড়ি—বিভাজন মর্দ্দন করি, প্রঃ—খলে ঔষধ মাড়া, গোরু দিয়া ধান মাড়া। মাড়া॥ মাড়া···ধাতু. (মাড় ধাতু আস্তে)। মাড়ানা॥ মাড়ানি··· মর্দ্দন-কর্ম, মর্দ্দন-বেতন। পথে গু মাড়ানা—পা দিয়া মর্দ্দিত করা। লোকের ছায়া মাড়ানা—ছায়ায় পদক্ষেপ। ছায়া না মাড়ানা—নিকটে না যাওয়া।

মাড়ী, (গ্রাং মেড়ে)···ষ্য. (সং মাটী—শব্দ-কল্পঃ। ওং মাটি)। দন্তবেষ্ট (gum)।

মাড়ুয়া···মাণ্ডিয়া দেখ।

মাড়ুয়াবাদী···ণ. (সং মরু—মারব+উয়া—মারুয়া—মাড়ুয়া+বাদ+ঈ)। রাজপুতানার মরুদেশের ভাষা কহে যে, মাড়োয়ারী (নিন্দিতার্থে)।

মাড়োয়ারী···ষ্য. (সং মরু হইতে মারব, মালব; মারব+আরী—মারোআরী—মাড়োয়ারী)। রাজপুতানাবাসী।

মাণ···মান দেখ।

মাণিক···ষ্য. (সং মাণিক্য)। রক্তবর্ণ মহারত্নবিশেষ (ruby)। সাত রাজার ধন এক মাণিক—এত মূল্যবান্। মাণিক আমার—(আদরে) বহুমূল্য প্রিয়তম আমার। মাণিকজোড়—প্রিয়তম সঙ্গীদ্বয়।

মাণিক-জোড়···ষ্য. (হিং। সং মাণিক্য তুল্য রক্তবর্ণ যোড়া পা যার)। কুলেচরবর্গের প্রায় দুই হাত দীর্ঘ পক্ষীবিশেষ (stork. Dissura episcopus)। গলা পেট শাদা, বুকপিঠ কালতে সবুজ। চঞ্চু দীর্ঘ স্থূল, পক্ষ দীর্ঘ, পুচ্ছ হ্রস্ব, পদ অতিদীর্ঘ লাল, জালপাদ। উত্তম উড়িতে পারে। একা কিংবা অনেক মাঠে ও জলের ধারে বসিয়া পোকা বেং মাছ খায়।

মাৎ···ষ্য. (সং দধিমস্তু। অন্য সং নাম দধিমণ্ড)। দধির জল; গুড়ের রস; অণ্ড বাঁধে নাই এমন ঝোলা গুড়।

মাৎ···ষ্য. (আং। তুং সং মাথ—বিনাশ)। পরাজয়। বাজি মাৎ—খেলায় পরাজয়, পণনাশ।

মাত···ধাতু. (সং মত্ত হইতে)। মাতি—মত্ত হই, প্রঃ—খেলায় মাতা; মাদকতা শক্তি পাই, প্রঃ—খেজুর-রস মাতিয়া উঠে; অবিরাম ক্রন্দন দ্বারা বাহ্যজ্ঞান লুপ্ত হই, প্রঃ—ছেলে মাতিলে তাহার কাঁদা থামাইতে পারা যায় না। মাতন, মাতা॥ দুপ্রক্রিয়া মাতন···মুসলমানী মহরম পর্ব হইতে যে সময়ে মুসলমান দুপরবেলা ঘোর যুদ্ধাভিনয়ে মত্ত হয়। মাতা-মাতি···অতিমত্ততা। মাতা ধাতু. (মাত ধাতু আস্তে)। মাতানা॥

মাত-আরা, মাতআলা, মাতোয়ারা, মাতোয়ালা···ণ. (মত্ত—মাত+আরা, আলা)। মত্ত, বাহ্যজ্ঞানশূন্য, প্রঃ—কবিকঃ।

মাতব্বর···ণ. (আং মোতবর)। বিশ্বাস-যোগ্য।

মাতা (গ্রাং)···ষ্য. মাথা, প্রঃ—কৃত্তি, প্রবোধ-চন্দ্রিকা।

মাতাল···ণ. (সং মত্ততা+আল। হিং মতবালা। কিংবা মদ+আল—মাদাল—মাতাল)। মাদক-দ্রব্য পান-হেতু মত্ত। মাতলামি···ষ্য. (মাতাল+আমি)। মাতালের ভাব বা ব্যবহার।

মাতোয়াল, মাতোয়ারা···ণ. (হিং মতবালা, ওং মাতুআলা। মাতআরা, মাতাল দেখ)। মত্ত, মাতাল, প্রঃ—চৈঃ চঃ, কবিকঃ।

মাতোয়ালী···ষ্য. (আং মাৎবাল্লী)। পুণ্যার্থে সাধারণকে দত্ত সম্পত্তির তত্ত্বাবধায়ক।

মাত্র (গ্রাং মাত্ত)···ষ্য. (সং)। সাকল্য। ণ. কেবল, প্রঃ—তুমি মাত্র আসিলে; সাকল্যে, প্রঃ—মূল্য এক টাকা মাত্র। (কেবল মাত্র—ভুল)।

মাত্রা (গ্রাং মাত্তা)···ষ্য. (সং। মাত্রা কর্ণবিভূষায়াং বিত্তে মানে পরিচ্ছদে। অক্ষরায়বয়বে স্বল্পে ক্লীবং কাৎস্ন্যে১বধারণে॥—মেঃ)। বিত্ত; পরিমাণ; শব্দের স্বরের উচ্চারণ কাল, প্রঃ—অক্ষর দ্বিগুণ চৌগুণ

মাত্রা (খনা), অক্ষরের মস্তকে রেখা (স্বরাক্ষর-সংযোগ হইতে)।

মাথ···ষ্য. (সং মস্তক)। মাথা, প্রঃ—কৃত্তিঃ, মোর মাথে গোটা কত দেখহ উকুনি (কবিকঃ)। (অপ্রচলঃ)। মাথট···ষ্য. (মাথ+ট। ওং মথোট, হিং মথৌট্। মাথা-প্রতি)। মাথা পেছু চাঁদা। মাথট বসানা—প্রদেয় স্থির করা। মাথট চাগানি—গ্রামের লোকের নিকট প্রাপ্য নির্ধারণ।

মাথা···ষ্য. (সং মস্তক। ওং হিং মথা, মং মাথা)। শির; সীমা, (সং মস্ততে পরিমীয়তে ইতি অঃ টীঃ), প্রঃ—দশ টাকা মাথা—দশ টাকা পর্যন্ত ব্যয় হইতে পারে; অগ্র, প্রান্ত, প্রঃ—নৌকার মাথা, রাস্তার মাথা, চৌমাথা; শীর্ষ বা শীর্ষস্থানীয়, প্রঃ—তিনি গ্রামের মাথা; বুদ্ধি, প্রঃ—মাথা আছে (মাথাল্ দেখ); মাথার কেশ, প্রঃ—মাথা বাঁধা। মাথার খুলী···করোটী। মাথার ঘি···মস্তিষ্ক। মাথার তালু···মাথার উপরি-ভাগের মধ্যস্থল, ব্রহ্মতালু। মাথা-মুণ্ড··· (সহচর শব্দ)। মাথা। মাথা আঁচড়া—চুল আঁচড়া। মাথা-কাটা···নরমস্তক ছেদন করে যে, নরহন্তা। মাথা কাটা যাওয়া—লজ্জায় যেন শিরচ্ছেদ হওয়া। মাথা কেনা—দণ্ড-মুণ্ডের কর্তা হওয়া। মাথা কোটা, মাথা কোড়া—অভিমানে মস্তক কুট্টন, মাথা দ্বারা ভূমি বিদারণ, অতিশয় ক্লেশ করা (মং মাথাকুট)। মাথা খাওয়া—মস্তক ভক্ষণ, সুতরাং বিনাশ সাধন। মাথা খাও···ব্য. শপথে। মাথা খোঁড়া—মস্তক খনন—চিন্তায় মস্তিষ্ক বিলোড়ন। মাথা গরম করা—মস্তিষ্ক চালনা দ্বারা বহু চিন্তায় মস্তকে তাপ উৎপাদন। মাথা-ঘষা—আবাটা ইত্যাদি তৈলযুক্তি। মাথা-ঘুরনী···মস্তক-ভ্রমি রোগ; জাল দেখ। মাথা চুল-কানা—চিন্তায় কিংবা উত্তরদানে অসমর্থ হইয়া চিন্তা করা। মাথার ঝিকুর নড়া—মাথার ঘৃতকুণ্ড-(মস্তিষ্ক) চলন। ঝিকুর দেখ। মাথায় চড়া—অত্যাদরে। মাথা ঠেকানা—মস্তক দ্বারা ভূমি স্পর্শ করিয়া প্রণাম করা। মাথা দেওয়া—শির পর্যন্ত দেওয়া। মাথা ধরা—মস্তকে ভার বোধ, মাথা নাড়িবার অক্ষমতা। মাথা বাঁধা—বেণীবন্ধন। মাথা ব্যথা—মস্তকে পীড়া বোধ, চিন্তাপীড়া। মাথায় হাত দিয়া বসিয়া পড়া—চিন্তায় মস্তিষ্কে রক্ত সঞ্চালিত হওয়াতে মাথা ভারী বোধ হয়। তখন হাত দিয়া মাথা ধরিয়া রাখিতে হয়, বসিয়া পড়িতে হয়। মাথায় হাত বুলাইয়া লওয়া—ব্রাহ্মণ আশীর্বাদ করিবার সময় মাথায় হাত বুলান, অতএব ভুলাইয়া লওয়া। মাথা হেঠ···নত মস্তক; লজ্জাদিহেতু নত মস্তক। কার দুটা মাথা আছে—দুইটা হইলে একটা কাটা গেলেও ক্ষতি অধিক হইত না। মাথা নাই তার মাথা ব্যথা—মূল নাই, অতএব শাখা-প্রশাখাও নাই। মাথাল্···ণ. (মাথা+ল)। বুদ্ধিমান্। মাথী, মেথী···ষ্য. (সং মস্তক হইতে)। তাল খেজুর গাছের কোমল শিরোভাগ। ইহা ভক্ষ্য।

মাথুর···ষ্য. (মথুরা হইতে সং)। মথুরা-সম্বন্ধীয় বিবরণ, কৃষ্ণ-যাত্রাগানে কৃষ্ণের মথুরাতে আগমন। মান-মথুর—রাধিকার মান ভঞ্জন ও কৃষ্ণের মথুরা-গমন পালা।

মাদল…ষ্য. (সং মর্দল)। কাঠের দুই-মুখা আনদ্ধ বাদ্যবিশেষ; মৃদঙ্গের অর্ধাংশ লইয়া আনদ্ধ বাদ্য।

মাদলা…ষ্য. (সং মধ্য হইতে। মধ্য+ল= মাধলা—মাদলা। ওং মাদঠ)। ছাগাদি পশুর দেহের মধ্যাংশ (মুণ্ড ও পদহীন। trunk)।

মাদলী…ষ্য. (সং মর্দল হইতে)। গলার মর্দলাকার স্বর্ণ অলঙ্কার; ধাতুর মর্দলাকার কবচ।

মাঁদা, মান্দা…ণ. (সং মন্দ)। মন্দগতি, মন্দ-বুদ্ধি (মেঁদা দেখ)।…ষ্য. (সং বন্ধ)। বৃক্ষে জলসেচনের আলবাল বা থানা।…ষ্য. (সং বন্দা)। বৃক্ষোপরি বৃক্ষ (বান্দা দেখ)।

মাঁদার…মান্দার দেখ।

মাদী…ষ্য. (ফাং মাদীন)। স্ত্রী; পুং মরদ। স্ত্রীবাচক, প্রঃ—মাদী পাখী। পুং, নর-পাখী। মাদীয়ান…ষ্য. (ফাং)। ঘোড়ী।

মাদুর…মাজুরি দেখ।

মাদোয়ান…মাদীয়ান। মাদী দেখ।

মাদ্দা, মোদ্দা…ষ্য. (আং মাদ্দা)। বিষয়। মাদ্দা কথা—আসল কথা।

মাদ্রাসা…ষ্য. (আং)। আরবী ভাষার উচ্চ পাঠশালা।

মাধবী…ষ্য. (সং মাধবী। বাসন্তী মাধবীলতা —অঃ। বসন্তে পুষ্পিত হয় বলিয়া বাসন্তী, মাধবী নাম)। প্রসিদ্ধ পুষ্পলতাবিশেষ (Hiptage madablata)। দীর্ঘ লতা হয়, প্রতি গ্রন্থি হইতে এক জোড়া করিয়া পত্র জন্মে। মধুমাসে বসন্ত আরম্ভে শাদা-হলুদা ফুল ফোটে। ফুল মৃদুমধুরগন্ধী। ফলে তিনটা পাখা থাকে।

মান…ধাতু. (সং মান ধাতু পূজা প্রশংসায়; সং মন ধাতু অববোধে। ওং মণ ধাতু হিং মন=বাং বন ধাতু। হিং মান ধাতু)। মানি—পূজা করি, প্রঃ—গাঁয়ে মানে না আপনি মঁড়ল; পালন করি, প্রঃ—একাদশী মানে না; স্বীকার করি, প্রঃ—এ কথা মানি, মানবি আপন দোষ (চণ্ডীঃ); বিচার করি, প্রঃ—সাত পাঁচ মনে মানি (শূং পুঃ); বোধ করি, প্রঃ—আপনার দুঃখ সুখ করি মানে (চণ্ডীঃ), এক তিলে শতযুগ দরশনে মানি (চণ্ডীঃ), জয়ার বচনে দেবী মানিয়া প্রবোধ (ভাঃ)। মানা॥ মান…ষ্য. (সং। সং মানঃ—চিত্তোন্নতি,পরত উৎকর্ষকল্পনেন চেতস উন্নতিঃ—অঃ টীঃ। অভিমানঃ—মৎসমো নাস্তীতি মননং—অঃ টীঃ। মান শব্দের মূলার্থ হইতে প্রিয়াপরাধসূচিকা চেষ্টা। মানশ্চিত্তোন্নতৌ গৃহে, ক্লীবং প্রমাণে প্রস্থাদৌ—মেঃ)। চিত্তের সমুন্নতি; অভি-মান; পূজা; প্রিয়ের অপরাধ হেতু প্রিয়ার চেষ্টাবিশেষ (লঘু মধ্যম গুরু—ত্রিবিধ); প্রমাণ; ধান্যাদির পরিমাণপাত্র (রাঢ়ে কোথাও ওজনের চারি শেরে, কোথাও আড়াই শেরে); তালের বিরামগৃহ (সম বিষম অতীত অনাগত চতুর্বিধ; এক সম তিন শূন্য বা ফাঁক)। মান করা—অপরাধ হেতু ভাববিশেষ প্রকাশ করা। মানভঞ্জ …(সং)। অপমান। মানভঞ্জন…চিত্তের প্রসন্নতা-সম্পাদন, যাত্রাগানে শ্রীরাধিকার কোপ অপনয়ন। মান-মাথুর—শ্রীরাধিকার মান-ভঞ্জন ও শ্রীকৃষ্ণের মথুরাগমনবিষয়ক গানের পালা। মান রাখা—সম্মান রক্ষা মান-অপমান…(প্রতিচর শব্দ)। মান ও

অপমান। মান-অভিমান…(প্রায় সহচর শব্দ)। চিত্তের সমুন্নতি। মান-মর্যাদা… (সহচর শব্দ। মর্যাদা সীমনি স্থিতৌ—মেঃ। মর্যাদা—সীমা ও সদাচারে স্থিতি)। মান ও সদাচার নিয়ম। মান-সম্ভ্রম…(সহচর শব্দ। সম্ভ্রম দেখ)। মান ও আদর। মানা…ধাতু. (মান ধাতু আস্তে)। মানাই—পূজা সম্মান করাই; শোভিত করাই, সাজাই, প্রঃ—সোনার অঙ্গে রূপা মানায় না। মানানা॥ মানামান…(মান+অ-মান)। মান-অপমান। মানিনী…ষ্য. (মানিন্+ঈ)। প্রিয় অপরাধ হেতু কুপিতা নারী, মানবতী। মাননা…ষ্য. (সং)। সম্মান করণ; মানসিক, প্রঃ—একমনে মোর গীত যে করে মাননা (ভাঃ)। মানিত…ণ. (সং)। পূজিত। মানী…ণ. (সং মানিন্)। মান্য, অভিমানী, প্রঃ—মানীর মানভঙ্গ করা, মানহানি করা, মান রক্ষা করা। মানিয়া, মেন্যে, মেনে…ণ. (মান+ইয়া)। মান্য, মানী, প্রঃ—সে মেনে নাগর কে (চণ্ডীঃ)—নারীভাষায়। মান্য…ণ. (সং)। পূজ্য; (বাংতে) সম্মান, প্রঃ—গুরুজনকে মান্য করা। মান্যবান মান্যমান (গ্রাং)…ণ. (মান স্থানে মান্য+বান স্থানে মান? ওং মান্যমান্, আসাং মান্যবান্। বোধ হয় সং মান্য-মানিত—সহচর শব্দ হইতে)। মানমান্য। মান্য গণ্য…ণ. (সং। প্রায় সহচর শব্দ)। মান্য ও গণ্য। মান্যবর…ণ. (সংমান্য+সংবর)। মান্যশ্রেষ্ঠ।

মান…ষ্য. (সং মানক)। কচু-আদি বর্গের শাকবিশেষ (Alocasia indica)। কচু অপেক্ষা মানগাছ বড়, পাতাও বড়। মানের কন্দ ভক্ষ্য।

মানৎ…ষ্য. (সং মানিত—পূজিত। হিং মন্নৎ, হিং মং মানতা। হিং হইতে?)। মানসিক। মাননা…মান দেখ।

মানসিক…ষ্য. (সং মানসিক—মনঃসমন্ধীয়। ওং)। ঠাকুরের কৃপালাভার্থে মনে মনে অঙ্গীকার, প্রঃ—ঠাকুরের কাছে পাঁঠা মানসিক। কোথাও কোথাও মানৎ বলে।

মানা…ষ্য. (সং মা না—নিষেধ। হিং মৎ। আং মনা—নিষেধ। ওং হিং মনা)। নিষেধ, প্রঃ—কি লাগিয়া দ্বার মানা কেহ নাহি জানে (চৈঃ চঃ), যা বিনে না রহে প্রাণ তাহে করে মানা (জ্ঞানদাস)।

মানা…ষ্য. (সং বন্ধ হইতে। ওংতে পাল্ বাং পাল—নদীপাল দেখ। হিং মলৈ)। নদী-পাশের উর্বরা ভূমি, যেখানে বন্যার স্রোত মন্দীভূত হয় বলিয়া পলি পড়ে।

মানিত, মানী…মান দেখ।

মানুখ…ষ্য. (সং মানুষ)। মানুষ, প্রঃ—চণ্ডীঃ, প্রাচীন পদে।

মানুষ…ষ্য. (সং)। মনুষ্য; পুরুষ। ছেলে মানুষ…বাল। ছেলে-মানুষি…বালত্ব, বাল-চাপল্য। পুরুষ-মানুষ…পুরুষ। স্ত্রীং মেয়ে-মানুষ (মেয়ে লোক নহে)। বড় মানুষ… ধনবান্ মনুষ্য। বড়-মানুষি, বড়মানষি… ধনগৌরব, ধনশালীর আচরণ। ছোট মানুষ …খর্বাকার মানুষ। (ছোট লোক—নিম্ন-জাতীয় মানুষ, ইতর লোক)। মাটির মানুষ …মাটি—পৃথিবী যেমন সর্বংসহা, তেমন ধীর। মানুষ-মুনুষ…(মুনুষ প্রচর শব্দ)। মনুষ্যপদবাচ্য মানুষ। মানুষ করা—লালন-পালন করা, মনুষ্যত্ব বিকাশ করা। মানুষের মতন মানুষ…মনুষ্যপদবাচ্য। বন-মানুষ

…ষ্য. (সং)। নরবৎ বানরবিশেষ (The orang-outang. Simia satyrus)। ভারতবর্ষের নিকটস্থ দেশের মধ্যে বর্নিও ও সুমাত্রা দ্বীপে আছে।

মানে…ষ্য. (আং মানে, মানি)। অর্থ, শব্দার্থ, প্রঃ—এ কথার মানে নাই। তার মানে—তার অর্থ, অভিপ্রায়।

মানোয়ারী, মান্‌আরী…ষ্য. (ইং man-of war)। যুদ্ধ-জাহাজ। মানোয়ারী জাহাজ …বৃহৎ জাহাজ।

মান্দা…বন্দা, মন্দা দেখ।

মান্দার, মাদার…ষ্য. (সং মন্দার হইতে? কিন্তু সং মন্দার-বৃক্ষ নহে। মন্দার দেখ। তুং ওং মন্দার—জবা। সং নাম ডহু, লকুচা—অঃ স্থান-বিশেষে ডেঁ-ফল। ওং জেউট্)। কাঁঠাল গাছের সদৃশ উদ্যান-তরুবিশেষ (Monkey-jack. Artocarpus lacoocha)। ফল কুঞ্চিত, পাকিলে পীতবর্ণ অম্ল। বর্ষাকালে ফলে। প্রঃ—চালিতা তেঁতুল কুল আমড়া মান্দার (ভাঃ)। লোকে মাদার ফলের অম্বল রাঁধিয়া খায়।

মান্দাস…ষ্য. (?)। ভেলা। (পূর্ববঙ্গ)।

মান্না…ষ্য. (সং মান্য হইতে?)। উপাধি-বিশেষ।

মান্য, মান্যমান…মান দেখ।

মাপ…ধাতু. (সং মাপি ধাতু মাপনে। ওং মপ, হিং মপ্, মং মাপ)। মাপি—মান-দণ্ড, মান-পাত্র দ্বারা পরিমাণ করি, প্রঃ—ক্ষেতের দীর্ঘ প্রস্থ মাপা, ভাঁড় দিয়া তেল মাপা, শের-পাত্র দিয়া চাল মাপা (দাঁড়ীতুলা প্রভৃতি দ্বারা তোলা, মাপা নহে), প্রঃ—পাঁচ আড়া মাপি দিলা ধান (কবিকঃ)। মাপা ॥ মাপ…ষ্য. প্রমাণ, প্রঃ—হাতের মাপ, মাপে দশ কাঠা। মাপ-জোখ করা… (জুখ ধাতু দেখ। প্রায় সহচর শব্দ)। মাপা ও জোখা দেওয়া। (১) দীর্ঘ মাপ,—৮ যবে ১ আঙ্গুল। (বাং শিশুবোধকে ৩ যবে। কিন্তু ২৪ আঙ্গুলে হাত ধরা আছে। ১ হাত=১৮ ইঞ্চি ধরিলে ৬ যবে (পাশে পাশে রাখিলে) ১ আঙ্গুল, ১২ যবে ১৷৷০ ইঞ্চি সং শাস্ত্রে জ্যেষ্ঠ মধ্যম কনিষ্ঠ ত্রিবিধ অঙ্গুলী আছে। ৮ যবে জ্যেষ্ঠ, ৭ যবে মধ্যম; ৬ যবে কনিষ্ঠ অঙ্গুলী। ৮ যবোদর ১ ইঞ্চি (১ বুরুল—বুড়া আঙ্গুল)। অতএব ২৪ ইঞ্চিতে জ্যেষ্ঠ হাত, ২১ ইঞ্চিতে মধ্যম হাত, ১৮ ইঞ্চিতে কনিষ্ঠ হাত হয়)। ৪ আঙ্গুলে ১ মুঠ (সং মুষ্টি)। ৩ মুঠে ১ বিঘৎ (সং বিতস্তি। বিঘতের নামান্তর চাঁকড় (ওং চাখণ্ড, মং চৌঙ্গা—চতুরঙ্গুল)। ১৷৷০ বিঘতে ১ মুঠ্‌নি (বদ্ধমুষ্টি হস্ত। সং নাম অরত্নি)। ২ বিঘতে ১ হাত (সং হস্ত—কফোণি—কনুই হইতে মধ্যমাঙ্গুলীর অগ্র)। ৪ হাতে ১ বাঁও (সং ব্যাম। অন্য সং নাম বাহুচাপ)। ৮০০০ হাতে ১ ক্রোশ (২৷০ মাইলে পাকা কোশ। ২ মাইলে কাঁচা কোশ)। ৪ ক্রোশে ১ যোজন। (২) ভূমি মাপ,—২৪ আঙ্গুলে ১ হাত। ৪ হাতে ১ কাঠা (সং কাষ্ঠিকা)। ২০ কাঠায় ১ বিঘা (সং বিগ্রহ)। অন্য রীতি,—৬ আঙ্গুলে ১ ছটাক (ওজন দেখ)। ১৬ ছটাকে ১কাঠা ৫ কাঠায় ১ পোয়া (বিঘার পাদ)। দাও (সং দণ্ড), নল (সং), রশি (সং রশ্মি) এ ভূমির দৈর্ঘ্য নির্দিষ্ট নাই। দীর্

প্রস্থে কালীর মাপ,—১ × ১ হাতে ১ গণ্ডা। ৫ × ৫ . হাতে বা ৫ গণ্ডায় ১ কাঁচ্চা (ওজন দেখ)। ৪ × ৫ হাতে বা ৪ কাঁচ্চায় বা ২০ গণ্ডায় ১ ছটাক। ১৬ ছটাকে ১ কাঠা। ৫ কাঠাতে ১ পোয়া বা চৌক। ৪ চৌকে বা ২০ কাঠায় ১ বিঘা। শুভঙ্করী আর্যায়, কুড়বা কুড়বা কুড়বা লিজ্যে। কাঠায় কুড়বা কাঠায় লিজ্যে॥ কাঠায় কাঠায় ধুল পরিমাণ। বিশ গণ্ডা কাঠায় যান॥—কুড়বা = বিঘা (কুড়বা দেখ)। লিজ্যে—লিজিয়ে (হিং)—লউন। অর্থাৎ বিঘা × বিঘা (৮০ হাত × ৮০ হাত) = ১ বিঘা কালী, কাঠা × বিঘা (৪ হাত × ৮০ হাত) = ১ কাঠা কালী, কাঠা × কাঠা (৪ হাত × ৪ হাত) = ১ ধূল (সং ধূলি হইতে)। (৩) ধান চালের মাপ,—৪ ছটাকে ১ পোয়া (শেরের পাদ)। ৪ পোয়ায় ১ শের (সং শরাব)। ৪ শেরে ১ মান (সং মানিকা)। ৪ মানে ১ কুড়ী (সং কুডব)। ১৬ কুড়ীতে ১ আড়া (সং আঢ়ক)। ২০ আড়ায় ১ বিশ (সং বিশ্বা)। স্থানভেদে এই সকল মান-পাত্রের পরিমাণ ও নাম-ভেদ আছে। (৪) ইংরেজী দীর্ঘ মাপ,—৩ যবে (লম্বালম্বি) ১ ইঞ্চি বা বুরুল। ১২ ইঞ্চিতে ১ ফুট (বাংতে ফিট শব্দ বলা ভুল)। ৩ ফুটে ১ গজ। ১৭৬০ গজে ১ মাইল। ২ মাইলে ১ কোশ (কাঁচি কোশ)। (৫) কাপড়ের মাপ,—৩ আঙ্গুলে ১ গিরা (দেখ), ১৬ গিরাতে ১ গজ। (অতএব ১ গিরা = ২।০ ইঞ্চি)।

মাপা…ধাতু. (মাপ ধাতু আস্তে)। মাপানা॥ মাপানি…মাপন কর্ম, মাপন বেতন।

মাফ (গ্রাং মাপ)…ণ. (আং মু-আ'ফ)। রহিত, মুক্ত। খাজনা মাফ—রহিত; দোষ মাপ—দোষমুক্ত।

মাফিক…ণ. (আং মুআফিক)। অনুসারে, নিয়মমত।

মামদো…ষ্য. (মহম্মদ নাম হইতে ?)। মুসলমান মরিলে যে প্রেত হয়।

মামলৎ…ষ্য. (মামলা হইতে)। মামলা। মামলৎদার…মামলাদার।

মামলা…ষ্য. (আং মুআম-আলা)। ব্যাপার, মকদ্দমা। সঙ্গিন মামলা…গুরুতর মকদ্দমা। মামলা-বাজ…কলহপটু। মামলা-মকদ্দমা…(সহচর শব্দ)। মকদ্দমা।

মামা…ষ্য. (সং মামক। মং)। মাতুল। স্ত্রীং মামী। মামাতু…ণ. (মামক-তাত)। মাতৃসম্বন্ধে (ভাই বইন)। মামা-শ্বশুর…মাতুলরূপ শ্বশুর। স্ত্রীং মামা-শ্বাশুড়ী। মামা-বাড়ী…মাতুলালয়। মামার বাড়ী—মাতুল-গ্রামে অপরের নহে, মাতুলের বাড়ী। (তুং শ্বশুর বাড়ী, শ্বশুরের বাড়ী)।

মামু…ষ্য. (ওং হিং উর্দু)। মামা।

মামুলী…ণ. (আং মামুল + ঈ)। নিয়মস্থিত, চলিত। মামুলী খরচ…যে খরচ প্রচলিত আছে।

মায়…ব্য. (আং)। সহিত, প্রাঃ—মায় বাস্তু দশ কাঠা।

মায়না…ষ্য. (আং মা-আএ নাহ্)। দর্শন, পরীক্ষণ, প্রাঃ—ডাক্তারে লাশ মায়না করিয়াছে।

মায়া, মায়্যা…মেয়ে দেখ।

মায়া…ষ্য. (সং মায়া—ইন্দ্রজাল—অঃ, বুদ্ধি—মেঃ, শঠতা—হেমঃ। বিসদৃশপ্রতীতি-সাধনী মায়া। দর্শনে নামান্তর অবিদ্যা,

অজ্ঞান, প্রকৃতি, ইত্যাদি)। ইন্দ্রজাল, প্রঃ—মায়া দেখাইতেছে; কপটতা, প্রঃ—মায়া কান্না কাঁদিতেছে; মমতা। মায়া-মমতা…(সহচর শব্দ)। মমতা। মায়া-মোহ…(সহচর শব্দ। মোহ—অজ্ঞান)। মমতা। মায়াবী…ণ. (সং মায়াবিন্)। ইন্দ্রজালকারী; মমতা-বৃদ্ধিকারী, প্রঃ—মেয়ে-ছেলে বড় মায়াবী—মায়ালু—হয়।

মার…ধাতু. (সং মৃ ধাতু ণিজন্তে মারি ধাতু হইতে। কিন্তু মরা ও মারা অর্থে সাদৃশ্য নাই। কর্মপদ অনুসারে বাং মার ধাতুর অর্থের প্রভেদ হয়। ওং হিং মার—প্রহার করা; মংতেও তাই। বিশেষ বিশেষ শব্দ-যোগে অর্থান্তর হয়)। মারি—বধ করি, প্রঃ—মাছ মারা, মানুষ মারার দেশ, পাখী-মারা—যে পাখী বধ করে, ব্যাধ; প্রহার করি (মারিয়া ফেলা—বধ করা), প্রঃ—রামের মাথায় মারিয়াছে; অস্ত্র-শস্ত্রাদি নিক্ষেপ বা চালনা করিয়া প্রহার করি, প্রঃ—বেত মারা, জুতা মারা, গুলী মারা; প্রবিষ্ট করি, প্রঃ—কাঁথে পেরেক মারা; পীড়িত, ক্লিষ্ট করি, প্রঃ—পিঠে না মারিয়া পেটে মারা—অনশনে পীড়িত করা; নিঃশেষ করি, ভোজন করি, প্রঃ—পরের ভাত মারা (নিন্দিতার্থে); স্বধর্মভ্রষ্ট করি, প্রঃ—জাতি মারা; অপবিত্র অকর্মণ্য করি, প্রঃ—শূদ্রে বামুনের হুকা মারিয়াছে; ভস্মীভূত করি, প্রঃ—কবিরাজে লোহা মারেন; শুষ্ক করি, প্রঃ—পুকুর মারিয়া মাছ ধরা; জলহীন করি, রসহীন করি, প্রঃ—ননী মারিয়া ঘি, নারিকেলের ছাঁই মারা; অবস্থান্তর প্রাপ্ত করি, প্রঃ—মাল কোঁচা মারা; গত্যন্তর প্রাপ্ত করি, প্রঃ—দৌড় মারিয়া পলাইয়াছে, লাফ মারা, উকি মারা, কাজ করিয়া হাঁপ মারা, ঝটকা মারিয়া পড়িয়া থাকা, গুড়ি মারিয়া যাওয়া; অপহরণ করি, প্রঃ—ডাকাইতে ঘর মারে, পথে টাকা মারে; মৃদুভাবে বা ঈষৎ প্রলেপ দিই, প্রঃ—নূতন হাঁড়ীতে তেলহাত মারা। (অকর্মক) মারি—ক্লিষ্ট হই, প্রঃ—বায়ু-শূলে পেট মারে; অবস্থান্তর প্রাপ্ত হই, প্রঃ—অল্প আগুনে বেগুন দড়কচা মারে, মিঠাই খাইলে মুখ মারে। (মাল কোঁচা মারা, উকি মারা প্রভৃতিতেও অকর্মক মনে করা যাইতে পারে)। মারা॥ মারণ…ষ্য. (সং)। বধ; বিনাশ; শত্রু বিনাশ নিমিত্ত তন্ত্র-মন্ত্র প্রয়োগ (মারণ উচ্চাটন); ভস্মীকরণ, যেমন লোহা। মারা…ণ. মৃত, প্রঃ—তিনি মারা গিয়াছেন, মারা পড়িয়াছেন; বিনষ্ট, প্রঃ—মাঠে মারা যাওয়া—বৃথা নষ্ট, যেন মাঠে দস্যু দ্বারা বিনষ্ট।…ষ্য. প্রহার। মারা-ধরা…(প্রায় সহচর শব্দ)। আক্রমণ ও প্রহার। মারা-মারি (গ্রাং মারিক-মারা)…পরস্পরে প্রহার। মারি…ষ্য. প্রহার, প্রঃ—যে মারি খেয়েছি আজি চোরের অধিক (ভাঃ), …ষ্য. (সং)। মড়ক; বিনাশ, বধ। মারি, মার…ষ্য. (বাং মার ধাতু ই)। প্রহার, বিনাশ, প্রঃ—ইহার মার নাই। মার খাওয়া—প্রহার সহন, দণ্ড পাওয়া। মার-ধর করা—মারি ধরি করা, মারা-ধরার চেষ্টা করা। মার-পিট…(সহচর শব্দ)। মারা, প্রহার। বে-দম মার…এমন প্রহার যে শ্বাস রোধ হয়। আঘাতি মার…(সং আঘাতিন্)। নিহত করিবার মারি বা প্রহার। নির্ঘাত মার…(সং নির্ঘাত—বিনাশ)। বিনাশ

করিতে পারে এমন প্রহার। মারাত্মক…ণ. সং মার+আত্মক)। জীবননাশক; দারুণ। মারকুটিয়া, মারকুট্টো…ণ. মারে কোটে যে, যেমন দুষ্ট গোরু। মার-খাগুয়া, মার-খেগো…যে পড়িয়া পড়িয়া মারি খায়। মারা…ধাতু. (মার ধাতু আস্তে)। মারানা॥

মারতোল…ষ্য. (হিং)। হাতড়ী।

মারফৎ (সংক্ষেপে মাং)…ব্য. (আং)। দ্বারা প্রঃ—লোক মারফৎ পাঠাইবে।

মারহাট্টা…ষ্য. (সং মহারাষ্ট্র+বাং আ। ওং মরহাট্টা)। মরাঠা, মহারাষ্ট্রদেশবাসী। মারহাট্টা আমলের…মহারাষ্ট্রীয় রাজার শাসন-সময়ের; পূর্বকালের।

মারা…মার ধাতু দেখ।

মারাঠা, মারাঠী,…মরাঠা দেখ।

মারু…ষ্য. (হিং মারু। সং মরু হইতে ?)। রাগরাগিণী দেখ।

মারুতি…ষ্য. (সং মারুতী কিংবা মারুত—প্রাণ-বায়ু হইতে)। গর্ভ বা ভ্রূণ, প্রঃ—কবিকঃ।

মারুয়া…ষ্য. (ওং নাম মাণ্ডিঅ'। সং নাম রাজিকা, রাগী। তেলুগু নাম রগি)। ধান্যাদিবর্গের কৃষিজাত শস্যতৃণবিশেষ (Eleusine coracana)। সোজা ঘাসের মতন গাছ হয়, পাথরিয়া কাঁকরিয়া নিকৃষ্ট ভূমিতেও জন্মে। দরিদ্রের খাদ্য, মহীশূরে দরিদ্রের প্রধান খাদ্য।

মারোয়া…রাগরাগিণী দেখ।

মার্কা…ষ্য. (পর্তুং marca=mark)। চিহ্ন। মার্কা মারা—চিহ্নিত করা। মার্কা-মারা…ণ. চিহ্নিত, নির্বাচিত; শ্রেষ্ঠ।

মার্কিন…ণ. ষ্য. (ইং American)। আমেরিকা দেশীয়।…ষ্য. এক প্রকার পুরু কাপড়।

মার্কেট…ষ্য. (ইং market)। হাট; বাজার।

মার্গ…ষ্য. (সং)। পথ; (অশিষ্ট) মলদ্বার।

মার্গশির…ষ্য. (সং। ওং মগশির)। অগ্রহায়ণ মাস।

মার্গিজ…ষ্য. (ইং mortgage)। বন্ধক (আদাঃ)।

মার্চ…ষ্য. (ইং march)। ইংরেজী তৃতীয় মাস (১৪ ফাল্গুন হইতে ১৪ চৈত্র)।

মার্বল, মার্বেল…ষ্য. (ইং marble)। শঙ্খ-মর্মরপ্রস্তর; ছেলেদের খেলিবার কাচ কিংবা পাথরের গুলী। মার্বল কাগজ… কাগজ দেখ।

মাল…ষ্য. (সং—মেঃ)। মাল্য; চরকার টেকো ঘুরাইবার সূত্র (চরকা দেখ)। হাড় মাল…অস্থিমাল্য। মুণ্ডমাল, মুণ্ডমাল…নরমুণ্ডের মাল্য। (২) (সংমাল)। জাতি বিশেষ, যে জাতি সাপ ধরে ও সাপ খেলায়। মালবৈদ্য…সর্পদংশন-চিকিৎক মাল।

মাল…ষ্য. (সং মল্ল)। বাহুযোদ্ধা। মাল কোঁচা মারা—পরা ধুতির কোঁচার অগ্র পশ্চাতে আঁটিয়া পরা। মালাম…ষ্য. (সং মল্লকর্ম)। মল্লক্রীড়া (নদীয়ায়)। মাল-সাট…ষ্য. (সং মল্লাস্ফোট)। মল্লের বাহু আস্ফোট।

মাল…ষ্য. (আং)। দ্রব্য; পণ্যদ্রব্য; উপাদান —যেমন তেলের নিমিত্ত সরিষা তিল (তুং সং মালক তিসী; মালপুয়া দেখ); মূল্যবান্ দ্রব্য; অর্থ, কোষ; রাজকর। মাল কাটা…পণ্য বিক্রয় হওয়া। মালখানা… মূল্যবান্ দ্রব্য ও টাকা রাখিবার ঘর। মাল-গাড়ী…গাড়ী দেখ। মাল গুজারি…ভূমির

কর। মাল গুজারি করা—খাজনা আদায় দেওয়া। মাল জমি…স-কর জমি, যে জমির খাজনা জমিদারের নিকট দিতে হয়। মাল জামিনি…অর্থ দিয়া জামিনি, (হাজির জামিনি নহে)। মাল মসলা ‥মাল—প্রধান দ্রব্য বা উপাদান, মসলা—উপকরণ; বস্তু-নির্মাণের যাবতীয় আয়োজন। মাল-মাত্তা …(সং মাত্রা—বিত্ত। মাত্রা দেখ) : অর্থ, টাকা কড়ি ও মূল্যবান্ দ্রব্য, প্রঃ—টাকা-কড়ি মাল-মাত্তা যত কিছু আছে (মাঃ)। মাল…(তু° ফা° মুল)। মদ্য। কাঁচা মাল ‥যাহা শীঘ্র বিকৃত হয়, জলমিশ্রিত মদ্য, মৃদু মদ্য। পাকা মাল…যাহা অবিকৃত থাকে; উগ্র মদ্য। মালামাল…(মাল+অমাল)। সমুদয় দ্রব্য।

মালকোশ…ষ্য. (সং মালকৌশ)। রাগবিশেষ। রাগরাগিণী দেখ।

মালঞ্চ…ষ্য. (? সং মালপ্রপঞ্চ ? প্রপঞ্চ—সঞ্চয়। মাল-মঞ্চ ? মাল—গ্রামনিকটস্থ উন্নত ভূমি)। পুষ্পবাটিকা, মালাকারের পুষ্পোদ্যান, প্রঃ—কৃত্তিঃ, প্রঃ—মালী বৈসে গুজরাটে মালঞ্চে সদাই খাটে মালা মৌড় গড়ে ফুলঘর (কবিকঃ)। মালঞ্চ বাড়ি (শূঃ পুঃ)—মাল্য নিমিত্ত পুষ্পবাটিকা। অধুনা, মালাকারের বেড় (বেষ্ট) ও বলে।

মালতী…ষ্য. (সং। সুমনা মালতী জাতিঃ—চামেলি—অঃ। ওংতে মালতী=জাতি। পরে সং মালতী শব্দের বাং অর্থ আসিয়াছে, পদ্মপুরাণে মালতীবীজের কথা আছে। ইহা বাং মালতী-পুষ্পবীজ। ওং গন্ধমালতী)। তগরাদি বর্গের বৃহৎ লতাবিশেষ (Echites caryophylata)। ফুল শাদা, বর্ষাকালে দুই মাস ধরে। রাত্রে বহু ফুলের ঈষৎ গন্ধে চারিদিক্ আমোদিত করে। শীতকালে বীজ হয়।

মালপুআ, মালপুয়া…ষ্য. (হিং মালপুবা। তুং ওং মাল-পা তৈল। সং মালক—তিসী। মাল দেখ। মাল-তৈল-পক্ব—মালপুআ ? ওং নাম অম্বালু, অপমালু। চৈতন্য-মঙ্গলে মিতমালু)। তৈলপক্ব (কিংবা ঘৃতপক্ব) পিষ্টকবিশেষ।

মালপোকা…পোকা দেখ।

মালব…ষ্য. (সং মালব)। রাগবিশেষ। রাগ-রাগিণী দেখ।

মালভূম…ষ্য. (সং মালভূমি। মল্লভূমি নহে)। পশ্চিমবঙ্গের পার্বত্য জাতিবিশেষের দেশ।

মালসা, মালিসা…ষ্য. (সং মল্লিকা—মৃৎপাত্র-ভেদে—মেঃ। মল্লিকা—মালিচা—মালিসা। ঢাকায় আইলসা। অর্থাৎ ম লুপ্ত। অতএব মালিসা পূর্ণ শব্দ। মালা দেখ)। মাটির গভীর বড় শরা। মালসা-ভোগ ‥ঠাকুরের নিমিত্ত মালসাপূর্ণ ভোজ্য, এই প্রসাদ (প্রায়ই বৈষ্ণব মহোৎসবে)।

মালা…ষ্য. (সং। মালিকা, মাল—ওং মাল্লি)। মাল্য, মাল। কণ্ঠমালা…তুলসী কাষ্ঠের মাল্য; এই আকারের সোনার মালা (তুং সং মালিকা—কণ্ঠভূষণ)। গড়িয়া মালা, গোড়ে মালা…চারি পঙ্ক্তিতে রচিত পুষ্প-মাল্য। গড়িয়া দেখ। চাঁদমালা…চন্দ্রাকার পুষ্পস্তবকে রচিত মাল্য, প্রায়ই সোলার চন্দ্রবিশিষ্ট মাল্য (ঠাকুরের)। চাঁদমালা হাতে করা—শপথ করিতে কালী শীতলা প্রভৃতি দেবীর চাঁদমালা হাতে লওয়া।

বন-মালা ··ষ্য. (সং বন-মালা—বন্য পুষ্পের মাল্য। পরে, শ্রীকৃষ্ণের মাল্য; পরে, আজানুলম্বিত সর্ব-ঋতু-কুসুম মধ্যে স্থূল কদম্বপুষ্পবিশিষ্ট মালা)। বন্য পুষ্পমালা; শ্যামালতা (এই লতা মাল্যাকারে গোপার্বণে গোরুর গলায় পরানা হয়)। মালা-চন্দন দেওয়া—পূজার্হ ব্যক্তির প্রতি সম্মান প্রদর্শনার্থে তাঁহার গলে পুষ্পমাল্য ও ললাটে চন্দন দান। (কেবল শোভা নহে, সুগন্ধে চিত্তের প্রফুল্লতা সাধন উদ্দেশ্য)। মালা বদল···বর-কন্যার, সৌখ্যে মিত্র-দ্বয়ের মাল্য পরিবর্তন। বৈষ্ণবের মালা—সূতার গাঁথা তুলসী কাঠের ১০৮ গুলিকা। মালা জপ করা—হরিনামাদি জপ করা। মালার গুলিকা দ্বারা জপের সংখ্যা করা হয়। মালার সাক্ষী—১০৮ বার জপ হইলে যে পৃথক্ গুলিকা দ্বারা তাহা সংখ্যা করা হয়। এইরূপ, ১০ কিংবা অন্য সংকল্পিত জপ-সংখ্যার নিমিত্ত ছোট মালা। ১০৮ সংখ্যক মালা চারি বার ফিরিলে এক কল্প হয়। শাক্তের মালা—রুদ্রাক্ষের মালা। কখন কখন পদ্মবীজের মালা হয়। প্রায়ই কদম কাঠ কিংবা অন্য লঘু কাঠের মালা কুঁদিয়া নির্মিত হয়। মালাকার···ষ্য. (সং)। পুষ্প-মাল্য নির্মাতা; জাতিবিশেষ। স্ত্রী° মালাকারনী। মালী···ষ্য. (সং মালিন্, মালিক। হিং মালী, ওং মং মাড়ী)। মালাকার। স্ত্রী° মালিনী। যে পুষ্পোদ্যানে কর্ম করে, প্রাঃ—মালী বৈসে গুজরাটে মালঞ্চে সদাই খাটে মালা মৌড় গড়ে ফুল ঘর। ফুলের পুঁটলি বান্ধে সাজি ভরে লয়ে কান্ধে ফিরে তারা নগরে নগর (কবিকঃ)। অধুনা, মালাকার ও মালীর কাজ পৃথক্ হইয়াছে। হিংতেও মালী—উদ্যানপাল, মালাকার—মাল্য-পুষ্পাদি বিক্রেতা।

মালা···ষ্য. (সং মল্লিকা—পাত্রভেদে—মেং, মল্লিকা কংস—হেমঃ। সং মল্ল, মল্লক। মালসা দেখ। তুং হিং মলিয়া)। নারি-কেল-খোলার পাত্র, নারিকেলের খোলার্ধ। মালা হাতে করা—এত দরিদ্র ও নিঃসম্বল হওয়া যে নারিকেল-মালা জলপান-পাত্র করিতে হয়।

মালা···মাকাল দেখ।

মালা···ষ্য. (সং মাল)। জাতিবিশেষ।

মালাই ··ষ্য. (ফাং বালাই। হিং মালাই)। দুধের শর।

মালিক···ষ্য. (আং)। রাজা, স্বামী। দুনিয়ার মালিক—ঈশ্বর; দেশের রাজা। মালিকানা ···ষ্য. স্বামীর প্রাপ্য লভ্য। মালিকী···ণ. মালিকসম্বন্ধীয়।

মালি-মকদ্দমা···ষ্য. (মামলা হইতে মালি)। মামলা-মকদ্দমা।

মালিস···ষ্য. (ফাং মালীষ)। মর্দন। তেল মালিস করা—তৈল মর্দন। মালিসী···ণ. মালিসের যোগ্য।

মালী···মালা দেখ।

মালুম ··ণ. (আং মালুম)। জ্ঞাত, দৃষ্ট। বে-মালুম···ণ. অ-দৃষ্ট, লুক্কায়িত। বে-মালুম চুরি ··এমন চুরি যে, সহজে ধরা পড়ে না। মালুম-কাঠ···(মংতে মালীম—জাহাজের কর্মী)। মাস্তুল (?, নৌকায় বদ্ধ উচ্চ কাষ্ঠ প্রাঃ—দুপরের পথে যার মালুমকাঠ দেখি (কবিকঃ)। (ওং দিগ্‌বারণ খম্ব)।

মালো···ষ্য. (সং মালু)। জাতিবিশেষ। স্ত্রীং মালোনী।

মাল্লা···ষ্য. (আং মল্লা)। নাবিক। মাঝী-মাল্লা···(সহচর শব্দ)। কাণ্ডারী ও দাঁড়ী।

মাশুল···ষ্য. (আং মাহ্‌সুল)। শুল্ক। ডাক-মাশুল···ডাকে পাঠাইবার প্রদেয় শুল্ক।

মাষ, মাষ-কলাই···ষ্য. (সং মাষ, মাষ-কলায়, মাস। আসাং মাহ্ = সং মাষ, = বাং কলাই। বাং চলিত নাম বিরি কলাই, ওং বিরহি; হিং উর্দ, মং উডীদ—সং ঋক্ষ ?)। বিরি (দেখ)।

মাষা ··ষ্য. (সং মাষক, মাসক)। মাষকলাইর ভার হইতে উন্মানবিশেষ। (পূর্বকালে প্রদেশভেদে ৫, ৬, ৭, ৮, ১০, ১২ গুঞ্জা পরিমাণ। তন্মধ্যে ৫, ৬ গুঞ্জা পরিমাণ মাষার্ধ, ও আদ্য মাষক নামের সংক্ষেপে মাষক। বোধ হয়, ৮, ১০, ১২ গুঞ্জা প্রমাণ ছিল)। সোনা রুপা ওজনে ১০ ও ১২ মাষায়, কবিরাজী ওখনে ৮ মাষায় তোলা। ওজন দেখ। মাষানী···ষ্য. (সং মাষপর্ণী)। শিম্বাদিবর্গের বন্য লতাবিশেষ (Teramnus debilis)। পাতায় তিন পর্ণ। পর্ণের নিম্ন পৃষ্ঠ ঘন লোমময় (এই হেতু এক সং নাম হয়-পুচ্ছী)। ফুল আনীল-রক্ত।

মাষ্টার···ষ্য. (ইং master)। ইংরেজী ভাষার শিক্ষক। মাষ্টারি···ষ্য. (মাষ্টার+ই)। মাষ্টারের বৃত্তি। মাষ্টারী···ণ. (মাষ্টার+ঈ)। মাষ্টারের যোগ্য। হেড মাষ্টার ··ষ্য. (ইং head master)। ইস্কুলের প্রধান শিক্ষক।

মাস (উং মাষ)···ষ্য. (সং। মস্‌তে পরিমীয়তে অনেন—ইহা হইতে মস্ বৈদিক অর্থে চন্দ্র। চন্দ্রমস্—বস্তুতঃ সহচর শব্দ, চন্দ্র+মস্, চন্দ্রমা, বাং চাঁদিমা, চাঁদা-মামা)। শুক্ল-কৃষ্ণপক্ষ পরিমাণ (চান্দ্র মাস); সূর্যের এক এক রাশি ভোগকাল (২৯ হইতে ৩২ দিনে); বৎসরের দ্বাদশাংশ; ৩০ দিন (কারণ চান্দ্র মাস ৩০ তিথি)। মুসলমানী মাস (ফাং মাহ) চান্দ্র মাস; ইংরেজী মাস ৩০ কিংবা ৩১ দিনে; এক মাস ২৮ কিংবা ২৯ দিনে। বাং মাস নাম,—বৈশাখ (গ্রাং বোশেক), জ্যৈষ্ঠ (গ্রাং জোষ্টি), আষাঢ় (গ্রাং আষাড়), শ্রাবণ(গ্রাং শাবন। প্রাচীন বাং শাবণ শাওণ), ভাদ্র (গ্রাং ভাদ্দ), আশ্বিন, কার্তিক (গ্রাং কাত্তিক), অগ্রহায়ণ (গ্রাং অগ্‌ঘান), পৌষ, মাঘ, ফাল্গুন (গ্রাং ফাগুন), চৈত্র (গ্রাং চৈৎ)। মুসলমানী মাসের মধ্যে মহরম নাম প্রসিদ্ধ। ইংরেজী মাস নাম,—জানুআরি বা জানুয়ারী, ফেবরুআরী বা ফেবরুয়ারী, মার্চ, এপ্রিল, মে, জুন, জুলাই, আগষ্ট, সেপ্টেম্বর, অক্টোবর, নভেম্বর, ডিসেম্বর। মাস কাবার ···(ফাং কাবার)। মাস শেষ। মাস-কাবারী ···মাস-শেষে করণীয়। মাস-নথ্‌তা··· (নক্ষত্র—নখতা)। যে মাসের যে নক্ষত্র (খনা)। মাস-মাহিনা···মাসিক বেতন। মাস শোধা···শুধ ধাতু দেখ। মাসকিয়া, মাসক্যে···ণ. ষ্য. (সং মাসিক+ইয়া)। মাসিক; মাসে মাসে করণীয় (শ্রাদ্ধাদি); এক মাস বয়স যার।

মাঁস···ষ্য. (সং মাংস। আসাং মঙাহ, ওং মঙস্ হিং মং মাস। বৈদিক মাস্ ?)। মাংস। মরা-মাঁস···দেহের, বিশেষতঃ মস্তকের মৃত চর্ম। মাঁসাল···ণ. (মাঁস+আল)। মাংসল, স্থূলদেহ। গায়ের মাঁস

কালী করা—অত্যধিক পরিশ্রমে ত্বক্ বিবর্ণ করা। মারিয়া হাড়-মাঁস এক করা—প্রহার দ্বারা হাড়কেও মাংস তুল্য করা। হাড়ে মাঁসে জড়িত—অস্থি-চর্ম নহে, মেদল নহে, স্থূল অস্থি-সহ পুষ্ট মাংস বেষ্টিত।

মাসতাত, মাসশাশ…মাসী দেখ।

মাসহরা…ষ্য. (আ° মুষাহরা)। বেতন, তনখা।

মাসী…ষ্য. (সং মাতৃষ্বসৃ। হিং মং মাৱসী, ওং মাউসী)। মাতৃভগিনী। পুং মাসা, মেসা। (বস্তুতঃ মাসী+ইয়া—মাসিয়া—মাস্তা। তুং পিসা। ওং মউসা, হিং মং মাৱসা)। প্রঃ—মাস্তার কল্পনা নয় মাস্তার মন্ত্রণা (মাঃ), আনন্দে আমাকে মেস্তা করিলেন কোলে (মাঃ)। মাসতাত…(মাসীতাত)। মাসীসম্পর্কীয় যেমন ভাই, মাসীপুত্র। মাসশাশ, মাসাশ…মাসীরূপ শ্বাশুড়ী। বরের ঘরের মাসী কন্তের ঘরের পিসী—যিনি মাতৃকুল ও পিতৃকুল,—তুই কুল জানেন। চোরে চোরে মাসতাত ভাই—চুরি করিবার সময় চোরের মধ্যে যে সৌহার্দ্য, তাহা মাসীপুত্র ও পিসীপুত্রের সৌহার্দ্যের তুল্য। এক চোর অন্য চোরের অহিত করে না।

মাস্থল…মাশুল দেখ।

মাস্তুল…ষ্য. (পর্তু° mastro=the mast। সং নাম পোলিন্দ। ওং নাম তলাউ খম্ব, তলাউ—পাইল; হিং শীড়কাঠী—শীড়= পাইল। অন্য হিং মাস্তুল)। নৌকা জাহাজে পাইল টাঙ্গাইবার উচ্চ কাষ্ঠ।

মাহ, মাহা…ষ্য. (ফা° মাহ। সং মাস)। মাস। মাহাতাব…ষ্য. চন্দ্র; অগ্নিবাণবিশেষ। মাহী…মাস-সম্বন্ধীয়, যেমন ষষ্মাহী—ষষ্ঠ মাসিক। মাহিনা, মাইনা…ষ্য. (মাহআনা। তুং সালিআনা)। মাসিক বেতন। মাস-মাহিনা…মাসিক বেতন; মাসিক বেতন হইতে দৈনিক বেতন গণনা। বৎসর-মাহিনা…বার্ষিক বেতন হইতে মাসিক ও দৈনিক বেতন গণনা (শুভঙ্করী)। মাইনা-করা চাকর…বেতনে নিযুক্ত চাকর।

মাহাতি, মাহান্তি…ষ্য. (মহন্ত হইতে ওং মহান্তি। তুং সং মাহত। কোথাও কোথাও বাং মাহাতি)। জাতিবাচক উপাধিবিশেষ।

মাহিষ্য…ষ্য. (সং। মহিষ হইতে)। হিন্দু-জাতিবিশেষ।

মাহুত…ষ্য. (সং মহামাত্র। ওং মাহুন্ত; হিং মহারৎ, মহোৎ; মং মহাৎ)। হস্তী-চালক।

মাহুর…ষ্য. (ময়ূর হইতে? হিং মাহুর)। বিষ। প্রঃ—কবিকঃ।

মাহেন্দ্র…ণ. (সং। মহেন্দ্র হইতে)। ইন্দ্রের যোগ্য; ইহা হইতে শুভ, যেমন মাহেন্দ্র ক্ষণ, মাহেন্দ্র যোগ।

মীর…মার ধাতু দেখ।

মিআ…ধাতু. (সং মৃত হইতে)। মিআই—মৃদু হই, স্ফূর্তিহীন হই, প্রঃ—গান মিআইয়া যায়; আর্দ্র হই, প্রঃ—বর্ষা-কালে মুড়ি শীঘ্র মিআয়। মিআনা॥

মিআঁ…মিয়াঁ দেখ।

মিউনিসিপাল…ণ. (ইং municipal)। নগর-শাসন সম্বন্ধীয়। মিউনিসিপালিটি…ষ্য. (ইং)। যে নগর নিজের নাগরিক দ্বারা শাসিত।

মিউ-মিউ…ব্য. (অনুকার শব্দ)। বিড়ালের রবে। মেও-মেও…বড় বিড়ালের রবে। মেও দেখ।

মিগ্ (গ্রা°) ··ষ্য. (সং মৃগ)। মৃগ। স্ত্রী° মিগী। প্রঃ—শূং পুঃ। মিগের বাত··· জ্যৈষ্ঠের সাত আষাঢ়ের সাত এর মধ্যে মিগের বাত—অর্থাৎ জ্যৈষ্ঠ মাসের শেষ এবং আষাঢ়ের প্রথম সপ্তাহের মধ্যে মৃগের বাত বহে (আকাশ, মৃগ দেখ)।

মিছরী, মিছরি···ষ্য. (সং মিশ্র-দেশ হইতে ? আ°। হিং মিশ্রী, মং মিশ্রী মিসরী)। খণ্ড গুড়, প্রঃ—চৈঃ চঃ। কুজা (বা কুঁদা) ও থাল—দুই আকারে মিছরী করা হয়। মোচার আকারের কুঁদা, থালে ঢালিয়া থাল মিছরী।

মিছা ··ণ. (সং মিথ্যা)। মিথ্যা ; অসত্য ; অস্থায়ী। মিছা-সাঁচা ··সত্য-মিথ্যা। মিছা কান্না কাঁদা—কৃত্রিম ক্রন্দন প্রদর্শন। মিছা-মিছি···(মিথ্যা-মিথ্যি। তুং তাড়াতাড়ি)। বৃথা, মিথ্যা।

মিছিল···ষ্য. (আং মিসল্)। মকদ্দমা ; মকদ্দমার কাগজ-পত্র ; ঘটনা (পূর্ববঙ্গে যাত্রা-উৎসব)।

মিজরাব···ষ্য. (আং)। সেতার বাজাইবার নিমিত্ত তারের অঙ্কুশ।

মিঞা···মিয়াঁ দেখ। প্রঃ—কবিকঃ।

মিট···ধাতু. (সং মিল ধাতু সংশ্লেষণে। ওং মিণ্ট ধাতু। তুং ভেট ধাতু সং মেল হইতে)। মিটি—মিলিত হই, প্রঃ—বিবাদ মিটিয়াছে—দুই পক্ষ মিলিত হইয়াছে ; পূর্ণ হই, প্রঃ—সাধ মেটা। মেটা॥ মিট-মাট···ষ্য. (মাট প্রচর শব্দ)। মিলন। মেটা, মিটা···ধাতু. (মিট ধাতু আস্থে)। মেটাই, মিটাই—যোগ করি, মিলিত করি, প্রঃ—উনানে কাঠ মেটানা—বহু কাঠ প্রবিষ্ট করা। মেটানা॥ মেটা-মিটি ·· পরস্পর মিলন।

মিট্-মিট ··ব্য. (সং মীল ধাতু সঙ্কোচে)। সঙ্কোচে, নিমীলিত ভাবে, প্রঃ—মিট্-মিট করিয়া তাকানা—চক্ষু প্রায় মুদ্রিত করিয়া ; তেল না থাকিলে দীপ মিট্-মিট করে—শিখা হ্রস্ব হয়। মিট্-মিটানি॥ মিট্‌মিটা, মিট্-মিটিয়া, মিট্‌মিট্যে···ণ. অনুজ্জ্বল, মৃদু। (তুং মেজ্‌মেজ, মাটি-মাটি)। মিটি-মিটি ··ব্য. মিট্-মিট ভাবে, প্রঃ—কোটরে নয়ন দুটি মিটিমিটি করে (ভাঃ)।

মিঠা ··ণ. (সং মিষ্ট। প্রাচীন পদে মিঠ, মীঠ ; হিং মীঠা)। মিষ্ট স্বাদ, সুস্বাদ ; সুশ্রাব্য (সুর দেখ)। মিঠাই···ষ্য. (সং মিষ্টক। মিষ্টান্ন হইতে নহে। তুং ওং মিঠা--মিষ্টক। বরিশালে মিষ্টান্ন—পায়স)। ছোলা কলাইর বেশন দিয়া ঘিয়ে ভাজা ও চিনীর রসে ফেলা লাড়ু বিশেষ। মণ্ডা-মিঠাই ··(সহচর শব্দ)। মিঠাই। মিঠা-কড়া ··ণ. (মিষ্ট+কটু)। স্বাদু অথচ কিঞ্চিৎ উগ্র, যেমন অম্বরী তামুক। মিঠা-কড়া শুনাইয়া দেওয়া—তুং উত্তম মধ্যম দেওয়া। মিঠা বিষ ·· আতিষ দেখ। মিঠানি···ষ্য. (মিঠা+পানি)। মিষ্ট রস বা জল।

মিড় ··ষ্য. (সং মিল—মিলন। সং মর্দন ?)। সেতারাদি যন্ত্রে এক সুর হইতে গড়াইয়া অন্য সুরে গমন। সেতারে তার টানিয়া মিড় দেওয়া হয়। ইহাতে মধ্যবর্তী সুর মিলিত হয়। (২) যন্ত্রের ধ্বনিকে সবলে স্ফীতিকরণ।

মিডিয়ম···ষ্য. (ইং medium)। মাঝারি আকারের কাগজবিশেষ (আদাঃ), ডেমি।

মিতবর··বর দেখ। (রাঢ়ে গ্রা° নিৎ-বর। তু° মীমাংসা—গ্রা° নীমাংসা)।

মিতা···ষ্য. (স° মিত্র। ও° মিত্)। মিত্র, যিনি সুখে দুঃখে সমক্রিয়; স্বনামীয় মিত্র। (বন্ধু দেখ)। মিতালী··ষ্য. (মিতা+আলী)। মিত্রতা, মিত্রকার্য। মিতিন, মিতিনী···ষ্য. (স° মিত্রপত্নী—মিতিনী—মিতিন। এই অর্থে আসা° মিতিনী)। নারীর নারী মিত্র। (তু° সেঙ্গাতিন)।

মিতি···ষ্য. (স°। মিতির্মানেঽপ্যবচ্ছেদে)। সীমারেখা, সমাপ্তি, প্রঃ—মিতি দেওয়া, মিতি-তারিখ। (হি° ম° মিতী—তারিখ)।

মিত্তিকা (গ্রা°)··ষ্য. (স° মৃত্তিকা)। মৃত্তিকা। গঙ্গা-মিত্তিকা··গঙ্গামৃত্তিকা (শূঃ পুঃ)।

মিত্যু (গ্রা°)···ষ্য. (স° মৃত্যু)। মৃত্যু। আউমিত্যু···আয়ু মৃত্যু (শূঃ পুঃ)।

মিথ্যা···বা. (স°)। অসত্য। মিথ্যা-মিথ্যি···বা. (মিছা-মিছি দেখ)। বৃথা, অসত্য। সত্য-মিথ্যা···(প্রতিচর শব্দ)। সত্যাসত্য। মিথ্যা সাক্ষী···(স°)। কূটসাক্ষী, অসত্য-বাদী সাক্ষী। মিথ্যার জাহাজ···মিথ্যাপূর্ণ যেন জাহাজ। মিথ্যার মরাই···মিথ্যাপূর্ণ যেন মরাই, প্রঃ—মিথ্যার মরাই বেটা জেনেছি সকলি (মাঃ)। মিথ্যুক···ণ. (মিথ্যা+বা° উক। তু° পেটুক)। মিথ্যাবাদী।

মিনতি···ষ্য. (স° বিনতি। ও° মিনতি; ম° মিনৎ, মিনতী; হি° বিনতি। তু° আ° মিন্নৎ)। বিনতি, প্রার্থনা, প্রঃ—হে শ্রীপতি এ মিনতি ও রাঙা চরণে (মেঘনাদ-বধঃ)। কাকুতি-মিনতি···(সহচর শব্দ)। কাকুক্তি।

মিনা···ষ্য. (ফা°—নীলপ্রস্তর)। ধাতুগাত্রে নীলপ্রস্তর কিংবা নানাবর্ণ অস্বচ্ছ কাচ প্রয়োগ (enamel)। মিনার কাজ··মিনা বসানা, মিনা-বসানা দ্রব্য। কাশ্মীর ও জয়পুর মিনার কাজের জন্য বিখ্যাত। সোনার উপর মিনার কাজ—সুন্দর দেখায় (কিন্তু কঠিন)।

মিনার...ষ্য. (হি°। স° মন্দির হইতে?)। মন্দিরচূড়া।

মিনি··ব্য. (স° বিনা)। বিনা, প্রঃ—মিনি দোষে গালি, প্রঃ—মিনি সুতে মালতীর গেঁথে দেয় হার (মাঃ)।

মিন্-মিন···বা. (স° মিন্-মিন—অস্পষ্ট বচন—শব্দকল্পঃ)। অস্পষ্ট বচনে, সানুনাসিক বচনে, প্রঃ—মিন্-মিন করিয়া কথা কহা। (বোধ স° নিমীলন মূল)। মিন্‌মিনা, মিন্-মিনিয়া··ণ. যে নাকী সুরে কিংবা চাপা ওষ্ঠে অস্পষ্ট কথা কহে।

মিন্‌ষা···ষ্য. (স° মনুষ্য। ও° মিণিস্)। (অশিষ্ট) মানুষটা। স্ত্রী° মাগী।

মিনিট···ষ্য. (ই° minute)। এক ঘণ্টার ষাটি ভাগের এক ভাগ, ২।৹ পল সময়; এক ডিগ্রির ষাটি ভাগের এক ভাগ অর্থাৎ এক কলা।

মিয়া, মিয়াঁ···ষ্য. (ফা° মিয়া। প্রাচীন বাংতে মিঞা)। বাদশাহের দরবারী লোক; মহাশয় (মান্য মুসলমানে)। মিয়া-মল্লার···রাগরাগিণী দেখ। মিয়া-সাহেব··মহাশয় (প্রায়ই সম্বোধনে)।

মিয়াজী···ষ্য. (ফা°)। মুসলমানী পাঠশালার গুরুমশায়।

মিয়াদ···ষ্য. (আ°)। সময়; কারাবন্ধন।

মিয়াদী…ণ. নির্দিষ্ট সময় সম্বন্ধীয়; কারারুদ্ধ।

মিরগেল…মৃগেল দেখ।

মির্জা…ষ্য. (ফা° মির্জা)। মোগল পদবী-বিশেষ। মির্জাই…ষ্য. তুলা পোরা জামা-বিশেষ; আধা চাপকান।

মিল…ধাতু. (স° মিল ধাতু। মেল ধাতু দেখ)। মিলি—যুক্ত হই, প্রঃ—দুই বন্ধু মিলিয়াছে; সহগামী হই, প্রঃ—অনেক দূরে গিয়া মিলিয়াছে; একত্র হই, প্রঃ—গঙ্গার সহিত দ্বারকেশ্বর নদ মিলিয়াছে; ঘটি, উপস্থিত হই, প্রঃ—ভাল সময় মিলিয়াছে, হারানা ধন মিলিয়াছে। মেলা॥ মিল…ষ্য. ঐক্য, মিলন। মনের মিল…দুইএর মনের এক গতি। মিল করা—অন্যের সহিত এক কিংবা যোগ করা, একের অনুরূপ উপস্থিত করা। মেলা-মেশা…(সহচর শব্দ)। মিলন। মেলা-জোলা…(জুট ধাতু রূপান্তরে জুল ধাতু। সহচর শব্দ)। মিলন। মিলা, মেলা…ধাতু. (মিল ধাতু আস্তে)। মিলানা, মেলানা॥

মিল…ধাতু. (স° উদ্-মীল ধাতু হইতে)। মিলি—বিকসিত করি, প্রঃ—চোখ মিলিয়া দেখা। মেলা॥ মেলা…ধাতু (মিল ধাতু আস্তে)। মেলানা॥

মিল…ষ্য. (ই° mill)। কল; কারখানা।

মিলা…ধাতু. (স° বিলয় হইতে)। মিলাই—বিলীন হই, প্রঃ—মুখে দিতে চিনী মিলাইয়া যায়, এই ছিল কোথায় মিলাইয়া গেল, যেমন ইন্দ্রজালে। মিলানা॥

মিল্‌-মিলা…শিশুর চর্মরোগবিশেষ (measles)। অন্য নাম হাম্। (আড়াই দিনে) অদৃশ্য হয় বলিয়া নাম।

মিশ…ধাতু. (স° মিশ্র ধাতু)। মিশি—মিশ্রিত হই, প্রঃ—তেলে জলে মিশে না; মিলিত হই, প্রঃ—দুষ্ট লোকের সঙ্গে মিশিয়া দুষ্টামি। মেশা॥ মেলা-মেশা…মিল ধাতু দেখ। মিশ…ষ্য. মিশ্রণ, প্রঃ—নূতনের সঙ্গে পুরাতন মিশ খায় না। মিশাল…ষ্য. (মিশা+ল। কিংবা স° মিশ্রণ)। অন্যের সহিত যাহা মিশ্রিত করা হয়, প্রঃ—দুষ্ট ব্যাপারী ঘিয়ে মিশাল দেয় (কোথাও কোথাও ভেজাল); মিশ্রণ, প্র—হাসির মিশালে চাহনি আন (জ্ঞানদাস), মিশালে বিস্তর হিন্দু ঠেকে গেল দায় (ভাঃ)। মিশালা…ণ. মিশালযুক্ত, মিশ্রিত। মিশক, মিশুক…ণ. (মিশ+ক, উক)। যে অন্যের সহিত মিশিতে পারে; আলাপে দক্ষ। মিশা, মেশা…ধাতু. (মিশ ধাতু আস্তে)। মিশান', মেশানা॥

মিশ…ষ্য. (স° মসী, মশী হইতে। কিংবা ফা° মিস্‌সী হইতে)। মসী, যেমন মিশকাল্—মশীতুল্য কৃষ্ণবর্ণ। মিশ্‌-মিশা, মিশ্‌-মিশিয়া, মিশ-মিশ্যে…ণ. মশীতুল্য, প্রঃ—মিশ-মিশা কাল্।

মিশন…ষ্য. (ই° mission)। ধর্মপ্রচার। মিশনরি…ণ. (ই° missionary)। ধর্ম-প্রচারক, প্রায়ই খ্রিষ্টধর্মের।

মিশা, মিশাল…মিশ ধাতু দেখ।

মিশ্র…ষ্য (স°)। ব্রাহ্মণের উপাধিবিশেষ (প্রায়ই মৈথিল ব্রাহ্মণের)। মিশ্রদেশ…আফ্রিকার প্রদেশবিশেষ, ইজিপ্ট।

মিশ্রী…মিছরী দেখ।

মিষ্টি…ষ্য. (স° মিষ্টক হইতে)। মিষ্টক, মিষ্ট দ্রব্য। মুখ-মিষ্টি করা—জল পানের পূর্বে

মিষ্টক ভোজন।'···ণ. মিষ্ট, মধুর, যেমন কথা, গলা, সুর, ভোজ্য ইত্যাদি রসনা ও শ্রুতি-প্রীতিকর।

মিসরী···মিছরী দেখ।

মিসী···ষ্য. (ফা° মিস্‌সী। ফা° মিস—তাম্র, মিস্‌সী—তাম্রঘটিত। ও° মিশি)। হিরাকস কদাচিৎ তুতিয়া যোগে প্রস্তুত দন্তমঞ্জন। দাঁতে মিসী দিলে দন্তপার্শ্ব কৃষ্ণবর্ণ হয়। বোধ হয় মুসলমান নারীর অনুকরণে হিন্দু নারী দাঁতে মিসী দিতে শিখিয়াছে। কারণ রক্তবর্ণ দন্তপার্শ্ব দন্তমূল না হইলে দাড়িম্ব-বীজের সহিত দন্তের উপমা হইত না।

মিস্ত্রী···ষ্য. (পর্তু° mester=ই° master)। প্রধান কারিকর বা বাড়ই (স° বার্ধকী) প্রায়ই ছুতার কামার রাজ। রাজ মিস্ত্রী··· প্রস্তর ইষ্টক দিয়া গৃহ-নির্মাতা। (রাজ দেখ)।

মিহি···ণ. (হি° মহীন—সূক্ষ্ম। স° মসৃণ হইতে?)। সূক্ষ্ম, ক্ষীণ, যেমন চাল কাপড় গলার সুর। মিহিদানা···যে মিঠাইর দানা ক্ষুদ্র।

মীঠ···ণ. (স° মিষ্ট)। মিষ্ট (চণ্ডীঃ)।

মীড়···মিড় দেখ।

মীর···ষ্য. (ফা°)। প্রধান; সৈয়দের উপাধি-বিশেষ। মীর মুনসী···প্রধান লেখক কিংবা মন্ত্রী।।

মীমাংসা (গ্রা° নিমাংসা)···ষ্য. (স°)। বিচারণা; নিষ্পত্তি, সিদ্ধান্ত (বা°)।

মীল···ধাতু. (স° মীল ধাতু সঙ্কোচে, নিমেষে)। মীলি—উন্মীলন করি, প্রঃ—চোখ মীলিয়া দেখা (প্রায়ই মেল ধাতু)। মীলিত···ণ. (স°)। মুদ্রিত।

মু, মুহি, মুই, মুইঁ, মুঞ, মুঞি···সর্বনাম. (স° অহম্। ও° মুইঁ, হি° মৈঁ, ম° মী—একবচনে। প্রাচীন বা° মুঞ, মুঞি, মুইঁ একবচনে এবং নিকৃষ্ট প্রয়োগে ছিল। বহুবচনে প্রাচীন আহ্মি, বর্তমান আমি। ব্যাকরণ দেখ)। আমি। (মুই রাঢ়ে অপ্রচলঃ)। বিভক্তি বসিলে মুই স্থানে মো হয়, যেমন মোকে (আমাকে), মোর। মোরা—আমরা। মোর—আমার (পদ্যে। শৃং পুঃ ও ও°তে মোহর)। মোরে—আমারে, আমাকে।

মু, মুহ···ষ্য. (স° মুখ। থ স্থানে হ হইয়া মুহ। এই হেতু এ এর পরে বসিলে মুয় হয়। যেমন, মুয়ে প্রাচীন বা° মুঞে। ও° মুঁহ, হি° মুঁহ)। মুখ, প্রঃ—শোণিত নিকলে মুঞে (কবিকঃ)। মুঞে আগুন··· মুখ দগ্ধ হউক (নারীভাষায় গালিতে)। মু-পোড়া··মুখ দগ্ধ যার (নারী ভাষায় গালিতে)। স্ত্রী° মু পুড়ী মু-খানি···মুখ-খানি (আদরে)। মুআ···ধাতু. (মুখ হইতে)। মুআই—সম্মুখীন হই। মুআনা।। মুআড়া···ষ্য. (মুখ-আড়া)। মুখ, যেমন থলীর মুআড়া বাঁধা।

মুকটি, মুকুটি···ষ্য. (স° মুষ্টি। আসা° মুকুতি—মুখে মুষ্ট্যাঘাত)। মুষ্টি, প্রঃ—মুকটি মারিল তুণ্ডে (কবিকঃ)।

মুকদ্দম···ণ. (আ°)। পূর্বস্থিত, প্রধান।··· ষ্য. মহালের মণ্ডল।

মুক্তব···ষ্য. (আ° মক্তব)। যে মুসলমান পাঠশালায় লিখিতে শেখানা হয়, মুসলমান পাঠশালা।

মুকদ্দমা···মকদ্দমা দেখ।

মুকাবলা···মোকাবলা দেখ।

মুক্‌রর···ণ. (আ° মুকর্‌রর)। নির্দিষ্ট ; স্থায়ী। মুকররী জমা···নির্দিষ্ট করে স্থায়ী জমা।

মুকির···ষ্য. (আ°)। স্বীকার (আদাঃ)।

মুকুটি···মুকটি দেখ।

মুকুতা···মুক্তা দেখ।

মুকেরী···ষ্য. (উর্দু)। (উত্তর পশ্চিমাঞ্চলের) বলদিয়া মুসলমান জাতিবিশেষ। (কবিকঃ)।

মুক্তা···ষ্য. (স°।—স° মুচ ধাতু হইতে। যাহা প্রাণীদেহ হইতে মুক্ত হয়। এই হেতু মুক্তার উৎপত্তি নানা আছে। রত্ন-পরীক্ষা দেখ। হি° মোতি—স° মৌক্তিক)। সমুদ্রজ শুক্তিবিশেষে (pearl oyster. Meleagrina) জাত রত্নবিশেষ। নদীর স্বাদু জলে এক জাতি শুক্তি (Unio) জন্মে। তাহার ভিতরেও কখন কখন মুক্তা জন্মে। সিপি · ষ্য. (হি°। স° শুক্তি ?)। পুষ্করিণীতে যে ঝিনুক জন্মে, তাহার তুল্য ঝিনুকবিশেষ (oyster. Ostrea)। ইহার খোলায় বোতাম প্রভৃতি হয়। বাজারের সিপি মৌলমিন নগর হইতে আসে। দৃষ্টান্তে বানরের গলায় মুক্তাহার···(তু° বানরকণ্ঠে কি মোতিম হার—বিদ্যাপতি)।

মুক্তাবর্ষী, মুক্তাঝুরী···ষ্য. (স° মুক্তবর্চা ? ও° নাম মুষাকাণি। হি° রুপী)। স্নুহি আদি বর্গের বর্ষায়ুঃ বন্য শাকবিশেষ (Acalypha indica)। পাতা একোত্তর, ধার কাটা কাটা। পুং স্ত্রী ফুল পৃথক্ পৃথক্। ফুলের নীচের উপচ্ছদ ইন্দুরের কাণের মতন ঝুলিতে থাকে। ইহা হইতে নাম। এই গাছ ঔষধে লাগে।

মুক্তাপাটী ··পাটী দেখ।

মুক্তি···ষ্য. (স°)। শরীর° ও ইন্দ্রিয় হইতে আত্মার মোচন (অঃ টীঃ); দুঃখ নিবৃত্তি; মোচন। মুক্তিমণ্ডপ···ষ্য. (স°)। কাশীর বিশ্বেশ্বরের ও পুরীর জগন্নাথের দক্ষিণপার্শ্বস্থ মণ্ডপ।

মুখ ··ষ্য. (স°। মুখং নিঃসরণে বক্তে প্রারম্ভোপায়য়োরপি। সন্ধ্যন্তরে নাটকাদেঃ শব্দেঽপি চ নপুংসকম্॥—মেঃ)। ভোজ্য-প্রবেশ-পথ, প্রঃ—মুখে করিয়া ভাত খাওয়া; বাক্যপ্রকাশপথ, প্রঃ—মুখের কথা, মুখে মুখে বলিবে; মুখমণ্ডল, প্রঃ—মুখশ্রী, মুখে কালী; সম্মুখ অংশ, প্রঃ—নৌকার মুখ; অগ্র, প্রায়ই সূচ্যগ্র, প্রঃ—বাণের মুখ, ছুরীর মুখ; প্রান্ত, প্রঃ—কাপড়ের মুখে মুখে জোড়া; পক্ষীর চঞ্চু, প্রঃ—মাছরাঙ্গা মুখে করিয়া মাছ ধরে; দিক, প্রঃ—বাতাসের মুখে যাওয়া; প্রবেশ পথ, প্রঃ—নদীর মুখ, যেখানে নদী সমুদ্রে কিংবা অন্য নদীতে পড়ে; গৃহপ্রবেশদ্বার প্রঃ—দুয়ার মুখ (সহচর শব্দ); উনানে কাষ্ঠ প্রবেশদ্বার; প্রারম্ভ, প্রঃ—মুখপাত (মুখ-পত্র)। মুখাগ্নি করা—চিতায় শবের মুখে অগ্নি প্রদান। মুখচন্দ্র, মুখ-কমল—(স°)। উপমায় বদনমণ্ডল। মুখ-প্রিয় ··(স°)। সুস্বাদু। মুখবন্ধ···(স°)। গ্রন্থাদির প্রারম্ভ। মুখ-মিষ্ট··ষ্য. (স°। মুখ—বাক্য)। মিষ্টভাষী। মুখ-বাদ্য···(স°)। মুখ দ্বারা ফুঁকে যে বাদ্য বাজাইতে পারা যায়; মুখ দ্বারা শব্দ। মুখ-ব্যাদান ··(স°)। মুখ বিস্তার, হাঁ। মুখ-শুদ্ধি ··(স°)। মুখের নির্মলতা সাধন। মুখর···(স°)। বাচাল; শব্দিত; দুর্মুখ, কুভাষী। মুখরিত···(স°)

শব্দায়মান। মুখস্থ···ণ. (সং। সংতে কিন্তু, কণ্ঠস্থ)।. কণ্ঠস্থ, অভ্যস্ত। মুখ্য···(সং)। প্রধান, (বিপঃ গৌণ); অগ্রণী; গ্রামের নায়ক। দেশমুখ··(সং দেশমুখ্য)। দেশের—গ্রামের মুখ্য ও প্রতিনিধি। মুখ—বদন-মণ্ডল, যেমন গোল মুখ··বৃত্তাকার, চেপটা মুখ···বিস্তৃত, হাঁড়ী-মুখ—বৃত্তাকার ও বৃহৎ, উনান-মুখ··প্রায় ত্রিকোণাকার, বাদামিয়া মুখ··কাবুলী বাদাম তুল্য। মুখ আনা—পারদঘটিত ঔষধ সেবন দ্বারা মুখে দেহের বিষ-নিঃসরণ দ্বার করা। মুখ আসা···(আস ধাতু দেখ)। মুখে বিষনিঃসরণ দ্বার হওয়া। মুখ উজ্জ্বল করা—যশোলাভে বদনমণ্ডল (লক্ষণায)। মুখের উপর কথা—ধৃষ্টতার সহিত উত্তর। মুখে করা—মুখে গ্রহণ, রস গ্রহণ। মুখে খই ফোটা—বাক্য-কুশল, এমন যেন খই চড়্-বড় করিয়া ফুটিতে থাকে। মুখ খারাপ করা—কটু দ্রব্য ভোজন কিংবা কটুভাষা প্রয়োগ করিয়া। মুখ চাওয়া—মুখ দেখা, অবস্থা দর্শন, দয়া করা। মুখ খোলা—কথা আরম্ভ করা। মুখ গোঁজ করিয়া থাকা—চিন্তায় কিংবা অভিমানে মুখ সম্মুখে প্রসারিত করিয়া। (হাসির মুখ চেপটা, দুঃখের অভিমানের মুখ লম্বা)। গোবদা মুখা···গোবদা দেখ। মুখ চুন করা—চূর্ণক তুল্য শ্বেতবর্ণ বা বিবর্ণ করা (লজ্জায়, ঘৃণায়)। মুখ-চোরা···মুখাকৃতিতে যেন চোর, আলাপভীরু, যে কথা কহিতে সঙ্কুচিত হয়। মুখ চেয়ে বসিয়া থাকা—(তুং সং মুখনিরীক্ষক), অন্তের উপদেশপ্রার্থী হওয়া, আলস্যে চেষ্টাহীন থাকা। মুখ-ঝামটা খাওয়া, মারা···ঝামটা, ঝাপটা দেখ। মুখের জবানি···মুখের কথা, মৌখিক সংবাদ। মুখ-জোর···বচনকুশল। মুখ তুলিয়া দেখা—যত্নপূর্বক। মুখে তোলা—ভোজন। মুখে দেওয়া—মুখে গ্রহণ। মুখ দেখা—বদন নিরীক্ষণ, দেহ পরীক্ষা। মুখ-দেখানি···সদ্য বিবাহিতা কন্যার মুখ দেখিবার সময় কন্যাকে প্রদেয় উপহার। মুখ ধোআ—মুখ প্রক্ষালন। মুখ-নাড়া···মুখ-ঝাপটা। মুখপাত··· মুখপত্র (বস্ত্রাদির সম্মুখ পৃষ্ঠ)। মুখ-পাত্র···যিনি কথাবার্তায় অন্যের প্রতিনিধি হন। মুখ-পোড়া, পোড়ার মুখো—(গালিতে) যাহার মুখ দগ্ধ—কৃষ্ণবর্ণ হইয়াছে। মুখ ফুটিয়া কথা কহা—লজ্জা ত্যাগ করিয়া। মুখে ফেলা—আস্বাদ গ্রহণ। মুখ-ফোড়···স্পষ্টবক্তা। মুখ ফেরা—মুখের স্বাদ পরিবর্তন। মুখ বদলানা—স্বাদ পরিবর্তন। মুখ বন্ধ করা—নির্বাক্ হওয়া। মুখ বুজিয়া থাকা—নির্বাক্ থাকা। মুখ বিগাড়া—মুখের স্বাদ বিকৃত করা। মুখ বাড়া—আস্পর্ধা বৃদ্ধি। (তুং বুক বাড়া)। মুখ-ভাঙ্গাচানি···মুখ বিকৃত করিয়া উপহাস। মুখ ভার করা—দুশ্চিন্তায় মুখ নত করা। মুখ মিষ্টি করা—মিষ্টরস ভোজ্য গ্রহণ দ্বারা। মিষ্ট মুখ করা, মিষ্টি মুখ করা—মিষ্ট ভোজ্য গ্রহণ। মিষ্টি-মুখ···মধুর-ভাষী। মুখ মারা—অতিমিষ্ট ভোজন দ্বারা অরুচি। মুখে মুখে চোপা করা—প্রত্যুত্তর করা। মুখামুখি···সম্মুখে সম্মুখে, পরস্পর বচন-প্রয়োগ। মুখ রাখা···লজ্জা রক্ষা, সম্মান রক্ষা। মুখে রোচা—ভোজনে স্পৃহা। মুখ লাল হওয়া—ক্রোধে ও লজ্জায় মুখ-মণ্ডল। মুখ সামলানা—বচন সম্বরণ। মুখ শুখানা—

অনাহারে, ক্লেশে, ভয়ে। মুখ হাত ধোআ—হস্ত মুখ প্রক্ষালন; মলত্যাগাদি পূর্বক শৌচকর্ম করা। মুখ হাঁ করা—মুখব্যাদান।

মুখটি···ষ্য. (সং মুষ্টি, মুচুটী। ওং মুখী)। মুষ্টি, ঠোনা।

মুখটি···ষ্য. (সং মুখ্য+পুত্র। তুং চাটতি)। মুখ্যবংশ পুত্র; ব্রাহ্মণ বংশবিশেষ। ফুলের মুখটি···শান্তিপুরের নিকট ফুলিয়া গ্রামের মুখটি বংশ।

মুখড়···ষ্য. (সং মুখ-ডোর)। গোরুর মুখে (গলায় নহে) বাঁধিবার দোড়ী।

মুখর···মুখ দেখ।

মুখা···ধাতু. (সং মুখ হইতে)। মুখাই—মুখ বহির্গত করি, প্রঃ—সাপ মুখাইয়া আছে; অগ্র উৎপন্ন হই, প্রঃ—গাছ মুখাইয়াছে। মুখানা ॥

মু-খানি···মু দেখ।

মুখী···ষ্য. (মুখ দেখ মুখ+ঈ—হ্রস্বার্থে)। কচু, হলুদ প্রভৃতি কন্দের হ্রস্ব শাখা বা অঙ্কুর।

মুখুজ্যা···ষ্য. (সং মুখ্যজা)। ব্রাহ্মণ মুখ বংশজাত; ব্রাহ্মণের উপাধিবিশেষ।

মুখোপাধ্যায়···ষ্য. (সং মুখ+উপাধ্যায়। বোধ হয় মুখ্য+উপাধ্যায়=মুখ্যোপাধ্যায় মনে করা ঠিক)। ব্রাহ্মণ বংশবিশেষ; উপাধিবিশেষ।

মুখোষ, মুকোষ···ষ্য. (সং মুখ-কোষ)। মুখের আবরণ, ছদ্ম মুখ।

মুখ্খু (গ্রাং)···ণ. (সং মূর্খ)। মূর্খ, বিদ্যাহীন। মুখ্খু-সুখ্খু···(সুখ্খু প্রচর শব্দ? শুষ্ক, বিদ্যারসহীন—হইতে?)। মূর্খ।

মুখ্য···মুখ দেখ।

মুগ···ষ্য. (সং মুদ্গ। ওং মুগ, হিং মুঙ্গ্)। শিম্বাদি বর্গের কৃষিজাত কলাইবিশেষ। মুগ ও মাষকলাইর গাছ (Phaseolus radiatus) প্রায় এক প্রকার। কলাইর মধ্যে মুগ প্রসিদ্ধ। বৈদ্যকশাস্ত্রে নানা প্রকার মুগের মধ্যে কৃষ্ণমুগ বা কালী মুগ লঘুপাক, ও হরিত মুগ (হালি মুগ) গুণে উৎকৃষ্ট। সাধারণতঃ বঙ্গদেশে চারি প্রকার মুগের কৃষি হইয়া থাকে। কালী মুগ···কৃষ্ণবর্ণ মুগ; ঘোড়া মুগ···(সং মহামুদ্গ) বড়, গাছ লতান্তে; সোনা মুগ···(সং পীতমুদ্গ) পীতবর্ণ; হালি মুগ···(সং হরি, হরিত মুদ্গ) হরিতবর্ণ। মুগানি···ষ্য. (সং মুদ্গপর্ণী। হিং মোঠ, মাঠ)। বন্য মুগ বিশেষ (Phaseolus aconitifolius)। কোথাও কোথাও বন মুগ ও খেঁড়ী কলাই (দেখ) নামে খ্যাত। বঙ্গদেশে ইহার কৃষি হয় না। মুগ-শাউলি··(সং শষ্কুলি)। মুগের চাকলি পিঠা। মুগের টিকলী···বাটা মুগের তিলকাকার ভাজা বড়া।

মুগরী···ষ্য. (সং মৃগ হইতে? মুখ হইতে মুখরী?)। স্রোতে উজানিয়া চুনা মাছ ধরিবার যন্ত্রবিশেষ। বাঁশের শলার রচিত। দুই পাশে দুই সরু ঘর থাকে, তাহাতে মাছ ঢুকিয়া ঘরের কোণের জন্য বাহির হইতে পারে না।

মুগা···ষ্য. (সং মুদ্গ হইতে। পীতমুদ্গ তুল্য বর্ণ বলিয়া নাম)। আসামের প্রায় পালিত-কোষ কীট (Antheræa) হইতে প্রাপ্ত পাট। গুটী হইতে পাট বাহির হয়, পাকাইতে হয় না। গুটী কাটিয়া পোকা পলাইলে পাট ধুনিয়া পাকাইয়া এড়ীর সহিত মিশাল

দেওয়া হয়। খোনা ও পাকানা মুগার নাম এড়া।

মুগানি…মুগ দেখ।

মুগুর, মুগর…ষ্য. (সং মুদ্গর। মুদং হর্ষং গিরতি—অঃ টীঃ। বোধ হয় মুদ্গ (মুগ কলাই) সদৃশ আকার বলিয়া। ওং মুদ্গর। সং মুদ্গর লোহনির্মিত)। মুদ্গাকার ভারী কাঠ ; ব্যায়াম নিমিত্ত কাঠের গদা। মুগুর ভাঁজা—কাঠের গদা ঘুরাইয়া দেহের পেশীর শিথিলতা ভঙ্গ। মুগুরা, মুগরা…ধাতু. মুগুরাই, মুগুরাই—মুগুর দ্বারা প্রহার, আঘাত করি। মুগুরানা, মুগরানা॥

মুচকি…ষ্য. (বাংতে মুচক ধাতু নাই। মুচকি, মুচকিয়া হইতে বোধ হয় মুচক ধাতু ছিল। আসাং মুচকিয়া হাঁহি—মুচকি হাসি। হিং মুসকানা—মুচকি হাসা ; হিং মচকানা—নিমেষ ফেলা। মুচকি হাসি প্রাচীন বাংতে নাই। বিদ্যাপতি লহু লহু হাস, ওং দরদর হাস। ওং মুড়কি হাসি। বোধ হয় মূলে সং মুচ মুষ ধাতু শাঠ্য চৌর্য হইতে)। শঠের ঈষৎ হাস্য; ঈষৎ হাস্য। মুচকি হাসি…ঈষৎ হাস্য

মুচকুন্দ, মুচুকুন্দ…ষ্য. (সং। ওং মুচুকুন্দ। হিং মেচকন্দ। রাঢ়ে চলিত নাম কনকচাঁপা। চাঁপা, কনকচাঁপা দেখ)। কনকচাঁপা (Pterospermum acerifolium)। এই গাছ শীঘ্র বাড়িয়া উঠে, মাজ-কাঠ লাল। গ্রীষ্মকালে ফুল ফোটে। (বোধ হয় মুচকুন্দ ও কনকচাঁপা পূর্বে এক গাছের নাম ছিল না। P. suberifolium গাছের নাম কি থাকে? বোধ হয় ইহা কনকচাঁপা, বঙ্গদেশে না থাকাতে মুচকুন্দ নামের গাছের সহিত ভুল হইয়াছে)।

মুচড়…ধাতু. (সং মুচুটী—অঙ্গুলি মোটন হইতে? বোধ হয় সং মুট ধাতু মুড়ন হইতে। চ আগম। ওং মোড় ; হিং মচোড় মড়োড় ; হিং মোচ-মোচড়)। মুচড়ি—মুড়ি, বাঁকাই, প্রঃ—মুচড়িয়া দুই গোঁপ বান্ধে নিয়া ঘাড়ে (কবিকঃ); মুচড়িয়া গোঁফ (ভাঃ), ঘাড় মুচড়িয়া মারা, আঁধারে চলিতে গিয়া পা মুচড়িয়া। মুচড়া, মোচড়া॥ মোচড়…ষ্য. বক্রণ, প্রঃ—পায়ে মোচড় লাগে (sprain)। মুচড়া, মোচড়া…ধাতু. (মুচড় ধাতু আস্তে)। মুচড়ানা, মোচড়ানা॥

মুচলকা…ষ্য. (তুর্কী মুচল্‌কা)। দণ্ডসহ অঙ্গীকারপত্র (আদাঃ)।

মুচী…ষ্য. (সং মৌচিক?—প্রবোধচন্দ্রিকায়। তুং শৌণ্ডিক—শুঁড়ী। হিং মং মোচী, ওং মোচি। মং মোচা—চটী জুতা। মোচা হইতে মোচী? তুং আসাং মুচীয়ার—মুচী)। চর্মকার জাতিবিশেষ। স্ত্রীং মুচিনী।

মুচী…ষ্য. (সং মোচ+ঈ হ্রস্বার্থে)। ক্ষুদ্র মোচার আকারের ফল বা অন্য দ্রব্য, প্রঃ—নারিকেল মুচী—কচি নারিকেল।

মুচ্ছদ্দি, মুৎসদ্দি…ষ্য. (আং মুতসদ্দী)। কর্মচারী, কাজের ভারপ্রাপ্ত কর্মচারী (agent)। মুচ্ছদ্দিগিরি…মুচ্ছদ্দির কর্ম।

মুচ্ছা (গ্রং)…ষ্য. (সং মূর্ছা)। মোহ। ফুলের ঘায়ে মুচ্ছা যায়—এত কোমল পেলব দেহ।

মুছ…ধাতু. (সং প্র-উঞ্ছ ধাতু। পুছ ধাতু দেখ)। মুছি—বস্ত্রাদি দ্বারা লগ্ন জলাদি অপসৃত শুষ্ক করি, প্রঃ—বদন মুছিল নেতের আঁচলে (কৃত্তিঃ আং), নাগর আঁচলে মুখ মুছে (চণ্ডীঃ)। মোছা॥ গা-মোছা, গামছা…যে বস্ত্র দ্বারা গাত্রলগ্ন তৈল জল

দূর করিতে পারা যায় (সং গাত্রোঞ্ছন)।
মুছা, মোছা···ধাতু. (মুছ ধাতু আস্তে)।
মুছানা, মোছানা ॥
মুছ···ধাতু. (সং মুখ—মু+সং ছিদ ধাতু ছেদনে)। মুছি—মুখ—অগ্র ছেদন করি, প্রঃ—বাঁশ মুছিয়া ফেলা—বাঁশের গাঁইঠ কাটিয়া, গাছ মুছিয়া কাটা—ডালের কিছু মাত্র না রাখা। মোছা ॥ মুছি··মুখের দুই পার্শ্ব ছেদন করিয়া থাবি, যেমন বাঁশ ও কাঠের খুঁটা করিতে। মোছা··ধাতু. (মুছ ধাতু আস্তে)। মোছানা ॥
মুছলম, মুচলম··ণ. (আ° মুসলল্লম)। সমস্ত; কিছু মাত্র, প্রঃ—মুছলম নাই।
মুছলমান (গ্রা° মুচুরমান)···মুসল্মান (দেখ)।
মুছী···ষ্য. (সং মুষা। মং মুস)। মাটির যে ভাঁড়ে কিংবা পাত্রে সোনা রুপা প্রভৃতি ধাতু আওটানা যায় (crucible)।
মুজ··ধাতু. বুজ, মুদ ধাতু দেখ।
মুজরা···ষ্য. (আ°)। বাদ, ছাড়ি, প্রঃ—দেনার টাকা কাজে মুজরা দেওয়া; নৃত্য-গীতের পরীক্ষা।
মুঝে···সর্বনাম. (হিং মুঝকো, মুঝে। মঝু দেখ)। আমাকে, প্রঃ—তাহারি নিয়ড়ে মুঝে ভেজল কান (চণ্ডীঃ)। (অপ্রচলঃ)।
মুঞি··মু দেখ।
মুঞ্জ···ষ্য. (সং)। শর গাছ। শর-মাঞ্জা দেখ।
মুঞ্জর···ধাতু. (সং মঞ্জরি হইতে)। মুঞ্জরি—পল্লবাঙ্কুরিত হই। মুঞ্জরা ॥ (পদ্যে)।
মুটকী (গ্রা°)···ষ্য. (মুকটি—মুটকী। মুকটি দেখ। তুং সং মুচুটী=মুষ্টি)। মুষ্টি, প্রঃ—চৈতন্যমঙ্গল।
মুট্-মুট···মট্-মট দেখ।
মুটিয়া, মুট্যে···মোট দেখ।
মুটুক···ষ্য. (সং মোটক)। পিতৃদানার্থে দ্বিগুণ-ভুগ্ন কুশত্রয়। শ্রাদ্ধে লাগে।
মুঠা, মুটা···ষ্য. (সং মুষ্টি। তুং ফা° মুষ্ট)। মুষ্টি, হাতের আঙ্গুল মুড়িলে যত ধরে, প্রঃ—মাটি মুটা ধর যদি সোনা মুটা হবে (ভাঃ)—মুটা গ্রা°; মুষ্টির বিস্তার বা প্রমাণ (প্রায় ৩ ইঞ্চি। ৩ মুঠাতে ১ বিঘৎ। মাপ দেখ); শস্ত্রাদির বাঁট; গ্রামসমষ্টি, প্রঃ—সুজা মুঠা সুজা বাদশাহের—মেদিনীপুরে।
মুঠানি···ষ্য. (মুঠা+কফোণি। ও° মুঠুণি)। কনুই হইতে মুষ্টিবদ্ধ হাতের পরিমাণ (প্রায় ১৫ ইঞ্চি)। মুঠি··ষ্য. (সং মুষ্টি)। মুষ্টি।
মুড়···ধাতু. (সং মুট মুণ্ড ধাতু মর্দনে আক্ষেপে। সং মণ্ড ধাতু ভূষণে, বেষ্টনে। ও° মোড ধাতু, হিং মুড়)। মুড়ি—মর্দন করিয়া বাঁকাই, প্রঃ—ঘাড় মুড়িয়া দেওয়া, ঘাড় মুড়িয়া লইয়াছে—ক্লেশ দিয়া প্রতারণা করিয়া; মর্দন করিয়া ভাঙ্গি, প্রঃ—তার মুড়িয়া ভাঙ্গা; ভাঁজিয়া আবৃত করি, প্রঃ—লেপ মুড়িয়া নিদ্রা; আবৃত করি, প্রঃ—সোনা দিয়া কন্যার দেহ মুড়িয়া দিয়াছে। মুড়ন, মোড়া ॥ মুড়ি···ষ্য. মণ্ডন, আবরণ, প্রঃ—লেপ-মুড়ি; যে অংশ মোড়া থাকে, যেমন চেক-মুড়ি, দাখিলার মুড়ি; ধার, কিনারা। মোড়া··ধাতু. (মুড় ধাতু আস্তে)। মোড়ানা ॥
মুড়···মুড়া দেখ।
মুড়কী···ষ্য. (সং উৎখণ্ডা হইতে প্রাচীন বাং উখড়া; ও° উখুড়া, হিং উখড়া; মং উকড—মোআ করিতে সিঝানা আটা। তেলুগু মোরিংলু। মুড়ি দেখ। উখুড়া—উখুড়ী—

মুখড়ী—মুড়কী)। পাক-করা গুড় কিংবা চিনীর রস-মাখানা খই। দৃষ্টান্তে, মুড়ি মুড়কীর এক দর—সমান দাম হইতে পারে না, হইলে আশ্চর্যের কথা। কথায়, উড়কী ধানের মুড়কী মাথা—উড়ী ধানের খই হয় না। (উড়ী—উড়কী। মুড়কী শব্দের সহিত মিল করিতে)। মুড়কী-দানা…পাক করা গুড় কিংবা চিনীর রসে ফেলা আদা খণ্ড, এলাচি প্রভৃতি। মুড়কী-মাদলী…মুড়কীর আকারের সোনার বাহুভূষণবিশেষ। (অধুনা প্রায় উঠিয়া গিয়াছে)।

মুড়্-মুড়…মড়্-মড় দেখ।

মুড়্-মুড়িয়া…মুণ্ডিরী দেখ।

মুড়লা…ষ্য. (? সং মুণ্ড+বাং লা ?)। শিরো-ভূষণ মাল্য,প্রঃ—ডিঙ্গা শিরে বান্ধিল মুড়লা (কবিকঃ)। (অপ্রচলঃ)।

মুড়া (উং মুড়ো) ··ষ্য. (সং মুণ্ড)। মুণ্ড, প্রঃ—পরের বচনে চাকিনু বদনে খাইনু আপন মুড় (চণ্ডীঃ), দক্ষের স্কন্ধেতে দিলা ছাগলের মুড় (কবিকঃ); মাছের মাথা; লাঙ্গালের মুণ্ড সরূপ স্থূল বক্র কাষ্ঠ যাহাতে ফাল বদ্ধ হয়; মুণ্ডিত ব স্ত্র. কর্তিতপ্রান্ত বস্ত্র, প্রঃ—লহনা প্রসাদ কৈল একখানি মুড়া (কবিকঃ)। মুড়া…ধাতু. (সং মুণ্ড, মুণ্ডিত হইতে)। মুড়াই—নিঃশেষে কেশাদি ছেদন করি, প্রঃ—মুড়ায়েছে মাথা (কবিকঃ); বৃক্ষের ক্ষুদ্র শাখা কর্তন করি, প্রঃ—শীতকালে গোলাপ গাছ মুড়াইতে হয় (তুং সং মুণ্ড—স্থাণু)। মুড়ানা॥ মুড়া গাছ ··ডালপালা কাটা গাছ; মুড়া ঝাঁটা…যে ঝাঁটার অগ্র ক্ষয় পাইয়াছে। মুড়া-নেড়া ··ণ. (সহচর শব্দ)। কর্তিত-কেশ; অলঙ্কারবিহীন। মুড়ী…ষ্য. (মুড়া+ঈ—স্বার্থে)। ছাগাদির মস্তক প্রান্ত, শির (মোড় দেখ)। মুড়ী-ঘণ্ট…মৎস্য ছাগাদির মুণ্ড-যোগে ঘণ্ট ব্যঞ্জন।

মুড়ি…ষ্য. (সদ্য ভাজা মুড়ি মচ্‌মচ করে, মুড়্‌মুড় করে না। অতএব মুড়্‌মুড় হইতে মুড়ি নহে। ওং মুঢ়ি, ভুজা; হিং ভুঁজা; মং মুরমুরা। তেলুগু মুড়ি, মুরি; বোধ হয় বঙ্গ ওড়িশা হইতে। সং ভৃষ্ট হইতে ভুড়ি—মুড়ি ? তুং হুড়্‌ম—সং ভৃষ্টং ? কিংবা মুড়কী দেখ)। মুড়ির ভাজা চাল। জলে ধান ফুটাইয়া সেই জলে একদিন ধান ভিজাইয়া রাখিয়া পরদিন ছাঁকিয়া সিঝাইলে মুড়ির ধান হয়। এই ধানের চাল—মুড়ির চাল। মুড়ি-মিছড়ীর, মুড়ি-মুড়কীর এক দর—কদাপি হইতে পারে না।

মুড়ি…মুড় ধাতু দেখ।

মুণি ··ষ্য. (সং মণি—জলপাত্রবিশেষ। সং মোণ—সর্পকরণ্ড। ওং মুণা, মুণি)। ছোট থলিয়া। (বাংতে কদাচিৎ)।

মুণ্ড…ষ্য. (সং)। মস্তক। মাথা-মুণ্ড… (সহচর শব্দ)। মাথা। মুণ্ড পাত করা—বিনাশ করা।

মুণ্ডিরী, মুর্‌মুরিয়া…ষ্য. (সং মুণ্ডিরিকা, মুণ্ডিতিকা। হিং মুণ্ডী)। সোমরাজ্যাদি বর্গের বর্ষায়ুঃ রোমশ শাকবিশেষ (Sphæranthus indicus)। ধানক্ষেতে জন্মে। পাতা একোত্তর, দন্তুর। ফুল ছোট বেগুনা, শীতকালে ফোটে। শুষ্ক মঞ্জরী দেখিতে ক্ষুদ্র কাঁঠালের মত লম্বা। গাছ গন্ধহীন। এক সুগন্ধ জাতি শুষ্ক স্থানে জন্মে।

মুণ্ডী…মণ্ডা, মণ্ডী দেখ।

মুত···ষ্য. (সং মূত্র)। মূত্র। মুত···ধাতু. মুতি—মূত্র ত্যাগ করি। মোতা॥ মোতা··· ধাতু. (মুত ধাতু আস্তে)। মোতানা॥

মুতা···মোতা দেখ।

মুৎফরকা···ণ. (আং মুৎফর্‌রাকা)। বিবিধ, নগণ্য (আদাঃ)।

মুথা···ষ্য. (সং মুস্তক)। প্রসিদ্ধ কন্দবিশিষ্ট তৃণবিশেষ (Cyperus rotundus)। ডাঁটা তিন কোণা, পাতা তিন সারি, বর্ষাকালে প্রচুর জন্মে, সহজে নির্মূল করিতে পারা যায় না। নাগরমুথা···ষ্য. (সং নাগরমুস্তক)। মুথা-সদৃশ, কিন্তু দীর্ঘ সরু তৃণবিশেষ (C. scariosus)। ডাঁটা অপেক্ষা পাতা অনেক ছোট, গোড়ায় দুই তিনটা মাত্র। নিম্ন আর্দ্র ভূমিতে জন্মে।

মুদ···ধাতু. (সং মুদ্র ধাতু। বুজ ধাতু দেখ। কোথাও কোথাও মুজ ধাতু। ওং হিং মং মুদ ধাতু। ওং মং মুদি—অঙ্গুরীয়)। মুদি—মুদ্রিত করি, বন্ধ করি। মোদা॥ চোখ মুদিয়া—মুদ্রিত করিয়া। মুদিত···ণ. মুদ্রিত। (সং মুদিত—প্রীত)। মোদা··· ধাতু. (মুদ ধাতু আস্তে)। মোদানা॥

মুদনী···ষ্য. (সং মূর্ধন, মূর্ধন্য। আসাং মূধ)। ঘরের চালের মাথার কাঠ। দৃষ্টান্তে, মুদনী শক্ত না হইলে ঘর থাকে না—বাড়ীর কর্তা বা মাথা (তুং ওং মুদ্ধনী—গৃহপতি) বিবেচক না হইলে পোষ্য জনের মধ্যে কলহ ঘটে।

মুদা···ষ্য. (সং মুদ্রিত—বন্ধ হইতে)। খড় দিয়া চাল ছাঅনি করিতে খড়ের পালা ফেলিয়া ঝাড়িয়া অগ্রবদ্ধ আটি।

মুদাম···ব্য. (আং)। সর্বদা।

মুদারা···সুর দেখ।

মুদিত···মুদ ধাতু দেখ।

মুদী···ষ্য. (সং মোদক হইতে মোদা। মোদা +ঈ—মোদী—মুদী। ওং মোদী, হিং মুদী)। নিত্য আবশ্যক চাল-ডাল নুন তেল প্রভৃতি বিক্রয় করে যে, প্রঃ—চৈঃ চঃ। স্ত্রীং মুদিনী। মুদীখানা···মুদীর দোকান। (কিন্তু কেহ কেহ ভুলে মুদীখানার দোকান বলে)।

মুদ্দাই, মুদ্দই···ষ্য. (আং মুদ্দাই)। অভিযোগকারী, বাদী (আদাঃ)।

মুদ্দৎ···ষ্য. (আং)। নির্ধারিত সময় (আদাঃ)। মুদ্দতি···ষ্য. সময় নির্ধারণ, প্রঃ—দ্রব্যের মুদ্দতি করি ঘরে পাঠাইল (চৈঃ চঃ)। মুদ্দতী···ণ. নির্ধারিত সময়। মুদ্দতী হুণ্ডি ···যে হুণ্ডির নির্ধারিত সময় গত।

মুদ্দাফরাস···ষ্য. (ফাং মুর্দাফরোষ। সং নাম মেধ ?—প্রবোধচন্দ্রিকা)। গঙ্গাপুত্র, যাহারা শব বহন ও দহন করে।

মুদ্রা···ষ্য. (সং)। অঙ্গুলিমুদ্রা, নামের মোহর; স্বর্ণরৌপ্যাদির বিনিময়-মুদ্রা; ছাপার অক্ষর; দেবারাধনকালে অঙ্গুল্যাদি সন্নিবেশ-বিশেষ; গীতবাদ্যাদিকালে হস্তমুখাদিভঙ্গি। মুদ্রাকর···(সং)। ক্ষোদিত অক্ষরকারক, ক্ষোদিত অক্ষরযোজক। মুদ্রা-দোষ···(সং)। হস্তমুখাদি ভঙ্গি। মুদ্রাঙ্কণ···(সং)। ছাপানা। মুদ্রাঙ্কিত···(সং)। ছাপা. মুদ্রিত···(সং)। সঙ্কুচিত, যেমন চক্ষু মুদ্রিত করিয়া নিদ্রা; ছাপা। মুদ্রালয়···(সং)। ছাপাখানা।

মুদ্রাশঙ্খ···মৃদ্দার-শৃঙ্গ দেখ।

মুনফা···ষ্য. (আং মুনফাঅৎ)। লভ্য।

মুনাসিব...ণ. (আ°)। উপযুক্ত, উচিত, প্রঃ—মুনসিব (চৈঃ চঃ)।...ষ্য. অভিপ্রায়, প্রঃ—মুনাসিব মাফিক।

মুনি...ষ্য. (স°। মনুতে জানাতি যঃ, মৌনব্রতী ইত্যন্যে—অঃ টীঃ। বাচংযমো মুনিঃ—অঃ। ঋষন্তি জ্ঞানসংসারয়োঃ পারং গচ্ছন্তি ঋষয়ঃ সত্যবচসঃ—অঃ। অতএব মুনি ঋষি এক নহে)। মৌনব্রতী, ধ্যানী। মুনি-গোসাঁই..(মুনি গোস্বামী। প্রায় সহচর শব্দ)। মুনি; কৃষ্ণ যাত্রাগানে নারদ ও ব্যাস ঋষি। মুনি-ঋষি ..(সহচর শব্দ)। মুনি ও ঋষি।

মুনিয়া ..ষ্য. (স° মোণ—সর্পকরণ্ড। মোণ+ইয়া—খাঁচায় রাখা হয় বলিয়া)। শাখাশ্রয়ীবর্গের শস্যভুক্ অতিচঞ্চল পক্ষী জাতিবিশেষ (Munia)। বেগে উড়িতে পারে, ঝাঁকে ঝাঁকে বেড়ায়, দেখিতে অনেকটা বাবইর মতন। পুচ্ছ গোল, মাঝে লম্বা পালখ। মুনিয়ার নানা জাতি আছে। (১) শর-মুনিয়া...পাঁচ ছয় আঙ্গুল দীর্ঘ পক্ষী (Uroloncha malabarica). মাটিয়া-খয়রা। (২) তিলিয়া মুনিয়া ..ছয় সাত আঙ্গুল দীর্ঘ পক্ষী (Uroloncha punctulata), ধূমবর্ণ। (৩) লাল মুনিয়া...ছয় আঙ্গুল দীর্ঘ (Sporæginthus amaudava), রক্তবর্ণ, উদর কৃষ্ণ।

মুনিষ ..ষ্য. (স° মনুষ্য। তু° জন। ও° মনিষ, আসা° মুনিহ; মানভূমে মুনিশ)। যে বেতন লইয়া চাষে কিংবা অন্য কর্মে খাটে, মজুর। মুনিষ-জন...(সহচর শব্দ)। মুনিষ। নগদা মুনিষ...দিনিকা, যে দৈনিক বেতন লইয়া খাটে। লাগ-মইটা...(? লাগ+মোটিয়া—মোইটা ? ও° লাগুআ)। কিছু কালের নিমিত্ত নির্ধারিত বেতনে নিযুক্ত মুনিষ।

মুন্‌কির...ণ. (আ°)। অবিশ্বাসী, প্রঃ—মুন্‌কির গেল—বিশ্বাস করিল না (আদাঃ)।

মুন্‌সফ, মুন্‌সিফ, মুনসব...ষ্য. (আ° মুন্‌সিফ)। ন্যায়বিচারক, প্রঃ—বসিল প্রেতের হাট মুনসিব সর্ব্বমঙ্গলা (কবিকঃ)। (মোগল রাজত্বকালে মুনসিফ আমিনদিগের কাজ পরিদর্শন করিতেন)। মুন্‌সফি...মুন্‌সফের কর্ম। মুন্‌সফী...মুন্‌সফ সম্বন্ধীয়, যেমন, মুঃ কাছারী; যে মণ্ডলে মুন্‌সফী কাছারী আছে।

মুন্‌সী ..ষ্য. (আ° মুন্‌শী—গদ্য-রচনানিপুণ)। লেখক, লিপিকর। মুন্‌সীআনা ..লিপি-চাতুর্য। মুন্‌সীখানা...আদালতে যেখানে দেশীয় লিপিকর বসেন। মুন্‌সীগিরি...মুন্‌সীর কাজ। মীর মুন্‌সী—মীর দেখ।

মুফ্‌ত ..ষ্য. (আ° মুফৎ)। বিনা মূল্যে, অমনই।

মুফ্‌তি...ষ্য. (আ°)। মুসলমান স্মৃতিব্যবস্থাপক।

মুয়াড়...মোআড় দেখ।

মুফ্‌লিস...ণ. (আ°)। দরিদ্র, নিঃস্ব।

মুর্গা...মুর্বা দেখ।

মুরগী, মুর্গী...মোরগ দেখ।

মুরচা...ষ্য. (ফা°)। নিশানের উপরে কৃষ্ণবর্ণ বস্ত্র; গড়খাই (ভাঃ)।

মুরজ...ষ্য. (স°)। মৃদঙ্গ।

মুরাদ...ষ্য. (আ°—অভিপ্রায়)। সামর্থ্য, পরাক্রম।

মুর্দা, মুর্দার...ষ্য. (ফা° মুর্দার)। শব, মড়া।

মুর্দাফরাস (গ্রা° মুদ্দফরাস)···ষ্য. (ফা° মুর্দাফরোষ)। যে নীচ জাতি শবের বস্ত্রাদি গ্রহণ করে, শব বহন করে।

মুরব্বি···ষ্য. (আ°)। রক্ষক, শরণ, আশ্রয়। মুরব্বি-আনা, মুরব্বিআনি···ষ্য. মুরব্বির বৃত্তি ; সম্বর্ধন, অনুগ্রহ। মুরব্বি-গিরি ··ষ্য. মুরব্বির কর্ম।

মুরসুম ··ষ্য. (আ° মৌসিম)। ঋতু, কাল, সুসময়।

মুর্দাশঙ্খ···মৃদ্দারশৃঙ্গ দেখ।

মুলতবি···ণ. (আ° মুলতবী)। পরে করিবার নিমিত্ত ফেলিয়া রাখা, ব্যাক্ষিপ্ত। (আদাঃ)।

মুলতান, মুলতানী···রাগরাগিণী দেখ। মুলতানী মাটি···(হি°)। মুলতান নগরে জাত পীতবর্ণ মৃত্তিকাবিশেষ।

মুলা···ষ্য. (সং মূলক। মুলা—উ° মুলো। ও° মুলা)। সর্ষপাদিবর্গের মূল-শাকবিশেষ (Radish. Raphanus sativus)। কৃষিজন্য মূল দীর্ঘ ও পুষ্ট হয়। দৃষ্টান্তে, আনিলাম মুলা পরে হলো শুলা—আত্মীয় জনের অনিষ্টকারক হইল।

মুলাকাৎ···ষ্য. (আ°)। সাক্ষাৎ, দর্শন।

মুলুক···ষ্য. (আ° মুল্‌ক্‌)। প্রদেশ, রাজ্য। মগের মুলুক—মগের রাজ্য। জোর যার মুলুক তার···বাহুবলই বল। মুল্লুক··· প্রদেশ। (অশিষ্ট)।

মুষ···ধাতু. (সং মুষ ধাতু লুণ্ঠন, বধে)। মুষি —লুণ্ঠন করি, সর্বস্ব অপহরণ করি। মুষিয়া লইয়াছে—এই এক প্রয়োগ আছে। (আসা°তে মুষ ধাতু পদ্যে—নাশনে, অন্যত্র মুহ ধাতু)।

মুষড়া···ধাতু. (সং মুষিত—লুণ্ঠিত, বঞ্চিত। সং মুষ ধাতু হইতে। হি° মুসানা—গুঁড়া করানা)। মুষড়াই—বিশীর্ণ, ক্লিষ্ট.হই,প্রঃ— বিপদের পর মুষড়াইয়া গিয়াছে। মুষড়া॥

মুষলি ··ঢেঁকি দেখ।

মুষা ··ষ্য. (সং মূষক। ও°)। ইন্দুর, প্রঃ— কবিকঃ, প্রবোধচন্দ্রিকা। (অপ্রচলঃ)।

মুস্ক···ণ. (কালু দেখ। তু° মুস্ক—সজ্যাতে —মেঃ ; ফা° মুস্কী—অতি কৃষ্ণ)। মাংসল ও অতি কৃষ্ণবর্ণ, প্রঃ—কালু মুস্ক লোক।

মুষ্টা ··ধাতু. (সং মুষ্ট চোরিত। হি° মোস ধাতু)। মুষ্টাই—চুরি করি। মুষ্টানা॥ মষ্ট দেখ।

মুষ্টি ··ষ্য. (সং)। মুঠা। মুষ্টি-ভিক্ষা ··(ভিক্ষা দেখ)। একমুষ্টি চাল ভিক্ষা। মুষ্টিযোগ ·· (সং। কিন্তু, মুঠা মুঠা দ্রব্যের যোগ ? পরিমাণ না করিয়া ?)। যৎ সামান্য ঔষধ-যুক্তি।

মুসব্বর···ষ্য. (আ°)। ঘৃতকুমারীর শুষ্কীকৃত রস।

মুসম্মৎ ··ণ. (আ° মসাম্মাৎ—উল্লিখিত নারী)। মুসলমাননীর নামের পূর্বে বিহিত 'শ্রীমতী' স্থানীয়।

মুসলমান, মুছলমান (গ্রা° মুচুরমান)···ষ্য. (ফা° মুসলমান। আ° মোসলিম+ফা° আন— মোসলিমান—মোসলমান)। মহম্মদবিশ্বাসী জাতিবিশেষ। স্ত্রী° মুসলমাননী। মুসলমানি ···মুসলমানের আচরণ, ব্যবহার। মুসলমানী ···মুসলমানের যোগ্য, মুসলমান সম্বন্ধীয়।

মুসা···ষ্য. (ই° Moses)। খ্রিষ্টানদিগের এক মহাপুরুষ।

মুসাফীর, মুসাফের···ষ্য. (আ° মুসাফীর)। পান্থ। মুসাফীরখানা···পান্থ-শালা।

মুসাব্বিদা···ষ্য. (আ॰ মসব্বাহ্)। পাণ্ডুলিপি, খসড়া।

মুস্কিল···ষ্য. (আ॰ মুষ্কিল)। বিঘ্ন, দুঃখ; বাধা। মুস্কিল আসান করা—বিঘ্ন বিনাশ করা।

মুস্তারি···ষ্য. (আ॰ মুষ্তারী)। ক্রেতা। (বায়া—বিক্রয়কারী।

মুহঁ···ষ্য. (স॰ মুখ। ও॰)। মুখ। (মু দেখ)।

মুহরি···ষ্য. (আ॰ মুহর্রীর)। লিপিকর, কেরানী। মুহরি-গিরি···ষ্য. মুহরির কাজ।

মুহরী, মুরী···ষ্য. (স॰ মুখ+বা॰ রী। মুখ—ছিদ্র আছে যাতে)। ছিদ্রযুক্ত লৌহ। ইহার উপরে লোহা পিতল প্রভৃতির চাদর রাখিয়া টৌপনা কিংবা বিঁধনী দিয়া বিঁধ করা হয়। অন্য নাম দরী। (২) জলাদি নিঃসরণ-পথ।

মুহূর্ত···ষ্য. (স॰—দুই দণ্ড সময়)। দুই দণ্ড সময় (=৪৮ মিনিট; কোথাও কোথাও ১৬ ঘড়ীতে দিন, ১৬ ঘড়ীতে রাত্রি); এক ঘড়ী (স॰ ঘটী=১ দণ্ড); ক্ষণ।

মূত্র, মূৎ···ষ্য. (স॰ মূত্র)। প্রস্রাব। মূত্রকৃচ্ছ্র··(স॰)। কষ্টে মূত্রত্যাগ রোগ (strangury)। বহুমূত্র···(স॰)। মূত্রাধিক্য-রোগ (diabetes) (মেহ দেখ)। মূৎ ··ধাতু. মুৎ দেখ।

মূর্খ··ণ. (স॰)। নির্বোধ। গোমূর্খ (গ্রা॰ গো-মুখ্খু)···গোরুতুল্য নির্বোধ (গালিতে)।

মূর্ছ··ধাতু. (স॰ মূর্ছ ধাতু)। মূর্ছি—মোহ-প্রাপ্ত হই; প্রতিফলিত হই (পদ্যে)। মূর্ছা··ষ্য. (স॰)। মোহ (fainting fit, syncope, hysteria)। মূর্ছনা···ষ্য. (স॰)। ঔষধের সংস্কারবিশেষ; সারিগমাদি সপ্ত সুরের আরোহ-অবরোহক্রম; এইরূপে, মূর্ছনা একবিংশতি (সঙ্গীত-দামোদর)। (হনুমন্-মতে সা হইতে রিগামাদি সুর-বৃদ্ধিতে যেখানে বিরাম ঘটে; ভরত-মতে গীতবাদ্য-সময়ে হস্ত গলের কম্পন। সঙ্গীত-দামোদরের মত বা॰তে প্রচলঃ)।

মূর্তি···ষ্য. (স॰)। দেহ; আকার। নিজমূর্তি ধরা—স্বীয় কায়-গ্রহণ, ক্রোধহিংসাদি প্রকাশন। মূর্তিমন্ত···ণ. (স॰ মূর্তি+বা॰ মন্ত)। মূর্তিমান, প্রাঃ—চৈঃ চঃ।

মূর্ধন্য ··ণ (স॰)। মূর্ধায় জাত, যেমন ণ, ষ। ···ষ্য. জাতি-প্রধান, জাতি-পতি (গ্রা॰ মূর্ধনিয়া। ও॰ মূর্ধনী)।

মূর্বা (গ্রা॰ মুর্গা)···ষ্য. (স॰ মূর্বা। মূর্বতি বধ্নাতি)। বন্য শাকবিশেষ (Sansevieria roxburghiana)। প্রায়ই ছায়াবৃত স্থানে জন্মে। বহু স্থান ব্যাপিয়া পড়ে। পাতা সরু, তরবারির মতন, কিন্তু উপরে নালী। ফুল লম্বা শীষে ধরে। পূর্বকালে ইহার পাতার অংশুদ্বারা ক্ষত্রিয়ের কটিসূত্র ও (অদ্যাপি) ধনুকের গুণ হইত।

মূল···ষ্য. (স॰। মূল ধাতু প্রতিষ্ঠা, রোপণে)। শিকড়; আদ্য; মূলধন, প্রাঃ—ভাঙ্গা নায়ে দিয়ে ভরা লাভে মূলে ডুবাইলি (রামপ্রসাদ), লাভক লাগি মূল ডুবি গেল (বিদ্যাপতি)। মূল গায়ন···প্রধান গায়ক। মূল-সন্ন্যাসী···গাজনে প্রধান সন্ন্যাসী। মূলধন···আদি দ্রব্য, পুঁজি।

মূল···ষ্য. (স॰ মূল্য। ও॰ মূল্ড)। মূল্য, প্রাঃ—উচিত করিহ মূল (কবিকঃ), বিলায় চৈতন্য মালী নাহি লয় মূল (চৈঃ চঃ)। আধামূলে··অর্ধমূল্যে। মূলা···ধাতু. মূলাই—মাপিয়া জুঁখিয়া না লইয়া

সমুদয় দ্রব্য ক্রয় করি। মুলানা॥ মূলা···ষ্য. (স° মূলক)। মুলা দেখ। মূলাধার ··ষ্য. (স°। তন্ত্রমতে গুহ্যলিঙ্গমধ্যে অঙ্গুলিদ্বয় স্থান। এখানে শরীরের সকল নাড়ীর মূল। এখানে ইচ্ছাজ্ঞানক্রিয়া-স্বরূপ ত্রিকোণ, ইত্যাদি)। মূলকারণ, প্রঃ—যত কর্মের মূলাধার এই লোকটি। (বোধ হয় মূল+আধার—সহচর শব্দ হইয়া অর্থ)। মুলোচ্ছেদ···ষ্য. (স°। মূল +উচ্ছেদ)। সর্ববিনাশ। মূল্য···ষ্য. (স°)। দাম, বেতন। তুল্য-মূল্য জ্ঞান করা —সমজ্ঞান করা।

মৃগ (গ্রা° মিগ)···ষ্য. (স° মৃগ। পালি,স° প্রা° মিগ। মৃগঃ পশৌ কুরঙ্গে চ করিনক্ষত্র-ভেদয়োঃ। অন্বেষণে চ যাজ্ঞায়াং—মেঃ)। পশুমাত্র; প্রাণীমাত্র; চিত্রমৃগ বা হরিণ; মৃগশিরা নক্ষত্র। মৃগনাভি ··(স°। অন্য নাম মৃগমদ, মৃগাণ্ডজা)। কস্তুরী মৃগের (The musk deer. Moschus moschiferus) অণ্ডকোষ-নিকটস্থ কোষজাত সুগন্ধ স্নেহ-পদার্থবিশেষ। তিব্বত নেপাল সিকিম ভুটান ও নাগা পাহাড় হইতে এ দেশে আসে। মৃগশৃঙ্গ···(স°)। বারশিঙ্গা হরিণের (Cervus duvauceli) শৃঙ্গ (harts-horn)। বোম্বাই প্রদেশে সম্বর মৃগের (Cervus unicolor) শৃঙ্গ। শৃঙ্গের প্রায় ।।/০ আনা ভস্ম। (এই ভস্মের অধি-কাংশ Calcium phosphate)। মৃগের বাত···মৃগশিরা নক্ষত্রে বাত—জ্যৈষ্ঠ মাসের প্রথম বর্ষণ। (ও° রজঃ, বা রজঃসংক্রান্তি —আষাঢ়মাস প্রবেশকাল)। রবি আর্দ্রা নক্ষত্রে গেলে অম্বুবাচী—প্রকৃত অম্বুকাল আগত হয়, তৎপূর্বে মৃগশিরা নক্ষত্রে রবি থাকিবার সময় মৃগের বাত। মৃগী (গ্রা° মির্গি)···ষ্য. (স°)। স্ত্রীমৃগ; অপস্মাররোগ (epilepsy)।

মৃগেল (গ্রা° মির্গেল)···ষ্য. (স° মৃগল? ও° মিরকালি; আসা° মিরিকা)। বাটামাছ তুল্য কিন্তু রক্তচক্ষু মৎস্যবিশেষ (Cirrhina mrigala)। দুই হাত লম্বা হয়।

মৃণাল ··ষ্য. (স°। মৃণ্যতে হিংস্যতে ভক্ষণা-দ্যর্থং যৎ—অঃ টীঃ। অমরে, অন্য নাম বিসম্। বিস্যতি প্রেরয়তি উৎকণ্ঠয়তি গ্রহণার্থমিতি—অঃ টীঃ। পদ্মের কন্দ—স° করহাট, শিফাকন্দ—ইহাই ভক্ষ্য। পরে স°তে মৃণাল অর্থে কন্দ ছিল, প্রমাণ—মৃণাল শব্দে বীরণমূল—বেণামূল বুঝায়। পদ্মের নাল ভক্ষ্য নহে। আসা° মোলান —স° মৃণাল—পদ্মের কোমল কন্দ। বা°তে ভুলে মৃণাল ভক্ষণ)। পদ্মমূল; পদ্মনাল। মৃণালিনী···ষ্য. (স°)। পদ্মগাছ; পদ্মপূর্ণ স্থান। (তু° পদ্মিনী)।

মৃত্তিকা···ষ্য. (স°। মৃদ্যতে চূর্ণীক্রিয়তে—অঃ টীঃ)। মাটি যাহা চূর্ণ করিতে পারা যায়। গঙ্গামৃত্তিকা···গঙ্গা নদীর তট-মৃত্তিকা (পঙ্ক)। মাটি দেখ।

মৃদঙ্গ ··ষ্য. (স°। মৃদঙ্গমস্য—মৃত্তিকানির্মিত বলিয়া। অন্য নাম মুরজ)। মাটির দুই-মুখা আনদ্ধ বাদ্যবিশেষ। অন্য নাম খোল। মৃদঙ্গী··ষ্য. (মৃদঙ্গ+ঈ)। মৃদঙ্গ বাদ্যে দক্ষ যে, মৃদঙ্গবাদ্যকর।

মৃদু···ণ. (স°)। অতীক্ষ্ণ, কোমল। মৃদুল··· ণ. (স°)। কোমল। মৃদু-মন্দ···ণ. (স°। সহচর শব্দ)। মন্দ, ধীর।

মৃদ্দারশৃঙ্গ, মুদ্রাশঙ্খ···ষ্য. (স° মৃদ্দারশৃঙ্গাকম্—রসরত্ন-সমুচ্চয়। অপভ্রংশে শুদ্ধ করিতে গিয়া মুদ্রাশঙ্খ। হি° মুর্দাসঙ্গা)। খনিজ সীসক ভস্মবিশেষ (litharge)। পীতবর্ণ, পিত্তল তুল্য দীপ্তিশালী, ভারী। ভারতে অল্প পাওয়া যায়।

মে, মে-মে···ব্য. (অনুকার শব্দ) ভেঁ-ভেঁ দেখ। স° মেক—ছাগ)) ছাগশিশুর রবে।

মে···ষ্য. (ই° may)। ইংরেজী পঞ্চম মাস (১৭ বৈশাখ হইতে ১৭ জ্যৈষ্ঠ)।

মেঅ, মেঅ-মেঅ, মেঙ···ব্য. (অনুকার শব্দ)। তানপুরা যন্ত্রের শব্দে। মেঅ ধরা···গানের সঙ্গে তানপুরা বাজানা; লক্ষণায় কাজে সহযোগী হওয়া। (২) বিড়ালের রবে। (মেকুর দেখ)।

মেই, মেইকাঠ···ষ্য. (স° মেধি, মেধিকাষ্ঠ। ও° মেটি খম্বা—মেধিস্তম্ভ)। ধান মাড়িবার সময় যে কাঠ বা বাঁশের চারি দিকে বাঁধা গোরু ঘুরিতে থাকে।···মেজো দেখ।

মেওয়া···ষ্য. (ফা° মেৱা)। ফল; কাবুলী ফল। দৃষ্টান্তে, সবুরে মেওয়া ফলে—যোগ্য কালে ফল ফলে, অভীষ্ট লাভ হয়।

মেক···ষ্য. (ফা° মেখ)। লোহার গজাল।

মেক্‌দার···ষ্য. (আ° মিকদার)। পরিমাণ, প্রঃ—সেই মেকদারে চাল লইবে।

মেকরুল···ষ্য. (মেকুর হইতে। মেকুরতুল্য—মেকরুল ?))। গন্ধনকুলের তুল্য চতুষ্পদবিশেষ। লাঙ্গুল দীর্ঘ, শৃগালের তুল্য।

মেকা···ধাতু. (? ম° ফেঁকা-ফেঁক—নিক্ষেপ। হি° উছল, মটক; ও° চাহুঠি করা)। মেকাই—হাস্য-পরিহাসে মত্ত হই, নেখরা করি। মেকানা॥ (নারীভাষায়)। মেকানা, মেকানি···ষ্য. বৃথা হাস্যপরিহাস; নিন্দিত পরিহাস (flirtation)।

মেকি···ণ. (স° মিষ—ব্যাজ, ছল। ম° মিষ। মিষী—মিখী—মেকি)। কৃত্রিম, যেমন মেকি টাকা।

মেকুর···ষ্য. (স° মার্জার ? মেও রব করে বলিয়া ? আসা° মেকুরী)। বিড়াল (ভাথা-ভেদে)।

মেকেসার···ষ্য. (ই° macassor oil। বোর্ণিও দ্বীপের নিকটস্থ এক দ্বীপের রাজধানী মেকেসার। এ সকল দ্বীপে গন্ধদ্রব্য উৎপন্ন হয়)। সুগন্ধ কেশতৈলবিশেষ। পূর্বে কুসুমতরুর বীজের তেলে হইত।

মেঘ···ষ্য. (স°। স° মিহ ধাতু সেচনে, ক্ষরণে হইতে। হ স্থানে ঘ)। মেঘ; রাগবিশেষ (রাগরাগিণী দেখ)। স°তে—আবর্তো নির্জলো মেঘঃ সংবর্তশ্চ বহূদকঃ। পুষ্করো দুষ্করজলো দ্রোণঃ শস্যপ্রপূরকঃ॥ নির্জল, দুষ্করজল, সুজল, বহুজল—এই চারি মেঘ। (অন্য নাম ও লক্ষণ গ্রন্থান্তরে দেখ)। বর্ষণ সম্বন্ধে, অমোঘাঃ পশ্চিমে মেঘাঃ অমোঘাঃ পূর্ববায়বঃ। অমোঘা দক্ষিণে বিদ্যুৎ অমোঘা উত্তরে ধ্বনিঃ॥—পশ্চিমবঙ্গ ও ওড়িশার পক্ষে ঠিক। মেঘের গুড়্‌গুড়ানি···মেঘগর্জিত (স° গুডগুড)। (১) কোদালে-কুড়ালে মেঘ···দেখিলে বোধ হয় যেন কেহ কোদাল দিয়া কুড়িয়াছে। (ও° কোদাল কোড়া, বাইগণ-কোড়িয়া। ই° 'mackerel')। খনা,—কোদালে কুড়ালে মেঘের গা। মধ্যে মধ্যে দিচ্ছে বা॥ চাষীকে বলগে বাঁধিতে আল। আজ না হয়

হবে কাল ॥ (২) জলুয়া মেঘ···যে মেঘ হইতে বৃষ্টি হয়, সং নীরদ। (ওং বৌদ্—হঠাৎ জাত ও দ্রুতগামী)। (৩) ধূলিয়া মেঘ··· শাদা পাঁশুটিয়া মেঘ। ধীরে ধীরে চলে। কিন্তু বৃষ্টি নিকট। (৪) সিন্দুরিয়া মেঘ, হিঙ্গুলিয়া মেঘ···সন্ধ্যারাগ-যুক্ত মেঘ (ওং সুন্দরী মেঘ—সিন্দুর অপভ্রংশে)। (৫) হাঁড়িয়া মেঘ···গাঢ় কৃষ্ণবর্ণ মেঘ (সং কালিকা), প্রাঃ—হাঁড়িয়া মেঘ যেন কাল কুম্ভকর্ণ (কৃত্তিঃ লং। ওং কলাহাণ্ডিআ)। আকাশ মেঘ-মেঘ করা—ঈষৎ মেঘাচ্ছন্ন হওয়া। মেঘলা···ণ. (মেঘ+লা)। মেঘ-যুক্ত, মেঘ-মেঘ। মেঘ-ডম্বর···ষ্য. (সং মেঘ+সং ডম্বর—উৎকর্ষ, বিলাস, সাদৃশ্য। তুং সং আড়ম্বর। কিংবা মেঘাম্বর, তুং ওং কলামেঘী=কালমেঘী)। মেঘের তুল্য নীলবর্ণ শাড়ী, প্রাঃ—(কৃত্তিঃ আদ্য), বাছিয়া পরিলেক নীল অম্বর, মদন হেম গৃহে মেঘ-ডম্বর, পথিক জন ডর করিতে সম্বর, ঝাঁপিল তাহে তনু দামিনী (ভাঃ রসমঞ্জরী)—গৌরবর্ণ নারীদেহে মেঘতুল্য নীলবর্ণ শাড়ী—আধুনিক নাম নীলাম্বরী—সুন্দর সাজে, প্রাঃ—শাড়ী মেঘডম্বরে করিলা বাঘাম্বর (ভাঃ)। শূংপুঃ—ডালিম্ব বস্ত্র—বোধ হয় এই মেঘডম্বর।

মেঙ্গাষ্টিন···ষ্য. (ইং mangosteen)। নাগ-কেশরাদি বর্গের তরুবিশেষ (Garcinia mangostana)। মালয় দ্বীপের গাছ। গাছপাকা ফল সুস্বাদু। ওড়িশায় ফলে। বঙ্গদেশে কদাচিৎ ফলে।

মেঙ্গানিজ···ষ্য. (ইং manganese)। লৌহবৎ ধাতুবিশেষ; এই ধাতুর আকর, অঞ্জনী।

মেচ···ষ্য. (মাছ—মাচ হইতে? ওং মাছ-মঞ্জি সং মঞ্জরী?)। মাছের ডিম্।

মেচলা···ষ্য. (মষ্টানা হইতে? তুং ওং মচল্লা—চূর্ণীকৃত)। তামুকে গুড় মাখিবার মাটির থালা; তলা-চেপটা ডাবা (ইহাতে ধোবা জল রাখে ও কাপড় ভিজায়)।

মেচেতা···নাকছিকনী দেখ।

মেচেতা···ষ্য. (সং মেচক—শ্যামবর্ণ। মক্ষিকা হইতে মাছিতা—মেছেতা?)। অজীর্ণ রোগীর ও অন্য রোগে জাত মুখে কৃষ্ণবর্ণতা রোগ।

মেচ্যো···মাচা দেখ।

মেছেতা···মাছিতা দেখ।

মেছো···ষ্য. (মাছ+উয়া—মাছুয়া—মেছো)। মৎস্যবিক্রেতা জাতিবিশেষ। স্ত্রীং মেছোনী (মাছ দেখ)। ···ণ. মৎস্য-সম্বন্ধীয়, প্রাঃ—মেছো কুমীর।

মেজ···ষ্য. (ফাং)। টেবিল।

মেজো···মেঝো দেখ।

মেজ্-মেজ···ব্য. (সং মৃদ ধাতু মর্দনে। মৃদু—কোমল, আর্দ্র)। মৃদু ভাবে, দেহের জড়তায় (দেহ রসিলে), প্রাঃ—বর্ষাকালে দিবানিদ্রায় গা মেজ্-মেজ করে। (মাটি-মাটি দেখ)। মেজ্-মেজানি···ষ্য. দেহের রস হেতু আলস্য।

মেজাজ···ষ্য. (আং মিজাজ্। তুং সং মনস্) অন্তঃকরণ। মেজাজ গরম—ক্রোধ। মেজাজ ঠাণ্ডা—শান্তি। খোশ মেজাজ···প্রসন্নান্তঃকরণ। বদ্ মেজাজ···কোপন স্বভাব। বদ্ মেজাজী···কোপন। নেক-মেজাজ...সদন্তঃকরণ।

মেজিষ্ট্রেট (গ্রাং মেজিষ্টর)...ষ্য. (ইং ma

gistrate)। ইংরেজরাজনিযুক্ত বিচার-কর্তা ; ফৌজদারী বিচারকর্তা। ডিপুটি মেজিষ্ট্রেট…মেজিষ্ট্রেটের প্রতিনিধি, মেজিষ্ট্রেটের অধীন বিচারক।

মেজেণ্টা, (গ্রা° মেজেণ্ডার)…মাজেণ্টা দেখ।

মেঝো, মেজো…ণ. (স° মধ্য—মাঝ+উয়া =মাঝুয়া—মেঝো। গ্রা° মেজো। ও° মঝিয়া)। মধ্যম ; দ্বিতীয়, প্রঃ—মেঝো দাদা, মেঝো বউ। মেঝকী, মেজ্‌কী… মেঝো বউ। মেজ্ দাদা…মেঝো দাদা ; মেজ্‌দিদী—মেঝো দিদী। মেয় দাদা, মেই দাদা…(মেজ—মেয়, জ লোপে)। মেঝো দাদা। স্ত্রী° মেয় দিদী, মেই দিদী।

মেঝা, মেঝ্যে…ষ্য. (স° মধ্য—মাঝা—মেঝা। মধ্য+ইয়া—মাঝিয়া—মাঝ্যা—মেঝ্যে)। গৃহ মধ্যতল (কোথাও কোথাও মাঝতল), প্রঃ—মাঝ্যাতে পড়িল শিলা বিদারিয়া চাল (কবিকঃ), মেঝায় দিলেক সিঁধ কোথায় বসিয়া (ভাঃ)। মেঝাম্‌…ষ্য. (মেঝা+কর্ম)। গৃহের মেঝা-নির্মাণ।

মেটা…মিট ধাতু দেখ।

মেটে…মাটি, মেট্যে দেখ। মেটেল…মাটি দেখ। মেটেলি সাপ…(মাটিয়া বর্ণ বলিয়া মেটেলি)। প্রায় দুই হাত দীর্ঘ নির্বিষ সর্প-বিশেষ (Tropidonotus stolatus)। ঈষৎ সবুজ মাটির বর্ণ গায়ে কাল কাল দাগ থাকে, নীচে শাদা। দুই পাশে দুইটা হলুদা ডোরা থাকে। বেং মাছ খায়। অণ্ডের পরিবর্তে শাবক জন্মে।

মেট্যে…ণ. ষ্য. (মাটি+ইয়া—মাটিয়া। তু° স° মার্তিক)। মৃত্তিকাবর্ণ ; মৃত্তিকা-নির্মিত ; ছাগাদিপশুর যকৃৎ (স° কালিক)।

মেঠাই…মিঠাই দেখ।

মেঠো…মাঠ দেখ।

মেড়…ষ্য. (ও° মেঢ়। স° মণ্ডপ—মাঁড়। মাঁড় হইতে ও°তে মেট হইত না। বোধ হয় স° মেধ্য—পবিত্র হইতে)। খড়ের ঠাকুর-প্রতিমার ঠাট।

মেড়্‌মেড়…ব্য. (স° মণ্ড হইতে মাঁড়, অপভ্রংশে মেঁড়-মেঁড়)। মণ্ড-লেপ হেতু মলিনতায়, প্রঃ—খাবার পর ভাতের থালা মেড়্‌-মেড়, ভাত-মেড়্‌-মেড় করে ; তৈজস পাত্রের দীপ্তিহীনতায়, প্রঃ—পুরানা কাঁসা মেঁড়্‌-মেড় করে। মেড়্‌-মেড়া, মেড়্‌-মেড়িয়া, মেড়্‌-মেড়্যে…ণ. দীপ্তিহীন। মেড়্‌-মেড়ানি॥

মেডাল…ষ্য. (ই° medal)। স্মরণ কিংবা পুরস্কার নিমিত্ত স্বর্ণ রৌপ্যাদির মুদ্রাকার নিদর্শন।

মেড়া, মেঢ়া…ষ্য. (স° মেঢ্র—অঃ। কিন্তু মেহতি সিঞ্চতি মূত্ররেতসোঃ—ইহা হইতে মেষ অর্থ আসে কি ? অন্যোন্যং মিষতি স্পর্ধতে—মেষ। ইহাই বা কি ব্যুৎপত্তি ? এক নাম এড়ক। বোধ হয় ভে—ভেঁ, মেঁ রব হইতে নাম। তু° বর্কর, কুক্কুর, কুক্কুট, কাক, পীক, ভেক, ইত্যাদি। পরে মেণ্ড শব্দও স°তে প্রবেশ করিয়াছিল। ও° মেণ্ঢা, মেণ্ঢী)। ভেঁড়া ; মেষ তুল্য নির্বোধ (গালিতে)। স্ত্রী° মেড়ী। দৃষ্টান্তে, খুঁটার জোরে মেড়া লড়ে—মেড়ার লড়াইতে মেড়ার পশ্চাতে একজন থাকে।

মেডিকাল…ণ. (ই° medical)। ইয়ুরোপীয় ঔষধসম্বন্ধীয়।

মেড়ুয়া…ণ. (স° মরু হইতে মারব, অশিষ্ট

অপভ্রংশে মাড়ুয়া—মেড়ুয়া। মড্ডী—প্রবোধচন্দ্রিকা)। রাজপুতানার মরুদেশীয়। মেড়ুয়াবাদী…যাহাদের ভাষা মেড়ুয়া। (নিন্দিতার্থে)।

মেড়ে (গ্রা°)…ষ্য. মাঢ়ী, প্রঃ—সিজ আঠা দিয়া সই শক্ত করে মেড়ে (মাঃ)।

মেঢ়া…ষ্য. (সং মেঢ্র—ভেঁড়া। মেড়া দেখ)। ভেঁড়া; ঠক্-ঠকি তাঁতের যাহা মাকু ঠুকিয়া অপর পাশে ঠেলিয়া দেয়। আকারে মেষ-মুণ্ড তুল্য, কিংবা মেষবৎ ঢু মারে বলিয়া নাম (ই° নাম ram)। মেঢ়া-শিঙ্গা, মেঢ়া-শিঙ্গী…ষ্য. (সং মেষশৃঙ্গী)। অর্কাদিবর্গের লতাবিশেষ (Gymnema sylvestre)। ফলের আকার দেখিয়া নাম। মধ্য ও দক্ষিণভারতে জন্মে। মূল ঔষধে লাগে।

মেথর…ষ্য. (ফা° মেহতর—পরমাণিক। ইহা হইতে। তু° জমাদার অর্থ মেথরের সর্দার)। মলগ্রহি। স্ত্রী° মেথরানী। (প্রাচীন নাম হাড়ি, হাড়িনী। তু° মাণিকচাঁদের গানের "হাড়ি"—সিদ্ধ হাড়ি,হাড়িপা—হাড়িপুত্র—আদরে)। মেথর মুদ্দফরাস…(প্রায় সহচর শব্দ)। নিকৃষ্ট জাতি।

মেথী…ষ্য. (সং মেথিকা, মেথী)। শিম্বাদি-বর্গের কৃষিজাত শাকবিশেষ (fenu-greek. Trigonella fœnugræcum)। পিড়িঙ্গের তুল্য গাছ। কাশ্মীর, পঞ্জাবে বন্যও জন্মে। পাতায় তিন পর্ণ, শুঁটী লম্বা। বীজে রাঁধিবার মসলা।

মেথী…ষ্য. (সং মস্তক হইতে। মাথা—মাথী—মেথী)। তাল ও খেজুর গাছের কোমল অগ্রমজ্জা।

মেদা…ণ. (সং মৃদু। কিংবা মন্দ। ও° আসা°)। মৃদুস্বভাব, মন্দবুদ্ধি। মেদা-মারা…ণ. (সং মেধা হইতে মেদা? বোধ হয় মেদা+মারা)। মন্দবুদ্ধি।

মেদী…মাদী দেখ।

মেঁদি, মেন্দি…ষ্য. (উর্দু মেহেদি। মেন্দিকা, মেন্ধী—বৈদ্যকঃ। ফা° নাম হেনা)। ধাতক্যাদি বর্গের ক্ষুপবিশেষ (Henna. Lawsonia alba)। শাখা কাঁটায় পরিণত হয় বলিয়া প্রায়ই এই গাছের বেড়া দেওয়া হয়। ফুল চতুর্দল। পাতা বাটিয়া মুসল-মান-নারী করতল ও নখ পাকা খদিরবর্ণ করে।

মেনা…ষ্য. (সং মাতৃ-স্তন হইতে শিশু-ভাষায়)। মাতৃস্তন, প্রঃ—মেনা দেওয়া—দুগ্ধ পান করানা।

মেনি কুচকুচ…ষ্য. (?)। বালিকাদের খেলা-বিশেষ। বালি কিংবা ধূলির আইল করিয়া তাহাতে একজন একটা কড়ি লুকাইয়া রাখে। অন্যে দুই হাতে চাপিয়া অন্বেষণ করে। কড়ি—ছেলে হয়। এই হেতু কোথাও কোথাও ছেলে-হারানা খেলা বলে।

মেনী…ণ. (মেনা+ঈ)। স্ত্রীজাতীয়া, যেমন বিড়ালী।

মেনে…মান দেখ।

মেনেজার…ষ্য. (ই° manager)। কর্মাধ্যক্ষ, সম্পাদক। মেনেজারি…ষ্য. (মেনেজার+বা° ই)। মেনেজারের কর্ম।

মেন্দি…মেঁদি দেখ।

মেপ…ষ্য. (ই° map)। দেশ বা দেশের অংশবিশেষের চিত্র।

মেম…ষ্য. (ই° madam হইতে maam)। ইয়োরোপীয় জাতির নারী। পুং সাহেব।

মেম্বর…ষ্য. (ই° member)। সদস্য, সভ্য।
মেম্বরি…মেম্বরের কর্ম।
মেয়াদ…মিয়াদ দেখ।
মেয়ে…ষ্য. (স° মাতৃ—মাই ; মাই+ইয়া—মাইয়া—মায়্যা—মেয়ে। প্রঃ—সো চান্দবদন ফির্‌ি না চাহলি তু বড় নিঠুর মায়্যা—চণ্ডীঃ। মেয়্যা—কবিকঃ। ও° মাইকিনিআঁ (মাতৃকন্যা), আপা° মাইকী, হি° মৈয়া, ঢাকায় মাইয়া। মাতৃজাতীয়া (তু° ভাইয়া—ভায়া) ; কন্যা। মেয়ে ছেলে…কন্যা ; স্ত্রীলোক। মেয়ে মদ্দ…স্ত্রী পুরুষ (প্রতিচর শব্দ)। মেয়ে মানুষ…নারী। মেয়েলী…ণ. (মাইয়া+আলী—মাইয়ালী—মেয়েলী)। নারীজনোচিত। মেয়ে-মুখা, মেয়ে-মুখো…নারীতুল্য মুখ যার, নারীমুখনিরীক্ষক ; লোকভীরু, আলাপবিমুখ। মেয়ে-মুস্ক…(স° মুস্ক—তস্কর)। বাহ্য আকারে নারী, অন্তরে তস্করতুল্য।
মেরজাই…মির্জাই দেখ।
মেরাপ…ষ্য. (আ° মেহরাব)। তোরণ।
মেরামৎ…ষ্য. (আ° মরম্মৎ)। সংস্কার, শোধন। মেরামতি…ষ্য. সংস্কার কর্ম। মেরামতী…ণ. সংস্কারসম্বন্ধীয়।
মেরিনো…ষ্য. (পর্তু° ই° merino)। স্পেনদেশের মেরিনো নামক মেষের লোমজাত বস্ত্রবিশেষ। এই মেষের উর্ণা দীর্ঘ ও কোমল।
মেল…ধাতু. (স° উৎ-মীল ধাতু বা° মিলধাতুর রূপান্তরে। ও° মেলা ধাতু)। মেলি—উন্মীলিত করি, বিস্তারিত করি। মেলা॥ চোখ মেলা—উন্মীলন, বিছানা মেলা—বিস্তারণ।
মেলা…ধাতু. (মেলধাতু আস্তে)। মেলানা॥
মেল…ষ্য. (মিল ধাতু দেখ)। মেলন ; গাজন শেষের পূর্বদিন ; আদর্শের সদৃশ অঙ্ক ; ব্রাহ্মণ-বংশের উপ-বিভাগবিশেষ। মেলবন্ধন…ব্রাহ্মণের বিবাহ নিমিত্ত বংশনির্ণয়। ফুলে মেল…ফুলিয়া গ্রামবাসী ব্রাহ্মণের বিবাহ-মিলন। মেলা…ষ্য. (স° মেলক)। সমাগম, প্রঃ—বাসাড়ে জনের তরে দীর্ঘল মন্দির করে, প্রবাসী জনের যথা মেলা (কবিকঃ); বহু লোকসমাগম, হাট ; বহু জনের স্থান, সম্মুখপ্রাচীরশূন্য দীর্ঘ গৃহ, প্রঃ—দুর্গা-মেলা (কবিকঃ)—যেখানে দুর্গাপূজা হয়। মেলা…ণ. বহু, প্রঃ—মেলা লোক ; উন্মুক্ত, প্রঃ—ঘর মেলা আছে। মেলানি…ষ্য. (ভেট ধাতু দেখ। ও° মেলানি)। পরিহার, শেষ মিলন ; কুটুম্বের সহিত মেলন নিমিত্ত উপহার দ্রব্য। মেলানি ভার…বন্ধুত্ব বর্ধক উপহার-দ্রব্যের ভার।
মেল…ষ্য. (ই° mail)। চিঠিপত্রাদির ডাক। মেল গাড়ী…যে গাড়ীতে ডাক বহা হয়।
মেলেরিয়া…ষ্য. (ই° malaria)। দুশ্চিকিৎস্য কম্পজ্বরবিশেষ।
মেস…ষ্য. (ই° mess)। গোষ্ঠী, যে সকল নিঃসম্পর্কীয় লোক এক পাকে খায় ও এক বাড়ীতে থাকে।
মেস্তা…ষ্য. (?)। জবাদিবর্গের ও জবাসদৃশ ক্ষুপবিশেষ (Red sorrel. Hibiscus sabdariffa)। ছালের আঁশে দৃঢ় রজ্জু হয়, বীজে ঔষধ এবং হলুদাবর্ণ ফুলের মাংসল লাল ছদে অম্বল রাঁধা হয়। মেস্তাপাট…জবাদিবর্গের কৃষিজাত কাঁটা ক্ষুপ-

বিশেষ (Deccan hemp. Hibiscus cannabinus)। বিদেশীয়, কিন্তু দক্ষিণ ভারতে কৃষি হইয়া থাকে। বঙ্গে অল্প। যে কাঁকরিয়া মাটিতে গাছ-পাট হয় না, সে মাটিতে মেস্তা-পাট জন্মে। ছালের আঁশে দোড়ী হয়, লোকে পাতা রাঁধিয়া খায়। (সং মিষ্ট হইতে মেস্তা?)।

মেহ…ষ্য. (সং মিহ ধাতু ক্ষরণে সেচনে। মেঘ দেখ)। মেঘ, প্রঃ—বরিখত ঝরঝর থরতর মেহ (জ্ঞানদাস); মূত্র রোগবিশেষ। এই রোগের নানা জাতি আছে। শুক্র মেহ, মেহ…প্রস্রাবে শুক্র-ক্ষরণ হয় (spermatorrhœa)। মধুমেহ…প্রস্রাবে মধু-শর্করা ক্ষরণ হয় (diabetes)। (বহুমূত্র রোগে মূত্রাধিক্য হয়, কিন্তু মধুশর্করা না থাকিতে পারে)। বসামেহ…প্রস্রাবে শ্বেতবর্ণ রস (lymph) নির্গত হয় (chyluria)।

মেহগনি…ষ্য. (ইং mahogany)। নিম্বাদি বর্গের বৃহৎ তরুবিশেষ (Swietenia mahagoni)। আমেরিকায় নিবাস। কাঠ রক্ত-পীতবর্ণ, কোমল, সুন্দর। মেহগনি পরিবর্তে তুন প্রায় সমান কাজে লাগে। কিন্তু তুনের আঁশ মোটা। এ দেশে মেহগনি অল্প-স্বল্প জন্মানো হইতেছে। দুই জাতি আছে, এক জাতি উপরের লিখিত বৃহৎ তরু, পর্ণ ছোট ছোট, ফুল ধরে, কিন্তু ফল প্রায় ধরে না; অন্য জাতির (S. macrophylla) গাছ কিন্তু ছোট, পর্ণ বড় বড়, ফুল ফল ধরে।

মেহনৎ…ষ্য. (আং)। পরিশ্রম। মেহনতী …ণ. শ্রমসাধ্য। মেহনৎআনা…ষ্য পারিশ্রমিক, বেতন।

মেহরাব…মেরাপ দেখ।

মেহেদি…মেন্দি দেখ।

মেহেরবানি…ষ্য. (ফাং)। অনুগ্রহ। (বাংতে প্রায় প্রচলঃ নাই)।

মৈ…মই দেখ।

মৈত্র…ষ্য. (সং)। ব্রাহ্মণের উপাধিবিশেষ।

মো…ষ্য. (সং মোহ)। মমতা, প্রঃ—কবিকঃ।

মো…মুই দেখ। মো—আমি; মোয়, মোকে, মোরে, মোহে—আমাকে।

মোআ…ষ্য. (সং মোদক)। গুড়রসে পাককরা খইচুর। দৃষ্টান্তে, ছেলের হাতের মোআ—যাহা দিয়া ছেলে ভুলাইয়া লওয়া যাইতে পারে।

মোআড়া…ষ্য (মুখ—মুহ+আড়া—মুহাড়া, মুআড়া, মোআড়া)। মুখ, সম্মুখ, প্রঃ—বিপাকে পড়েছে এসে বাঘের মুআড়ে (মাঃ); প্রতিদ্বন্দ্বিতা, প্রঃ—ডাকাইতের মোআড়া লওয়া—সম্মুখবর্তী হওয়া, প্রতিদ্বন্দ্বী হওয়া।

মোআন…মোহান দেখ।

মোকরর…মুকরর দেখ।

মোকাবলা…ষ্য. (আং মুকাবলা)। সম্মুখবর্তিতা, ঐক্য; তর্কবিতর্ক।

মোকাম…ষ্য. (আং মকাম)। স্থান; অল্প সময়ের নিমিত্ত বাসস্থান। মোকাম করা—থাকা। মোকামী…ণ. স্থানীয়।

মোকুফ, মোকুব…ণ. (আং মৌকুফ) রহিত, নিরস্ত।

মোকৃতা…(বিল মুকৃতা দেখ)। মোটামোটি, স্থূল।

মোক্তার…ষ্য. (আং মুখ্তর)। নিযুক্ত

কর্মচারী; আদালতের প্রার্থী প্রত্যর্থীর নিযুক্ত কর্মচারী। মোক্তারি…মোক্তারের কর্ম। মোক্তারী…মোক্তারের যোগ্য। মোক্তার-নামা … মোক্তার-নিয়োগ-পত্র। আম-মোক্তার…কর্মবিশেষ নিমিত্ত মোক্তার।

মোক্থম্…ষ্য. (আ° মহকম্—দৃঢ়)। নির্ঘাত (নদীয়ায় অশিষ্ট)।

মোগল…ষ্য. (আ° মুগল)। মুসলমান জাতি-বিশেষ। পূর্বে মোঙ্গোল জাতি হইতে উৎপন্ন হইয়াছিল। মোগলাই…ণ. (মোগল+ঈ)। মোগল-সম্বন্ধীয়, মোগল জাতি-যোগ্য, প্রঃ—মোগলাই পাগড়ী—যে উচা বাঁকা পাগড়ী মোগলেরা পরিয়া থাকে।

মোচ, মোছ…ষ্য. (স° শ্মশ্রু, স°প্রা° মস্সু। ম° মিশী, ও° নিস্, হি° মোছ, মুঁছ)। কর্কশ ঘন গোঁফ। (মুড়া ঝাঁটার ও কুঁচি-কাটির সহিত মোচ তুলিত হইয়া থাকে। স°তে কূর্চ কঠিন শ্মশ্রু। গোঁফ কোমল বিরল)। (২) কাষ্ঠাদির অগ্র, যেমন খুঁটার মাথায় মোচ, কলমের মোচ।

মোচড়…ষ্য. (মোড়, চ আগম। মুড় ধাতু দেখ)। মোড়া, মোটন।

মোচরস…ষ্য. (স°। মোচঃ শোভাঞ্জনে পুংসি মোচা শাল্মলিরম্ভয়োঃ—মেঃ। মোচ—শজিনা, মোচা—শিমুল ও কদলী)। শিমুল গাছের আঠা।

মোচা…ষ্য. (স° মোচা—কদলী—অঃ। মোচরস দেখ। আসা° মোচ; ও° কদলী-ভণ্ডা—ভাণ্ডাকার বলিয়া ভাণ্ডা—ভণ্ডা)। কদলীপুষ্পমঞ্জরী।

মোছ…মোচ দেখ।

মোজা…ষ্য. (ফা° মোজহ্)। পায়ের জামা-বিশেষ।

মোজাহেম…ষ্য. (আ° মুজাহিম)। আপত্তি (আদাঃ)। মোজহেমদার…আপত্তিকারী। মোজাহেমী…যাহাতে আপত্তি উঠিয়াছে।

মোট…ষ্য. (স° পোট? পোটলা দেখ। হি° পোট। তু° স° পুলাক। কিংবা স° মূত—বদ্ধ? তু° বোঝা। ও° হি° মোটরা, ম° মোটলা—বা° পোটলা। স° মুষ্টি হইতে? তু°আসা° মুঠ বা° মোট)। একত্র বদ্ধ দ্রব্য-সমষ্টি, বোঝা; সমষ্টি। মোট-মাট…(মাট—প্রচর শব্দ)। মোট। মোটা…ণ. (মোট+আ)। যাহাতে অধিক দ্রব্য আছে, স্থূল। মোটা বুদ্ধি…জড়বুদ্ধি। মোটা ভাত মোটা কাপড়…কর্কশ অন্ন-বস্ত্র। মোটা…ধাতু. মোটাই—স্থূল হই। মোটানা॥ মোটা-মোটি, মোটা-মুটি,…ব্য. স্থূলতঃ। মোটা-সোটা…(সোটা প্রচর শব্দ)। মোটা। মোটাল…ণ. মোটা তুল্য, প্রায় স্থূল। মোটালী…ণ. ঈষৎ স্থূল, কর্কশ বা অসভ্য, প্রঃ—দেশের মোটালী ব্যবহার। মোটিয়া, মুটিয়া, মুট্যে…ষ্য. (মোট+ইয়া)। মোট-বিশিষ্ট, মাথায় মোটবাহক। মুট্যে-মজুর…(সহচর শব্দ)। ভারবাহক ও মুনিষ, শ্রমজীবী। মোটে…ব্য. সমুদয় একত্র করিলে, সমষ্টিতে।

মোটক, (গ্রা° মোটুক)…ষ্য. (স° মোটক। ও° কুশবটু)। শ্রাদ্ধাদির নিমিত্ত ভুগ্ন কুশত্রয়, কুশের অঙ্গুরীয়।

মোটর-গাড়ী…ষ্য. (ই° motor+বা° গাড়ী)। যে গাড়ী চালনা-যন্ত্র নিজে বহে।

মোড়…ষ্য. (বোধ হয় মউড়—মকুট হইতে, কিংবা স° মুণ্ড—মাথা হইতে)।

(গবাদির) স্তনের বিস্তার, প্রঃ—প্রসবের পূর্বে মোড় নামে—আপীন স্থূল হয়।

মোড়…ষ্য. (সং মুণ্ড)। মস্তক, প্রঃ—তা পর সাপিণী বেড়ল মোড় (বিদ্যাপতি); গ্রাম পথ প্রভৃতির শীর্ষ বা শেষ, যেখানে অন্য গ্রামের অন্য পথের আরম্ভ।

মোড়…ষ্য. (মুড় ধাতু দেখ)। মুড়িয়া বাঁকিয়া যাহা উৎপন্ন হয়, যেমন খর পাকে দোড়ীতে মোড় পড়ে। মোড়ক, মোড়া …ষ্য. (সং মোটক)। যাহা মোড়া হইয়াছে, ঔষধাদির পুরিয়া। মোড়া…ষ্য. মোড়া হইয়া যাহার ক্রয়বিক্রয় হয়, যেমন শণ পাট প্রভৃতির পাঁচ ছয় শীষ; সূতার কতকগুলি ফেটী; ঔষধাদি যাহা পাতায়, কাগজে মুড়িয়া দেওয়া হয়; বাঁশের শলায় নির্মিত গোল আসন। (হিং মোঢ়া)। মোড়াদার…ষ্য. যে ধান চাল প্রভৃতির থলিয়া বা গুণের মুখ মুড়িয়া বাঁধে; যে ধান চালের গোলায় মাপিবার সময় মাল ঠেলিয়া দেয়। (তুং চাপ-দার)। মোড়া-মোড়ি, মোড়া-মুড়ি…ষ্য., বাঁকা বাঁকানা।

মোড়ল…মড়ল দেখ।

মোতা…ষ্য. (আং মুতাহ্)। মুসলমানদের অস্থায়ী বিবাহ।

মোতা…মুত ধাতু দেখ।

মোতাবেক…ব্য. (আং মুতাবিক)। অনুসারে। কথা মোতাবেক্…কথা অনুসারে, কথা মতন।

মোতায়ন…ণ. (আং মুতাইয়ুন)। নিযুক্ত।

মোতি…ষ্য. (সং মৌক্তিক। হিং)। মুক্তা। মোতিম…ষ্য. (সং মৌক্তিকম্)। মুক্তা (প্রাচীন পদে)। গজমোতি…গজমুক্তা। মোতিয়া…বেলী দেখ।

মোদক…ষ্য. (সং। মোদকঃ খাদ্যভেদে হর্ষকে—মেঃ)। মিষ্টরস ঔষধ; মোআ; জাতিবিশেষ (ময়রা দেখ)। স্ত্রীং মোদকী।

মোদের…আমাদের (মু, মো দেখ)।

মোদ্দা…ষ্য. (আং মুদ্দাআ)। ভাব, তাৎপর্য। মোদ্দা কথা…কথার তাৎপর্য, সারাংশ।

মোনা…ষ্য. (সং মোণ—নক্র—মেঃ)। ঢেঁকির মুসলী, প্রঃ—আকশলী পোয়া মোনা গলে মেকা মেকি (ভাঃ)—মেকা-মেকি (?)।

মোম…ষ্য. (ফাং। তুংসং মধূথম্)। মধুচক্র দ্রব্য (wax, bees' wax)। মউমাছি দেখ। মোম-জামা…মোম-লিপ্ত বস্ত্র। মোম বাতি …মোমনির্মিত বাতি, চর্বির বাতি নহে। (আজি কালি পেরাফীন বাতি অধিক হইতেছে)। মোম-চীনী…(চীনদেশীয় —চীনী)। চীন দেশের বৃক্ষবিশেষের ফলের ভিতরের মোমতুল্য পদার্থ। এই গাছ (Sapium sebiferum) উত্তরভারতে বন্য হইয়া পড়িয়াছে।

মো-মো…ব্য. (বোধ হয় মা-মা হইতে)। ছাগ বলিদান কালে ভক্তের দেবদেবী-আহ্বানে।

মোয়া…মোআ দেখ।

মোরগ…ষ্য. (ফাং মুর্গ—পক্ষী, মুর্গা)। কুকুড়া। স্ত্রীং মুরগী। দৃষ্টান্তে, মোল্লার মুরগী পোষা—খাইবার নিমিত্ত। মোরগ ফুল…ষ্য. (সং নাম ময়ূরশিখা)। পুষ্প শাকবিশেষ (Cock's comb. Celosia cristata)। লাল

নটিয়া শাগের মতন গাছ। কিন্তু পুষ্পমঞ্জরী চেপটা হইয়া মোরগের কিংবা ময়ূরের চূড়ার মতন হয়। ফুল ছোট, পঞ্চদল। এক জাতির ফুল লাল, অন্ত জাতির শাদা। শীতকালে হয়।

মোরচঙ্গ…ষ্য. (?)। শারঙ্গা বাদ্য-বিশেষ।

মোরচল, মোরছল…ষ্য. (সং ময়ূরচ্ছদ ? হিং মোরছল, মং মোরচল)। ময়ূরপুচ্ছের মার্জনী।

মোরব্বা…ষ্য. (আং মুরব্বা)। মিষ্টরসে পক্ব ও রক্ষিত ফল।

মোলায়ম…ণ. (আং মুলাইম)। কোমল।

মোল্লা…ষ্য. (অং মুল্লা)। মুসলমান পুরোহিত। দৃষ্টান্তে, মোল্লার দৌড় মসজিদ পর্যন্ত— মোল্লার অধিকার মসজিদে যেমন অন্য স্থানে তেমন নয়।

মোসাহেব…ষ্য. (আং মুসাহিব)। ধনবানের উত্তরসাধক, পার্শ্বচর মন্ত্রী। মোসাহেবি …ষ্য. মোসাহেবের বৃত্তি, তোষামোদ।

মোহ…ধাতু. (সং মোহ হইতে)। মোহি— মোহিত করি। (পদ্যে)। মোহন…ষ্য. (সং)। মুগ্ধকরণ। ষ্য. মুগ্ধকারক, প্রঃ—জগমোহন। মোহনিয়া…ণ. (মোহন+ইয়া)। মুগ্ধকারক। মোহন-ভোগ…ষ্য. (সং রচিত। সং নাম চরকে উৎকারিকা, ভাবপ্রকাশে লপ্‌সিকা)। ঘৃতে সুজি ভাজিয়া দুগ্ধ ও চিনী দিয়া পাক-করা খাদ্যবিশেষ।

মোহ…(মু দেখ)। আমি।

মোহর…মোর, আমার (প্রাচীন পদে। ওং)। মুই দেখ।

মোহর…ষ্য. (ফাং। সং মুদ্রা)। প্রত্যয়কারণ মুদ্রা; বিনিময়ের স্বর্ণমুদ্রাবিশেষ, প্রঃ— চৈঃ চঃ, আমার মালার মূল্য পঞ্চাশ মোহর (মাঃ)। মোহর করা, লাগানা—প্রত্যয়কারণ মুদ্রা অঙ্কণ। গালা মোহর করা— গালা লাগাইয়া তাহাতে মোহর। সিলমোহর…(ইং seal, সহচর শব্দ)। মোহর।

মোহরী…ষ্য. (মুখ=মুহ+রী)। মুখ, জলনিঃসরণ-দ্বার।

মোহরের…ষ্য. (আং মুহর্‌রীর)। মুহরী (দেখ)।

মোহান, মোআন…ষ্য. (সং মুখ—মুহ+পানি —মোহানি—মোহান)। পুষ্করিণী নদী প্রভৃতি জলাশয়ে জল-প্রবেশ- ও জল-নির্গমপথ। প্রঃ—কবিকঃ। তে-মোহানি, তে-মোআনি…যেখানে নদী তিন শাখায় বিভক্ত হইয়াছে, যেখানে নদীর তিন মুখ হইয়াছে।

মোহাফেজ…ষ্য. (আং মুহাফীজ্‌)। কাগজপত্র-রক্ষক (আদাঃ)। মোহাফেজখানা…যে গৃহে দলীল-পত্র রক্ষিত হইয়া থাকে।

মৌ…মউ দেখ।

মৌজা…ষ্য. (আং)। ভূমির বিভাগ, গ্রাম। মৌজাদার…গ্রামস্বামী।

মৌড়…ষ্য. (সং মুকুট, মৌলি)। মুকুট। মউড় দেখ।

মৌতাৎ…ষ্য. (সং মত্ততা)। নেশা-খোরের মাদক উপভোগ।

মৌরলা…ষ্য. (সং মুরল—বৈদ্যকঃ। ঢাকায় মোলন্দি। ওং মহুরাঠি। বোধ হয় মূলে মধুরলী শব্দ ছিল)। ছয় সাত আঙ্গুল দীর্ঘ শকলী সুস্বাদু মৎস্যবিশেষ (Aspidoparia marar)। উদর গোল, মুখ ছোট, গোঁফ নাই। উদরের পাখনার পশ্চাতে পিঠের পাখনা।

মৌরী…মউরী দেখ।

মৌরুসি…ণ. (আ° মৌরুসী)। পৈতৃক, বাপতি।

মৌলবি…ষ্য. (আ° মৌল্‌বী)। মুসলমান অধ্যাপক। (অধুনা অর্থান্তর হইয়া সম্ভ্রান্ত মুসলমানের নামের পূর্বের 'শ্রী'স্থানীয় হইয়াছে)।

মৌলিক…ণ. (স°)। মূল সম্বন্ধীয় ; অ-পূর্ব, অপূর্বকল্পিত ; কুলীন ভিন্ন অন্য। সৎ-মৌলিক ‥(স°)। মৌলিকের মধ্যে শ্রেষ্ঠ। কুলীন-মৌলিক…(প্রতিচর শব্দ)। জাতির মধ্যে প্রধান ও অপ্রধান।

ম্রিয়মাণ…ণ (স°)। মুমূর্ষু ; বিষণ্ণ ; ম্লান।

ম্লেচ্ছ…ষ্য. (স°। স° ম্লেচ্ছ ধাতু অসংস্কৃত ভাষা° কথনে, অবিস্পষ্ট বাক্‌কথনে। ম্লেচ্ছঃ পামরভেদে চ পাপরক্তেঽপভাষণে —মেঃ)। সর্বাচারবিহীন জাতি।

য।

য…ষ্য. (স°। কিন্তু উচ্চারণে জ তুল্য। এ কারণ পুরাতন পুথী ও গ্রাম্য লিপিতে জখন, জে, জদি ইত্যাদি বানান পাওয়া যায়, সংস্কৃত উচ্চারণ য়। ব্যাকরণ দেখ)। ব্যঞ্জন-বর্ণ-, অক্ষর-বিশেষ। (সংস্কৃত শব্দ হইতে আগত ও অপভ্রষ্ট শব্দে জ বানান কর্তব্য। এখানে আবশ্যক শব্দ না পাইলে জ দেখিবে। শব্দের আদিতে য় হইতে পারে না। একারণে য়ুরোপ—ইউরোপ কিংবা ইয়ুরোপ, য়ুনানী—ইয়ুনানী কিংবা যুনানী বানান কর্তব্য)।

য…যত, যব দেখ।

যঁক…জঁক দেখ।

যকৃৎ…ষ্য. (স°)। দেহের দক্ষিণ কুক্ষিস্থ অঙ্গবিশেষ (liver)। যকৃৎ হওয়া—যকৃৎবৃদ্ধি।

যখন (গ্রা° যেখন, জখন)…ব্য. (স° যৎক্ষণ)। যে সময়ে ; যেহেতু, প্রঃ—যখন সে আসিল না, তখন আর কেন (স° যদা)। যখনই, যখনি…যে সময়েই। যখন পরে তখন বসে। যখন-তখন…ব্য. সময়ে অসময়ে, সর্বদা। যখন যেমন তখন তেমন …কালভেদে ব্যবস্থা-ভেদ।

যক্ষণি…ব্য. (স° যৎক্ষণ+বা° ই)। যে ক্ষণেই, অবিলম্বে, প্রঃ—যক্ষণি বর্ষা তক্ষণি পথে কাদা।

যজমান…ষ্য. (স°)। যজ্ঞকর্তা ; প্রতিপালক, কর্মবিনিময়ে প্রতিপালক যাহার কর্ম পুরুত নাপিত কামার ধোবা হাড়ী প্রভৃতি করে। যজমানকি…ষ্য. (স° যজমানকৃত্য)। যজমানের কর্ম। যজমান-যাজকি…ষ্য. (স° যাজক, যিনি যজ্ঞে পৌরোহিত্য করেন। অতএব যজমান যাজক—প্রতিচর শব্দ। যাজকি—যাজক +বা° ই)। যজমান ও যাজকের বৃত্তি।

যজ্ঞ (গ্রা° যজ্ঞি)…ষ্য. (স°)। যাগ, হোম। পঞ্চ যজ্ঞ, যথা,—ব্রহ্মযজ্ঞ—অধ্যাপন, দৈবযজ্ঞ—হোম, পিতৃযজ্ঞ—তর্পণ, ভূতযজ্ঞ—বলি, মনুষ্যযজ্ঞ—অতিথি-পূজন। শেষোক্ত মনুষ্যযজ্ঞ বা নৃযজ্ঞ হইতে যজ্ঞ…অন্নভোজ্যাদি দ্বারা বহুলোক-পূজন। যজ্ঞডুমুর…ডুমুর দেখ। যজ্ঞপট্ট, যজ্ঞপাটা…হোমকালে যে পট্ট উত্তরীয় হয়। যজ্ঞসূত্র, যজ্ঞোপবীত ‥ষ্য. (স°)। পইতা। যজ্ঞপুরুষ, যজ্ঞেশ্বর…ষ্য. (স°)। বিষ্ণু। পাক-যজ্ঞ

...ষ্য. (স°)। ° বহু জনের নিমিত্ত ভোজ্য পাক।

যৎ... ষ্য. তালবিশেষ। তাল দেখ।

যত (গ্রা° জেত) ..ব্য. (স° যতি। ই লুপ্ত। স° যাবৎ। ও° যেতে, হি° জেতা, ম° জোঁ)। সাকল্যে, প্রঃ—যত লোক ছিল; অবধারণে, প্রঃ—যত টাকা তত আনা লইবে; পরিচ্ছেদে, প্রঃ—যত দিন বাঁচিবে। যত পরে তত বসে; প্রশ্নে, কত। সংক্ষেপে য, ত, ক।

যতন...ষ্য. (স° যত্ন)। যত্ন, প্রঃ—যতন নহিলে কোথা মিলয়ে রতন।

যতেক...ব্য. (স° যতি+ক স্বার্থে। ও° যেতিকি)। যত, যাবৎ পরিমিত, প্রঃ—যতনে যতেক ধন পাপে বাঁটায়নু (বিদ্যাপতি)। যতেক পরে ততেক, প্রশ্নে কতেক। অধুনা অপ্রচলঃ।

যথা...ব্য. (স°)। তুল্যার্থে, প্রঃ—যথা রাজা তথা মন্ত্রী; দৃষ্টান্তে, প্রঃ—ফল, যথা আম জাম। তুল্যার্থে যথা পরে তথা বসে। যথা সমাসে পূর্বে বসিয়া অনুরূপ, পরিমাণ, যোগ্যতা বুঝায়। যথা, যথার্থ...সত্যতুল্য, সত্য; (যথা-ইচ্ছা) যথেচ্ছা, (যথা-ইষ্ট) যথেষ্ট...ইচ্ছানুরূপ; যথা কথা...সত্যকথা; যথা-কাল...ঠিক সময়; যথাক্রমে...ক্রমানুসারে; যথাজ্ঞান...জ্ঞানানুসারে; যথাযোগ্য...যোগ্য; যথাসম্ভব...সম্ভাব্য; ইত্যাদি। যথা, (গ্রা° যেথা)...ব্য. (স° যত্র। তু° কোথা, তথা)। যেখানে, প্রঃ—যথা মন যায় তথা যাই। যথা পরে তথা বসে। যথা স্থানে যথায় হয়। কিন্তু অধিকরণ কারকের য় অনাবশ্যক।

যদি...ব্য. (স°। ও° যদি, হি° জো, ম° জর)। বিকল্পে, প্রঃ—সে যদি না করে, তবে; সম্ভাবনায়, প্রঃ—যদি বর্ষা হয়, এই হেতু ছাতা; অবধারণে, প্রঃ—যদি টাকা পণ আম পাও তবে দুই পণ আনিবে। যদি বা...ব্য. (স° যদি বা)। বিকল্পে সম্ভাবনায়, প্রঃ—যদি বা তখন আসিয়া পড়ে দেখা যাইবে। যদ্যপি...ব্য. (স°)। যদিও। (যদ্যপিও ভুল)। যদি-স্যাৎ, যদ্যপি-স্যাৎ,...ব্য. (স° যদি যদ্যপি ব্য., স্যাৎ ক্রিয়াপদ)। যদি ইহা হয়, প্রঃ—যদ্যপি-স্যাৎ তিনি না শুনেন—যদি এমন হয় যে তিনি শুনিলেন না। (পুস্তকী ভাষায়)। (যদ্যপি-স্যাৎ হয়, বলা চলে না)।

যন্ত্র, (গ্রা° যন্ত, কোথাও কোথাও যন্তর)...ষ্য. (স° যন্ত্র ধাতু সঙ্কোচে বন্ধনে হইতে যন্ত্র যাহা বন্ধন রোধ ধারণ করে)। শিল্পকলা-সাধন সামগ্রী; তন্ত্রোক্ত মন্ত্র-সমন্বিত চক্রচিত্রাদি; বাদ্য। যন্ত্রতন্ত্র...ষ্য. (প্রায় সহচর শব্দে। এখানে তন্ত্র অর্থে তাঁত বা বন্ধন-রজ্জু মনে করা চলে)। শিল্প ও কলা-সাধন সামগ্রী; তন্ত্রোক্ত যন্ত্র (মারণ উচ্চাটন বশীকরণাদি উপায়)। যন্ত্রী...ষ্য. (স° যন্ত্রিন্) যন্ত্রস্বামী, যন্ত্রক (স°)। ...(যন্ত্র+ঈ)। বাদ্যযন্ত্রে দক্ষ। যন্ত্র বাঁধা—যন্ত্রের সংস্কার করা, বাদ্যযন্ত্রের আবশ্যক ধ্বনি নির্গত করিবার নিমিত্ত সঙ্কোচ করা। যন্ত্রপাতি...ষ্য. (পাত্র—সমূহ হইতে পাতি। ম° জন্তরপট্টী)। কলাসাধন-সামগ্রী। কুচা যন্ত্র...কলাসাধনের ছোট ছোট যন্ত্র-শস্ত্রাদি।

যব, য…ষ্য. (সং যব। জ দেখ)। ধান্যাদি বর্গের প্রসিদ্ধ কৃষিজাত শস্য (Barley. Hordeum vulgare)। শীষে ছয় সারি যব ধরে। উত্তরভারতে কৃষি অধিক। (২) বৃদ্ধাঙ্গুল্যগ্রস্থিত যবাকার চিহ্ন; দৈর্ঘ্য পরিমাণবিশেষ (মাপ দেখ)। যবক্ষার…ষ্য. (সং যব-ক্ষার) যবভস্মজাত ক্ষার, বিশেষতঃ যবের শূক-ভস্মজাত ক্ষার। (এই হেতু যবক্ষারো যাবশূকো—ভাব-প্রকাশে। অতএব ইহা potassium carbonate। কিন্তু হিন্দী ওড়িয়া বাঙ্গালাতে সোরার নামান্তর হইয়াছে। ওড়িশায় গোয়ালঘরের কাঁথ চাঁচিয়া জলে রাঁধিয়া যবক্ষার প্রস্তুত হয়। এই যবক্ষার দারু (বারুদ) করিতে লাগে। জলে রাঁধিলে লম্বা দানা হয়, ও° পগড়—সং প্রগ্রহ (রশ্মি) বলে। অতএব যবক্ষার potassium nitrate অর্থাৎ সোরা। শঙ্খ-দ্রাবক, মহাদ্রাবক প্রভৃতি দ্রাবক করিতে যবক্ষার অর্থে সোরা বুঝিতে হয়)। যবের পালো, যবের মণ্ড…পালো, মণ্ড দেখ।

যবন…ষ্য. (সং যবন)। প্রাচীন গ্রীকজাতি; মুসলমান। স্ত্রী° যবনী। যব পোকা… পোকা দেখ। যাবনিক…ণ. (সং যাবনিক)। যবন সম্বন্ধীয়, মুসলমানী; আর্বী ফার্সী।

যবে…ব্য. (সং যদা। ও° যেবে, হিং জব, মং জেহ্বাঁ)। যখন, যেহেতু। যবে পরে তবে বসে। অধুনা যবে প্রায় অপ্রচলঃ হইতেছে। যবে-তবে, যবে-যবে…ব্য. (সং যদা-তদা, যাবৎ-তাবৎ)। যেমন-তেমন, অসম্পূর্ণ।

যম…ষ্য (সং)। শমন, মৃত্যু। যমে ধরা—মৃত্যুতে ধরা; যমের বাড়ী যাওয়া (গালিতে)—মৃত্যু পাওয়া। যমধর… যমরাজের যোগ্য লোহার দণ্ড, প্রঃ—কবিকঃ। যম-পুকুর…বালিকা-ব্রতবিশেষ। কার্তিক মাসে কৃত্য। গর্ত কাটিয়া তাহা পুকুর মনে করিয়া যমের তৃপ্তি নিমিত্ত জল-দানব্রত। যমমাস…ষ্য (সং)। কার্তিক মাস। এই মাসে রোগমৃত্যু অধিক হইত। এ কারণ অপর নাম যমদংষ্ট্রা।

যশঃ, যশ…ষ্য. (সং যশস্)। কীর্তি। অযশ…ষ্য. অখ্যাতি। যশ-মান…(সহ-চর শব্দ)। খ্যাতি। যশোমতী…ষ্য. (যশোবতী—যশোমতী)। নন্দপত্নী যশোদা।

যষ্টিমধু…ষ্য. (সং)। বৃক্ষবিশেষের (Glycyrrhiza glabra) শুষ্ক কন্দ। মধুর যষ্টির আকার হেতু নাম। এই বৃক্ষ (শিম্বাদি-বর্গের) ভারতের উত্তর পশ্চিম প্রান্ত দেশ ও বিদেশে জন্মে।

যা…ধাতু. (সং যা ধাতু গমন, প্রাপ্তি। বাং ও°-তে যা, হিং মং-তে জা বানান। গ্রাম্য বাং-তেও জা বানান। সং-তে যা ধাতুর নানা অর্থ আছে, বাং-তেও আছে। মং-তে জা যে, দুই রূপ। মং যেণেঁ-জাণেঁ—বাং আনা-গনা। বাং যা ধাতু পূর্ণ ধাতু। ইদানী, যাইয়া যাইল পরিবর্তে গিয়া গেল পদও হয়। যাইয়াছে পদ হয় না, তৎপরি-বর্তে গিয়াছে পদ হয়)। যাই—গমন করি, যাত্রা করি, চলি, হাঁটি, নড়ি; অপ-সৃত হই, অদৃশ্য হই, নষ্ট হই, প্রঃ—বেলা যায়, বয়স যায়, ধন-মান যায়; টিকি, থাকি প্রঃ—কাপড়খানি দুই বৎসর যাবে; ঘটি,

সম্ভাবিত হই, প্রঃ—এখান হইতে নদী দেখা যায়; অবস্থান্তর প্রাপ্ত হই, প্রঃ—শুখাইয়া গিয়াছে, মরিয়া গিয়াছে। (সকর্মক) যাই—পাই, প্রঃ—তিনি যৌবনকালে মারা যান—মরণ পান; ভোগ করি, প্রঃ—নিদ্রা যাইতেছেন। ·যা ধাতু অন্য ধাতুর পরে বসিয়া সে ধাতুর অর্থ নিষ্পত্তি করে, যথা, হইয়া যাইবে, করা যাবে। ব্যাকরণে সহচর ক্রিয়া দেখ। বাড়ী যান, কলিকাতা যাবে, আশ্চর্য যাই, বলিহারি যাই, ইত্যাদি স্থলে যা ধাতু সকর্মক মনে করা চলে। এই হেতু রাঢ়ের ঘরকে যাই, ওড়িয়াতে ঘরকু যাএ উদাহরণে কর্মকারকের কে কু বিভক্তি)। যাওয়া (যাআ, যাবা)॥ যাচ্ছি-যাব করা—তুং গয়ংগচ্ছ করা। যাক্, যাক্‌গে···ব্য পরিচ্ছেদে; খেদে।

যা, যাহা, (প্রাঃ জা)···সর্বনাম. (সং যদ্। যে দেখ। ওং যে, যাহা; হিং জো; মং জেঁ)। যে বস্তু, যে বিষয়। যা পরে তা, যাহা পরে তাহা বসে, কদাচিৎ উহ্য থাকে। যা যা, যাহা যাহা···সমস্ত। যা কিছু, যাহা কিছু···বস্তু বা বিষয় অল্প কিন্তু সমস্ত। যা-তা···অসঙ্গত অনভিপ্রেত বস্তু। যা ইচ্ছা তা···যাহা ইচ্ছা তাহা, যথেচ্ছ। যা-ইচ্ছা-তাই···অসঙ্গত; কদর্য। য. বা, যাহা বা···যাহা কিছু সম্ভাবিত তাহা সমস্ত, প্রঃ—যা বা ছিল, সব গিয়াছে।

যাঁ···যিনি দেখ।

যা···ষ্য. (সং যাতৃ)। জা (দেখ)।

যাই···যে দেখ।

যাউ···জাউ দেখ।

যাগ···ষ্য. (সং)। যজ্ঞ। যাগ-যজ্ঞ···ষ্য. (সং। সহচর শব্দ)। যজ্ঞ।

যাচ···ধাতু. (সং যাচ ধাতু যাঞ্চা)। যাচি—যাঞ্চা, ভিক্ষা করি, প্রঃ—যাচিয়া পাওয়া। যাচন, যাচা। মাগা-যাচা···(মাগ ধাতু দেখ। সহচর শব্দ)। যাঞ্চা, প্রার্থনা; ভিক্ষালব্ধ। যাচিয়া মান কাঁদিয়া সোহাগ—প্রাপ্তি আন্তরিক নহে। যাচিয়া দেওয়া—পাইবার ইচ্ছা না থাকিলেও বিনতি করিয়া দেওয়া। যাচা···ধাতু. (যাচ ধাতু আছে)। যাচাই—প্রার্থনা বিনতি করিয়া দিই, প্রঃ—আপনার যৌবন যাচায় (চণ্ডীঃ); কত মূল্যে লইবে তাহা জিজ্ঞাসা করি, প্রঃ—গহনা যাচাইয়াছে। যাচানা॥ যাচাই···ষ্য. (হিং হইতে)। কত মূল্যে লইতে পারে তাহা জানা।

যাতনা···ষ্য. (সং)। তীব্র বেদনা। (যন্ত্রণা—সঙ্কোচ বা রোধ হেতু বেদনা। যন্ত্র দেখ। যেমন ফোড়ার যন্ত্রণা, কারাগারে বদ্ধ হওয়াতে যন্ত্রণা; কিন্তু সং যত ধাতু যত্ন হইতে যাতনা—প্রাপ্তি আশায় বিফল হইলে, প্রতিশোধে)।

যাঁতা, যাঁতি···জাঁতা, জাঁতি (দেখ)।

যাত্রা···ষ্য (সং। যাত্রা তু যাপনেঽপি স্যাদ্‌ গমনোৎসবয়োঃ স্ত্রিয়াম্—মেঃ। যাত্রা—যাপন, গমন, উৎসব)। গমন, প্রঃ—কলিকাতা যাত্রা করিলেন, যাত্রা অশুভ; তীর্থাদি দর্শন হেতু গমন, প্রঃ—তীর্থযাত্রা; যাপন, প্রঃ—সংসারযাত্রা; জীবিকা, প্রঃ—দিনযাত্রা নির্বাহ করা; উৎসব, প্রঃ—রথযাত্রা (জাত দেখ);

উৎসবে যে গান হয়, বহু গায়ক মিলিয়া বাদ্য-সহ গীত। যাত্রার দল···যাত্রাগায়ক সম্প্রদায়। যাত্রা-আলা···যাত্রাগায়ক দল; স্ত্রী° যাত্রাআলী। কৃষ্ণ-যাত্রা···শ্রীকৃষ্ণের উৎসব উপলক্ষে মানমাথুরাদি বিষয়ক গীত। কৃষ্ণযাত্রায় দূতী পিয়ারী (রাধিকা) সখী কৃষ্ণ ও কৃষ্ণের সখার গীত সহিত শ্রীকৃষ্ণ-চরিত্র অভিনয় হয়। শ্যামা-যাত্রা···শ্যামা চণ্ডীবিষয়ক মঙ্গল-গীত। সখের যাত্রা··· শ্যাম ও শ্যামা ব্যতীত অন্য পৌরাণিক ঐতিহাসিক বিষয় লইয়া গীত সহিত অভিনয়। জুড়ী ও ছোকরা সখের যাত্রার প্রধান গায়ক। ছোকরা বালক ও নারীর উক্তি গানে বলে, জুড়ী অন্যের উক্তি বলে। জুড়ী দুই বয়স্ক গায়ক, ছোকরা বালক। মেয়ে-যাত্রা··নারী গায়ক-সম্প্রদায়। যাত্রী, যাত্রি···ষ্য. (স° যাত্রিক। যাত্রা+বা° ঈ)। পথিক, তীর্থ-যাত্রাকারী। বরযাত্র···ষ্য. (স° বরযাত্রা)। বরের সহিত যাত্রাকারী। কন্যাযাত্র··ষ্য. কন্যার বিবাহের উৎসবের লোক। বরযাত্রী ···বরযাত্রা। বর দেখ।

যাদু···ষ্য.(জাদু দেখ)। বাৎসল্যে পুরুষ, প্রায়ই সম্বোধনে, প্রঃ—যাদু দেখলে সে বিদ্যারে, কত বিদ্যাধরী লজ্জায় মরে (গানে)। যাদুমণি···আদরে বাৎসল্যে পুত্র। যাদুকর, যাদুঘর···জাদু দেখ।

যাবৎ···ণ. (স° যাবৎ)। যত। যাবৎ পরে তাবৎ বসে। ব্য. পর্য্যন্ত, প্রঃ—এ যাবৎ দেখা নাই; যে পর্যন্ত, প্রঃ—তুমি যাবৎ না আসিবে। যাবৎ-জীবন, যাবজ্জীবন··· (স° যাবজ্জীবন)। যত দিন জীবন থাকিবে।

যাবনিক···যবন দেখ।

যামি···ষ্য. (স°)। ভগিনী (ও° রাজপরিবারে প্রেমী); কুলস্ত্রী, প্রঃ—কবিকঃ।

যাহা···যা দেখ।

যাহাঁ, যাঁহা···সর্বনাম. যিনি দেখ।

যাহাঁ, যাঁহা···ব্য. (হি° জহাঁ)। যেখানে, প্রঃ—চৈঃ চঃ। যাহাঁতক···যে পর্যন্ত। যাহাঁ বাহান্ন তাহাঁ তিপ্পান্ন···যেখানে ৫২ সেখানে ৫৩, অর্থাৎ ৫২ হইতে ৫৩ অধিক দূর নহে।

যিনি ··সর্বনাম. (স° যদ্। প্রাচীন বা° যিহঁ। তু° তিহঁ। মান্যে অনুনাসিক। ব্যাকরণ দেখ)। যে ব্যক্তি (মান্যে)। বিভক্তি বসিলে যাহাঁ, যাঁহা হয়, যথা, যাহাঁকে, যাহাঁর। যিনি পরে তিনি, যাহাঁ পরে তাহাঁ হয়। যাহাঁ তাহাঁ সংক্ষেপে যাঁ তাঁ হয়।

যুক্তি ··ষ্য. (স°। যুক্তিঃ স্ত্রী ন্যায়যোগয়োঃ—মেঃ)। যোগ, সংযোগ (জুৎ দেখ। recipe); নিযুক্তি, কর্মে প্রয়োগ; সাধন, উপায়; মন্ত্রণা; ন্যায়; অনুমান। শিয়ালের যুক্তি···একবার গ্রামের যাবতীয় শিয়াল মন্ত্রণা করিয়াছিল যে তাহারা এক-কালে সকলে রব করিবে না। একবারে রব করাতে কুকুর ও ক্ষেত্রস্বামী বুঝিতে পারে এবং তাহাদের আহারে বিঘ্ন উৎপাদন করে। যুক্তি করিল কিন্তু কার্যকালে পালিতে পারিল না। যে যুক্তি কার্যকালে পালিত হয় না, তাহা শিয়ালের যুক্তি। যুক্তি-যুক্ত···ণ. (স°)। যুক্ত, যোগ্য, ন্যায়-সম্মত।

যুগ (গ্রা° জুগ)···ষ্য. (স° যুগ)। রথহলাদির জোয়াল; এক জোড়া (পাশা দেখ);

সাহিত্য-পরিষদ্‌গ্রন্থাবলী।

১। শতপথ ব্রাহ্মণ—শুক্লযজুর্ব্বেদের অন্তর্গত এই ব্রাহ্মণ-গ্রন্থ সমুদয় ব্রাহ্মণ-গ্রন্থ-মধ্যে প্রধান। টীকাসমেত বঙ্গানুবাদ খণ্ডশঃ প্রকাশিত হইতেছে। অনুবাদক—পণ্ডিত শ্রীযুক্ত বিধুশেখর শাস্ত্রী। দীঘাপাতিয়ার বিদ্যোৎসাহী কুমার শ্রীযুক্ত শরৎকুমার রায় এম্‌এ মহাশয় "ভারত-শাস্ত্র-পিটক" নাম দিয়া ভারতবর্ষের শাস্ত্রগ্রন্থাবলী প্রকাশ করিতে সঙ্কল্প করিয়াছেন এবং তাঁহারই অনুগ্রহে তাঁহার এই শুভ-সঙ্কল্প বঙ্গীয়-সাহিত্য-পরিষদের মধ্য দিয়াই সুসম্পন্ন হইতেছে। "শতপথ ব্রাহ্মণ" এই পিটকের অন্তর্গত। বৈদিক ব্রাহ্মণ-গ্রন্থের মধ্যে "শতপথ ব্রাহ্মণ" বৃহত্তম গ্রন্থ। বহু পুরাণের—বহু উপাখ্যানের মূল এই গ্রন্থে আছে। ইহার প্রথম খণ্ডের নাম হবির্যজ্ঞকাণ্ড। ইহাতেই দর্শপূর্ণমাস যজ্ঞের বিবরণ আছে। বাঙ্গালায় বৈদিক গ্রন্থ এমন সুন্দররূপে সম্পাদনের চেষ্টা আর হয় নাই। প্রথম খণ্ডের পত্রাঙ্ক ২৮৭, মূল্য ৩৲ টাকা, সদস্যগণের পক্ষে ১।০। এই পুস্তকের দ্বিতীয় খণ্ডও প্রকাশিত হইয়াছে। পত্রাঙ্ক ২৪১, মূল্য ২।০ আড়াই টাকা, সদস্যগণের পক্ষে ১।০।

২। ঐতরেয় ব্রাহ্মণ—ঋগ্বেদান্তর্গত এই ব্রাহ্মণ-গ্রন্থ কুমার শ্রীযুক্ত শরৎকুমার রায় এম্‌এ মহাশয়ের ব্যয়ে প্রচুর টীকাদির সহিত বাঙ্গালায় অনূদিত ও প্রকাশিত হইয়াছে, ইহা পূর্ব্বোল্লিখিত "ভারত-শাস্ত্র-পিটকে"র অন্তর্গত দ্বিতীয় গ্রন্থ। অনুবাদক—শ্রীযুক্ত রামেন্দ্র-সুন্দর ত্রিবেদী এম্‌এ। পত্রাঙ্ক ৭৫৪, মূল্য ৫৲ পাঁচ টাকা।

৫। কবি হেমচন্দ্র (সচিত্র)—বঙ্গের সুবিখ্যাত লেখক শ্রীযুক্ত অক্ষয়চন্দ্র সরকার মহাশয় কৃত কবিবর হেমচন্দ্র বন্দ্যোপাধ্যায়ের কাব্যের সমালোচনা। প্রবীণ ও প্রাচীন সমালোচকের এই নূতন গ্রন্থ বাঙ্গালা সাহিত্যে পরম আগ্রহে গৃহীত হইয়াছে। পত্রাঙ্ক ৮৩, কাপড়ের মলাটে বাঁধাই, মূল্য ॥৵০ দশ আনা, সদস্যপক্ষে ।৵০ আনা।

৪। বোধিসত্ত্বাবদান-কল্পলতা—মহাকবি ক্ষেমেন্দ্র-প্রণীত সংস্কৃতভাষার এই কাব্য গ্রন্থখানি এতদিন ভারতবর্ষে দুষ্প্রাপ্য ছিল। ইহাতে ভগবান্ বুদ্ধদেবের বহু অতীত জন্মের বহু অবদান অর্থাৎ উপাখ্যান সঙ্কলিত আছে। তিব্বতের দলইলামার বাড়ীতে কাষ্ঠের পাটায় খোদিত ইহার যে প্রতিলিপি আছে, রায় শ্রীযুক্ত শরচ্চন্দ্র দাস বাহাদুর সি আই ই তাহা হইতে এক প্রস্থ মুদ্রিত লিপি ভারতবর্ষে লইয়া আসেন। বঙ্গের এসিয়াটিক সোসাইটি তাহা মুদ্রিত করিতেছেন। বঙ্গীয়-সাহিত্য-পরিষৎ উহার বঙ্গানুবাদ প্রকাশে প্রস্তুত হওয়ায় শ্রীযুক্ত শরচ্চন্দ্র দাস বাহাদুর উহার অনুবাদের ভার গ্রহণ করিয়াছেন। প্রথম ভাগে ২৫ পল্লব পর্য্যন্ত প্রকাশিত হইয়াছে। পত্রাঙ্ক ২৯১, মূল্য পরিষদের সদস্যগণের পক্ষে ৸০ বার আনা, সাধারণের পক্ষে ১।০ দেড় টাকা। দ্বিতীয় ভাগে ২৬শ হইতে ৪৮শ পল্লব পর্য্যন্ত প্রকাশিত হইয়াছে, পত্রাঙ্ক ২৯৩—৫৫৮; মূল্য পরিষদের সদস্যগণপক্ষে ॥০, সাধারণের পক্ষে ১৲।

৫। মহিলা-ব্রতকথা—শ্রীমতী কিরণবালা দাসী কর্তৃক সংকলিত ও শ্রীযুক্ত রামেন্দ্রসুন্দর ত্রিবেদী-লিখিত ভূমিকা সহিত প্রকাশিত হইয়াছে। ইহাতে এগারটি ব্রতের কথা

আছে। রাঢ়-মহিলারা যে পারিবারিক ভাষায় এই সকল ব্রতকথা আবৃত্তি করিয়া বধূ, কন্যা, নাতিনীগণের সহিত ব্রতাচরণ করেন, অবিকল সেই ভাষায় এই গ্রন্থখানি লিখিত; সুতরাং ব্রতোপাখ্যান ব্যতীত ভাষাতত্ত্বের দিক্‌ হইতেও এই গ্রন্থখানি সুধীগণের গবেষণাযোগ্য হইয়াছে। সাধারণ উপন্যাসের ন্যায় এই গ্রন্থখানি সর্ব্বসাধারণের পক্ষে পাঠে মনোরম হইয়াছে। পত্রাঙ্ক ১৫০। মূল্য সাধারণের পক্ষে ।৵০, পরিষদের সদস্যপক্ষে ।০।

৬। কল্কিপুরাণ—কল্কিপুরাণাবলম্বনে পয়ারাদিচ্ছন্দে ৺ রামলোচন দাশগুপ্ত কর্ত্তৃক রচিত প্রাচীন গ্রন্থ। বর্ণনা অতি প্রাঞ্জল। দিনাজপুরের মহারাজ শ্রীযুক্ত সার গিরিজানাথ রায় কে সি আই ই বাহাদুরের অর্থানুকূল্যে এবং শ্রীযুক্ত নগেন্দ্রনাথ বসু প্রাচ্যবিদ্যামহার্ণব মহাশয়ের সম্পাদকতায় প্রকাশিত। মূল্য সদস্যপক্ষে ॥৵০ আনা, সাধারণের পক্ষে ১৷০ আনা।

৭। জ্যোতিষ-দর্পণ—মুরারীচাঁদ কলেজের অধ্যক্ষ শ্রীযুক্ত অপূর্ব্বচন্দ্র দত্ত, বিএ, এফ্‌ আর মেট্‌ এস্‌ মহাশয়ের রচিত। সহজ বাঙ্গালায় জ্যোতিষ শাস্ত্রের এই নবীন গ্রন্থে খগোল শাস্ত্রের বহু জ্ঞাতব্য বিষয় লিপিবদ্ধ হইয়াছে। পুস্তকখানি সকলেরই বিশেষতঃ শিক্ষার্থিগণের বিশেষ উপযোগী। মূল্য সাধারণের পক্ষে ১॥০, সদস্যগণের পক্ষে ১৲।

৮। প্রাচীন বাঙ্গালা পুথির বিবরণ—চট্টগ্রামের মুন্‌শী আবদুল করিম কর্ত্তৃক সঙ্কলিত। ইহাতে বহু অজ্ঞাতনামা প্রাচীন বাঙ্গালা গ্রন্থের সংক্ষিপ্ত বিবরণ এবং বহু অশ্রুতনামা কবির পরিচয় আছে, বিশেষতঃ চট্টগ্রামের বহু হিন্দু ও মুসলমান কবির এবং তাঁহাদের কাব্যের পরিচয় ইহাতে প্রদত্ত হইয়াছে। প্রথম খণ্ড দ্বিতীয় সংখ্যায় ২০০ পুথির বিবরণ মুদ্রিত হইয়াছে। প্রথম সংখ্যার মূল্য সাধারণের পক্ষে ১৲, সদস্যগণের পক্ষে ॥০, দ্বিতীয় সংখ্যার মূল্যও এইরূপ।

৯। অন্ধকবি ভবানীপ্রসাদ-বিরচিত দুর্গামঙ্গল—সম্পাদক শ্রীযুক্ত ব্যোমকেশ মুস্তফী। অন্ধ কবি মিল্‌টনকে লইয়া ইংলণ্ডের যে গৌরব, এই কবিকে লইয়া বঙ্গদেশ সেইরূপ গর্ব্ব করিতে পারেন। এখানি মার্কণ্ডেয় চণ্ডীর বঙ্গানুবাদ। কবিত্ব-গৌরবও নিন্দনীয় নহে। বহু চেষ্টায় ও যত্নে পরিষৎ এই গ্রন্থখানির উদ্ধার সাধন করিয়াছেন। ডিমাই ১২ পেজী ২৯৪ পৃষ্ঠায় এই গ্রন্থ সম্পূর্ণ হইয়াছে। মূল্য—মূল পরিষদের সদস্য পক্ষে ॥০, শাখা-পরিষদের সদস্য পক্ষে ॥৵০, সাধারণ পক্ষে ১৲।

১০। গৌরপদতরঙ্গিণী—সম্পাদক পণ্ডিত শ্রীযুক্ত জগদ্বন্ধু ভদ্র।—এই প্রকাণ্ড গ্রন্থে শ্রীচৈতন্যসম্বন্ধে প্রায় দেড় হাজার প্রাচীন পদ সঙ্কলিত হইয়াছে। এই সকল পদ বঙ্গের বিখ্যাত পদকর্ত্তাদের রচিত। অনেক পদ নূতন সন্নিবেশিত হইয়াছে। এই পুস্তকের ১৯০ পৃষ্ঠাব্যাপী বৃহৎ ভূমিকায় ঐ সকল পদকর্ত্তাদের পরিচয় প্রদত্ত হইয়াছে। এই ভূমিকায় বৈষ্ণব-সাহিত্যের ধারাবাহিক ইতিহাস পাওয়া যাইবে। পরিশিষ্টে অপ্রচলিত শব্দের অর্থসহ নির্ঘণ্ট আছে। পত্রাঙ্ক ৫৬৮, মূল্য ১৲ এক টাকা মাত্র।

পরিষদ্‌গ্রন্থাবলী—সং ৩৮

বাঙ্গালা ভাষা

দ্বিতীয় ভাগ

বাঙ্গালা শব্দ-কোষ

(চতুর্থ খণ্ড)

শ্রীযোগেশচন্দ্র রায়, এম এ, বিদ্যানিধির

সঙ্কলিত

লালগোলাধিপতি

রাজা রাও শ্রীযুক্ত যোগীন্দ্রনারায়ণ রায় বাহাদুরের

অর্থানুকূল্যে

কলিকাতা

অপার সারকুলার রোডের ২৪৩।১ নং বাড়ীতে, বঙ্গীয় সাহিত্য-পরিষৎ হইতে

শ্রীরামকমল-সিংহের

প্রকাশিত

সন ১৩২২

মূল্য—{ পরিষদের সদস্যের পক্ষে ।৵০ দশ আনা
সাধারণের পক্ষে ১৲ এক টাকা

সত্য ত্রেতা দ্বাপর কলি নামক দীর্ঘ কাল ; দীর্ঘকাল ; পুরুষকাল, প্রঃ—মান্ধাতা-যুগের কথা ; চারি অঙ্ক। চারি যুগ, চৌদ্দ যুগ···অতি দীর্ঘকাল।

যুগপতি, জুগপতি (গ্রা°, শুং গ্রন্থ)···যোগপতি।

যুগী···ষ্য. (স° যোগী হইতে)। জাতিবিশেষ। স্ত্রী° যুগীনী। যোগী জাতি পূর্বকালে তান্ত্রিক বৌদ্ধ ছিলেন। বর্তমানেও গোরক্ষ-নাথ মীননাথ প্রভৃতির শিষ্য মনে করেন।

যুঝ, জুঝ ··ধাতু. (স° যুধ ধাতু যুদ্ধ করা)। যুঝি—যুদ্ধ করি। যোঝা, যুঝা। যুঝারী ···ষ্য. (স° যুধা+কারী)। যুদ্ধকারী। যুঝারিয়া···ণ. (যুঝারী+ইয়া)। যুদ্ধকারী, প্রঃ—যুঝারিয়া ভেড়া (কবিকঃ)। (জুঝ্ ধাতু দেখ)।

যুদ্ধ ··ষ্য. (স°)। রণ। যুদ্ধ-বিগ্রহ ··ষ্য. (স° যুদ্ধ, বিগ্রহ। সহচর শব্দ)। যুদ্ধ ও কলহ।

যুনানী···ণ. (স° যবন হইতে)। গ্রীক-যবন-জাতি সম্বন্ধীয়। যুনানী চিকিৎসা···গ্রীক আয়ুর্বেদমতে চিকিৎসা।

যুয়া···ধাতু. জুয়া ধাতু দেখ।

যুই···জুই দেখ।

যূষ···ষ্য. (স°)। কাথ, ঝোল।

যে, (গ্রা° জে) ··সর্বনাম. (স° যদ্। ও° যে, হি° জো, ম° জো)। ব্যক্তি বস্তু বিষয় নির্দেশে। যে—পরে সে বসে। মাগো যে স্থানে যিনি হয়। যে যে···নির্দেশে 'সমস্ত'। যে-সে ··অপ্রসিদ্ধ ব্যক্তি বস্তু ও বিষয় উল্লেখে, সকলে, প্রঃ—যে-সে এ কাজ করিতে পারে। যে-কেহ···যে-সে। যেই··· যে-কেহ। যে বা···যে সম্ভাব্য ব্যক্তি ; যাহা বা। অন্য কারকে যে স্থানে যা, যাহা (দেখ) হয়।···ব্য. বাক্য-উপন্যাসে, প্রঃ—সে বলিল যে পারিবে না ; হেতু-নির্দেশে, প্রঃ—তুমি যে বলিয়া ফেলিলে তাই শুনিলাম, তুমি যে বলিলে—যে হেতু তুমি বলিলে। প্রশ্নে, যে···নিন্দায়, অন্যথা-ভাবে, প্রঃ—তোকে যে বারণ করিলাম,—কিন্তু শুনিলি নি। যেই, যাই···ব্য. যে হেতু, প্রঃ—"ভাল হোক্ হোক্ ওহে গিরি, যাই আমি নারী তাই ভুলি বচনে॥" ; যে ক্ষণে, প্রঃ—যেই বাহির হওয়া অমনই বর্ষা। যে, য়ে (প্রাচীন বা°তে য়ে বানান) ···ব্য. যেহেতু, প্রঃ—শুন বাপা তোমারে করি য়ে অভিমান (কবিকঃ), সব কথা কহিয়ে তোমারে (চণ্ডীঃ) ; পাদপূরণে, প্রঃ—গুরুজন মাঝে যদি থাকিয়ে বসিয়া (চণ্ডীঃ)। (প্রাচীন বৈষ্ণব সাহিত্যে য়ে প্রচলঃ ছিল। ব্যাকরণ দেখ)। যেখন··· যখন দেখ। যে বড়···ব্য. (প্রশ্নে, বিস্ময়ে) নিন্দায়, প্রঃ—তুমি যে বড় বারণ করিয়া-ছিলে ?—তোমার বারণ মানে নাই ; তুমি যে বড় এলে ?—তোমার আসিবার আশা ছিল না।

যেথা···ব্য. (স° যত্র। যথা দেখ)। যেখানে। যেথা পরে সেথা বসে। যেথা সেথা ঘুরিয়া বেড়ায়—যত্র তত্র। (যেথা স্থানে যেথায় ঠিক নহে। যথা তথা কোথা দেখ)।

যেন···ব্য. (স° যদ্ শব্দের তৃতীয়া বিভক্তি যেন হইতে। জনু দেখ। ও° যেন্নে, ম° জণু)। যদ্দ্বারা, প্রঃ—আসন পাত যেন দশজনের স্থান হয়, আশীর্বাদ করুন যেন দীর্ঘজীবী হয় ; (স° যথা হইতে স°প্রা° জেম), সাদৃশ্য, উপমায়, প্রঃ—মুখ যেন

চাঁদ ; শঙ্কায়, প্রঃ—গাছে চড়িবে যেন পড়িও না। (২) যেমন, প্রঃ—যেন রূপ তেন গুণ উত্তম বেভার (কবিকঃ), যেন মতে (কবিকঃ)—প্রাচীন যেমন্ত।

যেমন···ব্য. (প্রাচীন যেমন্ত, ও॰ যেমন্ত। যে-বৎ—যেমন্ত, ত লোপে যেমন, ন লোপে যেমত। হি॰ ম॰ জৈসা—যে সদৃশ)। যে মতন, যেরূপ। যেমন পরে তেমন বসে। প্রঃ—রাম যেমন শ্যাম তেমন। যেমনই ...ব্য. যে মতনই। যেমন-তেমন···সামান্য, প্রঃ—যেমন-তেমন চাকরি ঘরে ব'সে ঘি-ভাত। যেমন, যেমনি ··ব্য. (স॰ যস্মিন্—কালে। প্রাচীন ও॰ যেসন)। যে সময়ে, প্রঃ—যেমন দেখা অমনই পলায়ন।

যৈছন···ব্য. (বোধ হয় স॰ যস্মিন্ হইতে হি॰ যৈস্যা। কিন্তু ছন—ন আসে কেন? যেমন সাদৃশ্যে?)। যেমন। (প্রাচীন পদে)। ...(স॰ যৎক্ষণ, যস্মিন্‌কালে হইতে)। যে ক্ষণে (প্রাচীন পদে)। যৈছনে পরে তৈছনে হইত।

যো···সর্বনাম. (স॰ যদ্ হইতে যঃ—যো। তু॰ হি॰ জো)। যে, যিনি (প্রাচীন পদে)। যো পরে সো বসিত। যোই···যে-ই। যোই পরে সোই বসিত।

যো···জো দেখ।

যোগ···ষ্য. (স॰। যোগ শব্দ স॰ কোষে দেখ)। যোগ-যাগ···(যোগ — চিত্তবৃত্তি-নিরোধ, বশীকরণোপায়, যাগ—হোম)। যোগ ও যাগ, প্রঃ—পলাইছে যোগিকুল যোগ-যাগ ছাড়ি (মেঘনাদবধঃ) ; উপায়। যোগে-যাগে কাজ সারা—যথা আবশ্যক উপায় না করিয়া। যোগ-সাযোগ···ষ্য. (স॰ সহযোগ হইতে সাযোগ ; সহচর শব্দ)। মিলন বা সংযোগ। যোগাড়···জোগাড় দেখ। যোগ···ধাতু. (জোগা ধাতু দেখ)। যোগাই—মিলিত করি, একত্র কিংবা উপস্থিত করি। যোগান, যোগানা॥ মন যোগানা—অন্যের ইচ্ছানুরূপ কর্ম করা। যোগান···ষ্য. সঙ্ঘটন ; একত্রকরণ ; অনুসরণ। যোগান দেওয়া—পরে পরে আসা। যোগান ধরা—অনুগমন।

যোগিয়া···ষ্য. (স॰ যোগ্যা)। রাগরাগিণী দেখ।

যোগী···ষ্য. (স॰ যোগিন্)। যোগী তপস্বী, (স্ত্রী॰ যোগিনী) ; যুগী জাতি।

যোগ্য···ণ. (স॰)। উপযুক্ত ; সমর্থ। অযোগ্য ···ণ. (স॰)। অনুপযুক্ত। নিযোগ্য···ণ. (বা॰ নি+যোগ্য)। যোগ্যতাহীন। যোগ্যতা ···ষ্য. (স॰)। উপযুক্ততা ; ক্ষমতা, প্রঃ—কিঞ্চিৎ যোগ্যতা তার নাই (ভাঃ)।

যোড় ··জোড় দেখ।

যোড়া···জুড় ধাতু, জোড়া দেখ।

যোত···জোত দেখ। (স॰ যোত্র, যোক্ত্র)। রথ লাঙ্গলাদির অশ্বগবাদির গলে বন্ধন-রজ্জু।

যোত্র···জোত্র দেখ।

যোয়ান···জোয়ান দেখ।

যৌথ ··ণ. (স॰ যূথ হইতে ইদানী রচিত। কিন্তু যূথং তির্যক্-সমূহে—মেঃ। মানুষসমূহ অর্থ সংতে নাই)। গোষ্ঠী-সম্বন্ধীয়, যেমন যৌথ কারবার—অনেকে মিলিয়া।

র।

র...ষ্য. (সং)। ব্যঞ্জন-বর্ণ, অক্ষর-বিশেষ।

র...ধাতু. রহ দেখ।

রং...রঙ্গ দেখ।

রআক, রোআক...রক দেখ।

রই-ঘর...ষ্য. (রহ ধাতু থাকা হইতে)। পুকুরের ভাঁড়ার বা মধ্যভাগের গভীরতম স্থান যেখানে চারিদিকের দ্রব্য গড়াইয়া গিয়া রহে,—প্রঃ—শুং পুঃ। (২) নৌকার ঘর, ছইঘর, প্রঃ—কবিকঃ।

রওয়ানা, রআনা...ষ্য. (ফাং রবানা)। যাত্রা, গমন, প্রেরণ।

রক, রোআক...ষ্য. (সং রুণ্ডিকা)। দ্বার-পীণ্ডী। (রকের উপর খোলা থাকে, বারাণ্ডার উপরে ছাত থাকে। পাকা না হইলে রক বলা যায় না)।

রকম...ষ্য. (আং। তুং সং ক্রম)। ক্রম, প্রকার; অংশ, প্রঃ—দশ আনা রকম ফশল। রকমারি...ণ. (আং রকমবার—পৃথক্ পৃথক্)। নানাবিধ। রকম-সকম...ষ্য. (সকম—উপচর শব্দ)। প্রকার, ভঙ্গি; হাবভাব।

রক্ত...ষ্য. (সং)। শোণিত; আর্তব; রক্ত-বর্ণ। রক্ত ফিক দিয়া পড়া—বেগে। মুখ দিয়া রক্ত উঠা—প্রায়ই কঠিন রোগ-বিশেষে। রক্ত-অতিসার, রক্তাতিসার...ষ্য. (সং)। যে অতিসার রোগে রক্ত নির্গত হয় (blood diarrhœa)। রক্ত আলু ...লাল আলু, রাঙ্গা আলু। আলু দেখ। রক্তোৎপল, রক্তকমল (গ্রাং রক্ত কম্বল)...ষ্য. (সং)। (পদ্ম নহে) কুমুদতুল্য পুষ্প-বিশেষ, কিন্তু গাঢ় রক্তবর্ণ। (Nymphœa rubra)। পাতা তাম্রবর্ণ। রক্ত-করবী...করবী দেখ। রক্ত-কাঞ্চন...কাঞ্চন দেখ। রক্ত-কিঙ্কিরী (গ্রাং রক্ত কিঙ্কিনী)...ণ. (সং কিঙ্কির—রক্তবর্ণ)। রক্তবর্ণ, বহু রক্তময়, প্রঃ—মাথা কাটিয়া রক্তকিঙ্কিরী—কাটা স্থান হইতে এত শোণিত নির্গত হইয়াছে। রক্ত-ঘরা...ষ্য, হৃৎপিণ্ড, রক্তাশয়। রক্ত-চন্দন...চন্দন দেখ। রক্ত জবাফুল...জবা ফুলের তুল্য উজ্জ্বল রক্তবর্ণ। রক্ত-চিতা...লালচিতা দেখ। রক্ত-পাত...ষ্য. (সং)। দেহের রক্ত পড়া; হত্যা। রক্ত-পিত্ত...ষ্য. (সং)। আয়ুর্বেদোক্ত কঠিন রোগবিশেষ (hæmatemesis)। পিত্ত বিদগ্ধ হইয়া রক্তদোষ জন্মায়। ইহাতে রক্ত অধো- কিংবা উর্দ্ধ-দিকে নির্গত হয়। রক্ত বীজ...ষ্য. (সং রক্তবীজ)। শ্রীচণ্ডীমাহাত্ম্যে এক অসুরের নাম। ইহার দেহের এক বিন্দু রক্ত ভূমিতে পড়িলে ইহার সদৃশ আর এক অসুরের উৎপত্তি হইত। রক্তবীজের বংশ, ঝাড়...যাহার বহু সন্তান আছে, উপমায় ছারপোকা, কারণ ছারপোকার বহু ডিম্ব হয়। রক্ত ভাঙ্গা—পোয়াতীর প্রসবের পর কয়েক দিন যে অল্প রক্ত নির্গত হয় (lochia)। রক্তিমা...ষ্য. (সং রক্তিমন্)। রক্তবর্ণতা।

রক্ষ...ধাতু. (সং রক্ষ ধাতু)। রক্ষি—রক্ষা পালন করি, শত্রু হইতে রক্ষা করি (পদ্যে)। রক্ষা॥

রগ...ষ্য. (ফাং। তুং উর্দ্ধগ)। শিরা, ললাটের দুই পাশের শিরা (temporal artery)। রগ টন্-টন, দপ্-দপ করা—

রক্ত উর্ধ্বগ হইয়া। রগ ধরা—রক্তাধিক্য-হেতু রগের স্ফীতি।

রগড়···ষ্য. (স° দ্রগড—বৃহৎ ঢক্কা)। বৃহৎ ঢাক (ইদানী নাম অপ্রচলঃ), প্রঃ—দগড়ে রগড় দিতে তিন লক্ষ কাঁসি (কৃত্তিঃ); রগড়ে কাটি পড়া - ঢাক বাজানা, প্রঃ—দগড় রগড় ঘন বাজে (ভাঃ)—দগড় রগড় —বড় বড় ঢাক। (২) ঢাকে কাটি দিয়া ঘষিয়া ঘষিয়া বাদ্য; ইহা হইতে, মজা, কৌতুক।···ধাতু (হি° ম°·তেও)। রগড়ি—ঘর্ষণ, মর্দন করি, প্রঃ—থালা রগড়িয়া মাজা। রগড়া॥ রগড়া-রগড়ি···পরস্পর ঘর্ষণ, আকর্ষণ। রগড়া···ধাতু. (রগড় হইতে রগড়া ধাতুই ঠিক)। রগড়াই—ঘর্ষণ, মর্দন করি। রগড়ানা, রগড়ানি॥ প্রঃ—পাথরে পা রগড়ানা, হাতে করিয়া চোখ রগড়ানা। রগড়িয়া···ণ. (রগড়+ইয়া)। কৌতুকশীল।

রগ্-রগ···ব্য. (স° রগ ধাতু আস্বাদে। বোধ হয়, স° রক্ত রাগ হইতে। গর্-গর দেখ)। তীব্রতায়, প্রঃ—ঝালে রগ্-রগ করিয়া মাছ রাঁধা। রগ-রগা, রগ্-রগিয়া···ণ. দীপ্তিশালী, প্রঃ—রগ্‌রগা লাল।

রগি···রাগি, মারুয়া দেখ।

রঙ্ক···ণ. (স°। রঙ্কঃ কৃপণমন্দয়োঃ—মেঃ)। কৃপণ; ইতর নীচ, প্রঃ—কবিকঃ। (ইদানী বা°তে অপ্রচলঃ, ও° হি°তে চলিত)।

রঙ্গ্, রং···ষ্য. (স° রঙ্গ। রঙ্গো না রাগে নৃত্যে রণক্ষিতৌ অস্ত্রী ত্রপুণি—মেঃ। রঙ্গ্ পরিবর্তে রঙ্ বানান নদীয়ার ভাখাভেদে। রঙ্গ্, রঙ্ উভয় শব্দেই হলন্ত উচ্চারণ। এ কারণ হলন্ত চিহ্নযোগ আবশ্যক হয়। রাঙ্গা দেখ)। রঞ্জক দ্রব্য (dye, pigment); বর্ণ; অঙ্গভঙ্গি সহ কৌতুক; তাসখেলায় নির্বাচিত বর্ণ। কাঁচা রং···অস্থায়ী যাহা ধুইলে কিংবা রোদ পাইলে ক্রমশঃ অদৃশ্য হয়। পাকা রং···স্থায়ী। জল-রং··· জলে যে রঞ্জক দ্রব হয়, জল দিয়া শীলায় মাড়া রঞ্জক। তেল-রং···তেলে মিশ্রিত রঞ্জক, তেল দিয়া শীলায় মাড়া রঞ্জক। রং-করা···ণ. রঞ্জিত। রং আনা—অভিপ্রেত বর্ণ উৎপাদন। রং উতারা—অভিপ্রেত বর্ণ উৎপন্ন হওয়া। রং করা—রঞ্জক লেপন, রঞ্জিত করা। রং খোলা—রঙ্গের দীপ্তি আসা। রং চড়ানা—পুরাতনের উপরে নূতন রং লেপন। রং ধরা—গাত্রে রঞ্জক সংলগ্ন হওয়া। রং, রঙ্গ্ দেখা—নৃত্যগীত-সহ অভিনয় কিংবা অঙ্গভঙ্গি-সহ কৌতুক দেখা। রঙ্গ্-আলা···(বা°আলা প্রত্যয়)। রঙ্গ্‌বিশিষ্ট, রঞ্জকদ্রব্যবিক্রেতা। রঙ্গ্-চঙ্গ···ণ. (স° চঙ্গ—শোভন। হি° রঙ্গী জঙ্গী)। রঙ্গ্-হেতু সুন্দর, সুন্দর রঙ্গযুক্ত, প্রঃ—শিব এল বলে যায় যত রঙ্গচিঙ্গা (ভাঃ)—রঙ্গচঙ্গা, কিংবা রঙ্গে—কৌতুকে দক্ষ যে (স° চঙ্গ—দক্ষ)। রঙ্গ্-কার··· ষ্য. (স°)। রঞ্জকদ্রব্যকারক, রঞ্জকদ্রব্য-বিক্রেতা। রঙ্গ্-রেজ···ষ্য. (ফা°তেও রঙ্গ। ফা°)। রঙ্গাজীব। রঙ্গ্-সাজ··· ষ্য. রঞ্জকদ্রব্যাদি। রং-বে-রং···নানাবর্ণ। রং-তামাসা···ষ্য. অঙ্গভঙ্গি সহ তামাসা, হাস্য-কৌতুক (সহচর শব্দ)। রঙ্গ্···ষ্য. (স°)। নৃত্যাদি সহ অভিনয়; হাস্যকৌতুক; রীতি, ঢঙ্গ্ (রঙ্গ্ হইতে ঢঙ্গ্ ?)। রঙ্গের

কথা, রঙ্গ্ দিয়া কথা বলা—নাটকাদির অভিনয়ের তুল্য কথা, রসযুক্ত কথা। রঙ্গ-ভঙ্গ্…ষ্য. (সং)। অভিনয়, কৌতুক। রঙ্গ-মঞ্চ…ষ্য. (সং। স্থানং নাট্যস্থ রঙ্গঃ স্যাৎ—হেমঃ)। নাট্যশালা, রঙ্গশালা। রণ-রঙ্গ…ষ্য. (সং)। রণক্রীড়া; রণ-স্থান। রঙ্গ রস…ষ্য. (সং)। লীলা, সুখভোগ; আমোদপ্রমোদ। রঙ্গণ…ষ্য. (?)। আচ্ছু-কাদিবর্গের পুষ্পক্ষুপবিশেষ (Ixora coccinea)। পুষ্প রক্তবর্ণ, চতুর্দল, অনেক গুচ্ছাকারে ধরে। কেহ কেহ ইহা বাঁধুলি মনে করেন। কিন্তু প্রঃ—কবিকঃ, বোঁটা সহ রঙ্গণে পুরিয়া দিল শর (ভাঃ)—এখানে বান্ধুলী হইতে পারে না। বোঁটা—পাথড়ীর দীর্ঘ নল। রঙ্গণী…ষ্য. (আধুনিক নাম)। হরীতক্যাদি বর্গের পুষ্পলতাবিশেষ (The Rangoon creeper. Quisqualis indica)। ব্রহ্ম ও মালয় দেশের লতা। বাগানে, বিশেষতঃ তোরণের নিমিত্ত পালিত হয়। জোড়া জোড়া পাতা দীর্ঘাকার। ফুল পঞ্চদল, পুং কেশর ১০। ফুল প্রথমে শাদা পরে লাল হয়, রাত্রে সুগন্ধ। রঙ্গা…ধাতু. রঙ্গাই—রঞ্জিত করি। রঙ্গানা॥ রঙ্গিন…ণ. (সং রঙ্গিন্)। সুরঞ্জিত, প্রঃ—রঙ্গিণ আলতা পায় (জ্ঞান দাস), বাম কাঁধে নিল মাতা রঙ্গিণ চুপড়ি (কবিকঃ)। রঙ্গিনা…ষ্য. পাট-তসর-কাপাস মিশ্রিত বস্ত্র। রঙ্গিনী…ষ্য. (১) রঙ্গকারী সঙ্গিনী। (২) (আধুনিক নাম)। তোরণাদির নিমিত্ত বিদেশী পুষ্পলতা-বিশেষ (The Sandwich island creeper. Antigonon leptopus)। পাতা পানের মতন। ফুল গোলাপী, ত্রিদল। ফুলের শীষের অগ্র প্রতানে পরিণত হয়। বর্ষা ও শীতকালে ফুল ধরে। রঙ্গিল, রঙ্গিলা…ণ. (হিং)। রঙ্গিন্ (বাংতে প্রায় প্রয়োগ নাই)। রঙ্গিয়া…ণ. (রঙ্গ+ইয়া)। আমোদপ্রমোদশীল, প্রঃ—জ্ঞানদাস।

রচ…ধাতু. (সং রচ ধাতু)। রচি—প্রস্তুত করি, নির্মাণ করি; নিবন্ধ করি। রচনা, রচা॥ রচা কথা…মনঃকল্পিত কথা। রচা…ধাতু. (রচ ধাতু আস্তে)। রচানা॥

রজক…ষ্য. (সং। সং রঞ্জ ধাতু। সংতে রজক শব্দের এক অর্থ রঞ্জক)। ধোবা। স্ত্রী° (সং) রজকী, রজকিনী (পদ্যে)। (রজক বস্ত্র ধৌত করিয়া রঞ্জিত করিত)।

রজন…ষ্য. (ইং rosin, resin)। বিশুদ্ধ ধুনা।

রজনীগন্ধা…ষ্য. (রচিত নাম। ফাং গুল-সব্‌-বো। ফাং গুল—ফুল; ফাং সব, সং শর্বরী, ফাং বো, সং বঃ—গন্ধ। রাত্রি-কালে যাহা গন্ধ বিকীর্ণ করে)। উদ্যানজাত পুষ্পশাকবিশেষ (Tube rose. Polianthes tuberosa)। কন্দ হইতে গাছ হয়। বর্ষাকালে লম্বা শীষে জোড়া জোড়া শাদা মধুরগন্ধ ষট্‌দল ষট্‌কেশর ফুল হয়।

রজপুত…ষ্য. (সং রাজপুত্র)। হিন্দু জাতি-বিশেষ। স্ত্রী° রজপুতনী।

রঞ্জক…ষ্য. (সং)। বস্ত্রাদি রঙ্গকারক; কামান বন্দুক আতস বাজি প্রভৃতিতে আগুন লাগাইবার অগ্নিচূর্ণ। রঞ্জক-ঘর… কামান বন্দুকের বারুদের মুখ।

রট···ধাতু. (সং রট ধাতু)। রটি—ঘোষিত, কথিত হই, (প্রায়ই নিন্দার্থে), প্রঃ—তার সনে দেখা নাই রটে মিছা কথা গো (চণ্ডীঃ)। রটনা, রটা ॥ যা রটে তা বটে —যাহা ঘোষিত হয়, তাহাতে কিছু সত্য থাকে। রটা···ধাতু. (রট ধাতু আস্থে)। রটানা ॥ রটানিয়া, রটান্যে ··ণ. (রটানা+ইয়া)। যাহা রটানা হইয়াছে, যে কুৎসা রটায়।

র-ঠ···ব্য. (রহ ও স্থা ধাতু হইতে)। রহিয়া-থাকিয়া, অর্থাৎ বিলম্ব করিয়া, প্রঃ—র-ঠ করিয়া কাজ করা—রহিয়া বসিয়া।

রড়···ষ্য. (সং রণ ধাতু গতি, শব্দে। সং রণ হইতে পলায়ন, গতি (সং, শব্দরত্নাবলী)। দৌড়,প্রঃ—বরযাত্রগণ লইয়া জীবন পলাইল দিয়া রড় (ভাঃ), ধায় রড়ারড়ি (ভাঃ)—দৌড়াদৌড়ি, প্রঃ—আইল রড়ে রথ স্বর্ণচূড় (মেঘনাদবধঃ)। (রোল, লড় দেখ)।

রণ···ষ্য. (সং)। সংগ্রাম। রণ্-রণ, রঁ-রঁ ···ব্য. (সং রণ ধাতু শব্দে)। ঢাকাদিতে ঘর্ষণ-জনিত শব্দে। রুণু-রুণু···ব্য. স্বর্ণাদি অলঙ্কারের শব্দে। রণ-কুয়াসা···ষ্য. গ্রীষ্ম-কালে রোদের সময় আকাশে কুহা-সদৃশ অবস্থা। যুদ্ধকালে ধূলি উঠিয়া বায়ুকে যেমন রজোময় করে রণকুয়াসায় আকাশ তেমন হয়। রণ-পা···ষ্য. (ওংতেও)। বাঁশের দুই দীর্ঘ পদ যাহাতে চড়িয়া বহু পথ দ্রুত যাইতে পারা যায়। রণ-মশাল··ষ্য. (আতস বাজি দেখ। ওং নাম চন্দ্রোদয় বাণ)। প্রখর আলোর অগ্নিচূর্ণের বর্তিকা (Bengal fire)। রণ-মুখা···ণ. রণভূমির দিকে মুখ যার। রণমুখা সিপাই···যে গন্তব্য পথ মাত্র দেখে। রণ্ রণি···স্বর্ণাদি অলঙ্কারের ধ্বনি, প্রঃ—রণ-রণি কঙ্কণ কিঙ্কিণী রটই (বিদ্যাপতি), প্রায়ই রুণু-রুণু।

রতন···ষ্য. (সং রত্ন)। রত্ন; শ্রেষ্ঠ, যেমন মানুষের নামে, নীলরতন, রতনমণি। রতন-চূর···ষ্য. রত্নময় চূড়া, হাতের অনুকরণে করতলের পৃষ্ঠের সোনার ভূষণবিশেষ। রতনদীপ···ষ্য. রত্ননির্মিত দীপ, দীপসদৃশ উজ্জ্বল রত্ন।

রতি··ষ্য. (সং রক্তিকা)। গুঞ্জা (ওজন দেখ)।

রতুয়া, রত্যো···ণ. (রহিত+উয়া ? রদী হইতে ?) অকর্মণ্য, কর্মবাহ্য, যেমন রঃ মাল।

রত্তি ··ষ্য. (সং রক্তিকা)। গুঞ্জাবৎ অল্প পরিমাণ, অত্যল্প মান। এক রত্তি ছেলে ··ক্ষুদ্র শিশু।

রত্ন ··ষ্য. (সং)। বহুমূল্য দ্রব্যবিশেষ, যথা, হীরা মাণিক নীলা পান্না পুখরাজ গোমেদ মুক্তা পলা। ইহার মধ্যে হীরা মাণিক নীলা পান্না মুক্তা মহারত্ন; পুখরাজ গোমেদ স্বল্পরত্ন; পলা উপরত্ন। (২) মুখ্য রত্ন হীরার যেমন কোণ থাকে, তৎসাদৃশ্যে মন্দিরের চূড়া, প্রঃ—পঞ্চরত্ন ··পাঁচ চূড়াবিশিষ্ট মন্দির। নবরত্ন ···ষ্য. নয় প্রসিদ্ধ রত্ন; কালিদাসাদি নয় প্রসিদ্ধ পণ্ডিত; নয় চূড়াবিশিষ্ট মন্দির।

রথ···ষ্য. (সং)। গাড়ী; যুদ্ধরথ; রথী, বীর। রথ দেখা আর কলা বেচা—রথযাত্রা দেখা আর কদলী বিক্রয়—দুইই এককালে সম্পাদন। রথ-যাত্রা···জগন্নাথ দেবের রথ-ভ্রমণ-যাত্রা (আষাঢ় শুক্ল দ্বিতীয়া তিথিতে)। রথী···ষ্য. (সং রথিন্)। রথারোহী বীর; প্রধান বীর; নায়ক। মনোরথ···ষ্য (সং)।

মনের রথ ; কাম্য। মহারথ···ষ্য. (সং)। বৃহৎ শ্রেষ্ঠ রথ বা গাড়ী ; প্রধান বীর। মহারথী···ষ্য. (মহা+রথী। বাং)। মহারথ।

রদ ··ণ. (আং)। পরিবর্তিত, যেমন আইন রদ হওয়া, কথা রদ করা। রদী···ণ. (আং রদ্দী)। বিনষ্ট, উচ্ছিষ্ট, পরিত্যক্ত, যেমন রদী কাগজ, রদী মাল।

রঁদ ··ষ্য. (ইং round) পালাক্রমে পাহারা। কনষ্টবল রঁদে যায়—গ্রামের যে অংশ পাহারা দিবার কথা, সে অংশে ভ্রমণ করে। (২) বেড়া, প্রঃ—বাগানে রঁদ দেওয়া (সং রোধ ? রোঁধ দেখ)।

রন্ধ্র···ষ্য. (সং)। ছিদ্র ; দোষ, ত্রুটি ; জ্যোতিষে লগ্ন হইতে অষ্টম গৃহ। রন্ধ্রগত শনি···শনি গ্রহ অষ্টম গৃহে মরণ করে ; মৃত্যু আসন্ন।

রপট ··ষ্য. (রপ্ত হইতে)। বৃথা ভ্রমণাদি, পরিশ্রম, বৃথা ভ্রমণ।

রপ্ত···ষ্য. (আং দুই বস্তুর সংযোগ, আং রব্‌ত —সংযোগ, অভ্যাস)। অভ্যাস।

রপ্ত-রপ্ত ··ব্য. (ফাং রফ্‌ত রফ্‌ত। ফাং রফ্‌তন —গমন। তুং সং রফ ধাতু গতি)। ধীরে ধীরে, যেমন রপ্তে রপ্তে চলা।

রপ্তানি ··ষ্য. (ফাং)। স্বদেশী দ্রব্যের বিদেশে গমন (আমদানির বিপরীত), চালান।

রফা ··ষ্য. (আং)। নির্ধারণ ; সন্ধি, নিষ্পত্তি ; রফা-নামা ··ষ্য. সন্ধিপত্র। রফা-নিষ্পত্তি ·· ষ্য. (সহচর শব্দ)। মিলন, নির্ধারণ। দফা রফা করা—নিষ্পত্তি করা, নষ্ট করা।

রবর (গ্রাং রবট)···ষ্য. (ইং rubber)। আসাম প্রদেশের আঠা বটের ও অন্য অন্য দেশের অন্য গাছের ক্ষীর ; এই ক্ষীরপিণ্ড যাহা ঘষিয়া পেনসিল ও কালীর লেখা উঠাইতে পারা যায় ; রবরের সুতা।

রব···ষ্য. (সং রব)। শব্দ ; ঘোষণা। রব্‌-রবা··· ষ্য. (রব+আ)। খ্যাতি ; ঘোষণা ; প্রতাপ।

রবাব···ষ্য. (ফাং)। বেহালার তুল্য বাদ্য-যন্ত্রবিশেষ। কাঠি দিয়া বাজানা হয়। (সারঙ্গী বাজাইতে ছড়ী লাগে)।

রবাহূত ··ণ. (সং রব+আহূত)। রব দ্বারা আহূত, নিমন্ত্রিত নহে, স্বয়ং আগত।

রবী, রবি ফসল ··ষ্য. (আং রবী, রবীআ— বসন্তকাল। সং রবি নহে)। ভারতের উত্তর-পশ্চিমাঞ্চলে রবী ফসল—গম যব কলাই বসন্তকালে কাটা হয়। এই হেতু নাম রবীফসল)। কাট ফসল, শীতকালের শষ্য (বর্ষার নহে)।

রভস···ষ্য. (সং। রভসো বেগহর্ষয়োঃ—মেঃ। তুং সং রহস্‌)। কেলিহর্ষ, প্রঃ—কত মধুযামিনী রভসে গোঁয়ায়নু (বিদ্যাপতি) ; হর্ষাধিক্য, প্রঃ—রভস আলিঙ্গনে পুলকিত ভেল (বিদ্যাপতি) ; রতি কেলি। (প্রাচীন পদে)।

রমজান···ষ্য. (আং রমজ্বান)। মুসলমানী নবম মাস। এই মাসে মুসলমানের দিবা-ভোজন নিষিদ্ধ।

রমদা-রমদি ··ব্য. (উর্দু রৌন্দা ? ও রম্বারম্বি। তুং মং রমেটনেঁ জোরে টানা। বাংতে রমদা ধাতু নাই)। টানাটানি, টানাহেঁচড়া।

রমল···ষ্য. (আং)। পাশা লইয়া ফল-জ্যোতিষবিশেষ।

রম্ভা···ষ্য. (সং)। কদলী ; (প্রায়ই) পাকা কদলী, (প্রায়ই) কাঁঠালী কলা। রাম রম্ভা··· রামকলা। রম্ভা কলাই ··ষ্য. (সং রম্ভা)। বরবটী (দেখ)। অষ্টরম্ভা···(আটটি

রম্ভা ? নষ্ট—অষ্ট ?) অষ্টরম্ভা হবে—কিছুই হবে না। ঘরে নাহিক অষ্টরম্ভা…কিছুমাত্র।

রয়নী…ষ্য. (সং রজনী)। রজনী, প্রঃ—রয়নি ছোটি অতি ভীরু রমণী (বিদ্যাপতি)। (অপ্রচলঃ)।

রঁ-রঁ…রণ দেখ।

রলা…ষ্য. (সং রাল—সর্জরস, সাল)। সাল গাছ, সরু সালকাঠ।

রশি…ষ্য. (সং রশ্মি)। রজ্জু ; ৮০ হাত দীর্ঘ মাপরজ্জু ; ৮০ হাত। রশা…মোটা রশি। রশা-রশি…দড়াদড়ী।

রস…ষ্য. (সং। রসো গন্ধরসে জলে শৃঙ্গারাদৌ বিষে বীর্যে তিক্তাদৌ দ্রব-রাগয়োঃ দেহধাতুপ্রভেদে চ পারদস্বাদয়োঃ পুমান্—মেঃ)। দ্রব, যেমন গাছের ; জল, যেমন মাটির রস ; স্বাদ ; কটু অম্ল মধুর লবণ তিক্ত কষায় রস ; ইষ্ট বিষয়ের প্রতি অনুরাগ, প্রঃ—কানু রসবন্ত (বিদ্যাপতি) —রসিক ; ভাব ; শৃঙ্গার (বা আদি) হাস্য করুণ রৌদ্র বীর ভয়ানক অদ্ভুত বীভৎস শান্ত নবরস, বাৎসল্য সহিত দশ রস ; দ্রব্যের বীর্য ; গুণ ; ভুক্ত অন্ন পক্ক হইলে সার হইয়া দেহের রস ; বীর্য ; পারদ ; উপধাতু ; বিষ ; গন্ধরস (বোল)। রসাঞ্জন…ষ্য. (সং)। সুর্মা ; আন্টিমনি নামক ধাতু। রসায়ন…ষ্য (সং)। এমন ঔষধ যাহাতে যৌবন স্থায়ী করে আয়ুঃ দীর্ঘ করে ; পারদঘটিত ঔষধ ; কিমিতি-বিদ্যা। রসাভাস…ষ্য. (সং)। শৃঙ্গারাদি স্থায়ী ভাবের সদৃশ রস ; অনুচিত রস। রসাত্মক…ণ. (সং)। শৃঙ্গারাদি স্থায়ী ভাব আছে যাহাতে। রস-গ্রহ…ষ্য. (সং)। কাব্যাদির রসের স্বাদ কিংবা ভাবের গ্রহণ। রস-ভঙ্গ…ষ্য. (সং)। ভাববিচ্ছেদ। রসরাজ…ষ্য. (সং)। পারদ ; শ্রীকৃষ্ণ ; রসিক জন। রস…আখের রস ; খেজুরের রস ; চিনী কিংবা গুড় জল। একতার-বন্দ রস—চিনী কিংবা গুড় জল পাক করিয়া এমন গাঢ় যে আঙ্গুলে তুলিলে একটী সূতা হয়। দুইতার-বন্দ রস—যখন দুইটা সূতা কাটে ; তিনতার-বন্দ রস—যখন তিনটা সূতা কাটে। রসকোরা, রসকরা…চিনীর রসে পক্ক নারিকেল-কোরার লাড়ু। রস-গোল্লা…চিনীর রসে পক্ক বাটা ছেনার লাড়ু। (ছেনার দানা বড় থাকিলে—কাঁচাগোল্লা)। রসবড়া…গুড়রসে পক্ক বড়া। রস…পারদ। রসকর্পূর…(সং)। পারদঘটিত ঔষধবিশেষ (perchloride of mercury। ইহার সহিত chloride of mercuryও থাকে)। তপ্ত হইলে কর্পূরের মতন উবিয়া যায়, কিংবা কর্পূরের আকারে পাওয়া যায় বলিয়া নাম। রস-বড়ী…(সং রস—পারদ, বটী)। পারদঘটিত ঔষধ; বিষ-ঔষধ। রস-সিন্দূর…(সং)। পারদ গন্ধক মিলিত করিয়া তাপে বাষ্পীভূত করিলে যে সিন্দূরবর্ণ ঔষধ হয় (sulphide of mercury)। রস…জলীয় রস। রস কষ…(রস+কষায়—নির্যাস। অতএব প্রায় সহচর শব্দ)। জলীয় রস ; দশবিধ ভাব, প্রঃ—কথায় রস-কষ নাই। রস-ভরা…রসপূর্ণ। রস-মরা—রস শুষ্ক রস-কলি…ফুলের কোরক-আকারের তিলক। ইহা দীর্ঘ ও বৈষ্ণবের প্রিয়। (বৈষ্ণব ধর্মে স্থায়ী ভাবের প্রাধান্য থাকায় নাম)। রস-

তড়কা···শিশুর আক্ষেপ রোগবিশেষ (convulsion)। রসে—দেহের রস হেতু অপতানক—রসতানক—রসতড়কা (তড়কা দেখ)। রস···ধাতু. রসি—রসযুক্ত হই, দেহে রসাধিক্য হই, প্রঃ—দেহ রসিয়াছে বলিয়া ভার বোধ; বিকৃত হইয়া রসযুক্ত হই, প্রঃ—বাসি মাছ রসে। রসা॥ রসা···ণ. অল্প জলযুক্ত, আর্দ্র; প্রায় পচা। রস-রসা···ণ. ঈষৎ রসযুক্ত। রসা···ধাতু. (রস ধাতু আছে)। রসানা॥ রসান···ষ্য. (সং রসায়ন)। রস—বিষাদি তীক্ষ্ণ-ঔষধ। রসান করা—কঠিন রোগে বিষপ্রয়োগ। রসান পাথর···কঠিন (বালুকা) প্রস্তর, (agate) যাহাতে ঘষিয়া স্বর্ণ অলঙ্কারের দীপ্তি প্রকাশ করা হয়, প্রঃ—রসানে মার্জিত হেমকান্তি (মেঘনাদবধঃ)।

রসই, রসুই···ষ্য. (সং রসবতী—পাকস্থান—অঃ। হিং রসোই—ভোজ্য। ওং রোসোই)। অন্নপাক, প্রঃ—আমার রসুয়ে আজি করিবে ভোজন (কবিকঃ)—আমার নিমিত্ত যে অন্ন পাক হইবে। রসই ঘর, রসুই ঘর···ষ্য. অন্নপাকশালা। রসই-বাস, রসুই-বাস···ষ্য. (সং রসিত—স্বাদিত; বাসিত—সুবাসিত। বাস অর্থে স্থিতি নহে; আহারান্তে মুখশুদ্ধি বোধ হয়)। অন্নপাক ও ভোজন। রসইয়া, রসুইয়া, রসুয়ে···ণ. (রসই+ইয়া)। অন্নপাককারী, প্রঃ—রসুয়ে বামুন; পাচক। (পাচকী—রসুয়ে নহে, রাঁধনী বা রান্নী), প্রঃ—রসুয়ের কার্য্য (চৈঃ চঃ)—রন্ধন।

রসদ···ষ্য. (ফাং)। ভোজ্য দ্রব্যাদি।

রসলদার···ষ্য. (আং রিসালা—অশ্বারোহী সেনা+ফাং দার)। অশ্বরোহী সেনার নায়ক।

রসিদ···ষ্য. (ফাং রসীদ। ইং receipt হইতে নহে)। প্রাপ্তিস্বীকারপত্র, প্রাপ্তি (ওং পাউতি)।

রসুই···রসই দেখ।

রসুন···ষ্য. (সং। রসোন, রসোনক, রসুন, রসুন—ইত্যাদি নানারূপ আছে। রসেনৈকেন লবণেন (ভরতমতে অম্লেন) উনঃ পঞ্চরসত্বাৎ রসোনঃ—অঃ টীঃ। র ল পরিবর্তনে লশুন?)। পলাণ্ডুসদৃশ প্রসিদ্ধ কিন্তু উগ্র-গন্ধ-বীর্য কন্দবিশেষ (garlic. Allium sativum)।

রসুম···রুসুম দেখ।

রসুল···ষ্য. (আং রসুল)। দূত; ঈশ্বরের দূত। রসুল-ইল্-লাহ্—মহম্মদ।

রসোৎ, রসৌৎ···ষ্য. (হিং। সং রসোদ্ভূত)। দারুহরিদ্রা নামক ক্ষুপবিশেষের মূলের শুষ্ক ক্বাথ। লৌহ-কটাহে দুগ্ধযোগে ক্বাথ করা হয়। লৌহ-যোগ হেতু রসোৎ কৃষ্ণবর্ণ হয়।

রহ,র···ধাতু. (সং অস ধাতু, সংপ্রাং রহ ধাতু। অর্থাৎ অ স্থানে র, স স্থানে হ। রহ ধাতু চারি ভাষাতেই আছে)। রহি, রই—থাকি। (থাকিয়াছিলাম যেমন হয় না, রহিয়াছিলাম তেমন হয় না। এখানে শুদ্ধ পদ, ছিলাম। রহিয়াছি, রয়েছি, রহিব, রইব, প্রায় অপ্রচলঃ হইতেছে)। রহা, রঅা॥ রহিয়া-বসিয়া, রয়ে-ব'সে—অবসরক্রমে, অল্পে অল্পে।

রহন···ষ্য. (আং)। বন্ধক। (বাংতে কদাচিৎ)।

রহস্য···ষ্য. (সং—গোপনীয়)। গোপনীয় বিষয়, দুর্বোধ্য বিষয় ; গোপনীয় কথাবার্তা, গোপ্য বিষয় লইয়া উপহাস।

রহিত···ণ. (সং। সং রহ ধাতু ত্যাগে) বর্জিত।

রহিম···ষ্য. (আং)। পরম-কৃপাময়, ঈশ্বর। রাম রহিম···ষ্য. (সহচর শব্দ)। রাম ও রহিম। রাম ভজি, কি রহিম ভজি—এই মত কি সেই মত ধরি এই চিন্তা।

রা···ষ্য. (সং রাব)। শব্দ। মুখে রা নাই—নির্বাক। সব শিয়ালের এক রা—এক শব্দ। প্রঃ—পক্ষীগণ রা কাড়ে শুনিতে কর্কশ (কৃত্তিঃ লং); মুখে রা নাহি মারীচ ছাড়িল নিশ্বাস (কৃত্তিঃ অরং); আঁখির জলে পথ নাহি দেখি, মুখে না নিঃস্বরে রা (চণ্ডীঃ); আর যদি কাড় রা বসন্তের মাথা খা মদনের শতেক দোহাই (কবিকঃ)। রা-কাড়···ধাতু. (কাড় ধাতু দেখ। সং রাব+কৃ ধাতু)। রাকাড়ি—শব্দ করি, কথা কহি, প্রঃ—এত বলিলাম রাকাড়িল না, পাখী রাকাড়িতেছে। রাকাড়া॥ রাকাড়া···ধাতু. (রাকাড় ধাতু আস্তে)। রাকাড়ানা॥

রাং···রাঙ্গা দেখ।

রাই···ষ্য. (সং রাধি-কা — রাধি—রাই)। শ্রীরাধিকা। (২) (সং রাজি-কা—রাজি—রাই)। সরিষা দেখ। (৩) (সং রাজ—রায়—রাই)। রাজযোগ্য বা বৃহৎ, প্রঃ—রাই বেল—বড় বেলী বা মল্লিকা। (হিং রায় বেল)। দৃষ্টান্তে, রাই কুড়ায়ে বেল—রাই সরিষা বহু একত্র না করিলে বিল্বফল তুল্য বৃহৎ হইতে পারে না, ক্ষুদ্র সমষ্টিতে বৃহৎ। রাই পাকিলে ছাই—পাকিবার পূর্বে সরিষা গাছ উপড়াইয়া কিংবা কাটিয়া লইতে হয়। কারণ শুঁটী পাকিলে সরিষা ঝরিয়া পড়ে।

রাউত, রাহুত···ষ্য. (সং রাজপুত্র—রাজপুৎ। ওং। মং—অশ্বারোহী সেনা)। সৈন্য।

রাউল···ষ্য. (সং রাজ-কুল—(সম্মানে) রাজা। মং রাউল—রাজপ্রাসাদ। তুং দেউল। হিং রাবল)। রাজা ; যোদ্ধা।

রাও···ষ্য. (সং রাজন্ কিংবা সং রাজ্—রাজ—রাঅ—রাও, রায়। হিং রাব)। রাজা, প্রঃ—দেবরাও—দেবরাজ (অপ্রচলঃ)।

রাখ···ধাতু. (সং রক্ষ ধাতু। মং রাখ, হিং ওং রখ ধাতু)। রাখি—রক্ষা করি, প্রঃ—যাকে রাখ সেই রাখে ; পালন করি, প্রঃ—কথা রাখিল না, বনে গোরু রাখিত ; রোধ করি, প্রঃ—রাগিলে তাকে রাখে কে, এখানে গাড়ী রাখে না ; স্থাপন করি, প্রঃ—এখানে বহি রাখ ; উপস্থাপন করি, প্রঃ—বেঙ্কে টাকা রাখে, বাজি রাখা, বন্ধক রাখা ; সেবার্থে নিযুক্ত করি, প্রঃ—চাকর রাখা, বেশ্যা রাখা। রাখা॥ অসুখ রাখা—অসুখ বোধ হওয়া। ভরসা রাখা—ভরসায় থাকা। মনে রাখা, স্মরণ রাখা—বিস্মৃত না হওয়া। রাখনী···ষ্য. (সং রক্ষাপত্নী)। রক্ষিতা (বিবাহিতা নহে) স্ত্রী। রাখা···ধাতু. (রাখ ধাতু আস্তে)। রাখানা॥ রাখাল···ষ্য. (সং রক্ষপাল। কিংবা বাং রাখা+আল। হিং রখবালা, ওং রখু-আল। তুং বাগাল)। গবাদি পশু-রক্ষক, প্রঃ—গাভীর রাখাল (চৈঃ চঃ)। রাখালি···ষ্য. (রাখাল+ই)। রাখালের কর্ম। রাখী···ষ্য. (সং রক্ষা, রক্ষী হইতে)। রক্ষাসূত্র ; শ্রাবণ পূর্ণিমায় ভগিনী দ্বারা

ভ্রাতার হস্তে হরিদ্রাক্ত সূত্র-বন্ধন। রাখী-পূর্ণিমা…শ্রাবণ পূর্ণিমা। রাখী-বন্ধন…পরস্পর প্রীতি রক্ষার অভিপ্রায়ে হস্তে সূত্র বন্ধন।

রাখাল-শসা…ষ্য. (মহাকাল — মাকাল— রাখাল)। মাকাল দেখ।

রাগ …ষ্য (সং রন্‌জ ধাতু রঞ্জন হইতে। রাগস্তু মাৎসর্যে লোহিতাদিষু ক্লেশাদাবনুরাগে চ গান্ধারাদৌ নৃপেঽপি চ—মেঃ)। অনুরাগ, প্রঃ—রাগ-বিরাগ; সন্তোষ, প্রঃ—ভোগ-রাগ; ক্রোধ, মাৎসর্য; তীব্রতা; রঞ্জক দ্রব্যাদির তীব্রতা, প্রঃ – সরিষা-তেলের রাগ ক্রমে কমিয়া যায়, দইর রাগ দেখিয়া দই বসাইতে হয়। (উৎসাহ হইতে) চালের বক্তৃতা, প্রঃ—খড়ের চালে রাগ না দিলে জল কাটে না; রাগরাগিণী (দেখ)। রাগ-দ্বেষ…ষ্য. (সং। সহচর শব্দ)। মাৎসর্য ও দ্বেষ। রাগ না চণ্ডাল…ক্রোধে লোকে চণ্ডালের যোগ্য কর্ম করে। রাগ পড়া, রাগ সামলানা, রাগ করা, রাগ হওয়া, ইত্যাদি ধাতু দেখ। রাগত…ণ. (সং রাগিত)। কুপিত। রাগী…ণ. (সং রাগিন্‌)। কোপন। রাগ…ধাতু. (রাগ শব্দ হইতে। ওং রাগ ধাতু। হিং মংতে নাই)। রাগি—কুপিত হই। রাগা ॥ রাগা…ধাতু. (রাগ ধাতু আস্তে)। রাগানা ॥ রাগ-রাগিণী…ষ্য. (সং রাগ, স্ত্রীং রাগিণী। গানে চিত্ত রঞ্জিত হয় বলিয়া গানের রাগ)। তাললয়-সম্বলিত স্বর-বিন্যাস। প্রাচীন গীতবেত্তারা তৎকালে প্রচলিত স্বরবিন্যাস ছয় মুখ্য ভাগে ভাগ করিয়াছিলেন। এই ছয় মুখ্য ভাগের নাম রাগ। প্রত্যেক রাগ কেহ পাঁচ কেহ ছয় ভাগ করিয়া এক এক ভাগকে রাগের স্ত্রী কল্পনা করিয়া রাগিণী নাম দিয়াছিলেন। ছয় রাগ ছত্রিশ রাগিণী—ইহা চলিত গণনা। কিন্তু দেশ-কাল-পাত্র-ভেদে এই সংখ্যার আধিক্য হইয়াছে। অনেক পুরাতন রাগ বা রাগিণী লুপ্ত কিংবা পরি-বর্তিত এবং অনেক নূতন রাগিণী প্রবর্তিত হইয়াছে। এক মতে ছয় রাগ এই,—ভৈরব, কৌশিক, হিন্দোল, দীপক, শ্রী, মেঘ; অন্য এক মতে,—শ্রী, বসন্ত, পঞ্চম, রব (ভৈরব), মেঘ, নটনারায়ণ; অন্য এক মতে,—মালব, মল্লার, শ্রী, বসন্ত, হিল্লোল, কর্ণাট। হিন্দোল ও হিল্লোল এক হইতে পারে। আজিকালি কৌশিক রাগ শুনিতে পাওয়া যায় না। সঙ্গীত-দামোদর মতে, মালব রাগের রাগিণী ধানসী (ধনশ্রী), মালসী (মালশ্রী), রামকিরী, সিন্ধুড়া, আশাবরী, ভৈরবী। বোধ হয়, মালব ও ভৈরব রাগ এক। মল্লার রাগের রাগিণী বেলাবলী, পুরবী (পূর্বী), কানড়া, মাধবী, কোড়া, কেদারিকা. মাধবী ও কোড়া রাগিণী অধুনা শুনিতে পাওয়া যায় না। শ্রীরাগের রাগিণী গান্ধারী, শুভগা, গৌরী, কৌমারী, বেলোয়ারী, বৈরাগী। ইহাদের মধ্যে গৌরী ও বেলোয়ারী প্রচলিত আছে। পূর্বকালে গান্ধার রাগ প্রসিদ্ধ ছিল। বসন্ত রাগের রাগিণী তুড়ী, পঞ্চমী, ললিতা, পঠমঞ্জরী, গুজ্জরী (গুর্জরী), বিভাষা। প্রাচীন এক মতে পঞ্চম রাগ ও বসন্ত রাগ পৃথক ছিল। হিল্লোল রাগের রাগিণী মায়ুরী, দীপিকা, দেশকারী, পাহিড়া (পাহাড়ী),

বরাড়ী, মোরহাটী। মায়ূরী, মোরহাটী বর্তমান কালে অজ্ঞাত। কর্ণাট রাগের রাগিণী নাটিকা (বা নাটী), ভূপালী, রামকেলী, গড়া, কামোদা, কল্যাণী। নাটিকা ও গড়া রাগিণী অপ্রচলিত হইয়াছে। যে-সে রাগিণী যখন-তখন গাইবার বিধি ছিল না। সঙ্গীত-দামোদর মতে, বিভাষা ললিতা কামোদা পঠমঞ্জরী রামকিরী রামকেলী বেলোয়ারী গুজ্জরী দেশকারী শুভগা পঞ্চমী গড়া তুড়ী ভৈরবী কৌমারী—এই ১৫ রাগিণী পূর্বাহ্নে গেয়। বরাড়ী মায়ূরী কোড়া বৈরাগী ধানসী বেলাবলী মোরহাটী এই ৭ রাগিণী মধ্যাহ্নকালে গেয়। গান্ধারী দীপিকা কল্যাণী পূরবী কানড়া শারবী গৌরী কেদারী পাহিড়া মায়ূরী মালসী নাটী ভূপালী সিন্ধুড়া—এই ১৪ রাগিণী সায়াহ্নে গেয়। রাগ সম্বন্ধে এমন বিধি ছিল না। কিন্তু বর্ষাকালে মেঘ ও মল্লার; শ্রীপঞ্চমী হইতে শ্রীকৃষ্ণের জন্মোৎসব পর্যন্ত বসন্ত; ইত্যাদি এইরূপ বিধি ছিল। কিন্তু নৃপাজ্ঞায় ও রঙ্গমঞ্চে কালদোষ হয় না। করুণা আনন্দ ও বীররস—এই রসভাগেও রাগরাগিণীর বিভাগ ছিল। যথা, বেলাবলী, পাহিড়া, ললিতা প্রভৃতি করুণাংশ, আশাবরী বিভাষা পুরবী প্রভৃতি বীরাংশ, ধানসী ভৈরবী কামোদা প্রভৃতি আনন্দাংশ (শব্দকল্পঃ)। এই বিবরণ হইতে বোধ হইবে যে, মানব-চিত্তের রস অনুসারে ছয় রাগ ছত্রিশ রাগিণীর কল্পনা হইয়াছিল। ঋতুভেদে এবং দিবসের কালভেদে যেমন দেহের বাত-পিত্ত-কফের ন্যূনাধিক্য হয়, স্বভাববশে চিত্তের ভাবেরও ইতরবিশেষ হয়। শৃঙ্গারাদি রস মুখ্যতঃ ছয় বলা যাইতে পারে। ভৈরব এমন সংস্কৃত নামের সহিত গানের ভাবের ঐক্য না থাকিলে নাম অনর্থক। দেশবিশেষের প্রচলিত সুর বা স্বরবিন্যাস রাগিণীর নামে প্রকাশ আছে। গুর্জর হইতে গুর্জরী, কর্ণাট হইতে কর্ণাটী ও কানড়া নাম হইয়াছিল। ইদানী এই-রূপে বোধ হয় সুরাট হইতে সুরাটী, কলিঙ্গ হইতে কালাংড়া রাগিণী হইয়াছে। উত্তর-পশ্চিমাঞ্চলের কাহার জাতির নৃত্য-গীত হইতে কাহারবা—কাহার্বা রাগিণী হইয়াছে। বঙ্গালী নামে এক রাগিণী আছে। বঙ্গাল দেশ (বাঙ্গালা) নাম স্পষ্ট বুঝিতে পারা যাইতেছে। এইরূপ, ভাটিয়ারী। বিখ্যাত গীতজ্ঞের নামে কতকগুলি রাগিণীর নাম হইয়াছে। বোগদাদের কালিফ-রাজত্বসময়ে সঙ্গীতচর্চা ছিল। সে সময়ে ইবনুজমী, ইবন্ সুরেজ আলাইয়া প্রভৃতি গীতকলাবিৎ ছিলেন। সেই ইবন হইতে ইমন রাগিণী, আলাইয়া হইতে আলাইয়া রাগিণী প্রচলিত হইয়াছে। তেমনই বাউলের সুর, মধুকানের সুর, রামপ্রসাদী সুর প্রভৃতি কয়েক সুরের বা রাগিণীর উৎপত্তি হইয়াছে।

বাঙ্গালাতে চলিতভাষায় রাগ-রাগিণী শব্দপ্রয়োগে প্রভেদ নাই। সংস্কৃত ললিতা বিভাষা কামোদা প্রভৃতি চলিত ভাষায় ললিত বিভাষ কামোদ প্রভৃতি হইয়াছে। হিন্দুস্থানী গায়কের ভাষাগুণে কয়েকটি পুরাতন নাম বিকৃত হইয়াছে। যথা, ভৈরব—ভৈঁরো, যোগ্যা—যোগিয়া, মালব—মারোয়া (?)। কতকগুলি রাগিণীর নাম

ফারসী হইতে আসিয়াছে। যথা, সাহানা—ফা°, অর্থ—বিবাহ; বাহার—ফা°, অর্থ বসন্ত ঋতু। যে সকল রাগিণীর ঠাট নির্দিষ্ট হয় নাই, সে সকলের নাম জঙ্গালা।

এখানে ৺ কৃষ্ণধন-বন্দ্যোপাধ্যায়-কৃত গীতসূত্রসার নামক বহুশ্রমসিদ্ধ পুস্তক হইতে প্রচলিত রাগরাগিণীর সংক্ষিপ্ত পরিচয় দেওয়া যাইতেছে। সম্পূর্ণ, খাড়ব (স° ষাডব), ওড়ব (স° ঔডব), এই তিন ভাগে যাবতীয় রাগিণী বিভক্ত হইতে পারে। যে রাগিণীতে সারিগামাদি সাত সুর লাগে তাহা সম্পূর্ণ, যাহাতে ছয়টি লাগে তাহা খাড়ব, যাহাতে পাঁচটি লাগে তাহা ওড়ব। সারিগামাদি সুর ঠিক থাকিলে প্রকৃত, ঠিক না থাকিলে বিকৃত। কোমল ও কড়ি ভেদে বিকৃত সুর দ্বিবিধ। অতএব রাগিণীবিভাগ এইরূপ দাঁড়াইতেছে,—

১) পঞ্চস্বরা (ওড়ব) | প্রকৃত
　　| বিকৃত
২) ষট্‌স্বরা (খাড়ব) | প্রকৃত
　　| বিকৃত
৩) সপ্তস্বরা (সম্পূর্ণ) | প্রকৃত
　　| বিকৃত | কোমল
　　　| কোমল ও কড়ি
　　　| কড়ি

কড়ি ও কোমল জানাইবার নিমিত্ত সুরের মাথায় ও নীচে দাঁড়ী দেওয়া যাইতেছে। তালিকাগুলি দেখিলে বোধ হইবে, অধিকাংশ রাগিণীর সুরে অর্থাৎ রূপে ও কালের মধ্যে সম্বন্ধ আছে। ইমন ইত্যাদি যে সকল রাগিণীতে কড়ি ম লাগে, সে সকলের কাল একই, রাত্রি প্রথম প্রহর; যে সকলে গ নি কোমল, সে সকলের কাল রাত্রি দ্বিতীয় প্রহর; ইত্যাদি। কয়েক স্থলে ব্যভিচার দেখা যায়। হয় ত কৃষ্ণধন বাবুর ঠাট-নির্দেশে কিংবা রাগিণীর কাল-নির্দেশে দোষ আছে। দৃষ্টান্তস্বরূপ, কৃষ্ণধন বাবুর গীতসূত্রসার (১), সৌরীন্দ্রমোহন ঠাকুরের যন্ত্রক্ষেত্রদীপিকা (২), এবং শ্রীজ্যোতিরিন্দ্রনাথ ঠাকুরের স্বরলিপিগীতিমালা (৩) তুলনা করুন। ছায়ানট…(১) সম্পূর্ণ ও প্রকৃত; (২) নি বর্জিত; (৩) সম্পূর্ণ কিন্তু ম মা। জয়জয়ন্তী…(১) সম্পূর্ণ কিন্তু গা গ নিা; (২) সম্পূর্ণ কিন্তু গা গ নিা; (৩) সম্পূর্ণ কিন্তু নিা নি। বেহাগ… (১) রিধ বর্জিত কিন্তু মমা; (২) সম্পূর্ণ কিন্তু মমা; (৩) সম্পূর্ণ কিন্তু নিা নি। যদি ছায়ানটের ঠাটে মমা থাকে, তাহা হইলে তাহার কাল রাত্রি প্রথম প্রহর হয়। কৃষ্ণধন বাবু এই কাল দিয়াছেন। যাহা হউক, উপরের তিন দৃষ্টান্ত হইতে দেখা যাইবে, রাগিণীর রূপবিষয়ে নানা মুনির নানা মত আছে। কেহ কেহ রাগিণীর গাইবার কাল মানেন না। ইঁহারা মনে করেন প্রযত্ন দ্বারা শ্রোতার চিত্তে যখন-তখন যে-সে ভাব উৎপন্ন করা যাইতে পারে। তথাপি স্বভাব আছে। যাহা হউক, এখানে যাহা দেওয়া যাইতেছে, তাহা এক মত মাত্র।

ক। পঞ্চস্বরা প্রকৃত

—ম নি | ভূপালী রাত্রি ১ম প্রহর
—গ ধ | বৃন্দাবনী
　　সারঙ্গ দিবা ২য় „

বিকৃত

—রিপ+ম। | হিন্দোল রাত্রি ২য়, ৩য় প্রহর
—রিধ+মম। | বেহাগ „ „ „
—রিপ+গ। ধ। নি। | মালকোশ „ ২য় „

খ। ষট্‌স্বরা প্রকৃত

—ম | দেশকার দিবা ১ম প্রহর
বিভাষ „ „ „
—ধ | মেঘ রাত্রি ১ম, ২য় „

বিকৃত

—প+রি। | পঞ্চম দিবা ২য় প্রহর
ললিত রাত্রি ৪র্থ „
সোহিনী „ ৩য়, ৪র্থ „
—প+রি। ম। | জয়ন্ত দিবা ৪র্থ „
পুরিয়া „ „ „
মারোয়া „ „ „
—প+রি। মম। | বসন্ত রাত্রি ১ম, ২য় „
—রি+নি। নি | বেহাগড়া „ ৩য় „

গ। সপ্তস্বরা

প্রকৃত | আলাইয়া দিবা ২য় প্রহর
কোকব „ „ „
দেবগিরি „ „ „
নট রাত্রি ১ম „
ছায়ানট „ „ „
মারু „ „ „
লুম „ ২য় „

গ /০ সপ্তস্বরা কিন্তু এক স্বর কোমল

নি। | কামোদ রাত্রি ১ম প্রহর
ঝিঁঝিট „ ২য় „

গ ৵০ সপ্তস্বরা কিন্তু দুই স্বর কোমল

গ। নি। | আড়ানা রাত্রি ২য় প্রহর
কানাড়া „ ১ম, ২য় „
গৌড় „ ২য় „
পঠমঞ্জরী „ „ „
বাগশ্রী „ „ „
বাহার „ „ „
মিয়ামল্লার „ „ „
সাহানা „ „ „
সিন্ধু „ „ „
সিন্ধুড়া „ ১ম, ২য় „
গ। ধ। | পিলু „ „ „
রি। ধ। | কালাংড়া দিবা ১ম „
বাঙ্গালী „ „ „
ভাটিয়ারী „ „ „
যোগিয়া „ „ „

গ ৶০ সপ্তস্বরা কিন্তু তিন স্বর কোমল

গ। ধ। নি। | মালকোশ রাত্রি ২য় „
দরবারী কানাড়া „ „

গ ।০ সপ্তস্বরা কিন্তু চারি স্বর কোমল

রি। গ। ধ। নি। | আশাবরী দিবা ২য় „
গান্ধারী „ „
গুর্জরী „ „
তোড়ী „ „
ভৈরবী ১ম, ২য় „

গ ।/০ সপ্তস্বরা কিন্তু এক কোমল স্বর অধিক

নি। | খাম্বাজ রাত্রি ১ম, ২য় প্রহর
গারা „ ২য় „
জিলফা „ „ „
তিলককামোদ „ „
দেশ „ „ „
নিসাসাগ „ „ „

সপ্তস্বরা কিন্তু এক কোমল স্বর অধিক

নি।	খাম্বাজ	রাত্রি	১ম, ২য়	প্রহর
	পাহাড়ী	"	"	"
	মল্লার	"	"	"
	সুরট	"	১ম ২য়	"
	শুক্লবেলাবলী	"	১ম	"
	সরফর্দা	দিবা	২য়	"
	সারঙ্গা	"	"	"

গ ।৵০ সপ্তস্বরা কিন্তু দুই কোমল স্বর অধিক

গ, নি।	জয়জয়ন্তী	রাত্রি	২য়	"
	ভীমপলাশী	দিবা	৩য়	"
	দেশাক	রাত্রি	২য়	"
	বারোঁয়া	রাত্রি	১ম, ২য়	"

গ ।৶০ সপ্তস্বরা কিন্তু তিন কোমল স্বর অধিক

রি, ধ, নি।	রামকেলী	দিবা	১ম	"

গ ॥০ সপ্তস্বরা কিন্তু চারি কোমল স্বর অধিক

রি, গ, ধ, নি,	খট	দিবা	১ম	"

গ ॥/০ সপ্তস্বরা কিন্তু কড়ি ম

—ম+মা	ইমন্	রাত্রি	১ম	প্রহর
	কল্যাণ	"	"	"

গ ॥৵০ সপ্তস্বরা কিন্তু কড়ি ম অধিক

মা	ইমন কল্যাণ	"	"	"
	কেদারা	"	"	"
	হাম্বীর	"	"	"
	শঙ্করা	"	২য়	"
	শঙ্করাভরণ	"	"	"
	শ্যাম (ফা° শাম ?)		"	"
	গৌরসারঙ্গ	দিবা	২য়	"
	বেলাবলী	"	"	"

গ ॥৶০ সপ্তস্বরা কিন্তু কড়ি কোমল

রি, মা ধ।	পরজ	রাত্রি	২য়	প্রহর
	জয়শ্রী	দিবা	৪র্থ	"
	ধনশ্রী	"	"	"
	শ্রীরাগ	"	"	"

গ ৸০ সপ্তস্বরা কিন্তু কড়ি কোমল

রি, ম মা ধ।	গৌরী	"	"	"
	ললিতা গৌরী	"	"	"
	পূরবী	"	"	"

গ ৸/০ সপ্তস্বরা কিন্তু কড়ি কোমল

রি, গ, ম ম, ধ	মুলতানী	দিবা	৩য়, ৪র্থ	"

এই সংক্ষিপ্ত আভাষ হইতে দেখা যাইবে যে সাত সুর লইয়া বহু বহু রাগিণী সৃষ্ট হইতে পারে। এক দুই সুর বর্জন করিয়া, এক দুই সুর কোমল করিয়া, এক দুই সুর কড়ি করিয়া রাগিণীর রূপভেদ করিতে পারা যায়। রি গ ধ নি কোমল এবং ম কড়ি হইতে পারে। তথাপি একই সুরের আধিক্যে, এক দুই সুরের পৌনরুক্তে, এক দুই সুরের ক্রমসম্বন্ধে অগণ্য রাগিণীর সৃষ্টি হইতে পারে। (সুর দেখ)।

রাগী···স্ত্রী. (স°)। মায়ুয়া (দেখ)।

রাঘব...স্ত্রী. (স°—মহামীনভেদে—মেঃ)। বৃহৎ মৎস্যবিশেষ (হাঙ্গর ?)। রাঘব বোআল—বৃহৎ বোআল মাছ, যাহা অন্য মাছ গ্রাস করে ; উপমায়, অর্থগৃধ্নু।

রাঙ্গা, রাং···স্ত্রী. (স° রঙ্গ। অন্য নাম বঙ্গ)। শ্বেতবর্ণ কোমল ধাতুবিশেষ (tin)। রাং-ঝাল...যে ঝালে রাং ধাতু আছে (soft solder)। রাংতা···স্ত্রী. (স° রঙ্গ-পত্র)। রাঙ্গা ধাতু-পত্র (tin foil)।

রাঙ্গা-চিতা, রাং চিতা…ষ্য. (রঙ্গা-চিত্র হইতে বা° রচিত। স° রক্তচিত্রক নহে। চিতা দেখ)। মুহি-আদি বর্গের সোজা ক্ষুপ-বিশেষ (Pedilanthus tithymaloides)। দেখিতে হরিত্‌বর্ণ ছড়ীর মতন। এ কারণ গ্রামে প্রায় বেড়া হয়। কিন্তু কমে বন হইয়া পড়ে। পাতা একোত্তর, ফুল আরক্ত, আকারে যেন চটী জুতা। এই গাছের ক্ষীর লইয়া বালকে বুদ্‌বুদ্‌ খেলে। বুদ্‌বুদে নানা বর্ণ দেখা যায় বলিয়া নাম। ও° নাম ক্ষীরসমুদ্র—প্রচুর ক্ষীর আছে বলিয়া। কিন্তু বিদেশী গাছ।

রাঙ্গা…ণ. (রঙ্গ+আ। তু° স° রাগ। লাল দেখ)। লোহিতবর্ণ। রাঙ্গা আলু…আলু দেখ। রাঙ্গা…ধাতু. রাঙ্গাই—রক্তবর্ণ করি। রাঙ্গানা॥ রাঙ্গী…ণ. ষ্য. রাঙ্গা+ঈ)। রক্তবর্ণ; রাঙ্গা গাই।

রাজ…ষ্য. (স° রাজন্‌)। সমাসে শব্দের প্রথমে বসিলে রাজ থাকে, অর্থে রাজার। রাজ-অধিকার, রাজ-আজ্ঞা, রাজ-কর, রাজ-কার্য, রাজ-ছত্র, রাজ-জোটক, রাজ-দণ্ড, রাজ-দূত, রাজ-দ্রোহ, রাজ-দ্বার, রাজ-ধর্ম, রাজ-ধানী, রাজ-নীতি, রাজ-পথ, রাজ-ভোগ, রাজ-মুদ্রা, রাজ-যক্ষ্মা, রাজ-যোগ, রাজ-লক্ষ্মী, রাজ-বংশ, রাজ-শাসন, রাজ-সূয়, রাজ-স্ব, রাজ-হংস, রাজ-হস্তী প্রভৃতি বহু বহু শব্দ সংস্কৃত। রাজগি…ষ্য. (স° রাজন্‌+তুর্কী গী—ভাব)। রাজ্য। রাজ-জোটক…ষ্য. (স°)। বিবাহে বর-কন্যার জ্যোতিষিক শুভ যোগ বিশেষ। রাজ টিকা…ষ্য. (স° রাজতিলক)। রাজা-সূচক তিলক। রাজ তক্ত…ষ্য. (স° রাজন্‌+আ° তখ্‌ত)। রাজ-সিংহাসন। রাজ-দরবার…ষ্য. (স° রাজন্‌+ফা° দরবার)। রাজসভা। রাজপুত…ষ্য. (স° রাজপুত্র)। ক্ষত্রিয় জাতিবিশেষ। স্ত্রী° রাজপুতনী। রাজপুতানা…ষ্য. (স° রাজপুত্রস্থান)। ভারতের রাজপুত-প্রধান প্রদেশবিশেষ। রাজবংশী…ষ্য. (স° রাজবংশ্য)। মূলার্থ, রাজবংশে জাত। হিন্দু জাতিবিশেষ। স্ত্রী° রাজবংশিনী। রাজরাণী…ষ্য. (স° রাজন্‌+রাজ্ঞী)। রাণী, রাজমহিষী। রাজসাপ…ষ্য. (স° রাজসর্প)। বিষধর সর্পবিশেষ (Bungarus fasciatus)। কৃষ্ণবর্ণ দেহে পীতবর্ণ শাঁখা থাকায় এক নাম শঙ্খিনী বা শাঁখিনী। জিহ্বা মাংসবর্ণ, ঠোঁট গলা পীতবর্ণ, লেজের অগ্র মোটা। চারি হাত পর্যন্ত দীর্ঘ হয়। রাজহাঁস…হাঁস দেখ। রাজ…ধাতু. (স° রাজ ধাতু)। রাজি—দীপ্তি পাই, শোভা বিস্তার করি। (পদ্যে)।

রাজ, রাজমিস্ত্রী…ষ্য. (গৃহ রঞ্জিত করে বলিয়া রাজ ? রাজগৃহ+মিস্ত্রী হইতে ? কিন্তু হি° ও° রাজ। প্রাচীন বা° নাম থৈ-কর—স্থপতিকর)। ইট পাথর গাঁথিয়া গৃহ-নির্মাণকারী, পঃ—কিবা বা দিঞা অমিয়া ছানিয়া গড়িল বা কোন রাজে (চণ্ডীঃ)।

রাজা…ষ্য. (স° রাজন্‌—রাজা। কিংবা স° রাজক)। ভূ-স্বামী; জমিদার; ইংরেজ-রাজ-প্রদত্ত উপাধিবিশেষ। রাজা…নৃপতি; স্ত্রী° রাণী। রাজা-উজীর…ষ্য. (উজীর দেখ)। রাজা ও মন্ত্রী। রাজা-উজীর (গ্রা° রাজা-বুজীর) মারা—পুরাতন রাজা-মন্ত্রী-চরিত লইয়া বৃথা গল্পে কালক্ষেপ করা। রাজাই…

ষ্য. (রাজা+ই। হিং)। রাজত্ব (ভাঃ)

রাজা-প্রজা···ষ্য. (সং। প্রতিচর শব্দ)। রাজা ও প্রজা। রাজা-রাজাড়া, রাজা-রাজড়া···ষ্য. (সং রাজা+রাজন্যক। হিং রাজরাড়া—সং রাজন্+সং ৱারম্—হিন্দু রাজা সমূহ)। রাজা ও রাজন্য। রাজার হাল ···(হাল দেখ)। রাজযোগ্য অবস্থা। দৃষ্টান্তে, রাজার হাল স্বর্গে বয়—রাজার লাঙ্গলও স্বর্গে গেলে ভূমি কর্ষণ করে।

রাজি···ণ. (আং রাজী)। সম্মত। নিঃ—নারাজ। নেম-রাজি, নিম-রাজি···ণ. (সং নেম, ফাং নিম—অর্ধ)। অল্প সম্মত, প্রায় সম্মত। রাজি-নামা···ষ্য. সম্মতিসূচক পত্র।

রাজ্য···ষ্য. (সং। গ্রাং ওং আসাং রাইজ)। রাজকর্ম; রাজাধিকৃত দেশ। রাজ্যপাট ···ষ্য. (সং পট্ট—রাজ সিংহাসন)। রাজ্য ও রাজাসন (অতএব প্রায় সহচর শব্দ); রাজ্য।

রাড়···ষ্য. ণ. (সং রাটি—যুদ্ধ—হেমঃ। ই লোপে রাট—রাড়। হিং রাড়—যুদ্ধ, ঝগড়া। রাড় হইতে রাড়ুয়া, রেড়ো। সং রাষ্ট্র হইতে রাঢ়, রাঢ়ীয়; এবং রাঢ় হইতে রাঢ়ুয়া—রেঢ়ো হইতে পারে। কিন্তু রাঢ় হইলে সব অর্থ আসে না। ওং রাঢ, মং রাঠ রাণ্ট—অসভ্য। রাঢ় দেখ)। কলহকারী, দ্বন্দ্বপ্রিয়, প্রঃ—ব্যাধ গো হিংসক রাড় (কবিকঃ)। রাড়-চোয়াড়···ষ্য. (রাড় ও চোয়াড়—চোয়াড় দেখ। সহচর শব্দ)। দ্বন্দ্বপ্রিয় ও বর্বর জাতি, প্রঃ—আমার দেশের কাঁকড়া রাড় চোয়াড়ে খায় (কবিকঃ)। রাড়-চোয়াড়ি···ষ্য. কলহ, বাক-যুদ্ধ, অশিষ্ট জাতি। (রাঢ়ের চোয়াড়, রাঢ়ের বাগদি অর্থ ঠিক হয় না। পূর্বকালে (এবং অদ্যাপি) উত্তর ও পশ্চিমে রাঢ়ে কোল সাঁওতাল জাতির বাস ছিল। বাঁকুড়া জেলায় সাঁওতাল যত, বাগদি তত। পূর্বকালে বীরভূম জেলায় বহু বর্বর জাতি বাস করিত। কিন্তু কোল সাঁওতাল প্রভৃতি জাতি অসভ্য বর্বর হইলেও হিংসক ও কলহকারী দেখা যায় না। অন্য পক্ষে বাগদি জাতির শৌর্য্য ও বীরত্ব প্রসিদ্ধ ছিল। চোহান হইতে চোয়াড় হইলে এখানেও সেই গুণ)। রাড়ুয়া, রেড়ো···ণ. অশিষ্ট, অসভ্য।

রাঁড়···ষ্য. (সং রণ্ডা)। বিধবা; বেশ্যা। কড়িয়া, কড়ো রাঁড়···কন্যাকালে বিধবা হইয়াছে যে। রাঁড়-বাজি···ষ্য. বেশ্যাসক্তি। রাঁড়-বালতী···ণ. (ৱালপুত্রী—বাল্‌তী)। বিধবা ও বালপুত্রী কিন্তু অবীরা, নিরাশ্রয়া অবীরা। রাঁড়ের পুঁজি···অবীরা বিধবার মূলধন। অবীরা যেমন তাহার মূলধন সযত্নে রক্ষা করে, তেমন। রাঁড়া···ণ. (সং রণ্ডক)। বাঁঝা, প্রঃ—রাঁড়া গাছ। রাঁড়ী···ষ্য. (রাঁড় +ঈ)। বিধবা (নিন্দার্থে, গালিতে)।

রাঢ়, রাঢ়···ষ্য. (সং রাষ্ট্র, গঙ্গারাষ্ট্র হইতে রাঢ়। নিরুপমা রাঢা-পুরী—সং। সং রাঢা—শোভা—মেঃ)। গঙ্গার পশ্চিমস্থিত প্রদেশ। পুরাতন জৈন গ্রন্থে বর্তমান বীরভূমি অঞ্চল। পূর্বকালে এখানে অনেক বর্বরের বাস ছিল। তিন শত বৎসর পূর্বে চৈতন্য-চরিতামৃত গ্রন্থে, "গৌড় বঙ্গ রাঢ় উৎকলাদি দেশে গিয়া"—গৌড়—বর্তমান উত্তরবঙ্গ, বঙ্গ—পূর্ববঙ্গ ও পূর্বদক্ষিণ বঙ্গ, রাঢ়—পশ্চিম-

বঙ্গ। রাঢ় ও বঙ্গ মিলিত হইয়া এখনকার বাঙ্গালা দেশ। দুই শত বৎসর পূর্বে ভারতচন্দ্রে, "লস্কর আসিত সঙ্গে শব্দ হৈত রাঢ়ে বঙ্গে।" রাঢ় উত্তর ও দক্ষিণে বিস্তৃত। বর্তমান বর্দ্ধমান জেলা হইতে উত্তর ভাগ উত্তর-রাঢ়, দক্ষিণ ভাগ দক্ষিণ-রাঢ়—ইহাই প্রসিদ্ধি। রাঢ়ীয়, রাঢ়ী…ণ. (সং রাঢ়ীয়)। রাঢ়দেশীয়, প্রঃ—রাঢ়ী শ্রেণী ব্রাহ্মণ।

রাণা…ষ্য. (রাণী দেখ। রাণক—বল্লাল সেনের তাম্রশাসনে। ওং রাণ)। রাজপুত রাজা। স্ত্রীং রাণী।

রাণী…ষ্য. (সং রাজ্ঞী—রাজ্ঞী—রাঙ্ণী—রাণী। বোধ হয় রাণী শব্দ হইতে রাণক—রাণা)। রাজমহিষী; দেশের রাজাস্থানীয়া নারী। পুং রাজা। পাটরাণী…পট্টমহিষী।

রাত…রাতি, রাত দেখ।

রাতা…ণ. (সং রক্ত। হিং রাতা)। রক্ত, রক্ত-বর্ণ, প্রঃ—(কবিকঃ), অতি শোভা করে যেন উতপল রাতা (মাঃ)—রক্ত উৎপল।

রাতাবী…ণ. (? রক্তবর্ণ+আভা—আব ?)। মিষ্টকবিশেষ, ছেনার সন্দেশবিশেষ।

রাতি, রাত, রাত্তি, রাত্তির, রাত…ষ্য. (সং রাত্রি। রাঢ়ে গ্রাং প্রাকৃত—রাত্তি। ইহা হইতে রাতি—রাত। নদীয়ায় রাত্তির। রাত অশুদ্ধ। রাতে—রাঢ়ে গ্রাং রেতে)। রাত্রি। আঁধার রাত…অন্ধকার রাত্রি। জ্যোৎস্না রাত…জ্যোৎস্নাযুক্ত রাত্রি। সাঁঝ রাত…রাত্রির আরম্ভ-সময়। ভারী রাত…গভীর রাত্রি, মধ্যরাত্রি। ভোর রাত…রাত্রির অবসানসময়। সারা রাত…সর্বরাত্রি। রাত পোহানা…রাত্রি প্রভাত হওয়া। রাত ঝাঁ-ঝাঁ করা—গভীর রাত্রি হওয়া যখন ঝিল্লী-রবে চারি দিক্ পূর্ণ থাকে। রাতকে দিন করা—মিথ্যারূপ রাত্রিকে সত্যরূপ দিন প্রতীয়মান করা; রাত্রিকালে করণীয় কাজ দিবায় করা। রাত দিন হওয়া—বিধাতার বিধান চলা যেমন রাত্রির পর দিন, দিনের পর রাত্রি হওয়া। রাত-ভীৎ…ষ্য. (রাত্রি-ভীতি)। রাত্রিকাল যে সময়ে ভীতি জন্মে। রাত-কানা…ণ. রাত্র্যন্ধ, রাত্রিতে যে ভাল দেখিতে পায় না। রাতা-রাতি…রাত্রির মধ্যে।

রাতুল…ণ. (সং রক্তোৎপল হইতে। রাতা দেখ)। রক্তবর্ণ, প্রঃ—রাত্রি দিন রাতুল চরণ বাঞ্ছা করি (মাঃ)।

রাত্তি (গ্রাং)…রাতি দেখ।

রাত্রি, রাত্র…ষ্য. (সং রাত্রি)। রাতি। রাত্রি-বাস…রাত্রিকালে বাস, প্রঃ—চোরের রাত্রিবাসই লাভ—অন্যের গৃহে স্থিতি; রাত্রিতে পরিহিত বস্ত্র। রাত্রিবাসের ধুতি…এখানে বাস—বস্ত্র, রাত্রিকালে পরিধেয় বস্ত্র। সুতরাং ধুতি শব্দ অনাবশ্যক।

রাদা, রেদা…ষ্য. (সং রথ্যা ? রথ্যা—পথ। ওং রদা, হিং রদ্দা)। স্তর, গাঁথা ইট পাথরের সারি।

রাঁদা, রেঁদা…ষ্য. (ফাং রন্দ। ওং রন্দা, মং রন্ধা)। কাঠ মসৃণ করিবার ছুতারের যন্ত্রবিশেষ; এই যন্ত্র দ্বারা কাষ্ঠ পরিকর্ম। বাঁকা রাঁদা…কাঠে খাল থাকিলে সে কাঠ রাঁদা করার বাঁকা রাঁদা। ঝরি বাঁদা…কাঠে ঝরি কাটার রাঁদা। রাঁদা করা—রাঁদা দিয়া কাঠ মসৃণ করা। রাঁদা মারা—রাঁদা ঘষিয়া কাষ্ঠ কম করা। রাঁদা…ধাতু. রাঁদাই—রাঁদা

দিয়া কাঠ অল্প কিংবা মসৃণ করি। রাঁদানা॥।

রাঁধ, রান্ধ···ধাতু. (সং রধ ধাতু পাকে। সং রন্ধন হইতে। প্রাচীন বাং রান্ধ ধাতু)। রাঁধি, রান্ধি—অগ্নিযোগে পাক করি, অন্নাদি পাক করি। রাঁধা, রান্ধা॥ রাঁধন ···ষ্য. রন্ধন। রাঁধা-বাড়া—অন্নাদি রন্ধন ও ভোজন নিমিত্ত উপস্থিত করণ, প্রাঃ—রান্ধ্যা বাড়্যা দিতে মোর কাঁখে হৈল ব্যথা (কবিকঃ)—রাঁধিয়া বাড়িয়া। রাঁধনী, রান্ধনী···যে নারী রাঁধে। পুং রসইয়া। (ও° পুং রান্ধ্‌আ)। আ-রাঁধ···সং অরন্ধন। আ-রাঁধ পালা···অরন্ধন পর্ব, যে দিন ভিটায় অন্নাদি রন্ধন নিষিদ্ধ, সে দিন না রাঁধা। রান্না দেখ। রাঁধা···ধাতু. (রাঁধ ধাতু আন্তে)। রাঁধানা॥ রাঁধনী, রান্ধনী ···ষ্য. (সং নাম অজমোদা)। ধান্যাদিবর্গের বর্ষায়ুঃ শাকবিশেষ (Carum roxburghianum)। ফুল শাদা। জোঁআন গাছের সাদৃশ্য আছে। ফল রান্নার মসলা হয় বলিয়া নাম।

রাধা···ষ্য. (সং)। বিশাখা নক্ষত্র; বৃষভানুনন্দিনী শ্রীরাধিকা। রাধা-কৃষ্ণ···শ্রীরাধিকা ও কৃষ্ণ। রাধা-কৃষ্ণ বল — শ্রীরাধা-কৃষ্ণ উচ্চারণ কর; মিথ্যাদি পাপমোচন নিমিত্ত রাধাকৃষ্ণ নাম কর। রাধা-পদ্ম··· সূর্যমুখী ফুল (রাঢ়ে নাম)। দৃষ্টান্তে, সাত মণ তেলও পুড়িবে না রাধাও নাচিবে না—রাধা নাম্নী এক নর্তকী ছিল। বোধ হয়, মশালে সাত মণ তেলের আলো না হইলে নাচিবে না, এমন প্রতিজ্ঞা ছিল।

রাধিকা···ষ্য. (সং)। শ্রীরাধা। রাধিকা চূড়া ···অন্য নাম বিলাতী কৃষ্ণচূড়া। কাঞ্চনাদিবর্গের বিদেশী পুষ্পতরু (The gold mohur tree. Poinciana regia)। কৃষ্ণচূড়া গাছের সহিত সাদৃশ্য আছে, কিন্তু, গাছ বৃহৎ, ফুল বড় বড়।

রান্ধনী···রান্ধ ধাতু দেখ।

রান্না···ষ্য. (সং রন্ধন হইতে রাঁধ্‌না—রান্না)। রন্ধন। রান্না বান্না···রাঁধনা-বাড়না, রাঁধা-বাড়া (দেখ)। রান্না-ঘর···পাকশালা। রান্নী ···পাচকী। রান্না চড়ানা···হাঁড়ীতে আমান্ন রাখিয়া উনানে স্থাপনা, রন্ধন আরম্ভ করা। (রান্না করা—রাঁধা। রান্না করা—অশুদ্ধ)।

রাঁপ···ধাতু. (সং রম্ফ ধাতু বধে ? ও° মং রাঁপ ধাতু)। রাঁপি—চাঁচি, শস্ত্র দ্বারা পৃষ্ঠ চাঁচিয়া সমান করি। রাঁপা॥ রাঁপা···ধাতু. (রাঁপ ধাতু আন্তে)। রাঁপানা॥ রাঁপি···ষ্য. দেওয়ালে বালিচুন ধরাইয়া ঘষিয়া সমান করিবার নিমিত্ত রাজের কুবা কাঠ, উষা।

রাব···ষ্য. (সং রাব। ও°তে চলিত। বাং'তে প্রায়ই রা)। পশুপক্ষ্যাদির রব।

রাব···ষ্য. (হিং। সং দ্রব হইতে? ভাবপ্রকাশে সং নাম মৎস্যণ্ডী—বাং মাৎ)। * ঘন পক্ক ইক্ষুরস হইতে ক্ষরিত দ্রবভাগ বা মাৎ। (যে বালুকাবৎ দৃঢ় ভাগ থাকে, তাহা গুড়)। রাবড়ী···ষ্য (হিং। বোধ হয় রাব গুড়+ঈ)। পাকে ঘনীভূত দুগ্ধ (প্রায়ই পালো-যোগে ঘনীভূত)।

রাবণ···ষ্য. (সং রাবণ)। লঙ্কাপতি রাক্ষস। রাবণের চিতা জ্বলা—লোকের বিশ্বাস, লঙ্কাপতি রাবণের চিতা চারি যুগ জ্বলিতেছে কদাপি নিবে না। লক্ষণায়,

অ-শেষ যাতনা ভোগ করা। রাবণ ছাতা …ষ্য. (ও° নাম)। সামুদ্রিক প্রাণীবিশেষ (free-swimming jelly-fish. Scypho-medusæ)। অতি কোমল ছত্রাকার। পুরাকালের ছাতায় যেমন ঝালর ঝুলিত এই প্রাণীর বহু ভুজ তেমন জলে ঝুলিতে থাকে। এক এক জাতির ভুজ-বল অতিশয়। পুরীর নিকটবর্তী সমুদ্রে প্রচুর দেখা যায়।

রাবিশ…ষ্য. (ই° rubbish)। পরিত্যক্ত তুচ্ছ বস্তু, অট্টালিকাদির ভগ্ন ইষ্টকাদি। রাবিশ মাল…অকর্মণ্য নষ্ট বস্তু।

রাম…ষ্য. (স°)। শ্রীরামচন্দ্র (অন্য দুই,—বলরাম, পরশুরাম)। রাম-নবমী…(স°)। চৈত্র-শুক্লনবমী। রাম রহিম…ষ্য. (রাম। আ° রহীম—কৃপালু)। রাম ও রহিম। রাম-লীলা…(স°)। শ্রীরামচরিত অভিনয়। পশ্চিমাঞ্চলে প্রসিদ্ধ। রাম বল—মিথ্যাদি কথনের পাপ মোচন নিমিত্ত শ্রীরাম নাম উচ্চারণ। তু° মহাভারত, দুর্গা বল। রাম-রাম…রাম নাম উচ্চারণে দুর্গতি নাশ হয়, এই কারণে ভূতের ভয় হইলে রাম-রাম উচ্চারণ; উচ্চ-বর্ণকে নিম্নবর্ণ লোকে রাম-রাম বলিয়া প্রণাম। না রাম না গঙ্গা বলা—মৃত্যু-কালে রাম ও গঙ্গা নাম উচ্চারণ বিহিত। ইহা হইতে, বিহিত উত্তর না করা, উত্তর না দেওয়া। রাম কি বিষ্ণু কিছুই বলে না—নিরুত্তর থাকে। রাম না জন্মিতে রামায়ণ…পরে কি হবে, তাহা জানিবার পূর্বেই কর্মের ব্যবস্থা। রাম—বৃহৎ শ্রেষ্ঠ (স°তে সুন্দর অর্থ) বুঝাইতে সমাসে বসে; যথা, মস্তরাম--অতি বৃহৎ, মর্দা রাম—মরদ-শ্রেষ্ঠ। রাম-কান্ত…উপহাসে ও গালিতে, অতিপ্রিয় (কান্ত—প্রিয়)। রামকেলি…রাগ রাগিণী দেখ। রাম-খড়ি…কঠিন খড়ি-বিশেষ (a kind of steatite), শিশুর লেখা অভ্যাসের খড়ি। রাম-ছাগল…বৃহৎ বন্য ছাগবিশেষ। এই ছাগের কান লম্বা। রাম ধনুক…(স° ইন্দ্রধনুঃ)। আকাশের মেঘে বিবিধবর্ণ ধনুরাকারবিশেষ (rain-bow)। রামপাখী…কুক্কুট। রামবেগুন…বেগুন তুল্য, কিন্তু ছোট গোল ফল; দৃঢ় কণ্টকীশাক (Solanum ferox)। ফুল শাদা। পূর্ববঙ্গে বন্য। রাম-শিঙ্গা…বৈষ্ণবের বৃহৎ শৃঙ্গাকার বাদ্যবিশেষ। রাম-সালিক…কূলেচরবর্গের দীর্ঘপদ দীর্ঘচঞ্চু, প্রায় তিন হাত দীর্ঘ পক্ষীবিশেষ (The black-necked stork. Xenorhynchus asiaticus)। মাথা পুচ্ছ কাল, অন্য দেহ শাদা। (হি° নাম লোহার জং)। রামা-শ্যামা…(অনাদরে) রাম ও শ্যাম নামক ব্যক্তি; নগণ্য লোক। রামাইৎ, রামাৎ…(রাম+ভক্ত—রাম-অৎ—রামায়ৎ — রামাইৎ ?)। রামানুজ বৈষ্ণব সম্প্রদায়। রামানন্দী…বৈষ্ণব শাখাবিশেষ। ইহাঁদের তিলকের বাহিরের রেখা শাদা, মাঝের চিহ্নও শাদা। রামানুজী…বৈষ্ণবশাখাবিশেষ। ইহাঁদের তিলকের বাহিরের রেখা শাদা, মধ্যের চিহ্ন রক্ত কিংবা পীত। এই চিহ্নের নাম শ্রী।

রায়…ষ্য. (স° রাজন্—রাজা। কিংবা স° রাজক—রাজা স°প্রা° রাআ—রাঅ—রায়। রাঅ রূপান্তরে হি° রাব, ম° রাও। ও°তে ছোট রায়—ছোট রাজা, রাজার ছোট

ভাই)। (পূর্বকালের অর্থ) রাজা, ছোট রাজা বা রাজক; উপাধিবিশেষ। রায়-জাদা…ষ্য. (ফা° জাদা। তু° শাহ্‌জাদা)। রাজপুত্র, প্রঃ—উজীর হলো রায়-জাদা (কবিকঃ)। রায়-বাঘিনী…(রাজব্যাঘ্রী; তু° royal tiger)। প্রতাপশালিনী নারী। রায়-বাঁশ …ষ্য. (সং রাজন্‌ শব্দ অন্য শব্দের সহিত সমাসে শ্রেষ্ঠ বুঝায়)। দীর্ঘ বংশযষ্টি। রায়-বাঁশিয়া, রায়-বেঁশে…ণ. (রায়-বাঁশ+ইয়া)। রায়-বাঁশ ঘুরাইয়া আত্মরক্ষায় দক্ষ। রায়বার…ষ্য. (সং রাজবার্তা। ও°তে কায়-বার)। রাজকীর্তি, প্রঃ—কৃত্তিঃ, কবিকঃ; ভাটগণে পড়ে রায়বার (নবদ্বীপপরিক্রমা), ভাট পড়ে রায়বার যশ বর্ণাইয়া (ভাঃ); স্তুতিপাঠক ভাট (তু° রেয়ো ভাট)। রায় বাহাদুর…ষ্য. (ফা° বাহাদুর। মূলার্থ সাহসী রাজা)। ইংরেজ রাজপ্রদত্ত উপাধিবিশেষ। রায়-ভিখারী…ষ্য. রাজা ও ভিখারী, ধনী ও নির্ধন (প্রতিচর শব্দ); যে রাজা এক্ষণে ভিখারী হইয়াছেন। রায়-রাঁয়া…ষ্য. (রাণা হইতে রাঁয়া)। রাজার রাজা, প্রঃ—দেয়ান আলমচন্দ্র রায় রায়রাঁয়া (ভাঃ)।

রায়…ষ্য. (আ°)। মত, বিচার ফল (আদাঃ)।

রায়ৎ…ষ্য. (আ° রাআইয়াৎ)। জমিদারের প্রজা। রায়তী…ণ. (রায়ৎ+ঈ)। রায়ৎ সম্বন্ধীয়। রায়তী পাট্টা…প্রজা জমি ভোগ করিতে দিবার অঙ্গীকার-পত্র। কোল রায়ৎ…রায়তের অধীন রায়ৎ, কোর্ফা প্রজা।

রাল…ষ্য. (সং। ও° রাড়)। ধুনা, আলকাতরা তুল্য নির্যাস।

রাশ…রাশি, রাশ দেখ।

রাশি, রাশ…ষ্য. (সং রাশি)। পুঞ্জ; জ্যোতিষ-শাস্ত্রের মেষ বৃষাদি দ্বাদশ ভাগ; যে রাশিতে জন্মকালে চন্দ্র থাকেন; গণিতে সংখ্যা। রাশি-চক্র…(সং)। মেষ বৃষাদি দ্বাদশ-ভাগাত্মক বৃত্ত, গ্রহস্থানসমন্বিত বৃত্ত। রাশি নাম…(সং)। জাতকের জন্মরাশি অনুসারে নাম। রাশি…(পুঞ্জ অর্থ হইতে) সামান্য, মাঝারী (হি°)। রাশি ধান… মিশ্রিত ধান্য, সামান্য ধান্য।

রাষ্ট্র, গ্রা° রাষ্ট…ণ. (সং রাষ্ট্র হইতে)। রাষ্ট্র-মধ্যে ব্যাপ্ত বা ঘোষিত।

রাস…ষ্য. (সং)। শ্রীকৃষ্ণের রাস নামক নৃত্য-লীলা। রাসপূর্ণিমা…(সং)। কার্তিক পূর্ণিমা তিথি। দৃষ্টান্তে, জন্মের মধ্যে কর্ম করে চৈত্র মাসে রাস—চৈত্র মাসে যেমন রাসপর্ব হইতে পারে না, তেমন অসম্ভব কর্ম।

রাস…ষ্য. (আ°)। অশ্বরশ্মি (তু° সং রশনা, রশ্মি)। রাস-ভারী…ণ. ভারী দৃঢ় বল্গাবদ্ধ, সংযমী, ধীর। রাস-হালকা…ণ. চঞ্চল-প্রকৃতি।

রাস্‌কেল…ষ্য. (ই° rascal)। নীচ ধূর্ত লোক। রাস্‌কেলি…ষ্য. ধূর্ততা।

রাস্তা…ষ্য. (ফা°। তু° সং রথ্যা)। পথ। কাঁচা রাস্তা…মাটির পথ। পাকা রাস্তা…ইটপাথর দিয়া বাঁধা পথ। চৌরাস্তা…ষ্য. চতুষ্পথ। রাস্তা-ঘাট…পথ ঘাট, ঘাটবাট (প্রাচীন)।

রাস্না…ষ্য. (সং—অঃ)। পরবৃক্ষজীবী শাক-বিশেষ (Vanda roxburghii)। আসাম ও খাসিয়া পাহাড়ে প্রচুর আছে। প্রায়ই আমগাছে জন্মে। ফুল বিচিত্র, সুগন্ধ, বহু-দিন স্থায়ী। এই গাছ তুল্য অনেক গাছ আছে।

রাহা…ষ্য. (ফা° রাহ্। তু° সং রথ্যা)। পথ, উপায়; উপাধিবিশেষ। রাহা-খরচ…পাথেয়। রাহা-জানি…পথিকের প্রাণবধ। রাহাদারি…পথে প্রদেয় শুল্কাদি। রাহী…ষ্য. (রাহা+ঈ)। পথিক।

রাহুত…রাউৎ দেখ।

রাৎ…রাতি দেখ।

রাশ…রাশি, রাস দেখ।

রি…ষ্য. (সং ঋষভ হইতে)। গীতের সপ্ত সুরের দ্বিতীয় সুর।

রিং, রিঙ্‌…ষ্য. (ই° ring)। চাবিকাটির গোছা করিবার অঙ্গুরী বা বলয়।

রিআৎ…রেআৎ দেখ।

রিক্‌-শ…ষ্য. (জাপানী ?)। মানুষে টানা গাড়ী।

রিগিড়…ষ্য. (রগড় দেখ)। নির্বন্ধ, জেদ। রিগিড়িয়া, রিগিড়্যে…ণ. (রিগিড়+ইয়া)। নির্বন্ধশীল, একগুঁয়া।

রিজু…ণ. (সং ঋজু, সংপ্রা° রিজ্জ)। সোজা।

রিটরণ্‌…ষ্য. (ই° return)। নির্ধারিত সরকারী রিপোর্ট।

রিঠা…ষ্য. (সং অরিষ্ট)। বন্য তরুবিশেষের ফল (soap-nut)। জলে ফল ঘষিলে ফেনা জন্মে, এই হেতু এক সং নাম ফেনিল। পশম ও পাটের কাপড় কাচিতে এই ফল লাগে। রিঠা-গাছ এ দেশে দুই জাতীয় আছে। এক জাতি ছোট রিঠা (Sapindus mukorissi) উত্তরভারতে, অন্য জাতি বড় রিঠা (S. trifoliatus) মধ্য ও দক্ষিণ-ভারতের গাছ বলা যাইতে পারে। প্রথম জাতির পাতা অলোম, ফল লম্বা একটা একটা কিংবা জোড়া জোড়া। দ্বিতীয় জাতির পাতা লোমশ, ফল দুই তিনটা পরস্পর অল্প যুক্ত। বঙ্গদেশে উভয় জাতি আছে। কিন্তু অধিক নহে।

রিণ…ষ্য. (সং ঋণ)। ঋণ।

রিপিট…ষ্য. (ই° rivet)। ধাতুর ছোট কাঁটা, যাহা পিটিয়া দুই ধাতুপাত আঁটিতে পারা যায়।

রিপোর্ট, গ্রা° রিপোট…ষ্য. (ই° report)। ঘটনার সরকারী বৃত্তান্ত, ঘটনার বৃত্তান্ত।

রিফাইন…ষ্য. (ই° refine)। পরিষ্কার, শোধন।

রিফু, রিপু…ষ্য. (আ° রফু)। ছিন্ন বস্ত্রের ছিন্নাংশদ্বয় সেলাই করিয়া কিংবা তালি দিয়া জোড়া। রিফুগর…ষ্য. রিফুকারী।

রিবেট…ষ্য. (ই° rebate)। কাঠের তক্তার ধারে ঝরি।

রিভল্‌ভর, রিভল্‌বর…ষ্য. (ই° revolver)। ছোট বন্দুকবিশেষ। ইহাতে অনেক নল থাকে এবং একের পর এক নল ঘুরিয়া আসিয়া এক ঘোড়ার আঘাতে আগুন পায়।

রিম…ষ্য. (ই° ream)। কুড়ি দিস্তা অর্থাৎ ৪৮০ তা কাগজের গাঁঠরী।

রিমি-ঝিমি…ব্য. (বোধ হয় ঝিম্‌-ঝিম হইতে। ঝম্‌-ঝম দেখ)। মৃদুমন্দ বর্ষণে, প্রঃ—রিমি ঝিমি শবদে বরিষে (জ্ঞানদাস)।

রি-রি…রে-রে দেখ।

রিল…ষ্য. (ই° reel)। চক্রবিশেষ যাহাতে সূতা গুটাইতে পারা যায়; রিলবিশিষ্ট বড়শী। রিল সূতা…যে সূতা রিলে বিক্রয় হয়।

রিষবৎ…ষ্য. (আ°)। উৎকোচ, ঘুষ। রিষবৎ-খোর…ষ্য. উৎকোচগ্রাহী। রিষবৎ খাওয়া—ঘুষ লওয়া। (তু° প্রাচীন ধুতি খাওয়া)।

রিসিভর ··ষ্য. (ই° reciever)। আদালত দ্বারা নিযুক্ত কর্মচারী যিনি বিচারাধীন বিষয়-সম্পত্তি দেখাশোনা করেন।

রীত, রীৎ···ষ্য. (স° রীতি)। রীতি, স্বভাব, প্রঃ—না পারি বুঝিতে রীত (জ্ঞানদাস)। রীতচরিত ··ষ্য. (রীতিচরিত্র। সহচর শব্দ)। রীতি, প্রঃ—আচারবিচার রীতচরিত্র কেমন (ভাঃ)। রীত-নীত···ষ্য. (স° রীতি-নীতি। সহচর শব্দ)। রীতি-চরিত্র।

রীষ···ষ্য. (স° ঈর্ষা)। ঈর্ষা। রীষা-রীষি, রেষা-রেষি···ষ্য. পরস্পর ঈর্ষা।

রু··ধাতু. (স° রুহ ধাতু রোপ রোপণ হইতে)। রুই—বীজ জন্ম করি, বৃক্ষাদি উৎপত্তি করি। রোআ॥ (গাছ রোআ, রোপণ; বীজ বোনা, বপন। কিন্তু যখন বীজ নির্দিষ্ট স্থানে অঙ্কুরিত করা হয়, তখন বীজ রোআ)। রোআ ··ধাতু. (রু ধাতু আস্তে)। রোআনা॥

রুই ··ষ্য. (স° রোহিত। রোহি—রোই—রুই। ই পরে যাহাতে রো—রু হইয়াছে)। প্রসিদ্ধ শকলী মৎস্যবিশেষ (Labeo rohita)। উদর গোল, শকলে লাল চিহ্ন থাকে বলিয়া নাম রোহিত অর্থাৎ লোহিত। পাখনা কৃষ্ণবর্ণ বলিয়া এক স° নাম কৃষ্ণ পুচ্ছ।

রুইদাস···রুহিদাস দেখ।

রুখ ··ধাতু. (স° রুক্ষ ধাতু পারুষ্যে)। রুখি—নিষ্ঠুর হই, প্রতিরোধ করি, প্রঃ—রুখিয়া দাঁড়াইল। রোখা॥ রোখা ··ধাতু. (রুখ ধাতু আস্তে)। রোখানা॥ (রুখা রোখা দেখ)।

রুখা, রুখ্··ণ. (স° রুক্ষ)। অচিক্কণ, তৈলহীন, প্রঃ—রুখ্ গায়ে, রুখ্ স্নান।

রুগী (গ্রা°) ··রোগী। স্ত্রী° রুগিনী, রুগ্নী।

রুচ···ধাতু. (স° রুচ ধাতু)। রুচি—ভোজনে তৃপ্তিকর হই, প্রঃ—নাহি রুচে অন্নজল (ভাঃ)। রোচা॥ রোচা···ধাতু. (রুচ ধাতু আস্তে)। রোচানা॥

রুজ ··ষ্য. (ই° rouge)। অঙ্গরাগ। রুজ-পাউডার···(ই° rouge powder)। যে লাল চূর্ণ (ferric oxide) দ্বারা সোনা মাঁজিতে পারা যায়।

রুঁজ···ধাতু. (স° রুজ ধাতু ভঙ্গে হিংসায়)। রুঁজি—লোমাদি দ্বারা পাকানা দোড়ী ঘষিয়া মসৃণ করি। রোঁজা॥ রোঁজনা, রোজনা···ষ্য. যে লোমগুচ্ছ দ্বারা রোঁজা যায়। রোঁজা···ধাতু. (রুজ ধাতু আস্তে)। রোঁজানা॥ রোঁজা-মাঁজা···(সহচর শব্দ)। ঘষিয়া মসৃণ করা।

রুজু···ষ্য. (আ°)। আরম্ভ, উপস্থিত (আদাঃ)।

রুজু···ণ. (স° ঋজু)। সমান, প্রঃ—রাম সনে রুজু হৈল সাধু ধনপতি (কবিকঃ); একের অনুযায়ী, সমুখাসমুখি, প্রঃ—ঘরে রুজু রুজু জানলা; হিসাবের এক এক দফার সহিত মিল, প্রঃ—হিসাবে রুজু দেওয়া—দফা দফা মিলানা।

রুটি···ষ্য. (স° রোটি, রোটিকা। হি° রোটী। বোধ হয় ফরাসী roti হইতে। পাঁওরোটি দেখ)। গমের আটা কিংবা ময়দার চেপটা পিষ্টকবিশেষ। রুটি-আলা···ষ্য. (আলা প্রত্যয়)। রুটি-কারক, রুটি-বিক্রেতা।

রুণু-ঝুণু···ব্য. (স° রণ ধাতু ধ্বন ধাতু শব্দে)। নূপুরাদির ধ্বনিতে, প্রঃ—রুণু-ঝুণু রব করে রসাল কিঙ্কিণী (মাঃ), নূপুরের ঝুণুঝুণু (জ্ঞানদাস)।

রুণু-রুণু···রণ-রণি, রণ দেখ।

রুদ্রাক্ষ···ষ্য. (সং)। বৃহৎ তরুবিশেষ (Elæocarpus ganitrus) অরণ্যে জন্মে। ইহার অর্বুদময় শুষ্ক ফলে জপিবার মালা হয়।

রুঁধ···ধাতু. (সং রুধ ধাতু)। রুঁধি—রোধ করি, আবরণ করি, প্রঃ—গাছ রুঁধিয়া রাখা। বোঁধা॥ রোঁধ···ষ্য. রোধ, বেড়া, প্রঃ—বাগানে রোঁধ দেওয়া। দুয়ার-রুঁধি···ষ্য. দ্বারের উপরের অংশের কাঁথ। রোঁধা···ধাতু. (রুধ ধাতু আস্তে)। রোঁধানা॥

রুধির···ষ্য. (সং)। রক্ত; মদ্য (অশিষ্ট); টাকা (অশিষ্ট)।

রুপ···ধাতু. (সং রোপণ হইতে)। রুপি—রোপণ করি। রোপা॥ (প্রায়ই রোআ)। রোয়ল (বিদ্যাপতি)—রোপিল।

রুপা, রূপা···ষ্য. (সং রূপক, রূপ্য)। প্রসিদ্ধ শ্বেতবর্ণ ধাতুবিশেষ (silver)। রুপেয়া ···ষ্য. (হিং। রুপা+ইয়া — রুপিয়া)। (রৌপ্য-নির্মিত) টাকা (বাংতে চলিত নাই)।

রুপোষ···ণ. (ফাং। ফাং রু—মুখ, পৃষ্ঠ। সং রূপ ?)। লুক্কায়িত (আদাঃ)। রুপোষী···ণ. রুপোষ সম্বন্ধীয়; যে লুকাইয়াছে।

রুবকারি···ষ্য. (ফাং রুবকারী)। বিচারসমন্ধীয় লিপি, রিপোর্ট।

রুমাল···ষ্য. (ফাং রু—মুখ, মাল—মার্জনে। তুং সং রূপ+মাল ধাতু)। মুখ মুছিবার বস্ত্রখণ্ড।

রুমিমস্তকি···(সং নাম ধূনরাজ)। মস্তকী দেখ।

রুলী···ষ্য. (ইং rule হইতে ?)। হাতের সোনার সরু বালাবিশেষ।

রুষ···ধাতু. (সং রুষ)। রুষি—ক্রুদ্ধ হই, প্রঃ—ছলেতে অন্নদা দেবী কহেন রুষিয়া (ভাঃ)। (প্রায়ই পদ্যে)।

রুসুন (গ্রাং)···রসুন দেখ।

রুসুম···ষ্য. (আং রুসূম)। মাশুল, শুল্ক। (আদাঃ)।

রুহিদাস, রুইদাস···ষ্য. মুচী। মুচী জাতির আদিপুরুষ নাকি রুহিদাস ছিল। (হিং রৈদাস—চামারের শ্রেণীবিশেষ)।

রূঢ়···ণ. (সং রূঢ়)। প্রসিদ্ধ, সর্বজনকথিত (যৌগিক নহে), যেমন এক এক শব্দ; (বাং-তে) নিষ্ঠুর, অভদ্র।

রূপ···ষ্য. (সং। সংতে রূপ শব্দের নানা অর্থ আছে। যথা, রূপং স্বভাবে সৌন্দর্যে নামগে পশুশব্দয়োঃ গ্রন্থাবৃত্তৌ নাটকাদাবাকার-শ্লোকয়োরপি—মেঃ। বাংতে এত অর্থ চলিত নাই)। সৌন্দর্য; আকার, হ্রস্ব-দীর্ঘাদি শুক্লকৃষ্ণাদি আকার (চক্ষুর্গ্রাহ্য); (শব্দের পরে বসিয়া সমাসে) প্রকার, উপমা, প্রঃ—এইরূপে সে চলিয়া গেল। রূপকথা···(উপকথার অপভ্রংশে কিংবা রূপ—শ্লোক হইতে)। উপকথা। রূপ-গুণ···ষ্য. (রূপ—আকার ? স্বভাব ? সহচর শব্দ হইবার কথা)। আকার ও গুণ, স্বভাব ও গুণ। রূপবন্ত···ণ. (সং রূপবান্)। সুন্দর। রূপ-লাবণ্য···ষ্য. (সং। প্রায় সহচর শব্দ)। সৌন্দর্য ও লাবণ্য। রূপস··· ণ. (সং রূপস্বী ?)। রূপবান্, প্রঃ—কৃত্তিঃ, স্বর্ণের কলস দেখিতে রূপস (কবিকঃ), রূপসদল (মেঘনাদবধঃ)। স্ত্রীং

রূপসী (ভং'তেভ)। রূপী…ণ. (রূপ+ঈ)। রূপবিশিষ্ট, যেমন লালমুখা বাঁদর।

রূপদস্তা…ষ্য. (সং রূপক হইতে রূপা। +দস্তা)। যে দস্তা রূপার মতন দেখায়, বাস্তবিক সীসা ও রাঙ্গের সঙ্কর ধাতু (pewter); জর্মন সিলভর। রূপসা…ণ. রূপাসদৃশ, যাহা দেখিতে রূপার মতন শাদা; রূপা-যোগ হেতু শাদা।

রূপা…ষ্য. (সং রূপ্য, রূপক)। রূপা। রূপালী …ণ. (রূপা+লী)। রৌপ্যময়, রৌপ্য-মণ্ডিত। (রূপার পরিবর্তে রাং দিয়াও নিকৃষ্ট রূপালী হয়)।

রূল…ষ্য. (ইং rule)। আদেশ (আদাঃ), প্রঃ—রূল জারি করা।…ষ্য. (ইং ruler)। ঋজু-রেখা-কর্ষণ দণ্ড। রূল করা…ঋজু রেখা করা।

রুলী…ষ্য. (রোল ধ্বনি হইতে ? তুং মং রুঠ—পাদভূষণ)। হাতের সোনার সরু বালা।

রে…ব্য. (সং অরে রে—হেমঃ)। সম্বোধনে, আহ্বানে (নিকৃষ্টকে অবজ্ঞায় বাৎসল্যে)। অরে, ওরে…সম্বোধনে, আহ্বানে। তবে রে …ব্য. ক্রোধে, আস্পর্ধায়।

রে…বিভক্তি. সর্বনাম পদে এবং কদাচিৎ বিশেষ্য পদে কে স্থানে, প্রায়ই পদ্যে, এবং ভাষায়, প্রঃ—যারে—যাহাকে, তাহারে—তাহাকে।

রেআজ, রেওয়াজ…ষ্য. (আং রিবাজ)। প্রচলন, ধারা।

রেআৎ, রেয়াৎ…ষ্য. (আং রিআয়ৎ)। অনুগ্রহ, পক্ষপাতিতা।

রেওচিনী…রেবনচিনী দেখ।

রেওটী…ষ্য. (সং রাজাবর্ত হইতে। হিং। তুং মং রেব—বালি)। স্ফটিক প্রস্তরবিশেষ। (বোধ হয় বালিয়া পাথর যাহা পট্টাকারে পাওয়া যায়। তাহা হইলে সং রাজপট্ট)। গৃহনির্মাণে এই পাথর পূর্বকালে প্রসিদ্ধ ছিল (শূং পুঃ)।

রেক…ষ্য. (সং রেখা হইতে ?)। ধান চালের মাপবিশেষ। কোথাও কোথাও ৪ ছটাক, কোথাও ২০ ছটাক মাপ।

রেকাব…ষ্য. (আং রকাব)। ঘোড়ার জিনের পা-দান।

রেকাবী, রেকাব…ষ্য. (আং রকাবী)। জল-পানের ছোট থালী।

রেখ…ষ্য. (সং রেখা)। রেখা, চিহ্ন (শূং পুঃ)।

রেজকী…ষ্য. (ফাং রেজগী। ফাং রেজা হইতে)। টাকা অপেক্ষা ক্ষুদ্র রৌপ্যমুদ্রা।

রেজা…ষ্য. (ফাং)। খুচরা, খণ্ড। রেজা পয়সা …গণা পয়সার বাহিরে খুচরা পয়সা। রেজা রেজা করা—খণ্ডে খণ্ডে ভাগ করা। রেজা থান…গোটা থান নহে, টুকরা থান।

রেজাই…ষ্য. (ফাং রজাই। সং রঞ্জিত)। পাতলা লেপ, চিত্রিত শীতবস্ত্র।

রেজিষ্ট্রার, রেজেষ্টার…ষ্য. (ইং registrar)। দলিল-পত্র রক্ষক; লিপিকারক। রেজেষ্টারি …ষ্য. (ইং registry)। রেজিষ্ট্রারের আপিশ। রেজেষ্টারী…ণ. (রেজেষ্টার+ঈ)। রেজেষ্ট্রার দ্বারা খাতায় লিপিবদ্ধ (আদাঃ)। রেজেষ্টারি, রেজেষ্ট্রি…ষ্য. (ইং register)। হিসাবের বহি, তালিকা।

রেঝা…ষ্য. (সং রন্ধ্র ?)। চাঁদমারি, প্রঃ—ফোঁটা দিয়া বিন্ধে রেঝা (কবিকঃ)।

রেড়ী···ষ্য. (সং এরণ্ড । তু° এঁড়ী এরণ্ডী, ভেরেণ্ডা)। এরণ্ড বৃক্ষ।

রেড়ো···রাড় দেখ।

রেঢ়ো···রাঢ় দেখ ।

রেত্তি···ষ্য. (হিং)। উগা।

রেঁদা···রাঁদা দেখ।

রেপার···ষ্য. (ইং wrapper)। শীতবস্ত্রের প্রাবরক।

রেফ···ষ্য. (সং)। র বর্ণ; ব্যঞ্জন বর্ণের মস্তকস্থিত হলন্ত র; ´ এই চিহ্ন। (র ব্যঞ্জনের অধোগত হইলে র-ফলা)। রেফযুক্ত ব্যঞ্জন কোন্ কোন্ শব্দে দ্বিত্ব হয়; যথা, সর্ব্ব, ধর্ম্ম, কার্য্য। এই ব্যঞ্জন বর্গের দ্বিতীয় কিংবা চতুর্থ বর্ণ হইলে প্রথম-দ্বিতীয় কিংবা তৃতীয়-চতুর্থ দ্বিত্ব বর্ণ হয়; যথা, মূর্চ্ছা, অর্দ্ধ। পূর্বকালে এই এই প্রকার উচ্চারণ হইত। এখন সে প্রকার উচ্চারণ প্রায় নাই। এ কারণে এই কোষে ব্যঞ্জনের দ্বিত্ব করা হয় নাই। ব্যাকরণ দেখ।

রেবনচিনী, রেওচিনী···ষ্য. (ফাং রেবন্দ, গ্রীক rheum)। হিমালয় প্রদেশের বৃক্ষবিশেষের (Rheum emodi) শুষ্ক কন্দ (Indian rhubarb)। ঔষধে লাগে।

রেয়াৎ···রেআৎ দেখ।

রেয়ো···ণ. (রায়+উয়া—রায়ুয়া—রেয়ো। তু° হিং রায়—ভাট। কিংবা সং রাব—রা+উয়া—রাউয়া—রেয়ো)। (রাজার) গুণকীর্তনকারী, বরাহূত। রেয়ো-ভাট···বরাহূত ভাট (কিংবা সহচর শব্দ)।

রে-রে, রৈ-রৈ, রি-রি···ব্য. (সং রৈ ধাতু শব্দে)। আক্রমণকারী ডাকাইতের শব্দে।

রেল···ষ্য. (ইং rail)। লোহার পথ; লোহার বেষ্টক। রেলওয়ে···(ইং railway)। লোহার পথ। রেলরোড···(ইং railroad)। লৌহ পথ। রেল গাড়ী, রেলের গাড়ী···যে গাড়ী লৌহপথে চলে। রেলিং···(ইং railing)। লোহার বেষ্টক।

রেলা···ষ্য. (হিং—স্রোত, বন্যা; সং রেল্ল—প্রাচুর্য। সং অরণ্য?)। জনতা, জনসমাগম, প্রঃ—মহেন্দ্রবাজারে হল মনুষ্যের রেলা (মাঃ)—অধুনা ঠেলা।

রেশম···ষ্য. (ফাং। তু° সং অংশু। তু° ফাং রেশা—সং অংশু। বে-রেশা আম—যে আমে আঁশ নাই)। পট্ট। রেশমী···ণ. পট্টনির্মিত, পট্ট সম্বন্ধীয়।

রেষ···ষ্য. (সং রেখা—রেষা হইতে?)। একটানা স্রোত; সেতারাদি বাদ্যে ধ্বনির স্রোত।

রেষারেষি···রীষা-রীষি দেখ।

রেস্ত···ষ্য. (পর্তুং resto—অবশিষ্ট)। খেলার পণ; অবশিষ্ট অর্থ।

রেস্পণ্ডেণ্ট···ষ্য. (ইং respondent)। আদালতে যে অভিযোগের উত্তর দেয়।

রেহা···ষ্য. (সং রেখা)। রেখা (প্রাচীন পদে)।

রেহাই···ষ্য. (ফাং রিহাই)। মুক্তি, ছাড়ি।

রো···ধাতু. (সং রোদন হইতে)। রোই—রোদন করি। (প্রাচীন পদে)।

রোআ, রোঁয়া···ষ্য. (সং রোম)। নেবু ফলের ভিতরের এক এক লোম; দানা; ধাতু দ্রব্যের গুঁড়া।

রোআ···ষ্য. (সং রোপ—শর। ও° রুঅ, মং রীপ)। চালের মুদনী হইতে খুঁটীর

মাথার পাড়ি পর্যন্ত বিস্তৃত বাঁশ বা কাঠ। কাজেই পাড়ির তির্যক রোআ। (রোপসী দেখ)।

রোআ, রোয়া…রু ধাতু দেখ।

রোঁআ, রোঁ…ষ্য. (সং রোম)। ক্ষুদ্র রোম; গাছের লোম; পাখীর পালখের ভিতরের রোম।

রোআক…রক দেখ।

রোক…ষ্য. (সং রোকঃ ক্রয়ভেদঃ—মেঃ)। নগদ দামে বিক্রয়, নগদ টাকা। রোকড় …ষ্য. (রোক+ড়)। ব্যবসায়ের টাকা কড়ি। রোকড়-বহি…যে বহিতে রোকড়ের হিসাব লেখা হয়। রোকড়ী…ণ. রোকড় সম্বন্ধীয়।

রোক…ষ্য. (সং—মেঃ। নৌকা। ইহা হইতে ফাং রোখ, ইং rook? বোধ হয় সং রথ হইতে অপভ্রংশে ফাং রোখ, পরে সং রোক। কারণ চতুরঙ্গ-খেলায় রথী থাকিত, নাবিক থাকিত না)। সতরঞ্চ খেলায় নৌকা।

রোকসৎ, রোকসদ…ষ্য. (আং রুখসৎ)। গমনে অনুমতিদান। রোকসদ্ হই—আজ্ঞা পাইলে যাই।

রোখ, রোক…ষ্য. (হিং। সং রোধ)। রোধ, বাধা।

রোথ…ষ্য. (সং রোষ। রুষ ধাতু দেখ)। রোষ (প্রাচীন পদে)।

রোখা…ণ. (সং রুক্ষ)। তীক্ষ্ণ। রোখাল…ণ. (রোখা+ল)। রোখা। রোখা…(রোক +আ—রোকা—রোখা)। নগদ, প্রঃ—(রোকা) রোখা কড়ি চোখা মাল—নগদ দাম দিলে উৎকৃষ্ট বস্তু মেলে।

রোগ…ষ্য. (সং)। ব্যাধি। রোগ কাটা—সুস্থ হওয়া। রোগে পড়া—অসুস্থ হওয়া। রোগ লাগা—রোগে আক্রান্ত হওয়া। রোগ-নাড়া …ষ্য. (নাড়া? রোগ-নাড়া—সহচর শব্দ হইবার কথা। লাড়া—সেবা-শুশ্রূষা হইতে নাড়া?)। রোগ ও তৎতুল্য দেহের অস্বাস্থ্য। রোগশোক (গ্রাং রোগ-শোগ)…ষ্য. (সং। প্রায় সহচর শব্দ)। রোগ ও শোক। রোগা …ণ. (রোগ+আ)। রোগযুক্ত; দুর্বল, কৃশ। রোগা-পটকা…ণ. (রোগা+পটকা —দুর্বল)। রোগা ও দুর্বল। রোগাটিয়া, রোগাট্যে…ণ. (রোগা+টা — রুগ্নতা+ ইয়া)। রোগযুক্ত, রুগ্নতাবিশিষ্ট। রোগ্না, রুগ্না…ণ. (সং রুগ্ন)। রুগ্ন। স্ত্রী° রুগ্নী।

রোগন…ষ্য. (ফাং রোগন)। তেল চর্বির বার্ণিশ।

রোজ…ষ্য. (ফাং)। দিন; দৈনিক বেতন বা দিনিকা; দণ্ড হেতু দৈনিক অর্থ। রোজ-খরচা…দৈনিক ব্যয়। রোজ তারিখে… প্রত্যহ। রোজ-নামা, রোজ-নামচা…দৈনিক স্মারক লিপি (diary)। রোজ রোজ… প্রত্যহ।

রোজগার…ষ্য. (ফাং)। অর্থ উপার্জন। রোজ-গারী…ণ. (রোজগার+ঈ)। অর্থ উপার্জন-ক্ষম। রোজগারের টাকা—স্বোপার্জিত অর্থ।

রোজদাদ…ষ্য. (ফাং রুএদাদ)। আদালতে বিচার্য বিষয়।

রোঁজনা…ষ্য. (রুঁজ ধাতু দেখ)। গো-বালি, নারিকেল-কাতা প্রভৃতির গোছা যাহা ঘষিয়া পাকানো দোড়ী কিংবা সূতার পাক বসাইয়া দিতে পারা যায়।

রোজা (গ্রা°)…ষ্য. (ওঝা হইতে। ওঝা দেখ)। প্রাচীন কালের বৌদ্ধ তান্ত্রিক (স° মালতী-মাধব নাটক দেখ)। ভূত-প্রেতচিকিৎসক, প্রঃ—কেহ কহে মাই ওঝা দে ঝাড়াই রাইয়েরে পেয়েছে ভূতা (চণ্ডীঃ)—শব্দমিল নিমিত্ত ভূতা, বস্তুতঃ স্ত্রী-ভূত নহে; বাল-চিকিৎসক, চিকিৎসক।

রোজা…ষ্য. (ফা° রোজ—দিন হইতে)। মুসলমানদিগের ত্রিশ দিনের উপবাস। এই উপবাস রমজান মাসে হয়। রোজা রাখা—উপবাস পালন। রোজা খোলা—পারণ করা।

রোড…ষ্য. (ই° road)। পথ। রোডসেস …(ই° roadcess)। পথ জন্য রাজকর।

রোড়া, রোণা, রয়ড়া…ষ্য. (স° রোহিতক, রোহিণ)। তিক্তরাজ রোহাণ দেখ।

রোদ…ষ্য. (স° রৌদ্র ঘর্ম (গরম)—মেঃ)। আতপ। (প্রাচীন বাংতে, কৃত্তিঃ কবিঃ, খরা। মেঘ ও বৃষ্টির পর রৌদ্রকে রাঢ়ে খরা বলে)। রোদের ঝাঁঝ, তেজ…আতপ উগ্রতা। চড়া রোদ…চণ্ড রৌদ্র। রোদ পোআনা—গায়ে রৌদ্র লাগানা। (পুহ ধাতু দেখ)।

রোঁধ, রোঁদ (গ্রা°)…ষ্য. রোধ। রুঁধ ধাতু দেখ। বাঁধ-রোঁধ করা—বাঁধা ও রোধা।

রোঁদ…ষ্য. (ই° round)। রঁদ (দেখ)।

রোপ্‌সী, রুপ্‌সী…ষ্য. (রোআ দেখ। রোপ+সা+ঈ)। চালের শাঁড়কের উপর ও নীচের দিকের দুই সরু বাখারী।

রোপ, রুপ…ধাতু. (স° রোপ, রোপণ হইতে)। রোপি,রুপি—রুই। রোপা। (রু ধাতু দেখ)।

রোল…ষ্য. (স° রোড—ক্ষোভে—মেঃ। স° রণ? তু° ম° ও° রড—অবিরাম রোদন)। ক্ষোভ, ক্ষোভজনিত শব্দ, প্রঃ—কান্নার রোল; উতরোল—উচ্চরোল; গম্ভীর রোলে বাজিল চৌদিকে রণবাদ্য (মেঘনাদবধঃ)।

রোলা…ষ্য. (ই° roller)। গম-ভাঙ্গা লৌহ জাঁতা। রোলাকল…(ই° roller mill)। গমভাঙ্গা লোহার কল।

রোশন-চৌকি…ষ্য. (ফা° রৌষণ চোকী—মূলার্থ আলোকময় স্থান)। ঢোলক, মন্দিরা, বাঁশী—এই তিন যন্ত্রবাদক সম্প্রদায়।

রোশনগীর…ষ্য. (ফা°)। যে জমিদারের কাছারিতে আলো জ্বালে ও রাখে।

রোশনাই, রোশনি…ষ্য. (ফা°। তু° স্ন° রশ্মি)। আলো। বাঁধা রোশনাই…বিবাহাদি যাত্রায় পথের দুই পাশের আলোকমালা।

রোহিতক…তিক্তরাজ, রোড়া দেখ।

রোহাণ, রোহুনা…ষ্য. (স° রোহুণ। হি° রোহণ, ও° নাম সোহান্‌, সোয়াম্‌)। নিম্বাদিবর্গের বৃহৎ তরুবিশেষ (Indian Redwood. Soymida febrifuga)। কাণ্ড সোজা, বাকল রক্তবর্ণ তিক্ত, সার কাঠ লাল, পরে খয়রা লাল, দৃঢ় স্থায়ী। তিন হইতে ছয় জোড়া পর্ণে পাতা, পর্ণ ২।৪ ইঞ্চি লম্বা। ফল ১।২ ইঞ্চি লম্বা, পাঁচ খণ্ডে ফাটিয়া যায়। বীজ অনেক, চেপটা, পক্ষযুক্ত। মধ্যভারত হইতে পশ্চিমভারতে জন্মে। (রোহিতক, রোড়া দেখ)।

রৌশগীর…ষ্য. (রশি-গীর)। যে আমিনের মাপ-শিকল বহিয়া লইয়া যায়।

ল।

ল…ষ্য. (সং)। ব্যঞ্জন-বর্ণ,-অক্ষর-বিশেষ। (ল স্থানে ন, ন স্থানে ল অনেক শব্দে ভুলে চলিতেছে)। লকার…ষ্য. (সং)। ল-ধ্বনি; ব্যাকরণের ক্রিয়া-কালভাব-বোধক সংজ্ঞাবিশেষ।

ল…ধাতু. (সং লভ ধাতু। ভ—হ হইয়া লহ—ল। হিংতে লহ ধাতু হইতে লহনা। সংতে লাভ ধাতু। বাংতে নি ল দুই ধাতু সং নী লভ হইতে। কথিত বাংতে কেবল নি ধাতুর, লিখিত বাংতে কেবল ল ধাতুর প্রয়োগ হয়। পূর্ববঙ্গের লিখিত বাংতেও কেবল নি ধাতু। ওংতে ল ধাতু নাই, কেবল নে ধাতু আছে। ল স্থানে ন, ন স্থানে ল অনেক শব্দে ভুলে হয় বলিয়া নি ল ধাতুর প্রভেদ রক্ষা পায় নাই। নি ধাতু দেখ)। লই—লাভ করি, পাই, প্রঃ—ধন লইয়া বৃথা ব্যয় করিতেছে (এই অর্থ প্রায় নাই। এই অর্থে, লাভ করি। লহনা, লেনা শব্দে আছে); গ্রহণ করি, প্রঃ—অবকাশ লইয়াছে, টাকা লও (বস্তুতঃ লহ—লঅ); অন্যায়পূর্বক, বলপূর্বক গ্রহণ করি, প্রঃ—চোরে টাকা লইয়াছে; ভিক্ষা, ধার করি, প্রঃ—বন্ধুর নিকট টাকা লইলে তাহা শীঘ্র শোধ করিবে; ভোজন করি, প্রঃ—দুটা সন্দেশ লও, জোলাপ লওয়া; স্বীকার করি, দৃষ্টান্ত-সরূপ গ্রহণ করি, প্রঃ—রামের দৃষ্টান্ত লও ও সত্যবাদী হও; বোধ করি, প্রঃ—এক যুক্তি কর রাজা যদি লয় মন (কৃত্তিঃ), মোর মনে হেন লয় (জ্ঞানদাস)—এখানে ল ধাতু অকর্মক তুল্য; অর্থে, বোধ হয়। ল ধাতু অন্য ধাতুর পরে বসিয়া ক্রিয়া নিষ্পত্তি বুঝায়, যথা, ধরিয়া লও সে আসে নাই, বুঝিয়া লও সে আসিবে না, লুঠিয়া লও, শিখিয়া লও, ইত্যাদি। এ সকল স্থলে ল ধাতু লাভে। বুঝিয়া লও—বুদ্ধি লাভ কর, শিখিয়া লও—শিক্ষা লাভ কর, ইত্যাদি॥ লওয়া, লআ॥ লহনা…ষ্য. (হিং)। প্রাপ্তি। লেনা-দেনা, লেন-দেন…ষ্য. (হিং)। লাভ (প্রাপ্তি) ও দান, পাওনা ও দেনা। লওয়া, লআ…ধাতু. (ল ধাতু আন্তে। মূলে লভ বলিয়া লভআ — লঅআ—লওয়া। নতুবা লআ)। লওয়াই, লআই—গ্রহণ করাই, পরামর্শ গ্রহণ করাই, প্রবৃত্ত করাই॥ লওয়ানা, লআনা॥

ল…ষ্য. (ইং law)। দেশের আইন।

লওয়াজিম, লআজিম…ষ্য. (আং লৱাজিম)। উপকরণ, আবশ্যক সামগ্রী।

লক…ষ্য. (ফাং নথ)। ঘুড়ী উড়াইবার সুতা।

লক্-পক…ব্য. (সং লক ধাতু আস্বাদনে গ্রহণে; সং পক্ষ ধাতু গ্রহণে কিংবা পচ ধাতু পাচনে)। আস্বাদন-ব্যগ্রতায়, প্রঃ—ভাল খাবার দেখিলে জিব লক্-পক করে।

লক্-লক…ব্য. (সং লক ধাতু)। আস্বাদনের নিমিত্ত জিহ্বার লৌল্যে, প্রঃ—ভাল খাবার দেখিলে পেটুকের জিব লক্-লক করে; সাপের জিব লক্-লক করে। লক্-লকা, লক্ লকিয়া, লক্-লক্যে…ণ. (লক্-লক + আ, ইয়া)। সরু চঞ্চল (লিক্-লিকা দেখ)।

লকা, লক্কা…ষ্য. (আং)। বিস্তৃতপুচ্ছ পোষা পায়রাবিশেষ।

লকী…ষ্য. (? ফাং লকা - ময়দা থাসিবার গামলা)? পিতলের বগুনা।

লকুচ…ষ্য. (সং)। মাদার দেখ।

লকট…ষ্য. (ইং loquat)। গোলাপবর্গের ছোট ফল-তরুবিশেষ (Eriobotrya japonica)। চীন ও জাপানের গাছ। বাগানে রোপিত হয়। ফল ভক্ষ্য, বসন্ত-কালে পাকে।

লকুদ…ষ্য. (? ফাং নক্‌দ্—প্রস্তুত ?)। ক্ষেতে সার খইল যোগ, ক্ষেতের পাইট। (গ্রামে বহু প্রচলঃ)।

লকেট…ষ্য. (ইং locket—সোনার ছোট কৌটা, যাহাতে ক্ষুদ্র কেশগুচ্ছ কিংবা চিত্র থাকে)। ঘড়ীর চেইনে দোলায়মান স্বর্ণ-পদকবিশেষ।

লক্কা…লকা দেখ।

লক্ষ…ষ্য. (সং)। শত সহস্র সঙ্খ্যা; ছল; দৃষ্টি। লক্ষপতি…(সং)। লক্ষ টাকার স্বামী; বহুধনবান্। লক্ষণ…ষ্য (সং)। স্বরূপ, পরিচয়, নামচিহ্নাদি; শ্রীরামের ভ্রাতা। লক্ষণের ফল ধরা—রামচন্দ্র বনবাসকালে লক্ষণ (অন্য বানান লক্ষ্মণ) ভাইকে ফল খাইতে না বলিয়া ধরিতে বলিয়াছিলেন। লক্ষণ চৌদ্দ বৎসর সে ফল রাখিয়াছিলেন, খান নাই। ইহা হইতে, ভোজ্য দ্রব্যাদি অন্যের ভোজন নিমিত্ত বহু কাল রক্ষা করা।

লক্ষ্মী…ষ্য. (সং। পালি লখ্‌খী। ইহা হইতে বাং উচ্চারণ লখ্‌খী)। বিষ্ণুপত্নী; রাজশ্রী; সম্পত্তি; শোভা; ধান্য।…ণ. লক্ষ্মীতুল্যা, শিষ্ট, প্রঃ—মেয়েটি লক্ষ্মী। লক্ষ্মী-শ্রী…ষ্য. (সং। সহচর শব্দ)। শ্রী-সম্পত্তি। লক্ষ্মীকান্ত…(সং)। বিষ্ণু। লক্ষ্মী-পূজা…লক্ষ্মী দেবীর পূজা; আশ্বিন মাসের অমাবস্যা তিথিতে লক্ষ্মীদেবীর পূজা। লক্ষ্মী-ছাড়া…ণ. লক্ষ্মী ছাড়িয়াছেন যাহাকে, হতশ্রী, নির্ধন। লক্ষ্মীমন্ত…ণ. (সং লক্ষ্মীবান্)। শ্রীমন্ত, ধনবান্। ঘরে লক্ষ্মী আনা—পুত্রবধূ আনা, পুত্রের বিবাহ দেওয়া। লক্ষ্মী পাতা—লক্ষ্মী পূজার নিমিত্ত ধান্যাদি সাজানা। ঘরের লক্ষ্মী পায়ে ঠেলা—কাম্য দ্রব্যের অনাদর।

লখ…ধাতু. (সং লক্ষ ধাতু)। লখি—দৃষ্টি করি, প্রঃ—মনের যুকতি কেহ লখিতে না পারে (জ্ঞানদাস), লক্ষ করি, প্রঃ—লখি আগে না দেখিনু (চণ্ডীঃ), কৃত্তিঃ, কবিকঃ, চৈঃ চঃ। (প্রাচীন পদে)।

লগন…লগ্ন দেখ।

লগা…ষ্য. (লগ ধাতু দেখ)। ফুল ফল পাড়িবার বাঁশ, যাহা লাগাইতে পারা যায়। (লগাতে আঁকশী থাকে)। লগী…ষ্য. ছোট লগা। (হিং লগ্‌গী)।

লগেজ…ষ্য. (ইং luggage)। যাত্রীর মোট বাকস ইত্যাদি। লগেজ করা—লগেজ ওজন করাইয়া ভাড়া দেওয়া।

লগ্ন, লগন (গ্রাং)…ষ্য. (সং)। (পাঁজীর) মেষাদি রাশির উদয়; জন্মলগ্ন; বিবাহ-লগ্ন; যোগ্য সময়, প্রঃ—লগ্ন মত কথা বলা। লগ্ন-পত্র…বিবাহের সময়নিরূপক পত্র। ধুলা পায়ে লগ্ন…অবস্থিতি না করিয়া প্রত্যাবর্তন যেন পথ চলিয়া পায়ে যে ধুলা লাগিয়াছিল তাহাও না ধুইয়া (প্রকৃত, গোধূলি সময়)। লগনসা…ষ্য. বিবাহ-লগ্ন সময় (কিংবা বিবাহ-লগ্ন-সারি); পরে পরে বিবাহের শুভ দিন বা বিবাহ (মং লগ্নসরাঈ)।

লঘ্বী…ষ্য. (সং লঘু স্ত্রীং লঘ্বী। লঘ্বী ক্রিয়া। মং ওং লঘ্বী। ওং পণ্ডিতী ভাষায়, মংতে

লঘ্বী শঙ্কা—মূত্রবেগ। গুর্বী দেখ)। মূত্রত্যাগ, প্রঃ—ভোজনের কালে তার তোজন থালিতে। লঘ্বী কৈলা ইথে কেবা না নিন্দে জগতে॥ (নবদ্বীপপরিক্রমা)। এই-রূপ রুক্তিঃ। অধুনা অপ্রচলঃ।

লঙ্কা···ষ্য. (সং লঙ্কা দ্বীপ নাম হইতে। এই নাম আধুনিক। কারণ, চৈঃচঃ,কবিকঃ, এমন কি, ভাঃ, মাঃতে লঙ্কা নাম নাই, আছে মরিচ। লঙ্কা অর্থে মরিচ। সংতে মরিচ অর্থে গোল-মরিচ; এ কারণ প্রভেদ করিতে লাল-মরিচ ও লঙ্কা-মরিচ নাম হইয়াছে। লঙ্কার আদিনিবাস আমেরিকা। সেখান হইতে পর্তুগীজেরা দক্ষিণভারতে গোআ কালিকাট প্রভৃতি অঞ্চলে প্রথমে আনে। পরে ভারতের নানা স্থানে ছড়াইয়া পড়ে। বোধ হয়, লঙ্কা তিন শত বৎসরের অধিক পূর্বে এ দেশে ছিল না। ভাবপ্রকাশে লঙ্কা কিংবা ইহার অর্থে কোন শব্দ নাই। মরিচের তুল্য ঝাল বলিয়া প্রথমে লালমরিচ এবং সাধারণ লোকে কেবল মরিচ বলিত। হয় ত লঙ্কা দ্বীপ হইতে গাছ আসিয়াছিল বলিয়া নাম লঙ্কামরিচ। বৈদ্যকশব্দসিন্ধু-কোষে এক নাম আছে কু-মরিচ। কু অপ-কৃষ্ট মরিচ। কিংবা কুমারিকা নাম হইতে। ওং লঙ্কা, হিং মর্চি, মং মির্সিঙ্গা। বিশেষ করিতে হইলে হিংতে লাল মর্চি। কোথাও কোথাও বাংতে গাছ মরিচ বলে। কারণ গোল মরিচের গাছ—লতা হয়)। বঙ্গানাদি-বর্গের কৃষিজাত শাকবিশেষের ফল (Red pepper, chilli, cayene, Capsicum)। ইহার দুই জাতি আছে। এক জাতির ফল (লঙ্কা) লম্বা, গাছে ঝুলিয়া ধরে, একটা ফলে এবং পাকিলে লাল হলুদা বেগুনা বর্ণ হয়। অন্য জাতির ফল সোজা প্রায়ই সূচলা, দুই তিনটা ফলে এবং পাকিলে লাল হয়। প্রথম জাতি (C. annuum) প্রায়ই বর্ষায়ুঃ, দ্বিতীয় জাতি (C. frutescens)। প্রায়ই দীর্ঘায়ুঃ। কাফরী লঙ্কা···যেন আফ্রিকা দেশ হইতে আগত লঙ্কা। এই লঙ্কা মোটা ফাঁপা। ধান লঙ্কা, ধানী-লঙ্ক ···ধানের মতন ছোট লঙ্কা, খুব ঝাল। ইহা দ্বিতীয় জাতি। সূর্যমণি লঙ্কা···ধান-লঙ্কাবিশেষ। উপর দিকে মুখ করিয়া ফলে। আজি কালি প্রথম জাতির বহু জাত দেখা দিয়াছে। (২) লঙ্কা দ্বীপ। দৃষ্টান্তে, লঙ্কায় সোনা সস্তা—লোকের বিশ্বাস যে, পূর্বকালে ত্রেতাযুগে রাবণ যে স্বর্ণময় লঙ্কাপুরী নির্মাণ করিয়াছিল, সে পুরীর সোনা থাকাতে লঙ্কা-দ্বীপে এখনও সোনা সস্তা। লক্ষণায়, আকরে আবশ্যক দ্রব্য সস্তা হইতে পারে, এ দেশে যে দেশে প্রয়োজন সে দেশে নহে।

লংক্লথ (গ্রাং লংক্লাট)···ষ্য. (ইং longcloth)। শুক্লীকৃত মার্কিন কাপড়।

লঙ্গা, লং···লবঙ্গ দেখ।

লঙ্গার··নঙ্গর দেখ। (ফাং লঙ্গর)।

লঙ্ঘ···ধাতু. (সং লঙ্ঘ ধাতু)। লঙ্ঘি, অতিক্রম করি; লাফ দিই। (পদ্যে)। লঙ্ঘন ···ষ্য. (সং)। রোগ জন্য উপবাস, প্রঃ—লঙ্ঘন দেওয়া; অতিক্রম।

লচ্-পচা···ণ. (সং লস ধাতু আশ্লেষ, পশ ধাতু স্পর্শ। লস্-পস দেখ)। পরস্ত্রীলোলুপ।

লজেঞ্চুস, লজঞ্চুস···ষ্য. (ইং lozenges)। রঞ্জিত শর্করাপিণ্ড।

লজ্জা···স্ত্রী. (সং)। লাজ (দেখ)। লজ্জা-সরম ···স্ত্রী. (প্রায় সহচর শব্দ)। লজ্জা-সম্রম। চক্ষু-লজ্জা···মনে লজ্জা অনুভূত না হউক, চক্ষে যে লজ্জা প্রকাশ পায়, এবং যে লজ্জায় চোখ নত হয়। লজ্জার খাতিরে··· লজ্জাকে আদর করাতে, অন্য হেতু না থাকিলেও প্রকাশিত হইলে লজ্জা পাইতে হইবে এই শঙ্কায়। লজ্জার মাথা খাওয়া —লজ্জাহীন হওয়া। লজ্জাকর, (গ্রা° লজ্জাঙ্কর)···ণ. (সং)। লজ্জাজনক। লজ্জালু, লজ্জাবতী···স্ত্রী. (সং লজ্জালু)। বব্বুলাদি-বর্গের কণ্টকময় বন্য ক্ষুপবিশেষ (Sensitive plant. Mimosa pudica)। পাতা ছুঁইলে মুদ্রিত হইয়া নামিয়া পড়ে। শুঁটী লোমশ, ফুল প্রায় বারমাস ফোটে। অমরে, নমস্কারী গণ্ডকালী সমঙ্গা খদিরীত্যপি—অঞ্জলি আকারে পর্ণ মুদ্রিত হয়, যেন নমস্কার করে, এই হেতু নমস্কারী; গণ্ডে গ্রন্থিস্থলে কৃষ্ণবর্ণ — গণ্ডকালী; সমস্তত চারিদিকে বিস্তৃত হয়—সমঙ্গা; খদির বৃক্ষপত্রতুল্য পত্র বলিয়া খদিরী।

লঙ্গাড়, লেঙ্গাড়, (গ্রা° নেনজাড়)···স্ত্রী. (সং লঙ্গ—লেজ, কাপড়ের কাছা; কিংবা সং লঙ্গা—স্রোত+বা° আড়। তু° মং লঙ্গাড় —মুস্কিল, ও° লেঙ্গরা—আবর্জনা)। কাজের সূত্র, অবিচ্ছেদ বা অনুবন্ধ।

লটক···ধাতু. (সং লড ধাতু কম্পনে হইতে)। লটকি—লতিকা তুল্য নত হই, প্রঃ—মরা পাখীর মাথা লটকিয়া পড়ে॥ লটকা॥

লটকা···ধাতু. (হিং হইতে ? সং লড ধাতু হইতে ? তু° লড়কা ধাতু)। লটকাই—লম্বিত করি, ঝোলাই॥ লটকানা॥

লটকান···স্ত্রী. (হিং)। °বৃক্ষারোহী বর্গের ৬৷৭ আঙ্গুল দীর্ঘ পক্ষীবিশেষ (Loriquet. Loriculis vernalis)। টিয়ার তুল্য, কিন্তু তদপেক্ষা চঞ্চু ছোট চাপা, পুচ্ছ হ্রস্ব, প্রায় গোল। মাথা সবুজ, উপর পাখা রক্তবর্ণ। লটকান···আমেরিকা দেশের ছোট তরুবিশেষ (Bixa orellaaa)। দুই শত আড়াই শত বৎসর হইল ভারতবর্ষে আনীত হইয়াছে। দক্ষিণ ভারতে অনেক। পাতা বড়; ফুল শাদা ও লাল দুই জাত বর্ষাশেষে ধরে। ফুলে ৫।১০টা পাপড়ি। ফল পেঁড়ার মতন, পাকিলে ফাটিয়া যায়। বীজ অনেক। বীজের গায়ে এক লাল রঙ্গ (arnatto, annatto) থাকে। এই রঙ্গের জন্য গাছের আদর। কিন্তু রঙ্গ কাঁচা।

লটকান···স্ত্রী. (? ই° triangle হইতে ?)। তিনখানা কাষ্ঠদণ্ডে তেপায়াবিশেষ। প্রায়ই, ঠাকুরের সম্মুখে নৈবেদ্য রাখিতে আধার হয়।

লট্-খট···স্ত্রী. (সং লট ধাতু ব্যামোহ, লড ধাতু পীড়িত ভাব, খড খণ্ড ধাতু ভঙ্গ, নীরাশা। তু° খটকা)। চিন্তার বিষয়ে। লট্-খটা, লট্-খটিয়া, লট্-খট্যে···ণ. যাহাতে চিন্তা ও মোহ জন্মায়, যেমন এক এক কাজ।

লট্-ঘট···স্ত্রী. (সং লটক—দুর্জন, সং লট ধাতু বিলাসে; ঘট—ঘটনা। কিংবা নট হইতে লট)। দুর্জনের নটের সহিত মিলন, অবৈধ প্রণয়। দৃষ্টান্তে, যেখানেতে আঁটাআঁটি সেখানেতে লটঘট।

লট্-পট···স্ত্রী. (সং লট ধাতু বিলাস, লড ধাতু লড়নে; পত ধাতু পতনে)। লুণ্ঠিতভাবে,

প্রঃ—লট্‌-পটি 'পাগ'ড়ি পিন্ধন পাটবাস (চৈতন্যমঙ্গল), লট্‌-পট জটা লপটে পায় (ভাঃ), লটপট তার বেশ (চণ্ডীঃ)—লুণ্ঠিত ও পতিত।

লটোরা···ষ্য. (?)। শাখাশ্রয়ীবর্গের পক্ষীবিশেষ (Shrike. Lanius)। পুং স্ত্রী এক প্রকার। চঞ্চু দৃঢ়, পাশে চেপটা, নিম্নদিকে নত। পক্ষ অপেক্ষা পুচ্ছ দীর্ঘ, মাথা বড়। বনে থাকে, গাছে বসিয়া পোকা দেখে এবং মাটিতে নামিয়া আসিয়া ধরে। দুই জাতি আছে। (১) কচ্‌কচা বা দুধিয়া লটোরা···১৩।১৪ আঙ্গুল দীর্ঘ পক্ষী (Grey shrike. L lahtora); চোখের পাশ কাল, উপরের পক্ষ নীলধূসর, পুচ্ছ কৃষ্ণ-শ্বেত। (২) ছোটকী লটোরা···৯।১০ অঙ্গুল দীর্ঘ পক্ষী (Bay-backed sprike. L. vittatus)। পিঠ খয়রা।

লড়···ধাতু. (সং লড ধাতু চলন, কম্পন, লালন। অনেকে এই লড় ধাতু অশুদ্ধ মনে করিয়া নড় শুদ্ধ মনে করেন। কিন্তু তাহা নহে। তুং সং লডতি লতা বায়ুনা—বাতাসে লতা লড়িতেছে)। লড়ি—বিচলিত কম্পিত হই, প্রঃ—আনিব এমন বর বায়ে লড়ে দাঁত (ভাঃ), লড়িল মস্তকে জটাজুট (মেঘনাদবধঃ)। লড়া॥ লড়া···ণ. যাহা লড়িতেছে, প্রঃ—বুড়া গরু লড়া দাঁত ভাঙ্গা গাছ গাড়ু, (ভাঃ)। লড়া···ধাতু. (লড় ধাতু আস্তে)॥ লড়ানা॥ (লাড় ধাতু দেখ)।

লড়···ধাতু. (সং রণ ধাতু। তুং সং লড ধাতু উৎপীড়ন)। লড়ি—যুদ্ধ করি॥ লড়া॥ লড়াই···ষ্য. (হিং)। যুদ্ধ। লড়াইয়া, লড়ায়ে···ণ. যুদ্ধকারী। লড়া···ধাতু. (লড় ধাতু আস্তে)॥ লড়ানা॥

লড়কা···ধাতু. (সং লড ধাতু বিলাস হইতে। লড়-লড় করা—লড়কা ?)। লড়কাই—খেলাই, দোলাই, প্রঃ—বড়শী লড়কাইয়া মাছ ধরা॥ লড়কানা॥

লড়কা···লেড়কা দেখ।

লড়্‌-বড়···ব্য. (সং লড ধাতু কম্পনে, বল ধাতু সঞ্চরণে। নড়্‌-বড় দেখ)। বিচলনে, কম্পনে, প্রঃ—কাজের সময় লড়্‌-বড় করা—সুচারু না হওয়া। (২) লট্‌-পট হইতে লড়্‌-বড়, প্রঃ—ভারী বড় কাপড় পরিয়া লড়্‌-বড় করা। লড়্‌-বড়িয়া···ণ. যে লড়্‌-বড় করে।

লড়া···ষ্য. (নড়া দেখ। সং নডক, নলক হইতে)। সরু কোমল হাত।

লড়ী···ষ্য. (সং যষ্টি সংপ্রাং লঠ্‌ঠী—লাঠী হইতে। কিংবা হিং লকড়ী হইতে। সং লকুট=লগুড়)। শীর্ণ যষ্টি, প্রঃ—ডানি করে ভাঙ্গা লড়ী বাম কক্ষে ঝুড়ী (ভাঃ), অন্ধের লড়ী।

লণ্ঠন···ষ্য. (ইং lantern)। কাচ-আবরকে রক্ষিত দীপ। হারিকেন-লণ্ঠন···(ইং hurricane)। যে লণ্ঠন ঝড় বাতাসে নিবে না। হাত-লণ্ঠন···হাতে বহনযোগ্য লণ্ঠন।

লণ্ডভণ্ড ··ণ. (সং লণ্ড ধাতু উৎক্ষেপণে; ভণ্ড ধাতু প্রতারণে, ভণ্ডন—যুদ্ধ। মং লডথড। আসাং রণ্ডভণ্ড। সং রণ্ড—নিষ্ফল। কিন্তু রণ্ড অপেক্ষা লণ্ড শব্দের অর্থ আছে)। উৎক্ষিপ্ত বিপর্যস্ত, প্রঃ—কবিকঃ; কাজ বিষয়-সম্পত্তি কাপড়চোপড়

লণ্ডভণ্ড করা; লণ্ডভণ্ড করি লঙ্কা দণ্ডিবে রাবণে (মেঘনাদবধঃ)।

লণ্ড্র...ষ্য. (ইটালীয়)। লণ্ডন নগর। লণ্ড্রদেশ ...ইংলণ্ড।

লতা...ষ্য. (সং। বল্লী তু ব্রততির্লতা—অঃ। বল্লতি:—সংবৃণোতি বল্লী—a twiner। প্রতনোতি প্রততিঃ ব্রততি, প স্থানে ব, যাহা বিস্তৃত হয় বা বাড়িয়া উঠে—a climber। লততি বেষ্টয়তি লতা)। যে গাছ জড়াইয়া উঠে (Climbing and twining plants)। লতা-পাতা...লতা ও পাতা। লতা-কস্তুরী...কাল-কস্তুরী, মষক-দানা (দেখ)। লতা-ফটকী ...ষ্য. (সং নাম কটভী, জ্যোতিষ্মতী। লতা-কটভী—লতা-ফটকী। হিং নয়াফটকী। ওং নাম ফট্‌ফটিকা)। বন্য প্রতানী লতাবিশেষ (Cardiospermum halicacabum)। পাতা দ্বিধা-ত্রিপর্ণ। ফল ত্রিকোষ, স্ফীত, কটুয়ার মতন (কটতি আবৃণোতি কটো বেষ্টস্তং ভজতে—অঃ টীঃ)। লতা-মুহুরী ...মারিষাদি বর্গের বর্ষায়ুঃ শাকবিশেষ (Digera arvensis)। কতকটা আপাং গাছের মতন। ক্ষেতে ও পথের ধারে জন্মে। শাখা কোণিয়া। লতা...রাত্রিকালে 'সাপ' না বলিয়া কেহ কেহ 'লতা' বলে; আশা-লতা, উৎসব-লতা (নারীভাষায়। তুং আসাং লতা পাওয়া—লোভ, আশা)। লতা...ধাতু. লতাই—লতার তুল্য চলি, উর্ধ্বে উঠি, প্রঃ—গাছ লতাইয়া উঠিয়াছে; লতার তুল্য দুর্বল হইয়া পড়ি, প্রঃ—পা লতাইয়া পড়ে দৌর্বল্যে। লতানিয়া, লতাণে...ণ. যাহা লতাইয়া চলে বা পড়ে।

লত্তা (গ্রাং)...নত্তা দেখ।

লদনা...ষ্য. (হিং। বাংতেও। ?। সং নাম গন্ধময়)। খটাশ পশুর কোষবিশেষ হইতে প্রাপ্ত সুগন্ধ দ্রব্য।

লদ্‌-লদ...ব্য. (নৎ-নৎ হইতে)। অবনতি-ভাবে, প্রঃ—কাদা উঁচা দাঁড়ায় না, লদ্‌-লদ্‌ করে।

লপট...ধাতু. (লটপট হইতে। ধাতু লপটা হইবার কথা)। লপটি—জড়াই, প্রঃ—লট্‌-পট জটা লপটে পায় (ভাঃ)॥ লপটা॥

লপ্‌ত...ষ্য. (সং লিপ্ত ? আসাং লক্ত)। একত্র, লাগালাগি, প্রঃ—এক লপ্‌তে অনেক জমি—গায়ে গায়ে।

লপেট...ণ. (সং লিপ্ত। হিং)। পরস্পর লিপ্ত, অবিচ্ছিন্ন। লপেট বাজনা—যে বাজনা গানের সহিত লয় হইয়া চলিতেছে।

লবঙ্গ, লঙ্গ...ষ্য. (সং লবঙ্গ। লবঙ্গং দেব-কুসুমং শ্রীসংজ্ঞং — অঃ। লুয়তেঽনেন ছিদ্যতে তৃষ্ণাদিকং। দেবযোগ্যকুসুমত্বাং দেবকুসুমং—অঃ টীঃ। কিন্তু লবঙ্গ শব্দ সংস্কৃত কি না, তাহাতে সন্দেহ আছে। মালয় ভাষায় বুঙ্গা অর্থে ফুল এবং লবঙ্গের নাম বুঙ্গা-চিঙ্গাকে। কিন্তু মালয় ভাষায় অনেক সংস্কৃত শব্দও আছে) জম্বুকাদিবর্গের তরুবিশেষের (Eugenia crayop' yllata) শুষ্ক মুকুল (cloves) মলক্কাদ্বীপের গাছ। এ দেশে বাঁচে না সিংহলে ও দক্ষিণভারতে কিছু কিছু জন্মিতেছে। লবঙ্গ-লতা .. নারঙ্গাদিবর্গের লতানিয়া কাঁটা গাছবিশেষ (Luvunga scandens)। পাতা ত্রিপর্ণ; ফুল শাদা সুগন্ধ, গ্রীষ্মকালে ফোটে। ফল বড় বড়

নেবু ফলের মতন। শ্রীহট্ট ও চট্টগ্রামের গাছ। বন-লবঙ্গ...বন্য শাকবিশেষ (Jussiæa suffruticosa)। ভিজা ক্ষেতে জন্মে। পাতা একোত্তর, ফুল হলুদা, ফল লম্বা কোণিয়া, ফলের উপরে দল। এই হেতু লবঙ্গের সাদৃশ্যে নাম। বস্তুতঃ পানিফল ও কেশরদামের সহিত সাদৃশ্য আছে। কোথাও কোথাও লাল লবঙ্গ বলে। লবঙ্গ ফুল ..লবঙ্গ সাদৃশ্যে নারীহস্তের স্বর্ণ অলঙ্কারবিশেষ।

লবান, লোবান...ষ্য. (আ° লবান)। গুগ্গুল-বিশেষ (benzoin)। ইহার গাছ (Styrax benzoin) মালয় দ্বীপে জন্মে এবং সেখান হইতে লবান এ দেশে আসে। আসাম, ব্রহ্ম ও মালয় দেশে আর এক গাছ হইতে প্রকৃত লবান তুল্য সুগন্ধ নির্যাস পাওয়া যায়। তাহা শিলারস (storax) নামে খ্যাত।

লবেজান...ণ. (ফা° লব—ওষ্ঠ, জান—প্রাণ= ওষ্ঠাগতপ্রাণ)। ব্যাকুল।

লবেদার...ণ. (পর্তু° loba—জামাবিশেষ+ ফা° দার ?)। দীর্ঘ জামা-পরা, ফুলবাবু।

লভ্য...ষ্য. (স°)। প্রাপ্য, লাভ, বৃদ্ধি, প্রঃ—পাই লভ্য লয় দিন প্রতি (কবিকঃ) —শুদ। আসল-লভ্য...ষ্য. ঋণদানে আসল টাকা ও শুদ বিষয়ক গণিত (শুভঙ্করী)।

লম্প ..ষ্য. (ই° lamp)। কেরোসীন দীপ।

লম্ফ ঝম্প ..ষ্য. (স° লম্ফ+স° ঝম্প। সহচর শব্দ)। লাফ-ঝাঁপ।

লম্ব...ষ্য. (স°)। দৈর্ঘ্য, প্রঃ—লম্বে চারি হাত। লম্বা...ণ. (লম্ব+আ)। দীর্ঘ। লম্বাই...ষ্য. (হি°)। লম্ব। লম্বাটিয়া, লম্বাট্যে...ণ. (লম্বা+তা+ইয়া)। প্রায় লম্বা। লম্বালম্বি...ষ্য. লম্বদিক। লম্বমান...ণ. (স°)। লম্বিত, যাহা ঝুলিতেছে।

লয়...ষ্য. (স°)। নাশ, প্রলয়; নৃত্যের পাদন্যাস, গীত ও বাদ্যের ক্রিয়াকালের পরস্পর সমতা (অঃ), নৃত্যগীতবাদ্যের সাম্য (হেমঃ); গীতের আদ্যোপান্ত কালপরিমাণের নিয়ম সমান রাখা (গীত-সূত্রসার)। দ্রুত, মধ্যম, বিলম্বিত—লয়ের এই তিন ভাগ। লয় মাফিক কথা—যথাযোগ্য সময়ে।

ললিতা, ললিত...রাগরাগিণী দেখ।

লশ্‌-পশ...ষ্য. (স° লস লশ ধাতু শ্লেষণে, পৃশ ধাতু স্পর্শনে)। আলিঙ্গন ও স্পর্শের অভিলাষে, গ্রহণ অভিলাষে। (লচ্-পচ, লিস্‌পিস দেখ)।

লসুনা...ষ্য. (স° লশুন হইতে)। বৈদুর্য রত্ন (cat's eye)।

লস্কর...ষ্য. (ফা°)। পদাতি সৈন্য, প্রায়ই জাহাজের পদাতি; জাহাজের খালাসী।

লহনা...ষ্য. (স° লভ ধাতু লহ হইতে। ল ধাতু দেখ)। লভ্য, লাভ, পাওনা। লহনা-গণ্ডা...প্রাপ্য অর্থ।

লহমা ..ষ্য. (আ° লমহা)। ক্ষণ, প্রঃ—এক লহমাও স্থির থাকে না (টেকচাঁদ)। (অপ্রচলঃ)।

লহর...ষ্য. (স° লহরী)। লহরী, ঢেউ।

লহু ..ণ. (স° লঘু)। লঘু, প্রঃ—লহু লহু হাস। (প্রাচীন বৈষ্ণবপদ)।

লহু...ষ্য. (হি°) লো দেখ)। রক্ত।

লা, লাহা···ষ্য. (স° লাক্ষা। ও° লাক্। ফা° লা)। লাক্ষা বা জউ (দেখ)।

লাহারী···ষ্য. (স° লাক্ষাকার। লাহা+আরী)। লাক্ষাকার জাতিবিশেষ। স্ত্রী° লাহারিনী।

লা (গ্রা°)···নৌকা। (না দেখ)।

লা···ব্য. (আ°)। বা° না তুল্য, যথা, লা-খিরাজ—করশূন্য (ভূমি), লা-চার—উপায়হীন, লা-জবাব—নিরুত্তর,লা-দাবি···দাবি-শূন্যতা, লা-ব্বারিশ—উত্তরাধিকারী-হীন। বা°তে প্রায়ই, না হইয়া পড়ে।

লাই, লেই···ষ্য. (স° লাজা। ও° লিহা)। খই-মণ্ড।

লাই (গ্রা°)···ষ্য. (নাই দেখ)। নাভি; স্নেহ।

লাইন (গ্রা° নাইন)···ষ্য. (ই° line)। রেখা, সূত্র, পথ।

লাইনিং···ষ্য. (ই° lining)। কাপড়ের অন্তর।

লাইব্রেরি, লাইবেরি···ষ্য. (ই° library)। পুস্তকাগার।

লাইসেন্‌স, লাইসেনি···ষ্য. (ই° license)। রাজ-সরকারের অনুমতি।

লাউ, (গ্রা° নাউ)···ষ্য. (স° অলাবু, স°প্রা° অলাউ, লাউ। হি° কদ্দু)। কুষ্মাণ্ডাদি বর্গের কৃষিজাত প্রতানী ফল-শাকবিশেষ ও ফল (bottle gourd. Lagenaria vulgaris)। ফুল শাদা বড় বড়, পাকা ফলের খোলা কঠিন। লাউ খোলা ··পাকা লাউ ফলের খোলা। লাউ-কাটাকাটি···ষ্য. বালকদিগের খেলা-বিশেষ। গুটী লইয়া খেলা, যেন দুই জনে লাউ কাটিতে থাকে। লাউডগা···ষ্য. গেছো সর্পবিশেষ, হরিতবর্ণ, দেখিতে যেন লাউগাছের ডগা। মাথা লেজ লম্বা, দেহ পাশে চেপ্টা (Dryophis ?)।

লাএক ··লায়ক দেখ।

লাওয়ারিশ, নাওয়ারিশ···ণ. (লা দেখ)। উত্তরাধিকারীশূন্য।

লাখ·· ষ্য. ণ. (স° লক্ষ)। লক্ষ সঙ্খ্যা, লক্ষ সঙ্খ্যক, ১০০০০০।

লাখিরাজ, লাখরাজ ··ণ. (লা দেখ)। নিষ্কর (জমি দেখ)। লাখরাজদার···নিষ্কর ভূমিভোগী।

লাগ···ধাতু. (স° লগ ধাতু। হি° ও° লগ, ম° লাগ ধাতু। স° লগ ধাতুর মূলার্থ সঙ্গ, মেলন, প্রাপ্তি হইতে বা°তে লাগ ধাতুর নানা অর্থ আসিয়াছে)। লাগি—যুক্ত, লগ্ন হই, প্রঃ—কাপড়ে কাদা লাগে, ঘরে আগুন লাগিয়াছে; রত নিযুক্ত হই, প্রঃ—কাজে লাগা; নিরন্তর নিযুক্ত থাকি, প্রঃ—হাসিতে লাগিল; স্পর্শে আসি, প্রঃ—পাঁচটার সময় গ্রহণ লাগিবে, চাল মাথায় লাগিবে; স্থির হই, থামি, প্রঃ—এখানে জাহাজ লাগে না; মূল বিস্তার করিয়া জন্মি, প্রঃ—গ্রীষ্মকালে কলাগাছ লাগে না; আকুল, অভিভূত করিয়া লগ্ন হই. প্রঃ—কটু কথা মনে লাগে, গলায় সুপুরী লাগে, চোখে রোদ লাগে; পশ্চাৎ ধাবিত হই, প্রঃ—শিয়ালের পেছু কুকুর লাগিয়াছে; প্রতিদ্বন্দ্বী হই, শত্রু হই, প্রঃ—বন্ধুর সহিত লাগিতে নাই; আরব্ধ হই, প্রঃ—কয়টার সময় লাগিবে ? বিবাহের আয়োজন লাগিয়াছে; ঘটি, প্রঃ—ঝগড়া লাগিলে বিপদ; ব্যয়িত

হই, প্রঃ—শেষ করিতে বৎসর খানেক লাগিবে, বিবাহে হাজার টাকা লাগিবে; প্রয়োজন সাধনে আসি, প্রঃ—দুর্গাপূজায় বিল্বপত্র লাগে; বোধ হই, প্রঃ—ভাল লাগিতেছে না, সোনার কটোরি কুচযুগগিরি কনকমন্দির লাগে (চণ্ডীঃ)—(কোথাও কোথাও গ্রা°, বোধ লাগা), গান মিষ্ট লাগিতেছে; কর্ম অর্পিত হই, প্রঃ—মোর পুরীভার লাগে (ভাঃ)—পুরী নির্মাণ-ভার আমাতে অর্পিত হইল॥ লাগা॥ আদা জল খাইয়া লাগা—আদা জল পাচক, যেন ভোজন নিমিত্ত। ইহা হইতে একাগ্র মনে নিযুক্ত হওয়া। উঠিয়া পড়িয়া লাগা—না থামিয়া। লাগা···ধাতু. (লাগ ধাতু আস্তে)। লাগানা॥ প্রঃ—শুনি গাহকিনী আসিয়া আপনি দোকান নিকটে লাগে (চণ্ডীঃ)—লাগায় পরিবর্তে মিলের জন্য। লাগাঅ···ণ. (হি° হইতে)। অবিচ্ছিন্ন, নিরন্তর, প্রঃ—লাগাঅ কাজ; সংলগ্ন বা পার্শ্বস্থ। লাগাড়···ণ. (লাগা+আড়)। অবিচ্ছিন্ন, সদাব্যাপী, প্রঃ—লাগাড় জল—যে জলের বিরাম নাই, লাগাড় করা—অবিরাম হওয়া। লাগাদ, লাগাইদ···ব্য. (ভুলে নাগাইদ। লাগ+আদি=লাগাদি—লাগাইদ)। অবধি, পর্যন্ত, প্রঃ—এ লাগাদ দেখা নাই। লাগানি···ষ্য গোপনে দোষারোপ, নিন্দা, প্রঃ—করয়ে লাগানি (চৈঃ চঃ)। লাগানি ভাঙ্গানি ···ষ্য. (সহচর শব্দ)। গোপনে দোষারোপ ও মনোভঙ্গ। লাগানিয়া, লাগান্তে ···ণ. (লাগান+ইয়া)। অবিচ্ছিন্ন, সতত, প্রঃ—লাগানিয়া বর্ষা; অন্যের কুমন্ত্রণা-কারী, প্রঃ—লাঃ লোক; কুমন্ত্রণা-সিদ্ধ, প্রঃ—লাঃ কথা। লাগাল···ষ্য. (লাগ+আল। তু° লাগাড়)। লাগ, সঙ্গ, সন্ধান, প্রঃ—চোরের লাগাল যদি পাই (ভাঃ)। লাগা-লাগি···ষ্য. পরস্পর যোগ, দ্বন্দ্ব। লাগালি···লাগাল। লাগি, লাগ···ষ্য. (লাগ ধাতু ই। ই লোপে লাগ। কিংবা স° লগ্ন হইতে)। সঙ্গ, প্রঃ—বনে বনে উকটিয়া তোর লাগি না পাইয়া (জ্ঞানদাস)। হেন বুঝি অভিপ্রায় শূন্যে শূন্যে আসে যায় কেমনে পাইব তার লাগ (ভাঃ); সন্ধান, তত্ত্ব। লাগি, লাগিয়া, লেগে···ব্য. (ও° লাগি, ম° লাগাঁ, হি° লিয়ে)। নিমিত্ত, জন্য, প্রঃ—ভিক্ষা লাগি এক দিন এক গ্রামে গিয়া (চৈঃ চঃ), পাপ কর কার লাগি (কৃত্তিঃ), সরম ভরম গেল উদরের লেগে (ভাঃ)। কিসের লেগে ভাবিতেছ—কি জন্য, কি কারণে। তোমার লেগে বসিয়া আছে—তোমার নিমিত্ত অপেক্ষায়। লাগ-মইঠা···ষ্য. (লাগ+মোটিয়া ?)। যে কিছু দিনের নিমিত্ত নির্দিষ্ট বেতনে কৃষি ইত্যাদি কাজ করে।

লাগা (গ্রা°)···ষ্য. (নাগা দেখ)। নাগা সন্ন্যাসী; বৈষ্ণব সম্প্রদায়বিশেষ (লাগা)।

লাগাম···ষ্য. (ফা° লগাম)। অশ্ব-বল্গা।

লাগেজ···ষ্য. (ই° luggage)। মোট, যাত্রীর মোট।

লাঙ্গোট···ষ্য. (হি° লঙ্গোট। স° লঙ্গুল হইতে। তু° হি° লাঙ্গা—মাল কোছা)। কৌপীন।

লাঙ্গা-বোট, লাং-বোট···ষ্য. (ই° long-boat নহে। লাঙ্গা—লাঙ্গল+ই° বোট

—নৌকা)। জাহাজের পেছু পেছু যে ছোট ডিঙ্গী অনুগমন করে; লক্ষণায়, যে অনুগমন করে এবং যাহাকে সঙ্গে না লইলে চলে না।

লাঙ্গল, নাঙ্গল···ষ্য. (সং লাঙ্গল। লঙ্গতি গচ্ছতি ভূরং—অঃ টীঃ। ওং লঙ্গল, নঙ্গল, হল; হিং হল; মং নাঙ্গর)। কৃষিকর্মের প্রসিদ্ধ যন্ত্রবিশেষ, হাল। লাঙ্গল করা—লাঙ্গল দ্বারা ভূমি কর্ষণ। লাঙ্গল গড়া—লাঙ্গল নির্মাণ। একখানা লাঙ্গলের চাষ···যে পরিমাণ ভূমি একখান লাঙ্গল দ্বারা চষা হইতে পারে, তত জমির চাষ, প্রায় ১৫ বিঘা জমির চাষ। লাঙ্গল টানা—গোরুর লাঙ্গল কর্ষণ। লাঙ্গলা, লাঙ্গলিয়া, লাঙ্গল্যে···ষ্য. (লাঙ্গল+আ, ইয়া)। যে মনুষ্য লাঙ্গল চালনা করে, লাঙ্গল চালনায় দক্ষ। লাঙ্গলের অঙ্গ, —(১) বোঁটা···ষ্য. (সং বোণ্ট, বৃন্ত)। লাঙ্গলের যে অঙ্গ লাঙ্গলিয়া হাতে ধরে, মুঠা। মুড়া···ষ্য. (সং মুণ্ড হইতে। ওং মুণ্ডা। সং কুটক, নিরীষ)। যে বাঁকা কাঠে ফাল বদ্ধ থাকে। ফাল···ষ্য. (সং। মং ফলা)। লোহার ফলা। ঈষ···ষ্য. (সং। সং ঈষা)। লাঙ্গল দণ্ড। আড়-চাল···ষ্য. (আড়—তির্যক+চাল—যাহা চালিত হয়)। ঈষ উচা নীচা করিবার কাষ্ঠখণ্ড। জোআল, যোয়াল···ষ্য. (সং যুগ। কিন্তু, যুগ হইতে জুআ হইত। বোধ হয় সং যুগল হইতে। ওং জুআঠি, হিং জুআ, মং জুঁর জুঁ)। যে কাষ্ঠ গোরুর কাঁধে বদ্ধ হয়। জোআলের শলী···(সং শলা)। (সং) যুগকীলক। আওদ, আঁদ···ষ্য. (সং আবন্ধ। আবধ্যো যোত্রং—অঃ)। জোত, চর্মরজ্জু। জোত···ষ্য. (সং যোত্র, যোক্ত্র)। আঁদ। আঁকুড়া···ষ্য. (সং অঙ্কুর হইতে)। মুড়া ও জোআল বাঁধিবার অঙ্কুর বা অঙ্কুশ-আকৃতি বংশখণ্ড। হালিয়া, হেল্যে···ষ্য. যে গোরু হল কর্ষণ করে। (হাল দেখ)। সীরালী···ষ্য. (সং সীর—হল+আলী—সীরালী)। ক্ষেত্রে লাঙ্গল-পদ্ধতি। দৃষ্টান্তে, বামুন গেল ঘর ত লাঙ্গল তুলে ধর—ব্রাহ্মণ ভূস্বামী যখন উপস্থিত থাকেন, তখন লাঙ্গালিয়া লাঙ্গলের ফাল মাটিতে প্রবেশ করাইয়া ধরিয়া থাকে। ভূস্বামী চলিয়া গেলে শ্রমলাঘব হেতু লাঙ্গালিয়া লাঙ্গল তুলিয়া ধরিয়া প্রতারণা করে। ইহা হইতে, স্বামী বর্তমানে কাজ হয়, অবর্তমানে কাজে শৈথিল্য ঘটে।

লাঙ্গালী, লাঙ্গালিয়া···ষ্য. (সং লাঙ্গালী)। বিষলাঙ্গালী গাছ, ঈষলাঙ্গালী (দেখ)।

লাচাড়ী···নাচাড়ী দেখ। (আসাং লেচারী)।

লাচার···নাচার দেখ। লা দেখ।

লাজ···ষ্য. (সং লজ্জা)। লজ্জা। লাজ খাওয়া—লজ্জা ত্যাগ, প্রঃ—লাজ খায়্যা আমু ফিরে তবু দয়া হলো না (ভাঃ রসমঞ্জরী)। লাজের মাথা খাওয়া—লজ্জা বিসর্জন। লাজ করা —লজ্জা বোধ করা। লাজ পাওয়া—লজ্জা প্রাপ্তি। লাজে মরা—লজ্জায় মৃতপ্রায়, সঙ্কুচিত। লাজুক···ণ. (লাজ+উক)। লজ্জাশীল, আলাপবিমুখ।

লাজবর্দ···ষ্য. (ফাং। সং রাজাবর্ত। কিন্তু, অর্থসাদৃশ্য নাই)। তুরষ্ক দেশের মণিবিশেষ (lapis lazuli)।

লাঞ্ছনা ··ষ্য. (সং লাঞ্ছন। লান্‌ছ ধাতু চিহ্নী-করণ। লাঞ্ছনং নামচিহ্নয়োঃ—মেঃ । তুং ওং লাঞ্ছ,পালি লাঞ্ছ—উৎকোচ)। কলঙ্ক; অপমান, ক্লেশ।

লাট···ষ্য. (সং লট্ট—দুর্জন, ধূর্ত; কিংবা নাট হইতে)। ধূর্ত, রঙ্গকারী,· প্রঃ—যত লাটের গুরু কানাই।

লাট···ষ্য. (সং লাট—জীর্ণ বস্ত্রাদি। তুং ফাং লাৎ—ময়লা)। জীর্ণ বস্ত্র, বস্ত্রের জীর্ণভাব, প্রঃ—নূতন কাপড় ঘাঁটা-ঘাঁটি করিলে সে কাপড় লাট হয়।

লাট···ষ্য. (সং যষ্টি হইতে জাঠ—লাট)। জাঠ (দেখ)।

লাট···ষ্য. (ইং lot)। অংশ; বড় জমিদারির অংশ; নিলামে বিক্রেয় দ্রব্যের এক এক সমষ্টি। লাট-বন্দি···ষ্য. বিভক্ত বস্তুর তালিকা; বিক্রেয় জমিদারির তালিকা। লাট-বহর···ষ্য. (ফাং বহর—নদী)। লাটের বহর, বহু বস্তু। লাট···ষ্য. (ইং lord)। প্রভু, রায়। ছোট-লাট···লেপ্‌টনাণ্ট গবর্ণর। বড় লাট···গবর্ণর জেনেরাল। জঙ্গী লাট ···প্রধান সেনাপতি।

লাটা···নাটা দেখ। (সং লটা—করঞ্জভেদ)।

লাটিম···ষ্য. (লাট হইতে)। জউরঙ্গো চিহ্নিত ছোট কাষ্ঠখণ্ড বা ছোট লাঠী, শিশুর খেলনাবিশেষ।

লাটু ··ষ্য. (সং লট্টু)। দোড়ী দিয়া ঘুরাইবার পদ্মকর্ণিকা তুল্য খেলন।

লাঠা, লেঠা···ষ্য. (লাঠী সাদৃশ্যে। ঢাকায় নাম ছাইতান)। উভচর মৎস্যবিশেষ (Ophiocephalus barea)। শউল মাছের মতন। মাথা চেপ্‌টা, ঢোঁড়া সাপের মতন। দেহ লম্বা গোল। গায়ে কাল কাল দাগ।

লাঠা কল···ষ্য. (লাঠী হইতে)। কূপাদি হইতে জলতোলা ঢেঁকি-কল।

লাঠী···ষ্য. (সং যষ্টি হইতে সংপ্রাং লঠ্‌ঠী)। যষ্টি; বাঁশের মানুষপ্রমাণ যষ্টি; গবাদি তাড়ন যষ্টি। লাঠী-ঠেঙ্গা ··ষ্য. (সহচর শব্দ)। প্রহার নিমিত্ত লাঠী ইত্যাদি। লাঠী-আড়া, লেঠেড়া···ষ্য. লাঠীর প্রহারে পথিক বধ করে যে,পথদস্যু (তুং ঠেঙ্গাড়া)। লাঠী-আল, লেঠেল··ষ্য. লাঠী খেলায় দক্ষ পুরুষ। লাঠা ··ধাতু. লাঠাই—লাঠী দ্বারা প্রহার করি॥ লাঠানা॥ লাঠালাঠি ··লাঠী দ্বারা পরস্পর প্রহার।

লাড়···ধাতু. (সং লাড ধাতু লালনে। লড় ধাতু দেখ)। লাড়ি – লালন করি, প্রঃ—দিনরাত ছেলে লাড়া সোজা কথা নয়; উৎক্ষেপ করি, প্রঃ—হাত লাড়ি গলা তাড়ি ডাক ছাড়ি কয় (ভাঃ); চালিত করি॥ লাড়া॥ লাড়া···ধাতু. (লাড় ধাতু আপ্তে)॥ লাড়ানা॥ লাড়া-লাড়ি···স্থানান্তর করণ। ঠাঁই-লাড়া হওয়া ··স্থান পরিবর্তন করা। অ-লাড়···ণ. যাহা লাড়িতে পারা যায় না, বৃহৎ ভারী।

লাড়ু···ষ্য. (সং লড্ডুক)। গুড়ে পক্ক গোলাকার মিষ্টান্ন। খই-লাড়ু···খই ও গুড় যোগে লাড়ু; নারিকেল-লাড়ু···নারিকেল কোরা ও গুড় যোগে লাড়ু। লাড়ু পাকানা—লাড়ু তুল্য গোল করা। লাড়ু-গোপাল···ষ্য. লাড়ুভোজী গোপাল শ্রীকৃষ্ণ; পাঠশালায় দণ্ডবিশেষ। এক হাঁটু পাতিয়া এক হাত বাড়াইয়া থাকা দণ্ড।

লাতা, নাতা···ষ্য. (সং নক্তক, লক্তক—জীর্ণ বস্ত্রখণ্ডে)। নেকড়া, যে নেকড়া দিয়া ঘর নিকানা হয় (নাতা দেখ)। লাতা-জাবড়া ···গোময় জলে লাতা ভিজাইয়া ঘর নিকাইতে হয়। ভিজাইয়া ফেলিয়া রাখিলে যেমন নিকানা-কর্ম সমাপ্ত হয় না, তেমন কাজ খানিক করিয়া ফেলিয়া রাখা। লাতা-ছুতা···ছুতা-নেতা দেখ। লাতাড়··· নেতাড় দেখ।

লাথ, লাথি, (গ্রা° নাতি)···ষ্য. (সং লত্তা— পদাঘাত—আপ্তে। সং লতা — শাখা হইতে ? সং লত ধাতু আঘাত হইতে ? বা° আসা° লাথি (ঢাকায় লাথি), হিং লাত, মং লাত লাথ। ওংতে গইঠা, সং গুল্ফ হইতে। আশ্চর্য, বাংতে ত-বর্গের দ্বিতীয় বর্ণ, হিং মংতে ত বর্গের প্রথম বর্ণ! ইহাতে বোধ হইতেছে, মূল শব্দে ত, এবং হয় ত লতা হইতে উৎপত্তি। ফাং লকদ)। পদাঘাত। লাথ···গবাদি পশুর পদাঘাত, লাথি ···মানুষের পদাঘাত। লাথা···ধাতু. লাথাই —পদাঘাত করি॥ লাথানা॥ গোদা পায়ের লাথি···দেখিতে ভয়ানক, কাজে তত পীড়াদায়ক নহে।

লাদ···ধাতু. (বা° আসা° হিং মং লাদ, ওং লদ ধাতু। তুং ইং load। সং লড ধাতু উৎক্ষেপণে)। লাদি—বোঝা বা ভার চাপাই, গবাদির পৃষ্ঠে ভার স্থাপন করি, প্রাঃ—কুঞ্জর লাদিয়া লহ যত আছে ধন (কবিকঃ)॥ লাদা॥ লাদনা···ষ্য. (লাদ ধাতু অনা')। যে বাঁশ বা কাঠ দিয়া গবাদির পিঠে ভার চাপানা হয়। লাদনা···ধাতু. লাদনাই—লাদনা দ্বারা প্রহার করি॥ লাদনানা॥ লাদা···ধাতু. (লাদ ধাতু আস্তে)॥ লাদানা॥

লাদ, লাদা···ষ্য. (সং লণ্ড। আসা° লাদ; হিং মং লীদ; ওং লেদী)। গবাদি পশুর লম্বাকৃতি বিষ্ঠা; পিণ্ড (তুং ওং আসা° লদা)। লাদী, লেদী···ষ্য. ছাগাদি পশুর বিষ্ঠা। লাদ ··ধাতু. লাদি—বিষ্ঠা ত্যাগ করি॥ লাদা॥ লাদা···ধাতু. (লাদ ধাতু আস্তে)॥ লাদানা॥ লাদনা···ষ্য. (লাদ+ বা° না)। উই পতঙ্গাদির বিষ্ঠা। উই-লাদনা···উইর বিষ্ঠাসরূপ মৃত্তিকা।

লাফরা···ণ. (? সং লস ধাতু হইতে ? তুং আসা° লহপহীয়া—বর্ধিত)। স্থূল, মোটা, প্রাঃ—লাফরা বেগুন—মোটা বেগুন (চৈতন্য মঙ্গল); প্রভু কহে মোরে দেহ লাফরা ব্যঞ্জনে (চৈঃ চঃ)—মোটা তরকারি।

লাফ···ষ্য. (সং লম্ফ। ঢাকায় ফাল)। লম্ফ। লাফা···ধাতু. লাফাই—লম্ফ দিই॥ লাফানা॥ লাফানি··ষ্য. লম্ফ। (নাপান দেখ)। লাফা লাফি ··লম্ফ; রাঢ়ের পালকি-বাহক কাহার ভাষায় কোড়া জমি, যে জমির উপর দিয়া চলিবার সময় লাফাইয়া চলিতে হয়।

লাবড়···ণ. (নাবড় দেখ। কিংবা সং লপ ধাতু কথনে হইতে। হিং লবাড়)। মিথ্যাবাদী, অতিকথনশীল।

লাভ ··ষ্য. (সং)। প্রাপ্তি; উপার্জন; উপস্বত্ব। লাভ লোকসান···ষ্য. (লোকসান দেখ)। বৃদ্ধি ও ক্ষতি। লাভে মূলে নষ্ট ··আসল টাকা ও তাহা হইতে উপার্জিত টাকা— দুই-ই নষ্ট। লাভালাভ ··ষ্য. (লাভ+ অলাভ)। ক্ষতি বৃদ্ধি।

লামা···ষ্য.(তিব্বতী)। তিব্বতের বৌদ্ধ পুরোহিত।

লায়ক, লায়েক ··ণ. (আ° লায়ক)। যোগ্য। লায়ক ছেলে···অর্থ উপার্জনক্ষম। কাজের লায়ক···কাজের যোগ্য।

লাল···ষ্য. (স° লালা)। মুখের স্রাব, প্রঃ—বার বছরে ফলে তাল যদি না লাগে গোরুর লাল। লাল কাটা—দেহ বিকারে মুখলালা সূতার মতন লম্বা হওয়া; বিকারে রসের সূতার মতন হওয়া, যেমন দধিবীজের দোষে পাতা দই লাল কাটে। লাল গড়ানো, লাল পড়া—শৈশবে বৃদ্ধত্বে, দৌর্বল্যে ও ভোজ্য লোভে লালাস্রাব হওয়া। লালা ··ধাতু. লালাই—ভোজ্য-লোভে মুখে রসস্রাব হই, প্রঃ—কার্তিক গণেশ মোর অন্নকে লালায় (মাঃ)—অন্নকে—অন্ন নিমিত্তে॥ লালানো॥ লালায়িত ··ণ. (স°)। লোভযুক্ত।

লাল··ণ. (স° লল, লড ধাতু ঈপ্সা। লালিত, লালিত্য হইতে? ফা° লাল—প্রিয়, রক্তবর্ণ)। সুন্দর, প্রঃ—গিরিধর-লাল গিরিপর খেলল (জ্ঞানদাস); প্রিয়, প্রঃ—রসিক-লাল মতি লাল (বা°তে মানুষের নামের অংশ। তু° হি° লাল সাহেব—প্রিয় ভদ্রলোক, লালী—প্রিয় কন্যা। লালা...বিহারী কায়স্থজাতি। স্ত্রী° লালানী। লালাজী···প্রিয় মহাশয়); উৎকৃষ্ট, প্রঃ—খিলভূমি লেখে লাল (কবিকঃ); রাঙ্গা, প্রঃ—লাল কাপড়, ঠোঁট লাল (তু° রঙ্গ হইতে রাঙ্গা। রাঙ্গা দাদা—প্রিয়দাদা)। লালচা, লাল-চিয়া, লালচ্যে···ণ. (লাল+সা—সাদৃশ্যে)। লালসদৃশ, ঈষৎ রক্তবর্ণ। লাল ··ষ্য. লাল কুঁচ বা রক্তিকা, রতি ওজন (৬ লালে এক আনা); মাণিক (ruby. ফা°)। লালড়ী ···ষ্য. (হি° ম°। লাল—মাণিক+ড়ী)। তামড়ী (garnet)। লালা···ধাতু. লালাই —লোহিতবর্ণ হই, প্রঃ—ঘা লালাইয়াছে॥ লালানো॥ লাল কাশন্দা, লালচিতা, লাল ঝাউ প্রভৃতি কাশন্দা, চিতা, ঝাউ প্রভৃতি শব্দে দেখ। লাল-ঠেঙ্গী···ষ্য. কুলেচর বর্গের প্রায় ২০ আঙ্গুল দীর্ঘ পক্ষীবিশেষ (The stilt. Himantopus candidus) মাথা ঘাড় শাদা, চঞ্চু সোজা দীর্ঘ কাল; পক্ষ দীর্ঘ. কালতে সবুজ; পুচ্ছ পাংশুবর্ণ। পা দীর্ঘ, রক্তবর্ণ। ইহা হইতে নাম। জলের ধারে বসিয়া পোকা গুগ্‌লি খায়।

লাল (গ্রা°)···নাল দেখ।

লালন···ষ্য. (স°)। সস্নেহে পালন। লালন-পালন···ষ্য. (স°। সহচর শব্দ)। লালন ও পালন। লালা-পালা···ধাতু. লালাই পালাই—লালন পালন করি, প্রায়ই লালাইয়া পালাইয়া—লালিয়ে পালিয়ে—এই এক পদের প্রয়োগ হয়।

লালপোষ···ণ. (ফা° লাল+পোষ)। লাল পোষাকযুক্ত, প্রঃ—লালপোষ খাসবরদার (ভাঃ)।

লালমোহন···ষ্য. (লাল - প্রিয়। প্রায় সহচর শব্দ হইয়াছে)। ক্ষীরের মিষ্টান্নবিশেষ।

লাশ···ষ্য. (তুর্কী)। মৃতদেহ, শব (আদাঃ)।

লাস···ষ্য. (ই° last)। জুতা গড়িবার কাঠের ফর্মা।

লাস-বেশ···ষ্য. (স° লাস্য-বেশ। আসা° লাস-বেশ। লাস্য—নৃত্য)। নৃত্যনিমিত্ত বেশ (কবিকঃ)।

লাসা…ষ্য. (স° লাস—স্থপ। তু° স° লসীকা)। চিট, প্রঃ—নূতন চুনে লাসা থাকে, পুরানা হইলে থাকে না।

লাহা, লাহারী…লা দেখ।

লিক্‌-লিক…ব্য. (স° লিখ ধাতু)। রেখাতুল্য শীর্ণ দীর্ঘতায়, যেমন কঞ্চি লিক্‌লিক করে। লিক্‌লিকা, লিক্‌লিকিয়া, লিক্‌-লিক্যে…ণ. শীর্ণ দীর্ঘ।

লিক…ষ্য. (নিক দেখ। কিংবা স° লিখ ধাতু রেখাঙ্কনে হইতে। হি° লীক—রেখা)। পথে গাড়ী গমনে চক্ররেখা।

লিকি, নিকি…ষ্য. (স° লিক্ষা, লিক্ষিকা)। উকুণের অণ্ড।

লিখ…ধাতু. (স° লিখ ধাতু। তু° হি° লিখ, ম° লিহ ধাতু)। লিখি—অক্ষরবিন্যাস করি, চিত্র করি॥ লেখা॥ প্রতিমার চাল লেখা—চালে চিত্র করা (ছবি আঁকা —আধুনিক বা°)। লিখন…ষ্য. (স°)। লেখা কর্ম; লিপি; লিখিত প্রমাণ। লিখিতং…ষ্য. (স°)। লিখিত প্রমাণ, লিখন; তমশুকপত্র। লিখীয়া…ষ্য. (লিখ+ঈয়া)। লিখনপটু। লেখা দেখ। লেখা…ধাতু. (লিখ ধাতু আস্তে)॥ লেখানা॥ প্রঃ—গুরুমশায় ছেলে লেখায়।

লিঙ্গায়ৎ…ষ্য. (লিঙ্গ+ইত। তু° সেবায়ৎ) শিবলিঙ্গ-উপাসক সম্প্রদায়।

লিঙ্গিনী…শিবলিঙ্গী দেখ।

লিঘা…নিঘা দেখ।

লিচু…ষ্য. (ই° lichi হইতে। বোধ হয় বা° নীচু শব্দ সাদৃশ্যে লিচি না হইয়া লিচু)। চীন দেশীয় ফলবিশেষ (Litchi)। এ দেশে ইহার গাছ (Nephelium litchi) অনেক হইয়াছে। আসাম, বঙ্গ ও সাহারণপুর অঞ্চলে লিচু উৎকৃষ্ট হইতেছে। বীজে লগ্ন শাঁস খাদ্য; কিন্তু দেশগুণে উৎকর্ষ ও অপকর্ষ ঘটে।

লিনিমেণ্ট, লিলিমেণ্ট…ষ্য. (ই° liniment) তৈলাক্ত প্রলেপ, মলম।

লিপ…ধাতু. (স° লিপ ধাতু)। লিপি—লেপন করি, লেপ দিই॥ লেপা॥ লেপা মাটি…লিপিবার মাটি, যে মাটি লেপা হইয়াছে। লেপা…ধাতু. (লিপ ধাতু আস্তে)॥ লেপানা॥ আলেপনা, আলপনা…ষ্য. গৃহভূমি ও গৃহভিত্তিতে চিত্র।

লিপ্‌টা…ধাতু. (স° লিপ্ত হইতে)। লিপটাই —লিপ্ত হই, প্রঃ—কাপড়ে কাদা লিপ্‌টাইয়াছে॥ লিপ্‌টানা॥

লিপ্‌সা…ষ্য. (স° লভ ধাতু হইতে লিপ্সা)। লাভেচ্ছা, বাঞ্ছা; সম্পর্ক (গ্রা°)।

লিভার, লিভর…ষ্য, (ই° liver)। যকৃৎ, যকৃৎ-বৃদ্ধি, প্রঃ—লিভার হওয়া।

লিলাম (গ্রা°)…নিলাম দেখ।

লিস্‌-পি-স্‌…ব্য. (স° লিপ্‌সা—স্পৃহা। লশ্‌-পশ দেখ)। গ্রহণেচ্ছায়, ধারণেচ্ছায়, প্রঃ—হাত লিস্‌-পিস করা। লিস্‌-পিসানি। লিস্‌-পিসা, লিস্‌-পিসিয়া, লিস্‌-পিস্তে…ণ. যাহা লিস্‌পিস্‌ করে।

লিষ্ট, লিষ্টি…ষ্য. (ই° list)। তালিকা, ফর্দ। (২) কাপড়ের পাড়ি। লিষ্টির কাপড়…এক পাড়ির নানা প্রমাণের কাপড়। (নিষ্টি দেখ)।

লীলা…ষ্য. (সং)। বিলাস ; কেলি ; ক্রীড়া। লীলা-খেলা…ষ্য. (সং লীলা+খেলা। সহচর শব্দ)। লীলা।

লুই, লোই…ষ্য. (সং লোমীয় ?)। মোটা পশমী শীতবস্ত্রবিশেষ।

লুক…ধাতু. (সং লুন্‌চ ধাতু অপনয়নে। ওংতে লুচ, লুচা ধাতু, হিংতে লুক, মংতে লিক ধাতু। বাংতে ইদানী প্রায়ই লুকা ধাতু। কিন্তু পূর্বে লুক ধাতু ছিল। নতুবা লুকা, লুকি শব্দ থাকিত না। আমি লুকি তুমি লুক্‌, আজ্‌কাল শোনা যায় না ; কিন্তু সে লুকুক আছে। বোধ হয় সে লুকাক হইতে। কিন্তু লুকা আস্ত ধাতুও আছে। অতএব লুক সামান্য ধাতু, লুকা আস্ত ধাতু এবং লুকা নাম ধাতু স্বীকার করিতে হইতেছে)। লুকি—অপসৃত হই, গুপ্ত হই॥ লুকা, লুকি॥ লুকা…ষ্য. ণ. গুপ্ত, প্রচ্ছন্ন, প্রঃ—রসের বেভার লুকা না যায় (জ্ঞানদাস), লুকা কিছু নাই (চৈঃ চঃ)। লুকা-চুরি…ষ্য. (লুকা—গোপন ; চোরি, চুরি—চৌর্য। চোরও লুকায়। অতএব সহচর শব্দ। আসাং লুকালুকি)। বালকদের অপনয়ন ও চৌর্যরূপ খেলাবিশেষ ; মধ্যে মধ্যে দেখা দিয়া অদর্শন, প্রঃ—লুকাচুরি খেলা। লুকা-ছাপা…ণ. (সহচর শব্দ)। গুপ্ত। লুকি…ণ. লুকায়িত, প্রঃ—শুক হৈল লুকি (কবিকঃ), গ্রাং মুকি, প্রঃ—বিদ্যাপতি। লুকা…ধাতু. (লুক ধাতু আস্তে)। লুকাই—গোপনে রাখি, অদৃশ্য করি, প্রঃ—টাকা লুকাইয়া রাখ॥ লুকানা॥ লুকা…ধাতু. (সং লুক্কায়িত হইতে)। লুকাই—লুক্কায়িত হই॥ লুকানা॥

লুঙ্গি…ষ্য. (ফাং লুঙ্গী। বোধ হয় সং লুম +ফাং ঈ। সং লুম—লাঙ্গুল। ওংতে লুগা, ছোটনাগপুরী ভাষাতেও লুগা। লুগা—বস্ত্র, ধুতি। কাপড় দেখ)। চিত্রিত হ্রস্ব ধুতি, প্রায়ই মুসলমানের পরিধেয়।

লুচি, গ্রাং মুচি…ষ্য. (সং লোচিকা ? সং লোচক—মাংসপিণ্ড, শ্লথ চর্ম। লেচি দেখ)। গোধূমচূর্ণের ঘৃতপক্ব পিষ্টকবিশেষ। (পূর্বকালে লুচি অজ্ঞাত ছিল। কবিকঙ্কণে নাই ; ভারতে মাণিকে আছে। মাণিকে, 'সন্দেশ খাব না দিবে চিড়ে মুড়ি কিছু।' 'ক্ষীর খণ্ড লাড়ু লুচি খাওয়ায় নিয়ত।'—সন্দেশ লুচি বোধ হয়, দুই শত বর্ষের অধিক পূর্বে ছিল না। ওং হিংতে ছিল না। হিংতে অদ্যাপি নাম, পুরী—পুর দেওয়া হইত বলিয়া)। লুচি-মণ্ডা…ষ্য. (সহচর শব্দ। প্রকৃত মণ্ডা লুচিবিশেষ)। লুচি ও মিষ্টান্ন। লুচির ফলার…যে ভোজনে লুচি প্রধান ভোজ্য। এক দিস্তা লুচি…যেমন ২৫ খানা কাগজে কাগজের এক দিস্তা হয়, তেমন ২৫ খানা লুচি।

লুট…ধাতু. (সং লুট, লুঠ ধাতু। তুং সং লোঠন—ভূম্যাদিতে অঙ্গচালন)। লুটি—বিলোড়িত হই, লুণ্ঠিত হই, প্রঃ—মাটিতে আঁচল লুটিতেছে, ফলভারে গাছ লুটিয়া পড়িতেছে॥ লোটা॥ (লোটন দেখ)। লোটা…ধাতু. (লুট ধাতু আস্তে)। লোটাই—লুণ্ঠিত করি, প্রঃ—ভূমে লোটায় শরীর॥ লোটানা॥ লুটা…ধাতু. (সং লুণ্ঠিত হইতে)। লুটাই—লুণ্ঠিত হই, প্রঃ—মাটিতে আঁচল লুটাইতেছে॥ লুটানা॥ লুটা-পুটি…ষ্য. (লুণ্ঠিত+পতিত)। লুণ্ঠন ও

পতন, প্রঃ—কাপড় মাটিতে লুটাপুটি খাইতেছে—ধূলি লুণ্ঠিত হইতেছে। গড়া-লুটি দেওয়া—(গড়ানা ও লুটানা—সহচর শব্দ)। অবলুণ্ঠিত হওয়া। লুটি…ষ্য. পাত্রাদি মার্জন নিমিত্ত তৃণ কিংবা বস্ত্র-গোলক (লুণ্ডিকা—বৈদ্যকে); লোমাদি-গোলক; গোরুর নাকে তৃণলুটি লাগিয়া যে রোগ হয়।

লুঠ, লুট…ধাতু. (সং লুণ্ঠ, লুণ্ট ধাতু)। লুঠি, লুটি—(ধনাদি) বলপ্রয়োগে অপহরণ করি॥ লোঠা, লোটা॥ লুঠ, লুট…ষ্য. বলে গ্রহণ। হরির লুঠ…হরির প্রসাদ লুণ্ঠন। লুঠ তরাজ …ষ্য. (লুঠ+ফা॰ দরাজ—দীর্ঘ)। লুঠ। লুট-পাট…ষ্য. লুণ্ঠন ও উৎপাটন। লুঠ-পুড় …লুণ্ঠন ও দাহ, প্রঃ—উড়িষ্যা করিলে ছার লুঠিয়া পুড়িয়া (ভাঃ)। দু হাতে লুঠ… দ্রব্য বিচার না করিয়া যাহা সম্মুখে তাহাই গ্রহণ। লুঠেড়া…ষ্য. (লুঠ+আড়া—লুঠাড়া —লুঠেড়া)। লুণ্ঠক। লোঠা, লোটা…ধাতু. (লুঠ, লুট ধাতু আস্তে)। লোঠানা, লোটানা॥

লুড়ি…ষ্য. লুটি, প্রঃ—বায়ুতে পাকিয়া চুল হৈল শণলুড়ি (ভাঃ)—শণের গোছা। (নুড়া দেখ)।

লুড়ী…ষ্য. (লোড়া+ঈ)। ছোট লোড়া বা প্রস্তর-খণ্ড।

লুড়্-লুড়ী…লুল্-লুড়ী দেখ।

লুপ, লুফ…ধাতু. (সং লুপ ধাতু? বাংতে প্রায়ই লুফ ধাতু। বোধ হয় সং লুভ, লুহ ধাতু লিপ্সা। উর্দু লোপ ধাতু)। লুপি, লুফি—আক্রমণ হরণ করি, লোলুপ হই, প্রঃ—বলিতে হইবে না, পাইলে লুপিয়া লইবে; শূন্য হইতে পত্তিত বস্তু গ্রহণ, ধারণ করি, প্রঃ—লুফিয়া ধরিলা (চৈঃ চঃ)॥ লোপা, লোফা॥ লোপা, লোফা…ধাতু. (লুপ, লুফ ধাতু আস্তে)॥ লোপানা, লোফানা॥

লুম…রাগরাগিণী দেখ।

লুল্-লুড়ী…ষ্য. (সং লুল ধাতু হইতে)। ক্ষুদ্র জিহ্বা, নুড়নুড়ী। (সং লম্বিকা)।

লুলা…ণ. (সং লুলিত—বিমর্দিত, লূন—ছিন্ন। তু॰ হি॰ লুনজা—লুন-ভুজ। ফা॰ লুন্‌জা। হি॰ লুলা, ম॰ লুলা। সং কুণি)। ছিন্ন বা ভগ্ন-হস্ত-পদ। লুলা ঠুঁটা…ণ. (সহচর শব্দ)। ভগ্ন বা বিকৃত হস্তপদ।

লুন…নুন দেখ।

লেই…ষ্য. (সং লাজ। হি॰ লেঈ, লৈহী। তু॰ লিহা—খই)। খই-মণ্ড; চাল পালো প্রভৃতির আঠা।

লেওড়া…ষ্য. (হি॰ লৌড়া। তু॰ হি॰ লোলা—লিঙ্গ; ম॰ লবডা। সং লোল—চঞ্চল হইতে?)। শিশ্ন (গ্রা॰ অশ্লীল)।

লেকট…ণ. (সং লিপ্তীকৃত)। লিপ্তীভূত, মিলিত, যেমন অধিক সিঝিয়া ভাত লেকট হয়। বিপঃ,—সড়্-সড়া (ভাত দেখ)।

লেকড়া…নেকড়া বাঘ দেখ। (ম॰ লাণ্ডগা)।

লেক্‌চর…ষ্য. (ই॰ lecture)। বক্তৃতা, কথকতা।

লেখা…ষ্য. (সং। লিখ ধাতু দেখ। গ্রা॰ নেকা)। লিখন, প্রঃ—লেখা-পড়া—বিদ্যা-রম্ভে আগে লিখিতে পরে লেখা পড়িতে শেখানো হইত; হস্তলিপি, প্রঃ—হাতের লেখা ভাল; রচনা; চিত্রকরণ, প্রঃ—পট লেখা; গণিত, গণনা, প্রঃ—লেখা করিয়া

দেখা (সং রেখা ; ফলজ্যোতিষ-মতে রেখা করিয়া ফল গণনা); সন্ধ্যা, প্রঃ—ভূত প্রেত পিশাচের লেখা নাহি জানি (কবিকঃ); গণনা, তুলনা, প্রঃ—তার লেখায় এই অন্ন নহে পঞ্চগ্রাস (চৈঃ চঃ)। লেখা-জোখা…ষ্য. (জুঁখ ধাতু দেখ। সহচর শব্দ)। গণনা, হিসাব, প্রঃ—যাবত না চোকে লেখা-জোখা (ভাঃ)। লেখা মক্‌স করা—(মক্‌স দেখ)। লেখা অভ্যাস করা, লেখার উপরে বারম্বার লেখা। হিজি-বিজি, ইজি-বিজি লেখা—রেখা করা, এমন অক্ষর বা শব্দ লেখা, যাহা পড়িতে কিংবা বুঝিতে পারা যায় না। লেখা-লেখি…ষ্য. পরস্পর লিখন, উত্তর প্রত্যুত্তর লেখা। কাগের ছা বগের ছা লেখা…এমন অক্ষর লেখা, যাহা দেখিলে কাক বক প্রভৃতির চিত্র মনে হয়। (অবশ্য আকস্মিক ; এবং দর্শকের কল্পনায় এইরূপ বোধ হয়)। দৃষ্টান্তে, লেখার কড়ি বাঘে খায় না—গণিত এমন সত্য যে, দুর্দান্ত বাঘও তাহা অন্যথা করিতে পারে না।

লেঙ্গা…ণ. সং নগ্ন। লেংটা, উলঙ্গ দেখ)। উন্মুক্ত, আবরণহীন, প্রঃ—লেঙ্গা তরোয়াল।

লেঙ্গাড়…ষ্য. (সং লাঙ্গুল। লাঙ্গাড় দেখ)। লাঙ্গুল ; কর্ম-সূত্র, লাঙ্গাড়।

লেঙ্গাচ, লেংচ, (গ্রাং নেংচ)··ধাতু. (নেঙ্গাচা দেখ। সং লঙ্গ ধাতু লঙ্গতি। লঙ্গ—লঙ্গ—লাংচ-লেংচ ধাতু। ওং লেঙ্গাড় ধাতু)। লেঙ্গাচি, লেংচি—খঞ্জগতি হই, প্রঃ—কুকুরটা লেংচিয়া চলিতেছে॥ লেঙ্গাচা, লেংচা॥ লেংচা…ণ. (সং লঙ্গ। ওং লেঙ্গাডা, মং লঙ্গাডা)। যে এক পায়ে অল্প ভর দিয়া চলে, পায়ের আঙ্গুলে ভর দিয়া যে চলে। লেঙ্গাচা, লেংচা…ধাতু. (নাম ধাতু। এই ধাতু অধিক প্রচলঃ)। লেংচাই—খঞ্জবৎ চলি। লেঙ্গাচানা, লেংচানা॥

লেঙ্গাটা, লেংটা…নেংটা দেখ। লেংটার নাই বাটপাড়ার ভয়—যে উলঙ্গ বস্ত্রহীন, সে পথদস্যুর ভয় করে না ; ইহা হইতে দুর্জনের নিকট নির্লজ্জ দরিদ্রের ভয় নাই।

লেঙ্গাটি, লেংটি…ষ্য. (লাঙ্গাট হইতে)। কৌপীন।

লেঙ্গাটি, নেংটি…ণ. (সং লিঙ্গালিকা। কিংবা নেং-নেং হইতে। নেংটি দেখ)। যে ঘরে দুয়ারে বিচরণ করে, যেমন লেঙ্গাটি ইঁদুর।

লেচি…ষ্য. (লুচি দেখ)। জলমাখা আটা কিংবা ময়দার পিণ্ড।

লেজ, নেজ…ষ্য. (সং লঙ্গ। ওং আসাং লাঙ্গ। সং লঙ্গ শব্দে অনুনাসিক আছে বলিয়া রূপান্তরে নেজ)। পশুপক্ষ্যাদির পুচ্ছ। লেজা…ষ্য. মৎস্যাদির পুচ্ছ ; পুচ্ছবিশিষ্ট শর। লেজা মুড়া…ষ্য. (প্রতিচর শব্দ)। পুচ্ছ ও মুণ্ড ; আদ্যন্ত। লেজ গুটানা—ভয়ে কুকুরের লেজ পশ্চাৎ দিকে রক্ষিত হয় ; ইহা হইতে, ভীত হওয়া। লেজে গোবরে হওয়া…শঙ্কাহেতু গবাদির লেজ না উঠা ও মলত্যাগ হওয়া ; ইহা হইতে কাজের অসুবিধা দেখিয়া পশ্চাৎপদ হওয়া।

লেট…ণ. (ইং late)। কালবিলম্ব।

লেটরিন…ষ্য. (ই° latrine)। পায়খানা।

লেটা…ণ. (? তু° আসা° লেবেয়া হাত—বাম হাত, লেবেরা-হতীয়া—লেটা। ও° হি° বাঁউয়া—বাম+উয়া। ঢাকায় বাউয়া। ম° ডাৱথুরা। ই° left ?)। যার বাম হাত প্রবল, সব্যসাচী।

লেটিন…ষ্য. (ই° Latin)। প্রাচীন রোমের ভাষা।

লেঠা…ষ্য. (আসা° লেঠা। ও° লটঘটি। ম° লচা, লোচণেঁ—বিঘ্ন, অতিশয় ভারী বস্তু। স° রণ—যুদ্ধ হইতে ? তু° ও° লোড়া—প্রয়োজন)। বিঘ্ন, সঙ্কট। লেঠায় পড়া—সঙ্কটে পড়া।

লেঠা…লাঠা মাছ দেখ।

লেড়কা…ষ্য. (হি° লড়কা। আসা° লরা। ম° লাডকা—প্রিয়, লেঁক—পুত্র। স° লড ধাতু লালনে)। পুত্র। স্ত্রী° লেড়কী (বা°তে অপ্রচল:)।

লেডী…ষ্য. (ই° lady)। ভদ্রা নারী। লেডী-কেনিং…ষ্য (ই° Lady canning নাম হইতে কলিকাতায় আধুনিক)। রসপূর রসগোল্লা।

লেদা…ণ. (স° লতা হইতে)। অবনত, হেলা, প্রঃ—লেদা গাছ—যে গাছ পাশে হেলিয়া আছে।

লেদা পোকা…পোকা দেখ।

লেনা-দেনা, লেন-দেন…ষ্য. (হি°। ল ধাতু দেখ)। প্রাপ্য ও দেয় টাকা, দেনা-পাওনা।

লেন…ষ্য. (ই° lane)। গলিপথ।

লেন্স…ষ্য. (ই° lens)। স্থূলমধ্য কিংবা ক্ষীণমধ্য দৃষ্টিকাচ।

লেপ…ষ্য. (স° লিপ্ত হইতে। ও° লেপ, ম° লেপডী। হি° লপেট্না—আচ্ছাদন করা)। কার্পাস তুলাপূর্ণ দেহ-আবরণ।

লেপ-কাঁথা…ষ্য. লেপ ও কাঁথা, শীতবস্ত্র।

লেপা…লিপ ধাতু দেখ। লেপা-পোছা…(সহচর শব্দ)। নির্মলীকৃত; বোঁচা।

লেফ্‌টেনণ্ট…ষ্য. (ই° Lieutenant)। প্রধান কর্মচারীর ডিপুটি। লেফ্‌টেনণ্ট গভর্ণর…ডিপুটি গভর্ণর, শাসনকর্তার প্রতিনিধি।

লেভেণ্ডার…ষ্য. (ই° lavender)। লেভেণ্ডার নামক গাছ (Lavendula spica) দিয়া সুবাসিত সুরাময় সুগন্ধি দ্রব্য।

লেফাফা…ষ্য. (আ° লিফাফাহ্)। চিঠীর আবরণ। লেফাফা দুরস্ত…ণ. বাহ্য অঙ্গে ঠিক, প্রকৃত কর্মে নহে।

লেবড়…লাবড়, নাবড় দেখ।

লেবু…নেবু দেখ।

লেবেল…ষ্য. (ই° label)। নামপত্র। ণ. (ই° level)। জলসম, সমান। ষ্য. উচ্চনীচতা।

লেয়ো…ণ. (লাউ+উয়া—লাউয়া—লেয়ো)। লাউ সদৃশ. প্রঃ—লেয়ো পেট।

লেলা…ধাতু. (স° লা ধাতু গ্রহণে হইতে)। লেলাই—কুকুরকে লে লে বলি, কুকুর উত্তেজিত করি॥ লেলানা।

লেলা-খেপা…ণ. (লালা—লাল+উয়া—লালুয়া—লেলো+ক্ষিপ্ত—খেপা। প্রায় সহচর শব্দ)। যে নির্বোধের মুখ দিয়া লাল গড়ায় এবং যে ক্ষিপ্ত; নির্বোধ, ক্ষিপ্তপ্রায়।

লেল্-লেল···ব্য. (সং লালা বাং লাল হইতে। লাল্-লাল—লেল্-লেল)। লালা তুল্য পিচ্ছিলতায়, প্রঃ—পুই শাগের রস লেল্লেল করে। লেল্-লেলা, লেল্-লেলিয়া, লেল্লেল্যে···ণ. পিচ্ছিল রস, ক্লেদবিশিষ্ট। লেল্লেলানি···ষ্য. লেল্লেল ভাব; লেল্-লেলা পানি।

লেশ···ষ্য. (সং)। অল্প, কণা, প্রঃ—দুধে জলের লেশ নাই—কণামাত্রও।

লেস···ষ্য. (ইং lace)। জুতা বন্ধনসূত্র; সরু সূত্রজাল।

লে-স (গ্রাং)···ধাতু (লইয়া আস—মিশিয়া সংক্ষেপে)। লে-সি—লইয়া আসি॥ লেসা॥

লেহ, লেহা···ষ্য. (সং স্নেহ। নেহা দেখ) স্নেহ (প্রাচীন পদে)। লেহটা···ণ. (নেহটা, নেঅটা দেখ)। স্নেহপ্রাপ্ত।

লো···ব্য. (সং। ওংতে নারী সম্বোধনে)। নারীকে নারীর সম্বোধনে, আহ্বানে, প্রঃ—একি লো একি লো একি কি দেখি লো. এ চাহে উহার পানে (ভাঃ)।

লো, গ্রাং নো···ব্য. (সং লোত। আসাং লো)। নেত্রজল, অশ্রু, প্রায়ই চোখের লো।

লোআ···ষ্য. (সং লোহক, লৌহ)। লৌহ ধাতু। লোআলী···ষ্য. (লোহা+আলী। আসাং লোৱারি)। পিত্তলাদি কুঁদিবার লোহার বাটালী। লোআ-চুর···লৌহ চূর্ণ। নো দেখ।

লোই···লুই দেখ।

লোক···ষ্য. (সং। লোকো জনেঽপি ভুবনে—মেঃ)। জগৎ, ভুবন, প্রঃ—তিন লোক ত্রিলোক—স্বর্গ পৃথিবী পাতাল; ভূলোক, প্রঃ—ইহলোক; জন, মনুষ্য, প্রঃ—লোক-জন (সহচর শব্দ), সেখানে লোকের বাড়ী আছে; মনুষ্য জাতি, প্রঃ—তুই কি লোক? ; লৌকিক ব্যবহার, প্রঃ—লোক-লৌকতা (লৌকিকতা—লৌকতা। লৌকি-কতা—শিষ্টাচর। সহচর শব্দ)। লোক-ব্যবহারে প্রদেয় দ্রব্যাদি। বড় লোক··· মহৎ জন; ধনবান্ লোক। ছোট লোক··· ক্ষুদ্র জন; নিকৃষ্ট জাতি। লোকান্তর···ষ্য. (সং লোক+অন্তর)। পরলোক। লোকাচার···ষ্য. (সং লোক+আচার)। লোকব্যবহার, লৌকিক প্রথা। লোকারণ্য ···ষ্য. (সং লোক+অরণ্য)। জনতা, জন-সঙ্ঘ। লোক-লস্কর···ষ্য. (লোক শব্দ বোধ হয় ভুলে। ফাং লাও লস্কর—সৈন্যানুচর। আসাং লয়লস্কর। ফাং লৱা—পতাকা)। সেনা ও সেনার অনুচর।

লোক্‌সান, (গ্রাং লোস্‌কান)···ষ্য. (আং নুকসান)। ক্ষতি; যাহা পদদলিত হইতে পারে (কাহার ভাষায়)। লাভ লোকসান ···ষ্য. (সঙ্কের সহচর শব্দ)। লাভক্ষতি; ক্ষতিবৃদ্ধি।

লোকী···লকী দেখ।

লোকেল, লোকাল-বোর্ড···ষ্য. (ইং local board)। রাজনিযুক্ত স্থানীয় সমিতি।

লোচ···ষ্য. (সং লোচক। লোচকো মাংস-পিণ্ডে ভ্রূশ্লথচর্মণি—মেঃ)। দেহের শ্লথ চর্ম; থলীর আকারে শিথিল বস্ত্র, থলীর আকারে মাছ-ধরা জাল।

লোচ্চা···ণ. (সং লুব্ধ? বোধ হয় সং লস ধাতু হইতে। ওং লোচা, মং লুক্কা লুচ্চা)।

লম্পট। লোচ্চামি···ষ্য. (লোচ্চা+আমি)। লাম্পট্য। লোচ্চ-পনা···ষ্য. লোচ্চামি।

লোট···ষ্য. (বোধ হয় লোচ শব্দ হইতে)। অর্ধাঞ্জলি (সং নাম প্রসৃতি), প্রঃ—এক লোট চাউল; জালের লোচ; পালা-ঝাড়া খড়, যে খড়ের কেবল ডাঁটা আছে।

লোটন···ষ্য. (লুট ধাতু হইতে)। নারীর নিম্নমুখ কবরী (ঘাড়ের দিকে ঝুলিয়া পড়ে বলিয়া। খোঁপা—ঊর্ধ্বমুখ), প্রঃ—কৃত্তিঃ (লং), কে বান্ধিল হেন বিনোদ লোটন নবমল্লিকার মালে (জ্ঞানদাস), মাঃ। ফিরিঙ্গী লোটন··ফিরিঙ্গী নারীর পশ্চাৎ-মুখ কবরী। লোটন···পোষা পায়রার জাত-বিশেষ (ground tumbler)।

লোটা···ণ. (লুট ধাতু হইতে)। যাহা ঝুলিয়া পড়িয়াছে, যেমন রাম ছাগলের কান; প্রঃ—কি বা ভাল কুলাকৃতি লোটা কাণ ছুটা (মাঃ)—বাঘের বর্ণনায়।

লোটা···ষ্য. (হিং। সং লোত, লোপ্ত্র—চোরিত বস্তু। চোর ঘটী বাটী চুরি করে)। ধাতুনির্মিত ঘটী।

লোটা, লোঠা···লুট, লুঠ ধাতু দেখ।

লোড়া··ষ্য. (সং লোষ্ট্র)। পাষাণখণ্ড; শিলায় বাটিবার শিলাপুত্র (নোড়া দেখ)। লুড়ী···ষ্য. (লোড়া+ঈ—লোড়ী—লুড়ী)। ক্ষুদ্র পাষাণ।

লোৎ···ষ্য. (সং লোপ্ত্র)। চোরিত বস্তু। হাতে লোতে ধরা—বামাল সহিত ধরা।

লোধ···ষ্য. (সং লোধ্র। রোহতি লোধ্রঃ; কিংবা রুণদ্ধি নেত্রস্রাবং লোধ্রঃ—অঃ টীঃ। দন্তমূল স্রাবেও লাগে। অমরে, গালব শাবর লোধ্র তিরীট তিল্ব মার্জনী—এই ছয় লোধ্র নাম। কিন্তু বাং গাব—সং গালব, এবং গাব ও লোধ এক গাছ নহে। আদ্যো শ্বেতলোধ্রে শেষা রক্তলোধ্রে ইতি স্বামীতি রায়ভরতৌ—অঃ টীঃ। ইহা হইতে অনুমান হয়, উক্ত ছয় নাম এক গাছের নহে। মেঃ-তে, রোধ্র সাবর। বৈদ্যকগ্রন্থে লোধ্রের অপর বহু নাম আছে। বোধ হয়, দেশভেদে নামান্তর হইয়াছিল। হিং লোধ, ওং লোধু)। ছোট চিরশ্যামল স্থূল-শিথিল-বল্কল আরণ্য তরু-বিশেষ (Symplocos racemosa)। নিম্নহিমালয় আসাম ব্রহ্ম ছোটনাগপুর অরণ্যে জন্মে। পাতা চিক্কণ, একোত্তর। ফুল আপীত, সুগন্ধ, কেশর বহু। ফুল শীতকালে ফোটে। ইহার ছালে একপ্রকার পীত রং পাওয়া যায়। দেশীয় কলায়, কাপড় রঙ্গাইতে আছু বা আল, পলাশ ফুল কিংবা বকম কাঠের সঙ্গে লোধ ছাল যোগ করা হয়। কিন্তু বিশেষ গুণ দেখিতে পাওয়া যায় না।

লোণ···ষ্য. (সং লবণ)। নুন। লোনা, নোনা ···ণ (সং লবণ+আ)। লবণ স্বাদবিশিষ্ট; লবণযুক্ত। আ-লোনা · ণ. লবণহীন, (প্রায়ই) ঈষৎ লবণযুক্ত। লোনা লাগা, ধরা—ইষ্টকাদি প্রাচীরে সোরার উৎপত্তি হওয়া (প্রায়ই মূত্রযোগে)। লোনতা···ণ. (সং লবণাক্ত)। লবণাক্ত; (লোনা+তা)। লবণ তুল্য স্বাদবিশিষ্ট।

লোনী, লোনিয়া, নুনিয়া···ষ্য. (সং লবণিকা)। ক্ষুদ্র মাংসলপত্র বর্ষায়ুঃ শাকবিশেষ (Portulaca)। ফুল ছোট পীতবর্ণ, বর্ষা-কালে ফোটে। পতিত জায়গায় প্রায়ই

চটানে জন্মে। ছোট লোনিয়া…পাতা ক্ষুদ্র, গাঁইঠ লোমশ, ফুল চতুর্দল, একটী একটী ধরে (P. quadrifida)। বড় লোনিয়া… পাতা একটু বড়, গাঁইঠ লোমশ নহে, ফুল পঞ্চদল। (P. oleracea)। বেহারে দীর্ঘায়ুঃ এক জাতি লোনিয়া জন্মে।

লোপা, লোফা…লুপ, লুফ ধাতু দেখ।

লোবান…লবান দেখ।

লোভ…ষ্য. (সং)। লাভেচ্ছা; টোপ, প্রঃ—লোভের নিকট যদি ফাঁদ পাতা যায় (ভাঃ)। লোভার্ত, গ্রাং লোভাত্তি…ণ. লোভকাতর, লুব্ধ। লোভী…ণ. (সং)। লুব্ধ। লোভা… ধাতু. লোভাই—লুব্ধ হই। লোভানা॥

লোম…ষ্য. (সং)। মাথা ব্যতীত অন্য অঙ্গের কেশ। লোম-ফোড়া…ষ্য. লোমের গোড়ায় জাত স্ফোটক; লোম ছিঁড়িয়া গেলে যে ব্রণ হয়।

লোয়া…লোহা, লোআ দেখ।

লোর…ষ্য. (সং লোত হইতে। লো দেখ)। অশ্রু, প্রঃ—নয়নে ঝরে লোর (বিদ্যাপতি)। (অপ্রচলঃ)।

লোল…ণ. (সং লোল, লোলিত)। চঞ্চল; চালিত; শিথিল, প্রঃ—গিরা লোল হওয়া; রাগহীন; ন্যূন, প্রঃ—দামে লোল পড়িবে।

লোলক…ষ্য. (সং লোল হইতে)। নোলক।

লোলা, নোলা…ষ্য. (সং লোলা—হেমঃ)। জিহ্বা; সতৃষ্ণ জিহ্বা।

লোস্‌কান…লোক্‌সান দেখ।

লোহ…ষ্য. (সং লোত। লো দেখ। ওং লুহ)। অশ্রু, প্রঃ—বসন ভিজিল লোহে (মাঃ)।

লোহা, লোআ…ষ্য. (সং লৌহ, লোহক। প্রসিদ্ধ ধাতুবিশেষ (iron)। নরম লোহা …নমনীয় লোহা, অপর নাম মুণ্ডা লোহা (সং মুণ্ড) (soft iron, wrought iron)। শক্ত লোহা, টান লোহা…খর বা তীক্ষ্ণ বা কড়া লৌহ বা ইস্পাত। চিমড় লোহা…যে লোহা সহজে ভাঙ্গে না, প্রঃ—নয় মণ চামড় লোহা আনিল তখন (কবিকঃ)—চামড়—চর্মসদৃশ নমনীয়—চিমড়। কান্ত লোহা…(সংতে কান্ত লৌহের লক্ষণ—যে লৌহপাত্রে ছোলা ভিজাইয়া রাখিলে তাহা কৃষ্ণবর্ণ হয়, নিমের ক্বাথ রাখিলে নিমের তিক্ততা নাশ হয়, ইত্যাদি। ইহা magnetic iron। তুং অয়স্কান্ত)। বাংতে পেটা লোহা। লোহা…নো দেখ। সধবার আয়তিচিহ্ন-সরূপ লৌহবলয়। লোহা লক্কড়…(হিং লক্কড়, লকড়ী—কাঠ। মং লাকূড—কাঠ। সং লকুট—লগুড় হইতে)। লোহা ও কাঠ, ইত্যাদি। লোহার…ষ্য. (সং লোহকার)। খনিজ হইতে লৌহকারক; পশ্চিমাঞ্চলে কামার; জাতিবিশেষ। স্ত্রীং লোহারনী।

লৌকতা…লোক দেখ।

ব।

ব…ষ্য. (সং)। ব্যঞ্জন-বর্ণ, অক্ষর,-বিশেষ। বাং উচ্চারণে ব নাই বলা যাইতে পারে। ব-ফলাতে বএর উচ্চারণ কিছু শুদ্ধ আছে। অন্যত্র, ব তুল্য। এই কারণে বাংতে কিম্বা, বশম্বদ, সম্বরণ, সম্বেগ প্রভৃতি শব্দে ম্ব

বানান হইয়া থাকে। সংস্কৃতে ব পরে থাকিলে ম্ স্থানে ং হয়, এই হেতু কিংবা, বশংবদ, সংবরণ, সংবেশ, বানান হয়। (সং, সম্ দেখ)। শব্দবিশেষের উচ্চারণে ওয়া হইয়া শব্দান্তর হইয়াছে। যথা, শ্বাস—শোয়াস, স্বামী—সোয়ামী, স্বস্তি—সোয়াস্তি।

শ।

শ···ষ্য. (সং)। ব্যঞ্জন-বর্ণ,-অক্ষর-বিশেষ। (বাংতে উচ্চারণ বিকৃত হইয়াছে। বানানে শ, কিংবা স থাকিলেও উচ্চারণে প্রায়ই ষ। যথা, শত—ষত,সকল—ষকল্। তবর্গ-যুক্ত স উচ্চারণে স এবং চবর্গযুক্ত শ উচ্চারণে প্রায়ই শ। কিন্তু, সংস্কৃত হইতে অনেক অপভ্রষ্ট শব্দের শ এবং যাবনিক ও ম্লেচ্ছ শব্দের ষ (ষিন্, ষ) বাং বানানে প্রায়ই স লেখা হয়। যথা, সং শ্রেণি—সিঁড়ি, সারি; আং যুবু—সুবু, ইং ষার্‌ট্—সার্ট। সং-তেও আষাঢ় আশাঢ়, শম্বর সম্বর, কুশল কুসল, মুষল মুসল, শূকর সূকর, কোশ কোষ, শণ্ড ষণ্ড সণ্ড, বশিষ্ঠ বসিষ্ঠ, বাসর বাশর প্রভৃতি শব্দ দ্বিরূপ। এই কোষে এইরূপ শব্দের ষ স্থানে শ বানান করা গিয়াছে। যে সকল শব্দে স বানান বহু প্রচলিত হইয়াছে, সে সকল শব্দ স বর্ণের নীচেও উল্লেখ করা গেল। শূন্যপুরাণে শ নাই, সর্বত্র স)।

শ···ণ. ষ্য. (সং শত)। শত সঙ্খ্যা,-সঙ্খ্যক, প্রঃ—পাঁচ শ টাকা।

শঁ···শণ্-শণ দেখ।

শউল, শৌল···ষ্য. (সং শকুল। শক্নোতি বেগেন গন্তুং শকুলঃ—অঃ টীঃ। ওং সেউল। তুং সং নকুল, বাং ওং নেউল)। কর্দমচর সর্পবৎ-মুণ্ডী শকলী মৎস্যবিশেষ (Ophiocephalus striatus)। পিঠ পাঁশুটিয়া, বুক শাদা। দুই হাত আড়াই হাত দীর্ঘ হয়।

শওয়ার···ষ্য. (সওয়ার দেখ। সং অশ্ববার)। অশ্বারোহী। শওয়ারি···ষ্য. পাল্কী; তানপুরা ও সেতারের তব্‌লীর উপরে স্থাপিত অস্থিপীঠ।

শওয়াল···ষ্য. (সওয়াল দেখ)। প্রশ্ন।

শক···শকাব্দ দেখ।

শকর-কন্দ···ষ্য. (সং শর্কর-কন্দ। হিং। ওং কন্দমূল—সং খণ্ড গুড়+মূল)। রাঙ্গা আলু (দেখ)।

শঁক্-শঁক···ব্য. (সং শিন্‌ঘ ধাতু আঘ্রাণে)। দীর্ঘ আঘ্রাণে।

শকাব্দ, শকাব্দা···ষ্য. (সং শকাব্দ। বহুবচনে শকাব্দাঃ)। সালিবাহন (সপ্তবাহন) নামক শক-রাজা যে অব্দ প্রবর্তিত করেন। (কেহ কেহ বলেন, এই রাজা শক জাতি বিনাশ করিয়া এই অব্দ প্রচলন করেন)। বঙ্গাব্দ+৫১৫=শকাব্দ। বঙ্গাব্দও শকাব্দ উভয়ই মেষসংক্রমণ দিন (১লা বৈশাখ) হইতে আরম্ভ। খ্রিষ্টাব্দ+৭৮, ৭৯= শকাব্দ। সংক্ষেপে, শক।

শকার···ষ্য. (সং—রাজার উপপত্নীর ভ্রাতা। বোধ হয় শ্যালক শব্দের শ হইতে)। শ্যালক। শকার-বকার···ষ্য. (বকার—উপচর শব্দ? বহিন্ হইতে বকার? তুং শালা ভৈন্‌চোৎ)। গালি, প্রঃ—ও তুই

শকার বকার বল্‌তে পারিস বল্‌তে নারিস দুর্গাশিব (রামপ্রসাদ)। শকার-বকার করা—কুৎসিৎ গালি দেওয়া।

শকুনি, (গ্রা° শুকনী)···ষ্য. (স° শকুনি—পক্ষী। ও° সাগুনা, আসা° শগুন, হি° সগুন)। প্রসহবর্গের দিবাচর-দুই হাত দীর্ঘ পক্ষীবিশেষ (Brown vulture. Gyps bengalensis)। পক্ষ ও পুচ্ছ কাল-খয়রা; চঞ্চু চাপা, অগ্র বাঁকা। মাথা গলায় পালখ নাই, গলার পাশে চর্মথলী আছে। শ্মশানে, গো-ভাগাড়ে দলে দলে থাকে, মরা জন্তু খায়। শকুনি পড়া—শব ভক্ষণ নিমিত্ত শকুনি মাটিতে চরে। লক্ষণায়, স্বার্থলোভে দুষ্কর্মে প্রবৃত্ত হওয়া। শকুনি মামা···মহাভারতে দুর্যোধনের মামার নাম শকুনি ছিল। সেই মামার কুচক্রে কুরুকুল ধ্বংস হইয়াছিল। লক্ষণায়, কুমন্ত্রী।

শক্ত···ণ. (স°। শক্তি—প্রভাব. উৎসাহ, পরাক্রম, সামর্থ্য—অঃ। তথাপি ফা° সখ্‌ত শব্দের সহিত মিলিয়া বা°তে শক্ত শব্দের নানা অর্থ হইয়াছে)। সমর্থ, ক্ষম (এই অর্থে বা°তে অধিক পাওয়া যায় না। কিন্তু নিষেধে—অশক্ত, অশক্য শব্দ আছে); দৃঢ়, কঠিন, প্রঃ—শক্ত ইট, লোহা, কাঠ; বিষম, দুষ্কর, প্রঃ—শক্ত কাজ; নিষ্ঠুর, কৃপণ, প্রঃ—শক্ত মানুষ। শক্ত-সমর্থ···ণ. (স°। সহচর শব্দ)। বলবান্‌, কর্মক্ষম। শক্তি···ষ্য. বল, উৎসাহ, প্রতাপ; প্রহরণ অস্ত্রবিশেষ (শেল দেখ)। শক্তিমন্ত···ণ. (স° শক্তিমান্‌)। বলবান্‌। শক্তি-সামর্থ্য···ষ্য. (স°। সহচর শব্দ)। শক্তি। দৃষ্টান্তে, শক্তের ভক্ত নরমের যম—সাধারণ লোকের স্বভাব এই যে, সে শক্তিশালীকে ভয় করে, অ-শক্তকে ভয় করায়।

শগড়···ষ্য. (স° শকট। ও° শগড়, হি° সগড়, কোল ভাষায় শগর, শগোর)। গো-শকট, প্রঃ—শগড়ে তুলিয়া নিল বিচিত্র কামান (কবিকঃ)। (অপ্রচলঃ)। শগড়িয়া ··ষ্য. (শগড়+ইয়া)। শকট-চালক।

শঙ্কর···ষ্য. (স°। শঙ্করো মকরাদয়ঃ—অঃ। ও° নাম কুণ্ডা)। হাঙ্গর তুল্য সামুদ্রিক মৎস্যবিশেষ (Pristis perrotteti)। নাসিকা চেপটা, ১০।১২ হাত দীর্ঘ হয়। ইহার দুই পাশে করাতের দাঁত থাকে। ইহা ভীষণ শস্ত্র। প্রঃ—কালবসু বাঁশপাতা শঙ্কর ফলই (ভাঃ)। শঙ্কর-চিল···চিল দেখ। শঙ্কর-জটা···ষ্য. (স°। অন্য নাম রুদ্রজটা)। শিম্বাদিবর্গের ছোট সোজা দীর্ঘায়ুঃ শাক বা ক্ষুপবিশেষ (Uraria picta)। পাঁচ হইতে নয় পর্ণে পাতা, পর্ণ সরু সরু। ফুল ছোট ছোট লাল, বর্ষা ও শীতকালে ফোটে। শুটীতে তিনটা হইতে ছয়টা গাঁইঠ থাকে। ফুলের বোঁটা বাঁকিয়া এই গাঁইঠ চাপিয়া থাকে। ইহা হইতে নাম। প্রায়ই জলের ধারে ছায়াতে জন্মে। গোরখচাউলা গাছও এই গণের। শঙ্করা, শঙ্করাভরণ···রাগ-রাগিণী দেখ।

শঙ্কুষ, শাঁকোচ···ষ্য. (স° শঙ্কোচ, শঙ্কুচি। ও° শাঁকোচ)। সমুদ্র মৎস্যবিশেষ (Trigon narnak)। দেহ চেপটা, প্রায়

গোল, প্রায় তিন হাত ব্যাস; পুচ্ছ দীর্ঘ, সরু ও দন্তুর। ওড়িশা ও চট্টগ্রামের সমুদ্রে পাওয়া যায়।

শঙ্খ…ষ্য. (সং)। শম্বূকাদি বর্গের সামুদ্রিক খোলকী প্রাণীবিশেষ (Turbinella rapa); এই প্রাণীর খোলা-যাহা মুখে ফুঁক দিয়া বাজাইলে গভীর নাদ হয়; শঙ্খনির্মিত বাহুবলয় (সং শঙ্খক)। দক্ষিণাবর্ত ও বামাবর্ত, শঙ্খ দ্বিবিধ। দক্ষিণাবর্ত শঙ্খ অধিক পাওয়া যায় না। সিংহল ও তন্নিকটবর্তী ভারতসমুদ্রে শঙ্খ জন্মে। শঙ্খভস্ম…ক্ষারবিশেষ। নাভিশঙ্খ…শম্বূকবিশেষের (Turbo) মুখের ঢাকনি (operculum)। শাদা, তাহাতে দাগ থাকে। শঙ্খ-চিল…চিল দেখ। শঙ্খচূড়…অহিরাজ দেখ। শাঁখা চূড়ী আছে বলিয়া নাম (Naia bungarus)। শঙ্খচূর্ণ…ষ্য. (সং)। শাঁখের চুন। শঙ্খবিষ…ষ্য. (সং)। শঙ্খতুল্য শ্বেতবর্ণ বিষবিশেষ (white arsenic), শেঁখো। শঙ্খমর্মর…ষ্য. শঙ্খতুল্য শ্বেতবর্ণ মার্বল পাথর।

শঙ্খিনী…রাজসাপ দেখ।

শজনা…ষ্য. (সং শোভাঞ্জন)। ছোট গ্রাম্য তরুবিশেষ (The horse-radish. Moringa pterygosperma)। কাঠ শাদা লঘু। গাছ হইতে আঠা নির্গত হয়। পাতা বহুপর্ণ, মূল ঝাল। ফল লম্বা, পাকিলে তিন খণ্ডে ফাটিয়া যায়। পাতা ফুল ফল (শজনা ডাঁটা) খাদ্য শাক। বীজ হইতে তৈল (Ben-oil) পাওয়া যায়। ঘড়ীতে দিবার পক্ষে এই তৈল উত্তম। কিন্তু দেশে উৎপন্ন হয় না। (নাজনা দেখ।

শজারু…সজারু দেখ।

শটকা…ষ্য. (সং শট ধাতু গতি। তুং হিং সটক)। জলের ধারে পুতিয়া মাছ ধরিবার কঞ্চি। মাছ বড়শী খাইলে শট্ করিয়া বড়শী বিঁধিয়া যায়। (সটকা দেখ।)

শট্‌-শট…ষ্য. (সং শট ধাতু গতি কিংবা সট দেখ)। দ্রুততায়, প্রঃ—শট্‌-শট কাজ করা।

শটী…ষ্য. (সং। শটী গন্ধমূলী—অঃ। শটতি অবসাদতি দোষান্ বিশরতি গন্ধোঽস্যাঃ—অঃ টীঃ)। হরিদ্রাদিবর্গের বড় প্রায়ই বন্য শাকবিশেষের (Curcuma zeodaria) কন্দ (long round zeodary)। পূর্ব-হিমালয়ে চট্টগ্রামে প্রচুর। শটী কাটিলে ঈষৎ পীতবর্ণ দেখায়। ইহা কুটিয়া ধুইয়া শুখাইলে শটীর পালো হয়। এই পালো বকম কাঠের রঙ্গে ভিজাইয়া পূর্বকালে আবীর হইত। ভাল ধৌত না হইলে শটী তিক্ত লাগে। শটী প্রায় কর্পূরগন্ধী। খাদ্য পক্ষে শটীর সদৃশ তিকুড় উৎকৃষ্ট। আরারুট দেখ।

শড়…ধাতু. (সং শট ধাতু ভেদে অবসাদে)। শড়ি—বিকৃত হই, প্রঃ—দুই তিন দিন হৈলে ভাত সড়ি যায় (চৈঃ চঃ)। শড়া॥ পচা-শড়া…ণ. (সহচর শব্দ। সং শট—অম্লরস)। বিকৃত। শড়া…ধাতু. (শড় ধাতু আস্তে)। শড়ানা। (শড় ধাতু ইদানী অপ্রচলঃ হইতেছে। ওং হিং-তে প্রচলঃ)।

শড়…ষ্য. (সলা হইতে? তুং শাট)। গুপ্ত পরামর্শ, ইঙ্গিত।

শড়িঙ্গা…প. (সং শীর্ণাঙ্গা। ওং সড়ঙ্গা, হিং সলেঙ্গা—দীর্ঘ কদাকার নারী)। শীর্ণ দীর্ঘ, প্রঃ—বনের মাঝে গাছ শড়ঙ্গা হইয়া উঠে।

শড়াল, শরাল…ষ্য. (সং শরারি)। প্লবর্গের প্রায় এক হাত দীর্ঘ পক্ষীবিশেষ (A teal. Dendrocycna javanica)। মাথা গেরি, পক্ষ চওড়া গোল, পুচ্ছ খয়রা, ছোট গোল। ভাল উড়িতে পারে না, সাঁতার দিতে ও ডুবিতে পারে।

শণ, শন…ষ্য. (সং। ওং শণপট্ট—শণপাট। তুং কবিকঃ, পাট শণ বদলে ধবল চামর—পাট ও শণ ? পাটরূপ শণ ? শেষোক্ত অর্থ ঠিক বোধ হয়। কারণ, গাছপাট কবিকঙ্কণের সময়ে প্রসিদ্ধ ছিল না, এবং ধবল হয় না। পাট দেখ)। শিম্বাদিবর্গের প্রায়ই কৃষিজাত অংশুময় শাকবিশেষ (Crotalaria juncea)। ভারতের প্রায় সর্বত্র ইহার চাষ হইয়া থাকে। কিন্তু গাছপাটের চাষ বৃদ্ধি হেতু শণের চাষ কম হইয়াছে। শণে (the *san* hemp) বহুকাল হইতে মাছ-ধরা জাল হইতেছে (অঃ শণসূত্রং পবিত্রকম্। পূর্বকালে শণসূত্রে ক্ষত্রিয়ের উপবীত হইত। মনু দেখ)। বনশণ…ষ্য. শণ-গাছ তুল্য বন্য গাছ (Crotalaria)। নানা জাতি আছে। এক জাতি ঝন্‌-ঝন (সং শণপুষ্পী, ঘণ্টারবা) নামে খ্যাত। শণী…প. (শণ+ঈ)। শণ-সূত্রে নির্মিত।

শণ্‌-শণ, শঁ-শঁ, শাঁ-শাঁ, শাঁই-শাঁই…ব্য. (সং শণ ধাতু গতি। তুং সং স্বন ধাতু শব্দে)। দ্রুতগতিতে, প্রঃ—তীর শণশণি (ভাঃ); দ্রুত গতিজন্য শব্দে, প্রঃ—তীর শণ্‌-শণ, শঁ-শঁ করিয়া ছুটিল, প্রঃ—সাঁই-সাঁই করি বাণ চলে ব্যোমপথে (কবিকঃ)।

শত, শ…ষ্য. প. (সং। শত—শঅ—শ)। দশ গুণ দশ সঙ্খ্যা,-সঙ্খ্যক ; ১০০। বহু, প্রঃ—শতগ্রন্থি কাঁথা, শতদল পদ্ম, শতমুখী—সম্মার্জনী। শতিকা, শতকিয়া (গ্রাং শ'টকে) …(সং শতিকা, শতিক, শতক। শতক+ইয়া)। শত পর্যন্ত সঙ্খ্যা ; ১ ২ ৩ ইত্যাদি হইতে ১০০। (ব্যাকরণে শতিকা দেখ)। আঙ্কিক শব্দ,—চন্দ্র=১, পক্ষ=২, নেত্র =৩, বেদ=৪, বাণ=৫, রিপু ঋতু=৬, সমুদ্র=৭, বসু=৮, গ্রহ=৯, দিক=১০। শতকরা…(শতং কৃত্য। ওং হিং শকড়া) শত শত করিলে, শত ভাগ প্রতি। শতং জীব…(সং শতং জীব)। শতবর্ষ জীবিত রহ (হাঁচিলে অন্যে বলে)। সীমা-সঙ্খ্যা—(১) অন্তর এক, যথা, দুই-এক, দুই-তিন, তিন-চারি, ইত্যাদি ; (২) অন্তর দুই, যথা, দু-চার, পাঁচ-সাত, দশ-বার, বার-চৌদ্দ, বিশ-বাইশ, ত্রিশ-বত্রিশ, চল্লিশ-বিয়াল্লিশ, পঞ্চাশ-বাহান্ন, ষাট-বাষট্টি, সত্তর-বাহাত্তর, আশি-বিরাশি, নব্বই-বিরানব্বই ; (৩) অন্তর পাঁচ, যথা, দশ-পাঁচ, দশ-পনর, বিশ-পঁচিশ, ইত্যাদি ; (৪) অন্তর দশ, যথা, দশ-বিশ, বিশ-ত্রিশ, ত্রিশ-চল্লিশ, ইত্যাদি। (নব্বই-শ—হয় না) ; (৫) অন্তর শত, যথা, এক শ দু শ, দুই তিন শ, বা দু শ তিন শ, ইত্যাদি ; (৬) অন্তর দেড় হইতে দুই, যথা, দেড় শ দু শ, দেড় হাজার দু হাজার, ইত্যাদি ; (৭) অন্তর আড়াই

হইতে তিন, যথা, আড়াই শ তিন শ, আড়াই হাজার তিন হাজার ইত্যাদি। এক শ সওয়া শ, সওয়া শ দু শ, হাজার দেড় হাজার, লাখ দেড় লাখ, হাজার বার শ, বার চৌদ্দ শ, ইত্যাদি। বিশ-ত্রিশ, বিশ-চল্লিশ, বিশ-পঞ্চাশ। দুই-এক, দু-পাঁচ, দু-দশ। এই সকল দ্বারা প্রায়িক সঙ্খ্যা বুঝায়, প্রায় ঊর্ধ্ব ও নিম্ন সঙ্খ্যা। শত-কোটি…ণ. (সং)। এক শত কোটি, বহু, প্রঃ—প্রণাম শতকোটি নিবেদনমিদং—শতকোটি প্রণতি পূর্বক নিবেদন এই। শতমারী…ণ. (শতমারী ভবেৎ বৈদ্যঃ সহস্রমারী চিকিৎসকঃ—এই উদ্ভট শ্লোক হইতে)। শত রোগীকে যে হত করিয়াছে, বিজ্ঞ চিকিৎসক। শত-মূলী…ষ্য. (সং—অঃ। অন্য সং নাম শতাবরী। ওং হিং সতাবরী)। রজনীগন্ধাদিবর্গের কণ্টকী লতাবিশেষ (Asparagus racemosus)। পাতা ক্ষুদ্র শঙ্ক তুল্য; পাতার কোণ হইতে হরিতবর্ণ সূচের গোছা বাহির হয়। ফুল ছোট, সুগন্ধ, শীতকালে ধরে। বহু মূল হেতু নাম। ইহার তুল্য এক জাতি উত্তরবঙ্গ ও চট্টগ্রামে জন্মে। শতমূলীর সূচ দুই শাখায় বিভক্ত, বাঁকা নখর তুল্য। অন্য জাতির সূচ সোজা ত্রিশাখ এবং দীর্ঘ।

শতরঞ্চ…ষ্য. (আং শৎরঞ্জ। সং চতুরঙ্গ)। রথ গজ অশ্ব পদাতি লইয়া যুদ্ধের অনুকরণে দুই পক্ষে খেলাবিশেষ। প্রতি পক্ষে ২ রথ (ভুলে রোখ, নৌকা বা কিস্তী), ২ গজ (বা পিল), ২ ঘোড়া, ৮ পদাতি (বা বড়িয়া) এবং ১ সেনাপতি বা মন্ত্রী (অন্য নাম দাবা) ও ১ রাজা থাকে। ইহাদের মধ্যে মন্ত্রীর চলন অবারিত। মন্ত্রী গজ অশ্ব রথ—ইহাদের নাম বল (সং)। চৌষট্টি ঘর-যুক্ত পট্টে দুই পক্ষে চালিত হয়। এক পক্ষের রাজা অবরুদ্ধ হইলে খেলা শেষ হয়। রাজাকে আক্রমণ কিস্তি; আক্রমণ হইতে উদ্ধার না পাইলে কিস্তি মাৎ হয়। যখন গজের চারিদিকে রাজা ঘুরিতে থাকে, তখন পিলড়ী, বড়িয়ার চারিদিকে রাজাকে ঘুরাইলে চতুরং হারি হয়। এই খেলার উৎপত্তি এ দেশে হইয়াছিল; পরে পারস্য দিয়া ইয়ুরোপে এই খেলা প্রচারিত হইয়াছে।

শতরঞ্জি…ষ্য. (আং)। স্থূল কাপাস সূতার আসন।

শতাব্দ, শতাব্দী…ষ্য. (সং শতাব্দ)। এক শত বৎসর; খ্রিষ্ট জন্ম হইতে যে অব্দ—খ্রিষ্টাব্দ গণিত হয়, তাহার শত বৎসর (আধুনিক)।

শতেক…ণ. (শত+এক)। একশত। শতেকখাগী…যে নারী শত প্রিয়জনের মৃত্যু দেখিয়াছে। (নারী-গালিবিশেষ)।

শত্রু…ষ্য. (সং)। বৈরি; বিপক্ষ। শত্রু-মিত্র…ষ্য. (প্রতিচর শব্দ)। দুর্হৃদ্ ও সুহৃদ্।

শনাক্ত…ষ্য. (আং শনাখ্ত)। অভিজ্ঞান, চেনা। (আদাঃ)।

শনি…ষ্য. (সং)। গ্রহবিশেষ। ফলজ্যোতিষে ক্রূর বলিয়া প্রসিদ্ধ। ধনস্থানে শনি—জাতকে ধনস্থানে অর্থাৎ লগ্ন রাশির দ্বিতীয় রাশিতে শনি থাকিলে ধনক্ষয় হয়। শনি লাগা—শনিস্থূপে অর্থ নাশ করানা। রন্ধ্রগত শনি…জন্মরাশি হইতে অষ্টম রাশির নাম রন্ধ্র। এখানে শনি মারক হয়। শনির দশা…অতি অশুভ কাল। শনিবার,

গ্রা° শনিবার···ষ্য. (স° শনিবার)। সপ্তবারের সপ্তম দিবস। শনিবারের মড়া···শনিবারে মরিলে স্মৃতিশাস্ত্র অনুসারে দোষ পায়। ইহা হইতে লোকে মনে করে, একজন শনিবারে মরিলে গ্রামের আর এক জন শীঘ্র মরিবে।

শপ, (গ্রা° শঁপ)···ষ্য. (স° শপ্প—তৃণ-বিশেষ শব্দকল্পে। আ° সফ)। তৃণাদির বোনা দীর্ঘ আসন। মাঁদুর শপ—মাঁদুর কাঠির শপ। খেজুর শপ—খেজুর পাতার শপ।

শপ, শঁপ··ধাতু. (স° শপ ধাতু। ও° শঁপ, ম° শাপ ধাতু)। শপি, শঁপি—শাপ দিই। শপা, শঁপা। (শাঁপ দেখ।

শব্দ···ষ্য. (স°)। ধ্বনি; অর্থাত্মক ধ্বনি। শব্দকোষ··ষ্য. (স°)। অভিধান। শব্দশাস্ত্র···ষ্য. (স°)। স° শিক্ষা ও নিরুক্ত।

শয়তান···ণ. (আ° শৈতান, তু° ই° satan)। ক্রূর; পাপকর্ম্মা, পাপে মতি কারক; প্রতারক। শয়তানি···ষ্য. ক্রূর কর্ম। শয়তানী···ণ. পাপকর্ম্মার যোগ্য।

শয়ন···ষ্য. (স°)। নিদ্রা নিমিত্ত দেহ পাতন (স°তে নিদ্রা)। শয়নে পদ্মনাভ করা—শয়নকালে পদ্মনাভ বিষ্ণু স্মরণ করিতে হয়। ইহা হইতে শয়ন করা। শয়ন একাদশী···(স°)। আষাঢ় শুক্লপক্ষের একাদশী তিথি। এই দিন হরি-শয়ন।

শয্যা···ষ্য. (স°)। নিদ্রা যাইবার আসন। ভূ-শয্যা···ষ্য. (স°)। ভূমিরূপ শয্যা (খট্টা তুলিকা ইত্যাদি নহে)। শয্যা-কণ্টকী···ষ্য. শয্যা কণ্টকময় বোধ, অনিদ্রা ও অস্থিরতা। শয্যাগত···ণ. (স°)। রোগে কাতর হইয়া শুইয়া থাকে যে। শয্যা-তোলা··· বিবাহ-বাসর-ঘরের পুষ্পশয্যা তোলা, প্রঃ—শয্যাতোলা কড়ি চাহে পরিহাস্ত জনে (কবিকঃ)। শয্যা-তোলানি···ষ্য. শয্যাতোলার বেতন বা পুরস্কার। (শিশু-বিবাহে শয্যা তোলার উৎপত্তি হইতে পারে না)।

শর···ষ্য. (স°)। দধি দুগ্ধের অগ্রভাগ; জলাদির উপর স্থিত স্তর; বাণ; ধান্যাদি বর্গের দীর্ঘায়ুঃ তৃণবিশেষ (The munj grass. Saccharum arundinaceum, var. ciliaris) আখের মতন গাছ বড় হয়, কিন্তু পাতা সরু। ইহার ডাঁটায় বাণ, ঘরের চালে ছিটনি ও অন্যান্য কাজ হয়। শর-কুণ্টিয়া ··ণ. (শরকাণ্ড+ইয়া, স°তে শর কাণ্ড বাণ একার্থ)। শরতুল্য শীর্ণ (ও দীর্ঘ)। শর-পুরিয়া···ষ্য. (শরপুর+ইয়া)। দুগ্ধ শরের পুরীবিশেষ। নদীয়া শান্তিপুর এই মিষ্টান্ন জন্য প্রসিদ্ধ। শর-ভাজা···ষ্য. দুগ্ধশর চিনী-যোগে ঘৃতে ভাজা পিষ্টকবিশেষ, প্রঃ—চৈঃ চঃ। শর-মাঁজা···ষ্য. (স° মুঞ্জ—শর)। শর-তৃণের মঞ্জরীতে নির্মিত রজ্জু (ও° কাঁইচ)। শরদল···ষ্য. (স° শার্দুল হইতে। হি°। তু° ও° মগর—যে কাষ্ঠপট্ট দ্বারা পাকা বাড়ীর কড়ি-বরগার বহির্মুখ, বৃষ্টি হইতে রক্ষা করা হয়। ইহাতে মকরচিত্র ক্ষোদা হইত বলিয়া নাম মগর। এইরূপ, শার্দুল ব্যাঘ্র চিত্র ক্ষোদা হইত বলিয়া শার্দুল—শরদল। ও° নাম ভারতিআ; স° তুলা বা° তোড়া দেখ)। খিলানের পরিবর্তে যে মোটা কাঠের কড়ির উপরে গাঁথনি করিতে

পারা যায়; দ্বারের উপরের কাঠ, মটকার নীচের শাঙ্গা।

শরম…সরম দেখ।

শরা, সরা…ষ্য. (সং শরাব—অঃ)। মাটির কটাহাকার পাত্র। (ইহার প্রমাণ প্রায় এক শের হইত ও হয়)। কোল-শরা…বিবাহের পরে বরকন্যা প্রত্যাগমনকালে তাহাদের পাথেয়সরূপ এক শরা মিষ্টান্ন। দরিদ্র শরা দেয়, ধনী থালা দেয়। বুটী শরা…যে শরার তলে বোঁটা থাকে। উপড় হইয়া থাকিলে এই বোঁটা ধরিয়া তুলিতে পারা যায়। এ কারণ প্রায়ই আবরণ হয়। ধরাকে শরা জ্ঞান করা—গর্বে বিস্তীর্ণ ধরণীকে ক্ষুদ্র শরা-তুল্য জ্ঞান করা।

শরাব…ষ্য. (আং। তুং সং সুরা+আপ্)। সুরা। শরাব-খোর…ষ্য. সুরাপায়ী। শরাবী…ণ. সুরাসক্ত।

শরাল…শরাড় পাখী দেখ।

শরিক…সরিক দেখ।

শরিফ…ষ্য. (আং)। মক্কার শাসনকর্তা; শহরের প্রধান বা মণ্ডল।

শরীর, (গ্রাং শরীল)…ষ্য. (সং। শীর্যতে রোগাদিনা যৎ—অঃ টীঃ)। গাত্র, দেহ। প্রবাদে, শরীরের নাম মহাশয় যা সহাবে তাই সয়—শরীরের প্রতি অভ্যাসের গুণ এমন। ঢিলা শরীর…শ্লথ গাত্র। বাঁধা শরীর, আঁটা শরীর…সংহত গাত্র। ভস্‌কা শরীর…বাঁধা শরীর নহে। তেল জলের শরীর…তৈল মর্দন ও স্নানাদি দ্বারা যে শরীর গড়া হইয়াছে।

শরু, সরু…ণ. (সং শীর্ণ? তুং ওং সরু দেহ। ওং সান্—ক্ষুদ্র। সং শর+উয়া—শরুয়া হইতে শরু? তুং ওং সরুআ)। শীর্ণ; ক্ষীণ, প্রঃ—শরু হাত; সূক্ষ্ম, প্রঃ—শরু কাপড়। সরু দেখ। শরু-কুঠিয়া…ণ. (শরু+কুঠ+ইয়া?)। শীর্ণ, রুগ্ন, প্রঃ—শঃ বেগুন।

শর্দি, শর্দী…ষ্য. (ফাং সর্দী। সং ছর্দি নহে। সং ছর্দি—বমন। ওং শরদ, হিং শরদ,সরদ, সং শরৎ। শরৎ ঋতুতে যাহা জাত হয়?)। কফ, অভিষ্যন্দ (Catarrh of the uose), নাত-ঝরা। শর্দি-গরমি…ষ্য. শীত ও গ্রীষ্ম, গ্রীষ্মের সঙ্গে সঙ্গে শীতভোগ হেতু রোগ।

শর্ত…ষ্য. (আং শর্‌ৎ)। সময় (সং), নিয়ম, নির্ধারণ।

শর্বৎ…সর্‌বৎ দেখ।

শর্ম…ষ্য. (সং শর্মন্—অঃ। ওং হিং শর্মা)। সুখ স্বচ্ছন্দ, প্রঃ—শঙ্করীকে শঙ্কর কহেন শর্ম্মচিত্তে (মাঃ)। বিঃ,—নিশর্ম, প্রঃ—কারে না দেখিয়া রঙ্গা হইল নিশর্ম্ম (মাঃ)। শর্ম্মী…ণ. সুখী, আহ্লাদিত, প্রঃ—সর্ম্মি হয়ে সম্মান করিল নানা ধনে (মাঃ)।

শর্মা…ষ্য. (সং শর্মন্)। ব্রাহ্মণের উপাধি। (পূর্বকালে ব্রাহ্মণের নামের পরে শর্মা, ক্ষত্রিয়ের নামের পরে বর্মা, বৈশ্যের নামের পরে ভূতি কিংবা দত্ত, এবং শূদ্রের নামের পরে দাস লিখিতে ও বলিতে হইত। এই বিধি এক্ষণে শ্রাদ্ধাদি কর্মে আছে)।

শল…শহল দেখ।

শলই, শালই…ষ্য. (সং শল্লকী—অঃ। হিং শলাই)। সুগন্ধ বৃক্ষনির্যাসবিশেষ (frankincense or olibanum)। আফ্রিকা ও আরব দেশ হইতে লবান

(দেখ) এ দেশে আনীত হয়। ইহা এক প্রকার শলই। দেশী শলই ভারতবর্ষের পশ্চিম ও উত্তর-পশ্চিমাঞ্চলের আরণ্য বৃক্ষবিশেষ (Boswellia serrata) হইতে সংগৃহীত হয়। ইহাকে এক প্রকার গুগ্‌গুল বলা যাইতে পারে। কোথাও কোথাও শলই-গুগ্‌গুল বলে। নূতন শলই স্বর্ণবর্ণ স্বচ্ছ নির্যাস। বঙ্গদেশে ইহা প্রায় দেখা যায় না। (গন্ধরস, গুগ্‌গুল দেখ)।

শলা···ষ্য. (সং)। খড়িকা ; সরু কাঠি ; কীল।

শলা···সলা দেখ।

শলী ··ষ্য. (শলা+ঈ)। ক্ষুদ্র শলা, ক্ষুদ্র কীল; ধান্য চাউলের মাপবিশেষ (স্থানভেদে ২।৹ মণ)।

শশক, শশা ··ষ্য. (সং শশক। ওং শশা, ঠেকুআ ; হিং শশা, খরহা ; মং সসা ; উর্দু খরহা—খরগোষ হইতে)। খরগোষ। শশ-ব্যস্ত ··ণ. শশক তুল্য চঞ্চল।

শঁশান···শ্মশান দেখ।

শসা, (গ্রাং শঁসা) ··ষ্য. (সং নাম ত্রপুষী, ত্রপুসী—হেমঃ। ত্রপুষী — কর্কটী—বাং কাঁকুড়। ওং কাঁকুড়ি, হিং ক্ষীরা, ঢাকায় ক্ষীরাই। সং ত্রপুসী—ত্রপুসা—ছসা—শসা ?)। কুষ্মাণ্ডাদিবর্গের কৃষিজাত ফলবিশেষ। গাছ (Cucumis sativus) প্রতানী। পাতা পঞ্চাঙ্গুল, খর। ফুল পীতবর্ণ। ফল লম্বা গোল, অল্প অর্বুদময়। ক্ষেতে বসন্তকালে কৃষি হয়। বাড়ীতে বর্ষাকালে যে গাছ করা হয়, তাহার ডালপালা মাঁচায় চড়ে। এই হেতু ইহা কোথাও কোথাও পাল্লা-শসা নামে নামে খ্যাত।

শসা-পোকা···দৃঢ়পত্রী ইটবর্ণ পতঙ্গবিশেষ (পদী পোকা দেখ)।

শস্য···ষ্য. (সং সস্য, শস্য)। কৃষিজাত বৃক্ষাদির ফল। (সংতে বাংতে ক্ষেত্রগত ফল—শস্য, যেমন ধান্য)। শাঁস দেখ।

শহর, সহর···ষ্য. (ফাং ষহর)। নগর। শহুরিয়া, শহুরে ··ণ. (শহর+ইয়া)। নগর সম্বন্ধী ; নগরে জাত বর্ধিত। শহরী ··ষ্য. (শহর+ঈ)। নাগরিক, নগরবাসী।

শহরৎ···ষ্য. (আং ষোহরৎ)। প্রসিদ্ধি। ঢোল-শহরৎ···ঢোল বাজাইয়া ঘোষণা।

শহল···ণ. (আং সহল, সং শ্লথ)। শ্লথ। শহলে শহলে—যাহাতে ক্লেশ না হয়, এমন।

শা···শাহ দেখ।

শাঅন, শাওন···শাবন দেখ।

শাঁই···ষ্য. (সং শমী—অঃ)। বব্বুলাদি বর্গের তরুবিশেষ (Prosopis spicigera)। ছাল শাদাটিয়া, ফাটা ফাটা, কাঠও শাদা। পুরাতন বড় গাছের কাল সার হয়। শাখা ও পল্লবে কাঁটা থাকে। পাতা দ্বিপক্ষ, পক্ষ ২, পর্ণ ৭ হইতে ১০ জোড়া। ফুল ছোট পীতবর্ণ, শীতকালে ধরে। ফল শুঁটী লম্বা। ফলে শক্তু তুল্য গুঁড়া গুঁড়া ঈষৎ মিষ্ট পদার্থ জন্মে। ইহা মানুষে খায়। (ইহা হইতে শমীর এক সং নাম শক্তুফলা—অঃ)। রাজপুতানা, পঞ্জাব ও বোম্বাই প্রদেশে জন্মে। বিহারে এবং কদাচিৎ পশ্চিমবঙ্গেও দেখা যায়। পূর্বকালে শাঁই-কাঠ ঘষিয়া আগুন করা হইত। শাঁই-কাঁটা···ষ্য. (সং শমীর—অঃ)। বব্বুল তুল্য ছোট কণ্টকী তরুবিশেষ (Acacia suma)। ছাল শাদা। পল্লব

রোমশ, কাঁটা জোড়া জোড়া, প্রথমে রোমশ থাকে। পাতা দ্বিপক্ষ, পক্ষ ১০ হইতে ২০, পর্ণ ৩৩ হইতে ৫০। ফুল শাদা বা আপাণ্ডুর। শুঁটী চারি পাঁচ আঙ্গুল লম্বা। পশ্চিমবঙ্গে, ছোটনাগপুরে ও পশ্চিমে এই গাছ জন্মে।

শাউড়ী (গ্রা°)···ষ্য. শ্বাশুড়ী। শাউড়ো···ণ. (শাউড়ী+ইয়া)। শ্বাশুড়ীর প্রতি আসক্ত (গ্রাম্য গালিতে)।

শাক···ষ্য. (সং। শক্যতে ভোক্তুমনেনেতি শাকং—অঃ টীঃ। সং শাক বাং শাগ একার্থবাচী নহে। শাকাখ্যং পত্র-পুষ্পাদি —অঃ। পত্র-পুষ্পাদি যাহা রাঁধিলে খাইতে পারা যায়, তাহা শাক। এই অর্থে হিংতে সাগ—নিরামিষ ব্যঞ্জন, মংতে ভাজী, উর্দুতে ভাজী, সবজী, তরকারী। হিতোপদেশে, স্বচ্ছন্দবনজাতেন শাকেনাপি প্রপূর্যতে— এখানে আমিষ হইতে স্পষ্ট প্রভেদ। ভাবপ্রকাশে শাক ষড়্‌বিধ,—পত্র পুষ্প ফল নাল কন্দ স্বেদজ (ছত্রাক)। অমরটীকায়, দশবিধ,—মূল, পত্র, বংশাদির করীর (কোঁড়), অগ্র (যেমন বেতের), ফল, কাণ্ড (যেমন কলার থোড়), অধিরূঢ়ক (যেমন তাল আঁঠির শাঁস), ত্বক, পুষ্প, ছত্রিকা)। কোমল বৃক্ষ (herb), বৃক্ষের রন্ধন পূর্বক ভোজনযোগ্য মূল পত্র পুষ্প ফলাদি। (শাগ দেখ)। শাক-সব্‌জি···ষ্য. (সব্‌জি দেখ। সহচর শব্দ)। শাক-পালা; শাগ, প্রঃ—শাক-সব্‌জি কিছু ব্যঞ্জন সাধারণ (মাঃ)। শাক-পাত···ষ্য. (সহচর শব্দ)। শাগ, প্রঃ—আলু কচু শাক পাত (কবিকঃ)।

শাঁক (গ্রা°)···শাঁখ দেখ।

শাকনাল···ষ্য. (সং শঙ্কু? লাল হইতে নাল হইয়া থাকিবে। হিং নাম লালশিরা)। হংসাদিবর্গের এক হাত অপেক্ষা কিছু বড় পক্ষীবিশেষ (The pink-headed duck. Rhodonessa caryophyllacea)। ঘাসময় জলায় চরে। মাথা গোলাপী, দেহ খয়রা।

শাকম্ভরী, শাম্বর লবণ···ষ্য. (সং)। রাজপুতানার (জয়পুর ও জোধপুর) শম্বর হ্রদের জল হইতে প্রাপ্ত লবণ। শম্বর হ্রদ ব্যতীত জোধপুরে অন্য দুই লবণ-হ্রদ আছে।

শাকরা···ষ্য. (সং শর্করা—শাকর+আ)। শর্করাযুক্ত অম্বল, প্রঃ—চৈতন্যমঙ্গল।

শাঁকোচ, শাঁকুস···শাঙ্কুষ দেখ।

শাখ···ষ্য. (সং শাখা। তুং ফাং যাখ)। শাখা (প্রায়ই পদ্যে)।

শাঁখ (গ্রা° শাঁক)···ষ্য. (সং শঙ্খ)। শঙ্খ (দেখ)। শাঁখ-ঘণ্টা···শঙ্খ ঘণ্টা। শাঁখের করাত—ইহার দাঁত সমুখ দিকে বহির্গত বলিয়া আসিতে যাইতে দুই দিকেই কাটে; লক্ষণায় উভয়-সঙ্কট। শাঁখ আলু···আলু দেখ।

শাঁখা···ষ্য. (সং শঙ্খক)। শঙ্খ-নির্মিত বাহুবলয়। শাঁখারী···ষ্য. (সং শঙ্খকার। বাং শাঁখা+আরী)। শঙ্খকার; জাতিবিশেষ। স্ত্রী° শাঁখারিনী, শাঁখারনী। শাঁখা শাড়ী···সধবার পরিধেয় ও আয়তির চিহ্ন শাঁখা ও শাড়ী।

শাঁখ-চোরণী, শাঁকচুন্নী···ষ্য. (সং শঙ্খচূর্ণী, শঙ্খিনী—উপদেবতাবিশেষ)। নিশাচরী উপদেবতাবিশেষ; পিঠা—বিশেষতঃ গুড়-

পিঠা, মাছ, মিষ্টান্ন লোভে ইহারা গৃহস্থের বাড়ীতে রাত্রে আসে। এইরূপ লোভনীয় সামগ্রী লইয়া মাঠ দিয়া কেহ রাত্রে গেলে তাহাকে ইহারা দিগ্‌ভ্রান্ত করাইয়া ঘোরাইয়া বেড়ায়। পরে পথিক ক্লান্ত হইয়া পড়িলে সে সকল সামগ্রী চুরি করে এবং কখন কখন পথিকের রক্ত শুষিয়া খায়। ইহা হইতে, কোন বালিকা শীর্ণ হইতে থাকিলে তাহাকে শাঁখচোরণীতে পেয়েছে অনুমান করা হয়। (২) শাঁখচোরণীর তুল্য শীর্ণ বালিকা।

শাঁখনী…রাজসাপ দেখ। গায়ে শাঁখা থাকে বলিয়া নাম।

শাখাল…ষ্য. (শাখা+আল ?)। করাতের দাঁতের পাশে বক্রতা; নারিশ।

শাঁখিনী…ষ্য. (সং শঙ্খিনী)। পেতনীবিশেষ, প্রঃ—শাঁখিনীর প্রায় আনিলি কাহায় (ভাঃ)।

শাঁখী…ষ্য. (সং শঙ্খী)। ধানগাছের অভ্যাপাত পোকাবিশেষ। (শেঁখো) পোকা দেখ।

শাগ…ষ্য. (সং শাক। শাক দেখ। হিং সাগ=কিন্তু সং শাক। ওং শাগ)। খাদ্য পত্র-শাক। শাগ দিয়া মাছ ঢাকা—ঘরের কুৎসা গোপন চেষ্টা। শাগ-পালা, শাগ-পাতা…(সং)। খাদ্য পত্র-শাক। শাগে বালি…দুধে চিনীর বিপরীত।

শাগরেদ…ষ্য. (ফাং ষাগির্দ্‌)। শিষ্য। শাগরেদি…ষ্য. শিষ্যত্ব।

শাঙণ…ষ্য. (সং শ্রাবণ)। শ্রাবণ মাস (প্রাচীন পদে)।

শাঙলী…ষ্য. (সং শ্যামলা)। শ্যামলা গাভী, প্রঃ—জ্ঞানদাস।

শাঙ্গ…ষ্য. (সং শঙ্কু। ওং সাঙ্গি, কৃত্তিবাস সাঙ্গি, মং সাঙ্গা। চাঙ্গে চড়াইল (চৈঃ)—শঙ্কুতে; ওং চৈঁথিবা—শূলে দণ্ড দেওয়া।) ভারী বস্তু দুই চারি জনে কাঁধে ঝুলাইয়া বহিবার বাঁশ বা কাঠ, প্রঃ—বুকে তুলে দিল পাঁচ সাঙ্গের পাতর (কবিকঃ)—যে পাথর বহিতে পাঁচটা শাঙ্গ লাগে; যোল সাঙ্গের কাষ্ঠ তুলি যে করিল রাশি (চৈঃ চঃ)। শাঙ্গা…ষ্য. (ঢাকায় চাঙ্গা, আসাং চাং)। কাঁচি ঘরের কড়ি-সরূপ কাঠ। মুদনী ও পাড়ির তির্যক ভাবে শাঙ্গা থাকে। (২) দ্রব্যাদি রাখিবার নিমিত্ত দুই কাঁধে বদ্ধ কাঠ বা বাঁশ। শাঙ্গী…ষ্য. (শাঙ্গা+ঈ)। ছোট শাঙ্গা, শাঙ্গ, প্রঃ—সাঙ্গী দিয়া তুলে লয়ে শালঘরে ফেলে (মাঃ)।

শাঞ্চা, শাঞ্চি…ষ্য. (সং শালিঞ্চ)। খাদ্য শাগবিশেষ।

শাঁট…ধাতু. (সং শদ শাতন হইতে শাদ ধাতু)। শাঁটি—কাটিয়া ছোট করি, প্রঃ—চুল শাঁটা; ঘর্ষণ বা কণ্ডন দ্বারা তণ্ডুলাদি পরিষ্কৃত করি, প্রঃ—চাল শাঁটা। শাঁটা॥ (নদীয়ায় ছাঁটা)। নিঃ—আশাঁটা। শাট…ষ্য. কর্তিত বা ছিন্ন অংশ, ছাঁট। শাঁটনি…ষ্য. শাঁটা কর্ম, শাঁটার বেতন। শাঁটা…ধাতু. (শাঁট ধাতু আস্তে)। শাঁটানা॥ (সাঁট ধাতু দেখ)।

শাঁট, শাঁট…ষ্য. (সং শাণী—হস্ত-কটাক্ষাদি-সূচনা—শব্দকল্পঃ)। শাণ, সঙ্কেত। (হাত শাণি দেখ)।

শাটী…শাড়ী দেখ।

শাঁড়ক…ষ্য. (সং শ্রেণিক। তুং ওং সেণি)। খড়ের চালের রোআ স্বস্থানে রাখিবার

নির্মিত যে মোটা ও চওড়া বাখারী বাঁধা হয়। শাঁড়ক ও পাড়ি একত্র বাঁধা হয়। প্রঃ—জোয়ের আড়া পাড়ি জোয়ের কপাট। জোয়ের শাঁড়ক দিল জোয়ের ঝনকাট (কবিকঃ)। শুং পুঃ – সাড়ক।

শাড়, শাঁড়া…সাড়, সাড়া দেখ।

শাঁড়া, ষাঁড়া…ণ. (সং শণ্ড, ষণ্ড, শণ্ঢ)। নপুংসক, বন্ধ্য, প্রঃ—শাঁড়া গাছ। শাঁড়া ধাতু. শাঁড়াই—স্থূল মাংসল হই, অতি বৃদ্ধি হেতু সন্তান-জননে অসমর্থ হই, প্রঃ—গাছ শাঁড়াইলে ফল ধরে না, নারী শাঁড়াইলে বন্ধ্যা হয়। শাঁড়ানা॥

শাড়ী…ষ্য. (সং শাটী। শাট…বস্ত্র-বিশেষ। তুং লম্বশাটপটাবৃতঃ)। দীর্ঘ পরিধেয় বস্ত্র, প্রঃ—পরিয়ে লোহিত সাড়ী বুকে আচ্ছাদিত দাড়ী (কবিকঃ)—(দানা কর্তা); নারীর পরিধেয় দীর্ঘ বস্ত্র, প্রঃ—দোছটি করিয়া পরে বার হাত সাড়ী (কবিকঃ)। (পূর্বকালে শাড়ী ও ধুতি পুরুষ ও নারী উভয়েরই পরিধেয় হইত। ধুতি দেখ। অধুনা ধুতি পুরুষের, শাড়ী নারীর পরিধেয় বস্ত্র)। পাছা-পাড়িয়া, পাছা শাড়ী…যে শাড়ীর তৃতীয়াংশ দূরে লম্বালম্বি আর এক পাড়ি থাকে। বে-পাছা শাড়ী… পাছা-পাড়হীন শাড়ী। পাড়িয়া, পেড়ো শাড়ী…পাড়িযুক্ত শাড়ী। হাওয়া শাড়ী… সূক্ষ্ম জালের মতন শাড়ী। (নেত দেখ)।

শাণ, শান…ষ্য. (সং)। অস্ত্র-শস্ত্রাদি তীক্ষ্ণ করিবার প্রস্তর, ঘর্ষণ-যন্ত্র; তীক্ষ্ণীকরণ। শাণকার, শাণকর…ষ্য. (সং শাণকার)। যে অস্ত্র-শস্ত্রাদি শাণ-প্রস্তরে ঘষিয়া তীক্ষ্ণ করে। শাণা…ধাতু. শাণাই—তীক্ষ্ণ করি, শাণে চড়াই। শাণানা॥

শাদা, সাদা…ণ. (ফাং সাদা। তুং সং শ্বেত, সিত)। শ্বেত। শাদাটিয়া, শাদাটো… ণ. (শাদা+টা+ইয়া)। ঈষৎ শ্বেতবর্ণ। শাদা-শিদা…ণ. (শ্বেত+সিত)। সহচর শব্দ)। শ্বেতবর্ণ; অনলঙ্কৃত; আড়ম্বরহীন। শাদা-সাপ্‌টা…ণ. (সাফ+তা। ইহার পরে ইয়া হইবার কথা। কিন্তু শাদা-আ বলিয়া সাপ্‌টা-আ)। শাদা শিদা। শাদা-মাঠা…ণ. (মাঠ ধাতু দেখ)। অনলঙ্কৃত, শাদা-সাপটা। শাদা জবা, শাদা ঝিণ্টি, শাদা নটিয়া—প্রধান শব্দে দেখ।

শাদি…ষ্য. (ফাং)। বিবাহ (মুসলমানী ভাষায়)। শাদি হওয়া—বিবাহ করা।

শান, শানা…শাণ দেখ।

শানা, শাণা…ষ্য. (সং শাণী—শণ-সূত্রময়ী পট্টিকা। ওং সানা)। তাঁতের অঙ্গবিশেষ। ইহা সরু শলাকার বাড় বা চিরনীবিশেষ। ইহার ভিতর দিয়া টানার জোড়া জোড়া সূতা যায়। শানা গাঁথা—শানার ভিতর দিয়া টানার সূতা প্রবেশ করানা। শানা-কর…ষ্য. যে শানা নির্মাণ করে, প্রঃ—সানা বান্ধিয়া নাম বলাইল সানাকর। জীবন উপায় তার পায়ে (পেয়ে) তাঁতি ঘর (কবিকঃ)।

শানা…ধাতু. (সং শান্ত হইতে)। শানাই—শান্ত হই, প্রঃ—দারুণ পিপাসা অল্প জলে শানায় না; শান্ত করি, প্রঃ—এই মারি তাকে শানায় না। শানানা॥

শানাই, সানাই…ষ্য. (ফাং—শাহ্ বড়, নাএ নল। তুং সং সানিকা, সানেয়ী—শব্দকল্পঃ

স° সন ধাতু হইতে)। মুখে পিতলের ধুতুরাযুক্ত বংশীবিশেষ। সানাই, সানি দেখ।

শানী…ষ্য. (স°)। হস্তকটাক্ষাদি সূচনা, ইসারা। সানি, সাঁট দেখ।

শান্ত…ণ. (স°)। উপশম প্রাপ্ত; শমান্বিত।…ষ্য. শম স্থায়িভাবরূপ রসবিশেষ। শান্ত-শিষ্ট…ণ. (স°। সহচর শব্দ)। জিতেন্দ্রিয়। শান্তি…ষ্য. (স°)। চিত্তের উপশম; তৃষ্ণা-ক্ষয়; ভদ্র, শুভ। শান্তিজল…হোমাদি দ্বারা যে জলে শুভ আনয়ন করে। ওং শান্তি…পুণ্য অনুষ্ঠান সমাপ্তিতে মঙ্গল-বাচন। শান্তি-স্বস্ত্যয়ন…ষ্য. (স°। সহচর শব্দ)। গ্রহাদির শান্তিকর্ম ও স্বস্ত্যয়ন।

শাঁপ, শাপ…ষ্য. (স° শাপ' বোধ হয় স° অভিসম্পাত হইতে অভি লোপে সাঁপ। সাঁপ ধাতু দেখ)। অভিসম্পাত, শাপ। শাঁপে বর—অভিসম্পাতে বর লাভ, মন্দ হইতে ভাল। শাঁপ…ধাতু. (শঁপ ধাতু দেখ)। শাঁপি—শাঁপ দিই। শাঁপা॥ শাঁপা…ধাতু. (শাঁপ ধাতু আস্তে)। শাঁপানা॥

শাবন, শাঅন…ষ্য. (স° শ্রাবণ)। চতুর্থ মাস নাম। প্র:—শাবনের পান রাবণে না খায়—শ্রাবণ মাসে যে পান জন্মে। তিন শাঅনে পান—তিন শ্রাবণ গেলে পান তুলিবার যোগ্য হয়।

শাবন…ষ্য (আ°)। মুসলমানী অষ্টম মাস নাম।

শাবল…ষ্য. (স° শর্বলা। শর্বলা তোমরে—হেমঃ)। লোহার দণ্ডাকার খনন শস্ত্র।

শাবাশ…সাবাস দেখ।

শামখোল…শামুক-ভাঙ্গা দেখ। প্রঃ—শামখোল সারস শামুক ভাঙ্গে ঠোঁটে (মা:)—শামুকের খোলা ভাঙ্গে বলিয়া শামুক-খোল—শামখোল নাম।

শামলা…ণ. (স° শ্যামলা)। শাদা ও কাল মিশ্রিত বর্ণ, যেমন শামলা গাই।

শামা…ষ্য. (স° শম্ব)। লোহার বলয়; মুষলাদির অগ্র লৌহ বলয়। শামী…ষ্য. (শামা+ঈ)। ছোট শামা।

শামা…ধাতু. (স° শাম্য হইতে। স° শম ধাতু শাম্যতি পদ হয়। এই সাদৃশ্যে)। শামাই—শান্ত হই, প্রঃ—গরল আনলে শরীর বিকল শামাইতে নারে যেন (চণ্ডী:)। শামানা॥ (অধুনা ধাতু অপ্রচলঃ)। শামাই…ষ্য. শাম্য, সংযম, প্রঃ—শামাই করিয়া খাওয়া, ঝগড়ার শামাই হওয়া। (সামাই দেখ)।

শামা…ষ্য. (আ°) দীপ, বাতি। শামাদান…ষ্য. (ফা° দান)। দীপবৃক্ষ। শামা-সাজ…ষ্য. (ফা° সাজ)। বাতিনির্মাতা।

শামিয়ানা…ষ্য. (ফা° ষাম্যানা)। চাঁদোআ।

শামিল…সামিল দেখ।

শামুক…ষ্য. (স° শম্বুক)। খোলকী উভচর প্রাণীবিশেষ (Ampullaria)। ঢাকনী খুলিয়া পদ বহির্গত করিয়া চরে। খোলা চিক্কণ, খয়রা বর্ণ। গেঁড়ী অপেক্ষা শামুক বড়। গেঁড়ী কৃষ্ণবর্ণ। দরিদ্রে শামুক ও গেঁড়ী খায়। শামুক-ভাঙ্গা, শামুক-খোল, শাম-খোল…ষ্য. কুলেচর বর্গের ১৮০ হাত দীর্ঘ পক্ষীবিশেষ (The open-bill. Anastomus oscitans)। শাদা; পুচ্ছ কালতে সবুজ। চঞ্চুর দুই পুটের মধ্যে ফাঁক থাকে। চোখের পাশ ও গলায় পালক নাই। শামুক খায় বলিয়া নাম।

শাম্‌লা…ষ্য. (আ°)। পাতলা শিরস্ত্রাণ।

শায়স্তা…ণ. (ফা° শইস্তা)। শিষ্ট, বিনীত।

শারঙ্গ, সারঙ্গ…ষ্য. (সং শারঙ্গী)। তন্ত্রী বাদ্যবিশেষ; একপ্রকার বেহালা। শারঙ্গী …ষ্য. (শারঙ্গ+ঈ)। শারঙ্গ বাদ্যকর।

শারক, সারক…ষ্য. (সং শ্রাবক—শ্রোতা)। বৌদ্ধ বা জৈন সম্প্রদায়বিশেষ।

শারদা…ষ্য. (সং)। বীণাবিশেষ।

শারদীয় পূজা…ষ্য. (সং)। শরৎকালীন দুর্গা-পূজা।

শারি…ষ্য. (সং)। পাশার গুটি; পাশা; সারি পক্ষী।

শারি…ষ্য. সারি (দেখ)।

শাল…ষ্য. (সং শূল কিংবা শল্য। শেল দেখ)। শূল, প্রঃ—ইন্দ্রের হৃদয়ে বাজে শাল (কবিকঃ)। শালে ভর দেওয়া—শূলের উপরে পতন বা শয়ন—বৌদ্ধ তান্ত্রিকের তপস্যাবিশেষ। গাজনে সন্ন্যাসী শালে ভর দেয়—প্রায়ই লোহার কাঁটার উপরে। চোরকে শূলে বা শালে দেওয়া—শূলের মাথায় বসানা।

শাল…ষ্য. (সং শালা)। অগ্নিযোগে কর্মস্থান, কারুর অগ্নিশালা। আখ-শাল…যেখানে আখের রস গাঢ় করা হয়। কামার-শাল… কামারের অগ্নিশালা, প্রঃ—কামার পাতিয়া শাল (কবিকঃ)—অগ্নিস্থান করিয়া। পিতল-শাল…তামা দস্তা পিতল গলাইবার অগ্নি-শালা, প্রঃ—কাঁসারি পাতিয়া শাল (কবিকঃ)। শাল-ঘর…যে ঘরে অগ্নিশালা হয়। শাল-মুআন…অগ্নিস্থানের মুখ।

শাল…ষ্য. (সং—অঃ)। শউল সদৃশ সর্পমুখী প্রায় তিন হাত দীর্ঘ মৎস্যবিশেষ (Ophiocephalus marulius)। নদীতে জন্মে। পুচ্ছে কাল দাগ থাকে।

শাল…ষ্য. (ফা°। তুং সং শাট)। কাশ্মীর দেশে উৎপন্ন কোমল লোমশ বস্ত্রবিশেষ। তিব্বতদেশের ছাগবিশেষের নীচের সরু কোমল লোমে (পশম)—শাল বোনা হয়। শালের পাড় তাঁতে বোনা হইলে—কানি-কর, হাতে সূচ দিয়া তোলা হইলে—আমলিকর—বলে। শালের কোণের ফুল—কুঞ্জ। শালের চওড়া আঁচলা থাকিলে শাহপসন্দ্‌ কিংবা পাল্লেদার বলে। পশমে নির্মিত—পশমিনা শাল। জামেয়ার…শাল-বিশেষ, কিন্তু বোনা ফুলে পূর্ণ। রুমাল… ছোট শাল। রুমালের মাঝে যে ফুল থাকে, তাহা চান্দ্‌। কাশ্মীরের অন্তর্গত রামপুরে যে আলোয়ান হয়, তাহা রামপুরী চাদর। এই চাদরের টানা পশম, পড়্যান প্রায়ই রেশম, কদাচিৎ কাপাস, কদাচিৎ পশম হয়। রামপুরী চাদরের জমি শাদা, কিন্তু তেরচা বোনা। দোশালা…দুই খণ্ড শাল উপরি উপরি। এক-রোখা শাল—যাহার এক পিঠে ফুল তোলা। দো রোখা শাল—যাহার দুই পিঠে ফুল তোলা। শাল-দোশালা …ষ্য. (সহচর শব্দ)। শাল ইত্যাদি।

শাল…সাল (গাছ) দেখ।

শালগম…ষ্য. (শালগ্রাম হইতে ?)। সর্ষপাদি বর্গের বিদেশী মূল শাকবিশেষ (Turnip. Brassica napa)। ইদানী ইহার কৃষি হইতেছে।

শালগ্রাম, গ্রা° শাল্‌গেরাম…ষ্য. (সং শাল-গ্রাম)। বিষ্ণুমূর্তিবিশেষ। শালগ্রাম শিলা …শালগ্রাম প্রস্তর। এই প্রস্তর গণ্ডকী

নদীতে পাওয়া যায়। ইহাতে নানা রেখা বিন্দু ছিদ্র (fossil ammonite) থাকে। এই সব শঙ্খ চক্র গদা পদ্ম কল্পিত হয়। শালগেরামের শোআ বসা—একই, কারণ শালগ্রাম বর্তুলাকার।

লতি…সালতি দেখ।

লন…সালন দেখ।

লপানী…সালপানী দেখ।

লবট…সালবট দেখ।

লা…ষ্য. (সং শ্যালক)। স্ত্রীর ভাই; গালিবিশেষ। শালাজ…ষ্য. (সং শ্যালকজায়া)। স্ত্রীর ভ্রাতৃপত্নী। শালা-ভগ্নীপতি…ষ্য. (প্রতিচর শব্দ)। শ্যালক ও ভগ্নীপতি। শালা-ভ্লান্চোৎ…ষ্য. (বস্তুতঃ সহচর শব্দ)। অশ্লীল গালিবিশেষ। শালা-সম্বন্ধী…ষ্য. (প্রতিচর শব্দ)। শ্যালক ও ভগ্নীপতি। (সম্বন্ধী দেখ)। শালী…ষ্য. (সং শ্যালিকা। শালা+ঈ)। স্ত্রীর ভগ্নী; স্ত্রীলোককে গালিবিশেষ। শালী-পতি…ষ্য. (সং শ্যালিকাপতি। আসা° শালপতি)। শালীর পতি, প্রায়ই শালীপতি-ভাই। (এই ভাই হইতে কোথাও কোথাও ভায়রা-ভাই)। শালীপো…ষ্য. (সং শ্যালিকাপুত্র)। শালীর পুত্র।

শালি…ষ্য. (সং। শালয়ঃ কলমাদ্যাঃ ষষ্টিকাদ্যাশ্চ—অঃ। অত্র বৃহন্নালং বহুতরজলোৎপন্নং ধান্যং কলমশব্দবাচ্যং। এতদপেক্ষয়া কিঞ্চিদপকৃষ্টঃ ষষ্টিরাত্রেণ পচ্যমানঃ ষষ্টিকঃ—অঃ টীঃ। সুশ্রুতে শালি অর্থে হৈমন্তিক ধান্য)। হৈমন্তিক ধান্য, যাহা বিনা কণ্ডনে শুক্ল দেখায়। রক্তশালি…শালি ধান্যবিশেষ। ইহা লাল বর্ণ। শালি জমি…যে জমিতে শালি ধান্য জন্মে।

শালিবাহন…ষ্য. (সং সপ্তবাহন, সং প্রাঃ সালবাহন)। শকাব্দপ্রবর্তক রাজাবিশেষ।

শালী…শালা দেখ।

শালু…ষ্য. (সং শালু—কষায় দ্রব্য)। কষকরা, প্রায়ই লাল রঙ্গ-করা বস্ত্র। শালুর রঙ্ পাকা। কিন্তু পাকা করিতে কষায় লাগে না।

শালুক…ষ্য. (সং শালুক—পদ্মাদির কন্দ। সং নাম কুমুদ, ওং কঁই। বঙ্গের স্থানে স্থানে নাল, হেলা বলে। কোল ভাষায় শালুকাড)। জলজ শাকবিশেষ (Nymphæa lotus)। পাতা বড় বড়, জলে ভাসিয়া জন্মে। ফুল শাদা, বহুদল, বর্ষাকালে অধিক ফোটে। ইহার কন্দের নাম লোটা, ফলের নাম ভেঁঅচ। প্রঃ—সালুক সুন্দির ফুলে (শুং পুঃ), শালুকের নাল (কবিকঃ)—নাল খাইতে পারা যায়। দৃষ্টান্তে, শালুক চিনেছেন গোপাল ঠাকুর—শালুক ফুলে পূজা হয় না; বোধ হয়, ইহা হইতে বস্তুবিশেষ না চেনা।

শাশ…ষ্য. (সং শ্বশ্রূ। হিং সাস, ওং সাসু, আসা° শাহু)। শ্বাশুড়ী (কিন্তু, অন্য শব্দের সহিত সমাসে)। খুড়-শাশ…খুড়ী-শ্বাশুড়ী, মাস্-শাস…মাসী-শ্বাশুড়ী, পিস্-শাশ…পিসী-শ্বাশুড়ী। জেঠশাশ…জেঠী-শ্বাশুড়ী।

শাস…ধাতু. (সং)। শাসি—অনুশাসন, দমন, আজ্ঞা করি। শাসা॥ শাসন…ষ্য. (সং)। উপদেশ, দমন; রাজদত্ত ভূমি; রাজার আজ্ঞাপত্র। শাসা…ধাতু. (শাস ধাতু আস্তে)। শাসানা॥ শাসানি…ষ্য. তর্জন, ভর্ৎসনা।

শাসী…ষ্য. (ইং sash-door)। কাচের কপাট।

শাশুড়ী···শ্বাশুড়ী দেখ।

শাঁস···ষ্য. (সং শস্য)। ফল ও বীজের কোমল অংশ। তাল-শাঁস··অপক্ব তালের বীজের কোমল অংশ। শাঁসালা···ণ. (শাঁস+আলা)। শাঁসযুক্ত; ধনবান্।

শাহ্, শা···ষ্য. (ফা° শাহ্)। রাজা, যেমন বাদশাহ্। শাহ্জাদা···(ফা° জাদা সং জাত)। রাজপুত্র। শাহ্জাদী···রাজকন্যা। শাহান্‌শাহ···রাজার রাজা বা মহারাজা। শা-বাজ··রাজকীয় শ্যেন বা শ্যেন-রাজ। বাজ দেখ।

শিং···শিঙ্গা দেখ।

শিঅলি, শিউলি···ষ্য. (সং শেফালি, শিফালি। শূং পুঃ সিঅলি। ও° সিউন্ঠী। শেফালিকা তু সুবহা—অঃ। শয়ানা ফলতি বিকসতি, শেরতে শেফা অলয়োঽস্যাম্ শেফালি—অঃ টীঃ। শয়ন করিয়া ফুল ফোটে, কিংবা অলি যাহাতে শয়ন করে, এই দুইএর একটা ব্যুৎপত্তি শিঅলি ফুলে বর্তে না। ফুল ফুটিয়া প্রভাতে ঝরিয়া পড়ে—শয়ন করে, এই মাত্র বলিতে পারা যায়। সুবহতি আমোদং সুবহা। ইহা ঠিক এবং এই কারণে শেফালিকা অর্থে নির্গুণ্ডী নহে। কিন্তু, অমরের শেফালিকা যে শিঅলি, তাহা সিদ্ধ হইল না। হিং ও° বম্বাইতে নাম হরশিঙ্গার—হর-শৃঙ্গার। সং শেফ—শিশ্ন। বোধ হয় এই শব্দের সহিত ব্যুৎপত্তির সম্বন্ধ আছে)। ছোট পুষ্প তরুবিশেষ (Nyctanthes arbor-tristis)। ফুল মধুরগন্ধ, কতকটা মল্লিকার তুল্য, প্রায়ই বর্ষাকালে ও বর্ষাশেষে প্রচুর ফোটে। দলনলিকা নারঙ্গবর্ণ। ইহা হইতে নারঙ্গরঙ্গ পাওয়া যায়। গাছ মধ্যভারতে অরণ্যে প্রচুর, স্থানে স্থানে বন হইতে দেখা যায়। অন্যত্র পুষ্পোদ্যানে রোপিত হয়। ফল চেপটা, দুই খণ্ডে ফাটিয়া যায়। (২) (সং শীতলী—বৈদ্যকঃ। অন্য নাম পানিশিঅলী দেখ। (৩) শেঅলা দেখ।

শিক···ষ্য. (শিকড় দেখ)। গাছের সোজা মূল, প্রঃ—বটগাছ দূরে শিক চালায়।

শিক···ষ্য. (ফা° সীখ। তু° সং শলাকা, শিখা)। লোহার সরু যষ্টি বা দণ্ড; ছড়ির আকারের পুরাতন বন্দুক। শিকদার··বন্দুকধারী; মোগল রাজত্বসময়ে মহলের রাজস্ব আদায়কারী। পাইক শিক··পদাতিক ও বন্দুকধারী সেনা। শিক-পোড়া···লোহার শিকে মৎস্য বা মাংস ভাজা। প্রঃ—কবিকঃ।

শিকড়···ষ্য. (সং শিখা—শিখ+ড়। শিখা শাখা প্রপদে—মেঃ। শূং পুঃ সিকড়। ও° চের—সং চূড়া, হিং জড়—সং জটা। তু° সং জটী—জটা বহির্গত করে যে অশ্বত্থবৃক্ষ)। গাছের মূল। শিকড় গাড়া···মূল বহু নিম্নে চালানা, দৃঢ়মূল হইয়া থাকা।

শিকঞ্জা···ষ্য. সিকঞ্জা দেখ।

শিক্‌নি···ষ্য. (সং শিঙ্ঘাণ—মেঃ। ও° শিঙ্গাণি)। নাসিকামল।

শিকমি···সিকমি দেখ।

শিকরা···ষ্য. (ফা°)। শ্যেন, বাজ দেখ।

শিকরেল···ষ্য. (শিকারা+তিলিয়া—তিলিয়া শিকরে্য—শিকরেল)। ছোট বাজ পাখী।

শিকল··ষ্য. (সং শৃঙ্খল। ও° সাঙ্কুড়ি)। শৃঙ্খল। শিকলের এক খণ্ড খণ্ড—কড়ী (মং

কড়ী)। শিকলী···ষ্য. (শিকল+ঈ)। সরু শিকল।

শিকস্ত···ষ্য. (ফা° ষিকস্ত)। ভঙ্গ, ক্ষতি, নাশ। শিকস্তী জমি···নদ্যাদির তটভঙ্গে কিংবা বালুকাপতনে যে জমি নষ্ট হইয়াছে।

শিকা···ষ্য. (স° শিক্য)। দ্রব্য রক্ষার্থ রজ্জুময় আধার। শিকা-ভার···শিকা ও ভার-যষ্টি বা বাঙ্গি। শিকায় তোলা—রাখিয়া দেওয়া। বিরালের ভাগ্যে শিকা ছেঁড়া—শিকা ছিঁড়িলে রক্ষিত খাদ্য যেমন বিরালের ভোগ্য হয়, তেমন দৈব গতিকে লাভ।

শিকান, শিকনি···ষ্য. (স° শিঙ্ঘাণ—মেঃ)। নাসিকার মল, শ্লেষ্মা।

শিকায়ৎ···ষ্য. (আ° ষিকায়ৎ)। অভিযোগ, দোষারোপ। শিকায়তী···ণ. শিকায়ৎ-সম্বন্ধীয়।

শিকার···ষ্য. (ফা° ষিকার)। মৃগয়ালব্ধ পশুপক্ষী; মৃগয়া। শিকারী···মৃগয়াকারী।

শিক্যা···ষ্য. (স° শিক্য, শিক্যা)। শিকা।

শিক্ষা···ষ্য. (স°)। অকারাদি বর্ণের স্থান করণ প্রযত্নবোধিকা। (শিক্ষা—বেদের ষড়ঙ্গের মধ্যে এক অঙ্গ—যে শাস্ত্র শব্দের উচ্চারণ বোধ জন্মায়। নিরুক্ত বেদের আর এক অঙ্গ—যাহাতে বর্ণের আগম বিপর্যয়াদি উক্ত থাকে। এই দুই মিলিয়া এই বাঙ্গালা ভাষা গ্রন্থের দ্বিতীয় অধ্যায় হইয়াছে); অভ্যাস; বিদ্যাভ্যাস। শিক্ষাগুরু···বিদ্যা-দাতা গুরু। (মন্ত্রাদি উপদেশকর্তা দীক্ষা-গুরু)। শিক্ষা-দীক্ষা···ষ্য. (স°। সহচর শব্দ)। শিক্ষা ও দীক্ষা। শিক্ষা-সহবৎ···ষ্য. (সহবৎ দেখ। সহচর শব্দ)। শিক্ষা। উচ্চশিক্ষা···(আধুনিক অর্থ) ইংরেজীর দুরূহ বিদ্যা। নিম্নশিক্ষা···(আধুনিক অর্থ) বিদ্যারম্ভ। শিক্ষিত···ণ. (স°)। বিজ্ঞ; শিক্ষাযুক্ত; (আধুনিক অর্থ) ইংরেজী-ভাষাজ্ঞ। উচ্চশিক্ষিত···ণ. (আধুনিক অর্থ) ইংরেজী দুরূহ বিদ্যাবিৎ।

শিখ, (প্রা° শিক)···ধাতু. (স° শিক্ষ ধাতু। আসা° শিক)। শিখি—অভ্যাস করি, বিদ্যাদি গ্রহণ করি। শেখা॥ শিখানি···ষ্য. কুপরামর্শ, মন্ত্রণা। শেখা, শিখা···ধাতু. (শিখ ধাতু আস্তে)। শেখাই, শিখাই—বিদ্যাদি অভ্যাস করাই, পরামর্শ দিই, কুমন্ত্রণা দিই, প্রঃ—সাক্ষী শিখাইয়া আনা; কাজের ফল ভোগ করাই, প্রঃ—কালি শিখাইব মায়ের আগে (ভাঃ)। শেখানা, শিখানা॥ শিখানিয়া···ষ্য. (শিখানা+ইয়া)। শিক্ষক।

শিখ···ষ্য. (স° শিষ্য হইতে)। গুরুগোবিন্দের শিষ্যসম্প্রদায়, সিখ।

শিখণ্ড···ষ্য (স°। শিখণ্ডো বর্হচূড়য়োঃ—মেঃ)। ময়ূরপুচ্ছ; শিখা। শিখণ্ডী···ষ্য. (স° শিখণ্ডিন্)। ময়ূর; দ্রুপদরাজপুত্র। ণ. শিখণ্ডযুক্ত—শিখা—দশাযুক্ত; বিবাহ-কালে কন্যার পরিধেয় অখণ্ড দশাযুক্ত শাড়ী। (কেহ কেহ শ্রীখণ্ডী বলে। যেমন বরের জোড়, তেমনই কন্যার শ্রীখণ্ডী। ওড়িশায় ভদ্র-ঘরের বিবাহে কন্যাকে শাড়ী ব্যতীত খণ্ডুয়া—ওড়না দিবার রীতি আছে। খণ্ডুয়া দ্বারা কন্যা দেহ ও মস্তক আবরণ করে। ইহা সুন্দর-বিচিত্র-চিত্র শোভিত পট্টবস্ত্র। পড়িয়ানের সুতা বিভিন্ন অংশে নানা রঙ্গে রঞ্জিত করিয়া এমন কৌশলে খণ্ডুয়া বোনা হয় যে, তাহাতে ফুল লতা

পাতা পশুপক্ষী ইত্যাদির চিত্র রচিত হয়। ওড়িশায় খণ্ডুয়া, বঙ্গের শিখণ্ডী। শ্রীখণ্ডী ?)।

শিঙ্, শিং…ষ্য. (সং শৃঙ্গ। শিঙ্ বানান ভাষায়)। পশু-শৃঙ্গ। (শৃঙ্গ দেখ)। দৃষ্টান্তে, শিং ভেঙ্গে বাছুরের দলে মেশা—বৃদ্ধের বালকত্ব প্রকাশ। শিঙাল…ণ. (শিঙা+আল)। শৃঙ্গবিশিষ্ট। শিঙা …ষ্য. (সং শৃঙ্গ)। মহিষাদি শৃঙ্গনির্মিত বাদ্যবিশেষ; শৃঙ্গাকার শুষির বাদ্যবিশেষ। শিঙাদার…ষ্য. (ফাং দার)। শিঙা বাদ্যকর। শিঙা ফোঁকা—মৃত্যু হওয়া। মৃত্যুকালে হরিনাম সঙ্কীর্ত্তনের সহিত শিঙা বাদ্য করা হইতে। শিঙা…ধাতু. শিঙাই—(পশ্বাদির) শৃঙ্গ উদ্গত হই, শৃঙ্গ দ্বারা প্রহার করি। শিঙানা॥

শিঙাড়া…ষ্য. (সং শৃঙ্গাটক। শৃঙ্গাটকং ভবেদ্বারিকণ্টকে চ চতুষ্পথে—মেঃ। অমরে অর্থ চতুষ্পথ। ইহা হইতে শৃঙ্গাটক—গলমধ্য—যেখানে নাসিকা-পথ, মুখবিবর, অন্ননালী, কণ্ঠনালী একত্র হইয়াছে (pharynx)। শৃঙ্গমিবাটতি, কিংবা শৃঙ্গাং প্রাধান্যমটতি—অঃ টীঃ। প্রথম অর্থ ধরিয়া বারিকণ্টক হইয়া থাকিবে। হিং ওং শিঙ্গাড়া)। পানিফল; পানিফল আকারের গোল আলু-পুর ঘৃতপক্ক খাদ্যবিশেষ।

শিঙার…ষ্য. (সং শৃঙ্গার। শৃঙ্গারঃ শুচিরুজ্জ্বলঃ—অঃ। শৃঙ্গং হি মন্মথোদ্ভেদস্তদাগমনহেতুকঃ, শৃঙ্গং মন্মথঃ তস্য আর আগমনং যত্র—অঃ টীঃ। শৃঙ্গার—রতিরস। ইহা উত্তম প্রকৃতি হেতু শুচি এবং উজ্জ্বল বেশাভিনয় হেতু উজ্জ্বল—অঃ টীঃ)। উজ্জ্বল বেশ, রাত্রিবেশ। জগন্নাথদেবের শিঙার বেশ—রাত্রিবেশ।

শিঙী…ষ্য. (সং শৃঙ্গাঃ—মীনভেদ—মেঃ, শৃঙ্গী)। অশকলী মাগুরসদৃশ উভচর মৎস্যবিশেষ (Saccobranchus fossilis)। কাঁধের কাঁটা—শৃঙ্গ ভয়ানক বলিয়া নাম।

শিট্-পিটা…ধাতু. (সং শট ধাতু বিশীর্ণতা, পিঠ ধাতু ক্লেশনে)। শিট্-পিটাই—লজ্জা-ভয়াদি হেতু বিশীর্ণ ক্লিষ্ট হই। শিট্-পিটানা॥

শিঠা, শিটা…ষ্য. (সং উৎ-শিষ্ট, অব-শিষ্ট হইতে। হিং সীঠা; মং শিটরা—পক্ষীর বিষ্ঠা। সিঠা দেখ)। দ্রব্যাদির উৎ-শিষ্ট, বর্জ্জনীয় অংশ।

শিটি, সিটি …শীটি দেখ।

শিঁড়ি…ষ্য. (সং শ্রেণী, শ্রেণি। নিঃশ্রেণিরধিরোহিণ্যাং—মেঃ। মালদহে নিশানি, ওং সেণি, হিং নিসেনী সীঢ়ী, মং নিসণ, সিডী শিটী। তুং সং শ্রেঢী)। সোপানাবলী, সোপানগৃহ।

শিথান, (গ্রাং শিতেন) …ষ্য. (সং শিরঃস্থান)। শয্যায় মাথা রাখিবার স্থান (পা-স্থান—পাথান, পাস্তল); মাথার বালিশ, প্রঃ—শিথান হইতে মাথাটি বাহুতে রাখিয়া শুতল কাছে (চণ্ডীঃ)—শুতল—শুইল।

শিধা …ণ. (সং শুদ্ধ। ওং শিধা, হিং সীধা)। শুদ্ধ; প্রশস্ত, প্রঃ—শিধা পথ; নির্মল-অন্তঃকরণ, প্রঃ—শিধা মানুষ।

শিপ…ষ্য. (সং সীপ। সীপ দেখ)। তর্পণাদি করিবার কোশা; ছেলেকে দুধ খাওয়াই-

বার ঝিনুক, প্রঃ—কাঁসারি পাতিয়া শাল গড়ে, ঝারি খুরি থাল ঘটী বাটী বড় হাঁড়ি শিপ (কবিকঃ)। (অপ্রচলঃ)।

শিব···ষ্য. (সং শিব)। মহেশ্বর। শিবতলা ···যেখানে শিবালয় আছে। শিবপূজা হ'তে চণ্ডী পাঠ···এক পূজক সমস্ত পূজা জানেন না, অথচ কখন-কখন করিতে হয়। লক্ষণায়, বিভিন্ন কর্মীর যোগ্য বিভিন্ন কর্ম। শিব-ঝুলী···লতাফটকী গাছ। শিব চতুর্দশী ···ষ্য. (সং)। ফাল্গুন কৃষ্ণচতুর্দশী—যে তিথিতে শিবপূজা প্রশস্ত। শিবজ্ঞান···ষ্য. (সং শিবম্—শুভ)। পাঁজির শুভাশুভ কাল বোধক শাস্ত্র। শিবরাত্রি··ষ্য. (সং)। ফাল্গুন কৃষ্ণচতুর্দশী। শিবলিঙ্গ ষ্য. (সং)। লিঙ্গরূপ শিবমূর্তি। শিবলিঙ্গী··ষ্য. (সং লিঙ্গিনী, শিবরল্লী)। শিবলিঙ্গাকার, কিন্তু ক্ষুদ্র কৃষ্ণবর্ণ অচিক্কণ বীজবিশেষ। ওড়িশায় জন্মে। শিবায়ৎ···ষ্য. (শিব+ ভক্ত?)। শিবপূজক। শিবোত্তর···ষ্য. (সং শিবত্র)। শিবপূজা নিমিত্ত দত্ত ভূমি।

শিম···ষ্য. (সং শিম্বা, শমী—অঃ। তুং শুঁটী, ওং ছুই। শাম্যতি ফলপাকেন, যদ্বা শাম্যতি বুদ্ধিরনয়া শমী—অঃ টীঃ)। কৃষিজাত রোহিণীবিশেষের চেপটা ফল-শাকবিশেষ। পাতা ত্রিপর্ণ, পর্ণে উপপর্ণ। পাতার নীচে অর্বুদ থাকে না। কেশর ৯+১। ফল চেপটা, একটু বাঁকা (Dolichos lablab)। ইহার অনেক জাত আছে। শ্বেত শিম···ফুল শাদা, ছোট। লাল শিম···ডাঁটা ফুল ফল বেগুনা। ঘিআ শিম···ফুল লাল। এই সিম সিঝিয়া যায় বলিয়া নাম ঘিআ। মাখন শিম···ইহা অন্য এক জাতি। দীর্ঘ রোহিণী, বার মাস বাঁচিতে পারে। ফুল বড় বড়, শিম বড় বড় চেপটা, ১০।১২ আঙ্গুল লম্বা। ১০।১২টা বীজ থাকে (Canavalia ensiformis)। কচি বেলায় রাঁধিয়া খাইতে পারা যায়। ইহার তুল্য কাঠ-শিম (Canavalia virosa) বন্য গাছ। কেহ ইহা খায় না। চারিকোণা শিম···প্রায় বন্য। কোথাও কোথাও কৃষি-হয় এবং লোকে খায়। ইহার গাছ সরু বর্ষায়ুঃ, ফুল বড় বড়, নীলবর্ণ। ফল চারি কোণা, লম্বা (Psophocarpus tetragonolobus)।

শিমুল, শিমল···ষ্য. (সং শাল্মলি। শালতি দৈর্ঘ্যাৎ দূরং গচ্ছতি শাল্মলিঃ—অঃ টীঃ। ওং সিমিঠি, হিং সমল, আসাং শিমলু)। জবাদিবর্গের বৃহৎ তরুবিশেষ (The silk cotton tree. Bombax malabaricum)। কাঠ শাদা হালকা। পাতা প্রায়ই সপ্তপর্ণ। কয়েক মাস গাছ পত্রশূন্য হয়। ফুল বড় বড় রক্তবর্ণ, কিন্তু গন্ধহীন। বীজে তুলা হয়। (২) শ্বেত শিমুল···জবাদিবর্গের রক্তশিমুল তুল্য বৃহৎ তরুবিশেষ (Eriodendron anfractuosum)। ফুল শাদা, কেশর পাঁচ। ইহার বীজেও তুলা হয়। এই গাছ কদাচিৎ দেখিতে পাওয়া যায়। (৩) পীতশিমুল···(হিং ও কুম্বী। বোধ হয় কুম্ভী। কিন্তু কুম্ভী দেখ)। লঘুকাষ্ঠ পত্রবর্ষী বিতণ্ডাদি বর্গের আরণ্য তরুবিশেষ (Cochlospermum gossypium)। পাতা পঞ্চাঙ্গুল। ফুল স্বর্ণ পীতবর্ণ বড় বড়, কতকটা শিমুল ফুলের আকার। বীজেও তুলা থাকে। ফল কুম্ভাকার। বিহার ওড়িশা মধ্য

ও দক্ষিণভারতে এই গাছ জন্মে। শিমুল-ক্ষার···ষ্য. (মূল কি ?)। শঙ্খবিষ।

শিয়র···ষ্য. (সং শিরঃ—শয্যা। য় আগম)। শয্যার শিরস্থান।

শিয়লি···ষ্য. (সং শৃঙ্খল—শিকল—শিয়ল)' হস্ত দ্বারা পদ বেষ্টন পূর্বক প্রণাম (কুস্তিঃ)। (শুং পুঃ—সিয়ালি)। (অপ্রচলঃ)।

শিয়া···ষ্য. (আঃ)। মুসলমান সম্প্রদায়বিশেষ। ইহারা আলীর সম্প্রদায়। ইহারা তাজিয়া-পর্ব করে। (সুন্নি দেখ)।

শিয়া-কাঁটা···ষ্য. (সং শৃগালকণ্টক বটে, কিন্তু বাচ্য নহে)। লজ্জাবতী গাছের সদৃশ, কিন্তু বড় ক্ষুপ বা ছোট তরুবিশেষ (Mimosa rubricaulis)। পাতা দ্বিধা পক্ষ, প্রায় লাজুক। শুঁটীতে কাঁটা প্রায় থাকে না। বেড়া, পুকুর-পাড় জঙ্গল করে। অন্য নাম কুচিকাঁটা।

শিয়াড়ি···ষ্য. (ও° সিআড়া। বোধ হয় সং শৃঙ্খল হইতে। শিকলি—শিয়ড়ি। তু° শিয়লি)। ধাতুর তার টানিবার সময় তার ধরিবার সাঁড়াশি বা পেলাস (pliers)। প্রঃ—কবিকঃ।

শিয়াল···ষ্য. (সং শৃগাল—শিআল)। কুক্কুরাদি গণের গ্রাম্য পশুবিশেষ (The Jackal. Canis aureus)। স্ত্রী° শিয়ালী। দেহ প্রায় ১৷০ হাত, পুচ্ছ ৷৷০ হাত। হুআ হুআ হুআ হুক্কা হুআ ডাকে। (ফেউ দেখ)। খেঁক-শিয়াল···শিয়াল সদৃশ গ্রাম্য পশুবিশেষ (The fox. Vulpes bengalensis)। শিয়াল অপেক্ষা শীর্ণ, পুচ্ছ দীর্ঘ, মাথা দীর্ঘ। খেঁক খেঁক খেঁক ডাকে। স্ত্রী° খেঁক-শিয়ালী। প্রঃ—রোদ হয় জল হয় খেঁক-শিয়ালীর বিয়ে হয়। শিয়ালের যুক্তি···এক গ্রামের শিয়াল যুক্তি করিয়াছিল যে,আনন্দে তাহারা রব করিবে না। কারণ, রব শুনিয়া কুকুর জানিতে পারে এবং আক্রমণ করিতে আসে। যুক্তি হইল, কিন্তু কাজে হইল না। এই দৃষ্টান্তে।

শিয়াল-কাঁটা···ষ্য. (সং শৃগালকণ্টক—বৈদ্যকঃ। ও° কণ্টা কুসুমা)। বন্য বর্ষায়ুঃ কণ্টকী শাকবিশেষ (Mexican poppy. Argemone mexicana)। ক্ষীর পীতবর্ণ, ফুল পীতবর্ণ, ষট্‌দল। বীজে তেল আছে।

শিয়াকুল···শেকুল দেখ।

শির···ষ্য. (সং শির, শিরস্‌)। শিখর ; মস্তক, প্রঃ—শিরে বজ্রাঘাত, শির দেওয়া; মানুষ, হিসাবে দফা, প্রঃ—অমুকের শিরে দশ টাকা ধর। শিরনামা···ষ্য. (সং শিরো-নামন্‌)। চিঠি-পত্রের উপরে—মাথায় লেখ্য নাম। শিরঃপীড়া···ষ্য. (সং)। মস্তকে যন্ত্রণা (headache)। শিরস্ত্রাণ···ষ্য. (সং)। শিরোরক্ষণ সন্নাহ, পাগড়ী। শিরকিয়া, শিরক্যে···ণ. (সং শিরস্ক+ইয়া)। প্রধান, মস্তকস্বরূপ, প্রঃ—শিরক্যে পড়ুয়া। শিরকস্তা···পাইকস্তা নহে, যে নিজের জমি নিজে জোত করে। (ফা° কাষ্ত)।

শির···ষ্য. (সং শিরা। নাড়ী তু ধমনিঃ শিরা—অঃ। এবং শিরাসামান্যে। ত্রিবিধা হি দেহে নাড়ী। একা বায়ুবাহিনী (nerves), অপরা সূত্রবদস্থিবন্ধনী (tendons, ligaments), অন্যা আহাররবাহিনী (veins, arteries and lymphatics)। শীর্যতে বিধ্যতে ইতি, সিনোতি কায়ং সিরা, দেহে শেতে তিষ্ঠতীতি শিরা—অঃ টীঃ। অতএব

শিরা কেবল রক্তবাহিনী নহে, বায়ুবাহিনীও বটে। সুশ্রুত দেখ)। অস্থিবন্ধনী, প্রঃ—পায়ের শির খেঁচিয়া ব্যথা; রসরক্তবাহিনী নাড়ী; পত্রাদির মধ্যশিরা (mid-rib)।

শিরাল্ ··ণ. (শির+আল)। শিরাযুক্ত।

শিরখিস্ত্··ষ্য. (ফা° খীরখিস্ত্।·স° যবাস-শর্করা)। বৃক্ষবিশেষের আপীত কিংবা শ্বেতবর্ণ মিষ্ট নির্যাস (manna)। নানা গাছ হইতে এই নির্যাস পাওয়া যায়। তন্মধ্যে পশ্চিম হিমালয়ের বৃক্ষবিশেষ (The common ash. Fraxinus excelsior, F. floribunda) প্রসিদ্ধ ·(কানাইলাল দে)। কোন্ কোন্ বাঁশের গা হইতে, সরল গাছের ডাল ও অন্য কয়েকটি গাছ হইতে শিরখিস্ত্ পাওয়া যায়। প্রায়ই পোকায় ডালে ক্ষত করিলে নির্যাস নির্গত হয়।

শিরনী, শিন্নী···ষ্য. (ফা° খীর। স° ক্ষীর। চিনী দেখ)। পীরকে প্রদেয় নৈবেদ্য-শর্করা, প্রঃ—কেহ বা বসিয়া হাটে পীরের সিরিনী বাটে (কবিকঃ)।

শিরপা, শিরোপা···ষ্য. (বৈদিক শিপ্রা)। উষ্ণীষ। শিরপা—

(২) (শির+পা)। অশ্বাদির সম্মুখ পদ।

শিরপেচ···ষ্য. (ফা° সর—শির, পেচ—বেষ্টন)। শিরোবেষ্টন বা উষ্ণীষ।

শিরা···ষ্য. (ফা°। হি° সীরা)। গুড় ও অন্য মিষ্ট রস সঞ্চিত হইলে যে অম্ল জন্মে, শুক্ত (vinegar)।

শিরানা···ষ্য. (স° শিরঃস্থান। তু° স° শির—শয্যা)। খাটের মাথার দিক; খাটের মাথার দিকের কাঠ।

শিরাল্···শিরা দেখ।

শিরিষ ··সিরিষ দেখ।

শিরীষ···ষ্য. (স°। শীর্যতে সৌকুমার্যাৎ। শিরীষো মৃদুপুষ্পশ্চ)। বব্বূলাদি বর্গের তরুবিশেষ (Albizzia lebbek)। পাতা দ্বিধা-পর্ণ, পর্ণ বড়। বর্ষে বর্ষে পাতা ঝরিয়া পড়ে। সারকাঠ খদিরবর্ণ। মঞ্জরী বড় গেণ্ডুকাকার; পুষ্প শাদা সুগন্ধ, গ্রীষ্ম-কালে ফোটে। শুঁটী লম্বা পাতলা। কেশর অনেক, দীর্ঘ, পরস্পর যুক্ত। এই কেশর মৃদু বলিয়া কবির নিকট সৌকুমার্য উপমা। ভারতের সর্বত্র এই গাছ আছে। ইহার তুল্য অনেক গাছ আছে। কয়েক জাতি পথপার্শ্বে ছায়া দান নিমিত্ত রোপিত হয়। গাছ হইতে আঠা নির্গত হয়।

শিরোনাম, শিরনামা···ষ্য. (স° শিরস্+নামন্)। পত্রাদির মাথায় কিংবা উপরে লেখ্য নাম।

শিরোপা···ষ্য. শিরপা (দেখ)। শিরোবেষ্ট।

শির্কা···সির্কা দেখ।

শিল···ষ্য. (স° শিলা)। বর্ষোপল, প্রঃ—চৈত্র মাসের মেঘে যেন বরিষয়ে শিল (কবিকঃ); বাটিবার শিলাপট্ট, প্রঃ—শিল-লোড়া; অস্ত্রশস্ত্রাদি শানাইবার পাথর, প্রঃ—শিলে শিলাইয়া বাসি (কবিকঃ)। শিল-আমড়া···নোড় দেখ। দৃষ্টান্তে, যার শিল তার নোড়া তারি ভাঙ্গি দাঁতের গোড়া। শিলা···ধাতু. শিলাই—শিলায় ঘর্ষণ করিয়া তীক্ষ্ণ করি॥ শিলানা॥

শিলা···ষ্য. (স°)। পাথর; দ্বারের নিম্ন কাষ্ঠ; থামের মাথা। শিলাপট্ট···ষ্য. (স°)।

পট্টাকার শিলা। শিলাপুত্র···ষ্য. (সং)। শিলাপট্টের নোড়া (ওং শিল-পুঁআ)। শিলা-বৃষ্টি···ষ্য. (সং)। বর্ষোপল-বর্ষণ। বর্ষোপল সহিত বৃষ্টি। শিলাকার···ষ্য. (সং)। প্রস্তরপাত্রনির্মাণকারী ; জাতি-বিশেষ। স্ত্রীং শিলাকারনী। শিলাজতু···ষ্য. (সং। হিং শিলাজিৎ)। প্রস্তরাদি হইতে নিঃসৃত কৃষ্ণবর্ণ গাঢ় তৈলবিশেষ (mummy)। হিমালয়ে পাওয়া যায়। পদার্থটা জান্তব, কিন্তু উৎপত্তি অজ্ঞাত।

শিলারস···ষ্য. (সং নাম শিহ্ল। নামান্তর তুরুষ্ক, যাবন—মেঃ। সল্লকী দ্রব—সলাই দেখ।) আসাম ব্রহ্ম যবদ্বীপ প্রভৃতির বৃক্ষবিশেষের (Altingia excelsa) সুগন্ধ তৈলবৎ নির্যাস (Burmese storax)। প্রকৃত শিহ্ল (the liquid storax, liquidambar orientalis) তুরুষ্ক দেশ হইতে আসে। ব্রহ্মদেশে নাম নন-ত-য়োক, যবদ্বীপে নাম রসমালা। শিলা-রস ঔষধে লাগে।

শিল্প···ষ্য. (সং)। কলাদি কর্ম, কারিকরি। শিল্পী···ষ্য. (সং)। শিল্পকার, কারিকর, কারু। শিল্পবিদ্যা···ষ্য. (আধুনিক রচিত। শিল্প ও বিদ্যা—প্রতিচর শব্দ। কিন্তু, ভুলে)। শিল্পবিষয়ক বিদ্যা।

শিশা···ষ্য. (ফাং)। কাচ ; কাচের বোতল। শিশী···ষ্য. কাচের ছোট বোতল।

শিশির···ষ্য. (সং। শিশিরো জডঃ—অঃ। শিশির—জল)। ভূবায়ুস্থ ঘনীভূত বাষ্প-জল। দৃষ্টান্তে, সাগরে বাস শিশিরকে ভয়—বৃথা ভয়।

শিশু···ষ্য. (সং)। বালক। শিশুপাল···ষ্য. (সং)। চেদি দেশের রাজা, দমঘোষপুত্র (মহাভারতে)। দমঘোষের বেটা শিশুপাল—গ্রাম্য দৃষ্টান্তে ঘোষপুত্র পাল অদ্ভুত।

শিশু···ষ্য. (সং শিংশপা। পিচ্ছিলাগুরু শিংশপা কপিলা ভস্মগর্ভা—অঃ। হিং শিশম, ওং সিসু। এ দেশে দুই গাছ শিশম্ বা শিশু নাম পাইয়াছে। দুই মধ্যে সাদৃশ্য আছে। দুই নাম দিতে হইলে, দক্ষিণাপথের শিশু, আর্যাবর্তের শিশু বলিতে হয়। দক্ষিণাপথের শিশুর এক নাম সিতি-(কৃষ্ণবর্ণ) সাল আছে, মং শিশম্। অমরের শিংশপা, বোধ হয়, আর্যাবর্তের শিশু। শীঘ্রং শীর্ষং বা পাতি—শিংশপা—অঃটীঃ। শিশুর চারা প্রথমে দ্রুত বাড়িয়া উঠে, সিতিসালের তেমন নহে। শিশুর ফুল আপীত কপিলা, সিতিসালের শাদা-টিয়া। দুইএরই কাঠ গুরু,—অগুরু-শব্দের অ স্বার্থে বলিতে হইবে (অগুরু দেখ)। সিতিসালের কাঠ কাল-বেগুনা কিংবা তামাটিয়া ; শিশুর কাঠ কৃষ্ণরক্ত। তেল লাগিলে ও কাঠ পুরাতন হইলে কৃষ্ণবর্ণ হয়। কাঠের মাঝে পাথর থাকে বলিয়া ভস্মগর্ভা। পিচ্ছিলা বিশেষণের তাৎপর্য পাওয়া যায় না। পিচ্ছা—আঠা থাকে বলিয়া পিচ্ছিলা। বহুকালেও শিশুকাঠের রস থাকে। কিংবা, কাঠ চোআইলে তেল পাওয়া যায় বলিয়া পিচ্ছিলা। এই তেল ঔষধ সরূপ ব্যবহৃত হয়)। শিম্বাদি বর্গের উচ্চ-তরুবিশেষ (Dalbergia sissoo)। পাতা একোত্তর-পর্ণ, পর্ণ ৩—৫, অণ্ডাকার। বর্ষে বর্ষে ঝরিয়া পড়ে। ফুল গ্রীষ্মকালে ধরে।

কাঠ দীর্ঘকাল স্থায়ী, কঠিন। শুঁটী লম্বা, ১—৩ বীজ থাকে।

শিশুক, শুশুক…ষ্য. (সং শিশুক। হিং সুস)। জলচর স্তন্যপায়ী আকৃষ্ণ মৎস্যাকার প্রাণী-বিশেষ (The gangetic dolphin. Platanista gangetica)। গঙ্গা ব্রহ্ম-পুত্র সিন্ধু নদীতে দেখা যায়। নিশ্বাস লইতে জলের উপরে উঠে, পরক্ষণে ডুবিয়া যায়।

শিষ…ষ্য. (সং শিখা—শিখ—শিষ)। অগ্নিশিখা।

শিষ্ট…ণ. (সং)। শান্ত, সুশীল। শিষ্ট-শান্ত…ণ. (সং। সহচর শব্দ)। সুশীল।

শিষ্য…ষ্য. (সং)। উপদেশ্য, অন্তেবাসী, দীক্ষাগুরুর উপদেশ্য। (শিক্ষাগুরুর—ছাত্র)।

শিহর, শিঅর…ধাতু. (ওং সীতা, হিং সিহর সিহরা, মং চিহঠ চিহাঠ, আসাং শিঁয়র শিহর ধাতু। ওং সীতা লোমোদ্গম, মং চিহঠ—স্বেদোদ্গম হওয়া। সং শীকর সং প্রাং সীহর হইতে। সং শীকর—জলকণ। গায়ে হঠাৎ শীতল জলকণা প্রক্ষেপে যেমন লোমাঞ্চ হয়। শীকর হইতে বলিয়া ধাতু শিহরা, শিঅরা ঠিক)। শিহরি, শিঅরি—ভয় বিস্ময়াদিতে লোমাঞ্চিত, কম্পিত হই, প্রাঃ—সিহরিল অঙ্গ ধ্যান হৈল ভঙ্গ, নয়ন মেলিলা হর (ভাঃ), শীহরিয়া প্রণাম করিয়া হীরা কয় (ভাঃ) ॥ শিহরা, শিঅরা ॥ শিহরা, শিঅরা…ধাতু. (সং শীকর হইতে)। শিহরাই, শিঅরাই—ভয় বিস্ময়াদি হেতু রোমাঞ্চিত কম্পিত হই ॥ শিহরানা, শিঅরানা ॥

শীকার…শিকার দেখ।

শীঘ্র (প্রাং শীগ্‌ঘ, শীগ্‌গির)…ষ্য. (সং শীঘ্র)। সত্বর।

শীটি…ষ্য. (হিং সীটী, ওং সিটি। মূল, শীস্ দেখ)। শীস দিবার যন্ত্র; যন্ত্র দ্বারা দীর্ঘ শীস। শীটি দেওয়া, মারা—যন্ত্রদ্বারা দীর্ঘ শীশী ধ্বনি করা।

শীত…ষ্য. (সং শীত)। শীতলতা; শীতকাল। শীত করা—শৈত্য বোধ করা। শীত পাওয়া—শীত লাগা। শীত ধরা—শীতবোধ আরম্ভ হওয়া। শীত-কাতর…ণ. (সং)। শীতার্ত। শীত-কাতরিয়া, শীত-কাতুরে…ণ. (শীত+কাতর+ইয়া)। শীতে কাতর হয় যে। দৃষ্টান্তে, এক পৌষে শীত যায় না—দুঃখকষ্ট পুনঃ পুনঃ আসিতে পারে। শীত-পিত্ত…ষ্য. (সং)। চর্মরোগবিশেষ। গায়ে বিছাটি লাগিলে যেমন কণ্টক জন্মে, তেমন রোগ (Urticaria or Nettle-rash)। ইহা হঠাৎ জন্মে, হঠাৎ অন্তর্হিত হয়। দেহ গরম হইলে শীতল জলপানে এই রোগ জন্মে। শীতবস্ত্র…ষ্য. (সং)। শীত-নিবারণার্থে বস্ত্র। শীতল…ণ. (সং)। শৈত্যযুক্ত।…ষ্য. ঠাকুরের সায়ং-সন্ধ্যাকালের লঘু জলপান। শীতল-পাটি…ষ্য. (সং শীতলপত্রিকা)। হরিদ্রাদিবর্গের পত্রময় বেত-গাছের তুল্য ক্ষুপবিশেষ (Clinogyne dichotoma)। কোথাও কোথাও মুক্তাপাটি বলে। পূর্ব-বঙ্গে জন্মে। এই গাছের ত্বকে রচিত মাদুর-বিশেষ। শীতল বলিয়া নাম শীতলপাটি। শীতলা…ষ্য. (সং)। বসন্তাদি রোগাধিষ্ঠাত্রী দেবীবিশেষ। ইহাঁরও 'কামিন্তা' থাকে এবং গাজন হয়।

শীম…শিম দেখ।

শীল...ষ্য. (সং)। স্বভাব, সৎচরিত্র। কুল-শীল ...ষ্য. (সং)। বংশ ও চরিত্র। শীল...ষ্য. উপাধিবিশেষ।

শীল...সীল দেখ।

শীষ...ষ্য. (সং শীর্ষ)। শিখাবৎ মঞ্জরী, প্রঃ— ধানের শীষ; শণ পাট প্রভৃতির আটি বা গোছা। (মোড়া দেখ)।

শীস...ষ্য. (তুং সং শীৎ-কার। হিং সীটী, ওং সিটি)। শী-শব্দ, প্রায় বদ্ধমুখে অব্যক্ত দীর্ঘ শব্দ।

শু...ধাতু. (সং স্বপ ধাতু শয়নে। সং শী ধাতুরও অর্থ শয়ন। শয়নং নিদ্রাশয্যয়োশ্চ—মেঃ। এই শ দেখিয়া বাংতে বানান শু। কিংবা সং শী ধাতু স্থানে শু। শুঙা ধাতু দেখ। কিন্তু, ওং সো, হিং সো। মং কোঁপ —সং স্বপ ধাতু। তুং শূং পুঃ—সোপ করিআ উঠিলেন গোসাঞি পত্যুস বিহানে। ফাংতেও খ্বাব—সং স্বাপ। শুত ধাতু দেখ)। শুই—শয়ন করি, নিদ্রা যাই॥ শোআ, শোওয়া॥ শোআ, শোওয়া...ধাতু. (শু ধাতু আস্তে)। শোআনা, শোওয়ানা॥ (শোওয়া অপেক্ষা শোআ শুদ্ধ)। শোআ-বসা... শয়ন ও উপবেশন। চিৎ হইয়া শোআ— উত্তান শয়ন, উপড় হইয়া শোআ— উত্তানের বিপরীত, কাতি হইয়া শোআ —পার্শ্বে শয়ন।

শুআ, শুঁআ...ষ্য. (সং শূক, শুঙা)। তীক্ষ্ণ-লোম, শস্যশূক; ছত্রাক জাতীয় উদ্ভিদ-বিশেষ, যেমন ভিজা গামছায় শুআ ধরে। শুআ পোকা...পোকা দেখ।

শুআর, শুয়ার...ষ্য. (সং শূকর)। গ্রাম্য শূকর বা বরাহ (Boar. Sus cristatus)। (বন্য হইলে বরাহ বা বন্য)। শুআর চাষ...শূকর পালন। (তুং ছাগল চাষ)। শুআর চেনে কচু আর ঘেচু—কারণ, কচু ঘেঁচু শূকরের খাদ্য। তেমনই, মূল্যবান্ দ্রব্য ছাড়িয়া ক্ষুদ্র দ্রব্যে লোভ। শুআরিয়া পোকা... পোকা দেখ।

শুঁআ...ষ্য. (সং শুণ্ড)। গাছের প্রতান (tendril)।

শুক...ষ্য. (সং। প্রাচীন বাং শুআ বা সুয়া। ওং সুআ)। টিয়া পাখী। শুক-সারী...সারী পাখী শুকী নহে। কিন্তু, সংস্কৃত কাব্য হইতে বাংতে কবিতায়, গানে শুক-সারীর কথোপকথন প্রসিদ্ধ আছে। যেন শুকের স্ত্রী, সারী। দুই পাখীই কথা বলে, এবং লোকে দুই পাখীই পোষে। বোধ হয়, ইহা হইতে শুক সারীর প্রণয় এবং শেষে কবি-কল্পনায় দাম্পত্য। প্রঃ— বৃক্ষডালে শুকশারি দিল দরশন (চৈঃ চঃ), ইত্যাদি।

শুক, শুকতারা...ষ্য. (সং শুক্র)। শুক্রগ্রহ। সূর্যাস্তের পরে পশ্চিম আকাশে কিংবা সূর্যোদয়ের পূর্বে পূর্ব আকাশে এই গ্রহ উজ্জ্বল তারার মতন দেখায় বলিয়া শুক-তারা নাম।

শুকটী মাছ...শুষ্কীকৃত মৎস্য।

শুকনা, শুখনা...শুখ ধাতু দেখ।

শুকটিয়া, শুকট্যে...ণ. (সং শুষ্কতা+ইয়া)। শুষ্কতাবিশিষ্ট, শুষ্ক; শীর্ণ। স্ত্রীং শুকটী।

শুক্ত...ষ্য. (সং)। অন্ন পর্যুষিত হইয়া অম্ল রস, গুড় মধু প্রভৃতির বিকারে অম্লরস (vinegar)। অন্য নাম রসাম্ল। (সুক্তো অন্য শব্দ)।

শুক্র (গ্রা° শুক্কুর°)···ষ্য. (স°)। গ্রহবিশেষ (Venus), সপ্তাহের বার-বিশেষ।

শুখ, শুক···ধাতু. (স° শুষ ধাতু শোষণে। ষ স্থানে খ হইয়া শুখ ধাতু। স° শুষ্ক হইতে শুখা ধাতু। ক লুপ্ত হয়। শুখ ধাতু হইতে শুখা আস্ত ধাতু। শুষ্ক হইতে শুখা নাম ধাতু। শুখা নাম ধাতুর অধিক চলন। কাপড় শুখাইয়াছে, কাদা শুখাইয়া টান—শুখিয়েছে, শুখিয়ে। শুখাইবে—শুখাবে—গ্রা° শুখুবে। উ পরে আ—ও—উ হয়। কাদা শুখিয়া যাইবে, কাদা শুখিতেছে, শুখিবে কদাচিৎ হয়, কাদা জল শুখে কদাচ হয় না। ইহাতেই বোধ হয়, বা°তে শুখ বা শুক ধাতু নাই, কিন্তু ইহার আস্ত ধাতু শুখা ধাতু আছে। যেমন, জল শুখাও। শুখনা বা শুকনা মূলে শুখানা বা শুকানা। ও°তে শুখ, শুখা ; হি°তে শুখা সুখলা দুই ধাতু আছে)। শুখি (?), শুকি (?)—শুষ্ক হই ॥ শুখা, শুখনা ॥ শুখা···ণ. শুষ্ক, প্রঃ—শুখা মাছ ; অবর্ষণ, প্রঃ—দিনে জল রাতে তারা, এই জানিবে শুখার ধারা। হাজা-শুখা ···জলে (শস্যের) পচিয়া যাওয়া এবং জলাভাবে শুখাইয়া যাওয়া (প্রতিচর শব্দ)। শুখ-রুখা, শুখা-রুখা···ণ. (স° শুষ্ক রুক্ষ। সহচর শব্দ)। শুষ্ক রুক্ষ, প্রঃ—শুখ-রুখার দিনে জলায় জল থাকে না—গ্রীষ্মকালে। শুখনা, শুকনা···ণ. (শুখানা হইতে)। শুষ্কীকৃত, শুষ্কীভূত। দৃষ্টান্তে, শুখনা পোঁদে আকন্দ আঠা—দৈব গতিকে সুস্থ নিতম্বে অর্ক গাছের ক্ষীর লাগিয়া ক্ষত হইতে পারে, তেমনই দৈব গতিকে কষ্টভোগ। শুখনা গাছে বজ্রাঘাত—বিনা কারণে বিপত্তি। শুখা···ধাতু. (শুখ ধাতু আস্তে)। শুখানা ॥ শুখা···ধাতু. (স° শুষ্ক হইতে)। শুখাই—শুষ্ক হই, নীরস হই ॥ শুখানা ॥

শুখা···শুখ দেখ।

শুঙা, (গ্রা° শুক)···ধাতু. (স° শিঙ্ঘ ধাতু আঘ্রাণে। এখানে স° ধাতুর শি স্থানে শু। শু ধাতু দেখ। স° শব্দের ঘ স্থানে বা°তে গ হয়, যেমন ব্যাঘ্র—বাগ। অতএব গ স্থানে ক গ্রাম্যতা। ও° শুঙ্ঘ, হি° সুঁঘ, ম° সুঙ্গা ধাতু)। শুঙ্গি—আঘ্রাণ করি ॥ শোঙ্গা, (গ্রা° শোঁকা) ॥ শোঙ্গা···ধাতু. (শুঙ্গা ধাতু আস্তে)। শোঙ্গানা ॥

শুঙ্গা···ষ্য. (স°)। ধান্য যবাদির শূক। শুঙ্গা ···ষ্য. (শুঙ্গ+আ)। যব। শুঙ্গা ···ষ্য. (স°)। শূক, শুঅ বা রোম।

শুচি···ণ. (স°)। শুদ্ধ। শুচি-বাই···ষ্য. শুচিতা-বাতিক।

শুঝ···ধাতু. (স° শুধ ধাতু)। শুঝি—ভ্রম শোধন বা চিত্তের সংস্কার করি, প্রঃ—কে আছে বুঝিয়া শুঝিয়া বলিবে আমার পিয়ার পাশে (চণ্ডীঃ), একে বুড়ী আরো কালা চক্ষে নাহি সুঝে (ভাঃ)—চোখে দেখে না ; ঋণ পরিশোধ করি, প্রঃ—লোকের ধার শোঝা। বুঝিয়া-শুঝিয়া—বোধ ও শোধ করিয়া ॥ শোঝা ॥ শোঝা···ধাতু. (শুঝ ধাতু আস্তে)। শোঝানা ॥ (শুধ ধাতু দেখ)

শুঁটী···ষ্য. (স° শিম্বা, শিম্বি. শমী ইত্যাদি। মাষাদয়ঃ সমী ধান্যং—হেমঃ। ও° ছুঁই, হি° ছীমী, ম° শোঙ্গা। কিন্তু, বা°তে শেষে ট আসে কেন? হয় ত শুঁঠ শব্দ

সাদৃশ্যে)। কলাই তিল সরিষা প্রভৃতির লম্বা ফল (pod) যাহা পাকিলে ফাটিয়া যায়।

শুঁঠ…ষ্য. (সং শুন্ঠী)। শুখানা আদা।

শুঁড়…ষ্য. (সং শুণ্ড)। হস্তীর শুণ্ড ; লাউ কুমড়া প্রভৃতির প্রতান ; প্রজাপতি পতঙ্গাদির মুখের দুই পাশের দুই গোঁফ।

শুঁড়ী…ষ্য. (সং শৌণ্ডিক)। শুণ্ডাকার নল-যোগে মদ্য চোআয় যে। জাতিবিশেষ। স্ত্রীং শুঁড়িনী। প্রবাদে, শুঁড়ীর সাক্ষী মাতাল—এক কর্মে লিপ্ত লোকের সাক্ষ্য বিশ্বাস্য নহে।

শুণ্ড…ষ্য. (সং)। হাতীর শুঁড়। শুণ্ড চিহ্ন… পত্রাদি লিখিবার আরম্ভে সিদ্ধিদাতা গণেশ স্মরণ কর্তব্য। তাঁহার নাম না লিখিয়া তাঁহার শুণ্ড—৭ চিহ্ন লেখা হয়। যথা, ৭ঁ শ্রীশ্রীদুর্গা—দুর্গা নাম স্মরণের পূর্ব গণেশের নাম স্মরণ নিমিত্ত ৭ চিহ্ন এবং ঈশ্বর স্মরণ নিমিত্ত ৺ চিহ্ন, উভয়ে মিলিয়া ৭ঁ চিহ্ন।

শুত…ধাতু. (শু ধাতু স্থানে প্রাচীন বাং মৈথিলী, আসামীতে শুত ধাতু। অধুনা মালদহে শুত ধাতু চলিত আছে)। শুতি —শুই, প্রঃ—একলি শুতিয়া ছিনু কুসুম শয়নে (বিদ্যাপতি), শুতি রহল রাই শয়নক ওর (বিদ্যাপতি)—শয্যার পারে। এইরূপ, চণ্ডীদাস জ্ঞানদাস প্রভৃতি বৈষ্ণব কবি। প্রাচীন আসাং—কৃষ্ণবিনে শুতি আছে রাধা সেই রূপ।

শুদ, সুদ…ষ্য. (ফাং সুদ। সং কুশীদ, কুষীদ)। টাকার বৃদ্ধি। চটা শুদ…অধিক হারে শুদ, যেমন টাকা-প্রতি মাসে /০ আনা। শুদ-ব্যাজ…ষ্য. (সং ব্যাজ—ছল। প্রায় সহচর শব্দ)। টাকার বৃদ্ধি লভ্য ইত্যাদি। শুদ খাওয়া—শুদ লওয়া। শুদখোর…কুশীদজীবী। শুদী…ণ. (শুদ+ঈ)। শুদ সম্বন্ধীয়, প্রঃ—শুদী কারবার। বে-শুদী…শুদ না লইয়া। শুদ-কষা…আসল টাকার শুদ গণিত।

শুঁদি…সুঁদি দেখ।

শুদ্ধ…ণ (সং)। কেবল, প্রঃ—শুদ্ধ লবণ দিবে—অন্য কিছু না দিয়া, শুদ্ধ তুমি যাবে—অন্যে নহে; নির্দোষ, প্রঃ—শুদ্ধ জল; পবিত্র, প্রঃ—শুদ্ধ বস্ত্র ; অশৌচান্ত। শুদ্ধচারী…ণ. (সং)। পবিত্রাচার। শুদ্ধ-শাক্ত…পবিত্র শাক্ত। (বোধ হয় শুদ্ধ-সত্ত্ব)। শুদ্ধান্ত…ষ্য. (সং)। অন্তঃপুর। শুদ্ধি…ষ্য. (সং)। শোধন, মার্জন, সংস্কার। মুখ-শুদ্ধি…ষ্য. (সং)। আহারান্তে গুবাক হরীতকী প্রভৃতি চর্বণ দ্বারা মুখ সংস্কার, মুখসংস্কারক দ্রব্য।

শুধ…ধাতু. (সং শুধ ধাতু। শুঝ ধাতু দেখ)। শুধি—শুদ্ধ, নির্দোষ করি, প্রঃ—জল শুধিয়া পান করিবে ; ভ্রম সংশোধন করি, সন্দেহ ভঞ্জন করি, প্রঃ—তাহাকে শুধিয়া কাজ করিবে—জিজ্ঞাসাবাদ দ্বারা ; জিজ্ঞাসা করি, প্রঃ—তোমাকে শুধাই ; ঋণ প্রত্যর্পণ করি, প্রঃ—পরের ধার শোধা ; প্রতিজ্ঞা পূরণ করি, প্রঃ—ঠাকুরের মানসিক শোধা ; নিরূপণ করি, প্রঃ—মাস শোধা—পৌষ মাসে আকাশের গতিক দেখিয়া বৎসরের অপর মাসে ভাবী বর্ষা বাত্যা ইত্যাদি নিরূপণ করা। পৌষ মাস আড়াই দিন করিয়া বার মাস শোধে। শোধা, শোধন॥ শোধা, শুধা…ধাতু. (শুধ ধাতু আছে)। শোধানা, শুধানা॥

শুধরান…শোধরা ধাতু দেখ।

শুধু…ণ. (সং শুদ্ধ)। কেবল, প্রঃ—শুধু দুধ খাইবে ; অনলঙ্কৃত, অলঙ্কারশূন্য, প্রঃ—হাত শুধু করা ; রিক্ত, প্রঃ—শুধু হাতে হাটে যাওয়া। শুধু-শুধু…ব্য. বৃথা, অকারণে।

শুন…ধাতু. (সং শ্রু ধাতু হইতে শৃণোতি পদ হয়। শৃণোতি—শুণোই, শুণই—প্রাচীন বাং। ওং শুণ, হিং সুন ধাতু)। শুনি—শ্রবণ করি, কর্ণে গ্রহণ করি। শোনা॥ শোনা কথায় কান দেওয়া—অন্যের নিকটে শোনা কথা বিশ্বাস করা।·শোনা, শুনা …ধাতু. (শুন ধাতু আস্তে)। শোনানা, শুনানা॥

শুবচনী…ষ্য. (সং শুভচণ্ডী, শুভ-সূচনী)। শুভচণ্ডী দেবী। নারীগণ শুবচনীর পূজা ও মাহাত্ম্য পুথি শ্রবণ করেন।

শুবা, শুবে…ষ্য. (আং শুবহ্)। সন্দেহ, প্রঃ—কাহাকে শুবে হয় ?

শুভ…ষ্য. (সং)। মঙ্গল ; সুখ।…ণ. মঙ্গলদায়ক, প্রঃ—যাত্রা শুভ। শুভ করা—শুভ গমন কিংবা আগমন নিমিত্ত মঙ্গল-কার্য করা (তুং ওং অনুকূল করা)। শুভঙ্কর …ণ. (সং)। শুভদায়ক।…ষ্য. (সং শুভঙ্করঃ — স্বনামখ্যাতাঙ্কশাস্ত্রকারকে—শব্দকল্পঃ। হিং শুভঙ্কর—গাণিতিক। শুভে—সুখে অঙ্ককারক। তুং ভাস্করাচার্যের লীলাবতী-পাটী। পাটীর বিশেষণ লীলাবতী)। সুখে অঙ্ককারক ; গণিতকারের উপাধিবিশেষ। বাঙ্গালা শুভঙ্কর বাঁকুড়াবাসী ছিলেন। শুভঙ্করী…ণ. (শুভঙ্কর+ঈ)। শুভঙ্কর গণিতসূত্র-সম্বন্ধীয়। শুভঙ্করী আর্যা…শুভঙ্করকৃত গণিতসূত্র (আর্যা—সংস্কৃত মাত্রা বৃত্তি-বিশেষ)।

শুমার…ষ্য. (ফাং শুমার)। সংখ্যা। শুমারি …ষ্য. গণনা। অ-শুমার…ণ. অগণিত।

শুয়া…ষ্য. (সং শুক)। শুক (দেখ)।

শুঁয়া…শুঁআ দেখ।

শুরাকৎ…ষ্য. (আং শিরাকৎ)। যোগ, সম্পর্ক।

শুরু, সুরু…ষ্য. (আং শুরূ)। আরম্ভ। কাজ শুরু করা—আরম্ভ করা।

শুর্কি…সুর্কী দেখ।

শুলা…ষ্য. (সং শূল। তুং সং মূলক—মুলা)। বড় গোঁজ।

শুলুক…ণ. (সং শ্লথ। শল দেখ)। গতিশিথিল। শুলুক-সন্ধান—সুরাথ-সন্ধান দেখ।

শুল্‌ফা…ষ্য. (সং শতপুষ্পা)। ধন্যাদিবর্গের কৃষিজাত দীর্ঘায়ুঃ শাকবিশেষ (Peucedanum graveolens, or sowa)। পাতা বহুচ্ছিন্ন, ফুল হলুদা, ফল পাশে চাপা। গাছ ও ফল (dill seeds) ব্যঞ্জনাদি সুরভি করিতে লাগে। ফুল ফল ছত্রাকারে ধরে বলিয়া এক সং নাম অতিছত্রা। বন শুল্‌ফা …অন্য এক বর্গের বর্ষায়ুঃ বন্য শাকবিশেষ (Fumaria parviflora)। ক্ষেতে বাগানে জন্মে। পাতা বহুচ্ছিন্ন, ফুল ছোট ছোট, দল ৪ ; ফল ছোট ছোট গোল প্রায়। ইহার এক জাতি (F. officinalis) পারস্য দেশে জন্মে। তাহা (হিং পিৎপাপড়া, ফাং শাহ্‌তারা) ঔষধে (fumitory) লাগে।

শুশ্রূষা…ষ্য. (সং)। শ্রবণেচ্ছা (সং) ; পরিচর্যা, সেবা (অঃ হেমঃ)। শুশ্রূষাকারী…ষ্য. (সং

শুশ্রূষাকারিন্)। পরিচারক। সেবা-শুশ্রূষা ...ষ্য. (সং। সহচর শব্দ)। পরিচর্যা।

শুষ...ধাতু. (সং শুষ ধাতু)। শুষি—শোষণ করি, শুষ্ক করি, প্রঃ—বালি জল শুষিয়া লয়। শোষা, শোষণ॥ শোষা...ধাতু. (শুষ ধাতু আস্তে)। শোষানা॥

শুষি...ষ্য. (সং শুষি, শুষির)। শোষ, ছিদ্র, বিবর, প্রঃ—কাঁথের কাঠের কপাটের শুষি দিয়া বাতাস বহে, সাল কাঠের মাঝে শুষি থাকে। হুঁকায় শুষি হইলে ধুঁআ বাহিরে যায়—হুঁকায় শোষ বহে।

শূদ্র...ষ্য. (সং)। হিন্দু জাতির চতুর্থ বর্ণ। স্ত্রীং শূদ্রা (সং); শূদ্রাণী।

শূয়ার...শুআর দেখ।

শূল...ষ্য. (সং)। ব্যথা; ব্যথাজনক রোগ; লোহার সূচ্যগ্র অস্ত্র; পাঁজিতে যোগ-বিশেষ। শূল-বেদনা...ষ্য. (সং। সহচর শব্দ)। শূল-ব্যথা (colic)। অম্লশূল... ভুক্ত অম্ল আমাশয়ে বিদগ্ধ হইয়া শূল (acid colic),অন্ত্রের আক্ষেপ। পিত্ত শূল... রোগবিশেষ। শূলের সহিত পিত্ত বমন হয় (bilious colic)। বুক-শূল... হৃৎপিণ্ডের আক্ষেপ (angina pectoris)। শূলা...ধাতু. (শূল হইতে)। শূলাই—শূল বিদ্ধ করি; ব্যথা পাই, সন্তান প্রসবের বেগ পাই। শূলানি, শূলানা॥

শৃঙ্খলা...ষ্য. (সং)। শিকল; বন্ধন; পাটী। সুশৃঙ্খল...ণ. সুধারা। বিপঃ—বিশৃঙ্খল।

শেঅলা, শেয়ালা...ষ্য. (সং শৈবল, শৈবাল। ওং সিউঠি, হিং সিবার। জলে শেতে তিষ্ঠতীতি—অঃ টীঃ। জলনীলী তু শৈবালং —অঃ। অতএব জলজাত উদ্ভিদ। আর্দ্র ছায়াবৃত ইট পাথরে যাহা জন্মে, তাহা শৈবাল—শেঅলা নহে, শৈলেয়—শেলা)। অপুষ্পক অতি ক্ষুদ্র জলজ উদ্ভিদ (Species of algæ)। বাণ-বাঁধানা ঘাটে, কাঠের ঘাটে শেঅলা জন্মিয়া পিছল করে। চুল-শেঅলা...ষ্য. (সং নাম জলকুন্তল। ওং নীঠী)। চুলের ন্যায় সরু ও দীর্ঘ লালাময় হরিতবর্ণ অপুষ্পক উদ্ভিদ (Spirogyra)। জলে ভাসিয়া বেড়ায়। গুড়-শেঅলা, ময়রা-শেঅলা...(হিং নাম সেবার)। সপুষ্পক জল-নিমগ্ন পত্রময় শাখান্বিত শাকবিশেষ (Hydrilla verticillata)। পাতা ছোট ছোট অভিমুখী, উপরদিকে প্রায়ই অধিক ও আবর্তাকারে জন্মে। পুং স্ত্রী ফুল পৃথক গাছে। দল ৩। গুড়ের উপরে এই গাছ চাপা দিয়া রাখিলে মাৎ ঝরে। পরে গুড় গুঁড়া করিয়া রোদে দিয়া ময়রা ভুরা করে। এই হেতু নাম। পাটা-শেঅলা...জল-নিমগ্ন ডাঁটা শাখাহীন সপুষ্পক গাছবিশেষ (Blyxa)। পাতা গোছা গোছা, দীর্ঘ, পট্টাকার বলিয়া নাম। ফুল শাদা ছোট, বর্ষাকালে ফোটে। যে পুকুরে জন্মে, সে পুকুর হইতে নির্মূল করা কঠিন।

শেও...ষ্য. (সং শেব—শব্দকল্পঃ)। মেঢ্র। (গ্রাং অশ্লীল)।

শেকুল, শেঁকুল...ষ্য. (সং শৃগাল-কোলিকা। চৈঃ চঃ সেয়াকুল)। বদরীসদৃশ কিন্তু, লতানিয়া কাঁটা গাছ (Zizypus œnoplia)। পাতা দুই পিঠ রোমশ, ফুল আপীত ক্ষুদ্র। পুকুর পাড়ে বাগানে পগারে দুর্ভেদ্য বন করে।

শেখ, সেখ...ষ্য. (আং শেইখ)। বৃদ্ধ মান্য

মুসলমান; মহম্মদ সাহেবের বংশধরগণের উপাধি; মুসলমানের চারি শাখার এক শাখা; বাঙ্গালী মুসলমান।

শেখা…শিখ ধাতু দেখ।

শেঁখো…ষ্য. (সং শঙ্খ—শাঁখ+উয়া—শাঁখুয়া—শেঁখো)। শঙ্খবিষ, খনিজ উগ্রবিষ বিশেষ (white arsenic)। দেখিতে শাঁখ-ভাঙ্গার মতন বলিয়া নাম।

শেগুন…সেগুন দেখ।

শেজ…ষ্য. (সং শয্যা। শ উচ্চারণে ও'তে শ্যু, শে'। ও' শেয, হিং সেজ)। শয্যা (প্রাচীন বৈষ্ণব পদে। রাঢ়ে অপ্রচলঃ)। শেজ তুলনি…বিবাহের বাসর-ঘরের বর কন্যার শয্যা উত্তোলনের বেতন বা পুরস্কার। শেজ-তুলনী…যে নারী বাসরঘরের শয্যা তোলে।

শেজ…ষ্য. (ইং shade—বাতির কাচ-আবরক)। শামাদান, দীপাধারে কাচ-আবরকের মধ্যস্থিত বাতি।

শেঠ…ষ্য. (সং শ্রেষ্ঠী)। বণিক।

শেতখানা…সেতখানা দেখ।

শে-পুন্না…পুনর্নবা দেখ।

শেয়ালা…শেঅলা দেখ।

শের…ষ্য. (সং শরাব—শরা হইতে। পরে সেরক শব্দও হইয়াছিল)। ষোল ছটাক ওজন (ওজন দেখ)। কাঁচী শের…৬০ তোলার শের। (প্রাচীন শের ১৬ পলে= ৪+১৬=৬৪ তোলায় হইত)। পাকী শের…৮০ তোলার শের। শের…মানপাত্র। শেরকিয়া…ষ্য. (শেরক+ইয়া)। শের-সম্বন্ধীয় গণিত; শের পরিমাণ পাত্র, প্রঃ—শেঃ ঘটী।

শেরা…ণ. (সং শির, শিরস্ হইতে)। শিরঃস্থানীয়, সর্বশ্রেষ্ঠ।

শেল…ষ্য. (সং শৈল, পালি সেল। বোধ হয় শৈল-ভেদনাস্ত্র কিংবা শল্য হইতে)। গুরু শূল-অস্ত্রবিশেষ। লক্ষ্মণের শক্তি-শেল…শক্তি (সং) শাবলাকৃতি অস্ত্র; অতএব শক্তি-শেল সহচর শব্দ হইয়াছে। বুকে শেল মারা—বুকে শেল অস্ত্র নিক্ষেপ; লক্ষণায় শেল নিক্ষেপ তুল্য যাতনা দেওয়া।

শেলেট…ষ্য. (ইং slate)। লিখিবার প্রস্তর পট্ট। শেলেট-পেন্‌সিল…প্রস্তরপট্টে লিখিবার প্রস্তর-কলম। শেলেট পেন্‌সিল…শেলেট ও পেনসিল।

শেলা, শেলায়া, (গ্রাং শেয়ালা)…ষ্য. (সং শৈলজ, শৈলেয়। শৈবাল নহে। শেআলা দেখ)। ভিজা ইট পাথরের গায়ে বর্ষাকালে যে ক্ষুদ্র পীত হরিতবর্ণ অপুষ্পক উদ্ভিদ (moss) জন্মে। শরৎকালে শেলার গাছ হইতে সূক্ষ্ম ফলের মতন অঙ্গ জন্মে। (শৈলে, শিলায় জন্মে বলিয়া নাম। আয়ুর্বেদে শৈলেয় এক গন্ধদ্রব্যের নাম। ইহা এক প্রকার lichen)।

শেষ…ষ্য. (সং)। অন্ত; অবশেষ; নিষ্পত্তি; নাশ। শেষ-নিষ্পত্তি…ষ্য. (সং, সহচর শব্দ)। নিষ্পত্তি। শেষা-শেষি…ষ্য. অন্তের নিকট। শেষ লাগাদ…শেষ সময়ে।

শৈলী…ষ্য. (সং)। শীলতা, শিষ্টতা। লোকের সঙ্গে শৈলী রাখা—প্রণয়।

শো-পোকা (গ্রাং)…শুয়া দেখ।

শোআ…ধাতু. শু ধাতু দেখ।

শোগ (গ্রাং)…ষ্য. (সং শোক। তুং শাক—শাগ)। শোক, প্রঃ—রোগ-শোগ।

শোঁগা, শোঁকা···শুঁগ ধাতু **দেখ**।

শোঙাড়া ··ণ. (স° শ্রোণ)। পঙ্গু। শোঙাড়া গোরু···যে গোরু পেছুদিকের পা টানিয়া টানিয়া চলে।···(শুঁগ ধাতু হইতে)। যে গোরুর নাকে সর্বদা কফ থাকে, যে সর্বদা শু গিতেছে।

শোঝা···শুঝ ধাতু **দেখ**।

শোট···ষ্য. (অব-শিষ্ট হইতে ?)। মাৎ গুড়, গুড়ের নাদের তলে ছিদ্র করিয়া দিলে যে দ্রব গুড় ঝরে।

শোথ, (গ্রা° শোত)···ষ্য. (স°)। স্ফীততা রোগ (dropsy), সমস্ত দেহে কিংবা অঙ্গ-বিশেষে জলসঞ্চার হেতু রোগ।

শোধ···ষ্য. (স° পরি-শোধ)। ঋণ-অপনয়ন। শোধ-বোধ···ষ্য. ঋণ পরিশোধ অনন্তর প্রীতিবোধ। জন্ম-শোধ দেখা—জন্মরূপ ঋণ বিনিময়ে দেখা, এক দেখা সারা জীবনের প্রতিপূরণ।

শোধরা···ধাতু. (স° শোধিত হইতে শোধিতা—শোধিরা—শোধরা। ও° শুধরা ধাতু)। শোধরাই—সংস্কৃত হই, করি, প্রঃ—শরীর শোধরাইয়া; নির্দোষ হই, করি, প্রঃ—অভ্যাস শোধরাই; সংশোধন করি, প্রঃ—ভুল শোধরানা॥ শোধরানা॥

শোধা···শুধ ধাতু দেখ।

শোনা···ষ্য. (স° শোনাক, শ্যোনাক। ও° নাম ফণ্ফণা—সর্পফণাকার দীর্ঘ মঞ্জরী দেখিয়া। হি° স্যোনা, সন্না)। পাটলাদি বর্গের ছোট তরুবিশেষ (Oroxylum indicum)। কাঠ লঘু। পাতা দ্বিধাপর্ণ, দুই তিন হাত লম্বা। ফুল বড় বড় মাংসল, লাল বেগুনা, দীর্ঘ বৃন্তে ধরে। (এই হেতু অমরে এক বিশেষণ দীর্ঘবৃন্ত)। কেশর ৫। ফল এক হাত দেড় হাত লম্বা, তিন চারি অঙ্গুল চওড়া, বীজ সপক্ষ। (দীর্ঘ ফল বায়ুতে নড়ে বলিয়া অমরে বিশেষণ কুটন্নটা)। ভারতের প্রায় সর্বত্র জন্মে। বঙ্গদেশে তত দেখা যায় না।

শোভ···ধাতু. (স° শোভ হইতে)। শোভি—শোভিত হই। (পদ্যে)।

শোয়া···শু ধাতু **দেখ**।

শোয়ার···ষ্য. (সওয়ার **দেখ**। স° অশ্ববার—অশ্বারোহী)। য়ানাদি আরোহণ। শোয়ারের ঘোড়া···যে ঘোড়ায় চড়িতে পারা যায়।

শোয়াস···ষ্য. (স° শ্বাস)। শ্বাস, প্রঃ—তবে সে বুঝিনু শোয়াস আছে (চণ্ডী:)।

শোর (গ্রা°)···শুআর **দেখ**।

শোর···ষ্য. (ফা°)। শব্দ, কোলাহল। শোর-গোল···ষ্য. (সহচর শব্দ)। চীৎকার, কোলাহল।

শোরা···সোরা দেখ।

শোল···শউল **দেখ**।

শোলা···ষ্য. (স° অলম্বুষা। ও° সোলু, হি° সোলা। অলম্বুষা হইতে শোলা শব্দ আসা কঠিন)। শিম্বাদিবর্গের জলা বিলের গাছ-বিশেষ (Æschynomene)। ইহার দুই জাতি আছে। এক জাতি ফুল-শোলা (Æ. aspera) লম্বা সোজা ক্ষুপ। ইহার ডাঁটার ভিতর শাদা নরম। পাতা অল্প লজ্জাবতী। ফুল নারঙ্গাবর্ণ। চকমকির আগুন করিতে, ফুলছড়ী, শোলার ফুল করিতে এই শোলা লাগে। ভাট-শোলা···ইহার (Æ. indica) ডাঁটা সরু, বহুশাখ। ফুল পীতবর্ণ। শুঁটী

মসৃণ। ফুল-শোলা বঙ্গদেশের, ভাট-শোলা বঙ্গ ও অন্যান্য প্রদেশের গাছ বলিতে পারা যায়। ভাট-শোলায় জালিয়ারা কখন কখন খালই করে। ভাট-শোলাকে কোথাও কোথাও কাঠ-শোলা বলে। কাঠ-শোলা···জয়ন্তী তুল্য কিন্তু জলার দীর্ঘ গাছ (Sesbania paludosa)। ফুল পীতবর্ণ, মধ্যে রক্তনীল চিহ্নিত। ইহার কাঠ ফুল-শোলার মতন লঘু, কোমল নহে। কিন্তু ইহাতে ভেলা হয়।

শোষ··ষ্য·(সং)। নীরসতা; পিপাসা, প্রঃ—তাহার মধুর বাক্যে গেল ভোক শোষ—ক্ষুধা তৃষ্ণা (ওংতে চলিত); ক্ষয়রোগ (অঃ)।

শোষ···ষ্য. (সং)। শুষি।

শোষা···শুষ ধাতু দেখ।

শোহ···ধাতু. (সং শোভ হইতে)। শোহি—শোভিত হই, প্রঃ—শোহই (প্রাচীন বৈষ্ণব পদে)।

শৌখিন···সৌখিন দেখ।

শৌচ···ষ্য. (সং)। শুদ্ধি; মলত্যাগান্তর জল দ্বারা প্রক্ষালন। শৌচে যাওয়া—মলাদি ত্যাগ করিতে যাওয়া।

শ্মশান, শ্শান···ষ্য. (সং শ্মশান)। শবদাহ-স্থান। শ্মশান-কালী···যে কালী দেবী শ্মশানে বাস করেন। শ্মশান-বৈরাগ্য···শ্মশানে দেহের অনিত্যতা হৃদয়ঙ্গম করিয়া যে সংসার-বৈরাগ্য হয়।

শ্যাম···ণ. (সং। কৃষ্ণে নীলাসিতশ্যাম-কাল-শ্যামলমেচকাঃ—অঃ। শ্যামৌ হরিৎকৃষ্ণৌ—অঃ। হরিৎ বর্ণও বুঝায়। পূর্বকালে হরিৎবর্ণ কেহ কেহ কৃষ্ণবর্ণ, কেহ বা নীলবর্ণ দেখিত)। কৃষ্ণবর্ণ; বাংতে আতাম্র-কৃষ্ণবর্ণ। উজ্জ্বল শ্যামবর্ণ···লাবণ্যযুক্ত আতাম্রকৃষ্ণবর্ণ।···ষ্য. শ্রীকৃষ্ণ (বাংতে)। শ্যাম রাখি কি কুল রাখি—শ্রীমতী রাধিকার দশায় পড়া; এ পক্ষ কি ও পক্ষ রাখি, এই সংশয়। শ্যামকল্যাণ···(বোধ হয় ফাং শাম—সন্ধ্যা, কিংবা সং শ্যামা—নিশা। সন্ধ্যাকালে গেয় কল্যাণ রাগ)। রাগরাগিণী দেখ। শ্যামলা···ণ. (সং শ্যামল)। কৃষ্ণবর্ণ, রক্তকৃষ্ণবর্ণ।···ষ্য. রক্তকৃষ্ণবর্ণ গোরু। শ্যামলী···ষ্য. রক্তকৃষ্ণবর্ণ গাই। শ্যাম-সুন্দর···ষ্য. (সং)। শ্রীকৃষ্ণ। শ্যামা···ষ্য. (সং। শ্যামা কৃষ্ণবর্ণা। ইহা হইতে সংতে নানার্থ হইয়াছে)। (১) কালী দেবী। শ্যামা পূজা···কালী পূজা। শ্যামা-পোকা···কার্তিক অমাবস্যায় শ্যামা-পূজা বিহিত। এই সময়ে এক ঋজুপত্র, ক্ষুদ্র পতঙ্গ আলোর কাছে ঝাঁকে ঝাঁকে আসিয়া পড়ে। ইহা হইতে পোকার নাম। (২) শাখাচারী বর্গের কৃষ্ণবর্ণ পক্ষীবিশেষ (Cittocincla macura)। দইয়াল পাখীর মতন, কিন্তু পুচ্ছ দীর্ঘ এবং তাহা অপেক্ষা ভাল শীষ দেয়। উদর ও পুচ্ছের দুই পাশে লাল। স্ত্রীপক্ষীর রং ফিকা। ঘন বনে থাকে, কিন্তু মাটিতে চরে। অনেকে শ্যামা পাখী যত্ন করিয়া পোষে। (৩) শ্যামালতা (সং শ্যামলতা, শ্যামা। অমরে, শ্যামা প্রিয়ঙ্গু লতা, গোবন্দনী; শ্যামা গোপী শারিবা। শ্যামবর্ণ দেখিয়া শ্যামা নাম অনেক গাছের হইয়াছিল)। তগরাদি বর্গের বন্য রোহিণী-বিশেষ (Ichnocarpus frutescens)। ডাঁটা সরু, শ্যামবর্ণ, পাতা অভিমুখী শ্যামবর্ণ। ফুল আহরিত, সুগন্ধ, বর্ষাকালে ফোটে।

গ্রামে গোপার্বণের সময় গোরুর গলায় মালা করিয়া দেওয়া হয়। তখন নাম হয় বন-মালা। (অঃ টীকায় নাম বনমালা)।

শ্যামা···ষ্য. (সং শ্যামাক)। ধান্যাদি বর্গের বন্য ঘাসবিশেষ (Panicum frumentaceum)। এক হাত পর্যন্ত উচা হয়, পাতা বড়, শীষ সোজা শক্ত। দুর্ভিক্ষের সময় দরিদ্রে শ্যামা ঘাসের চাউল খায়। উত্তর-পশ্চিমাঞ্চলে শ্যামার কৃষিও হয়। বঙ্গে আর এক জাতি (P. coloncum) ক্ষেতে আপনি জন্মে।

শ্যালা···ষ্য. (সং শ্যালক)। পত্নীর ভ্রাতা। স্ত্রীং শ্যালী—পত্নীর ভগিনী। শ্যালীপতি-ভাই··· শ্যালীর পতি (কোথাও কোথাও বলে ভায়রা-ভাই)।

শ্যেন···ষ্য. (সং। প্রাচীন বাং নাম সঞ্চান, সচান। ওং সঞ্চা)। বাজ পাখী, অপর নাম শিকরা (ফাং)। কারণ, লোকে পোষে এবং অন্য পাখী মারিতে শেখায়। দিবাচর প্রসহ-বর্গের পক্ষী (Astur badius)। ১৫।১৬ আঙ্গুল দীর্ঘ, পাংশুবর্ণ; বুক খয়রা, তাহাতে শাদা ফোটকা থাকে। সাহসী; নখে বিঁধিয়া পাখী মারে।

শ্যেতা···ণ. (সং শ্বেত)। শুভ্রবর্ণ; পাণ্ডুবর্ণ, প্রঃ—অনেক ক্ষণ জলে হাত রাখিলে হাত শ্যেতা হয়, মেলেরিয়া রোগে মুখ শ্যেতা হয়।

শ্রবণা (গ্রাং শবনা, শেবনা)···ষ্য. (সং শ্রবণা)। নক্ষত্রবিশেষ।

শ্রম···ষ্য. (সং)। শ্রান্তি; ক্লান্তি; শাস্ত্রাভ্যাস। শ্রমজীবী···ষ্য. (সং)। কায়িক পরিশ্রম দ্বারা জীবিকা যার।

শ্রাদ্ধ (গ্রাং শাদ্ধ)···ষ্য. (সং)। পিতৃমাতৃকৃত্য; মরণান্তে কৃত্য (গালিতে), প্রঃ—আমুক সে, তার শ্রাদ্ধ করিব—মারিয়া শ্রাদ্ধকৃত্য করিব (তুং পিণ্ড চটকানা)। ভূতের বাপের শ্রাদ্ধ···ভূত দেখ। প্রবাদে, কার শ্রাদ্ধ কে বা করে, খোলা কেটে বামুন মরে—শ্রাদ্ধে পিণ্ডদান করিতে হয়। যে-সে পিণ্ড-দানের অধিকারী নহে। ইহা হইতে কর্মের অব্যবস্থা। তুং যার বিয়ে তার মনে নাই। শ্রাদ্ধ গড়ান—শ্রাদ্ধ কর্মকালে পণ্ডিত ব্রাহ্মণ উপস্থিত থাকেন। ইঁহারা শাস্ত্র-বিচার করিতে করিতে পরস্পর কলহ, কদাচিৎ হাতাহাতি করেন। ইহা হইতে, কর্মের অনুবন্ধ বৃদ্ধি হওয়া। শ্রাদ্ধ-শান্তি ···ষ্য. (সং। সহচর শব্দ)। শ্রাদ্ধ ও বিঘ্ননাশ।

শ্রী, (গ্রাং সী)··ষ্য. (সং)। লক্ষ্মী, প্রঃ—লক্ষ্মীশ্রী; সম্পত্তি, প্রঃ—শ্রী-সম্পত্তি; শোভা, প্রঃ—মুখশ্রী; কীর্তি, প্রঃ—শ্রী-মন্ত; বৃদ্ধি, প্রঃ—শ্রী-বৃদ্ধি (সহচর শব্দ। কিংবা সম্পত্তি-বৃদ্ধি)। রাগবিশেষ (রাগ-রাগিণী দেখ); দেব-দেবী ও জীবিত নরের নামের পূর্বে লেখ্য উপাধিবিশেষ, যথা, শ্রীহরি, শ্রীদুর্গা। দেবতার নামের পূর্বে শ্রীশব্দ প্রায়ই দুই বার লিখিতে হয়, যেমন শ্রীশ্রীহরি। অতিশয় মান্য নরের নামের পূর্বে শ্রীল-শ্রী। শঙ্করাচার্যাদি বহুমান্য উপদেষ্টার নামের পূর্বে শ্রী বহুবার লিখিতে হয়, যেমন শ্রী ১০৮ শঙ্করাচার্য—এখানে শ্রী এক শব্দ এক-শত-আট বার লেখা হইয়াছে, বুঝিতে হইবে। দেবদেবীর নামের পূর্বে শ্রী শব্দ লিখিতে হইলে তৎপূর্বে

শুণ্ড (৭) লিখিতে হয় (শুণ্ড দেখ)। শ্রী-অঙ্গা···ষ্য. (সং)। দেহ (সম্মানে). প্রঃ—ছেঁড়া বস্ত্র নাহি লব ভাল একখানি পাব, দেখি দেও শ্রীঅঙ্গের খানি (চণ্ডীঃ)। অদ্যাপি বাদ্যকর বাদিয়া প্রভৃতি শ্রীঅঙ্গের বস্ত্র প্রার্থনা করে। (ওংতে রাজার অঙ্গা—শ্রী-অঙ্গা)। শ্রী-ঘর···ষ্য.(সং শ্রী—বিভুতি। ব্যঙ্গার্থে)। কারাগার। শ্রী ফাঁদা, শ্রীদুর্গা ফাঁদা—লেখা আরম্ভে শ্রী, কিংবা শ্রীদুর্গা লিখিতে হয়। অতএব লেখা আরম্ভ করা; কার্য আরম্ভ করা। শ্রীমৎ··ণ (সং)। শ্রীযুক্ত, শুভ; শ্রীশব্দের ন্যায় প্রসিদ্ধ মনুষ্য, গ্রন্থের পূর্বে বসে. যথা শ্রীমৎ-ভাগবৎ। পুং শ্রীমান্, স্ত্রীং শ্রীমতী। শ্রীমতি···ষ্য. (সং)। রাধা। শ্রীমতী···ণ. (সং শ্রীমৎ স্ত্রীং)। অবিবাহিতা কন্যা ও সধবা নারী নামের পূর্বে বসে। অর্থ লক্ষ্মীমতী, সৌভাগ্য শালিনী। শ্রীমত্যা···ণ. (সং শ্রীমতী শব্দের সম্বন্ধ পদে শ্রীমত্যাঃ। পূর্বকালে পত্রাদি লিখনান্তে—অমুকের—যেমন দেবশর্মণঃ, দাসস্য—নিবেদনং, বিজ্ঞাপনং, লিখিতং—লিখিবার ধারা ছিল। সেই হইতে এখন ভুলে অন্য শিষ্টাচার)। বিধবা নারীর নামের পূর্বে বসে। (তুং দাস্যা)। শ্রীমন্ত···ণ. (সং শ্রীমৎ শব্দের মৎ স্থানে মন্ত)। শ্রীমান্।·· ষ্য. মুকুন্দরাম-চক্রবর্তীর চণ্ডীর গানের এক নায়ক বণিক। শ্রীমন্তের মশান···এই বণিকের হত্যার উদ্‌যোগ। শ্রীমান্···ণ. (পুং শ্রীমৎ শব্দের একবচনে)। বাৎসল্যে মানুষের নামের পূর্বে বসে, প্রঃ—শ্রীমান্ জামাতাকে আসিতে বলিবে। শ্রীমুখ···ষ্য. (সং)। মুখ (মান্য নরের। বাংতে এই অর্থ অপ্রচল, ওংতে প্রচলঃ আছে। রাজার মুখ শ্রীমুখ); যে পত্রে মৃত্যুসংবাদ না থাকে, তাহার ভিতরের পৃষ্ঠে লেখা শ্রী। সে পৃষ্ঠে লিপি নাই, ইহা জ্ঞাপনার্থে শ্রী লেখা রীতি। হাতের লেখার দোষে এই শ্রী পড়িতে পারা যায় না। শ্রীমুখ লিখিয়া নীচে কষি দিবার রীতি আছে। এই কষি কলমের টান মাত্র। শ্রীযুত, শ্রীযুক্ত···ণ. (মূলার্থ, লক্ষ্মী-সম্পত্তি-বিভূতিযুক্ত। কেবল শ্রী শব্দেরও এই অর্থ। কেহ কেহ মনে করেন, যেন শুধু শ্রী দ্বারা সম্মান সমুচিত হইল না। এই ভুলে অধুনা)। মান্য নরের নামের পূর্বে বসে। স্ত্রীং শ্রীযুতা, শ্রীযুক্তা। শ্রীল···ণ. (সং। শ্রী, শ্রীযুক্ত শ্রীল—অর্থে এক)। লক্ষ্মীবান্, সৌভাগ্যশালী; অতি মান্য কিন্তু দূর সম্পর্কের নরের নামের পূর্বে গৌরবে বসে, যথা, শ্রীল জমিদার মহাশয়। শ্রীহস্ত···ষ্য. মান্য পূজনীয় ব্যক্তির হস্ত, প্রঃ—শূং পুঃ।

শ্রোত্রিয়···ণ. (সং। শ্রোত্র+ইয়। শ্রোত্র—শ্রুতি, বেদ)। বেদাধ্যায়ী, বেদজ্ঞ; ব্রাহ্মণের শাখাবিশেষ।

শ্লাঘা···ষ্য. (সং)। প্রশংসা; নিজ গুণ খ্যাপন।

শ্লেষ···ষ্য. (সং। মূলার্থ, আশ্লেষ, আলিঙ্গন। ইহা হইতে শব্দ ও অর্থের অলঙ্কারবিশেষ। শব্দশ্লেষ ও অর্থশ্লেষ দ্বিবিধ। শব্দশ্লেষে শব্দ প্রধান, অর্থশ্লেষে অর্থ প্রধান)। শব্দের কিংবা বাক্যের নানার্থ প্রকাশতা,ব্যঙ্গার্থ।

শ্লেষ্মা··ষ্য. (সং শ্লেষ্মন্)। কফ।

শ্লোক···ষ্য. (সং)। পদ্য, যশঃ। পুণ্যশ্লোক ···পুণ্য হইয়াছে যাঁহার যশঃ, যাঁহার নাম উচ্চারণে শুভ হয়।

শ্বশুর···ষ্য. (সং)। পতির পিতা; পত্নীর পিতা।

(অবজ্ঞায় শ্বশুরা, যেমন খনার বচনে, ও॰তে। সং শ্বশুরক)। স্ত্রী॰ শাশুড়ী। (শ্বশুর ঘর ও শ্বশুর বাড়ী এবং শ্বশুরের ঘর ও শ্বশুরের বাড়ী একার্থ নহে। কন্যা শ্বশুর-ঘর কিংবা শ্বশুরবাড়ী যায়; শ্বশুরের ঘরে বা বাড়ীতে যায় না। এইরূপ, মামা-বাড়ী মামার বাড়ী, পিসী-বাড়ী পিসীর বাড়ী। গ্রামের অন্য ঘর-বাড়ী হইতে পৃথক করিতে হইলে শ্বশুরের, মামার, পিসীর ইত্যাদি)। শ্বশুর-বাড়ী, শ্বশুর-ঘর…ব্যঙ্গ্যার্থে, কারাগার, জেলখানা।

শ্বস…ধাতু. (সং শ্বস ধাতু)। শ্বসি—নিশ্বাস ত্যাগ করি, ঘন ঘন নিশ্বাস ফেলি, মৃত্যুর পূর্বের শ্বাস বহি। শ্বসা॥ শ্বস-টান…শ্বাস হেতু কষ্ট, শ্বাস হেতু বুকের ও গলার মাংস টানিয়া ধরা।

শ্বাশুড়ী, শাশুড়ী…ষ্য. (শ্বশুর শব্দের স্ত্রী॰ শ্বশুরী—শ্বাশুড়ী। ও॰ সাসু, হি॰ সাসু সাস, ম॰ সাসু—সং শ্বশ্রূ হইতে। বা॰তেও শাস দেখ)। শ্বশুরপত্নী। শ্বাশুড়িয়া, শ্বাশুড়ো…ণ. (শ্বাশুড়ী+ইয়া)। শ্বাশুড়ীর প্রতি আসক্ত (গ্রাম্য গালিতে)। (শাউড়ো দেখ)।

শ্বাস…ষ্য. (সং)। নিশ্বাস; শ্বাসরোগ বা হাঁপানি (asthma); মৃত্যুর পূর্বের শ্বাস (প্রায়ই শোয়াস)। কণ্ঠ-শ্বাস…বুকের নিম্ন পর্যন্ত না হইয়া কণ্ঠ পর্যন্ত যে শ্বাসপ্রশ্বাস। শ্বাস-প্রশ্বাস…(সং। সহচর শব্দ)। নিশ্বাস-প্রশ্বাস। (শ্বাস—বাহ্য বায়ু আকর্ষণ inspiration; প্রশ্বাস আন্তর বায়ু নিঃসারণ—expiration)। শ্বাস…ধাতু. (সং শ্বস ধাতু)। শ্বাসি—দ্রুত শ্বাস গ্রহণ করি। শ্বাস॥ শ্বাস…ধাতু. (শ্বাস শব্দ হইতে)। শ্বাসানা॥

শ্বেত…ষ্য. ণ. (সং)। শুক্লবর্ণ। শ্বেত-পাথর…শঙ্খমর্মর প্রস্তর। শ্বেত-পদ্ম, শ্বেত-সরিষা, শ্বেত-বেড়েলা, শ্বেত-শিমুল প্রভৃতি প্রধান শব্দে দেখ। শ্বেত কুষ্ঠ…ষ্য. (সং)। ধবল রোগ নামক চর্ম-রোগবিশেষ।

ষ।

ষ…ষ্য. (সং)। ব্যঞ্জন-বর্ণ,-অক্ষর,-বিশেষ। (বা॰তে শ উচ্চারণে প্রায়ই ষ তুল্য। অনেক শব্দের স-ও উচ্চারণে ষ তুল্য হইয়াছে। টবর্গের বর্ণের পূর্বে ষ হয়। এই নিয়মে ষ্ট্রীট, ষ্টাম্প, ইত্যাদি বানান)।

ষট্‌কর্ম…ষ্য. (সং ষট্‌কর্মন্)। যজন যাজন অধ্যয়ন অধ্যাপন দান প্রতিগ্রহ এই ছয় কর্ম। ষট্‌কর্মা…ণ. এই ছয় কর্মকারী, যেমন ব্রাহ্মণ।

ষড়্-যন্ত্র…ষ্য. (তন্ত্রের শান্তি বশীকরণ স্তম্ভন বিদ্বেষ উচ্চাটন মারণ—এই ছয় যন্ত্র। ইহা হইতে)। অনিষ্ট অভিপ্রায়ে মন্ত্রণা ও কার্য।

ষণ্ডা…ণ. (সং ষণ্ড—বৃষ, নপুংসক)। বৃষবৎ বিক্রমশালী; মাংসল বলবান্; এক-গোঁইয়া। ষণ্ডামার্ক…ষ্য. প্রহ্লাদের শিক্ষা-গুরুর নাম। কথকতায়, ইনি প্রহ্লাদকে নানা যন্ত্রণা দিয়াও কৃষ্ণনাম উচ্চারণ ত্যাগ করাইতে পারেন নাই। ইহা হইতে, এক-গোঁইয়া বা গোঁয়ার।

ষষ্‌মাহী…ণ. (ফা॰। তু॰ সং ষষ্—ছয়, মাস)। ষাণ্মাসিক।…ষ্য. ষষ্ঠ মাসে প্রদেয় রাজকর (আদাঃ)।

ষষ্ঠী (গ্রা° ষষ্টি)···ষ্য. (স°)। ষষ্ঠী তিথি ; ষষ্ঠী তিথিতে পূজিবার লক্ষ্মীদেবী ; লক্ষ্মী ; ষণ্মাতৃকা শিশুপালিকা। (সন্তান কামনায়, বালকের জন্মকালে, বিবাহ সময়ে ষণ্মাতৃকার পূজা কর্তব্য। ষষ্ঠীকে ষষ্টি মনে করিয়া কোন্ কোন্ বাড়ীতে শিলাপট্টে সগরের ষাটি সহস্র পুত্রের অনুকরণে পিঠালীর নরমূর্তি করা হয়। বস্তুতঃ কৃত্তিকা ষণ্মাতৃকা—যাঁহারা কার্তিকেয়কে পালন করিয়াছিলেন, তাঁহাদের পূজা)। ষষ্ঠী-তলা ···(তল—আয়তন)। ষষ্ঠী দেবীর স্থান বা আয়তন,প্রায়ই বটবৃক্ষমূল।° ইনি ষষ্ঠী বুড়ী।

ষাইট, ষাট···ষাটি দেখ।

ষাইঠ, ষ্যাঠ···ষ্য. (স° ষষ্ঠী হইতে)। ষষ্ঠীদেবী। ষাইঠের কোলে···ষষ্ঠী দেবীর কৃপায়।

ষাটি, ষাইট, ষাট···ষ্য. ণ. (স° ষষ্টি)। ছয়দশ সঙ্খ্যা,-সঙ্খ্যক ; ৬০। ষাটিয়া, ষেট্যে···ষ্য. (স° ষষ্টিক)। ষাটি দিনে পাকে যে ধান্য, আশুধান্য।

ষাঁড়···ষ্য. (স° ষণ্ড)। বৃষ ; শিবের উদ্দেশে উন্মুক্ত বৃষ। ষাড়ের গোবর···শিবের ষাঁড় দিয়া কর্ম করানো হয় না। ইহার গোবরও কাজে লাগানো হয় না। লক্ষণায়, অকর্মণ্য পদার্থ। গোকুলের ষাঁড়···গোকুলে মথুরায় ষাঁড় উন্মুক্ত চরিয়া বেড়ায়। ইহা হইতে, অসংযতচিত্ত নর। দৃষ্টান্তে, ষাঁড়ে ষাঁড়ে যুদ্ধ হয় উলুবনের প্রাণ যায়—উলুবনে যুদ্ধ হইলে উলু ঘাস বিনষ্ট হয়। তেমনই, বড় লোকে বড় লোকে কলহ হইলে অনুচর সহচরদিগের কষ্টের সীমা থাকে না।

ষাঁড়া···ণ. (স° ষণ্ড—নপুংসক)। বাঁঝা, প্রঃ—ষাঁড়া তালগাছ (কৃত্তিঃ উঃ) ; বন্ধ্যাত্ব হেতু বৃদ্ধিশীল। ষাঁড়া···ধাতু. ষাঁড়াই—বন্ধ্যাত্ব হেতু দেহে বর্ধিত হই। ষাঁড়ানো॥

ষাণ···ষ্য. (স° পাষাণ)। পাষাণ, ইট। ষাণ-বাঁধানো ঘাট···ইট পাথর দিয়া বাঁধা, প্রঃ—সানে বান্ধা চারি ঘাট শিবালয় চারি (ভাঃ)।

ষু···ষ্য. (ই° shoe)। জুতা।

ষেটে···ষাইঠ দেখ।

ষেটেরা···ষ্য. (ষষ্ঠ রাত্রি হইতে)। নবজাত শিশুর ষষ্ঠ রাত্রিতে তাহার কল্যাণার্থে পূজা-বিশেষ।

ষেট্যে···ষাটি দেখ।

ষোড়শ ··ষ্য. (স° ষোডশক)। শ্রাদ্ধাদিতে ষোল প্রকার দানদ্রব্য। যথা, ভূমি আসন জল বস্ত্র প্রদীপ অন্ন তাম্বুল ছত্র গন্ধ মাল্য ফল শয্যা পাদুকা গো স্বর্ণ রৌপ্য। ষোড়শ করা—শ্রাদ্ধে ষোড়শ দান দেওয়া। ষোড়শোপচার···ষ্য. (স° ষোড়শ+উপচার)। ষোল প্রকার পূজাদ্রব্য। যথা, আসন স্বাগত পাদ্য অর্ঘ্য আচমনীয় মধুপর্ক পুনরাচমনীয় স্নান বসন আভরণ সুগন্ধি পুষ্প ধূপ দীপ নৈবেদ্য বন্দন। অভ্যাগত আসিলে এইগুলি দ্বারা তাঁহার বন্দনা করিতে হয়। দেবদেবীর পূজাতেও ষোড়শ উপচার লাগে। ষোড়শ ··ণ. (স° ষোড়শ)। ছয় অধিক দশ সঙ্খ্যা,-সঙ্খ্যক, ষোল। ষোড়শী···ষ্য. (স°)। দশ মহাবিদ্যার এক বিদ্যা।···ণ. ষোলবৎসর বয়স্কা যুবতী।

ষোল্···ষ্য. ণ. (স° ষোড়শ। ষোডহ—ষোলহ—ষোল্)। ছয় অধিক দশ সঙ্খ্যা,-সঙ্খ্যক ; ১৬। ষোল্ আনা···এক টাকা, প্রঃ—ঠাকুরের নিকট এক ষোল আনা মানসিক আছে ; সমস্ত (একের ষোল

অংশের ষোল অংশই); সর্বসাধারণ, প্রঃ—গ্রামের ষোল আনা বসিয়া ধার্য হইয়াছে, ষোল আনা বেষ্টিত হইয়া কাজ করিলে কাহারও কিছু বলিবার থাকে না। ষোল কড়াই কানা…পূর্ণ সংখ্যা ষোল; তার মধ্যে এক অংশও ঠিক নয় কানা (যেন কানা কড়ী। বোধ হয় চন্দ্রের ষোল কলা হইতে ষোল কড়া মনে হইয়াছে)।

স্কুল…ইস্কুল দেখ।

স্ক্রু…ইস্কুরুপ দেখ।

ষ্টকিং…ইষ্টাকিন দেখ।

ষ্টাম্প, ষ্টেম্প…ইষ্টাম্প দেখ। ষ্টাম্প-ভেণ্ডর…ষ্য. (ই° stamp vendor)। ষ্টাম্প-বিক্রেতা।

ষ্টীম…ষ্য. (ই° steam)। জলের উষ্ণ বাষ্প।

ষ্টীমার…ইষ্টীমার দেখ।

ষ্টীল…ইষ্টীল দেখ।

ষ্ট্রীট…ইষ্ট্রীট দেখ।

ষ্টেট…ইষ্টাট দেখ।

ষ্টেসন…ইষ্টিসন দেখ।

স।

স…ষ্য. (স°)। ব্যঞ্জন-বর্ণ,-অক্ষর,-বিশেষ। বা°তে তবর্গের মস্তকস্থিত স উচ্চারণে স° স তুল্য। অন্য স কিংবা শ ষ উচ্চারিত হয়। পূর্বকালে বা°তে স বানান অধিক প্রচলিত ছিল। এই কারণে অদ্যাপি অনেক শব্দে স দেওয়া হইতেছে, যেমন সুধ্ ধাতু, সিঁড়ী। আর্বী ফার্সী উর্দু ভাষা হইতে আগত শব্দে সে সে ভাষার শ ষ বিচার না করিয়া স বানান চলিয়া গিয়াছে। হিন্দী ভাষাতে স বানান ও উচ্চারণ প্রবল। এই কারণেও বা°তে স অধিক চলিত হইয়াছে। শ দেখ।

স…প্রত্যয়. (স° সদৃশ হইতে। তু° ও° সরি, হি° সা, ম° সারখা)। সদৃশ বস্তু অর্থে, যথা, খোলা-সদৃশ—খোলস। সা দেখ।

স…উপসর্গ. (স° সু হইতে)। সু অর্থে, যথা, সাবকাশ—সু-অবকাশ, অল্প:স্বল্প—স্বল্প বানান না করিলে সাল্প হইত। এই হেতু স্বল্প। (২) (স°) সহিত অর্থে, যথা স-জাগ, স-টান, স-বিশেষ, স-পুত্র। (৩) (নিষেধে অ অব্যয়ের বিপরীত স°)। বিদ্যমানতা অর্থে, যথা, অক্ষম—সক্ষম, অচল—সচল, অচঞ্চল—সচঞ্চল। (৪) (স°) তুল্যার্থে, যথা, সধর্মা, সবর্ণ, সজাতি; এক অর্থে, যথা, সোদর, সপক্ষ।

স…ধাতু. সহ ধাতু দেখ। (২) সাধ ধাতু দেখ।

সং…সঙ্ দেখ।

সং, সম্…উপসর্গ. (স° সম্। তু° ফা° হম্)। (১) সঙ্গার্থে, যথা, সম্ভাষণ, সংযোগ; (২) প্রকৃষ্টার্থে, যথা, সন্তোষ সন্তাপ; (৩) সমার্থে, যথা, সমর্থ; (৪) সমীপার্থে, যথা, সমক্ষে,সম্মুখে। বা°তে সম্ পরে ব থাকিলে ম্ স্থানে ং হয় না। যথা, স° সংবাদ বা° সম্বাদ, স° কিংবা বা° কিম্বা। কম্বল, কদম্ব প্রভৃতি শব্দ সাদৃশ্যে হইয়া থাকিবে। কারণ, আঙ্ক পাটীতে ংয, ংর, ংল, ংব, ংশ ংষ ংস, ংহ শেখানা হয়। ঙ্ স্থানে বা°তে ং হয়। যথা, সঙ্খ্যা—সংখ্যা, সঙ্গ্রাম—সংগ্রাম, সঙ্গ্রহ—সংগ্রহ। ম পরে থাকিলে আসা° ও° হি° ম° বা°-তে সম্ স্থানে সন্ হয়। যথা, সন্মত, সন্মুখ।

সংজ্ঞা···ষ্য. (সং)। নাম; উপনাম বা পদ্ধতি; চেতনা।

সংযুগ, (প্রাং সঞ্জুগ)···ষ্য. (সং)। মিলন, মিশ্রণ; নানা বস্তুর একত্রকরণ।

সংবাদ···ষ্য. (সং সংবাদ)। বৃত্তান্ত; সম্ভাষ; পরস্পর কথাবার্তা। সংবাদী···ণ. (সং সংবাদিন্)। সদৃশ (সংবাদ—সাদৃশ্য)। সুর দেখ। কাকমুখেও সংবাদ পাঠাইবে —দূতদ্বারা না পার, কাকবার্তায় যেন শুনিতে পাই।

সংসার···ষ্য. (সং)। জগৎ, প্রঃ—জগৎ-সংসার; মায়াবন্ধন; পরিবার, প্রঃ—ঘর-সংসার; স্ত্রী, প্রঃ—দ্বিতীয় সংসার। সংসারী··ণ. (সং সংসারিন্)। জগৎস্থ; দেহী; পরিবারী।

সংস্কার···ষ্য. (সং। সংস্কারঃ প্রতিযত্নেঽনুভবে মানসকর্মণি—মেঃ। এতদ্ব্যতীত অন্য অর্থও আছে)। শুদ্ধি; শোধন, মার্জন; ভূষিতকরণ; জীর্ণোদ্ধার; শাস্ত্রাভ্যাস জন্য ব্যুৎপত্তি, প্রঃ—সংস্কৃত ভাষায় তাহার সংস্কার নাই; কোন বস্তু অনুভব করিলে মনে যে চিহ্ন (impression) থাকে, প্রঃ—খনিকর্মে আমার সংস্কার ছিল না (প্রথমে অনুভব, পরে সংস্কার, পরে স্মরণ। সংস্কারের অন্য নাম ভাবনা); দ্বিজাতির কর্তব্য দশবিধ ব্যাপার, যথা, (১) ঋতুকালে গর্ভাধান—গর্ভস্থাপনা; (২) পুংসবন—(কন্যার পরিবর্তে) পুত্রোৎপাদনের উপায়; (৩) সীমন্তোন্নয়ন—বীর-পুত্রলাভার্থে কেশ-বিন্যাসবিশেষ; (৪) জাতকর্ম—প্রসব-কালীন কর্ম; (৫) নামকরণ—জাতকের নামকরণ; (৬) অন্নপ্রাশন; (৭) চূড়াকরণ—জাতকের মস্তকে শিখা রাখা আরম্ভ; (৮) উপনয়ন—যজ্ঞোপবীত ধারণ ও ব্রহ্মচর্য আরম্ভ; (৯) সমাবর্তন—গুরুগৃহে বাসের পর ব্রহ্মচর্য সমাপন—স্নানবিশেষ ও স্বগৃহে প্রত্যাগমন; (১০) বিবাহ। কোন্ মতে বিবাহ পরিবর্তে নিষ্ক্রমণ—শিশুর চারি মাস বয়সে গৃহ হইতে বাহিরে আনয়ন। অতএব দশবিধ সংস্কারের মধ্যে সাধভক্ষণ সংস্কার নহে। (সাধ দেখ)। কু-সংস্কার···ষ্য. (সং)। কু-জ্ঞান, কুৎসিত ভাবনা। সংস্কারহীন···ণ. (সং)। স্মৃতিশাস্ত্রোক্ত-সংস্কার-বর্জিত, অকৃত-সংস্কার। সংস্কৃত···ণ. (সং)। সজ্জিত; শোধিত; মন্ত্রপূত; শুদ্ধরূপে প্রস্তুত, পক্ক; নির্মলীকৃত।···ষ্য. (সং)। শোধিত ভাষা, সংস্কৃত ভাষা। (এই সংস্কৃত শব্দ হইতে কেহ কেহ মনে করেন যে, সংস্কৃত ভাষা লোকপ্রচলিত ভাষা ছিল না। লৌকিক ভাষা সংস্কৃত হইয়া সংস্কৃত ভাষা। লৌকিক ভাষা কথ্য ভাষা। বিস্তীর্ণ দেশের কথ্য ভাষা এক হইতে পারে না। এক না হইলেও ভাষা ছিল। সে ভাষা সাধু ভাষার আকারে সংস্কৃত ভাষা ছিল)।

সংস্থান···ষ্য. (সং। সংস্থানমাকৃতৌ মৃত্যৌ সন্নিবেশে চতুষ্পথে—মেঃ)। আকৃতি, অবয়ব-সঙ্ঘাত, প্রঃ—হীরকের সংস্থান (form), শারীর-সংস্থান (morphology); সন্নিবেশ; স্থিতি, সঞ্চয়, প্রঃ—দরিদ্রের সংস্থান নাই।

সংস্রব···ষ্য. (সং সংস্রব)। স্রব, স্রাব; সম্পর্ক।

সংহতি···ষ্য. (সং সংহতি—সঙ্ঘাত, একত্র মিলন। তুং সংহতিঃ কার্যসাধিকা)। সহিত,

প্রঃ—কবিকঃ, সংহতি বিজয়া জয়া কুবেরে করিয়া দয়া অন্নদা করিলা অধিষ্ঠান (ভাঃ)। (ইদানী গ্রামে শুনিতে পাওয়া যায়)।

সংহার···ষ্য. (সং)। প্রত্যাকর্ষণ; সংগ্রহ, সঙ্কর্ষণ; বিলয়, নাশ।

সই···ষ্য:(সং সখী। সং-প্রাং ও সহী, হিং সহেলী, মং সয়)। সহচরী, বয়স্যা। সই-সেঙ্গাতিন ···ষ্য. (সহচর শব্দ)। বয়স্যা। (সেঙ্গাতিন দেখ)। সইলা···সয়লা দেখ।

সই···সহি দেখ।

সই···ণ. (সং সহিত ?)। সহিত, সাৎ, প্রঃ— জল-সই করা—জলসাৎ।

সই···ণ. (সং সদৃশ। সরি দেখ)। অনুরূপ, যথাপরিমিত, প্রঃ—ছিদ্রে কাঠ সই করা—কাঠ চাঁচিয়া ছিদ্রের পরিমাণ মতন করা। মাপ-সই···মাপ-প্রমাণ। সই-সই ··· যত আবশ্যক তত পরিমিত।

সই···ণ. (সং সহ)। প্রত্যয়স্বরূপ বসে, যেমন টেক-সই।

সইস···ষ্য. (ফাং সাইস)। অশ্বপাল। সইসি ···ষ্য. সইসের কর্ম। সইসী···ণ. সইসের যোগ্য, সইস-সম্বন্ধীয়।

সওগাৎ···ষ্য. (তুর্কী সৌগৎ)। উপঢৌকন।

সওদা···ষ্য. (ফাং সৌদা)। ক্রয়, পণ্য-ক্রয়, প্রঃ—সওদা করি বুল বেটা আপনে আপনে (কবিকঃ), আমা সঙ্গে সওদা কর না পাবে কপট (কবিকঃ)। সওদাগর···ষ্য. (ফাং)। সাধু, বহু-পণ্যক্রয়কারী। সওদাগরি···ষ্য. বাণিজ্য। সওদাগরী···ণ বাণিজ্যসম্বন্ধীয়। সওদা-পত্র···ষ্য. (পত্র—সমূহে)। পণ্য-ক্রয়াদি।

সওয়া···ণ. (সং সপাদ—সপা—সৱা—সওয়া। হিং সৱা)। চতুর্থাংশ অধিক এক, প্রঃ—চৈঃ চঃ। সওয়াইয়া, সআইয়া···ষ্য. (সওয়া +ইয়া)। সওয়া-সম্বন্ধীয় গণিত।

সওয়ার···ষ্য. (ফাং সৱার। সং অশ্ববার। প্রাচীন বাং, চৈঃ চঃ—আসোয়ার)। অশ্বারোহ, আরোহী। সওয়ারি···ষ্য. যানাদি আরোহণ। সওয়ারী···ষ্য. আরোহণযোগ্য যান, পালকী, (সেতার দেখ)।—ণ. সওয়ার-যুক্ত; আরোহী আছে যাতে। ঘোড়-সওয়ার ···ষ্য. (ঘোড়া শব্দ প্রথমে অনাবশ্যক ছিল)। অশ্বারোহী।

সওয়াল···ষ্য. (আং সুআল)। প্রশ্ন। সওয়াল-জবার···প্রশ্ন ও উত্তর।

সক···সথ দেখ।

সকড়ি···ষ্য. (সং সঙ্কর, সঙ্কার। সঙ্কারো সম্মার্জ্জন্যবপুঞ্জিতে—মেঃ। তুং হিং সুকেরনা —গৃহ মার্জনা করা। ওং সঙ্কুড়ি। ঢাকায় সকইর—সকরি। হিং সকরা, সকরী)। অন্নাদির অপবিত্র উচ্ছিষ্ট। (ভাত সকড়ি, কিন্তু লুচী নহে। জল নুন দিয়া পক ব্যঞ্জন সকড়ি। ওং, নিসকড়ি প্রসাদ—যে অন্ন-প্রসাদ সকড়ি নহে, যেমন জগন্নাথদেবের)।

সকল···ণ. (সং। সকল সমগ্র সমস্ত-সর্ব—ইত্যাদি একার্থ—অঃ। সকল শব্দ বিশেষণ, যেমন সকলাং বাধাং—চণ্ডী-মাহাত্ম্যে। বাংতেও বিশেষণ। যেমন, সকল মানুষ, সকল গাছ—যেমন সমস্ত মানুষ, সমস্ত গাছ। (ইদানী নব্য লেখক বিশেষ্য শব্দের পরে গণ সমূহ অর্থে বসাইতেছেন। কিন্তু, মানুষ-সকল জমি-সকল বাং নহে)। সমস্ত, প্রঃ—সকল আম।···ষ্য. সমুদয়, প্রঃ—গাছ-সকল (?)।

স-কাঁড়ী…ণ. (কাঁড়ী দেখ)। তাল-কাঁড়ী-বিশিষ্ট, যেমন স-কাঁড়ী ঘর।

সকাল…ষ্য. (সং। বিকাল দেখ। ওং সকাল্‌ হিং সবের। সবের—সবেলা)। প্রাতঃ-কাল, প্রঃ—ভাল হৈল আরে বঁধু আসিলা সকালে (চণ্ডীঃ)। সকাল-বিকাল… পূর্বাহ্ণ ও পরাহ্ণ। সাঁঝ-সকাল, সন্ধ্যা-সকাল…প্রাতঃ ও সায়ং। সকাল-সকাল …যথাকালের পূর্বে, শীঘ্র।

সকাশ…ষ্য. (সং)। নিকট, সমীপ, প্রঃ—কবিকঃ। (ইদানী অপ্রচলঃ হইতেছে। ওংতে বহুপ্রচলঃ)।

সক্ষম…ণ. (সং সু-ক্ষম। কিংবা অ-ক্ষমের বিপরীত করিয়া স-ক্ষম। ওংতেও। স দেখ)। সমর্থ। সক্ষমতা…ষ্য. সামর্থ্য।

সখ…ষ্য. (আং যৌক। ওংতে সৌখ্‌। তুং সং সৌখ্য)। স্বার্থ, আগ্রহ, অভিলাষ। সখের যাত্রা…যাত্রা দেখ।

সখা…ষ্য. (সং সখি শব্দের প্রথমার একবচনে সখা)। বয়স্য, সহচর। স্ত্রীং সখী। সখী-সংবাদ…কৃষ্ণলীলায় শ্রীরাধার সখীগণের পরস্পর ও কৃষ্ণের সহিত বাক্যালাপ।

সগর, সগল (গ্রাং)…ণ. (সং সকল)। সকল, প্রঃ—সগর বচন বহু (বিদ্যাপতি)।

সগল্লাদ, সকলাত…ষ্য. (বোধ হয় সৌগাৎ, সওগাৎ)। উপঢৌকন, প্রঃ—সগল্লাদ গজ ঘোট (কবিকঃ), বস্ত্রবিশেষ (?), প্রঃ—সগল্লাদ বদলে পামরি দিবে (কবিকঃ), প্রঃ—পাট নেত ভোট শ্বেত সকলাত কম্বলে (চৈতন্যমঙ্গল)। (অপ্রচলঃ)।

সগ্‌গ (গ্রাং)…স্বর্গ। সগ্‌গ-বাতি…কার্তিক মাসে আকাশে দীপদান (পিতৃলোক উদ্দেশে)।

সঘন…ণ. (সহ+ঘন—মেঘ)। মেঘাবৃত, প্রঃ—গগন সঘন মহী পঙ্কা (বিদ্যাপতি)। (২) (সু-ঘন। স দেখ। আসাং)। নিরন্তর, প্রঃ—গরজয়ে গগনে সঘনে ঘন ঘোর (প্রাচীন পদ), ঢাক ঢোল ঢেমচা সঘনে বাজে ঢের (মাঃ)। সঘন…ধাতু. সঘনি—নিরন্তর গর্জন করি, প্রঃ—সঘনে চিকুর—বিদ্যুৎ গর্জন করে। (পদ্যে)।

সঙর…ধাতু. (সং স্মৃ ধাতু। আসাং হিং সুমর। সোঙর দেখ)। সঙরি—স্মরণ করি। সঙরা॥ সঙরণ…ষ্য. (সং স্মরণ)। স্মরণ।

সঙ্কীর্ণ, সংকীর্ণ…ণ. (সং—সমাকীর্ণ, সঙ্কুল, মিশ্রিত। বাংতে অর্থান্তর হইয়াছে)। অল্প উন্মুক্ত, অল্প পরিসর, প্রঃ—সঙ্কীর্ণ স্থান (নানা বস্তু ব্যাপ্ত বলিয়া সঙ্কীর্ণ)।

সঙ্কীর্তন, সংকীর্তন…ষ্য. (সং)। দেবতাদি-নামোচ্চারণ, গুণাদিকথন; (বাংতে) হরি-নামাদি কীর্তন, কীর্তন গান।

সঙ্কুলান, সংকুলান…ষ্য. (বাং। কুলা ধাতু দেখ)। পর্যাপ্তি। বিঃ অকুলান।

সঙ্কেত, সংকেত…ষ্য. (সং)। স্বাভিপ্রায়-ব্যঞ্জক চেষ্টা, ইসারা; পরিভাষা। সঙ্কেত-গৃহ…ষ্য. (সং)। প্রিয়-মেলনার্থ অবধারিত গৃহ।

সঙ্ক্রান্ত, সংক্রান্ত…ণ. (সং)। প্রাপ্ত, গত; সম্বন্ধীয়। সঙ্ক্রান্তি…স্ত্রী. (সং)। রবির রাশ্যন্তর-গমন, সঙ্ক্রমণ; রবির রাশ্যন্তর গমন হেতু অনুকূল ব্যাপার; সৌর মাসের শেষ দিন (ভুলে), যেমন চৈত্র সঙ্ক্রান্তি (বস্তুতঃ বৈশাখ সঙ্ক্রান্তি)।

সঙ্খ্যা, সংখ্যা…ষ্য. (সং)। গণনা; এক দুই তিন ইত্যাদি; (বাংতে ইং number শব্দের

ভুল অনুবাদে), সংখ্যক ; পর্যায়ের একটা, ক্রমানুসারী অঙ্ক। সখ্যাক, সংখ্যক…ণ. (সং) ক্রমানুসারী অঙ্কযুক্ত, প্রঃ—৫ সখ্যাক ভবনে—৫ অঙ্কিত ভবনে।

সঙ্, সং…ষ্য. (ওং সুআঙ্গা ; হিং সবাঙ্গা, সুআঙ্গা ; মং সোঙ্গা। বোধ হয় সং স্বাঙ্গা হইতে)। কৌতুকজনক অভিনয় ; যাত্রা-গানের নট বা বৈহাসিক। সং করা—নট সাজা। সং দেওয়া—নট আনা। সং সাজা—নট সাজা।

সঙ্গ…ষ্য. (সং)। মিলন, সংসর্গ, প্রঃ—সঙ্গ-দোষ; অনুধাবন,প্রঃ—পথিকের সঙ্গ লইয়া দস্যু চলিয়াছিল। সঙ্গে…সহবাসে, মিলনে ; সহিত (মং-তেও), প্রঃ—রামের সঙ্গে কথা। (প্রাচীন বাং সঞে, সনে)।

সঙ্গত…ণ. (সং)। যুক্তিযুক্ত।…ষ্য. (সং সঙ্গতি)। মিলন ; গায়কের গানের সঙ্গে যন্ত্র-বাদ্যের অনুগমন। সঙ্গতি…ষ্য. (সং) মিলন ; সংসর্গ, প্রঃ—রজকী সঙ্গতি চণ্ডীদাস গতি (চণ্ডীঃ) ; যুক্তি-যুক্ততা ; সংস্থান ; (বাংতে) অর্থ-সংস্থান (অর্থ-সঙ্গতি হইতে, প্রঃ—কিছু সঙ্গতি নাই—অর্থ সঞ্চয় নাই। সঙ্গতিপন্ন…ণ. ধনবান্।

সঙ্গম…ষ্য. (সং)। মিলন ; সম্ভোগ।

সঙ্গাতি…ষ্য. (সাঙ্গাত, সেঙ্গাত দেখ। সঙ্গতি হইতে)। মিলন, প্রঃ—প্রেম সঙ্গাতি (বিদ্যাপতি)।

সঙ্গিন্…ণ. (ফাং)। গুরুতর, কঠিন, প্রঃ—সঃ কাজ, মকদ্দমা।…ষ্য. বন্দুকের ছোরা।

সঙ্গী…ষ্য. (সং সঙ্গিন্)। সহচর, প্রিয় সহচর বা বয়স্য। স্ত্রীং সঙ্গিনী। সঙ্গী-সাথী…ষ্য. (সহচর শব্দ)। সঙ্গী।

সঙ্গীত…ষ্য. (সং—বহু মিলিত হইয়া গীত, chorus ; নৃত্য গীত বাদ্য একত্রে—con-cert)। গীত (বাংতে অতিশয়োক্তিতে। তুং সঙ্গীতবিদ্যা…science of music)।

সঙ্গো…সঙ্গ দেখ।

সঙ্গোপন…ষ্য. (সং)। সম্যক্ গোপন।

সচকিত…ণ. (সং। আসাং)। ত্রস্ত, শঙ্কিত, প্রঃ—সাত পাঁচ অনুমান সচকিত মনে (মাঃ)।

সচঞ্চল…ণ. (মং সুচঞ্চল। কিংবা অচঞ্চল নিষেধে। স দেখ)। চঞ্চল, প্রঃ—সাত পাঁচ ভাবে রাজা সচঞ্চল চিত (মাঃ)।

সচরাচর…ষ্য. (সং সহ+চর+অচর—জঙ্গম স্থাবর সহিত—জগৎ। জগৎ শব্দ উহ্য রাখিয়া বাংতে ভিন্ন অর্থ দাঁড়াইয়াছে)। জগৎ।…ষ্য. জগতে, প্রঃ—এমন কথা সচরাচর শোনা যায় না—জগতে পৃথিবীতে; ইহা হইতে, প্রায়শঃ, প্রায় (নদীয়ায় অধিক প্রচলঃ), প্রঃ—"সচরাচর কোন নায়ক বা নায়িকা অথবা উভয়ই অবলম্বন করিয়া কাব্য রচনা হইয়া থাকে।"

সচল…ণ. (অচল শব্দের বিপরীত অর্থ দিতে গিয়া সচল। কিংবা সুচল। আসাং)। চল্, যাহা চলিতেছে।

সচান…শ্যেন দেখ।

সচ্ছল…ণ. (সং সৎশীল—বিদ্যমানতা শীল যাহার। ইহা হইতে)। সঞ্চয়শীল, অর্থ-বান্, প্রঃ—সচ্ছল অবস্থা। সচ্ছলতা…ষ্য. (সচ্ছল+সং তা)। দিন-নির্বাহ-যোগ্য অবস্থা। নিঃ—অসচ্ছল, অসচ্ছলতা।

সজনী···ষ্য. (সং সজন—আত্মীয়, স্ত্রী°)। সখী। সম্বোধনে সজনি। (পদ্যে)।

সজাগ···ণ. (সং সুজাগ্রত ? স+বাং জাগা ? ওং সজাগ, আসাং সজাগর)। সুজাগ্রত। সজাগ ঘুম···যে ঘুম অল্প শব্দেই ভাঙ্গিয়া যায়।

সজাতি, সজাতীয়···ণ (সং)। একজাতি; সদৃশ।

সজারু, সেজারু···ষ্য. (সং ছেদার। ছেদার—সেজার, সেজারু। হিং সে, সাহী। মং সাল সালন্দর—সং শল্য শল্লকী। ওং ঝিঙ্ক্ সাঁওতালী হইতে)। কৃৎদন্তী বর্গের শল্যদেহ প্রাণীবিশেষ (the Bengal porcupine. Hystrix bengalensis)। কটিদেশের শল্য স্থূল। দিবাভাগে গর্তে থাকে। উদ্ভিদ ও ফল খাইয়া বাঁচে। প্রঃ—বানর ভালুক গরু ছাগল শজারু। বরাহ কুক্কুর ভেড়া খটাস সজারু (ভাঃ)। (দুই বার সজারু কেন ? মুদ্রাকর-দোষে ?)

সজিল···ণ. (সং সজ্জিত)। আয়োজিত, প্রঃ—টাকার সজিল হইবে।

সঞে...ব্য. (সঙ্গ দেখ)। সঙ্গে, প্রঃ—অপরসে আন সঞে (জ্ঞানদাস)—অন্য সঙ্গে। (প্রাচীন বাং)।

সঞ্চ···ষ্য. (সং সন্ধি। ওং সঞ্চা—চিহ্ন, আসাং সাঁচ)। সন্ধি, প্রঃ—যার যে হস্তপদ লাগে সঞ্চে সঞ্চ (কবিকঃ)। (অপ্রচলঃ)।

সঞ্চয়···ষ্য. (সং)। সংগ্রহ; অর্থ-সংস্থান।

সঞ্চর···ধাতু. (সং সম্+চর ধাতু)। সঞ্চরি—যাই, চলি, প্রঃ—বায়ু না সঞ্চরে (ভাঃ)। সঞ্চরা। (সং সঞ্চর, সঞ্চরণ)।

সঞ্চান···শ্যেন দেখ। (ওং সঞ্চাণ)। প্রঃ—কবিকঃ।

সঞ্চার···ষ্য. (সং)। গমন, প্রঃ—বায়ুর সঞ্চার নাই; বিস্তার, প্রঃ—সাঁড়াশীতে টানে গুণা নিরূপণ সুতার সঞ্চার (কবিকঃ)-সূত্রতুল্য সরু বিস্তার যার।···ধাতু. সঞ্চারি—গমন, সঞ্চরণ করি। (পদ্যে)। সঞ্চারী···ণ. (সং)। সঞ্চরণশীল, অস্থায়ী। (গান দেখ)।

সঞ্জাত···ষ্য. (সং সঞ্জন—বন্ধন, সঙ্ঘটন। ইহা হইতে)। সঙ্গ। সঞ্জাতে···সঙ্গে, প্রঃ—চৈতন্যমঙ্গল। (অপ্রচলঃ)।

সঞ্জাব···ষ্য. (ফাং সন্জাফ)। কাপড়ের পাড়ি, কাপড়ের কিনারার নীচের পটী।

সঞ্জুক (গ্রাং)···ষ্য. (সং সংযুগ দেখ।)। সংযোগ, আয়োজন, প্রঃ—বিবাহের সঞ্জুক করা। সাজ-সঞ্জুক···সজ্জা ও সংযোগ।

সঞ্জে, সঞ্ঝে (গ্রাং)···ষ্য. সন্ধ্যা। (ওং সঞ্জ)।

সট্···ব্য. (সং সপদি। চট্ দেখ)। চট্, তৎক্ষণাৎ।

সট্‌কনা···ষ্য. (সং সরক—পথ+না ?)। রেখা, ঋজু রেখা, প্রঃ—এই সট্‌কনায় সূতা ধর।

সট্‌কা···ষ্য. (সং সরক—পথ)। গুড়গুড়ির ধুঁআ আসিবার পথ বা নল।···ধাতু. (হিং সরক, সরকা ধাতু—পথ হইতে সরা)। সটকাই—পলায়ন করি, প্রঃ—চোর সট্‌কা-ইয়াছে—পথ ধরিয়াছে। সট্‌কানা।

সট্‌কা···ষ্য. (সট্+করে যে। সট্ দেখ)। মাছ ধরিবার উপায়বিশেষ। কঞ্চিতে দোড়ী বশড়ী বাঁধা হইয়া গোঁজে আটকাইয়া ধনুর আকারে বাঁকানা থাকে। মাছ খাইলে কাঁটা ও দোড়ী সট্ করিয়া লাফাইয়া উঠে।

সটান...গ্র. (স—সহ+টান,কিংবা সু-টান)। টানযুক্ত, টানিয়া লম্বা, প্রঃ—সটান লম্বা, সটান দৌড়—দীর্ঘ দৌড়।

সটীক...ণ. (সং সহ+টীকা। হিং ও মং)। টীকা মন্তব্যযুক্ত।

সঠিক...ণ. (সুঠিক। বেঠিক শব্দের বিপরীত)। সুনিশ্চিত, প্রঃ—সঃ সংবাদ।

সড়...ষ্য. (সাট দেখ। হিং সট্, সট্টা। বোধ হয় সলা হইতে)। পরামর্শ, সঙ্কেত।

সড়ক...ষ্য. (সং সরক। সরক অচ্ছিন্নাধ্বগ-পঙ্‌ক্তৌ—মেঃ)। দীর্ঘ রাজপথ।

সড়্-গড়...ণ. (সং সৃ ধাতু গতি, গৃহ ধাতু গ্রহণ ? সং সারোগত ?)। অভ্যস্ত, সবিশেষ গতিশীল, প্রঃ—লেখা সড়্গড় করা, কলে দোড়ী চলিতে চলিতে সড়্-গড় হইয়াছে। সড়্-গড়ানি ॥

সড়ঙ্গা...শড়ঙ্গা দেখ।

সড়্-সড়...ব্য. (সং সৃ ধাতু গতি। সর্-সর দেখ)। বেগে, প্রঃ—সাপ সড়্-সড় করিয়া চলিয়া গেল (সং সৃপ ধাতুও গতি); লোমাঞ্চনে, স্পর্শজ্ঞানে, কুতকুতানি, প্রঃ—পায়ের তলায় হাত দিলে সড়্-সড় করে। সড়্-সড়ানি ॥ সিড়্-সিড়,...ব্য. মৃদু স্পর্শজ্ঞানে, শীতবোধে, প্রঃ—শীতে গা সিড়্-সিড় করে। সিড়্-সিড়ানি ॥ সুড়্-সুড়...ব্য. অতি মন্দ বেগে, ক্ষুদ্র বস্তুর নিঃশব্দ পলায়নে, ক্ষুদ্র বস্তু দ্বারা স্পর্শানুভবে, প্রঃ—গায়ে পিপিড়া চড়িলে গা সুড়্-সুড় করে। সুড়্-সুড়ানি ॥ সুড়্-সুড়ি ...ক্ষুদ্র বস্তু দ্বারা স্পর্শ, কুতু-কুতু, প্রঃ—পায়ে সুড়্-সুড়ি দেওয়া।

সড়্-সড়ি...ষ্য. (সং সৃ ধাতু হইতে)। নীরস অসংহত ব্যঞ্জন, চড়্-চড়ি।

সড়া...শড় ধাতু দেখ।

সড়াক্...ব্য. (সট্-করিয়া)। সট্ করিয়া, দ্রুত।

সঁত (গ্রাং)...ণ. সমস্ত, প্রঃ—সঁত বছর।

সৎকার...ষ্য. (সং)। সমাদর, পূজা, প্রঃ—অতিথি-সৎকার; শবদাহাদি কর্ম, প্রঃ—মৃতের সৎকার।

সৎ পো, বেটা. মা...সতীন দেখ।

সততা...ষ্য. (বাং। সং সৎ+তা—সত্তা)। সাধুতা।

সতর্, (গ্রাং সতের্,)...ষ্য. ণ. (সং সপ্তদশ)। সাত অধিক দশ সখ্যা,-সঙ্খ্যাক; ১৭। সতরই, সতরই...ষ্য. মাসের সপ্তদশ দিন।

সতর...ণ. (সং সতর্ক)। সতর্ক, জাগ্রত। (২) (সং সত্বর)। ত্বরাযুক্ত।

সতরঞ্চ...শতরঞ্চ দেখ।

সতা... সতীন দেখ।

সতাই...ষ্য. (সতীন দেখ। সৎ+আই—মা)। বিমাতা।

সতী...ষ্য. (সং সৎ স্ত্রীং)। সাধ্বী স্ত্রী; মৃত পতির সহমৃতা, প্রঃ—অগ্নিকুণ্ড জ্বালি রতি সতী হৈতে চায় (ভাঃ)। সতী-সাধ্বী ...ষ্য. (সং। সহচর শব্দ)। সতী। সতীত্ব ...ষ্য. (সং)। পাতিব্রত্য।

সতীন, সতিনী,সতা...ষ্য. (সং সপত্নী। আসাং সতিনী, ওং সউতুনী,হিং সৌতীন,মং সবত)। সপত্নী, প্রঃ—তাহে সতীনের জ্বালা কত বা সহিবে বালা, পরিতাপে হয়ে গেনু কালী (কবিকঃ), কি কব দুঃখের কথা গঙ্গা নামে তার সতা,স্বামী যারে ধরেন মস্তকে (কবকঃ),

গঙ্গা নামে সতা তার তরঙ্গ এমনি (ভাঃ)। সতীন ঝী, পো···সপত্নীর কন্যা, পুত্র। সৎ-পো, সৎ-বেটা···সপত্নীর পুত্র। সৎ-জামাই ···সপত্নীর জামাতা। সৎ-মা···মাতার সপত্নী, বিমাতা। দৃষ্টান্তে, সতীনের বাটিতে গু গুলিয়া খাওয়া—সতীনের বাটি অপবিত্র করিবার অভিপ্রায়ে নিজে তাহাতে বিষ্ঠা পর্যন্ত ভক্ষণে প্রবৃত্তি, এমন দ্বেষ।

সতী-মা···ষ্য. (সং সতী—দুর্গা)। কর্তা-ভজার এক আধুনিক শাখা।

সতেজ···ণ. (সং সতেজঃ। ফাং তেও)। বলবান্‌, তাজা।

সত্তরি, সত্তর···ষ্য. ণ. (সং সপ্ততি)। সাত-গুণ দশ সংখ্যা,-সংখ্যক; ৭০।

সতের (গ্রাং)···সতর্‌ দেখ।

সত্য, (গ্রাং সত্তি)···ষ্য. (সং। সত্যং ক্রুতে চ শপথে তথ্যে—মেঃ)। আদি যুগ কাল; শপথ, প্রঃ—সত্য করা; তথ্য, অমিথ্যা, প্রঃ—সত্য উদ্ধার করা; লোক (ভুবন) বিশেষ।···ণ. যথার্থ, প্রঃ—সদা সত্য কথা কহিবে। ত্রি-সত্য করা—(তুং সং সত্যঙ্কার)। সত্য সত্য সত্য তিন বার বলা, তিন বার শপথ করা। এক বার বলিলে মনে না থাকিতে পারে, দুই বারেও সন্দেহ থাকিতে পারে, তিন বারে মনে থাকার কথা। সত্য-মিথ্যা···ষ্য. (সং। প্রতিচর শব্দ)। সত্য ও মিথ্যা, সত্য কিংবা মিথ্যা। সত্য···ব্য. (সং সত্যম্‌)। স্বীকারে নিশ্চয়ে, প্রঃ—সত্য বটে; প্রশ্নে, প্রঃ—সত্য, তুমি কি যাইবে? সত্যতা ···ষ্য. (সং। আধুনিক রচিত)। সত্য, সত্তা, যথার্থতা। সত্য-নারায়ণ···ষ্য. (মং। অর্বাচীন)। মুসলমান পীরবিশেষ কালে নারায়ণরূপে কল্পিত হইয়াছেন।

সদ্‌গোপ···ষ্য. (সৎ—সদ্ধর্মী গোপ?)। জাতিবিশেষ।

সদত (গ্রাং)···ব্য. (সং সতত) সর্বদা, প্রঃ—প্রমদা-বন্ধন সংসারেরি, প্রমদা আকর আহ্লাদেরি, সদতে রাখহ সুযত্নে তায় সুরত্ন প্রায় (ভাঃ রসমঞ্জরী)।

সদন···ষ্য. (সং)। গৃহ; সমীপ, প্রঃ—নারদ সদনে কহিলা।

সদর···ণ. (আং)। প্রধান; ব্যক্ত, প্রাম্য নহে। সদর দেওয়ানী আদালৎ···সর্বোচ্চ বিচারালয়, এখন হাইকোর্ট। সদর দরজা···খিড়কী নহে। সদর জমা···গভর্ণমেণ্টের নিকট যে কর একা-এক দিতে হয়। সদরআলা···এখনকার সবজজ্‌। সদর-আমীন···এখনকার মুন্‌সফ্‌। সদর···ষ্য. বহির্বাটী, অন্দর নহে; প্রধান নগর; বহিঃপৃষ্ঠ। সদর-অন্দর···ষ্য. (প্রতিচর শব্দ)। বহিঃ ও অন্তঃ ভাগ বা পৃষ্ঠ।

সদা···ব্য. (সং)। সর্বদা। সদা-সর্বদা···ব্য. (সং। সহচর শব্দ)। সর্বদা। সদাতন···ণ. (সং)। চিরস্থায়ী, শাশ্বত, প্রঃ—সেন কন সদাতন সখা মোর প্রভু (মাঃ); সতত, প্রঃ—গুরুর গঞ্জন সহি সদাতন (চণ্ডীঃ)। সদাব্রত···ষ্য. (সদা-দান-ব্রত? বোধ হয়, সত্রব্রত)। আশ্রয়-ভোজ্য-দানরূপ পুণ্যজনক কর্ম। সদাশিব···ষ্য. (সং সদাশিব)। সর্বদা সুখী; মহাদেব।

সদিয়াল···ষ্য. (সং সাদি+বাং আল? তুং সাজোয়াল)। পূর্বকালে যে রাজস্ব আদায় করিয়া ঘাটোয়ালকে দিত, প্রঃ—ভাঃ। (অপ্রচলঃ)।

সন…ষ্য..(আ° । ফা° সাল)। বৎসর, প্রঃ—তিন সন বই দিও কর (কবিকঃ) ; অব্দ। সন তারিখ…বৎসর ও দিবস। সন ১৩২১ সাল…(সন ও সাল দুই-ই লেখা অনাবশ্যক)। কিন্তু সন…বাঙ্গালা সন, বঙ্গাব্দ। ইহা মূলে হিজরী সন। মক্কা হইতে মদিনায় মহম্মদের পলায়নকাল হইতে হিজরী সন। আকবর বাদশাহ হিজরী সন হইতে বাঙ্গালা-সন (অব্দ) প্রবর্ত্ত করেন। তাঁহার সময়ে হিজরী যে সন হইয়াছিল, তদনন্তর বর্ষে বর্ষে ১০।১১ দিন বাড়িয়া বাঙ্গালা সন অপেক্ষা হিজরী সন বাড়িয়া গিয়াছে। হিজরী সন চান্দ্র বৎসর (৩৫৪ দিন), বাঙ্গালা সন সৌর বৎসর (৩৬৫।০ দিন)। ইসবী সন…ঈশা খ্রিশুর সন, ইংরেজী সন। ফসলী সন…ফসল দেখ।

সনদ, সনন্দ…ষ্য. (আ° সনদ)। শাসনপত্র, উপাধি-পত্র। সনদী…ণ. বিশ্বাস্ত।

সনাক্ত…ষ্য. (ফা° ষনাখ্‌ত্)। অভিজ্ঞান। আসামী সনাক্ত করা—আসামী দেখিয়া চেনা (আদাঃ)।

সনি…ষ্য. (স° সুনু—পুষ্প)। কুষ্মাণ্ডাদি বর্গের ফলপ্রসূ পুষ্প, জালী।

সনে…ব্য. (সঙ্গ, সঙ্গে দেখ)। সঙ্গে, প্রঃ—যুক্তি কৈল গরিব খাঁর সনে (কবিকঃ)। (প্রাচীন বা°, অদ্যাপি পূর্ববঙ্গে)।

সন্‌জা, সন্‌ঝা, সন্‌ঝে (গ্রা°)…ষ্য. (স° সন্ধ্যা। ও° সঞ্জ)। সায়ংসন্ধ্যা। সন্‌ঝা, সন্‌ঝে দেওয়া, দেখানা—সন্ধ্যাকালে গৃহে দীপ জ্বালা।

সন্ত…ষ্য. (স° সৎ—বহুবচনে সন্ত। আসা° ও° হি° ম°)। সাধু, পুণ্যাত্মা।

সন্তপন, সন্তপ্পন (গ্রা°)…ষ্য. (কেহ কেহ স° সন্তর্পণ মনে করেন। কিন্তু স° সন্তর্পণ—সম্যক তৃপ্তি; সন্তপন—সাবধানতা। বৈদ্যশাস্ত্রে লঙ্ঘনের বিপরীত সন্তর্পণ, দেহের তৃপ্তি সাধন। তু° চৈঃ চঃ—করে প্রভুর সন্তর্পণ। স° সন্ত—দুই হাত জোড় করিয়া বিস্তার। সন্তপাণি হইতে ? বোধ হয়, সন্ত—সৎ, সাধু,+পণ-ব্যবহার। সাধুজনোচিত ব্যবহার। সন্তপণ শব্দ অশুদ্ধ মনে করিয়া শুদ্ধ করিতে গিয়া সন্তর্পণ)। ধীরতা, সাবধানতা।

সন্তল…সন্তোল-ধাতু দেখ।

সন্তান…ষ্য. (স°। সন্তান, সন্ততি—বংশ,—অঃ। সন্তানঃ সন্ততৌ গোত্রে স্যাদপত্যে সুরদ্রুমে—মেঃ)। অপত্য, পুত্র-কন্যা। সন্তান-সন্ততি…ষ্য. (স°। সহচর শব্দ)। পুত্রকন্যা। (সন্ততি—কেবল কন্যা নহে)। পুত্র-সন্তান, কন্যা-সন্তান…পুত্ররূপ সন্তান, কন্যারূপ সন্তান। নিঃ-সন্তান…ণ. (স°)। অপত্যহীন।

সন্তোক…ষ্য. (স° সন্তোষ হইতে। সন্তোষ শব্দের এক অর্বাচীন অর্থ, বৃদ্ধাঙ্গুষ্ঠ ও তর্জনী। বৃদ্ধাঙ্গুষ্ঠ দ্বারা চিহ্ন, ইংরেজী যেমন thumb-impression। হি° সন্তোখ—সমর্পণ, ছাড়িয়া দেওয়া, যেন দাগ মারিয়া পরিত্যাগ। ও° সন্তক—জাতি ও ব্যবসায়সূচক মুদ্রা। প্রত্যেক জাতির প্রত্যেক রাজার এক এক সন্তক আছে। যেমন, ময়ুরভঞ্জের রাজার সন্তক ময়ূর, ব্রাহ্মণের কুশবটু, বৈষ্ণবের মালা, ক্ষত্রিয়ের কাটারী কিংবা ধনুক, করণের (কায়স্থের) লেখনী, কৃষকের মই, নাপিতের ক্ষুর,

ছুতারের মুগুর, কামারের ছুরী, ময়রার চাটু, সেকরার নিক্তি, ইত্যাদি। বঙ্গদেশে নিরক্ষর লোকে দলিল-পত্রে ঢেরা লেখে, ওড়িশায় নিজের সম্ভক লেখে। দলিলকর্তা লিখিতে জানিলেও নিজের নাম লিখিয়া সম্ভক আঁকিয়া দেয়। যথা, এ (এই) কুশবটু সম্ভক [অমুক] মিশ্রঙ্কর সম্মত—ইহা লিখিয়া কুশবটু—কুশাঙ্গুরীয় আঁকিয়া দেয়। নারীর অঙ্গুরী-মুদ্রিকা আঁকা হয়। বঙ্গদেশে সকল জাতির পক্ষে এক ঢেরা চিহ্ন। •স° হীরা হইতে ঢেরা; আকার এই +, অর্থাৎ বজ্র চিহ্ন। হীরার অঙ্গুরী হইতে এই ঢেরা; কিংবা বজ্র-রত্ন অর্থাৎ হীরা রত্নশাস্ত্রে ব্রাহ্মণ জাতি বলিয়া প্রসিদ্ধ। তাহা হইলে ঢেরা-চিহ্ন স্বীকার করিয়া সকল জাতি ব্রহ্মণানুগত্য প্রকাশ করিয়া থাকে। সন্তোক শব্দ কৃত্তিবাসের আত্মবিবরণে আছে, যথা, সন্তুষ্ট হইয়া রাজা দিলেন সন্তোক। সন্তুষ্ট হইয়া স্বীয় মুদ্রা অঙ্কিত করিয়া প্রশংসাপত্র দিলেন। ইহাই সঙ্গত অর্থ। সন্তোক শব্দ বা°তে অপ্রচলঃ হইয়াছে।

সন্তোল···ধাতু. (স° সম্-তুল ধাতু। ও° সন্তুলা—আধ ভাজা ব্যঞ্জন। কিন্তু স° সম্ তুল ধাতুর অর্থ সম্যক তৌল করা)। সন্তোলি—ঘৃত তৈলাদিতে ঈষৎ ভাজি। সন্তোলা॥ (হি°তে কথা)। সাঁতলা দেখ।

সন্তোষ···ষ্য. (স°)। তৃপ্তি, আহ্লাদ। বা°তে ণ. ও হয়, যথা, আমি তোমার কথায় সন্তোষ হইলাম—সন্তোষিত।

সন্দ···ষ্য. (স° সন্দেহ। ও°)। সন্দেহ।

সন্দরস···ষ্য. (হি° সন্দোরস, সন্দ্রাস)। চন্দরস দেখ।

সন্দেশ···ষ্য. (স°)। বার্তা, প্রাঃ—রহত বিদেস সন্দেশ না পাঠয়সি—বিদেশে থাক, বার্তা পাঠাইতেছ না; আদেশ। (২) কুটুম্বের বার্তা আনিতে দূত যে মিষ্টান্ন লইয়া যায়। ইহা হইতে চিনী ও নারিকেল-কোরা দিয়া প্রস্তুত মিষ্টান্ন, (তত্ত্ব দেখ), প্রাঃ—কবিকঃ, এক দিন শচী থই সন্দেশ আনিয়া। বাটা ভরি দিঞা বলে খাও ত বসিয়া॥ (চৈঃ চঃ); আগে গিয়ে বাজারে সন্দেশ কিনে দিবে (মাঃ)। সন্দেশ অর্থে পূর্বকালে নারিকেল-সন্দেশ ছিল। কারণ এই সন্দেশ দূতের স্পর্শে অপবিত্র হইত না। অল্প দিন হইতে ছেনার সন্দেশ হইতেছে। পরিহাসে, সন্দেশের খোষা ছাড়াইয়া খাওয়া—এত সৌখিন!

সন্ধান···ষ্য. (স°। সন্ধানং স্যাদভিষবে তথা সঙ্ঘটনেঽপি—মেঃ। সন্ধীয়তে সন্ধানং মদ্যসজ্জীকরণমিতি কেচিৎ—অঃ টীঃ। পরে অন্যান্য অর্থ আসিয়াছে)। মদ্য নিমিত্ত আবশ্যক দ্রব্যাদি যোগ, অভিষব (fermentation); ধনুতে বাণ যোজনা; অন্বেষণ। সন্ধান-সুলুক (গ্রা°)···(শ্লোক? বাণযোজনার মন্ত্র? বোধ হয় সন্ধান-সুরাগ অপভ্রংশে। ইহাতে সহচর শব্দ হয়)। উপায়; কর্মকৌশল। সন্ধানী···ষ্য. (সন্ধান+ঈ)। অন্বেষণে দক্ষ যে। ঘর-সন্ধানী···ষ্য. ঘরের বৃত্তান্ত জানে যে। ঘর-সন্ধানে রাবণ নষ্ট···গৃহের ছিদ্র প্রকাশ হেতু।

সন্ধিপূজা···ষ্য. (স°)। শারদীয় দুর্গাপূজার অন্তর্গত তৃতীয় পূজা যাহা অষ্টমী নবমী তিথির সন্ধিসময়ে (বস্তুতঃ মহাষ্টমীতে)

কর্তব্য। সন্ধিপূজার পাঁঠা···এই পূজার ছাগ বলিদান অষ্টমী ও নবমী তিথির সন্ধি-সংযোগ-সময়ে করিতে হয়। এ কারণ পূর্ব হইতে বলিদানের সমস্ত আয়োজন করিতে হয়। লক্ষণায়, বধ্য হইবার নিমিত্ত প্রস্তুত থাকা।

সন্ধ্যা···ষ্যা. (স°)। দিবারাত্রির সংযোগ-সময়, এই সময়ের দুই দণ্ডকাল; দিনান্তকাল; দিনারম্ভ, মধ্যাহ্ন, দিনান্তকাল; এই তিন সন্ধ্যায় দেবোপাসনা; সত্য ত্রেতা দ্বাপর কলি এই চারি যুগারম্ভের পূর্ববর্তী কাল। কথায়, এই ত কলির সন্ধ্যা··দ্বাপর যুগ শেষ এবং কলির আরম্ভ, পরে সমস্ত কলি যুগ যখন পাপ চতুষ্পাদ হইবার' আছে। সন্ধ্যা-আহ্নিক···ষ্যা. (স°। সহচর শব্দ)। সন্ধ্যা উপাসনা ও আহ্নিককৃত্য। সন্ধ্যা-বন্দনা ··ষ্যা. (স°)। প্রাতঃ ও সায়ংকালে কর্তব্য দেব-বন্দনা। সন্ধ্যা করা—সন্ধ্যা উপাসনা করা। ত্রিসন্ধ্যা···প্রাতঃ, মধ্যাহ্ন, সায়ং। তিন সন্ধ্যা···ত্রিসন্ধ্যা কাল। সন্ধ্যামণি···কৃষ্ণকেলি পুষ্প (আ° গুল-ই আব্বাসী=লাল ফুল)।

সন্ন···ণ. (স°)। বিমর্ষ, ব্যাকুল, প্রঃ—সন্ন হইয়া বেড়াইতেছে।

সন্না···ষ্যা. (স° সন্নাহ—অঙ্গত্রাণ ? স° সন্দংশ)। ছোট চিমটা।

সন্নিপাত ··ষ্যা. (স°—সম্যক্ পতন মরণ, মেলন। ইহা হইতে বৈদ্যশাস্ত্রে)। বায়ু পিত্ত কফ এককালে কুপিত হইলে রোগের যে লক্ষণ প্রকাশ পায় (coma)। তন্দ্রা মোহ প্রলাপ কাস শ্বাস অরুচি ভ্রম ইত্যাদি লক্ষণ। সন্নিপাত-জ্বর···ষ্যা. (স°)। ত্রিদোষজ জ্বর। গোঁয়ার সন্নিপাত রোগ তিন প্রকার। (১) চোরা সন্নিপাত—হঠাৎ পেট ফুলিয়া মরা; (২) চোয়ালিয়া সন্নিপাত—হনুগ্রহ; (৩) দগড়া সন্নিপাত—মলমূত্র রোধ।

সন্ন্যাস···ষ্যা. (স°)। কাম্য কর্ম ত্যাগ, সংসার ত্যাগ; দেহত্যাগ; (ইহা হইতে) মৃত্যুকারক রোগবিশেষ (apoplexy)। এই রোগ হঠাৎ উপস্থিত হইয়া চৈতন্য লোপ করে। সন্ন্যাসী···ষ্যা. (স° সন্ন্যাসিন্)। সন্ন্যাস-ধর্মবিশিষ্ট; গৃহাদি ত্যাগ করিয়া মুণ্ডিত-মস্তক গৈরিক-কৌপীনাচ্ছাদন দণ্ড-কমণ্ডলুধারী। ভিক্ষাবৃত্তি হইয়া নির্জনে কিংবা তীর্থে যিনি ঈশ্বর আরাধনা করেন। (২) চৈত্র মাসে শিবোৎসবে সন্ন্যাস ধর্মাবলম্বী। ইহারা শিব-সন্ন্যাসী, শিবের গাজনের সন্ন্যাসী। ত্রিসন্ধ্যা ও রাত্রিতে স্নান, হবিষ্যান্ন-ভোজন, উত্তরীয়-দণ্ড-ধারণ, ইন্দ্রিয়-সংযম ও শিবের আরাধনা করিয়া গাজন বা ব্রত-শেষে গৃহে প্রত্যাবর্তন করে। মূল সন্ন্যাসী···গাজনের সন্ন্যাসীর মধ্যে যিনি প্রধান। গাজনিয়া সন্ন্যাসী··· গাজনে যাহারা সন্ন্যাসী হইয়াছে। দৃষ্টান্তে, অনেক সন্ন্যাসীতে গাজন নষ্ট···অনেক হইলে বিধি-ব্যবস্থা ঠিক থাকে না।

সম্মত···ণ. (স° সম্মত। আসা° হি° ও° ম°)। সম্মত। সম্মতি···ষ্যা. (স° সম্মতি)। সম্মতি, স্বীকার।

সম্মান···ষ্যা. (স° সম্মান। কিন্তু, আসা° ও° হি° ম° বা° সকল ভাষাতেই সম্মান। স° সৎ-মান=সম্মান অন্ত শব্দ)। সম্মান, প্রঃ—কৃত্তিঃ, চৈঃ চঃ। (অধুনা প্রা°)। মান-সম্মান ···ষ্যা. (সহচর শব্দ)। সম্মান।

সম্মুখ···ষ্য. (সং সম্মুখ। কিন্তু সম্মান শব্দের মতন সব ভাষাতেই প্রচল:)। সম্মুখ।

সপ, সঁপ···ষ্য. শপ, শঁপ দেখ। (ও° সপ্)।

সঁপ···ধাতু. (সং সম্+অর্পণ হইতে)। সপি—সম্যক প্রকারে দান, স্থাপন করি, প্রঃ—হাতে হাতে সঁপিয়া দিয়া নিশ্চিন্ত। সঁপা॥ সঁপা···ধাতু. (সঁপ ধাতু আছে)। সঁপানা॥

সপক্ষ···ণ. (সং)। পাখা-বিশিষ্ট; এক-পক্ষাবলম্বী; অনুকূল।···ষ্য. নিজ পক্ষ, নিজের দিক। সপক্ষতা···ষ্য. (সং)। আনুকূল্য।

সপ্-সপ···ব্য. (সং সৃপ ধাতু গতি। তুং ঝপ্-ঝপ)। দ্রুতগতির অনুকারে, প্রঃ—ভাতে ডাইল মাখিয়া সপ্-সপ করিয়া খাওয়া।···ধাতু. সপ্ সপি—সপ্-সপ করিয়া শেষ করি, প্রঃ—পায়স-পয়োধি সপ্-সপিয়া (ভাঃ)। সপ্-সপা, সপ্-সপানি। সপ্-সপা···ণ. দ্রব-পদার্থের মিশ্রণ হেতু সপ্-সপ করিয়া ভোজন-যোগ্য, প্রঃ—ডাইল-সপ্-সপা ভাত। সপা-সপ···ব্য. দ্রুত-গলাধঃকরণ, প্রঃ—সপা-সপ খাইয়া ফেলা।

সপাৎ, সপাস্···ব্য. (সং সৃপ ধাতু গতি। সপ্+আৎ, আস—শব্দে)। নমনীয় যষ্টি ইত্যাদির আঘাতজনিত সপ্ শব্দে।

সপেটা···ষ্য. (ইং sapota)। বকুলাদি বর্গের তরুবিশেষের (Achras sapota) ফল। গাছ বিদেশী, জামেকা দ্বীপের। ইদানী উদ্যানে হইতেছে। সুন্দর সুশ্রী গাছ, বকুলের তুল্য। ফল মাংসল স্বাদু, গাত্র খর-খদিরবর্ণ।

সপ্ত···ণ. (সং সপ্তন্)। সাত। (ত্রি, পঞ্চ, নব তুল্য বহু সপ্তক আছে)। সপ্তাঙ্গ···ষ্য. (সং)। রাজ্যের সাত অঙ্গ, যথা, স্বামী অমাত্য সুহৃদ কোশ রাষ্ট্র দুর্গ বল। সপ্তাশ্ব···ষ্য. (সং)। সূর্য। সপ্তাহ···ষ্য. (সং)। সাত বার কাল। সপ্তর্ষি···ষ্য. (সং)। সাত ঋষি, যথা, মরীচি অত্রি অঙ্গিরা পুলস্ত্য পুলহ ক্রতু বসিষ্ঠ; এই নামের সাত তারা, সাতভেয়ে (Ursa major)। সপ্তদ্বীপ···ষ্য. (সং)। পৃথিবীর সাত ভাগ। মেরু পর্বত বেষ্টন করিয়া এই সাত ভাগ। মধ্যে জম্বুদ্বীপ, যাহাতে ভারতবর্ষ আছে। সপ্ত-ধাতু···ষ্য. (সং)। দেহের সপ্ত স্থূল ভাগ, যথা, রস রক্ত মাংস মেদ অস্থি মজ্জা শুক্র। সপ্তনাড়ীচক্র···ষ্য. (সং)। ফল-জ্যোতিষের সর্পাকার চক্র-বিশেষ। বৃষ্টি-গণনা উদ্দেশ্য। সপ্তপদী···ষ্য. (সং)। বিবাহে জামাতা বধূকে লইয়া সাত পা গমন। সপ্তপদীর পর বিবাহ ভঙ্গ হইতে পারে না। সপ্ত-পাতাল···ষ্য. (সং)। পৃথিবীর সাত অধোভাগ। সপ্তমী···ষ্য. (সং)। সপ্তমী তিথি। সপ্তশতী···ষ্য. (সং)। সপ্তশত শ্লোকাত্মক দেবী-মাহাত্ম্য বা চণ্ডী। সপ্তশলাকা···ষ্য. (সং)। বিবাহের শুভ দিন-নির্ণয়ার্থে তির্যক ও ঊর্ধ্ব সপ্ত রেখা-চক্র। সপ্তস্বরা···ষ্য. (সং)। তন্ত্রী বাদ্যযন্ত্র-বিশেষ।

সপ্তা (গ্রাং)···ষ্য. (সং সপ্তাহ)। সপ্তাহ।

সপ্প (গ্রাং)···সর্প।

সফর···ষ্য. (আং)। পর্যটন, ভ্রমণ।

সফা···ষ্য. (আং)। পৃষ্ঠা; জমিজমার সমষ্টি-পৃষ্ঠা (জমিঃ)।

সফিনা···ষ্য. (আং। (ইং subpœna)। বিচারালয়ের আজ্ঞাপত্র, ডাক (আদাঃ)।

সফেদ…ণ. (ফা॰)। শ্বেত। সফেদা…ষ্য. (ফা॰)। শাদা গুঁড়া; সীস ধাতুজাত শাদা দ্রব্যবিশেষ (white lead); চাউলের গুঁড়ি। সফেদী করা…ঘরে চুন-কাম করা।

সব…ণ. (সং সর্ব। হিং সব, ওং সবু।) সকল, প্রঃ—সব লোক, সব গাছ, সব ধান, সব মাটি। সব বিশেষ্যের পরেও বসে, যথা, লোক সব গিয়াছে,—লোক গিয়াছে, সব গিয়াছে; গাছ সব মরিয়াছে, গাছ মরিয়াছে সব মরিয়াছে। সব…ষ্য. সমূহ, প্রঃ—পাখী সব করে রব; বহুবচনের প্রত্যয়বিশেষ, প্রঃ—আমা সব—আমরা (প্রাচীন বাং)। কারকের বিভক্তি বসিলে সবা হয়, যথা, আমা সবার, আমা সবাকার কথা স্বতন্ত্র। সবই…(ই নিশ্চয়ে)। (মানুষ ব্যতীত) অন্য সমস্ত, প্রঃ—টাকা কড়ি ধান কাপাস গোরু বাছুর সবই গেল। সব-চুর…সর্ব কুক্রিয়াতে দক্ষ। সব-জান্তা … সর্বজ্ঞ। সব-লোট … সব লুঠিয়া ভোগ করে যে, লম্পট। সব-শুভ… সর্ব-বিষয়ে শুভকর; সর্বদা। সবাই…(সং সর্বন্ শব্দের বহুবচনে সর্বা। সর্বেসর্বা দেখ। ই নিশ্চয়ে)। সর্বলোকই। সবে…ষ্য. সবাই, প্রঃ—তোমরা সবে যাবে সমান আদর পাবে।…সাকল্যে, প্রঃ—সবে দশ টাকা মাত্র, সবে ধন নীলমণি। (সভ, সভা দেখ।

সব…অব্যয়. (ইং sub—under)। শব্দের পূর্বে বসিয়া নিম্নত্ব বুঝায়। যথা, সব্-ইন্স্-পেক্টর, সব্-জজ, সব্-ডিপুটী, সব্-রেজিষ্ট্রার।

সব্জা…ষ্য. (ফা॰। তু॰ সং হরিতক)। শাক। সব্জী…ষ্য. (ফা॰)। শাক। শাক-সব্জী …(সহচর শব্দ)। শাক (vegetables)। সব্জী…ষ্য. (ফা॰)। ভাঙ্গ, সিদ্ধি।

সবা…সব দেখ।

সবাই…ষ্য. (? ও॰)। বাবই ঘাস। (ইং-তে sabai নাম হইয়াছে)।

সবুজ…ণ. (ফা॰ সব্জা)। হরিতবর্ণ।

সবুর…ষ্য. (আ॰ সবর, সাবির)। ধৈর্য। সবুর করা—ধৈর্য ধরা। সবুরে মেওয়া ফলে—ধৈর্যশীলের ফল-লাভ হয়। সবেবরাৎ…ষ্য. (ফা॰ ষব-শর্বরী, আ॰ বরাৎ—মোচন; ষব-বরাৎ—পাপ মোচনের রাত্রি)। মুসলমানী পর্ববিশেষ।

সভ…ষ্য. (সং সর্ব হইতে। প্রাচীন বাং, বর্তমান গ্রা॰)। সমুদায়, প্রঃ—"জার জেই মনোরথ সভ সিদ্ধ হব।" বিভক্তি বসিলে সভা হয়, প্রঃ—সভাকার কপালে মরণ আছে লেখা (মাঃ)। সভা…বহু-বচনের প্রত্যয়সরূপ, প্রঃ—আমা-সভা তেয়াগিয়া (জ্ঞানদাস)। সভে…সকলে, সকল লোকে, প্রঃ—শুং পুঃ; সভে দোষ সীমন্তিনী সবে স্বতন্তরা (মাঃ)।

সভরেন…ষ্য. (ইং sovereign)। ইংরেজী স্বর্ণমুদ্রা, চলিত বাংতে নাম গিনি।

সভা…ষ্য. (সং। সম্যক্ ভাতি সভা, সহ মিলিতা ভাতি অত্র ইতি সভা—অঃ টীঃ। অমরে অর্থ, শালা (চালা), পরিষদ্‌গোষ্ঠী; সভা সমিতি সংসদঃ, সভা সংসদি সভ্যে চ। সভা সামাজিকে গোষ্ঠ্যাং দ্যুতে মন্দিরয়োরপি—অঃ। বাংতে কেবল এক অর্থ)। গোষ্ঠী, সমিতি। সভা-সমিতি…ষ্য. (সং। সহচর

শব্দ)। সভা ! সভা-পতি···ষ্য. (সং)। সভা-নায়ক। সভ্য···ষ্য. (সং)। সভা-জন। সভাজন···ষ্য. (সং)। সভ্য, সভাসদ্। (২) (সং সভাজ ধাতু হইতে)। গমনাগমনাদি সময়ে সুহৃদাদির আলিঙ্গন আরোগ্য প্রশ্ন স্বাগতাদি দ্বারা আনন্দোৎপাদন, আপ্রচ্ছন (salutation, congratulation)। সভাসদ্···ষ্য (সং)। সভ্য, পার্ষদ।

সভা (গ্রাং)···সোভা দেখ।

সভ্য···ষ্য. সভা দেখ।···ণ. সামাজিক। বিপঃ—অসভ্য। সভ্য-ভব্য···ণ. (সং। সহচর শব্দ)। সামাজিক, শিষ্টশান্ত। সভ্যতা···ষ্য. (সং)। শিষ্টাচার, আচার সৌজন্য; বিদ্যাকলাদির প্রকর্ষ হেতু দিনযাত্রার উৎকর্ষ (আধুনিক অর্থ)। পাশ্চাত্য সভ্যতা, বিলাতী সভ্যতা···ইয়ুরোপের বর্তমান আচার-ব্যবহার ও লোকযাত্রা।

সম···ষ্য. (সং সমঃ)। তাল দেখ।

সমক্ষে···ব্য. (সং সমক্ষৎ)। দৃষ্টিতে, সম্মুখে।

সমগ্র···ণ. (সং)। সমস্ত।

সমজ, সমুঝ···ধাতু. (হিং সমঝ, ওং সমুজ, মং সমজ। সং সম্+বুধ ধাতু)। সমজি, সমুঝি—সম্যক্ বুঝি, বিবেচনা করি, প্রঃ—কানু সমঝাইতে হাম চলি যাই (বিদ্যাপতি), প্রভুর গম্ভীর বাক্য আচার্য্য সমুঝে (চৈঃ চঃ)। সমজা, সমুঝা॥ সমজা, সমুঝা···ধাতু. (সমজ, সমুঝ ধাতু আস্তে)। সমজানা, সমুঝানা॥ সমজদার···ষ্য. (ফাং দার)। অভিজ্ঞ।

সমঞ্জস···ণ. (সং—অঃ)। উচিত, সমীচীন। বিপঃ অসমঞ্জস। সামঞ্জস্য···ষ্য. (সং)। ঔচিত্য; সম্মেলন, সঙ্গতি, সমাধান।

সমতুল···ণ. (সং)। সমতুল্য।

সমন্ত, সোমন্ত···ণ. (সং সমর্থ)। স্বামী গৃহে বাস করিতে সমর্থা (নারী)।

সমধ্ব···ণ. (সং)। সঙ্গে গমনকারী। সমধ্বে, (গ্রাং সমিধ্বে)···গমনকালে সঙ্গে, প্রঃ—রামের সমিধ্বে তুমি আসিবে।

সমন···ষ্য. (আং। ইং summons)। আদালতে আহ্বান। সমন জারি করা—আহ্বান-আদেশ শোনানাং।

সম্‌ভাব···ষ্য. (সং সমভাব)। সমতা; সাদৃশ্য।

সমভিব্যাহার, (গ্রাং সমিভ্যার)···ষ্য. (সং)। সঙ্গ, সহিত।

সময়···ষ্য. (সং। সময়—শপথ আচার সিদ্ধান্ত সংবিৎ ক্রিয়াকার নির্দেশ সঙ্কেত কাল ভাষা—মেঃ। ইহা ছাড়া, সম্পৎ, নিয়ম, অবসর—হেমঃ। বাংতে এত অর্থ চলিত নাই)। কাল, প্রঃ—সে সময়ে কেহ ছিল না; অবসর, প্রঃ—এখন আমার সময় নাই; যোগ্য কাল, প্রঃ—সময়ে ছুটা বলিবে; ক্রিয়াকার, চুক্তি, প্রঃ—আমার সঙ্গে সময় করিয়া কাজ লইয়াছে; শেষ, জীবনশেষ, প্রঃ—তাঁহার সময় (কাল) হইয়াছে। সময়-শীরে···(মংতেও), যোগ্য কাল-মাথায়, যোগ্যকালে। তিলমাত্র সময় নাই—(তিল দেখ। সংতে তিলে কালভাগ নাই)। অত্যল্প কাল। মাথা চুলকাইবার সময় নাই—অত্যল্প অবসর। মরিবার সময় নাই—যে মরণ সর্বকালে ঘটিতে পারে, তাহারও সময় নাই।

সমর্প···ধাতু. (সং সমর্পণ হইতে। সঁপ ধাতু দেখ)। সমর্পি—স্থাপন দান করি। (পদ্যে)।

সম্‌-সম্‌···ণ. (সং সম)। সমান, যথা-আবশুক, প্রঃ—খাদ্য দ্রব্য সম্‌-সম্‌ হইয়াছে ; যথাযোগ্য, প্রঃ—সম্‌-সম্‌ কালে উপস্থিত।

সম-সর···ণ. (সং সম+সদৃশ। তুং ওং সরি অতএব মূলে সহচর শব্দ)। সদৃশ।

সমস্ত···ণ. (সং)। সমাসযুক্ত, প্রঃ—সমস্ত পদ ; সকল।

সমস্যা···ষ্য. (সং। সমস্যা তু সমাসার্থা। সমস্যতে সংনিপাত্যেঽনয়া—অঃ টীঃ)। শ্লোকপূরণার্থে প্রশ্নোত্তররূপ সংক্ষিপ্ত বাক্য, সংক্ষিপ্তার্থ বাক্যপূরণ, প্রঃ—পণ্ডিতে পণ্ডিতে কথা সমস্যা পুরিয়া। কথার বিস্তারে সমস্যার পূরণ হয়। (২) কূট প্রশ্ন, ইতি-কর্তব্য নিরূপণের প্রশ্ন।

সমাচার···ষ্য. (সং সম্‌+আচার—সমান আচার, যোগ্য আচার। ওং হিং)। সংবাদ (সং)।

সমাজ···ষ্য. (সং)। সভা, প্রঃ—ব্রাহ্ম সমাজ, আর্য্য-সমাজ ; শিষ্টাচারসম্পন্ন জনগোষ্ঠী, প্রঃ—খানাকুল-কৃষ্ণনগরে সমাজ আছে ; সমূহ, প্রঃ—মানব-সমাজ, পশু-সমাজ। সমাজিক, সামাজিক···ষ্য. (সং)। সমাজের বা সভারসভ্য। আর্য-সমাজ···দয়ানন্দপ্রতিষ্ঠিত একেশ্বরবাদী ও বৈদিক সমাজ। ব্রাহ্ম-সমাজ··· রাজা রামমোহন-রায়-প্রতিষ্ঠিত একেশ্বরবাদী সমাজ। ইহার তিন শাখা—আদি-ব্রাহ্মসমাজ, নববিধান-সমাজ, সাধারণ-ব্রাহ্মসমাজ।

সমাধ···ধাতু. (সং সম্‌-আ-ধা ধাতু)। সমাধি—সমাধান করি, নিষ্পত্তি, প্রতিকার করি। সমাধা॥ (পদ্যে)। সমাধা···ষ্য. (সং)। নিষ্পত্তি, বিরোধ ভঞ্জন, প্রতিকার। সমাধি···ষ্য. (সং)। নিয়ম ; ধ্যান ; ইন্দ্রিয়-নিরোধন, প্রঃ—তিলে কতবার দেখি স্বপন সমাধি (জ্ঞানদাস)—এখানে ধ্যান দ্বারা প্রাপ্ত দর্শন। (ইহা হইতে আগাং সমাজিক—স্বপ্ন) ; সমাধিস্থ হইয়া দেহত্যাগস্থান (এই অর্থে সন্ন্যাসীর সমাধি হয়—দেহ ভূগর্ভে নিহিত হয়)। সমাধি-মন্দির··দেহ-ত্যাগস্থানে রচিত চৈত্য।

সমান··ণ. (সং)। সম, এক।

সমাপ···ধাতু. (সং সম্‌+আপ্‌ ধাতু)। সমাপি—সমাপন, সমাপ্তি করি। (পদ্যে)।

সমারোহ···ষ্য. (সং)। অত্যুন্নতি (সং); আরোহণ ; জাঁকজমক (বাং)। সমারোহ ব্যাপার···(বোধ হয় অশ্বগজাদি যানে আরোহণ হইতে) বৈভবব্যঞ্জক ব্যাপার, জাঁকজমক। (ওংতেও)।

সমিন্ধে··সমধ্ব দেখ।

সমিভ্যারে···ব্য. (সং সমভিব্যাহার)। সহিত।

সমীপ···ণ. (সং)। নিকট। সমীপেষু···(সমীপে—অধিকরণ কারক প্রায় অব্যয়-স্বরূপ। মান্যে বহুবচনে সমীপেষু)। নিকটে।

সমীহা···ষ্য. (সং সমীহা—সম্‌ ঈহ্‌ ধাতু—চেষ্টা, ইচ্ছা। বোধ হয় সং সমীক্ষা—দৃষ্টি, বিবেচনা হইতে)। সম্ভ্রম-প্রদর্শন, প্রঃ—সভেই সমীহা তারে করে সর্ব্বমতে (নব-দ্বীপ পরিক্রমা): বিপঃ অনীহা।

সমুখ···ণ. (সং সম্মুখ, সমক্ষ)। সম্মুখ। সমুখে···সম্মুখে, সমক্ষে।

সমুচয়···ষ্য. (সং সমুচ্চয়)। সমাহার, রাশি, সমুদয়।

সমুদ্র, (প্রাং সুমুদ্দ)···ষ্য. (সং)। সাগর ; ৭

অঙ্ক। সাত সমুদ্র তের নদী পার হইয়া— সপ্ত সমুদ্রে পৃথিবী পরিবেষ্টিত (পুরাণে), পৃথিবীতে নদীও অনেক। পৃথিবীর এক প্রান্ত হইতে আসিতে সাত সমুদ্র ও বহু নদী পার হইতে হয়। অতএব, বহু বহু দূর হইতে। দৃষ্টান্তে, সমুদ্রতে শয্যা যার শিশিরে কি ভয় তার—চারিদিকে নানা বিঘ্নের মধ্যে অল্প বিঘ্নে কাতরতা বৃথা।

সমুদ্রফেনা···ষ্য. (সং সমুদ্রফেন। অন্য সং নাম হিণ্ডির)। সমুদ্রের শম্বুকাদিবর্গের প্রাণীবিশেষের পঞ্জর বা কঙ্কাল (cuttle-fish bone. Sepia)। কর্ণপীড়াদি রোগে ইহা ঘষিয়া প্রলেপ দেওয়া হয়।

সমূহ···ষ্য. (সং)। সমুদয় ; বিস্তর, প্রঃ—সমূহ ক্ষতি—ক্ষতি বিস্তর (ণ. রূপে)।

সমেত···ণ. (সং)। সংযুক্ত ; সহিত, প্রঃ—মাশুল সমেত দাম।

সম্পর্ক, (গ্রা° সম্পক্ক)···ষ্য. (সং)। সংসর্গ, সম্বন্ধ, প্রঃ—গ্রাম সম্পর্কে মামা হয়—এক গ্রামে বাস হেতু পরস্পর পাতানা সম্বন্ধে। সম্পর্কীয়···ণ. (সং)। সম্বন্ধীয়।

সম্পাদক···ষ্য. (সং)। নিষ্পাদক ; সভা-সমিতির কর্ম-নিষ্পন্নকর্তা ; পুস্তকাদির সঙ্কলনকর্তা। সম্পাদিত···ণ. (সং)। নিষ্পাদিত।

সম্পিতি (গ্রা°)···ব্য. (সং সম্প্রতি)। সম্প্রতি, প্রঃ—সত্য যদি করিলে সম্পিতি দেহ মাথা (মাঃ)।

সম্পোষ্য···ণ. (সং সম্—পোষ্য শব্দের সহিত বাং অর্থে মিল নাই। কিন্তু পোষা ধাতু দেখ)। বাস-সুবিধাযোগ্য, প্রঃ—বাড়ীর সমুখের জমি আমার সম্পোষ্য।

সম্প্রীত···ষ্য. (সং সম্প্রীতি। ই লুপ্ত)। সম্প্রীতি, প্রণয়।

সম্বৎ···ষ্য. (সং সংবৎ)। বিক্রমাদিত্য-প্রবর্তিত অব্দবিশেষ। ইহার আরম্ভ চৈত্র শুক্ল প্রতিপৎ হইতে। খ্রিষ্টাব্দ+৫৭= সম্বৎ। বঙ্গদেশে সম্বৎ চলিত নাই।

সম্বৎসর···ষ্য. (সং সংবৎসর)। বৎসর।

সম্বন্ধ, (গ্রা° সম্মন্ধ)···ষ্য. (সং। ওং হিং গ্রা° সমন্ধ)। সংযোগ, সম্পর্ক ; বিবাহাদি সম্বন্ধ। সম্বন্ধ করা—বিবাহ-সম্বন্ধ করা, প্রঃ—সম্বন্ধ করিয়া কর আমার উদ্ধার (কবিকঃ)। সম্বন্ধ ভাঙ্গা—বিবাহ সম্বন্ধ নিবারণ করা, প্রঃ—যেমতে সম্বন্ধ ভাঙ্গা যায় (কবিকঃ)। সম্বন্ধী···ষ্য. (সং সম্বন্ধিন্। ওং সমুদী, হিং সম্ধী—বৈবাহিক)। বিবাহ দ্বারা কুটুম্ব, শ্যালক। শালা-সম্বন্ধী···(সহচর শব্দ)। শ্যালক।

সম্বর···ধাতু. (সং সম্ বৃ ধাতু)। সম্বরি··· সংবরণ করি, প্রঃ—কেহ কান্দে ঊর্দ্ধমুখে না সম্বরে বাস (মাঃ) ; সংগোপন করি, প্রঃ—ক্রোধ সম্বরিয়া ; নিবারণ করি, প্রঃ—তেলে মাছ সম্বরা—মাছের গন্ধ তেলে নিবারণ বা গোপন করা। সম্বরা ॥

সম্বরা···ষ্য. (ওং পঘার, হিং বঘার, সং প্রাঘার। বাংতে সম্বর ধাতু হইতে)। তেলে মৎস্যাদি ভাজা ; ভাজিবার সময় যে মশলা দিয়া গন্ধ গোপন করিতে পারা যায়, ফোড়ং। সম্বরা··ধাতু. (সম্বর ধাতু আস্তে)। সম্বরানা ॥

সম্বর্ধনা, (গ্রা° সম্বদ্ধনা)···ষ্য. (সং সংবর্ধন সংবর্ধনা)। সম্যক্ বৃদ্ধি ; সম্মানন।

সম্বল ··ষ্য. (সং—পাথেয়)। পাথেয়, প্রঃ—

পথের সম্বল ; জীবিকার উপকরণ, প্রঃ—ঘরে এক কড়ার সম্বল নাই। বিপঃ, নিঃ-সম্বল (ণ.)।

সম্বল, সফেস সম্বল...(আ° সম্মল ক্ষার)। সিমুল ক্ষার দেখ।

সম্বলিত...ণ. (সং° সংবলিত)। মিলিত, যোজিত।

সম্বাদ...ষ্য. (সং° সংবাদ)। সংলাপ; বাদ-বিচার ; বার্ত্তা ; সম্মতি ; সাদৃশ্য। সম্বাদী...ণ. (সং° সংবাদিন্)। সংলাপী ; সম, সদৃশ, প্রঃ—ধ্বনি-সম্বাদী বানান ; স্বর দেখ।

সম্বিৎ...ষ্য. (সং° সংবিদ্। সংবিৎ প্রতিপঞ্জ্ঞপ্তি চেতনাঃ—অঃ)। জ্ঞান, চেতনা, প্রঃ—কৃত্তিঃ।

সম্বিধান...ষ্য. (সং° সংবিধান)। ব্যবস্থা, রচনা ; আয়োজন, সংঘটন।

সম্বেশ...ষ্য. (সং° সংবেশ)। নিদ্রা, প্রঃ—শার্দ্দূল অশন পেয়ে সম্বেস গেছিল (মাঃ)।

সম্বোধ...ধাতু. (সং° সম্বোধন হইতে)। সম্বোধি—আহ্বান করি। (পদ্যে)।

সম্ভব...ষ্য. (সং° সম্ভব)। জন্ম, উৎপত্তি, প্রঃ—কুমার-সম্ভব ; কারণ, সম্ভাবনা ; যোগ্যতা।...ণ. উৎপন্ন ; (বাং°তে) শক্য, সম্ভাব্য। (সম্ভব ষ্য. বলিয়া কেহ কেহ সম্ভবপর শব্দ রচনা করিয়াছেন)। বিপঃ, অসম্ভব। প্রঃ—কালের গতিকে অসম্ভবও সম্ভব হয়। সম্ভব...ধাতু. (সং° সম্-ভূ ধাতু সম্ভবতি)। সম্ভবি—উৎপন্ন সাধ্য হই, ঘটি, প্রঃ—"সকল সম্ভবে তাঁতে।" সম্ভবা ॥ সম্ভাবনা, (প্রা° সম্ভাপনা)...ষ্য.(সং° সম্ভাবনা)। চিন্তা ; যদি এমন হয়, এই তর্ক ; যোগ্যতার অধ্যবসায় ; যোগ্যতা, শক্যতা, প্রঃ—চারি কড়া সম্ভাবনা তোর ঘরে নাই (কবিকঃ)।

সম্ভার...ষ্য. (সং°)। সংগ্রহ, সমূহ, প্রঃ—দ্রব্য-সম্ভার ; উপকরণ।

সম্ভাল...সামাল, সামালা ধাতু দেখ।

সম্ভাষ...ধাতু. (সং° সম্-ভাষ ধাতু)। সম্ভাষি—পরস্পর কথোপকথন করি। সম্ভাষা ॥ সম্ভাষ, সম্ভাষণ...ষ্য. (সং°)। আলাপ, কুশলবাদ ; অভিবন্দন। সাদর-সম্ভাষণ...আদরপূর্বক অভিবাদন।

সম্ভেদ...ষ্য. (সং°)। ভেদন ; মিলন (বিদ্যাপতি)।

সম্ভ্রম...ষ্য. (সং°। মূলার্থ, ঘূর্ণন, ভ্রান্তি। সম্ভ্রমঃ সাধ্বসেঽপি স্যাৎ সংবেগাদরয়োরপি—মেঃ)। ভয় ; ব্যস্ততা, হর্ষভয়াদিজনিত আবেগ, প্রঃ—না করয়ে সম্ভ্রম না করয়ে লাজ (বিদ্যাপতি), মান, আদর।

সম্ভ্রান্ত...ণ. (সং°)। সম্যক্ ভ্রান্ত ; সম্ভ্রমযুক্ত, আদরণীয়।

সম্রাট...ষ্য. (সং° সম্রাজ শব্দের প্রথমার এক-বচনে। বাং°তে এই প্রকার হয়)। রাজাধি-রাজ। সম্রাজ্ঞী...ষ্য. (বাং°। রাজ্ঞী শব্দ সাদৃশ্যে)। সম্রাটপত্নী ; সর্বভূমীশ্বরী।

সয়তান...শয়তান দেখ।

সয়লা...ষ্য.(সখী—সই+লা=সইলা—সয়লা। হিং° সহেলী। তুং° মিতালি)। নারী-সখ্য-বন্ধন, সখ্যবন্ধন-উৎসব (শিবের গাজনের সময়)।

সয়াল...ষ্য. (সয়লা দেখ। সখী+আল—সই-আল—সয়াল। বোধ হয় সয়ালি সংক্ষেপে)। আনন্দোৎসব, প্রঃ—আছিল মনের সাধ বিধাতা সাধিল বাদ, সকল

সয়াল গেল দূরে (মাঃ)। সয়ালী···সাত-সয়ালী দেখ।

সয়াল (গ্রা°)···সওয়াল দেখ।

সর···ষ্য. (সং শর, সর)। শর দেখ।

সর··ধাতু. (সং স্থ ধাতু গতি)। সরি—চলি, নড়ি, প্রঃ—সরিয়া দাঁড়াও; পলায়ন করি, প্রঃ—সর, সেনা আসিতেছে; নিঃসরণ করি, নিঃসৃত হই, প্রঃ—কলসীর ফুটা দিয়া জল সরে না, মাটির ফাট দিয়া জল সরিতেছে; প্রসৃত হই, সঞ্চরণ করি, প্রঃ—জলে তেল সরিয়া যায়; অপসৃত হই, সমাপ্ত হই, প্রঃ—কাজ সরিয়াছে (ও°তে বহু প্রচলঃ), হেন কালে ভোগ সরি আরতি বাজিল (চৈঃ চঃ)। (সকর্মক) সরি –উপযোগ,উপভোগ করি,প্রঃ—আমরা এই ঘাট চিরদিন সরিতেছি। সরা॥ হাত-সরা বাটী ·· যে বাটী হাতের স্পর্শে আসিয়াছে, যে বাটী সর্বদা লাগিতেছে। সরা···ধাতু. (সর ধাতু আস্তে)। সরানা॥ সরানি···ষ্য.(সরা+পানি) নিঃসৃত জল। তেল-সরানি··ষ্য. জলে যে তেল ভাসিয়াছে। (সার ধাতু দেখ)।

সরকার ··ষ্য. (ফা° । ফা° সর—প্রধান। তু° সং.শির)। প্রভু, স্বামী, শাসন-কর্তা; সুবার অংশ, কয়েকটি পরগণা বা চাকলা লইয়া রাজস্ব আদায়ের বিভাগ; পাওনা টাকা আদায়কারী; পাঠশালার গুরুমশায়; ঘর-কন্নার পরিদর্শক। সরকারি···ষ্য. সরকারের কর্ম। সরকারী···ণ. রাজকীয়, প্রঃ—সঃ কাগজ, খাজনা, আমদানি, মাল; সাধারণ, প্রঃ—সঃ রাস্তা। বিল-সরকার···(ই° bill +সরকার)। পাওনা টাকা আদায় করিয়া বেড়ায় যে। সিপ-সরকার··(ই° ship)। জাহাজের মাল বিক্রয়ের টাকা আদায় করিয়া বেড়ায় যে।

সরখেল ··ষ্য. (ফা° সরখয়ল, ফা° সর—শির, খয়ল-সেনা; সেনাপতি)। উপাধিবিশেষ, প্রঃ—সরখেল হঞা তুমি করিছ সমাধান (চৈঃ চঃ)।

সর্-গরম···ণ. (ফা°)। প্রস্তুত, ব্যগ্র। আসর সর-গরম—লোকসমাকুল।

সর্-গুজা, সর্-গোজা, গোঁজা···ষ্য. (ভারতের মধ্যপ্রদেশের সর্-গুজা নামক রাজ্যের নাম হইতে। কোথাও কোথাও বলে রামতিল)। সোমরাজাদি বর্গের কৃষিজাত বর্ষায়ুঃ শাক-বিশেষের তৈলবীজ (niger seed)। ইহার গাছের (Guizotia abyssinica) আদি-বাস আফ্রিকা কিন্তু ভারতের প্রায় সর্বত্র কৃষি হইতেছে। ফুল হলুদ, শীতকালে ধরে। ফল (বা বীজ) কিছু চাপা, লম্বা, মণকরা ১৩।১৪শের তেল ঝরে। সরিষা তেল অপেক্ষা পাতলা। বহু স্থানে এই তেল রান্নায় গায়ে মাথায় লাগে। জ্বালিতে, কলে দিতে,তেল রঙ্গ্ করিতে প্রচুর লাগিতেছে।

সর্জমিন, সরেজমিন···ষ্য. (ফা°)। ভূপৃষ্ঠ,স্থান।

সরঞ্জাম···ষ্য. (ফা°)। আবশ্যক উপকরণ, নির্বাহ, আঞ্জাম। সরঞ্জামী···ণ. সরঞ্জাম সম্বন্ধীয়।

সরট···ষ্য. (সং)। টিকটিকির তুল্য সরীসৃপ-বিশেষ (Mabuiania)। দেহ ৬।৭ আঙ্গুল, পুচ্ছ ১২।১৩ আঙ্গুল। খয়রাবর্ণ, তাহাতে কাল দাগ বা ডোরা থাকে।

সরণা···পুঠী মাছ দেখ।

সর্তাল···ষ্য. (হি°)। পরতাল জরিপের পর তৃতীয় জরিপ।

সর্‌দল···শর্‌দল দেখ।

সর্‌দার···সর্দার দেখ।

সর্‌-দেওয়াল···ষ্য. (ফা° সর—প্রধান। ঢাকার ছার দেয়াল)। গৃহের পশ্চাৎভাগের কাঁথ।

সর্‌পেচ···ষ্য. (ফা°)। পাগড়ীর অলঙ্কার বিশেষ।

সর্‌পোষ···ষ্য. (ফা°)। ঢাকনী, পাত্রের আবরণ।

সর্‌ফরাজ···ষ্য. (ফা°)। গর্ব। সরফরাজি···ষ্য. আস্ফালন, অনাবশ্যক মঁড়লি।

সর্‌বৎ···ষ্য. (আ° র্ষবৎ)। শর্করা-পানক। সর্‌বতী···নেবুবিশেষ।

সর্‌বরা, সর্‌বরাহ···ষ্য. (ফা° সর্‌বরাহ)। রাজার কর্ম-নির্বাহ, সংগ্রহ। সর্‌বরাহকার···ষ্য. (ফা°)। কর্মনির্বাহক; উপকরণ-সংগ্রাহক। পূর্বে জমিদারের এক কর্মচারী ছিল।

সরম···ষ্য. (ফা° ষর্‌ম্‌। তু° সং সম্ভ্রম—মান, ইহা হইতে লজ্জা)। লজ্জা, প্রঃ—সরমে মরমের কথা কওয়া গেল না (নিধুবাবু)। ভরম-সরম···(স° ভ্রম সম্ভ্রম। সহচর শব্দ)। সম্ভ্রম ও লজ্জা। বে-সরম···লজ্জাহীন।

সরল···ণ. (স°)। ঋজু; সৎ, সাধু; উদার, অধূর্ত।···ষ্য. (স°)। হিমালয়ের উচ্চ তরু-বিশেষ (Pine. Pinus longifolia)। দেবদারুসদৃশ গাছ। কাঠ আপীত বলিয়া এক স° নাম পীতদ্রু, সুগন্ধ বলিয়া পূতি-কাষ্ঠ। এই কাঠ চোআইয়া তার্পিন (স° সরলদ্রব) হইতেছে। সরল পুঠী—সরণা পুঠী। পুঠী দেখ।

সরস (গ্রা° সরেস)···ণ. (স°)। রসযুক্ত; সুস্বাদু; সুন্দর মনোহর, প্রঃ—সরস বসন্তে; কাপড়খানি সরস। (সরেস দেখ)।

সর্‌সর···ব্য. (স° সৃ ধাতু° গতি)। দ্রুত ধাবনে, প্রঃ—সর্‌সর করিয়া জল বহিয়া যাইতেছে, বাতাস বহিতেছে, সাপ চলিয়া গেল। (সড়্‌-সড়—সর্‌-সর শব্দে) প্রঃ—সর্‌-সর্‌ সরে বাঘের ছাল (ভাঃ)।

সরা···ষ্য. (স° সরাব, শরাব)। শরা দেখ। ···সর ধাতু দেখ।

সরাই···ষ্য. (ফা° সরাঈ)। পান্থশালা, উপ-কারিকা (স°)।

সরাকৎ···শুরাকৎ দেখ।

সরানি···সর ধাতু দেখ।

সরাব···শরাব দেখ।

সরাসরী···ণ. (ফা°)। সংক্ষিপ্ত, স্থূল, প্রঃ—সঃ বিচার (summary আদাঃ)। সঃ মকদ্দমা···সাক্ষীর জবান-বন্দি ইত্যাদি না লিখিয়া ক্ষিপ্রভাবে বিচার্য মকদ্দমা।

সরি, সঁর···ষ্য. (স° সদৃশ? তু° আসা° ও° সরি, হি° সরীখা। পূর্ব সদৃশ করা—সরি করা?)। সংস্কার, মেরামৎ, প্রঃ—জিনিষ সরি করা—ভাঙ্গা মেরামৎ করা।

সরিক, শরিক···ষ্য. (আ° ষরীক)। অংশী, অংশগ্রাহী; অংশ। সরিকানা···ষ্য. অংশে প্রাপ্য। সরিকী···ণ. সরিক সম্বন্ধীয়, যাহার অংশ ভাগী আছে। সরিকদার···ষ্য. অংশী।

সরিফ···শরিফ দেখ।

সরিষা, সর্ষা···ষ্য. (স° সর্ষপ। সরতি দ্রবতাং গচ্ছতি—অঃ টীঃ। সর্ষপ সরিষপ হইতে সরিষা, ও° সোরিষ, হি° সর্সোঁ, মঃ মোহরী)। কৃষিজাত তৈলবীজ বিশেষ (rape seed)। সরিষার নানা জাতি আছে, কিন্তু সরিষা বলিলে এক জাতি (Brassica napus) বুঝায়। ইহার

গাছের পাতায় বোঁটা ও লোম নাই। বিহার ও উত্তর-বঙ্গে ইহার নাম তোরী (সং তুবরী)। এই সরিষার খোষায় গোল গোল রেখা আছে। রাই···ষ্য. (সং রাজিকা, রাজ সর্ষপ। রাজিকা বীজে রেখা আছে বলিয়া নাম)। এই সরিষা ছোট এবং লাল খয়রা। তেল উগ্র বলিয়া এক নাম ঝুনি (Indian mustard)। ইহার গাছের (B. juncea) পাতা গোড়ার দিকে ক্রমশঃ সরু। শ্বেত-সরিষা···(সং শ্বেতিক্ষা; প্রচলিত সং নাম সিদ্ধার্থ)। ইহা শ্বেতবর্ণ; এক জাত পিঙ্গল-বর্ণও আছে। কিন্তু বড় বড় বলিয়া সরিষা হইতে সহজে পৃথক করিতে পারা যায়। ইহার গাছও (B. campestrls) বড়। শুঁটীও মোটা। পাতার বোঁটা ডাঁটাকে বেড়িয়া থাকে। পাতায় লোম নাই। কোথাও কোথাও ইহাকে শ্বেতী বলে (Indian colza or sarson)। (ভারতবর্ষে প্রকৃত mustard—B. nigra উৎপন্ন হয় না। লোকে ভুল করিয়া rape oil কে mustard oil বলে। তিন জাতির বীজে mustard oil আছে বটে, কিন্তু কেবল তাহা নহে। রাই-সরিষাতেই এই তেল অধিক আছে)। কথায়, চোখে সরিষা ফুল দেখা—সরিষা ফুল হলুদ। দুর্বলতায় কিংবা মাথায় আঘাত লাগিলে ঘুরিয়া পড়িবার সময় চোখে হলুদ আলো দেখায়। ইহা হইতে বিপদে বুদ্ধিহীন হওয়া। দৃষ্টান্তে, রাই কুড়ায়ে বেল—তুং তিল কুড়ায়ে তাল। ভিটায় সরিষা বোনা—অত্যাচার দ্বারা বাস উৎসন্ন করিয়া।

সরু···ণ. (সং সরু-খড়্গামুষ্টি—অঃ। এই এক অর্থ। কিন্তু শব্দকল্পে, সূক্ষ্ম, ইতি ভূরি-প্রয়োগ। কিন্তু প্রয়োগ থাকিলেও অর্বাচীন হইবে। ওং সরু। হিং মংতে নাই। শরু দেখ)। ক্ষীণ, শীর্ণ; মোটার বিপরীত।

সরু-কুটিয়া, সরু-কুণ্টিয়া···শরু দেখ।

সরু-চাকলি···পিঠা দেখ।

সরুই, সুরাই···ষ্য. (আং সুরাহী—ঘটী)। মাটির কুজা।

সরুই পোকা···পোকা দেখ।

সরুনি ··ষ্য. (সর ধাতু হইতে। সরনি, সরানি অপভ্রংশে)। জলের পাশের যে পাঁকে পা সরিয়া যাইতে পারে।

সরুয়া···ণ. (সরু+উয়া)। সরু (প্রাচীন পদে। ওং)।

সরূপ ··ণ. (সং)। একরূপ, সদৃশ। (অন্য বানান, স্বরূপ)।

সরেজমিন ··সরজমিন দেখ।

সরে রাস্তা···(ফাং সর—প্রধান। সরকারী রাস্তা, বড় রাস্তা।

সরেস (গ্রাং)···ণ. (সং সরস। ওং সরসা, হিং সরস, মং সরসা)। সরস (দেখ)।

সরোকার ··ষ্য. (ফাং)। সম্বন্ধ, স্বার্থ, অংশ।

সর্জনা (গ্রাং সজ্জনা)···ষ্য. (সং সর্জন। ওংতে ও প্রচলঃ)। সৃষ্টি, সৃজন, প্রঃ—ঈশ্বরের সর্জনা, এ তোমার সর্জনা কথা—সৃষ্ট।

সর্ত···ষ্য. (শর্ত দেখ)। সম্বিদা, কড়ার।

সর্দার, (গ্রাং সদ্দার) ··ষ্য. (ফাং)। জাতির প্রধান বা নায়ক; চৌকিদার। স্ত্রীং সর্দারনী। সর্দারি ··ষ্য. সর্দারের কর্ম। সর্দারী···সর্দার-সম্বন্ধীয়।

সর্দী···ষ্য.(ফা॰ । হি॰ । তু॰ স॰ শরৎ । ও॰ সরদ, ম॰ সরদী)। শর্দি, শরদি (দেখ)।

সর্প, (প্রা॰ সপ্প)···ষ্য. (স॰)। সাপ।

সর্ব, (প্রা॰ সব্ব)···ণ. (স॰ সর্ব । সমুদয়। সর্বাঙ্গ···ষ্য. (স॰ সর্ব+অঙ্গ)। সমস্ত শরীর (শরীর অষ্টাঙ্গ)। সর্বগ্রাস,··· ষ্য. (স॰ সর্ব+গ্রাস।) সর্বগ্রহণ। সর্বজয়া···ষ্য. (স॰ সর্বজয়া)। হরিদ্রাদি বর্গের পুষ্পবিশেষ ইহার গাছ (Canna indica) জলা ভিজা মাটিতে ভাল জন্মে, কিন্তু জঙ্গাল হইয়া পড়ে। পাতা লম্বা। ফুল রক্তবর্ণ। (বাগানে নানা জাত হই-তেছে। ফুল পীত রক্তপীত প্রভৃতি নানা বর্ণের)। ফুলে একটি কেশর, তাহা এক দলের গায়ে সংলগ্ন থাকে। বীজ (Indian shot) গোলাকার। সর্বাধিকারী···ষ্য. স॰ সর্ব+অধিকারিন্)। সর্বাধ্যক্ষ, প্রাচীন কালের রাজার কর্মচারী (superinten-dent)। সর্বনাম···ষ্য. (স॰ সর্বনামন্)। অন্য শব্দের পরিবর্তে যে ইহা উহা সে আমি তুমি ইত্যাদি শব্দ বসে। (স॰ ব্যাকরণে এ অর্থ ছিল না)। সর্বনাশ ··ষ্য. (স॰ সর্ব+নাশ। ও॰তে সত্যা নাশ)। সকল নাশ। কি সর্বনাশ···কি বিপত্তি। সর্বনাশিয়া, সর্বনেশে···ণ. (সর্বনাশ+ ইয়া)। যাহাতে সকল নাশ হয়, প্রঃ— সঃ কথা; যে সকল নাশ করে, প্রঃ— সঃ মানুষ। স্ত্রী॰ সর্বনাশী, প্রঃ—আমি ছিলাম গৃহবাসী কেলে সর্বনাশী আমায় সন্ন্যাসী করেছে (রামপ্রসাদ)—কালী সর্বনাশী। সর্বসাধারণ···ণ. (স॰ সর্ব+ সাধারণ। সহচর শব্দ)। সাধারণ; সর্ব-ভোগ্য। সর্বোপরি···(স॰ সর্ব+উপরি)। সকলের উপরে, সর্বপ্রধান। সর্বে-সর্বা, (প্রা॰ সব্বে সব্বা)···ণ. (স॰ সর্ব শব্দের পু॰ বহুবচনে সর্বে, স্ত্রী॰ সর্বাঃ। ইহা হইতে)। এক-কর্তা, এক-নায়ক।

সরহদ্দ ·····ষ্য. (ফা॰ সরহদ)। সীমা।

সলপ ···ষ্য. (ও॰ নাম)। তালাদি বর্গের সুদৃশ্য বৃক্ষবিশেষ (Caryota urens)। পাতা বড় বড়, দ্বিধা পক্ষাকার। মঞ্জরী অতি দীর্ঘ। ত্রিহুত ও উত্তরবঙ্গে এবং ওড়িশার অরণ্যে জন্মে। ইহার কাণ্ড হইতে দেশী সাবু পাওয়া যায়। কোথাও কোথাও গোল-সাগু গাছ বলে। সুদৃশ্য বলিয়া লোকে বাগানে পুকুর-পাড়ে রোপণ করে।

সলা···ষ্য. (আ॰ সলাহ্)। পরামর্শ, যুক্তি। সলা-পরামর্শ···(সহচর শব্দ)। পরামর্শ। সলা ··ধাতু. সলাই—মন্ত্রণা দিই। সলানা॥ সলা-কলা···(কলা দেখ। সহচর শব্দ)। সলা ও শঠতা। সলানা কলানা···(সলা ও কলা ধাতু হইতে)। কাজে প্রবর্তিত করা।

সলিতা···ষ্য. (স॰ সরিৎ—সূত্র। তুঃ হি॰ সলিতা—নদী—স॰ সরিৎ। সং বর্তি—দীপ-শিখা। ও॰ বল্তিতা, হি॰ ম॰ বত্তী। পলিতা দেখ)। দীপের সূত্র কিংবা কার্পাস-বর্তি। (সলিতার তুল্য, পলিতা। যেমন পলিতা জ্বালাইয়া লণ্ঠন ধরানা হয়। তু॰ কামানে পলিতা দিয়া কাঁপাইল মাটি (মাঃ)। সলি-তানি···ষ্য. (সলিতা+কানি)। সলিতা করিবার কানি বা তেনা; তৎতুল্য সরু কানি।

সলমা···ষ্য: (ফা°)। ডাকসাজের চুমকী।

সশঙ্ক···ণ. (সং)। ভীত। সশঙ্কিত···ণ. (ভুলে। তু° একত্রিত। কিংবা সুশঙ্কিত)। শঙ্কিত, প্রঃ—রজনী প্রভাতে পিতা মাতা সশঙ্কিত (নবদ্বীপপরিক্রমা)।

স-শুভ্···ণ. (সং)। সুচারু, প্রঃ—কাজ স শুভ সম্পন্ন হইয়াছে।

স-সাজ···ণ. (সহ+সাজ)। সজ্জা সহিত, প্রঃ—স-সাজ ঘোড়া।

সসেমিরা···ষ্য. (সং দ্বাত্রিংশৎ-পুত্তলিকা পুস্তকে আছে, উজ্জয়িনীর রাজপুত্র একাকী বনমধ্যে বিপন্ন হইয়া রাত্রে এক ভালুকের সহিত মিত্রতা করিয়া পরে মিত্রদ্রোহী হন। তখন ভালুক রাজপুত্রকে চপেটাঘাত করিয়া স-সে-মি-রা এই চারি বর্ণ বলিয়া চলিয়া যায়। রাজকুমার ক্ষিপ্ত হইয়া সসেমিরা সসেমিরা উচ্চারণ করিতে থাকেন। পরে কবি কালিদাস বধূরূপ ধরিয়া শ্লোক পূরণ করেন, কুমারের চিত্তবৈকল্য দূর হয়। এই শ্লোকের প্রথম চরণে স, দ্বিতীয় চরণে সে, তৃতীয় চরণে মি, চতুর্থ চরণে রা ছিল)। সঙ্কটাবস্থা; আসন্নমৃত্যুর অবস্থা।

সস্তা···ণ. (সং স্বস্থ, স্বস্থ ? উর্দু ও° হি°। ম° স্বস্থ, স্বস্ত)। সুলভ। কথায়, সস্তার তিন অবস্থা···অল্প মূল্যের জিনিষ স্থায়ী হয় না।

সস্তেন (গ্রা°)···ষ্য. (সং স্বস্ত্যয়ন)। শান্তি নিমিত্ত পূজাবিশেষ।

সস্পণ্ড···ণ. (ই° suspend)। কিয়ৎ কালের নিমিত্ত অধিকার হইতে নিষ্কাশিত।

সহ, স···ধাতু. (সং সহ ধাতু)। (অকর্মক) সহি, সই—সহ্য হই, সাম্য হই, প্রঃ—পেটে ঘি সয় না। (সকর্মক) সহি, সই—ক্ষমা করি, প্রঃ—তার কথা সইতে পারি না; সহন করি, প্রঃ—কত জ্বালা সইতে হয়। সহা, সআ॥ হাত-সহা···ণ. যাহার স্পর্শ হাতে সহ্য হয়। গা-সহা···যাহা গায়ে সহ্য হয়, যাহার স্পর্শ আচরণে ক্লেশ হয় না, প্রঃ—নেউলটা গা-সহা হইয়াছে। সহা, সআ···ধাতু. (সহ, স ধাতু আছে)। সহানা, সআনা॥ প্রঃ—শরীরের নাম মহাশয় যা সহাবে তাই সয়—অভ্যাস দ্বারা সবই সাম্য হইতে পারে। সহীয়া···ণ. (সহ +ঈয়া)। সহনশীল, ধীর।

সহজ···ণ. (সং)। নিসর্গজ, প্রঃ—সহজ পীরিতি (চণ্ডীঃ), প্রকৃত, স্বাভাবিক, প্রঃ—সহজ মানুষও পাগল হয়; সুসাধ্য, সুবোধ্য, প্রঃ—সহজ কাজ কথা (তু° আ° সহল)। সহজ···ষ্য. (সং সহজ হইতে)। নিসর্গজ ভাব, প্রেম। সহজিয়া···ণ. (সহজ+ইয়া)। প্রাকৃতিক, প্রঃ—সহজিয়া ভাব (বৈষ্ণব-শাস্ত্রে)।

সহবৎ···ষ্য. (আ° সোহবৎ—সঙ্গী। তু° সহবর্তী)। সঙ্গগুণে অভ্যস্ত ব্যবহার।

সহবতি···ণ. (সং সহবর্তী। আ° সোহবৎ হইতে ?)। সঙ্গী, সভাসদ, প্রঃ—গোপাল দেয়ান সহবতি (ভাঃ)।

সহর···শহর দেখ।

সহরৎ···শহরৎ দেখ।

সহল···ণ. (আ°। তু° সং শ্লথ)। শিথিল, গতি-শিথিল।

সহায়···ষ্য. (সং)। সহচর; সাহায্যকারী। সহায়-সম্পত্তি, সহায়-সম্পদ···ষ্য. (সং। সহচর শব্দ)। সাহায্যকারী ও সম্পত্তি। সহায়তা···ষ্য. (সং)। সাহায্য।

সহি, সহী…স্ত্রী. (সং সখী)। সই।

সহি, সই…স্ত্রী. (আং সহী)। সম্মতি ; স্বীকার, প্রঃ—তাই সই—তথাস্তু ; স্বাক্ষর, নাম-লিখন। সহি-মোহর…স্ত্রী. নাম লিখন ও মুদ্রাঙ্কণ। সই-সুপারিস…পত্রলিখন ও প্রশংসা-বাচন (সুপারিস দেখ)।

সহিত…ণ. (সং)। সংযুক্ত ; হিতকর।…ব্য. সমভিব্যাহারে, প্রঃ—রামের সহিত যাও ; যোগে, প্রঃ—দেহের সহিত আঁটা।

সহৃদয়…ণ. (সং)। সদন্তঃকরণ। বিপঃ—দুর্হৃদয়।

সহেলী…স্ত্রী. (উর্দু। সখী+আলী, কিংবা তুং সং সহেল)। ভোগ্যা ক্রীতদাসী, প্রঃ—যুবতী সহেলী বান্দী (ভাঃ)। (অপ্রচলঃ)।

সহ্য…ণ. (সং)। সহনীয় ; সাধ্য।…স্ত্রী. (বাং। সং সহ্য—স্বাস্থ্য, সাহায্য, যোগ্যতা)। সহিষ্ণুতা, প্রঃ—সহ্যগুণ।

সা…প্রত্যয়. (সং সাদৃশ্য হইতে। হিং সা, ওং সরি, মং সরেখা। ফাং সাঁ ; অন্ত শব্দের সহিত যুক্ত হইলে সা—যেমন মরদ-সা—পুরুষ-সদৃশ)। সদৃশ অর্থে, প্রঃ—ধুম-সা—ধূম-সদৃশ। সা স্থানে চা হইয়া লাল-সদৃশ—লাল-চা।

সা…সাহা, সাহু দেখ।

সা…শাহ দেখ।

সা…স্ত্রী. (সং ষড়্জ)। ষড়জ স্বর। সারিগামা…ষড়্জ ঋষভ গান্ধার মধ্যম—স্বরসপ্তকের প্রথম চারি স্বর। সংক্ষেপে ষর্গমও বলে।

সাং…সাকিন দেখ।

সাঅর…স্ত্রী. (সং সাগর)। সাগর, সায়র।

সাধ…স্ত্রী. (সং সাধু)। সাধু. প্রঃ—দশ দিন চোরের এক দিন সাধের, চোর না সাধ ?

সাঁই…স্ত্রী. (সং স্বামী। ওং সাঁই, হিং সাঁই)। স্বামী, চাঁই।

সাঁই-সাঁই…ব্য. (শন্-শন)। শাঁ-শাঁ শব্দে, প্রঃ—সাঁই-সাঁই করি বাণ চলে ব্যোমপথে (কবিকঃ) ; শ্বাসবাধায় শব্দে, প্রঃ—গলা সাঁই-সাঁই করা।

সাইজ…স্ত্রী. (ইং size)। প্রমাণ।

সাইৎ…স্ত্রী. (সং আত্মসাৎ ? ওং সাইৎ ধাতু একত্র করা)। আত্মসাৎ করণ, প্রঃ—টাকা নিজে সাইৎ করিয়া নেকা সাজিতেছে।

সাইৎ…স্ত্রী. (আং সাআৎ)। অবকাশ, প্রঃ—কখন্ তোমার সাইৎ হবে, কে জানে ? ; জোগাড়,প্রঃ—টাকার সাইৎ (সাইদ্) করা।

সাইত্রিশ, সাঁইত্রিশ…স্ত্রী. ণ. (সং সপ্তত্রিংশ)। সাত অধিক ত্রিশ সঙ্খ্যা,-সঙ্খ্যক ; ৩৭।

সাইন…ণ. (ইং sign)। স্বাক্ষর, প্রঃ—দরখাস্ত সাইন করা। সাইন-বোর্ড…স্ত্রী. (ইং sign-board)। যে কাষ্ঠপট্টে নিজ ব্যবসায় কিংবা বিক্রেয় দ্রব্যের নাম লেখা থাকে।

সাউ…স্ত্রী. (সং সাধু)। উপাধিবিশেষ।

সাউকারি…স্ত্রী. (সং সাধুকারি। তুং হিং সাহুকার—সাধু)। সাধুতা, প্রঃ—তোমাকে এত সাউকারি করিতে হবে না।

সাউলী…স্ত্রী. (সং শস্কুলী)। চাকুলী পিঠা। মুগ-সাউলী—কৃত্তিঃ অযোং, কবিকঃ।

সাএব…সাহেব দেখ।

সাঁওতাল…স্ত্রী. (বোধ হয় সং সমতল হইতে। সাঁওতাল কোল মুণ্ডা ওরাওঁ প্রভৃতি এক জাতির বিভিন্ন শাখা। পূর্বকালে ইহাদের প্রবল প্রতাপ ছিল এবং ইহারা পর্বতের নিকটবর্তী সমতলে বাস করিত)। ভারত-

বর্ষের আদিম জাতিবিশেষ। স্ত্রী° সাঁওতালনী।

সাঁকাল…ষ্য. (স° শৃঙ্খল)। রজ্জুর শৃঙ্খল, প্রঃ—দুই গুণ (গৌণী) জুড়িতে মাঝে সাঁকাল দিতে হয়।

সাকিন্, সাকিম…ষ্য. ণ. (আ° সাকিন।) নিবাসী, প্রঃ—হাল সাকিন কটক—সম্প্রতি কটকনিবাসী; মোকাম। সংক্ষেপে সাং।

সাকুব…ণ. (বে-কুব বিপরীত। স-ওয়াকুফ)। বুদ্ধিমান্, সংসারাভিজ্ঞ।

সাকূত, (গ্রা° সাকুদ)…ষ্য. (স°)। অভিপ্রায়।

সাঁকো…ষ্য. (স° সংক্রম। ও° সঙ্ক, হি° সাঁখু, ম° সাঁকু সাঙ্কর)। ইট পাথরে নির্মিত সেতু।

সাক্ষর…ণ. (স°)। অক্ষরযুক্ত, প্রঃ—নাম সাক্ষর করা। (অশু বানান, স্বাক্ষর)।

সাক্ষাৎ…ব্য. (স°)। উৎস্থিতিতে, সম্মুখে ণ. স্পষ্ট, প্রঃ—সাক্ষাৎ ভাই—সহোদর। সাক্ষাৎ করা—দর্শন। সাক্ষাৎকার…ষ্য. (স°)। দর্শন।

সাক্ষি…ষ্য. (স° সাক্ষ্য)। সাক্ষ্য, প্রমাণ। সাক্ষী…ষ্য. (স° সাক্ষিন্)। প্রত্যক্ষকারী, দর্শক। সাক্ষি-সাবুদ…ষ্য. (সাবুদ দেখ। সহচর শব্দ)। সাক্ষ্য, প্রমাণ। সাক্ষী-গোপাল…পুরীর নিকটবর্তী এক গ্রামের সাক্ষী-গোপাল নামক শ্রীকৃষ্ণবিগ্রহ। লোকে বলে, ইনি এক দরিদ্র ব্রাহ্মণের পক্ষে সাক্ষ্য দিয়াছিলেন (চৈঃ চঃ)। ইহা হইতে, নিক্ষুর সাক্ষী। সাজানা সাক্ষী…মিথ্যা গড়া সাক্ষী।

সাগ্‌রেদ…শাগ্‌রেদ দেখ।

সাগু, সাবু…ষ্য. (মালয় ভাষায় সাগু, পর্তু° sagu, ই° sago। বা° হি° ও° সাবু। সাগু কদাচিৎ)। তালাদিবর্গের বৃক্ষবিশেষ (sago palm) হইতে প্রাপ্ত পালো। (সলপ দেখ)।

সাঙর…ণ. (স° শ্যামল)। শ্যামল, (প্রাচীন পদে)।

সাঙ্গা…শাঙ্গা দেখ।

সাঙ্গ…ণ. (স°)। সম্পূর্ণ, প্রঃ—বিদ্যা সাঙ্গ করিতে প্রথম° হৈল মন (কৃত্তিঃ)। বিপঃ—নিরঙ্গ। সাঙ্গোপাঙ্গ…ণ. (স° সহ-অঙ্গ সাঙ্গ+উপাঙ্গ)। অঙ্গ-উপাঙ্গযুক্ত, পূর্ণাঙ্গ। …ষ্য. সঙ্গী-সহচর।

সাঙ্গা, (গ্রা° সেঙ্গা)…ষ্য. (স° সঙ্গ—সহবাস। তু° মেঃ—লঙ্গাস্তু সঙ্গাঘিঙ্গায়োঃ—লঙ্গা—নাং, সঙ্গা—উপপতি)। নিম্নশ্রেণী হিন্দুর বিধবা বিবাহ। (ও°তে দ্বুতীয়—দ্বিতীয়-বিবাহ)।

সাঙ্গাত, সেঙ্গাৎ…ষ্য. (স° সঙ্গত হইতে। ও° সঙ্গাত্)। মিত্র, প্রঃ—সহচর সুবল সাঙ্গাত (জ্ঞানদাস)। সেঙ্গাৎ দেখ। স্ত্রী° সাঙ্গাতী, সাঙ্গাতিনী, সাঙ্গাৎনী—সাঙ্গাৎ-পত্নী; প্রঃ—সই-সাঙ্গাতী নাহি থাকে দেখে (দেখিয়া) দিগম্বর (কবিকঃ)।

সাঁচ…ষ্য. (স° সঞ্চ)। লিখিবার নিমিত্ত পাতা, যেমন তালপাতা।

সাচা…ণ. (স° সত্য)। সাচ্চা।

সাঁচা…ষ্য. (স° সংস্থান)। ছাঁচ বা ছাঁচা।

সাচিব্য…ষ্য. (স° সাচিব্য। আসা° সাইজ)। সাহায্য, প্রঃ—কাজে সাচিব্য হইবে; মূল্য-সুলভতা, প্রঃ—হাটে বেগুন সাচিব্য হইয়াছে।

সাচ্চা, সাঁচ্চা···ণ. (সং সত্য)। সত্য ; অকৃত্রিম। (২) প্রকৃত স্বর্ণময়।

সাজ···ধাতু. (সং সসৃজ, সজ্জ্ ধাতু। ইহা সন্জ—আসক্তি—ধাতুর রূপান্তর। সজ্জ, যোগ, সংশ্লেষ অর্থ হইতে সজ্জন, সজ্জা—সাঁজোয়া। সংসজ্জা ফা° সাজ)। (অকর্মক, সাজি—প্রস্তুত হই, প্রঃ—সাজিতে সাজিতে দোল ফুরায় ; বস্ত্রাদি পরিধান করি, বেশ করি, প্রঃ—সং সাজা, যাত্রাগানে হনুমান্ সাজে ; পরিচ্ছন্ন হই ; অস্ত্র শস্ত্রাদি আয়োজন করি, প্রঃ—সাজিল রণরঙ্গে ; আয়োজন উপকরণাদি করি ; শোভিত হই। (সকর্মক) সাজি—প্রস্তুত, উপকরণাদি-যুক্ত করি, প্রঃ—পান সাজা ; শোভা করি, প্রঃ—গয়না তাহাকে সাজে না। সাজা॥

সাজ···ষ্য. (সং সজ্জা, সজ্জন। ফা° সাজ)। সজ্জা, সম্ভার, সাধন, উপকরণ, পরিচ্ছদ, বেশ। সাজ-ঘর···যেঘরে যাত্রাগানের গায়ক কিংবা রঙ্গালয়ের অভিনেতা স্ব স্ব পরিচ্ছদ পরিধান করে, বেশগৃহ) সাজ-গোছ···(গোছ—কাচ ?)। পরিচ্ছদ। সাজ-সজ্জা ···(সজ্জা সজ্জা। কিংবা ফা° সাজ+সং সজ্জা। সহচর শব্দ)। সাজ। সাজ-সরঞ্জাম ···(সহচর শব্দ)। সজ্জা, উপকরণ, সাধন। সাজ-সোজ···(সোজ উপচর শব্দ)। সাজ। ঘোড়ার সাজ···ঘোড়ার সজ্জা, প্রসাধন। চাবির সাজ···তালা চাবিতে যে সজ্জা-সাধন থাকে। ডাক-সাজ···প্রতিমাদির রাংতার ভূষণ। রণ-সাজ···রণ-সজ্জা, যুদ্ধের প্রহরণ, সাঁজোয়া। সাজন···ষ্য. (সং সজ্জন)। প্রহরণাদি, প্রহরণাদি বন্ধন, প্রঃ—সমরে সাজন করে (মাঃ) ; প্রসাধন। সাজন্ত···ণ. (সাজ+অন্ত। তু° মানন্ত) শোভন। বিপঃ, অসাজন্ত। সাজা···ধাতু. (সাজ ধাতু আস্তে)। সাজাই—শোভিত করি, প্রঃ—সাজাইল নানা ছাঁদে ; সাধনযুক্ত করি, প্রঃ—যতন করিয়া বেসালি ধুইয়া সাঁজে সাজাইনু দুধ। সই দধি কেন ছিঁড়ি গেল॥ (চণ্ডীঃ)। (অধুনা দুধে সাজ দিয়া দই বসানা,পাতা হয় ; সাজ, সাজা দেখ)। সাজানা॥

সাজ, সাজা···ষ্য. (সং সজ্জা ? বোধ হয় সাঁজ সাঁজা, সং সন্ধা—মিলন হইতে। তু° মদ্য-সন্ধান)। দধি-বীজ, দধি-কিণ্ব (curd ferment)। (নদীয়ায় দম্বল—দধি অম্বল—বলে)। দই বসানা, দই পাতা—সাজ বা সাজা দিয়া।

সাজ···ণ. (সং সদ্যঃ)। সদ্য। সাজ-দই, সাজ্-দই···সদ্য পাতা দধি, অর্থাৎ বাসি নহে, প্রঃ—যদি পাই সাজো ঘোল (কবিকঃ)। সাজু কাপড়···যে কাপড় সদ্য ধৌত করা হইয়াছে, সুতরাং বাসি-করা হয় নাই। বিপঃ বাসি-করা কাপড়। সাজু কাচা···সদ্য ধৌত। (কিংবা যাহা মাত্র সাজি দিয়া কাচা হইয়াছে। সুতরাং শুদ্ধ হয় নাই)।

সাঁজ··সাঁঝ দেখ।

সাঁজতি, সেঁজুতি··সাঁঝ দেখ।

সাজন···সাজ দেখ।

সাজা···ষ্য. (ফা°)। শাস্তি, দণ্ড ; প্রতিশোধ। সঙ্গিন সাজা···কঠিন দণ্ড।

সাঁজা···ষ্য. (সং সন্ধা। সন্ধা প্রতিজ্ঞা মর্যাদা —অঃ। ও° সঞ্জা, হি° সাঝা)। জমির খাজানার টাকার পরিবর্তে নির্দিষ্ট ধান্যাদি। জমি সাঁজা বিলি করা—প্রজার সহিত সন্ধা —প্রতিজ্ঞা করা যে, বর্ষে বর্ষে এত ধান্য

দিবে। ভাগে বিলি করাতে উৎপন্ন শস্যের অংশ, (অর্দ্ধাংশ কিংবা অন্য অংশ) গ্রহণ করিতে হয় ; ভাগ, প্রঃ—সাজার মা গঙ্গা পায় না (নদীয়ায়)—(রাঢ়ে) ভাগের মা। (২) (সং সন্ধান) আড়-পাকা আম কি অন্য ফল খড় পাতা ইত্যাদির গরমে রাখা, প্রঃ—আম সাঁজা দেওয়া।

সাঁজা···ষ্য. (সং সন্ধ্যা)। সন্ধ্যাদীপ, প্রঃ—শূং পুঃ।

সাঁজা-কুড়া···ষ্য.(সং সজ্জা+সং কুকূল—বর্ম। সহচর শব্দ ?)। বর্মাদি সহিত রণসজ্জা, প্রঃ—কবিকঃ।

সাজাড়···ধাতু. (সং সজ্জিত হইতে সাজাড়া নাম ধাতু হইবার কথা। ও° সজাড় ধাতু। সাজাড়ি—সজ্জিত করি, পরিচ্ছন্ন করি, প্রঃ—ঘর দুয়ার সাজাড়া ; বাঁধ, প্রঃ—যাত্রার পূর্বে কাপড়-চোপড় সাজাড়া। সাজাড়া ॥ সাজাড়া···ধাতু. (সজ্জিত হইতে)। সাজাড়াই — সজ্জিত করি। সাজাড়ানা, সাজড়ানা ॥

সাঁজাল···ষ্য. (সং সন্ধান হইতে। সাঁজা দেখ)। পাকিবার নিমিত্ত ফলাদি গরমে রাখা; আগুন করিয়া ঘর গরম রাখা, প্রঃ—গোয়ালে সাঁজাল দিলে—অগ্নি ও ধূম করিলে মশা থাকে না।

সাঁজাল···ধাতু. (সন্ধ্যা-দীপ জ্বাল)। সাঁজালি—সন্ধ্যা-দীপ জ্বালি, জ্বালিবার পূর্বে দীপ সজ্জিত করি। সাঁজালা ॥ সাঁজালা···ধাতু. (সং সজ্জিত হইতে ? সন্ধিত ?)। সাঁজালাই—জ্বালিবার পূর্বে দীপ সজ্জিত করি। সাঁজালানা, সাঁজলানা ॥

সাজি···ষ্য. (সং শয্যা, পুষ্পশয্যা। ও° চাঙ্গড়ি। ও° চাঙ্গড়া—বাং চাঙ্গারি। সং করণ্ডী—পুষ্পকরণ্ড, হিং টোকরী। অতএব বাংতে সং শয্যা শব্দের অর্থসম্প্রসারণ হইয়াছে)। পুষ্পকরণ্ড, প্রঃ—রুপার আকুড়সি হাথে রুপার পুষ্প সাজি (শূং পুঃ), বাম করে সাজি আঁকুড়ি ডানি করে (কবিকঃ), নাগর সাজী বাম করে ধরে (চণ্ডীঃ)।

সাজিমাটি···মাটি, ক্ষার দেখ।

সাঁজোয়া, সাজোয়া···ষ্য. (সং সজ্জন, সজ্জা। ও° সাঞ্জুআ। সজ্জা+উয়া—সাজোয়া—সাঁজোয়া)। বর্ম।

সাজোয়াল···ষ্য. (সাজোয়া+আল)। বর্মধারী, সেনা ; মহালের খাজনা আদায়কারী (?), প্রঃ—সাজোয়াল হইল সুজন সর্ব্বভক্ষ (তাঃ)।

সা-জোয়ান···ণ. (জোয়ান। সাবালগ সাদৃশ্যে সা-জোয়ান)। জোয়ান, বলবান্।

সাজোস···ষ্য. (ফাং সাজিষ)। পরামর্শ, সহযোগ। যোগ-সাজোস···(সহচর শব্দ)। মন্ত্রণা ও যোগ।

সাঁঝ, সাঁজ···ষ্য. (সং সন্ধ্যা। সন্ধ্যা দেখ)। সায়ং-সন্ধ্যা, ত্রিসন্ধ্যা। সাঁজ-সকাল···সায়ং ও প্রাতঃ। এক সাঁঝ খাওয়া—দিবসের আহারের মধ্যে একবার আহার করা। তিন সাঁজ খাওয়া—প্রাতঃ মধ্যাহ্ন ও সায়ং—তিন বার ভোজন। তিন সাঁঝ খোরাক জোগানা—দিবসের তিন বার ভোজ্য জোগানা। সাঁঝতি, সেঁজতি···ষ্য. (সং সন্ধ্যাব্রত)। বালিকাদের ব্রতবিশেষ। অগ্রহায়ণ মাসে সন্ধ্যা বেলা দীপ ও দূর্বা দিয়া এই ব্রত ও পূজা হয়। উদ্দেশ্য সপত্নী-নিবারণ। এই ব্রতের অপর নাম ভুষতুষলি।

সাক্ষি···শাক্ষি দেখ।

সাঁট···ধাতু. (ছাঁট দেখ। সং শদ ধাতু শাতনে, সদ ধাতু ভেদে)। সাঁটি—বিশীর্ণ করি, প্রঃ—চোল সাঁটা ; কর্তন করি, প্রঃ—চুল সাঁটা। (২) (সং সট্ট ধাতু বধে)। সাঁটি—উৎসন্ন, আত্মসাৎ করি, প্রঃ—বসিয়া বসিয়া কেবল ভাত সাঁটে কাজ করে না। (৩) (সং ছন্দ, ছাঁদ হইতে ?)। সাঁটি—ছাঁদিয়া ধরি, বাঁধিয়া লই, প্রঃ—ঘরে যা কিছু ছিল, সব সাঁটিয়া লইয়া গিয়াছে। (বিদ্যাপতি—সাঁঠ ধাতু); আঁটিয়া-সাঁটিয়া ধরা। সাঁটা ॥ নিঃ—আ-সাঁটা ॥ আঁট-সাঁট···ব্য. (সহচর শব্দ)। আকর্ষণ। সাঁটা···ধাতু. (সাঁট ধাতু আস্তে)। সাঁটানা ॥

সাট, সাঁট···ব্য. (সং শ্রেণি)। শ্রেণি, প্রতি, প্রঃ—দুই সাট কাপড় ; সাঁটে পাঁচ টাকা করিয়া দেও—সকলকে এক শ্রেণী করিয়া প্রত্যেককে, গড়ে (সং স্তূপ হইতে ? তুং আসাং সোপা—স্তূপ। সাপটা দেখ)। পরিমাণ, প্রঃ—দু-সাট মই—যে মই দুই মই পরিমাণ দীর্ঘ (তুং মং সাট—বাঁশের আধার)। (২) (সানি দেখ। হিং সাঁট)। ইঙ্গিত, সঙ্কেত, সড়।

সাটিন···ব্য. (ফরাসী ইং satin)। রেশমের পুরু চক্‌চকা বস্ত্রবিশেষ।

সাড়, সান···ব্য. (সং সংজ্ঞা)। স্পর্শবোধ ; জ্ঞান ; চৈতন্য। প্রঃ—শীতে হাতের সাড় নাই, রোগে এমন হইয়াছে যে সাড় নাই। অ-সাড়···ণ. স্পর্শবোধহীন, অজ্ঞান। সাড়া···ব্য. প্রশ্নের উত্তর, প্রঃ—দশ কথা শুনাইলেও মুখে সাড়া নাই, প্রঃ—সাড়া পেয়ে তখন আইলে ধীরে ধীর (কবিকঃ)। সাড়া-শব্দ···ব্য. (সহচর শব্দ)। ডাকিলে উত্তর ও শব্দ।

সাঁড়াশী···ব্য. (সং সন্দংশ, সন্ডিশ)। তপ্ত লৌহাদি ধরিবার কামারের পক্ষীচঞ্চু তুল্য শস্ত্রবিশেষ। বাঁক-সাঁড়াশী···কঙ্কমুখ।

সাড়ে, সাড়ে···ণ. (সং সার্ধ। হিং ওং সাঢ়ে)। অর্ধ সহিত, প্রঃ—সাড়ে চারি—চারি এবং অর্ধ। দেড়—(সাড়ে এক), আড়াই—(সাড়ে দুই)। এক দুই সংখ্যা বাদে অপর সংখ্যার পূর্বে সাড়ে বসে।

সাত···ব্য. ণ. (সং সপ্তন্। সপ্ত দেখ)। সপ্ত সংখ্যা, সপ্ত সংখ্যক ; ৭। সাত-পাঁচ ভাবা—এটা কি ওটা তাহা নিরূপণের চেষ্টা করা, প্রঃ—শুনি রতি সাত পাঁচ ভাবনা করিয়া (ভাঃ)। সাত-সতর করা—নানা ক্ষুদ্র কার্য বা আয়োজন করা। সাতেও নাই পাঁচেও নাই—উদাসীন থাকা। সাতেও হুঁ পাঁচেও হুঁ—উদাসীনতা। সাত কথার উপর এক কথা—সার কথা। সাতকাণ্ড করা—সপ্তকাণ্ড রামায়ণ বর্ণিত ব্যাপার তুল্য আয়োজন করা। সাতকাণ্ড রামায়ণ পড়া বলে সীতা কার ভার্যা—এমন নির্বোধ। সাত ঘাটের জল খাওয়ানা—এত তৃষ্ণার্ত করা যে এক ঘাটের জলে তৃষ্ণার শান্তি হয় না, ইহা হইতে, ব্যাকুল করা। সাত চড়ে মশা মারা—লক্ষ্য করিতে না পারিলে সাত কেন, সহস্র চড়েও মশা মরে না ; লক্ষ্যহীন কর্ম সুফল হয় না। সাত নকলে আসল খাস্তা—অনুকরণ করিতে করিতে বহু ভ্রম আসিতে পারে। সাত সমুদ্র তের নদী পার—সমুদ্র দেখ। সাতই, সাতই···

ণ. (সপ্ত দিন ; ব্যাকরণ দেখ)। মাসের সপ্তম দিবস। সাত-চল্লিশ...ষ্য. ণ. (সং সপ্তচত্বারিংশৎ)। সাত অধিক চল্লিশ সংখ্যা, -সংখ্যক ; ৪৭। সাত-নর, সাত-নর...ষ্য. সপ্ত নহরযুক্ত হারবিশেষ। সাত-নরী...ষ্য. সবু সাতনর। সাত-নলা...ষ্য.- আঠা-কাঠি, ব্যাধের পাখী-ধরা নল। পাঁচ-সাতটা নল নীচে নীচে আঁটিয়া দীর্ঘ করিতে পারা যায়। সাত-পুরুষ...পিতা-পিতামহাদি ক্রমে সাত-পুরুষ। সাত-পুরুষের জন্মে না শোনা...পিতা-পিতামহাদি বংশানুক্রমে অশ্রুত। (এ দেশে ২৫ বৎসরে ১ পুরুষকাল)। সাত-পুরুষিয়া ...ণ. বহুকালের, বহুকাল ভুক্ত। সাত-মিশাল...ণ. বহু দ্রব্য মিশ্রিত। ষ্য. মিশ্রণ। সাত-মিশালী...ণ. মিশ্রিত। সাত-ভাইয়া, সাত-ভেয়ে...ষ্য. (১) ছাতারিয়া পাখী (সং নাম জীবজীব)। (২) কৃত্তিকানক্ষত্র (হিং কচ্‌বচিয়া — অর্থাৎ কাচ্চাবাচ্চাবিশিষ্ট। ষষ্ঠী দেখ। সাতভাই-চম্পা...ষ্য. (কানের চাঁপা অলঙ্কার তুল্য কানে যেন ঝুলিতেছে। এই অবস্থিতি হইতে। হিং নাম ঝুমকা)। সপ্তর্ষি নক্ষত্র। সাতষট্টি...ষ্য. ণ. (সং সপ্তষষ্টি)। সাত অধিক ষাটি সংখ্যা, -সংখ্যক ; ৬৭। সাতসতী, সাতসয়ালী...ষ্য. (সাত+সতী ; সাত সখী+আলী)। বৃক্ষচারী পক্ষীবিশেষ (the minivet)। পিঠের পশ্চাৎভাগের পালখ কাঁটার মতন কঠিন (লটোরার নহে)। চঞ্চু ছোট, শক্ত, বাঁকা ; নাক পালখে ঢাকা ; পক্ষ দীর্ঘ, অগ্রে সরু। পুং স্ত্রী বর্ণে পৃথক। গাছে দলে দলে থাকে, পোকা খুঁজিয়া বেড়ায়। ইহার দুই জাতি আছে। (১) বড় সয়ালী...১২ আঙ্গুল দীর্ঘ, মাথা চক্‌চকা কাল, পুচ্ছ প্রায় সমস্ত ঘোর রক্তবর্ণ (Pericrocotus speciosus)। (২) ছোট সয়ালী...৮ আঙ্গুল দীর্ঘ, মাথা ধূসর, বুক রক্তবর্ণ (P. peregrinus)।

সাতলা...ষ্য. (সং সপ্তলা)। বহুদল বেলী বা মল্লিকা ফুল।

সাঁতলা...ধাতু. (সাঁতোল ধাতু দেখ)। সাঁতলাই—ঘৃতাদিতে মৎস্য মাংস সম্যক্ তপ্ত করি। সাঁতলানা। নিঃ—আ-সাঁতলানা।

সাতা, সাত্তা...ষ্য. (সাত+আ)। সাত বিন্দু বা চিহ্নযুক্ত তাসের কাগজ। সাতাইশ ...ষ্য. ণ. (সং সপ্তবিংশ)। সাত অধিক বিশ সংখ্যা,-সংখ্যক ; ২৭। সাতাশিয়া, সাতাশে...ষ্য. (সাতাইশ+ইয়া)। মাসের সপ্তবিংশ দিবস।...ণ. (সাত মাস+ইয়া)। সাত মাস গর্ভে থাকিয়া প্রসূত। সাতাত্তর, ...ষ্য. ণ. (সং সপ্তসপ্ততি)। সাত অধিক সত্তরি সংখ্যা,-সংখ্যক ; ৭৭। সাতানব্বই (প্রাং সাতানই)...ষ্য. ণ. (সং সপ্তনবতি)। সাত অধিক নব্বই সংখ্যা, -সংখ্যক ; ৯৭। সাতান্ন...ষ্য. ণ. (সং সপ্তপঞ্চাশৎ)। সাত অধিক পঞ্চাশ সংখ্যা, -সংখ্যক ; ৫৭। সাতাশি, সাতাশী...ষ্য. ণ. (সং সপ্ত-অশীতি)। সাত অধিক আশি সংখ্যা,-সংখ্যক ; ৮৭।

সাতান (প্রাং)...সাতোয়ান। নাতোয়ান দেখ।

সাঁতার...ধাতু. (সং সম্-তৃ ধাতু। ওং পঁহির, হিং পৈর, মং পোহ ধাতু। বোধ হয় পার হইতে)। সাঁতারি—নদ্যাদি সন্তরণ করি প্রাঃ—সাঁতারিয়া নদী পার হয় দিবানিশি

(মেঘনাদবধ)। সাঁতারা ॥ সাঁতার…ষ্য. সন্তরণ। সাঁতার দেওয়া, কাটা—সাঁতারা। নদীতে সাঁতার-জল…ডুবন জল। সাঁতারা …ধাতু. (সং সন্তরণ হইতে)। সাঁতারাই —সাঁতারি। সাঁতারানা, সোঁতরানা ॥

সাতাত্তর, সাতানব্বই, সাতাশি … সাত দেখ।

সাতোয়ান…ণ. (নাতোয়ান যেন না নিষেধে +তোয়ান। ইহা হইতে সা-তোয়ান)। যথা-নিয়মে খাজনা দিতে সমর্থ (জমিঃ)।

সাঁতোল…ধাতু. (সম্‌ তোলন হইতে ? কবিকঃ, সন্তোলিত)। সাঁতোলি—মৎস্য মাংস তৈল-ঘৃতাদিতে অল্প ভাজি। সাঁতোলা ॥ (মৎস্য মাংস এক বেলা রাখিয়া দিতে হইলে সাঁতোলিয়া রাখা হয়। সম্বরা অর্থ অন্ত)।

সাথ…ষ্য. (সং সার্দ্ধ, সহিত। ওঃ হিং)। সহিত। (ইদানী সাথ রাঢ়ে অপ্রচলঃ)। সাথী…ষ্য. (সাথ+ঈ)। সঙ্গী। সাথুয়া, সেথো…ষ্য. (সাথ+উয়া)। সহযাত্রী (সং সার্থ হইতে ?)।

সাদ…সাধ দেখ।

সাদা…ণ. (ফাং। সং শ্বেত, সিত)। শ্বেতবর্ণ, প্রঃ—সাদা কাপড়; অনলঙ্কৃত, প্রঃ—সাদা গড়ন; উপকরাদি অমিশ্রিত, প্রঃ—সাদা তরকারি; অলিখিত, প্রঃ—সাদা কাগজে দস্তখৎ; যাহাতে ষ্টাম্প দেওয়া হয় নাই। সাদা-সিদা…ণ. সরলমতি; অনাড়ম্বর, অনলঙ্কৃত। সাদা-মাঠা…ণ. মাঠ দেখ।

সাদি…শাদি দেখ।

সাদী…ষ্য. (সং সাদিন্‌)। অশ্বারোহী; তুরঙ্গ-মাতঙ্গ-রথারোহ।

সাধ…ধাতু. (সং সাধ্‌ ধাতু)। সাধি—নিষ্পত্তি করি, প্রঃ—অঙ্ক সাধা; সিদ্ধি করি, প্রঃ—সেতারে হাত সাধা, প্রঃ—মাধব বধিলে কি সাধবি সাধে (বিদ্যাপতি)—কি সাধ সাধবি; পুনঃ প্রাপ্তি করি, প্রঃ—বাকি টাকা সাধা; প্রমাণিত করি, প্রঃ—বাদ সাধা; সংঘটিত করি, প্রঃ—বাদ বিসম্বাদ সাধা; পরাজিত করি, অনুনয় বিনয় দ্বারা তুষ্ট করি, প্রঃ—সাধিলে জামাই খায় না না সাধিলেও পায় না, সেধে পেড়ে ভাব আর মেঁজে ঘষে রূপ—অনুনয়-বিনয় করিয়া কথা পাড়িয়া যে প্রণয়, তাহা স্থায়ী হয় না, যেমন মার্জন ও ঘর্ষণ করিয়া যে রূপলাবণ্য, তাহা ক্ষণিক হয়। সাধা ॥ সাধ…ষ্য. সন্তোষ, অভিলাষ (ওংতেও), প্রঃ—মনেতে করিয়া সাধ যদি হয় পরিবাদ (জ্ঞানদাস), কে করিতে পারে তাহে অবগাহ সাধ (চৈঃ চঃ)—কে অবগাহন সাধ করিতে পারে। সাধে…ইচ্ছা করিয়া, প্রঃ—সাধে তাহাকে বলিয়াছি—বৃথা নহে, অভিসন্ধি ছিল তাই বলিয়াছি। সাধ মেটা —অভিলাষ সিদ্ধি। সাধ, সাদ…ষ্য. (বোধ হয় স্বাদ হইতে। তুং ওং সোআদ। সাধ ইচ্ছা হইতে গর্ভিনীর সাধ-ভক্ষণ আসে না। "প্রকৃতিবাদ" সাধ শব্দ "দেশজ" বলিয়াছেন। সং স্বাদ প্রীতি হইতে সাধ ভক্ষণ দোহদ ভক্ষণ। সাধ-ভক্ষণ দশবিধ সংস্কারের মধ্যে নহে। অথচ পাঁজিতে একটা কর্তব্যের তুল্য হইয়াছে)। গর্ভিনীর দোহদ; অভিলষিত, ভোগ্য, প্রঃ—কত সাধ খেতে সাদ সুস্বাদু অম্বল (ভাঃ)। সাধক…ণ. (সং)। সাধনকর্তা; দক্ষ, নিপুণ;

সাহায্যকারী, প্রঃ—উত্তর-সাধক। সাধন ...ষ্য. (সং। সংতে বহু অর্থ আছে। অমর হইতে মেদিনীতে নূতন, মেদিনী হইতে হেমচন্দ্রে নূতন অর্থ; এইরূপ অন্যান্য কোষে পাওয়া যায়। বাংতে এত অর্থ চলিত নাই)। সিদ্ধি, প্রঃ—স্বার্থ সাধন; নিষ্পত্তি, সম্পাদন, প্রঃ--কার্য সাধন; উপায়, প্রঃ—শরীরমাদ্যং খলু ধর্মসাধনম্; অঙ্গ; উপকরণ; বাহন; দ্রব্য, সম্পত্তি; সৈন্য; সাহায্য; প্রমাণ; হেতু; নিবর্তন, (বাংতে এই অর্থ নাই); সন্তোষ-বিধান; গমন, অনুগমন (বাংতে নাই); উপস্যা, প্রঃ—শব-সাধন; আরাধনা, প্রঃ—ভজন-সাধন; সিদ্ধৌষধ; দণ্ড অর্থাদি দেওয়ানা; ধাতুমারণ; অন্ত্যেষ্টিক্রিয়া। সাধনা...ষ্য.(সং)। সম্পাদন, নিষ্পাদন; আরাধনা; সন্তোষ-বিধান। সাধা...ষ্য. সাধন। ণ. সাধিত। সাধা...ধাতু. (সাধ ধাতু আস্তে)। সাধানা॥

সাঁধ ..ধাতু. (সং সম্-ধা ধাতু। হিং সান)। সাঁধি—মিলিত, মিশ্রিত, সন্ধিত করি, প্রঃ—কাদা গোবর সাঁধিয়া উনানের পাশে দিবে। সাঁধা॥ সাঁধা ..ধাতু. (সাঁধ ধাতু আস্তে)। সাঁধানা॥

সাঁধা, সান্ধা...ধাতু. (সং সন্ধা, সন্ধি হইতে)। সাঁধাই, সান্ধাই—সন্ধি ছিদ্রে প্রবেশ করি, অনুসন্ধান নিমিত্ত বিবরে প্রবেশ করি, প্রঃ—ভাবিতে ভাবিতে ব্যাধি সাঁধাইল অন্তরে (চণ্ডীঃ), তৃণ বান্ধি সান্ধাইল হাটের ভিতরে (কৃত্তিঃ); ভল্লুক সান্ধায় গর্তে ভয়ে কম্পবান (কবিকঃ)। সাঁধানা, সান্ধানা॥ (রূপান্তরে সেঁধ ধাতু। হিং সেঁধ ছিদ্র করা। কৃত্তিবাসে, কবিকঃ, সান্ধা ধাতু; চণ্ডীঃ—পিরীতি বেয়াধি যদি অন্তরে সামাইল, ভাঃ—মেদিনী বিদরে যদি তাহাতে সামাই। আসাং সোমা ধাতু। সান্ধা—সান্ধা—সামা)।

সাধারণ...ণ. (সহ+ধারণা হইতে সং)। দুই কিংবা বহুর সমান, প্রঃ—সাধারণ ধর্ম; অনেক-ভোগ্য, প্রঃ—গ্রামের সাধারণ পথ; সামান্য; সদৃশ, তুল্য।...ষ্য. সামান্য বিধি, সামান্য ধর্ম, (বিশেষ নহে)। সাধারণতঃ ...ব্য. অনেক-সম্বন্ধী এক-বস্তুতঃ; সর্ব-লোকে। সাধারণ্য...ষ্য. (সং)। সাম্য; জনসমূহ, সমাজ।

সাধু...ণ. (সং)। উত্তম, প্রঃ—সাধু ব্যবহার; সভ্য, প্রঃ—সাধু ভাষা; চারু; সৎ-কুলোদ্ভব।...ষ্য. সজ্জন, ভিক্ষু, প্রঃ—সাধু-সন্ন্যাসী; বৃদ্ধিজীবী, সার্থবাহ; রাজনিযুক্ত বণিক; উপাধিবিশেষ। সাধু...ব্য. উত্তম (প্রশংসায়)। সাধুবাদ...প্রশংসায়, উত্তম, উত্তম কৃত,—ইহা বলা।

সাধ্য ..ণ. (সং)। সাধনীয়, সাধনযোগ্য; যাহা প্রমাণ দ্বারা সিদ্ধ করিতে হইবে; যে রোগ উপশান্ত হইতে পারে।...ষ্য. গণ-দেবতাবিশেষ; পাঁজির যোগবিশেষ; যাহা প্রমাণ করিতে হইবে। সাধ্য-সাধনা... ন্যায়ে, যাহা প্রমাণ করিতে হইবে, তাহা সাধ্য; যাহা দ্বারা প্রমাণ করিতে হইবে, তাহা সাধন; যেমন ধূম সাধন হইতে পর্বত বহ্নিমান, প্রমাণিত হয়, প্রঃ—নিশ্চয় করিতে পারে সাধ্য সাধন (চৈঃ চঃ)। ইহা হইতে, তর্ক-বিতর্ক, অনুনয়বিনয়-প্রদর্শন।

সাধ্বস...ষ্য. (সং)। ভয়। (অপ্রচলঃ। ধাধস দেখ)।

সান…ষ্য. (সাড় দেখ)। স্পর্শবোধ, প্রঃ—হাতে সান নাই ; চেতনা।

সান…ষ্য. (সানি দেখ)। ইঙ্গিত, প্রঃ—"শ্রীনিবাস প্রতি কহে হাত সান দিয়া।" প্রায়ই সানি, হাত-সানি।

সান…ষা. (চাঁন দেখ)। স্নান।

সানকী…ষ্য. (আ॰ সহনক)। মাটির থালা।

সানা…ষ্য. (স॰ সন্নাহ)। বর্ম, প্রঃ—কৃত্তিঃ লং।

সানা…শানা দেখ।

সানাই, সানি…ষ্য. (স॰ সানেয়ী, সানিকা)। কাঠের বাঁশীবিশেষ। ইহার ধুতুরা পিতলের। নহবত ও ঢোলের সঙ্গে বাজানা হয়। (ও॰ গান-মোহরী)। সানিদার, সানী…ষ্য. সানাই-বাদ্যকর। পোঁ-সানাই…সানাইর পোঁ-স্বর বাজাইবার বা ধরিয়া রাখিবার সানাই (ও॰ স্বর মোহরী)।

সানাড়ী…ণ. (স+আনাড়ী ; বিপরীত অর্থ বুঝাইতে স)। চতুর।

সানি…ণ. (আ॰)। দ্বিতীয় বার। (আদাঃ)।

সানি…ষ্য. (হি॰)। ছানি, গোরুর নিমিত্ত খইল-মাখা কাটা জাব।

সানি…ষ্য. (স॰ শাণী)। হস্ত-কটাক্ষাদি সূচনা, ইসারা। (শাণী দেখ)।

সান্তারা…ষ্য. (স॰ সন্তারা)। কমলা লেবুর জাতবিশেষ।

সান্ত্রী…ষ্য. (ই॰ sentry)। প্রহরী।

সান্ধা…ধাতু. সাঁধা দেখ।

সাপ…ষ্য. (স॰ সর্প)। সর্প। স্ত্রী॰ সাপিনী (প্রায়ই পদ্যে। স॰ সর্পিণী), প্রঃ—সাপিনী বাঘিনী সতা পোষ নাহি মানে (কবিকঃ), সাপিনী তাপিনী তাপে বিবরে লুকায় (ভাঃ)। সাপ-খোপ…(স॰ ক্ষুপ হইতে খোপ)। সাপ ও ক্ষুপ গাছ (কিন্তু সহচর শব্দ তুল্য)। দৃষ্টান্তে, সাপের পাঁচ পা দেখা—দর্পে অসম্ভবকে সম্ভব মনে করা। সাপও মরে, লাঠিও না ভাঙ্গে—উভয় পক্ষ রক্ষা। সাপ হয়ে কাটে, রোজা হয়ে ঝাড়ে—ভগবান্ সর্পরূপে কাহাকেও কাটিতেছেন, ওঝারূপে তাহাকে বিষ হইতে রক্ষা করিতেছেন। কোন্ কোন্ কুচক্রী লোকে এই দৃষ্টান্তে কাজ করে, অপরকে বিপদে ফেলিয়া রক্ষা করে। সাপের ছুঁচা গেলা—ভুলে সাপে ছুঁচা ধরিলে ছুঁচার দুর্গন্ধ হেতু তাহা গিলিতে চায় না, অন্য দিকে নিজের দাঁতের বক্রতা হেতু উগরাইতে পারে না। এইরূপ, উভয়-সঙ্কটে পড়া। সাপে-নেউলে ভাব—সর্প ও নকুল পরস্পর শত্রু ; এই রূপ, পরস্পর প্রণয় ও বিদ্বেষ। সাপের হাঁচি বেদেয় চেনে—বাদিয়া সাপের স্বভাব জানে, অন্যে জানে না। সাপুড়িয়া, সাপুড়ে…ণ. (স॰ সর্পহার—সাপড়া+ইয়া স্বার্থে। হি॰ সাপরা)। সাপ ধরিতে দক্ষ যে। সাপ-ধরা…যে সাপ ধরে। সাপ-মারী…ষ. প্রহস বর্গের দিবাচর খয়রা রঙ্গের দেড় হাত দীর্ঘ পক্ষীবিশেষ (The short toed Eagle. Circaetus gallicus)। মাথা বড়, চঞ্চু বাঁকা, পুচ্ছ দীর্ঘ,নখর ছোট। মাঠে থাকে,সাপ বেং খায়।

সাপক্ষে (গ্রা॰)…স্বপক্ষে।

সাপট…ষ্য. (স॰ সর্প—সাপর—সাপট। তু॰ দাপট)। সর্পের তুল্য গর্জন, দাপট।…ধাতু. সাপুট ধাতু দেখ।

সাপটা…ধাতু. (সাপুটা ?)। সাপটাই—সাপ যেমন বেড়িয়া ধরে, তেমন ধরি। সাপটানা॥

সাপটা…ণ. (সং সর্ব—সাব+তা—সাপটা। হিং সাঁঽটা—সং সমষ্টি হইতে ?)। ইতর-বিশেষ না করিয়া সব একত্রে, সাঁটে।

সাপটা…ণ. (সফেদ হইতে)। সাদা, প্রঃ—সাদা-সাপটা।

সাপুট, সাপট…ধাতু. (সং সম্-পুট ধাতু। জাপটা দেখ)। সাপুটি. সাপটি—সংশ্লেষণ করি, জড়াইয়া ধরি, প্রঃ—সাপটীআ ধরে মাটি (শূং পুঃ), বামহস্তে ধরিলা সাপটি (মেঘনাদবধ), গর্জ্জি গজ সাপটে প্রমদে মুদ্গর (মেঘনাদবধ)। সাপুটা, সাপটা॥ সাপুটা, সাপটা…ধাতু. (সাপুট ধাতু আন্তে)। সাপুটানা, সাপটানা॥

সাঁপুড়া…ষ্য. (সং সম্পুট)। পিতলের পেড়ী, প্রঃ—ডাবর চুনাতি বাটা সাঁপুড়া ঘাঘর ঘণ্টা, সিংহাসন গড়ে পঞ্চদীপ (কবিকঃ)। (বঙ্গদেশে সাঁপুড়া আর দেখা যায় না। ওড়িশায় আছে)।

সাপুড়ে…সাপ দেখ।

সাফ…ণ. (আং)। নির্মল; স্পষ্ট। সাফ জবাব—স্পষ্ট উত্তর। সাফা…সাফ। সাফাই…ষ্য. (আং সফাঈ)। দোষ হইতে মুক্তি (আদাঃ)। সাফ-সুৎরা…ণ. (উর্দু সুথ্‌রা—সং সুধারা ? পরিষ্কৃত। সহচর শব্দ)। নির্মল, পরিষ্কৃত। সাফ-সোফ…(সোফ উপচর শব্দ)। সাফ।

সাবই…সাবুই দেখ।

সাবকাশ…ষ্য. (সু+অবকাশ। হিং সাবকাশ, সওকাস)। অবকাশ, সুযোগ।…ণ. (সং সাবকাশ)। অবকাশ-প্রাপ্ত।

সাবধান…ণ. (সং সাবধান)। সচেতন, সতর্ক। সাবধানী…ণ.(বাং। স+অবধানী। তুং ধনী নির্ধনী)। সতর্ক। সাবধানের মার নাই—যে সতর্ক থাকে, তাহার মারি-মরণ—নাই।

সাবর…ষ্য. (সং সম্বর—মৃগবিশেষ। কিন্তু, ইহার চর্ম কোমল নহে। দ্রব্যযোগে কোমল করিতে পারা যায়। হিং। সং ছাগল ? তুং মং সাগঠ—ছাগল। ফরাসী chamois)। কোমলীকৃত চর্মবিশেষ।

সাবহিত…ণ. (সু+অবহিত)। অবহিত, সাবধান।

সা-বাজ…বাজ, শ্যেন দেখ।

সাবাড়…ণ. (সং সর্ব—সাবর—সাবাড়। কিন্তু, অর্থ-প্রভেদ হইতেছে)। শেষ, সমাপ্ত।

সাবান, সাবাং…ষ্য. (ফরাসী savon)। ক্ষার-তৈল-যোগে নিষ্পন্ন মলাপহরী (সং ফেনক)।

সাবালক, সাবালগ…ণ. (না-বালক দেখ)। বয়ঃপ্রাপ্ত; আদালতের বিবেচনায় প্রাপ্ত-বয়ঃ।

সাবাস…ব্য. (ফাং যাবাষ)। ধন্য, ধন্য শব্দে, প্রশংসায়। সাবাস…ধাতু. সাবাসি—প্রশংসা করি। (পদ্যে)।

সাবু…ষ্য. সাগু।

সাবুদ…ষ্য. (আং সুবুৎ)। প্রমাণ, প্রঃ—সাক্ষী-সাবুদ; নির্ধারণ, প্রঃ—কথা সাবুদ করা।

সাবেক…ণ. (আং সাবিক)। পূর্বকার, অবশিষ্ট।

সাব্যস্ত, সাব্যস্ত…ণ. (সং সুব্যবস্থ)। সুব্যবস্থ, সুনিশ্চিত, প্রঃ—স্বত্ব সাব্যস্ত করা।

সামনে…ব্য. (সং সম্মুখ হইতে উর্দু হিং সাম্‌না। ওং ছামু)। সম্মুখে।

সামলা…ধাতু. (সামাল ধাতু দেখ। সং সংবৃত হইতে)। সামলাই—আবৃত করি,

প্রঃ—কাপড় সামলাও—দেহে আবৃত কর; গোপন করি, প্রঃ—ঘটী বাটী সামলা; লোভাদি সম্বরণ করি, প্রঃ—সামলাইয়া চলিতে পারিলে ক্রমে দেহ সুস্থ হইবে, রাগ সামলানা; ব্যয় সঙ্কোচ করি, প্রঃ—সামলাইয়া চলিলে এই আয়ে ব্যয় কুলান হইবে; টান, ভার সহি, প্রঃ—এই দোড়ী সামলাইবে না। (অকর্মক) সামলাই—সুস্থ হই, প্রঃ—রোগভোগের পর সে সামলাইয়াছে। সামলানা॥

সামা···ধাতু. (সাঁধা, সান্ধা ধাতু দেখ। আসা॰ সোমা)। সামাই—সান্ধাই, বিবরে প্রবেশ করি, প্রঃ—পিরীতি যদি অন্তরে সামাইল (চণ্ডীঃ), মেদিনী বিদরে যদি তাহাতে সামাই (ভাঃ)। (অপ্রচলঃ)।

সামাই···ষ্য. (স॰ সংবর হইতে। হি॰ সামাঈ, সমাব)। সম্বব, প্রঃ—লোভ সামাই করা; এ ঘরে এত লোক সামাই হবে না—এত লোকের স্থান হবে না।

সামান্য···ণ. (স॰)। সাধারণ; মধ্যম (উত্তম কিংবা অধম নহে); প্রাকৃত, প্রঃ—সামান্য লোক; অকিঞ্চিৎকর, তুচ্ছ, কদর্য, অল্প।···ষ্য. জাতি; অনেক-সম্বন্ধী এক বস্তু; সাম্য; (ন্যায়ে) যাহা বিশেষ নহে।

সামাল···ধাতু. (স॰ সম্-বৃ ধাতু সম্বরণে। আসা॰ সামর, ওঁ॰ সমাঠ, হি॰ সম্ভল সম্ভাল, ম॰ সম্ভাঠ ধাতু। অতএব যেন সম্-ভৃ ধাতু, কিন্তু অর্গান্তর হয়। চৈঃ চঃ—সম্ভালিতে নারি করে বোল। সম্বর, সামলা ধাতু দেখ)। সামালি—আবরণ করি, প্রঃ—কাপড় সামালিয়া বইস—দেহে আবরণ করিয়া; গোপন করি, প্রঃ—কাঙ্গালা আপন সামালা, সামলা; নিরোধ করি, প্রঃ—সাম'ল সামাল ডুব্‌ল তরী (রামপ্রসাদ)। সামালানা, সামলানা॥ সামাল সামাল··· বেগ নিরোধ কর, আত্মরক্ষা কর, সাবধান হও। অ-সামাল···ণ. অসংবৃত, প্রঃ—কাপড় অ-সামাল হওয়া; মল মূত্রাদির বেগ অনিরুদ্ধ, প্রঃ—কাপড়ে চোপড়ে অ-সামাল হওয়া—কাপড়ে মল ত্যাগ করা।

সামিয়ানা···শামিয়ানা দেখ।

সামিল···ণ. (আ॰ ষামিল। তু॰ স॰ সমিল)। অন্তর্গত। সামিলাৎ···ষ্য. যাহা॰ সামিল আছে, অবিভক্ত সম্পত্তি।

সাম্পান···ষ্য. (মালয় ভাষার ? বোধ হয় স॰ চিত্রাঙ্গা, পত্রাঙ্গা হইতে অপভ্রংশে। মালয় ভাষায় সম্পান—চিত্রিত নৌকা)। চাটি গাঁয়ের ৭।৮হাত দীর্ঘ দুই-মুখ-সমান নৌকা-বিশেষ। ইহাতে এক জন দাঁড়াইয়া দুই হাতে দুই দাঁড় টানে, হাল আবশ্যক হয় না।

সান্ধা···ধাতু. সাঁধা, সান্ধা ধাতু দেখ।

সায়···ষ্য. (স॰)। শেষ, সমাপ্তি, প্রঃ—হরি হরি বল সবে পালা হইল সায়।

সায়···ষ্য. (সহি হইতে উর্দু সহ্)। সম্মতি; তথাস্তু।

সায়র···ষ্য. (স॰ সাগর)। সাগর, প্রঃ—সে সুখ সায়র (চণ্ডীঃ), বৃহৎ সরোবর, প্রঃ—বর্ধমানে কৃষ্ণসায়র।

সায়স্তা···শায়স্তা দেখ।

সায়া···ষ্য. (ফা॰। পর্তু॰ saya)। নারীদিগের পরিধেয় লম্বা ঢিলা জামাবিশেষ।

সার···ধাতু. (স॰ সৃ ধাতু ণিচ সারি ধাতু হইতে। অপ, নিস্, প্র, সম্ ইত্যাদি

উপসর্গ যোগে সং'তে যে যে অর্থ হয়, বাং সার ধাতুর সে সে অর্থ হইয়াছে। (ও' হিং সার ধাতু)। সারি—অপসারণ করি, প্রঃ—বিপ্র সর্ব্ব দেখি খর্ব্ব ভোজ্য বস্ত্র সারিছে (ভাঃ); অনুসরণ করি, সম্পাদন করি, প্রঃ—রামাই পণ্ডিত টীকা সারিল আপুনি (শূং পুঃ)—তিলক কার্য করিল, প্রঃ—স্নান করে সরোবরে সেরে নিত্য কর্ম্ম (মাঃ); প্রসারণ করি, প্রঃ—সারিয়া পরিল খুঞা খুল্লনা সুন্দরী (কবিকঃ); সংসরণ, নিষ্পাদন করি, প্রঃ—বার তিন ফলঙ্গ সারিল বীরদাপে (মাঃ); ফল নিষ্কাশন করি; গণিত করি, প্রঃ—ইহা দিয়া নক্ষত্র সার (খনার বচন), —ইহা দিয়া নক্ষত্র গণনা কর; উৎসারণ করি, প্রঃ—মন্ত্র দ্বারা মন্ত্রের গুণ সারিয়া লইয়াছে; রোগাদি অপসারণ করি, প্রঃ—ঔষধে রোগ সারিয়া লইয়াছে; দোষাদি সংশোধন করি, প্রঃ—ভাঙ্গা ঘটী সারিয়া দিয়াছে; বিপন্ন, উৎসন্ন করি, প্রঃ—রোগে সারিয়া ফেলিয়াছে। (অকর্মক) সারি—অপসৃত, দূরীভূত হই, প্রঃ—রোগ সারিয়াছে, আর ভয় নাই; সংশোধিত, সংস্কৃত হই, প্রঃ—অদৃষ্ট হইল দুষ্ট কিসে যাবে সারিয়া (ভাঃ)। সারা॥ সারা ··ণ. প্রসারিত, দীর্ঘ, প্রঃ—সারা বিছানায় কাদা, সারা জীবনে দেখি নাই, সারা ক্ষণ—সর্বদা, সারা ক্ষণটি—সর্বদা; সম্পন্ন, প্রঃ—কাজ সারা হইয়াছে; গণিত নিষ্পন্ন, প্রঃ—সারা কালী—দীর্ঘ প্রস্থ গুণফল; সংস্কৃত, প্রঃ—ঘটী সারা হইয়াছে; বিপন্ন, উৎসন্ন, প্রঃ—রোগে সারা হইয়াছে। সারা···ধাতু. (সার ধাতু আন্তে)। সারাই—সংস্কৃত করাই, আবর্জনা-মুক্ত করাই। সারানা॥ সারানি ···ষ্য. সংস্কার; সংস্কার-বেতন। সারন-দার ···ষ্য. (সারন+ফা' দার)। জীর্ণ সংস্কারক, সংশোধক; যে কাঁসা পিতল জোড়ে। সার···ষ্য. (সং)। স্থিরাংশ, প্রঃ—প্রণয়ের সার প্রীতি; তাৎপর্য, প্রঃ—কথার সার এই; সংক্ষেপ, প্রঃ—রামায়ণের সার কথা কি? মজ্জা; বৃক্ষের নিবিড় দৃঢ় কাষ্ঠ, প্রঃ—বাবলা গাছের সার কাল হয়; বৃক্ষাদির রস, সত্ত্ব, প্রঃ—খয়র এক গাছের সার; বল, প্রঃ—জীর্ণ দেহে সার থাকে না; গোবর—যাহা শস্যক্ষেত্রের বল বৃদ্ধি করে; শস্যক্ষেত্রের বলবর্ধক দ্রব্য। ···ণ. (সং)। শ্রেষ্ঠ। নিঃ, অসার। সার-কচু ··কচু দেখ। সার-কুড় ··ষ্য. গোবর রাখিবার কূপ বা নিম্নস্থান বা গর্ত্ত। সার-গাদা···ষ্য. গোবর স্তূপ। সারা···ধাতু. (সার হইতে)॥ সারাই—বৃক্ষাদির কঠিন অংশ হই, প্রঃ—তাল গাছ সারাইয়াছে—সেরেছে। সারানা॥ সারানি···ষ্য. (সার+পানি)। স্থিত জল। সারাল, সারালা···ণ. (সার+আলা)। সার-বিশিষ্ট।

সার ··ষ্য. (সং সংসার)। সংসার, প্রঃ—ঘর-সারে এমন ব্যবহার চলে। (ঘর-সার—এই এক শব্দে)।

সারঙ্গ···ষ্য. (সং। সারঙ্গ—মূলার্থ—শ্রী-অঙ্গ, চিত্রিত। চাতক—অঃ, হরিণ, মতঙ্গজ—মেঃ। পরে পরে নানা অর্থ হইয়াছে)। চিত্রহরিণ, কোকিল, মদন, কমল, ভ্রমর, ইত্যাদি, প্রঃ—সারঙ্গ বচন জনু সারঙ্গ নয়ন, সারঙ্গ তনু সমাধানে। সারঙ্গ উপরে জনু দউ সারঙ্গ, কেলি করই

মধুপানে (বিদ্যাপতি)—কোকিল বচন যেন হরিণ নয়ন, মদন তস্ত সন্ধানে। কমল উপরে যেন দুই ভ্রমর, কেলি করে মধু-পানে ॥ তন্ত্রী বাদ্যযন্ত্রবিশেষ। সারঙ্গী···ষ্য. সারঙ্গ বাদ্যকর।

সারদা···ষ্য. (ফা° সরোদ। শারদা দেখ)। বেহালা সদৃশ তন্ত্রী বাদ্যযন্ত্রবিশেষ।

সারনদার···সার দেখ।

সারস ··ষ্য. (স°)। কুলেচর বর্গের শাদা ও দুই হাতের অধিক বড় পক্ষীবিশেষ (The white stork)। নিবাস উত্তরভারতে, শীতকালে এ দেশে আসে। জোড়া জোড়া থাকে।

সারা···সার ধাতু দেখ। (স° সর্ব হইতে ? হি° ম° সারা। আসা° সাগ্রাম্—স° সাগ্র—অগ্র সহ ?)।

সারি, সার···ষ্য (স° শ্রেণি ? সরণি ? ও°তে ধাড়ি, হি° ধারী—স° ধারা ; ম° সাইর)। শ্রেণী, পঙ্‌ক্তি। সারি-গান···নৌকায় শ্রেণী-বদ্ধ হইয়া বসিয়া দাঁড় ফেলার সঙ্গে সঙ্গে দাঁড়ীর গান।

সারিগামা···ষ্য. (হি° সরিগম। স° ষড়্‌জ হইতে সা। এই সা সুর ধরিয়া পরে পরে অনুপাত অনুসারে অপর ছয় সুর হয় বলিয়া ষড়্‌জ। রি—স° ঋষভ—বৃষের ধ্বনি হইতে; বোধ হয় অন্য অর্থ ছিল। গা—স° গান্ধার। এই নামের সঙ্গত ব্যুৎপত্তি পাওয়া যায় না। গা তৃতীয় সুর, গ তৃতীয় ব্যঞ্জন ; ইহা হইতে ? মা—স° মধ্যম, সপ্ত সুরের মধ্যম। পা স° পঞ্চম, সা হইতে গণনায় পঞ্চম। ধা—স° ধৈবত,—শেষের দিকে ধাবিত ? নি—স° নিষাদ (হি° নিখাদ)—স্বর উপবেশন করে বা শেষ হয় বলিয়া ? প্রথমে এইরূপ অর্থ ছিল বোধ হয়। পরে কৃত্রিম অর্থ যেমন, ময়ূরধ্বনি হইতে ষড়্‌জ, বৃষভের হইতে ঋষভ, ছাগের হইতে গান্ধার, ক্রৌঞ্চের হইতে মধ্যম। পঞ্চম স্বর বলিয়া পঞ্চম। কেহ বলেন, দেহের প্রাণ অপান সমান উদান ব্যান—এই পাঁচ বায়ু সম-বায়ে জাত বলিয়া পঞ্চম। ইহা কোকিল-ধ্বনি। ইহা হইতে, কোকিলে পঞ্চম গায়। ধৈবত—অশ্বস্বর, কেহ বলেন, ভেকস্বর। নিষাদ—হস্তীস্বর)। গীত ও তন্ত্রীবাদ্যের সপ্তস্বর। (সা দেখ)।

সারী, সারূ···ষ্য. (স° সারী। স° সারিকা হইতে .অন্য নাম সালিক। ও° বর্ণ)। সালিক দেখ।

সাবেঙ্গ, সারেং ··ষ্য. (ফা° সর্‌হঙ্গ্‌) জাহাজ-চালক (ই° boat-swain)। (২) জাল দেখ।

সার্জ···ষ্য. (ফরাসী, ই° serge)। তের্চা বোনা পশমী বস্ত্রবিশেষ (দেশী লুই)।

সার্জন···ষ্য. (ই° surgeon)। ইংরেজী মতে শস্ত্রচিকিৎসক ; চিকিৎসক (physician)। আসিষ্টাণ্ট সার্জন ··ইংরেজী মতে অমু-শস্ত্র চিকিৎসক, অমু-চিকিৎসক। সব্-আসিষ্টাণ্ট সার্জন···আসিষ্টাণ্ট সার্জনের নিম্নস্থ চিকিৎসক। সিবিল সার্জন (ই° civil surgeon)। সেনার চিকিৎসক নহে, জেলার প্রধান সার্জন। (২) (ই° sergeant)। উচ্চ পুলিশ প্রহরী।

সার্ট···ষ্য. (ই° shirt)। কোটের তলে পরিধেয় জামা ; জামা।

সার্টিফিকেট···ষ্য. (ই° certificate)। লিখিত প্রমাণপত্র (আদাঃ) ; প্রশংসাপত্র।

সার্ভে ··ষ্য. (ই° survey)। গ্রাম নগর ও অন্য ভূ-পৃষ্ঠের আকার ও পরিমাণ, জরিপ। সার্ভেআর ··· ষ্য. (ই° surveyor)। গ্রামাদিমাপক।

সাল··ষ্য. (স° সাল। সার আছে বলিয়া সার—সাল। অতিসারত্বাৎ অতিশয়েন সারো বিদ্যতে অস্য। সল্যতে গম্যতে অসৌ—অঃ টীঃ। শেষোক্ত ব্যুৎপত্তিও ঠিক। সাল গাছের বন হয়। ও° সাঠুআ, হি° সাল; কোল ভাষায় সর্জম, সর্জোম্—তু° স° সর্জ—অঃ; নির্যাস—ধুনা—ত্যাগ করে বলিয়া সর্জ। তু° সর্জিকাক্ষার)। প্রসিদ্ধ দৃঢ় গুরু কাষ্ঠবিশেষ। এই কাঠ খদিরবর্ণ; আঁশ মোটা, আঁকা-বাঁকা। বৃহৎ আরণ্য তরুবিশেষ (Shorea robusta)। হিমালয়ের দক্ষিণে পঞ্জাবের কাঙ্গরা হইতে আসামের নওগঙ্গ্‌ পর্যন্ত এক সালের দেশ; অপর দেশ মধ্যভারত হইতে গোদাবরী পর্যন্ত। পাতা অশ্বকর্ণসদৃশ বলিয়া এক স° নাম অশ্বকর্ণক; বসন্তকালে নূতন পাতা ও ফুল হয়, গ্রীষ্মে ফল পাকে। দুর্ভিক্ষের সময় দরিদ্রে ফলের শস্য খায়। ছদ দ্বারা ফল আবৃত থাকে বলিয়া এক স° নাম শস্য সম্বর অঃ)। ছালে ক্ষত করিয়া দিলে ধুনা বাহির হয়। ছালে কষায় রসও আছে। সিতিসাল, সিতসাল···শিশু দেখ। (পিয়া-সাল দেখ)।

সাল ··ষ্য. (ফা°)। বৎসর; মুসলমানী অব্দ-বিশেষ (শকাব্দ—৫১৫=সাল)। আকবর শাহ এই সাল প্রবর্ত করেন। সাল-তামামি ···বৎসরের শেষ; বাৎসরিক বিবরণ। সালা···সংখ্যার পরে বসিয়া ণ. যেমন দশ-সালা বন্দোবস্ত। সালিয়ানা···ণ. (ফা° সালানহ্‌)। বার্ষিক।

সালঙ্কার ··ষ্য. (সু+অলঙ্কার। তু° সাব-কাশ)। সুঅলঙ্কার, প্রঃ—তোমারি বচন সালঙ্কার মোর (চণ্ডীঃ)।··ণ. (স°)। অলঙ্কারবিশিষ্ট।

সালতি ··ষ্য. (সাল+বহিত্র? ছাল—সাল? ছালের দোড়ীতে বাঁধা নৌকা?)। সাল কাঠের লম্বা ডোঙ্গা।

সালন ··ষ্য. (স° সলবণ? হি°। শালন—বৈদ্যকে)। ব্যঞ্জন (মুসলমানী ভাষায়)।

সালপাণী ··ষ্য. (স° সালপর্ণী)। শিম্বাদিবর্গের প্রায় সোজ. বন্য ক্ষুপবিশেষ (Desmodium gangeticum)। পাতার গোড়া গোল, কিছু দীর্ঘ নিম্নপৃষ্ঠ লোমশ। সাল-পাতার আকার সাদৃশ্যে নাম। ফুল ছোট ছোট, বেগুনা, এক জাতের শাদা জোড়া জোড়া ধরে। শুঁটীতে পাঁচ ছয়টা বীজ থাকে, শীতকালে পাকে। সালপাণী দশমূল-পাচনের এক উপকরণ।

সালবোট···ষ্য. (ই° salver)। কানা-হীন রেকাববিশেষ।

সালসা···ষ্য. (পর্তু° salsa parilla; ই° sarsa parilla)। পুষ্টিকারক ঔষধ-বিশেষ।

সালাদ ··ষ্য. (ই° salad)। অন্য নাম প্রায়ই লেটুস (Lettuce)। শাক-বিশেষ। ইহার পাতা ইংরেজে কাঁচা খায়। শীতকালে লোকে সখ করিয়া ইহার গাছ করে এবং বাঁধিয়া খায়।

সালিক, সারী ··ষ্য. (স° সারিকা। ময়না দেখ)। ভূমিচর গ্রাম্য পক্ষীবিশেষ (The common myna. Acridotheros

tristis)। তের চৌদ্দ আঙ্গুল দীর্ঘ। মাথা ঘাড় কাল, পেট লাল-খয়রা। চোখের নীচে ও পেছু পালখ থাকে না। কিচকিঁঅ কিচকিঁঅ ডাকে। লোকে পোষে, এবং পড়াইতে শেখায়। (শুক দেখ)। গাঙ্গ-সালিক্‌···এই সারী নদীর পাড়ে গর্ত করিয়া বাসা করে। পক্ষের অধোভাগ বাদামিয়া লাল। (The bank myna. A. ginginianus)। গুয়া-সালিক ··(সং গুহা-সারিকা)। পাঁশুটা রং, কানের কাছে শাদা পালখ থাকে। গাছের ডালে বাসা করে। (The pied myna. Sturnopaster contra । দৃষ্টান্তে, গুয়া সালিকের ঘাড়ে রোঁ—অসম্ভব কাণ্ড। গুয়া-সালিক কিন্তু দেখিতে কুশ্রী নহে।

সালিয়ানা ··সাল দেখ।

সালিস···ষ্য. (আং)। মধ্যস্থ। সালিস-নামা ·· সালিস দ্বারা বিচার ফল। সালিসি ··ষ্য. মধ্যস্থতা। সালিসী ··ণ. সালিস দ্বারা বিচার্য।

সালেপ-মিসরী···ষ্য.. (আং সালব-মিসরী। সালিমকন্দ—বৈদ্যকঃ) রাস্নাদিবর্গের কয়েক জাতি ভূমিজ শাকের কন্দ। তন্মধ্যে এক জাতি (Orchis mascula) প্রসিদ্ধ। ইহা পারস্য ও আফগানিস্তান হইতে আসে। অন্য জাতি উত্তরভারতে জন্মে। ইহা নিকৃষ্ট। সালেপ-মিসরী ঈষৎ মিষ্ট এবং রসায়ন বলিয়া প্রসিদ্ধ।

সাশ্রয়···ষ্য. (সং সু+আশ্রয়। তুং সাবকাশ)। আশ্রয় ; ব্যয় হইতে রক্ষা, প্রঃ—এ কাজ করিলে টাকার সাশ্রয় হবে।

সাষ্টাঙ্গ···ণ. (সং)। দেহের অষ্ট অঙ্গ সহিত, প্রঃ—সাষ্টাঙ্গ প্রণাম। অষ্ট-অঙ্গ,—জানু পদ হস্ত বক্ষ শির বুদ্ধি বচন দৃষ্টি—এই অষ্ট-অঙ্গ প্রণাম।···ষ্য. অষ্টাঙ্গ, যথা, শির গ্রীবা বক্ষ উদর পার্শ্ব পৃষ্ঠ হস্ত পদ, প্রঃ—সাষ্টাঙ্গে ব্যথা হইয়াছে।

সাহ্‌, সাহনসাহ্‌···শাহ্‌ দেখ।

সাহস ··ষ্য. (সং। ঢাকায় গ্রাং ধারস)। বলাৎকার ; বলে কৃতকর্ম ; অবিমৃষ্য কর্ম ; দুষ্কৃত কর্ম ; শৌর্য ; ধৃষ্টতা, নির্ভয়তা। সাহসিক···ণ. (সং)। শূর, নির্ভীক। সাহসী ···ণ. (সং সাহসিন্‌)। সাহসবিশিষ্ট, নির্ভীক। অসমসাহসী···ণ. (সং)। অতিশয় সাহসিক।

সাহা···ষ্য. (সং সাধু—বণিক। কিংবা সং সহায় হইতে। তুং ওং সাহা—সহায় ; বিহারীতে সহায়—উপাধিবিশেষ)। উপাধি-বিশেষ।

সাহানা···ষ্য. (ফাং শাহানাহ্‌—সন্ধ্যাকালীন গীত)। রাগরাগিণী দেখ।

সাহেব···ষ্য. (আং সাহিব)। (মুসলমান) ভদ্রলোক ; শাসনকর্তা ; শ্বেতবর্ণ মনুষ্য। স্ত্রীং বিবী, মেম। (২) মান্যে নামের পরে বসে, যথা, মৌলভি-সাহেব, বাবু-সাহেব। সাহেব বহুবচনে সাহেবান্‌। সাহেবি, সাহেবিয়ানা···ষ্য. সাহেবের ভাব বৃত্তি। সাহেবী ··ণ. সাহেবের যোগ্য। সাহেব-সুবা ···(সুবাদার হইতে সুবা। সহচর শব্দ)। ধনবান্‌ কিংবা পদস্থ ইংরেজ।

সাহিত্য···ষ্য. (সং। সহিতস্য ভাবঃ)। যেমন ; ব্যাকরণের সহিত পাঠ্য কাব্য (তুং সং সাহিত্য-দর্পণ) ; কাব্যালঙ্কার ; বাঙ্ময় (আধুনিক অর্থ। এই অর্থ অদ্যাপি হিং

ম°তে হয় নাই°)। বাঙ্ময় দ্বিবিধ—পদ্য ও গদ্য। সাহিত্যিক…ষ্য. (সাহিত্য+ইক)। গদ্যপদ্য-লেখক ও পাঠক।

সাহু, সাউ…ষ্য. (স° সাধু—বণিক)। উপাধি-বিশেষ।

সি…ক্রিয়াবিভক্তি. প্রাচীন বা°তে, যথা, করসি—করহি—করহ—কর্।

সিং, সিঙ্গ্…সিংহ উপাধি।

সিংহ, (গ্রা° সিঙ্ঘ)…ষ্য. (স°। সিংহ—সিঙ্ঘ। হি° ও° সিঙ্ঘ)। প্রসিদ্ধ শ্বাপদ পশু (The lion. Felis leo)। সিংহের ঘাড়ে ও মাথায় দীর্ঘ কেশর, এবং পুচ্ছপ্রান্তে কৃষ্ণবর্ণ লোমগুচ্ছ থাকে। হরি—পিঙ্গলবর্ণ বলিয়া এক স° নাম হরি। এ দেশে এখন কেবল কাঠিয়াড় প্রদেশের বনে সিংহ আছে। স্ত্রী° সিংহী (স°), সিংহিনী (বা°)। (২) রাশিচক্রের রাশিবিশেষ। (৩) শব্দের পরে বসিলে শ্রেষ্ঠ, যথা, পুরুষসিংহ। (৪) ইহা হইতে, মানুষের উপাধিবিশেষ (গ্রা° সিঙ্ঘ, সিঙ্গ্, সিং, সিঙ্গী। স্ত্রী° সিঙ্ঘিনী। তু° বাঘিনী)। সিংহাসন…ষ্য. (স°। সিংহস্তা-কারঃ সিংহঃ তৎপ্রধানমাসনং, সিংহপাদা হি সিংহাকার উচ্যতে। ভদ্রাসন স্বর্ণময় হইলে সিংহাসন। সিংহাসনং তু তৎ হৈমম্—হেমঃ)। নৃপাসন। সিংহদ্বার, সিং-দরজা…ষ্য. বাড়ীর প্রধান দ্বার (এই দ্বারের পার্শ্বে সিংহ নির্মিত থাকে)।

সিঁ…ধাতু. (স° সি ধাতু বন্ধনে, সিনোতি পদ হয়। এই কারণে বা° সিঁ অনুনাসিক, আসা° সি, ও° সিঁ, হি° সী, ম° শিব্ ধাতু)। সিঁই—সূত্রাদি দ্বারা যুক্ত, গ্রথিত করি, প্রঃ—শ্রীবাসের বস্ত্র সিঞে দরজী যবন (চৈঃ চঃ), দরজী কাপড় সিঁয়ে (কবিকঃ)। সেঁআ॥ সিঁআ, সেঁআ…ধাতু. (সিঁ ধাতু আস্তে)। সিঁআনা, সেঁআনা॥ প্রঃ—অধ্যক্ষেরা ভাল থলিয়া সিঞাইয়া বসিয়া-ছিলেন (টেকচাঁদ)।

সিঅনী, (গ্রা° সিম্‌নী)…ষ্য. (স° সেচনী। কিংবা বা° সিচ ধাতু হইতে সিচনী। আসা° সিচনী, ও° সেণা—স° শ্রেণি)। বংশ-নির্মিত জল-সেচনী। সিঅনী দ্বারা ক্ষেত্রে জল উত্তোলিত হয়। দুই জন মানুষ ডোবের দুই পাশে দাঁড়াইয়া রজ্জু (জোত। স° যোত্র) ধরিয়া জল সেচন করে। যে ডোবে বা গর্তে জল জমা হয়, তাহা ডোবগাড়ী বা ঝাইল, প্রঃ—নাহি ঝালি কাটে বীর না ধরে সিয়নী (কবিকঃ); যেখানে দুই জন দাঁড়ায়, তাহা পাঅড়া; যেখানে সিঅনীর জল পড়ে, তাহা ঝাইল-মাথনা।

সিআনা…সেআনা, সেয়ানা দেখ।

সিওয়ায়, সেওয়ায়…ব্য (আ° সিৱাএ)। ব্যতীত।

সিওলী…ষ্য. (স° শৃঙ্খল হইতে?)। খেজুর-রস নিমিত্ত যে (মুসলমান) খেজুর গাছ কামায়।

সিক…ষ্য. (ফা° সীখ)। লোহার ছড়ী।

সিকন্‌জা…ষ্য. (ফা°)। বই বাঁধিবার সময় চাপ দিবার জাঁত।

সিকমি…ষ্য. (ফা° যিকমী)। অধীন প্রজা। সিকমি জমি—সরকার যে লাখরাজ জমি বাজেয়াপ্ত করিয়া বিলি করিয়াছেন। সিকমি মহাল…যে মহালের খাজনা, তালুকদারের মতন, একেবারে সরকারকে দিতে হয়।

সিকল, সেকল…ষ্য. (আ° সৈকল)। অস্ত্রশস্ত্রাদি নির্মল ও মার্জনা করা।

সিকলগার...ষ্য.(ফা° সৈকলগর)। সিকল-কার।

সিকস্ত...শিকস্ত দেখ।

সিকান, সিকনি...ষ্য. (স° সিংহাণ, সিঙ্ঘণ)। শিকান, নাসিকা-মল।

সিকারৎ...শিকারৎ দেখ।

সিকা...ষ্য. (স° চতুষ্কা। হি° সুকা, ও° সুকা)। চতুর্থাংশ, টাকার চতুর্থাংশ।

সিকী...ষ্য. (সিকা হইতে)। টাকার তোলার চতুর্থাংশ পরিমাণ ; টাকার চতুর্থাংশ রৌপ্য মুদ্রা। (টাকা, ওজন দেখ)।

সিক্কা...ষ্য. (আ°)। বাদশাহ মুদ্রা, বাদশাহ মুদ্রাঙ্কিত টাকা। (১০০সিক্কায় ১০৬।৴১৩।— চলিত টাকা হয়)। বিরাশি সিক্কার ওজন...আশি তোলায় শের নহে, তাহারও অধিক ওজন।

সিখ...ষ্য. (হি°। স° শিষ্য)। শিখ।

সিঙ্কোনা...ষ্য. (ই° cinchona)। আচ্ছুকাদি বর্গের আমেরিকার গাছ। এখন দার্জিলিঙ্গ্ ও দক্ষিণে নীলগিরিতে সরকারী চাষ হইতেছে। এই গাছের ছাল হইতে আপাণ্ডুরবর্ণ সিঙ্কোনা ঔষধ। ইহা জ্বরঘ্ন, কিন্তু কুইনীন অপেক্ষা মাত্রা অধিক লাগে এবং বিবমিষা জন্মায়।

সিঁচ...ধাতু. (স° সিচ ধাতু হইতে সিঞ্চতি পদ। এই হেতু সিঁচ অনুনাসিক। গ্রা° ছিঁচ ধাতু। এই কারণে গ্রা° ছিঁচ্নী—সিম্নী। সিঅনী দেখ। ও° সিঞ্চ, হি° সীঁচ, ম° সিঁচ। প্রাচীন বা° সিঞ্চ ধাতু)। সিঁচি—জল সেচন করি, জল তুলিয়া ক্ষেত্রাদিতে দিই। সেঁচা॥ সিঁচ...ষ্য.সেচন। সেঁচা...ধাতু. (সিঁচ ধাতু আস্তে)। সেঁচানা॥

সিজ...ষ্য. (স° সীহুণ্ড, স্নুহী—অঃ। হি° সিজ, ও° সিজু)। সীহণ্ড হইতে সীঝ—সিজ। স্নুহতি ক্ষীরং। কিন্তু অমরে কেবল বজ্রদ্রু—তেকাঁটা সিজের নাম সীহুণ্ড স্নুহী)। মনসা গাছ, (কবিকঃ—পাতা সিজ), প্রঃ—সিজ আঠা দিয়া সই শক্ত করে মেড়ে (মাঃ) —মাড়ী। সিজ নাম অপ্রচলঃ হইতেছে। তে-কাঁটা সিজ...তে-কাঁটা, তে-শিরা মনসা দেখ। ঘোড়া-সিজ,লঙ্কা-সিজ...স্নুহি-আদি বর্গের ক্ষীরী বৃক্ষবিশেষ (Euphorbia tirucalli)। এক একটা গাছ ১২।১৪ হাত উচা হয়, প্রায়ই বেড়াতে হয়। গাছে কাঁটা নাই, পাতা অত্যল্প, ক্ষুদ্র ক্ষুদ্র, ডাল আঙ্গুলের মতন সরু, হরিতবর্ণ। (ও° লঙ্কা সিজু, হি° সেহণ্ড)।

সিঝ, (গ্রা° সিজ)...ধাতু. (স° সিধ ধাতু। ও° হি° সিঝ ধাতু)। সিঝি—উত্তপ্ত জলাদিতে পক্ক হই। সিঝা॥ ধান-সিঝা হাঁড়ী...যে হাঁড়ীতে ধান সিঝানা হয়। সিঝা-পোড়া ...জলে সিদ্ধ ও আগুনে দগ্ধ ভোজ্য। সিঝা...ধাতু. (সিঝ ধাতু আস্তে)। সিঝানা॥

সিজন (গ্রা°), সিজ্জন (গ্রা°)...ষ্য. (স° সর্জন, বা° সৃজন)। সৃজন। প্রঃ—শূং পুঃ।

সিঞ্চ...ধাতু. (স° সিচ ধাতু। সিঁচ ধাতু দেখ)। সিঞ্চি...জলাদি সেচন করি, প্রঃ—দুই হাত সিঞ্চি যদি সিন্ধুক ধারা (বিদ্যাপতি)—সিন্ধুর ধারা ; ভক্তি কল্পতরু রুইল, সিঞ্চি ইচ্ছা পানী (চৈঃ চঃ)। সিঞ্চা॥ সিঞ্চন...ষ্য. (সিঞ্চ ধাতু অন। স°.সিঞ্চন)। সেচন।

সিট্কা···ধাতু. (সং সীৎকার হইতে)। সিটকাই—শীতাদিতে কম্পিত হই, বাঁকিয়া যাই, প্রঃ—সাপের মুখে কেরোসীন তেল ঢালিলে সাপ সিটকাইয়া-মিটকাইয়া মরে—(মিটকাইয়া প্রচর পদ ?)। (সকর্মক) সিটকাই—ঘৃণা অবজ্ঞায় উৎক্ষিপ্ত করি, প্রঃ—গরবে নাক সিটকাইয়া কথা বলে। সিটকানা ॥

সিটাম (গ্রা°)···ষ্টাম্প।

সিটী···শিটী দেখ।

সিঠা···শিঠা দেখ।

সিড়্-সিড়···ব্য. (সং হৃষ ধাতু—হর্ষণে)। দন্তহর্ষণে, প্রঃ—টক খাইলে দাঁত সিড়্-সিড় করে। (২) (সং সীৎকার হইতে)। লোমাঞ্চনে, প্রঃ—শীতে গা সিড়্-সিড় করে। সিড়্-সিড়ানি ॥ (৩) সড়্-সড় দেখ।

সিঁড়ী··শিঁড়ী দেখ।

সিতসাল···শিশু দেখ।

সিথান···ষ্য. (সং শির-স্থান)। শয্যার মাথার দিক; মাথার বালিস, প্রঃ—নাগরের বাহু করিয়া সিথান (জ্ঞানদাস)।

সিঁথী···ষ্য. (সং সীমন্ত)। মস্তকের কেশ দুই পাশে পৃথক্ করিয়া মধ্যরেখা; সীমন্তের স্বর্ণ অলঙ্কারবিশেষ (পূর্বকালের অলকা রচনার অনুকরণে)। সিঁথী-পাটী···ষ্য. (সং সীমন্তপট্টী)। সিঁথীর পট্টাকার স্বর্ণ অলঙ্কারবিশেষ।

সিঁদ··ষ্য. (সং সন্ধি। আসা° সিন্ধি)। চৌর্যাভিলাষে গৃহভিত্তিতে সন্ধি বা ছিদ্র। সিঁদ-কাটি···ষ্য. ভিত্তিতে ছিদ্র বা সুরঙ্গা করিবার লৌহ-ভ্রমরবিশেষ। সিঁদাল, সিঁদেল···ষ্য. (সিঁদ+আল। সং সন্ধিলা)। সুরঙ্গা করিয়া চুরি করে যে; সিঁদ কাটিতে দক্ষ যে। সিঁদেল চোর···ষ্য. (সং সন্ধি চৌর)। সিঁদ কাটিয়া চুরি করে যে।

সিঁদুর···সিন্দূর দেখ।

সিদ্ধ···ণ. (সং)। সম্পন্ন, সমাপ্ত; লব্ধ, অর্জিত; কৃতকৃত্য, লব্ধকাম; প্রমাণিত, প্রতিপন্ন, নির্ণীত; অগ্নিতাপে পক্ব; অভিজ্ঞ, ব্যুৎপন্ন; মোক্ষপ্রাপ্ত; অমানুষিক শক্তি-সম্পন্ন।···ষ্য. (সং)। দেবযোনিবিশেষ; ব্যাসাদি সিদ্ধ পুরুষ; পাঁজির যোগবিশেষ। সিদ্ধান্ত···ষ্য. (সং)। পূর্বপক্ষ নিরাস ও সিদ্ধপক্ষ স্থাপন; প্রমাণীকৃত অনুমান; প্রামাণ্য গ্রন্থ—যেমন দর্শন, জ্যোতির্বিদ্যা। সিদ্ধান্তী ··· ষ্য. মীমাংসা-দর্শনশাস্ত্রজ্ঞ, জ্যোতিষসিদ্ধান্তবেত্তা। সিদ্ধি···ষ্য. (সং)। নিষ্পত্তি; ফলোৎপত্তি; বৃদ্ধি, ঐশ্বর্য; জয়লাভ; পাঁজির শুভ যোগবিশেষ; ভঙ্গা বা ভাঙ্গা নামক মাদকবিশেষ (ও° পত্তি)। ইহার গাছ (Cannabis sativa)। এ দেশ ব্যতীত আশিয়ার বহু প্রদেশে বন্য জন্মে। পুং ও স্ত্রী গাছ পৃথক। স্ত্রী গাছের কৃষি হইয়া থাকে। গাঞ্জা এই গাছের মঞ্জরী। কলিকায় তামুকের মতন করিয়া ইহার ধূম পান করা হয়। কিন্তু পুং স্ত্রী দুই গাছের আঁশ হইতে সূত্র ও রজ্জু হয়। বীজ হইতে তৈল পাওয়া যায় এবং কোথাও কোথাও লোকে খায়। অনেক পণ্ডিতের মতে পূর্ব-কালে এ দেশে ভঙ্গার মাদকতা গুণ জানা ছিল না, কিংবা এই গুণের জন্য ইহার আদর ছিল না। সিদ্ধি গাছের পাতা (ও° পত্তি, হি° সবজী, ঠাণ্ডাই) সিদ্ধি নামে

খ্যাত। এই পাতার সহিত শুষ্ক ফুল ও বীজও মিশ্রিত থাকে। ইহা ঘুটিয়া দুধ গুড় ইত্যাদি সহিত পান করিলে মত্ততা জন্মে। সিদ্ধি গাছের পাতা ডাঁটা মঞ্জরীতে এক নির্যাস বাহির হয়। তাহা চরস। সিদ্ধির ঝুলী—যাহারা সিদ্ধি পান করে, তাহারা থলীতে কেবল সিদ্ধিপাতা রাখে না, সিদ্ধি ঘুটিবার উপকরণ রাখে। ইহা হইতে নানা উপকরণপূর্ণ আধার। কথায়, সিদ্ধি খেলে বুদ্ধি বাড়ে—ইহা সিদ্ধিপানাসক্তের কথা।

সিধা ··ধাতু. (সং সম্-ধা ধাতু হইতে। সাঁধ ধাতু দেখ)। সিধাই—প্রবেশ করি, প্রঃ— ময়লানিল হিমশিখরে সিধায়ল (বিদ্যাপতি), কানু কুশলে পরদেশ সিধায়ল (জ্ঞানদাস)। বর্তমান রীতিতে সিধাইল হইত। (অপ্রচলঃ)।

সিধা···ব্য. (সং সিদ্ধ হইতে। যে অন্ন সিদ্ধ করিয়া ভোজন করিতে হইবে)। পাক ও ভোজন নিমিত্ত অন্যকে প্রদত্ত আমান্ন।

সিধা···ণ. (হিং সীধা। সং শুদ্ধ)। সোজা, ঋজু, যেমন পথ। শাদা-শিধা···শ্বেতবর্ণ ও শুদ্ধ। (শুক্লবর্ণ শুদ্ধ বটে)। শাদা দেখ।

সিঁধ···সিঁদ দেখ। সিঁধাল···ণ. (সং সন্ধিলা। কিংবা বাং সিঁধ+আল)। ঘরে সিঁদ কাটিতে দক্ষ।

সিনান (গ্রাং)···ষ্যঁ. (সং স্নান। চান দেখ)। স্নান, প্রঃ—শূং পুঃ ; প্রাচীন পদে।

সিন্দুক ··ষ্য. (আং সন্দূক। ও° হিং মং সন্দূক)। কাঠের লোহার বড় মঞ্জুষা, প্রঃ—সিন্দুক হৈতে বেণ্যা গণে দেয় টাকা (কবিকঃ)।

সিন্দুক (গ্রাং)···সিন্ধুক দেখ।

সিন্দূর, সিঁদুর···ষ্য. (সং সিন্দুর। সিন্দূরং নাগসম্ভবম্—অঃ ; নাগ—সীসক ; অতএব প্রাচীন সিন্দূর চীনা নহে, মাটিয়া সিন্দুর)। রক্তবর্ণ রঞ্জবিশেষ। চীনা সিন্দুর···পারদ-গন্ধক-ঘটিত সিন্দুর (vermillion), হিঙ্গুল। মাটিয়া সিন্দুর···সীসকঘটিত সিন্দুর (minium)। এই সিন্দূর হিঙ্গুল-তুল্য লাল নহে। সিঁদুর-পাতিয়া, সিঁদুর পেত্যে···সিন্দুর চিরনী প্রভৃতি নারী-কেশ-প্রসাধন দ্রব্য রাখিবার কড়ি-বসানা পাত্র। অন্য নাম সিঁদুর-চুপড়ী। এক্‌পাতা সিঁদুর ···একখান পত্রে বা কাগজে রক্ষিত সিন্দুর। পূর্বকালে পাতিয়া কিংবা চুপড়ী পরিবর্তে পেড়ীতে সিন্দুর রাখা হইত, প্রঃ—সারিকা কুন্তল পেড়ী পাছু লয়ে যায় চেড়ী, কেহ লয় বিয়নী দর্পণ (কবিকঃ)—সারিকা, সারি, শারি—পাশা, কুন্তলপেড়ী—কেশ রচনার উপকরণ পেটিকা, বিয়নী—ব্যজনী। সিন্দূরিয়া ···ণ. (সিন্দুর+ইয়া)। সিন্দূর তুল্য ঘোর রক্তবর্ণ, প্রঃ—সিঃ মেঘ।

সিন্ধাল ··ষ্য. (সং সন্ধিলা। ও° সিন্ধাল)। সিঁধাল। সিন্ধালিয়া···ষ্য. (সিন্ধাল+ইয়া)। সিঁধাল চোর, প্রঃ—চৈতন্যমঙ্গল।

সিন্ধু, সিন্ধুড়া···রাগরাগিণী দেখ।

সিন্ধুক (গ্রাং সিন্দুক)···ণ. (সং সিন্ধু+ক)। সিন্ধু দেশজাত, যেমন, লবণ। লুন দেখ।

সিন্নী···শিরিণী, চিনী দেখ।

সিপ, সীপ···ষ্য. (সং ক্ষিপ ধাতু হইতে। ও° সিপ্, হিং ছীপ, মং ছিপটী)। বাঁশের ডগলা কিংবা কঞ্চিনির্মিত মাছ ধরিবার সাধনবিশেষ।

সিপ, সীপ…স্ত্র. (ই° ship)। সমুদ্র জাহাজ। সিপ-সরকার…যে জাহাজের মাল বিক্রয়ের দাম আদায় করিয়া বেড়ায়।

সিপটা…ধাতু. (সিপ—কঞ্চি+তা স্বার্থে ?)। সিপটাই—সিপ বা কঞ্চি দ্বারা প্রহার করি। সিপটানা ॥

সিপ্-সিপ…ব্য. (স° স্থপ ধাতু হইতে সর্প। সর্প তুল্য যাহা বাঁকিয়া যায়, তাহা হইতে)। বেত কিংবা সরু কঞ্চি দ্বারা প্রহার শব্দে। সিপ্-সিপানি ॥ সিপ্-সিপা…ণ. (সিপ্-সিপ্+আ)। শীর্ণ ও দীর্ঘ, যেমন এক এক মানুষ হয়।

সিপাই…ষ্য. (ফা° সিপাহী)। সৈন্য, দেশীয় সৈন্য। সিপাই-সান্ত্রী…ষ্য. (ই° sentry—সান্ত্রী। সহচর শব্দ)। সৈন্য ও প্রহরী, প্রঃ—সিফাই সান্তিরি যারা কুরনিস করে তারা (রামপ্রসাদের বিদ্যাসুন্দর)।

সিপী, সিপ…ষ্য. (স° সীপ—যজ্ঞার্থে নৌকাকার পাত্র। স°প্রা° সিপ্পী। ভার-প্রকাশে, সিপী। হি° ও°তেও সিপী। শুক্তির খোলা, প্রঃ—সিপীর বোতাম; ঝিনুকখোলা, ঝিনুকখোলার তুল্য রূপা কিংবা পিতল, প্রঃ—কবিকঃ। সিপী… ছিপী দেখ।

সিয়ন…ষা. (স° সীবন। সি ধাতু দেখ)। সেঁআ।

সিয়া…শিয়া দেখ।

সিয়ানা…ণ. (হি°)। সেয়ানা দেখ।

সিরকস্তা…শিরকস্তা।

সিরখিস্ত…শীরখিষ্‌ত্ দেখ।

সিরনী, সিরিনী…শীরনী দেখ।

সিরা…শিরা দেখ।

সিমলা…ষ্য. (স° সীমা+লা, কিংবা সীমা+আলি হইতে)। সীমার বাহিরের স্থান; গ্রামান্তর; গ্রামান্তরবাসী, প্রঃ—ছড়ায়; গোরুর আগন্তু রোগবিশেষ, পশ্চিমারোগ (গোরু দেখ)।

সিরিষ…ষ্য. (ফা° সিরেষ)। গোমেষাদির চর্ম হইতে প্রাপ্ত আঠা (glue)। সিরিষ-কাগজ …সিরিষ আঠা দ্বারা কাচচূর্ণ-লগ্নপুরু কাগজ।

সির্কা…ষ্য. (ফা°)। গুড় ও অন্য মিষ্ট রস সন্ধিত করিলে যে অম্ল উৎপন্ন হয়, শুক্ত। (vinegar)।

সিল, সীল…ষ্য. (ই° seal)। নামমুদ্রা, মোহর। সিল করা—নামমুদ্রা অঙ্কিত করা। সিল-আংটি…যে অঙ্গুরীতে নাম ক্ষোদা হইয়াছে। সিল-মোহর…ষ্য. (সহচর শব্দ)। সিল বা মোহর।

সিল…ষ্য. (ই° spelter)। দস্তা। সিল-তামা…দস্তা ও তামা।

সিলন্ধ, সিলিন্দি…ষ্য. (স° সিলন্ধ)। অ-শল্ক গুম্ফবিশিষ্ট কর্দমজলচর মৎস্যবিশেষ (Silundia gangetica)। আড়ি মাছের তুল্য। বড় বড় নদীতে থাকে, তিন চারি হাত হয়। চোখ ছোট। জল হইতে তুলিলে শীঘ্র মরে না।

সিল্‌ক…ষা. (ই° silk)। রেশম, পাতলা রেশম।

সিলপট…ষ্য. (হি°। ই° sleeper হইতে)। রেল পাতিবার কড়ি কাঠ।

সিল্-সিলা…ষা. (আ°)। ব্যবস্থা, ধারা।

সীট…ষা. (ই° seat)। আসন, উপবেশন-স্থান; আবাসস্থান।

সীতা-ভোগ···ষ্য. (সং সিতা—শ্বেতবর্ণ বলিয়া ?)। চাউল-গুঁড়ি, ময়দা, ক্ষীর, ছেনা-যোগে মিষ্টান্নবিশেষ।

সীঁথা, সীঁথি···সিঁথা দেখ।

সীন···ষ্য. (ইং scene)। রঙ্গমঞ্চের পট।

সীপ···ষ্য. (সং—যজ্ঞের নিমিত্ত নৌকাকার পাত্র)। কোশা, ছোট নৌকা।

সীমা···ষ্য. (সং। হিং মং সীঁব)। গ্রামাদির অবধারিত অন্তভাগ; মর্যাদা। সীমা-মুড়া ···সীমা-শেষ। সীমানা···ষ্য. (সং সীমন্)। সীমা, চৌহদ্দি। সীমানাদার, সীমানদার ···ষ্য. (ফাং দার)। গ্রাম্য চৌকিদার। সীমা-নীমা···ষ্য. (সং সীমা, সং নেমি, চক্র-প্রান্ত। অতএব সহচর শব্দ)। সীমা।

সীরধ্বজা···শীরধ্বিষ্ত দেখ।

সীরালি···ষ্য. (সং সীর—লাঙ্গল+আলি)। লাঙ্গল-পদ্ধতি।

সীল···সিল দেখ।

সীসা···ষ্য. (সং সীস, সীসক)। অল্প-তাপে দ্রবণশীল গুরু, ধাতুবিশেষ (lead)।

সু···বা. (সং)। বিশেষ্যের পূর্বে সমাসে বসে। (১) উত্তম, প্রাঃ—সু-গন্ধ, সু-জন, সু-দিন, সু-বিচার, সু-খবর; (বিপঃ—অ, কু, প্রাঃ—অ-সময়, কু-ক্ষণ); (২) সুন্দর, প্রাঃ—সু-নয়ন, সু-কেশী, সু দৃশ্য; (৩) সহজ, শীঘ্র, প্রাঃ—সু-লভ, সু-সাধ্য; (৪) অত্যন্ত, প্রাঃ—সু দীর্ঘ, সু-নিপুণ, সু-কুমার। বাংতে অনেক শব্দে স হইয়াছে। (স দেখ)। ···ষ্য. শুভ, প্রাঃ—সু করা। বিপঃ—কু।

সুআ···সুয়া দেখ।

সুআঁশা, সোআশা···ষ্য. (হিং সুআঁসা। সু—সুবর্ণের অংশ কিংবা বর্ণ যাতে)। সোনা তামার নিকৃষ্ট মিশ্রধাতু; স্বর্ণবর্ণ মিশ্রধাতু।

সুকানী···ষ্য. (ফাং সুকান—নৌকার কর্ণ। ফাং সুকানগর)। ষ্টীমারে সে ষ্টীমারের হাইল ধরে।

সুক্তা···ষ্য. (সং সু-তিক্ত—সু-ইক্ত—সুক্ত। সং শুক্ত নহে)। তিক্ত ব্যঞ্জন, প্রঃ—সুকুতা শীতের কালে বড়ই মধুর (কবিকঃ)। সুক্তানি ···ষ্য. (সুক্ত+পানি)। তিক্ত ঝোল, প্রঃ—দুধ-থোড় ডালনা সুক্তানি ঘণ্ট ভাজা (ভাঃ)।

সুখ···ষ্য. (সং)। দুঃখের বিপরীত অবস্থা, সৌখ্য, আনন্দ, সন্তোষ, শর্মা, শ্রী, কুশল, কল্যাণ, স্বাস্থ্য। সুখ-দুঃখ, সুখ-দুখ···ষ্য. (সং সুখ, দুঃখ। প্রতিচর শব্দ)। সুখ ও দুঃখ। (সুখ-দুখ, দুখ-সুখ, দুই ই হয়)। সুখোদয় ··ষ্য. (সং সুখ+উদয়)। সুখের উদয়। সুখ-কর, সুখ-দায়ক···ণ. (সং)। সুখ দেয় যাহা। সুখ-শান্তি···ষ্য. (সং। সহচর শব্দ)। সুখ ও শান্তি। সুখ-সম্পদ ···ষ্য. (সং। সহচর শব্দ)। সুখ ও সম্পদ সুখ-সৌভাগ্য···ষ্য. (সং। সহচর শব্দ)। সুখ ও সৌভাগ্য। সুখ-স্বচ্ছন্দতা, সুখ-স্বাচ্ছন্দ্য ··ষ্য. (সং। সহচর শব্দ)। সুখ ও স্বচ্ছন্দতা। সুখে স্বচ্ছন্দে···সুখে ও স্বচ্ছন্দে। সুখ-তলা···ষ্য. (হিং। সং সুখ+তল)। জুতার ভিতর তলের চর্ম। সুখ-দর্শন। সুদর্শন···ষ্য. (সং। রচিত। হিং)। বৃহৎ পুষ্পশাকবিশেষ (Crinum defixum, C. asiaticum)। প্রায়ই জলের ধারে হয়। পাতা লম্বা তরবারির মতন। ফুল বড় বড়, শাদা, রাত্রে গন্ধী, ছত্রাকারে, বর্ষা-কালে ধরে। ফুল ঘণ্টাকার, কেশর ৬।

ফুলের নীচে ফল। এক জাতি (C. latifolium) প্রায়ই উদ্যানে রোপিত হয়। ইহার পাতা চওড়া, চারি পাঁচ আঙ্গুল; ফুল-দল বাঁকিয়া পড়ে। ধার ঈষৎ গোলাপী।

সুখমুনিয়া…ষ্য. (আ°। হি°)। কলম্বাদি বর্গের লতাবিশেষ (Scammony. Convolvulus scammonia)। গুজরাটে বন্য, অন্যত্র কদাচিৎ। ইহার শিকড় ক্ষত করিলে নির্যাস বাহিরায়। তাহা ডাক্তারী ঔষধ হয়। (কানাইলাল)।

সুখ্যাত…ণ. (স°)। অতি প্রসিদ্ধ। সুখ্যাৎ (গ্রা°)…ষ্য. (স° সুখ্যাতি)। সুখ্যাতি। বিপঃ—অখ্যাৎ।

সুজনী…সোজনী দেখ।

সুজন্মা…ষ্য. (স° সু-জন্ম)। উত্তম প্রচুর শস্য জন্ম। বিপঃ—অজন্মা।

সুজি, সুজী…ষ্য. (স° সমিতা—ভাবপ্রকাশে। স° সমীদ—গোধূমচূর্ণ হইতেও আসিতে পারে। স° সংযাব ?)। শ্বেত গোধূম ধুইয়া কুটিয়া শুখাইবে, পরে জল-সিক্ত করিয়া যন্ত্রে পেষণপূর্বক চালিয়া লইবে (ভাবপ্রকাশে)। (Semola, semolina)। (মোটা আটা ও সুজি ঠিক এক নহে)।

সু-জুৎ…ষ্য. (স° সু-যুক্তি)। উত্তম যুক্তি বা উপায়। বিপঃ—বিজুৎ।

সুঝ…ধাতু. শুঝ ধাতু দেখ। (হি° সুঝা)।

সুট…ষ্য. (ই° suit)। যে সকল বস্ত্র এক সময়ে পরিধান করিতে হয়, জোড়া, প্রঃ—দুই সুট কাপড়; এক প্রকারের দ্রব্যসংগ্রহ, প্রঃ—পাঁচ সুট গহনা। ল-সুট…ষ্য. (ই° law-suit)। স্বত্বপ্রার্থনা (আদাঃ)।

সুঠাম…ণ. (স° সু+ঠাম। ঠাম দেখ)। সুন্দর, যেমন দেহ, প্রঃ—কবিত্ব সুঠাম (কৃত্তিঃ)।

সুড়ঙ্গ, (গ্রা° সুলঙ্গ)…ষ্য. (স° সুরঙ্গা)। গৃহভিত্তিতে কাটা ছিদ্র; মাটির নীচে দীর্ঘ গর্ত বা পথ।

সুড়্-সুড়…সড়্-সড় দেখ।

সুড়া…ষ্য. (স° সরণী, সরক)। পথ, প্রঃ—পাতিয়া বাগুরা দড়া আগলে বনের সুড়া (কবিকঃ), গাছপালার মাঝ দিয়া সরু পথ। সুড়ী…ষ্য. গাছপালা ঘরবাড়ীর মাঝ দিয়া সরু পথ। সুড়ী-পথ…সুড়ীর আকারের পথ।

সু-ডৌল…ণ. (সু+ডৌল দেখ)। সৌষ্ঠবসম্পন্ন।

সু-ঢপ…ণ. (স° সু+ঢপ দেখ। ও°)। সুডৌল।

সুত…ষ্য. (স°)। পুত্র। স্ত্রী° সুতা (স°)। প্রঃ—একে সুত দুয়ে সুতা, তিন হৈলে গর্ভ মিথ্যা (খনা)।

সুতরংখোলে (গ্রা°)…ব্য. (স° সুশৃঙ্খল—সুশরংখল। আসা° সুকলমে)। সুশৃঙ্খলে, বিনা বিঘ্নে।

সুতরাং…ব্য. (স° সুতরাম্। অবধারিতার্থ-প্রতিপাদক—শব্দকল্প:। ইহা হইতে)। এই হেতু।

সুতলী…ষ্য. (স° সূত্র—সুতর—সুতল+ঈ)। কাপাস সূতার সরু দোড়ী; সূতানির্মিত পাতলা শতরঞ্জী।…ণ. কাপাস-সূতানির্মিত।

সুতা…সুত, সূত দেখ।

সু-তার…ণ. (স° সু+তার দেখ)। সুস্বাদ।

সুতী…ণ. (স° সূত্র—সূৎ+ঈ)। কার্পাস-

সূত্রনির্ম্মিত।···ষ্য. (স° স্রোতস্ হইতে। আসা° সুঁতি, ও° সুত্ত)। অল্প বিস্তৃত জলস্রোত। (সোতা দেখ)।

সুদ···ষ্য. (ফা°)। টাকার বৃদ্ধি বা লভ্য। (শুদ দেখ)।

সুঁদরী ··ষ্য. (স° সুন্দর)। সুন্দর দেখ।

সুদর্শন···ণ. (স°)। শোভনদর্শন; সুখদর্শন। ···ষ্য. (স°)। বিষ্ণুর চক্র। (বা°) সুখদর্শন দেখ।

সুদিঠি ··ষ্য. (স° সুদৃষ্টি)। সুদৃষ্টি (পদ্যে)।

সুদি···ষ্য. (স° শুদ্ধ হইতে। সুদিন হইতে? হি°)। শুক্লপক্ষ। (বদি—কৃষ্ণপক্ষ)।

সুদ্ধ···ব্য. (স° সধ্র্যাচ্, সার্ধম্। ও° সুদ্ধা। হি° সুদ্ধা, ম° সুদ্ধাঁ। শুদ্ধ, শুধু অন্য শব্দ)। সহিত, প্রঃ—সে সুদ্ধ যাবে—সে সহিতে যাবে; ও, প্রঃ—তার সুদ্ধ কাজ আছে,—তারও।

সুধ···ধাতু. শুধ দেখ। প্রঃ—সুধিলা মুরলা দূতী, বিস্ময়ে রাজা সুধিলা (মেঘনাদবধ)। সুধা···ধাতু. শুধা ধাতু দেখ। প্রঃ—ডাকিয়া সুধায় মোরে হেন জন নাই (চণ্ডীঃ)।

সুধা···ষ্য. (স°)। অমৃত; চুনের লেপ।

সু-ধারা ··ষ্য. (স° সু+ধারা)। উত্তম ধারা বা ব্যবস্থা।

সুঁধী···ষ্য. (স° সৌগন্ধিক। সৌগন্ধিকন্তু কহ্লারং—অঃ)। কুমুদ অর্থাৎ শালুক; সোনার কুমুদতুল্য ফুল। নীল-সুঁধী ··(স° সৌগন্ধিক অর্থে পরে নীলোৎপল হইয়াছিল)। নীলোৎপল, ইন্দীবর। নীলপদ্ম দেখ। লাল সুঁধী··(স° রক্তসন্ধ্যক—হেমঃ)। রক্তোৎপল। রক্তকমল দেখ। (২) কচ্ছপবিশেষ। মাঠে থাকে। খোল মাটিয়া, বুক হলুদা। (বোধ হয় এই হলুদা রঙ্গ্ হইতে নাম। স° সৌগন্ধিক—গন্ধক অর্থ আছে)।

সুধু···ব্য. শুধু দেখ, প্রঃ—জ্ঞানদাসেতে কয় সুধুই যে সুধাময়।

সুনা···ণ. (হি°। শুকনা হইতে)। উচ্চ, ডাঙ্গা, যেমন জমি। (শালি—নিম্ন।)

সু-নাম ··ষ্য. (সু° নাম দেখ)। যশঃ। বিপঃ—বদ্-নাম।

সুন্দর ··ণ. (স°)। রমণীয়, মনোজ্ঞ, সুরূপ, শোভন, চারু, কমনীয়, অভিরাম; সাধু। সুন্দরী···ণ. মনোহারিণী। ··ষ্য. মনোহারিণী নারী। (২) (স°—মেঃ)। পাটলাদি বর্গের অরণ্য বৃক্ষবিশেষ (Heritiera minor)। কাঠ লাল দৃঢ়। লাল বলিয়া নাম সুন্দরী, সুঁদরী। এই গাছ হেতু "সুন্দর বন" নাম। কিন্তু, ব্রহ্ম, মালয় দ্বীপের সমুদ্রতীরেও সুঁদরী গাছ আছে। নর সুন্দর···ষ্য. (বা°)। নাপিত—যে নর-কে সুন্দর করে।

সুন্নৎ···ষ্য. (আ°)। মুসলমানের লিঙ্গাচর্মচ্ছেদ-সংস্কারবিশেষ।

সুন্নী···ষ্য. (আ°)। হজরৎ মহম্মদের চারি খলিফার আদেশানুবর্তী মুসলমান সম্প্রদায়-বিশেষ। (শিয়া দেখ)।

সুপরদ্দ, সুপর্দ ··ষ্য. (ফা° সুপুর্দ্)। অধীনে তত্ত্বাবধানে রক্ষা; বিচারার্থে প্রেরণ, প্রঃ—দায়রা সুপরদ্দ করা (আদাঃ)।

সুপরী, সুপুরী, সুপারী···ষ্য. (উর্দু সুপারী, হি° সুপারী, ম° সুপারী। বা°তে এই শব্দ এক শত বৎসর প্রবেশ করিয়াছে। প্রাচীন বা° শব্দ গুয়া, গুআ, ও° গুআ, স° গুবাক

হইতে। তেলুগু ৱাক-লু। ভারতচন্দ্রে সুপরী নাই, আছে গুয়া। অদ্যাপি পূর্ববঙ্গে গুয়া শব্দ অধিক প্রচলিত আছে। সং খপুর—গুবাক,—মেঃ। খ—উত্তর-পশ্চিম প্রদেশে বিশেষতঃ পঞ্জাবে ষ—স উচ্চারিত হইত। হয় ত খপুর—সপুর—সপুরী। . পু আছে বলিয়া সুপুরী। বাংতে শব্দ সুপারী নহে, সুপুরী, সুপরী। আর এক ব্যুৎপত্তি কল্পিত হইতে পারে। সুপারী শব্দ উর্দু। উর্দু শব্দ সংস্কৃত কিংবা যাবনিক শব্দের অপভ্রংশ। উত্তর-ভারতে গুআ গাছ জন্মে না; সমুদ্র-নিকটবর্তী দক্ষিণ-ভারত বঙ্গ ও ব্রহ্মদেশ হইতে সে অঞ্চলে গুআ সৌদাগরে লইয়া যায়। সফর করিয়া যায় বলিয়া সফরী—সুপারী। অনেক বিদেশী ফলের নামে সফর শব্দ যুক্ত হইয়াছে। যেমন সুঁপুরী—পিয়ারা (রংপুরে), কোথাও কোথাও বলে সফরী আম; সপরী কুমড়া—গুড় বা বিলাতী কুমড়া; সপুরী—আনারস (ওংতে)। কিন্তু উর্দুভাষীর পক্ষে সফরী শব্দ সুপারী আকারে অপভ্রষ্ট হওয়া কঠিন। মালয় ভাষায় বলে সিরিহ্। ব্রহ্মে, কুন। তালাদিবর্গের সুন্দর বৃক্ষবিশেষের (Areca catechu) ফল (areca nut)। দক্ষিণ-ভারতে সুপুরী গাছের চাষ হইয়া থাকে, পূর্ববঙ্গে অনাদরে বন হয়। আসামেও চাষ হয়। সুপুরী পাড়িয়া শুখাইয়া প্রায়ই চুনজলে সিঝাইয়া শুখাইয়া বিক্রয় হয়। সিঝাইলে ইহার মাদকতা-শক্তি এবং কদাচিৎ কোন কোন সুপুরীর বিষ নষ্ট হয়। চিকী-সুপুরী···(সং চিক্কণ, চিক্কণা, চিক্কণী, চিক্কী। মং চিকণ সুপারী, হিং চিক্কী)। জলে সিদ্ধ-করা সুপুরী। পান সুপুরী···পান ও সুপুরী। সুপুরী দেওয়া—গুয়া দেখ।

সুপারিন্টেন্ডেন্ট···ষ্য. (ইং superintendent)। পরিদর্শক, "প্রধান"।

সুপারিস···ষ্য. (ফাং সুফারিষ, সিফারিষ)। প্রশংসাবচন, অনুরোধ। সুপারিসী···ণ. অনুরোধবাক্যযুক্ত। সই-সুপারিস···সই দেখ।

সুপুরী···সুপরী দেখ।

সু-পুত···ষ্য. (সং সুপুত্র)। সুপুত্র। বিপঃ—কু-পুত।

সুবচনী···শুবচনী দেখ।

সুবদন···ষ্য. (সং সুবদন)। সু মুখমণ্ডল। সুবদনী···সুমুখী, প্রাঃ—জ্ঞানদাস।

সুবর্ণ···ষ্য. (সং সুবর্ণ)। উত্তম বর্ণ; স্বর্ণ, স্বর্ণমুদ্রা (প্রাচীন। প্রায় তোলা পরিমাণ)। ···ণ. (সং)। উত্তম বর্ণবিশিষ্ট; উজ্জ্বল পীতবর্ণ, স্বর্ণবর্ণ। সুবর্ণবণিক···ষ্য. (সং সুবর্ণবণিক্)। স্বর্ণক্রয়-বিক্রয়কারী বণিক; সোনার বেন্যা; জাতিবিশেষ।

সুবা···ষ্য. (আং সুবাহ্)। প্রদেশ; রাজস্ব আদায়ের হিসাব নিমিত্ত কয়েকটি "সরকার" বা "চাকলা।" সুবাদার···ষ্য. প্রদেশের শাসনকর্তা; দেশী সেনাদলের কাপ্তেন। সুবাদারি···ষ্য. সুবাদারের কাজ।

সুবাদ···ষ্য. (সং সু-বাদ)। লোকবার্তা, প্রাঃ—প্রান সুবাদে খুড়া হয়।

সুবাস···ষ্য. (সং সুবাস)। উত্তম গন্ধ। সুবাসিত···ণ. (সং)। সুগন্ধীকৃত।

সুবিধা (প্রাং সুবিতা)···ষ্য. (ওং সুবিতা; হিং সুবীতা, সুভীতা; মং সোই। সং সু-বিধা?

কিন্তু, বিধা—গঙ্গায়াং ঋদ্ধৌ চ প্রকারে রেতনে বিধৌ। সু-বিধা—উত্তম প্রকার, উত্তম বিধি, উত্তম সমৃদ্ধি ? সং শুভ হইতে মং সোই ? সং শুভহিত, সুহিত হইতে হিং সুভীতা ? অপভ্রষ্ট উর্দু সুবিস্তা—সং সু-অবস্থা—সুবস্তা ? তুং মং সুবত্তা—সং সু-অবস্থা)। শুভ, অবসর, যোগ্যতা। কাজে সুবিধা হইবে না—শুভ; কাজের সুবিধা করা—যোগ্যতা। সুবিধাজনক…ণ. শুভ কর, সু-কর।

সুবুদ্ধি…ষ্য. (সং সু-বুদ্ধি)। শ্রেষ্ঠ বুদ্ধি। বিপঃ—দুর্বুদ্ধি,কু-বুদ্ধি।…ণ. উত্তম বুদ্ধি-বিশিষ্ট।

সুবে…শুবা, শুবে, সুবা দেখ।

সুমার…শুমার দেখ।

সুমাদ্দার…ষ্য. (সুবাদার ?)। উপাধিবিশেষ।

সুয়া…শুক দেখ।

সুয়া…ণ. (সং সুভগা, সুভাগা)। সৌভাগ্য-বতী, প্রঃ—সুয়া রাণী—যিনি পতিসোহাগী। সোহাগ দেখ। বিপঃ—দুয়া।

সু-যুৎ…সুজুৎ দেখ।

সুর…ষ্য. (সং স্বর)। কণ্ঠস্বর মাত্র; সা-রি-গা-মা-পা-ধা-নি সপ্তস্বর (কণ্ঠের), সপ্তধ্বনি (যন্ত্রের); রাগিণী; স্বরমাত্রাবৃদ্ধি, প্রঃ—সুর করিয়া কথা বলা; মত, অভিপ্রায়, প্রঃ—সুর বদলানো (আধুনিক)। উদারা সুর…(উদর হইতে)। মন্দ্রধ্বনি। মুদারা সুর…(মধ্য হইতে)। মধ্যধ্বনি। তারা সুর…(সং তার)। তার-ধ্বনি। সম্পূর্ণ, খাড়ব, ওড়ব সুর…রাগ রাগিণী দেখ। বাদী-সুর…(সং বাদী)। যে রাগে বা রাগিণীতে যে সুর প্রধান। অনুবাদী সুর…(সং অনুবাদী)। যে সুর বাদীর অনুগমন করে। সম্বাদী সুর…(সং সংবাদী)। যে সুর বাদীর সাহায্য করে। বিবাদী সুর…(সং বিবাদী)। বাদীর বিরোধী সুর। কড়ি…(সং কটু)। তীব্র। বিপঃ—কোমল (সং) খাদ…নিম্ন ও গম্ভীর, নীচা সুর। জিল…(সং ঝিল্লী)। উচ্চ ও ক্ষীণ সুর। নাকী সুর…অনুনাসিক স্বর-প্রধান সুর, নাক দিয়া বহির্গত সুর। মিঠা…মিষ্ট। মিহি…ক্ষীণ। বামা সুর…রমণীসুলভ সুর। বে-সুর…অযোগ্য সুর। বে-সুরা…ণ. অযোগ্য সুরবিশিষ্ট। সুর ভাঁজা—রাগরাগিণীর ভঙ্গী প্রকাশ করা। সুর মিলানো—বহু কণ্ঠের কিংবা যন্ত্রের ধ্বনির ঐক্য সাধন।

সুরঙ্গ…ষ্য. (সং)। সুন্দর রং; হিঙ্গুল; সুড়ঙ্গ।…ণ. সুন্দর রঙ্গে রঞ্জিত, সুন্দর রঙ্গ-বিশিষ্ট, প্রঃ—সুরঙ্গ সিন্দুর ভালে (কবিকঃ)।

সুরট…রাগরাগিণী দেখ।

সুরৎ…ষ্য. (আং)। মুখ, ভঙ্গী; অবস্থা। খুব-সুরৎ…সুশ্রী, সুন্দর। ডাক-সুরৎ…চলিত ডাকে বা কথায়, প্রঃ—জমির পরিমাণ ডাক সুরৎ এক বিঘা। সুরৎ-হাল (গ্রাং সুরহাল)…(সহচর শব্দ)। অবস্থা (আদাঃ)।

সুরবল্লী…ষ্য. (সং সুরবল্লী)। তুলসী (রাজ-নির্ঘণ্ট)। (২) (ওং, তেলুগু সুরবুলি)। আচ্ছুকাদিবর্গের ক্ষেতপাপড়াসদৃশ বহু শাখ শাকবিশেষ (Oldenlandia umbellata)। পাতার ধার নিম্ন দিকে ঈষৎ নত। প্রধান বৃন্তে তিন প্রায়ই অধিক ফুল

ধরে। মূলের ছালে কাপড়ের লাল রঙ্গ হয়। ওড়িশা ও মান্দ্রাজের সমুদ্রতটে বালুকায় জন্মে।

সুর বাহার···ষ্য. (সং স্বর+ফা° বাহার)। বাদ্যযন্ত্রবিশেষ।

সুরা···ষ্য. (সং-তে তণ্ডুল-পিষ্টক হইতে জাত—rice spirit)। মদ্য চোআইলে যাহা পাওয়া যায় (spirit of wine); মদ্য।

সুরাকৎ···শুরাকৎ দেখ।

সুরাখ, সুরাগ···ষ্য. (ফা° সুরাখ—ছিদ্র; তুর্কী সুরাগ—সূত্র, সন্ধান)। সূত্র, সন্ধান। সুরাখ-সন্ধান ··· (সুরাগ+সং সন্ধান)। চিহ্ন, সন্ধান।

সুরাটী ··(সুরাট নগর হইতে)। রাগিণীবিশেষ, সুরট।

সুরাহা···ষ্য. (সং সু+ফা° রাহ—পথ)। সুপথ; সুবিধা, শুভলক্ষণ।

সুরু···শুরু দেখ।

সুরুয়া···সোরুয়া দেখ।

সুরূপ···ষ্য (সং)। সুন্দর রূপ ···ণ. সুন্দর। বিপঃ—কুরূপ।

সুর্কী···ষ্য. (ফা° সুর্খী)। লাল গুঁড়া; ইট-গুঁড়া। চুন-সুর্কী···চুন ও ইটগুঁড়া।

সুর্তি···ষ্য. (পর্তু° sorte)। ভাগ্যপরীক্ষা-বিশেষ (lottery)।

সুর্তী···ষ্য. (সুরাট—সুরাটী)। সুরাট নগরে প্রস্তুত তামুকবিশেষ।

সুর্মা···ষ্য. (ফা°)। রসাঞ্জন, স্রোতোঞ্জন; আণ্টিমণি নামক ধাতু ও গন্ধকযোগে খনিজবিশেষ (stibnite)। পঞ্জাবে ও ব্রহ্মে পাওয়া যায়। ইহার চূর্ণ চক্ষুর অঞ্জন হয়। বাজারে যাহা বিক্রয় হয়, তাহা সীস ও গন্ধকের যোগ (galena)। ইহা কাবুল ও বোখারা হইতে আসে।

সুর্ষী···ষ্য. (সং সুষির হইতে ?)। দরজায় শিকল আঁটিবার নিমিত্ত অর্ধচন্দ্রাকার লোহা।

সুলঙ্গা (গ্রা°)···সুড়ঙ্গা, প্রাঃ—কৃত্তিঃ।

সুলতান···ষ্য. (আ°। সং-তে হইয়াছিল সুর-ত্রাণ)। মুসলমান সম্রাট। স্ত্রী° সুলতানা। সুলতানি···ষ্য. সুলতানের কর্ম, রাজত্ব। সুলতানী···ণ. সুলতান সম্বন্ধীয়। সুলতানৎ ···ষ্য. সাম্রাজ্য। সুলতান চাঁপা ··চাঁপা দেখ।

সুল্ফ ··শুল্ফ দেখ।

সুশি ··ষ্য. (?)। লাল নীল ডোরাযুক্ত রঙ্গিন কাপড়বিশেষ।

সুশুভ ··ণ. (সং সু+শুভ ? বোধ হয় স-স-শুভ। শু আছে বলিয়া স—সু)। সুচারু, প্রঃ—কাজ সুশুভ সম্পন্ন হওয়া।

সুশ্রী···ণ. (সং)। সুন্দর শোভাযুক্ত; সুন্দর; গৌরবর্ণ। বিপঃ—বিশ্রী।

সুষনি···ষ্য. (সং সু-নিষণ্ণক। ও° সুনুসুনিআ)। জলকর্দমজ অপুষ্পক শাকবিশেষ (Marsilea quadrifoliata)। পাতায় চারি পর্ণ, অন্ধকার হইলে মুদ্রিত হয়, যেন গাছ ঘুমায়। (সুষ্ঠু নিষণ্ণং শায়িতং)। কিন্তু, লোকে মনে করে এই "নিদ্রালু" শাক খাইলে নিদ্রা হয়। সুষনি-আলু ·· আলু দেখ।

সুষি ··শুষি দেখ।

সুসার, সুসর···ষ্য. (সং সু+অবসর; সং সু-সার। ও° সুসার)। উত্তম অবসর,

প্রঃ—কখন তোমার সুসার হবে তুমি আসিবে; সাহায্য, সুযোগ, প্রঃ—বাসার সুসারে হবে আশার সুসার (ভাঃ)—বাসার সুযোগে আশার তৃপ্তি হইবে; ব্যয়-সঙ্কোচ, প্রঃ—রাত্রে দীপ না জ্বালিলে তেলের সুসার হয়।

সুস্‌ত্…ণ. (ফা°। তু° স° সুস্থির)। দীর্ঘ-সূত্রী, মাঠ্ঠা। সুস্তি…ষ্য. (ফা°)। আলস্য, বিশ্রাম।

সুস্থ…ণ. (স°)। অরোগী। সুস্থতা, স্বাস্থ্য…ষ্য. (স°)। আরোগ্য, অরোগিতা।

সুহই…ষ্য. (স° শোভা হইতে?)। প্রাচীন রাগিণীবিশেষ।

সূচ, (গ্রা° সূঁচ, ছূঁচ)…ষ্য. (স° সূচি)। সীবনী। গুণ-সূচ…গুণ, চট প্রভৃতি সিঁইবার মোটা বড় সূচ। সূচমুখী…গদ গাছ (দেখ)। ইহার পাতার অগ্র সূচ্যাকার বলিয়া নাম। সূচক…ষ্য. (স°)। বোধক। সূচি, সূচী…ষ্য. (স°)। সূচ; দৃষ্টি; বিষয়-নির্দেশ। সূচল্‌, সূচলা…ণ. (সূচ+ল, লা)। সূচ্যাকার। সূচিত…ণ. (স°)। বোধিত, কথিত।

সূত্…ষ্য. (স° সূত্র)। সূত্র; সূত্রধরের সূত্র; এক ইঞ্চির অষ্টমাংশ। সূতলী…ণ. (সূত্র—সূতর—সূতল+ঈ)। কার্পাসসূত্র-নির্মিত। …ষ্য. কার্পাস-সূত্রনির্মিত শতরঞ্জি। সূতা…ষ্য. (স° সূত্র)। সূত্র; কার্পাসের সূত্র; এক ইঞ্চির অষ্টমাংশ (ই° line হইতে)। কার্পাস কিংবা লোম পাকাইলে সূতা বা এক খাই সূতা। দুই তিন চারি পাঁচ খাই একত্র পাকাইলেও সূতা, প্রায়ই খাকা। সূতী…ণ. (সূত+ঈ)। কাপাস-সূতা-নির্মিত; আড়া হইতে দূর জলের মাছ ধরিবার বড়শী-বাঁধা দীর্ঘ সূত্র। এক সূতী…ণ. এক খাইতে বোনা (কাপড়)। দো-সূতী…ণ. দুই খাই একত্র বোনা। তে-সূতী…ণ. তিন খাই একত্র বোনা; টানাতে দুই, পড়্যানে এক খাই দিয়া বোনা। চৌ-সূতী…ণ. চারি খাই একত্র বোনা; টানাতে দুই, পড়্যানে দুই খাই দিয়া বোনা। ইহার অপর নাম চারিখানা।

সূতিকা…ষ্য. (স°)। নবপ্রসূতা নারী; সূতিকা রোগ। সূতিকা-ঘর…ষ্য. সূতিকা-গৃহ, প্রসবগৃহ। সূতিকা-রোগ, সূতিকা-জ্বর…ষ্য. প্রসবান্তে কঠিন রোগবিশেষ (puerperal fever)। সূতিকা-ষষ্ঠী…ষ্য. প্রসবের ষষ্ঠ দিবসে জাতকৃত্য, ষেটেরা।

সূত্র…ষ্য. (স°)। তন্তু, সূতা; ব্যবস্থা, কর্মের ক্রম বা পাটি; শাস্ত্রাদির সংক্ষিপ্ত বাক্য। সূত্রধর…ষ্য. (স°)। ছুতার। জাতিবিশেষ। সূত্রধার…ষ্য. (স°)। নাট্য-প্রস্তাবক প্রধান নট।

সূপ…ষ্য. (স°)। রাঁধা দাইল।

সূর্য, সূর্যা, (গ্রা° সূজ্জ, সুজ্জি)…ষ্য. (স° সূর্য)। দিবাকর, গ্রহবিশেষ। সূর্য পাটে বসেন—(স° পট্ট হইতে পাট)। দিবামানে ভ্রমণ করিয়া বিশ্রাম-পট্টে—আসনে বসেন, অস্ত যান। সূর্য অস্ত যান—সূর্য অদৃশ্য হন, কিংবা অস্তনামক পর্বতে উপস্থিত হন। সূর্য উদয় হন—উদিত হন। (উদিত অর্থে উদয়)। সুজ্জি-মামা…বোধ হয় চাঁদা-মামা শব্দের সাদৃশ্যে (পুরাণে সূর্য কশ্যপ-পুত্র। কশ্যপ হইতে যাবতীয় দেব দানব মনুষ্য পশু পক্ষী ইত্যাদি প্রাণীর উৎপত্তি হইয়াছে।

ইহাতে সূর্য মামুষের ভাই হন)। এক সূর্যে ধান শুকানা—পরস্পর সম্পর্ক এই, অর্থাৎ কিছুই নহে। পশ্চিমে সূর্য উঠা—অসম্ভব ঘটনা। সূর্যকান্ত…ষ্য. (সং)। এমন স্ফটিক মণি, যাহা সূর্যরশ্মি একত্র করিয়া তাপ উৎপাদন করে (lens-shaped rock-crystal. রত্নপরীক্ষা দেখ)। সূর্যমণ্ডল …ষ্য. (সং)। সূর্যবিম্ব; সূর্যের পরিবেশ। সূর্যমুখী…ষ্য. (ইংরেজী নাম sun-flower—অনুবাদে)। সোমরাজাদিবর্গের উদ্যানজাত ক্ষুপবিশেষের (Helianthus annuus) পুষ্প। বস্তুতঃ ইহা পুষ্প-মঞ্জরী। ফুল হলুদা। বীজে তেল আছে। এই হেতু কোথাও কোথাও সূর্যমুখীর কৃষি হয়। কোথাও কোথাও ইহাকে রাধা-পদ্ম বলে।

সৃজ…ধাতু. (সং)। সৃজি—সৃষ্টি করি, প্রঃ—সৃজিলা এ চরাচর। (পদ্যে)। সৃজন…ষ্য. (বাং সৃজ ধাতু+অন)। সর্জন। (প্রাচীন বাংতেও সৃজন, আসাং স্রজন)। গ্রাম্য লোকে সর্জন, সর্জনা বলে (বাংতেও)। সৃজিত…ণ. (বাং)। সৃষ্ট, প্রঃ—সৃজিত করেছি আমি সেই ব্রহ্মবাণ (কৃত্তিঃ লং)।

সে…সর্বনাম. (সং তদ্ শব্দের একবচনে সঃ। প্রাচীন বাং সো। বহুবচনে তে। বোধ হয় এই তে হইতে সে। প্রাচীন বাং তেঁহ, যাহা হইতে বর্তমান তিনি। তেঁহ, তিনি মান্যে বহুবচন। তুং আমি, তুমি। ব্যাকরণ দেখ)। সামান্য মানুষ নির্দেশে। (মান্যে তিনি)। বহুবচনে তাহারা। সে…ণ বস্তু নির্দেশে, প্রঃ—সে কথা, সে মাছ, সে দিন (আসাং সৌ। সং অসৌ হইতে?)। সেই…(সং হি হইতে ই)। নিশ্চয়ে সে, প্রঃ—সে-ই বটে; সেই কথা। সে, পূর্বে যে, সেই পূর্বে যেই বসে। (২) সে হেতু, প্রায়ই, তাই। সেই সে…সেই হেতু, প্রঃ—সেই সে এখানে করিলাম অবস্থান (কৃত্তিঃ অরং)। সেও…(সং সোঽপি)। সে-ও (ও দেখ)। সে-হ…(সং হি হইতে হ, বর্তমান ই)। সে-ই।

সে, সিয়া…আসিয়া পদের সংক্ষেপে (গে গিয়া দেখ)। প্রঃ—গাজনেতে করসিআ দআ (শূং পুঃ)—দয়া; করসিয়া পান (চৈঃ চঃ)। কিংবা প্রাচীন অনুজ্ঞা বিভক্তি সি হইতে, প্রঃ—করসি—কর। (সং ধাতু বিভক্তি হি, রূপান্তরে সি)। করসি—করসিয়া—করসে। (কিন্তু সে অনুরূপ গে হয় না)। শুন-সে, ধর-সে, বাঁধ-সে, শু-সে—আসিয়া।

সে…(ফাং। সং ত্রি)। শব্দের পূর্বে বসিয়া তিন বুঝায়, প্রঃ—সে-পায়া—ত্রিপাদ, সে-তার—ত্রিতন্ত্রী।

সেঅঁতী, সেঁঅতী…ষ্য. (সং সেবন্তী, সেমন্তী, সেবতী)। দেশী গোলাপ (Rosa moschata)। ফুল শাদা সুগন্ধ। এক সং নাম শতপত্রী—বহুদল বলিয়া।

সেঅনী, সেয়নী…সিঅনী দেখ।

সেই…সে দেখ।

সেঁউতী…ষ্য. (সং সেচনী—সেঅঁতী—সেঁউতী)। নৌকার জলসেচনী, কেঠো, প্রঃ—রাখিলা দুখানি পদ সেঁউতী উপরে (ভাঃ)।

সেও…ষ্য. (সং সেব—ভাবপ্রকাশে। অন্য রূপ সেবি। ফাং সেব)। আপেল ফল।

সেওড়া…শাওড়া দেখ।

সেওয়ায়…বা. (ফাং সিবা। ঢাকায় সয়)। ব্যতীত।

সেক···ষ্য. (সং)। সেচন, প্রঃ—জলসেক পাঞ্জা (চৈঃ চঃ)।

সেক···ধাতু. (আসাং সেও, ওং সেক, হিং সেক সেঁক সেদ, মং শেক শেঁক ধাতু। সং স্বিদ ধাতু স্বেদন। বাং সেক সং স্বেদ অর্থ এক। কিন্তু, দ স্থানে ক ? দ—জ—গ—ক ? ফাং সোক্‌তা—পোড়া আদগ্ধ, সং শুষ্ক। হয় ত ফাং মিশিয়া)। সেকি—তপ্ত করি, উষ্ণ বাষ্পে সিঝাই, প্রঃ—রুটি সেকা ; তাপে ঘর্ম নির্গত করি, স্বেদন করি, প্রঃ—শীতের সময় হাত পা সেকা। সেকা॥ সেক ··ষ্য. স্বেদন। সেক-তাপ···ষ্য. (সহচর শব্দ)। সেক। সেকা···ধাতু. (সেক ধাতু আছে)। সেকানা।

সেকরা···ষ্য. (সং স্বর্ণকার হইতে আসাং হিং মং সোনার। ওংতে বণিআ—সং বণিক। স্বর্ণকার হইতে সেকরা ? সং শেখর—মুকুট। যাহারা সোনার মুকুট গড়ে—শেখরা—সেকরা ?)। স্বর্ণ রূপা অলঙ্কারনির্মাতা ; জাতিবিশেষ। স্ত্রীং সেকরাণী।

সেকেণ্ড···ষ্য. (ইং second)। মিনিটের ষাটি ভাগের এক ভাগ=আড়াই বিপল ; বিকলা। ··ণ. দ্বিতীয়। সেকেণ্ড ক্লাস··· দ্বিতীয় শ্রেণী।

সেঁকেত···ষ্য. (নদীয়া যশোরে আলিয়া, ঢাকায় আইলাইয়া দেওয়া—আলি করিয়া দেওয়া। ওংতে সুখেই দেবা—সম্মুখবর্তী করিয়া দেওয়া, হিং সকেরনা—একত্র করা। বোধ হয় সম্মুখবর্তী হইতে সেঁকুত, সেঁকেত)। ঢেঁকিতে ধান ভানার সময় গড়ের ধান গড়ে নাড়িয়া একত্র করণ। সেঁকেত দেওয়া—সম্মুখবর্তী করিয়া দেওয়া। সেঁকেত-দিজনী—যে নারী সেঁকেত দেয়।

সেকন্দর, সিকন্দর···ষ্য. (ফাং। ইং Alexander)। পূর্বকালের এক বিখ্যাত গ্রীক বাদশাহ। সেকন্দরী···সেকন্দর বাদশাহের আমলের।

সেকাল···পূর্বকাল। সে-কেল্যে, সে-কেলে ···ণ. (সে—কাল+ইয়া সেকালিয়া—সেকেল্যে)। পূর্বকালের।

সেখ, (গ্রাং সেক)···শেখ দেখ।

সেখান···ষ্য. (সে স্থান)। সে স্থান। সেখানকার ··ণ. তত্রভব।

সেগা···ষ্য. (আং সিগাহ্)। বিভাগ।

সেগুন···ষ্য. (সং নাম শাক। মং সাগ, সাগবান। ওং সাগুয়ান, হিং সাগুন, বাং সেগুন। কিন্তু, সাগ, শাগ না হইয়া সাগবান—সাগোয়ান হইল কেন ? কেহ কেহ মনে করেন কাম্বোডিয়া প্রদেশের সেইগন (Saigon) নগরের নাম হইতে। কিন্তু, প্রমাণাভাব। ইহাও আশ্চর্য যে, শাক নাম অমরে মেদিনীতে নাই। শব্দকল্পে রত্নমালা ও রাজনির্ঘণ্ট হইতে শাকবৃক্ষের নামান্তর প্রদত্ত হইয়াছে। নামান্তর, বৃহৎপত্র বলিয়া অতিপত্র, খর বলিয়া খরপত্র, ধার কাটা বলিয়া ক্রকচপত্র, কাষ্ঠ প্রসিদ্ধ বলিয়া শ্রেষ্ঠকাষ্ঠ. গৃহদ্রুম, স্থিরসার ইত্যাদি। সং শাক—শক্তি ; শাকবান্—সাগবান্—সাগুয়ান—সেগুন ?) গাম্ভীরাদি বর্গের প্রসিদ্ধ বৃহৎ তরুবিশেষ (The teak)। নূতন মাজকাঠ পীতবর্ণ, পরে লালচা হয়, তাতে তেলা ঠেকে, গন্ধবিশিষ্ট। কোমল কিন্তু, বহুকাল-স্থায়ী।

বর্ষে বর্ষে পাতা ঝরিয়া পড়ে। ফল শীতকালে পাকে। ফল ছদের আবরণে বেষ্টিত থাকে। দক্ষিণ-ভারতে এবং মধ্য-ভারতে অরণ্যে জন্মে। অন্যত্র রোপিত হইলে জন্মে। ডাল কাটিয়া পুতিলেও গাছ হয়। ব্রহ্মদেশ যব-দ্বীপ প্রভৃতি প্রদেশের সেগুন প্রসিদ্ধ।

সেঙ্গা...ষ্য. (সাঙ্গা দেখ)। নিম্নশ্রেণী হিন্দুর বিধবা-বিবাহ।

সেঙ্গাৎ ..ষ্য. (সাঙ্গাৎ দেখ)। মিত্র। স্ত্রী° সেঙ্গাতিনী, সেঙ্গাৎনী—সেঙ্গাৎ-পত্নী, প্রঃ—সই সেঁগাতিন্ মিতিন নাতিন জলকে যাবে গো (মাঃ)। (মিতিন—মিতনী—স্বামীর মিত্রের পত্নী)।

সেজো, সেজ...ণ. (সং তৃতীয়ঃ—তেজো—তেজ—সেজ। তু° তেজ বর। ফা° সে—তিন+জ ?)। তৃতীয়, প্রঃ—সেজো দাদা, সংক্ষেপে সেজ্-দাদা। সেজ্‌কী...ষ্য. সেজো বউ, সেজো ভাইর স্ত্রী।

সেঁজতি, সেঁজুতি...সাঁজতি, সাঁঝ দেখ।

সেট...ষ্য. (ই° set)। গণ, সমূহ; সংযোগ, প্রঃ—এক সেট বোতাম—যতগুলি বোতাম লাগে। এক সেট বই...এক রকমের কিংবা এক লেখকের যত বহি প্রকাশিত হইয়াছে।

সেঠ...শেঠ দেখ।

সেণ্টোনীন...ষ্য. (ই° santonin)। কৃমিঘ্ন ঔষধ বিশেষ। ইহার গাছ (Artemisia maritima) পশ্চিম হিমালয়ে জন্মে। ডাক্তারখানার সেণ্টোনীন বিলাৎ হইতে আসে।

সেত...ষ্য. (সং সেত্র—নিগড়)। মোটা দোড়ী, যেমন মাছধরা জাল টানিবার সেত।

সেতখানা...ষ্য. (আ° সেহত—আরাম+খানা)। পায়খানা। দৃষ্টান্তে, সর্বস্ব বেচিয়া সেতখানা তৈয়ার করা—মূর্খের কর্ম।

সেতার...ষ্য. (ফা° সিতার। সং ত্রিতন্ত্রী। ফা° সে সি—ত্রি; অতএব এই তন্ত্রীযন্ত্রে তিনটি তার থাকিবার কথা। বোধ হয় প্রথমে তিন তার থাকিত)। লাউখোলায় বদ্ধ পঞ্চতার বাদ্যযন্ত্রবিশেষ। কথাচিৎ সাতটা তার থাকে। প্রথম তার—নায়কী, ইহা "পাকা" অর্থাৎ ইস্পাতের তার, এবং ইহা বাজাইয়া রাগরাগিণী প্রকাশ করা হয়। দ্বিতীয় তৃতীয় তার—খরজের জুড়ী, চতুর্থ তার—পঞ্চম, পঞ্চম তার—খরজ। এই পাঁচ তার ব্যতীত যে দুই ছোট তার—তাহা চিকারী। সেতারের লাউ তুম্ব (সং)। ইহার পশ্চাৎপার্শ্বে তারগুলি আঁটিবার পত্নী। লাউর উপরের পাতলা কাঠের আবরণ—তব্‌লী। তব্‌লীর উপরে মাঝে সওয়ারী (ফা°)। ইহার উপরে তারগুলি সওয়ার হয়। তারের সুর উচা নীচা করিবার নিমিত্ত কাচের গুটী—মানকী (সং মান হইতে)। তুম্ব হইতে যে সুষির কাঠ—তাহা দাণ্ডা বা ডাঁটি (সং দণ্ড)। দাণ্ডাতে তাঁতে বাঁধা ঘাটি (সং ঘট্ট) বা পর্দা (ফা°)। ইহাদের উর্ধ্বদিকে হাড়ের দুই আড়ি (সং আলি), আড়ির পরে দাণ্ডার পাশে কান (সং কর্ণ)। বাজাইবার নিমিত্ত তারের মিজরাব (গ্রা° মিরজাপ ;) ঘাটিসমূহের এক স্থিতি—ঠাট। (গমক, মিড় ইত্যাদি দেখ)। সেতারী ... ষ্য. (সেতার+ঈ)। সেতার বাজাইতে যে দক্ষ।

সেঁতা, সেতা...ণ. (সং স্তিমিত, সিক্ত। ও° সন্ত-সন্তিয়া—বা° সেঁৎ সেঁতা)। আর্দ্র,

প্রঃ—সেঁতা ঘর। সেঁৎ-সেঁৎ…ব্য. সিক্ততায়, প্রঃ—কাঁচা ঘর সেঁৎ-সেঁৎ করে। সেঁৎ-সেঁতানি॥ সেঁৎ-সেঁতা, সেঁৎ-সেঁতিয়া…ণ. (সেঁৎ-সেঁৎ+আ, ইয়া)। প্রায় আর্দ্র।

সেত্তা, যেতা (গ্রা°)…ণ. (সং সৎ, সতী হইতে)। সৎ। (প্রায়ই নারীভাষায়)।

সেথা, সেথায়…ব্য. (সে+থা। ব্যাকরণ দেখ। সং তত্র, ততঃ)। সেখানে। (সেথায়—য় অনাবশ্যক, যেমন সেখানেতে —তে অনাবশ্যক)। সেথাকার…ণ. তত্রত্য, সেখানকার। বিপঃ—হেথা, হেথাকার।

সেথো…সাথ দেখ।

সেঁধা…ধাতু. (সং সন্ধ ধাতু বা° সান্ধা, সাঁধা ধাতুর রূপান্তর)। সেঁধাই—ছিদ্রাদিতে প্রবেশ করি। সেঁধানো॥

সেন…ষ্য. (সং সেন—যাহার প্রভু বা নায়ক আছে—আপ্তে। কেহ কেহ বলেন সেনার অধিপ সেন। কিন্তু দুই অর্থ বিরোধী। বোধ হয় মহাসেন—মহতী সেনা যস্য—অঃ টীঃ। বৈদ্যজাতির উপাধি সেন, তেমন অন্য অনেক জাতির উপাধি সেন আছে। সকলেরই আদিপুরুষ সেনাপতি ছিলেন কি? প্রভু, নায়ক, প্রঃ—লাউ-সেন, বল্লাল-সেন; উপাধিবিশেষ। সেনা…ষ্য. (সং)। সৈন্য, বল। সেনানী…ষ্য. (সং। সেনাং নয়তি—অঃ টীঃ। হিং—সেনাপতি)। সেনাপতি, বাহিনীপতি।

সে-না…ব্য. (সে—তাহা, না। ওং সিনা)। বিতর্কে, প্রঃ—তা সে-না জানা নাই, এটা ত শোনা আছে।

সে-পত্তনি…ষ্য. (ফা° সে—তিন)। দরপত্তনির অধীন পত্তনি। সে-পত্তনিদার…সে-পত্তনির অধিকারী।

সে-পনর…পাশা দেখ।

সে-পায়া…ষ্য. (ফা°)। ত্রিপাদ কাষ্ঠাধার।

সেব…ধাতু. (সং সেব ধাতু)। সেবি—সেবা করি। (পদ্যে)। সেবা…ষ্য. (সং সেবা)। পরিচর্যা, উপাসনা, দাস্য, সেবক-দশা, প্রঃ—দাস বা ভৃত্য প্রভুর সেবা করে; পূজা, প্রঃ—পুরোহিত ঠাকুর-সেবা করেন; সেবন, উপভোগ, প্রঃ—তামাক সেবা করুন, গুরুর প্রসাদ সেবা করা। সেবা দেওয়া—পূজার দ্রব্যাদি দেওয়া; ঠাকুর মণ্ডপে যাইবার সময় ভূমিতে দণ্ডবৎ প্রণাম করিতে করিতে গমন। সেবা লাগে—প্রণাম করি (নিম্ন-শ্রেণী হিন্দু উচ্চশ্রেণীকে বলে, প্রায়ই পায়ে সেবা লাগে)। রোগের সেবা…রোগীর পরিচর্যা। সেবাদাসী…পরিচারিকা, (প্রায়ই নিন্দিত অর্থে—উপভোগের দাসী)। সেবায়েৎ…ষ্য. (সেবা+ইত)। সেবক; (ওং তে ধোবা নাপিতও বুঝায়); যে ঠাকুর পূজার আবশ্যক দ্রব্য দেয়। সেবা-শুশ্রূষা…ষ্য. (সং। সহচর শব্দ)। পরিচর্যা।

সেমই…ষ্য. (সং সেরিকা—ভাবপ্রকাশে। হিং সেবৈঁ সবৈয়াঁ)। একপ্রকার চুষি-পিঠা। ময়দার যবাকৃতি সূক্ষ্ম বর্তিকা করিয়া রৌদ্রে শুখাইয়া দুগ্ধ শর্করা ঘৃতে মৃদু অগ্নিতে পক্ব মিষ্টান্ন।

সেমাহী…ণ. (ফা° সে—তিন, মাহ—মাস+ঈ) ত্রৈমাসিক।

সেমিকোলন…ষ্য.(ই° semicolon)। অল্প-বিরাম ইংরেজী চিহ্নবিশেষ (;)। বাক্যের অংশে ভাগ করিতে বসে।

সেয়ান, সেয়ানা…ণ. (স° সজ্ঞান। হি° সয়ানা, ও° সিয়ানা)। জ্ঞানবান্; অতি-বুদ্ধি, ধূর্ত। সেয়ানতি…ষ্য. (স° সজ্ঞানতা। সেয়ান+তি)। বুদ্ধি; ধূর্ততা। সেয়ান-পাগল…বাহ্যে পাগল, অন্তরে কূটবুদ্ধি। সেয়ানে সেয়ানে কোলাকুলি…শঠদ্বয়ের শাঠ্য।

সের…ষ্য. (স°তে সেরক শব্দও চলিয়াছিল)। শের (দেখ)।

সেরা…ণ. (ফা° সর, স° শির+আ)। প্রধান্।

সেরেফ…ণ. (আ° সির্‌ফ্)। কেবল, প্রঃ—সেরেফ তুমি যাবে।

সেরেস্তা…ষ্য. (ফা° সরিষ্‌তা)। আপিস, কর্ম-স্থান; অধিকার, প্রঃ—জমিদারী সেরেস্তা, নাজীরের সেরেস্তা; লেখকাদিবর্গ। সেরেস্তা-দার…ষ্য. (ফা°)। আপিসের পরিদর্শক। সেরেস্তাদারি…ষ্য. সেরেস্তাদারের কর্ম।

সেলাই…ষ্য. (হি° সিলাই। হি° সিলা ধাতু হইতে)। সীবন, সেঁআ।

সেলাম, সালাম…ষ্য. (আ° সলাম)। নমস্কার (অহিন্দুর প্রতি সম্মান প্রদর্শনে)। সেলাম আলেকম…আপনার সুখশান্তি হউক। (মুসলমানে মুসলমানে)। সেলামৎ…ঈশ্বর রক্ষা করুন (বাদশাহের নিকট বলিতে হয়)। সেলামী…উপহার, দক্ষিণা, জমিজমা প্রভৃতি ক্রয়বিক্রয় সময়ে জমিদারকে প্রদেয় টাকা। আক্কেল-সেলামী…বুদ্ধির জন্য দণ্ড ভোগ।

সেলেট…শেলেট দেখ।

সেসন…ষ্য. (ই°)। অধিবেশন; ফৌজদারী মকদ্দমা বিচার নিমিত্ত জজের অধিবেশন। সেসন-আদালৎ…জজের কাছারি।

সে-হ…(সে দেখ)। সেই, সেও। (প্রাচীন বা°)।

সেহা…ষ্য. (ফা° সিয়াহা। ফা° সিয়াহ—কালী)। প্রজার খাজনা আদায়ের রোজ হিসাব, এই হিসাব-বহি। সেহা করা—সেহা-বহিতে লেখা। সেহা চড়ানা—খাতায় উঠানা। সেহানবিস…(ফা°)। হিসাব-রক্ষক; উপাধিবিশেষ।

সৈ…সই দেখ।

সৈনিক…ষ্য. (স°)। সেনারক্ষক, প্রহরী; সৈন্য।

সৈন্ধব…ষ্য. (স° সৈন্ধব)। সিন্ধু দেশজাত লবণ। নুন দেখ।

সৈন্য…ষ্য. (স°)। সমবেত সেনা। সৈন্য-সামন্ত…ষ্য. (স° সামন্ত—নিজ রাজ্যসংলগ্ন রাজ্যের রাজা)। নিজের সমবেত সেনা ও সামন্ত রাজা; নিজ সৈন্য ও প্রতিবেশী রাজার সৈন্য; সেনাবল।

সৈয়দ…ষ্য. (আ°)। মহম্মদ সাহেবের পৌত্র হুসেন—ইঁহার বংশধর; মুসলমানসম্প্রদায়-বিশেষ; মুসলমান উপাধিবিশেষ।

সৈর, সয়র…ষ্য. (আ° সাএর—সমুদয়)। জমিজমার অতিরিক্ত কর, যেমন জলকর ইত্যাদি।

সৈরব (গ্রা°)…ষ্য. (স° সৌরভ হইতে তু° যৌবন—গ্রা° যৈবন)। সৌরভ; নারী নামবিশেষ। শুদ্ধ করিতে কখন কখন সৈরবিনী।

সো···সর্বনাম. (সং সঃ। পালি, সং-প্রাং সো)। সে (প্রাচীন পদে)। সো-ই···সে-ই। (সে দেখ)।

সোঙর···ধাতু. (সং স্মৃ ধাতু। ওং সুমর ধাতু)। সোঙরি—স্মরণ করি, স্মরি, প্রঃ—সোঙরি তাহার পা (চণ্ডীঃ)। সোঙরা॥ সোঙরণ (প্রাং) ···ষ্য. স্মরণ।

সোচল···ষ্য. (সং সৌবর্চল। সুবর্চলদেশে ভবং—সৌবর্চলম্। নামান্তর, রুচক, অক্ষ—অঃ। রোচতে রুচকম্, অক্ষোতি ব্যাপ্নোতি অক্ষম্। হৃদ্যগন্ধমেতৎ—অঃ টীঃ। পশ্চিমে কালা-নিমক নামে বিক্রয় হয়। কিন্তু, অমরে—কৃষ্ণ সৌবর্চল লবণের নাম তিলক। মেদিনীতে—সৌবর্চলং সর্জ্জক্ষারে চ লবণান্তরে। সৌবর্চল অর্থে সাজিক্ষারও আছে। সুবর্চল দেশ কোথায়, তাহা জানা নাই। বোধ হয়, সু-বর্চস্—দীপ্তি, আকার বলিয়া নাম ছিল সুবর্চল, সৌবর্চল। এই কারণে অন্য নাম রুচক, অক্ষ—অক্ষ পাশক—আকার দেখিয়া অক্ষ নাম হইয়া থাকিবে। অর্থাৎ সোচল লবণ—দীপ্তিশালী অক্ষাকার। সুশ্রুতের অষ্টবিধ লবণের মধ্যে সৌবর্চল এক ভেদ। ভাবপ্রকাশে সুবর্চিকার গুণ সর্জিকাক্ষারের তুল্য বলা হইয়াছে। ডাঃ উদয়চাঁদ লিখিয়াছেন, সৌবর্চলকে হিন্দীতে কালানিমক বা সোঁচল বলে। ইহা সামান্য লবণকে সাজিমাটির জলে গুলিয়া শুখাইয়া প্রস্তুত হয়। ইহাতে chloride of sodium, sulphate of soda, caustic soda and a little sulphate of potassium থাকে)। বৈদ্যক শাস্ত্রের লবণবিশেষ (বোধ হয় সামান্য লবণ ও ক্ষারী লবণের মিশ্রণ)।

সোজনী, সুজনী···ষ্য. (ফাং সোজনী)। সূচীকর্ম দ্বারা অলঙ্কৃত কার্পাস বস্ত্রের আসন।

সোজা···ণ. (সং সহজ হইতে? কিন্তু, সহজ শব্দ হইতে সোজা আসা কঠিন। সহজাত—সঅজা—সউজা—সোজা? কিন্তু, সহজ, সহজাত অর্থে নিসর্গজ, স্বাভাবিক। সং শুদ্ধ—শোঝা—সোজা? হিং সোঝা)। ঋজু, প্রঃ—সোজা পথ, সোজা কথা; সরল-প্রকৃতি, প্রঃ—সোজা মানুষ। জলের মতন সোজা—প্রাঞ্জল। দৃষ্টান্তে, সোজা আঙ্গুলে ঘি বেরয় না—উৎপীড়ন ব্যতীত অন্যের নিকট হইতে অর্থ সংগ্রহ করিতে পারা যায় না। সোজা-সুজি···ণ. (সোজা-সোজি—সোজা-সুজি)। সোজা; ঋজু। এই সোজা-সুজি যাও—এই ঋজুরেখা বা পথ ধরিয়া।

সোটা, সোঁটা···ষ্য. (হিং সোঁটা। ওং সোণ্ঠা। সং সটা হইতে? তুং হিং সটিয়া—লাঠি)। রাজদণ্ড। সোটা-বরদার···ষ্য. সোটা-বাহক।

সোডা···ষ্য. (ইং soda)। সর্জিকাক্ষার। সোডা-ওয়াটার···(ইং soda-water)। ঈষৎ ক্ষার-যুক্ত ও কার্বনিক-গেস-মিশ্রিত পানীয় জল-বিশেষ।

সোত (প্রাং)···ষ্য. (সং স্রোতঃ)। স্রোতঃ। সোঁতা···জলস্রোতঃ, প্রায়ই নদীর বন্যায় ভাঙ্গা বাঁধ কিংবা পাড় দিয়া জলস্রোতঃ। সোতী, সুতী···ষ্য. (সোত+ঈ)। ক্ষীণ জলস্রোতঃ।

সোঁত (প্রাং)···ণ. (সং সমস্ত)। সমস্ত, প্রঃ—সোঁত বছর।

সোদর…ষ্য. (সং)। সহোদর। সোদরা …ষ্য. (সং)। সহোদরা ভগ্নী।

সোঁদা…ষ্য. ণ. (সং সুগন্ধ, সৌগন্ধ—সোঁধা —সোঁদা)। সুগন্ধ; পোড়া মাটিতে জল পড়িলে যে গন্ধ ছাড়ে।

সোঁদাল…ষ্য. (সং স্বর্ণালু। স্বর্ণালু অর্বাচীন সং। অমরে, সুবর্ণকা। স্বর্ণপ্রতিকৃতি-পুষ্পত্বাৎ সুবর্ণকঃ—অঃ টীঃ। ওং সুণারি। হিং নাম আমলতাস)। কাঞ্চনাদি বর্গের ছোট তরুবিশেষ (Cassia fistula)। পক্ষাকার পত্র। ফুল কাঁচা সোনার বর্ণ, গ্রীষ্মকালে ফোটে। ফুলের মধ্যে তিনটি পুংকেশর দীর্ঘ, গর্ভনাড়ীও তৎতুল্য দীর্ঘ। (এই হেতু এক সং নাম চতুরঙ্গুলা—অমরে। কিন্তু টীকাকার অন্য ব্যাখ্যা করিয়াছেন)। ফল দীর্ঘ লাঠির মতন। কাঠ লাল, দৃঢ়।

সোনা…ষ্য. (সং স্বর্ণ, সুবর্ণ। শৃং পুঃ—সুনা। ওং সুনা, হিং সোনা)। স্বর্ণ ধাতু (gold)। কাঁচা সোনা…নির্দোষ নির্মল সোনা। কাঁচা —কারণ এই সোনা সহজে বাঁকাইতে পিটিয়া পাত করিতে পারা যায়। সোনা-দানা…ষ্য. (সহচর শব্দ)। সোনা ও সোনার দানা বা কণ্ঠভূষণ, অর্থাৎ স্বর্ণভূষণ। সোনার…ষ্য. (সং স্বর্ণকার)। স্বর্ণকার; জাতিবিশেষ। স্ত্রীং সোনারনী। সোনার অঙ্গ …স্বর্ণবর্ণ দেহ, গৌরবর্ণ দেহ (গৌরবর্ণ—ঈষৎ পীত)। সোনার অঙ্গ কালী হয়—চিন্তায় রোগে শোকে। সোনার কাটি রুপার কাটি—উপকথা হইতে লক্ষণায়, এমন উপায় যাহাতে মরণ বাঁচন ঘটে। সোনার পাথর বাটি…অসম্ভব বাক্য। তুং কাঁঠালের আমসত্ব। সোনা বাইরে আঁচলে গিরে (গিরা)—মূল্যবান্ পদার্থ ফেলিয়া রাখিয়া তুচ্ছ পদার্থ সযত্নে রক্ষা। সোনার বর্ণ. সোনার বরণ…স্বর্ণ তুল্য বর্ণ। (সোনার রং, নহে। সোনার রং অলঙ্কারের। তুং চাঁপা ফুলের বর্ণ—চম্পকপুষ্পবৎ বর্ণ)। সোনার বেন্তে, সোনার বেণে…ষ্য. (সং সুবর্ণ-বণিক্)। জাতিবিশেষ। স্ত্রীং সোনার বেনেনী। সোনার লঙ্কা, সোনার পুরী ছার খার…যেমন রাবণ রাজার স্বর্ণময়ী লঙ্কাপুরী ভস্মে পরিণত হইয়াছিল, তেমন সোনার সংসার ধ্বংস। সোনায় সোহাগা…সোনা গলাইবার সময় সোহাগা যোগ করিলে যেমন সোনা শীঘ্র দ্রব ও একত্র হয়, তেমন কাজে আনুকূল্য। সোনা বেং…বেং দেখ। সোনা-জঙ্ঘা… ষ্য. কূলেচর বর্গের প্রায় দুই হাত দীর্ঘ পক্ষীবিশেষ (The painted stork. Pseudotantalus leucocephalus)। শাদা; পুচ্ছ কালতে সবুজ, ঠোঁট নারঙ্গবর্ণ, পা খয়রা লাল। ইহা হইতে নাম। জলায় চরে, সহজে পোষ মানে। সোনালী…ণ. (সোনা+ল+ঈ)। স্বর্ণমণ্ডিত (gilt)।…ষ্য. স্বর্ণময় জরী; বস্ত্রবিশেষ। ইহার টানা সবুজ, পাড়ন লাল। সোনালী পোকা…প্রজাপতি পতঙ্গের স্বর্ণবর্ণ কোষ। এইরূপ, রুপালী পোকা। সোনামুগ…মুগ দেখ।

সোনামুখী…ষ্য. (আং সেনা। হিং সুন্নামক্কী, সনা; মং সোনামক্কী। ইং senna)। কাঞ্চনাদি বর্গের ক্ষুপবিশেষ (Cassia angustifolia)। ইহার পাতা ও ফল

বিরেচক। দক্ষিণভারতে ইহার কৃষি হইয়া থাকে এবং বিদেশেও রপ্তানি হয়।

সোন্ধা...ণ. (সং সৌগন্ধ)। সুগন্ধ, প্রঃ—সোন্ধা সুকুঙ্কুম (চণ্ডীঃ)।

সোপরন্ধ...সুপরন্ধ দেখ।

সোভা...ষ্য. (সং সৌভ, শৌভ)। হরিশ্চন্দ্র-পুরী, চন্দ্রের পরিবেষ, প্রঃ—দুর সোভা নিকট জল। নিকট সোভা রসাতল॥ (ডাকে)—চন্দ্রের নিকটে পরিবেষ হইলে শীঘ্র বৃষ্টি সম্ভাবনা, দূরে হইলে অনাবৃষ্টি; প্রঃ—চাঁদের সোভার মধ্যে তারা। বর্ষে পানী মুসলধারা॥ (ডাকে)।

সোমত্ত...ণ. (সং সমর্থ; সম্মত্ত ?)। গৃহ-সংসার করিতে সমর্থ (নারী), যৌবনবতী (নারী)।

সোম...ষ্য. (সং)। চন্দ্র; বারবিশেষ। সোম-রাজী, সোমরাজ...ষ্য. (সং সোমরাজী। হিং ও বাংতে ইহার এক নাম বাকুচী, বাকুচী। বাকুচী দেখ। মং নাম কালে জীরী। ওংতে বাকুচী সোমরাজী পৃথক গাছ)। কুকুশিমাদি বর্গের গ্রাম্য বন্য বর্ষায়ুঃ শাক-বিশেষ (Vernonia anthelmintica. Centratherum anthelminticum—Prain)। পাতা একোত্তর, দন্তুর। ডাঁটায় সোম শ্বেত—রাজী—রেখা আছে বলিয়া নাম। মঞ্জরীর সব ফুল একবিধ। ফল (বা বীজ) আট দশ শিরাল, কৃষ্ণবর্ণ, জীরার তুল্য। সোম-লতা...ষ্য. (বেদের সোম-লতা কি না, জানা নাই)। অর্কাদিবর্গের বন্য ক্ষীরী পত্রহীন লতা (Sarcostemna brevistigma. Asclepias acida)। ডাঁটা হরিতবর্ণ, কনিষ্ঠাঙ্গুলীর তুল্য মোটা, বহুশাখ। ডাঁটায়—সোম—শ্বেতবর্ণ রাজী—রেখা আছে। পর্বে অতি ক্ষুদ্র পত্রের চিহ্ন থাকে। ফুল এক সঙ্গে ৮৷১০টা ধরে, প্রায় শাদা গন্ধহীন, আকন্দ (সং অর্ক) ফুলের আকার। একবার শরৎকালে, আর বার বসন্তকালে ফুল ধরে। ভাবপ্রকাশে, সোম-লতা সোমক্ষীরী—শ্বেতবর্ণ ক্ষীর আছে বলিয়া নাম। ক্ষীর ঈষৎ অম্ল। ছোট-নাগপুরে এই গাছ আছে। ওড়িশাতেও কদাচিৎ দেখিতে পাওয়া যায়।

সোয়াথ...ষ্য. (সং স্বস্তি। বাং সোয়াস্তি)। স্বস্তি, প্রঃ—তিলেক সোয়াথ না দেয় (জ্ঞানদাস)।

সোয়াদ...ষ্য. (সং স্বাদ)। স্বাদ।

সোয়ম...ণ. (ফাং)। তৃতীয়, তৃতীয় শ্রেণীর।

সোয়ার...সওয়ার দেখ।

সোয়াস্তি...ষ্য. (সং স্বস্তি)। স্বস্তি, প্রঃ—সুখের চেয়ে সোয়াস্তি ভাল, প্রঃ—শুইলে সোয়াস্তি নাই নিদ গেল দূরে (চণ্ডীঃ)।

সোয়াস্থ্য...ষ্য. (সং স্বাস্থ্য)। স্বাস্থ্য, প্রঃ—(চৈঃ চঃ)।

সোর-গোল...শোর দেখ।

সোরা...ষ্য. (ফাং শোরা। তুং সং ক্ষারক। সংতেও সোরাক হইয়াছিল। হিং মং সোরা, ওং সোহরা। কোথাও কোথাও বলে সোরা ক্ষার। অনেকে ইহাকে যবক্ষার বলে। ওংতেও যবক্ষার বলে। আতসবাজি দেখ। মংতে সূর্যক্ষার অর্থাৎ সর্জিক্ষার বলে)। ভূপৃষ্ঠে জাত ক্ষারবিশেষ (salt-petre)। আশিয়ার মধ্যে পারস্য, ব্রহ্মে ও ভারতবর্ষে সোরা জন্মে। ভারতবর্ষের মধ্যে বিহার

প্রসিদ্ধ। অল্পাধিক পরিমাণে ভারতবর্ষের প্রায় সর্বত্র সোরা জন্মে। উপরের মাটি চাঁচিয়া জলে গুলিয়া ছাঁকিয়া রৌদ্রে কিংবা আগুনে শুখাইলে সোরার দানা বাঁধে। বাজারের সোরাতে সোরা (Potassium nitrate) ব্যতীত নুন থাকে। ইহাকে শোধন করিলে সোরা বিশুদ্ধ হয়। বিহারে সোরাকরকে লুনিয়া বলে। সোরা-আলা ...ষ্য. (সোরা-আলা)। সোরা-কর।

সোয়ুয়া, সুরুয়া...ষ্য. (ফা° ষোর্বা)। মাংসের ক্কাথ।

সোল...ষ্য. (ই° sole)। জুতার তলার চাম।

সোলা...শোলা দেখ।

সোলে-নামা...ষ্য. (আ° সুলাহ্+নামা)। রফা-নামা (আদাঃ)।

সোসর...ণ. (স° সদৃশ। ও° সরি, সরিসা; হি° সরীখা; ম° সারখা)। সদৃশ, সমান, প্রঃ—ডহর ডাঙ্গর সব একই সুসর (শূঃ পুঃ), বাপের সোসর (কৃত্তিঃ), সোসর করহ সকল বাট (কৃত্তিঃ)—সমান; কেশরী সোসরি মাঝারি অঙ্গ (জ্ঞানদাস); ধনধান্যে পরিপূর্ণ কুবের সোসর (ভাঃ), বিদ্যা নাম সোসর দোসর নাহি সাথে (ভাঃ)।

সোহরৎ...শহরৎ দেখ।

সোহাগ, সোআগ...ষ্য. (স° সৌভাগ্য। সৌভাগ্যং সুভগত্বে—মেঃ)। অতিস্নেহ। সোহাগিয়া, সোহাগ্যে...ণ. (সোহাগ+ইয়া)। সোহাগপ্রাপ্ত। সোহাগী, সোআগী ...ণ. (সোহাগ+ঈ)। অতিস্নেহ প্রাপ্ত। স্ত্রী°; পদ্যে, কদাচিৎ সোহাগিনী।

সোহাগা...ষ্য. (স° সৌভাগ্য। সৌভাগ্যং টঙ্কণং ক্ষারঃ—ভাবপ্রকাশে। সুভাগ হইতে। ও° টাঙ্গণা। হি° সুহাগা, টঙ্কণ; ম° সবাগী টাঙ্কণক্ষার)। জলসন্নিধানে জাত ক্ষারবিশেষ (borax)। কাশ্মীর দেশে উষ্ণ প্রস্রবণের জল হইতে গন্ধক ও সোহাগা এবং তিব্বতে হ্রদের পার্শ্বের জল হইতে সোহাগা উৎপন্ন হয়। কেবল সোনা রুপা গলাইতে সোহাগা লাগে না। ঔষধে, কাপড়ে পাকা রং করিতে, লোহা পিতল ঝালিতে, কাচ ও কাচের পুট করিতে সোহাগা লাগে।

সোহারা...ছোয়ারা দেখ।

সোহিনী...ষ্য. (স° শোভিনী)। রাগরাগিণী দেখ।

সৌখিন...ণ. (আ° ষৌকীন। সখ দেখ)। অভিলাষী; গুণজ্ঞ; সুরুচিসম্পন্ন, বিলাসী।

সৌগাৎ...ষ্য. (তুর্কী)। উপঢৌকন।

সৌদা...ষ্য. (ফা°। সওদা দেখ)। মাল, পণ্য; পণ্যক্রয়। সৌদাগর...ষ্য. (ফা°)। সাধু। সৌদাগরি...ষ্য. সৌদাগরের কর্ম। সৌদাগরী...ণ. সৌদাগর সম্বন্ধী।

সৌজন্য...ষ্য. (স°)। সুজনতা। (কেহ কেহ বলে সৌজন্যতা। তু° উৎকর্ষতা)।

সৌবীরাঞ্জন...ষ্য. (স° সৌবীর দেশজাত অঞ্জন)। সীসঘটিত চক্ষুর অঞ্জনবিশেষ (sulphide of lead), সুর্মা।

সৌভাগ্য...ষ্য. (স°)। সুভগত্ব; পতিপত্নী প্রেমলাভ; মঙ্গল; পাঁজির যোগবিশেষ। সৌভাগ্যা...ণ. পতির প্রেমপ্রাপ্তা, প্রঃ—সিংহাসনে বসি স্বামীর সৌভাগ্যা হইঞা (চৈতন্যমঙ্গল), সোহাগী বা সুয়া।

স্কুল...ইস্কুল দেখ।

স্তন…ষ্য. (সং)। দেহের অবয়ববিশেষ; মাতৃদুগ্ধাধার; স্তনদুগ্ধ, প্রঃ—বড় দিঞা স্তন পিঞা শচীকোলে হাসে (চৈতন্যমঙ্গল), নিমাইরে করি কোলে পিয়ায়েন স্তন (নবদ্বীপপরিক্রমা), উমা কেঁদে করে অভিমান, নাহি করে স্তন পান (রামপ্রসাদ)—স্তন্য অর্থে। (তুং মাই দেওয়া, দুধ দেওয়া, স্তন্য দেওয়া। মং স্তন দেণেঁ। আসাং মংতেও স্তনপান। তুং সং.অধরপান)। স্তন্য…ষ্য. (সং—হেমঃ)। স্তনদুগ্ধ।

স্তব, (গ্রাং তব)…ষ্য. (সং স্তব)। প্রশংসা, স্তুতি। স্তব-স্তুতি (গ্রাং তব-তুতি)…ষ্য. (সং। সহচর শব্দ)। স্তব। স্তাবক…ষ্য. (সং স্তাবক)। স্তবকর্তা। স্তবক…ষ্য. (সং স্তবক)। গুচ্ছ, সমূহ; গ্রন্থপরিচ্ছেদ।

স্তান…ষ্য. (সং স্নান)। স্নান, প্রঃ—শুং পূঃ। (রূপান্তর, সান, চান, সিনান)।

স্তেঁহ (গ্রাং)…ষ্য. (সং স্নেহ)। স্নেহ।

স্তোক…ণ. (সং—অঃ)। অল্প, থোড়া।…(সং স্তবক হইতে স্তঅক—স্তোক)। স্তব, প্রঃ—স্তোক বাক্য—প্রশংসাবাচক কথা, ভুলানিয়া কথা; স্তোক দিয়া রাখা—মিষ্ট কথায় ভুলাইয়া। (কেহ কেহ বলেন স্তোভ-বাক্য—সং স্তোভ, স্তোম—স্তব)।

স্ত্রী, (গ্রাং তিরী, সি)…ষ্য. (সং)। নারী; জীব-নারী; ভার্যা। (তুং ভার্যা প্রচলঃ); ব্যাকরণে স্ত্রীজাতিবাচক। স্ত্রী আচার… বিবাহকালে কন্যার মাতার দ্বারা বর-বরণ। এয়ো স্ত্রী মিলিত হইয়া এই বরণ হয়। কন্যার মাতা বরের পা ধোআইয়া দেন। বর তখন শিলায় (শিলে) দাঁড়ায়। স্ত্রী-লোক …স্ত্রী-জাতি। স্ত্রী-পুরুষ…নর ও নারী জাতি; পতিপত্নী। স্ত্রীধন…ষ্য. (সং)। স্ত্রীর ধন যাহাতে স্বামীর অধিকার নাই। স্ত্রীধর্ম… ষ্য. (সং)। নারীর কর্তব্য; ঋতু। স্ত্রীলিঙ্গ …ষ্য. (সং)। ব্যাকরণে স্ত্রী-জাতিবাচক শব্দ। স্ত্রীহরণ…ষ্য. (সং)। বলে স্ত্রী অভিগমন।

স্থগ…ণ. (সং)। ধূর্ত, ঠগ। স্থগিত, (গ্রাং থগিত)…ণ. (সং)। তিরোহিত, অপবারিত; ব্যাক্ষিপ্ত, বিলম্বিত।

স্থপতি…ষ্য. (সং)। অট্টালিকা-কারু (mason)। স্থাপত্য…ষ্য. (সং)। স্থপতির কর্ম।

স্থল (গ্রাং থল)…ষ্য. (সং)। জলশূন্য ভূমি; তীরভূমি; জায়গা, মাটি; স্থান; প্রদেশ; প্রবন্ধ, বিষয়; গ্রন্থের অংশ। স্থলপদ্ম, (গ্রাং থলপদ্ম)…পদ্ম দেখ।

স্থান, (গ্রাং থান, ঠাঁই)…ষ্য. (সং)। স্থিতি, বাস; জায়গা, অবকাশ; বসতি, বাসগৃহ, প্রঃ—বাস-স্থান (সহচর শব্দ ?); প্রদেশ; পাত্র, ভাজন; অধিকরণ, অধিকার, পদ; বস্তু, বিষয়; যোগ্য স্থান, যোগ্য পাত্র; বর্ণের উচ্চারণ স্থান; পুণ্যস্থান, তীর্থ; গ্রন্থপরিচ্ছেদ; সুর, সুরের উচ্চারণ স্থান। স্থানিক, স্থানীয়…ণ. (সং)। স্থান সম্বন্ধীয়; প্রাদেশিক। স্থানে…ব্য. যোগ্য স্থানে; পরিবর্তে; নিকটে, প্রঃ—তোমার স্থানে (ঠাঁয়ে) প্রাপ্য আছে।

স্থাপ…ধাতু. (সং)। স্থাপি—থাকাই; থু-ই; নির্মাণ প্রতিষ্ঠা করি, প্রঃ—গঙ্গাতীরে নবদ্বীপে শঙ্কর স্থাপিবে (ভাঃ)। (পদ্যে)।

স্থির, (গ্রাং থির)…ণ. (সং)। নিশ্চল, অচল, অকম্পিত, অবিচলিত, ধীর, ব্যবস্থিত। স্থিরতর…ণ. (সং)। অবিচলিত; সুনিশ্চিত।

স্থিরতা (প্রাº থিরতা)…ব্য. (সº)। দৃঢ়তা; ধৈর্য; অচাপল্য; নিত্যতা। স্থির-ধার্য …ণ. (সº স্থির, ধার্য। সহচর শব্দ)। অবিচলিত ও গ্রাহ্য, স্থির।

স্নায়ু…ব্য. (সº। স্নায়ুঃ স্বত্রবদস্থিবন্ধনীয় নাড়ীবিশেষে—অঃ টীঃ। সুশ্রুতে, এবমেব শরীরেঽস্মিন্ যাবন্তঃ সন্ধয়ঃ স্মৃতাঃ। স্নায়ুভি-র্বহুভির্বদ্ধাস্তেন ভারসহা নরাঃ॥—শরীরের যাবতীয় সন্ধি বহু স্নায়ু দ্বারা বদ্ধ হওয়াতে শরীর ভারসহ হইয়াছে। স্থূল স্নায়ুর নাম কণ্ডরা, যেমন হাতে পায়ে গ্রীবায় পৃষ্ঠে। পূর্বকালে স্নায়ুরজ্জু দ্বারা ধনুর গুণ হইত। এই হেতু স্নায়ুর এক অর্থ ধনুর গুণ আছে)। শরীরের অস্থিবন্ধনী (ligament), অস্থি সহ পেশীবন্ধনী (tendons)। (ইº sinew। লোকে ভুল করিয়া বাতবাহিনী শিরা অর্থে স্নায়ু শব্দ বলিতেছে। ইংরেজী nerve শব্দের লেটিন nervus অর্থে a sinew or tendon। ইংরেজীতে ব্যুৎপত্তিতে স্নায়ু বলিয়া বাংতে সে ভুল ক্ষমার্হ নহে। কারণ আমাদের আয়ুর্বেদ আছে, এবং স্নায়ু নাম চাই। স্নায়ু বুঝাইতে কোথায় শব্দ পাওয়া যাইবে?)। স্নায়বীয় …ণ. (স্নায়ু হইতে। ইº nervous অর্থে রচিত)। স্নায়ু সম্বন্ধীয়।

স্নিগ্ধ…ণ. (সº। স্নিগ্ধং স্নেহযুক্তে চিক্কণেঽপি স্যাৎ—মেঃ। অমরে, স্নিগ্ধ চিক্কণ, মসৃণ, মেদুর, বৎসল, বয়স্য। মূলার্থ স্নেহযুক্ত)। স্নেহযুক্ত; চিক্কণ; মসৃণ; কোমল; রম্য। স্নিগ্ধতা…ব্য. (সº)। স্নেহ; চিক্কণতা।

স্নেহ…ব্য. (সº)। তৈলাদি বস্তু; প্রেম, বাৎসল্য।

স্পিরিট…ব্য. (ইº spirit)। সুরা, কোহল।

স্ফুর…ধাতু. (সº)। স্ফুরি—স্ফূর্তি, প্রকাশ পাই, প্রঃ—নানা ছন্দ নানা ভাষা আপনা হৈতে স্ফুরে (কৃত্তিঃ আত্মপরিচয়), মুঞি যে শিক্ষাইনু তোরে স্ফুরুক সকল (চৈঃ চঃ)। স্পন্দিত, কম্পিত হই, প্রঃ—বাম বাহু স্ফুরে (কবিকঃ)। (পদ্যে)।

স্মর…ধাতু. (সº স্মৃ ধাতু। প্রাচীন ও বর্তমান গ্রাº সোঙর, সঙর, স্মঅর, স্মউর ধাতু)। স্মরি—স্মরণ করি, ধ্যান করি। স্মরা॥ স্মরণ…ব্য. (সº)। পূর্বসংস্কার হইতে ভাবনা। স্মরা…ধাতু. (স্মর ধাতু আন্তে)। স্মরানা॥

স্যর…ব্য. (ইº sir)। মহাশয়; শিক্ষক-মহাশয়; ইংরেজী উপাধিবিশেষ। এই উপাধি নামের পূর্বে বসে, যথা স্যর রাধাকান্ত দেব।

স্যাখৎ…ব্য. (ফাº সেহা+খৎ)। সেহা-লিখন। স্যাখৎ সন্ধান…জমিদারীর সেহা লিখিবার নিয়ম, প্রঃ—শুভঙ্করী।

স্যাৎ…ব্য. (সº অস ধাতুর পদ)। যদি হয়। প্রায়ই, যদি স্যাৎ—যদি হয়। ন স্যাৎ… হইবে না। ন-স্যাৎ…ব্য. অস্বীকার, প্রঃ—বিষয় ন-স্যাৎ করা।

স্রোত…ব্য. (সº স্রোতস্, স্রোতস্)। জলধারা, সরু নদী। (সোতা, সোতী দেখ)।

স্লিপ…ব্য. (ইº sleeve)। জামার হাতা। স্লিপের বোতাম—জামার হাতের বোতাম।

স্লুপ, স্লুপ…ব্য. (ইº sloop)। চাটি-গাঁয়ের দীর্ঘ নৌকাবিশেষ। ইহাতে দুই মাস্তুল থাকে। এই নৌকা বা জাহাজ

বহু দূরদেশে সমুদ্রপথে গমনাগমন করে। (ইংরেজী স্লুপে এক মাস্তুল থাকে)।

স্লুস, স্লুস···ষ্য. (ই° sluice)। জল আগম নির্গম নিমিত্ত বাঁধে কপাট।

স্ব···ণ. (স°)। নিজের, প্রঃ—স্বপুত্র ; জ্ঞাতি, কুটুম্ব, প্রঃ—স্ব-জন ; ধন, প্রঃ—নিঃস্ব। স্ব-অধিকার, স্বাধিকার ··ষ্য. (স°)। নিজ অধিকার, কর্ম। স্ব-অধীন, স্বাধীন ··ণ. নিজের অধীন, অপরের নহে। স্বার্থ (স্ব+ অর্থ)···ষ্য. (স°)। নিজের অর্থ, স্বকার্য। (অর্থ—বিষয়, ধনকারণবস্তু, প্রয়োজন)। স্বার্থপর···ণ. (স°)। স্বার্থসিদ্ধিরত। স্বেচ্ছা (স্ব+ইচ্ছা)··· ষ্য. (স°)। নিজের ইচ্ছা। স্ব-ঘর··· ষ্য. (স° স্ব+ঘর)। নিজের গৃহ; বিবাহাদি সম্বন্ধ করণীয় বংশ। স্বচ্ছন্দ··· ণ. (স°)। স্বেচ্ছাচারী, স্বৈরী ; বন্য (তু° স্বচ্ছন্দ-বনজাত)।···ষ্য. নিজের ইচ্ছা। স্বচ্ছন্দে···ব্য. (স°)। নিজের ইচ্ছামতন, যদৃচ্ছায়। স্ব-জন···ষ্য. (স°)। আত্মীয়, কুটুম্ব। স্ব-জাতি···ষ্য. (স°)। নিজের জাতি।···ণ. নিজ-জাতীয়। স্ব-তন্ত্র···ণ. (স°)। স্বৈরী, স্বাধীন। স্ব-দেশ···ষ্য. (স°)। নিজের দেশ ; জন্মভূমি। স্ব-দেশী ···ণ. (স° স্বদেশীয়)। স্বদেশজাত, স্বদেশসম্বন্ধীয়।···ষ্য. স্বদেশানুরাগ, স্বদেশের শিল্প ও কলা। স্ব-ধর্ম···ষ্য. (স°) নিজের ধর্ম, নিজের কর্তব্য ; নিজের বিশেষত্ব। স্ব-পক্ষ···ষ্য. (স°)। নিজের পক্ষ (পক্ষ দেখ)। স্ব-ভাব···ষ্য. (স° স্ব-ভাব)। নিজের অবস্থা ; বিশেষ ধর্ম বা গুণ ; প্রকৃতি ; যে ব্রাহ্মণ কুলীন আছেন, স্বভাব-ভঙ্গ হন নাই। স্বভাব-চরিত্র··· ষ্য. (স°) সহচর শব্দ)। স্বভাব ও চরিত্র। স্বভাব-সিদ্ধ···ণ. (স°)। সহজ, প্রাকৃতিক। স্ব-রাজ্য···ষ্য. (স°)। নিজের রাজ্য ; নিজের দ্বারা রাজত্ব। স্ব-রূপ···ষ্য. (স°)। নিজের রূপ বা আকৃতি ; প্রকৃতি ; প্রকার। ···ণ. (স°)। সদৃশ ; প্রকৃত, প্রঃ—স্বরূপ কথা। স্বকীয়···ণ. (স°)। নিজের। স্বতঃ···ষ্য. (স° স্বতস্)। নিজে নিজে। স্বতঃ পরতঃ···ষ্য. (স° স্বতস্ পরতস্)। নিজে নিজে কিংবা অপরের দ্বারা।

স্বতন্তর ··ণ. (স° স্বতন্ত্র)। স্বতন্ত্র, স্বেচ্ছাচারী। স্ত্রী° স্বতন্তরা, স্বতন্তুরী··· স্বৈরিণী, প্রঃ—নারী যার স্বতন্তরা সে জন জিয়ন্তে মরা (ভাঃ)।

স্বত্ব ··ষ্য. (স°)। নিজের স্থিতি ; অধিকার।

স্বপন···ষ্য. (স° স্বপ্ন)। স্বপ্ন। প্রঃ—নিশার স্বপন-সম।

স্বপ্ন···ষ্য. (স°)। নিদ্রা ; নিদ্রাবস্থায় মিথ্যা বাসনা ; অসম্ভব কল্পনা ; বৃথা বাসনা। স্বপ্নদর্শন··ষ্য. স্বপ্ন দেখা। স্বপ্নদোষ··· ষ্য. (স°)। স্বপ্নে রেতঃ-স্খলন রোগ। স্বপ্নাদ্য ··ণ. (স্বপ্ন+আদ্য ?)। স্বপ্নে লব্ধ, স্বপ্নে যার উৎপত্তি।

স্বয়ম্বর গাছ···লাল ভেরেণ্ডা গাছ।

স্বর ··ষ্য. (স°)। শব্দ, ধ্বনি ; কণ্ঠধ্বনি ; সারিগামাদি সপ্তস্বর ; ব্যাকরণে ব্যঞ্জনের বিপরীত। স্বরগ্রাম·· ষ্য. (স°) সারিগামাদি সপ্ত-স্বর। স্বরভঙ্গ ··ষ্য. (স°)। কণ্ঠস্বরের বিকার (hoarseness of voice) স্বরমণ্ডল·· ষ্য. (স°)। বীণাবিশেষ,

প্রাঃ—বিদ্যাপতি। স্বরমণ্ডল···ষ্য. বাঁশের শলা যোগে পুরাতন বাদ্যযন্ত্রবিশেষ। আঙ্গুল চালাইয়া বাজানা হইত। স্বর··· ধাতু. (সং স্বৃ ধাতু)। স্বরি—শব্দ করি, প্রাঃ—মুখেতে না স্বরে বাণী দুটি আঁখি কান্দে (চণ্ডীঃ)—বোধ হয় সরে স্থানে ভুলে স্বরে। সর ধাতু দেখ।

স্বর্গ···ষ্য. (সং)। সুরলোক; নিরবচ্ছিন্ন সুখ। স্বর্গপ্রাপ্ত···ণ. (সং)। স্বর্গগত; মৃত ও স্বর্গগত। স্বর্গীয়···ণ. (সং)। স্বর্গসম্বন্ধীয়; স্বর্গবাসী অর্থাৎ মৃত। মৃত মান্য ব্যক্তির নামের পূর্বে বসে। স্ত্রীং স্বর্গীয়া।

স্বর্ণ···ষ্য. (সং। বোধ হয় সুবর্ণ হইতে)। সোনা (দেখ)। স্বর্ণ-মাক্ষিক···মাক্ষিক দেখ। স্বর্ণ-জুই···জুই দেখ।

স্বস্তি···ব্য. (সং)। আশীর্বাদে; শুভে। সংতে পত্রাদির প্রথমে স্বস্তি লিখিতে হয়। স্বস্ত্যয়ন···ষ্য. (সং স্বস্তি+অয়ন)। শুভ-লাভার্থে কর্ম, শুভ লাভার্থে মন্ত্রহোমাদি কর্ম। স্বস্তিবাচন···ষ্য. (সং স্বস্তি+বাচন)। ধর্মক্রিয়ারম্ভে ঠাকুরের নিকট আশীর্বাদ প্রার্থনা। স্বস্তিক···ষ্য. (সং)। বজ্রচিহ্ন, শুভসূচক চিহ্নবিশেষ। এই চিহ্ন এদেশে উদ্ভাবিত হইয়া দূরদেশান্তরে প্রচলিত হইয়াছিল। উৎপত্তি সম্বন্ধে তিন অনুমান হইয়াছে। (১) পূর্বকালে যে দুই অরণি-(অগ্নি) কাষ্ঠ ঘর্ষণদ্বারা অগ্নি উৎপাদন করা হইত, সেই দুই কাষ্ঠ তির্যকভাবে উপরি উপরি স্বস্তিক আকারে রাখা হইত। (২) সূর্যের স্থিতি পরিমাণ যন্ত্র। (৩) বুদ্ধদেবের পদদ্বয়। ইদানী পূজার ঘটে সিন্দুর দিয়া গণেশমূর্তি কল্পিত হইয়া থাকে। কেহ কেহ বলেন, স্বস্তিক হইতে খ্রিষ্টানের "ক্রুশ"-চিহ্ন।

স্ব-স্ব···স্ব দেখ। স্ব-স্ব-প্রধান···নিজে নিজে প্রধান, স্বতন্ত্র।

স্বাতী···ষ্য. (সং)। নক্ষত্রবিশেষ (২) ধান্যাদি বর্গের বর্ষায়ুঃ স্থূল বহুশাখ ঘাসবিশেষ (Pennisetum setosum)। পাতা সরু সরু। ফলে শুঙ্গা আছে।

হ।

হ···ষ্য. (সং)। ব্যঞ্জন-বর্ণ,-অক্ষর,-বিশেষ। ব্য. (সং)। নিশ্চয়ে, প্রাঃ—সে-হ—সে-ই, তিঁহ—তিনি (তিঁ—ই), প্রাঃ—তুমিহ আমার মাতা আমিহ ছাওয়াল (প্রাচীন বাং); তুমিহ না জান তাহা না জানে মালিনী (ভাঃ)। প্রায়ই বাক্যদৃঢ়তায়, পাদপূরণে। কোথাও কোথাও ও (অপি) অর্থে, যথা, যদ্যপি-হ—যদ্যপি-ও (কিন্তু ও অর্থে ভুল; কারণ অপি=ও)।···ক্রিয়াপদ ভবিষ্যৎ অনুজ্ঞায়, যথা, করিহ—করিও।

হ···ধাতু. (সং ভূ ধাতু ভবতি পদ, পালিতে হোতি। ওং হিং মং হো; প্রাচীন বাং হো ধাতু, আসাং হ, প্রাচীন হু। হোই—হোয়—হোএ—হয়; ওং হুএ, হিং হৈ, মং হোই, হোয়)। হ-ই—সত্তা অর্থে, বর্তমান বিদ্যমান আছি, প্রায়ই উহ্য থাকে, প্রাঃ—সে ধনী (হয়); দুই পদের অম্বয়ী, প্রাঃ—সে (হয়) রাম; বিদ্যমান থাকি, প্রাঃ—কাছারি হইতেছে, (ভূতকালে আছ ধাতু হইতে, ছিল); পরিণত হই, প্রাঃ—গাছটি

বড় হইবে, কেন এমন হইল, ভাবিলে কি হবে; উৎপন্ন হই, প্রঃ—যদি পুত্র হয়, ক্রোধ হই-তে মোহ; ঘটি, প্রঃ—যদি যাওয়া না হয়, বিঘ্ন হই-লে; অবস্থায় থাকি, প্রঃ—জাগ্রত হইলে সাড়া দিত; উপযোগী হই, প্রঃ—লোহার করিলে ভাল হইত; কার্য সাধিত হই, প্রঃ—এই টাকাতেই হবে; সমাপ্ত হই, প্রঃ—আমার আহার হইয়াছে; সম্ভাব্য হই, প্রঃ—বৃষ্টি হইবে না (প্রায়ই ভবিষ্যৎ কালে); সপক্ষে হই, প্রতিনিধি হই, প্রঃ—তাহার হইয়া আমি বলিতেছি; সাহায্যে লাগি, প্রঃ—জাতি তাঁহার হইয়াছে (প্রায়ই, তাঁহার পক্ষে); প্রবৃত্ত হই, প্রঃ—তাহা হই-তে এই যুক্তি ধরিয়াছে,—সে প্রবর্ত করাইয়াছে তবে যুক্তি। হওয়া॥ (প্রাচীন বাং হওন। অদ্যাপি পূর্ববঙ্গে হওন। হওন বাস্তবিক হ-অন সং ভবন। এই রূপ, হওয়া—বাস্তবিক হআ, সং ভব। তুং হওয়ার—হবার। ব্যাকরণ দেখ)। হআ, হওয়া···ধাতু. (হ ধাতু আস্তে)। হআই, হওয়াই—উৎপাদন করাই, প্রঃ—এই গাছে ফল হআব। হআনা, হওয়ানা॥ হইতে, হ'তে···ব্য. উৎপত্তি, আদি, প্রঃ—ফুল হইতে ফল, আমা হ'তে হবে না; তুলনায়, প্রঃ—রাম হইতে শ্যাম ছোট (প্রাচীন হস্তে, আসাং হস্তে, প্রায়ই পদ্যে। প্রাচীন বাং অদ্যাপি কোথাও কোথাও হনে। হইতে—হৈতে (প্রাং)। ব্যাকরণ দেখ)।

হংস···ষ্য. (সং)। হাঁস (স্ত্রীং হংসী); প্রাণ-বায়ু (ওং হংসা, হঁসা), প্রঃ—হংস পয়ানা (খনা) (শ্বাসপ্রশ্বাসে হং-স্ ধ্বনি হইতে)। হংস-রাজ···ষ্য. (আধুনিক নাম। হিং)। অপুষ্পক পর্ণাঙ্গ (Fern) উদ্ভিদ-বিশেষ (Adiantum)। ডাঁটা কাল তারের মতন; পর্ণ অর্ধচন্দ্রাকার। ভিজা প্রাচীরে বর্ষাকালে জন্মে। কোথাও কোথাও কালী-ঝাঁপ (Maiden-Hair Fern) বলে।

হঃ···ব্য. (তুং সং হক। হঙ্গ দেখ)। গবাদি পশু থামাইবার শব্দ।

হইতে, হ'তে···হ ধাতু দেখ।

হঙ্গ···ব্য. (সং হক)। হস্তী চালনায়; গবাদি পশু চালনায়।

হউক, হ'ক···হ ধাতুর পদ। অস্তু, ভবতু। যাহা হউক—যদ্‌ভবতু, তাহা হউক—তদ্‌ভবতু। (ওং হউ। প্রাচীন বাং হউ। পরে ক আসিয়াছে)। হউক, হ'ক···ব্য. তথাস্তু। হউক গে···ব্য. বিরক্ত হইয়া, তথাস্তু।

হক···ষ্য. (আং)। ন্যায্য; ন্যায্য অধিকার; ধর্ম, কর্তব্য। হকদার···ষ্য. (ফাং)। ন্যায়-মতে অধিকারী। না-হক···ব্য. (ফাং)। অন্যায় পূর্বক; বৃথা। হক-না-হক···ষ্য. (ফাং)। ন্যায্য-অন্যায্য। হক-সবা, হক-সফা···ষ্য. (ফাং হক-ষফা—ব্যক্তিবিশেষের ক্রয় করিবার স্বত্ব)। বাসভূমির নিকটস্থ সুবিধাজনক স্থান।

হকিকৎ···ষ্য. (আং)। বৃত্তান্ত, তথ্য (আদাঃ)। হাল-হকিকৎ···ষ্য. (হাল দেখ। সহচর শব্দ)। বৃত্তান্ত। হকিকৎ-নামা···ষ্য. বিবরণ পত্র, রিপোর্ট।

হকিয়ৎ···ষ্য. (আং)। বিষয়-সম্পত্তি; সম্পত্তিতে অধিকার। হকিয়তি···ষ্য. সম্পত্তিতে অ[illegible]

কার সম্বন্ধে মকদ্দমা। হকিয়তী…ণ. হকিয়ৎ সম্বন্ধীয়। (আদাঃ)।

হকীম…ষ্য. (আ°। মূলার্থ পণ্ডিত, কবি-রাজ)। ইরাণী মতে রোগ-চিকিৎসক। হকীমী…ণ. হকীম সম্বন্ধীয়।

হকুক…ষ্য. (হক, বহুবচনে)। স্বত্ব।

হঙ…হ ধাতুর প্রাচীন ক্রিয়াপদ। হইতাম, প্রঃ—চণ্ডীঃ।

হজ…ষ্য. (আ°)। মক্কায় তীর্থযাত্রা।

হজ-গজ…ণ. (হত ইতি গজঃ—মহাভারত হইতে)? অনিশ্চিত, প্রঃ—বিষয় বিভাগ না করিয়া হজ-গজ করিয়া রাখা।

হজম…ষ্য. (আ° হজম)। ভুক্ত অন্ন পরিপাক। বদ্-হজম…ণ. অপরিপাক। বদ্-হজমি… অপরিপাক রোগ। হজমী…ণ. (হজম+ঈ)। পাচক। হজমী-গুলী…পাচক বটিকা।

হজরৎ…ণ. (আ°)। জনাব; মাননীয়। (মহম্মদ, জিশুখ্রিষ্ট প্রভৃতির নামের পূর্বে "শ্রীশ্রী" অর্থে বসে)।

হজুর…হুজুর দেখ।

হট, হঠ…ধাতু. (ও° হি° ম° হট ধাতু। স° হঠ ধাতু প্লুতগতি, শাঠ্য)। হটি, হঠি—অপগত, প্রতিনিবৃত্ত হই, প্রঃ—যুদ্ধে হটিয়া গিয়াছে। হটা, হঠা॥ হটা, হঠা…ধাতু. (হট, হঠ ধাতু আস্তে)। হটানা, হঠানা॥

হট্ট গোল…ষ্য. (স° হট্ট—হাট+ফা° গোল)। হাটে যেমন কোলাহল হয়।

হট্-হট, হঠ্-হঠ…ব্য. (স° হঠ হইতে)। সদর্প গতিতে।

হঠ…ধাতু: হট দেখ। হঠ…ষ্য. (স°)। বলাৎকার, লুঠ। হঠাৎ…ব্য. (স°তে—বলাৎ। তু° সহসা)। অকস্মাৎ, দৈব-গতিকে।

হড়্কা…ষ্য. (স° হিল্লোল হইতে? হি° হড়া। তু° হলকা, ঝলকা)। অকস্মাৎ জলবৃদ্ধি হেতু উচ্চ বন্যা। (ম° হৌর।)

হড়্কা…ধাতু. (হঠ হইতে? ভ্রষ্ট হইতে। তু° ভড়কানা)। হড়কাই—পা পিছলাইয়া স্থান-ভ্রষ্ট হই। হড়কানা॥ (বা°তে প্রায়ই, পা পিছলানা)।

হড়পী…ষ্য. (স° সম্পুট হইতে? ম° হড়পা—সিন্দুক)। সাপ রাখার পেড়ী, প্রঃ—নতশির যেন ধীর হড়পীর সাপ (ভাঃ); সাঁপুড়া, প্রঃ—হড়পী তরাজু (কবিকঃ)—পড়্যান রাখিবার সাঁপুড়া।

হড়্-বড়, হড়্-মড়…ব্য. (হি° হড়্-বড়, ও° হর-বর—স° হঠ বল ধাতু)। ব্যস্ততায়; বলপ্রয়োগে, বলপ্রয়োগ হেতু পতনশব্দে। হুড়্-মুড়…ভারী বৃহৎ বস্তুর পতন শব্দে, প্রঃ—চালাখানা হুড়্-মুড় করিয়া পড়িয়া গেল। হড়্-বড়িয়া…ণ. চপল, সদা ব্যস্ত। হড়্-বড়ানি, হড়্-মড়ানি, হুড়্-মুড়ানি॥

হড়্-হড়…ব্য. (স° হঠ ধাতু? ঘর্ঘর)। বলে আকর্ষণ হেতু ঘর্ঘর শব্দে, প্রঃ—ঠেলিতে চলিল রথ হড়্-হড় করিয়া (চৈঃ চঃ)। হুড়্-হুড়…ব্য. চক্রের ঘর্ঘর শব্দে।

হড়্-হড়…ব্য. (ভড়্-ভড় রূপান্তরে)। পিচ্ছিল পদার্থের প্রাচুর্যে, প্রঃ—পাঁক পচিলে হড়্-হড় করে—ভড়্-ভড় করে যাহাতে পা ডুবিয়া যাইতে পারে। হড়্-হড়া, হড়্-হড়িয়া…ণ. (হড়্-হড়+আ, ইয়া)। ঘন লালাবৎ পদার্থবিশিষ্ট, যেমন কুমারী লতার হড়্-হড়িয়া আঠা।

হড়িয়াল...হরিয়াল দেখ।

হত...ণ. (সং)। বধপ্রাপ্ত, বিনষ্ট। আহত ...ণ. (সং)। আঘাতপ্রাপ্ত। হতাশ...ণ. (সং হত+আশা)। নষ্ট-আশা। হত-কপালিয়া ...আঁট-কপালিয়া দেখ। হত-ছিরা...ণ. হতশ্রী। হত-চ্ছন্ন...ণ. হত (বুদ্ধি) ও মোহ ছন্ন (বুদ্ধি)। হত-বুদ্ধি...ণ. (সং)। বিমূঢ়। হত-ভম্ব...ণ. (হত+প্রবন্ধ)। হতবুদ্ধি। হতভাগা...ণ. (সং হতভাগ+বাং আ কিংবা হতভাগ্য)। হত-ভাগ্য। হতমূর্খ...ণ. (সং)। অতি নির্বোধ, অর্ভক।

হত্তা-কত্তা (গ্রাং)...হর্তা-কর্তা (দেখ)।

হত্তুকী...ষ্য. (সং হরীতকী)। হরীতকী, প্রঃ—শুং পুঃ।

হত্তেল...হরিতাল। (হরি দেখ)।

হত্থ...হস্ত দেখ।

হত্যা...ষ্য. (সং)। বধ। হত্যা দেওয়া—অভীষ্টসিদ্ধি না হওয়া পর্যন্ত অনশনে থাকা, প্রাণ-পণ করা।

হদ...ষ্য. (সং হ্রদ, সংপ্রাং হদ)। হ্রদ।

হদ...ণ. (সং হত ? হরিৎ ?)। লতাপাতা জন্মিয়া বদ্ধ, প্রঃ—পুকুর হদ হয়।

হদিস...ষ্য. (আং হদীস)। হজরৎ মহম্মদের উক্তি ও কার্য সম্বন্ধে কাহিনী ; মুসলমানী স্মৃতি ; উপায় ; কৌশল।

হদ্দ...ষ্য. (আং) f অন্ত, সীমা। হদ্দ করা—শেষ দেখানো, প্রঃ—হদ্দ করিলে—(নিন্দিতার্থে)। হদ্দ...ব্য. পর্যন্ত, প্রঃ—বয়স হবেক হদ্দ বিংশতি বছর (মাঃ) ; অধিক হইলেও, প্রঃ—হদ্দ গ্রাম পর্যন্ত যাবে। বে-হদ্দ...ণ. (ফাং বে+হদ্দ)। সীমার বাহিরে, চূড়ান্ত ; মর্যাদা লঙ্ঘন। চৌহদ্দি...চতুঃসীমা। সরহদ্দ...ষ্য. (ফাং সর+হদ্দ)। সীমা।

হদ্-হদ...ব্য. (সং হদ ধাতু মলত্যাগে)। নিতান্ত অবজ্ঞায়, বিষ্ঠার সহিত তুলনায়, প্রঃ—তোর ঘরে টাকা হদ্-হদ করিছে।

হদ্-হদ...ষ্য (হিং। বোধ হয় ইং Hoopo হইতে)। পনর ষোল আঙ্গুল দীর্ঘ পক্ষীবিশেষ (The Indian Hoopœ. Upupa indica)। খয়রা রং, তাহাতে কাল শাদা। ঠোঁট লম্বা সরু বাঁকা ; পাখা গোল। মাথায় দীর্ঘ চূড়া। হুপ্-হুপ-হুপ ডাকে। মাটিতে চরে। হিমালয় এবং উত্তর ও মধ্যভারতে থাকে। বঙ্গে প্রায় দেখা যায় না।

হদীশ...হদিস দেখ।

হন্-হন...ব্য. (সং হন ধাতু গতি, হিংসা। সং স্বন্ ধাতু হইতে ?)। হিংস্র জন্তুর গতি-শব্দে, প্রঃ—পাশ দিয়া সাপ হন্ হন করিয়া গেল।

হনুমান্ (গ্রাং হুনুমান্)...ষ্য. (সং হনুমৎ শব্দের প্রথমার একবচন। মান্দ্রে হনুমন্ত, যেখানে বীর নামে পূজা পায়)। রামায়ণে বর্ণিত প্রধান বানর। (২) কাল-মুখা বানরবিশেষ (Semnopithecus entellus। হিং লাঙ্গুর)। কান ও পায়ের তলাও কাল। লেজ প্রায় দুই হাত দীর্ঘ। গঙ্গার পূর্বপারে নাই, কদাচিৎ পশ্চিম হইতে দুই একটা যায়। বীর হুনমান...হনুমান-দলপতি, পালের মধ্যে যেটা বলবিক্রমে নায়ক। হুনমানের লড়াই...পালের সকলে লড়ে না ; দুই পালের দুই বীর মাত্র লড়ে। ইহা হইতে দ্বন্দ্বযুদ্ধ।

হন্ত···অ্য. (সং)। বিস্ময়ে, আহ্লাদে ; শোকে। (বাংতে প্রায় চলিত নাই। হা দেখ)।

হন্দর···ষ্য. (ইং hundred ; hundred-weight)। তাশ খেলায় "শ" ; ইংরেজী ওজনবিশেষ (প্রায় ৫৪৷৹ শের)। (ওজন দেখ)।

হন্না (গ্রাং)···ষ্য. (সং হন্তা হইতে)। ঘাতক ; দস্যু। হন্না হওয়া···হন্তা, মরীয়া হওয়া।

হপ্তম ··ষ্য. (ফাং হফ্‌ত্‌=সং সপ্ত)। ইংরেজী ১৭৯৯ সালের রাজস্বসংক্রান্ত সপ্তম আইন। (পঞ্চম দেখ)।

হপ্তা···ষ্য. (ফাং হফ্‌তা। সং সপ্তাহ)। সপ্তাহ ; সপ্তাহে সপ্তাহে কৃত্য, প্রঃ—চৌকিদার হপ্তায় যায়,—থানায় সাপ্তাহিক বিবরণ দিবার নিমিত্ত।

হব-চন্দ্র···ষ্য. (এক কাল্পনিক হাবা রাজার নাম। হাবাদিগের মধ্যে প্রধান—হব চন্দ্র। হাবা-চাঁদ বলিলে অবজ্ঞা প্রকাশ পাইত। আদরে হবুচন্দ্র। ইহাঁর মন্ত্রীর নাম গবচন্দ্র, আদরে গবুচন্দ্র, প্রঃ—হবচন্দ্র রাজা যেন গবচন্দ্র পাত্র (রামপ্রসাদের বিদ্যা-সুন্দর)। গবচন্দ্র, বোধ হয়, গর্দভচন্দ্র হইতে।

হবা···ষ্য. (আং হৱা)। খ্রিষ্টানী ও মুসলমানী পুরাণমতে আদি মানবী, আদমের পত্নী।

হবিষ্য, (গ্রাং হবিষ্যি, হব্বিষ্যি)···ষ্য. (সং হৱিষ্য—ঘৃত)। হবিষ্যান্ন (এই অর্থ সংতেও আসিয়াছিল) ; নূতন পাত্রে আতপ অন্ন কলায়াদি পাক ও ঘৃতদুগ্ধ সহ ভোজন।

হবু···ণ. (হ ধাতু হইব, হব পদ হইতে)। যিনি হইবেন, প্রঃ—হবু-শ্বশুর।

হবুচন্দ্র···হবচন্দ্র দেখ।

হম···সর্বনাম. (সং অহম্ হইতে)। আমি, প্রঃ—প্রাচীন পদে। সম্বন্ধপদে, হমার, হমারা, হমারি।

হ-য-ব-র-ল···ণ. (সং মুগ্ধবোধ ব্যাকরণের ব্যঞ্জনবর্ণ বিভাগ হইতে)। বিপর্যস্ত, অব্যবস্থিত, সঙ্কুল, প্রঃ—বিষয়-কর্ম হযবরল করিয়া ফেলিয়া গিয়াছে।

হয়-ত···ব্য. (হ ধাতু)। সম্ভাবনায়, বিতর্কে। হয়-নয়···ষ্য. ঘটন-অঘটন, প্রঃ—সেখানে বিবাহ হয়-নয় জানিয়া আসিবে। হয়-না-হয়···বিকল্পে, প্রঃ—বিবাহ হয় না-হয়, একটা ঠিক জানা চাই ; প্র—হয় সাপ, না হয় দোড়ী।

হয়রান···ণ. (আং হৈরান)। উৎপীড়িত, উত্যক্ত। হয়রানি···ষ্য. কষ্ট, উৎপীড়ন। হয়রান-পরেষান···ণ. (ফাং পরেষান—ব্যস্ত, ব্যাকুল। সহচর শব্দ)। ব্যাকুল।

হর··ধাতু. (সং হৃ ধাতু। সংতে হৃ ধাতুর অনেক অর্থ। বাংতে নাই)। হরি—অপহরণ, লুণ্ঠন করি, চুরি করি ; প্রঃ—রাবণ সীতা হরিয়া লইয়া গিয়াছিল ; ভাগ করি, প্রঃ—পাচে হরিয়া দশ যোগ কর। হরা॥ হরা···ধাতু. (হর ধাতু আস্তে)। হরানা॥

হর···ণ. (ফাং)। প্রতি, প্রত্যেক। হর-এক, হরেক···ণ. প্রত্যেক। হর-কিসম···ণ. নানাবিধ। হর দম···প্রতিক্ষণে। হর দফা···প্রতি দফা। হর রোজ···প্রতি দিন। হর-হামেশা···সর্বদা।

হরকৎ···ষ্য. (আং)। বিঘ্ন, ছরকট।

হরকরা ··ষ্য. (ফাং)। প্রতিহারী। ডাক-হরকরা···সংবাদবাহক।

হরগুণ নাই, বরগুণ আছে···তু°, হরগুণ বরগুণ হৈল এক ঠাঁই। মেনকা আনন্দে ঘরে লইলা জামাই ॥ (ভাঃ)। হর—শিবের গুণ ও বরের গুণ। হরগুণ—শিবত্ব, শিবমহিমা নাই, আছে যেটা সেটা অনাবশ্যক। গ্রা° অরগুণ নাই বরগুণ আছে, অরখণ্ডি নাই বরখণ্ডি আছে।

হরজ···ষ্য. (আ° হারিজ)। বিঘ্ন। (বা°তে প্রায় চলিত নাই)।

হরণ···ষ্য. (স°)। গ্রহণ; বলে গ্রহণ, লুণ্ঠন; অপহরণ, চুরি; আকর্ষণ, প্রঃ—মন হরণ। হরণ-পূরণ···ষ্য. (স°। প্রতিচর শব্দ)। এক হইতে লইয়া অন্যে যোগ, প্রঃ—কত লোক হরণ-পূরণ করিয়া সংসার চালায়—এক ব্যয় কমাইয়া অন্য ব্যয় নির্বাহ করে। তু° ওড়ন-পাড়ন—উলানা ও পাতা।

হরফ, হরপ ··ষ্য. (আ° হর্‌ফ্)। অক্ষর; ছাপার অক্ষর।

হর-বোলা · ষ্য. (ফা° হর—প্রতি, বোলা—যে বলে। ও° হরবা, হি° হরেয়া)। বৃক্ষচারীবর্গের হরিৎবর্ণ দশ আঙ্গুল দীর্ঘ পক্ষীবিশেষ (The gold-fronted green bulbul. Chloropsis aurifrons)। চঞ্চু সরু, বক্র; কপাল হলুদা, গলা নীল, পক্ষ গোল, পুচ্ছ হ্রস্ব। অন্য অন্য পাখীর ডাক্ ডাকে বলিয়া নাম। অনেকে পোষে। (২) নানা জনের ও পশু পক্ষীর শব্দ-অনুকারী।

হরষিত ··ণ. (স° হর্ষিত)। হর্ষিত। (পদ্যে)।

হরা, হারা···ষ্য. (স° হর, হার—ভাগ। হর, হার+আ)। ভাগ। এক-হরা, এক-হারা···একগুণ, যেমন এক-হরা দোড়ী—এক ভাঁজ দোড়ী অর্থাৎ যাহা একবারও ভাগ করা হয় নাই। এক-হারা চেহারা···নাতিশীর্ণ। দো-হরা, দো-হারা···দ্বিগুণিত, যাহা দুই ভাঁজ করা হইয়াছে; নাতিশীর্ণ নাতিস্থূল। তে-হরা, চৌ-হরা···ত্রিগুণিত, চতুর্গুণিত।

হরি···ষা. (স°। স°তে নানা অর্থ। পিঙ্গল—রক্ত-পীতবর্ণ, পাণ্ডুবর্ণ—শ্বেত পীতবর্ণ, হরিৎবর্ণ। এই তিন বর্ণ দেখিয়া অনেক অর্থ আসিয়াছে; যথা, চন্দ্র, অর্ক, বাত, অশ্ব, শুক, ভেক, যম, অহি, কপি, সিংহ, শিব, ব্রহ্মা, কিরণ, ইন্দ্র—মেঃ)। বিষ্ণু। হরিঘোষের গোয়াল ··(কেহ কেহ মনে করে, হরি—ঘোষ নামের এক গোয়াল। কিন্তু রাঢ়ে প্রায়ই, ভেড়া-গোয়াল। ভেড়ী-গোয়াল—হরি-গোয়াল ?)। ভেড়া গোয়ালে যেমন ভেড়া বাঁধা থাকে না, তেমন; সর্বসাধারণের বিচরণস্থান। হরি-চন্দন ··ষ্য. (স°)। পীত চন্দন। হরিতাল···ষ্য. (স°)। শঙ্খবিষ ও গন্ধক যোগে জাত খনিজ পীতবর্ণ উপরস-বিশেষ (orpiment) ইহাতে রঙ্ হয়। (২) হরিয়াল পাখী (দেখ)। হরিতালিকা ··ষ্য. (স°। হরি =চন্দ্র হইতে)। ভাদ্র শুক্ল চতুর্থী তিথি। হরিবাসর ··ষ্য (স° হরি-বাসর)। বিষ্ণুর দিন, একাদশী তিথি। হরিবোল···ষ্য. (বোল দেখ)। হরিনাম। গোলে হরিবোল···হরি সঙ্কীর্তনে হরিনাম অনেকে করে, সেই সঙ্গো হরি বলা; ইহা হইতে, কাজের অব্যবস্থা। হরিবোল হরি···বা. বিস্ময়ে। বল হরি হরিবোল···শব-বহনকালে হরি-ধ্বনি। হরিমন্দির ··ষ্য. (স°)। বিষ্ণু-মন্দির; (২) বৈষ্ণবের উর্ধ্বপুণ্ড্র। দুই

ঊর্ধ্বরেখা—শিব ব্রহ্মা, মধ্যে শূন্যে হরি।
হরি-সভা…ষ্য. ভাগবতাদি পাঠ ও হরিনাম প্রচার নিমিত্ত সভা। হরি-সঙ্কীর্তন…ষ্য. (সং)। হরিনাম কীর্তন। হরি-হর…ষ্য. (সং)। বিষ্ণু ও শিব একদেহে অধিষ্ঠিত দেব। ইহা হইতে, হরিহর আত্মা। হরির খুড়া…হরি—বিষ্ণু। ইঁহার খুড়া কেহ থাকিতে পারে না। ইহা হইতে নিঃসম্পর্কীয় লোক, আগন্তুক লোক। হরির লুঠ…হরি নামে উৎসৃষ্ট নৈবেদ্য লুণ্ঠন; তুলসীতলায় হরিনাম করিয়া প্রসাদ গ্রহণ।

হরিড়া…ষ্য. (সং হরীতকী। ওং)। হরীতকী, প্রাঃ—কবিকঃ। (অপ্রচলঃ)।

হরিণ…ষ্য. (সং। হরি—পিঙ্গল, পাণ্ডুবর্ণ বলিয়া বাংতে হরিণ শব্দে নানা জাতি বুঝায়। অপর কি, লোকে কৃষ্ণসারকেও হরিণ বলে। কিন্তু অমরকোষে মৃগ, হরিণ, কুরঙ্গ সামান্য নাম। ওংতেও মৃগ বা হরিণ—চিত্রমৃগ, খুরণ্ডি, সম্বর—সং শম্বর ইত্যাদি নামভেদ আছে। প্রাচীন বাংতে বাউটিয়া, বাতায়ু, তুলায়ু প্রভৃতি নামভেদ ছিল। সং ব্রাতায়ু—বাতায়ু—চিত্রমৃগ। সং ব্রাতমৃগ—বাউটিয়া (দেখ)। এই দুই ব্যতীত শম্বর ও বারশিঙ্গা নাম আছে)। মৃগজাতি (The deer)। স্ত্রীং হরিণী। হরিণ, চিত্রহরিণ…পিঙ্গলবর্ণ, শ্বেতচিহ্নবিশিষ্ট হরিণ (The spotted deer. Cervus axis)। প্রায় দুই হাত উচ্চ হয়। শৃঙ্গ ত্রিশাখ। (রঙ্গপুরে নাম বড় খোটিয়া)। শম্বর, সম্বর…পিঙ্গলবর্ণ প্রায় তিন হাত উচ্চ হরিণবিশেষ (Cervus unicolor)। লোম খর। ঘাড়ে হ্রস্ব কেশর থাকে। শৃঙ্গ ত্রিশাখ। বনে থাকে। রুরু…রক্তপিঙ্গলবর্ণ হরিণবিশেষ (Cervulus muntjac)। পুং জাতির শৃঙ্গ হয়, সময়ে সময়ে খসিয়া পড়ে। শৃঙ্গ নিরাট। (তুং বৈদিক, রুরুশীর্ষন্)। স্ত্রীজাতির শৃঙ্গ হয় না। গভীর বনে থাকে এবং কুকুরের মতন (কিন্তু একবারং) ভেউ ডাকে (সং রু ধাতু শব্দে)। ক্ষুদ্রকু…ক্ষুদ্র (আট আঙ্গুল উচা), চিত্রদেহ হরিণ (?) বিশেষ (Tragulus meminna)। পা সরু সরু; পেছু দিক উচা (ইহা হইতে নাম?)। শৃঙ্গ হয় না; গলায় কিছু লম্বা লোম হয়। ওড়িশা ও ছোটনাগপুরের জঙ্গলে আছে। ওং নাম খুরণ্ডি।

হরিণবাড়ী…ষ্য. (?)। আলীপুরের জেলখানা।

হরিৎ, হরিত…ণ. (সং। হরতি মনো হরিতঃ হরিৎ চ—অঃ টাঃ)। শাকবর্ণ, সবুজ।

হরিতাল…হরি দেখ।

হরিতখন্দ, হরিতফশল…ষ্য. (সং হরিত—কলায় মটর—অঃ। ইহা হইতে)। রবী ফসল।

হরিবোল…হরি দেখ।

হরিয়াল, হড়িয়াল…ষ্য. (সং হারিত। হরিতাল হইতে হরিয়াল। ওং হরড়, হিং হরিয়া)। পারাবতাদি বর্গের ষোল সতর আঙ্গুল দীর্ঘ পক্ষীবিশেষ (The Bengal green pigeon. Crocopus phœnicopterus)। মাথা পাংশুবর্ণ; পক্ষ হরিত দীর্ঘ; পুচ্ছ চেপটা। বটফল খায়। পাতার মাঝে সহজে লক্ষ্য হয় না।

কেহ কেহ পোষে। কেহ কেহ হরিয়াল ঘুঘু বলে।

হরিষ…ষ্য. (সং হর্ষ)। হর্ষ ; আনন্দ। হরিষে বিষাদ…হর্ষের সময়ে বিষাদ।

হরীতকী…ষ্য. (সং। হরিণা বর্ণেন ইতঃ মিলিতঃ সংজ্ঞায়াং কঃ—হরীতকী—অঃ টীঃ। পাণ্ডুবর্ণ বলিয়া নাম। বৈদ্যশাস্ত্রে হরীতকীর অনেক গুণ বর্ণিত আছে। ও° হরিড়া, হিং হরড়া, মং হিরডা, কোলভাষায় রোলা)। বয়ড়া অর্জুন প্রভৃতির তুল্য তরু-বিশেষ (Terminalia chebula)। ভারত-বর্ষের সর্বত্র এই গাছ জন্মে। পাথরিয়া ভূমিতে গাছ ছোট হয়। বর্ষে বর্ষে পাতা ঝরিয়া পড়ে। ফল (হরীতকী। The chebulic or black myrobalan) অস্পষ্ট-পঞ্চশিরা, অণ্ডাকার কিংবা গোলাকার, শীতকালে পাকে। কিন্তু আকার ও পরিমাণ নানাবিধ হয়। বৈদ্যশাস্ত্রে নানা জাত বর্ণিত আছে। জলবায়ু মৃত্তিকার গুণে হরীতকীর প্রভেদ হয়। যে হরীতকী অণ্ডাকার নিরাট আহরিৎ-পীতবর্ণ, তাহা উৎকৃষ্ট। যাহা গোলাকার ও অসংহত, তাহা নিকৃষ্ট। কিন্তু অণ্ডাকার হরীতকী অর্ধপক। অপক শুখানা হরীতকীর নাম জাঙ্গী হরীতকী। কষায় রস হেতু হরীতকী দ্বারা চামড়া কষানা হইয়া থাকে। ফটকারী যোগে বস্ত্র পীতবর্ণ এবং হিরাকশ যোগে কৃষ্ণবর্ণ হয়। হরীতকীর গাছ হইতে আঠা নির্গত হয়। পাকা কাঠ দৃঢ়।

হরেক…ণ. (ফা° হর দেখ)। নানাবিধ।

হরে-দরে…ষ্য. (সং হর হার—ভাগ। দর—মূল্য। মূল্য ভাগ করিয়া সমান করিলে)। কমি-বেশী ভাজিয়া এক করিলে, গড়ে। হরে-দরে হাঁটু জল—নদীর কোথাও গভীর, কোথাও অগভীর জল থাকে। সকল স্থানের গভীরতার মধ্য লইলে এক হাঁটু গভীর হইতে পারে। ইহা হইতে, ভাল-মন্দ, ক্ষতি-লাভ মিশাইলে যাহা হয়।

হরে-ভোলা…ণ. (হর-ভোলা ? শিব)। ভোলা, নির্বোধ।

হর্তা, (গ্রা° হর্ত্তা)…ষ্য. (সং হর্তৃ শব্দের প্রথমার একবচন)। যিনি হরণ করেন, সংহারক। হর্তা-কর্তা (গ্রা° হর্ত্তা-কর্ত্তা)…হারক ও কারক, যিনি হরণ করেন ও সৃজন করেন। হর্তা-কর্তা-বিধাতা…হারক, কারক ও বিধানকর্তা।

হল…ধাতু. (সং হ্বল ধাতু চলনে)। হলি—নড়ি, কম্পিত হই, বিচলিত হই, প্রাঃ—দন্ত সব হলে (চৈঃ চঃ)। হলা॥ হলা…ণ. শিথিল, বিচলিত। হলা…ধাতু. (হল ধাতু আস্তে)। হলানা॥ হল্-হল…ষ্য. শিথিল বন্ধনে, প্রাঃ—দাঁত হল্-হল করিতেছে শীঘ্র খসিয়া পড়িবে। হল্-চল…ষ্য. (সহচর শব্দ)। বিচলন, প্রাঃ—কথার হল্-চল হবে না।

হল…ষ্য. (সং)। লাঙ্গল, হাল। হলিয়া…ণ. (হল+ইয়া। সং হলিক)। লাঙ্গলিক ; হল-কর্ষণ সম্বন্ধীয়।

হল…ষ্য. (ইং hall)। ইন্দ্রশালা ; বৃহৎ গৃহ।

হল…ষ্য. (আং হল—দ্রব, ফা°)। সোনালি। হলকারি…ষ্য. (ফা°)। সোনালি করা।

হলক…ষ্য. (হলকা দেখ)। হাতীর পাল, প্রাঃ—ভাঃ।

হলকসা, হলঘষা···ষ্য. (সং দণ্ডকলস হইতে কলস—কসা হইয়া থাকিবে। কিন্তু, হল শব্দের মূল ?)। ঘলঘসা (দেখ)।

হল্‌কা···ষ্য. (আং—বৃত্ত, মণ্ডল হইতে)। ঘোড়ার গলার চর্মবেষ্টনী ; হাতীর পাল, প্রঃ—ষোড়শ হলকা হাতী (ভাঃ); সেনাদল

হল্‌কা···ষ্য. (হড়কা দেখ। হিং হলকা—উচ্চ তরঙ্গ, হলরা—তরঙ্গ)। স্রোত ; আতপের ঊর্মি। (ঝলকা দেখ)।

হলন্ত···ণ. (সং হলন্ত। ক হইতে হ পর্যন্ত ব্যঞ্জন। কিন্তু সংতে হ পরে আর এক বর্ণ, ळ আছে। এই ळ বাং উচ্চারণে ল—ড় হইয়া গিয়াছে। ওং মং তেলুগু টামিল প্রভৃতি দাক্ষিণাত্য ভাষায় ळ আছে। ব্যাকরণ দেখ)। যে ব্যঞ্জন স্বরযুক্ত নহে।

হলফ··ষ্য. (আং)। শপথ। হলফ করা—শপথ করা। হলফ দেওয়া—শপথ করানা। হলফনামা··শপথ পূর্বক প্রতিজ্ঞাপত্র। হলফান··ষ্য. (হলফ বহুবচনে)। শপথ।

হল্‌-হল, হলা···হল ধাতু দেখ।

হলা হলি···ষ্য. (সং হলা বাং ওলো, সখী আহ্বানে। ইহা হইতে)। সখ্য। হলা-হলি গলা-গলি···ষ্য. (গলা-গলি, অন্য রূপ গলা-ধরা-ধরি। পরস্পর গলে বাহুবেষ্টন পূর্বক ভ্রমণ। সহচর শব্দ)। অতিশয় সখ্য।

হলুদ···ষ্য. (সং হরিদ্রা সংপ্রাং হলিদ্দা। ওং হळদি, হিং হলদী, মং হळদ। বাংতে হলইদ—হলদ—হলুদ হইয়া থাকিবে)। কৃষিজাত পীতরঞ্জক কন্দবিশেষ (Turmeric)। ভারতবর্ষের প্রায় সর্বত্র হলুদ চাষ হইয়া থাকে। জলবায়ু মৃত্তিকা ও কৃষিগুণে হলুদের (Curcuma longa) কয়েক জাত (variety) হইয়াছে। জমি হইতে এক বৎসরের মধ্যে হলুদ না উপড়াইয়া প্রায় দুই বৎসর রাখিলে হলুদের রং গাঢ় হয়। ইহার "গেঁড়ো" প্রায়ই বস্ত্রাদি রঞ্জিত করিতে এবং "শুঁটী" (গেঁড়োর শাখা) ব্যঞ্জনের স্বাদ ও বর্ণ করিতে লাগে। হলুদ উপড়াইয়া গোবর-জলে ফুটাইলে রং গাঢ় নারঙ্গবর্ণ হয়। ইহা "রাঁধা হলুদ।" না রাঁধিলে হলুদ পচিয়া যায়। কাঁচা হলুদ যাহা রাঁধা হয় নাই, তাহা পীতবর্ণ। কোথাও কোথাও শুধু জলে রাঁধা হয়। পূর্বকাল হইতে অদ্যাপি গ্রামে তেলমিশ্রিত হলুদ-বাটা গায়ে মাখা হয়। ইহা মলাপহারক। বন-হলুদ··ষ্য. (সং বনহরিদ্রা)। বন্য হরিদ্রা-বিশেষ (Curcuma aromatica)। কোথাও কোথাও ইহার চাষ হইয়া থাকে। ইহার পাতা চওড়া বড় সর্বত্র সবুজ, নীচের পিঠে রোমশ। মঞ্জরী হলুদ-মঞ্জরীর তুল্য, কিন্তু লম্বা ও পাশ হইতে জন্মে। গেঁড়ো ভিতরে পীতবর্ণ ও কর্পূরগন্ধী। কালা হলুদ ···হলুদ তুল্য গাছ (Curcuma cæsia)। পাতার খোল লালচিয়া। গেঁড়ো ভিতরে ঈষৎ নীলবর্ণ। (আম-আদা, আরারুট, শটী দেখ)। হলুদা, হলুদিয়া, হল্‌দ্যে···ণ. (হলুদ+আ, ইয়া)। হরিদ্রাবর্ণ ; হরিদ্রা-গন্ধযুক্ত। হলুদা-বসন্ত, হলদী-বসন্ত··· বর্ষায়ুঃ ছোট শাকবিশেষ (Lindenbergia urticifolia)। পাকা ভাঙ্গা দেওয়ালে প্রায়ই জন্মিতে দেখা যায়। ফুল হলুদা ছোট ছোট ; কেশর ৪, ২টা ছোট, ২টা বড়। ডাঁটা মুট্‌-মুট ভাঙ্গিয়া যায়। হলুদা ও বসন্ত

রং একই। (২) অন্য নাম হলুদী-গুঁড়ী, হলদী-বুড়ী, বেনে-বউ পাখী (দেখ)। ডাকে "গৃহস্থের খোকা হউক।"

হল্লা···ষ্য. (সং হল্লক—কোধোক্তি। হিং)। চীৎকার।

হসন্ত···ণ. (সং। কোন কোন সং ব্যাকরণে ব্যঞ্জনবর্ণের সংজ্ঞা হস্ আছে। হস বর্ণ ব্যঞ্জনবর্ণ)। যে ব্যঞ্জনবর্ণ স্বরযুক্ত নহে, হলন্ত। হসন্ত চিহ্ন···ব্যঞ্জন-অক্ষরের দক্ষিণ পার্শ্বের স্বরহীনতার চিহ্ন (্)।

হস্ত···ষ্য. (সং। সংপ্রাং হত্থ। প্রাচীন বাং হত্থ। ইহা হইতে হাথ। অপভ্রংশে হাত। হস্তঃ করে করিকরে সপ্রকোষ্ঠকরেঽপি চ —মেঃ। কর, হস্তীকর এবং কনুই হইতে কর)। হাত (দেখ)। হস্তাক্ষর···ষ্য. (হস্ত+অক্ষর। সং)। নিজের হাতের অক্ষর, স্বাক্ষর। হস্তাক্ষরী···ণ. হস্তাক্ষরযুক্ত। হস্তামলক···ষ্য. (হস্ত+আমলক। সং)। হাতে ধরা আমলকী ফল; ইহার তুল্য স্পষ্ট প্রত্যক্ষ বিষয়। হস্তগত···ণ. (সং)। হাতে আগত; প্রাপ্ত, অধিকৃত। হস্তান্তর···ষ্য. (হস্ত+অন্তর। সং)। অন্যের অধিকারে গমন, পরহস্তে সমর্পণ। হস্ত-গীর···ণ. (ফাং গীর)। হস্তকুশল।

হস্তবুদ···ষ্য. (ফাং হস্ত্-ও-বুদ। হস্ত—সং অস্তি, বুদ—সং ভূত—যাহা আছে ও যাহা ছিল)। জমাবন্দি, স্থিতজমা (জমিঃ)।

হা···ব্য. (সং)। শোকে, বিষাদে।

হাঁ···ব্য. (সং হ, আম্—অঃ। ওং হঁ, হই; হিং হাঁ; মং হাঁ, হো, হোয়)। স্বীকারে; সম্মতিদানে, প্রঃ—হাঁ, তুমিই কর; স্মরণে, প্রঃ—হাঁ, এখন মনে হইতেছে; নিশ্চয়ে, প্রঃ—হাঁ, সে-ই বটে; উত্তরদানে। অপভ্রংশে হেঁ।

হাঁ, হা···ষ্য. (সং আম্ হইতে। ওং আঁ)। আঁ—এই ধ্বনি, প্রঃ—হাঁ করিলে গাঁয়ের বার্তা বোঝা যায়—মুখ খুলিলে কিছু বলিলে; মুখ-ব্যাদান, মুখ-বিস্তার (সং হর্মন্—হর্মা)।

হাঅই···হাউই দেখ।

হাই···ষ্য. (সং হাক্কিকা। সং হা ধাতু হইতে? ওং হাই; হিং হাই, হাফি; মং জাম্ভই, সং জৃম্ভন)। আলস্য ও তন্দ্রাহেতু মুখমোচন। হাই তোলা—তন্দ্রাহেতু মুখ বিস্তার করা। হাই ওঠা—তন্দ্রাহেতু অস্বেচ্ছাপূর্বক মুখ-মোচন হওয়া।

হাই-আমলা···ষ্য. (হাই? + আমলকী)। আমলকী প্রভৃতি পাঁচ দ্রব্যবিশেষ। বিবাহ-কালে বরকে খাওয়াইয়া কন্যার বশ্য করা অভিপ্রায়। (কলিকাতায়)।

হাইকোর্ট···ষ্য. (ইং high court)। সর্বপ্রধান আদালত।

হাঁই-ফাঁই···হাঁস-ফাঁস দেখ।

হাইফেন···ষ্য. (ইং hyphen)। দুই অক্ষর কিংবা শব্দযোগচিহ্ন (-)।

হাইল, হালি, হাল···ষ্য. (আসাং হালি, ওংতে মঙ্গাধরা; হিং পতবার, হালি; মং সুকাণ, সুকাণু। চারি ভাষায় চারি শব্দ থাকাতে বোঝা যাইতেছে, বাং হাইল শব্দের সং মূলের অর্থ সম্প্রসারণ হইয়াছে। সং হলী—বৃহৎ হল। হল ভূমিকর্ষণ, হাইল জল কর্ষণ করে, আকারেও সাদৃশ্য আছে। কিংবা সং পালি হইতে পাইল—হাইল। পালি—কর্ণলতাগ্রে খড়্গাদির ধারায়। তৎসাদৃশ্যে

শব্দটি হাল' নহে, হাইল অর্থাৎ হালি)। নৌকার কর্ণ।

হাঁর···হার ধাতু দেখ।

হাউই, হাঅই···ষ্য. (আ' হাৱা—বাতাস হইতে। শূন্যে উঠে যাহা)। আকাশগামী অগ্নিবাণ। (আতসবাজি দেখ। হি' হৱাই, ও' হাবেলি, ম' বাণ। তু' স' ভৱতী—বাণভেদে—শব্দকল্প:)।

হাউ-চাউ, হেউ-চেউ···হৈ-চৈ দেখ।

হাউলে-হাউলে···ষ্য. (হি' হৌলে। স' লঘু হইতে। হালকা দেখ)। অল্পে অল্পে, ধীরে ধীরে।

হাউস (গ্রা')···ষ্য. (স' আবেশ। হাবেশ দেখ। ঢাকায় আউস)। সাধ, সখ।

হাউ-হাউ···ব্য. (স' হা-হা)। শোকে উচ্চ কৃন্দন শব্দে।

হাউস···হৌস দেখ।

হাওদা···ষ্য. (আ' হৱদাহ্)। হাতীর পিঠে বসিবার আসন (স' ৱরণ্ডক)।

হাওয়া···ষ্য. (আ' হাৱা—ইচ্ছা। তু' স' হৱ। ফা' হাৱা বাতাস। তু' স' ৱাত)। বাতাস। হাওয়া করা—ব্যজন চালনা করা। হাওয়া খাওয়া—বায়ু সেবন। আব-হাওয়া···জলবায়ু। হাওয়াই···হাউই (দেখ)। হাওয়া-শাল···পিতল কাঁসা গলাইবার অগ্নিকুণ্ড। ইহাতে বাতাস দিতে হয় না, অগ্নিকুণ্ড উচা বলিয়া বাতাস আপনি টানে।

হাওলদার···হাবিলদার দেখ।

হাওলা···ষ্য. (আ' হৱালা)। জিম্মা। হাওলা···বাখরগঞ্জ জেলার এক প্রকার তালুক। পতিত ভূমি উদ্ধার নিমিত্ত প্রদত্ত বিস্তীর্ণ ভূমি। হাওলাৎ···ষ্য. (আ' হৱালৎ)। ধার, স্বাস। হাওলাৎ-বরাৎ···ষ্য. (বরাৎ দেখ)। ধার-উধার। হাওলাতী···ণ. ধার-করা (টাকা)।

হাঁক···ধাতু. (স' হুঙ্কার, হাঙ্কার হইতে)। হাঁকি—দীর্ঘস্বরে আহ্বান করি। হাঁকা॥ হাঁক···ষ্য. আহ্বান; রাত্রে চৌকিদারের চীৎকার। হাঁক পাড়া—হাঁকা। হাঁক-ডাক···ষ্য. (সহচর শব্দ)। উচ্চস্বরে আহ্বান ও আমন্ত্রণ। গান হাঁকা—উচ্চস্বরে গান করা। হাঁকা-হাঁকি···ষ্য. পরস্পর আহ্বান, ডাকাডাকি। হাঁকা···ধাতু. (হাঁক ধাতু আস্তে)। হাঁকাই—উচ্চস্বরে আহ্বান করাই; তাড়না করি, প্রঃ—ডাকাইত হাঁকাইয়া দেওয়া; চালনা করি, প্রঃ—গাড়ী হাঁকানা; ডাকিয়া একত্র করি, প্রঃ—দানা হাঁকাইয়া জড় করিল ছাগল (কবিকঃ)। হাঁকানা॥

হাকণ্ড···ষ্য. (স' আকৃন্দ। আকৃন্দো দারুণে রণে—অঃ। আকৃন্দঃ কৃন্দনে হ্বানে মিত্রদারুণযুদ্ধয়োঃ—মেঃ)। দারুণ যুদ্ধ; বহু আয়াস, প্রঃ—এত হাকণ্ড করিতে পারি না, যা আছে তাতেই সার; কৃন্দনধ্বনি প্রঃ—হাকন্দ কান্দনে কান্দে (কবিকঃ); ধর্মপুরাণে বর্ণিত কৃচ্ছ্র সাধন; ধর্মপুরাণের অন্তর্গত পুরাণবিশেষ।

হাঁকার···ষ্য. (স' হুঙ্কার; হক্কার)। হুঙ্কার উচ্চস্বরে আহ্বান। হাঁকার পাড়া—হাঁকারা হাঁকার···ধাতু. হাঁকারি—তর্জন নিমিত্ত হুঙ্কার করি, উচ্চস্বরে আহ্বান করি হাঁকারা॥ হাঁকারা, হাঁকরা···ধাতু. (হুঙ্কা হইতে)। হাঁকারাই—হাঁকারি॥ হাঁকারান হাঁকরানা॥

হাকিনী···ষ্য. (সং শাকিনী)। দুর্গার অনুচরী-বিশেষ।

হাকিম···ষ্য. (আং)। বিচারক, যথা, জজ ম্যাজিস্ট্রেট; দণ্ডদাতা। হাকিমানা···হাকিমের সম্বন্ধীয়। হাকিমি···ষ্য. হাকিমের কর্ম। হাকিমী···ণ. হাকিম-সম্বন্ধীয়। খোদ হাকিমি···নিজে বিচার-অধিকার গ্রহণ।

হাকীম···হকীম দেখ।

হাঁকু-পাঁকু···(আঁকা-বাঁকা, আঁকু-বাঁকু দেখ)। বিবিধ কষ্টসাধ্য উপায়।

হাকুচ···বাকুচী দেখ।

হাকুচ-কাঁটা···ষ্য. (বাকুচী হইতে ?)। বাসকাদি বর্গের বন্য কণ্টকময় শাক বা ক্ষুপবিশেষ (Acanthus ilicifolius)। পাতা বহুচ্ছিন্ন, কণ্টকী। ফুল নীলবর্ণ, বর্ষাকালে ধরে। কেশর ৪টা, ২টা বড়, ২টা ছোট। জলার ধারে নালা খালে জন্মে।

হাকুলি-বিকুলি (গ্রাং) ·· আকুলি-বিকুলি (দেখ)।

হাগ ··ধাতু. (সং হদ ধাতু। ওং হিং মং হগ। সং হদ—হঙ্গ—হগ)। হাগি—মলত্যাগ করি। হাগা॥ হাগা-মোতা···মল ও মূত্র ত্যাগ। দৃষ্টান্তে, হাগার চেয়ে বাগার ভয়—বাগা—বাঘ। যে পাতে খায়, সে পাতে হাগে—কৃতঘ্নতা। হাগা ··ধাতু. (হাগ ধাতু আন্তে)। হাগানা॥ হাগুয়া, হেগো···ণ. (হাগা+উয়া)। যে পুনঃ পুনঃ মলত্যাগ করে, অতিসার-রোগী। কথায়, হেগো রোগীর মুখে সাপট, হেগো রোগীর মুখ টনকা···শরীর বলহীন হয়, কিন্তু মুখ-বল মাত্র থাকে। হেগো-কুড়···হাগিবার কূল বা স্থান।

হাঙ্গর···ষ্য. (সং মকর। তুং হিং মগর মচ্ছ, ওং মং মগর। সং মকর হইতে সংতে হাঙ্গর শব্দও আসিয়াছিল। ওং মংতে মগর অর্থে কুমীরও বুঝায়।)। হিংস্র মৎস্য-বিশেষ (The shark. Carcharias gangeticus)। পাঁচ ছয় হাত লম্বা হয়। কাঁটা অস্থিময় নহে। দেহ অল্পে অল্পে পুঁছে মিশিয়া থাকে। শল্ক ছোট। ফুল্‌কা এক স্থানে না থাকিয়া পৃথক পৃথক কোষ্ঠে থাকে। দাঁত সরু করাতের মতন। গঙ্গায় থাকে বলিয়া মকর গঙ্গা-দেবীর বাহন কল্পিত হইয়াছে। প্রঃ—হাঙ্গর কুম্ভীর গড়ে শুশুক মকর (ভাঃ)—মকর ও হাঙ্গর এক, কিন্তু মকর-মূর্তিতে হাঙ্গরের উপর ঠোঁট প্রায়ই শুণ্ডাকারে ঊর্ধ্বদিকে তুলিয়া আঁকা বা গড়া হয়।

হাঙ্গলা, হেঙ্গলা ··ধাতু. (হাঙ্গার হইতে)। হাঙ্গলাই, হেঙ্গলাই ··হাঙ্গরের তুল্য খাদ্যলোভী হই। হাঙ্গলানা, হেঙ্গলানা॥ হাঙ্গলা, হেঙ্গলা···ণ. পেটুক, খাদ্যলোভী। হাঙ্গলাপনা, হেঙ্গলাপনা ··ষ্য. হাঙ্গলার ব্যবহার, খাদ্যলোভিতা।

হাঙ্গামা, হেঙ্গামা, হাঙ্গাম··ষ্য. (ফাং হঙ্গামাহ্; তুং সং সঙ্গাম, আসাং হঙ্গাম—জনতা)। বিবাদ; গোলমাল। দাঙ্গা-হাঙ্গামা···দাঙ্গা দেখ। হাঙ্গামা-হুজ্জুৎ ···ষ্য. (হুজ্জুৎ দেখ। সহচর শব্দ)। বিবাদ-বিসম্বাদ।

হাঁচ···ধাতু. (সং হিক্ক ধাতু। ইহার রূপান্তরে সং ছিক্কা, হঞ্চি—হাঁচি। ওং ছঙ্ক, হিং ছীঁক, মং শীঁক ধাতু)। হাঁচি—ক্ষুৎ করি। হাঁচা॥ হাঁচি···ষ্য. ক্ষুৎ। হাঁচি-টিকটিকী

মানা—যাত্রা কিংবা কর্ম আরম্ভে হাঁচি ও টিকটিকীর ফল মানা। হাঁচা···ধাতু. (হাঁচ ধাতু আস্তে)। হাঁচানা ॥ হ-চ্ছিঅ—ছেলে হাঁচিবার সময় মা বলেন হ-চ্ছিঅ—অর্থাৎ হাঁচু।

হাজ···ধাতু. (সং অর্দ ধাতু আর্দ্রতায়। তুং ফাং হব্‌জ্—যেখানে জল জমে)। হাজি—জলে কাদায় পচি, প্রঃ—বানে ধান হাজিয়া গিয়াছে। হাজা ॥ হাজা···ণ. যে নিম্নভূমিতে বর্ষাকালে জল জমিয়া ধান পচাইয়া দিতে পারে।···ষ্য. জলে কাদায় চলিয়া পায়ের আঙ্গুলে ক্ষত; বাঁশের প্রথম ও শেষ গাঁইঠের পশ্চাৎ ও পরে যাহা জল লাগিয়া পচিয়া যাইতে পারে। হাজা-শুখা···ষ্য. (প্রতিচর শব্দ)। জলপ্রাচুর্য্য কিংবা জলাভাব। হাজা···ধাতু. (হাজ ধাতু আস্তে)। হাজানা ॥ প্রঃ—হইয়া উন্মত্তবেশ হাজাবে কলিঙ্গ দেশ তবে বৈসে গুজরাটপুর (কবিকঃ)।

হাজৎ···ষ্য. (আং)। বিচারের পূর্বে আসামীর কারাগৃহ। হাজতী···ণ. (হাজৎ+ঈ)। যে হাজতে আছে বা ছিল, হাজৎ-সম্বন্ধীয়।

হাজরা···হাজার দেখ।

হাজরি···ষ্য. (আং)। উপস্থিতি ; আদালতে উপস্থিতি। হাজরি-বহি···উপস্থিতি রেজেষ্টারি। হাজরি করা, খাওয়া—(সাহেবদের) প্রাতর্ভোজন করা। ছোট-হাজরী ··(সাহেবদের) প্রাতঃকালে চা রুটি ভোজন।

হাজা··হাজ ধাতু দেখ।

হাজাম···ষ্য. (আং হজ্জাম)। নাপিত। প্রঃ—কবিকঃ। হাজামৎ··· ষ্য. ক্ষৌরকর্ম। হাজামি···ষ্য. হাজামৎ।

হাজার··ণ. (ফাং হজার। সং সহস্র—হস্র—হজার। সহস্র। হাজারী···ষ্য. (ফাং হজারী)। সহস্রসেনা-নায়ক। হাজারা, হাজরা···ষ্য. হাজারী ; উপাধিবিশেষ। হাজার-মণি···ষ্য. ভুঁই-আমলার তুল্য বর্ষায়ুঃ ছোট শাকবিশেষ (Phyllanthus urinaria)। পাতা ছোট ছোট, ফুল ছোট ছোট আহরিৎ, বোঁটা নাই। ফল প্রায় বারমাস ফলে। চারা গাছ লালচিয়া। প্রায়ই বড় গাছের ছায়ায় জন্মে। ভুঁই-আমলার ফল মসৃণ, হাজারমণির খসখসা।

হাজির···ণ. (আং হাজীর)। উপস্থিত। হাজিরি, হাজরি ··ষ্য. উপস্থিতি। (হাজরি দেখ)। গর-হাজির···ণ. (গৈর-হাজীর)। অনুপস্থিত। গর-হাজিরি···ষ্য. অনুপস্থিতি। হাজির-জবাব ··ণ. উত্তরদানে প্রস্তুত। হাজির-জামিন ··ষ্য. অন্যে উপস্থিত হইবে, এই নিমিত্ত জামিন। হাজির জামিনী ··ষ্য. অন্যের উপস্থিতির কারণে জামিন হওয়া।

হাজী ··ষ্য. (আং)। যে মুসলমান মক্কা তীর্থ দর্শন করিয়াছেন।

হাট···ষ্য. (সং হট্ট)। নির্দিষ্ট দিবসে নানা-স্থানের বেপারী জুটিয়া পণ্যবিক্রয় ; পণ্য-বিক্রয় স্থান। হাট বসা—বিক্রয় আরম্ভ হওয়া। হাট বসানা—হাট স্থাপন ; হাটে পণ্যবিক্রয়কালে যেমন কোলাহল হয়, তেমন কোলাহল করা। হাট করা—হাটে আবশ্যক দ্রব্য ক্রয় করা ; গোলমাল করা। প্রঃ—আট হাট ষোল গলি বত্রিশ বাজার (ভাঃ) —পাড়ায় পাড়ায় গলিতে গলিতে বাজার থাকিতে পারে, কিন্তু হাট থাকিতে পারে না। কারণ হাটের বেপারী নানা স্থানের।

হাটুয়া, হেটো…ণ. (হাট+উয়া)। হাট-সম্বন্ধীয় ; যে পণ্যক্রয় নিমিত্ত হাটে যায়। হাটরিয়া, হাটরে…ণ. (হাট+র+ইয়া)। যে পণ্য-বিক্রয় নিমিত্ত হাটে যায়। হাট-ঘাট …ষ্য. (সং হট্ট, ঘট্ট। সহচর শব্দ)। হাট ও ঘাট। (গ্রামের সকল লোকে হাটে ঘাটে যায় না)। হাট-বাট, হাট-মাঠ…ষ্য. (বাট, মাঠ দেখ। সহচর শব্দ)। হাট ও পথ, হাট ও মাঠ। হাট-হদ্দ…(হাট ও হদ্দ ? আট-হদ্দ ? অষ্ট সীমা ?)। যাবতীয় বিষয়। দৃষ্টান্তে, হাটে কলা নৈবেদ্যায় নমঃ—অনাগতের প্রতি আশা রাখিয়া কাজ আরম্ভ। হাটের নেড়ো হুজুগ চায়—হাটে একটা গোলমাল বাধিলে নেড়ো—মুসলমান দুই পাঁচটা দ্রব্য লুঠিয়া লইতে পারে।

হাঁট…ধাতু. (ও° আহুণ্ড, হি° হাঁড়, ম° হিণ্ড ধাতু। সং হিড হিণ্ড ধাতু ভ্রমণে। হিণ্ডতে পদ হয়। হিণ্ডন—ভ্রমণ। বোধ হয় সং অট ধাতুর রূপান্তরে)। হাঁটি—পায়ে চলি। হাঁটা॥ হাঁটা-হাঁটি…ষ্য. পুনঃ পুনঃ গতায়াত। টঞ্জস টঞ্জস করিয়া হাঁটা…টঞ্জস দেখ। (টো-টো করিয়া বেড়ানা, বোলা)। হাঁটা …ধাতু. (হাঁট ধাতু আস্তে)। হাঁটানা॥

হাটক…ষ্য. (সং)। স্বর্ণ।

হাঁটু, হাঁঠু…আঁঠু (দেখ)। হাঁটু পাড়িয়া, পাতিয়া, গাড়িয়া বসা—হাঁটু ভূমিতে পাতিত করিয়া উপবেশন।

হাটুরিয়া…হাট দেখ।

হাড়…ষ্য. (সং হড্ড। বোধ হয় অস্থি শব্দের রূপান্তরে)। অস্থি। হাড়-কাটা…ণ. যে মহিষাদির শৃঙ্গ কাটিয়া পাত্র নির্মাণ করে ; জাতিবিশেষ (সং শৃঙ্গকার)। হাড়-জ্বালানা…ণ. দেহের অস্থি পর্যন্ত দগ্ধ হয়, এমন। হাড় ভাজা-ভাজা হওয়া—তুং হাড় জ্বালা। হাড় একখানে মাস একখানে করা—এমন প্রহার যে, দেহের অস্থি হইতে মাংস পৃথক হইয়া পড়ে। হাড় পাকানা-দেহের অস্থি ক্লেশ সহিয়া পাকানা। পাকা হাড়…ক্লেশসহিষ্ণু দেহ ; দৃঢ় দেহ। হাড়-ভাঙ্গা…ণ. অতি শ্রমসাধ্য, যাহাতে হাড় পর্যন্ত ভাঙ্গিয়া যায়। হাড়-গোড় ভাঙ্গা—হাত ও গোড় (পা) ভগ্ন করা। হাড়-গোড়-ভাঙ্গা দ…দ অক্ষর তুল্য। হাড়-গিলা…কুলেচরবর্গের তিন হাতের উপর পক্ষীবিশেষ (The adjutant. Leptoptilus dubius)। কতকটা শকুনির মতন। চঞ্চু বৃহৎ স্থূল। গলায় থলী থাকে। মাথায় পালখ নাই। পক্ষপুচ্ছ কালতে সবুজ, বুক পেট শাদা। বঙ্গদেশে বর্ষাকালে আসে। মৃত জন্তু, মাছ বেং খায়। হাড়-ভাঙ্গা …ষ্য. (সং নাম অস্থিসংহার, অস্থিভঙ্গা। ও° হাড়ভাঙ্গা, পোবোরি ; হি° হড়-সঙ্কারী)। বন্য চতুষ্কোণ রোহিণীবিশেষ (Vitis quadrangularis)। ডাঁট চতুষ্কোণ বলিয়া চারি নালী আছে। পাত এক পাশে, শিকড় অপর পাশে। এই শিকড় সাহায্যে অন্য গাছে চড়ে। ডাঁটা আঁক বাঁকা বলিয়া সং নাম অস্থিভঙ্গা, অস্থি শৃঙ্খলা যেন হাড় ভাঙ্গিয়া গিয়াছে। কিন্তু লোকে মনে করে, ইহা দ্বারা মানুষের ভাঙ্গা হাড় জোড়া যায়। এই কারণে কোথা কোথাও নাম হাড়-জোড় আছে।

হাঁড়া…ষ্য. (সং হণ্ডা। ও° হণ্ডা, ম°. হাণ্ডা বৃহৎ হাঁড়ী।

হাড়ি···ষ্য. (সং হণ্ডিক, হড্ডি। ওংতে হাড়ি, আসাং হারি,—মলাপকর্ষী)। জাতিবিশেষ। স্ত্রীং হাড়িনী। হাড়িঝী···প্রাচীন বৌদ্ধ তান্ত্রিকতায় হাড়িজাতীয়া কোন্ নারী সিদ্ধি লাভ করিয়া প্রসিদ্ধ হন। বোধ হয় পরে তিনি চণ্ডীরূপে পূজা পাইতেন। প্রঃ—সুন্দরী স্মরণ করে হাড়ীঝিয়ের পা (মাঃ)। হাড়িঝী তন্ত্রমন্ত্রে সিদ্ধ ছিলেন বলিয়া অনেক ঝাড় ফুঁক মন্ত্রে আছে, "হাড়িঝী চণ্ডীর আজ্ঞা।" হাড়িপা ··ষ্য. (সং হড্ডিপ—হাড়ি। কিংবা হাড়িপুত্র—হাড়ি-পো—হাড়িপা। হাড়িঝী শব্দ থাকাতে শেষোক্ত আসিতেছে)। বৌদ্ধ তান্ত্রিক সিদ্ধ পুরুষবিশেষ। (ময়নামতীর, গোপী-চাঁদের গীতে হাড়িপা প্রসিদ্ধ)। দৃষ্টান্তে, যার সঙ্গে যার মজে মন কিবা হাড়ি কিবা ডোম—প্রণয়ে জাতিভেদ থাকে না। হাড়ি-ডোম, প্রায়ই হাড়ি-ডোম-চণ্ডাল—নিম্ন-শ্রেণীর হিন্দু। বোধ হয় বৌদ্ধ হওয়াতে নিকৃষ্ট বিবেচিত হইত। বৃত্তি হইতেও নিকৃষ্ট বিবেচিত হইবার কারণ ছিল। হাটের হাড়ি···যে হাড়ি হাটের পর হাট পরিষ্কার করে; নিকৃষ্ট হাড়ি।

হাড়িকাঠ···ষ্য. (সং হড়ি। হড়িকাষ্ঠ। ওং হাঁরিকাঠ)। ছাগাদি-হনন যূপকাষ্ঠ। হাড়ি-কাঠে মাথা গলানা—বধোপায় করা।

হাঁড়ী···ষ্য. (সং হণ্ডী, হণ্ডা)। অন্নব্যঞ্জনাদি রন্ধনের মৃৎপাত্র; (ঢাকায় রাইন্ হাণ্ডী হইতে। হাইণ্ড—হাইন-রাইন্—ভাত-রাঁধা বড় হাঁড়ী); গাড়ীর চাকার নাভিকাষ্ঠ। হাঁড়ী-কুঁড়ী···ষ্য. (সং কুণ্ড। কুঁড়ী—ছোট হাঁড়ী। সহচর শব্দ)। হাঁড়ী ও ছোট হাঁড়ী, হাঁড়ী ইত্যাদি। প্রঃ—কুম্ভকার গুরুপাটে হাঁড়ি-কুঁড়ী গড়ে পিটে মৃগজ দগড় কাড়া পড়া (কবিকঃ)। গুড়ী-হাঁড়ী···ষ্য. (কুঁড়ী হইতে গুঁড়ী)। ছোট হাঁড়ী। হাঁড়ী-চাঁচা ···ষ্য. বৃক্ষচারী বর্গের কাকবৎ পক্ষীবিশেষ (The Indian tree-pie. Dendrocitta rufa)। মাথা ধূসর, পুচ্ছ ধূসর, প্রান্ত কৃষ্ণ, চঞ্চু কাল, নাসিকা লোমাবৃত। মাটিতে প্রায় নামে না। গোট্রি-গোট্রি ডাকে। এই হেতু এক নাম কোটরী আছে। হাঁড়ীর কালী চাঁচিয়া যেন গায়ের রং। ইহা হইতে হাঁড়ীচাঁচা নাম। কোথাও কোথাও টাকা-চোর বলে। হাঁড়ী-মুখ···হাঁড়ীর তুল্য কাল মুখ। হাঁড়ী-কান ··কান দেখ। হাঁড়ী-কল ···জলসেচনের লাঠা যাহাতে হাঁড়ী দ্বারা জল তোলা হয়। হাঁড়ী খাওয়া—হাঁড়ীর ভাতব্যন্নন খাওয়া। হাঁড়ী-খেগো···ণ. (হাঁড়ী-খাগুয়া—হাঁড়ী-খেগো)। যে হাঁড়ীর ভাতব্যন্নন খায়; এত লোভী যে, ভাতব্যন্নন না বাড়িয়া লইয়া হাঁড়ী হইতে খায়। স্ত্রীং হাঁড়ীখাগী। হাঁড়িয়া ··ণ. (হাঁড়ী+ইয়া)। হাঁড়ীর তুল্য বৃহৎ, প্রঃ—হাঁড়িয়া তাল; হাঁড়ীর তুল্য কৃষ্ণবর্ণ, প্রঃ—হাঁড়িয়া মেঘ; মোটা গভীর, প্রঃ—হাঁড়িয়া গলা (স্বর)। ছড়া-হাঁড়ী ··যে হাঁড়ীতে গোবর-জল রাখিয়া ছড়া দেওয়া হয়। লাঁতা-কাঁথার হাঁড়ী—লাতা দেখ। দৃষ্টান্তে, যেমন হাঁড়ী তেমন শরা—যোগ্য পাত্রের মিলন। হাটে হাঁড়ী ভাঙ্গা—গোপনীয় সংবাদ প্রচার করা।

হাডু ডুডু ··ষ্য. (অনুকার শব্দ)। বালকদিগের খেলাবিশেষ। দুই দলে খেলা হয়। এক দলের এক একজন ডুডু শব্দে অপর দলের

কাহাকেও ছুঁইলে যে ছোঁআ পড়ে, সে "মরে।" (হিংতে কবড্ডী। ইহা হইতে কোথাও কোথাও কপাটী খেলা বলে)।

হাণ্ডিয়া···ষ্য. (সং হণ্ডিকা—হাঁড়ী+ইয়া)। সাঁওতালদের গৃহজাত মদ্যবিশেষ।

হাত, হাথ···ষ্য. (সং হস্ত। সংপ্রাং হথ। ইহা হইতে হাথ—হাত। বিশেষতঃ হ পরে ত সহজে থ হয়। বস্তুতঃ হাত অপেক্ষা হাথ শুদ্ধ। ওং হাত্, হিং হাত হাথ, মং হাত। সংতে হস্তঃ করে করিকরে সপ্রাকোষ্ঠকরেঽপি চ—মেঃ। অতএব হাত শব্দে দুই অর্থ। এতদ্‌ব্যতীত, হাত অর্থে ভুজ)। কর (মণিবন্ধ হইতে অঙ্গুলী অগ্র পর্যন্ত), প্রঃ—হাতে ধরা; প্রকোষ্ঠ (কণুই হইতে অঙ্গুলী সমেত অবয়ব), প্রঃ—হাতেতে কনক পরে বাহুতে কঙ্কণ (কৃত্তিঃ লং); কণুই হইতে মধ্যমাঙ্গুলীর অগ্র পর্যন্ত পরিমাণ (ইহার পরিমাণ ২৪ অঙ্গুল বা ১৮ ইঞ্চি); বাহুমূল হইতে অঙ্গুলী সমেত অবয়ব, বাহু (সংতে বাহু ভুজ এক। তুং আজানুলম্বিত বাহু, দীর্ঘবাহু, ঊর্ধ্ববাহু। কিন্তু তুং বাহ্বাস্ফোট, বাহুবন্ধ বা বাজু)। প্রঃ—মানুষের দুই হাত দুই পা। বাঁ হাত ···বাম হস্ত। ডাইন হাত, ডান হাত··· দক্ষিণ হস্ত। ডান হাতের ব্যাপার ··ভোজন। হাতের গুলী···বাহুর পেশী। হাতের কব্জি ·· (কব্জি দেখ)। মণিবন্ধ। উপর হাত··· বাহু। নীচের হাত ··প্রকোষ্ঠ। হাতের তল, হাতের তালুয়া (তেলো)···করতল। (তাল +উয়া—তালুয়া—তেলো)। অন্য নাম হাতের চেটো (চাটু+উয়া—চাটুয়া—চেটো)। হাতের পিঠ···করপৃষ্ঠ। হাতের পাঞ্জা···করতলের বিস্তার, পঞ্চাঙ্গুল সমেত করতল। কণুই, নড়া দেখ। (নড়া শব্দে পূর্বকালে হাত বুঝাইত; এখনও গ্রামে এই অর্থ আছে। কিন্তু প্রায়ই শিশুর কোমল সরু হাত বুঝায়)। হাত···অধিকার, কর্মে দক্ষতা, কর্তৃত্ব; সাহায্য; রাশি, টাকা-রাশি, প্রঃ—এক হাত বেশ মারিয়াছে। হাত আনা—হস্তকর্মে অভ্যাস করা। হাত আসা—হস্তকর্মে অভ্যাস হওয়া। হাত উঠানো, হাত তোলা—হস্ত উত্তোলন; প্রহার নিমিত্ত, বিরোধে, কিংবা সম্মতিজ্ঞাপনে হস্ত উত্তোলন। হাত করা—হস্তগত, বশীভূত, আয়ত্ত করা (বিপঃ, বে-হাত হওয়া)। অভ্যাস করা। হাতে করা—হাত দিয়া স্পর্শ, গ্রহণ, ধারণ। ণ. হস্ত-নির্মিত। হাতে কলমে ··হাত দিয়া ও কলম দিয়া কর্ম করা; ইহা হইতে স্বহস্তে লিখিয়া; শস্ত্রসজ্জাদি লইয়া। কাঁচা হাত ··কাঁচা দেখ। হাত কামড়ানো—ক্রোধে ও অনুতাপে স্বহস্ত দংশন। হাত-খরচ ··ছোট ছোট খরচ। হাত খালি···রিক্ত হস্ত, নিরাভরণ হস্ত। হাত খোলা—মুক্তহস্তে দান; কর্মে অভ্যাস পাকা হওয়া। হাতে খোলা ··নির্ধন; এত নির্ধন যে, মাটির খোলায় জলপান করিতে হয়। গালে হাত···চিন্তাতুর। গালে হাত দিয়া বসিয়া পড়া—চিন্তিত ও কিংকর্তব্যবিমূঢ় হওয়া। হাত-চালা···তন্ত্রমন্ত্রাদি দ্বারা ভূমি উপরে হস্তের চালন। হাত চালানো—দ্রুত কর্ম করা। হাত দিয়া জল সরে না—এত কৃপণ। হাত জোড় করা, জোড় হাত করা —নমস্কার করা, মিনতি করা। হাত জোড়া থাকা—কর্মে নিযুক্ত থাকা, অবসর না

থাকা। হাত-ঝোলা…ণ. হাতে ঝুলাইয়া। হাত টানিয়া চলা—মিতব্যয়ী হওয়া। হাত-টান…ণ. মিতব্যয়ী, কৃপণ। হাত তোলা—হস্ত উত্তোলন, প্রহার নিমিত্ত উত্তোলন। হাত-তোলা…ণ. অন্যের হাতে তোলা, অন্যের ইচ্ছায় প্রাপ্ত, স্বেচ্ছাপ্রাপ্ত নহে। হাতে থাকা…বশে থাকা, অবশিষ্ট থাকা। হাত দেওয়া—কর্মে নিযুক্ত হওয়া; অন্যের সাহায্য করা; পর ব্যাপার চর্চা করা; স্পর্শ করা। হাত দেখা—নাড়ী পরীক্ষা; কররেখা পরীক্ষা। হাত দেখানা—কবিরাজ দিয়া নাড়ী পরীক্ষা করানা; গণক দিয়া কররেখা দেখিয়া ভাগ্য পরীক্ষা করানা। হাত-দোআ করা—বাছুর মরিয়া গেলে বিনা বাছুরে গাইর দুধ দোআ। হাত ধরা—হস্ত ধারণ, গ্রহণ; প্রণয়ে হস্ত ধারণ। হাত-ধরা…ণ. হস্তগত, বশীভূত, আয়ত্ত। হাতে ধরা—হস্ত ধারণ পূর্বক মিনতি করা। হাত ধুইয়া বসা—কর্মে নির্লিপ্ত হওয়া। হাত নাড়া—হস্ত সঞ্চালন; নিষেধে ও তর্জনে সঞ্চালন। হাতে-লোতে (গ্রা° নোতে) ধরা—(সং লোপ্ত্র—চোরিত বস্তু)। চোরিত দ্রব্য সহিত চুরি ধরা। হাত পড়া—স্পর্শ ঘটা; পর-চর্চায় নিযুক্ত হওয়া। হাত না পড়া—নূতন থাকা। হাত পাকানা—অভ্যাস দ্বারা দক্ষতা লাভ করা। পাকা হাত…পাকা দেখ। হাত-ফের হওয়া—হস্তান্তর হওয়া। হাত ফেরানা—হস্তান্তর করা, চুরি করা। হাত বদল করা—হাতে এক লইয়া অন্য দেওয়া, প্রঃ—হাত বদল করিতে বেণ্যার গেল মন (কবিকঃ)। হাত বদলানা—হাত বদল করা; হাত ফেরানা।

হাত বসা—কর্মে হাতের অভ্যাস পাকা হওয়া। হাত ভারা—হাতে ক্লান্তি বোধ করা। হাত-ভারী…ণ. হাত এত ভারী বোধ হয় যে, বাক্স হইতে টাকা বাহির করিতে কষ্ট হয়; অতি কৃপণ। হাত-মাটি করা—মলত্যাগের পর মাটি দিয়া হস্ত প্রক্ষালন। মাটি হাত করা—হাতে মাটি লাগানা, হাত মাটিযুক্ত করা। হাতে মাথা কাটা—প্রবল প্রতাপপ্রদর্শন, অস্ত্র বিনা কেবল হাত দিয়া মাথা কাটা; অত্যাচার করা। হাতে রহা—বশে অধিকারে থাকা; গণিতে দশকাদি অবশিষ্ট থাকা। হাতে লওয়া—হাতে গ্রহণ, ধারণ; গণিতে দশকাদি অবশিষ্ট ধরা। হাত লাগা—স্পর্শ ঘটনা। হাত লাগানা—স্পর্শ করা, কর্মে মনোযোগী হওয়া। হাত সড়্-সড় করা—অন্যকে প্রহার নিমিত্ত হস্ত কণ্ডূয়ন। সাফাই হাত…হস্তকর্মে দক্ষতা। হাতে সূতা বাঁধা—বিবাহের সময় হাতে মঙ্গলসূত্র ধারণ। হাতে হাতে…এক জনের হাত হইতে অন্যের হাত দিয়া। হাতে-হেতেরে…ণ. (হেতের দেখ)। শস্ত্র-সজ্জাদি প্রয়োগ কৌশল সহ। হাত-কড়া, হাত-কড়ী…ষ্য. (কড়া, কড়ী—বলয়)। লোহার বলয়, যাহা দ্বারা হাত বাঁধিতে পারা যায়। হাতে খড়ী…বিদ্যারম্ভ। হাত-করাত…ছোট করাত। হাত-চিঠা…চিঠা দেখ। হাত-ছড়ি…করতলে বেতের প্রহার, যেমন পাঠশালায়। হাত-ছাড়া…ণ. অধিকার-বহির্ভূত। হাত ছাণি…হাত-শাণি দেখ। হাত-ছেঁচড়…ছেঁচড় দেখ। হাতের পাঁচ…তাস খেলা দেখ; অসময়ের সম্বল। হাত-বাক্স…যে বাক্সে টাকাকড়ি সর্বদা

রাখা হয়। হাত-শানি…ষ্য. (সং শাণী)। হাত দিয়া ইঙ্গিত, সঙ্কেত, প্রঃ—এত বলি প্রেরিল মোরে হাতসানি দিয়া (চৈঃ চঃ); হাত দিয়া চোখ আবরণ, খেলায় কিংবা ইঙ্গিতে। (শানি দেখ।) দৃষ্টান্তে, হাত ঝাড়িলে পর্বত …এত ধনবান্ যে, হাতে যে টাকা থাকে, তাহাতে পর্বত হইতে পারে। হাতে পাঁজি মঙ্গলবার…হাতে পাঁজি থাকিতে আজ মঙ্গলবার কি না, তাহার নিমিত্ত চিন্তা অনাবশ্যক; যাহা নিশ্চয়যোগ্য, তাহার নিমিত্ত চিন্তা। হাতড়া…ষ্য.(হাত+ড়া। বোধ হয় সং ঘাত হত স্থানে হাত। ঘাত+ড়া—হাতড়া। হিং হথৌড়া, মং হাতোডা)। বড় ভারী হাতড়ী। হাতড়া… ধাতু. (হাতে করা—হাতড়া)। হাতড়াই —হাত দিয়া (চোখ দিয়া না দেখিয়া) অন্বেষণ করি, যেমন অন্ধকারে। হাতড়ানা॥ হাতড়িয়া, হাতড়ো…ণ. (হাতড়া+ইয়া)। বুদ্ধির পরিবর্তে হাত দিয়া অনুভব বা অন্বেষণ করে যে; অনুভবসিদ্ধ। হাতড়ো কবিরাজ…যে কবিরাজের আয়ুর্বেদ জানা নাই, যে কেবল দেখিয়া শুনিয়া কবিরাজি করে। হাতড়ী…ষ্য. (হাতড়া+ঈ)। ছোট হাতড়া; লৌহাদি পিটিবার লোহার ঘন। হাতল…ষ্য. (হাত+ল)। লোহা পিতল প্রভৃতি ধাতুর বর্ণয় যদ্দ্বারা হাতে ধরিতে পারা যায়, যেমন বাক্স দেরাজে থাকে (handle)। হাতা…ষ্য. (সং হস্তক। দারু-হস্তক)। হাতের আকারের কাষ্ঠখণ্ড; করতলের আকারের পিতল লোহা ইত্যাদি; জামার হাত। হাতা…ধাতু. হাতাই—হস্তগত, আত্মসাৎ করি। হাতানা॥ হাতা-হাতি …ষ্য. (সং হস্তা-হস্তি)। এক হাত হইতে অন্য হাত; হাত দিয়া পরস্পর আক্রমণ ও প্রহার। হাতাড়া-পাতাড়া…ধাতু. (হাতাড়া ধাতু+সাদৃশে, পাতড়া, যেন পা দিয়া অন্বেষণ)। হাতাড়াই পাতাড়াই—বহু অন্বেষণ করি, অজ্ঞাত দ্রব্য অন্বেষণ করি। হাতাড়ানা-পাতাড়ানা, হাতড়ানা-পাতড়ানা॥

হাতা…ষ্য. (আং)। বাড়ীর সংলগ্ন বেষ্টিত স্থান; বাড়ী।

হাতিচোক…ষ্য. (ইং artichoke হইতে)। সূর্যমুখীর তুল্য বৃক্ষবিশেষের (Helianthus tuberosa) আলু (artichoke)।

হাতিনা…ষ্য. (আং হাতা হইতে)। আঙ্গিনা। (প্রায় অপ্রচলঃ)।

হাতিয়ার…হেতের দেখ। (হিং হথিয়ার)।

হাতী, হাথী…ষ্য. (সং হস্তী। স্ত স্থানে প্রায়ই থ হয়, যেমন মস্তক—মাথা। ওং হাতী হিং হাথী মং হত্তী)। প্রসিদ্ধ শাকভোজী বৃহৎ চতুষ্পদ (The elephant. Elephas maximus)। নাসিকা দীর্ঘ হইয়া কর বা হস্ত হয় বলিয়া নাম হস্তী, করী। স্ত্রীং হাতিনী, হাথিনী। হাতীর দাঁত…গজদন্ত। হাথিনীর "গজদন্ত" হয় না। পাট হাতী… রাজা যে হাতীতে আরোহণ করেন। হাতীর খোরাক…হাতীর খাদ্য যেমন বহু পরিমিত হইয়া থাকে, তেমন বহু পোষ্য প্রতিপালন। হাতীর গলায় ঘণ্টা…হাতীর পক্ষে ছোট ঘণ্টা যেমন সাজে না, তেমন। বর বয়সে বড়, কন্যা ছোট হইলে এইরূপ অশোভন হয়। হাতীর পাঁচ পা দেখা…তুং সাপের পাঁচ পা দেখা। হাতীশাল…ষ্য. (সং হস্তিশালা)। হাতী থাকিবার ঘর। হাতীয়ারা, হাতীয়াল

...ষ্য. (সং হস্তিপাল। বাং হাতী+আল) হস্তীরক্ষক। হাতীশুঁড়...ষ্য. (সং হস্তিশুণ্ড, স্ত্রী-হস্তিনী। ওং হাতীশুণ্ডা)। বন্য ছোট খরলোমশ বর্ষায়ুঃ শাকবিশেষ (Heliotropium indicum)। ফুল নীলবর্ণ। মঞ্জরীতে দুই সারি ফুল ধরে এবং মঞ্জরী হাতীর শুঁড়ের মতন বাঁকিয়া থাকে। পড়া প্রায়ই রসা জায়গায় জন্মে।

হাথ...ষ্য. (সং হস্ত)। হাত (দেখ)। (প্রাচীন বৈষ্ণব পদে)। হাথী...হাতী দেখ। হাথিয়া ...ণ. (হাথী+ইয়া)। হাথীর তুল্য, হাথী সম্বন্ধীয়। হাথিয়া লাথি (কবিকঃ)—হাথীর পদাঘাত তুল্য পদাঘাত।

হাঁদা ...ণ. (সং হণ্ডা—হাঁড়া হইতে। কিংবা নাদা হইতে)। হাঁড়া যেমন বড় বা স্থূল, তেমন বুদ্ধি যার। স্ত্রীং হাঁদী। হাঁদা-পেটা ...ণ. হাঁড়ার মতন উদর যার; পেটুক।

হাঁদু ...ষ্য. (হিন্দু শব্দের অপভ্রংশে)। উপহাসে হিন্দু।

হান...ধাতু. (সং হন ধাতু হইতে। ক্রিয়াপদ হন্তি হইতে হান। ওং হান, হিং হন, মং হণ ধাতু)। হানি—বধ করি, প্রঃ—হান হান—বধ কর বধ কর, কাট কাট (ওংতে এই অর্থ বহু প্রচলিত, বাংতে অল্প); প্রহার করি, প্রঃ—মোর মুণ্ডে হানি বাজ (ভাঃ); প্রহার নিমিত্ত প্রেরণ করি, নিক্ষেপ করি, প্রঃ—হানিনু কুক্ষণে ফুলশর (মেঘনাদবধ)। (অকর্মক) চিকুর হানিতেছে—বিদ্যুৎ চমকাইতেছে। হানা॥ হানা ...ষ্য. প্রতিরোধ, অবরোধ প্রঃ—দক্ষিণ দুয়ারে দেয় হানা (কৃত্তিঃ); আক্রমণ, আঘাত, প্রঃ—হাসিতে হাসিতে পিরীতি করিয়া পরাণ উপরে হানা (চণ্ডীঃ); নদীবন্ধ-ভঙ্গ, পরাজয়, প্রঃ—নদীতে হানা পড়ে—বন্ধ ভাঙ্গিয়া খাল বা স্রোত হয়। হানা...ধাতু..(হান ধাতু আস্তে)। হানানা॥ হানা-হানি...ষ্য পরস্পর কাটাকাটি। হানি...ষ্য. (সং)। ত্যাগ; ক্ষতি; অনুৎপত্তি; ন্যূনতা; ত্রুটি; ক্ষয়।

হানা...ষ্য. (আং হনক্)। গলা, প্রঃ—ঘোড়ার হানায় (ভাঃ)। (অপ্রচলঃ)।

হাপ...ণ. (ইং half)। অর্ধ, ছোট, পুরা নহে। হাপ-ইস্কুল ..ছয় ঘণ্টাকাল ইস্কুল না হইয়া তিন ঘণ্টা। হাপ পাঁজি ."ফুল" পাঁজি নহে, ছোট পাঁজি। হাপ মোজা ..লম্বা নহে, ছোট মোজা।

হাঁপ ..ষ্য. (বাং হাঁপা ধাতু, ওং হাম্ফি, হিং হাঁপ হাঁফ, মং হাঁপা ধাতু। বাং হাঁপ, মং ধাপা। সং হাফিকা—হাই হইতে? কিন্তু অর্থান্তর হয়। বোধ হয় সং হংস—প্রাণবায়ু। তুং হাঁস-ফাঁস। কিংবা ভস্ত্রা হইতে)। শ্বাসরোধ; দীর্ঘ কষ্টশ্বাস। হাঁপা, (গ্রাং হেঁপা, হেপা) ..ষ্য. প্ররোচনা (ধাপ্পা দেখ)। হাঁপা ..ধাতু. হাপাই—রুদ্ধশ্বাস হই, কষ্টশ্বাস লই, পুনঃ পুনঃ শ্বাস লই। হাঁপানা॥ হাঁপানি ..ষ্য. শ্বাসরোধ, কষ্টশ্বাস-রোগ (asthma)।

হাপর ..ষ্য. (সং ভস্ত্রা; রূপান্তরে হস্ত। ভস্ত্রা—ভতরা—হাপর। মং ভাতা, আসাং ভাতী, হাতিনা)। ভস্ত্রা। (২) (সং খর্পর হইতে। খাপরা—হাপর। ওং নাম উম্‌হেই সং উদ্ধ্মান)। স্বর্ণকারের অগ্নিকুণ্ড। (৩) (আং

হফর)। কাদার গর্ত্ত, যেখানে আখ ডগা পুতিয়া আখের কলি উৎপাদন করা হয়। (৪) ছোট ডোবা, যেখানে ডিম ছাড়িয়া মাছ জন্মানো হয়। হাপরা···ধাতু. (তু° ও° হাপুর ধাতু)। হাপরাই—হাপ্-হাপ রবে খাই, প্রঃ—ডাইল হাপরাইয়া খাওয়া। হাপরানা॥

হাপরমালি···ষ্য. (স° ভদ্রবল্লী। ভদ্র—হাপর, বল্লী—মালি)। তগরাদি বর্গের লতানিয়া ক্ষুপবিশেষ (Vallaris heynei)। পাতা অভিমুখী, সূক্ষ্ম চিহ্নবিশিষ্ট। ফুল শাদা, সুগন্ধ, থোবা থোবা, শীত ও গ্রীষ্মকালে ধরে। ফল লম্বা।

হাপরা···ধাতু. হাপর দেখ।

হাপসা···ণ. (ভাপসা রূপান্তরে)। ভাপসা, যেমন পানে বাতাস না লাগিলে হাপসা বা ভাপসা গন্ধ ছাড়ে। হাপসা···ধাতু. হাপসাই—ভাপসাই। হাপসানা॥

হাঁপা, হেপা, হাঁপানি···হাঁপ দেখ।

হা-পুতী···ণ. (স° হত-পুত্রী)। পুত্রহীনা।

হা-প্রত্যাশা, (গ্রা° হাপিত্তাশা)···ষ্য. (হা+প্রত্যাশা)। হায় কোথায় এই প্রত্যাশা।

হাফিজ···ষ্য. (আ°)। যে সমগ্র কোরাণ কণ্ঠস্থ করিয়াছে; রক্ষক, তত্ত্বাবধায়ক।

হাব··ষ্য. (স° হাব। হাবঃ স্ত্রীণাং শৃঙ্গারভাবজাঃ ক্রিয়াঃ—অঃ। তু° আ° হাবা—অভিলাষ)। নারীর বিলাসাদি শৃঙ্গারভাবজ চেষ্টা; ভাব। হাব-ভাব···ষ্য. (স° হাব, স° ভাব। ভাব শব্দের রূপান্তরে হাব)। বিলাসাদি চেষ্টা। হাবা···ণ. (হাব+আ)। যে আকার ইঙ্গিত দ্বারা মনের ভাব ব্যক্ত করে, বাক্‌বর্জ্জিত; নির্বোধ; সরলস্বভাব। স্ত্রী° হাবী। হাবা-বোবা···ণ. (হাবা, বোবা। সহচর শব্দ)। বাক্‌শ্রুতি-বর্জ্জিত। হাবা-গোবা···ণ. হাবা ও গোবা (গর্দভ ?), নির্বোধ।

হাব্‌জা-গোব্‌জা···ষ্য. (ঢাকায় হাবিজাবি। আসা° হাবি—জঙ্গল। ফা° সবজা হইতে হাবজা; গোব্‌দা—গোব্‌জা)। স্থূল পাঁচ-মিশালী ব্যঞ্জন। হাব্‌জি···ণ. পাঁচ-মিশাল। হাব্‌জি পোনা···নানা জাতীয় চারা মাছ।

হাবড়া···বুড়া দেখ।

হাবলা···ণ. হাবা।

হাব্‌সী, হাপ্‌সী···ষ্য. (আ° হবাষী)। আফ্রিকার আবিসিনিয়া দেশের কৃষ্ণবর্ণ জাতি; কাফ্রী।

হাবা···হাব দেখ। আদরে হাবু।

হাবিস···ষ্য. (ই° to heave)। উত্তোলন; জাহাজের হাইল ঘোরাইয়া জাহাজ থামানো।

হাবুড়···ধাতু. (তু° ও° হাবুডি পড়া—হঠাৎ উপস্থিত হওয়া; আসা° হাবিদা ধাতু। স° আ-বৃৎ ধাতু হইতে)। হাবুড়ি—প্রবেশ করি, অন্য স্থানে যাইতে যাইতে ঘুরিয়া আসি। হাবুড়া॥ (কলিকাতার নিকটে হাবড়া—যেখানে নৌকা বাঁধা হইত)।

হাবু-ডুবু··ষ্য. (উবু-ডুবু দেখ। রূপান্তরে)। জলমগ্ন হইয়া ওঠা-ডোবা। হাবু-ডুবু খাওয়া—বিপদে একবার পতন, পরবার উত্থান।

হাবেলী··ষ্য. (আ° হাবেলী)। বাসবাটী পাকা বাড়ী।

হাবেশ···ষ্য. (স° আবেশ। তু° আ° হবাস্-কাম। প্রাচীন বা°তে কোথাও কোথা হব্যাস, ম° হব্যাস)। অভিনিবে আসক্তি, বিরহ-বেদনা, . প্রঃ—মা

হাবেশে মরি স্বরায় সাজাহ তরী দেখিব মায়ের মুখশশী (কবিকঃ)।

হা-ভাত···ষ্য. (হা—হায়, ভাত—অন্ন)। অন্নাভাব, প্রঃ—খাটে খাটায় লাভের গাঁতি, তার অর্দ্ধেক কাঁধে ছাতি। ঘরে ব’সে পুছে বাত, তার ঘরে হা-ভাত॥ (ডাকে)। হা-ভাতিয়া, হা-ভাত্যে ··ণ. (হা-ভাত+ইয়া। হাভাতিয়া—হা-ভেত্যে হইতেও পারে)। যাহাকে হা-অন্ন করিতে হয়; হতভাগা, প্রঃ—হাভাতে যদ্যপি চায় সাগর শুখায়ে যায়, হেদে লক্ষ্মী হৈল লক্ষ্মীছাড়া (ভাঃ)।

হাম···সর্বনাম. (সং অহম্ হইতে। আমি দেখ। হিং, মৈথিলী)। আমি (প্রাচীন পদে)। হামারা, হামারি···আমার,প্রঃ—এ সখি হামারি দুখের নাহি ওর (বিদ্যাপতি)। হাম-বড়···ণ. আমি বড় শ্রেষ্ঠ, এই জ্ঞান যাহার।

হাম···ষ্য. (সং ঘর্ম বা° ঘাম হইতে?)। চর্মরোগবিশেষ, মিলমিলা (measles)।

হামটো···ণ. (? তু° আসা° হামোকা—তেরচা)। এলা-মেলা, লক্ষ্যহীন, প্রঃ—হামটো চোটে কাঠ কাটা যায় না।

হামলা···ধাতু. হামালা ধাতু দেখ।

হামা···ষ্য. (সং হম্বা হইতে। ও° হামা—গাই। হাম্বাগোড়ি—গাই তুল্য গোড়—পদ করি)। হামা দেওয়া—পশুবৎ চলা। হামাগুড়ি··· ষ্য. চতুষ্পদ তুল্য হস্তপদ। হামা-গুড়ি দেওয়া —হামা দেওয়া। হামা-গুড়ি যাওয়া—হামা দিয়া, হাতে পায়ে ভর দিয়া চলন।

হামাম···ষ্য. (আ° হম্মাম)। উষ্ণ জলে স্নান, উষ্ণজলস্নানাগার।

হামান-দিস্তা···ষ্য. (ফা° হাবন্-দস্তাহ্। হিং ইমাম-দস্তা, হমাম-দস্তা)। শুষ্ক দ্রব্য চূর্ণ করিবার লৌহভাণ্ড ও মুষল, লোহাদি ধাতুর খল।

হামার ··ষ্য. (সং মরার হইতে। ও° অমার, উর্দু অম্বার)। ধান রাখিবার নিমিত্ত বংশাদি-নির্মিত ঘর।

হামারা, হামারি···হাম দেখ।

হামাল, হামলা ··ধাতু. (সং হম্বারব হইতে)। হামালাই—হাম্বারব করি, প্রিয়বিরহে চীৎকার করি। হামালানা, হামলানা॥

হামি···ষ্য. (আ°)। পৃষ্ঠপোষক, সহায়।

হামেশা···ব্য. (ফা° হামেষা)। সর্বদা। হামশা ···নিকটবর্তী গ্রাম, যে সকল গ্রামের সহিত আহারাদি বিষয়ে ঐক্যবন্ধন আছে, প্রঃ—হামশার ব্রাহ্মণ নিমন্ত্রণ করা। (ফা° হামশহরী? = সম-নাগরিক)।

হামেহাল···ব্য. (ফা° হামা—সর্ব, আ° হাল—অবস্থা)। সর্বদা।

হাম্বা ··ষ্য. (সং হম্বা, ভম্বা)। গাভীর রব।

হাম্বীর ··রাগরাগিণী দেখ।

হায় ··ব্য. (সং হা)। বিষাদে, শোকে, পীড়নে; কুৎসায়; বিশ্রাম নিমিত্ত স্বস্তি, প্রঃ—একটু হায় করিয়া বসিতে সময় পাই না। হায় রে ··ব্য. বিষাদে, শোকে, প্রঃ—হায় রে দশা!

হায়রান···হয়রান দেখ।

হার ··ধাতু. (সং হৃ ধাতু হরণ হইতে হারি ধাতু। হর ধাতু দেখ)। হারি—অন্য দ্বারা পরাভূত হই, প্রঃ—জানি না পারি না নাইক ঘরে এ তিন কথায় দেবতা হারে, প্রঃ—যুদ্ধে হারিয়াছে। হারা, হারা ··ষ্য. পরাজয়। ণ.

বিভক্ত, প্রঃ—হরা দেখ; অপহৃত, বাহিত, প্রঃ—হারা ধন। হারা···ধাতু. (হার ধাতু আস্তে)। হারাই—অপহৃত হই, প্রঃ—টাকা হারাইয়াছে; ত্যক্ত, ভ্রষ্ট হই, প্রঃ—পথ, জাতি হারানা; হীন, নষ্ট হই, প্রঃ—প্রাণ, বন্ধু, হারানা। হারানা॥ হারা-হারি ···ষ্য. জয়-পরাজয়। ব্য. ভাগে (নীচে হার দেখ), ভাগা-ভাগি, প্রঃ—হারা-হারি দুই টাকা পড়িবে। হার···ষ্য. (সং)। হরণ, গ্রহণ (তুং সং সর্পহার বাং সাপুড়া); বাহক (তুং সং স্কন্ধহার বাং কাহার); গণিতে ভাজক; ভাগ, মধ্যম ভাগ; ভূমির করপ্রমাণ, কর (তুং হার নিরিখ করা—তুলনায় কর নির্ণয় করা); মুক্তাবলী (সংতে হার—মুক্তাবলী—অঃ। ফাংতেও। যষ্টি—(ছড়া) ভেদে নানা নাম হইত। যথা, বিশ ছড়া থাকিলে মাণবক, বত্রিশ ছড়া থাকিলে গোস্তন, ইত্যাদি); মুক্তা-সহ বক্ষঃভূষণ; সোনার বক্ষঃভূষণবিশেষ। গোপ-হার···সোণার হার-বিশেষ। চেন-হার···(ইং chain)। শৃঙ্খলাকার হার। চন্দ্র-হার··যে হারে চন্দ্র থাকে (চন্দ্র দেখ)। দড়া-হার··রজ্জু আকারের হার। হেলে-হার··হেলে সাপের আকারের হার। হেঁসো-হার···হাঁসিয়ার আকারের হার। এক ছড়া হার··যে হার একগাছি সুতায় গাঁথা যাইতে পারে)। হারুয়া, হেরো··ণ. (হার+উয়া)। পরাজিত। হারি···ষ্য. (সং)। পরাজয়, খেলায় ভঙ্গ। ···ণ. (সং হারি, হারিন্)। হরণ করে যাহা, যাহা মন হরণ করে। হারি-জিতি, হার-জিৎ ···ষ্য. (সং। প্রতিচর শব্দ)। জয়-পরাজয়; সিদ্ধি-অসিদ্ধি। কথায়, দশে মিলি করি কাজ হারি জিতি নাহি লাজ—পরাজিত হই কিংবা পরাজয় করি।

হারমনিয়াম, হারমনিয়া··ষ্য. (ইং harmonium)। বিলাতী অর্গান যন্ত্রের সদৃশ কিন্তু ছোট বাদ্যযন্ত্রবিশেষ। বহু বাঁশীর জিবা দিয়া বাতাস চালাইয়া ধ্বনি নির্গত করা হয়। চাবি···বাঁশীর জিবার উপরের টিপনী।

হারাম··ণ. (আং হরাম)। মুসলমানী স্মৃতি-বিরোধী, অপবিত্র; ব্যভিচার। বিপঃ হালাল। হারাম-খোর··ণ. পাপাত্মা, ঘুষ-খোর। হারাম-জাদা, হারাম-জাদ··ণ. জারজ, দুষ্ট। স্ত্রীং হারামজাদী। হারাম-জাদি, হারাম জাদকি···ষ্য. (হারামজাদগি হইতে)। দুষ্টপনা, নষ্টামি।

হারামদ···ষ্য. (ফাং হুরমুজদ)। দস্যু, সমুদ্র-দস্যু, প্রঃ—কবিকঃ।

হারা-হারি··হার দেখ।

হারি, হার··হার ধাতু দেখ।

হারিকেন··ষ্য. (ইং hurricane lantern)। ঝড়ে বাতাসে নেবে না এমন লণ্ঠন।

হারিত, হারীত··ষ্য. (সং)। হরিয়াল (দেখ)।

হারুয়া··হার দেখ।

হা রে··ব্য. (সং হা রে)। শোকে, বিষাদে, আহ্বানে, প্রঃ—হারে সই শুনি যবে বাঁশীর নিসান (চণ্ডীঃ)। হেঁ রে দেখ।

হাল···ষ্য. (সং)। লাঙ্গল; গাড়ীর চাকার নেমির বেষ্টন-লৌহ। হাল-লোহা, হাল-পাত ···লম্বা পটীর আকারের লোহা। হালিয়া, হেল্যে···ণ. (সং হালিক। কিংবা হাল+

ইয়া)। লাঙ্গাল-সম্বন্ধীয় ; যে লাঙ্গাল করে ; যে গোরু হলকর্ষণ করে।

হাল…ষ্য. (আ°)। অবস্থা, বর্ত্তমান অবস্থা, প্রঃ—এখন ভাল হালে চলিতেছে ; বৃত্তান্ত, ইতিহাস। ণ. বর্ত্তমান, চলিত, প্রঃ—হাল খাতার, হাল সনের খাজনা। হাল-বাকি… চলিত হিসাবে অবশিষ্ট। হাল-নিকাসি… চলিত হিসাবের নিকাস করিলে যাহা হয়। হাল…ণ. (ফা° বে-হাল হইতে)। দুর্বল, দুর্দশাপন্ন।

হালকা, হালুকা…ণ. (স° লঘুক, স°প্রা° হলক্ক। ও° হালুকা, হি° ম°হলকা)। লঘু ; ভারী কিংবা দামী নহে।

হালদার…ষ্য. (আ° হৱালা—জিম্মা, ফা° দার)। গ্রামের গোমস্তা (পূর্বকালে। সুবাদারের অধীনে হালদার থাকিত) ; পদবীবিশেষ। স্ত্রী° হালদারনী।

হালা, হালি…ষ্য. (স° তাল, তালক। তাল তাড়া দেখ। তু° স° হালা—তাড়ী মদ্য। ও° হল্লা। ম°তে পুলা। ফা° হাল—পোটলা)। অঙ্গুষ্ঠ ও মধ্যমাঙ্গুলীর বেষ্টন, প্রঃ—চারি হালা খড়ে বিশাই ছাইল চারি পাট (কবিকঃ)—এত বৃহৎ হালা ; তাড়া, মুষ্টি, প্রঃ—চাবি কাটির হালা। হালা-গোছা…ষ্য. (সহচর শব্দ)। শৃঙ্খলা, ব্যবস্থা, প্রঃ—কাজের হালা-গোছা নাই।

হালাক, হাল্লাক…ণ. (আ° হালাক)। ক্লান্ত ; বিনষ্ট।

হালাল…ণ. (আ° হলাল)। মুসলমান স্মৃতি-শাস্ত্রসম্মত, পবিত্র ; এই শাস্ত্রমতে খাদ্য প্রাণী। বিপঃ হারাম।

হালি…ণ. (স° হারিত, হরি। হি° হরা। ম° হিরবা—শাক)। হরিতবর্ণ, প্রঃ—ধান হালি দেখাইতেছে। ষ্য শাক ; হালা দেখ। হালি গন্ধ…শাক গন্ধ। হালিসা… ণ. (হালি+সা)। শাকসদৃশ, প্রঃ—হালিসা গন্ধ। হালিসানি…ষ্য. (হালিসা+পানি)। কাঁচা শাক-ধোআ জল। হালিষ্টি… ণ. (হালিসা+তা—হালিস্তা-হালিষ্টা। লি সাদৃশ্যে ষ্টি)। ঈষৎ হালি।

হালি…হাইল দেখ।

হালিম…ষ্য. (ফা°। স° নাম চন্দ্রশূর, চন্দ্রিকা)। সর্ষপাদি বর্গের কৃষিজাত শাক-বিশেষ (cress. Lepidium sativum)। ফুল ছোট ছোট শাদা ; দল ২টা, শুঁটী চেপটা। বিহারে চাষ হয়।

হালুয়া…ষ্য. (আ° হলৱা। স° নাম পিষ্টিকা)। মিষ্টান্ন ; সুজি চিনী ঘি-যোগে "মোহন-ভোগ"। হালুইকর…ষ্য. (আ° হলৱাঈ—যে হালুয়া করে)। যে লুচি মিঠাই করে ; ময়রা।

হাল্লাক…হালাক দেখ।

হাঁশাল, হেঁশেল…ষ্য. (স° হাণ্ডীশালা। ও° হাণ্ডীশাল। যশোরে হাঁড়শাল, পাবনায় হাঁশ্‌শাল)। রান্নাঘর।

হাস…ষ্য. (স° হস ধাতু। ও° হস, হি° হঁস ধাতু)। হাসি—হাস্য করি। হাসিয়া উঠিল, ফেলিল—হাস্য সংবরণ করিতে পারিল না। হাসা॥ হাসা…ধাতু. (হাস ধাতু আস্তে)। হাসানা॥ হাসি…ষ্য. (স° হাস্য। হাঁসি, নহে)। হাস্য। হাসি-কান্না…ষ্য. (প্রতিচর শব্দ)। হাস্য ও ক্রন্দন ; একবার হাসি, পরবার কান্না। খিক্‌খিক, খিল্‌খিল,

হা-হা, হি-হি, হো-হো (হাসি) দেখ। মুচকি—মুখ টিপিয়া হাসি। কাষ্ঠ-হাসি—আন্তরিক আনন্দজনিত হাস্য নহে। দেঁতো হাসি…আন্তরিক নহে, বাহ্য দন্তে মাত্র প্রকাশ যার। হাসির গররা…গররা দেখ। হাসি-খুশি …ষ্য. (সহচর শব্দ)। আনন্দ-হাস্য। হাসি-তামাসা…ষ্য. (সহচর শব্দ)। বৃথা রঙ্গরস। হাসি-মুখ …সহাস্য বদন। হাসানা, হাসানিয়া…ণ. যাহাতে হাসায়, প্রঃ—লোক-হাসানা ব্যবহার। যত হাসি তত কান্না—আনন্দের আধিক্যের পর নিরানন্দ। লোক-হাসা-হাসি…সমাজে উপহসনীয়।

হাঁস…ষ্য. (সং হংস)। প্লববর্গের প্রসিদ্ধ পক্ষী জাতি। স্ত্রীং হাঁসী। পাতি হাঁস…ছোট পোষা হাঁস (পাতি দেখ)। পায়ের আঙ্গুল জোড়া, ঠোঁঠ চওড়া। পা দেহের পশ্চাৎ-দিকে। প্যাঁক প্যাঁক-প্যাঁক ডাকে (Ducks)। কড় হাঁস…ষ্য. (সং কল-হংস)। দুই হাত অপেক্ষা কিছু ছোট। রাজহাঁস তুল্য। মাথা ঈষৎ খয়রা, পিঠ পাখা পাংশুবর্ণ। গলা দীর্ঘ, চঞ্চু ছোট, পক্ষ বহু, পুচ্ছ হ্রস্ব গোল, পা ছোট, দেহের সম্মুখ-দিকে। এ দেশে ঝাঁকে ঝাঁকে ত্রিকোণ হইয়া উড়িতে উড়িতে আসে। জলের ধারে ভুমিতে চরে (The graylag goose. Goose. Anser ferus)। বালি হাঁস …(বিল হাঁস, অপভ্রংশে বালি, বাল হাঁস)। ছোট, ১৭।১৮ আঙ্গুল হাঁসবিশেষ (A Teal. Nettium creca. Goose teal. Nettapus coromandelinus)। রাজ-হাঁস…ষ্য. (সং রাজহংস)। বড় হাঁস (goose)। ইহা পোষা হাঁস। কড়হাঁস হইতে উৎপত্তি। লাল হাঁস, শাঁক-নাল…ষ্য. (হিং লালশিরা। উত্তরবঙ্গে শাঁক-নাল—লাল শাঁখ?)। এক হাতের ঊর্ধ্ব হংসবিশেষ (Pink-headed duck) Rhodonessa caryophyllacca)। মাথা ও ঘাড় গোলাপী, দেহ লাল খয়রা। পুকুর ও জলার গাছ পালার মধ্যে চরে। উত্তর-বঙ্গে প্রসিদ্ধ। হাঁসকল…ষ্য. (হংসাকার কল? হংসগল? ওং আঁসকল)। ডুমনীতে কপাট ঝুলাইবার লৌহ অঙ্কুশ।

হাঁসপাতাল…ষ্য. (ইং hospital। হাঁস শব্দ সাদৃশ্যে হাঁস হইয়াছে)। আতুর-শালা।

হাঁস্-ফাঁস্…বা. (সং হংস—প্রাণবায়ু। হাঁস হইতে ফাঁস)। ঘন ঘন নিশ্বাস প্রশ্বাস শব্দে। রূপান্তরে, হাঁই-ফাঁই। হাঁস-ফাঁস খাওয়া—অতি শ্রম হেতু ক্লান্তিতে।

হাঁসলী…ষ্য. (সং অংস+লী)। সোনার অর্ধচন্দ্রাকার কণ্ঠাভরণবিশেষ।

হাঁসা …ণ. (সং হংস—হাঁস+আ)। হংসবৎ শ্বেতবর্ণ, প্রঃ—হাঁসা গোরু। (তুং ঢাকায় বগা—বকবৎ শ্বেতবর্ণ)। হাঁসিয়া…ষ্য. (সং অংস হইতে। হংসগল সাদৃশ্যে? হিং হঁসিয়া—কাস্তিয়া, হাঁসিয়া—বোঁটি)। হাঁসলী; লতাপাতা কাটিবার অর্ধচন্দ্রাকার শস্ত্র।

হাসিয়া …ষ্য. (আং হাষিয়া)। শাল কাপড় প্রভৃতির পাড়ি। হাসিয়াদার …ণ. পাড়ি-বিশিষ্ট।

হাসিল…ণ. (আং)। লভ্য, ফলদায়ক। জমি হাসিল করা—বালি পতিত প্রভৃতি অনুর্বর জমিকে উর্বর করা। কাজ হাসিল

করা—আদায় করা, ফলদায়ক করা। হাসিল জমি···যে জমিতে চাষ হইতেছে। হাসিল জমা—মোট খাজনা।

হাঁসুয়া, হেঁসো···ষ্য. (হাঁসিয়া দেখ। অংস+উয়া? হি° হঁসুয়া)। হাঁসলী, হাঁসিয়া। হেঁসো হার···হার দেখ।

হা-হা···ব্য. (সং হস্ ধাতু হসনে। কিংবা সং হা ধাতু ত্যাগে)। মুখ ব্যাদান পূর্বক হাস্যশব্দে। হি-হি···ব্য. (সং হী)। বিস্ময়-প্রকাশে, হাস্যে; মৃদু হাস্যে। হো হো ··ব্য. উপহাস প্রকাশে, হাস্য শব্দে।

হা-হা···ব্য. (সং)। আকস্মিক দুঃখে, শোকে। হাহাকার···ষ্য. (সং)। হা-হা—এই রব।

হাঁ-হাঁ···ব্য. (সং মা-মা। মং)। বারণে, প্রঃ—হাঁ-হাঁ কর কি?—করিও না।

হা-হতাস, হা-হুতাস ··ব্য. (সং হা হতোস্মি)। হায় হত হইলাম, এই কাতরোক্তি।

হিংস ··ধাতু. (সং হিন্‌স ধাতু বধে)। হিংসি—পীড়া, হানি, অনিষ্ট করি, বধ করি। হিংসা॥ হিংসা···ষ্য. (সং)। হানি, অহিত; অনিষ্ট ইচ্ছা, ঈর্ষা; বধ। হিংসক···ণ. (সং)। হিংস্র।···ষ্য. শত্রু। হিংসটিয়া, হিংসটে······ণ. (হিংস্র+তা+ইয়া)। হিংসালু; ঈর্ষাবিশিষ্ট। হিংস্রক···ষ্য. (সং)। হিংস্র জন্তু।

হিক্কা···ষ্য. (সং)। হেচকি।

হিক্‌মৎ···ষ্য. (আং)। জ্ঞান; চাতুরী। হিক্‌মতী···ণ. যাহাতে চতুরতার প্রয়োজন।

হিঙ্গু···ষ্য. (সং হিঙ্গু। হস্তি অগ্নিমান্দ্যাদিক-মিতি—অং টীঃ)। ধন্যাদিবর্গের শাকবিশেষ (Ferula alliaccæ) হইতে প্রাপ্ত নির্যাস (Asafetida)। গাছের মূল হইতে হিঙ্গু সংগৃহীত হয়। পারস্য ও আফগানি-স্তানে জন্মে। হিঙ্গুড়া···ষ্য. (হিঙ্গু+ড়া)। হিঙ্গু সদৃশ, কিন্তু নিকৃষ্ট নির্যাস অন্য এক গাছ (Ferula fœtida) হইতে প্রাপ্ত (Asafetida of European commerce)। গন্ধ বিরজা এক প্রকার হিঙ্গু (galbanum)।

হিঙ্গচা ··হিঞ্চা দেখ।

হিঙ্গান ··ইঙ্গুদী দেখ।

হিঙ্গুলী···ষ্য. (সং হিঙ্গুলী—বেগুন হইতে? বেগুন পাতার আকার সাদৃশ্যে?)। দেশীয় তামুকের এক উত্তম জাতবিশেষ। নদীয়া যশোরে অল্প চাষ হয়।

হিঙ্গুল···ষ্য. (সং)। পারা ও গন্ধকযুক্ত উজ্জ্বল রক্তবর্ণ খনিজবিশেষ (Cinnabar)। চীনার সিঁদুর।

হিচক, হিঁচক···ধাতু. (সং হিক্ক ধাতু হইতে। হি° হিচক হিচকা, মং হিসক ধাতু)। হিঁচকি—হঠাৎ বেগে আকর্ষণ করি, প্রঃ—হিঁচকিয়া দোড়ী ছেঁড়া। হেচকা, হেঁচকা॥ হেঁচকা ··ষ্য. আকর্ষণ। কোমরে হেঁচকা লাগে, যখন কোমরে টান বোধ হয়। হেঁচকা···ধাতু. (সং হিক্কা হইতে)। হেঁচকাই—হঠাৎ টানি। হেঁচকানা॥

হিঁচড়···ধাতু. (সং হিন্‌স ধাতু হইতে? সং হূর্ছ ধাতু?)। হিঁচড়ি—অসমান স্থানে আকর্ষণ করি। হিঁচড়া॥ হিঁচড়···ষ্য. (তুং সং হিঞ্জীর—হস্তীপদ বন্ধন-রজ্জু)। আকর্ষণ-রজ্জু, যেমন শামিয়ানা টাঙ্গাইতে দোড়ী টানিয়া দূরে গোঁজে বাঁধা হয়; আকর্ষণ-রজ্জুর মধ্যে বংশ কিংবা কাষ্ঠখণ্ড দিয়া মোড়া। ইহা দ্বারা রজ্জু টান করা হয়।

হিঁচড়া···ধাতু হিঁচড়াই—অসমান স্থান দিয়া টানি। হিঁচড়ানা ॥

হিজরা, হিজড়া···ণ. (হি° হীজড়া, ও° হিগ্রড়া। ম° হিজডা, স্ত্রী° হিজডী স° হীনজটা ? স° উদুম্বর হইতে ?)। স্ত্রীত্বহীন নারী।

হিজরা, হিজরী··ষ্য. (আ° হিজরী)। মক্কা হইতে মহম্মদ সাহেবের মদিনায় পলায়ন। ইহা হইতে অব্দবিশেষ। হিজরী বৎসর ১২ চান্দ্রমাস বা ৩৫৪ ১১/৩০ দিনে হয়। ইহার আরম্ভ ১৫ জুলাই ৬২২ খ্রিষ্টাব্দ।

হিজল···ষ্য. (স° ইজ্জল—অঃ; হিজ্জল)। জম্বু-কাদিবর্গের ছোট তরুবিশেষ (Barringtonia acutangula)। পাতা একোত্তর, ফুল আরক্ত, কেশর রক্তবর্ণ, গ্রীষ্মকালে ফোটে। মঞ্জরী দীর্ঘ (এই হেতু এক স° নাম নিচুল)। বসন্তকালে পাতা ঝরিয়া পড়ে। প্রায়ই জলের ধারে জন্মে। (এই হেতু অমরে নাম অম্বুজ)।

হিজলী···ণ. (হলদী হইতে)। হলদী নামক নদী সম্বন্ধীয়, যেমন হিজলী বাদাম। (বাদাম দেখ)। হলদী নদী মেদিনীপুর জেলায়।

হিজি-বিজি··ব্য. (স° ইতি হইতে ইজি—হিজি ? বিজি প্রচর শব্দ ?)। অক্ষর নহে এমন লেখায়, অস্পষ্ট লেখায়।

হিঞ্চা···ষ্য. (স° হিলমোচিকা—অঃ। ও° হিডিমিচি)। সোমরাজ্যাদি বর্গের জলজ তিক্ত শাকবিশেষ (Enhydra hingcha)। ফুল শাদা শাদা।

হিড়িক···ষ্য. (ভিড় হইতে আধুনিক)। জনতায়, জনপ্রবাহ, প্রঃ—হিড়িকে পড়িয়া করিতেছে—পরের ইচ্ছায় কিংবা গড্ডলিকা-প্রবাহে পড়িয়া।

হিত···ণ. (স°)। যোগ্য, উপযুক্ত, উপকারী, পথ্য।···ষ্য. (স°)। উপকার, লাভ, গুণ, ফল। হিতার্থী ··ণ. (স° হিতার্থিন্)। হিত-সাধক। হিতৈষী, গ্রা° হিতাষী··ণ. (স° হিতৈষিন্)। হিতার্থী, প্রঃ—রায় বলে বাসা দিলা হইলা হিতাশী (ভাঃ)।

হিন্তাল, হিঁতাল···ষ্য. (স° হিন্তাল—অঃ)। তালাদিবর্গের খর্জূরগণের গাছ-বিশেষ (Phœnix paludosa)। সমুদ্রের নিকট-বর্তী বনে, সুন্দর বনে, মহানদীর মুখের নিকটের বনে জন্মে। দুই তিন ইঞ্চি মোটা, কিন্তু দশ বার হাত লম্বা হয়। এই কারণে হিন্তালের যষ্টি হয়।

হিন্দী···ণ. (আ° ফা° হিন্দ—ভারতবর্ষ। স° সিন্ধু (দেশ) হইতে হিন্দ। ফা° হিন্দুরী—হিন্দী)। উত্তরভারতবাসী হিন্দুর ভাষা। (হিন্দী ও উর্দু এক নহে। হিন্দী হিন্দুর ভাষা বলিয়া ইহাতে অনেক সংস্কৃত শব্দ আছে। উর্দু মুসলমানের ভাষা বলিয়া ইহাতে আর্বী ফার্সী শব্দ অনেক)।

হিন্দু···ষ্য. (স° সিন্ধু হইতে ফা°)। (প্রথমে) সিন্ধু দেশবাসী হইতে যবন মুসলমান প্রভেদ করিতে হিন্দু নাম হইয়াছিল। এখন, হিন্দু অর্থে বেদ স্মৃতি পুরাণাদি অনুসারে যে জাতির ধর্মকর্ম আচার ব্যবহার চলে। হিন্দুয়ানি···ষ্য. (হিন্দু+আনি)। হিন্দুর ধর্মকর্ম আচার ব্যবহার, প্রঃ—চৈঃ চঃ। হিন্দুস্তান, হিন্দুস্থান···ষ্য. (ফা° স্তান স° স্থান)। ভারতবর্ষ; ভারতবর্ষের উত্তরাংশ। হিন্দুস্তানী ··ণ. হিন্দুস্তানবাসী উর্দু। হিন্দুস্থানী···ণ. ভারতবর্ষের উত্তরাংশ-বাসী; হিন্দী।

হিন্দোল···ষ্য. (সং)। ঝুলন; শ্রীকৃষ্ণের ঝুলন-যাত্রা। রাগরাগিণী দেখ। হিন্দোলা ···ষ্য. (সং)। হিন্দোল; গাজনে অগ্নির উপরে সন্ন্যাসীর নিম্নশির হইয়া ঝুলন।

হিব্রু···ষ্য. (ইং Hebrew)। ইহুদী; ইহুদী জাতির প্রাচীন ভাষা।

হিম···ণ. (সং)। শীতল; তুষারময়।···ষ্য. (সং)। শীতঋতু; চন্দ্র; হিমালয় পর্বত; চন্দন; কর্পূর, প্রঃ—ক্বিকঃ; তুষার; শৈত্য। হিম লাগা···আর্দ্র বায়ু স্পর্শ হেতু শৈত্য বোধ হওয়া; শরদি লাগা। হিম-সাগর···হেমসাগর দেখ।

হিম-সিম···ব্য. (হিম রূপান্তরে সিম? কিন্তু, হিম? হিম—শীত?। ফাং হীম—তৃষার্ত হইতে?)। অতিশ্রমহেতু ঘর্মাক্ত ও ক্লান্ত-ভাবে। হিম-সিম খাওয়া—অতিক্লান্ত হওয়া।

হিম্মৎ···ষ্য. (আং)। সাহস। হিম্মতী···ণ. সাহসী।

হিয়া···ষ্য. (সং হৃদয় সংপ্রাং হিয়য়। ওং হিং)। হৃদয়। (পদ্যে)।

হিঁয়ালী···হেঁয়ালি দেখ।

হিরাকশ···ষ্য. (সং হরিকাশীশ। কাশীশ দ্বিবিধ, (১) ধাতু কাশীশ—হরিৎবর্ণ, (২) পুষ্পকাশীশ—পীত-শুক্লবর্ণ। কাশীশ শব্দ অঃ মেঃ-তে নাই, হেমচন্দ্রে আছে কাসীস। বৈদ্যশাস্ত্রে চক্রদত্তে আছে, তৎপূর্বে নাই। হয় ত কষায় হইতে প্রথমে শব্দের উৎপত্তি হইয়াছিল। ফাং ও মং হিরাকস, হিং কাসীস)। লৌহ ধাতুর উপরস-বিশেষ (Green vitriol or sulphate of iron)। ভারতবর্ষে স্বভাবতঃ জন্মে। ইদানী কৃত্রিম উপায়ে নির্মিত হইতেছে।

হিল···হীল দেখ।

হিল···ধাতু. (সং হিল ধাতু। বাং হিল. ওং ওহোঠ—যেন সং হ্বল ধাতু চলনে হইতে। হিং হিলনা—নড়ন। হল হেল ধাতু দেখ)। হিলি, হেলি—পার্শ্বে নত, বক্র হই, প্রঃ—গাছটা হিলিয়া পড়িয়াছে। লোকের গায়ে হিলিয়া পড়ে। হেলা॥ হেলা···ধাতু. (হিল ধাতু আস্তে)। হেলানা॥ প্রঃ—পায়ের উপর থুয়ে পা কদমে হেলায়ে গা (চণ্ডীঃ)।

হিলা···ধাতু. (সং হিল্লোল দোলন হইতে)। হিলাই—তরঙ্গ উৎপাদন করি, প্রঃ—পুকুরের জল হিলাইয়া কলশী ভরিবে; হিল্লোল দ্বারা অপসৃত করি, প্রঃ—পুকুরের পানা হিলাইয়া। হিলানা॥

হিলসা···ষ্য. (হিং)। ইলীশ মাছ।

হিল্লা···ষ্য. (আং হীল)। আশ্রয়, উপায়। প্রঃ—বড় লোকের হিল্লায় বাস।

হিষ্টিরিয়া···ষ্য. (ইং hysteria)। বায়ুরোগ-বিশেষ, মূর্চ্ছারোগবিশেষ।

হিসাব···ষ্য. (আং)। গণনা; লেখা, গণিত; পরিমাণ; মত। হিসাব-কিতাব···ষ্য. (আং। হিসাব-বহি)। গণিত; আয় ব্যয় গণনা। হিসাব কাটা-ছেঁড়া—প্রাপ্য টাকার হিসাব নিষ্পত্তি করা। হিসাব চুকানা—প্রাপ্য টাকা পরিশোধ করা। হিসাব দুরস্ত করা—লেখা করা, খড়ী করা; হিসাব মিলাইয়া ঠিক করা। হিসাব দেওয়া—আয় ব্যয় বুঝাইয়া দেওয়া; প্রশ্নের উত্তর দেওয়া। হিসাবদেহি ···ষ্য. (ফাং দেহি)। দায়িত্ব। হিসাব-বহি ···হিসাবের বহি বা খাতা। হিসাবে গোঁজা মিল করা—হিসাবে অন্য অঙ্ক গুঁজিয়া মিলানা। কাঁচা হিসাব—পাকা, ঠিক হিসাব

নহে। বে-হিসাব···ণ. গণনার বাহ্য, অগনতি। হিসাবী···ণ. (হিসাব+ঈ)। হিসাব সম্বন্ধীয়; গণিতজ্ঞ; মিতব্যয়ী। গর-হিসাবী···ণ. (গৈর-হিসাবী)। গণনার বাহ্য, অন্যায্য।

হিস্‌সা···ষ্য. (আ°)। অংশ; রাজস্ব সম্বন্ধে অংশ। হিস্‌সাদার···ষ্য. (ফা°)। ভাগী, অংশী। হিস্‌সাদারি··ষ্য. ভাগারি।

হি-হি···ব্য. (সং হী-হী)। কৌতুকে হাস্য শব্দে; অতি শীতবোধে। হা-হা, হী-হী দেখ।

হিঁ-হিঁ···ব্য. (সং হিঙ্কার)। হিঁ-হিঁ শব্দে; পালকি-বাহকদের অব্যক্ত শব্দে।

হীন···ণ. (সং হা ধাতু ত্যাগে)। ত্যক্ত, শূন্য, (বিপঃ, যুক্ত; বিশিষ্ট); ঊন; বিযুক্ত; নীচ। হীনস্থা, হীনস্তা (গ্রা°)···ষ্য. (ও°। হীন+অবস্থা)। দুর্দশা, হেয়জ্ঞান।

হীরা···ষ্য. (সং হীরক, হীরা)। খনিজ রত্ন-বিশেষ (diamond)। হীরার আঙ্গটী···যে অঙ্গুরীয়ে হীরা বদ্ধ হইয়াছে। হীরার ধার···হীরা অপর সকল বস্তু ভেদ করিতে পারে। ইহা হইতে, হীরার তুল্য কঠোর ও তীক্ষ্ণ।

হীরামন···ষ্য. (হি°। বোধ হয় সং হরি হরিৎ মদন হইতে। হরিৎ হইতে হিরা যেমন হিরাকশ)। শুকপক্ষীবৎ বিদেশী পক্ষীবিশেষ (Eclectus pectoralis)। পুং পক্ষী হরিৎবর্ণ, পক্ষে লাল চিহ্ন থাকে। পুচ্ছ ছোট। স্ত্রী পক্ষী রক্তবর্ণ।

হীল···ষ্য. (ই° heel)। গোড়ালী, জুতার গোড়ালী।

হী-হী···ব্য. (সং হী-হী)। বিস্ময়ে, হাস্যশব্দে। (হা-হা দেখ)। (২) (সং হী ধাতু ভয়ে। কিংবা সং শীত হইতে হী)। শীতহেতু কম্পনে।

হুঁ···ব্য. (সং হুম্। ও° হুঁ, হি° ম° হুঁ)। স্মরণে প্রঃ—হুঁ মনে হইতেছে; সন্দেহে; সম্মতিতে, প্রঃ—কথায় হুঁ দেওয়া; প্রশ্নে, প্রায়ই উঁ; কোপে, প্রঃ—হুঁ দেখি কি করিতে পারিস; নিশ্চয়ে, (সং হ, হি), প্রঃ—যতহুঁ আছিল মঝু হৃদয়ক সাধ (বিদ্যাপতি), অবহু—অদ্যাপি (প্রাচীন পদে)

হুইল···ষ্য. (ই° wheel) চাকা; সীপের দীর্ঘ সূতা গুটাইয়া রাখিবার চাকা; এই চাকাবিশিষ্ট সীপ।

হুক···ষ্য. (ফিক দেখ। বোধ হয় আক্ষেপ হইতে। ও° রক্কা, হি° ম° হুক)। সঙ্কোচ আক্ষেপ, প্রঃ—ভয়ে মুখ কাঁপে বুক লাগে হুক আঁতে (ভাঃ); তা জানিয়া ত্রিবিক্র স্তনে দিল মুখ। এমন টানিল তার বুে লাগে হুক (মাঃ)।

হুক···ষ্য. (ই° hook)। লোহার অঙ্কুশ হাঁস-কল।

হুকা, হুঁকা···ষ্য. (ফা° হুক্কা)। তামুক খাব নারিকেল খোলযুক্ত উপায়। হুঁকার··· লোহশলা। হুকার কাইট···কিট্ট। ডা হুঁকা···ডাবার আকারের বৃহৎ খো হুকা। তেলো হুকা···যে নারিকেল খো তলা গোল। হুকা-বরদার···যে ভৃত্য রাখে, তামুক সাজে। হুঁকা-কলিকা··· ও কলিকা। হুঁকারী···ণ. (হুঁক+আ হুঁকাতে আসক্ত (টেকচাঁদ)। হুকার বা খোল···হুকার জলাধার; নলি নলিকা; কলিকা···তামুক ও আধার; নল···মুখ দিয়া ধুম টা

ছোট নল। হুকা খুড়া-খুড়া ডাকে—যখন নলিচা-পথ মুক্ত থাকে। পিসা-পিসা ডাকে—যখন নলিচা-পথ বন্ধ হয়। হুঁকার শোষ বহা···শোষ দেখ। ভড়র-ভড়র করিয়া হুঁকা টানা—সর্বদা ভড়-ভড় রবে তামুক সেবন। হুকায় শুখ-টান দেওয়া—(শুষ ধাতু হইতে শোষণে,—শুখ)। দীর্ঘ টান দেওয়া।

হুকুম···ষ্য. (আ° হুকম)। আজ্ঞা, নিদেশ ; বিচার্য। হুকুম জারি···আজ্ঞা প্রচার। হুকুম-নামা···আজ্ঞাপত্র। হুকুম-বরদার··· আজ্ঞাবহ ভৃত্য। আম-হুকুম···সাধারণের নিমিত্ত আজ্ঞা। আলী হুকুম···উদার আজ্ঞা। জো হুকুম···আপনার আজ্ঞা শিরোধার্য। কথায়, হাকিম ফেরে ত হুকুম ফেরে না—এক প্রভু স্থানে অন্য প্রভু হইতে পারেন, কিন্তু প্রথম আজ্ঞা স্থায়ী থাকে।

হুঙ্কার···ষ্য. (স°। হুঁ দেখ। তর্জনে, স্পর্ধায়, ক্রোধে হুম্ ধ্বনি, প্রঃ—হুঙ্কারে ছিঁড়িয়া দড়ী (কবিকঃ) ; সম্মতিজ্ঞাপক হুঁ শব্দ, প্রঃ—প্রতি বাক্যে বিশ্বম্ভর রচয়ে হুঙ্কার (নবদ্বীপপরিক্রমা)।

হুচট, হুচোট···ষ্য. (উছোট দেখ। স° উৎখাত কিংবা উৎঘাত। ও° ঝুন্টি)। পদস্খলন হেতু আঘাত।

হুজুক···ষ্য. (তুর্কী তুজুক—জাঁকজমক হইতে ? গুজব হইতে ?)। গুজব ; রীতি ; লোকমার্গ।

হুজুর···ষ্য. (আ° হুজূর—মহিমা)। মান্য, আর্য। হুজুরে হাজির—প্রভুর নিকটে উপস্থিত।

হুজ্জৎ, হুজ্জুৎ···ষ্য. (আ° হুজ্জৎ)। তকরার, তর্ক। হুজ্জতী, হুজ্জুতী···ণ. তর্ক-সম্বন্ধীয় ; তর্কাসক্ত, বিবাদকারী।

হুট···ব্য. (হট ধাতু হইতে)। দুর হঃ ; হট—এই শব্দে।

হুট্-পাট···ব্য. (হুড় হইতে হুট, ফাড় হইতে পাট)। লোকের একত্র হওয়া ও দূরে যাওয়া, প্রঃ—ঠেলা-ঠেলি হুট্পাট সঘনে হুঙ্কার (মাঃ) ; অত্যাচার (হত+পত ?)।

হুড়···ধাতু. (স° হুণ্ড, হুড ধাতু সংঘাতে মজ্জনে। ম° হোর ধাতু)। হুড়ি—সংহ করি, প্রঃ—শাবল দিয়া খুঁটার গোড়া মাটি হুড়িয়া-দেওয়া। হোড়া, হুড়া॥ হুড় ···ষ্য. (স° হুড—লোহার গদা, লোহ হুড়কা)। তাড়ন, আঘাত, ঠিলিয়া আঘা প্রঃ—বুকে মারে বিপর্জ্জয় বন্দুকের হু (মাঃ)। হুড়া-হুড়ি···ষ্য. ঠেলা-ঠেলি, প্রঃ এই মতে অন্যে অন্যে পড়ে হুড়া-হু (চৈঃ চঃ)। হুড়া, হোড়া···ধাতু. (হুড় ধ আস্তে)। হুড়াই, হোড়াই—আঘাত দ্ব সংহত করাই ; তাড়ন দ্বারা কাজ করা হুড়ানা॥

হুড়কা···ষ্য. (স° হুডুক্ক)। কপাটের অ যে অর্গল দ্বারের এ পাশ হইতে ও পর্যন্ত কপাট বন্ধ করে।

হুড়কা···ণ. (তু° হিং হড়কাই—অধীর। উৎক। ও° নাম পন্ঠেই—যে প করে)। উৎকণ্ঠিত, অধীর ; যে স্বামীর ঘর হইতে বাপের বাড়ী প করে (প্রায়ই পালা-হুড়কা)।

হুড়্-মুড়···ব্য. (হড়্-মড় দেখ)। বৃহৎ পতন-শব্দে।

হুড়্-হুড়্···ব্য. (সং হুড় ধাতু গতি, মজ্জন। হড়্-হড় দেখ)। পতন শব্দে, জলে মজ্জন শব্দে, প্রঃ—ঝড়ে জলে মাটির কাঁথ হুড়্-হুড় করিয়া পড়ে।

হুড়্হুড়া···ষ্য. (সং নাম আদিত্যভক্তা, ব্রিষ্ঠা —রাজনির্ঘণ্ট। হুর-হুরা—বৈদ্যঃ। ওং অপ-সরিষ—ক্ষুদ্র সর্ষপ)। বন্য শাকবিশেষ (Cleome viscosa)। পাতায় ৫।৭ আঙ্গুল। ফুল হলুদ্‌দা, পাতা চট্‌-চটিয়া, রোমশ। পুং কেশর অনেক। শুঁটী সরিষার শুঁটীর মতন লম্বা। এক জাতির ফুল আরক্ত। শাদা হুড়্-হুড়া···হুড়্হুড়া সদৃশ বন্য শাকবিশেষ (Gynandropsis pentaphylla)। কেশর ৬টা। হুড়্-হুড়া পতিত স্থানে শীতকালে জন্মে।

হুড়া···ধাতু. (সং হুর্চ্ছ ধাতু হইতে হুর, হুর—প্রতারক)। হুড়াই—প্রতারিত করি, প্রঃ—টাকা হুড়াইয়া লইয়াছে। হুড়ানা॥

হুড়া, হুড়া-হুড়ি···হুড় ধাতু দেখ।

হুড়ী···ষ্য. (সং হোডী। হিং মং হোড—পণ। মং হোডী—ভেলা বা ছোট নৌকা)। ছোট নৌকাবিশেষ।

হুড়ুম···ষ্য. (সং ভৃষ্টম্ হইতে ? হুডুম্ব—শব্দকল্পঃ, বৈদ্যঃ। ওং হুড়ুম, হুড়ম্ব ; মং হুরডা। ঢাকায় উরুম)। মুড়ি তুল্য শুষ্ক ভোজ্যবিশেষ। ভাতের ধান একভাপা, মুড়ির ধান দু-ভাপা—বাষ্পে দুইবার সিদ্ধ হয়। হুড়ুমের ধানও দুভাপা, কিন্তু দ্বিতীয় ভাপানার পর অল্প ভাজিয়া পরে চাল করা হয়। এই কারণে মুড়ি অপেক্ষা হুড়ুম লঘুপাক। বঙ্গদেশে ছুতারে চিড়া ও হুড়ুম খায়।

হুণ্ডা···ণ. (সং হুণ্ড)। নির্বোধ, গোঁয়ার।

হুণ্ডি···ষ্য. (ফাং। তুং সং হুণ্ড ধাতু রাশি করা। হুণ্ডিকা)। অর্থপ্রাপ্তিলিপি (চেক)। হুণ্ডি করা—হুণ্ডির টাকা আদায় করা। মিয়াদী হুণ্ডি···নির্দিষ্ট দিবসের পরে হুণ্ডির প্রদেয় টাকা।

হুতাস, হুতাশ···ষ্য. (সং হতোস্মি। হা হুতাস দেখ)। হত হইলাম এই চিন্তা, প্রঃ—কেন এত দুঃখ কেন করহ হুতাস (চৈঃ চঃ), সীতা দেবী ঘরে গিয়া ভাবেন হুতাস (ভাঃ)।

হুতুম পেঁচা···পেঁচা দেখ।

হুনর···ষ্য. (ফাং)। দক্ষতা। হুনরী···ণ. দক্ষ, কর্মকুশল।

হুরমৎ···ষ্য. (আং)। সম্মান, সম্ভ্রম (আদাঃ)।

হুল, হূল···ষ্য. (সং অল)। বৃশ্চিকাদির অল ; ধনুর অগ্র বা কোটি।

হুপ···ব্য. (উপ শব্দরূপান্তরে। অনুকার)। উৎপতন শব্দে।

হুবহু···ব্য. (উর্দু। আং হুআ—এই, আং ব—সমান। ইহার সমান ইহা—হইতে)। অবিকল, নিরর্গল, প্রঃ—হুবহু মিথ্যা কথা হুবহু বলিয়া গেল।

হুমড়া···ধাতু. (হুম্ রব হইতে। ওং হামড়ি) হুমড়াই—হুঁ শব্দে পড়ি, ঝুঁকিয়া পড়ি প্রঃ—টাকার লোভে হুমড়াইয়া—হুমড়ি পড়িয়াছে। হুমড়ানা॥ হুমড়ি খাইয়া পড়—ঝুঁকিয়া পড়া।

হুপ, (প্রাং)···ষ্য. (? ইং hope ?)। সাহস

হুপ-হুপ···হনুমানের লম্ফ সহ শব্দে।

হুল-হুল···ব্য. (সং হিল্লোল হইতে। কিং হুল ধাতু গতি, আচ্ছাদন)। ছিদ্র প

বায়ুহিল্লোলে, প্রঃ—ঘুলি দিয়া হুল-হুল করিয়া বাতাস বহিতেছে।

হুল-হুলী, হুলা-হুলী…ষ্য. (সং হুলহুলী)। উৎসবে নারীগণের উলুধ্বনি।

হুল-স্থূল, হুল-স্থূল…ষ্য. (সং হুলহুলী ?)। তুমুল, কোলাহল।

হুলা, হুলো…হোল দেখ।

হুলা-হুলী…ষ্য. (সং হুলহুলী)। উৎসবে নারীগণের উলুধ্বনি, প্রঃ—নাচে বাটে হাটে ঘাটে জল হুলাহুলী (চৈতন্যমঙ্গল)।

হুলু, হুলুই…ষ্য. উলুধ্বনি।

হুলুয়া…ষ্য. (আং হুল্-য়াহ্)। মানুষের লক্ষণ, পলাতক আসামীর দেহ লক্ষণ।

হুশ, হুঁশ…ষ্য. (ফাং হোষ। তুং সং হংস)। জ্ঞান, চৈতন্য। হুশিয়ার…ণ. (ফাং হোষ-য়ার)। সতর্ক, বুদ্ধিমান্। হুশিয়ারি…ষ্য. সতর্কতা। বে-হুশ…ণ. অচেতন।

হুস-হুস…ব্য. (তুং সং ফুস্ফুস)। হুস্—শব্দে, প্রঃ—কাঠ চেলাইবার সময় লোকে হুস্হুস্ করিয়া কুড়ুল মারে, কাপড় কাচিবার সময় ধোবা হুস্ হুস্ করে; সাগরতরঙ্গ-ভঙ্গ শব্দে।

হু-হু…ব্য. (সং হু ধাতু হোমে, ভক্ষণে)। অগ্নিতে দাহ শব্দে, প্রঃ—হু-হু করিয়া আগুন জ্বলিল যেন ঘৃত নিক্ষিপ্ত হইয়াছিল; মন হু-হু করে—দুশ্চিন্তায় বিরহে যেন দগ্ধ হইতে থাকে।

হুহুঙ্কার…ষ্য. (সং হুঙ্কার)। কোপে হুঁ-হুঁ —এই ধ্বনি।

হৃদি…ষ্য. (সং হৃদয়। তুং সং হৃদিস্পৃশ্। য় স্থানে ই)। হৃদয়, প্রঃ—হৃদিপদ্ম উঠবে ফুটে (রামপ্রসাদ)।

হৃষ্ট, (প্রাং রিষ্ট)…ণ. (সং)। হর্ষিত, আহ্লাদিত। হৃষ্ট-পুষ্ট…ণ. (সং। সহচর শব্দ)। হৃষ্ট ও পুষ্ট; পরিপুষ্ট।

হে…ব্য. (সং)। আহ্বানে, সম্বোধনে।

হেঁ…হাঁ দেখ।

হেঁ গো…ব্য. (সং হঞ্জে)। মান্য পুরুষ ও নারী সম্বোধনে। হেঁ গা…ব্য. অপরিচিত নরনারী সম্বোধনে। হেঁলা…ব্য. অবজ্ঞায় নারী-সম্বোধনে। হেঁলো…নারী সম্বোধনে। (সং হলা)।

হৈঁঅত…ণ. (সং হৈমন্ত)। হৈমন্তিক।

হেঁকচ্-হেঁকচ…ব্য. (সং ভঙ্গ হইতে হেঁক, শব্দ হইতে চ)। ভারবহন-দণ্ড ঈষৎ ভগ্ন হইলে শব্দে।

হেগো…হাগ ধাতু দেখ। (২) হে, হেঁ দেখ।

হেঙ্গালা…হাঙ্গালা দেখ।

হেঙ্গাম…হাঙ্গাম দেখ।

হেচকা, হেঁচকা…ধাতু. (সং হিক্ক ধাতু বধে। হিচক ধাতু দেখ।) হেচকাই, হেঁচকাই—হঠাৎ বেগে আকর্ষণ করি। হেচকানা, হেঁচকানা। হেঁচকা…হঠাৎ আকর্ষণ। দৃষ্টান্তে, পরের সোনা দিও না কানে কেড়ে নেবে হেঁচকা টানে।

হেচকি…ষ্য. (সং হিক্কা, হেক্কা। ওং হাকুটি, হিং হিচকী)। হিক্কা।

হেঁচেতা…ষ্য. (সং ছিক্কিকা)। নাকছিকনী দেখ। ইহার বীজ আঘ্রাণে হাঁচি হয়।

হেঁচ্ছিঅ…ব্য. (হাঁচি হইতে)। শিশুর হাঁচিবা সময় অন্যে বলে হেঁচ্ছিঅ—অর্থাৎ হাঁচ।

হেঁচ্-হেঁচ…ব্য. হাঁচিবার শব্দে।

হেট, হেঠ…ণ. (সং অধঃ পালি হেট্‌ঠা সংপ্র হেট্‌ঠং)। অধঃ, নত। মাথা হেট করা-

নত করা। হেঁট মাথা—লজ্জা কিংবা শোকে অধোমস্তক।

হট, হ্যাট…ষ্য (ই° hat)। সাহেবী টোপর। হেট্‌-কোট…ষ্য. (ই° hat coat)। সাহেবী টোপর ও কোট।

হঁটরা…ধাতু. (সং হিণ্ড ধাতু গতি হইতে? হিণ্ড হিণ্ড রব করি?)। হেঁটরাই—চল চল পুনঃ পুনঃ বলি; পুনঃ পুনঃ অনুরোধ করি। হেঁটরানা॥

হঠ, হেঁট…ণ. (হেট দেখ)। অধঃ; অধোমস্তক, প্রঃ—চাহিতে না পারি হেঁট (কবিকঃ)।

হড…ষ্য. (ই° head)। শির; বুদ্ধি; নায়ক, প্রধান, প্রঃ—হেড-কেরাণী, হেড-মাষ্টার; বিভাগ, প্রঃ—কোন্ হেডে কত টাকা খরচ। বে-হেড…ণ. বুদ্ধিহীন, ছন্নমতি।

ডু-ডুডু…হাডু-ডুডু খেলা।

ড়ো…হাঁড়ী দেখ।

ত (গ্রা°)…ষ্য. (সং হেতু। হিং মং)। হেতু।

তাল…হিন্তাল দেখ।

তের…ষ্য. (সং হেতি—অঃ)। অস্ত্র, শস্ত্র। হাত-হেতের…যে হেতের সর্বদা আবশ্যক হয়। হাতে-হেতেরে…হাতে হেতের লইয়া।

থা, হেথায়…ব্য. (সং অত্র। এথা দেখ)। এইখানে। হেথাকার…ণ. অত্রত্য। (হেথায়—য় অনাবশ্যক। তুং সদা স্থানে আসাং সদায়)।

দা…ধাতু. (সং হার্দ—স্নেহ)। হেদাই—স্নেহে দেখিবার পাইবার নিমিত্ত ব্যাকুল হই, প্রঃ—ছেলের জন্যে মা হেদায়। হেদানা॥

হেদে, হ্যাদে…ব্য. (হা-দেখ সংক্ষেপে)। বিস্ময়ে সম্বোধনে, হে দেখ, প্রঃ—হেদে দেখ, সই, এত দিনে আজি স্মরিলা (মধুসূদন, বীরাঙ্গনা), হ্যাদে ছুঁড়ী হেঁসে মোর ভঙ্গ কৈলি নৃত্যে (মাঃ)। (কেহ কেহ বলে হা-দেখ, হাদ্‌দেখ)।

হেন…ণ. (বৈদিক এনা—এইরূপ? এনা দেখ। এমন—হেমন—হেন। কিংবা সে-মন্ত—সেমন—হেমন—হেন। আসাং হেন, এনে)। এমন, প্রঃ—হেন বর কোথা পাই; মতন, তুল্য, প্রঃ—আন হেন নহি হে আমরা (জ্ঞানদাস)। এ-হেন…এ তুল্য, এমন। সে-হেন…সে তুল্য, তেমন। হেন-তেন…এমন-তেমন, যাবৎ-তাবৎ।

হেন্‌হেন…ব্য. (হেঁ, এঁ হইতে)। হেঁ-হেঁ রবে, দাও-না দাও-না রবে, প্রঃ—রোগা ছেলে খাবার জন্যে হেন্‌হেন করে।

হেনা…ষ্য. (আং হিনা)। মেন্দি গাছ।

হেপা…হাঁপ দেখ। (তুং আসাং হেপাহ্—হাবেশ)।

হেপাজৎ…ষ্য. (আং হিফাজৎ)। রক্ষণা-বেক্ষণ।

হেবা-নামা…ষ্য. (আং হিবা—দান)। দান-পত্র (আদাঃ)।

হেম…ষ্য. (সং হেমন্)। স্বর্ণ; হিম, তুষার। …ণ. (সং হৈম)। শীতল, তুষারবৎ শীতল। হেমাঙ্গ…ণ. (সং)। সোনার অঙ্গ যার। স্ত্রীং হেমাঙ্গী, হেমাঙ্গিনী। …ষ্য. তুষারবৎ শীতল অঙ্গ। হেমাল…ণ. (সং হৈমল। ওং হেমাঠ, মং হিমাঠ)। অতি শীতল। হেম শীতল…ণ. তুষারবৎ শী…

হেমসাগর, হিমসাগর···ষ্য. (সং হেমসাগর)। পাথরকুচি তুল্য দীর্ঘায়ু সোজা শাকবিশেষ (Kalanchoe laciniata)। পাতা পুরু, মাংসল, কিন্তু, পক্ষাকারে কর্তিত। ফুল ছোট, পীতবর্ণ। বিহার ও পূর্ববঙ্গে আছে।

হেয়াল···ণ. (সং হৈমল)। হেমল।···ষ্য. শিশির।

হেয়ালি, হিঁয়ালি···ষ্য. (সং প্রহেলি। ও° প্রহেলি; হি° পহেলি)। এমন বাক্য, যাহার সর্বাংশে অর্থের সঙ্গতি হয় না।

হের···ধাতু. (সং ভল ধাতু। নেহার, নিহাল দেখ। তু° সং হেরিক—গুপ্তচর)। হেরি—নিরীক্ষণ, নিরূপণ করি। হেরা॥ (পদ্যে)।

হের-ফের···ষ্য. (হিং এরা-ফেরী, হেরা-ফেরী। এরা, হেরা—আসা, ফেরা—প্রত্যাবর্তন। হের-ফের—আনা-গনা। ইহাতে বাং অর্থ হয় না। বোধ হয় ভরা-পুরা, ভরণপূরণ)। ইহার স্থানে উহা উহার স্থানে ইহা, অদল-বদল।

হেল···ধাতু. (হিল ধাতু দেখ)। হেলি—পাশে নত হই। হেলা॥ হেলন···পার্শ্বে নমন। হেলা···ধাতু. (হেল ধাতু আস্তে)। হেলানা॥ হেল-দোল···ষ্য. (সহচর শব্দ)। হেলন ও দোলন; চিত্তচাঞ্চল্য। হেলান···ষ্য. পার্শ্বে অবনতি। হেলানা···যাহা নোয়ানা হইয়াছে। হেলানিয়া···ণ. (হেলান+ইয়া)। যাহা হেলিয়া পড়িয়াছে।

হেল···ষ্য. (সং হেলা)। অবলীলা, প্রঃ—হেলে শুণ্ড বাড়াইয়া (ভাঃ)। হেলা···ষ্য. (সং)। অবজ্ঞা, বিলাস। হেলা-খেলা···ষ্য. (সং। সহচর শব্দ)। লীলা-খেলা।

হেলা-ফেলা···ণ. (সহচর শব্দ)। অবজ্ঞাত ও পরিত্যক্ত।

হেলঞ্চ···হিঞ্চা শাক।

হেলা···ষ্য. (সং হল্লক। কিন্তু, হল্লক—রক্ত-কমল। বোধ হয় মূলে কুবলয়)। শালুক, কুমুদ (দেখ)।

হেলো, হেলে···হল, হাল দেখ। হেলো সাপ, হেলে সাপ···(হলিয়া—হলকৃষ্ট ক্ষেত্রে থাকে বলিয়া)। নির্বিষ প্রায় এক হাত দীর্ঘ সর্পবিশেষ (Polyodontophis ?)। খদিরবর্ণ, পাশে কৃষ্ণরেখা। মাথা ছোট, চোখ ছোট। দৃষ্টান্তে, হেলো ধরিতে পারে না কেঅটো ধরিতে যায়—নির্বিষ যে হেলো সাপ, তাহা ধরিতেই ভয়; অসমসাহসিকতা।

হেশ···ষ্য. (ফাং)। স্থূল কার্পাস বস্ত্রবিশেষ।

হেঁশেল···ষ্য. (সং হাণ্ডীশালা)। রন্ধনশালা। হাঁশাল দেখ।

হেষা···ষ্য. (সং। হ্রেষা)। অশ্বধ্বনি।

হেঁসো···হাঁসুয়া দেখ।

হেস্তা-নেস্তা···ষ্য. (ফাং আস্ত-নাস্ত। তু° সং অস্তি-নাস্তি)। হাঁ কি না, তাহার স্থিরতা।

হেঁ-হে···ব্য. (সং হংহো)। সম্বোধনে (সমান পুরুষকে)।

হৈ···ব্য. (সং। তু° সং হ্বে ধাতু আহ্বানে) সম্বোধনে, আহ্বানে; হই (দেখ)

হৈ-চৈ···ব্য. (চৈ—চল, আইস। তু চৈ-চৈ। ও° হাউ-জাউ—হাটে দ্রব্যাধিক্য হাউ-দাউ — গোলমাল)। কোলাহল

হৈ-হৈ, রৈ-রৈ···ব্য. (সং হে-হে, রে-রে) আয়-আয় চল চল ইত্যাকার রব, তুমুল কোলাহল।

হৈতে···হইতে। (প্রাচীন বানান)।

হৈয়ত···ব্য. (হই—হস্তীচালনা রব। হৈ· রব ?)। হস্তী চালনা রব, প্রঃ—হাতীকে হৈয়ত করে হেলায়ে জিঞ্জির (মাঃ)।

হৈল, হৈলা···হইল। (প্রাচীন বানান)।

হো···ধাতু. হ ধাতু দেখ।

হোগলা···ব্য. (সং এরকা। পরে হোগলা ?)। জলা ও নদীর জলের ধারের শাকবিশেষ (Elephant grass. Typha)। পাতা সোজা, শোলার মতন ফাঁপা ফস্কা। ইহার দুই জাতি আছে। এক জাতির (T. elephantina) পাতা তেকোনা, অন্য জাতির (T. angustata) পাতা প্রায় অর্ধগোল। দুই জাতিই ৬।৭ হাত দীর্ঘ হয়। প্রথম জাতিই হোগলা। রূপনারায়ণ নদের ধারে ও পূর্ববঙ্গে হোগলা গাছ জন্মে। বোধ হয় পূর্বকালে হুগলী শহরের নিকটে গঙ্গায় হোগলা জন্মিত। সেই কারণে নাম হোগলী—হুগলী। পূর্বকালে হোগলার নাম হুগলও ছিল, যথা, হুগলিয়া তুলি (কৃত্তিঃ),—হোগলার ঝাপ, হুগলের কুড়ে (মাঃ)—হোগলার কুটীর। হোগলার পাতা ও ডাঁটায় নৌকার চাল, মোটা শপ, বেড়া ইত্যাদি হয়।

হোটেল···ব্য. (ফরাসী ইং hotel)। মূল্য লইয়া সাধারণের নিমিত্ত ভোজন ও শয়ন-গৃহ। হোটেল-আলা···হোটেলের কর্তা। হোটেল-খানা···হোটেল ঘর। হোটেলে খানা খাওয়া—হিন্দুর অভক্ষ্য ভক্ষণ করা।

হোড়···ব্য. (হুড় ধাতু দেখ)। তরল কর্দম, প্যাচ কাদা, প্রঃ—মুতে হোড় করা ; মিশ্রণ, প্রঃ—মন্মথমর্থা রাধার প্রেম দোঁহে হোড় করি (চৈঃ চঃ) ; পদবীবিশেষ (ভাঃ)।

হোঁৎকা···ণ. (বোধ হয় হোঁৎ-হোঁৎ করা হইতে)। স্থূলবুদ্ধি, গোঁয়ার। হোঁৎ-হোঁৎ···ব্য. (ঘোঁৎ-ঘোঁৎ রূপান্তরে)। ঘোঁৎ-ঘোঁৎ।

হোথা···ব্য. (সং তত্র। তথা দেখ)। সে স্থানে। (হোথায়—য় অনাবশ্যক)। হোথাকার···ণ. তত্রত্য।

হোঁদড়···ব্য. (হিং হোন্দর, হুণ্ডার। ওং হেটা—পশ্চাৎ ভাগ নিম্ন বলিয়া ? অন্য হিং নাম লকড়া, লকড় বাঘ, তরস্। তরস্—সং তরক্ষু ? বোধ হয় সং ঈহামৃগ অর্থে হোঁদড় বুঝাইত। তরক্ষু—নেকড়া বাঘের ও হোঁদড়ের মুখ কুকুরের মতন বলিয়া হিংতে দুই নাম মিশিয়া গিয়া থাকিবে)। শ্বাপদ জন্তুবিশেষ (Hyena. Hyœna striata) মাথা বড়, অঙ্গ সরু ; পা লম্বা, লেজ ও পিঠের লোম দীর্ঘ। সম্মুখ অপেক্ষা পশ্চাৎ পা ছোট। খোলা পাহাড়ে বনে থাকে।

হোঁদল কুৎকুতো···ণ. (হোঁদড় কিংবা বাং ভোঁদড় হইতে। হোঁদল জন্তু তুল্য কুচ্-কুচিয়া দীপ্তি যার। বাংতে হোঁদল পৃথক্ শব্দ নাই। ভোঁদড়ের (বনমার্জারবিশেষ) লোম কর্কশ। বোধ হয়, উপহাস (বিপরীতার্থ)। স্থূল কৃষ্ণবর্ণ দেহ।

হোদলা···ধাতু. (সং বর্ধিত হইতে। কোথাও কোথাও হুড়া ধাতু)। হোদলাই—তেজে বর্ধিত হই, প্রঃ—উর্বরা ভূমির ধান কখন কখন হোদলাইয়া পড়ে। হোদলানো।

হোঁপা···ব্য. (সং দীর্ঘপটোলিকা। পটোলিকা হইতে)। অন্য নাম চিচিঙ্গা (দেখ)।

হোমরা-[illegible] (শ্মশ্রুযুক্ত—ভ্রমযুক্ত—তোমরা—হোমরা ? চামরা — চোমরা ? শ্মশ্রুতে চওয়া ভওয়া)। বেশভূষিত সমাজ।

হোমিওপ্যাথী, হোমিওপেথী...ব্য. (ই॰ homœo-pathy)। বিলাতী রোগচিকিৎসা পদ্ধতি-বিশেষ। যে দ্রব্য সুস্থশরীরে যে রোগ উৎপাদন করে, সে দ্রব্য সেই রোগের ঔষধ, এই মতের চিকিৎসা।

হোয়াক...ব্য. (অনুকার শব্দ)। বমন শব্দে। হোয়াক্-হোয়াক থুঃ...ব্য. হুঙ্কারে।

হোল...ব্য. (?)। অণ্ডকোষ। হোলুয়া, হুলো...পুং বিড়াল। বিড়াল দেখ।

হোলা...ণ. (হলা দেখ। ও॰ হোগলা—হালুকা হইতে ?)। শিথিল।

হোলি...ব্য. (স॰ হোলাকা, হোলিকা, হোলী)। বসন্তোৎসব, ফাল্গুন পূর্ণিমায় ও ইহার তিন চারি দিবস পূর্ব হইতে মদনোৎসব।

হো-হো...ব্য. (হা হা দেখ)। উচ্চ হাস্য-শব্দে।

হৌক...হউক ক্রিয়াপদ। (প্রাচীন বানান)।

হৌজ, হোজ...ব্য. (আ॰ হৌজ)। জলাধার, পাকা ছোট পুকুর। নীল কুঠির হৌজ...যে ঘরে নীল-গাছ পচানো হয়।

হৌরী...ব্য. (আ॰)। (মুসলমানী মতে)। স্বর্গের অপ্সরা।

হৌস...ব্য. (ই॰ house)। ভবন ; বংশ ; বণিকসম্প্রদায়।

হ্রস্বদীর্ঘ জ্ঞান (গ্রা॰ হসিস দিঘ্যি জ্ঞান)... কোন্ শব্দে ই উ, এবং কোন শব্দে ঈ ঊ দিতে হইবে, তাহার জ্ঞান। ইহা হইতে, গুরু-লঘু জ্ঞান, ছোট-বড় বিবেচনা।